এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৵৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ গৌতমগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রমূলক দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান — শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিয়াছেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ০৲ টাকা

প্রাপ্তিস্থান — মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

নিরপেক্ষ যুক্তিপূর্ণ আলোচনা-গ্রন্থ, যাহাতে সম্প্রদায়-স্রোতে ভাসমান মানবগণের সম্প্রদায়, সমন্বয়, মহাজন, অবতার, একায়ন, বহুযান ও আচার্য্যসম্বন্ধে ভ্রান্ত ধারণা-নিরসনমূলে শ্রৌত ও শাস্ত্রীয় বিচার ও সমালোচনা প্রদর্শিত এবং পরমার্থ সম্বন্ধে মানবজাতির সাধারণ ভ্রমসমূহ, তত্ত্বিরাসক সৎসিদ্ধান্ত সকল প্রদত্ত হইয়াছে।

প্রাপ্তিস্থান — মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা

অথবা

শ্রীযোগপীঠ-শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর -গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং-এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও সচ্চরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬॥০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৬৯ এবং ১৯৭০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবনচরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব গবেষণামূলক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর ও শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবেশিত হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৫৲ টাকা।

প্রাপ্তিস্থান —

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিবার জন্য আপন সম্পত্তির পবিত্র দান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত হইলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অতুলনীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের সংক্ষিপ্ত তৎপরে বেদ, ৯৯ বা গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় টীকার অনুবাদ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ৮। ক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৯৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর নদীয়া।

শ্রীশ্রীভক্তিবিনোদ-বাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে প্রশ্নোত্তরমুখে তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা তিন টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের বিশিষ্ট সংস্করণ। কথাসার, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, বঙ্গানুবাদ প্রতিপাদ্য বিষয় নির্দ্দেশ, অধ্যায়-বিবরণ, স্থান ও ব্যক্তি প্রভৃতির সহিত গৌড়ীয়মিশন কর্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা গৌড়ীয়বৈষ্ণবসমাজের এক অমূল্য গ্রন্থ। ইহা ডবল ক্রাউন আট পেজী আকারে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র ৪৷৷০ টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ছাত্রদের ভক্তিবিনোদ (২য় সংস্করণ)

ছাত্রদের উপযোগী করিয়া লিখিত সরলাকারে শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের জীবনের ঘটনা ও শিক্ষা। ভিক্ষা বার আনা, ছাত্রদের পক্ষে আট আনা।

প্রাপ্তিস্থান - শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া অথবা শ্রীসুপতিরঞ্জন নাগ এম্‌.এ, বি-এল, পুরাণাপল্টন, পোঃ রমনা, ঢাকা।

ই. বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৬	৬-২১	৭ ১৪	[illegible]	৩-১০	১৬-১৬	১৭-৫৭	[illegible]
দমদম	৫-৫৬	৬-৩০	৭ ২৮	১০-১৮	[illegible]			২২
রাণাঘাট পৌঃ	৬-১৬	৮ ১	৯ ১৮	১৩-১৮	১৪ ৫৭	১৮-০১	১৯-৩৫	০-৫৮
(রবল) ছাঃ	৬-২৮	৮-৬	৯ ২৩	১৩-০৩	১৫ ৫	১৮-৩৯	১৯-৫০	১-৩০
কৃষ্ণনগর পৌঃ	৭-৫	৮-৪০	১০-৮	১০-০৪	১৫-৪১	১৯ ১৫	২০-১৫	১-০১

(রবল) ছাঃ	৭-০৭	১০-০১	১৭ ৩৮	২০ ৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭ ৪৮	১০-১৯	১৮-১০	২৭-১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম"	১১-১৮
রাণাঘাট পৌঃ	১-৫৫
" ছাঃ	১৩-৭
শান্তিপুর পৌঃ	১৩-২৮
(রবল) ছাঃ	১৩ ৩৩ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৫

ডাউন

রবিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬-১	-৬	৯১-৪	১১-২২	১৩৬	১৮-৩৭
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৯	৮-৪৯	১১-৪২	১৫-৮	১৬-৮৯	১৯-১১

ছাঃ	৪-১০	৮ ৫১	১১-৪৫	১৫-১০	১৬ ৫৮	১৫-২২	২০-৪৬	২-০১
রাণাঘাট পৌঃ	৭-৪৫	৯-২৫	১২ ২৬	১৫-৫০	১৭ ৫০	২০-৩	২১-১৯	৪ ১০
(রবল) ছাঃ	৭-৫৩	৯ ৩০	১২-৩৬	৫-৫৫	১৭-৪২	২০-২১	২১-২৫	৪ ১৮
দমদম		১১-৮		১৭-৩৬	১৯-৯	২১ ১৬	২৩ ০	
কলিকাতা পৌঃ	৯-২১	১১-২০	১৪ ১৬	১৭-৪৮	২১-৪৬	২৩-১৫	৬ ১৬	

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

২। ভাগবত—বিদ্যাবিনোদ একমাত্র পারমার্থিক মাসিক পত্র। গয়া শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১, টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয় পত্রিকা শ্রীযুক্ত নবীন বিদ্যাসাগর কাব্যতীর্থ বি এ সম্পাদিত বাংলা পাক্ষিক। ঢাকা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সড় ও ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্‌-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গীতবিদ্যাবিশারদ অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীমুখনিঃসৃত উপদেশ তথা দেশের প্রদেশসমূহের প্রতিষ্ঠিত পণ্ডিত ও মনীষী সজ্জনবৃন্দের সহিত যে সকল আলোচনা করিয়াছিলেন, তাহার গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ এই গ্রন্থে গ্রথিত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগ ভক্তসিদ্ধান্তসম্পদে ও তদনুরূপ সিদ্ধান্ত যে অপ্রাকৃত গৌরকৃষ্ণভক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা—৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিবিধ গ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৷১৷৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠ ভরতের

ম্যালেরিয়ার পাচন

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণ-দাতা একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি ক্রমশঃ অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৷৷৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

বেহালা, ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

REGD. NO, C 1544

পদ্যপ্রসূনমালা
—:•:—
শ্রীল প্রভুপাদের রচিত বিভিন্ন পদ্যাবলী শ্রীশ্রীমদ্ আচার্য্যদেবের বিরচিত 'সৌরভ' ভাষায় প্রকাশিত হইয়াছে। ইহাতে অনেক অমূল্য উপদেশ আছে। ভিক্ষা আট আনা।
প্রাপ্তিস্থান —
মহুয়া প্রিণ্টিং ওয়ার্কস,
পোঃ—ওয়ারী, ঢাকা

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

শ্রীচৈতন্যদেব
—:•:—
স্বয়ং ভগবান শ্রীচৈতন্য-মহাপ্রভুর জীবনী ও শিক্ষার কথা সুন্দরভাবে ইহাতে লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট কাগজে সুন্দর ছাপাই। ভিক্ষা ১।০
প্রাপ্তিস্থান —
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক সংবাদপত্র

১৬শ খণ্ড] শ্রীমায়াপুর ২৪শে ফাল্গুন ১৩৪৭ ৮ই মার্চ্চ, ১৯৪১ শনিবার [২য় সংখ্যা

নানা-সংবাদ

—::(০)::—

পটিয়ায় শরীরচর্চ্চাবিষয়ক শিক্ষা শিবির

প্রত্যেক শিক্ষা-প্রতিষ্ঠানের ভিতর দিয়া শরীরচর্চ্চার ফলে জাতীয় জীবনের সর্ব্বাঙ্গীণ উন্নয়নের নিমিত্ত জেলায় শরীরচর্চ্চা সম্পর্কিত সংগঠনকারীর উদ্যোগে মধ্য ইংরাজী ও প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের জন্য তিন সপ্তাহ কালের নিমিত্ত পটিয়া উচ্চ ইংরাজী বিদ্যালয়-প্রাঙ্গণে শরীরচর্চ্চা-বিষয়ক শিক্ষা-শিবির স্থাপন করা হইয়াছিল।

প্রাথমিক বিদ্যালয় হইতে ৪৮ জন এবং মধ্য ইংরাজী বিদ্যালয় ও জুনিয়র-মাদ্রাসা হইতে ১৯ জন, মোট ৬৭ জন শিক্ষক এই উপলক্ষে শিবিরে যোগদান করিয়া একাধারে শারীরিক ও সামাজিক তুলনামূলক পরিকল্পনা তৈয়ারী করিয়াছিলেন। গত ২৯শে জানুয়ারী জেলা ম্যাজিষ্ট্রেট মিঃ টি, বি, জেমসন এম, সি, আই, সি এস, মেজর ডি, এফ, হোয়াইট এম, আই ও এবং চট্টগ্রাম জেলার ইন্সপেক্টর মিঃ এম, আলি সমভিব্যাহারে এই শিবির পরিদর্শন করেন। সেই সময় বালাটালি ও পটিয়া উচ্চ ইংরাজী বিদ্যালয়ের ছাত্রগণ পটিয়া বার-এসোসিয়েশনের উকিলগণ, পটিয়া সিভিল কোর্টের মুন্সেফ ও কেরাণিগণ এবং আরও বহু লোকের সম্মুখে শিক্ষার্থিগণ বহু খেলাধূলা প্রদর্শন করিয়াছেন। শিক্ষকগণ যে ধরণের ক্রীড়া-কৌতুক প্রদর্শন করেন, তাহা দেখিয়া উপস্থিত জনগণ বিশেষভাবে আনন্দিত হইয়াছিলেন।

জেলা ম্যাজিষ্ট্রেট শরীরচর্চ্চা সম্পর্কে শিক্ষার্থিগণকে উদ্দেশ করিয়া বক্তৃতা প্রদান করেন এবং এত অল্প সময়ের মধ্যে তাঁহারা যে চমৎকার শিক্ষালাভ করিয়াছেন তজ্জন্য তাঁহাদের ধন্যবাদ প্রদান করেন। শিবিরের অভ্যন্তরে তাঁহারা যে উৎসাহ লইয়া কাজ করিয়াছেন, ঠিক সেইভাবেই কাজ করিয়া যাইতে তিনি শিক্ষকগণকে অনুরোধ জানান। বিশিষ্ট ভদ্রমহোদয়গণ তাঁহাদের উপস্থিতি দ্বারা শরীরচর্চ্চা বিষয়ে যে প্রেরণা জাগাইয়াছেন, তজ্জন্য জেলা-সংগঠনকারী তাঁহাদিগকে ধন্যবাদ জ্ঞাপন করিয়া ক্ষুদ্র বক্তৃতা প্রদান করিলে পর অনুষ্ঠানের কার্য্য শেষ হয়।

তুরস্কের মনোভাব

কর্ণেল ডোনোভান গত সোমবার রাত্রে প্যালেষ্টাইন ও মিশর যাইবার জন্য আঙ্কারা পরিত্যাগ করিয়াছেন। আঙ্কারায় তিনি প্রধানমন্ত্রী রাফিক সৈদাম, পররাষ্ট্রসচিব সেরাজগলু ও অন্যান্য রাজনৈতিক ও সামরিক নেতাদের সহিত আলাপ আলোচনা করেন। যদিও কর্ণেল ডোনোভান বে-সরকারীভাবেই তুরস্কে আগমন করিয়াছিলেন, তবুও তুরস্কের সংবাদপত্রগুলি ইহার বিশেষ গুরুত্ব প্রদান করে। ইউরোপের যুদ্ধ সম্পর্কে যুক্তরাষ্ট্রের নীতি কি, কর্ণেল ডোনোভান তাহা ব্যাখ্যা করিয়া বুঝাইয়া দেওয়ায় তুরস্ক বিশেষ প্রীত হইয়াছে বলিয়া প্রকাশ।

এদিকে "ইয়েনী সাবাহ" নামক সংবাদপত্র ৫ই ফেব্রুয়ারীর সংখ্যায় দুইটি সংবাদের প্রতিবাদ করেন। সংবাদ দুইটি জার্ম্মাণদের দ্বারা প্রচারিত হইয়াছিল বলিয়া মনে হয়। একটি সংবাদে বলা হইয়াছে যে, হিটলারের গত বক্তৃতাটি শুনিবার পর তুরস্কের সামরিক কর্ত্তৃপক্ষ বিভিন্ন তিন শ্রেণীর লোককে সৈন্য হইবার দায় হইতে মুক্তি দিয়াছেন। এই সম্পর্কে পত্রিকাটি লিখিয়াছেন,—হিটলারের বক্তৃতাটি শুনিয়া তুরস্ক সতর্কতামূলক ব্যবস্থা শৈথিল্য প্রদর্শন করা অপেক্ষা আরও ব্যাপক ব্যবস্থা করাই প্রয়োজন মনে করিতেছে। অন্য সংবাদটিতে বলা হইয়াছিল যে যদি তুরস্কের উপর চাপ না দেওয়া হয়, তবে জার্ম্মাণী বুলগেরিয়া আক্রমণ করিলেও তুরস্ক তাহাতে কোনও উচ্চবাচ্য করিবে না। ইহা তো একেবারেই মিথ্যা।

আবিসিনিয়ায় সঙ্কট আসন্ন

আবিসিনিয়ার রাজপ্রতিনিধি ডিউক-অব আওষ্টা কর্ত্তৃক মুসোলিনীর নিকট প্রেরিত একটি তারের মর্ম্ম রোম-বেতারযোগে প্রচারিত হইয়াছে। উহা মনে হয় যে, পূর্ব্ব আফ্রিকার আসন্ন সঙ্কটের কথা ইটালীয়গণ বুঝিতে পারিয়াছে। বিমান বহরের জেনারেল পদে উন্নীত করার জন্য মুসোলিনীকে ধন্যবাদ জানাইয়া ডিউক বলিয়াছেন—"যে ভাবেই হউক না কেন, আমরা টিকিয়া থাকিব।" ডিউক আরও লিখিয়াছেন যে, ইটালীয়গণ জন্মভূমির জন্য যে কোনপ্রকার স্বার্থ ত্যাগ করিতে প্রস্তুত।

দক্ষিণ আবিসিনিয়ায় ইটালীয়দের আত্মসমর্পণ

সরকারীভাবে ঘোষিত হইয়াছে নাইরোবীর সংবাদে প্রকাশ যে, দক্ষিণ আবিসিনিয়ার মেগাস্থিত ইটালীয়ান সৈন্যদল সাউথ আফ্রিকান সৈন্যদলের নিকট আত্মসমর্পণ করিয়াছে। ৬০০ শত ইটালীয়ান সৈন্য বন্দী হইয়াছে, ইহাদের মধ্যে অধিকাংশ ইউরোপীয়ান। বহু কামান ও মেশিনগান হস্তগত করা হইয়াছে। সরকারীভাবে ইহাও ঘোষিত হইয়াছে যে, সাম্রাজ্যবাহিনী সাফল্যের সহিত ইটালীয়ানদের সমস্ত পাল্টা আক্রমণ প্রতিহত করিয়া জুবা নদী অতিক্রম করিয়াছে। তদুপরি ইস্তাহারে ইহাও বলা হইয়াছে যে, এই অঞ্চলে সন্তোষজনকভাবে সংগ্রাম চলিতেছে; অন্যান্য রণাঙ্গনে অবস্থার কোন পরিবর্ত্তন হয় নাই। মাল্টায় বাধ্যতামূলক সামরিক বৃত্তি প্রবর্ত্তিত হইয়াছে। গভর্ণমেণ্টকে ১৮ বৎসর হইতে ৪১ বৎসর বয়স্ক সমস্ত পুরুষকে সামরিক কার্য্যে যোগদানের জন্য তলব করার ক্ষমতা দেওয়া হইয়াছে।

সুয়েজ ক্যানেল অঞ্চলে শত্রু-বিমানপোত

একখানি সরকারী ইস্তাহারে বলা হইয়াছে যে, গত ১৮ই ফেব্রুয়ারী প্রাতঃকালে সুয়েজ ক্যানেল অঞ্চলে শত্রু-বিমানপোত হানা দিয়াছিল। বিমানপোত হইতে বোমাবর্ষিত হইয়াছিল, কিন্তু কোন ক্ষতি হয় নাই কিম্বা কেহ হতাহত হয় নাই।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্‌শ কলেজের ইংরাজী বিভাগের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য এম্ এ মহোদয়ের শ্রেষ্ঠ গবেষণা এবং পাণ্ডিত্যপূর্ণ লেখনীর অমূল্য অবদান ... কারণ একাধারে দর্শন ... ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ... । ... বুঝাইতে ... ও ... গ্রন্থ মানচিত্র ... চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য ... দর্শনের সহিত তুলনামূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের ... আলোচনা। প্রথম খণ্ড ... অধ্যায়ে ... পৃষ্ঠা ব্যাপী। ও বিষ্ণুপাদ শ্রী ... গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), ... ও গ্রন্থকারের ভূমিকা (Preface) ... সূচী (Contents) ও ... শেষভাগে বর্ণানুক্রমে ... (Index Glossary) সহ ... । ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, ... মাদ্রাজ, শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুর্দ্দশাধ্যায়ক ... প্রত্যেক ... শ্রীমদ্ ... শ্রীল ... 'অণুভাষ্য' টি ... ও ... ক্রমে মুদ্রিত। ... সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ও বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'বিবৃতি' টীকা ... গৌড়ীয় মিশন ... প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনবকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,

শ্রীযুক্ত সুধাংশুরঞ্জন দাস এম-এ, বি-এল,

পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার ... ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোড়শী আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা —৩৲ মাত্র। প্রাপ্তিস্থান —শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

EROTIC PRINCIPLE & UNALLOYED DEVOTION

পরমপূজ্যপাদ শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী প্রভু প্রণীত। সম্প্রতি এই গ্রন্থের একটী নূতন সংস্করণ শ্রীশ্রীগুরুবর্গের ইচ্ছায় পুনঃ প্রকাশিত হইয়াছে। গ্রন্থের আকার পূর্ব্ব সংস্করণ অপেক্ষা বৃহৎ ও সুন্দর হইয়াছে। এই গ্রন্থে বহু অমূল্য উপদেশ আছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

১।	শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র)	৪০৲
	প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত—	২৮৲
	দশম স্কন্ধ—	৯৲
২।	ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা)	৬৲
৩।	ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত	৬৲
৪।	সরস্বতী-জয়শ্রী (অবাঁধা)	৪৲
৫।	শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী	
	১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲, তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০	
৬।	শ্রীল প্রভুপাদের পত্রাবলী	
	১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০	
৭।	শ্রীচৈতন্যদেব	১০
৮।	সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা	৬০
৯	বৈষ্ণবধর্ম্ম	২৲
১০।	গৌড়ীয় প্রবন্ধাবলী	২৲
১১।	শ্রীচৈতন্যশিক্ষামৃত	২৲
১২।	শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা)	১
১৩	হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ)	৸০
১৪।	সন্দর্ভ-কণ্ঠহার (... সংস্করণ)	৷০
১৫	বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব	৷০
১৬।	ব্রাহ্মণ ও বৈষ্ণব	৸০
১৭।	বৈষ্ণবোপনিষদ্	৷০
১৮।	...	৷৷০
১৯	তত্ত্ববিবেক	৷০
২০।	গৌড়ীয় গৌরব	৷৵০
২১।	গৌড়ীয়সাহিত্য	৷৵০
২২।	ভজন রহস্য	৷৷০
২৩।	শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)	১৲
২৪।	গীতা (... -টীকা সহ)	১৲০
২৫।	গীতা (... টীকাসহ)	১৲
২৬	গীতা ... মাধবভাষ্য	৷৷০
২৭।	... (সানুবাদ)	২৲
২৮।	বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)	৷০
২৯।	প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ৷৵০ বাঁধা ৸০)	
৩০।	দীপ-দর্পণ	৵০
৩১।	সাধনপথ (তৃতীয় সংস্করণ)	৵০
৩২।	গোস্বামী শ্রীরঘুনাথ দাস	৷৷০
৩৩।	নবদ্বীপধাম-গ্রন্থমালা	৸০
৩৪।	ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা)	৵০
৩৫।	গীতমালা	⁄১০
৩৬।	নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট)	৶০
৩৭।	ঐ প্রমাণ খণ্ড	৶০
৩৮।	শ্রীনবদ্বীপভাবতরঙ্গ	৷০
৩৯।	শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ	৷০
৪০।	শরণাগতি	৵০
৪১।	গীতাবলী	⁄১০
৪২।	শ্রীব্রজমণ্ডল পরিক্রমা	৸০
৪৩	শ্রীভক্তিরত্নাকর (সমগ্র)	৬৷০
৪৪।	প্রেমভক্তিচন্দ্রিকা	⁄১০
৪৫।	নবদ্বীপশতক	⁄১০
৪৬।	অর্চ্চনকণ	⁄১০
৪৭।	সদাচারস্মৃতিঃ	⁄১০
৪৮।	কল্যাণকল্পতরু	⁄১০
৪৯।	অর্চ্চনকণ	১৷
৫০।	বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে)	৬৲
৫১।	ব্রহ্মসংহিতা	
৫২।	মণিমঞ্জরী (সানুবাদ)	৩।
৫৩।	গৌরকৃষ্ণোদয়ঃ	৸০
৫৪।	পুরুষার্থ বিনির্ণয়	৷০
৫৫।	ভক্তমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী	০
৫৬।	ভারতবর্ষ ও ভক্তিপথ	৶০
৫৭।	ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ)	৷০
৫৮।	শ্রীভুবনেশ্বর	৶০
৫৯	সিদ্ধান্তদর্পণ	⁄০
৬০।	সা ধারণী	⁄০
৬১।	শ্রীচৈতন্যমঙ্গল	২৷০
৬২।	শ্রীভক্তিসন্দর্ভ	৬৲
	সংস্কৃত ভাষায় প্রকাশিত	
৬৩।	শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্	৷০
৬৪।	সিদ্ধান্ত-সরস্বতী বিজয়ঃ	৷০
৬৫	সটীকা শিক্ষাষ্টকম্	৷০
৬৬	...	৷০
৬৭।	সানুবাদ শিক্ষাষ্টকম্	৵০
৬৮।	গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ	⁄০
৬৯।	সারাৎসার ...	৶০
	ইংরাজী ভাষায় প্রকাশিত	
৭০।	রায় রামানন্দ	৷৷০
৭১।	এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত	৷৷০
৭২।	নামভজন	⁄০
৭৩।	বেদান্ত ... এণ্ড ...	৷৷০
৭৪।	... ওয়ার্ডস	৷৵০
৭৫।	লাইফ এণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু	৷৷০
৭৬।	বৈষ্ণবীজম্	৷৷০
৭৭।	রেয়ার্ট গৌড়ীয়মঠ ...	⁄০
৭৮।	দি ভাগবত	৷০
৭৯।	ইরোটিক প্রিন্সিপল এণ্ড আনঅ্যালয়েড ডিভোশন	৷০
৮০।	ব্রহ্মসংহিতা	৷০
৮১।	শ্রীমদ্ভগবদ্গীতা	২৲
৮২।	শ্রীচৈতন্যমহাপ্রভু	৩
৮৩।	শ্রীকৃষ্ণচৈতন্য	১০৲
	উড়িয়া অক্ষরে প্রকাশিত	
৮৪।	শ্রীহরিনাম চিন্তামণি	৸০
৮৫।	সাধনপথ	৷০
৮৬।	কল্যাণকল্পতরু	⁄১০
৮৭।	গীতাবলী	⁄১০
৮৮।	শরণাগতি	⁄০
৮৯।	প্রার্থনাবলী	৷৵০
৯০।	শ্রীগৌড়ীয়বাণী	৷৷০
	তামিল ভাষায় প্রকাশিত	
৯১।	শরণাগতি	৷৷
	তেলেগু ভাষায় প্রকাশিত	
৯২।	শ্রীচৈতন্যশিক্ষামৃত	৬৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুলপ্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

গীতিসাহিত্যে শ্রীভক্তি-বিনোদ

=•=

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গীতিগ্রন্থ-সমূহের তাৎপর্য্য ও ব্যাখ্যা এই গ্রন্থে সুন্দর-রূপে প্রকাশিত হইয়াছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তি-মাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৷৹ আনা।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীস্তবরত্নমালা

—•—

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ সহ প্রকাশিত হইয়াছে। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৷৹ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ২৯ গোবিন্দ ৪৫৪ গৌরাব্দ ২৫শে ফাল্গুন বঙ্গাব্দ ১৩৪৭, ৮ই মার্চ্চ ইং ১৯৪১, শনিবার { ২য় সংখ্যা

শ্রীশ্রীল প্রভুপাদের উপদেশামৃত

যদি আমাদের এমন সৌভাগ্য হয় যে, আমরা ভগবদ্ভক্তের সঙ্গ পাই, তা' হ'লে সেই সুযোগ করিয়ে দেওয়ার একমাত্র মালিক—কৃষ্ণচন্দ্র। গুরুর হাত দি'য়ে তিনি বরাভয়প্রদ ব্যাপারটাকে প্রদান করেন। যাঁ'দের কপালের জোর আছে, তাঁ'রা এই সুবিধাটা পান। যিনি যে-ভাবে শরণাগত হন, তাঁ'র নিকট তদুপযোগী গুরুপাদপদ্ম উপস্থিত হন। কৃষ্ণপাদপদ্মসেবা ব্যতীত আমার আর গতি নাই।

শ্রীল মাধবেন্দ্র পুরীপাদ 'কামাদীনাং' শ্লোকে যেরূপ কথা ব'লেছেন, সেরূপ ধরণের একটী আবেদন-পত্র অকপটভাবে কৃষ্ণপাদ-পদ্মের দিকে প্রেরিত না হওয়া পর্য্যন্ত জীবের অনর্থের হাত হ'তে রক্ষা পাওয়ার উপায় নাই। শ্রীকৃষ্ণচৈতন্যদেবের দয়া বিচার করলে কৃষ্ণভজন কি, তা' জানতে পারব। অপ্রাকৃত শব্দের আশ্রয় না করলে আমাদের পতিত হ'য়ে যেতে হ'বে। প্রত্যহ চব্বিশ ঘণ্টা হরিনাম গ্রহণ করতে হ'বে। সকল সময় যাঁ'র ভজনে অধিকার হ'য়েছে, তিনি 'সকল লোকই হরিভজন করছে, আমারই হরিভজন হ'লো না'—এরূপ বিচার ক'রে থাকেন। 'আমি সকলের গুরু হ'য়ে গিয়েছি, সকলেই আমার শিষ্য'—এরূপ বিচারের নাম—অহঙ্কার। এই জগতে অবস্থিত ভগবদ্ভক্তের নীচবর্ণ, কর্কশতা, আলস্য প্রভৃতি স্বাভাবিক দোষ বা কদর্য্যবর্ণ, কুগঠন ও পীড়াজনিত কুদর্শন প্রভৃতি শারীরিক দোষ কখনও প্রাকৃত দৃষ্টিতে দেখতে নাই। বাইরের বিরাগ বা বাইরের আসক্তি দেখে বৈষ্ণব চেনা যায় না। হরিভজনের জন্য কতটা অকৃত্রিম আসক্তি, কতটা অকপট নৈরন্তর্য্য, তা' দেখে প্রকৃত বৈষ্ণবই 'বৈষ্ণব' চিনতে পারেন।

কৃষ্ণসেবায় উত্তরোত্তর উৎসাহ, কৃষ্ণ-সেবায়ই সমস্ত মঙ্গল হ'তে পারে—এরূপ নিশ্চয়, যে যে কার্য্যে কৃষ্ণের সুখ উৎপন্ন হয়, সেই সকল কার্য্য সাধন, কৃষ্ণাভক্তের সঙ্গত্যাগ, অবৈধ স্ত্রীসঙ্গী ও যোষিৎসঙ্গীর সঙ্গ পরিবর্জ্জন, সাধু-মহাজনের সদাচারের অনুবর্ত্তন—এই ছয় প্রকার ভক্তির অনুকূল কার্য্যের দ্বারা ভক্তিসিদ্ধি হয়।

শ্রীরূপের আনুগত্য যাঁ'রা স্বীকার ক'রেছেন, তাঁ'রাই মহাপ্রভুর কথা জগতে বলতে পারেন। শ্রীরূপই শ্রীচৈতন্যের মনোঽভীষ্টের প্রচারক। শ্রীরূপের কথার প্রচার হ'লেই শ্রীচৈতন্যের কথার প্রচার হ'বে, শ্রীরূপের আচার অনুসৃত হ'লেই শ্রীচৈতন্যের বাণী-প্রচারে আমরা যোগ্যতা লাভ করতে পারব। আচরণরহিত প্রচার কর্ম্মাঙ্গের অন্তর্গত। কর্ম্মবীর নিজ দম্ভ প্রকাশের জন্য যে ক্রিয়াদাক্ষ্য প্রকাশ করে, তাহা জগতে বহুমানিত হ'লেও তদ্দ্বারা আত্যন্তিক মঙ্গল হয় না। যে পরিমাণে সেবার মনোঽভীষ্টপূরণের চেষ্টা, সেই পরিমাণে অনুকৃতি ও অন্যান্য বিষয়ের বহুমাননের প্রতি বিরাগ উপস্থিত হয়। 'অন্যান্য লোক জাগতিক বিষয়ে খুব বড় হ'য়েছেন ও হ'চ্ছেন, সেই সকল আদর্শ আমিও গ্রহণ করবো বা আমিও সেইরূপ বড় হ'ব'—এরূপ বুদ্ধির প্রতি বিরাগ সঙ্গে সঙ্গে সেবকে প্রকাশিত দেখতে পাওয়া যায়। ভগবদ্ভক্তের লক্ষণে আছে অসামান্য দৈন্য, যাহা অন্য কোন ব্যক্তিতে পাওয়া যা'বে না।

শ্রীশ্রীল আচার্য্যদেবের হরিকথামৃত

গৌরধাম মহাবদান্য। তাঁ'র দয়ার তুলনা নাই। মথুরা হ'তেও তাঁ'র দয়া বেশী। ঔদার্য্য দ্বারা মাধুর্য্য প্রকাশ হ'বে। গৌর-ধামের কৃপায় ব্রজধামে প্রবেশ হ'বে। কৃষ্ণের চেয়ে গৌরের দয়া বেশী। গৌরধামকে আমি কি দক্ষিণা দিয়েছি—আত্মনিবেদন করতে এসেছি, না মাটি দেখতে এসেছি? মাটি অচেতন, ধামটিরা চেতন। অকিঞ্চন দীনহীন কাঙ্গাল হ'য়েছি কি? যদি তত [illegible] ধাম রূপা করবেন। এই ধাম মাটিকে স্পর্শ ক'রে আছেন [illegible] মাটি নন। এখান-কার প্রত্যেক অণু পরমাণু দয়া করবার জন্য প্রস্তুত।

সচ্চিদানন্দবিগ্রহের কৃপায় সমস্ত বস্তুতে সচ্চিদানন্দানুভূতি হওয়ায় বিশ্ব সুখস্বরূপ মনে হয়। বিশ্বে গোলোক ভায়। সেখানে বিশ্বদর্শন নাই। বিশ্বম্ভরের কর্ত্তৃত্ব সর্ব্বত্র দেখছে। বিশ্বম্ভরের সেবক অভিমানে সকলকে বিশ্বম্ভরের সেবক ব'লে দর্শন হ'চ্ছে। গৌরকারুণ্যকটাক্ষ লাভ হ'লে এইরূপই জ্ঞান হয়, বৈষ্ণবের পদধূলি হ'বার জন্য অদম্য পিপাসা জাগে। বৈষ্ণবপাদপদ্ম-ধূলির এত বড় মহিমা। শ্রীচৈতন্যের দয়া হ'লেই মঙ্গল হ'বে, বৈষ্ণবপদধূলিতে আদর হ'বে। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ ব'লেছেন, "কৃপা করি সঙ্গে লহ এই অকিঞ্চনে।" অকিঞ্চন না হ'লে সঙ্গে যাওয়া যায় না। তাঁ'রাও সঙ্গে নেন না। অকিঞ্চন হওয়া মানে দীন কাঙ্গাল অমানী-মানদ হওয়া। অকিঞ্চনের জড় দম্ভ নাই, অহঙ্কার নাই, কিন্তু শুদ্ধ-অহঙ্কার আছে। 'আমি তোমার' ইহা শুদ্ধ অহঙ্কার। চেতনের অভিমানই বা সেবকাভিমানই "আমি ত' তোমার, তুমি ত' আমার, কি কাজ অপর ধনে"—এ বিচার প্রবল হয়। যেখানে এইরূপ অকৈতব—সেইখানেই দয়া।

অভিনিবেশ হওয়া দরকার। চিত্ত-অভিনিবেশ না হ'লে ব্রহ্মাণ্ড অতিক্রম করা যাইবে না। ব্রহ্মাণ্ডে থাকা পর্য্যন্ত কিছুই হইবে না।

নিত্যানন্দের কৃপা পাইতে হইলে কাঙ্গাল হওয়া চাই। কাঙ্গালের প্রতি তাঁহার দয়া হয়। কাঙ্গালের রূপের মত রূপ নাই। নিত্যানন্দ সেই রূপে সন্তুষ্ট হন এবং শ্রীমন্-মহাপ্রভুর সেবায় সেই রূপকে নিয়োজিত করেন। তাঁহার দয়ার পাত্রাপাত্র বিচার নাই—পাপী-পুণ্যবান, ধার্ম্মিক অধার্ম্মিক [illegible] বিচার নাই। কেবল অকপটে শরণ লইলেই হইল।

কে সাধু ও কে অসাধু ইহা না জানিলে, ইহাতে নিরপেক্ষ থাকিলে তদ্দ্বারা প্রকৃত সাধুর নিন্দা ও অসাধুকে সাধুর সহিত সমপর্য্যায়ে স্থাপনের প্রচুর চেষ্টাই হইল। সাধু ও অসাধু পার্থক্য জানিতে না পারিলে কখনও শুদ্ধ হরিনাম হইবে না। সর্ব্বশ্রেষ্ঠ সাধুর নিকট হইতে হরিনাম গ্রহণ করিতে হইবে। যিনি কায়মনোবাক্যে যত অধিক পরিমাণে [illegible] হইতে পারিবেন, তাঁহার ভক্তি তত অধিক। বৈষ্ণবসেবকেরই গুরুত্ব স্বীকার করিতে হইবে এবং তাঁহার সম্মান করিতে হইবে। বৈষ্ণবসেবার [illegible] গুরুত্বের অভিমান পশুত্বেরই পরিচায়ক, কৃষ্ণই তাঁহার তাদৃশ অভিমানকে চূর্ণ করিবেন। বৈষ্ণবকে কৃষ্ণের বিশ্বাসপাত্র জানিয়াই তদুপরি প্রভুত্ব-বিচার আসিবে না।

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্য্যামিরূপে শিখান আপনে॥

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৫ গোবিন্দ বুধবার ক্ষীরোদশায়ী গৌরাব্দ ৪৪৪

হরিকথা-প্রসঙ্গ

নিষ্কিঞ্চন মহাজনের শ্রীচরণে চিরবিক্রীত হইতে না পারিলে ভজন আরম্ভই হয় না। যখনই আমি সাধুগুরুর চরণে আত্মনিবেদন করিতে যাই, তখনই আমার মন বাধা দিয়া বলে যে, সাধুর চরণে যদি চিরবিক্রীত হও, তাহা হইলে তোমার এত সাধের গোবিন্দস্ব, দৈগোগিরি বা স্বতন্ত্রস্বপ্ন কিরূপে চলিবে? মনের পরামর্শ শুনিয়া আমি তখন আনুগত্য ধর্ম অর্থাৎ বৈষ্ণবধর্ম গ্রহণ করার পরিবর্ত্তে স্বতন্ত্র বা ভোগোন্মুখ থাকাকেই শ্রেয়ঃ মনে করি। তাই সাধুসঙ্গ তখন আমার আর ভাল লাগে না—কায়মনোবাক্যে দ্বারা শ্রীধাম ও শ্রীনাম বাসীর আনুগত্য করিতে ইচ্ছা হয় না। সাধুকে গুরু না করিয়া আমি ভণ্ড শঠ ও অসৎ মনকেই আমার গুরু করিয়াছি এবং প্রাত্যহিক কার্য্যে মনকেই পরামর্শ জিজ্ঞাসা করিতেছি। সেইজন্যই আমার লক্ষ্য স্থির হইতেছে না, আমি মঙ্গলের পথ দেখিতে পাইতেছি না, শ্রৌতপথ—দর্শন পথ শরণাগতির পথকেই একমাত্র আত্মরক্ষার পথ বলিয়া বরণ করিতে পারিতেছি না। বিশ্বাসঘাতক দুষ্ট মনই আমার গুরু, তাই আজ আমার এই দুরবস্থা। আমি যদি আমার মনোধর্মকে গুরু না করিয়া নিষ্কিঞ্চন মহাভাগবতের পাদতলে বিক্রীত হইতে পারিতাম, যদি প্রতিমুহূর্ত্তে তাঁহাকেই আমার একমাত্র কর্ণধার ও রক্ষক বলিয়া বরণ করিতাম, তাহা হইলে আমার দেহ-তরণী আমাকে শ্রীগুরুকৃপারূপ বায়ুতে অচিরেই বৈকুণ্ঠরাজ্যে লইয়া যাইত। সেইজন্যই বলিতেছি, আমার মত হতভাগ্য, আমার মত হরিকথাবিমুখ, আমার মত প্রকৃত মঙ্গলের কথায় বধির ব্যক্তি দ্বিতীয় আর নাই। এইরূপ মনোধর্ম্মের তাড়নায় বিতাড়িত আমাকে কে রক্ষা করিবেন? আমার মনে হয়—

এমন নির্ঘৃণ্য মোরে কেবা কৃপা করে।
এক নিত্যানন্দ বিনু জগৎ ভিতরে॥

এই নিত্যানন্দ আমার মনের ছাঁচে গড়া নিত্যানন্দ নয়, মনোধর্ম্মের নিত্যানন্দ নয়। যেখানে কল্পনা, সেখানে মনের ধর্ম্ম, সেখানেই মায়া। এ নিত্যানন্দ অধোক্ষজ নিত্যানন্দ-স্বরূপ শ্রীগুরুদেব। এই নিত্যানন্দ ... আমাকে নির্ম্মলচিত্ত করিতে পারেন, আমাকে মনোধর্ম্মের হাত হইতে রক্ষা করিয়া আত্মধর্ম্মে প্রতিষ্ঠিত করিতে পারেন, তাঁহার কৃপা হইলে সংসার বাসনা তুচ্ছ হয় এবং হৃদয়ে পুরুষাভিমান নষ্ট হইয়া সেবকাভিমান প্রবল হয়। আমি যেন নিষ্কপটে সেই শ্রীনিত্যানন্দের শ্রীচরণে চিরবিক্রীত হইতে পারি, ইহাই গুরুবৈষ্ণব ভগবানের শ্রীচরণে প্রার্থনা।

আত্মা যাঁহার শুদ্ধ অর্থাৎ যিনি সেবোন্মুখ, দেহমনের সার্ব্বিক অস্বাস্থ্য কখনই তাঁহাকে তাঁহার শরণাগতি বৃদ্ধি হইতে নষ্ট করিতে পারে না। শুদ্ধ আত্মা অর্থাৎ সেবোন্মুখ আত্মা সর্ব্বদাই শরণাগত। দেহমনের সাময়িক প্রতীয়মান অস্বাস্থ্যের মধ্যেও তিনি নিরন্তর অন্তরে প্রেমময় ভগবদ্ভজনে অভিনিবিষ্ট। আমাদের সর্ব্বদাই মনে রাখিতে হইবে যে, আত্মার স্বাস্থ্যই দেহমনের স্বাস্থ্য। যাঁহার আত্মা সেবোন্মুখ, তাঁহারই মন শান্ত।

তাই শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন —
কৃষ্ণভক্ত —নিষ্কাম, অতএব 'শান্ত'।
ভুক্তি মুক্তি সিদ্ধিকামী সকলই 'অশান্ত'॥

যাহারা আত্মার স্বাস্থ্যহেতু—আত্মবৃত্তির অনুশীলন পরিত্যাগ করিয়া—গুরুবৈষ্ণবভগবানের সেবা বাদ দিয়া শান্তি, শান্তি বলিয়া চীৎকার করিয়া বেড়ায়, তাহারা কখনও শান্তি পায় না। আত্মা যাঁহার শুদ্ধ অর্থাৎ সেবোন্মুখ, তাঁহারই হৃদয় আনন্দময়—প্রসাদময়—উৎসাহময়—শান্তিময়। তাঁহার দেহমন আত্মাকে বঞ্চনা করে না, তাঁহার মন আত্মার প্রকৃত স্বাস্থ্য অন্বেষণ করে, দেহ তাঁহার অনুকূল হয়। এইরূপ দেহবানের জীবন সার্থক হয়।

সেবা আত্মার বৃত্তি। আত্মা—চেতন। গতিশীলতাই চেতনের স্বভাব। দেহমন—অচেতন। দেহমনের বৃত্তি কর্ম্ম। এই কর্ম্মে লোকের একদিন না একদিন বিরক্তি আসিবেই। কিন্তু সেবার বিরতি বা বিরক্তি নাই। সেবা পরানন্দময়—নবনবায়মানভাবে উত্তরোত্তর বর্দ্ধন। কর্ম্মরাজ্য ব্রহ্মাণ্ডে ভ্রমণ করিতে করিতে কোন মহাভাগ্যবান্ জীবের যখন কর্ম্মের প্রতি অনাস্থা উপস্থিত হয়, তখন তিনি নিত্য অপ্রতিহত সেবালতার বীজসংগ্রহের জন্য কৃষ্ণপ্রেরিত কৃষ্ণপ্রেষ্ঠ শ্রীগুরুদেবের শ্রীপাদপদ্মে উপনীত হন। গুরুকৃষ্ণ-প্রসাদে সেই সেবাবীজ হৃদয়ক্ষেত্রে আরোপিত হইলে তিনি হরিকথা শ্রবণকীর্ত্তনরূপ জল-সেচনের দ্বারা সেবালতার সমৃদ্ধি করিতে থাকেন। সাধক হৃদয়ক্ষেত্রে সেবালতার বীজ প্রাপ্ত হইয়াও যদি সতত সাবধান না থাকেন—সতত নিষ্কপটে গুরুবৈষ্ণবসেবায় অভিনিবিষ্ট না থাকেন অনুক্ষণ সৎসঙ্গে সেবাপ্রাপকের হৃদয়ে প্রকাশিত না রাখিতে পারেন, তাহা হইলে অনর্থময় ছাগল আসিয়া—বিবিধাচার, কুটিনাটি, জীবহিংসা, লাভ-পূজা-প্রতিষ্ঠা, ভুক্তি-মুক্তি বাঞ্ছা প্রভৃতি আসিয়া সেবাবৃত্তিকে শুষ্ক করে। সুতরাং আত্মকল্যাণকামী সাধকমাত্রেরই প্রত্যহ আত্মপরীক্ষা করিয়া দেখা উচিত যে, তাঁহার সেবাপ্রবৃত্তি বর্দ্ধিত হইতেছে কি হ্রাস হইতেছে অথবা শুষ্ক হইতেছে। সেবায় নিরুৎসাহ বা শুষ্কভাব সাধকের পক্ষে বড়ই আশঙ্কা-জনক। সুতরাং প্রতিমুহূর্ত্তে সেবালতাকে গুরুকৃষ্ণকৃপায় শ্রবণকীর্ত্তন-জলসেচনে সতেজ, পল্লবিত, বিকশিত ও পত্র-পুষ্প ফুলে সুশোভিত করিতে না পারিলে সাধকের পরিত্রাণ নাই। সাধকমাত্রেরই সর্ব্বদা নিজের উপর তীক্ষ্ণ দৃষ্টি রাখিয়া গুরুবৈষ্ণবের তীক্ষ্ণ দৃষ্টির নিকট পরীক্ষিত হইয়া অত্যন্ত সতর্কতার সহিত সেবাপথে অগ্রসর হওয়া আবশ্যক।

সাধন

জীবের সর্ব্বসিদ্ধি বা চরম পরমমঙ্গল—শ্রীকৃষ্ণপাদপদ্মসেবাপ্রাপ্তি। প্রত্যেক জীবের স্বরূপের নিত্যবৃত্তিই ভক্তি। কৃষ্ণ-পাদপদ্ম দুই প্রকারে লাভ হইয়া থাকে। এক প্রকার শ্রদ্ধার সহিত সাধন, আর এক প্রকার রুচির সহিত ভজন। একটী বৈধী ভক্তি অপরটী রাগভক্তি। বৈধী ভক্তির গতি ধীর শম্বুকগতি, আর রাগভক্তির গতি অতি দ্রুত। সাধনভক্তিতে বিষয়প্রমত্তচিত্তকে শাস্ত্র-শাসনের দ্বারা নিয়মন—চঞ্চল মনকে জোরপূর্ব্বক গুরুকৃষ্ণসেবার নিয়মিত করা হয়, আর রাগভক্তিতে স্বাভাবিক প্রীতির সহিত—যাহা না করিয়া থাকিতে পারা যায় না, না করিলে প্রাণে অত্যন্ত কষ্ট অনুভব হইয়া থাকে, তাহাই প্রকৃত ভক্তি বা নির্ম্মল চেতনের ধর্ম্ম, স্বাভাবিক বৃত্তি।

শ্রীগুরুবৈষ্ণবভগবানের চরণে অপরাধফলে জীবের এই নিত্য, শুদ্ধ, স্বাভাবিক বৃত্তি অবিদ্যাদ্বারা লোহিত, আবৃত ও বিক্ষিপ্ত হইয়াছে। জীবের ভগবদ্বিমুখতার একমাত্র কারণ—জ্ঞাত ও অজ্ঞাতসারে সাধুগুরুর চরণে অপরাধ। অজ্ঞাতসারে অপরাধ অনুতাপের সহিত সাধুগুরুর নিকট কৃপা প্রার্থনা করিতে করিতে সাধুমুখবিগলিত বীর্য্যবতী চেতনবাণীর দ্বারা নিয়মিত হইতে চেষ্টা করিলে বিদূরিত হয়, কিন্তু জ্ঞানজনিত অপরাধ অত্যন্ত ভয়াবহ। ইহা সহজে যায় না। ইহাকে কপট বলে। জ্ঞাতসারে যে অপরাধ করে, তাহাকে কপটী বলে। কপটীর অনুশোচনা বা অনুতাপ হয় না, কৃষ্ণবিস্মৃতির অবস্থাকে যন্ত্রণাদায়ক মনে করিতে পারে না—সাধুর নিকট শ্রবণ করিয়াও তাঁহার কথার মর্ম্ম কিছুই বুঝিতে পারে না ও বুঝিতে চেষ্টাও করে না। ইহাদের চেতন পাষাণবৎ কঠিন হইয়া গিয়াছে। ইহাদের মঙ্গল কোন কালেই নাই।

যাঁহারা কপট নহেন, যাঁহারা বাস্তবিক মঙ্গল চাহেন, হরিভজন করিতে চাহেন, কিন্তু পূর্ব্ব পূর্ব্ব জন্মের অপরাধবশতঃ পারেন না, তাঁহাদের মঙ্গল লাভ হইবে—তাঁহারা সাধুগুরুকৃপায় অপরাধ-নির্ম্মুক্ত হইতে পারিবেন। এই প্রকার চিত্তবৃত্তি যাঁহাদের, তাঁহাদের জন্যই সাধনভক্তি। এই সাধন-ভক্তি নবধা। বিষ্ণুর শ্রবণ, বিষ্ণুর কীর্ত্তন, বিষ্ণুর স্মরণ, বিষ্ণুর পাদসেবন, বিষ্ণুর অর্চ্চন, বিষ্ণুর বন্দন, বিষ্ণুর দাস্য, বিষ্ণুর সহিত সখ্য ও বিষ্ণু পাদপদ্মে আত্মনিবেদন। আত্মনিবেদনই মূল। আত্মনিবেদনকে কেন্দ্র করিয়াই সাধনভক্তি যাজন করিতে হয়। আত্মনিবেদন না করিলে কিছুই হয় না। নোঙ্গর না তুলিয়া নৌকা চালাইবার যে প্রয়াস এবং তাহাতে যে ফল লাভ হয়, আত্মনিবেদন না করিয়া সাধনভক্তির প্রয়াসও তদ্রূপ এবং তাহার ফলও সেইরূপই লাভ হইয়া থাকে। শ্রীগুরুপাদপদ্মে আত্ম-নিবেদন করিয়াই সমস্ত ভক্ত্যঙ্গযাজন করিতে হয়। যিনি আমাদিগকে ভক্তিপথে পরিচালিত করেন, ভক্তিপথ প্রদর্শন করেন, সঙ্গে করিয়া লইয়া যান, সেই বৈকুণ্ঠাবতার শ্রীগুরুপাদ-পদ্মেই আত্মসমর্পণ করিতে হইবে। আত্ম-সমর্পণ অর্থে—"আমি ত' তোমার, তুমি ত' আমার" এই অভিমানে প্রতিষ্ঠিত হওয়া। নিবেদিতাত্মের স্বরূপ-সম্বন্ধে শ্রীল ঠাকুর ভক্তি-বিনোদ বলিয়াছেন,—

"আমার আমি ত' নাথ না রহিনু আর।
এখন হইনু আমি কেবল তোমার॥
আমি শব্দে দেহী জীব অহংতা ছাড়িল।
ত্বদীয়াভিমান আজি হৃদয়ে পশিল॥"

নিত্যানন্দভাবকে হৃদয়ে প্রকট করার নাম সাধন। আমি গুরুর—আমি বৈষ্ণবের—আমি কৃষ্ণের,—এই অভিমান প্রতিষ্ঠিত হইতে হইবে, তবেই ভক্ত হইবে। ইহাই চেতনের স্বভাব—গুরুবৈষ্ণবকৈঙ্কর্য্যই জীবের নিত্যসিদ্ধ বৃত্তি। নিরন্তর সাধুসঙ্গে থাকিয়া ভগবন্নামের শ্রবণ-কীর্ত্তন-স্মরণফলেই জীবের নিত্যসিদ্ধ স্বরূপ-সম্পত্তি লাভ হয়। সর্ব্বপ্রথমে শ্রবণ, তদনন্তর কীর্ত্তন এবং তৎপরে স্মরণ। শ্রবণ প্রধানাঙ্গ হইলেও কীর্ত্তনই অঙ্গী। কীর্ত্তনপ্রভাবে স্মরণ হয়। এই শ্রবণ-কীর্ত্তন-স্মরণ-পরায়ণ জনই ত্রিদণ্ডী। ত্রিদণ্ডীই ভক্ত। ত্রিদণ্ড গ্রহণ না করিলে ভক্তিযাজন হয় না। কি ব্রহ্মচারী, কি গৃহস্থ, কি বানপ্রস্থ, কি সন্ন্যাসী সকলেরই ত্রিদণ্ডী হওয়া কর্ত্তব্য। যে কোন বর্ণ বা আশ্রমে থাকিয়াই ত্রিদণ্ডী হওয়া যাইতে পারে। বাহিরে সন্ন্যাসীর বেশ ধারণ করিয়াও ত্রিদণ্ডী না হইতে পারেন, আবার গৃহে থাকিয়াও ত্রিদণ্ডী হইতে পারেন। কায়, মন ও বাক্য যাঁহার দণ্ডিত হইয়াছে, তিনিই ত্রিদণ্ডী। হরিভজন বাহিরে লোকদেখান ব্যাপার নহে। বাহিরের আচার-বিচার, হাব-ভাব দেখিয়া ভক্তাভক্ত নির্ণয় করা চলে না। অভক্ত ভক্তকে জানিতে ও চিনিতে পারে না, ভক্তই ভক্তকে চিনেন ও তিনিই শরণাগত জনকে সাধুর সন্ধান দিতে পারেন। এই ভক্তাশ্রয়ত্বেই শ্রবণ-কীর্ত্তনাদি নবধা ভক্তি যাজিত হওয়া উচিত।

শ্রবণ-কীর্ত্তনাদি প্রত্যেক ভক্তিযাজনেই বিক্ষিপ্তচিত্ত আমাদিগকে সাধুগুরু ব্যতীত নিয়মিত ও পরিচালিত করিবেন কে? সেই-জন্যই শাস্ত্র বলিয়াছেন,—

"অন্যাভিলাষিতাশূন্যং জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতম্।
আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুত্তমা॥"

অপ্রগত্ভময়ী চিত্তবৃত্তির সহিত কৃষ্ণানুশীলনই শুদ্ধা ভক্তি। অনুকূল-অনুশীলন অর্থে একান্তভাবে ভক্তের অনুগত হইয়া ভজন। 'অনু'শব্দে—পশ্চাৎ পশ্চাৎ, ব্যবধানরহিত, অনুক্ষণ বুঝায়। 'শীল' ধাতুর অর্থ একান্তভাবে প্রবৃত্ত হওয়া। কৃষ্ণের অনুকূল ও প্রতিকূল দুইভাবে অনুশীলন হয়। জরাসন্ধ, কংস, শিশুপাল, দন্তবক্র, পূতনা, অঘ, বক প্রভৃতি অসুরগণ প্রতিকূলভাবে কৃষ্ণানুশীলন করিয়াছে। প্রতিকূলভাবে কৃষ্ণের অনুশীলন হইলেও তাহাতে সেবা-বিপর্য্যয় ঘটায়, তাহাকে ভক্তি বলা যায় না। প্রতিকূল-অনুশীলনে কৃষ্ণকে সুখ দিবার ইচ্ছা না থাকিলেও তাহাতে কৃষ্ণের সুখ হইয়া যায় বলিয়া তাহাকে অনুশীলন বলা হইয়াছে। তবে তাহাতে সেবকের সেবা-বাঞ্ছা না থাকায় তাহাকে ভক্তি বলা যায় না। সেবাবাঞ্ছার সহিত অনুশীলনকেই ভক্তি বলা যায়। ভগবানের ভক্তের একান্ত অনুকূলতার সহিত কৃষ্ণানুশীলনই শুদ্ধা ভক্তি, তাহাতেই জীবের সর্ব্বসিদ্ধি হয়। অনুকূল-কৃষ্ণানুশীলনে অন্যাভিলাষিতা থাকিবে না এবং একমাত্র কৃষ্ণসুখকামনা ব্যতীত অন্য কামনা আদৌ থাকিবে না; থাকিলে তাহাকে শুদ্ধা ভক্তি বলা হইবে না। কৃষ্ণসুখবাসনা ব্যতীত অন্য প্রার্থনা হৃদয়ে পোষণ করিয়া আনুকূল্য-সহকারে কৃষ্ণানুশীলন করিলেও তাহাকে ভক্ত বলা যায় না। যাঁহার চিত্তে প্রতিষ্ঠাশা আছে, যাঁহার ইন্দ্রিয়তর্পণাশা আছে, যাঁহার সুনাম, খ্যাতি, আরাম, পূজা, প্রতিষ্ঠাকামনা আছে, তিনি শুদ্ধভক্ত নহেন, তাঁহার কৃষ্ণভক্তির অনুষ্ঠান—কপটতা-যুক্ত।

সাধনভক্তির অঙ্গ চৌষট্টি প্রকার। তন্মধ্যে পাঁচটী সর্ব্বপ্রধান। এই পাঁচটির একটী সুষ্ঠুভাবে পালিত হইলেই কৃষ্ণপ্রেম লাভ হয়।

সাধুসঙ্গ, নামকীর্ত্তন, ভাগবত-শ্রবণ।
মথুরাবাস, শ্রীমূর্ত্তির শ্রদ্ধায় সেবন॥
সকল সাধনশ্রেষ্ঠ এই পঞ্চ অঙ্গ।
কৃষ্ণপ্রেম জন্মায়, এই পাঁচের অল্পসঙ্গ॥
সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্ব্বশাস্ত্রে কয়।
লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়॥

এই সাধুই কৃষ্ণপ্রেষ্ঠ শ্রীগুরুপাদপদ্ম। তিনি সাধুশিরোমণি। একমাত্র তাঁহার সঙ্গ হইলেই জীবের কৃষ্ণপাদপদ্মপ্রাপ্তি হয়। এই সাধুসঙ্গেই নাম-কীর্ত্তন, ভাগবত-শ্রবণ, শ্রীধামবাস, শ্রীবিগ্রহসেবা করিতে হয়। শ্রীগুরুপাদপদ্মের কৃপা ও আনুগত্য না থাকিলে শ্রীধামবাস, শ্রীনাম-সেবা, শ্রীবিগ্রহসেবা, শ্রীমদ্ভাগবতশাস্ত্র আলোচনা প্রভৃতি কিছুই হয় না। তাঁহার আনুগত্য বাদ দিয়া ভক্তিচেষ্টা দাম্ভিকতা। গুরুপাদপদ্ম লঙ্ঘন করিয়া কৃষ্ণসেবা করিতে গেলে তাহার বিনাশ অবশ্যম্ভাবী। সাধুর সঙ্গ অর্থাৎ সাধুর অনুগমন। সাধুর নির্দ্দেশ অনুসারে চলাই সাধুর অনুগমন। সঙ্গ অর্থে—অভিনিবেশ, সম্যগ্‌রূপে গমন, প্রাপ্তি। মনঃসংযোগকেই সঙ্গ বলে। সাধু—সৎ, শ্রীমদ্ভাগবত—সৎ, শ্রীতুলসী—সৎ, শ্রীগঙ্গা—সৎ, শ্রীধাম—সৎ। ইঁহাদের সঙ্গই সৎসঙ্গ, ইঁহাদের সেবাই সাধুসেবা। এই সঙ্গের অনুশীলন হইলে—সেবাচিন্তায় ভরপুর হইলে দুর্ব্বলতা চলিয়া যাইবে—হরিভজনে বল পাওয়া যাইবে। ইঁহাদের যে কোন একজনের কৃপা হইলেই কৃষ্ণপ্রাপ্তি অনিবার্য্য।

অনর্থযুক্ত আমাদিগকে মঙ্গললাভ করিতে হইলে সাধনপথে চলিতে হইবে। সাধু-শাস্ত্রের শাসন স্বীকার করিয়া চলিলেই আমাদের মনের চঞ্চলতা কমিবে এবং সুদৃঢ়চিত্ত হইয়া বাস্তবমঙ্গলের পথে চলিতে পারিব। সাধকের কি ভাবে সর্ব্বক্ষণ আত্মরক্ষা করিয়া চলিতে হইবে তৎসম্বন্ধে শ্রীল আচার্য্যদেব বলিয়াছেন—"অনর্থযুক্ত জীবের পক্ষে রুগ্নপথ্য। তাহাতে সর্ব্বাগ্রে সদ্গুরু-পাদাশ্রয়। শ্রীগুরুপাদপদ্মের প্রদত্ত ঔষধ, সুপথ্য ও যাবতীয় ব্যবস্থা অকপটে, একান্তভাবে গ্রহণ করিলে নিশ্চয়ই অনর্থরোগ বিদূরিত হইবে। প্রতিপদ-বিক্ষেপে শ্রীগুরুপাদপদ্মের আনুগত্যে হওয়া চাই, mechanical আনুগত্য নহে, routine-বদ্ধ আনুগত্য নহে। আমাদের প্রত্যেক হাত্রির শ্রীনামাচার্য্য ও শ্রীনামপ্রভুর দ্বারা নিয়মিত হইবে। প্রতি পদবিক্ষেপে কর্ণের দ্বারা পরিসেবিত গুরুদেবের বাণীর সহিত নিজের আচরণকে মিলাইতে হইবে। যাহা আমরা শ্রবণ করি, কীর্ত্তন করি, দর্শন করি, আস্বাদন করি, ঘ্রাণ করি, অথবা স্পর্শ করি, তদ্দ্বারা কি শ্রীগুরুপাদপদ্মের ও শ্রীনামের সেবা হইতেছে, অথবা ঐ সকল আত্মেন্দ্রিয়তর্পণের পথে চালাইছে?—ইহা নিজাপেক্ষা শ্রেষ্ঠ ও শুভানুধ্যায়ী বৈষ্ণবের নিকট সর্ব্বদা জিজ্ঞাসা করিতে হইবে ও তৎসঙ্গে তাঁহার কীর্ত্তিত বাণীর কষ্টিপাথরে নিজের আচার-বিচার পরীক্ষা করিয়া লইতে হইবে। শ্রীনামপ্রভুর কৃপালাভের জন্য অবিরাম আর্ত্তি ও আত্ম-নিবেদন চাই, তাঁহাতে শরণাগতই সর্ব্বশ্রেষ্ঠ সাধন-ভজন। Gurudev is the giver of Bhakti. গুরু ভক্তিকে প্রকট করেন। গুরুদেবকে ছেড়ে ভক্তি থাকে না। সেবকাভিমান যেখানে, 'আমি তোমার সেবক' এই শুদ্ধ অহঙ্কার বা আমি তোমার শরণাগত অকিঞ্চন সেবক—দাস। এই আত্মদান যেখানে, সেখানে সব জিনিষ শুরু। যদি অকপটে তাঁহাকে চাই, তাঁহার নিকট কাঁদিয়া কাঁদিয়া জানাই—'আমি কে, আমাকে তাহা জানাইয়া দাও', তাহা হইলে নিশ্চয়ই তিনি আমাকে 'আমি' যাহা, সেই স্বরূপটী উপলব্ধি করাইবেন। আমার প্রার্থনার মধ্যে যদি ভেজাল না থাকে, তাহা হইলে নিশ্চয়ই তিনি প্রকৃত সাধু পাঠাইয়া দিবেন। যদি তাঁহার দয়াই না থাকিবে, তবে তাঁহার অবতার, তাঁহার শাস্ত্র ও নিজজনের অবতার কেন? অকপট হইয়া তাঁহাকে চান দেখি? তিনি ত' কৃপা করিবার জন্যই ব্যস্ত।"

ভক্তিনীতি

জাগতিক অসৎকর্ম্মী ও সৎকর্ম্মী—উভয় সম্প্রদায়ই পারমার্থিকগণের বিচার ধরিতে পারেন না। পারমার্থিকগণ কোন দিনই প্রাকৃত সৎ ও অসৎ নীতির দ্বারা চালিত হইয়া কোন কার্য্য করেন না। প্রাকৃত নীতির তৌলদণ্ডে যাহা নিরপেক্ষতা ও সাপেক্ষতা বলিয়া পরিচিত—যাহা সৎ বা অসৎ বলিয়া বিচারিত, ঐরূপ কোন বস্তুই তাঁহারা বহুমানন করেন না। পারমার্থিকগণ এই সকল নিয়মের অনুবর্ত্তী হইয়া কখনও চলেন না। তাঁহাদের মূল নীতি—পরাৎপর বস্তুতে ভক্তি। তাঁহারা এই ভক্তিকে কেন্দ্র করিয়াই সমস্ত কার্য্য করেন। ভক্তি অর্থে ভগবৎপ্রীতি। পারমার্থিকের নীতির অনুগত হইয়া চলিতে হইলে প্রথমেই সদ্গুরুপাদপদ্ম আশ্রয় করিতে হইবে। সদ্গুরুপাদপদ্মের আশ্রিত না হইলে পরমার্থরাজ্যে প্রবেশাধিকারই পাওয়া যায় না। পূর্ণ শরণাগতির সহিত শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করিয়া তাঁহার প্রদত্ত ঔষধ, সুপথ্য ও যাবতীয় ব্যবস্থা অকপটে গ্রহণ করাই পারমার্থিকনীতিবিদ্‌গণের কর্ত্তব্য। যাঁহারা অতিশয় দুর্ব্বল, যাঁহাদের দেহাত্মবুদ্ধি যায় নাই, দেহসম্পর্কীয় আত্মীয়স্বজনে যাঁহাদের আসক্তি রহিয়াছে, গুরু, বৈষ্ণব, ভগবান্ ও শ্রীনামের প্রতি যাঁহাদের অপ্রাকৃতবুদ্ধি উপস্থিত হয় নাই, তাঁহারা যদি পারমার্থিক নীতি উল্লঙ্ঘন করিয়া স্বতন্ত্র স্বেচ্ছাচারী হইয়া পড়েন, তবে তাঁহাদের পতন অনিবার্য্য।

মূলটা ঠিক থাকিলেই সব ঠিক থাকিবে। সকল নীতি ও অখিল সদ্গুণের আকর স্থানে কেন্দ্র ঠিক না থাকিলে বিপথে চলিয়া যাইতে হইবে। মূল ঠিক থাকিলে—লক্ষ্য স্থির হইলে মাঝপথের সকল ব্যবস্থা ঠিক হইবে। প্রয়োজন ঠিক না থাকিলে সেবায় উৎসাহ আসিতে পারে না। গন্তব্যস্থান কি আগে জানা দরকার। প্রয়োজন জানা থাকিলে সম্বন্ধজ্ঞান ঠিক হইবে ও ঠিক ঠিক ভাবে অভিধেয় যাজিত হইবে। ভগবদ্বিস্মৃতি হওয়ার জন্যই জীবের ঐ সকল অসুবিধা হইয়াছে। ভগবান্ কি জিনিষ, আমি কি জিনিষ তাহা জানা না থাকায় এবং ভগবদ্ভক্তির অনুশীলনের অভাবে নানাপ্রকার চিন্তাস্রোত আসিয়া আমাদের অভিভূত করিয়া ফেলে। বিস্মৃতিই জীবের সর্ব্বনাশের জনক। কৃষ্ণস্মৃতিই একমাত্র বিধি এই বিধিপালন করিলেই মঙ্গললাভ অবশ্যম্ভাবী।

শ্রীচৈতন্যমঠে হরিকথা

শ্রীধামমায়াপুরস্থ আকরমঠরাজ শ্রীচৈতন্য-মঠে পরমারাধ্যতম পতিতপাবন নিত্যানন্দাভিন্ন শ্রীশ্রীল আচার্য্যদেব সমাগত সহস্র সহস্র ভক্ত ও সজ্জনগণের নিকট অনর্গল হরিকথা কীর্ত্তন করিতেছেন। প্রাতে, মধ্যাহ্নে, অপরাহ্নে ও সন্ধ্যায় কোন সময়েই তাঁহার হরিকথা-কীর্ত্তনের বিরাম নাই।

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক ত্রিদণ্ডিগোস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তি-বৈভব সাগর মহারাজ ও অন্যান্য ভক্তগণ বিভিন্ন স্থানে শ্রীহরিকথা কীর্ত্তন করিতেছেন। শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের কৃপায় শ্রীচৈতন্য-মঠ সর্ব্বক্ষণ হরিকথায় মুখরিত আছে দেখিয়া ভক্তগণের আনন্দের সীমা নাই।

এতদ্ব্যতীত প্রত্যহ সন্ধ্যারাত্রিকের পর গুরুবৈষ্ণববন্দনা, পঞ্চতত্ত্ব ও মহাজনপদাবলী কীর্ত্তনান্তে পরমারাধ্যতম শ্রীশ্রীল প্রভুপাদের সমাধিপ্রাঙ্গণে আহূত মহতী সভায় ভক্তগণ বক্তৃতামুখে হরিকথা কীর্ত্তন করিতেছেন। প্রায় দেড় হাজার লোক শ্রীগুরুগৌরাঙ্গের কৃপায় নির্ব্বিঘ্নে শ্রীশ্রীনবদ্বীপধাম-পরিক্রমা করিতেছেন।

গত ১৯শে ফাল্গুন সোমবার, অন্তর্দ্বীপ পরিক্রমার দিন সন্ধ্যারাত্রিকের পর ত্রিদণ্ডি-স্বামী শ্রীমদ্ ভক্তিবৈভব সাগর মহারাজ ও উপদেশক শ্রীপাদ মহাপুরুষদাস ভক্তিশাস্ত্রী প্রভু 'আত্মনিবেদন' সম্বন্ধে বহুক্ষণ যাবৎ বক্তৃতা প্রদান করেন। তৎপর দিবস অপরাহ্নে গৌরজন শ্রীশ্রীল আচার্য্যদেব "আত্মনিবেদন ও শ্রবণ" সম্বন্ধে প্রায় একঘণ্টা-কাল বহু অমূল্য উপদেশ প্রদান করিয়া প্রশ্নোত্তরমুখে কিছুক্ষণ হরিকথা কীর্ত্তন করেন। সন্ধ্যারাত্রিকের পর গুরুবৈষ্ণববন্দনা, পঞ্চতত্ত্ব ও মহাজনপদাবলী কীর্ত্তনের পর শ্রীভক্তিবিলাস ভক্তিশাস্ত্রীজী আত্মনিবেদন ও [illegible] কথা প্রায় একঘণ্টাকাল আলোচনা করেন।

গত ২১শে ফাল্গুন বুধবার, গোদ্রুমদ্বীপ-পরিক্রমার দিন শ্রীপাদ মহাপুরুষদাস ভক্তিশাস্ত্রী প্রভু 'কীর্ত্তন' সম্বন্ধে অনেক কথা আলোচনা করেন। সর্ব্বক্ষণ হরিকথা-শ্রবণের সুবর্ণসুযোগ পাইয়া সকলেই পরমোপকৃত হইতেছেন।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া

সেবক — শ্রীমধুসূদন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ

১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার

কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৫০১৫

সেবক—শ্রীকুঞ্জবিহারী দাস ভক্তিশাস্ত্রী বি এল

শ্রীযোগপীঠ মায়াপুরপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীপ্রভাবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

অদ্বৈত-ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর নদীয়া

সেবক শ্রীভগবানদাস ব্রজবাসী

কাজির সমাধি পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

সেবক শ্রীমঙ্গলানন্দ ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

সেবক — শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

সেবক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

সেবক — শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)

সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জান্নগর (বর্দ্ধমান)

সেবক—শ্রীশচীতনয় দাস অধিকারী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর নদীয়া

সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীশ্রীধামদাস অধিকারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ

গৌড়পুর নদীয়া

সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্বাপুর গৌড়ীয়মঠ

জাউভাঙ্গা (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর, নদীয়া

সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

শ্রীকুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)

সেবক—শ্রীরবীন্দু ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

সেবক—শ্রীরাধাকিশোর ব্রজবাসী

শ্রীরাণাঘাট গৌড়ীয়মঠালয়

সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

শ্রীমাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা।

সেবক — শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার

গোপালজীমঠ

পোঃ কমলাপুর, ঢাকা

সেবক—শ্রীক্ষিতিপাবন ব্রহ্মচারী

গদাই-গৌরাঙ্গমঠ

পোঃ বালিয়াটী (ঢাকা)

সেবক—শ্রীউপেন্দ্রবিনোদ অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ

নূতনবাজার, পোঃ ময়মনসিংহ

সেবক— শ্রীশিবদেবানন্দবিগ্রহ বিদ্যাবন্ধু বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া, আসাম

সেবক শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাণ্ডাং বিল্ডিং, দার্জ্জিলিং

সেবক—শ্রীকৃষ্ণজন দাসাধিকারী

সারস্বত গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি

সেবক — শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ

পোঃ মিঠাপুর পাটনা

সেবক—শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ

কাষ্ঠা রোড, গয়া

সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীসনাতন গৌড়ীয়মঠ

৮।১৭ বড় গম্ভীরাসং, বেনারস সিটি

সেবক—শ্রীজগন্নাথদাস ব্রহ্মচারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ এলাহাবাদ

সেবক—শ্রীরূপাবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

সেবক শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট পোঃ মথুরা

সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

সেবক—শ্রীনীলরতন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

সেবক - শ্রীমহাবীর দাসাধিকারী

ব্রজস্বানন্দসুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড মথুরা

সেবক—শ্রীপ্রাণগৌরদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ

সেবক শ্রীপ্রেমময় দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী

সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়

গোবর্দ্ধন, মথুরা

সেবক—শ্রীঋষিকেশ দাস

সঙ্কেতবিহারীমঠ

বর্ষাণ, মথুরা।

সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ

শেষশায়ী

পোঃ কোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব

সেবক--শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ

৪৫নং হনুমান রোড নিউ দিল্লী

সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং

নং বোম্বে ২৬

সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ

সেবক—শ্রীরেবতীরমণ ব্রহ্মচারী

রামানন্দ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, গোদাবরী, মাদ্রাজ

সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)

সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

পুরুষোত্তমমঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

সেবক— শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

ভক্তিকুটী

স্বর্গদ্বার

সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী

সেবক—শ্রীযদুমণি দাসাধিকারী

ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ

বাঁণগলি, পোঃ কটক, উড়িষ্যা

সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

সেবক—শ্রীরূপ ভুবনপাবন ব্রহ্মচারী

শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-শ্রবণ-সদন

পোঃ বড়খেমুণ্ডী, গঞ্জাম

সেবক— শ্রীমদনশ্যাম দাসাধিকারী

ভাগবতজনানন্দমঠ

চিক্‌লিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

সেবক — শ্রীদীনবন্ধু দাসাধিকারী

অমর্ষি-গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম

পোঃ রাণীবাঁধ (বর্দ্ধমান)

সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

চৈতন্যগৌড়ীয়মঠ

ডুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা (মানভূম)

সেবক--শ্রীনরনারায়ণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ

৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ

সেবক— শ্রীবনমালী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্লাট নং ২, ৫১, ডাউনরোড ক্ল্যাপটন্,

লণ্ডন, ই ৫

সেবক—কুমারী বিনোদবাণী দাসী।

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১০।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,

কলিকাতা।

সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস

আমিনাবাদ (আমানগঞ্জ) লক্ষ্ণৌ, ইউ-পি

সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

শ্রীবিদ্যানিধি-গৌড়ীয়মঠালয়

নন্দনকানন, চট্টগ্রাম

সেবক — শ্রীঅধরগোবিন্দ দাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস,

বহরমপুর (গঞ্জাম)

সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,

শ্রীমায়াপুর (নদীয়া)

সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,

নিমসার (ইউ, পি)

সেবক—শ্রীউপেন্দ্রশরণ ব্রহ্মচারী

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীনরঅঙ্গন

সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্, কটক

সেবক—শ্রীযতিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়।

শ্রীমায়াপুর, নদীয়া।

সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীমণীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৴০	।৴০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	১॥০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬৲	৪॥০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধ কলম ২৪৲	১৮৲
" এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫০, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ গ্রেষণাপূর্ণ ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (charts) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান — শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মহুয়া প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিয়াছেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ০৲ টাকা

প্রাপ্তিস্থান — মহুয়া প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

নিরপেক্ষ সুযুক্তিপূর্ণ আলোচনা-গ্রন্থ; ইহাতে গণতন্ত্র মতবাদে [illegible] সম্প্রদায়, সমন্বয়, মহাজন, অবতার, একায়ন, সমন্বয় ও ভক্তিসম্বন্ধে [illegible] শ্রৌত ও শাস্ত্রীয় বিচার ও সমালোচনা প্রদর্শিত এবং পরস্পর-বিরুদ্ধ মানবমস্তিষ্ক সমাধান [illegible] ভাবময়, তাত্ত্বিক সর্বসিদ্ধান্ত সকলই প্রদত্ত হইয়াছে।

প্রাপ্তিস্থান — মহুয়া প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

অথবা

শ্রীযোগপীঠ-শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীধাম-মায়াপুরে

—:০:—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্"—

—:০:—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং-এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কনসেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট্ গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান —
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

বিদ্যাভূষণ্প্র এই মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ গীতার এই অপূর্ব্ব সংস্করণ সম্পাদনপূর্ব্বক প্রকাশিত করিয়া তাঁহার জীবন পরিসমাপ্তি [illegible] প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূল শিক্ষা তৎপরে শ্লোক অনুসারে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রাঞ্জল অনুবাদ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান —
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীভক্তিবিনোদ-বাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে প্রশ্নোত্তরমুখে তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা তিন টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের বিরাট সংস্করণ। কথাসার, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, বঙ্গানুবাদ প্রতিপাদ্য বিষয় নির্দ্দেশ, অধ্যায়-বিবরণ, স্থান ও সূচী প্রভৃতির সহিত গৌড়ীয়মিশন কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা শুদ্ধবৈষ্ণবসমাজের এক অমূল্য রত্ন। ইহা ডবল ক্রাউন আট পেজী আকারে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র ৪৷৷০ টাকা।

প্রাপ্তিস্থান — শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর নদীয়া।

ছাত্রদের ভক্তিবিনোদ (২য় সংস্করণ)

সম্প্রতি লণ্ডন কাউন্টি কাউন্সিল—অর্থাৎ মিউনিসিপ্যালিটি ভিন্ন ভিন্ন এলাকায় কতকগুলি গৃহস্থালীর তৈজসপত্রের ডিপো খুলেছেন। ডিপোগুলিতে থালা, বাসন, ছুরি, কাটা, চামচ, ডেগ্‌চি হাঁড়ি প্রভৃতি অন্যান্য রান্নাবান্নার সরঞ্জাম মজুদ রাখা হয়। যা'দের বাড়ীঘর জার্ম্মাণ বোমায় নষ্ট হ'য়েছে তাদের জন্য এই সকল বিশ্রামকেন্দ্র ও হোটেল আছে। তারা এই মিউনিসিপ্যালিটির ডিপোতে এ সব জিনিষ পে'তে পারে। শুধু বাসনপত্রই নয়, ডিপোগুলিতে বিছানা, কাপড়চোপড়, রান্নার চুলো এবং ডাক্তারী ঔষধপত্রও রাখা হয়। হঠাৎ যদি কোন রাত্রে খুব জোর বোমাবর্ষণের ফলে অনেক বাড়ী-ঘর চুরমার হয় তখন সেখানকার গৃহহীন, অন্নহীন বুভুক্ষুদের জন্য বিশ্রামকেন্দ্র ও হোটেলগুলিতে অনেক বেশী জিনিষপত্রের দরকার হয়। সময় সময় আশ্রয়প্রার্থীদের সংখ্যা বেশী হ'লে আলাদা ক'রে নূতন বিশ্রামকেন্দ্র খুল্‌তে হয়। এই ডিপোগুলি থেকেই তখন প্রয়োজনীয় জিনিষপত্র পাওয়া যায়। কাজেই বিমান আক্রমণ সত্ত্বেও লণ্ডনের পক্ষে এ ডিপোগুলি একরূপ সহজেই অবস্থান করতে পারবেন।

—

নূতন টিউব ট্রেণ

যুদ্ধের গোড়াতে লণ্ডনের (ট্রান্সপোর্ট বোর্ড) যানবাহন নিয়ন্ত্রণ সমিতি স্থির করেন যে বিমান আক্রমণের সময়ে টেম্‌স্ নদীর নিচেকার টিউব রেলওয়ের ট্রেন চলাচল বন্ধ রাখবেন। কারণ নদীর তলায় সুড়ঙ্গের ছাদ যদি কোন জায়গায় বোমাবর্ষণে ফেটে যায় তবে নদীর জল ঢুকে সমস্ত ভাসিয়ে দেবে। সে আশঙ্কা ক'রে কর্ত্তৃপক্ষ নদীর নীচে দু'দিকে ভারি লোহার মস্ত মস্ত দুটো ফ্লাডগেট (জল আটকাবার দরজা) তৈরী ক'রেছিলেন, যেন বিমান আক্রমণ সঙ্কেত পেলেই দরজা দু'টো বন্ধ করে সুড়ঙ্গের মুখ আটক দেওয়া যায়। কিন্তু আজকাল বিমান আক্রমণের সময়েও যা'তে নদীর তলা দিয়ে গাড়ী চলাচল একেবারে বন্ধ না হয়, সে ব্যবস্থা করা হ'য়েছে। সম্প্রতি এ লাইনের জন্য কতগুলি নূতন ধরণের গাড়ী প্রবর্ত্তন করা হয়েছে। গাড়ীগুলিকে খানিকটা নীল আর খানিকটা রূপালী রং করা হ'য়েছে। ষ্টেশনে আসলে গাড়ীর দরজাগুলি আপনি খুলে যায় এবং আবার চল্‌তে সুরু করলেই দরজাগুলি আপনা থেকেই বন্ধ হ'য়ে যায়। গাড়ীর দু'পাশে লাইন ক'রে মুখোমুখী বসবার জায়গা—গাড়ীর মেঝে থেকে একটু উঁচুতে। কাজেই ভীড়ের মধ্যে যখন দাঁড়িয়ে যেতে হয়, তখন অন্যান্যকে উপবিষ্ট কোন ভদ্রব্যক্তির চরণযুগল মাড়িয়ে দিয়ে 'সরি' (দুঃখিত) হওয়ার প্রয়োজন হয় না।

—

এরিত্রিয়ায় ভারতীয় সৈন্যদের বীরত্ব

এরিত্রিয়া সীমান্তের কাসালা হইতে ইতালীয়দিগকে বিতাড়িত করিয়া দিয়া বৃটিশ সাম্রাজ্যের সৈন্যবাহিনী যে কৃতিত্ব প্রদর্শন করিয়াছে, তাহার মধ্যে ভারতীয় সৈন্যদের অংশ বিশেষ উল্লেখযোগ্য। সম্প্রতি ঐ যুদ্ধের যে বিস্তৃত সংবাদ পাওয়া গিয়াছে, তাহাতে প্রকাশ, ব্রিটিশদের প্রধানতঃ দুইটি বাহিনী এই আক্রমণে অংশগ্রহণ করে। একজন ভারতীয় কমিশণ্ড অফিসার গোগ্‌লি নামক স্থানে শত্রুপক্ষের গোলাগুলির মধ্য দিয়া তাহার বাহিনীকে পরিচালিত করিয়া লইয়া যান এবং একটি চড়াই গিরিসঙ্কট অধিকার করিতে সমর্থ হন। কিন্তু শত্রুপক্ষের উপর্য্যুপরি আক্রমণে অবশেষে তিনি সেই স্থান ত্যাগ করিতে বাধ্য হন। কিন্তু শত্রুপক্ষের গোলাতে আহত হইলেও দলের সৈন্যদের তিনি নিরাপদ স্থানে ফিরাইয়া আনিতে সমর্থ হইয়াছিলেন। এই যুদ্ধে একজন ভারতীয় ষ্ট্রেচারবাহক একটি আহত সিপাহীকে যুদ্ধক্ষেত্র হইতে লইয়া আসবার সময় চতুর্দ্দিকেই শত্রুকর্ত্তৃক বেষ্টিত হইয়াছিল। কিন্তু সে বিশেষ তৎপরতা সহকারে সিপাহীর বন্দুক তুলিয়া লইয়া তাহাদিগকে বিতাড়িত করিতে সমর্থ হয় এবং আহত সিপাহীকে হাসপাতালে পৌঁছাইয়া দেয়। আর একজন ভারতীয় গোলন্দাজ বিশেষ সাহসিকতার পরিচয় দিয়া মৃত্যুবরণ করিয়াছে। বহুসংখ্যক শত্রুসৈন্য তাহার উপর ঝাঁপাইয়া পড়িলেও সে নির্ভীকভাবে তাহাদের উপর মেসিনগান চালাইতে থাকে। অতঃপর শত্রুপক্ষের একটা বোমার আঘাতে তাহার মৃত্যু হয়। শত্রুপক্ষ বিতাড়িত হইলে দেখা গেল, মেসিনগানের "ট্রিগারের" (ঘোড়া) উপর তাহার আঙ্গুল স্থির হইয়া রহিয়াছে।

—

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্‌শ কলেজের ইংরাজীর ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট [illegible] আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য [illegible] মহোদয়ের গৌড়ীয়বেদান্ত এবং গবেষক লেখনীর অমূল্য [illegible] কাব্য একাধারে দর্শন [illegible] ভক্ত ও ভগবানের লীলাচিত্র [illegible] [illegible] অদ্বিতীয় গ্রন্থ মানবজাতির [illegible] [illegible] দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই [illegible] অধ্যায়ে সম্পূর্ণ [illegible] [illegible] শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), লেখক ও প্রকাশক কর্ত্তৃক [illegible] (Preface) বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত শব্দসূচী (Index Glossary) সহ [illegible] প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—বাগবাজার গৌড়ীয়মঠ, [illegible] মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্য [illegible] [illegible] সংক্ষেপে গুম্ফিত ও শ্রীপাদ বলদেব বিদ্যাভূষণ 'তত্ত্বদীপিকা' টীকা [illegible] বঙ্গানুবাদ ও তাৎপর্য্য এবং মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা, [illegible] ভূমিকা ও সূচীসহ অত্যুৎকৃষ্ট [illegible] নব সংস্করণে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,

শ্রীযুক্ত [illegible] এম-এ, বি-এল,

পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থে প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৬৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—৬৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ পোঃ বাগবাজার, কলিকাতা।

EROTIC PRINCIPLE & UNALLOYED DEVOTION

পরমপূজ্যপাদ শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী প্রভু প্রণীত। সম্প্রতি এই গ্রন্থের একটী নূতন সংস্করণ শ্রীশ্রীগুরুবর্গের কৃপায় পুনঃ প্রকাশিত হইয়াছে। গ্রন্থের আকার পূর্ব্ব সংস্করণ অপেক্ষা বৃহৎ ও সুন্দর হইয়াছে। এই গ্রন্থে বহু অমূল্য উপদেশ আছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবত (সমগ্র) ৪০৲
প্রথম স্কন্ধ হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৯৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৯৲
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৷৵০, ২য় খণ্ড ১৲, তৃতীয় খণ্ড ৷৵০ ৪র্থ খণ্ড ৷৵০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড ৷৵০, ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড ৷৷০
৭। শ্রীচৈতন্যদেব ১০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৷৵০
১৪। ভজনরহস্য (দ্বিতীয় সংস্করণ) ০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৷৵০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। প্রবন্ধ আলম্বন ॥০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়সাহিত্য ।৵০
২২। ভজন রহস্য ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (অন্বয়ে টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী টীকাসহ) ১৲
২৬। [illegible] মাধবপন্থা ৷০
২৭। মুক্তিমঞ্জিকা পদ্মোত্তর (সানুবাদ) ১৲
২৮। বেদান্তত্ত্বসারঃ (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ।৵০ বাঁধা ৷০)
৩০। শ্রীল-দিগ্‌দর্শন ৷০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৷০
৩৫। গীতমালা ।১
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৶০
৩৭। ঐ প্রমাণ খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডল পরিক্রমার্পণ ।০
৪০। শরণাগতি ৶০
৪১। গীতাবলী ।১০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৷০
৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ৷॥০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ।১০
৪৫। নবদ্বীপশতক ।১০
৪৬। অর্চ্চনপদ্ধতি ।১০
৪৭। সদাচারস্মৃতিঃ ।১০
৪৮। কল্যাণকল্পতরু ।১০
৪৯। অর্চ্চনকণ ১৯
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ॥০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ০।
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৷০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভাবতরঙ্গ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। শিক্ষাষ্টকদর্পণ /০
৬০। সাংখ্যবাণী /০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২॥০
৬২। শ্রীভাগবতার্ক ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ।০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী বিজয়ঃ ।০
৬৫। সটীকা শিক্ষাদশমূলম্ ।০
৬৬। [illegible] ।০
৬৭। সাধুবাদ শিক্ষাষ্টকম্ ৵০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ /০
৬৯। সারাৎসারম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥০
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ॥০
৭২। নামভজন /০
৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অর্গ্যানাইজেশন ॥০
৭৪। রিলেটীভ ওয়ার্ল্ডস্ ।৵০
৭৫। লাইফ এণ্ড প্রেসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০
৭৬। বৈষ্ণবীজম্ ॥০
৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং /০
৭৮। দি ভাগবত ।০
৭৯। ইকো টক প্রিন্সিপাল এণ্ড অ্যানম্যালজেড ডিভোশন ।০
৮০। ব্রহ্মসংহিতা ॥০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৩
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীচৈতন্য চরিতামৃত ৷০
৮৫। সাধনপথ ৷০
৮৬। কল্যাণকল্পতরু ।১০
৮৭। গীতাবলী ।১০
৮৮। শরণাগতি /০
৮৯। প্রার্থনাপ্রেমবাণী ৶০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ।০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ।০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীভক্তিসাহিত্যে শ্রীভক্তি-বিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গীতিগ্রন্থ-সমূহের তাৎপর্য্য ও ব্যাখ্যা এই গ্রন্থে সুন্দর-রূপে প্রকাশিত হইয়াছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তি-মাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৺০ আনা।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব স্তোত্রাদি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ সহ প্রকাশিত হইয়াছে। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৺০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ২৭ গোবিন্দ ৪৫৪ গৌরাব্দ ২৭শে ফাল্গুন বঙ্গাব্দ ১৩৪৭, ১১ই মার্চ্চ ইং ১৯৪১, মঙ্গলবার { ৪র্থ সংখ্যা

শ্রীশ্রীল প্রভুপাদের হরিকথামৃত

জীব যখন নিষ্কপটে শ্রীভগবানে আত্ম-নিবেদন জ্ঞাপন করেন, তখন শ্রীভগবান্ মহান্ত-গুরুরূপে আবির্ভূত হন। মহান্ত-গুরুর নিকট দিব্যজ্ঞান লাভ না করিলে কেহ অধোক্ষজ-সেবাধিকার প্রাপ্ত হইতে পারেন না। আবার অধোক্ষজ-সেবা ব্যতীত আত্ম-প্রসাদ লাভ অসম্ভব। অক্ষজবস্তুর সেবায় মনেন্দ্রিয়ের তর্পণ হয়, আত্মপ্রসাদ লাভ হয় না।

সর্ব্বতোভাবে কেহ যদি হরিকীর্ত্তন করেন, তবেই তাঁ'র হরিস্মরণ হয়, তা' হ'লেই তিনি অমানী-মানদ, তৃণাদপি সুনীচ হ'তে পারেন। "তৃণাদপি" শ্লোকে 'সদা' শব্দের অর্থ—কাম-ক্রোধাদির অবসর না দিয়ে অবিক্ষেপে হরিকীর্ত্তন। নিরন্তর কৃষ্ণানুসন্ধান বা বিপ্রলম্ভরসে আসক্ত ব্যক্তিরই তৃণাদপি সুনীচত্ব।

শ্রীগুরুপাদপদ্মের সেবা সর্ব্বাগ্রে প্রয়োজন। শ্রীগুরুপাদপদ্ম বাস্তব-মঙ্গলবিধাতা। আশ্রয়-জাতীয় ভগবানের অনুগ্রহ যে মুহূর্ত্তে রহিত হ'য়ে যা'বে, সেই মুহূর্ত্তে জগতে নানা অভিশাপ উপস্থিত হ'বে। বর্ত্মপ্রদর্শক গুরুদেব যদি আমাদিগকে উপদেশ না দেন—কি ভাবে গুরুপাদপদ্ম আশ্রয় করতে হ'বে, কি ভাবে গুরুপাদপদ্মের সহিত ব্যবহার করতে হ'বে, এ সকল শিক্ষা যদি না দেন, তবে প্রাপ্তরত্নও হারিয়ে ফেলতে হয়।

'আর কা'কেও বঞ্চিত না ক'রে সকলে মিলে হরিকীর্ত্তন করি, ২৪ ঘণ্টাই হরি-কীর্ত্তন করি'—এরূপ বিচার কেবলা ভক্তি পথের পথিকের। কেবলা ভক্তির পথে কীর্ত্তন ছাড়া কোনও অবান্তর সাধনের সাহায্য বা মিশণ স্বীকৃত হয় না। কারণ কীর্ত্তন একমাত্র নিরপেক্ষ অব্যর্থ অস্ত্র। প্রথমে কাণ দিয়ে শুনতে হয়। পরে সকল ইন্দ্রিয়ের অনুকূল ক্রিয়া উপস্থিত হয়। তখন ভগবানের রূপ, গুণ, পরিকরবৈশিষ্ট্য, লীলা দর্শন হয়।

হরিকীর্ত্তন সর্ব্বদা করা দরকার। হরিকীর্ত্তনে সর্ব্বশক্তি নিহিত র'য়েছে—সর্ব্বপ্রয়োজন শিরোমণি অনুস্যূত আছে। অবিমিশ্রভাবে ভগবৎসেবা একমাত্র কীর্ত্তনের দ্বারা হয়।

শ্রীগুরুপাদপদ্মের নিকট কীর্ত্তন শ্রবণ কর্লে তাঁ'র শতকরা শত পরিমাণ অপ্রতিহত সেবাময় যদি সুষ্ঠুভাবে দেখ্‌বার সুযোগ ও সৌভাগ্য পাই, তা' হ'লে আমরাও সেবা কর্‌তে পারি।

শ্রীগুরুপাদপদ্ম হ'তে এক মুহূর্ত্তের জন্যও বিচ্যুতি হ'লে অসুবিধা অনিবার্য্য। শ্রবণ-কীর্ত্তন—জল, সেবনকারী—শ্রীগুরুপাদপদ্মা-শ্রিত ব্যক্তি। বিশ্রম্ভের সহিত সর্ব্বদা গুরুপাদপদ্মের সেবনই একমাত্র কৃত্য।

অনেক জন্মের পর এই মানবজন্ম লাভ হ'য়েছে, আর এ জন্ম সব চেয়ে দুর্লভ—শুধু দুর্লভ নয়, সুদুর্লভ। এই জন্ম অনিত্য হ'লেও পরমার্থপ্রদ। ধীর যিনি, প্রকৃত বুদ্ধিমান্ ও চতুর যিনি, তিনি এই সাধনের দেহটা পতিত না হওয়া পর্য্যন্ত অন্যান্য বিষয়কর্ম্ম সব ছেড়ে' দি'য়, ক্ষণমাত্র বিলম্ব না ক'রে চরম কল্যাণলাভের চেষ্টা করেন। চরম মঙ্গললাভ কর্‌তে হ'লে সদ্‌গুরুপাদাশ্রয় কর্‌তে হ'বে।

শ্রীশ্রীল আচার্য্যদেবের উপদেশামৃত

যাঁহারা আমাদিগকে সুস্থ দেখিতে চান, তাঁহাদের মধ্যে গুরুদেব সর্ব্বশ্রেষ্ঠ। তাঁহারা আমাদিগকে মিছরী সেবন করান। অন্য লোক অন্য কিছু দিতে পারে, তাঁহারা মিছরী ব্যতীত অন্য কিছু দেন না। তাঁহারা জোর করিয়া মিছরী সেবন করান এবং সেটা আরক গোলাপের মাখান নয়, তাহা শুধু রোগের বীজ নষ্ট করিবে না, পরন্তু স্বাদ লাগিবে। সন্তান অথবা মাতা, যিনি কেবলমাত্র আরোগ্য চান না পরন্তু আরোগ্য লাভ করাইয়া তাহার সহিত স্নেহের সম্বন্ধ রাখিয়া সুখী করিতে চান, সেই মাতার দেওয়া মিছরী purge করাইয়া মিছরীর প্রকৃত স্বাদ উপলব্ধি করাইতে থাকিবে। বর্ত্তমানে যে চারিটী অনর্থ আছে, তাহা আবার চারিপ্রকারে প্রত্যেকটী বিভক্ত। রুচির বিরুদ্ধ এই ষোল প্রকার দোষ। ইহা যতই যাইবে, ততই সম্বিদা-পদ্ম মিছরী ভাল লাগিবে, নাম-রূপ-গুণ লীলা-পরিকরযুক্ত নাম ততই ভাল লাগিবে—অনর্থ যত যাইবে, ততই অর্থের উপলব্ধি হইবে—অর্থের আদর হইবে—চিদ্বিলাসের প্রতি রুচি হইবে।

"কোন ভাগ্যে কোন জীবের শ্রদ্ধা যদি হয়।" "কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে"।, "এই মত সংসার ভ্রমিতে কেহ তরে" প্রভৃতি বাক্যে ভাগ্য বা সুকৃতির কথা পাওয়া যায়। কৃষ্ণের গ্রহণ করিবার সম্ভাবনা আছে, ইহারই নাম ভাগ্য। কৃষ্ণকৃপা ব্যতীত আমাদের উপায় নাই। কাহার উপর কৃপা বর্ষিত হইতেছে, কি করিয়া বুঝা যায়? তাঁহার ক্রিয়ার দ্বারাই বুঝা যায়। যাঁহার উপর কৃষ্ণের কৃপা হইয়াছে, তিনি অকিঞ্চন অতি গোপনে প্রচুর অশ্রু বিসর্জ্জন করিয়া প্রভুপাদের নিকট হরিনামের রুচির জন্য আবেদন জানাইবেন। হরিনামের মধ্যেই গুরুদেব আছেন। নামকারী নাম হইতে পৃথক্ নহেন, যে স্থানে নাম আছেন, সে স্থানে নামকারী গুরুদেব থাকেন। যে স্থানে সাক্ষাৎ দর্শন হয় না, সে স্থানেই বিরহ। আবার নামরূপে অবতীর্ণ গুরুকৃষ্ণের স্ফূর্ত্তি না হওয়া অর্থাৎ জিহ্বায় নামের উদয় না হওয়াও বিরহ। কপট কৃত্রিম দুঃখ করিলে হইবে না, শ্রীনামের কৃপালাভের জন্য সত্য সত্যই অকপট হওয়া চাই।

শ্রদ্ধা বলিতে শাস্ত্রে বিশ্বাস। সাধু হইতে-ছেন শাস্ত্রের মূর্ত্তবিগ্রহ। তাঁহার লক্ষণ—তিনি চব্বিশ ঘণ্টার মধ্যে চব্বিশ ঘণ্টাই সেবা করেন। সেই সাধুতে একটা আস্থা হওয়া দরকার—তাঁহার নিকট নিজেকে বলি দেওয়া—সম্পূর্ণ শরণাগত হওয়া দরকার। তাঁহার হইয়া তাঁহার অনুসরণ করিতে হইবে। আমার যা' কিছু ভজনের বাধাবিঘ্ন আছে, সে সকল তিনিই দূর করিয়া দিবেন। আবার নিজেরও প্রবল যত্ন ও চেষ্টা থাকিবে যে, কোথায় আমার কোন্ গলদ আছে। সাধুর কৃপায় সেই সকল গলদ্ দূর করিবার জন্য আমি প্রাণপণে চেষ্টা করিব। তাহাতে আমার দৈহিক, মানসিক, সামাজিক, পারিবারিক যাহা কিছু ক্লেশ বরণ করিতে হয় হউক। এইরূপ নিত্যানন্দের কৃপায় ও নিজের সদাগ্রহ-ক্রমে অনর্থ দূরীভূত হইলে নিষ্ঠা হইবে। অনর্থ দূরীভূত হইলে শ্রবণ-কীর্ত্তনাদি নিরন্তর হয়। নিরন্তর ভজনফলে শ্রীনামে ও ভজনে একটা রুচি হয়।

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে॥

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৭ গোবিন্দ ৪৪৫ শকাব্দা, শ্রীগৌরাব্দ ৪৪৩

শ্রীনবদ্বীপধাম-পরিক্রমা

সাধনভক্তির চৌষট্টি প্রকার অঙ্গের মধ্যে পরিক্রমা একটী অঙ্গ বলিয়া কথিত। যে স্থানের চারিদিক ভ্রমণ করা যায়, তাহার প্রতি স্বভাবতঃই একটা আসক্তি জন্মিয়া থাকে। অনিত্য গৃহের চারিদিকে পরিক্রমা করিলে অনিত্য বস্তুর প্রতি আসক্ত হয়, আর ভগবদ্ধাম পরিক্রমা করিলে তাঁহাতে আসক্ত হইয়া থাকে। শাস্ত্র বলেন, যে ব্যক্তি বিষ্ণুকে প্রদক্ষিণ করিতে করিতে শ্রীধামপরিক্রমা করিয়া থাকেন, তাঁহাকে আর কর্ম্মবিমুখ হইয়া সংসারে পুনরাগমন করিতে হয় না।

শ্রীগৌর-নারায়ণের শ্রী, ভূ ও লীলা—এই ত্রিবিধ শক্তি। লীলাশক্তি শ্রীধামরূপে বদ্ধ জীবকুলকে কৃপা করিবার জন্য প্রপঞ্চে অবতীর্ণা হইয়াছেন। শ্রবণ-কীর্ত্তন স্মরণাদি নববিধা ভক্তিদীপ স্থানই নবদ্বীপধাম। অন্তর্দ্বীপ শ্রীমায়াপুর আত্মনিবেদনের স্থান। এস্থানে গৌরজন শ্রীশ্রীল আচার্য্যদেবের পাদপদ্মে আত্মনিবেদন করিয়া অর্থাৎ শ্রীগুরুদেবের জন্য কায়, মন, প্রাণ, বাক্য—সব নিবেদন করিয়া, শ্রীগুরুদেবের আজ্ঞাধীন হইয়া তাঁহার অনুগমনে শ্রীধামপরিক্রমা করিতে হয়। এইরূপ সেবোন্মুখ ব্যক্তির প্রতি শ্রীধাম কৃপাপূর্ব্বক নিজ অপ্রাকৃত স্বরূপ প্রকাশ করেন। সাধুসঙ্গ ব্যতীত কেহ স্বতন্ত্রভাবে ও স্বীয় চেষ্টার দ্বারা জড় চক্ষে ও জড় মনে কখনও শ্রীধামের স্বরূপ মহিমা দেখিতে কিম্বা জানিতে পারে না। প্রথমে অন্তর্দ্বীপে আত্মনিবেদন না হইলে শ্রবণ হয় না। দ্বিতীয় সীমন্তদ্বীপে শ্রবণ না করিলে গোদ্রুমদ্বীপে কীর্ত্তন হয় না। কলিকালে অন্যান্য ভক্তি কর্ত্তব্য হইলেও কীর্ত্তনমুখে অন্যান্য ভক্ত্যঙ্গ যাজন করিলে শীঘ্র ফলোদয় হয়। কীর্ত্তন ব্যতীত স্মরণ হয় না। ভোগোন্মুখ মন যাহা কিছু চিন্তা করে, তাহা জড়চিন্তা। সেবোন্মুখ হৃদ মনে স্বতঃই অপ্রাকৃত চিন্ময়-লীলা স্ফূর্ত্তি হয়, বাহ্য কৃত্রিমচেষ্টা দ্বারা স্মরণ করিতে হয় না। সাধুসঙ্গ বিনা কখনও জড় চক্ষু দ্বারা শ্রীধাম-দর্শন হয় না। শ্রীধামের কৃপাতেই শ্রীধামদর্শন হয়। বৈষ্ণবাচার্য্যের অনুগমনে এই নয়টী দ্বীপ অর্থাৎ শ্রীনবদ্বীপধাম-পরিক্রমা করিলে জীবের আর জন্ম-জরা-মৃত্যু-পরিব্যাধি অশেষ দুঃখময় সংসারক্লেশ ভোগ করিতে হয় না। যাঁহারা অকপটচিত্তে শ্রীধাম ও শ্রীধামবাসীর কৃপাকাঙ্ক্ষী হইয়া শ্রীধাম পরিক্রমা শ্রীগৌরসুন্দরের সুখের জন্য গুরু-বৈষ্ণবানুগত্যে শ্রীধাম-পরিক্রমা করেন, তাঁহারা নিত্যধামে নিত্য সেবানন্দ লাভ করিয়া পরমপুরুষার্থ লাভ করিয়া ধন্য হন। শ্রীধামের ৫৬ প্রকার অপরাধ। শ্রীমণ্ডল পরিক্রমা, শ্রীব্রজ-বৃন্দাবন পরিক্রমা, শ্রীধাম মায়াপুর গমন ও শ্রীমায়াপুরবাস এবং নবধা ভক্তির অঙ্গ শ্রবণ কীর্ত্তনাদির অনুষ্ঠান। ভক্তগণ শ্রীগুরুদেবের আনুগত্যে শ্রীধামের সেবায় নিযুক্ত হইয়া অপরাধের উপশমন করিয়া থাকেন।

ভোগোন্মুখী বুদ্ধি লইয়া শ্রীধাম পরিক্রমা, শ্রীধামবাস বা শ্রীধামসেবা হয় না। সুতরাং ভোগোন্মুখ বুদ্ধি নিজ আবাস, আরাম ও ইন্দ্রিয় পরিতোষ পূর্ব্বক সেবোন্মুখ না হইলে শ্রীধামের শ্রী-দর্শন হয় না। কারণ স্বরূপ না জানিলে অনর্থযুক্ত অবস্থায় এরূপ দর্শন করিলেও শ্রীধামের স্বরূপ জানা যায় না। তথন শ্রীধাম চিন্ময় স্বরূপ দর্শন হয় না। জড়চক্ষুর দ্বারা এই মায়িক দেশীয় ও ত্রিগুণ মায়াত্মক জড়জগৎ দর্শন হয়।

চিন্তামণি ভূমি, কল্পবৃক্ষময় বন।
চর্ম্মচক্ষে দেখে তারে প্রপঞ্চের সম॥
প্রেমনেত্রে দেখে তার স্বরূপ-প্রকাশ।
গোপগোপীসঙ্গে যাহা কৃষ্ণের বিলাস॥
(চৈঃ চঃ)

আত্মচক্ষে বা ভক্তিচক্ষে চিন্ময় দর্শন হয়। শ্রীবৈকুণ্ঠ ও ব্রজমণ্ডল ত্রিগুণাতীত। সম্পূর্ণ অপ্রাকৃত। চৌরাশী ক্রোশ যেরূপ ব্রজমণ্ডল, ষোল ক্রোশ নবদ্বীপ সেইরূপ গৌড়মণ্ডল। এই চৌরাশী ক্রোশ ব্রজমণ্ডলের মধ্যে যেমন দ্বাদশক্রোশ বৃন্দাবন ধাম, তদ্রূপ চৌরাশী ক্রোশ গৌড়মণ্ডলের মধ্যে ষোলক্রোশ পরিমিত স্থান নবদ্বীপ ধাম।

এবার শুদ্ধবৈষ্ণবানুগত্যে প্রায় দেড় সহস্র লোক শ্রীনবদ্বীপ-ধাম-পরিক্রমা করিয়াছেন। পরিক্রমাকারিগণ সংকীর্ত্তনমুখে গত ১৯শে ফাল্গুন অন্তর্দ্বীপ, ২০শে ফাল্গুন সীমন্তদ্বীপ, ২১শে ফাল্গুন গোদ্রুমদ্বীপ, ২২শে ফাল্গুন মধ্যদ্বীপ, ২৩শে ফাল্গুন কোলদ্বীপ ও ঋতুদ্বীপ এবং ২৪শে ফাল্গুন জহ্নুদ্বীপ, মোদদ্রুমদ্বীপ ও রুদ্রদ্বীপ পরিক্রমা করিয়া সন্ধ্যার পর শ্রীচৈতন্যমঠে প্রত্যাবর্ত্তন করিয়াছেন। শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের কৃপায় শ্রীধাম পরিক্রমা নির্ব্বিঘ্নে ও সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। এবার পরিক্রমাকারিগণ প্রত্যহই বিভিন্ন দ্বীপ পরিক্রমা করিয়া শ্রীচৈতন্যমঠে প্রত্যাবর্ত্তন করিয়াছেন। পরিক্রমার সময় সর্ব্বত্র সর্ব্বক্ষণই পাঠ ও বক্তৃতামুখে নিরন্তর হরি-কথা-কীর্ত্তন হইয়াছে। শ্রীধাম-পরিক্রমায় প্রায় একসঙ্গে শ্রীধামসেবা, সাধুসঙ্গ, সাধুগুরু সেবা ও শ্রবণ কীর্ত্তনাদি নবধা ভক্তি যাজনের এমন অপূর্ব্ব সুযোগ দেখা যায় না। এই ভুবনমঙ্গল শ্রীধাম পরিক্রমায় সুব্যবস্থা করিয়া গুরুবর্গ মাদৃশ বদ্ধজীবের প্রতি যে কি অপার করুণা করিয়াছেন, তাহা বলিয়া শেষ করা যায় না। তাঁহাদের এই পরম মঙ্গলময়ী করুণা উপলব্ধি করিবার যোগ্যতা আমাদের হউক, তাহা হইলেই আমাদের জীবন সার্থক হইবে।

— — —

যৎকিঞ্চিৎ

বদ্ধজীব আমরা চতুর্দ্দশ ব্রহ্মাণ্ডে যাতায়াত করি। ভূর্লোক, ভুবর্লোক, স্বর্লোক, মহর্লোক, জনলোক, তপোলোক ও সত্যলোক—এই সাতটী হরিবিমুখ ঊর্দ্ধলোক আর অতল, বিতল, সুতল, তলাতল, মহাতল, রসাতল ও পাতাল এই সাতটী হরিবিমুখ নিম্নলোক। হরিবিমুখ জীবগণ এখানে বাস করে। আমরা ভূলোকে অর্থাৎ এই পৃথিবীতে বাস করি। ভূঃ, ভুবঃ ও স্বঃ—এই ত্রিবিধ লোক সকাম পুণ্যকামী গৃহমেধিগণের ভোগস্থান। আর মহঃ, জন, তপঃ ও সত্য এই চারিটী লোক অভ্যুদয় ব্যক্তিগণের প্রাপ্য স্থান। এই চতুর্দ্দশ ব্রহ্মাণ্ডে ভক্তের অবস্থান নাই। ভগবদ্ভক্তগণ নিষ্কপট ভগবৎ সেবায় নিযুক্ত থাকিয়া দুর্লভ বৈকুণ্ঠলোক লাভ করেন। ভক্তগণ ধামবাসী। পরব্যোমে যে যে ধাম আছে, সেই সেই ধামই এই প্রপঞ্চে আবির্ভূত হইয়া থাকে। ভগবৎসম্বন্ধযুক্ত হইয়া সংসারবর্গে যখন পদ্ম অবস্থান করে, তদ্রূপ প্রপঞ্চ-সম্পর্কযুক্ত হইয়া গোলোক পৃথিবীতে অবস্থান করেন। যাহাদের চিত্ত সেবোন্মুখ নহে, তাহারা প্রপঞ্চে অবস্থিত শ্রীধামের অলোকত্ব অনুভব করিতে পারে না। মুক্তজীবগণ ভক্তিচক্ষে শ্রীধামদর্শন ও শ্রীধামের সেবা করিয়া থাকেন। মুক্তজীবের ভোগদর্শন নাই। মুক্তজীব জড় জগৎ দর্শন করেন কিন্তু সঙ্গ নাই, মুক্তের সহিত মায়ার সঙ্গ বা সম্বন্ধ নাই। এইরূপ মুক্তের সঙ্গই আমাদের কাম্য। নতুবা শ্রীধামদর্শন বা হরিদর্শন হইবে না। ভোগবুদ্ধিতে যে কোন বস্তুর সঙ্গই যোষিৎসঙ্গ। যাহারা নিজে যোষিতের সঙ্গ করে, আর যাহারা প্রচ্ছন্নভাবেই হউক বা স্পষ্টভাবেই হউক একমাত্র অধোক্ষজ কৃষ্ণের সেবা ব্যতীত হৃদয়ে অন্য কোন প্রকার অভিলাষ পোষণ করে। তাহাকে যোষিৎসঙ্গ বলে, তাহাদের সঙ্গই অসৎসঙ্গ। জগতে যদি এই প্রকার লোক অধিক সংখ্যক থাকে, এমন কি, শতকরা প্রায় শতজনই থাকে, তথাপি তাহাদের সঙ্গ হইতে কৌশলে স্বতন্ত্র ও সতর্ক থাকিয়া নিজের ও পরের মঙ্গলের জন্য অপ্রাকৃত শ্রীহরির সেবোন্মুখ ও হরিকথার প্রচারময় জীবনযাপনরূপ সদাচার গ্রহণ করিতে হইবে। ইহার মধ্যে কোন আপোষ নাই। সরলতা, দৃঢ়তা ও একান্তিকতাই শুদ্ধভক্তের স্বভাব।

আমাদের একটী কথা সর্ব্বক্ষণ মনে রাখা উচিত যে, হরিকথা-প্রচার করিতে হইলে আচার আবশ্যক এবং সেই আচার শাস্ত্রীয় সদাচার হওয়া উচিত। কেবল দীক্ষাদি গ্রহণপূর্ব্বক ভক্তি-অনুষ্ঠান করিলেই যে ভক্তশ্রেষ্ঠ হন, এরূপ নয়। অনন্ত-শক্তিমান্ যাঁহার অনন্তশ্রদ্ধা, তিনিই প্রভুর সেবা বিধান করিতে পারেন। যাঁহার হৃদয়ে যে প্রকার শ্রদ্ধা জন্মিয়াছে, তিনি তদনুরূপ পক্ষপাতে সেই প্রকার দৃঢ় হইয়া থাকেন। যেখানে শুদ্ধভক্তির প্রসঙ্গ নাই, সেখানে তিনি যান না বা বসেন না। লোকাপেক্ষায় তাঁহারা কখনও ভক্তির বিরুদ্ধ কথায় সম্মতি দেন না। কৃষ্ণৈকান্তি পক্ষাবলম্বী শুদ্ধ ভক্তগণ সর্ব্বদা নিরপেক্ষ। তবে প্রাকৃত নিরপেক্ষতা শুদ্ধভক্তের নাই। সর্ব্বদা শরণাগতিময় জীবনই শুদ্ধভক্তির স্বরূপ। শুদ্ধবৈষ্ণবের পাদপদ্মে সর্ব্বতোভাবে আত্মবিক্রয় করিয়া তাঁহাদের উচ্ছিষ্টভোজী কুক্কুর হইয়া তাঁহাদের সেবা করাই শুদ্ধভক্তের লক্ষণ। শ্রীগুরুবৈষ্ণব এরূপ শরণাগত শিষ্যকে কখনও কপটরূপা দ্বারা বঞ্চিত করেন না। ধন, শাস্ত্র, পুত্রাদির আরোগ্যপ্রাপ্তি বা স্বর্গসুখাদি-লাভ এসব মায়ার কপটকৃপা। এই কপটকৃপা দ্বারা জীবের সংসারভ্রমণ হয়। এই কপটকৃপা বা মায়ার দয়াই বঞ্চনা। বঞ্চনা। আমরা স্বভাবতঃই জ্ঞাতসারেই হউক আর অজ্ঞাতসারেই হউক এরূপ কপটকৃপা বা বঞ্চনার প্রতিই রুচিবিশিষ্ট, এমনই আমাদের দুর্দ্দৈব।

এই পৃথিবী ভূর্লোক। ভুবর্লোকে গ্রহ ও উপগ্রহসকল আছে। ভুবর্লোক ভূর্লোককে পরিবেষ্টন করিয়া আছে। ভুবর্লোকের পর স্বর্লোক বা স্বর্গলোক। এই স্বর্গে দেবতাগণ বাস করেন। ইহা মহাভোগসুখের স্থান। ভারতবর্ষে জন্মগ্রহণ করিয়া সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ পুণ্যকর্ম্ম করিলে এই স্থান পাওয়া যায়। এই দিব্য স্বর্গ অদিতিনন্দন শ্রীবিষ্ণু উপেন্দ্রই সকলের পূজিত ভগবান্। শ্রীউপেন্দ্র দেবরাজ ইন্দ্রের কনিষ্ঠ ভ্রাতা হইয়াও ইন্দ্রের দ্বারা পূজিত হন। এখানে নন্দন-বন, পারিজাত ও রম্ভা-তিলোত্তমা প্রভৃতি কামিনীগণ আছেন। বিষ্ণুর আজ্ঞাপ্রভাবে ও দেবগুরু বৃহস্পতির প্রেরণানুসারে দেবতাগণের দ্বারাই ইন্দ্র দেবরাজপদে অধিষ্ঠিত হন। কিছুদিন ইন্দ্রত্ব করিবার পর ইন্দ্রের পতন ঘটে। শূকরযোনি প্রাপ্ত হইয়া ইন্দ্রের স্বর্গে আগমনের কথা শাস্ত্রে পাওয়া যায়। কোন কোন সময় ইন্দ্র বলপূর্ব্বক মুনিপত্নীগণের সতীত্ব হরণ করিয়া শাপভয়ে ও লজ্জায় আত্মগোপন করিয়া থাকেন। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—"দেবতার জন্ম থেকেও মনুষ্যজন্ম ভাল; দেবতারা এত সুখস্বচ্ছন্দে থাকেন যে, ভবিষ্যতে যে

তাঁ'দের, জন্ম দুঃখভাণ্ডার পরিপূর্ণ হ'য়ে র'য়েছে, তা' তাঁ'রা বিশেষ চিন্তা করতে পারেন না। সাময়িক সুখের নেশায়ই তাঁ'রা মগ্ন থাকেন। দেবতা ত' কিছু সময়ের জন্য। "ক্ষীণে পুণ্যে মর্ত্ত্যলোকং বিশন্তি"।

মহর্লোক স্বর্গের ঊর্দ্ধদেশে অবস্থিত। স্বর্গপ্রাপক পুণ্যকর্ম্ম হইতেও মহত্তর ও বৃহত্তর যাগযোগাদি কর্ম্মের দ্বারা এই লোক প্রাপ্ত হন। ব্রহ্মরাত্রি অর্থাৎ কল্পাবসানে ভূর্লোক, ভুবর্লোক ও স্বর্গলোক এই ত্রিলোকের প্রলয় হইলেও মহর্লোক নষ্ট হয় না। এখানে ভৃগু প্রভৃতি ঋষিগণ যজ্ঞ বিস্তার করিয়া প্রাজাপত্যপদে অধিষ্ঠিত আছেন। সাম্রাজ্যসুখ হইতে ইন্দ্রপদে কোটীগুণ সুখ, আবার ইন্দ্রপদ হইতে প্রাজাপত্যপদে কোটীগুণ সুখ আছে। এখানে ভগবান্ বিষ্ণু যজ্ঞেশ্বররূপে বিরাজিত আছেন। এখানে প্রতি গৃহেই যজ্ঞকুণ্ড জ্বলিতেছে। এখানে ব্রাহ্মণ ব্যতীত কেহ অবস্থান করিতে পারেন না। এই মহর্লোকেও মধ্যে মধ্যে মানসিক অশান্তি ভোগ করিতে হয়। সহস্র চতুর্যুগপ্রমাণ এক ব্রহ্মদিনের অন্তে ত্রিলোক দগ্ধ হয়। সেই তাপে ত্রিলোকের সন্নিহিত ও উপরিস্থিত মহর্লোকও তাপিত হয়। ভৃগু প্রভৃতি মহর্ষিগণ তাপভয়ে জনলোকে প্রস্থান করেন।

মহর্লোক ও জনলোক প্রায়ই অভিন্ন, সামান্য কিছু বিশেষত্ব আছে। জনলোকে রাত্রি উপস্থিত হইলে যজ্ঞানুষ্ঠান থামিয়া যায় অর্থাৎ ব্রহ্মরাত্রি উপস্থিত হইলে ভগবানের সহিত ব্রহ্মা একার্ণবে শয়ন করেন। তখন জনলোকে যজ্ঞ নিবারিত হয়। সেই সময়টী রাত্রি বলিয়া গণিত। যজ্ঞেশ্বরের অদর্শনে তখন হৃদয়ে যে তাপ উপস্থিত হয়, তাহা ত্রিলোক-দাহক তাপ হইতেও উৎকট ও কষ্টকর।

জনলোকের ঊর্দ্ধে তপোলোক অবস্থিত। একমাত্র নৈষ্ঠিক ব্রহ্মচর্য্য-বলে এই লোক লাভ হয়। এখানে ঊর্দ্ধরেতাগণই বাস করেন। সনক, সনন্দন, সনৎকুমার ও সনাতন এখানে অবস্থান করিতেছেন। ধ্যান ও সমাধি ব্যতীত এই স্থান লাভ হয় না। প্রাজাপত্য-সুখ হইতে এখানে কোটীগুণ সুখ আছে। অণিমাদি সুখ এখানে মূর্ত্তিমতী হইয়া আত্মারামগণের সেবা করিতেছে। এখানে অহঙ্কারবুদ্ধির অধিষ্ঠান নাই, চিত্তাধিষ্ঠাতা বাসুদেব মুনিগণের দ্বারা মানসধ্যানের বিষয় হইয়া রহিয়াছেন। তপোলোকের অধিষ্ঠাতা নরসখ-নারায়ণ (নরনারায়ণ) পৃথিবীর মধ্যে ভারতবর্ষে গন্ধমাদনপর্ব্বতে শ্রীবিগ্রহরূপে বাস করিতেছেন।

সত্যলোক ব্রহ্মাণ্ডসীমার সর্ব্বশেষভাগে অবস্থিত। ইহা চতুর্ম্মুখ ব্রহ্মার লোক। শত-জন্মকৃত শুদ্ধ সাত্ত্বত স্বধর্ম্মের দ্বারা এই লোক লাভ করা যায়। এখানে শোক, সন্তাপ ও দুঃখ নাই, সর্ব্বত্রই পরমবিভূতি ও আনন্দ পরিব্যাপ্ত। এখানে ভগবানের তাঁহার একটী বৈকুণ্ঠলোক—যথায় তিনি সহস্রশীর্ষ পুরুষরূপে প্রকটিত থাকেন, তাহা প্রকাশ করিয়া শেষনাগের শয্যায় লক্ষ্মীর দ্বারা সেবিত হইয়া বাস করিতেছেন। তথায় গরুড় কৃতাঞ্জলি হইয়া আছেন। তপোলোক অপেক্ষা এখানে সুখ সর্ব্বতোভাবে অধিক। এখানেও দৈত্যভয় আছে। দৈত্যের ভয়ে ব্রহ্মা পলায়ন করেন, তখন ভগবান দৈত্যকে বধ করিয়া অপর কোন যোগ্য পুরুষকে ব্রহ্মার পদে অভিষিক্ত করেন। ব্রহ্মাকেও চিন্তাতুর হইতে হয়। ব্রহ্মার আয়ুঃ দ্বিপরার্দ্ধকাল হইলেও তাঁহাকে কালভয়ে ভীত হইতে হয়।

যেখানে দ্বিতীয়াভিনিবেশ, সেইখানেই ভয়। ভক্তগণের দ্বিতীয়াভিনিবেশ নাই, তাঁহারা নিরন্তর কৃষ্ণপাদপদ্মে অবস্থিত। সুতরাং তাঁহাদের ভয় নাই। এ জগতের ঊর্দ্ধলোকই বলুন, অধঃলোকই বলুন, সবই মায়াকারাগার, সবই অনিত্য। ভক্তগণ আমাদের মঙ্গলের জন্য বৈকুণ্ঠ হইতে অবতীর্ণ হইয়া বিভিন্ন লোকে বাস করিলেও তাঁহারা ব্রহ্মাণ্ড-বাসী নহেন। তাঁহাদের দেবমনুষ্যাদির ন্যায় জন্মমৃত্যু নাই। এই ভক্তসঙ্গই সকল মঙ্গলের আকর।

শ্রীনবদ্বীপধাম পরিক্রমায় এই সাধুসঙ্গ ও সাধুসেবার সুযোগ লাভ হয়। দেবতাই বলুন, মনুষ্যই বলুন, পশুপক্ষী-কীট পতঙ্গই বলুন, এখানে সকলেই কেহ পাপে, কেহ পুণ্যে বিষয় ভোগ করিতেছে। ভক্তিগন্ধ ইহাদের হৃদয়ে নাই। সুতরাং ইহারা সকলেই ভবরোগী। সেইজন্যই বলিতেছি, ব্রহ্মাণ্ডবাস আমাদের প্রার্থনীয় নহে। এখানে জড়ানন্দ ছাড়া অন্য কিছু নাই। কিন্তু বৈকুণ্ঠানন্দ বা সেবানন্দ জড়ানন্দ ত' দূরের কথা, ব্রহ্মানন্দকেও ধিক্কার দেয়। সেই সেবানন্দই আমাদের লোভনীয় হউক।

শত কর্ম্ম শত যাগ দিলে ভগবান্ আমাদিগকে উদ্ধার করিবেনই। ভগবানকে ষোল আনা না দিয়া যদি আমাদের প্রভু হইয়া সেবা গ্রহণ করিবার ইচ্ছা হয়, তাহা হইলে আমাদের দিব্যজ্ঞান বা সদ্গুরু চরণাশ্রয় হয় নাই জানিতে হইবে। যাঁহারা ভগবদ্ভক্তিবিশিষ্ট ব্যক্তির ভজনের সাহায্য করেন, তাঁহাদের সেবা করেন, তাঁহাদেরই জীবন সার্থক।

গর্ভস্থজীবের তিন প্রকার অবস্থা দেখা যায়। একপ্রকার জীবগণ পূর্ব্ব পূর্ব্ব জন্মের স্মরণ করিয়া থাকে। অন্যপ্রকার জীবগণ সাংখ্য-যোগাদির অভ্যাস করেন এবং অপর জীবগণ পরম্পরাক্রমে অনুশীলন করিয়া থাকেন। ভগবদ্ভজন অতি সৌভাগ্যবান্ জীবেরই হইয়া থাকে। যে সকল জীব একান্ত ভগবদ্বিস্মৃতি ও অত্যন্ত সংসারদশা প্রাপ্ত হয়, তাহাদের পূর্ব্ব পূর্ব্ব জন্মমাত্র স্মরণ হয়, গর্ভবাসকালে তাহাদের ভগবজ্জ্ঞান হয় না।

শ্রীশ্রীল বংশীদাস বাবাজী মহারাজ

শ্রীধামসুধাকরের নিষ্কিঞ্চন ও নিত্যসঙ্গী পরমহংসচূড়ামণি শ্রীশ্রীল বংশীদাস বাবাজী মহারাজ নবদ্বীপান্তর্গত কোলদ্বীপস্থ তাঁহার ভজনকুটীর কিছুদিন আত্মগোপনপূর্ব্বক মাদৃশ পতিত জীবগণকে অযাচিত কৃপা করিয়াছেন। জীবের প্রতি তাঁহার অসীম দয়া। তাঁহার অলৌকিক অতিমর্ত্ত্য অগাধ চরিত্র সাধারণের বোধগম্য নহে। তাঁহার শ্রীপাদপদ্মদর্শনে পরম পবিত্রতা লাভ হয়। শ্রীগৌরসুন্দর তাঁহার প্রেমবাধ্য। তিনি গৌরকৃষ্ণভজনে স্বাধ্যভাবানন্দে মগ্ন আছেন। এই পতিতপাবন বৈষ্ণবঠাকুরের শুভদৃষ্টিলাভের সৌভাগ্য হইলে জীবন ধন্য হয়। তাঁহার শ্রীপাদপদ্মের ধূলি ও কৃপা আমাদের নিত্য আকাঙ্ক্ষণীয় হউক। পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের শ্রীমুখে শ্রীশ্রীল বাবাজী মহারাজের অপার করুণা ও অসমোর্দ্ধ মহিমার কথা শ্রবণের সৌভাগ্য পাইয়া আমরা ধন্য হইয়াছি। গত ২৪শে ফেব্রুয়ারী ১২ই ফাল্গুন সোমবার শ্রীশ্রীল বাবাজী মহারাজ শ্রীবৃন্দাবনাভিমুখে শুভবিজয় করিয়া পথে কাটোয়ায় দুই দিন অবস্থান করেন। নিজস্ব সংবাদদাতার তারে প্রকাশ যে, শ্রীশ্রীল বাবাজী মহারাজ গত ৩রা মার্চ্চ গয়াধামে শুভবিজয় করিয়াছেন এবং তথায় তিনদিন অবস্থান করিয়া গত ৬ই মার্চ্চ কাশী দশাশ্বমেধঘাটে শুভাগমন করিয়াছেন।

নির্ব্বাণ

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম সেবক শ্রীপাদ দীনবন্ধু ব্রহ্মচারী প্রভু গত ৪ঠা মার্চ্চ মঙ্গলবার শ্রীমদ্‌গৌড়ীয়মঠের শুদ্ধভক্তগণের মুখে হরিনাম মহামন্ত্র শ্রবণ ও শ্রীগুরুগৌরাঙ্গের শ্রীপাদপদ্ম চিন্তা করিতে করিতে বেলা ১॥ ঘটিকার সময় স্বধামে গমন করিয়াছেন। ইনি অল্পবয়সেই সর্ব্বস্ব ত্যাগ করিয়া সদ্গুরুচরণাশ্রয়পূর্ব্বক মঠে আসিয়া গুরু-বৈষ্ণবানুগত্যে বিভিন্ন মঠের সেবা করিয়াছেন। তাঁহার বিরহে আমরা দুঃখিত।

শ্রীপুরুষোত্তমে প্রচার

আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা পুরী শ্রীপুরুষোত্তমমঠে গত ২৫শে ফেব্রুয়ারী অপরাহ্ণ ৫ ঘটিকার সময় মহামহোপাধ্যায় শ্রীযুক্ত গণনাথ সেন এম-এ, কবিরাজ মহোদয় সবান্ধবে শ্রীপুরুষোত্তমমঠে শ্রীবিগ্রহ দর্শনের জন্য আগমন করেন। শ্রীবিগ্রহ দর্শন করিয়া প্রায় একঘণ্টাকাল উপদেশক শ্রীপাদ গৌরাঙ্গগত ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভুর নিকট হরিকথা শ্রবণ করেন।

গত ৬ই মার্চ্চ শ্রীপুরুষোত্তমমঠের অন্যতম সেবক শ্রীপাদ গৌরাঙ্গগত ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু এম্‌, এ, আর, শর্ম্মা, ডিভিসনাল ফরেষ্ট অফিসর খুরদা, মহোদয়ের নিকট প্রায় ১॥ ঘণ্টাকাল ইংরাজী ও হিন্দী ভাষায় শ্রীগৌড়ীয়মঠের বাণী কীর্ত্তন করেন। শর্ম্মা মহোদয়ের পরিবারবর্গও বিশেষ আগ্রহ সহকারে শ্রীগৌড়ীয়মঠের বাণী শ্রবণ করেন এবং উত্তরোত্তর আরও শ্রবণের জন্য আকাঙ্ক্ষা জ্ঞাপন করেন। ব্রহ্মচারীজীর নিকট সদ্গুরুমহিমা শ্রবণে ইঁহারা বিশেষভাবে আকৃষ্ট হন।

গত ২৫শে ফেব্রুয়ারী পুরীর সিভিল সার্জ্জন শ্রীযুক্ত বিজয়চন্দ্র সেন গুপ্ত মহোদয়ের সহিত শ্রীপাদ গৌরাঙ্গগত ব্রহ্মচারী প্রভুর বহুক্ষণ যাবৎ পরমার্থ সম্বন্ধে আলোচনা হয়। সিভিল সার্জ্জন মহোদয় তাঁহার নিকট হরিকথা শ্রবণ করিয়া পরমানন্দিত হন এবং আরও শ্রবণের আগ্রহ প্রকাশ করেন।

শ্রীপুরুষোত্তমমঠে শ্রীব্যাসপূজা-মহোৎসব

জগদ্‌গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের আনুগত্যে পুরী শ্রীপুরুষোত্তমমঠে গত ১৬ই ফেব্রুয়ারী রবিবার পরমারাধ্যতম পতিতপাবন ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের আবির্ভাব-তিথি-পূজা-মহোৎসব সংকীর্ত্তনমুখে সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। উক্ত দিবস প্রাতে প্রত্যূষে মঙ্গলারাত্রিকের পর মঠসেবকগণ "শ্রীগুরুচরণ-পদ্ম কেবল ভকতিসদ্ম" ও মহাজনপদাবলী কীর্ত্তন করিতে করিতে চটক পর্ব্বতস্থ শ্রীল প্রভুপাদের ভজনকুটীর পরিক্রমা করেন। তদনন্তর শ্রীমন্দির পরিক্রমা করেন, তৎপরে শ্রীপুরুষোত্তমমঠের নাটমন্দিরে সমবেত ভক্তগণ গুর্ব্বষ্টক, পঞ্চতত্ত্ব "গুরবে ... গোবিন্দ বিদা" প্রভৃতি মহাজনপদাবলী কীর্ত্তন করেন। কীর্ত্তনান্তে মঠসেবক শ্রীপাদ গৌরাঙ্গগত ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীব্যাসপূজা-সম্বন্ধে ... পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠান্তে পুনরায় মহাজনপদাবলী কীর্ত্তন করা হয়। ভোগারাত্রিকের পর মঠসেবকগণ শ্রীল প্রভুপাদের মহিমাত্মক "জয়রে জয়রে জয়" গীত ও পঞ্চতত্ত্ব কীর্ত্তন করেন। কীর্ত্তনান্তে মঠসেবকগণ ও গৃহস্থ ভক্তগণ শ্রীল প্রভুপাদের অর্চ্চাবিগ্রহের শ্রীচরণকমলে পুষ্পাঞ্জলি প্রদান করেন। অপরাহ্ণে পুনরায় সাপ্তাহিক সংখ্যা গৌড়ীয় পাঠ করা হয়। সন্ধ্যারাত্রিকের পর সমবেত সজ্জনমণ্ডলীর নিকট ভক্তিশাস্ত্রী বহুক্ষণ যাবৎ শ্রীল আচার্য্যদেব ও পরমারাধ্যতম শ্রীল প্রভুপাদের মহিমা কীর্ত্তন করেন। তৎপরে সমবেত সজ্জনমণ্ডলীকে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীমধুসূদন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী স্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৮ ০২
সেবক—শ্রীনবকিশোর দাস অধিকারী বি, এ,

শ্রীযোগপীঠ মায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীমাধবানন্দ অধিকারী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীরাধাচরণ ব্রহ্মচারী

অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক শ্রীজগদানন্দদাস ব্রজবাসী

কাজির সমাধি পাট
শ্রীপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক শ্রীমঙ্গলানিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনঙ্গরাগ ব্রহ্মচারী

স্বানন্দ সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীনামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ ভাণ্ডার (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীশচীনন্দন দাস অধিকারী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশ্রীধামদাস অধিকারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌড়পুর নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅদ্বৈতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীহরিপদ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
মাহেশপুর, পোঃ শুকদহ (নদীয়া)
সেবক—শ্রীভক্তিকুমার ব্রজবাসী

শ্রীবাণীঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুঁড়া গৌড়ীয়মঠ
চব্বিশপরগণা
সেবক—শ্রীবেঙ্কটনাথ দাসাধিকারী

শ্রীমাধ্বগৌড়ীয়মঠ
বারিন্দা, পোঃ কমাদি, ঢাকা।
সেবক—শ্রীনবানন্দ বিদ্যালঙ্কার

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদাস জনার্দ্দন বিদ্যারত্ন বি এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীভক্তিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগলাঝোড়া, দার্জ্জিলিং
সেবক—শ্রীকৃষ্ণভজন দাসাধিকারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর পাটনা
সেবক—শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীসনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীজগন্নাথদাস ব্রহ্মচারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ এলাহাবাদ
সেবক—শ্রীরূপাবলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট পোঃ মথুরা
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনীলরতন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

ব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কৃষ্ণবিহারীমঠ
সেবক শ্রীমধুসূদন দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমানন্দন ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন-মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীরামচন্দ্র দাস

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা মথুরা।
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেষশায়ী
পোঃ কোড়োল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীভক্তিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
নং বোম্বে ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীরমণীমোহন ব্রহ্মচারী

রামানন্দ-গৌড়ীয়মঠ
পোঃ কভুর, চেণ্ড গোদাবরী মাদ্রাজ
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীবঙ্কিম দাসাধিকারী

ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর পুরী
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-শ্রবণ-সদন
পোঃ বহরমপুর, গঞ্জাম
সেবক—শ্রীমদনশ্যাম দাসাধিকারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ নারায়ণপুর, মেদিনীপুর
সেবক—শ্রীদীনদয়াল দাসাধিকারী

অমর্ষি-গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাণীবাঁধ (বর্দ্ধমান)
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ভুমুরকুণ্ডা, পোঃ চিকেণ্ডা (মানভূম)
সেবক—শ্রীনবীনচন্দ্র ব্রহ্মচারী

রেঙ্গুন গৌড়ীয়মঠ
১০১ নং লিউইস স্ট্রীট, রেঙ্গুন
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
ফ্লাট নং ২, ৫১, ডাউনরোড ক্ল্যাপটন,
লণ্ডন, ই ৫
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
আরিয়ানগর (আর্য্যনগর) লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীবেদানন্দ ব্রহ্মচারী

শ্রীবিদ্যানিধি-গৌড়ীয়মঠালয়
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅদ্বয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস,
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীউপেন্দ্রশরণ ব্রহ্মচারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীগদাধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্, কটক
সেবক—শ্রীভক্তিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়।
শ্রীমায়াপুর, নদীয়া।
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	॥০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	১৷০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬৲	৪॥০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধ কলম ২৪৲	১৮৲
" এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বৈচিত্র্য অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অনভিজ্ঞ হাতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১৷০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ২৲ টাকা

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

নিরপেক্ষ সুযুক্তিপূর্ণ আলোচনা-গ্রন্থ, যাহাতে গড্ডলিকাস্রোতে ভাসমান মানবগণের সম্প্রদায়, সমন্বয়, বহুজন, অবতার, একায়ন, বন্ধন ও মোক্ষসম্বন্ধে ভ্রান্তধারণা-নিরসনমূলে শ্রৌত ও শাস্ত্রীয় বিচার ও সমালোচনা প্রদর্শিত এবং পরমার্থ-সম্বন্ধে মানবজাতির সাধারণ ভ্রমসমূহ, তত্ত্বিষয়ক সৎসিদ্ধান্ত সকলও প্রদত্ত হইয়াছে।

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা

অথবা

শ্রীযোগপীঠ-শ্রীমন্দির পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং-এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও সুদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭৷০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬৷০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয়-সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ ভগবদ্গীতার এক অপূর্ব্ব অভিনব সম্পাদনযুক্ত সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ শরণাগতির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, আভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রাঞ্জল, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোড়শপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৬৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীভক্তিবিনোদ-বাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে প্রশ্নোত্তরমুখে তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা তিন টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের বিরাট সংস্করণ। কথাসার, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, বঙ্গানুবাদ প্রতিপাদ্য বিষয় নির্দ্দেশ, অধ্যায় বিবরণ, স্থান ও পদ্য প্রভৃতির সহিত গৌড়ীয়মিশন কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা শুদ্ধবৈষ্ণবসমাজের এক অমূল্য রত্ন। ইহা ডবল ক্রাউন আট পেজী আকারে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র ৪॥০ টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ছাত্রদের ভক্তিবিনোদ (২য় সংস্করণ)

ছাত্রদের উপযোগী করিয়া লিখিত গল্পাকারে শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের জীবনের ঘটনা ও শিক্ষা। ভিক্ষা বার আনা, ছাত্রদের পক্ষে আট আনা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া; অথবা শ্রীসুপতিরঞ্জন নাগ এম্ এ, বি-এল্, পুরানাপল্টন, পোঃ রমনা, ঢাকা।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৫৩	৬-২১	৭-১৪	১১-৬	১৩-১৬	১৬-২৬	১৭-৫৬	২২-০
দমদম "	৪-৫৬	৬-৩১	৭-২৮	১১-১৮	১৩-৫০			২২
রাণাঘাট পৌঃ	৬-১৩	৮-১	৯-১৮	১৩-২৮	১৪-৫৭	১৮-৩১	১৯-৩৫	০-২৮
(বদল) ছাঃ	৬-২৮	৮-৬	৯-৩১	১৩-৩৩	১৫-৫	১৮-৩৯	১৯-৪০	১-০৬
কৃষ্ণনগর পৌঃ	৭-৫	৮-৪০	১০-৬	১৩-৫৪	১৫-৪১	১৯-১৫	২০-১৫	১-৪১

(বদল) ছাঃ	৭-১০	১০-১১	১৭-৩৮	২০-৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৪৮	১০-১৯	১৮-১০	২০-১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১-৬
দমদম" ১১-১৮
রাণাঘাট পৌঃ ১-৫৫
" ছাঃ ১৩-৭
শান্তিপুর পৌঃ ১৩-২৮
(বদল) ছাঃ ১৩ ৩৩ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ ১৪-১৪

ডাউন

শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬-১	৮-৬	১১-৪	১৪-২২	১৬-৮	১৮-৩০
কৃষ্ণনগর পৌঃ	৬-৩৯	৮-৪৪	১১-৪২	১৫-০	১৬ ৪৫	১৯-১১

ছাঃ	৭-১০	৮-৫২	১১-৪৭	১৫-১০	১৬-৫০	১৯-২২	২০-৪৬	০-৩১
রাণাঘাট পৌঃ	৭-৪৪	৯-২৫	১২-২৬	১৫-৫০	১৭-৩০	২০-৩	২১-১৯	১-১০
(বদল) ছাঃ	৭-৫৩	৯-৩০	১২-৩৬	১৫-৫৫	১৭-৪২	২০-১১	২১-২৫	১-১৮
দমদম		১১-৮		১৭-৩৬	১৯-৯	২১-১৬	২৩-০	
কলিকাতা পৌঃ	৯-২১	১১-২০	১৪-১৬	১৭-৫৪	২১-৪০	২৩-১৫	৩-১৬	

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩ ষাণ্মাসিক ১॥০ টাকা মাত্র।

২। ভাগবত—কলিকাতার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। সম্প্রতি শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর ভাগবতী বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কাশীর শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবাভিধান অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণান্তিকে বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনীষী সজ্জনবৃন্দ যে সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রকট হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগানুকূলসিদ্ধান্তদর্শনে ও তদনুরূপ সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণভক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা—৸৹ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৩৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখানহইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাঁচন

সর্বজনপ্রিয় জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণশীর্ণকায় মুমূর্ষু, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি ও ক্রমশঃ অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা।

বেহালা, ২৪ পরগণা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

RI GD

শ্রীশ্রীগৌরজন্মোৎসব-সংখ্যা

গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গীতিগ্রন্থ-সমূহের তাৎপর্য্য ও ব্যাখ্যা এই গ্রন্থে সুন্দররূপে প্রকাশিত হইয়াছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৸৹ আনা।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

শ্রীশ্রীগৌররত্নমালা

[illegible]

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৬শ বর্ষ } ২৯ গোবিন্দ ৪৫৪ গৌরাব্দ ২৯শে ফাল্গুন বঙ্গাব্দ ১৩৪৭, ১৩ই মার্চ্চ ইং ১৯৪১, বৃহস্পতিবার { ৫৬ষ্ঠ সংখ্যা

শ্রীধাম-মায়াপুরে শ্রীশ্রীগৌরাবির্ভাব-মহামহোৎসব

গৌরজন শ্রীশ্রীল প্রভুপাদের হরিকথামৃত

রাধাভাবদ্যুতিসুবলিত কৃষ্ণচন্দ্রই কলিযুগে শ্রীগৌরসুন্দররূপে অবতীর্ণ। রাধাকৃষ্ণ মিলিততনু শ্রীগৌরসুন্দর স্বয়ং আচার্য্যরূপে কৃষ্ণভজন প্রদর্শন করেন। তিনি বিপ্রলম্ভরসে নিমজ্জিত হইয়া রাধাদাস্যের মাধুর্য্য প্রকাশ করিবার জন্য—বিতরণ করিবার জন্য জগতে অবতীর্ণ হইয়াছিলেন। শ্রীরাধাদাস্যের মধ্যে স্বাতন্ত্র্যভোগের কোন কথা নাই। মাধুর-বিরহে—বিপ্রলম্ভের পূর্ণমাত্রা শ্রীগৌরসুন্দরে প্রকাশিত।

পরমেশ্বর-তত্ত্বের মূলবস্তু অনাদি সচ্চিদানন্দবিগ্রহ শ্রীগোবিন্দই শ্রীগৌরাঙ্গ। তিনি অপ্রাকৃত স্বয়ং কৃষ্ণ। শ্রীরূপানুগগণের একমাত্র পরমারাধ্য বস্তু গৌরসুন্দর। শ্রীরূপানুগ হইলেই শ্রীগৌরসুন্দরের মহিমা তাঁহার সুপ্ত হৃদয়ে প্রকটিত হইবেন।

শ্রীকৃষ্ণ নিজে সেব্যরূপে থাকিয়া সেবকের মহিমা জানিতে পারেন নাই, তাই শ্রীচৈতন্যরূপে তাঁহার নিত্য আবির্ভাব। শ্রীচৈতন্যদেব ষড়ৈশ্বর্য্যবিগ্রহ সেব্য-ভগবান্ হইয়াও নিজকে 'সেবক' অভিমান করাতেই তিনি সকল তত্ত্বের মধ্যে শ্রেষ্ঠ। গৌরসুন্দর স্বরূপ ও স্বয়ংরূপের বিগ্রহ একত্র করিয়া প্রকট হইয়াছেন।

কৃষ্ণপাদপদ্মসেবাই সর্ব্বোৎকৃষ্ট। অন্যান্য প্রাপ্তে যত উপাদেয়তা আছে সর্ব্বাপেক্ষা অধিক উপাদেয়তা কৃষ্ণপাদপদ্মসেবায় বর্ত্তমান।

কৃষ্ণই আমাদের একমাত্র সেব্য—আমরা সেবক, আমাদের [illegible] কৃষ্ণসেবা, কৃষ্ণসেবা ব্যতীত অন্য কোন কৃত্য আমাদের নাই। গৌরসুন্দরের বাক্য হইতে জানিয়াছি, কৃষ্ণই তিনি। [illegible] আছে। এই ধারণা, বিশ্বাস আমাদের যত দিন দিন বৃদ্ধি পাইবে, শ্রীগৌরপাদপদ্মের সেবাও সেই পরিমাণে বাড়িবে। শ্রীচৈতন্যদেব অল্পকথায় বলিয়া দিয়াছেন—কৃষ্ণই একমাত্র সেব্য, তাঁহার সেবা করাই একমাত্র কর্ত্তব্য। কৃষ্ণের সর্ব্বশ্রেষ্ঠ সেবক—শ্রীগুরুপাদপদ্ম। সেইরূপ সেবকের অধীন হইয়া যদি কৃষ্ণের পাদপদ্ম আশ্রয় করা যায়, তাহা হইলেই উত্তরোত্তর তাঁহার স্ফূর্ত্তির সম্ভাবনা। শ্রীগুরুপাদপদ্মই কৃষ্ণপাদপদ্ম সেবার অধিকার প্রদান করেন।

শ্রীগুরুপাদপদ্মকে শ্রীভগবানের প্রকাশবিগ্রহরূপে জানিলে জীবের মঙ্গল হয়। শ্রীভগবান্ নিত্যানন্দপাদপদ্মই আমাদের একমাত্র ভরসা। শ্রীনিত্যানন্দের করুণা ব্যতীত শুদ্ধ-বিচার পাওয়া যাইবে না। আমরা এই জগতে নানাপ্রকার অসুবিধার মধ্যে আছি। এখানে কোন বস্তুর আশা-ভরসা পাই না। কেবল আশা এই যে—মহাপ্রভু নিত্যানন্দ প্রভুরও প্রভু, সেই নিত্যানন্দ প্রভুকে আমি প্রভুরূপে পাইয়াছি।

গৌরজন শ্রীশ্রীল আচার্য্যদেবের উপদেশামৃত

যে যত অযোগ্য, তাহাকে নিত্যানন্দ প্রভু তত অধিক কৃপা করেন, যদি সেই ব্যক্তি অকপটে নিজের অযোগ্যতা শ্রীনিত্যানন্দ প্রভুর নিকট জ্ঞাপন করেন। পাপী ব্যক্তির ভগবদুন্মুখী প্রবৃত্তির উদয় হইতে পারে। পাপীর জন্য শ্রীনিত্যানন্দ প্রভু আছেন, কিন্তু বৈষ্ণবাপরাধীর ক্ষমা নাই। গৌরনিত্যানন্দ পাত্রাপাত্র বিচার করেন না। শ্রীগৌরনিত্যানন্দের এতই দয়া যে, অনর্থযুক্ত বদ্ধজীবও অকপটে তাঁহাদের নিকট অভিগমন করিলে বা শরণাগত হইলে তাঁহারা দয়া করেন অর্থাৎ তাঁহাদিগকে অনর্থমুক্ত করাইয়া তাঁহাদের জিহ্বায় কৃষ্ণনামের উদয় করাইয়া থাকেন। শ্রীগৌরনিত্যানন্দের অনুগত ব্যক্তিকেই কৃষ্ণ শীঘ্র দয়া করেন। [illegible] কৃপার জন্য আর্ত্তি নাই, তথাপি [illegible] নাই। শ্রীনিত্যানন্দের বৈভব বা অপ্রকাশ শ্রীরাম। সেই শ্রীরাম প্রতি অপরাধ করিলে শ্রীগৌরসুন্দর কৃপা করেন না। যাঁহারা 'আর নাহি পাপ' অর্থাৎ পুনর্ব্বার আর পাপাচার করিব না—এই প্রতিজ্ঞা করিয়া সর্ব্বভাবে শ্রীগৌরনিত্যানন্দের চরণে শরণাগত হন, তাঁহাদিগকে শ্রীগৌরনিত্যানন্দ কৃপা করেন। শ্রীগৌরনিত্যানন্দের কৃপা লাভ করিয়া—অনুগত হইয়া কৃষ্ণনাম করিলেই নাম ফল দান করেন। শ্রীধামবাসের যোগ্যতা একমাত্র নিতাইচাঁদ দিতে পারেন।

শ্রীগৌরসুন্দর সেবাবিগ্রহ হওয়ায় [illegible] বিতরণ করিবার জন্য [illegible] প্রকট করিয়াছেন। ইহাই তাঁহার প্রেমময়তা। ভজনকালীন শ্রীনিত্যানন্দ [illegible] শ্রীগৌরসুন্দরের লীলা প্রকাশিত হইয়াছে। শ্রীনিত্যানন্দ [illegible] স্বরূপ, আর [illegible] সেবকরূপ [illegible] 'সেবক-স্বরূপ' নহেন। তাঁহারা কি [illegible] করিবেন? [illegible] Chief justice [illegible] হইয়াছেন। [illegible]

[illegible] Calcutta [illegible]

[illegible] তাঁহার বাণীর [illegible] আর কোন [illegible] নাই।

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে॥

হরিকথা-প্রসঙ্গ

শ্রীশচীনন্দন গৌরসুন্দর স্বয়ং ভগবান্। তিনি কৃপা করিয়া যখন [illegible] জীবের নিকট আত্মপ্রকাশ করেন, তখনই জীব তাঁহার স্বরূপ [illegible] ধন্য ও কৃতার্থ হন। তাঁহার পাদপদ্ম [illegible] জীবের হৃদয়ে [illegible] হইয়া থাকে।

জানা যায়, [illegible] শ্রীনবদ্বীপ [illegible] বৈদিক ব্রাহ্মণ [illegible] আগমন করিয়া [illegible] বাস করিতে থাকেন। শ্রীহট্টের [illegible] মিশ্র [illegible] পুত্র [illegible] ছিল। [illegible] উপেন্দ্র মিশ্র [illegible] কংসারি, পরমানন্দ, পদ্মনাভ, সর্ব্বেশ্বর, জগন্নাথ, জনার্দ্দন ও ত্রৈলোক্যনাথ এই সাত পুত্র। [illegible] জগন্নাথ মিশ্র অধ্যয়নের জন্য শ্রীহট্ট হইতে নবদ্বীপে শুভাগমন করেন। শ্রীজগন্নাথ মিশ্র নবদ্বীপের শ্রীনীলাম্বর চক্রবর্ত্তীর কন্যা শচীদেবীর পাণিগ্রহণ করেন। শ্রীজগন্নাথ মিশ্র নিত্যসিদ্ধ [illegible] জানা যায়, পর্জ্জন্য নামক গোপ, যিনি কৃষ্ণের পিতামহ ছিলেন, তিনিই পরে শ্রীউপেন্দ্র মিশ্র নামে অবতীর্ণ হন এবং যিনি বৃন্দাবনে ব্রজরাজ নন্দের পিতা [illegible] তিনিও শ্রীজগন্নাথ মিশ্র [illegible] অবতীর্ণ হন। [illegible] তাঁহারাই শচী জগন্নাথ নামে এ জগতে আগমন করেন।

শ্রীশচীদেবীর উপর্য্যুপরি আটটি কন্যা [illegible] হইবার পর অল্পকাল [illegible] তাঁহারা কালগ্রাসে পতিত হন। শ্রীজগন্নাথ মিশ্র তাহাতে [illegible] হইয়া পুত্রকাম-সাত্ত্বিক [illegible] আরাধনা করিতে থাকেন [illegible] সন্তান শ্রীবিশ্বরূপ জন্মগ্রহণ করেন। যিনি [illegible] দেবকী, [illegible] ইঁহারা [illegible] অবতীর্ণা। [illegible] তাঁহার [illegible] ভগবৎস্বরূপ এই কন্যার [illegible] কিরূপে হইতে পারে—ভগবদ্বিমুখ বঞ্চিত ব্যক্তিগণ এইরূপ প্রশ্নের সমাধান করিতে অসমর্থ হইয়া অনেক সময় ঈশ্বরবস্তুকে [illegible] সাধারণ [illegible] জ্ঞান করিয়া অপরাধ সঞ্চয় করিয়া থাকে এবং [illegible] ভগবৎ-[illegible] হইতে বঞ্চিত হয়।

ভগবানের লীলা অচিন্ত্য। সেবোন্মুখ ভক্তগণ ভগবৎকৃপায় সেই লীলার তাৎপর্য্য হৃদয়ঙ্গম করিয়া জগতের লোক-কল্যাণার্থ তাহা প্রকাশ করিয়া থাকেন। সেই শ্রৌতপথ পরিত্যাগ করিয়া অপ্রাকৃত বস্তুতে প্রাকৃত বিচার অবলম্বন করিলে অমঙ্গলই লাভ হইয়া থাকে।

গৌরলীলায় শ্রীশচীদেবীর অষ্ট কন্যার এক এক করিয়া মৃত্যু এবং [illegible] নবম গর্ভে শ্রীবিশ্বরূপের আবির্ভাব এবং দশম গর্ভে শ্রীগৌরসুন্দরের উদয়ের বিষয়ে তাৎপর্য্য [illegible] বর্ণন করিয়া থাকেন, অষ্ট কন্যা প্রকৃতির আবরণে আবদ্ধ থাকাকালীন [illegible] জীবাত্মরূপের উদয় হয় না। অষ্ট প্রকার স্থূল কারণ [illegible] অর্থাৎ পাঞ্চভৌতিক স্থূল দেহ এবং মন-বুদ্ধি-অহঙ্কারাত্মক সূক্ষ্ম দেহ আবদ্ধ থাকিলে জীবাত্মার [illegible] নবম অবস্থায় [illegible] উদয় হয়। শ্রীমদ্ভাগবত [illegible] এই অষ্ট [illegible] পুত্র [illegible] বিগত [illegible] শুদ্ধভাবে অবস্থিত হইলে। অতএব আবার [illegible] সংযুক্ত হইলে, [illegible] আবার পরমাত্মার [illegible] থাকিলে ভাবোদ্দীপনী শক্তিশালীর উদয় হয়।

সর্ব্ব স্বরূপ বিশ্বরূপ বা সেবাবিগ্রহের আবির্ভাবের অব্যবহিত পরেই সেব্যতত্ত্ব স্বয় ভগবান্ শ্রীগৌরসুন্দর উদিত হন অর্থাৎ অষ্ট অথবা প্রকৃতির বিষয়ে যখন জীবাত্মা [illegible] ধারণ করে, সেই সময় তাহার সেবাপ্রবণতা আত্মতত্ত্ব অর্থাৎ [illegible] শ্রীমদ্বিশ্বরূপ সেবাবিগ্রহ শ্রীগৌরসুন্দরকে প্রদান করেন। এই [illegible] শ্রীজগন্নাথ মিশ্রের প্রথমে অষ্ট কন্যার মৃত্যু, তৎপরে শ্রীবিষ্ণু [illegible] শ্রীবিশ্বরূপের আবির্ভাব এবং তদনন্তর স্বয়ং-ভগবান্ শ্রীগৌরসুন্দরের উদয় [illegible] হইয়াছে।

শ্রীজগন্নাথ মিশ্র ও জগন্মাতা শ্রীশচীদেবী নিত্যসিদ্ধ ভগবৎপার্ষদ। তাঁহার দেহ ও দেহ [illegible] কখনই সাধারণ প্রাকৃত জীবের ন্যায় নহে। বিশুদ্ধসত্ত্বের নাম বসুদেব। বসুদেবেই ভগবান্ বাসুদেব অবতীর্ণ হন। [illegible] শ্রীগৌরসুন্দরের [illegible] বক্তা [illegible] সেই শ্রীপুরুষের কালক্রীড়া [illegible] শ্রীজগন্নাথ ও শচীদেবীর মিলনে শচীদেবীর গর্ভসঞ্চার হয় নাই। সুতরাং [illegible] মনে চিন্তা করাও [illegible] জীবের অপরাধ। ভগবৎ [illegible] শুক্লসত্ত্বময়ী শচীদেবীর অপ্রাকৃত গর্ভমাহাত্ম্য অনুভব হইবে।

—

বৈকুণ্ঠকথাই আমার স্বাস্থ্য। আর ভোগপরতা বা কর্ম্মজ্ঞান অস্বাস্থ্য [illegible] আমার অস্বাস্থ্য। যে কথাকে আমরা মাপিয়া লইতে পারি, এরূপ কথার মধ্যে থাকিতে হইবে না। যে কথা আমাকে মাপিয়া লইতে পারে, সেই বৈকুণ্ঠকথার মধ্যে প্রবেশ করিতে হইবে। গৃহব্রত ব্যক্তি সদ্গুরু-চরণাশ্রয় করিয়াও মঙ্গললাভ করিতে পারে না। গৃহব্রত কৃষ্ণব্রত হইতে পারে না। ভক্তগণ কর্ম্মিগণের ন্যায় নর-নারী-ভোগ করেন না; পরন্তু প্রত্যেক নর-নারীর হৃদয়ে ভগবৎসিংহাসন জানিয়া শ্রীগুরুগৌরাঙ্গের বিগ্রহক্ষেত্র জানিয়া তাঁহাদিগকে গুরু ও পূজ্যজ্ঞানে সম্মান দিয়া থাকেন। প্রত্যেক নর ও প্রত্যেক নারী পরমাত্মাতে অধিকারী ও অধিকারিণী। কৃষ্ণ-অধিষ্ঠান জানিয়া সম্মান বা পূজা করিলে স্থূল-সূক্ষ্ম দেহ সম্বন্ধিনী কোন ভোগবুদ্ধি স্থান পাইতে পারে না। তখন আপনাকে ও সমগ্র নরনারীকে কৃষ্ণ-গোপীরূপে উপলব্ধি হয়। তখন নর বা নারী কাহারও পুরুষাভিমান বা ভোক্তাভিমান থাকে না। তখন নারীও নিজকে নর-অভিমানী [illegible] করেন না। তখন সর্ব্বত্র কৃষ্ণভোগ্য-[illegible] বুদ্ধির উদয় হয়। ভগবদ্ভাব-বর্দ্ধিনী পরব্যোমস্থ [illegible] রোহিণী প্রমুখ লক্ষ্মী, শচী, রতি পার্ব্বতী, জয়া, তুষ্টি, পুষ্টি, ইলা এবং যাবতীয় বারাঙ্গী, কমলা, বৈশ্বী, দুর্গা, অম্বিকা ও চতুর্দ্দশ ভুবনস্থিত সকল নারীই শক্তিতত্ত্ব—শ্রীমতী অর্থাৎ ইঁহারা সকলে ইঁহা হইতে উদ্ভূত ও প্রকাশিত। ইঁহাদের যথাবিহিত সেবা না করিয়া কাহারও শ্রীকৃষ্ণের অনুগত ও সাম্রাজ্য সম্ভবপর নহে।

এ সংসারে সুখের ছায়া আছে, কিন্তু সুখের বাস্তবতা নাই। জগতে যে সুখ আছে, তাহা দুঃখেরই অগ্রদূত বা দুঃখেরই দালাল। এই নশ্বর ইন্দ্রিয়সুখ দুঃখ হইতেও বেশী অনিষ্টকারী। দুঃখ অনেকটা স্পষ্ট বলিয়া তাহাকে দেখিয়া এবং আমাদের অনেক সময় আর্ত্ত বা ভগবচ্চরণে প্রবৃত্ত হইবার সম্ভাবনা থাকে, কিন্তু যাঁহারা দুর্ভাগ্যক্রমে পাছের শক্র সুখের মোহন-বেশে মোহিত হইয়াছেন, তাঁহাদের কষ্টভোগ যে কত বেশী, তাহা বলিয়া শেষ করা যায় না। সুতরাং জগতের সুখে মুগ্ধ না হইয়া নিষ্কপট সাধুগণের শরণাপন্ন হওয়াই বুদ্ধিমানের কার্য্য।

এই বিশ্বে তাহার কোন ভোগ্যপদার্থ নাই। কারণ, জীবের স্বরূপগত ভোক্তৃত্ব নাই। জীব স্বয়ংই ভোগ্য। ভোক্তা একমাত্র ভগবান্। সকল বস্তুই ভগবানের ভোগ্য, জীবও ভগবানের ভোগ্য। যখন এই প্রকার জীবের কোন বস্তুই ভোগ্য নহে, তখন [illegible] কাহারও ভোগবুদ্ধি-সহকারে অন্য [illegible] অর্থাৎ ভোক্তাভিমান করা উচিত নহে। জীব স্বরূপতঃই ভগবানের চাকর। সে কখনও প্রভু নহে। যে বৈকুণ্ঠে অনাবৃত স্বরূপে সে অখণ্ড পূর্ণবস্তুর চাকর, আর এই অনিত্য জগতে ভোগবুদ্ধির [illegible] খণ্ডবস্তুর চাকর। জীবের স্বরূপজ্ঞান অর্থাৎ আমি কৃষ্ণদাস, আমি ভগবানের ভোগ্যপদার্থ, আমি ভোক্তা নহি, [illegible] ভোক্তা, একমাত্র কৃষ্ণ—এই দিব্যজ্ঞান সাধুগুরুকৃপায় উপস্থিত হইলে জীব এখানে নিজ ভোগ্য কোন পদার্থ দেখিতে পান না, সর্ব্বত্র উদ্দীপনা অর্থাৎ কৃষ্ণের ভোগ্যবস্তু দর্শন করেন—সর্ব্বত্রই কৃষ্ণের বিচরণ-ভূমিকা অর্থাৎ বৃন্দাবন দর্শন করেন।

———

বৈষ্ণবদর্শন বা বৈষ্ণবসেবাই বিষ্ণুদর্শন বা বিষ্ণুসেবা। বৈষ্ণবের বিশুদ্ধ চিন্ময় হৃদয়েই ভগবানের অবস্থান। অতএব বৈষ্ণবের মুখে হরিকথাশ্রবণরূপ বৈষ্ণব-সেবাপেক্ষা অধিকতর শ্রেয়স্কর বস্তু জীবের আর কি থাকিতে পারে? বিষ্ণু, বৈষ্ণব, গঙ্গা প্রভৃতি ভগবৎসম্বন্ধি চিন্ময় বস্তুর সম্বন্ধজ্ঞান একান্ত প্রয়োজন। সম্বন্ধজ্ঞান হীন অধিকারীর [illegible] সেবার দ্বারা কখনই নিত্যমঙ্গল পাইবার সম্ভাবনা নাই, যদি তাহা হইত, তাহা হইলে গঙ্গার মৎস্যাদি জলজন্তুসমূহও পরা গতি লাভ করিত। অপ্রাকৃত বুদ্ধি উদিত হইলে জীবের ভোগবুদ্ধি বিদূরিত হইয়া সমস্ত বস্তুতে বিষ্ণুসম্বন্ধ উপলব্ধি হয়।

———

সদা বিষ্ণুকে স্মরণ করিতে হইবে, ইহাই বিধি এবং বিষ্ণুকে কোন ক্ষণেই বিস্মৃত হইতে হইবে না, ইহাই নিষেধ। শাস্ত্রোক্ত যাবতীয় বিধি-নিষেধের সংখ্যা এই দুইটিকে অবলম্বন করিয়া, সুতরাং জগতে তিনি যত বড়ই ধার্ম্মিক বা নৈতিক বলিয়া পরিচিত হউন, তাঁহার সে ধর্ম্ম বা নীতি শুদ্ধ কৃষ্ণেন্দ্রিয়তর্পণপর না হইলে বিজ্ঞ-সমাজ তাহার কোন মূল্যই দিবেন না। আবার জগতের ধারণায় যদি ভয়ানক অধর্ম্ম বা নীতিবিগর্হিত কার্য্যও হয়, তাহা যদি ভগবৎপ্রীণন হইলে বিজ্ঞগণ তাহাকে ধর্ম্ম ও সুনীতি বলিয়া প্রশংসা করেন। ভগবৎপ্রীতিসম্পাদনই ধর্ম্ম বা ন্যায়, তদ্বিপরীত কার্য্য অধর্ম্ম বা অন্যায় বলিয়া স্বীকৃত। কেবল ভক্তির আশ্রয় লইলে সেই ভক্তিই জীবকে সর্ব্ববিধ অভাব-অসুবিধা হইতে রক্ষা করেন। ভক্তিকে রক্ষা করিবার জন্য আর্থিক জগতের কোন অর্থের প্রয়োজন হয় না। ভক্তিদেবী কৃষ্ণানন্দা। কৃষ্ণানন্দ-বিধান ব্যতীত তাঁহার কোন ইতরকার্য্য নাই।

ভক্তবৎসল ভগবান্ ভক্তের সকল অমঙ্গলই নাশ করিয়া থাকেন এবং অভক্তগণের সকল চেষ্টাই ব্যর্থ করিয়া দেন। ভগবান্ কাঙ্গালের বন্ধু। তিনি বিদ্যা ধন কুল-রূপ-মদে মত্ত ব্যক্তির কেহই নহেন। ভগবান্ যে ভাবে রাখিয়া সুখী হন, তাহাই সানন্দে বরণীয়। অত্যন্ত অসুবিধার মধ্যে থাকিয়াও ভগবানকেই ডাকিতে হইবে। ভগবানকে ডাকার জন্যই সে সকল অসুবিধা আসে। ঐ অসুবিধাগুলি ভগবানের অহৈতুকী কৃপা ব্যতীত আর কিছুই নহে। ভগবানের কৃপার কথা যাঁহার যত উপলব্ধির বিষয় হয়, তাঁহার তত মঙ্গল। যাঁহারা ভগবান্ ও ভগবদ্ভক্তকে একমাত্র নিত্যবান্ধব জানিয়া তাঁহাদিগের শ্রীপাদপদ্মে শরণাগত হইয়া তাঁহাদের প্রদত্ত সকল ব্যবস্থাকেই অবনত মস্তকে স্বীকার করেন, তাঁহারাই মঙ্গল হয়। আর যাঁহারা তাঁহার মঙ্গলময় বিধানে বিশ্বাস করিতে না পারিয়া নিজের মঙ্গলামঙ্গলের ভারটা নিজেই লইতে যান, তাঁহারা অসুবিধায় পড়েন।

———

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৯ গোবিন্দ আদি কাঁরণোদশায়ী গৌরাব্দ ৪৪৪

শ্রীশ্রীমায়াপুরচন্দ্রোদয়

নবদ্বীপে শচীগর্ভ-শুদ্ধ দুগ্ধসিন্ধু।
তাহাতে প্রকট হৈলা কৃষ্ণ-পূর্ণ-ইন্দু॥

—চৈঃ চঃ আঃ ৩।২৭২

আজ অন্তর্দ্বীপ শ্রীধামমায়াপুর-গৌরগৃহে শ্রীশ্রীগৌরাবির্ভাব-মহামহোৎসব গৌরজন শ্রীশ্রীল আচার্যদেবের আনুগত্যে নিরন্তর হরিসংকীর্ত্তনমুখে সম্পন্ন হইতেছে। এই শ্রীগৌরাবির্ভাবের পূর্ব্বে শ্রীগুরুদেবের আবির্ভাব—শ্রীনিত্যানন্দের আবির্ভাব। শ্রীবলদেবের আবির্ভাবের পরেই শ্রীকৃষ্ণের আবির্ভাব হয়। শ্রীবলদেব-নিত্যানন্দাভিন্ন-বিগ্রহ শ্রীগুরুদেবের পূজায় চিত্তশুদ্ধ—বিশুদ্ধ চিত্ত হইলে সেই বিশুদ্ধসত্ত্বভূমিকায় শ্রীগৌরকৃষ্ণের আবির্ভাব হয়। গৌরজন শ্রীগুরুদেবের আবির্ভাব-তিথি ও স্বয়ংরূপ ব্রজেন্দ্রনন্দনাভিন্ন শ্রীগৌরসুন্দরের প্রকট তিথি এই উভয়েই পতিতপাবনী, ভুবনমঙ্গলময়ী ও ভক্তিস্বরূপিণী।

কৃষ্ণনাম অপরাধের বিচার করেন। কিন্তু শ্রীগৌরনিত্যানন্দের নামে অপরাধের বিচার নাই। তাই গৌরপার্ষদ শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু জানাইয়াছেন,—

'কৃষ্ণনাম করে অপরাধের বিচার।
কৃষ্ণ বলিলে অপরাধীর না হয় বিকার॥
চৈতন্য-নিত্যানন্দে নাহি এ সব বিচার।
নাম লৈতে প্রেম দেন, বহে অশ্রুধার॥'

(চৈঃ চঃ)

কৃষ্ণ ও গৌরনাম উভয়েই নামীর সহিত অভিন্ন বটে, কিন্তু কৃষ্ণনামের উদারতা কেবল মুক্ত, সিদ্ধ ও একান্ত আশ্রিত জনগণের উপর। আর শ্রীগৌরনিত্যানন্দের নামের ঔদার্য্যস্রোতে অনর্থযুক্ত অপরাধী জনগণও ভোগনর অপরাধের হস্ত হইতে মুক্ত হইয়া গৌরকৃষ্ণের পাদপদ্ম লাভ করেন। তাই শ্রীগৌরনিত্যানন্দ-নাম উদার এবং ঔদার্য্যের অন্তরে মধুর ও অনর্থযুক্ত সাধকগণের যোগ্যতা-প্রদানে কৃপাময়। শ্রীশ্রীনিতাইগৌরের নিকট সিদ্ধ অভিমানের ছলনা না রাখিয়া অনর্থযুক্ত অবস্থায় যদি আমরা উপস্থিত হই, তাহা হইলে শ্রীগৌরনিত্যানন্দের নাম আমাদিগকে অনর্থমুক্ত করাইয়া তাঁহাদের স্বরূপ ও স্বয়ংপ্রকাশের উপলব্ধি করান, তাহাতেই জীবের স্বরূপানন্দের উদয় হয়।

তাই শ্রীগৌরাঙ্গের নিত্যসঙ্গী শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয় গাহিয়াছেন,—

যে গৌরাঙ্গের নাম লয়, তা'র হয় প্রেমোদয়,
তা'রে মুই যাঙ বলিহারি।
গৌরাঙ্গ গুণেতে ঝুরে,
নিত্যলীলা তা'রে স্ফুরে,
সে-জন ভকতি-অধিকারী॥
গৌরাঙ্গের সঙ্গিগণে, নিত্যসিদ্ধ করি' মানে,
সে যায় ব্রজেন্দ্রসুত-পাশ।
গৌড়মণ্ডল ভূমি, যেবা জানে চিন্তামণি,
তা'র হয় ব্রজভূমে বাস॥
গৌরপ্রেমরসার্ণবে, সে তরঙ্গে যেবা ডুবে,
সে রাধামাধব অন্তরঙ্গ।
গৃহে বা বনেতে থাকে 'হা গৌরাঙ্গ' ব'লে ডাকে,
নরোত্তম মাগে তা'র সঙ্গ॥

শ্রীব্রজবন ও গৌরবন অভিন্ন চিন্ময় ভূমি বলিয়া যাঁহার জ্ঞান হয়, তিনি ঔদার্য্যপ্রধান মাধুর্য্যপ্রধান ঔদার্য্য ও ঔদার্য্যপ্রধান মাধুর্য্য উপলব্ধি করিতে পারেন, তিনিই প্রকৃত নামের স্বরূপ বুঝিতে পারেন, তাঁহারই হৃদয়ে কৃষ্ণের কথা ও সেই কথার পরিবেশনকারী শ্রীগুরুপাদপদ্মের মাধুর্য্য উদিত হইয়া তাঁহাকে কেবল কৃষ্ণানুসন্ধানে প্রবৃত্ত করায়। গুরুপূজা না হইলে গৌরপূজা হয় না। শ্রীগুরুদেবই উপদেশাকারে শ্রীগৌরসুন্দরকে বিতরণ করেন। নিরন্তর গুরুস্মৃতি হৃদয়ে স্থান পাইলে সেই হৃদয়ে গৌরাবির্ভাব সম্ভব হয়। যেখানে গুরুর আবির্ভাব নাই, সেখানে কেবল মনোধর্ম্মের তাণ্ডব, সুতরাং সেখানে গৌরাবির্ভাবও নাই। যাহারা গৌরজন শ্রীগুরুদেবের সম্পূর্ণ অনুগত, তাঁহাদের প্রতিই শ্রীগৌরসুন্দরের কৃপা হয়। তাঁহারাই শ্রীমায়াপুরচন্দ্রকে হৃদয়ে ধারণ করিবার সৌভাগ্য পান। তাই নিত্যানন্দগত-প্রাণ গুরুদেবতাত্মা শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর গাহিয়াছেন,—

তাঁহার চরিত্র যেবা জনে শুনে, গায়।
শ্রীকৃষ্ণচৈতন্য তা'রে পরম সহায়।

শ্রীনিত্যানন্দ প্রভুই শ্রীগুরুদেব। শ্রীগুরু পাদপদ্ম হইতে কীর্ত্তনশ্রবণরূপ শ্রীব্যাসপূজাই শ্রীগুরুপূজা। গুরুপূজকই গৌরপূজক—গুরুসেবকই গৌরসেবক। যেখানে শ্রীব্যাস-পূজায় উদাসীনতা, সেখানে গৌরপূজার কোন কথা নাই। শ্রীব্যাসপূজা সুষ্ঠু। অনুষ্ঠিত হইলেই হৃদয়ে শ্রীগৌরাবির্ভাব উপলব্ধি হইবে। শ্রীব্যাসের কীর্ত্তন শ্রবণ না করার ফলেই—গৌরাবির্ভাবের পূর্ব্বে গুরুমুখপদ্ম বাণী হৃদয়ে ধারণ না করার ফলেই আমাদের এত অনর্থ উৎপাত হইয়াছে। শ্রবণ করা ও শিষ্য হওয়া একই কথা। আমরা শিষ্য হইয়াছি কি? যদি শিষ্য হইতাম—শরণাগত হইতাম—আত্মনিবেদন করিতাম—পূর্ণ শ্রবণ করিতাম তাহা হইলে নিশ্চয়ই পূর্ণবস্তু শ্রীগৌরচন্দ্রকে হৃদয়ে ধারণ করিতে পারিতাম। কিন্তু আমি ত' তা করি নাই, সুতরাং আমি না চাহিলে কি করিয়া পাইব? এমন যদি আত্মনিবেদনের শেষ সীমায় [illegible] আত্মনিবেদন [illegible] শ্রীগৌরসুন্দর [illegible] আত্মসাৎ করিয়া [illegible] দান করেন। [illegible] ভাগ্যবান [illegible] [illegible] শ্রীগৌরচন্দ্রের [illegible] পাইতে পারে না। তিনি [illegible] [illegible] পরবর্তী [illegible] অনাদিকাল [illegible] হন। [illegible] ও [illegible] প্রকাশময়। [illegible] আবির্ভূত।

শ্রীগুরুপূজার পরেই অর্থাৎ শ্রীগুরুপাদপদ্ম হইতে কীর্ত্তন শ্রবণ করার [illegible] সকল কথা [illegible] উপলব্ধি হয়। [illegible] দিব্যজ্ঞান সম্প্রদানের জন্য [illegible] দেবের আবির্ভাব, [illegible] উদিত [illegible] শ্রীমায়াপুরচন্দ্রোদয় সম্ভব। [illegible] দর্শন না হইলে গৌরদর্শন হয় না। এই গৌরদর্শন করাইতে পারেন [illegible] গৌর নিত্যানন্দ [illegible]। দর্শন [illegible] নহে, কিন্তু [illegible] দর্শন, সেই দুর্দর্শন বা [illegible] কামদর্শনের কোন মূল্য নাই। তাই [illegible] দর্শন হয় না। [illegible] যে দর্শন তাহাই সুদর্শন বা দর্শন। [illegible] ভগবদ্দর্শন হয়। কিন্তু [illegible] তাহার শিষ্য হই কি, তাহার [illegible] নির্ভর করা [illegible] হওয়া যায়, গুরুকে [illegible] যায়। সেই গৌরজন ত' আমাদের [illegible] জন্য পৃথিবীতে অবতীর্ণ হইয়াছেন। আমরা তাঁহাকে আপনজন বলিয়া [illegible] করি?—তাঁহার চরণে শরণ গ্রহণ না করা [illegible] আর কি [illegible]? সেইজন্য বলিতেছি, শ্রীগুরুদেবের কীর্ত্তনের [illegible] ও পূর্ণতা। [illegible] করি। শ্রীগুরুপাদপদ্ম কীর্ত্তনপ্রধান [illegible] প্রকট পূর্ণিমার [illegible] আবাহনা। গুরুরূপ [illegible] ছাড়া গতি নাই। তাই আজ আমরা গুরুরূপী-[illegible] গৌরহরি [illegible] পাদপদ্মে [illegible] নিকট কাতর প্রার্থনা জানাইতেছি।

শ্রীগুরুপাদপদ্মের অসমোর্দ্ধ করুণা

([illegible])

[illegible] আমরা [illegible] মান [illegible] নাই। [illegible] নিমন্ত্রিত [illegible] আসিয়াছেন। [illegible] শ্রীগৌর [illegible] আনন্দের নিত্য প্রভুমকলে [illegible] অবতীর্ণ হইয়াছেন, [illegible] কৃপা করিবার জন্য [illegible] তাঁহারা আমাদিগকে [illegible] কৃপা করিবেন। [illegible] কৃষ্ণকৃপা-বুদ্ধি [illegible] আর্ত্তনাদ [illegible] তাঁহারা [illegible] কৃপা [illegible] পারিলেও কৃষ্ণকৃপা [illegible] কৃষ্ণের [illegible] কৃষ্ণকৃপা [illegible] হরিভজন [illegible] গুরুসেবামুখী না হইলে [illegible] হরিভজন [illegible] না। [illegible] হরিভজন [illegible] পারে না। গৌরজনের কৃপা ছাড়া [illegible] কৃপা [illegible] পারে না। [illegible] করিয়া [illegible] শ্রীমায়াপুর [illegible] [illegible]

শ্রীগুরুদেব সুখী হন। অন্য কোন বস্তু প্রদর্শন করিয়া তাঁহাকে প্রীত করা যায় না।

শ্রীগুরুদেব ভগবান আমাদিগকে মঙ্গলবরণের জন্য নানাভাবে প্রভূত সুবিধা প্রদান করিয়া থাকেন। তাঁহাদের অনুগ্রহে [illegible] শ্রীনামপরিক্রমা অন্যতম। শ্রীনাম পরিক্রমায় যুগপৎ কায়, বাক্য ও মন [illegible] হয়—একাধারে [illegible] সঙ্গ [illegible] হয়। [illegible] শ্রীনাম-পরিক্রমা—[illegible] সেবা [illegible] দেহাত্মবোধ দূর করিবার অন্য কোন উপায় নাই। পরিক্রমাকারীগণ ইহা অনুভব বুঝিতে পারেন। যাঁহারা সেবোন্মুখ হইয়া শরণাগতি ও [illegible] কথা হৃদয়ঙ্গম করিতে যত্ন করেন, তাঁহারাই শুরুদেবের অহৈতুকী কৃপা যোগ্যতানুসারে উপলব্ধি করিতে পারেন। অতএব প্রতি শ্রীগুরুদেবের কত করুণা। ইহা আমরা হৃদয়ের অন্তস্থল হইতে কোটি কোটিবার বলিতে পারি যে, এ জগতে [illegible] দেবের ন্যায় শ্রীনাম-কীর্তন ও [illegible] কীর্তনকারী আর দ্বিতীয় কেহ নাই। তাঁহার শাসনদণ্ড অজ্ঞাতিগামী আমাদের নিকট যদিও আপাতকঠোর বা নির্মম বলিয়া মনে হউক না কেন, তন্মধ্যে তাঁহার অপূর্ব ও অকৃত্রিম পরদুঃখকাতরতার ও স্নেহপূর্ণ কোমল [illegible] সন্ধান পাওয়া যায়। কি গৃহী, কি সন্ন্যাসী, কি বানপ্রস্থ, কি [illegible]—সকলের জন্যই তাঁহার হৃদয় সর্বদা ক্রন্দন করিতেছে। কৃপাময় শ্রীল আচার্যদেবের করুণার সীমা নাই। তিনি আমাদের [illegible] বাক্যে গুরুত্বাবকে আদর করেন না। আমরা যাহাতে সবিশেষ হরিভজন-যোগ্যতা লাভ করিতে পারি—যাহাতে আমাদের [illegible] অনর্থসমূহ ঘুচিয়া যায়—আমাদের হরিভজনের পথে গতি খুব তীব্র হয়—অন্যাভিলাষ, [illegible] আসক্তি নষ্ট হইয়া যায়, [illegible] তন্ময় হইয়া, সতর্ক, সজাগ হইয়া আমাদের আরাধ্য বস্তুর সেবায় অনুক্ষণ তন্ময় থাকিতে পারি, তজ্জন্য তিনি সর্বক্ষণ আপাত তীব্র বাণী বর্ষণ করিয়া কৃপা করিতেছেন। কারণ, ঐরূপ গতিহীন অবস্থায় দাঁড়াইয়া থাকা যাইবে না—ত্রিগুণের আকর্ষণের মধ্যে না পড়িলে অচিন্ত্যশক্তি মায়া আকর্ষণ করিয়া ভোগের রাজ্যে লইয়া যাইবে। হরিভজন পথে গতিহীন অবস্থায় দাঁড়াইয়া থাকার ভবিষ্যৎ ফল পতন অবশ্যম্ভাবী। শ্রীল আচার্যদেব আমাদিগকে ভজনরাজ্যে ক্রমবর্দ্ধমান প্রগতি লাভ করাইবার জন্য সর্বক্ষণ তীব্রবতী উক্তির দ্বারা সকলের মনোনাশক ছেদন করিতেছেন। যিনি শরণাগত হইয়া শ্রদ্ধা সহকারে তাঁহার শ্রীপাদপদ্মে পতিত হইবেন, তাঁহাকেই তিনি কৃপা করিবেন। দেহাত্মবোধের তীব্র গ্রাহ [illegible] আমাদের অনর্থশোধনাগ্র [illegible] দূরীভূত, [illegible] নিত্যকর্ম-

ভিন্ন শ্রীল আচার্যদেবের তীব্রবাণী নিরন্তর যাহা পুনঃ পুনঃ [illegible] না হইলে কিছুতেই [illegible] হইতে পারে না। হরিভজনের দিকে আমাদের লক্ষ্য আদৌ নাই। [illegible] [illegible] শ্রীগুরুপাদপদ্মের কৃপা ছাড়া আমাদের এই জড়তা ঘুচিবে না। তাঁহার কৃপা না হইলে হরিভজনের [illegible] আগে না [illegible] টানাটানি [illegible] হইবে। তাঁহার প্রতি [illegible] [illegible] তিনিই [illegible] [illegible] পথে অগ্রসর [illegible] শ্রীনিত্যানন্দের কৃপা ছাড়া [illegible] তীব্র নষ্ট হইতে পারে না। আমাদের [illegible] কৃষ্ণপ্রেষ্ঠ [illegible] তাঁহার [illegible] শ্রীগুরুপাদপদ্মের মাধ্যমে, [illegible] ও [illegible] আমার চিত্তের [illegible] হইবে না। [illegible] অনাস্থার অধীনতার [illegible] পাইয়াও তাঁহার [illegible] কাটিতে [illegible] না। শ্রীগুরুবৈষ্ণবগণের নিকট এই কথা শুনিয়া স্মরণ আবশ্যক হইবে।

গুরুবর্গের কৃপানির্দিষ্ট পন্থাগমন বা নীতি আমাদের [illegible] অন্য পন্থা উপায় নাই। শ্রীল নরোত্তম দাস ঠাকুর মহাশয় বলিয়াছেন [illegible] অতএব [illegible] মত করিও না। [illegible] [illegible] [illegible] নিন্দুক [illegible] [illegible] সদ্গুরু [illegible] [illegible] উৎসাহী থাকিবে। [illegible] হরিকথা শ্রবণ করিবে ও [illegible] থাকিবে, [illegible] নাম গ্রহণ করিবে। সকল [illegible] দিবে যাহাতে [illegible] বৈষ্ণবের [illegible] অনুসন্ধান করিবে। [illegible] নিজের গলদগুলি দূর করিবার চেষ্টা করিবে।

শ্রীল আচার্যদেব বলিয়াছেন—"জীবন সর্বস্ব শ্রীগুরুবর্গের রাম পাদের আদির সহিত চোখের জল ফেলিতে ফেলিতে যদি স্মরণ করা যায়, তাহা হইলে তাঁহারা পথ দেখাইবেন। সমস্ত সমস্যার সমাধান বা মীমাংসা তাঁহারা করিয়া দিবেন। অকিঞ্চন না কাঁদিলে তাঁহারা [illegible] দয়া করিবেন; কিছু [illegible] [illegible] রহিবে না। সম্বন্ধটা ঠিক রাখিয়া যদি গুরুবর্গের ইচ্ছার সহিত dovetailed হওয়া যায়, তাহা হইলে সবই হবে। 'গুরুগণ আমার, আমি তাঁহাদের' এই সম্বন্ধটি দৃঢ় হইলে তবেই কল্যাণ হবে। শ্রবণ কীর্তনটা যেন routine work না হ'য়ে যায়, সেদিকে তীব্র লক্ষ্য রাখতে হ'বে। আদরের সহিত করিয়া [illegible] শ্রবণকীর্তন করতে হ'বে। প্রত্যেক কাজটাই প্রাণ থেকে বা প্রীতি থেকে করা চাই, তা' হ'লে ফল হ'বে। [illegible] [illegible] হ'বে, কিন্তু তা না ক'রে আমি যদি বলি [illegible] অথচ [illegible] ছাড়ব না, আর আমার কাজ করবে, তাতে মহাপুরুষগণ সাহায্য করবেন না কেন, [illegible] [illegible] ভাবে, কিন্তু [illegible] না, [illegible] উহাদের [illegible] কথা [illegible] উহাতে দিব না। এরূপ কাজ কি হরিভজন হ'বে? [illegible] [illegible] দিতে পারেন। কৃষ্ণানুশীলনের [illegible] তিনি [illegible] [illegible] কথা [illegible] হয়, সেগুলি যদি হৃদয়ে দাগ কাটিয়া বসে, তবেই মঙ্গল হইবে। এত ক'রেও আমাদের হৃদয়ে দাগ বসে না বা [illegible] না। আমরা তাঁকে না চাইলে তিনি আর কি করবেন?"

আমরা [illegible] [illegible] [illegible] ভরসা [illegible], শ্রীমন্মহাপ্রভুর প্রেষ্ঠ নিজজনকে গুরুরূপে পাইয়াছি। অযোগ্য হইলেও তাঁহার [illegible] করুণার সীমা নাই। শ্রীশ্রীনিত্যানন্দ প্রভু আমাদের নিত্য প্রভুরূপে [illegible] হইয়াছেন। তাঁহার দয়ার তুলনা নাই। পাপী-তাপী, দীন দরিদ্র সকলেরই প্রতি তাঁহার করুণার অন্ত নাই। নিতাই [illegible] প্রতি তাঁহার করুণা [illegible] [illegible] করা যায় না। অযোগ্যকে [illegible] প্রদান করিবার [illegible] কৃপা করিবার মালিক একমাত্র শ্রীনিত্যানন্দ প্রভু। শ্রীনিত্যানন্দ প্রভুই [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] কৃষ্ণ [illegible] তাঁহার [illegible] [illegible] না। তাঁহার [illegible] [illegible] নিযুক্ত হইয়া অলৌকিক [illegible] [illegible] হইবার অধি উপস্থিত হয়। যদি শ্রীগৌর মহাপ্রভুর [illegible] আকাঙ্ক্ষা হয়, তাহা হইলে শ্রীগুরু-নিত্যানন্দের প্রসন্নতা বিধান ছাড়া আর অন্য উপায় নাই। তিনি প্রসন্ন হইলেই শ্রীগৌরসুন্দর প্রসন্ন হইবেন। তাঁহার কৃপা-দৃষ্টি মধ্য আসিতে পারিলেই শ্রীগৌরসুন্দরের শুভদৃষ্টি আমাদের প্রতি পতিত হইবে। শ্রীচৈতন্যমহাপ্রভু শ্রীগুরু নিত্যানন্দ প্রভু, ইহারাই ভরসা।

'ভরসা আমার [illegible] নাথ
তাঁর ও' করুণাময়।
আমার অদ্ভুত প্রভু গৌরসুন্দর।
এ বড় ভরসা চিত্তে ধরি নিরন্তর।'

শ্রীগুরুপাদপদ্ম [illegible] শ্রীধামে শ্রীচৈতন্যপাদপদ্ম স্থাপনে অনুক্ষণ ব্যস্ত। তিনি প্রত্যেক জীবের হৃদক্ষেত্রে শ্রীগৌর ভক্তির বীজবপনে ব্যস্ত। [illegible] উৎপাদন করিয়া সকলকে শ্রীচৈতন্যমহাপ্রভুর সেবায় নিযুক্ত করা ছাড়া তাঁহার আর অন্য কোন উদ্দেশ্য [illegible] নাই। সকলেই [illegible] উন্মুক্ত হইয়া ভগবানের সেবা লাভ করুক, ইহাই তাঁহার অভিপ্রায়। তিনিই শ্রীচৈতন্যমনোঽভীষ্ট-স্থাপনকারী। তাঁহার কৃপা ছাড়া শ্রীগৌরভগবানের সেবা লাভ অসম্ভব।

তাই যদি আমরা শ্রীগৌর-মহাপ্রভুর কৃপা [illegible]—সেবা লাভ করিতে চাই, তাহা হইলে শ্রীগুরুপাদপদ্মে দৃঢ় করিয়া ধারণ করিতে হইবে। তাঁহার কৃপালাভের জন্য সর্বক্ষণ ব্যাকুলতা জাগিলে তিনি অযাচিত করুণা করিবেন। তাঁহার শ্রীপাদপদ্ম আমাদের একমাত্র আশা-ভরসার স্থল হউক, তচ্চরণে ঐকান্তিক শরণাগতি লাভ হউক, তাঁহার শ্রীপাদপদ্ম [illegible] লাভ অভাব বা [illegible] জাগুক, তাঁহার কৃপায় দেহাত্মবুদ্ধি নিদূরিত হইয়া তচ্চরণসেবাবুদ্ধি জাগ্রত হউক, অপ্রাকৃত বস্তুতে মর্ত্যবুদ্ধি করিয়া বঞ্চিত হইবার দুর্বুদ্ধি না হউক, তাঁহার [illegible] বাণী আমাদের হৃদয়ে প্রভাব বিস্তার করুক, তচ্চরণাকৃষ্টি আমাদের দিন দিন উত্তরোত্তর বর্দ্ধিত হউক, তাঁহাকেই একমাত্র [illegible] গ্রহণ করিবার অভিলাষ ও আপ্রাণ [illegible] লাভ হউক, তাহা হইলেই তাঁহার কৃপা হইবে। তাই প্রার্থনা—

গুরুদেব!
নিয়ত চরণে স্থান।
মাগে এ পামর কাঁদিয়া কাঁদিয়া
করহে করুণা দান॥
গুরুদেব!
আমি ত তোমার জন।
তোমারে ছাড়িয়া সংসার ভজিনু
ভুলিয়া আপন ধন।
গুরুদেব!
তুমি ত' সকলি জান।
আপনার জন দণ্ডিয়া এখন
শ্রীচরণে দেহ' স্থান॥

আর কৃষ্ণ সাজিব না

(শ্রীউপেন্দ্রনাথ [illegible] ভক্তিশাস্ত্রী বি-এ)

পরমকরুণাময় সর্বশক্তিমান্ সচ্চিদানন্দ-বিগ্রহ স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণের শ্রীপাদ যে আমি অপরাধী। কত করুণা করিয়া [illegible] জীবশক্তি আমি আমাকে স্বতন্ত্রতা [illegible] দিয়াছেন, যাহাতে স্বতন্ত্রতার সদ্ব্যবহার করে। তটস্থ অবস্থা হইতে পরমোচ্চ মহাভাব [illegible] ব্যাপিয়া অনন্ত উন্নত পদের সেবাধিকার লাভ করিতে পারি। স্বতন্ত্রতার সদ্ব্যবহার করাই উচিত, অসদ্ব্যবহার করা উচিত নহে—ইহা শিক্ষা দেওয়ার জন্যই দণ্ডের ব্যবস্থা করিয়াছেন—মায়িক জড়ের সহিত অভেদ 'অহঙ্কার' পর্যন্ত পরমানন্দ-লাভের অনিষ্ট বাধাস্বরূপ মায়িক আবরণ সৃষ্টি করিয়াছেন। কৃষ্ণসেবানন্দ-প্রাপ্তিই আমার প্রয়োজন—মায়া-কারাগারে ক্লেশ-ভোগ করা প্রয়োজন নহে—ইহা শিক্ষা দেওয়ার জন্য দণ্ডের ব্যবস্থা।

তটস্থ-জীবশক্তি আমি নিত্যপতি কৃষ্ণকে পতিরূপে বরণ করিলাম না—কৃষ্ণবিমুখ হইয়া নিজসুখানুসন্ধানে মায়ার প্রতি আত্মনিবেশ করিলাম—নিজেই কৃষ্ণ সাজিয়া নিদারুণ ক্লেশের সাগরে নিমজ্জিত হইলাম।

আমি স্বেচ্ছায় ভগবানের সেবা পরিত্যাগ করিয়াছি বলিয়া ভগবান্ ত' আমাকে পরিত্যাগ করেন নাই। পরমকরুণাময় ভগবান্ শ্রীকৃষ্ণ সপার্ষদে ও স্বধামের সহিত অবতরণ করিয়াছেন—আমাকে উচ্চগতির সুবিধা প্রদান করিবার জন্য। আমি যে কৃষ্ণ নই, আমি তটস্থশক্তি ... ও ভোগ—ইহা শিক্ষা দেওয়ার জন্য স্বয়ং কৃষ্ণই শ্রীগৌরসুন্দররূপে শ্রীমায়াপুরে অবতরণ করিয়া নিজেকে আশ্রয়জাতীয় জীবাভিমানে বলিতেছেন, "জীবাধমে কৃষ্ণ জ্ঞান কভু না করিবা।" স্বয়ং কৃষ্ণই কৃষ্ণভজন করিয়া মাদৃশ অপরাধী জীবকে শিক্ষা দিতেছেন—কৃষ্ণভজন করাই আমার একমাত্র স্বাভাবিক ধর্ম—কৃষ্ণসাজা আমার পক্ষে অস্বাভাবিক, অনুচিত ও অপরাধ।

স্বয়ং ভগবান্ শ্রীগৌরসুন্দর ও তদাশ্রিত বিগ্রহ শ্রীমদাচার্য্যবৃন্দ কত কৃপা করিয়া বলিতেছেন—"হে জীব, সর্ব্বক্ষণ কৃষ্ণভজন কর। কৃষ্ণ সাজিও না।" তাঁহাদের কথা কেন শুনিব না? কৃষ্ণ সাজার অন্ত প্রতি ... হিসে। ... নিদারুণ যন্ত্রণাদায়ক জড়সম্ভোগ-বাসনারূপ ক্লেশ কি অনুভব করি নাই? আমি বুঝিয়াছি 'কৃষ্ণসাজার মত' কৃষ্ণের চরণে অপরাধ, বোকামী, নিষ্ঠুরতা ও ... আর কিছু নাই। কৃষ্ণ ... দর্শন করা বিষ খাইয়া আত্মহত্যা অপেক্ষাও মন্দ। অনাদিকাল হইতে বঞ্চিত হইয়াছি, আর বঞ্চিত হইব না, যে আমাকে কৃষ্ণ ... প্রীতিময়ী ... অবিদ্যা ... অজ্ঞানগর্ত্তে ফেলিয়া ভয়ানক ক্লেশ ভোগ করাইতে চাহে, সেই মায়া পিশাচীর কথা আর শুনিব না। আমি সাধুগুরুকৃপায় বুঝিতে পারিয়াছি, আমার একমাত্র বন্ধু ও আমার আশ্রয় ভগবান্ শ্রীগৌরসুন্দর ও তদাশ্রিত ... । আমি তাঁহাদের কথাই সর্ব্বক্ষণ ও নিত্যকাল শুনিব, তাঁহাদের শ্রীপাদপদ্মই সর্ব্বতোভাবে আশ্রয় করিব। ইহাই আমার স্বতন্ত্রতার সদ্ব্যবহার। স্বতন্ত্রতার সদ্ব্যবহার করিতে আমার সম্পূর্ণ অধিকার আছে। শ্রীগৌরনিত্যানন্দের আদেশে 'আর নাচে না'—অর্থাৎ আর আমি কৃষ্ণ সাজিব না বলিয়া প্রতিজ্ঞা সর্ব্বক্ষণ করিবই। আমি নিঃসংশয়ে জানিয়াছি, 'আর কৃষ্ণ সাজিব না'—এই প্রতিজ্ঞা প্রতিপালন করিতে না পারিলে শ্রীগুরুনিত্যানন্দের শ্রীপাদপদ্মে আশ্রয় পাইব না ও শ্রীগুরুনিত্যানন্দের কৃপা না হইলে, শ্রীগৌরনিত্যানন্দের সেবা অর্থাৎ বিপ্রলম্ভ-কৃষ্ণভজন অবধারণ হইবে না। স্বতন্ত্রতার অসদ্ব্যবহার করিয়া স্বেচ্ছায় কৃষ্ণ সাজিয়াছিলাম,—এখন শ্রীগুরুকৃপা বরণ করিয়া স্বতন্ত্রতার সদ্ব্যবহার করিয়া স্বেচ্ছায় 'কৃষ্ণ সাজার' দাম্ভিকতা পরিত্যাগ করিবই—স্বেচ্ছায় সর্ব্বতোভাবে সর্ব্বকালের জন্য শ্রীগৌরসুন্দরের সেবার জন্য—বিপ্রলম্ভ কৃষ্ণভজনের জন্য শ্রীগুরু-নিত্যানন্দ পাদপদ্ম আশ্রয় করিবই—বৈষ্ণবঠাকুর শ্রীল বৃন্দাবনদাস-গোস্বামি-প্রভুর আদেশ প্রতিপালন করিব—

"সংসারের পার হই ভক্তির সাগরে।
যে ডুবিবে, সে ভজুক নিতাই-চাঁদেরে॥"

ভজন

——:০:০:০:——

আমরা সদ্গুরুর সন্ধান পাইয়াও অনেক সময় ভজনে উন্নতি লাভ করিতে বা অগ্রসর হইতে পারি না। ভজন ত' দূরের কথা, অনর্থনিবৃত্তি পর্য্যন্তও হয় না। অনর্থনিবৃত্তি না হইলে শুদ্ধভজন হয় না, ইহা আমরা শাস্ত্রে পাই। সুতরাং যিনি অনর্থের কবল হইতে নিষ্কৃতি পান নাই, তাঁহার হরিভজন কিরূপে হইবে? সাধুতে সাধুবুদ্ধি—সাধুকে সাধু ... ভজনের মূল। যেখানে সাধুগুরুর প্রতি সম্বন্ধ-দৃঢ়তার অভাব, সেখানে সাধুর দর্শন পাইয়াও প্রকৃত সাধুদর্শন বা সাধুসঙ্গ হয় না। ... সম্পদ এবং সুখের বাধাকেই বিপদ বলিয়া মনে করি, ভজন ... আমাদের ... সহায়তা করেন, তাঁহাদিগকে শত্রু জ্ঞান করি। ... নিকট আমরাও ... আমি' নিরাকরণে ভুল হইতেই এইরূপ ... ঘটে। যদি আমার 'আমি' নিরূপণ ঠিক হয়, তবে সেখানে মহাবিপজ্জনক ইন্দ্রিয়তর্পণ-পক্ষ ও কাম বিষয় হয় না। 'আমি ভগবানের, ভগবান্ আমার' এতদ্ব্যতীত যত অভিমান, সব কাল্পনিক। 'আমি' বস্তুটী কৃষ্ণদাস এবং 'আমার' বস্তুটী 'কৃষ্ণ'। সুতরাং আমার সুখ বলিতে যে, কৃষ্ণেরই সুখ, তাহাতে আর সন্দেহ কি? এই কৃষ্ণসুখবাঞ্ছা যেখানে, সেখানে হরিভজন। সেইজন্যই বলিতেছি, অস্থাভিলাষই ভজনের বাধা।

প্রভু হইবার ইচ্ছাই বদ্ধতা। বদ্ধজীবমাত্রই এই রোগে আক্রান্ত। প্রভুত্ব করা ত' আর সেবা নহে। দাস্যই জীবের স্বরূপের বৃত্তি। সুতরাং প্রভুত্বাভিমানের কবল হইতে ... শ্রীগুরুকৃপার বল না পাইলে ... কি করা যাইবে? প্রভুত্ব আর দাস্য ত' যুগপৎ থাকিবে না। আলো ও অন্ধকার, কাম ও প্রেম কি একস্থানে থাকে? যেখানে আত্মেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছা বা প্রভুত্বাভিমানের লেশমাত্র আছে, সেখানে সেবা কি করিয়া থাকিবে? সেখানে কৃষ্ণের পরিবর্ত্তে মায়াই, সেবার পরিবর্ত্তে ভোগাই হৃদয় অধিকার করিয়া বসিয়াছে। সেবক সেবার পরিবর্ত্তে অন্য কিছু চান না; পরন্তু উত্তরোত্তর সেবাই চান, ইহাই সেবকের সত্তা। যেখানে কর্ত্তাভিমান বা ফলাকাঙ্ক্ষা আছে, তাহার ফলটা ভগবান্ পান না, সেখানে কর্ম্মের আবাহন ব্যতীত সেবার স্থান কর নাই। কর্ম্মের ফল নিজেন্দ্রিয়তর্পণ, আর সেবার ফল কৃষ্ণসুখবিধান। ভজনের মূল আত্মনিবেদন বা সাধুগুরুতে শ্রদ্ধা বা ... ভক্তিভজন ... । ... সেবাকার্য্যের পর্য্যালোচন বিষয়—প্রভুর সহিত ... বা প্রীতি। প্রভু হওয়ার ... প্রভুসেবারূপ ভজন হইবে না। হরি যাঁহাকে হরণ করেন—আত্মসাৎ করেন তিনিই হরিজনা। অকিঞ্চন হইয়া ... লাভ করিতে পারেন। হরি কৃপাময়। তাঁহার কৃপার শেষ নাই, দয়ার তুলনা নাই। 'হে কৃষ্ণ, আমি তোমার দাস, তুমি ছাড়া আমার আর কেহ নাই'—এই কথা অকপটে ... হরি ও হরিজন ... প্রতি ... করেন। ... দীনতা ও ... যেখানে প্রকাশিত, ... উদয়। সেইজন্য ..., যিনি হরিগুরু-চরণে আত্মসমর্পণ করেন, তাঁহাকে ... অঙ্গীকার করেন, তাঁহারাই ... নিজের সুখ কাহার জানিতে পারেন, তাঁহার ... নিজস্ব ... বলিয়া বরণ করেন যাঁহার হরিভজন হইতে পৃথক্ অবস্থান নাই, ... দৃঢ় উপলব্ধি হয়, যিনি প্রভুর ... নিজের সুখ বলিয়া মনে করেন, তিনিই হরিভজন লাভ করিতে পারেন।

নিরপরাধে হরিকথা ও হরিনাম শ্রবণ করিলে চিত্ত নির্ম্মল হয় এবং ক্রমশঃ হৃদয়ে বিচারপরতা বা কৃষ্ণতত্ত্বের উদয় হইয়া থাকে। কপটতা করিয়া নিজেকে উচ্চাধিকারী বা রাগানুগ ভক্ত মনে করিলেও ভজন হয় না। প্রকৃত বৈষ্ণবতায় পরমভক্ত হইয়াও মহাভাগবত অভিমান কার্পণ্য, আর্ত্তি ও দৈন্য দৃষ্ট হইয়া থাকে। অপ্রাকৃত গুরুবৈষ্ণবের শুশ্রূষাকারী অকিঞ্চন শরণাগত নিবেদিতাত্মা শিষ্যের সেবোন্মুখ জিহ্বায় শ্রীনাম উদিত হন। শ্রীমদ্ভাগবত শ্রবণ করিতে করিতে, সুবচন অর্থাৎ কীর্ত্তন করিতে করিতে ও বিচার অর্থাৎ স্মরণ করিতে করিতে সেই ভক্তের দ্বারা জীব নির্ম্মল ... মুক্ত হন অর্থাৎ স্বরূপসিদ্ধি লাভ করেন। ভজনে কষ্ট নাই, তাহা পরমানন্দময়। কর্ম্মমিশ্রা ভক্তি ও জ্ঞানমিশ্রা ভক্তি শুদ্ধভক্তি নহে। শুদ্ধভক্তের হৃদয়ে অন্যাভিলাষ ব্যতীত অন্য কোন কথার স্থান নাই। নিজে শুদ্ধ না হইলে ভজন শুদ্ধ হয় না। পরমশুদ্ধ শ্রীগুরুপাদপদ্মের কৈঙ্কর্য্যে প্রতিষ্ঠিত হওয়াই আত্মশুদ্ধি। শ্রদ্ধা ও দৈন্যই ভজনের মূল। যেখানে শ্রদ্ধা বা দৈন্য নাই, সেখানে অশ্রদ্ধা বা দাম্ভিকতা আছেই। ভগবদ্দাস্য ব্যতীত ... কিছু অভিমান ... দাম্ভিকতা। ... ভজন ... দাস্য ও বাক্য এই ত্রিবিধ আনুগত্যই ভজন।

পরিক্রমা-প্রসঙ্গ

——:০:——

... দিনপঞ্জিকা ... সেবাধিকতায় নিরন্তর হরিকীর্ত্তন ... রূপ সম্পন্ন হইয়াছে। বর্ত্তমানে ... উপস্থিত হইয়া শ্রীমায়াপুরবাসী ভক্তগণের নিকট হরিকথা শ্রবণ করিতেছেন। ... আচার্য্যদেব ও ... গোস্বামী মহারাজ, শ্রীল ... সাগর ... প্রমুখ ভক্তগণ সমাগত শ্রোতৃমণ্ডলীর নিকট অনর্গল হরিকথা কীর্ত্তন করিতেছেন।

গত ২২শে ও ২৩শে ফাল্গুন শ্রীপাদ ... প্রভুপাদের ... আহুত ... ত্রিদণ্ডি গোস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ ... মহারাজ ... এবং ... হরিকথা কীর্ত্তন করিয়াছেন। গত ... ও ... ফাল্গুন ... দুই ঘণ্টা অবিরত ... শ্রোতৃমণ্ডলীর ... নিবিষ্টচিত্তে ... বাগ্মিতা প্রতিষ্ঠিত ... করেন। ২৫শে ফাল্গুন ... প্রাতেও তাঁহার ভজনকুটীরের সম্মুখে ... হরিকথা কীর্ত্তন করেন। ... নাটমন্দিরে ... পাঠ কীর্ত্তন হইতে থাকে। ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ... সাগর মহারাজ, ... পণ্ডিত ... বিদ্যাবিনোদ এবং মহোপদেশক পণ্ডিত শ্রীল ... কিশোরীমোহন ... ইহার পর হরিকথা কীর্ত্তন করেন।

... শ্রীপাদ ... সাগর মহারাজ ও শ্রীপাদ ... প্রভু শ্রীল ... হরিকথা কীর্ত্তন করেন। গত ... ফাল্গুন প্রাতে ... বিদ্যাভূষণ ... শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা ... অপরাহ্নেও হরিকথা ... মধ্যাহ্ন ... সন্ধ্যায় ও রাত্রে সর্ব্বক্ষণই শ্রীমদ্ভাগবতের কথা কীর্ত্তিত হইতেছে। ... সুবর্ণ-সুযোগ, হরিকথা-শ্রবণের এমন সুযোগ আর পাওয়া যায় না।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রীজগমোহন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার [illegible]
সেবক — শ্রীমদ্ [illegible] দাস ভক্তিশাস্ত্রী [illegible]

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রী [illegible] দাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক — শ্রীকৃষ্ণচৈতন্য ব্রহ্মচারী

মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক — শ্রী [illegible] দাস [illegible]

কাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

নৃসিংহ কৃষ্ণাশ্রম [illegible]
শ্রীধাম মায়াপুর
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

স্বানন্দ সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

শ্রীগৌরানন্দ মঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

সার্ব্বভৌম গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক — শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক — শ্রী [illegible] দাস অধিকারী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক — শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রী শ্রী [illegible] দাস অধিকারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌরপুর নদীয়া
সেবক — শ্রী গোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
[illegible] (উক্ত [illegible] নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক — শ্রীগোবিন্দদাস বাবাজী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক — শ্রীঅমৃতানন্দ দেশিকাচার্য্য

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক — শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক — শ্রী [illegible]

ক্ষীরপাবাট গৌড়ীয়মঠালয়
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

পুরী গৌড়ীয়মঠ
চাঁদপুর [illegible]
সেবক — শ্রী [illegible] দাসাধিকারী

শ্রীমাধ্ব গৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা।
সেবক — শ্রী [illegible]

গোপালজীউমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

সদাশিব গৌরাঙ্গমঠ
পোঃ [illegible]
সেবক — শ্রী [illegible]

জগন্নাথ গৌড়ীয়মঠ
[illegible] পোঃ ময়মনসিংহ
সেবক — শ্রী [illegible]

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক — শ্রী [illegible] দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা বাজার (আসাম)
সেবক — শ্রী [illegible] দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
[illegible]
সেবক — শ্রী [illegible]

সংকীর্ত্তন গৌড়ীয়মঠ
পোঃ [illegible] সাহাবাদপুর ইউ, পি
সেবক — শ্রী [illegible] দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর পাটনা
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
[illegible] গয়া
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

শ্রীসনাতন গৌড়ীয়মঠ
[illegible]
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ এলাহাবাদ
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

পরমহংস মঠ
পোঃ নিমসার গৌড়াপুর (ইউ পি)
সেবক শ্রী [illegible] ব্রহ্মচারী

শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট পোঃ মথুরা
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক — শ্রী [illegible] দাসাধিকারী

ব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক — শ্রী [illegible] ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক — শ্রী [illegible] অধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক — শ্রী [illegible]

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন মথুরা
সেবক — শ্রী [illegible] দাস

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণ, মথুরা।
সেবক — শ্রী [illegible] দাস

গোষ্ঠবিহারী মঠ
[illegible]
পোঃ [illegible] (পাঞ্জাব)
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর কর্ণাল, (পাঞ্জাব)
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড নিউ দিল্লী
সেবক — শ্রী [illegible] শাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
[illegible] কল্যাণদাস বিল্ডিং, নং [illegible] ২৬
সেবক শ্রী [illegible] ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা, মাদ্রাজ
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

রামানন্দ-গৌড়ীয়মঠ
পোঃ [illegible] গোদাবরী [illegible]
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ [illegible] (পুরী)
সেবক — শ্রী [illegible] দাস অধিকারী

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী উড়িষ্যা
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক — শ্রী [illegible] দাসাধিকারী

ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], পুরী
সেবক — শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁধপাড়া, পোঃ কটক, উড়িষ্যা
সেবক — শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-শ্রবণ-সদন
পোঃ [illegible], মাদ্রাজ
সেবক — শ্রী [illegible] দাসাধিকারী

ভার্গবভুজমানন্দমঠ
[illegible], পোঃ [illegible], মেদিনীপুর
সেবক — শ্রী [illegible] দাসাধিকারী

অমর্ষি-গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি মেদিনীপুর
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক — শ্রী [illegible] দাসাধিকারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ভুমুরকুণ্ডা, পোঃ [illegible] (মানভূম)
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
[illegible] নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

লণ্ডন গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২, ৫১, [illegible] রোড [illegible],
লণ্ডন [illegible]
সেবক — [illegible]

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৯৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক — শ্রী [illegible] গোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
আমিনাবাদ ([illegible]) লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

শ্রীবিদ্যানিধি-গৌড়ীয়মঠালয়
[illegible], চট্টগ্রাম
সেবক — শ্রী [illegible] অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস,
বহরমপুর (গঞ্জাম)
সেবক — শ্রী [illegible] দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক — পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, [illegible],
নিমসার (ইউ, পি)
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রী [illegible] দাস অধিকারী

শ্রীধর অঙ্গন
সেবক — শ্রী [illegible] অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্, কটক
সেবক — শ্রী [illegible] ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রত্যেক বারে প্রতি লাইনে	॥০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	১৷০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৵৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ গৌড়গবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মধুরা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিয়াছেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা।

প্রাপ্তিস্থান—মধুরা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

নিরপেক্ষ যুক্তিপূর্ণ আলোচনা-গ্রন্থ; ইহাতে পাশ্চাত্য ও প্রাচ্যে ভাসমান আধুনিকগণের সম্প্রদায়, সমন্বয়, মহাজন, অবতার, একায়ন, বর্জ্জন ও তাহাদের যে প্রচলিত মিথ্যা-বিশ্বাসসমূহ, শ্রৌত ও শাস্ত্রীয় বিচার ও সমালোচনা প্রদর্শিত এবং পরমার্থ সম্বন্ধে মানবজাতির সাধারণ কর্ত্তব্যসমূহ, অভিধেয় সম্বন্ধীয় সকল প্রদত্ত হইয়াছে।

প্রাপ্তিস্থান—মধুরা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

অথবা

শ্রীযোগপীঠ-শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকট বিদ্যালয় ও বোর্ডিং-এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ৩য় শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৮।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রত্যেক বৎসরেই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৩৩৯ এবং ১৩৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থ শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতি সুন্দরভাবে সন্নিবেশিত হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

বিশ্ববিশ্রুত মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অলৌকিক প্রতিভার পরিচয় দিয়া এই অপূর্ব্ব অভিনব সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার অসাধারণ পাণ্ডিত্যের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকতা, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অতুলনীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের ব্যাখ্যা, প্রত্যেক অধ্যায়ের সারাংশ, তৎপরে সংস্কৃত গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গানুবাদ, তাহার তাৎপর্য্য, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, সর্ব্ব প্রাণের বক্তব্য প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে যোগ করা হইয়াছে। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী।
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রী ভক্তিবিনোদ-বাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে প্রশ্নোত্তরচ্ছলে তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা তিন টাকা।

প্রাপ্তিস্থান — শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রী ভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুর কৃত সর্ব্বপ্রথম বিশুদ্ধ সংস্করণ। কথাসার, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, বঙ্গানুবাদ পদাবলীর বিষয় নির্দ্দেশ, অধ্যায় বিবরণ, স্থান ও পাত্র প্রভৃতি সহিত গৌড়ীয়মিশন কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা গৌড়ীয়বৈষ্ণবসমাজের এক অমূল্য রত্ন। ইহা ডবল ক্রাউন আট পেজী আকারে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র ২॥০ টাকা।

প্রাপ্তিস্থান — শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর নদীয়া।

ছাত্রদের ভক্তিবিনোদ (২য় সংস্করণ)

ছাত্রদের উপযোগী করিয়া লিখিত সঙ্কলনে শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্রের পরিচয় দেওয়া হইয়াছে। ভিক্ষা চার আনা, ছাত্রদের পক্ষে দুই আনা।

প্রাপ্তিস্থান - শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া, অথবা শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ এম্, এ, বি-এল্, গুপ্তাপাড়া, পোঃ রমনা, ঢাকা।

ই, বি রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম)

আপ্

কলিকাতা ছাঃ	২-৫৮	৬-২১	৭-১৪	১১-২	৩-১০	১৬	৫ ১৭-৫৭	২২ ০
দমদম	৪-৪০	৬-৩	৭-৫৮	১১-৩৮	১৫-৩৮			২২
রাণাঘাট পৌঃ	৬-১৬	৮-১	৯-১৮	১৩-২৮	১৭-৫১	১৯-৩০	১৯-৩৫	০-৫৮
(রাণা) ছাঃ	৬-২৮	৮-৮	৯-২২	১৩-৩৩	১৮-২	১৮-৫৯	১৯-৫০	১-৩৬
কৃষ্ণনগর পৌঃ	৭-৫	৮-৪০	১০-৬	১৩-৫৪	১৮-৪১	২০-১৪	২০-৩৫	১-১

(রাণা) ছাঃ	৭-১০	১০-১	১৭-৩৮	২০-৫০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৮	১০-৫৯	১৮-১০	২০-১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১-৬
দমদম" ১১-১৮
রাণাঘাট পৌঃ ১-৪৪
" ছাঃ ১৩-০
শান্তিপুর পৌঃ ১৩ ২৮
(রাণা) ছাঃ ১৩ ৩৩ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ ১৪-১৫

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ ৬-১ ৮-৬ ১১-৪ ১১-১২ ১৬-১ ১৮-৫০
কৃষ্ণনগর পৌঃ ৬-৫১ ৮-৫৪ ১১-৪২ ১৫-০ ১৬-৫১ ১৯-৪১

ছাঃ	৭-১০	৮-৫১	১১-৪৭	১৪-১০	১৬-৫০	১৯-২২	২০-৪৬	২-৩১	
রাণাঘাট পৌঃ	৭-৪৫	৯-২৪	১২-২৬	১৫-৫০	১৭-৩০	২০-৩	২১-৩৯	৪-২০	
(রাণা) ছাঃ	৭-৫৩	৯-৩০	১২-৩৬	৫-৫৫	১৭-৫২	২০-১১	২১-২৫	৪-১৮	
দমদম		১১-৮		১৭-৩৬	১৯-৯	২১২৬	২৩-৩		
কলিকাতা পৌঃ	৯-৫১	১১-২০	১৪-১৬	১৭-৪৬	২২-৪০	২৩-১৫	৬-১৬		

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয় — মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র

২। ভাগবত — হিন্দীভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। প্রয়াগ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১, টাকা।

৩। পরমার্থী — শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয় - পণ্ডিত শ্রীযুক্ত নরহরি ব্রহ্মচারী কাব্যতীর্থ বি এ সম্পাদিত সাপ্তাহিক। ঢাকা শ্রীমাধ্বগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবিহিত সমন্বয়ের বেদান্তের মূর্ত্তবিগ্রহ শ্রীমন্মাধ্বগৌড়েশ্বর সম্প্রদায়াচার্য্য ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণে ভূ-মণ্ডলের নানা দেশের প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও বহুবাদী জিজ্ঞাসুবৃন্দগণ যে সকল প্রশ্ন করিয়াছিলেন, তাহার উত্তরকালিক সিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীরূপ রঘুনাথ-সিদ্ধান্তের ও তদনুগ সিদ্ধান্তবাণীতে অপ্রতিদ্বন্দ্বী গৌড়ীয়-ভক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুসন্ধিৎসু ও আত্মমঙ্গলকামীরই পাঠ্য ও আস্বাদনীয়।

ভিক্ষা— ৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা 'দৈনিক নদীয়া প্রকাশ' ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস

১নং, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর চাষাপাড়া ষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

মেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণশীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায়। ইহা সেবনে ক্ষুধা বৃদ্ধি হয়। লিভার, প্লীহা সংযুক্ত ম্যালেরিয়া এবং নূতন, পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ।৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। প্যাকিং মাশুল স্বতন্ত্র।

১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

বেহালা, ২৪ পরগণা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

REGD NO C.1544

শ্রীভক্তিসিদ্ধান্ত শ্রীভক্তিবিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গীতিগ্রন্থ-সমূহের তাৎপর্য্য ও ব্যাখ্যা এই গ্রন্থে সুন্দর-রূপে প্রকাশিত হইয়াছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তি-মাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৷৹ আনা।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ সহ প্রকাশিত হইয়াছে। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৷৹ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ভারতের সর্ব্বত্র বহুলপ্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৬শ বর্ষ } ৪ বিষ্ণু ৪৫৪ গৌরাব্দ ৩রা চৈত্র বঙ্গাব্দ ১৩৪৭, ১৭ই মার্চ্চ ইং ১৯৪১, সোমবার { ৭ম-৮ম সংখ্যা

শ্রীশ্রীল প্রভুপাদের উপদেশামৃত

ভক্ত ভজনীয় বস্তুর সেবাকার্য্যে নিযুক্ত থাকেন। তাঁহারা সচ্চিদানন্দ বস্তুকে জানেন, তাঁহার নিকট উপস্থিত হন, তাঁহার সেবা করেন। বিশ্বে পরিবর্ত্তনশীলতার জন্য উপাস্য বস্তুর অভাব আছে। ভগবদ্ভক্ত বলেন—ভগবান্ প্রাকৃত দর্শনের অতীত, কিন্তু চিদিন্দ্রিয়বিশিষ্ট। চক্ষুদ্বারা রূপ, কর্ণদ্বারা সঙ্গীত, নাসাদ্বারা ঘ্রাণ, জিহ্বাদ্বারা রস, ত্বক্‌দ্বারা স্পর্শ প্রভৃতি ভোগের একমাত্র মালিক তিনি। ভগবদ্ভক্ত নিজের সেবাময় নিত্য-স্বরূপটী ভগবানের দৃশ্য পদার্থরূপে উপস্থিত করেন। ভগবান্‌কে দেখিয়া তিনি সন্তুষ্ট হইতে চাহেন না; এই কার্য্যটীকে তিনি আত্মসম্ভোগ বলিয়াই জানেন। ভগবান্ তাঁহাকে দেখিয়া সন্তুষ্ট হইবেন, এটাই ভক্তের ইচ্ছা।

যে বাস্তববস্তু শ্রীগুরুপাদপদ্মের আরাধনা করা যায়, তিনি সর্ব্বশ্রেষ্ঠ তত্ত্ব, যেহেতু তিনিই সর্ব্বশ্রেষ্ঠ তত্ত্বকে আমাদের নিকট জানাইয়া দিয়া থাকেন। যিনি গুরু, তিনি ভগবচ্ছক্তিবিশিষ্ট এবং যিনি প্রকৃত শিষ্য তিনিও গুরুর শক্তিতে শক্তিমান্। সেই জন্য শ্রীগুরুচরণাশ্রয় ব্যতীত জীবের গতি নাই। আমরা শক্তিহীন, কিন্তু শ্রীগুরু-পাদপদ্মে অনন্ত শক্তি আছে। সুতরাং গুরুপাদপদ্ম আশ্রয় না করিলে জীব পুনরায় মায়াভূমিতে গমন করিবে।

ভগবন্মন্দির ও ভগবদ্ধামে যাইতে হইলে নগ্নপদ ও নম্রতাযুক্ত হইয়া যাইতে হয়, নতুবা সেবাপরাধ হয়। ভগবদ্গৃহে যান বা পাদুকা অবলম্বন করিয়া আসা অনুচিত। তবে শ্রীগুরুবৈষ্ণবের পাদুকা কিছু অপবিত্র নহে। তাহা বিষ্ণুমন্দিরে রক্ষিত ও সেবিত হইবেন। শ্রীগুরুপাদপদ্মের পাদুকা ভগবানের আসনের সহিতই একত্রে বসিতে পারেন।

কৃষ্ণ বস্তুটী ত্রিভুবনকে আকর্ষণ করেন। বাস্তববস্তুই আকর্ষক। তিনি কাহাকে আকর্ষণ করেন? চুম্বক লৌহকে আকর্ষণ করে, কিন্তু কাষ্ঠকে আকর্ষণ করে না। তদ্রূপ সেব্য ভগবান্ সেবোন্মুখ ও সেবককেই আকর্ষণ করেন। সেব্যের মাধুর্য্য-লোভে সেবোন্মুখ ও সেবকগণ আকৃষ্ট হন। সেই আকর্ষক বস্তুর এমন শক্তি আছে—যাহা দ্বারা তিনি আকৃষ্টকে টানিয়া লইয়া যান। মধ্যস্থলে বা পথে বাধা পড়িলে অর্থাৎ আবরণ ও বিক্ষেপ বা অন্য হেতু ও ব্যবধান ঘটিলে আকর্ষণ কম হয়। মধ্যস্থলে বা পথে আকৃষ্ট যদি অপর কোন অবাস্তব-বস্তুর দ্বারা আকৃষ্ট অর্থাৎ বঞ্চিত হয়, তাহা হইলে মূল আকর্ষণ হইতে বিচ্যুত হয়।

এ জগতে রূপ-রস-শব্দ-স্পর্শাদি আকর্ষক বস্তুগুলি আমার অতি নিকটে আছে। আমি দুর্ব্বল বলিয়া তাহাদের দ্বারা আকৃষ্ট হইয়া যাই। সেইজন্যই হরিকথা অনবরত শ্রবণ করিতে থাকিলেই তবে ঐ নিকটস্থ শত্রুর হস্ত হইতে রক্ষা পাইতে পারিব। ভগবান্ আমাদিগকে না টানিলে মায়া দ্বারা আকৃষ্ট হইতেই হইবে। ভগবদ্ভক্ত যে পথে গমন করিয়া ভগবৎসেবা পাইয়াছেন, আমি তাঁহার সেই পথই নিরন্তর অনুসরণ করিব। আমি ভগবদ্ভক্তের অনুগমনের চেষ্টা করিব। মূল বস্তু ভগবানের সেবা অপেক্ষা তদীয় সেবকের সেবা অধিক লাভজনক। তদীয় সেবায়ই আমাদের অধিকতর সুবিধা হইবে।

শ্রীশ্রীল আচার্য্যদেবের হরিকথামৃত

মহাভাগবতগণ যে ভাবে সম্বোধন ক'রে কৃষ্ণকে সুখ দিচ্ছেন, সেই ভাবে ডাক্‌লে আমাদের উপর শীঘ্র কৃপা হ'বে। সেই সম্বোধন কৃষ্ণের খুব প্রিয়। এইরূপ সম্বোধনে নামপ্রভুর কৃপা-কটাক্ষ শীঘ্র হ'বে। কৃষ্ণনামই ত' করতে হ'বে—এতে আর মর্য্যাদা লঙ্ঘন কি হ'বে? উহা ত' কৃষ্ণের খুব প্রিয়। কৃষ্ণ বা নাম আমার গুরুর বাধ্য। Queen Kingকে যেভাবে address করেন, সে-ভাবে প্রজা ডাক্‌লে মর্য্যাদা লঙ্ঘন হয়, কিন্তু সেখানে তা' নেই।

সাধু হওয়ার জন্য যে অনুশীলন, তাহাই সাধুসঙ্গ। কেবল সাধুর কাছে বসিয়া থাকা 'সাধুসঙ্গ' নহে। সাধুসঙ্গ-ফলে দিব্যজ্ঞানের উদয় হয়। সাধুসঙ্গের নিরবচ্ছিন্ন প্রবাহে অনুক্ষণ অবস্থান করিতে হইবে। অনুগত সেবোন্মুখ কর্ণের দ্বারা নিরপেক্ষ শ্রেষ্ঠ সাধুর শুশ্রূষা করিতে হইবে।

যে সকল বিষয় হরিনাম শ্রবণ-কীর্ত্তনের পক্ষে প্রতিবন্ধকরূপে উপস্থিত হয় বা তাহারা কোনরূপ প্রাতিকূল্যবিধান করে, সেইগুলিকে সর্ব্বতোভাবে বর্জ্জন করিবার জন্য দৃঢ় সঙ্কল্প করিতে হইবে। 'অদ্য প্রতিকূল বিষয় কিছু গ্রহণ করি, কল্য বা ভবিষ্যতে পরিত্যাগ করা যাইবে',—এইরূপ বিচারকে প্রাতিকূল্য-বর্জ্জনের সঙ্কল্প বলা যায় না। যখনই প্রতিকূল বিষয় উপস্থিত হইবে বা হইয়াছে, তখনই কালবিলম্ব না করিয়া সুদৃঢ়তার সহিত তাহা বর্জ্জন করিতে হইবে।

শুদ্ধভক্তিতে কর্ত্তব্য বা কৃতজ্ঞতা-বুদ্ধি নাই, তাহা কেবল আত্মার স্বাভাবিক অনুরাগ-মূলা। 'তোমার ইচ্ছায় আমার দুর্গতি হয় হউক, কষ্ট হয় হউক, অশান্তি হয় হউক, কোটী কোটী নরক-যন্ত্রণা ভোগ করিতে হয় হউক, কোটী কোটী জন্ম হয় হউক, কিন্তু তোমার সেবায় যেন উত্তরোত্তর রতি বর্দ্ধিত হয়।' ইহাই শুদ্ধভক্তের কথা।

প্রভুর যা'তে সুখ হয়, সেইটাই দরকার। আমার ভাল লাগাটা ভক্তি নয়, সেটা—অভক্তি। ভুল-বিচারটা ছাড়তে হ'বে। প্রীতি থাক্‌লেই সঙ্গ হয়, যত দূরেই থাকুক। যেখানে রুচি, সেখানে সঙ্গ। রুচির বা আবেশের অভাব যেখানে সেখানে সঙ্গ হয় না। প্রীতি না থাক্‌লে কি সঙ্গ হয়? প্রীতি থাক্‌লে এক সুরে বাজবে। গুরুকে সব দিতে হ'বে। নিজের জন্য কিছু রাখ্‌লে হ'বে না। ঐকান্তিক হ'তে হ'বে—সতীত্ব রাখতে হ'বে। দৃঢ়তা ও নিষ্ঠা না থাক্‌লে হ'বে না। একদিকে লক্ষ্য রাখ্‌তে হ'বে। একমুখী হ'তে হ'বে, অন্য দিকে মন দিলে হ'বে না।

নিষ্কপটতা, অকুটিলতা থাক্‌লে সুবিধা হ'বে। অন্যাভিলাষাদি থাক্‌লে সুবিধা হ'বে না। অকুটিল থাক্‌লে কৃষ্ণই এগিয়ে দেবেন। শাস্ত্রকথা—মহাজনবাক্য। তাহা কায়মনোবাক্যে গ্রহণ ক'রে পালন করতে হ'বে। যে শুশ্রূষু হ'ন না—গ্রহণ করেন না, সে কৃপা পাবে না।

বিষ্ণু ও বৈষ্ণবের সেবার জন্য যে নিজকে বলি দেওয়া—এর নামই ভক্তি। গুরুর আনুগত্যে কৃষ্ণভজন হ'বে। ভজন বা সেবন একই কথা। গুরুভজন গুরুসেবন একই।

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্য্যামিরূপে শিখান আপনে॥

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৭ বিষ্ণু সর্ব্বশিরা মঙ্গলবার গৌরাব্দ ৪৫৭

শ্রীগৌরসুন্দর

বহির্ম্মুখ মায়াবদ্ধ দেহ মনের অধীন কোন মর্ত্ত্য জীব হইতে জাত বা উৎপন্ন জীবাবেশ শ্রীগৌরসুন্দর নহেন। তিনি অনাদির আদি, সর্ব্বকারণ-কারণ হইয়াও শ্রীশচী জগন্নাথের শুদ্ধ বাৎসল্যপ্রেমে বশীভূত হইয়া তাঁহাদের পুত্রত্ব অঙ্গীকার করিয়াছেন। শ্রীগৌরসুন্দর ঐতিহাসিক ও প্রত্নতাত্ত্বিকের কোন গবেষণার বস্তু নহেন, তিনি স্বপ্রকাশ, অপ্রাকৃত বস্তু। তিনি নিজেকে নিজে না জানাইলে কেউ তাঁহাকে জানিতে পারে না। ঐতিহাসিকের কাছে তিনি আবিষ্কৃত হন না। তিনি কোন প্রাপঞ্চিক ব্যাপারগত বস্তু নহেন। প্রাকৃত দেশ, কাল, পাত্রের গণ্ডীর মধ্যে আনিয়া তাঁহাকে কেহ মাপিয়া লইতে পারে না। তিনি মায়াতীত, অপ্রাকৃত বস্তু। তাঁহার নাম, ধাম, কাম সবই অপ্রাকৃত। নিজের চেষ্টায় কেহ তাঁহাকে জানিতে বা চিনিতে পারে না। তাঁহার কৃপায়ই তাঁহাকে জানা ও চেনা যায়। তাঁহার ভক্তে শরণাগতিই তাঁহাকে জানিবার একমাত্র উপায়। শ্রীগৌরসুন্দর অজিত হইলেও শরণাগতের নিকট জিত। তিনি অধোক্ষজভাবে সেবা-গ্রহণও করেন আবার অনুগত সেবকের লীলাও করেন। তিনি পরমসেব্যবিগ্রহ হইয়াও জীবমঙ্গলের জন্য সেবাবিগ্রহ আচার্য্যলীলা প্রকাশ করিয়াছেন।

ভক্তের হৃদয়ই শ্রীগৌরাঙ্গের আবির্ভাব-ক্ষেত্র। ভক্তের হৃদয়ই শ্রীগৌরাঙ্গের বিহার স্থলী। ভক্তকে উল্লঙ্ঘন করিয়া ভগবদনুভাব কখনও উপলব্ধির বিষয় হয় না। বিষয়-বিগ্রহ অপেক্ষা আশ্রয়বিগ্রহের সেবা-চমৎকারিতাকে অধিকতরভাবে বরণ করিতে না পারিলে ভক্তিপথের চতুঃসীমানায়ও প্রবেশের কোন অধিকার নাই।

শ্রীগৌরসুন্দর ঔদার্য্যলীলাময় ভগবান্। তিনি কাঙ্গালের উদ্ধারের জন্য অঙ্গ-উপাঙ্গ-অস্ত্র-পার্ষদ এবং শ্রীধামসহ এই ভৌম নবদ্বীপ শ্রীধাম মায়াপুরে মহাযোগপীঠে অবতীর্ণ হইয়াছিলেন। স্বয়ং ভগবান্‌ই পঞ্চতত্ত্বরূপে জীবকল্যাণের জন্য—ব্রহ্মাদির দুর্লভ প্রেম জীবে প্রদানার্থ এ জগতে কৃপাপূর্ব্বক আগমন করেন। তিনি সংকীর্ত্তন-প্রবর্ত্তক। কলিজীবের মঙ্গলের পথ সুগম করিবার জন্য তিনি একমাত্র নামসংকীর্ত্তন-ধর্ম্ম-প্রচারার্থ এ জগতে আসিয়াছিলেন। একমাত্র নামসংকীর্ত্তন দ্বারাই তাঁহার সেবা হয়।

সংকীর্ত্তন-প্রবর্ত্তক শ্রীকৃষ্ণচৈতন্য।
সংকীর্ত্তনযজ্ঞে তাঁরে ভজে সেই ধন্য॥

পঞ্চতত্ত্বের পাঁচটী তত্ত্বই শ্রীকৃষ্ণচৈতন্য। শ্রীনিত্যানন্দ, শ্রীঅদ্বৈত, শ্রীগদাধর ও শ্রীশ্রীবাস পণ্ডিত—ইঁহারা সকলেই শ্রীকৃষ্ণচৈতন্য। ভক্তরূপ—শ্রীগৌরাঙ্গমহাপ্রভু, ভক্তস্বরূপ—শ্রীনিত্যানন্দ প্রভু, ভক্তাবতার—শ্রীঅদ্বৈত প্রভু, ভক্তশক্তি—শ্রীগদাধর প্রভু আর ভক্ত—শ্রীশ্রীবাস ঠাকুর।

শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু জীবে দয়া করি'।
স্বপার্ষদ স্বীয় ধাম সহ অবতরি'॥
অত্যন্ত দুর্লভ প্রেম করিবারে দান।
শিখায় শরণাগতি ভকতের প্রাণ॥

স্বয়ং ভগবানই পঞ্চতত্ত্ব ও দীক্ষা-শিক্ষা-ভেদে গুরুতত্ত্ব—এতদ্রূপে জগতে অবতীর্ণ হইয়াছেন। জীবের মঙ্গলময় পথ প্রদর্শন করিবার জন্য ইঁহারা কৃপাপূর্ব্বক এ জগতে অবতীর্ণ হইয়াছেন। প্রপঞ্চে কৃষ্ণদর্শন নাই। যে স্থানে দর্শনের অভাব, সেস্থানে বিরহ। এ জগতে কৃষ্ণসাক্ষাৎকার একমাত্র নামে। নামরূপেই কৃষ্ণ এ জগতে প্রকটিত হন। অপর প্রকাশ এ জগতে নাই। ইহাই শ্রীগৌরসুন্দর জানাইয়াছেন। মহাবদান্যাবতার শ্রীগৌরসুন্দর কৃষ্ণনাম জগতে দান করিয়াছেন—কৃষ্ণই কৃষ্ণকে পাইবার উপায় জানাইয়াছেন। কৃষ্ণনামোচ্চারণ দ্বারা কৃষ্ণানুসন্ধান করিতে হইবে—এখানে অনুসন্ধানই সাক্ষাৎকার—ইহাও গৌরসুন্দর জানাইয়াছেন।

মহাপ্রভু স্বয়ং-ভগবান্ হইয়াও জীবোদ্ধারের জন্য আচার্য্যলীলায় একটি কার্য্য স্বয়ং আচরণমুখে জীবের হরিভজনের সুগম পথের নির্দ্দেশ করিয়াছেন। 'কাঁহা যাঙ কাঁহা পাঙ মুরলীবদন'—এইরূপ বিপ্রলম্ভের সহিত কৃষ্ণের জন্য ব্যগ্র-ব্যাকুল হওয়াই জীবের একমাত্র প্রয়োজন, ইহা তাঁহার আচরণে দেখা যায়।

আদিলীলায় শ্রীগৌরসুন্দরের নাম—'বিশ্বম্ভর', সন্ন্যাসলীলায় তাঁহার নাম—'শ্রীকৃষ্ণচৈতন্য।' শ্রীগৌরসুন্দর কৃষ্ণনামপ্রেম প্রদান করিয়া কৃষ্ণের পাদপদ্মের প্রতি আকর্ষণ করিয়াছিলেন বলিয়া—জীবের চৈতন্য উৎপাদন করিয়াছেন বলিয়াই তাঁহার নাম শ্রীকৃষ্ণচৈতন্য। শ্রীকৃষ্ণচৈতন্যদেব তদীয় অনুগত জীবগণের চৈতন্য সম্পাদন করেন। শ্রীচৈতন্যের ভৃত্যগণই প্রকৃত নাম-ভজনকারী। অণুচিৎ জীবের ধর্ম্মই শ্রীচৈতন্যের পাদপদ্মভজন। শ্রীচৈতন্যমহাপ্রভুর কৃপা ব্যতীত কেহই কৃষ্ণভজনে অধিকার পাইতে পারেন না। শ্রীগৌরসুন্দর বদ্ধ ও মুক্ত উভয়েরই উপাস্য; কিন্তু কৃষ্ণভজনে একমাত্র মুক্তেরই অধিকার। গৌরকে লঙ্ঘন করিয়া কেহ কৃষ্ণভজন করিতে পারে না।

গৌরের সকলই বদান্য। তাঁহার নাম, ধাম, কাম, পরিকর—সকলেই মহাবদান্য। গৌরজনের কৃপায় বদ্ধজীবগণ শ্রীগৌরের সেবার অধিকার লাভ করিতে পারে। গৌরজনের কৃপা ব্যতীত গৌরতত্ত্ব উপলব্ধির বিষয় হইতে পারে না। তাই শ্রীল নরোত্তম ঠাকুর বলিয়াছেন,—

গৌরাঙ্গের সঙ্গিগণে নিত্যসিদ্ধ করি মানে
সে যায় ব্রজেন্দ্রসুত-পাশ॥

যৎকিঞ্চিৎ

ভগবানের অযাচিত কৃপায় আমরা অসৎসঙ্গ হইতে তফাৎ থাকিবার এবং সাধুসঙ্গে মঠে বাস করিবার সৌভাগ্য পাইয়াছি। এই মঠ কর্ম্মী, জ্ঞানী, যোগী বা অন্যাভিলাষীর মঠ নহে, ইহা শুদ্ধভক্ত-মঠ। এই মঠ ভোগাগার নহে, ইহা হরিগুরুবৈষ্ণবের সেবাস্থলী। মঠ গৃহ নহে, গৃহ হইতে মঠ সম্পূর্ণ পৃথক। মঠবাসী সকলেরই সমবেত চেষ্টা হরিগুরুবৈষ্ণবের সুখবিধান। গৃহ ভোগাগার—হরিবিস্মৃতির দ্বারস্বরূপ, আর মঠ হরিস্মৃতির—হরিসেবার আগার। গৃহস্থ সকলেই ভোগে ব্যস্ত থাকায়, নিজ সুখানুসন্ধানে ব্যাপৃত থাকায় সকলেই নিজ নিজ প্রাধান্য-বিস্তারে যত্নপর। সেখানে সকলেই প্রভু সাজিতে চায়। গৃহে একজন কর্ত্তা বা মালিক থাকিলেও অন্তরে কেহই তাঁহাকে মানে না। বাহ্যভাবে তাঁহার আনুগত্য করিয়া—তাঁহার অধীন বা শাসনে থাকিয়া নিজ নিজ ভোগ সংগ্রহ করিয়া থাকে মাত্র। মঠে কিন্তু এরূপ ধরণের কোন কথা নাই। পূর্ণ আনুগত্যধর্ম্মই এই মঠের প্রাণ। মঠের সকলেই নিরপেক্ষ ত্যাগী। বিধি ভগবদ্বিজ্ঞ-জনানুগত্যে ভগবানের সুখবিধানে তৎপর। প্রকৃত মঠবাসী যাঁহারা, তাঁহারা অকিঞ্চন। তাঁহারা শ্রীগুরুবৈষ্ণবসেবার জন্যই মঠবাস করেন। তাঁহাদের অন্যাভিলাষাদি নাই। তাঁহারা একমাত্র সেবাকামনা লইয়াই মঠে বাস করিতেছেন। প্রকৃত মঠবাসিগণের কোন গণ্ডগোল উপস্থিত হয় না। কারণ সকলেরই উদ্দেশ্য এক, সকলেই একপথের পথিক, একের অনুগত। সকলেরই উদ্দেশ্য ও চেষ্টা একতাৎপর্য্যপর হওয়ায় তাহা বড়ই সুন্দর—শান্তিময়। সেখানে পরস্পর পরস্পরে সহানুভূতি বর্ত্তমান। সেখানে পরস্পরের চিত্তবৃত্তিতে হিংসা বা মৎসরতা নাই, কিন্তু একতা এবং প্রতিযোগিতার ভাব দেখা যায়। শ্রীগুরুকৃষ্ণের কে কত বেশী সুখবিধান করিতে পারিবে, ইহা লইয়া পরস্পরের মধ্যে একটা প্রবল যত্ন-চেষ্টা, উদ্যম ও উৎসাহ আছে। এই যে উদ্যম, উৎসাহ ও যত্ন-চেষ্টা, তাহাতে সেবকের চিত্তবৃত্তিতে তৃণাদপি সুনীচ, তরোরপি সহিষ্ণু ও অমানি-মানদত্বের ভাবই অধিকতর পরিস্ফুট হইয়াছে। প্রকৃত মঠবাসী বলেন—'সকলেই আমার প্রভুর সুখবিধান করুন, সকলেই প্রভুর হইয়া যান। তাহা হইলে প্রভু আমাকেও নিশ্চয়ই কৃপা করিবেন। আমি সকলেরই পশ্চাতে থাকিয়া তাঁহার সেবালাভের যত্ন করিব।' তাঁহাদের চিত্তবৃত্তি এত উদার! তাঁহারা জীবের প্রতি এত কৃপালু।

আনুগত্যই ভক্তির মেরুদণ্ড। সেইজন্যই কৃপাপ্রার্থী ভক্তিলাভেচ্ছু জনগণ সর্ব্বতোভাবে শ্রীগুরুবৈষ্ণবানুগত্য স্বীকার করিয়া থাকেন। সংসারী লোকসকল যেরূপ কৃত্রিম আনুগত্য করিয়া থাকে, সেইরূপ কৃত্রিম আনুগত্য দ্বারা মঠবাস হইতে পারে না। আন্তরিকতার সহিত সকল কার্য্য না হইলে তাহা কপটতায় পর্য্যবসিত হইবে। কপটতা করিয়া সেবা হয় না—ভক্তিলাভ হয় না, বঞ্চনাই লাভ হয়। কপটকে গুরু-বৈষ্ণবগণ প্রতিষ্ঠাদি প্রদান করিয়া বঞ্চনা করিয়া থাকেন। নিষ্কপটতাই ভক্তির সোপান। একমাত্র শ্রীগুরুবৈষ্ণবের সুখ-বিধান করা ব্যতীত আমি আর কিছুই চাহি না। তাঁহাদের সুখবিধান ব্যতীত যে আমার নিজ মঙ্গল, তাহা চাহি না—এইরূপ চিত্তবৃত্তি হরিভজনকারী ব্যক্তির। মঠবাসীর আনুগত্য যদি কৃত্রিম হয়, সরলতা যদি কৃত্রিম হয়, তবে তাহার মঠবাসও কৃত্রিম হইবে। নতুবা মঠবাসের অভিনয় করিয়াও আমরা দিন দিন মঠবাসের পরিবর্ত্তে গৃহব্রতী বা প্রচ্ছন্ন ভোগী হইয়া পড়িব, স্ব-স্ব প্রাধান্য স্থাপনের জন্য প্রয়াসী হইব। দুর্ব্বল অনর্থগ্রস্ত আমরা সর্ব্বতোভাবে শ্রীগুরুপাদপদ্মের আনুগত্য করিতে না পারিলেও তজ্জন্য প্রয়াসী হইব এবং প্রাণপণ চেষ্টা করিব। শ্রীগুরুবৈষ্ণবের সেবাই আমাদের নিত্য কৃত্য। গুরুসেবা না হইলে কাহারও মঠবাস, ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্ন্যাসধর্ম্ম সংরক্ষিত হইতে পারে না। সকল ধর্ম্মেরই মূলে শ্রীগুরুপাদপদ্ম। শ্রীগুরুপাদপদ্মকে কেন্দ্র করিয়াই সকল ধর্ম্ম অনুষ্ঠিত হয়। গুরুসেবাই ভক্তিধর্ম্মের মেরুদণ্ড।

গুরুবৈষ্ণবভগবান্ আমাদের সম্মুখে থাকিলে আমরা অনাচার করিতে পারি না, কিন্তু তাঁহাদের অসাক্ষাতে অনেক সময় অনেক দুর্ব্বুদ্ধির উদয় হয় এবং অনেক অন্যায় কার্য্যও করিয়া ফেলি। গুরুবৈষ্ণবগণ অন্তর্যামী, তাঁহারা সর্ব্বত্রই আছেন, আমরা দেখিতে না পাইলেও তাঁহারা সর্ব্বক্ষণই আমাদিগকে লক্ষ্য করিতেছেন, আমরা মনে কি চিন্তা করি, তাহাও তাঁহারা জানেন। সুতরাং তাঁহাদিগকে ফাঁকি দিয়া ভগবৎ-সেবা লাভ করিবার উপায় নাই। লাভ-পূজা-প্রতিষ্ঠার আশায় হৃদয় ভরপুর করিয়া রাখিয়া তাঁহাদের চক্ষে ধূলিনিক্ষেপ করিয়া ফাঁকতালে কৃষ্ণকে পাইবার উপায় নাই। যিনি যাহা, তাঁহাকে সেইরূপ বিশ্বাস না করাই অন্যায়।

শ্রীগুরুবৈষ্ণবের অভ্যাদিত্যে সন্নিহানরূপ নাস্তিকবুদ্ধি না যাওয়া পর্য্যন্ত মঙ্গললাভ করিবার সম্ভাবনা নাই।

মঙ্গলাকাঙ্ক্ষী জীবমাত্রেই ভগবৎ-সেবা-অভিলাষী। এই সেবা লাভ করিতে হইলে আমাদের খুব সতর্কতার সহিত সেবা করিতে হইবে। আমাদের খুব দৃঢ়প্রতিজ্ঞ হওয়া দরকার। জগতের সকল লোকও যদি স্বতন্ত্র হইয়া যায়, ভক্তি ছাড়িয়া যথেচ্ছাচারিতা চালায়, গুরু-বৈষ্ণবের আনুগত্য না করে, গুরুর উপর গুরুগিরি চালায়, তাহা হইলেও অযোগ্য ভৃত্যানুভৃত্যাধম আমি কিছুতেই শ্রীগুরুপাদপদ্ম-সেবাব্রত পরিত্যাগ করিব না—এইরূপ প্রতিজ্ঞা-বিশিষ্ট হইয়া সেবাক্ষেত্রে নামিলে—শ্রীহরি-গুরুবৈষ্ণবসেবা-লাভেচ্ছু হইলেই আমাদের জীবন সার্থক হইবে। আমাদের আদর্শ হইবে অতিমর্ত্ত্য গুরুসেবকগণ, তাঁহাদের গুরুসেবাময় জীবনই আমাদের আদর্শ। আমরা সেই আদর্শেরই অনুসরণ করিব, যদি গুরুবৈষ্ণবগণ বহির্ম্মুখ লোক-বঞ্চনার জন্য অন্যরূপ আদর্শ প্রকট করেন, তাহা হইলে সেই আদর্শ আমাদের গ্রহণীয় নহে।

শ্রীগুরুবৈষ্ণবগণ আমাদিগকে সকলকেই যথাযোগ্য সম্মান দিতে বলেন, নিজেকে অমানি-মানদ, কাঙ্গাল হইতে বলেন। অমানি-মানদ না হইলে হরিনামকীর্ত্তনে অধিকার হয় না।

গুরুবর্গ বলেন, বাহিরের কাজকর্ম্মে সময় কম দিয়া যাহাতে হরিভজনের দিকে বেশী সময় দেওয়া যায়, তাহাই করিতে হইবে। এইরূপভাবে চলিলে ক্রমে ২৪ ঘণ্টাই হরি-ভজনের পথে চলিতে পারা যাইবে। চোখের ক্রিয়া একেবারে বন্ধ করিয়া দিয়া কাণটিকে সজাগ রাখিতে হইবে। শ্রবণ, দর্শন, ঘ্রাণ প্রভৃতি সকল কার্য্যই কাণের দ্বারা করিতে হইবে, তবেই প্রত্যেক ইন্দ্রিয়ের যথাযথ ব্যবহার করিতে পারা যাইবে নতুবা বহির্ম্মুখ ইন্দ্রিয়ের দ্বারা যাহা কিছু করা যাইবে তাহা সবই ভোগ হইয়া যাইবে, ফলে নরক। দৃঢ়তা না থাকিলে হরিভজন হইবে না। দৃঢ়তা, সরলতা ও অভিনিবেশ থাকিলেই আমাদের সুবিধা হইবে।

শ্রীগুরুবৈষ্ণবপাদপদ্ম-বিস্মৃতি যাহাতে না আসে তজ্জন্য সর্ব্বক্ষণ সচেষ্ট থাকিতে হইবে। সর্ব্বক্ষণ তাঁহাদের অনুগত থাকিয়া তাঁহাদের আদর্শ অনুসরণমুখে জীবন যাপন করিতে হইবে। তাঁহাদের সঙ্গে থাকিয়া সর্ব্বদা হরিকথা-শ্রবণকীর্ত্তনমুখে জীবনযাপন করিলে অবিদ্যা তিরোহিত হইয়া শ্রীনাম-কীর্ত্তনে যোগ্যতা লাভ হইবে। শুদ্ধভাবে শ্রীনাম-কীর্ত্তন করাই সকলের কাম্য হওয়া উচিত।

দুর্দ্দৈব

——]:•:(•):•:[——

বহুভাগ্যফলে ভুবনৈকবন্দ্য শ্রীগুরুপাদ-পদ্মতলে আসিবার সৌভাগ্য আমার হইয়াছিল। দেবতাগণ যাঁহার সন্ধান পান না সেই কৃষ্ণপ্রেষ্ঠ, কৃষ্ণের প্রিয়তম শ্রীগুরুপাদ-পদ্ম অহৈতুকী কৃপা করিয়া স্বেচ্ছায় দর্শন-দান করিয়া তাঁহার শ্রীচরণাশ্রয়ের সুযোগ প্রদান করিয়াছিলেন। আমি অসংখ্য প্রকার দোষে দোষী হইলেও—আমার সংসারে আসক্তি থাকিলেও কৃপা-বতার শ্রীগুরুবৈষ্ণবগণ কৃপাপূর্ব্বক আমাকে কৌশলে আকর্ষণ করিয়া মঠবাসের সৌভাগ্য ও সাধুসঙ্গের সুযোগ প্রদান করিয়াছেন। হরিভজনের অপূর্ব্ব সুযোগ উপস্থিত হইয়াছে। হরিধামে বাস, হরিজনের সঙ্গ, হরিকথা-শ্রবণের সুযোগ ভগবৎকৃপায়ই লাভ হইয়াছে। কিন্তু দুর্ভাগা আমি, এত সুযোগ-সুবিধা পাইয়াও আমার নিত্যমঙ্গলসংগ্রহে উদাসীন থাকিলাম। আমার দুর্দ্দৈবের কথা আর কি বলিব? এত সুযোগ-সুবিধা কি কেহ কখনও পাইয়াছে? চতুর্দ্দিক্ হইতে এত অপূর্ব্ব সুযোগ পাইয়াও যখন আমি মঙ্গল লাভ করিতে পারিলাম না ও পারিতেছি না, তখন আমার মত দুর্ভাগা আর বিশ্বে কে আছে? শ্রীগুরুদেব কৃপা করিয়া কখনও স্বয়ং আবার কখনও বা তাঁহার একান্ত অনুগত প্রিয়জনের দ্বারা আমাকে সংশোধনের জন্য আমাকে নিকটে রাখিয়া কখনও স্নেহবাক্য, কখনও বা তীব্র ভর্ৎসনার দ্বারা আমার মঙ্গলের জন্য চেষ্টা করিতেছেন। এই সকল দেখিয়া শুনিয়া কখনও কখনও নির্ব্বেদ আসে এবং তজ্জন্য অনুতপ্ত হইয়া আর এরূপ অন্যায় করিয়া তাঁহাদের প্রাণে ব্যথা দিব না বলিয়া প্রতিজ্ঞা করিতেছি। কিন্তু হায়, আমার কি দুর্দ্দৈব যে, দুই একদিন পর পুনরায় সেই পূর্ব্ব অভ্যস্ত কার্য্যই করিয়া বসিতেছি। তজ্জন্য তাঁহারা পুনরায় দুঃখিতই হইতেছেন। আমার এ দুর্দ্দৈবের কথা আর কি বলিব?

এমন করুণাময় শ্রীগুরুবৈষ্ণবগণের দেবদুর্ল্লভ সঙ্গসুযোগ পাইয়াও তাঁহাদের সেবা করা ত' দূরের কথা, তাঁহাদিগকে কেবল সর্ব্বক্ষণ উদ্বেগ প্রদানই করিতেছি। হরিভজন করিতে আসিয়া আমি আজ ভজনে উদাসীন হইয়া পড়িয়াছি। আমি কার্য্যতঃ গুরুসেবায় উদাসীন থাকিয়া নিজেকে একজন গুরুর একান্ত অনুগত শিষ্য বলিয়া প্রচার করিবার জন্যই উৎসাহযুক্ত হইয়া পড়িয়াছি। ইহা আমার চরিত্রের দিকে লক্ষ্য করিলেই বুদ্ধিমান্ ব্যক্তিগণ অনায়াসে বুঝিতে পারিবেন। গুরুসেবা না করিয়াই মনে করিতেছি, আমি গুরুপাদ-পদ্মের একজন অন্তরঙ্গ সেবক। কপটতার আশ্রয় লইয়া শ্রীগুরুবৈষ্ণবগণকে আমার সেবাবিমুখতা জানিতে না দিয়া আমার সেবাবিমুখতা বা প্রতিষ্ঠাকাঙ্ক্ষাকেই শ্রীগুরু-সেবা বলিয়া চালাইবার জন্য আমি নিজেই নিজের প্রচারক হইয়া পড়িয়াছি। কিন্তু কি দুর্দ্দৈব! আমি একবারও চিন্তা করিবার অবসর পাই না যে, আমি কোন পথে চলিয়াছি। আমি একবারও নিষ্কপটভাবে আমার অযোগ্যতা চিন্তা বা আমার হৃদয়ের অনর্থগুলি গুরুবৈষ্ণবগণকে জানাইতে পারিতেছি না, অন্তর্যামী গুরুবৈষ্ণবগণকে ফাঁকি দিয়া 'আমি সর্ব্বক্ষণ বড়ই সেবারত'—দেখাইবার জন্য কতই না কৌশলজাল বিস্তার করিতেছি। আমি যে ডালে বসিয়াছি, সেই ডালকেই কাটিতে উদ্যত হইয়াছি। আমি যাহা প্রচার করিতেছি, তাহার বিপরীতই আচরণ করিতেছি। আমি মুখে প্রাকৃত-সহজিয়াকে নিন্দা করি, কিন্তু প্রাকৃত-সহজিয়া অপেক্ষাও যে আমার চিত্তবৃত্তি অতীব ঘৃণ্য, সেদিকে আমার আদৌ লক্ষ্য নাই। অন্তর্যামী গুরুবৈষ্ণবগণকে ফাঁকি দিতে গিয়া যে আমি নাস্তিকতার চরম সীমায় গিয়া পৌঁছিয়াছি, কপটতা রাক্ষসীর কবলে কবলিত হইয়া আমি তাহা বুঝিতেই পারিতেছি না। মুখে অসৎকে অসৎ বলিলেও যদি অসতের চিত্তবৃত্তিই আমার থাকিয়া যায়, তাহা হইলে আমার অসৎকে গর্হণ করার মূল্য কি আছে?

আমি আপনার দোষে আপনিই বঞ্চিত। আমি বৈষ্ণবসেবা না করিয়া বৈষ্ণব হইতে বড়ই অভিলাষী। কেহ আমাকে বৈষ্ণব বলিলে—ভাল বলিলে—আমার প্রশংসা করিলে আমি বড়ই উল্লসিত হই, সেবায় আমার বড়ই উৎসাহ হয়। আমি নিজের সেবাদক্ষতার বড়াই করিয়া গুরুবৈষ্ণবকে উল্লঙ্ঘন করিতেছি। তাঁহাদের পদধূলিই আমার সত্তা—দাম্ভিকতামোহে এ উপলব্ধি আজ আমার নাই। নিজেকে বৈষ্ণব অভিমান করায় বহুদিন গুরুবৈষ্ণবগণের নিকটে থাকবার অভিনয় করিয়াও গুরু-বৈষ্ণব-সঙ্গ আমার হইল না। বৈষ্ণবগণ আমাকে পরীক্ষা করিবার জন্য কতই না সম্মান-সূচক বাক্য বলেন, কিন্তু সেই সময় আমি আমার দুর্দ্দৈব ও দুর্দ্দশার কথা না ভাবিয়া মনে করি, আমি যখন বৈষ্ণবের সম্মানের পাত্র হইয়া পড়িয়াছি, তখন আমি কি আর বৈষ্ণব না হইয়াছি? এইরূপে আমি প্রতিমুহূর্ত্তেই আত্মবঞ্চনার পথে ছুটিয়া চলিয়াছি।

আমি স্থূলভাবে গ্রাম্যকথা পরিত্যাগ করিবার চেষ্টা করিতেছি বটে, কিন্তু অন্যাক্ত বাক্যবাগীশ হইয়া সর্ব্বক্ষণই প্রচ্ছন্ন প্রজল্পের ফুলঝুড়ি ছুটাইতেছি। নানা প্রকার প্রজল্প, বৈষ্ণবনিন্দা, বৃথা হাস্য-পরিহাস প্রভৃতিতেই মত্ত হইয়া রহিয়াছি।

শ্রীগুরুবৈষ্ণবগণের অপার করুণায় হরিভজনের অপূর্ব্ব সুযোগ পাইলেও নিজের দুর্দ্দৈববশে আমার কিছুই হইল না। আমার দুর্দ্দৈব এতই বেশী হইয়াছে যে, আমি আজ এক মুহূর্ত্তের জন্যও চিন্তা করিয়া দেখিতে পারিতেছি না গুরুবৈষ্ণবগণের অহৈতুকী করুণা আমি কতটা গ্রহণ করিতে পারিয়াছি। আমার প্রবন্ধ লেখা, হরিকথা বলা, বক্তৃতা প্রদান করা আচরণহীন হওয়ায় সবই বৃথা বাগ্‌বৈখরীতে পর্য্যবসিত হইয়াছে। গুরু-বৈষ্ণবের বাণীশ্রবণই হয় নাই, এমতাবস্থায় আমার কীর্ত্তনের যে প্রয়াস, তাহা প্রতিষ্ঠাকাঙ্ক্ষামূলেই যে হইতেছে তাহাতে আর সন্দেহ কি আছে?

তাই দেখিতেছি, নিজের দুর্দ্দৈববশে আমি আজ হরিভজনের পথে অগ্রসর হইতে পারিতেছি না—অনর্থনিবৃত্তি হইতেছে না। ইহা আমারই কর্ম্মের ফল।

করি নীরে বাস গেল না পিয়াস
আপন করম ফেরে।

গুরুবৈষ্ণবগণের কোন দোষ নাই—তাঁহাদের কৃপাপ্রদানের কোন কৃপণতা নাই। তাঁহারা আমাকে সংশোধনের জন্য সর্ব্বক্ষণই তীব্রবাণীর দ্বারা শাসন করিতেছেন, আমার মঙ্গলের জন্য নিজের হরি-ভজনের কত অমূল্য সময় ব্যয় করিতেছেন, কিন্তু আমার জড়তা এতই প্রবল হইয়াছে, বহির্ম্মুখতা এতই মজ্জাগত হইয়াছে যে, তাঁহাদের এত যত্নচেষ্টা সবই বিফল হইতেছে। আমার দুর্দ্দৈবের কথা বলিয়া আর শেষ করা যায় না। কেবল দুই একটা জানাইবার প্রয়াস পাইলাম মাত্র।

শব্দব্রহ্ম শ্রীনাম

——:•:•:•:——

নাম চিন্তামণিঃ কৃষ্ণশ্চৈতন্যরসবিগ্রহঃ।
পূর্ণঃ শুদ্ধো নিত্যমুক্তোঽভিন্নত্বান্নাম-
নামিনোঃ।

শ্রীনাম চিন্তামণি, সাক্ষাৎ কৃষ্ণ, তিনি চৈতন্যরসবিগ্রহ। নামী হইতে অভিন্ন বলিয়া শ্রীনাম নামীরই ন্যায় পূর্ণ, শুদ্ধ, নিত্য ও মুক্ত।

প্রপঞ্চে শ্রীভগবানের সর্ব্বাপেক্ষা ঔদার্য্যময় অবতার শ্রীনাম। নাম স্বয়ং পরব্রহ্ম। পঞ্চরাত্রে যে পূজা-বিধির ব্যবস্থা দেখা যায়, উহা অর্চ্চানুশীলন, কিন্তু শ্রীমদ্ভাগবতোক্ত শ্রীনামভজন—পরানুশীলন। শ্রীভগবানের প্রথম প্রকাশ—শ্রীঅর্চ্চা, আর পরতত্ত্ব শ্রীনাম নিত্যসেবায় সুপ্রতিষ্ঠিত অপ্রাকৃত সেবকগণের সম্বিদ্বৃত্তিতে একমাত্র সেবনীয় বস্তুরূপে পরিদৃষ্ট হন।

'অর্চ্চন' ভজনাঙ্গ-সমূহের অন্যতম; কিন্তু শ্রীনামানুশীলন ভজনের অঙ্গমাত্র নহে, পরন্তু উহাই একমাত্র ভজন। অন্যান্য ভজনাঙ্গ-সমূহ যে পরিমাণে শ্রীনামানুশীলনের অনুকূল বা অনুকূল, সেই পরিমাণেই তাহা [illegible]

বা কৃষ্ণ-সুখ-পরতা স্বীকৃত হইয়া থাকে। পঞ্চরাত্র কথিত অর্চ্চন বিধি যদি শ্রীমদ্ভাগবত-নির্দ্দিষ্ট শ্রীনামাশ্রয়ীস্বরূপ ভজনের অন্তর্গত হয়, তাহা হইলেই উহা শুদ্ধভক্তির পর্য্যায়ভুক্ত হইতে পারে। ভগবদ্দাস্যতা ছাড়িয়া দিলে উহা কর্ম্মকাণ্ডে পর্য্যবসিত হইয়া যায়। বস্তুতঃ যেখানে শব্দের প্রকাশ আংশিক মাত্র, সেখানেই 'অর্চ্চন', আর যেখানে শব্দ বা নাম পরিপূর্ণ অর্থাৎ সমগ্রভাবে অবস্থিত, তাহাই কীর্ত্তন। শ্রীনামের বা বৈকুণ্ঠ শব্দের আশ্রয় যখন পূর্ণমাত্রায় লক্ষিত হয়, তখন তাহাই ভজন। আর যেখানে শব্দের বিলাসের পূর্ণোপলব্ধি নাই, সেখানেই ক্রিয়াপর অর্চ্চন। অর্চ্চা-বিগ্রহও ব্রহ্মবস্তু। প্রাকৃতিকের নিকট শ্রীনাম শব্দসামান্যরূপে দৃষ্ট হইলেও সেবকের দর্শনে শ্রীনাম পরব্রহ্ম।

শ্রীনাম—অসমোর্দ্ধ বিলাসপরায়ণ, অপ্রতিহতবিক্রমশালী ও বেগবান্। শ্রীনাম স্বীয় মাধুর্য্য, স্বীয় চাকচিক্যে নিজ আশ্রয় প্রেমিক ভক্তকে উন্মত্ত করিয়া তুলেন, তাঁহার প্রভাবের তুলনা নাই। কিন্তু সেই অদ্ভুতরূপ শ্রীনাম বহির্ম্মুখের নিকট যে কোন প্রকার বিক্রম প্রকাশ করেন না, জাগতিক শব্দের ন্যায় জড়েন্দ্রিয়-ভোগ্যরূপে, অধীন, অণুরূপে প্রতিভাত হন, বদ্ধজীবের কৃষ্ণবহির্ম্মুখতার ইহাই সর্ব্বাপেক্ষা অধিক শাস্তি। বদ্ধজীব শ্রীনামে বিশ্বাসহীন, সংশয়যুক্ত। এ সংশয় কিছুতেই যায় না, যতদিন শ্রীনামের প্রভাব নিজ-মধ্যে এবং বস্তুতে উপলব্ধির বিষয় না হয়।

ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ।
ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি ময়ি দৃষ্টেঽখিলাত্মনি॥

চিচ্ছক্তি ও জীবশক্তির সহিত শ্রীনামের যে বিচিত্রপ্রকার বিলাস, তাহার উপলব্ধিই নামের বিক্রম-উপলব্ধি বা নামের দর্শন। যখন অখিলাত্মার অর্থাৎ ত্রিবিধ শক্তি-পরিণত বস্তুর সহিত অখিলাত্মা শ্রীনামের বিলাস-বৈচিত্র্য উপলব্ধির বিষয় হয়, তখনই প্রকৃত-পক্ষে সর্ব্বসংশয় ছিন্ন হয়। বস্তুর সাক্ষাৎকার ব্যতীত বস্তুর অস্তিত্ব বা স্বভাব-বিষয়ে সংশয়-সন্দেহ কখনই যাইবার নহে। নিজের চেষ্টায়, নিজের জ্ঞানে, নিজের বিচার-বুদ্ধিবলে আমরা সংশয় বা অবিশ্বাসের হস্ত হইতে কখনও নিষ্কৃতি লাভ করিতে পারি না। তত্ত্ববস্তু যখন স্বয়ং কৃপা করিয়া অবতরণ করেন, তখন তাঁহার কৃপালোকেই তাঁহাকে দর্শন করিলে সংশয় বা অবিশ্বাস দূর হয়।

ঈশ্বরের কৃপালেশ হয় ত' যাহারে।
সেই ত' ঈশ্বরতত্ত্ব জানিবারে পারে॥

অনর্থ-নিবৃত্তির জন্য আমাদের স্বতন্ত্র চেষ্টা নিরর্থক। কেবল নিরর্থক নহে, উহা শ্রীনামের শক্তিতে অবিশ্বাসেরই সূচনা করে মাত্র। সকল অনর্থের মূল যে অবিদ্যা বা মায়া, তাহা অসীমশক্তিশালিনী। জীবের সাধ্য নাই যে, সে নিজে চেষ্টা করিয়া দুরতিক্রম্যা মায়াকে জয় করিতে পারে। জীবের পক্ষে একমাত্র কৃত্য—নিষ্কপট আর্ত্তি-আকুলতার সহিত শ্রীনামকে আহ্বান করা। বাস্তবিকই তাঁহার আর কোন কৃত্য নাই। নিষ্কপট শরণা-গতের আহ্বানে শ্রীনাম তাঁহার সেবোন্মুখ জিহ্বায় স্বয়ংই উদিত হন। অনর্থগ্রস্ত হৃদয়ে শ্রীনাম আবির্ভূত হন না সত্য, কিন্তু যদি নিষ্কপটতা থাকে, যদি সত্য সত্য আর্ত্তি দেখা যায়, তাহা হইলে শ্রীনাম স্বয়ং অবতরণ করিবার পূর্ব্বেই সেবোন্মুখের হৃদয় অনর্থমুক্ত করিয়া নিজে রমণীয়ধনস্বরূপস্বরূপ-রূপে গোকুল-মহামহোৎসব প্রকট করেন। তাঁহার আসন তিনি নিজে করিয়া লন, জীবের পক্ষে কেবল—'আমার হৃদয়ে শ্রীনামের শ্রীপাদপদ্ম উদিত হউক'—এইরূপ নিষ্কপট ইচ্ছা ও তজ্জন্য প্রবল আর্ত্তিপূর্ণ আহ্বান—এইটুকু মাত্র প্রয়োজন। অনর্থের জন্য হতাশ হইবার বা চিন্তা করিবার প্রয়োজন নাই। কৃষ্ণপাদপদ্মের আবির্ভাব হউক, অনর্থ আপনিই পলায়ন করিবে—তাঁহার আগমনের অভাবে।

শৃণ্বতঃ স্বকথাঃ কৃষ্ণঃ পুণ্যশ্রবণকীর্ত্তনঃ।
হৃদ্যন্তঃস্থো হ্যভদ্রাণি বিধুনোতি সুহৃৎসতাম্॥

শ্রীনাম সর্ব্বশক্তিমান্। বদ্ধজীবকে তিনি উপেক্ষা করেন না, পরন্তু তিনি স্বয়ং সেবোন্মুখ জীব হৃদয়ে অনাহূত হইয়া সকল অমঙ্গল, সকল অনর্থ বিধূনিত করেন, তিনি এত বড় দয়ালু। এই দয়া, এই করুণাতে পরিপূর্ণ বিশ্বাস স্থাপন করিতে পারাই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ সাধন, জীবের পক্ষে ইহাই একমাত্র কৃত্য।

শ্রীনামের অবতরণ, শ্রীনামের বিলাস-বিক্রমের উপলব্ধি কখন হয়, তাহা শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর বলিয়াছেন,—

বিষয় বাসনানলে, মোর চিত্ত সদা জ্বলে,
রবিতপ্ত মরুভূমি সম।
কর্ণরন্ধ্র পথ দিয়া, হৃদি-মাঝে প্রবেশিয়া,
বরিষয়ে সুধা অনুপম॥

বিষয়-বাসনা অবিদ্যাগ্রস্ত জীবকে অনাদি-কাল মায়ার কর্ম্মচক্রে আরোহণ করাইয়া চতুর্দ্দশ ভুবনে ভ্রমণ করাইতেছে। এই বিষয়-বাসনা জীবের যাবতীয় ক্লেশ, দুঃখ ও যন্ত্রণার কারণ হইলেও বদ্ধজীবের কিন্তু উহা উপলব্ধির বিষয় হয় না। অবশ্য কোন কোন সময় কোন অভিলষিত বস্তুর অপ্রাপ্তিতে অথবা প্রাপ্ত বস্তুর অভাবে আমাদের মনে একটু তাৎকালিক শ্মশান বৈরাগ্যের প্রাদুর্ভাব হয় বটে, কিন্তু তাহার আয়ুষ্কাল অতি অল্প। পরক্ষণেই অন্য নূতন বাসনা প্রবলতর হইয়া সেই সাময়িক বৈরাগ্যকে কোথায় ভাসাইয়া লইয়া যায়। আবার যাঁহারা বিষয়-ভোগ-বাসনার ক্লেশ অনুভব করিয়া মোক্ষকেই বাসনা-বিনাশকরূপে বহু-মানন করেন, তাঁহারা স্থূল দৃষ্টিতে বাসনাশূন্য-রূপে লক্ষিত হইলেও প্রকৃতপক্ষে তাঁহারা বাসনা-রহিত নহেন। ভোগী স্থূল বিষয়-ভোগবাসনার জ্বালা অনুভব করে না; মোক্ষকামী স্থূল বিষয়ভোগস্পৃহার জ্বালাময়ত্ব বা দুঃখদায়কত্ব অনুভব করিলেও মোক্ষ-বাঞ্ছারূপ সূক্ষ্ম বিষয়বাসনার জ্বালা অনুভব করে না, মোক্ষ-বাঞ্ছা তাহাকে সুখই দিয়া থাকে। কিন্তু স্থূলই হউক, আর সূক্ষ্মই হউক, বিষয়বাসনা মাত্রই যে অত্যন্ত জ্বালাদায়ক, এটি উপলব্ধি না হইলে শ্রীনামের কৃপা হয় না। বিষয়-বাসনা যে অনলস্বরূপ, উহা যে অত্যন্ত ক্লেশকর, এইটির উপলব্ধি হওয়া আমাদের নিতান্ত প্রয়োজন। বিষয়বাসনাই সমস্ত দুঃখ আনয়ন করে, ইহা আমরা বুঝিয়াও বুঝি না, বিষয়-বাসনা আমাদের প্রাণে জ্বালা আনে না। যদি তাহা হইত, তাহা হইলে উহা হইতে পরিত্রাণ পাইবার জন্য স্বতঃই আমাদের চেষ্টা হইত। বিষয়বাসনা আমাদের নিকট বড় রুচিকর, বড় স্বাদু বলিয়াই মনে হয়, নতুবা তাহা ছাড়িতে চাহি না কেন?

ধর্ম্মার্থ-কামকামী স্থূল ভোগীকে বিষয়-বাসনা বিন্দুমাত্র জ্বালা প্রদান করে না অর্থাৎ 'কেন আমার চিত্তে এরূপ বিষয়ভোগ-কামনা রহিয়াছে'—এরূপ চিন্তা করিয়া ভোগী কখনও দুঃখ অনুভব করে না। মোক্ষকামী স্থূল বিষয়-ভোগলিপ্সার জ্বালা অনুভব করে। কারণ, মোক্ষকামী জানে, স্থূল বিষয়-ভোগেচ্ছা থাকিলে মোক্ষলাভ হয় না, সুতরাং সাধন-কালে যদি কখনও তাহার চিত্তে স্থূল ভোগ কামনার উদয় হয়, তাহা হইলে সে উহাকে মোক্ষলাভের প্রতিকূল বোধে—'কেন এরূপ অবাঞ্ছনীয় বাসনা আসিয়া চিত্তবিক্ষোভের সৃষ্টি করিতেছে?'—এরূপ চিন্তা করিয়া ক্লেশ অনুভব করে। অনাহূত বিষয়ভোগ-কাম ঈপ্সিত বস্তু-প্রাপ্তির অন্তরায় বলিয়া উহার প্রাদুর্ভাবে সে জ্বালা বোধ করে, উহা হইতে নিষ্কৃতি পাইতে চায়। কিন্তু মুমুক্ষুর নিকট স্থূলভোগকামনা জ্বালাদায়ক হইলেও মোক্ষবাসনা কিন্তু তাহাকে পীড়িত করে না বা উত্ত্যক্ত করে না। মোক্ষকামনা তাহার নিকট প্রীতিকর বলিয়াই বোধ হয়। মোক্ষবাসনা ও কৃষ্ণেতর বাসনামাত্রই অত্যন্ত জ্বালাময় বলিয়া উপলব্ধি হয় কখন? শ্রীরূপ বলিয়াছেন,—

স্যাৎ কৃষ্ণনামচরিতাদি-সিতাপ্যবিদ্যা-
পিত্তোপতপ্তরসনস্য ন রোচিকা নু।
কিন্ত্বাদরাদনুদিনং খলু সৈব জুষ্টা
স্বাদ্বী ক্রমাদ্ভবতি তদ্গদমূলহন্ত্রী॥

অবিদ্যারূপ পিত্তের তাপে বদ্ধজীবের জিহ্বা তপ্ত হইয়া থাকে, সেই জিহ্বায় ঘন-মাধুর্য্যময় শ্রীনাম রুচিকর হয় না। কিন্তু শ্রীনামে যে রুচি হইতেছে না, তজ্জন্য এ পর্য্যন্ত কোন প্রকার দুঃখবোধও হয় না। যখনই শ্রীনামের কৃপায় নামে আদর হয় অর্থাৎ সম্বন্ধজ্ঞানের উদয় হয়, যখনই 'নামই একমাত্র প্রভু'—এরূপ উপলব্ধি হয়, তখনই সেই নামের সুখের প্রতিবন্ধক যে বিষয়-বাসনা, তাহা অগ্নির ন্যায় দগ্ধ করিতে থাকে। তখন বিষয়বাসনারূপ অনলতাপ হইতে পরিত্রাণ পাইবার জন্য সেবোন্মুখ জীব শ্রীনামের শ্রীপাদপদ্মে আকুল প্রার্থনা জানাইতে থাকেন। অন্তরের অন্তরতম প্রদেশ হইতে এইরূপ আকুল আর্ত্তিপূর্ণ বিজ্ঞপ্তি তখন স্বতঃই বাহির হইতে থাকে,—

গোপীনাথ, মন যে পাগল মোর।
না মানে শাসন, সদা অচেতন,
বিষয়ে রয়েছে ঘোর॥
গোপীনাথ, কেমনে হইবে গতি।
প্রবল ইন্দ্রিয়- বশীভূত মন,
না ছাড়ে বিষয়-রতি॥
গোপীনাথ, কবে বা জাগিব আমি।
কামরূপ অরি, দূরে তেয়াগিব,
হৃদয়ে স্ফুরিবে তুমি॥

ভোগোন্মত্ত মন শাসন মানে না, তজ্জন্য প্রাণে দুঃখ-বেদনার সীমা নাই, তথাপি স্বতন্ত্রভাবে নিজ চেষ্টায় সেই অবাধ্য মনকে সংযত করিবার সাধ্যও নাই। তাই ভক্তের প্রার্থনা—

গোপীনাথ!
হৃদয়ে বসিয়া মোর।
মনকে শমিয়া, লহ নিজ পানে
ঘুচিবে বিপদ ঘোর॥

সম্বন্ধজ্ঞানের উদয়ে আর সংশয় থাকে না, তজ্জন্য ভক্ত তখন শ্রদ্ধালু, কৃপালাভে দৃঢ়নিশ্চয় এবং ভগবৎপাদপদ্মের সহিত প্রীতিসূত্রে সম্বন্ধযুক্ত হন। তারপর যখন ভজন পুষ্টতালাভ করে, উৎকণ্ঠা যখন তীব্র হইতে তীব্রতর, তীব্রতম হইয়া উঠে, তখনই শ্রীনাম সেবোন্মুখ রসনায় স্বীয় রসময়স্বরূপ প্রকটিত করেন।

শ্রীনাম যখন সেবককে পরিপূর্ণরূপে আত্মসাৎ করেন, তখন তাঁহার সমস্ত চিন্ময় ইন্দ্রিয়ে অপ্রতিহত বিলাসপরায়ণ-রূপে বিহার করেন। শ্রীনামের নিরঙ্কুশ অত্যাচারে উন্মাদ—বাতুল হওয়াই সৌভাগ্যের পরাকাষ্ঠা। সেই চরম—পরম সৌভাগ্যলাভের আশা যেন আমাদের শ্রীনাম ও শ্রীনামভজনপরায়ণ শ্রীগুরুবৈষ্ণবের কৃপায় কখনও লাভ হয়। শ্রীনামের সহিত সম্বন্ধযুক্ত হইবার জন্য প্রচুর পরিমাণে যত্নশীল হওয়া আমাদের পক্ষে একান্ত প্রয়োজন। "শ্রীনাম আমাদের সেবোন্মুখ ইন্দ্রিয়ের উপর যথেচ্ছাচার করুন, সর্ব্বত্র শ্রীনাম ও শ্রীনামের বিলাস বৈভব-দর্শন আমাদের হউক—আমাদিগকে আপন দাস জ্ঞান করুন।"—এই প্রার্থনা অহরহঃ আমাদের অন্তরের অন্তঃস্থল হইতে নিষ্কপট আর্ত্তির সহিত উদিত হউক। সর্ব্বত্র ও সর্ব্বদা শ্রীনাম ও শ্রীনাম-বৈভবের উপলব্ধি না হইলে ভোগ-ত্যাগ, সংশয়-সন্দেহ, প্রচ্ছন্ন বা স্পষ্ট নাস্তিকতার করাল গ্রাস হইতে আমরা কোন প্রকারেই রক্ষা পাইব না।

বিশেষ দ্রষ্টব্য

শ্রীশ্রীগৌরজন্মোৎসব উপলক্ষে প্রেস বন্ধ থাকায় গত ১৬ই মার্চ্চ শুক্রবার শ্রীনদীয়াপ্রকাশ প্রকাশিত হল নাই।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক - শ্রী মধুসূদন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন ঃ বড়বাজার ৮.১৫
সেবক—শ্রী ভববন্ধচ্ছিদ দাস ভক্তিশাস্ত্রী বি এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগুরুবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রী রঘুচরণ ব্রহ্মচারী

অদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক শ্রীভগবানদাস ব্রজবাসী

কাজির সমাধি পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক - শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রী অনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীপ্রেমগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীশচীতনয় দাস অধিকারী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী শ্রীধামদাস অধিকারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌরপুর নদীয়া
সেবক—শ্রী গোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রী অমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীইন্দু ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

শ্রীরাণাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

শ্রীমাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা।
সেবক - শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার

গোপালজীউমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীকীর্ত্তনপাবন ব্রহ্মচারী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবরামগৌরবিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক - শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগলাঝোরা, দার্জ্জিলিং
সেবক—শ্রীকৃষ্ণভজন দাসাধিকারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ নহিমার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক - শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক— শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
হনুমান রোড, গয়া
সেবক শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীসনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরাসিং, বেনারস সিটি
সেবক—শ্রীজগন্নাথদাস ব্রহ্মচারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট পোঃ মথুরা
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণ চৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনীলরতন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক - শ্রীমহাবীর দাসাধিকারী

ব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক শ্রীকৃষ্ণদাস দাসাধিকারী

রাধাকুণ্ড গোবর্দ্ধন বাটী
সেবক—শ্রীনিতাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীহরিবন্ধু দাস

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা, মথুরা।
সেবক—শ্রীরামচরণ দাস

গোবিন্দবিহারী মঠ
শেরগড়ী
পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক - শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মান্দ্রাজ গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা, মান্দ্রাজ
সেবক—শ্রীরেবতীরমণ ব্রহ্মচারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মান্দ্রাজ
সেবক - শ্রীরুক্মগোপাল ব্রহ্মচারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক- শ্রীগৌরবিগ্রহ ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীকৃষ্ণমণি দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর পুরী
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক - শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয় শ্রবণ সদন
পোঃ রসুলকুণ্ডা, গঞ্জাম
সেবক—শ্রীঘনশ্যাম দাসাধিকারী

ভাগবতজনানন্দমঠ
চিকনিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীদীননাথ দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণশরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাণীবাঁধ (বর্দ্ধমান)
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ভুমুরকুণ্ডা, পোঃ চিতকুড়া, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২, ৫১, ডাউনরোড ক্ল্যাপটন,
লণ্ডন, ই ৫
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
আমিনাবাদ (আমিনগঞ্জ) লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক— শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

শ্রীবিদ্যানিধি-গৌড়ীয়মঠালয়
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅদ্বয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক - পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরাবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীউপেন্দ্রশরণ ব্রহ্মচারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীধৃতিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীবৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীনন্দীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীব্রজকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক বিভালীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম-এ মহোদয়ের শ্রেষ্ঠগবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শত অধ্যায়ে সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ প্রথম খণ্ড প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গুম্ফিত ও শ্রীপাদ বলদেব যতি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা, বিবর্ত্তের আলেখ্য, ভূমিকা ও সূচীসহ অত্যুৎকৃষ্ট সর্বাঙ্গসুন্দর নব সংস্করণরূপে গৌড়ীয়-মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,
শ্রীযুক্ত সুশান্তরঞ্জন রায় এম-এ, বি-এল,
পুরাণপল্টন, পোঃ রমণা, ঢাকা।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনূদিত গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—৪৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

EROTIC PRINCIPLE & UNALLOYED DEVOTION

পরমপূজ্যপাদ শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী প্রভু প্রণীত। সম্প্রতি এই গ্রন্থের একটী নূতন সংস্করণ শ্রীশ্রীগুরুবর্গের ইচ্ছায় পুনঃ প্রকাশিত হইয়াছে। গ্রন্থের আকার পূর্ব্ব সংস্করণ অপেক্ষা বৃহৎ ও সুন্দর হইয়াছে। এই গ্রন্থে বহু অমূল্য উপদেশ আছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) — ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) — ৬৲
৩। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত — ৬৲
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) — ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲, তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড ৸০
৭। শ্রীচৈতন্যদেব — ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা — ১০
৯। বৈষ্ণবধর্ম্ম — ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার — ২৲
১১। শ্রীচৈতন্য শিক্ষামৃত — ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) — ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) — ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) — ॥০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব — ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব — ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ — ।০
১৮। বাণী আম্বর — ॥০
১৯। তত্ত্ববিবেক — ।০
২০। গৌড়ীয়-গৌরব — ।৵০
২১। গৌড়ীয়সাহিত্য — ।৵০
২২। ভজন-রহস্য — ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) — ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) — ১৲
২৫। গীতা (চক্রবর্তী টীকাসহ) — ১৲
২৬। গীতার কেবল মাধ্বভাষ্য — ॥০
২৭। বৃহদ্ভাগবতামৃত (সানুবাদ) — ২৲
২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ) — ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ।৵০ বাঁধা ৸০)
৩০। দ্বীপ-দিগ্‌দর্শন — ৵০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) — ৵০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস — ॥০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা — ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) — ৵০
৩৫। গীতমালা — ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) — ৵০
৩৭। ঐ প্রমাণ খণ্ড — ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ — ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ — ।০
৪০। শরণাগতি — ৵০
৪১। গীতাবলী — ৴১০
৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা — ৸০
৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) — ৩॥০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা — ৴১
৪৫। নবদ্বীপশতক — ৴১৮
৪৬। অর্থপঞ্চক — ৴১৫
৪৭। সদাচারস্মৃতিঃ — ৴১০
৪৮। কল্যাণকল্পতরু — ৴১০
৪৯। অর্চ্চনকণ — ১৯
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) — ৬৲
৫১। ব্রহ্মসংহিতা — ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) — ৩।
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ — ৸০
৫৪। শ্রীকৃষ্ণার্থ নির্ণয় — ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী — ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ — ৵০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) — ।০
৫৮। শ্রীভূপনাথ — ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ — /০
৬০। সাংখ্যবাণী — /০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল — ২।০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ — ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ — ॥০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ — ।০
৬৫। সটীকা শিক্ষাষ্টকম্ — ।০
৬৬। তত্ত্বসূত্রম্ — ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ — ৵০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ — /০
৬৯। সারসংগ্রহ-ম্ — ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ — ॥০
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত — ॥০
৭২। নামভজন — /০
৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অন্টলজি — ॥০
৭৪। রিলেটীভ ওয়ার্ল্ডস্ — ।৵০
৭৫। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব্ চৈতন্যমহাপ্রভু — ॥০
৭৬। বৈষ্ণবিজম্ — ॥০
৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং — /০
৭৮। দি ভাগবত — ।০
৭৯। ইরোটিক প্রিন্সিপাল এণ্ড আনঅ্যালয়েড ডিভোশন — ।০
৮০। ব্রহ্মসংহিতা — ॥০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা — ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু — ৩
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য — ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি — ৸০
৮৫। সাধনপথ — ।০
৮৬। কল্যাণকল্পতরু — ৴১০
৮৭। গীতাবলী — ৴১০
৮৮। শরণাগতি — /০
৮৯। প্রার্থনা-প্রেমভক্তিচন্দ্রিকা — ।৵০
৯০। শ্রীগৌড়ীয়বাণী — ।০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি — ।০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত — ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	॥০	৵০	।৵০	।০
" " ইঞ্চ	২৲	১॥০	১।০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৵৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতার-সম্বন্ধে বিশদ গবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা-গ্রন্থ, এই গ্রন্থখানি দীর্ঘ ভূমিকা-সহ দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (charts) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান - শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সুখবোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্র সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ।।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান —মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী নারিন্দা, ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

নিরপেক্ষ যুক্তিপূর্ণ আলোচনা-গ্রন্থ; ইহাতে সনাতন ধর্মস্রোতে ভাসমান মানবগণের সম্প্রদায়, সনাতন, মহাজন, অবতার, একায়ন, বহুয়ান ও ভক্তিসম্বন্ধে ভ্রান্তধারণা-নিরসনমূলে শাস্ত্র ও যুক্তির বিচার ও সমালোচনা প্রদর্শিত এবং পরমার্থ-সম্বন্ধে মানবজাতির সাধারণ প্রশ্নসমূহ, তাহাদের সংসিদ্ধান্ত সকলও প্রদত্ত হইয়াছে।

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা

অথবা

শ্রীযোগপীঠ-শ্রীমন্দির পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং-এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এক অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশ করিয়া তাঁহার আদর্শ শরণাগতির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অবিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা, তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোল-পেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীভক্তিবিনোদ-বাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে প্রশ্নোত্তরমুখে তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা তিন টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের বিরাট সংস্করণ। কথাসার, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, বঙ্গানুবাদ প্রতিপাদ্য বিষয় নির্দ্দেশ, অধ্যায় বিবরণ, স্থান ও সূচী প্রভৃতির সহিত গৌড়ীয়মিশন কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা শুদ্ধবৈষ্ণবসমাজের এক অমূল্য রত্ন। ইহা ডবল ক্রাউন আট পেজী আকারে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র ২৷০ টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ছাত্রদের ভক্তিবিনোদ (২য় সংস্করণ)

ছাত্রদের উপযোগী করিয়া লিখিত গল্পাকারে শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্রের ঘটনা ও শিক্ষা। ভিক্ষা বার আনা, ছাত্রদের পক্ষে আট আনা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া অথবা শ্রীসুপতিরঞ্জন নাগ এম্ এ, বি-এল্, পুরাণাপল্টন, পোঃ রমনা, ঢাকা।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

অপ্

কলিকাতা ছাঃ	৬-২৬	৬-২১	৭ ১৪	১১-৬	১৩-১০	১৬-২৬	১৭-৫৬	২২ ০
দমদম „	৪-৫৬	৬-৩১	৭-২৮	১১ ১৮	১৩-৫০			২২
রাণাঘাট পৌঃ	৬-১৬	৮ ১	৯ ১৮	১৩-২৮	১৪-৫৭	১৮-৩১	১৯-৩৪	০-২৮
(বদল) ছাঃ	৬-২৮	৮-৬	৯-৩১	১৩-৩৩	১৫-৫	১৮-৩৯	১৯-৪০	১-৩৬
কৃষ্ণনগর পৌঃ	৭-২	৮-৪০	১০-৬	১৩-৫৪	১৫-৪১	১৯-১৫	২০-১৫	১-১১

(বদল) ছাঃ	৭-১০	১০-১১	১৭-৩৮	২১-৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৪৮	১০-১৯	১৮-১০	২০-১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম”	১১-১৮
রাণাঘাট পৌঃ	১-৫৫
” ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৮
(বদল) ছাঃ	১৩ ৩৩ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৪

ডাউন

শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬-১	-৬	১১-৪	১৭ ২৯	১৬-৮	১৮-৩৩
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৯	৮-৪৪	১১-৪২	১৫-০	১৬-৪৬	১৯-১১

ছাঃ	৭-১০	৮ ৫১	১১-৪৭	১৫-১০	১৬ ৫৬	১০-২২	২০-৪৬	১-৩১
রাণাঘাট পৌঃ	৮-৪৫	৯-২৫	১২ ২৬	১৫ ৫০	১৭ ৫০	২০-৩	২১-১৯	৪ ১০
(বদল) ছাঃ	৭-৫৯	৯-৩০	১২-৩৬	৫-৫৫	১৭-৪৯	২০-২১	২১-২৫	৪-১৮
দমদম		১১-৮		১৭-৩৬	১৯-৯	২১-২৬	২৩-৩	
কলিকাতা পৌঃ	৯-২১	১১-২০	১৪ ১৬	১৭-৪৬	২১-৪০	২৩-১৫	৫-১৬	

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৭৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

২। ভাগবত—দিল্লীনগরের একমাত্র পারমার্থিক মাসিক পত্র। দিল্লী শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয় পণ্ডিত শ্রীযুক্ত রাধানাথ বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-মিশনের অপ্রাকৃত বেদান্তের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণে ভারত ও অন্যান্য দেশের প্রসিদ্ধ পণ্ডিত ও মনীষী সজ্জনগণ যে সকল প্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে গ্রথিত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগবরজনসঙ্গের নিত্য সঙ্গলাভে অপ্রাকৃত গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই সংগ্রহণীয়।

ভিক্ষা—৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——::০::——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৩১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাচন

সর্ব্বজনবিদিত জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি ও আদর অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৸৶০ দশ আনা, বড় বোতল ১৷৶০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা,

বেহালা ২৪ পরগণা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

RECD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুলপ্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৬শ বর্ষ | ৬ বিষ্ণু ৪৫৪ গৌরাব্দ ৫ই চৈত্র বঙ্গাব্দ ১৩৪৭, ১৯শে মার্চ্চ ইং ১৯৪১, বুধবার | ৯ম-১০ম সংখ্যা

গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গীতিগ্রন্থ-সমূহের তাৎপর্য্য ও ব্যাখ্যা এই গ্রন্থে সুন্দররূপে প্রকাশিত হইয়াছে। ইহা ভজনাকাঙ্ক্ষী ব্যক্তিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৷৵০ আনা।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রার্থনা এই গ্রন্থে সুন্দর অক্ষরে অনুবাদ সহ প্রকাশিত হইয়াছে। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৷৵০ মাত্র।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৬ বিষ্ণু কৃত অনিরুদ্ধ গৌরাব্দ ৪৫৪

ভজন কাহাকে বলে?

ভক্তিই ভগবানের ভজন। কৃষ্ণপ্রীতিই ভক্তি, ভক্তি কৃষ্ণসুখবিধায়িনী—কৃষ্ণসন্তুতা—সতী-শিরোমণি। তিনি নিত্য কৃষ্ণসঙ্গিনী। তিনি বিষ্ণু বা কৃষ্ণ ব্যতীত অপর কাহারও সঙ্গ করেন না। শ্রীভক্তিদেবীর কৃপালাভ হইলে অপরে সৎসঙ্গ বা কৃষ্ণসঙ্গের সৌভাগ্য পায়। ভক্তি কৃষ্ণাকর্ষিণী ও কৃষ্ণবশকারিণী। ভক্তিই ভগবান্‌কে দেখায়—জীবকে ভগবানের কাছে লইয়া যায়। ভক্তিই ভগবানের সহিত যোগসূত্র। ভক্ত ভগবানের প্রতি আকৃষ্ট আর অভক্ত মায়ার আকৃষ্ট। ভোগোন্মুখ ও ভোগ্য ভোগের প্রতি আকৃষ্ট, সেবোন্মুখ ও সেবক সেব্যের প্রতি আকৃষ্ট অর্থাৎ ভোগ্য ভোগীকে আর সেব্য সেবককে আকর্ষণ করেন। চুম্বক লৌহকেই আকর্ষণ করে, প্রস্তরকে বা সমস্ত লৌহকে করে না।

আমরা বর্ত্তমানে মায়াকবলিত হইয়া হরিবিমুখ জগতে আসিয়া পড়িয়াছি। এই মায়ার হস্ত হইতে সহজে উদ্ধার পাওয়া যায় না। মায়ার শরণাপন্ন হইয়া কেহ মায়ার হস্ত হইতে রক্ষা পাইতে পারে না, তাহাতে আরও মহামায়ার মহাজালে আবদ্ধ হইতে হয়। কিন্তু যাঁহারা একমাত্র ভগবৎপাদপদ্মেই শরণাগত হন, তাঁহারাই মায়ার হাত হইতে নিষ্কৃতি পান। শাস্ত্র বলিয়াছেন,—

তাতে কৃষ্ণ ভজে করে গুরুর সেবন।
মায়াজাল ছুটে, পায় কৃষ্ণের চরণ॥

মায়াক্রান্ত জীব যদি সদ্গুরুর পদাশ্রয় করিয়া শ্রীগুরুর সম্পূর্ণ আনুগত্যে গুরুসেবা ও কৃষ্ণভজন করেন, তবে তিনি মায়াজাল অতিক্রম করিয়া শ্রীকৃষ্ণের পাদপদ্মসেবারূপ পরম প্রয়োজন লাভ করিতে পারেন। গীতায় ভগবান্ শ্রীকৃষ্ণ বলিয়াছেন,—

দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে॥

শ্রীল চক্রবর্ত্তী ঠাকুর বলিয়াছেন—"ভক্তি-শব্দো ভগবৎসেবাবাচ্যঃ প্রসিদ্ধার্থ এবাস্য শ্রীকৃষ্ণস্য ভজনমুচ্যতে ইত্যর্থঃ।" ভক্তি-শব্দ দ্বারা শ্রীকৃষ্ণের সেবা ইহাই প্রসিদ্ধ অর্থ এবং ইহাই শ্রীকৃষ্ণের ভজন। ইহলোক ও পরলোক-সম্বন্ধীয় যাবতীয় কামনা অর্থাৎ অন্যাভিলাষ-কর্ম্ম-জ্ঞান-যোগাদি ও ভগবৎসেবেতর [illegible] কামনা নিরাসপূর্ব্বক কৃষ্ণাখ্য পরব্রহ্মে প্রেমদ্বারা তন্ময়ত্বই ভগবদ্ভজন। এই ভজন প্রধানতঃ নববিধ—শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, পাদসেবন, অর্চ্চন, বন্দন, দাস্য, সখ্য ও আত্মনিবেদন।

ভজনের মধ্যে শ্রেষ্ঠ নববিধা ভক্তি।
কৃষ্ণপ্রেম, কৃষ্ণ দিতে ধরে মহা-শক্তি॥
সাধুসঙ্গ, নাম-কীর্ত্তন, ভাগবতশ্রবণ।
মথুরাবাস, শ্রীমূর্ত্তির শ্রদ্ধায় সেবন॥
সকল সাধন-শ্রেষ্ঠ এই পঞ্চ অঙ্গ।
কৃষ্ণপ্রেম জন্মায় এই পাঁচের অল্প সঙ্গ॥
তার মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ নাম-সংকীর্ত্তন।
নিরপরাধে নাম লইলে পায় প্রেমধন॥

শরণাগতিই ভজনের মূল। এই মূলকে ছেদন করিয়া অর্থাৎ শরণাগত না হইয়া ভগবদ্ভজনের চেষ্টা পণ্ডশ্রম মাত্র।

আনুগত্য বা শরণাগতিই বৈষ্ণবধর্ম্মের—ভক্তির প্রাণ। আবার দৈন্য ও অকিঞ্চনতা না থাকিলে শরণাগত হওয়া যায় না। প্রথমেই দৈন্য থাকা চাই, কেননা, অহঙ্কার থাকাকালে জীব কখনই ভগবানের শরণাপন্ন হইতে চাহে না। সুতরাং দীনতা, সরলতা, দৃঢ়তা ও অকুটিলতা নিষ্কপটতা না থাকিলে কিছুই হইবে না। হরিগুরুবৈষ্ণবের নিত্য আনুগত্যই সেবা বা বৈষ্ণব-ধর্ম্ম। আনুগত্য বা সেবাই ভক্তির স্বরূপলক্ষণ। কায়িক, বাচিক ও মানসিক—এই ত্রিবিধ আনুগত্যই সেবা। যেখানে আনুগত্য সেইখানেই সেবোন্মুখতা। স্বতন্ত্রতা যেখানে সেখানে সেবা নাই। যেখানে সেবা নাই সেখানে ভোগ বা ত্যাগের তাণ্ডব নৃত্য আছে। আনুগত্যই ভক্তিমার্গ আর স্বতন্ত্রতাই কর্ম্মমার্গ বা জ্ঞানমার্গ। ভক্তিমার্গে প্রথমেই আত্মনিবেদনের কথা। ভক্তের আত্মনিবেদন অন্যাভিলাষী, কর্ম্মী ও জ্ঞানিগণের ন্যায় ক্ষণিক নহে, তাহা নিত্য। অভক্তগণের গুরু ও শিষ্য-সম্বন্ধ অনিত্য। তাঁহাদের গুরুপ্রণতি নিত্য নহে। তাঁহাদের মতে সিদ্ধাবস্থায় গুরু ও শিষ্যে কোন ভেদ নাই। ভক্তের বিচার এরূপ নহে। হরিভজনপরায়ণ ভক্ত শ্রীগুরুর নিত্যদাস—শ্রীকৃষ্ণের নিত্যসেবক। তিনি নিত্যকাল শ্রীগুরুর আনুগত্যে শ্রীকৃষ্ণের সেবা করিয়া থাকেন। যেখানে গুরু ও বৈষ্ণবের আনুগত্য বাদ দিয়া হরিভজনের প্রয়াস, তাহা হরিভজন নহে—মায়ার ভজন। সাধুগুরুর আনুগত্য বাদ দিয়া আমরা যতই ভজনসম্বন্ধীয় আড়ম্বর করি না কেন, তাহাতে হরিভজন হইবে না। পরন্তু তদ্দ্বারা নিজেন্দ্রিয়প্রীতিবাঞ্ছারূপ কাম চরিতার্থ হইবে মাত্র। গুরুবৈষ্ণব-আনুগত্যই হরিভজনের মূল। ভজনের মূলে শরণাগতির অভাব থাকিলে ভজন [illegible] হইয়া পড়িবে। বদ্ধাবস্থায় ত' শ্রীগুরুর আনুগত্য ব্যতীত হরিভজনের রাজ্যে প্রবেশলাভই হইতে পারে না, আবার সিদ্ধাবস্থায় যে সিদ্ধদেহে হরিভজন তাহাতেও নিত্য গুরুদেবের নিত্য আনুগত্য বর্ত্তমান।

ভক্তিতে 'আমি শ্রীকৃষ্ণের নিত্যদাস' এই সম্বন্ধজ্ঞান আছে, ভক্তি জিনিষটী কৃষ্ণদাস্য। তাহা কাহারও উপর প্রভুত্ব করা নহে। প্রভুত্বাভিমান যেখানে সেখানে ভক্তি নাই। প্রভু বা ভোক্তা একমাত্র শ্রীকৃষ্ণ। ভক্ত সেই ভোক্তারই ভোগ্য অর্থাৎ দাসী। কর্ত্তৃত্বাভিমান বা পুরুষাভিমান কৃষ্ণেরই একচেটিয়া। তিনিই একমাত্র প্রভু আর সকলেই তাঁহার দাস। ভোক্তাভিমানে জীব নিজকর্ম্মবশে সংসার ভ্রমণ করিতে করিতে সাধুগুরুর কৃপায় যখন কৃষ্ণোন্মুখ হয়—যখন তাহার সম্বন্ধজ্ঞানের উদয় হয়, তখনই সে ভগবচ্চরণে আত্মনিবেদন করিয়া—ভগবান্‌কে গোপ্তৃত্বে বরণ করতঃ গুরুর আনুগত্যে কৃষ্ণভজন করে। তাহাতেই তাহার মঙ্গল হয়।

সাধুসঙ্গই ভক্তির জনক। সঙ্গই আনুগত্য, সঙ্গই আশ্রয়। আবার সঙ্গ করিতে হইলে সাধুতে শ্রদ্ধা থাকা চাই। সুতরাং শ্রদ্ধাই যে হরিভজনের মূল তাহা বলাই বাহুল্য। ষড়্বিধ শরণাগতিই শ্রদ্ধার লক্ষণ। অসৎসঙ্গ ত্যাগ ও সৎসঙ্গগ্রহণই সদাচার। অসৎসঙ্গ ত্যাগ না করিলে সৎসঙ্গ হয় না। আবার সৎসঙ্গ না করিলে অসৎসঙ্গের হাত হইতে নিষ্কৃতি পাওয়া যায় না। বদ্ধজীব আমরা হরিভজনের রহস্য অবগত নহি। তাই ভক্তিবিগ্রহ শ্রীগুরুদেব স্বেচ্ছায় এ জগতে অবতীর্ণ হইয়া জীবকে হরিভজন শিক্ষা দেন। তাঁহার কৃপাই জীবের একমাত্র

অতএব শ্র . . . .

ছাড়ি অন্য গুরুপাদপদ্ম।

কর আত্মনিবেদন, দেহ গেহ পরিজন

গুরুবাক্য পরম মহত্ত্ব॥

(বৈষ্ণবাচার্য্য শ্রেণী)

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ লিখিয়াছেন,—

জ্ঞানাদি সে সব ছার, কৃষ্ণভক্তি বিনা আর

নাহি গুচে জীবের সংসার।

কর্ম্ম, জ্ঞান, তপ, যোগ,

সকলই ত' কর্ম্মভোগ,

কর্ম্ম ছাড়াইতে কেহ নারে।

সকল ছাড়িয়া ভাই শ্রদ্ধাদেবীর গুণ গাহি

যাঁ'র কৃপা ভক্তি দিতে পারে॥

যোগ যাগ সব ছার, শ্রদ্ধা সকলের সার,

সেই শ্রদ্ধা হৃদয়ে যাহার।

উদিয়াছে একবিন্দু, ক্রমে ভক্তিরস'সিন্ধু

পাবে তা'র হয় আবিষ্কার॥

জ্ঞান কর্ম্ম দেব-দেবী, এত যতনে ত সেবি,'

পাইলে হৈল তুচ্ছ জ্ঞান।

সাধুজন-সমাবেশে, কৃষ্ণকথার শেষে

বিশ্বাস ত' হয় বলবান্॥

সেই ত' বিশ্বাসে ভাই, শ্রদ্ধা বলি' সদা গাই

ভক্তিলতা-বীজ বলি তা'রে।

কর্ম্মী জ্ঞানী জন যা'রে শ্রদ্ধা বলে বারে বারে

সেহ বৃত্তি শ্রদ্ধা হৈতে নারে॥

শ্রদ্ধাই ভক্তিলতার বীজ। সাধুসঙ্গে শ্রদ্ধা বা সাধুর চরণাশ্রয়ই ভক্তির প্রথম কথা। প্রথমেই শ্রদ্ধা, প্রথমেই শরণাগতি, প্রথমেই আনুগত্য, প্রথমেই দাস্য। তা ছাড়িয়া নমস্কার বা প্রণতি, তা'র পর শ্রবণকীর্ত্তনাদি যা কিছু সব। ইহাই ভক্তিপথ। শ্রদ্ধা বা আত্মনিবেদন না থাকিলে সবই বৃথা। এই শ্রদ্ধা পূর্ব্ব পূর্ব্ব জন্মের পুঞ্জীকৃত সুকৃতি বশতঃ সাধুগুরুর সঙ্গ-কৃপাবলে লাভ হয়। শ্রদ্ধাবানই সাধুসঙ্গের অধিকারী। সাধুসঙ্গীই ভক্ত।

সাধুগুরুশাস্ত্রবাক্যে সুদৃঢ় নিশ্চয়াত্মক বিশ্বাসই শ্রদ্ধা। শ্রদ্ধাবান্ সন্দিগ্ধচিত্ত নহে। শ্রদ্ধাবানই সেবোন্মুখ। যেখানে শ্রদ্ধা নাই, সেখানে সেবোন্মুখতাও নাই। শ্রদ্ধাই আদর। শ্রদ্ধা শরণাপত্তিলক্ষণা। শ্রদ্ধাভাব ও শ্রদ্ধা এক জিনিষ নহে। শ্রদ্ধা যাহাকে ভক্তিলতার বীজ বলে। এই শ্রদ্ধার মধ্যে আত্মনিবেদন ত' আছেই, তা'ছাড়া দৈন্য, গোপ্তৃত্বে-বরণ প্রভৃতি আরও পাঁচটা লক্ষণ আছে। শ্রদ্ধাবান্ জীবই ভক্তির অধিকারী।

শ্রীধামে শ্রীশ্রীগৌরজন্ম-মহোৎসব

গত ২৮শে ফাল্গুন বুধবার গৌড়ীয় বৈষ্ণবাচার্য্যবর্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তর শতশ্রী শ্রীমদ্ ভক্তিপ্রজ্ঞানপুরী গোস্বামী ঠাকুরের সাক্ষাৎ উপস্থিতি ও নির্দ্দেশানুসারে এবং বর্ত্তমান সেবাযোগে শ্রীধাম-মায়াপুর শ্রীযোগপীঠ শ্রীমন্দিরে প্রভাতে শ্রীমঙ্গল-আরাত্রিক-কীর্ত্তনাদি সম্পাদিত হয়। শ্রীশ্রীগৌর-জন্ম-মহোৎসবের অধিবাসোপলক্ষে উপলক্ষ শ্রীশ্রীগৌরাঙ্গ গান্ধর্ব্বিকা গিরিধারীজীউর মঙ্গলারাত্রিকের পর শ্রীযোগপীঠ প্রাঙ্গণে বিস্তৃত মণ্ডপে এক মহতী ভক্তমণ্ডলীতে শ্রীগুরুবৈষ্ণববন্দনা, পঞ্চতত্ত্ব ও মহাজন পদাবলী কীর্ত্তন হইতে থাকে। পরমারাধ্য পতিতপাবন শ্রীশ্রী আচার্য্যদেব বৈষ্ণববৃন্দসহ তথায় কৃপাপূর্ব্বক শুভাগমন করেন। অতঃপর শ্রীশ্রী আচার্য্যদেবের ইচ্ছানুসারে সর্ব্বাগ্রে শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ শ্রীনাম মাহাত্ম্য, শ্রীধামপরিক্রমা, শ্রীনামাশ্রয়, শ্রীগুর্ব্বাশ্রয়, অজ্ঞাতিসারহিত্য শরণাগতি ও গুরুবৈষ্ণবপাদপদ্মমহিমা প্রভৃতি কীর্ত্তন করেন। 'গৌড়ীয়'-সম্পাদক মহোপদেশক পণ্ডিত শ্রীল সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভু শ্রীগুরু গৌরাঙ্গের শ্রীচরণে অকপটে আত্মনিবেদনের সহিত শ্রীনাম গ্রহণ, শ্রীধাম মায়াপুরে বাস প্রভৃতি ধামবাসেচ্ছা ও জড়কাম দূরীকরণের আবশ্যকতা, শ্রীগুরুর নিকট নিষ্কপট সাধুগুরুকৃপায় শ্রবণ-কীর্ত্তন অধিকার, শ্রবণের কৃপাই কৃষ্ণনাম-ভজনের প্রধান সহায়, জীবের গ্রহণের নিষ্কপটতা করিবার জন্য শ্রবণের প্রণালী অবশ্য, সকল মহাজনেরই শ্রীনামের প্রতি অত্যধিক অনুরাগ, শারীরিক, মানসিক শাসন দেহের উপর কার্য্য করিতে পারে, কিন্তু মহাজনের আদর্শ ও উপদেশাবলী আমাদের চেতন আত্মার উপর কার্য্য করিয়া থাকে, শ্রীগুরু-পাদপদ্মে শরণাগতিই কৃষ্ণপ্রাপ্তির উপায় প্রভৃতি বিষয়ে ওজস্বিনী ভাষায় একটী সারগর্ভ হৃদয়গ্রাহিনী বক্তৃতা প্রদান করেন। শ্রীল সুন্দরানন্দ প্রভুর বক্তৃতার পর শ্রীল তীর্থগোস্বামী মহারাজ পুনরায় শ্রীনাম মাহাত্ম্য ও আত্মনিবেদনের প্রকৃত তাৎপর্য্য বিষয়ে কীর্ত্তন করেন।

৮৯ প্রার্থনা-পদাবলী ।৶০
৯০। প্রেম-ভক্তিচন্দ্রিকা ॥০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ৶০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

বঙ্গের সর্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক সংবাদপত্র

শ্রীশ্রীভাগবতে শ্রীভক্তি-বিনোদ
শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গীতিগ্রন্থ-সমূহের তাৎপর্য্য ও ব্যাখ্যা এই গ্রন্থে সুন্দর-রূপে প্রকাশিত হইয়াছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তি-মাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৷৵৹ আনা।
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীস্তবমালা
বিভিন্ন স্তব ও গীতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ সহ প্রকাশিত হইয়াছে। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৷৵৹ মাত্র
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

.শ্রী বর্ষ } ৭ বিষ্ণু ৪৫৪ গৌরাব্দ ৬ই চৈত্র বঙ্গাব্দ ১৩৪৭, ২০শে মার্চ্চ ইং ১৯৪১, বৃহস্পতিবার { ১১৭শ সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৭ বিষ্ণু আদি কারণোদশায়ী গৌরাব্দ ৪৫৫

কৃপা

——::•::——

কৃপাশক্তি হ্লাদিনীর বৃত্তিবিশেষ। কৃপা তীত প্রেম হয় না। অনুক্ষণ কৃপা-প্রার্থনাই করার কার্য্য। শ্রীনামপ্রভুর কৃপা পাতের অবিরাম আর্ত্তি ও আত্মনিবেদন এবং হাতে শরণাগতিই সর্ব্বশ্রেষ্ঠ সাধন-ভজন। া-সার্থই সাধন। 'নিজের চেষ্টায় উদ্ধার করিতে পারিব' এরূপ দাম্ভিকতা বা রে শৈথিল্য সাধকের নাই। সাধনে া ও ভক্তির সমন্বয় আছে। ভগবানের হইতে অহৈতুকী কৃপাধারা, আর জীবের হইতে পূর্ণশরণাগতি—উভয়ই দরকার। নভক্তি ও কৃপা যুগপৎ একসঙ্গে মিলিত ই তাহা ভগবানের নিত্যসেবা লাভ করায়। বৈষ্ণবের আনুগত্য পরিত্যাগপূর্ব্বক নর কোন মূল্য নাই। আবার কৃপার ার কপটতাপূর্ব্বক সাধনভক্তিকে বাদ ও সেবালাভ অসম্ভব। সেবোন্মুখতাই ৎকৃপার মূল। আবার ভগবৎকৃপাও ান্মুখী বৃত্তিকে ক্রমবিকশিত ও পরিস্ফুট রি কারণ। সুতরাং সেবা ও কৃপা ার একসূত্রে গ্রথিত, একটীকে বাদ দিয়া টী সিদ্ধ হইতে পারে না।

শরণাগতকে আমি সর্ব্বপ্রকার অনর্থ মুক্ত করিব'—এই ভগবদুক্তি হইতে ভগবান্ ও জীব পরস্পরেরই কর্ত্তব্য প্রদর্শিত হইয়াছে। জীবের দিক্ হইতে শরণাগতি, আর ভগবানের দিক্ হইতে সেবা-প্রদান। সুতরাং শরণাগতিই সেবা বা কৃপাপ্রাপ্তির উপায়। যেখানে জীবের শরণাগতি বা সেবোন্মুখতা নাই সেখানে ভগবৎকৃপাও উপলব্ধ হয় না। ভজনপথে অগ্রসর হইতে হইলে শ্রীগৌরনিত্যানন্দের কৃপাই একমাত্র সম্বল। সরল হইয়া অর্থাৎ হরিনামের প্রীতিবিধান ছাড়া চিত্তে অন্য কোন প্রকার অভিসন্ধি না রাখিয়া কৃপা-ভিক্ষা করিতে হইবে, তবেই কৃপা হইবে। প্রার্থনা বা ডাকার মধ্যে কোন ভেজাল না থাকিলে তাঁহাদের কৃপা-উপলব্ধি হয়। ডাকিয়া যেখানে সাড়া পাওয়া যাইতেছে না, সেখানে ডাকার মধ্যে ভেজাল আছে জানিতে হইবে। কৃপা গ্রহণ করিবার যোগ্যতা সকলেরই আছে। সুতরাং কোনপ্রকার অন্যাভিলাষ বা ফলকামনা না রাখিয়া নিরন্তর শ্রীধামের ও শ্রীধামবাসীর নিকট সর্ব্বক্ষণ কৃপা প্রার্থনা করিতে হইবে। কৃপা-প্রার্থনার মধ্যে অন্যাভিলাষ না থাকিলে অবশ্যই গৌরধাম ও গৌরজনের কৃপা লাভ হইবে। অশ্রদ্ধা, কুটিলতা, অহঙ্কার, শিথিলতা, অন্য বস্তুতে অভিনিবেশ ও সর্ব্বোপরি মহদপরাধ থাকিলে হরিভজন হইবে না। জড় দম্ভ, দর্প, গর্ব্ব, অহঙ্কার, অভিমান, প্রতিষ্ঠাশা বা মাৎসর্য্য প্রভৃতিই কৰায়। এগুলি হরিভজনের অত্যন্ত বাধা। এ সকল অনর্থ দূর হওয়া আবশ্যক। শুধু নিজের চেষ্টায় অনর্থগুলি দূর করা যায় না। কিন্তু তাই বলিয়া সাধনচেষ্টা-রহিত হইয়া কেবল-মাত্র শ্রীগৌর-নিত্যানন্দের কৃপাপ্রার্থী হইলে চলিবে না। নিজের দিক্ হইতে চেষ্টা পূর্ণমাত্রায় থাকিবে এবং অকপটে কৃপা প্রার্থনাও করিতে হইবে। এই দুইএর যোগাযোগের ফল অনর্থনিবৃত্তি হইবে। গুরুবর্গের দয়ার তুলনা নাই। সরল কৃপা-প্রার্থীকে তিনি দয়া করেনই। সরলকে হরিনাম ও হরিজনগণ জোর করিয়া আকর্ষণ করেন। শরণাগত হইয়া নিত্য পতি সতর্ক দৃষ্টি রাখিয়া চলিতে পারিলে চৈত্যগুরুর কৃপায় কোথায় অসুবিধা হইতেছে, তাহা বুঝা যাইবে। অকপট হইতে হইবে। দৃঢ়তা না থাকিলে হরিভজন হইবে না। দৃঢ়তা ও সরলতা থাকিলে নিশ্চয়ই সুবিধা হইবে। চক্ষুর ক্রিয়াটী একেবারে বন্ধ করিয়া দিয়া কাণটিকে সর্ব্বক্ষণ সজাগ [illegible] রাখিতে হইবে। সেবাপ্রবৃত্তিতে সতত উন্মুখ থাকাই সজাগ থাকা। অসৎসঙ্গ-ত্যাগ ও সৎসঙ্গ-গ্রহণ বিষয়ে খুব সতর্ক ও সজাগ না থাকিলে সুবিধা হইবে না। অনর্থনিবৃত্তি ও অর্থপ্রাপ্তি যুগপৎ হইবে। একের সম্পূর্ণ অভাব হইলে অপরের উদয় হইবে এরূপ নহে। অর্থের দিকে যতটা প্রবৃত্তি হইবে অনর্থ ততটা দূর হইয়া যাইবে। তজ্জন্য আর স্বাধীনভাবে চেষ্টা করিতে হয় না। সূর্য্যোদয়েই অন্ধকার যায়। অন্ধকার চলিয়া গেলে সূর্য্যোদয় হয়, এরূপ কথা নয়। ভক্তির সাধনে [illegible] তাতে যেন দৃঢ়তা থাকে। তাহাতে শৈথিল্য বা অন্যমনস্কতা আসিলে সৎসঙ্গের প্রতিও শৈথিল্য আসিয়াছে জানিতে হইবে।

সাধুর পদাশ্রয় না করিলে কিছুই হইবে না। এই সাধুর চরণাশ্রয় একটা কথার কথা নয়। সাধুর শ্রীচরণে পূর্ণশরণাগতিই সাধুপদাশ্রয়। সাধুবাক্যের ঔষধ, সুপথ্য ও ব্যবস্থা অকপটে একান্তভাবে গ্রহণ করিলে নিশ্চয়ই অনর্থরোগ বা ভবরোগ সারিয়া যাইবে। অনেকে বলেন,'আমি যদি শরণাগতই হইলাম, তবে কৃপার মূল্য কি থাকিল?' কৃপা সর্ব্বক্ষণই আছে। [illegible] শরণাগতি ব্যতীত অন্য কোন যত্নের দ্বারা কৃপা [illegible] উপলব্ধি হয় না—এ কথা না জানার দরুণই আমাদের অন্তরে এরূপ প্রশ্ন উদিত হয়। ভগবান্ ও ভগবদ্ভক্তগণের প্রতি আমাদের শরণাগতি আসুক। তাহা হইলেই আমাদের মঙ্গল হইবে।

মুখে কৃপাপ্রার্থনা আর অন্তরে কৃপাগ্রহণে অনিচ্ছা থাকিলে কৃপা লাভ হইবে না। [illegible] হইয়া প্রভুর সেবা করিবার প্রবৃত্তি-মূলেই কৃপাপ্রার্থনার উদয় হয়। সেবা-[illegible] কৃপাকাঙ্ক্ষা। সেবায় উদাসীন ব্যক্তি কৃপাপ্রার্থী নহে, সে কপট। যে পরিমাণে আমাদের সেবোন্মুখতা জাগে, [illegible] নিষ্কপটে সেবা করি সেই পরিমাণে আমরা সত্য সত্য কৃপাপ্রার্থী হই। যিনি কৃপা চান, তিনি সাধন করিবেন অর্থাৎ সেবা-প্রবৃত্তি-বিশিষ্ট হইবেন। তিনি সেবাপ্রবৃত্তির সহিতই প্রভুর কৃপা উপলব্ধি করিতে পারিবেন। সেবোন্মুখ বা সেবা-তৎপরই সেবা বা কৃপা পায়। শ্রীনামপ্রভু সেবোন্মুখ জিহ্বাদিতেই স্ফূর্ত্তি লাভ করেন। আমরা অনেকসময় 'কৃপা কৃপা' বলিয়া চীৎকার করি, কিন্তু সাধুগণ যখন সত্য সত্য কৃপা করিতে চান অর্থাৎ আমাকে সেবা দান করিতে প্রস্তুত হন, তখন আমি পলাইবার পথ পাই না। কৃপা আমার ইন্দ্রিয়তর্পণ করিবে না, পরন্তু আমাকে সেবায় নিযুক্ত করিবে একথা শুনিলেই আর কৃপার প্রতি আমাদের শ্রদ্ধা-ভক্তি থাকে না। কৃপা যে আমার উপর প্রভুত্ব করিয়া—আমার সর্ব্বনাশ করিয়া—আমার সুখের ঘরে আগুন লাগাইয়া—আমার পুরুষাভিমান নষ্ট করিয়া আমাকে কৃষ্ণসেবায় নিযুক্ত করে, কৃপার এই অসীম শক্তির কথা প্রকৃত

সাধুসঙ্গের অভাবে আমার উপলব্ধির বিষয় হয় না। তাই আমি কৃপাও পাই না।

ভক্তকৃপা ব্যতীত কৃষ্ণ সেবা লাভ হয় না—এই কথা শ্রবণ করিয়া আমাদের চিত্তে বিপরীত হইতেছে। ভক্তের চরণে শরণাগতি ও ভক্তের চরণে শ্রদ্ধা-ভক্তির অভাবে আমরা নিশ্চেষ্ট হইয়া বসিয়া থাকিও গিয়া কাঙ্গালতার বিষয়েই নিযুক্ত হইয়া পড়িতেছি। আমাদিগকে কেহ হরিভজন করিতে বলিলে আমরা ভগবান্ ও গুরুর কৃপা চাহিয়া বসিয়া থাকি—কৃপা ছাড়া ত' উপায় নাই প্রভো। ভগবৎ কৃপার অভাব তাই বিষয়ে মগ্ন আছি। ভগবৎ কৃপা হইলে সেবা করিতে পারি। আমাদের কৃপা মিলিতেছে না, তাই উদ্ধার পাইতেছি না, সুতরাং কি করিব? কিন্তু একটা কথা, আমরা কৃপা চাই কি? ভক্ত যখন আমাদের সেবায় নিযুক্ত করেন, সেইটাই আমার প্রতি কৃপা তাহা আমরা বুঝিতে চেষ্টা করি কি? সংসারকারী কর্তা আমরা ভক্তের সেবানিয়োগ ব্যাপারকে কৃপা মনে না করিয়া অন্য কিছু মনে করি এবং ভক্তি করিয়া পুনরায় কৃপাপ্রার্থনার ভাণ দেখাইয়া থাকি। এরূপই আমাদের চেষ্টা। কিন্তু যিনি সত্যসত্যই নিষ্কপট, যিনি কৃপাকাঙ্ক্ষীর সেবাবিগ্রহরূপে কৃপা বিতরণ করিবার জন্য ভগবানে দেখিতে পান। নিষ্কপট কৃপাভিখারী তখন কৃপা দেখিতে পান। তখন অত্যন্ত উৎসাহ, নিশ্চয়, ধৈর্য, সহকারে সেবাবিরোধী ও সুখ-কৃপাভিখারী কপটতাকে পরিত্যাগ, অনুকূল সেবাদান ও সেবায় অনুপ্রাণিত হইয়া কেবলমাত্র অনুক্ষণ নবনবায়মান সেবাপ্রদ কৃপাদাতা সাধুগণের সঙ্গে নিত্যকাল সেবায় নিযুক্ত থাকেন। যে দুর্লভ কার্য দ্বারাই ভগবান্ ও গুরুর কৃপালাভ ও সেবোন্মুখী সুকৃতি সঞ্চিত হয়, আর সেবাবিমুখ কর্মের দ্বারা অনর্থ নিবৃত্তি না হইয়া দুর্গতি লাভ হয়। সুতরাং তিনি সেবাবিমুখ কর্মে নিযুক্ত থাকিয়া—দেহ-গেহের ও প্রভাব পাইয়া কপটপূর্বক ভাবী কৃপার সুখস্বপ্ন দেখেন, তিনি নিজে বেদনাপ্রাপ্ত হন। তাঁহার ভাগ্যে ভগবৎকৃপা লাভ হয় না। সেবোন্মুখ তাই ভগবৎকৃপা। মধুরের আনুগত্য ও বৈষ্ণবসেবা ব্যতীত কৃষ্ণসেবা লাভ হয় না। কৃপা ও সাধন পরস্পর ঘনিষ্ঠ সম্বন্ধসূত্রে গ্রথিত: একটী ব্যতীত অপরটী সম্ভব হয় না। যাঁহাতে সাধন বা সেবোন্মুখী প্রবৃত্তি লক্ষিত হইতেছে, তিনিই কৃষ্ণকৃপা পাইতেছেন, জানিতে হইবে। ভক্ত্যুন্মুখী সুকৃতি সঞ্চয় বা সাধনই সেবার প্রাগবস্থা। উহা সেবা বিমুখ কর্মচেষ্টা নহে। সুতরাং সাধন বা সেবোন্মুখ জ্ঞাত বা অজ্ঞাত কর্মই ভগবৎ কৃপাসঞ্জাত ব্যাপার। ভগবৎ-সেবানুকূল চেষ্টা ও কৃপা পৃথক্ বস্তু নহে। সাধনভক্তি বা সেবাই শুদ্ধ সম্বন্ধজ্ঞানের জনক। আবার শুদ্ধ সম্বন্ধ-জ্ঞানোদয়েই অহৈতুকী নিত্যসিদ্ধা পরা ভক্তির আবির্ভাব। সেইজন্যই বলিতেছি, সাধন বা সেবা বাদ দিয়া কখনও কৃপা-লাভ হইতে পারে না।

শ্রীল রূপগোস্বামী প্রভু 'শ্রীভক্তিরসামৃত-সিন্ধু' গ্রন্থে সাধনাভিনিবেশজ ও কৃষ্ণকার্ষ্ণ প্রসাদজ ভাবের কথা বলিয়াছেন। এই সাধনাভিনিবেশজ ভাব দুই প্রকার—বৈধ সাধনাভিনিবেশজ ও রাগানুগ সাধনাভিনিবেশজ ভাব। সাধন ব্যতীত সহসা যে ভাব উৎপন্ন হয় তাহাই কৃষ্ণকার্ষ্ণ-প্রসাদজ ভাব। সাধুকৃত সাধনের সাধনাভিনিবেশজই ক্রমশঃ পরবশতা জন্মিয়া থাকে। যেই চিত্ত পরে আসক্তি জন্মে প্রেম লাভ হয়। স্বল্পপুণ্যকে রাগানুগা ভক্ত জীব ভাবোন্মুখ রাগানুগা সাধনাভিনিবেশজ না হইয়া উদ্ভূত হইলে, কৃষ্ণপ্রসাদজ ভাব আছে, আবার কৃপাদান ও হাদ। ভগবান্ যখন তাঁহাদের প্রতি প্রসন্ন হইয়া সাক্ষাৎ আনন্দ বিধান করেন তখন 'বাচিক প্রসাদ' হয়। ভগবান যখন মূর্তি দর্শন করাইয়া কৃপা দেন, তাহাকে 'আলোক-দান' বলে। অন্তরে প্রেরণা বা হৃদয়ে যখন উদয় হইয়া ভাব উদয় হয় তাহাকে 'হার্দ প্রসাদ' বলে। ভক্তপ্রসাদও লোকের অনুগ্রহে হইয়া থাকে। প্রহ্লাদ ইহার দৃষ্টান্ত তাহার আদর্শ। ভক্তগণ যে কোন ব্যক্তিকে কৃপা বিতরণ করিতে পারেন, এরূপ অসীম শক্তি তাঁহাদের আছে। তবে এ প্রসাদ খুব বিরল। সুতরাং আমরা যেন অলস হইয়া কৃপার প্রতি নির্ভর করিয়া সাধন ছাড়িয়া না দিই। সুতরাং ভগবান্ ও ভক্তপ্রসাদজ ভগবদ্ভক্তির বিচার সর্বদা দেখিবে। ভগবৎ সেবোন্মুখের উপরই বর্ষিত হয়। ভগবান্ ও ভগবদ্-ভক্তগণ স্বতন্ত্র স্বেচ্ছাময়। তাঁহারা সবই করিতে পারেন। তাঁহাদের স্বতন্ত্রতায় হস্তক্ষেপ করিবার ক্ষমতা কাহারও নাই। শ্রীভগবান্ সর্বদা আমাদিগকে কৃপাকরণ করিতেছেন। তিনি গৌরহরি ও বৈষ্ণবকারণ, সাধুমুখে ও শাস্ত্রাদি অনন্ত জীবগণকে নিত্যই আহ্বান করিতেছেন। ভগবানের কৃপাকরণ নাই, ইহা ভুল কথা। তবে আমরা বহির্মুখ সদ্ব্যবহার না করিলে—তাঁহার কৃপা বরণ না করি। তিনি আর কি করিবেন? ভগবৎ-সাধু সাক্ষাৎ না থাকিলে কি থাকিবে, আর, স্বতন্ত্র নহে। স্বল্পপুণ্য হরিভক্ত সম্বন্ধ-প্রাপ্ত হইলে ও মঙ্গলাভ হয় এবং স্বরূপ হইতে ভগবান লাভ জানি। সেইজন্যই বলিতেছি, সাধুর কৃপা ছাড়া, সাধুর সঙ্গ ছাড়া, সাধুর সেবা ছাড়া, সাধুর পদাশ্রয় ছাড়া মঙ্গলের অন্য পথ নাই।

স্বল্পপুণ্যবান্

——::•::——

স্বল্পপুণ্যবান অর্থাৎ যাঁহারা ভক্তিসুকৃতি হীন, অন্যাভিলাষী, জ্ঞানী বা কর্মী। তাঁহারা শ্রীনামব্রহ্মের অপ্রাকৃতত্বে আস্থা স্থাপন করিতে পারেন না। অন্যাভিলাষী, কর্মী, জ্ঞানী—এক কথায় অভক্ত-সম্প্রদায়ের অর্চা-বিগ্রহেই শ্রদ্ধা নাই সুতরাং, পরতত্ত্বস্বরূপ শ্রীনামের বিক্রম বা প্রভাব যে তাঁহাদের উপলব্ধির বিষয় হবে না, ইহাতে আর সন্দেহ কি? ইঁহাদের ধারণা—নাম কখনও 'ব্রহ্ম' হইতে পারেন না। শ্রীনাম জড়াকাশে উৎপন্ন অন্যান্য প্রাকৃত শব্দেরই সমপর্যায়ভুক্ত বস্তু-বিশেষ। শ্রীনামের শক্তিতে বিশ্বাসপরায়ণ হইতে পারেন না বলিয়াই ইঁহারা অন্যান্য শুভকর্ম বা অন্য সাধনকে শ্রীনামের সমান অথবা শ্রীনামাপেক্ষা শ্রেষ্ঠ জ্ঞান করিয়া অন্য পথ আশ্রয় করেন, শ্রীনাম-মাহাত্ম্যকে স্তবনা-মাত্র জ্ঞান করেন, শ্রীনামকে স্বীয় ভোগ্য, অধীন-জ্ঞানে নিজ প্রাকৃত অভিজ্ঞতাকে সম্বল করিয়া উহার যথেচ্ছ অর্থবাদ করিতে প্রবৃত্ত হন। শ্রীনামে বিশ্বাস হয় না বলিয়া শ্রীনামভজনকারী সাধুগণও ইঁহাদের নিকট সর্বদা অশ্রদ্ধার পাত্র হইয়া পড়েন।

স্বল্পপুণ্যবান্ আর এক প্রকার আছেন। প্রাকৃতশ্রদ্ধাবিশিষ্ট বা নিষ্ঠাধিকারী ভক্তপ্রধান। এক সম্প্রদায় উন্নতিবাদী, নিষ্কপট। তাঁহারা সাধুসঙ্গবলে শীঘ্রই শাস্ত্রীয় শ্রদ্ধার অধিকারী হন। আর এক সম্প্রদায় আছেন, তাঁহারা যতক্ষণ নিজ নিজ প্রাকৃত মনোধর্মের ধারণার অনুকূলে হরি-গুরুবৈষ্ণবকে অর্থাৎ শ্রীনাম ও নামাচার্যগণের নামসেবককে দেখিতে পান, ততক্ষণ তাঁহাদের প্রতি ছায়ানামমী শ্রদ্ধা প্রদর্শন করেন। কিন্তু যখনই তাঁহারা হরি গুরু বৈষ্ণবকে অনুরূপ দেখিতে পান, তখন আর তাঁহাদের সে শ্রদ্ধা ভাবটুকুও থাকে না। বদ্ধজীবের রুচির অনুকূলে অথবা প্রতিকূলে যে দর্শন, তাহার কোনটাই হরিগুরুবৈষ্ণবের স্বরূপ-দর্শন নহে। বদ্ধজীব যতক্ষণ নিজ ধারণা বা কল্পনার অনুরূপ হরি-গুরু-বৈষ্ণবকে দর্শন করিতেছে বলিয়া অভিমান করে, ততক্ষণই তাঁহাদের উপর বিশ্বাস থাকে। আবার যখন মনোধর্মের তাড়নায় তাঁহাদের নূতন একটা রূপ—যাহা তাহার রুচির অনুকূল নহে—দেখিতে পাইতেছে বলিয়া মনে করে, তখনই সেই শ্রদ্ধা বা বিশ্বাসাভাসটুকুও বিসর্জন দিয়া ক্ষীণপুণ্য বা স্বল্পপুণ্যবান্ আখ্যা লাভ করে।

এই স্বল্পপুণ্যবান্‌গণের একটি সাধারণ লক্ষণ এই যে, তাঁহাদের হৃদয়ে একটি সুদৃঢ় ধারণা থাকে যে, তাঁহারাই ঠিক, আর হরি-গুরু-বৈষ্ণবই বেঠিক। গুরুবৈষ্ণব যখন তাঁহাদের খেয়াল বা কল্পনানুযায়ী প্রকাশিত হইতেছেন না, তখন গুরু-বৈষ্ণবেরই গলদ আছে।

স্বল্পপুণ্যবান্‌দিগের শ্রীমহাপ্রসাদ, শ্রীগোবিন্দবিগ্রহ, শ্রীনাম ও শ্রীবৈষ্ণবের অপ্রাকৃতত্বে কিছুতেই বিশ্বাস উৎপন্ন হয় না। ইহাদিগকে যতই না কেন সাধু-শাস্ত্র-বাণী শ্রবণ করান যাক্, ইহারা ইহাদের গোঁড়ামি কিছুতেই পরিত্যাগ করিবে না; সুতরাং যাঁহারা আত্মমঙ্গল-কামী, তাঁহারা ইহাদিগকে অসত্যে অভিনিবিষ্ট, আত্মঘাতী জানিয়া ইহাদের দুঃসঙ্গ সম্পূর্ণরূপে বর্জ্জন করিবেন। কনিষ্ঠের যে শ্রদ্ধা বা বিশ্বাস, তাহা বস্তুতঃ আরোপিত মাত্র। কনিষ্ঠাধিকারী শ্রীনামের বিলাস, শ্রীনামের কর্তৃত্ব বা অধোক্ষজত্ব বিশ্বাস করিতে পারেন না। বিশ্বাস করিবার চেষ্টা তাঁহার আছে, কিন্তু যতক্ষণ শাস্ত্র-সম্মত বিশ্বাসের উদয় না হইতেছে, ততক্ষণ তাঁহার যে শ্রদ্ধাভাস বা বিশ্বাসাভাস তাহা অশ্রদ্ধালুগণের সহিত তুলনায় প্রশংসার্হ বা আদরণীয় হইলেও তাহার উপর অধিকদিন নির্ভর করা যায় না। জীবের স্বভাব বা বৃত্তি গতিশীল, এক স্থানে স্থায়ী হইয়া থাকে না। শ্রদ্ধাভাস যদি ক্রমশঃ প্রকৃত শ্রদ্ধার অবস্থা প্রাপ্ত না হয়, তাহা হইলে উহা পরিণামে অশ্রদ্ধা বা অপরাধে পর্যবসিত হইবেই হইবে। সুতরাং যাহাতে আমরা সত্যসত্যই খুব শীঘ্র শ্রীনামের প্রতি ও শ্রীনামাচার্যের প্রতি শ্রদ্ধাবিশিষ্ট হইতে পারি, তজ্জন্য যত্নপরায়ণ হওয়া একান্ত প্রয়োজন।

ভাগ্য যখন অত্যন্ত সুপ্রসন্ন হয়, শ্রীনাম কৃপোন্মুখ হইতে থাকেন, তখনই বিষয়-বাসনা অনল-সদৃশ বলিয়া মনে হয়। এখানে লক্ষ্য করিবার বিষয় এই যে, বিষয়ই যে অনলের জ্বালাদায়ক বলিয়া বোধ হয়, তাহা নহে নাই। তখন বিষয়ভোগ করিবার স্পৃহাটিই যেন অত্যন্ত ক্লেশকর, পীড়াদায়ক—এরূপ বোধ হইতে থাকে। বিষয়ভোগের বাসনা তখনও যায় নাই, তবে সে বাসনা আর ভাল লাগে না। অবাধ্য চিত্ত তখনও ইচ্ছার বিরুদ্ধে বিষয়ের দিকে ছুটিয়া যাইতেছে, তখনও বিষয়ভঙ্গ হয় নাই, মন ইতরবাসনামুক্ত হয় নাই, বিষয়ভোগ-লালসা তখনও চিত্ত হইতে সম্পূর্ণ বিদূরিত হয় নাই; যদিও পূর্বের ন্যায় বিষয়ভোগপরায়ণতা আর নাই, তথাপি পূর্বসংস্কারবশতঃ বিষয়ভোগের মোহ হইতে তখনও ছুটি হইতেছে না, তজ্জন্য মন বিষয়ের প্রতি তখনও ধাবিত হইতেছে। কিন্তু সঙ্গে সঙ্গে প্রবল দুঃখ, প্রবল বেদনা-বোধও হইতেছে। তখন "বিষয়বাসনানলে, মোর চিত্ত সদা জ্বলে" এই জ্বালাবোধ অত্যন্ত প্রবল হয়। 'বিষয়ভোগাকাঙ্ক্ষা চিত্তে এখনও অত প্রবল রহিয়াছে'—এই আকৃতি যখন অত্যন্ত প্রবল,

হিতে থাকে, তখনই হৃৎকেন্দ্র বিষয়বাসনা হইতে নিবৃত্তি পাইবার জন্য আকুল আকাঙ্ক্ষা জাগে, তখনই শ্রীনাম প্রভু হৃদয়ে অবস্থিত হইয়া হৃদয় হইতে প্রাকৃত কাম বিদূরিত করেন, তৎপূর্ব্বে নহে।

আত্মনিবেদন ও দৈন্য

শরণাগতের, অকিঞ্চনের একই লক্ষণ।
তার মধ্যে প্রবেশয়ে আত্মসমর্পণ॥

অকিঞ্চনতা ও শরণাগতি একই বৃত্তি, তবে শরণাগতির মধ্যে একটি লক্ষণ বেশী দেখা যায়—সেইটী আত্মসমর্পণ। অকিঞ্চনতার পূর্ণ-বিকশিত অবস্থাই শরণাগতি। অকিঞ্চন ব্যতীত অপর কেহ শরণাগতি লাভ করিতে পারেন না। দৈন্যই অকিঞ্চনতা। অকিঞ্চন ব্যতীত কেহ নিজের দীনতা উপলব্ধি করিতে পারেন না। ভোগ্যদর্শন যাঁহার সম্পূর্ণ দূর হইয়া গিয়াছে তিনিই অকিঞ্চন। আমার কর্ত্তৃত্বাধীন কোন বস্তু আছে—এই অভিমান থাকিলে অকিঞ্চনতা থাকে না।

আত্মসমর্পণ করিতে হইলে আত্মবস্তুটি এবং যাঁহার নিকট তাহা সমর্পিত হইবে, তাঁহার পরিচয় লাভ করা একান্ত প্রয়োজন। সেব্যবস্তুকে—গ্রহীতাকে আমরা জানিতে পারি না কখন?

জন্মৈশ্বর্য্যশ্রুতশ্রীভিরেধমানমদঃ পুমান্।
নৈবার্হত্যভিধাতুং বৈ ত্বামকিঞ্চনগোচরম্॥
(ভাঃ ১।৮।২৬)

উচ্চবংশজাত্যভিমান, ধনজনের অভিমান, পাণ্ডিত্যের অভিমান এবং সৌন্দর্য্যের অভিমান থাকার নামই কিঞ্চনতা। যতক্ষণ এই চারিটির লেশমাত্র আছে, ততক্ষণ ভগবান্‌কে জানা যায় না। এই চারিটি ছাড়িয়া দিলে জীব অকিঞ্চনতা লাভ করিতে পারেন। তখন ভগবান্ নিজেই তাঁহার গোচরীভূত অর্থাৎ সেবোন্মুখ ইন্দ্রিয়ের সাক্ষাদনুভূতির পাত্র হইয়া পড়েন। যখন ভগবদনুভূতি লাভ হয়, তখন আত্মসমর্পণ করা ব্যতীত শরণাগতের আর কিছু থাকে না। মত্ততা হইতে—জন্মৈশ্বর্য্যাদি অভিমান হইতে ছুটি লাভ করিয়া যিনি আত্মসমর্পণের জন্য প্রস্তুত—'আমার সর্ব্বস্ব গ্রহণ করুন' বলিয়া যিনি গ্রহীতার কৃপার জন্য তাঁহার অনুসন্ধানে ব্যগ্র-ব্যাকুল হইয়াছেন, তিনিই অকিঞ্চন। কেবল জন্মৈশ্বর্য্যাদি অভিমান-হীনতা অকিঞ্চনের মুখ্য লক্ষণ নহে। আমার কিছু নাই—এই লক্ষণ অকিঞ্চনতার বাহ্য লক্ষণ মাত্র। ভক্তের অকিঞ্চনতা কি? তিনি 'জাগতিক কিছু আমার নাই'—এই অভিমানকেই যথেষ্ট মনে করেন না। তিনি বলেন,—

"আমি ত' তোমার —তুমি ত' আমার,
কি কাজ অপর ধনে॥"

কেবল 'নেতি নেতি' বিচার ভক্তের নহে। ভক্ত ধনী—ঋণী নহেন। শরণাগত আত্মনিবেদন করিয়াছেন। তিনি সর্ব্বদাই "আমি ত' তোমার, তুমি ত' আমার," এই চিন্তাতেই ব্যস্ত। তাঁহার বিন্দুমাত্রও ভয় নাই, তিনি সদানন্দময়সাগ্নত—চৌদিকে কেবল আনন্দই দেখেন। ইতর বা দ্বিতীয় বস্তুর সম্বন্ধে ভাবিবার তাঁহার অবসরই নাই। অকিঞ্চন সর্ব্বদাই 'কি কাজ অপর ধনে?' এই চিন্তাতে ব্যাকুল। "আমি ত' তোমার, তুমি ত' আমার" এইটি যতই দৃঢ়ভাবে হইতে থাকে, ততই তাঁহার ব্যাকুলতা আসে—"কি কাজ অপর ধনে?" তাঁহার সমস্ত হৃদয় জুড়িয়া আর্ত্তি—বিজ্ঞপ্তি বা নিবেদন ধ্বনিত হইতে থাকে—

আর যে সংসার মোর নাহি লাগে ভাল।
কাঁহা যাই, কৃষ্ণ হেরি—এ চিন্তা বিশাল॥

"ভালমন্দ খাই হেরি পরি চিন্তাহীন" এ অবস্থাটা তখন আর থাকে না। কেবল ভাল খাওয়া পরা ছাড়িলে হইবে না, চিন্তাহীনতাকেও ছাড়িতে হইবে। কেবল সংসার-বৈরাগ্য হইলে হইবে না, 'কাঁহা যাই, কৃষ্ণ হেরি' এ চিন্তাও আনা প্রয়োজন, তবেই অকিঞ্চনতা লাভ হইবে। অকিঞ্চন সর্ব্বস্বসমর্পণের জন্য তীব্র আতিবিশিষ্ট। গ্রহীতা গ্রহণ না করিলে দাতার আর জীবনধারণের পর্য্যন্ত প্রয়োজন নাই।

কবে হেন কৃপা, লভিয়া এজন,
কৃতার্থ হইবে নাথ।
শক্তি-বুদ্ধিহীন, আমি অতি দীন,
কর মোরে আত্মসাৎ॥
যোগ্যতা-বিচারে, কিছু নাহি পাই,
তোমার করুণা সার।
করুণা না হ'লে, কাঁদিয়া কাঁদিয়া
প্রাণ না রাখিব আর॥

অকিঞ্চনেরই অপর নাম দীন। দীনতার পরিচয় দিতেছেন—'শক্তিবুদ্ধিহীন'—"যোগ্যতা-বিচারে, কিছু নাহি পাই"। কিন্তু যোগ্যতা না থাকিলেও—তোমার করুণার উপর আমার ভরসা আছে। তাই তিনি বলিতেছেন—"কর মোরে আত্মসাৎ" অর্থাৎ 'আমি আত্মনিবেদন করিতেছি, তুমি আমাকে গ্রহণ কর'। অকিঞ্চনতার কথাই পরমারাধ্যতম শ্রীল আচার্য্যদেব বলিয়াছেন—"দণ্ড দিবে দাও, কিন্তু ছাড়িও না"। আত্মসমর্পণের জন্য যিনি প্রস্তুত নহেন, তিনি অকিঞ্চন হইতে পারেন না। এজন্যই শ্রীল রূপ গোস্বামী প্রভু "আত্মনিক্ষেপ" আগে বলিয়া পরে দীনতা বা অকিঞ্চনতার কথা বলিয়াছেন।

অকিঞ্চন বা দীন জাগতিক অভিমান হইতে মুক্ত, তজ্জন্য তিনি জানেন, জগতের কিছুই তাঁহার নহে। আবার সেব্যের অনুসন্ধানে তিনি সর্ব্বক্ষণ ব্যাকুল, এইজন্য তাঁহার অভাববোধ—তাঁহার দৈন্যোপলব্ধি অত্যন্ত প্রবল। জড় সংসারই মায়া এবং কৃষ্ণের সম্পূর্ণ বিপরীত বস্তু; কাজেই ইহাকে যেন তিনি আর কিছুতেই সহ্য করিতে পারেন না। যখনই দীনতা বা অকিঞ্চনতা আমাদের প্রবল হইবে, তখনই হৃদয়ে হরিকে ধারণ করিয়া তদীয় কৃপালাভের আশায় নির্ব্বেদ স্বীকার করিয়া অনুসন্ধানে প্রবৃত্ত হইতে পারিব—ভোগ-ত্যাগের গৃহ ছাড়িয়া সর্ব্বস্ব নিবেদন করিবার জন্য অগ্রসর হইতে পারিব। কৃষ্ণচিন্তা যদি প্রবল না হয়, তবে ভোগত্যাগরূপা চেষ্টা কৃষ্ণপাদপদ্মে মতি আনে না। তখন গৃহব্রত-ধর্ম্মকে নিশ্চিন্তমনে আঁকড়াইয়া ধরিয়া থাকিয়া বেশ পরিতৃপ্ত থাকিব।

শ্রীমন্মহাপ্রভু "তৃণাদপি সুনীচেন" শ্লোকেও অকিঞ্চনেরই পরিচয় দিয়াছেন। বৈষ্ণব সর্ব্বদা নিজেকে অকিঞ্চন বলিয়া অভিমান করেন। শরণাগত আত্মসমর্পণ করিয়াছেন। তিনি বলেন,—'প্রভু কবে আমায় গ্রহণ করিবেন'। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর অকিঞ্চন কথাটি অনেক স্থলেই কীর্ত্তন করিয়াছেন। আত্মনিবেদনের তীব্র আকাঙ্ক্ষা জাগিলে অকিঞ্চনতা পরিস্ফুট হইবে। অকিঞ্চনতা অর্থাৎ 'কাঁহা যাই, কৃষ্ণ হেরি' এই চিন্তা বিশাল হইলেই সংসারের প্রতি বিরক্তিরূপ সেবা-দৈন্য উপলব্ধির বিষয় হইবে। যতই কৃষ্ণ-কার্ষ্ণ-চিন্তা হইবে, ততই সংসারের অভাববোধ বেশী হইবে। শ্রীল প্রভুপাদ সপ্তাহে একবার, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ প্রতিপক্ষে একবার নিজেকে পরীক্ষা করিতে বলিয়াছেন। শ্রীল আচার্য্য-দেব প্রাত্যহিক progress এর tangible result এর কথা বলিয়াছেন, আত্ম-নিবেদনের আকাঙ্ক্ষা একটু জাগে কি না, তাহারই উপলব্ধি করিবার কথা বলিয়াছেন।

বৈষ্ণবগণ আমাকে কৃপা করিয়া গুরু-পাদপদ্মে আত্মনিবেদন করাইতে আকর্ষণ করুন বলিয়া তাঁহাদের চরণে শরণ গ্রহণ ব্যতীত উপায় দেখি না। কারণ আত্ম-সমর্পণের আকাঙ্ক্ষা ব্যতীত দৈন্য বা নির্ব্বেদ সুষ্ঠুভাবে জাগ্রত হয় না।

শ্রীশ্রীল বাবাজী মহারাজ

সকলেই অবগত আছেন যে, শ্রীগৌরাঙ্গের নিজজন পরমারাধ্যতম পতিতপাবন পরমহংস-শিরোমণি শ্রীশ্রীল বংশীদাস বাবাজী মহারাজ কিছুদিন পূর্ব্বে শ্রীগৌড়ধাম হইতে শ্রীব্রজমণ্ডলাভিমুখে শুভযাত্রা করিয়াছেন। শ্রীশ্রীল বাবাজী মহারাজ কাটোয়া, ভাগলপুর, গয়া, কাশী ও অযোধ্যা হইয়া গত ১১ই মার্চ্চ মঙ্গলবার প্রয়াগে উপস্থিত হন। শ্রীশ্রীল বাবাজী মহারাজ ষ্টেশনের নিকট একটী বৃক্ষতলে একদিন অবস্থান করিয়া তৎপরদিবস শিবকোটীতে গমন করেন। তথায় অবস্থান করিতেছেন। এই মহাভাগবত-বরের শ্রীপাদপদ্মদর্শনের সৌভাগ্য পাইয়া তথাকার সকলেই ধন্য হইয়াছেন ও হইতেছেন।

দার্জ্জিলিং শ্রীগৌড়ীয়মঠে শ্রীশ্রীগৌরজন্মোৎসব

শ্রীগৌরনিজজন পরমারাধ্যতম পতিতপাবন-শিরোমণি শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে ও নির্দ্দেশানুসারে দার্জ্জিলিং শ্রীগৌড়ীয়মঠের সেবকগণ গত ১৯শে ফাল্গুন হইতে ক্রমান্বয়ে নয় দিবস কাল শ্রীশ্রীনবদ্বীপ-ধাম-মাহাত্ম্য ও শ্রীশ্রীভক্তিরত্নাকর গ্রন্থ হইতে প্রত্যহ সন্ধ্যায় নয়টী দ্বীপের মাহাত্ম্য শ্রবণ-কীর্ত্তন করেন।

গত ২৯শে ফাল্গুন শ্রীশ্রীগৌরপ্রকট-পূর্ণিমা-তিথিদিবসে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকাগিরিধারীজীউর মঙ্গলারাত্রিকের পর গুরুপরম্পরা, পঞ্চতত্ত্ব, 'শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু জীবে দয়া করি,' 'উদিল অরুণ', 'ভজহুঁ রে ভজরে আমার মন অতি মন্দ' প্রভৃতি বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তনান্তে শ্রীচৈতন্য-ভাগবত হইতে শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-লীলা-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা হয়। মঠসেবক-গণ নিরাহার উপবাসী থাকিয়া সন্ধ্যা ৭ ঘটিকা পর্য্যন্ত শ্রীচৈতন্যভাগবত পারায়ণ করেন। অতঃপর শ্রীবিগ্রহের সন্ধ্যারাত্রিকান্তে 'শ্রীগুরুচরণপদ্ম', পঞ্চতত্ত্ব এবং বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তনান্তে সেবকগণ সমাগত শ্রোতৃমণ্ডলীর নিকট শ্রীশ্রীগৌরাবির্ভাব-তিথি-বরার মহিমা ও গৌরজন শ্রীশ্রীল আচার্য্য-পাদপদ্মের অসমোর্দ্ধ মহিমা ও অপ্রাকৃত গুণাবলীর কথা প্রায় ১ ঘণ্টাকাল বাঙ্গলা, হিন্দি ও ইংরাজী ভাষায় কীর্ত্তন করেন। তৎপর দিবস বহু শ্রদ্ধালু ভদ্র ব্যক্তি ও ভদ্র মহিলাকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

রেঙ্গুণে প্রচার

গৌড়ীয় বৈষ্ণবাচার্য্যবর্য্য শ্রীশ্রীল ভক্তি প্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের আনুগত্যে রেঙ্গুণ গৌড়ীয়মঠের সেবকগণ ব্রহ্মদেশের বিভিন্নস্থানে হরিকথা প্রচার করিতেছেন।

গত ১লা মার্চ্চ সেকেণ্ড নিচ্ বঙ্গানপন বেসিন নামক সহরে চেট্টিয়ার টেম্পলে শ্রীপাদ জ্ঞানবান ব্রহ্মচারীজী ছাত্রাচারগণের তাঁহার ভাষায় শ্রীকৃষ্ণলীলা সম্বন্ধে একটি বক্তৃতা প্রদান করেন। সভায় প্রায় এক শত ব্যক্তি উপস্থিত ছিলেন। পরদিবস তথায় শ্রীলক্ষ্মীনারায়ণ ঠাকুরবাড়ীতে ব্রহ্মচারীজী ছাত্রাচারগণের হিন্দিভাষায় একটি বক্তৃতা প্রদান করেন। এতদ্ব্যতীত শ্রীমঠেও প্রত্যহ নিয়মিতভাবে প্রাতে, মধ্যাহ্নে ও সন্ধ্যায় পাঠ কীর্ত্তন ও ইষ্টগোষ্ঠী-মুখে হরিকথা আলোচিত হইতেছে।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীরঘুনন্দন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৮০০৫
সেবক—শ্রীঅনন্তবাসুদেব দাস ভক্তিশাস্ত্রী বি, এল,

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীপ্রণবানন্দ ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরি ... ব্রহ্মচারী

অদ্বৈত-ভবন
পোঃ ..., নদীয়া
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

কাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

আনন্দ সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রী...নন্দ ব্রহ্মচারী

শ্রীগৌরনিত্যানন্দ মঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—...নবগৌরাঙ্গ ব্রহ্মচারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ চাম্পাহাটী (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীশচীনন্দন দাস অধিকারী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশ্রীধরদাস অধিকারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌড়পুর নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্বস্বরূপ গৌড়ীয়মঠ
ঘাটভাঙ্গা (শ্রীবাসুদেব দত্তের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীরাধাকিশোর ব্রজবাসী

শ্রীরাণাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
চব্বিশপরগণা
সেবক—শ্রীনরেন্দ্রনাথ দাসাধিকারী

শ্রীমাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা।
সেবক—শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার

গোপালজীউমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীক্ষিতিপাবন ব্রহ্মচারী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নন্দনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদনান্দবিগ্রহ বিদ্যারত্ন বি, এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীদামোদর দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাথাং ..., দার্জ্জিলিং
সেবক—শ্রীপ্রজ্ঞান দাসাধিকারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ ডালিগঞ্জ, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনরহরি দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীসনাতন গৌড়ীয়মঠ
৮।১৭।৭৬ গণেশ মং, বেনারস সিটি
সেবক—শ্রীজগন্নাথদাস ব্রহ্মচারী

শ্রীরূপ গৌড়ীয়মঠ এলাহাবাদ
সেবক—শ্রীচন্দ্রশেখর ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনীলমাধব ব্রহ্মচারী

শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট পোঃ মথুরা
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনীলরতন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমদনমোহন দাসাধিকারী

ব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীব্রজেন্দ্রনন্দন দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন মথুরা
সেবক—শ্রীরাধারমণ দাস

সঙ্কেত ভাগবতমঠ
বর্ষাণ, মথুরা।
সেবক—শ্রীরাধাচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেষশায়ী
পোঃ হোডাল, জেলা গুড়গাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয় মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিবিহারী ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৪নং হনুমান রোড নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়াট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং,
ব্লক নং ২৬
সেবক—শ্রীকানাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
পোঃ রায়পেটা, মাদ্রাজ
সেবক—শ্রীবনমালী ব্রহ্মচারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবাঁশীবিহারী দাস অধিকারী

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীমদ্‌বলদেব দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর পুরী
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীনবজীবন ব্রহ্মচারী

শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয় প্রপন্ন সদন
পোঃ বড়কুলা, গঞ্জাম
সেবক—শ্রীবনশ্যাম দাসাধিকারী

শ্রীশ্রীসজ্জনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীদীনদয়াল দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীবলরাম ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)
সেবক—শ্রীমহাপ্রভুচৈতন্য দাসাধিকারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ডুমুরকুণ্ডা, পোঃ চিকুন্দা (মানভূম)
সেবক—শ্রীসনাতন ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
ফ্লাট নং ২, ৫১, ডাউনরোড ক্লাপটন,
লণ্ডন ই ৫
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্‌
১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা।
সেবক—শ্রীগিরীন্দ্র গোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
আমিনাবাদ (আমানগঞ্জ) লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীপ্রেমানন্দ ব্রহ্মচারী

শ্রীবস্তুনিধি-গৌড়ীয়মঠালয়
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅদ্বয়গোবিন্দ দাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পর্ণ স্থাপীঠ
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীউপেন্দ্রনন্দন ব্রহ্মচারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরাঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্‌
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্‌
সেবক—শ্রীপরেশানুভব ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্‌ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	৷০	৵০	৷৵০	৷০
" " ইঞ্চি	২৲	১৷০	১৷০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬৲	৪৷০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধ কলম ২৪৲	১৮৲
" এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫০, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ স্রোতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি পাণ্ডুলিপিরূপে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারবর্গের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান — শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মডার্ণ প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিয়াছেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা।

প্রাপ্তিস্থান — মডার্ণ প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী নারিন্দা, ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

নিরপেক্ষ সুযুক্তিপূর্ণ আলোচনা-গ্রন্থ; ইহাতে সাম্প্রদায়িকতাস্রোতে ভাসমান মানবগণের প্রাণ, সমন্বয়, মহাজন, অবতার, একায়ন, বহুয়ন ও তাহাসম্বন্ধে ভ্রান্ত ধারণা-নিরসনমূলে শাস্ত্র ও যুক্তির বিচার ও সমালোচনা প্রদর্শিত এবং পরমার্থ সম্বন্ধে মানবজাতির সাধারণ ভ্রমের, অভিজ্ঞানক সর্বসিদ্ধান্ত সকলও প্রদত্ত হইয়াছে।

প্রাপ্তিস্থান — মডার্ণ প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা

অথবা

শ্রীযোগপীঠ-শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর — গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং-এ্যাটাচ্‌ড বোর্ডিং খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও অভিজ্ঞতাযুক্ত। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুখদ বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রত্যেক বৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কনসেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্যের জীবনচরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব গবেষণামূলক গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্যমহাপ্রভুর পূর্ণ জীবনচরিত কথা, শিক্ষা ও চরিত্র অতি সুন্দরভাবে বর্ণিত হইয়াছে। এই গ্রন্থখানি শ্রীমৎ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান —

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

বিশ্বাসাগ্রহী মহামহোপদেশক পণ্ডিত শ্রীল বনমালী ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য মহোদয় তাঁহার অপ্রকটের পূর্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব অভিনব সংস্করণের সম্পাদন প্রকাশন করিয়া তাঁহার আদর্শ গুরুনিষ্ঠার পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে বৈশিষ্ট্য, অভিনবত্ব ও মৌলিকতা আছে, তাহা অতুলনীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূল শিক্ষা, তৎপরে বৃহদক্ষরে গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিপদ, তৎপরে প্রাচীন শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান —

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীভক্তিবিনোদ-বাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে প্রশ্নোত্তরমুখে তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা তিন টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের বিরাট সংস্করণ। কথাসার, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, নবদ্বীপের মানচিত্র, বিষয়নির্দ্দেশ, অধ্যায়বিবরণ, স্থান ও [illegible] অনুক্রমণিকা সহ গৌড়ীয়মঠ কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা শুদ্ধবৈষ্ণবসম্প্রদায়ের এক অমূল্য গ্রন্থ। ইহা ডবল ক্রাউন আট পেজী আকারে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র ২৷৷০ টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ছাত্রদের ভক্তিবিনোদ (২য় সংস্করণ)

ছাত্রদের উপযোগী, কাব্যালোচনা আকারে শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্রের [illegible] শিক্ষা। ভিক্ষা বার আনা, ছাত্রদের পক্ষে আট আনা।

প্রাপ্তিস্থান শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া অথবা শ্রীসুপতিরঞ্জন নাগ এম্ এ, [illegible] পুরানাপল্টন, পোঃ রমনা, ঢাকা।

ই. বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম)

যাওয়া

কলিকাতা ছাঃ	৫-৫৬	৬-২১	৭ ১৪	১-৬	৬ [illegible]	১৬-১৬	১৭-৫৭	[illegible]
দমদম	৬ ৫৮	৬-৩	৭ ২৮	১-	[illegible]			[illegible] ২
রাণাঘাট পৌঃ	৬-১৬	৮ ১	৯ ১৭	১৩-২৮	১৪-৫৭	১৮-০১	১০-৫৫	[illegible]
(বদল) ছাঃ	৬-২৮	৮-৬	[illegible]	১৩-৩৩	[illegible]	৮ ৩৯	১৯-৩০	[illegible]
কৃষ্ণনগর পৌঃ	৭-৫	৮ ৪০	১০-৩	১০-৫৪	১৪ ৪১	১৯ ১৪	২০ ৪	১- ১

(বদল) ছাঃ	৭-১০	১০- ১	১৭ ৩৩	২০ ৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৮	১০-৫৯	[illegible]	২০-১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১ ৬
দমদম " ১১ ১৮
রাণাঘাট পৌঃ ১-৫৫
" ছাঃ ১২-০
শান্তিপুর পৌঃ ১৩ ২৮
(বদল) ছাঃ ১৩ ৩৩ (নেরো গেজ লাইন)
কৃষ্ণনগর পৌঃ ১৪-১৪

ডাউন

শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৭ ১	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	১৮-৩৩
কৃষ্ণনগর পৌঃ	৮-৩৯	৮-৪৪	১১-৪২	১৫-০	১৭-০৬	১৯-১১

ছাঃ	৭-১০	[illegible]	১১-৪৭	১৫-১০	১৮ ৫৭	২০-২২	২০-৪৬	২-৩১
রাণাঘাট পৌঃ	৭-৪৫	৯-২৫	১২ ২৬	১৫ ৫০	১৭-৩০	১০-৩	২১ ১২	৪ ১০
(বদল) ছাঃ	৭-৫১	৯ ৩০	১২-৩৬	৫-৫৫	১৭-৯২	[illegible]	২১-২৫	৪-১৮
দমদম		১০-৮		১৭-৩৬	১৯-৯	২১-২৬	২৩ ৩	
কলিকাতা পৌঃ	৯-২১	১১-২০	১৫ ১৬	১৭-৫৬	২২-৫০	২৩-৮৫	৬-১৬	

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩, ষাণ্মাসিক ১০ টাকা মাত্র।

২। ভাগবত কলিকাতার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পুরী শ্রীপুরুষোত্তম মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১, টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সত্যভামাপুর হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১০০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয় [illegible] শ্রীযুক্ত [illegible] 'সম্প্রদায় আচার্য্য' বি-এ সম্পাদিত বাংলা [illegible] পত্র। [illegible] হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-[illegible] শ্রীল গৌরকিশোর দাস বাবাজী মহারাজের [illegible] শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত [illegible] পরমহংসগণের সদুপদেশ সহিত ও [illegible] সংযুক্ত হইয়া প্রকাশিত হইয়াছে। শ্রীশ্রীমহাপ্রভুর পার্ষদ [illegible] 'সদাচার্য্যগণের' অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণ-ভক্তিস্বরূপ আচার্য্যগণের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুসন্ধিৎসু ও আত্মমঙ্গলকামীরই পাঠ্য।

ভিক্ষা—দশ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

—— ::o:: ——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্র 'দৈনিক নদীয়া প্রকাশ' ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইস্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠ গুরুনের

ম্যালেরিয়ার পাচন

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণশীর্ণ মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায়। [illegible] লিভার, প্লীহা সংযুক্ত কামলা এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৷৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

বেহালা, ২৪ পরগণা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশিক্ষাষ্টকম্-শ্রীভক্তিবিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীশিক্ষাষ্টকের তাৎপর্য্য ও ব্যাখ্যা এই গ্রন্থে সুন্দররূপে প্রকাশিত হইয়াছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৶০ আনা।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ সহ প্রকাশিত হইয়াছে। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৶০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ১ বিষ্ণু ৪৫৪ গৌরাব্দ ৮ই চৈত্র বঙ্গাব্দ ১৩৪৭, ২২শে মার্চ্চ ইং ১৯৪১, শনিবার { ১২-১৩শ সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

বিষ্ণু অর্থাৎ ক্ষীরোদশায়ী গৌরাব্দ ৪৫৪

শ্রীল গোপালভট্ট গোস্বামী

জগদ্গুরু শ্রীল গোপালভট্ট গোস্বামী ছয় গোস্বামীর অন্যতম। ইনি নিত্যসিদ্ধ [illegible]গামী। শ্রীবৃষভানুনন্দিনীর মূর্ত্তিমান [illegible]-স্বরূপ তিনি। শ্রীগৌরগণোদ্দেশদীপিকায়—

[illegible]মঞ্জরী যাসীৎ সাদ্য গোপালভট্টকঃ।
গোস্বামিনং কেচিৎ আহুঃ শ্রীগুণমঞ্জরী॥

ইনি শ্রীরাধাগোবিন্দমিলিততনু শ্রীগৌর[সুন্দ]রের মনোঽভীষ্ট-প্রচারের জন্য এবং [তাঁহা]র অন্তরঙ্গ সেবা করিবার জন্য শ্রীগৌর[সুন্দ]রের সহিত এই প্রপঞ্চে আবির্ভূত [হই]য়াছিলেন। অকপট গৌরভক্ত ব্যতীত [কেহ] এই পরমহংসকুলচূড়ামণি গৌর[জ]নের মহত্ত্ব অন্যজ্ঞানে বুঝিতে [পারে] না। শ্রীল শ্রীরূপ গোস্বামী প্রভুই [গো]স্বামীর অগ্রণী। শ্রীল গোপালভট্ট [গোস্বা]মী প্রভু শ্রীস্বরূপ-রূপানুগ। তিনি [স]জাতীয় [illegible]গ্রহ। তিনি রূপানুগবর। [illegible] ব্রজজন—গৌরাধানিত্যজন। তাঁহার [illegible] আমাদের সত্তা, ইহা তাঁহার কৃপায় [illegible] হউক, ইহাই প্রার্থনা।

[illegible] কবিরাজ গোস্বামী প্রভু লিখিয়াছেন—

[শ্রীরূ]প-সনাতন ভট্টরঘুনাথ।
[শ্রীজী]ব গোপালভট্ট দাসরঘুনাথ।
এই ছয় গুরু শিক্ষাগুরু যে আমার।
তাঁ সবার পাদপদ্মে কোটি-নমস্কার॥

শ্রীল নরোত্তম ঠাকুরও গাহিয়াছেন—

শ্রীরূপ-সনাতন ভট্টরঘুনাথ।
শ্রীজীব গোপালভট্ট দাস রঘুনাথ॥
এই ছয় গোসাঞির করি চরণ-বন্দন।
যাহা হৈতে বিঘ্ননাশ, অভীষ্টপূরণ॥
এই ছয় গোসাঞি যাঁ'র মুই তাঁ'র দাস।
তাঁ' সবার পদরেণু মোর পঞ্চগ্রাস॥

১৪৩৩ শকাব্দের প্রারম্ভে স্বয়ং-ভগবান্ শ্রীমন্মহাপ্রভু দক্ষিণাত্যে তীর্থপর্য্যটন-চ্ছলে ভক্তগণকে কৃপা করেন। আষাঢ়ী শুক্লা একাদশী তিথিতে শ্রীমন্মহাপ্রভু শ্রীরঙ্গক্ষেত্রে উপস্থিত হন। সেই সময়ে ত্রিমল্ল, ব্যেঙ্কট ও গোপালগুরু নামক তিন ভ্রাতা মহীশূর প্রদেশ হইতে আসিয়া শ্রীরঙ্গমে বাস করিতেন। শ্রীব্যেঙ্কটভট্ট শ্রীরঙ্গবাসী উত্তরদেশীয় দ্রাবিড় ব্রাহ্মণ। ইনি বড়গলই শাখার রামানুজীয় বৈষ্ণব। ইঁহারা তিন ভ্রাতা। তাঁহার অপর দুই ভ্রাতার নাম ত্রিমল্ল বা তিরুমলয় ভট্ট ও শ্রীপ্রবোধানন্দ সরস্বতী। শ্রীব্যেঙ্কট ভট্ট নারায়ণপরায়ণ গৃহস্থ-বৈষ্ণব ছিলেন। শ্রীমন্মহাপ্রভুর কৃপায় তিনি কৃষ্ণসেবা লাভ করেন। এই শ্রীব্যেঙ্কট-ভট্টেরই পুত্ররত্ন আমাদের পরমারাধ্যতম পতিতপাবনশিরোমণি গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য শ্রীশ্রীল গোপালভট্ট গোস্বামী প্রভু। শ্রীমন্-মহাপ্রভু যখন শ্রীব্যেঙ্কটভট্টগৃহে উপনীত হন, তখন বালক শ্রীগোপালভট্ট নিত্য-প্রাণনাথ শ্রীগৌরসুন্দরের সেবা সর্ব্বতোভাবে করিয়াছিলেন। ইনি পিতৃব্য ত্রিদণ্ডিগোস্বামী শ্রীমদ্ প্রবোধানন্দ সরস্বতীপাদের নিকট দীক্ষা গ্রহণ করেন। শ্রীমন্মহাপ্রভু শ্রীগোপালের অতুল্য সেবাপ্রবৃত্তি দেখিয়া তাঁহাকে অশেষ কৃপা করেন।

শ্রীগৌরসুন্দর অনর্পিতচর উন্নত উজ্জ্বলরস প্রদানের জন্য কলিকালে আবির্ভূত হইয়াছিলেন। মাধুর্য্যরসবণিক একমাত্র রসিকশেখর শ্রীকৃষ্ণ। মাধুর্য্যরসে ঐশ্বর্য্যের অভাব নাই। কিন্তু মাধুর্য্যের নিকট উহার প্রভাব নাই। ঐশ্বর্য্যের বিষয় শ্রীকৃষ্ণের বিলাসবিগ্রহ পরব্যোমে শ্রীনারায়ণ। ঐশ্বর্য্যরসে গৌরব বর্ত্তমান। গৌরব আশ্রয়কে বিষয় হইতে কিঞ্চিৎ দূরে অবস্থান করায়। কিন্তু মাধুর্য্যরসে সেইরূপ গৌরবজনিত ব্যবধান নাই। সেখানে সম্পূর্ণ বিশ্রম্ভ বর্ত্তমান।

ঐশ্বর্য্যজ্ঞানেতে সব জগৎ মিশ্রিত।
ঐশ্বর্য্য-শিথিল প্রেমে নাহি মোর প্রীত॥
আমারে ঈশ্বর মানে আপনাকে হীন।
তা'র প্রেমে বশ আমি না হই অধীন॥
মোর পুত্র, মোর সখা, মোর প্রাণপতি।
এইভাবে যেই মোরে করে শুদ্ধভক্তি॥
আপনাকে বড় মানে আমারে সম-হীন॥
সেইভাবে হই আমি তাহার অধীন।
মাতা মোরে পুত্রভাবে করেন বন্ধন॥
অতি হীন জ্ঞানে করে লালনপালন॥
সখা শুদ্ধসখ্যে করে স্কন্ধে আরোহণ।
তুমি কোন্ বড় লোক, তুমি আমি সম॥
প্রিয়া যদি মান করি করয়ে ভর্ৎসন।
বেদস্তুতি হৈতে হরে সেই মোর মন॥

(চৈঃ চঃ)

এই মাধুর্য্যভাবটী বড় প্রাণমাতান ভাব, ইহাতে বড়-ছোট জ্ঞান নাই। বড়ই আপনার ভাব—প্রাণের সহজ স্বাভাবিক টান। এই নির্ম্মল প্রেমরাগে নিজসুখকামের লেশমাত্রও নাই। শ্রীমন্মহাপ্রভু শ্রীব্যেঙ্কটভট্টকে এই সকল কথা বলিতে লাগিলেন। শ্রীমন্মহাপ্রভু দেখিলেন শ্রীব্যেঙ্কটভট্ট সদাচারসম্পন্ন বৈষ্ণব বটে, কিন্তু তাঁহার স্বরূপে আরও উন্নত রসের ভাব আছে। ভট্ট এখনও তাহার সন্ধান পান নাই। শ্রীমন্মহাপ্রভু ভট্টের শ্রীলক্ষ্মী-নারায়ণসেবা-সৌষ্ঠব দর্শন করিয়া পরমানন্দিত হইলেন। শ্রীগৌরসুন্দর একদিন ভট্টকে রহস্য করিয়া বলিলেন,—"পতিব্রতা-শিরোমণি লক্ষ্মী ঠাকুরাণী নিরন্তর শ্রীনারায়ণের বক্ষঃস্থিতা হইয়াও কেন আমার প্রাণের ঠাকুর গোচারক গোপালের সঙ্গলাভের জন্য উৎকণ্ঠিতা? শুধু উৎকণ্ঠিতা নন, সাধ্বী সমস্ত সুখ পরিত্যাগ করিয়া তপস্বিনী।" তদুত্তরে ভট্ট বলিলেন,—"প্রভো! শ্রীকৃষ্ণ ও শ্রীনারায়ণে কোন ভেদ নাই। তবে শ্রীনারায়ণ চতুর্ভুজ শঙ্খ চক্র-গদা-পদ্মধর, আর শ্রীকৃষ্ণ দ্বিভুজ মুরলীধর। শ্রীনারায়ণে শ্রীকৃষ্ণের ন্যায় লালিত্য থাকিলেও কৃষ্ণের বৈদগ্ধ্যাদিরূপ লীলা নাই। শ্রীনারায়ণ ও শ্রীকৃষ্ণে স্বরূপতঃ কোন ভেদ নাই, তথাপি শৃঙ্গাররসবিচারে শ্রীকৃষ্ণরূপই রসের দ্বারা উৎকর্ষ লাভ করিয়াছেন। লক্ষ্মী দেখিলেন যে, কৃষ্ণসঙ্গে পতিব্রতাধর্ম্ম নাশ হয় না, অথচ রাসবিলাসরূপ অধিকন্তু কৃষ্ণসঙ্গে পাওয়া যায়, নারায়ণের সঙ্গে পাওয়া যায় না। সেইজন্যই শ্রীলক্ষ্মীদেবী শ্রীকৃষ্ণ সঙ্গ অভিলাষ করেন, ইহাতে দোষ কি?' শ্রীমন্মহাপ্রভু বলিলেন, "ভট্ট! ইহাতে কোন দোষ নাই, তাহা আমি জানি। তবে লক্ষ্মী ঠাকুরাণীর রাসে প্রবেশ লাভ হয় নাই। [illegible] ভট্ট বলিলেন,—'প্রভো! [illegible] লক্ষ্মী ঠাকুরাণী শ্রীনারায়ণের বক্ষঃস্থিতা হইয়াও [illegible] আদি ব্রতাচরণ করিয়াও রাসে প্রবেশের অধিকার পাইলেন না কেন, আর শ্রুতিগণ তপাচরণ করিয়া কিরূপে তাহা লাভ করিলেন? আমি ক্ষুদ্র জীব। ইহা আমি কিছুতেই বুঝিতে পারিতেছি না। আপনি কৃপা করিয়া আমাকে এই

লীলারহস্য বলুন।" তখন শ্রীমহাপ্রভু বলিলেন—"ভট্ট, শ্রীকৃষ্ণের এক অসমোর্দ্ধ লক্ষণ এই যে, তিনি নিজ মাধুর্য্যে সর্ব্বচিত্ত, এমন কি, নিজেই নিজের চিত্ত পর্য্যন্ত আকর্ষণ করেন। ব্রজবাসিগণ সেই মাধুর্য্যময় শ্রীকৃষ্ণকে ঈশ্বররূপে দর্শন করেন না। ব্রজবাসীর নিকট শ্রীকৃষ্ণের ঐশ্বর্য্য মাধুর্য্যের দ্বারা আচ্ছাদিত। শ্রীকৃষ্ণে সমস্ত ঐশ্বর্য্য পরিপূর্ণরূপে থাকিলেও মাধুর্য্যের নিকট তাহার প্রভাব নাই। শ্রীকৃষ্ণ আনন্দময় রসস্বরূপ, তাঁহার সমস্তই মাধুর্য্যময়। ব্রজজনের ভাবে ব্রজজনের অনুগত হইয়া যাঁহারা ভজন করেন, তাঁহারাই ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণের সেবা পান। শ্রুতিগণ শ্রীকৃষ্ণের রাসমণ্ডলে প্রবেশ করিবার চেষ্টা করিয়া সফল মনোরথ হইতে পারিলেন না এবং কেবল অন্তর্গত গোপীভাব লইয়াও যখন প্রবেশ করিতে অসমর্থ হইলেন, তখন বাহ্যে গোপীদেহ ও অন্তরে গোপীভাব গ্রহণ করত গোপীগণের অনুগত হইয়া শ্রীকৃষ্ণের রাসে যোগদান করেন। শ্রীকৃষ্ণ গোপজাতি, গোপীগণই তাঁহার প্রেয়সী, সুতরাং ঐশ্বর্য্যময়ী দেবীরূপে, কি অন্য স্বীয় রূপে কৃষ্ণসঙ্গম পাওয়া যায় না। শ্রীলক্ষ্মীদেবী নিজ দেহেই কৃষ্ণসঙ্গম প্রার্থনা করিয়াছিলেন। কিন্তু গোপীদিগের স্বাভাবিক অনুরাগের অনুগত হইয়া ভজন করেন নাই, এইজন্য গোপী হইতে পৃথক্ দেহে রাসলীলায় প্রবেশ লাভ করিতে পারেন নাই।"

ষট্‌সন্দর্ভের মধ্যে তত্ত্ব-সন্দর্ভের আদিতে শ্রীরূপ-সনাতনের প্রণামমঙ্গলের পর লিখিত আছে—শ্রীমধ্ব, শ্রীরামানুজ, শ্রীধরস্বামী প্রভৃতি প্রাচীন বৈষ্ণবাচার্য্যগণের লিখিত গ্রন্থাদি হইতে বিচারাদি সঙ্কলন করিয়া শ্রীরূপ-সনাতন প্রভুদ্বয়ের প্রিয় সুহৃৎ দাক্ষিণাত্যবাসী দ্বিজকুলোদ্ভূত শ্রীগোপালভট্ট একখানি গ্রন্থ লিখেন। তাহাতে কোথায়ও ক্রমভাবে, কোথায়ও ব্যুৎক্রম অর্থাৎ ক্রমভঙ্গভাবে কোথায়ও বা খণ্ড খণ্ড ভাবে যাহা লিখিত ছিল, তাহা ক্ষুদ্র জীব আমি পর্য্যালোচনা করিয়া ক্রমানুসারে যথাযথ লিখিতেছি। 'ভগবৎ' প্রভৃতি অন্যান্য সন্দর্ভের প্রারম্ভেও এইরূপ কথা আছে। শ্রীল গোপালভট্ট গোস্বামী প্রভু সৎক্রিয়া-সারদীপিকা-রচনাকারী, হরিভক্তিবিলাসের সম্পাদক ও ষট্‌-সন্দর্ভের পূর্ব্ব লেখক। তিনি কৃষ্ণকর্ণামৃতের একটি টিপ্পনীও করিয়াছিলেন। তিনি শ্রীল রূপ গোস্বামী প্রভুর রুচিতে শ্রীরাধারমণ-সেবা প্রকাশ করেন। শ্রীনিবাসাচার্য্য ও গোপীনাথ পূজারী ইঁহার শিষ্য। এই সেবা অদ্যাপি শ্রীবৃন্দাবনে বর্ত্তমান। শ্রীভক্তিরত্নাকর গ্রন্থে পাই,—

গোপালের মাতা-পিতা মহাভাগ্যবান্।
শ্রীচৈতন্যপদে যে সঁপিল মনঃ-প্রাণ॥
বৃন্দাবন যাইতে পুত্রেরে আজ্ঞা দিয়া।
দেহ সঙ্গোপন কৈলা প্রভু সোঙরিয়া॥
কতদিনে গোপাল গেলেন বৃন্দাবন।
রূপ-সনাতন সঙ্গে হইল মিলন॥
গোপালভট্ট বেঙ্কটভট্টের নন্দন।
অল্পকালে সকল শাস্ত্রেতে বিচক্ষণ॥
শ্রীরূপ সনাতন হৈতে প্রেমময়।
শ্রীগোপালভট্টসহ অদ্ভুত প্রণয়॥
করিতে বৈষ্ণবস্মৃতি হৈল উদ্যম।
সনাতন গোস্বামী জানিলা সেইক্ষণে॥
গোপালের নামে শ্রীগোস্বামী সনাতন।
করিল শ্রীহরিভক্তিবিলাস বর্ণন॥
শ্রীবিগ্রহ সেবা গোপালের ইচ্ছা হৈল।
শ্রীগোবিন্দ শ্রীরূপেরে স্বপ্নে আদেশিল॥
শ্রীরূপগোস্বামী ভট্টে প্রাণসম জানে।
শ্রীরাধারমণ-সেবা করাইলা তানে॥

ভক্তের প্রার্থনা

——:•:•:•:— —

ভগবান্ আমাদের যে অবস্থায় রাখিয়া সুখী হন, তাহাই সাদরে বরণীয়। সুখ-দুঃখ উভয়কেই ভগবানের কৃপা বলিয়া বরণ করা দরকার। সুখ-দুঃখ উভয়েরই দাতা ভগবান্। ভগবান্ কৃপাময়। তাঁহার যাহা কিছু বিধান সমস্তই মঙ্গলজনক। সুতরাং সুখই হউক, আর দুঃখই হউক, সকলই ভগবানের কৃপা। সুখকে ভগবানের কৃপা বলিয়া বরণ করিব, আর দুঃখকে উপেক্ষা করিব—ইহা ভক্তের বিচার নহে। ভক্তের বিচার—

"তোমার সেবায়, দুঃখ হয় যত,
সেও ত' পরম সুখ।
সেবা-সুখ-দুঃখ, পরম সম্পদ,
নাশয়ে অবিদ্যা-দুঃখ॥"

ভক্ত ভগবানের কৃপার কাঙ্গাল। তিনি গুরু-বৈষ্ণবের কৃপাবিন্দু প্রার্থনা করেন, এতদ্ব্যতীত তাঁহার অন্য কোনও প্রার্থনা নাই। ভক্ত জানেন—কৃপাপ্রার্থী কৃপাই পান। ভগবানের যাহা বিধান—সুখই হউক, আর দুঃখই হউক, দয়াই হউক, আর দণ্ডই হউক, উভয়কে তিনি কৃপা বলিয়াই বরণ করেন। শরণাগত বা আশ্রিতকে কেহ শাস্তি প্রদান করেন না, কৃপা বিতরণ করেন, অভয় প্রদান করেন। সুতরাং আমি যদি শরণাগত হইয়া—কৃপাপ্রার্থী হইয়া ভগবানের নিকট হইতে দণ্ডও পাই, তাহা হইলেও তাহা দণ্ড নহে কৃপাই—দণ্ডের আকারে। তিনি লোকশিক্ষার্থ নিজজনকেও ত' দণ্ড প্রদান করেন। দণ্ড কাহাকে দিবেন? যাঁহারা আপনার শরণ গ্রহণ করিয়াছেন তাঁহাকেই ত'? আমি শরণাগত কৃপাপ্রার্থী কিনা তাহাই বিচার্য্য হওয়া উচিত। অনেক সময় আমরা মনে করি, গুরুবৈষ্ণব বোধ হয় আমাকে পর মনে করিয়াই বঞ্চনা করেন, নিন্দা-তিরস্কারাদি করেন। কিন্তু ইহার পূর্ব্বে আমাদের বিচার হওয়া উচিত আমরা গুরুবৈষ্ণবকে কতটা ভালবাসি, কতটা ভক্তি করি। যদি আমরা তাঁহাদিগকে ভক্তি করি—তাঁহাদের সুখের জন্যই আমাদের সমস্ত চেষ্টা নিয়োজিত করি, তবে তাঁহারা আমাদিগকে বঞ্চনা করিবেন কেন? কিন্তু আমরা কি তাঁহাদিগকে ভক্তি করি, ভালবাসি? যদি ভালবাসি, যদি ভক্তিই করি তাহা হইলে বুঝিব, তাঁহার সমস্ত কার্য্যই আমার মঙ্গলজনক। 'গৌরের আমার সব ভাল'—ইহাই ভক্তিমানের লক্ষণ। প্রীতি—ভালবাসার এমনি লক্ষণ যে, ভালবাসার পাত্রের দোষ কিছুতেই দেখা যায় না। ভক্ত নিজের জন্য কিছু করেন না, সমস্ত ভগবানের সুখের জন্যই করেন।

যে কার্য্যে কৃষ্ণের সেবা, কৃষ্ণের সন্তোষ।
সে কার্য্য করয়ে সদা, না করয় রোষ॥
সেই 'শুদ্ধভক্ত,' যে তোমা ভজে
তোমা লাগি'।
আপনার সুখ দুঃখে নহে ভোগ-ভাগী॥
তোমার অনুকম্পা চাহে ভজে অনুক্ষণ।
অচিরাৎ মিলে তাঁরে তোমার চরণ॥

সেবকের একমাত্র প্রার্থনা—সেবা। যেখানে কৃষ্ণের সুখ—কৃষ্ণের সন্তোষ, ভক্তের তাহাই একমাত্র কাম্য। সুখই হউক, আর দুঃখই হউক, যাহাতে কৃষ্ণবিস্মৃতিরহিত হইয়া ভগবৎস্মৃতি আসে, যাহাতে গুরুকৃষ্ণের সুখ আছে, তাহাই ভক্তের প্রার্থনীয়।

কুবুদ্ধি

——::•::——

যাঁহারা হরিভজন করেন, তাঁহারাই সুবুদ্ধি বা সুমেধা। আর ভক্তির কোন সন্ধান না রাখিয়া ভোগ বা ত্যাগে রত জনগণই কুবুদ্ধি বা কুমেধা। ভক্তের শরণাগতি ও সদাচার আছে। কিন্তু অভক্তগণ কর্তৃত্বাভিমানী ও যথেচ্ছাচারী বা অনাচারী। সুবুদ্ধিগণ হরিকীর্ত্তনমুখে কৃষ্ণসেবাপরায়ণ—কৃষ্ণ-সুস্মরণ। আর কুবুদ্ধিগণ নিরন্তর অর্থচিন্তায় ব্যস্ত। কুবুদ্ধি পিশাচী আমাদিগকে ভক্ত সাজাইয়া এরূপভাবে আকাশে উঠায় যে, আমরা কিছুতেই নিজ অবস্থা বিচার করিতে পারি না। কিন্তু সুবুদ্ধির সহিত যদি দেখা হয়, তাহা হইলে তিনি আমাদিগকে আমাদের প্রকৃত অবস্থার কথা জানাইয়া দিয়া রক্ষা করিতে পারেন। কিন্তু কুবুদ্ধি কিছুতেই আমাদিগকে সুবুদ্ধির কাছে যাইতে দিবে না। আমাদিগকে পাগল করিয়া সে কেবল আমাদের জীবন বৃথা নষ্ট করিবে।

কুবুদ্ধি হইতে প্রভু হওয়ার ইচ্ছা হয়। তখন গুরুবৈষ্ণব-ভগবানের দাস্য ভাল লাগে না। তখন মনে হয়, কৃষ্ণের দাস হইয়া কি হইবে? দাস্য ত' তুচ্ছ জিনিষ। তখন কৃষ্ণের দাস হওয়া অর্থাৎ স্বরূপজ্ঞানে উদ্বুদ্ধ হওয়াকেই ক্ষতিজনক মনে হয়। কৃষ্ণকে সর্ব্বস্ব দিয়া সেবা করিলে যে তাঁহার দাস হওয়া যায়, স্বরূপে প্রতিষ্ঠিত হওয়া যায়, নিত্যকালের জন্য অশান্তি বা মায়ার হাত হইতে নিষ্কৃতি পাওয়া যায়, এ কথা কুবুদ্ধি সকল সময়েই জড় সুবুদ্ধিগণের নিকট হইতে তফাতে রাখিবার যত্ন করে।

সময় সময় ক্ষণিকের জন্য সুবুদ্ধিদেবীর দর্শন পাইয়া আমরা হরিভজনের সঙ্কল্প করি এবং সঙ্কল্পের বশবর্ত্তী হইয়া সদ্‌গুরুর আনুগত্যে হরিগুরুবৈষ্ণবসেবায় প্রবৃত্ত হই, কিন্তু কুবুদ্ধিরাক্ষসী সর্ব্বদা আমাদের পশ্চাতে এমনভাবে বসিয়া আছে যে, যখনই আমরা হৃদয়দৌর্ব্বল্যবশতঃ হরিসেবায় একটু অমনোযোগী হই, তখনই ফাঁক বুঝিয়া আমাকে ইতরবিষয়ে প্রলুব্ধ করিবার যত্ন করে।

কুবুদ্ধি আমাদিগকে পদে পদে ঠকায়, কিন্তু কিছুতেই আমরা তাহার বঞ্চনা ধরিতে পারি না, এমনি আমাদের দুরবস্থা! কুবুদ্ধি আমাদিগকে পরামর্শ দেয়—প্রকৃত সাধুর কাছে যাইও না। যদি দৈবাৎ কোন খাঁটি সাধুর কাছে গিয়া পড়, তাহা হইলে তাঁহার কথায় মনোযোগ দিও না, কারণ সাধুর কথার এমনি মোহিনী শক্তি আছে যে, একটু মনোযোগ দিলেই তিনি চিত্তবিত্ত সমস্ত হরণ করিয়া লইবেন। সুতরাং তুমি নকল সাধুর কাছে যাও, সেখানে গেলে তোমার সর্ব্বনাশের ভয় থাকিবে না, সংসার অটুট থাকিবে।'

যদি আমাদের গুরুবৈষ্ণবে শ্রদ্ধা থাকিত, যদি সম্বন্ধজ্ঞান সুদৃঢ় থাকিত, তাহা হইলে আমাদের সাধুসঙ্গ নিশ্চয়ই হইত এবং সাধুসঙ্গ হইলে মুহূর্ত্তের জন্যও কুবুদ্ধি বা মায়া আমাদের নিকট আসিবার সুযোগ পাইত না। সতত কৃষ্ণনিষ্ঠ গুরুবৈষ্ণবের পাদপদ্মে আমাদের আঠা বা টান হয় নাই; তাই কুবুদ্ধি দুর্ব্বল পাইয়া আমাদিগকে ইতর পরামর্শ দিয়া নিত্য একমাত্র আশ্রয়স্থল শ্রীগুরুপাদপদ্ম হইতে বিচ্যুত করিবার চেষ্টা করিত না। কপাল অভাবে থাকায় দুর্দ্দৈব অতি প্রবল। তাই শ্রীগুরুপাদপদ্মে একান্ত শরণাগতি বা সুদৃঢ় সম্বন্ধ হইতেছে না। তজ্জন্যই কুবুদ্ধির হাত হইতে নিষ্কৃতিও পাইতেছি না। কিন্তু তাই বলিয়া হতাশার কোন কথা নাই। এখনও সময় আছে। এখনও সময় থাকিতে থাকিতে যদি যাঁহাদের কৃষ্ণে আঠা হইয়াছে, এরূপ সাধুগুরুবৈষ্ণবের আনুগত্য করি, তাহা হইলে আবার সুবুদ্ধি-দেবীর সহিত আমাদের দেখা হইবে।

কৃষ্ণকৃপায় সাধুসঙ্গে রতিবুদ্ধি পায়।
সব ছাড়ি' কৃষ্ণভক্তি অনুসঙ্গে পায়॥
বিচার করিয়া যবে ভজে কৃষ্ণ পায়।
সেই বুদ্ধি দেন তারে যাতে কৃষ্ণ পায়॥

কুবুদ্ধির পরামর্শে পড়িয়া ভক্ত বলিয়া প্রতিষ্ঠা-লাভের আকাঙ্ক্ষাই আমাদের

সর্ব্বনাশ করিয়াছে। কনক-কামিনী ছাড়া যায় কিন্তু প্রতিষ্ঠা ছাড়া খুবই কঠিন। সুতরাং এখন সুবুদ্ধিজনের সঙ্গ ও কৃপা ছাড়া এ বিপদের হাত হইতে রক্ষা পাইবার অন্য উপায় নাই। তাই তাঁহাদের চরণে প্রার্থনা—

বৈষ্ণব ঠাকুর দয়ার সাগর
এ দাসে করুণা করি'।
দিয়া পদছায়া শোধ হে আমারে
তোমার চরণ ধরি॥
ছয় বেগ দমি' ছয় দোষ শোধি'
ছয় গুণ দেহ' দাসে।
ছয় সৎসঙ্গ দেহ' হে আমারে
ব'সেছি সঙ্গের আশে॥

শ্রীল আচার্য্যদেবের হরিকথা

——:•:•:•:——

শ্রীগুরুপাদপদ্ম সাক্ষাৎ ভগবানের মত বা তদপেক্ষা মানবজাতির প্রতি অধিকতর করুণাবিশিষ্ট হইয়া আমাদের ন্যায় কলিহত পতিত দুর্গত জীবকে পাবন, উদ্ধার ও ভগবানের সঙ্গে মিলন করাইবার জন্য স্বেচ্ছায় যে কোন স্থানে, যে কোন কুলে আবির্ভূত হন। যেমন মৎস্য, কূর্ম্ম, বরাহ, নৃসিংহ—এই চারিরূপে ভগবান্ বা পক্ষিকুলে বৈষ্ণববর গরুড় ও জটায়ু, কপিকুলে বৈষ্ণবশ্রেষ্ঠ হনুমান ও সুগ্রীবাদি, শূদ্রাত্মজকুলে ধর্ম্মব্যাধ, দৈত্যকুলে প্রহ্লাদ, বলি ও বৃত্র, রাক্ষসকুলে বিভীষণ, পশুকুলে গজেন্দ্রাদি, বৃক্ষকুলে তুলসী, শিলাকুলে শ্রীশালগ্রাম ও গোবর্দ্ধন, জলকুলে গঙ্গা, যমুনা ও শ্রীকুণ্ডাদি সরোবর এবং অহিকুলে বৈষ্ণবরাজ শেষ স্বেচ্ছায় অবতীর্ণ হইলেও তাঁহাদিগকে তত্তৎকুলে অবতীর্ণ বলিয়া তত্তৎ জাতিসামান্যে দর্শন করিলে অনন্ত নরক অবশ্যম্ভাবী, তদ্রূপ জগদ্গুরু ও বিষ্ণুপাদ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর বা জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদকে জাতিবুদ্ধি করিলে সেই জঘন্যতম পাষণ্ডতার ফলে অনন্ত নরক অবশ্যম্ভাবী। এই নরক হইতে উদ্ধার করিবার ক্ষমতা স্বয়ং ভগবানেরও নাই।

কৃষ্ণ ও তাঁহার ভক্তের বিদ্বেষ-নিন্দাদি-বিষয়ে অসহিষ্ণুতাই বৈধ ভক্তির বিশেষ অঙ্গ। ইহা প্রতিপালন না করিলে প্রত্যবায় ও শুদ্ধভক্তি হইতে পতিত হইতে হইবে। বৈষ্ণবনিন্দার প্রতি অসহিষ্ণুতা-প্রদর্শনই ভক্তি। বৈষ্ণবদ্রোহফলে যে নরকপাত হয় সেই নরক হইতে উদ্ধার করিবার ক্ষমতা স্বয়ং ভগবানেরও নাই, যে পর্য্যন্ত না সেই বৈষ্ণবের প্রতি অপরাধ হইয়াছে, সেই বৈষ্ণবের চরণে অকপটে ক্ষমা প্রার্থনা করা হয়। 'ক্রোধ ভক্তদ্বেষিজনে'—ইহাই ভক্তি। এইরূপ বিচারেই শ্রীল প্রভুপাদ—"গুরুনিন্দা শুনিয়া যাহাদের ক্রোধ হয় না, তাহাদের যথেষ্ট অন্যাভিলাষ আছে," জানাইয়াছেন।

শ্রীভগবৎপাদপদ্মে সম্পূর্ণ নির্ভরশীল ভগবদ্‌ভক্ত বিপ্র মিশ্রকে নানাভাবে সান্ত্বনা-প্রদান করিলেন। ঈশ্বরের সর্ব্বজ্ঞতা ও কৃপাশক্তির প্রতি এইরূপ বিশ্বাস ভক্তেরই আছে, অপরের নাই। তাই বিপ্র বিন্দুমাত্র দুঃখ না করিয়া সবই কৃষ্ণের কৃপা, ইহা জানিয়া কিছু খাদ্য চাহিলেন। মিশ্রবর তাঁহাকে পুনরায় পাক করিতে অনুরোধ করায় তিনি পুনরায় পাক আরম্ভ করিলেন। পাছে গৌরহরি পুনরায় অসুবিধা ঘটায় তজ্জন্য সকলের পরামর্শানুসারে শ্রীশচীদেবী বিপ্রের ভোজন সমাপ্ত না হওয়া পর্য্যন্ত নিমাইকে লইয়া কোন প্রতিবেশীর গৃহে অপেক্ষা করিতে থাকেন। এদিকে মিশ্রগৃহে তৈর্থিক বিপ্র দ্বিতীয়বার ভোগরন্ধন করিয়া তাহা বালগোপালকে নিবেদন করিবার জন্য ধ্যানস্থ হইলে চিত্তাধিষ্ঠাতা শ্রীগৌরসুন্দর সকলকে যোগমায়ার দ্বারা মোহিত করিয়া বিপ্রের নিকট আগমনপূর্ব্বক তাঁহার অন্ন ভোজন করিতে আরম্ভ করিলেন। বিপ্র ভোগ নষ্ট হইল বলিয়া পুনরায় চীৎকার করিয়া উঠিলে মিশ্র জানিতে পারিয়া নিমাই-এর প্রতি সর্ব্বাপেক্ষা অধিকতর ক্রোধপ্রকাশ করিলেন এবং অত্যন্ত মর্ম্মাহত হইলেন। এবার মিশ্রবরের জ্যেষ্ঠ পুত্র বিশ্বরূপ বিপ্রকে পুনরায় রন্ধন করিবার জন্য অনুরোধ করিতে লাগিলেন। তখন বিপ্র বলিলেন, এত গভীর রাত্রিতে পুনরায় রন্ধন করিবার ইচ্ছা নাই,—

বিপ্র বোলে,—'রন্ধন করিলুঁ দুইবার।
তথাপিহ কৃষ্ণ না দিলেন খাইবার॥
তেঞি বুঝিলাও—আজি নাহিক লিখন।
কৃষ্ণ-ইচ্ছা নাহি,—কেনে করহ যতন॥
কোটি ভক্ষ্য-দ্রব্য যদি থাকে নিজ-ঘরে।
কৃষ্ণ-আজ্ঞা হইলে সে খাইবারে পারে॥
যে-দিনে কৃষ্ণের যা'রে লিখন না হয়।
কোটি যত্ন করুক, তথাপি সিদ্ধ নয়॥'

বিপ্রের কথা শুনিয়া সকলেই দুঃখিত হইলেন এবং শ্রীবিশ্বরূপ পুনরায় বিপ্রের চরণ ধরিয়া প্রার্থনা জানাইলে বিপ্র পুনরায় রন্ধন করিতে স্বীকৃত হইলেন। যাহাতে চঞ্চল বালক পুনরায় নৈবেদ্য নষ্ট করিতে না পারে তজ্জন্য আত্মীয়গণ বালককে বেষ্টন করিয়া এবং মিশ্রগৃহের দ্বারে প্রহরীরূপে বসিয়া থাকিলেন। বালককে বিশেষভাবে আবদ্ধ করিয়া রাখা হইল। এদিকে বালকরূপী শ্রীগৌরহরি গৃহমধ্যে যোগনিদ্রাদেবী প্রদর্শন করিলে সকলেই নিশ্চিন্ত হইলেন এবং রাত্রি অধিক হওয়ায় মায়ায় মুগ্ধ হইয়া সকলেই নিদ্রিত হইয়া পড়িলেন। ব্রাহ্মণ তৃতীয়বার ধ্যানে বসিয়া বালগোপালকে ভোগ নিবেদন করিলে এবারও গৌরগোপাল আসিয়া পুনরায় বিপ্রের অন্ন ভোজন করেন। ব্রাহ্মণ বিস্মিত হইয়া হাহাকার করিতে থাকিলে গৌরসুন্দর বিপ্রকে তাঁহার অষ্টভুজরূপ প্রদর্শন করেন এবং বলেন,—"হে বিপ্র! তুমি আমার নিত্যসেবক, আমি যখন ব্রজে নন্দদুলালরূপে লীলাপ্রকাশ করিয়াছিলাম, তখনও তোমার এরূপ ঘটনা ঘটিয়াছিল। এবারও তোমার ভক্তিতে আকৃষ্ট হইয়া তোমাকে দেখা দিলাম।" তখন ব্রাহ্মণ নিজ ইষ্টদেবকে দর্শন করিয়া মহাপ্রেমাবিষ্ট হইলেন এবং কৃতার্থ হওয়া প্রভুর ভুক্তাবশেষ প্রসাদ সেবা করিলেন। প্রভু তৈর্থিক বিপ্রকে এই গুপ্তলীলাটী সাধারণের নিকট প্রকাশ করিতে নিষেধ করিয়া দিলেন।

শ্রীমন্মহাপ্রভুর অসীম দয়া। শুদ্ধ নিত্যানন্দের কৃপা হইতে তাঁহার কৃপা পাওয়া যায়। শ্রীগৌরসুন্দরই গুরুরূপে আমাদিগকে কৃপা করিবার জন্য অবতীর্ণ। শ্রীগুরুদেব ঈশ্বর। তাঁহাতে আত্মসমর্পণে কৃপাভিক্ষাই তাঁহার কৃপালাভের একমাত্র উপায়। গৌরলীলা অনর্থনাশিনী ও কৃষ্ণপ্রেমপ্রদায়িনী। গৌরলীলা অকপটচিত্তে যত শ্রবণ করা যায়, ততই চিত্ত শুদ্ধ হয়।

জীবের জগদ্‌ভ্রমণ

জগৎ দুই প্রকার। একটী চিজ্জগৎ আর অপরটী জড়জগৎ। ভগবান্‌কে যাহারা ভুলিয়া গিয়া মায়াবদ্ধ হইয়া নানাপ্রকার যাতনা ভোগ করে, তাহাদের জন্যই এই জড়জগৎ। জড়জগৎ মায়া-কারাগার। এখানে মায়া ভগবদ্‌বিমুখ জীবগণকে নানাপ্রকার শাস্তি প্রদান করিয়া ভগবদুন্মুখ করিতে যত্ন করে। এ জগৎ ক্লেশপরিপূর্ণ। এখানে আধ্যাত্মিক, আধিদৈবিক, আধিভৌতিকাদি তাপে বদ্ধজীবগণ সর্ব্বদাই ক্লিষ্ট হইতেছে। এ জগতে সুখ নাই। এখানে সুখের যে একটু আভাস দেখা যায়, তাহাও দুঃখেরই প্রাগবস্থা মাত্র। এ জগৎ কেবল রোগ, শোক, ভয়, জন্ম, জরা মৃত্যু-পরিব্যাপ্ত। এখানে অবিদ্যা, অস্মিতা, অভিনিবেশ, রাগ ও দ্বেষ—এই পঞ্চবিধ ক্লেশে জীবগণ সর্ব্বদাই ক্লিষ্ট হইতেছে। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কল্যাণকল্পতরু-গ্রন্থে এ জগতের একটী চিত্র এইভাবে অঙ্কন করিয়াছেন,—

ওরে মন ভাল নাহি লাগে এ সংসার।
জনম-মরণ-জরা, যে সংসারে আছে ভরা,
তাহে কিবা আছে বল সার॥
ধন জন পরিবার, কেহ নহে কভু কার,
কালে মিত্র অকালে অপর।
যাহা রাখিবারে চাই, তাহা নাহি থাকে ভাই,
অনিত্য সমস্ত বিনশ্বর॥
আয়ু অতি অল্পদিন, ক্রমে তাহা হয় ক্ষীণ,
শমনের নিকট দর্শন।
রোগ, শোক অনিবার, চিত্ত করে ছারখার,
বান্ধব বিয়োগ দুর্ঘটন॥
ভাল ক'রে দেখ ভাই অমিশ্র আনন্দ নাই,
যে আছে সে দুঃখের কারণ।
সে সুখের তরে তবে, কেন মায়াদাস হবে
হারাইবে পরমার্থ ধন॥
ইতিহাস আলোচনে, ভেবে দেখ নিজ মনে,
কত আসুরিক দুরাচার।
ইন্দ্রিয়তর্পণ সার, করি' কত দুরাচার,
শেষে লভে মরণ অসার॥

জীব জড় নহে—চেতন। জীবের স্বরূপ নিরানন্দ নাই—দুঃখ-কষ্ট নাই। ভগবানের যেরূপ সচ্চিদানন্দময় বিগ্রহ আছে, সেরূপ জীবও নিত্য চিদ্‌বিগ্রহবান্। জীবের সেই চিদ্দেহ বৈকুণ্ঠধামে—সেবাপ্রকার নিত্য প্রকাশিত থাকে। ভগবদ্‌বিস্মৃতিরূপ অপরাধবশতঃ জীবের সেই চিদ্দেহের উপর দুইটী আবরণ পড়িয়াছে। প্রথমটী লিঙ্গাবরণ, দ্বিতীয়টী স্থূলাবরণ। স্থূলদেহ যে সকল কর্ম্ম করে, তাহার ফলকে সঙ্গে করিয়া সূক্ষ্মদেহ দেহান্তর লাভ করে। এইরূপে বদ্ধজীবগণ চৌরাশী লক্ষ যোনি ভ্রমণ করিতে থাকে।

এই বদ্ধজীবগণ স্থাবর ও জঙ্গমাদি রূপে [illegible]

জলচর ও স্থলচর। স্থলচর জীবের মধ্যে মানবজাতি অতি অল্প। শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন,—

এই মত ব্রহ্মাণ্ড ভরি' অনন্ত জীবগণ।
চৌরাশী-লক্ষ যোনিতে করয়ে ভ্রমণ॥
কেশাগ্র-শতেক-ভাগ পুনঃ শতাংশ করি।
তার সম সূক্ষ্ম জীবের 'স্বরূপ' বিচারি॥
তার মধ্যে 'স্থাবর', 'জঙ্গম'—দুই ভেদ।
জঙ্গমে তির্য্যক জল স্থলচর-বিভেদ॥
তার মধ্যে মনুষ্যজাতি অতি অল্পতর।
তার মধ্যে ম্লেচ্ছ, পুলিন্দ, বৌদ্ধ, শবর॥
বেদনিষ্ঠ-মধ্যে অর্দ্ধেক বেদ মুখে মানে।
বেদনিষিদ্ধ পাপ করে ধর্ম্ম নাহি গণে॥
ধর্ম্মাচারী মধ্যে বহুত 'কর্ম্মনিষ্ঠ'।
কোটী কর্ম্মনিষ্ঠ-মধ্যে এক 'জ্ঞানী' শ্রেষ্ঠ॥
কোটি জ্ঞানী-মধ্যে হয় একজন 'মুক্ত'।
কোটি মুক্ত-মধ্যে দুর্ল্লভ এক 'কৃষ্ণভক্ত'॥

চিজ্জগতে যেরূপ বিচিত্রতা আছে, জড়জগতে বদ্ধজীবগণের মধ্যেও সেইরূপ বিচিত্রতা দেখা যায়। জঙ্গম জীবসমূহ স্পর্শবেদী, রসবেদী, গন্ধবেদী, শব্দবেদী ও রূপবেদী ক্রমে উত্তরোত্তর শ্রেষ্ঠ। প্রথমে প্রস্তরাদি অজীব, তৎপরে উদ্ভিদাদি প্রাণবন্ত জীব। প্রাণবন্ত জীবগণের মধ্যে যাহারা চিত্তবৃত্তির দ্বারা চালিত হয়, তাহারা সচিত্ত জীব। সচিত্ত জীবগণের স্পর্শ, রস, গন্ধ, শব্দ ও রূপ—এই পাঁচটী চিত্তবৃত্তি আছে।

যে সকল জীব স্পর্শ দ্বারা আহার সংগ্রহ, চলাফেরা করে, তাহারা স্পর্শবেদী প্রাণী। জোঁক, কেঁচো, শামুক স্পর্শবেদী জীবের অন্তর্গত। তদপেক্ষা শ্রেষ্ঠ জীব রসবেদী। মৎস্যাদি রসবেদী জীব। তদপেক্ষা শ্রেষ্ঠ ভ্রমর, মধুমক্ষিকা, পিপীলিকা প্রভৃতি গন্ধবেদী প্রাণী। ইহারা গন্ধ দ্বারা চালিত হয়, গন্ধই ইহাদের জীবনযাত্রার সম্বল। ইহাদের অপেক্ষা শ্রেষ্ঠ প্রাণী শব্দবেদী সর্পাদি এবং তদপেক্ষা শ্রেষ্ঠ রূপবেদী পক্ষিগণ। পক্ষিগণ দর্শনের দ্বারা খাদ্য কি অখাদ্য তাহা বিচার করিয়া লইতে পারে। এই সকল জীব অপেক্ষা মানবজাতি শ্রেষ্ঠ। মানবগণের মধ্যেও আবার সভ্য ও অসভ্য ভেদে শ্রেষ্ঠতার বিচার আছে। বদ্ধজীব আচ্ছাদিতচেতন, সঙ্কুচিতচেতন, মুকুলিতচেতন, বিকচিতচেতন ও পূর্ণবিকশিতচেতন ভেদে পাঁচপ্রকার। তন্মধ্যে আচ্ছাদিত ও সঙ্কোচিতচেতন। জীবগণ প্রস্তর, বৃক্ষ ও পশু-পক্ষী প্রভৃতি দেহপ্রাপ্ত। মুকুলিত চেতনাবস্থা হইতেই জীবের নরদেহ-প্রাপ্তি হইয়া থাকে।

নরদেহপ্রাপ্ত জীবগণের মধ্যেও সভ্য ও অসভ্য ভেদ আছে। অসভ্য মানবগণ পশুস্বভাবতুল্য। তাহারা পশুর ন্যায় দিন যাপন করে। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বলিয়াছেন,—"বন্যজীবন, সভ্যজীবন, জড় বিজ্ঞানসম্পন্ন জীবন, নিরীশ্বরনৈতিক জীবন সেশ্বর-নৈতিক জীবন, বৈধভক্ত জীবন ও প্রেমভক্ত জীবন—এবম্বিধ নানাপ্রকার নরজীবন পরিলক্ষিত হইলেও সেশ্বর-নৈতিক জীবন হইতে প্রকৃত নরজীবনের আরম্ভ স্বীকার করা যায়। সেশ্বর না হইলে নর জীবন যতদূর সভ্যই হউক না কেন, যতদূর জড়বিজ্ঞানসম্পন্ন হউক না কেন, যতদূর নৈতিক হউক না কেন, কখনই পশুজীবন অপেক্ষা শ্রেষ্ঠ হইতে পারে না।"

নীতিশূন্য জীবন পশুবৎ। নীতিশূন্য জীবনে যে বুদ্ধিবৃত্তির উন্নতি দেখা যায়, তাহা আসুরিক বুদ্ধিবৃত্তি। ঐ সকল অনিত্য ও অকিঞ্চিৎকর। নিরীশ্বর নৈতিক জীবন নীতিবদ্ধ হইলেও তাহাতে ভগবচ্চিন্তার অবকাশ নাই। নিরীশ্বর নৈতিক কেবল নিজ সুখের—ভোগের নীতিটা প্রবল রাখে, কিন্তু ভগবদ্ভক্তিবিষয়ে সে কিছু বুঝে না। সেশ্বর-নৈতিক জীবনই জীবের জীবত্বের পরিস্ফুট প্রকাশ। সেশ্বর নৈতিক জীবন হইতেই ভক্তজীবন আরম্ভ হয়। যাঁহাদের ভক্তজীবন আরম্ভ হইয়াছে, তাঁহারাই স্বরূপাবস্থিত। ভগবদ্ভক্তিই জীবের কর্ত্তব্য।

জড়সঙ্গই জীবের অধোগতি। অপরাধ বশতঃই জীবের এই বদ্ধদশা উপস্থিত হইয়াছে। মায়ার মোহে মোহিত হইয়া জীব স্বরূপের—স্বদেশের কথা ভুলিয়াছে। জড়সঙ্গবশতঃ জীব যেরূপ বিরূপগ্রস্ত হইয়াছে, সেইরূপ সে স্বদেশের বিকৃত প্রতিফলন স্বরূপ এই মায়িক জগতে আসিয়া পড়িয়াছে। জীবের স্বরূপের দেশে আহারের প্রয়োজন নাই, বিশ্রামের প্রয়োজন নাই, মল-মূত্রাদি পরিত্যাগ করিতে হয় না। তথায় শোক নাই, ভয় নাই, মৃত্যু নাই, সেখানে কোন প্রকার অভাব-অসুবিধা নাই। তথায় যে কাল আছে, তাহা চিন্ময় এবং সদা বর্ত্তমান। সেখানে ভূত ও ভবিষ্যৎ নাই। তথায় নিত্যানন্দ বর্ত্তমান। যাঁহারা নিত্যকাল সেখানে বাস করিতেছেন, তাঁহারা নিত্যমুক্ত। নিরন্তর নিঃস্বার্থভাবে ভগবৎসেবাই তাঁহাদের কৃত্য। তাঁহারা ভগবানের অনন্তলীলার সহায়কারী। ভগবান্ যখন নিজ অচিন্ত্যশক্তিবলে প্রপঞ্চে আসেন, তখন অনেক মুক্তজীব স্বেচ্ছাক্রমে তাঁহার সঙ্গে সঙ্গে এ জগতে অবতীর্ণ হন। তাঁহারা এ জগতে আসিলেও—জগজ্জীবের ন্যায় তাঁহাদের ক্রিয়াকলাপ হইলেও তাঁহারা জড়বদ্ধ হন না। তাঁহারা ভগবানের সঙ্গেই আসেন এবং সঙ্গেই চলিয়া যান। তাঁহারা ভগবানের পার্ষদ। তাঁহারা সময় সময় এ জগতে আসিয়া জীবগণকে কৃপাপূর্ব্বক ভগবদ্ভক্তির কথা জানান। ভগবান্ দয়াময়। জীবগণ ক্লেশ পাইতেছে তাহাদিগকে উদ্ধার করিবার জন্য ভগবান্ তাহাদিগের সঙ্গে সঙ্গে ফিরিতেছেন।

বদ্ধজীব উচ্চাবচ চৌরাশীলক্ষ যোনি ভ্রমণ করিতে করিতে মানবজীবনে সাধু-গুরু-কৃপায় শ্রদ্ধা লাভ করে। শ্রদ্ধাই ভক্তির বীজ। শ্রদ্ধা উদিত হইলে জীব ব্যাকুল হইয়া পড়ে। শ্রদ্ধাবান্ জীব কি করিলে অনর্থ দূর করিতে পারেন, ইহা চিন্তা করিয়া যাঁহার অনর্থ নাই এইরূপ সাধুর অনুক্ষণ সঙ্গ ও কৃপা প্রার্থনা করিতে থাকেন। শ্রদ্ধাবান্ জীবের নিকট কৃষ্ণেচ্ছায় সাধুর স্বরূপ প্রকাশিত হইয়া থাকে। এইরূপ শ্রদ্ধাবান্ জীব তখন সাধুসঙ্গে হরিকথা শ্রবণ-কীর্ত্তনাদি ভজনক্রিয়া করিতে করিতে অনর্থমুক্ত হয়। তখন উত্তরোত্তর ভগবানের সেবায় রুচি হইতে থাকে এবং সাধুতে প্রীতি, আপনজ্ঞান বা টান প্রবল হইতে থাকে। এইরূপে চলিতে চলিতে গুরুকৃষ্ণে তাঁহার আসক্তি হইয়া থাকে। তখন আর ছাড়িয়া থাকিতে পারে না। এই পর্য্যন্তই সাধন। তাহার পর ভাব এবং ক্রমে প্রেম লাভ করিয়া জীব কৃতকৃতার্থ হয়।

বর্ত্তমান কলিযুগে জীবের অবস্থা অত্যন্ত শোচনীয়। অত্যন্ত দুর্গত জীবগণকে কৃপা করিবার জন্য, তাহাদিগকে প্রেমের রাজ্যে—স্বধামে লইয়া যাইবার জন্য স্বয়ং ভগবান্ শ্রীমন্মহাপ্রভু ও তন্নিজজন শ্রীগুরুবৈষ্ণবগণ এ জগতে আগমন করিয়াছেন। কেবল শ্রদ্ধামাত্র দক্ষিণা গ্রহণ করিয়া তাঁহারা জীবকে চরম সম্পত্তি প্রেমধনদানে প্রস্তুত। জগতে গৌরনিত্যানন্দের এই দয়ার তুলনা নাই। এ জগৎ হইতে উদ্ধারের সেতু একমাত্র গৌরনিত্যানন্দের দয়া। জীব মায়াদ্বারা অপহৃতজ্ঞানে হইলেও—তাহার বর্ত্তমানে কোন গুণ বা যোগ্যতা না থাকিলেও যদি 'হে কৃষ্ণ আমি তোমার' এই বলিয়া ব্যাকুলচিত্তে তাঁহার শ্রীপাদপদ্মে শরণাগত হন, তাঁহাকেই কৃষ্ণ উদ্ধার করিবেন। আমার কোনই যোগ্যতা নাই, তবুও তোমার কৃপা চাহিই, কৃপা না হইলে আমার আর উপায় নাই, এই বলিয়া প্রপন্ন হওয়া ছাড়া আর অন্য কোন গতি নাই। ইহাই দুর্গত, বদ্ধ, পতিত জীবের একমাত্র সম্বল।

'আমি সিদ্ধ কৃষ্ণদাস'—এই কথা ভুলে।
মায়ার নফর হঞা চিরদিন বুলে॥
কভু রাজা, কভু প্রজা, কভু বিপ্র, শূদ্র।
কভু দুঃখী, কভু সুখী, কভু কীট ক্ষুদ্র॥
কভু স্বর্গে, কভু মর্ত্ত্যে, নরকে বা কভু।
কভু দেব, কভু দৈত্য, কভু দাস, প্রভু॥
এইরূপে সংসার ভ্রমিতে কোন জন।
সাধুসঙ্গে নিজতত্ত্ব অবগত হন॥
নিজ তত্ত্ব জানি' আর সংসার না চায়।
কেন বা ভজিনু মায়া'—করে হায় হায়॥
কেঁদে বলে,—ওহে কৃষ্ণ, আমি তব দাস।
তোমার চরণ ছাড়ি' হৈল সর্ব্বনাশ॥
কাকুতি করিয়া কৃষ্ণে ডাকে একবার।
কৃপা করি' কৃষ্ণ তারে ছাড়ান সংসার॥

শ্রীশ্রীগৌরজন্মোৎসব

পরমারাধ্যতম পতিতপাবন শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে এলাহাবাদ শ্রীরূপ-গৌড়ীয়মঠে গত ১৯শে ফাল্গুন অর্থাৎ পরিক্রমার অধিবাস তিথি হইতে শ্রীগৌরজয়ন্তী তিথি পর্য্যন্ত নিয়মিতভাবে শ্রীচৈতন্যভাগবত পারায়ণ, শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদকৃত শ্রীচৈতন্যচন্দ্রামৃত গ্রন্থ হইতে শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য ও নবদ্বীপ-শতকম্ গ্রন্থ হইতে নবটী দ্বীপের মাহাত্ম্য আলোচনা হইয়াছে।

গত ২৯শে ফাল্গুন শ্রীগৌরজয়ন্তী-তিথি দিবস শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারী-জীউর মঙ্গলারাত্রিকান্তে সেবকগণ গুরুবৈষ্ণব-বন্দনা, গুরুপরম্পরা, পঞ্চতত্ত্ব ও বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তন করেন। পরে মৃদঙ্গ-করতালসহ উচ্চ কীর্ত্তনযোগে সেবকবৃন্দ শ্রীগৌর ও তদীয় পার্ষদবৃন্দের পদাঙ্কপূত ত্রিবেণীসঙ্গমে গমন করতঃ শ্রীগৌরনিজজন শ্রীশ্রীল বংশীদাস বাবাজী মহারাজের শ্রীপাদপদ্মে কৃপাপ্রার্থনামুখে কিছুক্ষণ যাবৎ গৌর-গুণগাথা কীর্ত্তনান্তে মঠে প্রত্যাবর্ত্তন করেন। এই পবিত্রতিথিতে তত্রস্থ সেবকবৃন্দ এই মহাভাগবতবরের সেবা-সুযোগ লাভ করিয়া ধন্য হইয়াছেন। সেবকগণ দিবারাত্র নিরম্বু উপবাসী থাকিয়া শ্রীচৈতন্যভাগবত পারায়ণ-মুখে শ্রীগৌরজয়ন্তী পালন করেন।

ঐ দিবস সন্ধ্যারাত্রিকের পর শ্রীগৌর-প্রকটকালে সেবকগণ বাদ্যাভিন্ন শ্রীল বৃন্দাবনদাস ঠাকুরকৃত শ্রীচৈতন্যভাগবত হইতে গৌরাবির্ভাব-প্রসঙ্গ মৃদঙ্গ-করতালযোগে কীর্ত্তন করেন। পরে বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তনান্তে উপদেশক পণ্ডিত শ্রীপাদ রূপবিলাস ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী বিদ্যার্ণব বি-এ মহোদয় সমাগত শ্রোতৃমণ্ডলী ও সেবকগণের নিকট শ্রীগৌরাবির্ভাব-তিথিবরের মহিমা ও শ্রীমন্মহাপ্রভুর অনর্পিতচর দানের কথা প্রায় দেড় ঘণ্টাকাল যাবৎ কীর্ত্তন করেন।

পরদিবস সন্ধ্যারাত্রিক ও মহাজনপদাবলী কীর্ত্তনের পর ভক্তিশাস্ত্রী প্রভু সমাগত বহু শ্রদ্ধালু শ্রোতৃবৃন্দের নিকট হিন্দিভাষায় গৌরাবতারের মুখ্য ও গৌণ কারণ ও গৌর-কীর্ত্তিত সংকীর্ত্তনধর্ম্মের বৈশিষ্ট্য প্রভৃতি বক্তৃতা-প্রসঙ্গে কীর্ত্তন করেন। পরে মহামন্ত্র কীর্ত্তনান্তে সভা ভঙ্গ হইলে সমাগত শ্রোতৃমণ্ডলীকে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হয়। তৎপরদিবস প্রসাদপ্রার্থী কাঙ্গালীগণকেও মহাপ্রসাদ বিতরণ করা হয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী অপ্রমেয় ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪০১৫
সেবক—শ্রীভবরুদ্ধছিদ্ দাস ভক্তিশাস্ত্রী বি এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভক্তবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

অদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক শ্রীভগবান্‌দাস ব্রজবাসী

কাজির সমাধি-পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল-কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীশচীতনয় দাস অধিকারী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশ্রীধামদাস অধিকারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌড়পুর নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

শ্রীরাণাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

শ্রীমাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা।
সেবক—শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীক্ষিতিপাবন ব্রহ্মচারী

শ্রীগদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদবান্তববিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাপাংবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীকৃষ্ণভজন দাসাধিকারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীসনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীজগন্নাথদাস ব্রহ্মচারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট পোঃ মথুরা
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনীলরতন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীবংশীধর দাসাধিকারী

ব্রজস্বানন্দসুখকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীইন্দ্রপথ দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীঋড়িণঙ্ক দাস

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণ, মথুরা।
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেখপারী
পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীরেবতীরমণ ব্রহ্মচারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদ বরী, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলবরনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)
আলবরনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রিয় ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীমধুমাধব দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাণগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয় শ্রবণ সদন
পোঃ রসুলকুণ্ডা, গঞ্জাম
সেবক—শ্রীঘনশ্যাম দাসাধিকারী

ভাগবতজনানন্দমঠ
চিকলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীদীনদয়াময় দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাণবাঁধ (বর্দ্ধমান)
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ভুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাঙ্কেষ্টার রোড, হাউড্ গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

শ্রীবিদ্যানিধি-গৌড়ীয়মঠালয়
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅম্বরগোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীউপেন্দ্রশরণ ব্রহ্মচারী

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীযতিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীনবীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয়ের শ্রেষ্ঠ গবেষণা এবং পরিপক্ব লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। এই বিরাট অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় দার্শনিক দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড ৬৩৬ অধ্যায়ে সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), গ্রন্থকার ও লেখকের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও প্রত্যেক অধ্যায়ের ক্রমানুসারে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রথম খণ্ড প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকৃত শ্লোকাকারে অতি সংক্ষেপে গুম্ফিত ও শ্রীপাদ বলদেব বিদ্যাভূষণ-বিরচিত 'তত্ত্বপ্রদীপ' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা, বিবৃতির অনেক ভূমিকা ও সূচীপত্র সম্বলিত ভাবপূর্ণ সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণরূপে গৌড়ীয় মিশনকর্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,
শ্রীযুক্ত সুশীলরঞ্জন রায় এম্-এ, বি-এল্,
পুরাণপল্টন, পোঃ রমণা, ঢাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ব্যাখ্যা ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোড়শাংশী আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—২৲ মাত্র। প্রাপ্তিস্থান শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

EROTIC PRINCIPLE & UNALLOYED DEVOTION

পরমপূজ্যপাদ শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী প্রভু প্রণীত। সম্প্রতি এই গ্রন্থের একটী নূতন সংস্করণ শ্রীশ্রীগুরুবর্গের ইচ্ছায় পুনঃ প্রকাশিত হইয়াছে। গ্রন্থের আকার পূর্ব্ব সংস্করণ অপেক্ষা বৃহৎ ও সুন্দর হইয়াছে। এই গ্রন্থে বহু অমূল্য উপদেশ আছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম (সমগ্র) ৪০৲
প্রথম হ'তে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲, তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড ৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲, ৩য় খণ্ড ৸০
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০
৯। জৈবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০
১৫ বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। শ্রীনাম আশ্রয় ॥০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয় গৌরব ।৶০
২১। গৌড়ীয়সাহিত্য ।৶০
২২। ভজন রহস্য ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (বলদেব টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল মাধ্যভাষ্য ॥০
২৭। মুকুন্দমালা স্তোত্র: (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ) ।
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৶০ বাঁধা ৸০)
৩০। দ্বীপ-দিগ্দর্শন ৶০
৩১ সাধনপথ (তৃতীয় সংস্করণ) ৶০
৩২। গোস্বামী জগন্নাথ দাস ॥০
৩৩। নবদ্বীপধাম গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৶০
৩৭। ঐ প্রমাণখণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৶০
৪১। গীতাবলী ৵১০
৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা ৸০
৪৩। শ্রীহরিনামচিন্তামণি (সমগ্র) ৶।০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৵০
৪৫। নবদ্বীপশতক ৵১
৪৬। অর্চ্চনপদ্ধতি ৵১০
৪৭। সদাচারস্মৃতিঃ ৵১
৪৮। কল্যাণকল্পতরু ৵১
৪৯। অর্চ্চনকণ ।০
৫০। বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ॥০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। শিক্ষাষ্টকদর্পণ ৵০
৬০। সাংখ্যবাণী ৵০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২॥০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ॥০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৫। সটীকা শিক্ষাদশমূলম ।০
৬৬। তত্ত্বসূত্রম্ ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ ৵০
৬৯। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥০
৭১। এ ফিউ ওয়ার্ড্স্ অন বেদান্ত ॥০
৭২। নামভজন ৵০
৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অণ্টলজি ॥০
৭৪। বিলেটীভ ওয়ার্ল্ড্স্ ।৶০
৭৫। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০
৭৬। বৈষ্ণবীজম্ ৸০
৭৭। কোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৵০
৭৮। দি ভাগবত ।০
৭৯। ইজোটিক প্রিন্সিপাল এণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ।০
৮০। ব্রহ্মসংহিতা ॥০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৩
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸
৮৫। সাধনপথ ॥০
৮৬ কল্যাণকল্পতরু ৵১০
৮৭। গীতাবলী ৵১০
শরণাগতি ৵০
৮৯। প্রার্থনাপ্রেমভক্তিচন্দ্রিকা ।৶০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ॥০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ॥০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৶০	।৶০	।০
" " ইঞ্চ	২৲	১॥০	১॥০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মধুবা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মধুবা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

নিরপেক্ষ যুক্তিপূর্ণ আলোচনা-গ্রন্থ; ইহাতে গণগড্ডলিকাস্রোতে ভাসমান মানবগণের সম্প্রদায়, সমন্বয়, মহাজন, অবতার, একায়ন, বহুয়ন ও ভক্তিসম্বন্ধে ভ্রান্তধারণা-নিরসনমূলে শৌত ও শাস্ত্রীয় বিচার ও সমালোচনা প্রদর্শিত এবং পরমার্থ-সম্বন্ধে মানবজাতির সাধারণ স্বার্থসমূহ, তত্ত্বিষয়ক সৎসিদ্ধান্ত সকলও প্রদত্ত হইয়াছে।

প্রাপ্তিস্থান—মধুবা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা

অথবা

শ্রীযোগপীঠ-শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং-এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট্ গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নরহরিদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ সদাচারের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলাংশ ক্রমে। তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর নদীয়া।

শ্রীশ্রীভক্তিবিনোদ-বাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে সারাবিন্দুরূপে তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা তিন টাকা।

প্রাপ্তিস্থান— শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের বিরাট সংস্করণ। কথাসার, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, বঙ্গানুবাদ প্রভৃতির বিষয়ানুক্রম, অধ্যায় বিবরণ, স্থান ও নদী প্রভৃতির বর্ণনা সহ গৌড়ীয়মিশন কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা শুদ্ধবৈষ্ণবসাহিত্যের এক অমূল্য গ্রন্থ। ইহা রয়েল আটপেজি আকারে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র [illegible] টাকা।

প্রাপ্তিস্থান — শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ছাত্রদের ভক্তিবিনোদ (২য় সংস্করণ)

ছাত্রদের পাঠোপযোগী করিয়া লিখিত পরমারাধ্য শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্রের [illegible]। ভিক্ষা বার আনা, ছাত্রদের পক্ষে আট আনা।

প্রাপ্তিস্থান শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া অথবা শ্রীসুপতিরঞ্জন নাগ এম এ, [illegible], পোঃ রমনা, ঢাকা।

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ [illegible] সরস্বতী ঠাকুর [illegible] পদ্যগ্রন্থ [illegible] আছে। ইহা [illegible] সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া ধামযাত্রিগণ শ্রীধামের [illegible] পারিবেন। ইহার ভিক্ষা মাত্র ৶০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

নূতন

শ্রীশ্রীনবদ্বীপ পঞ্জিকা

ইহাতে বিশুদ্ধ বাসর ব্রত-উপবাসের তালিকা, বৎসরের অনুষ্ঠান-নির্দেশ [illegible] সম্বলিত হইয়াছে। শ্রীমায়াপুর হইতে। ভিক্ষা মাত্র ৴০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ [illegible] শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয় – মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩ সাপ্তাহিক ১০ টাকা মাত্র।

২। ভাগবত – [illegible] একমাত্র পারমার্থিক মাসিক পত্র। গয়া শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ [illegible]-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয় পণ্ডিত শ্রীযুক্ত [illegible] বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা [illegible]। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম-খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরব বিশ্বব্যাপী অপ্রাকৃত বৈরাগ্যের মহাপ্রভাব পরমারাধ্যতম ও শ্রীরূপ-অনুগবর পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত বঙ্গদেশ তথা অন্যান্য প্রদেশসমূহের সুপ্রতিষ্ঠিত পণ্ডিত ও মনীষী সজ্জন ভক্তগণ যে সকল প্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। [illegible] সংস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী [illegible] আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই অভ্যসনীয়।

ভিক্ষা— ৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

৭১, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর [illegible] অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিলেও ইহার কার্য্যকারিতা [illegible]। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ।৶০ দশ আনা, বড় বোতল ১৷০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
বেহালা, ২৪ পরগণা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

REGD NO. C, 1044

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[illegible]

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত [illegible] এবং পরিমাণ [illegible] বিবৃত [illegible] সহ সম্প্রতি প্রকাশিত হইয়াছে। ইহাতে [illegible] কথা আছে। [illegible] মঙ্গলাকাঙ্ক্ষীমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা মাত্র ৶০

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীস্তবমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ সহ প্রকাশিত হইয়াছে। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৸০ মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ-শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৩শ বর্ষ } ২৭ বিষ্ণু ৪৫৫ গৌরাব্দ ২৬শে চৈত্র বঙ্গাব্দ ১৩৪৭, ৯ই এপ্রিল ইং ১৯৪১, বুধবার { ২৭-২৮তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৭ দ্বিত অনিরুদ্ধ গৌরাব্দ ৪৫৫

শ্রীল প্রভুপাদের হরিকথা

——::(०)::——

নিষ্কিঞ্চন অর্থাৎ যাঁহারা ইহ জগতের কোন বস্তু চাহেন না, তাঁহারাই বিচার করেন—এই জগতে এমন কোন বস্তু নাই, যাহা আমাদিগকে চিরকাল সুখ দিতে পারে। এই পৃথিবীতে নিত্য সুখদ কোন বস্তু নাই, এই পৃথিবীটা বদ্ধজীবের কারাগার। আমরা কৃষ্ণবহির্ম্মুখ হইয়া এখানকার বন্দী হইয়া পড়িয়াছি, সেইজন্য যত কষ্ট ও ত্রিতাপ আমাদের মস্তকের উপর স্থাপিত হইয়াছে, আমরা মনোরূপ জেলদারোগার হুকুমমত এই কষ্টগুলিকে সুখ বলিয়া গ্রহণ করিতেছি এবং যথেষ্ট কষ্টও পাইতেছি। যে-সকল মূর্খ মায়িক জগতের বিচিত্র বিষয়ভোগের প্রতি ধাবিত হইতেছে, তাহারা মায়ার ফাঁদে entangled হইয়া যাইবে।

আমরা যদি নিজের খেয়াল অনুসারে ইন্দ্রিয়ের প্ররোচনায় চলিতে থাকি, তাহা হইলে অকূল সংসারসাগরে ডুবিয়া যাইব। কর্ণধার না থাকিলে বিপথগামী হইতেই হইবে। ভগবানের অনুশীলন না করিলে কোন কিছুতেই কিছু সুবিধা হইবে না। স্বতন্ত্র প্রতীতিতে প্রভুর সজ্জায় ও অভিমানে কৃষ্ণভোগ্য বস্তুগুলিকে নিজের ইন্দ্রিয়ের অধীন করার যত্ন হইতেছে। এর চেয়ে দুর্ভাগ্য আর কি হইতে পারে? কিন্তু কৃষ্ণই একমাত্র প্রভু, তাঁহার যাহাতে ভাল লাগে তজ্জন্যই চেষ্টা করিতে হইবে।

ভগবান্ আমাদের নিত্যমঙ্গললাভের জন্য যে সুবিধা প্রদান করিয়াছেন, তাহাতে অসন্তুষ্ট হইয়া গুণজাত জগতের বিচারে চালিত হওয়া অত্যন্ত বুদ্ধিহীনতার পরিচয়।

"আরাধনানাং সর্ব্বেষাং বিষ্ণোরারাধনং পরম্" বিচারে ভগবান্ বিষ্ণুর আরাধনাই সর্ব্বশ্রেষ্ঠ। সর্ব্বকারণকারণ যিনি, তাঁহার সেবা হইলেই সর্ব্বশুভমঙ্গল লাভ হইবে। শ্রীচৈতন্যবাণীর বাহকসূত্রে আমরা জগতের দ্বারে দ্বারে সেই কথা বহন করিয়া লইয়া যাইতেছি—জগতের সকল বুদ্ধিমান্ মানবকে আহ্বান করিতেছি, তাঁহারা শ্রীচৈতন্যদেবের কথা আলোচনা করুন। সমগ্র জগৎ শ্রীচৈতন্যচরণাশ্রিত গৌড়ীয়ের প্রচার-প্রণালীর অ নু ধা ব ন ক রু ন। শ্রী চৈ ত ন্য দে বে র বিচারপ্রণালী হইতে অতি অল্প পরিমাণেও deviated (স্থানচ্যুত) হইলে তাহার অনুসরণে মঙ্গলোদয়ের সম্ভাবনা নাই। গৌড়ীয়ের আচার ও প্রচার সম্পূর্ণভাবে শ্রীচৈতন্যচরণানুসৃত। অগৌড়ীয়ের বিচারকে শুদ্ধ গৌড়ীয়ের বিচার সহ এক বলিয়া ভ্রান্তি করিতে হইবে না।

বিষ্ণু, বৈষ্ণব ও বৈরাগ্যবান্ ব্যক্তির দর্শনে সাদরে সাষ্টাঙ্গে প্রণাম, গুরু ও ভগবানে তীব্রা ভক্তি, অন্যের সহিত নম্র ব্যবহার, বৈষ্ণবের নিকট জ্ঞানলাভ, প্রভাতে রামচন্দ্র ও গুরুর স্মরণ করিতে হইবে। গুরুর সহিত একাসনে উপবেশন নিষেধ, কিন্তু নৌকা, রথ, হস্তী, প্রস্তর ও কাষ্ঠাসনে দোষ নাই। আচার্য্য ভগবৎ-স্বরূপ, তাঁহার প্রসন্নতা একান্ত আবশ্যক। বিষ্ণুভক্তের দর্শনে অভ্যর্থনা না করিলে প্রস্তরজন্ম প্রাপ্তি ঘটে। ভক্তিতে সর্ব্ববর্ণের অধিকার। বৈষ্ণবে জাতিবুদ্ধি করিলে নরকলাভ হয়।

প্রকৃত বৈষ্ণবগণ কাহারও সহিত ঝগড়া করেন না। তাঁ'দের বিচার এই—"প্রাণি-মাত্রে মনোবাক্যে উদ্বেগ না দিবে।" তাঁ'রা—নির্ম্মৎসর। নির্ম্মৎসর ব'লেই তাঁরা জীবের মঙ্গলের জন্য চেষ্টা করেন—জীবের যা'তে প্রকৃত মঙ্গল হয় সেই বিচার জানিয়ে দেন। বিষ্ণুসেবা ছাড়া আত্মার মঙ্গল আর কিছুতেই হ'তে পারে না। বৈষ্ণবগণ বলেন, আর জন্মান্তরের অপেক্ষার দরকার নেই। এই জন্মেই পরমমঙ্গল সাধন করা কর্ত্তব্য। জন্মান্তরে মানব হ'ব কিনা তা'র নিশ্চয়তা নেই।

দেবতারাও মানুষের মত মরি'ন। তাহাদের অমরত্বও কালক্ষোভ্য। ইহাদিগের পূজা ও নিন্দা করিবার দরকার বা লাভও নাই। বাস্তবসত্যেরই অনুসন্ধান করা দরকার।

'প্রাণিমাত্রে মনোবাক্যে উদ্বেগ না দিবে।" যাহাতে জীবের প্রকৃত মঙ্গল হয়, সেইরূপ সত্যকথা অপ্রিয় হইলেও বলিতে হইবে, ইহাতে ভূতোদ্বেগ হয় না। পৃথিবীর সকল লোকের মঙ্গল কিরূপে হইবে, সেই চিন্তা করা দরকার। নিজের ও অপরের মঙ্গল করিতে হইবে। কেবল বর্ত্তমান যুগের মনুষ্যের জন্য নয়—সকল যুগের সকল মানুষের অনন্তকালের মঙ্গলের জন্য চেষ্টা করিতে হইবে। যে স্থান হইতে আর কোনদিন ফিরিয়া আসিতে হইবে না—এরূপ অভয়ামৃত নিত্যরাজ্যে পরাকাশে অভিযান করিতে হইবে। সেই অপ্রাকৃত জগতের তত্ত্বজ্ঞানের নিমিত্ত আমাদের শ্রীগুরুপদাশ্রয়-লাভ করা একান্ত আবশ্যক।

আমরা সব সময়েই সেই দিব্যজ্ঞান-প্রদাতা শ্রীগুরুপাদপদ্মকে serve করিব। যদি আমরা গৃহে থাকি, তাহা হইলেও বাড়ীর সকল লোক মিলিয়াই তাঁহার উপাসনা করিব। আমরা শুদ্ধ স্বত্বে ভাল ভাল দ্রব্যাদি দ্বারা ভগবান্‌কে ও তদীয়জনকে রাখিব—নিজেরা কুটীরে থাকিব। আমরা যদি না খাইয়া ভগবানকে খাওয়াই, তবেই তাঁহার করুণা পাইব। হে ভোগি-জীব! তুমি কে যে শুধু খাওয়া-দাওয়া করিয়াই সুখে থাকিবে? তুমি কে যে তাঁহার ধন চুরি করিবে? এবং তুমি কে যে তাঁহার উপর প্রভুত্ব করিবে এবং তাহা নিজে নিজে ভোগ করিতে পারিবে? পরমেশ্বরের ইচ্ছা হইলে এক মুহূর্ত্তেই সকলের সকল দম্ভ নষ্ট হইয়া যাইবে। অতএব একটীমাত্র দানাও যদি গ্রহণ করিবে তবে তাহাও ভগবান্‌কে নিবেদন না করিয়া গ্রহণ করিবে না। [illegible] কাহার জগৎ ভোগ করিবে?

প্রত্যেক জিনিষটি ভগবানের—এই বিচারটি ভক্তের বিচার। সংসারীর চেহারা কারণেই বা কি ফল হইবে? জীব ভোক্তা নহে। জগতের সকল জিনিষ ভগবানের ভোগের জন্য। তাঁহার সেবা করিলেই সকল সার্থক।

মনোযোগ দিয়া হরিকথা শ্রবণ দ্বারাই সাধুগণের প্রকৃষ্ট সঙ্গ হয়। [illegible] পরই সঙ্গ হইবে ভগবানের লীলা ও [illegible] সৌন্দর্য্যের কথা আমরা [illegible] আমরা তখন সাধুগণের কৃপায় [illegible] জগতে কৃষ্ণপ্রেমের সুপ্রতিষ্ঠা, [illegible] শ্রীবৃন্দাবন লাভ করিতে পারিব। কৃষ্ণপ্রেমের প্রাপ্তিই নিখিল জীবের চরম প্রয়োজন।

———

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে॥

শ্রীমহাপ্রসাদ

——::(•)::——

কৃষ্ণের উচ্ছিষ্ট মহাপ্রসাদ। প্রসাদ অর্থে অনুগ্রহ বা কৃপা। কৃষ্ণ জীবের প্রতি কৃপা-পরবশ হইয়া তাঁহাকে ভোগ হইতে উদ্ধার করিবার নিমিত্ত প্রসাদ অর্পণ করিয়া থাকেন। কৃষ্ণের প্রসাদ কৃষ্ণতুল্য। কৃষ্ণ যেরূপ সেব্য, উচ্ছিষ্ট প্রসাদাদিও সেইরূপ সেব্য। [illegible] করিতে হইবে। [illegible] করিলে প্রসাদ [illegible] জীবের মন নির্মল [illegible]। [illegible] জীব কৃষ্ণপ্রেমার অধিকারী হয়। প্রসাদ [illegible]—মহাপ্রসাদ ও মহামহাপ্রসাদ। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন, 'এটী 'বিশেষ অনুগ্রহ' আর একটী বিশেষ-[illegible] অনুগ্রহ।' ভগবৎ প্রসাদকে মহাপ্রসাদ বলে। ভগবানের প্রসাদ পাইয়া যাঁহারা মহান্ হইয়াছেন, তাঁহাদের প্রসাদই মহামহাপ্রসাদ।" কৃষ্ণের উচ্ছিষ্ট 'বিশেষ অনুগ্রহ' আর কৃষ্ণভক্তের উচ্ছিষ্ট 'বিশেষ বিশেষ অনুগ্রহ,' কৃষ্ণের প্রসাদ অপেক্ষা কৃষ্ণভক্তের [illegible] অর্থাৎ মহামহাপ্রসাদ জীবের প্রতি অধিক [illegible]। তাই শাস্ত্র বলেন,—

কৃষ্ণ উচ্ছিষ্ট হয় মহাপ্রসাদ-নাম।
ভক্ত শেষ হৈলে মহা মহাপ্রসাদ আখ্যান॥
ভক্ত পদধূলি আর ভক্ত-পদ জল।
ভক্ত ভুক্ত শেষ—এই তিন সাধ্য বল॥
এই তিন সেবা হৈতে কৃষ্ণ-প্রেমা হয়।
পুনঃ পুনঃ সর্বশাস্ত্রে ফুকারিয়া কয়॥

ভক্তের উচ্ছিষ্ট, ভক্তের পদধূলি ও ভক্তের পদজল [illegible] জীবের প্রতি তাঁহার [illegible] কৃপা—অনুগ্রহ। কৃষ্ণভক্তের এই অনুগ্রহ লাভ করিতে পারিলে জীব কৃষ্ণ-সেবা লাভ করিতে পারেন।

মহাপ্রসাদ চিন্ময়—অপ্রাকৃত বস্তু। মহা-ভাগবত বৈষ্ণব সমগ্র জগৎকে কৃষ্ণের ভোগ্য বা কৃষ্ণের প্রসাদ দর্শন করেন, প্রসাদরূপে গ্রহণ করেন। ভগবান্ সমস্ত সম্পত্তির মালিক। [illegible] তাঁহাদের স্বতন্ত্র [illegible] নাই, সমস্ত এবং তাঁহাদের নিকট প্রসাদ, [illegible] মহাপ্রসাদের [illegible] প্রসাদরূপে প্রদান করিতে পারেন। ভগবদ্ভক্তগণ [illegible] অবস্থান করুন না কেন, তাঁহার সমস্তই [illegible] গ্রহণ করিয়া থাকেন। [illegible] এই মহাপ্রসাদ ও মহামহাপ্রসাদ প্রাকৃত জগৎ হইতে সম্পূর্ণ [illegible] বস্তু নহে। মনে করে, [illegible] মহাপ্রসাদে শ্রদ্ধা বা অপ্রাকৃতবুদ্ধি নাই, তাহারা স্বরূপতঃ নাস্তিক অর্থাৎ অভক্ত বা পাপী। তাহা[illegible] মহাপ্রসাদ দিতে হইবে না বা তাহাদের নিকট মহাপ্রসাদের গুণকীর্তন করিতে হইবে না। মহাপ্রসাদে অপ্রাকৃত বুদ্ধি না হইলে প্রাকৃত অর্থাৎ ভোগবুদ্ধি হইবেই। সেইরূপ ভোগীর নিকট মহাপ্রসাদের গুণকীর্তন করিলে বা তাহাকে মহাপ্রসাদ অর্পণ করিলে মহাপ্রসাদের চরণে অপরাধ হয়। শ্রদ্ধালু লোককে মহাপ্রসাদ বিতরণ করিলে মহা-প্রসাদের প্রতি প্রকৃত সম্মান ও জীবে দয়ার কার্য্য হইবে। মহাপ্রসাদকে ভোগীর ভোগানলে আহুতি প্রদান করিলে শ্রীমহা-প্রসাদ প্রভুর চরণে অপরাধ হইবে ও জীবে দয়ার পরিবর্তে জীবহিংসাই সাধিত হইবে। শ্রদ্ধালু ব্যক্তিরই সুকৃতি হইয়া থাকে, অশ্রদ্ধের সুকৃতি হয় না। অশ্রদ্ধ ব্যক্তিকে সাক্ষাদ্ ভগবদ্বস্তু মহাপ্রসাদ প্রদান করিলে তাহাতে ভজনবাধক অপরাধ উপস্থিত হয়।

ভগবান্ বদ্ধজীবের প্রতি কৃপাপরবশ হইয়া গুরুরূপে, সাধুরূপে, শাস্ত্ররূপে, নামরূপে ও প্রসাদরূপে প্রপঞ্চে অবতরণ করিয়া থাকেন। যেমন নামের সেবা করিতে করিতে নামই স্বয়ং নামকীর্তনকারীর নিকট কৃপাপূর্বক নিজের স্বরূপ প্রকটিত করেন, সেইরূপ শ্রবণোন্মুখ ও সেবোন্মুখ চিত্তবৃত্তির সহিত প্রসাদ সেবা করিতে করিতে প্রসাদ স্বয়ং কৃপাপূর্বক তাঁহার প্রভুত্ব প্রকাশ করিয়া থাকেন। একমাত্র প্রসাদের কৃপাতেই জীবের সর্বসিদ্ধি লাভ হয়। শ্রীমন্মহাপ্রভুর লীলার সময় কালিদাস ভগবদ্ভক্তের প্রসাদ গ্রহণ করিতেন। একমাত্র বৈষ্ণবের উচ্ছিষ্ট-ভোজনই তাঁহার সাধ্য-সাধন উভয় ছিল। তিনি উচ্চ কুলোদ্ভূত হইয়া শূদ্র-কুলোদ্ভূত বৈষ্ণবের অধরামৃত লাভ করিয়া নিজেকে মহা-সৌভাগ্যবান্ মনে করিতেন। তিনি বৈষ্ণবদের নিকট কিছু কিছু ভোজ্য দ্রব্য লইয়া যাইতেন এবং বৈষ্ণবগণ সেই দ্রব্য গ্রহণ করিলে তিনি কৌশলে তাঁহাদের উচ্ছিষ্ট গ্রহণ করিতেন। কেবল বৈষ্ণবের উচ্ছিষ্ট গ্রহণ করিয়াই তিনি শ্রীমন্মহাপ্রভুর কৃপা লাভ করিতে পারিয়াছিলেন। তাঁহার বৈষ্ণবে জাতিবুদ্ধি বা প্রাকৃতদর্শন ছিল না। শ্রীচৈতন্যচরিতামৃতে শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু তাঁহার সম্বন্ধে লিখিয়াছেন—

এইমত যত বৈষ্ণব বৈসে গৌড়দেশে।
কালিদাস ঐছে সবার নিল অবশেষে॥
সেই কালিদাস যবে নীলাচলে আইলা।
মহাপ্রভু তাঁর উপর মহা-কৃপা কৈলা॥

যদি সৌভাগ্যক্রমে মহাপ্রসাদ আমাদের নিকট আগমন করেন, তাহা হইলে কালাকাল বিচার না করিয়া তৎক্ষণাৎ তাঁহার সেবা করা কর্তব্য। নীলাচলে শ্রীমন্মহাপ্রভু একদিন অতি প্রত্যূষে সপার্ষদে শ্রীল সার্বভৌম ভট্টাচার্য্যের গৃহে উপস্থিত হইলেন। তখন শ্রীল সার্বভৌম 'কৃষ্ণ' 'কৃষ্ণ' বলিয়া শয্যা ত্যাগ করিয়া তাঁহার পাদপদ্ম বন্দনা করিলেন। শ্রীমন্মহাপ্রভু তাঁহার হস্তে শ্রীজগন্নাথদেবের কিছু প্রসাদ অর্পণ করিলেন। ভট্টাচার্য্য কালাকাল বিচার না করিয়া মহানন্দে সেই প্রসাদ সেবা করিলেন। ভট্টাচার্য্য মহাপ্রসাদের মাহাত্ম্য অবগত হইয়াছেন জানিয়া শ্রীমন্মহাপ্রভু অত্যন্ত আনন্দিত হইয়া তাঁহাকে আলিঙ্গন করিলেন।

জননী ভোগ্যাও নহেন, আবার ত্যাজ্যাও নহেন। তিনি পুত্রের নিত্য সেব্যা। সেইরূপ শ্রীমহাপ্রসাদ ভোগ্যও নহেন, ত্যাজ্যও নহেন, তিনি জীবের নিত্য সেব্য। পরমা-রাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেব মহাপ্রসাদ সম্বন্ধে বলিয়াছেন,—"ভোগবুদ্ধিতে কৃষ্ণের প্রসাদ গ্রহণ করিলে জীবের সর্বনাশ হইয়া যায়। কৃষ্ণের প্রসাদ জ্বলন্ত আগুনের মত প্রতাপশালী। উহাকে শাকভাবে হজম করিয়া ফেলা যায় না। কৃষ্ণের কৃপা এই বুদ্ধিতে, সেব্যবুদ্ধিতে না লইতে পারিলে পোড়াইয়া মারিবে। কৃষ্ণের প্রসাদ বা কার্ষ্ণের প্রতি সেব্যদৃষ্টি ব্যতীত অন্য কোন প্রকার বুদ্ধি লইয়া তাঁহাদের নিকট যাইতে হইবে না। আবার কৃষ্ণের প্রসাদকে লোপধিক জ্ঞানে পরিত্যাগ করিলেই কি ঐ সর্বনাশের হাত হইতে রক্ষা পাইব? কৃষ্ণের প্রসাদ গ্রহণ না করিলে অন্য বিষয়ীর দ্রব্য গ্রহণ করিতে হইবে। তাহাতে আমাদিগকে সতর্ক করা হইয়াছে,—

বিষয়ীর অন্ন খাইলে মলিন হয় মন।
মন মলিন হইলে, নহে কৃষ্ণের স্মরণ॥

সুতরাং সে স্থলেও রক্ষা পাওয়া যায় না। গুরুবৈষ্ণব যখন প্রসাদ দান করেন, তাহাকে না হয় ত্যাগ করিতে পারি, কিন্তু নিজের গ্রাসাচ্ছাদনের জন্য নিজেই যাহা অর্থাদি সংগ্রহ করি, তাহাই কি নিজের জিনিষ? এই দেহটাই কি আমাদের নিজের ভোগের দ্রব্য? স্বোপার্জ্জিত অর্থ বা নিজের দেহ প্রভৃতিকে আমার ভোগের ইন্ধন বা আমার করতলগত বস্তু মনে করিলে কৃষ্ণের সহিত বিরোধতাই করা হইবে। সমস্তই কৃষ্ণের বস্তু, কোনটাই আমার ভোগের বা ত্যাগের জিনিষ নহে। আর ত্যাগ করিতে চাহিলেই কি ত্যাগ করা যায়? আকাশ, বাতাস, জল, অগ্নি ও মাটি কি কেহ পরিত্যাগ করিতে পারে? কিন্তু ঐগুলি ত' কৃষ্ণের বস্তু, উহাদের ভোগবুদ্ধিতে গ্রহণ করিবারই বা কি অধিকার আমাদের আছে? একমাত্র উপায় শরণাগত হইয়া যাওয়া—নিতাইচাঁদের হইয়া যাওয়া। সম্পূর্ণ যোল আনা দিয়া আত্মসমর্পণ করিতে হইবে। চিদ্বৈভব এবং অচিদ্বৈভবের মালিক শ্রীগৌরসুন্দর প্রভু। শ্রীনিত্যানন্দ-বলদেব প্রভুর নিকট আত্ম-নিবেদন করিলে, সম্পূর্ণ নিতাইচাঁদের হইয়া যাইতে পারিলে আর চিন্তা নাই, তখন আর কিছুতে ভোগবুদ্ধি আসিবে না। নিতাইচাঁদের সংসারে প্রবেশলাভ হইলে কৃষ্ণপ্রসাদবুদ্ধিতে সকল বস্তুর আহরণের বা গ্রহণের অধিকার তৎক্ষণাৎই আসিয়া যাইবে।

গুরুবৈষ্ণব সকল সময়ই সকল ব্যক্তিকে নিতাইএর সংসারে কৃষ্ণের যত প্রসাদ আছে, সমস্তই সেব্যবুদ্ধিতে গ্রহণ করিবার জন্য বলিতেছেন। লোকে নিজ নিজ অধিকার বুঝিয়া গ্রহণ করিবে। পাত্রপূর্ণ মধু রহিয়াছে; গুরুদেব বলেন, সমস্তই গ্রহণ কর। কিন্তু সকলেরই কি সকলটুকু গ্রহণের যোগ্যতা আছে? তবে এই যোগ্যতা হওয়া চাই, নতুবা অন্য কোন পন্থা নাই। কৃষ্ণের প্রসাদ গ্রহণে যোগ্যতা না হইলে ভোগের বা ত্যাগের মধ্যে পড়িতেই হইবে।

আবার অধিকার অনুযায়ী কৃষ্ণপ্রসাদ গ্রহণের ব্যবস্থা নির্মৎসর, শিষ্যবৎসল কৃপালু শ্রীগুরুদেব নিশ্চয়ই দেন বটে, কিন্তু তিনি সম্পূর্ণভাবে কৃষ্ণের বা নিতাইচাঁদের হইয়া কৃষ্ণের প্রসাদ সেব্যবুদ্ধিতে গ্রহণ করিতে বলেন—বৈষ্ণবে ভোগবুদ্ধি করিতে বলেন না।

কৃষ্ণের প্রসাদ পাইলে ভোগ-ত্যাগের আগুন অনায়াসে দূর হয়, কৃষ্ণের বস্তু গ্রহণ না করিয়াও কোথাও পলাইতে পারি না। সুতরাং উপায় কি? উপায়—শরণাগত হইয়া যাওয়া। হরিভজনের রাস্তা ক্ষুরের ধারের ন্যায় দুর্গম। একটু এদিক্ ওদিক্ হইলেই সর্বনাশ—হয় ভোগ, না হয় ত্যাগ, যে কোন গর্তে পড়িয়া পঙ্গু হইয়া থাকিতে হইবে। কিন্তু শরণাগতের নিকট তাহা ঋজু সরল বা স্বাভাবিক, প্রপন্নের কোন কষ্ট নাই। তাঁহাকে নিতাইচাঁদ চালিত করেন। তিনি চক্ষু বুজিয়া চলিলেও পতিত হন না।"

অকিঞ্চন

——::•..——

যাঁহাদের এ জগতের কোন কিছু সম্বল নাই, তাঁহারা অকিঞ্চন। অকিঞ্চন অর্থে ত্যাগী নহে। সসাগরা ধরার অধিপতি হইয়াও অকিঞ্চন হইতে পারেন। 'আমার বলিতে প্রভু আর কিছু নাই।' এই বিচার যাঁহার হইয়াছে, তিনিই অকিঞ্চন। অকিঞ্চনের 'কিছু' অর্থাৎ কোন ক্ষুদ্র বা অকিঞ্চিৎকর বস্তু নাই। অকিঞ্চনের পূর্ণ বস্তু আছে—তিনি পরিপূর্ণ বস্তুর অভিলাষী। অকিঞ্চন কোন ক্ষুদ্র অনিত্য বস্তুর প্রার্থী নহেন। অকিঞ্চনের অন্য কামনা নাই, কিন্তু সেবাকামনা তাঁহার খুব প্রবল। সেবা বা কৃপাপ্রার্থনাই তাঁহার প্রাণ। তিনি কেবল বলেন—'দুঃখীজনে দয়া কর'। অকিঞ্চন তৃণাদপি সুনীচ। তাঁহার কোনও অভিমান নাই—জন্ম-ঐশ্বর্য্য-শ্রুত-শ্রীর গর্ব্ব তিনি করেন না। অকিঞ্চন জানেন—

আমার সমান হীন নাহিঁ এ সংসারে।
অস্থির হ'য়েছি পড়ি' ভব-পারাবারে॥
ভবার্ণবে প'ড়ে মোর আকুল পরাণ।
কিসে কূল পা'ব তা'র না পাই সন্ধান॥
না আছে করম-বল নাহিঁ জ্ঞানবল।
যাগ-যোগ-তপোধর্ম্ম না আছে সম্বল॥
আমা সম পাপী নাহি জগৎ ভিতরে।
মম সম অপরাধী নাহিক সংসারে॥

শরণাগত অকিঞ্চন প্রভুর কৃপার জন্য বড় কাঙ্গাল—বড় কাতর। কৃপার জন্য তিনি কাতরভাবে কেবল সেবামুখে দিনযাপন করেন। তিনি বসিয়া শুইয়া কেবল চিন্তা করেন—'প্রভু আমায় কবে কৃপা করিবেন, কবে আমাকে তাঁহার অতি অযোগ্য কিঙ্করানুকিঙ্কর জ্ঞান করিবেন। কবে আমি তাঁহার সেবা পাইব।' এ চিন্তা ছাড়া অন্য চিন্তা ভাবনা শরণাগত অকিঞ্চনের থাকে না। নিজের ভরণ-পোষণের জন্য চিন্তা তাঁহার নাই। অকিঞ্চন সতত নিজের অযোগ্যতার কথা চিন্তা করেন ও শ্রীগুরুবৈষ্ণবগণের পাবনত্বের কথা উপলব্ধি করেন। তিনি বলেন—'আমার কোন যোগ্যতা নাই, আমি বড় কাঙ্গাল, আমি বড় দুঃখী, আমার আর এ জগতে কেউ নাই, তুমি আমায় কৃপা কর, তোমার সেবায় আমাকে নিযুক্ত কর, অযোগ্য হ'লেও আমি তোমার কৃপা চাই, তুমি নিজগুণে আমায় ক্ষমা ক'রে তোমার সেবায় অধিকার দাও।' শ্রীল আচার্য্যদেব বলিয়াছেন,—"অকিঞ্চন না হ'লে আত্মসমর্পণ হয় না। ভোগ্যবস্তুরূপে এ জগতের কোন কিছু বা কৃষ্ণেতর বিষয় যাঁ'র নাই, তিনিই অকিঞ্চন। কৃষ্ণের সেবার জন্য অনন্তকোটি বৈভবশালীই অকিঞ্চন। অকিঞ্চন না হ'লে সঙ্গে যাওয়া যায় না এবং তাঁ'রাও সঙ্গে নেন না। 'অকিঞ্চন' হওয়া মানে দীন কাঙ্গাল, অমানি-মানদ হওয়া। অকিঞ্চনের জড় দম্ভ নাই, অহঙ্কার নাই, কিন্তু শুদ্ধ অহঙ্কার আছে। অকিঞ্চন হ'য়ে বৈষ্ণবের সঙ্গে যেতে হ'বে, দক্ষিণা দিতে হ'বে। দক্ষিণা হ'চ্ছে—আত্মনিবেদন। যে আত্মনিবেদন ক'রে না, কায়মনোবাক্য এ তিনটীকে দক্ষিণা দেয় না, তা'র গুরুবৈষ্ণবপাদপদ্মের সঙ্গে যা'বার অধিকার হয় না, বৈষ্ণবগণ তা'কে সঙ্গে যা'বার অধিকার দেন না। অকিঞ্চন না হ'লে দর্শন—অনুসরণ, অনুগমন, অনুধাবন হ'বে না। অকিঞ্চন না হ'লে সঙ্গ নেবেন না। শরণাগত হ'লে সব আপনা থেকেই স্ফূর্ত্তি পা'বে। অকিঞ্চন না হ'লে ধামের স্বরূপ কেহ জানতে পারে না। ভগবান্‌কে দেখ্‌বার ভাগ্য যাঁ'র আছে, তিনিই অকিঞ্চন, তিনিই ভক্ত। ভগবান্ শব্দরূপে তাঁ'র জিহ্বায়ই নৃত্য করেন। অকিঞ্চন সেবোন্মুখ। তাঁ'র ইন্দ্রিয়ে—চিদিন্দ্রিয়েই ভগবানের প্রকাশ হয়। বৈষ্ণবের শুশ্রূষাকারী অকিঞ্চন শরণাগত নিবেদিতাত্মা শিষ্যের সেবোন্মুখ জিহ্বায় শ্রীনাম উদিত হন।"

অকিঞ্চনতাই স্বরূপের রূপ। স্বরূপের রূপেই স্বয়ংরূপ কৃষ্ণ মুগ্ধ—বশীভূত। অকিঞ্চনতা, শরণাগতি বা দীনতা না থাকিলে গুরুকৃষ্ণের সেবাবৈভব উপলব্ধির বিষয় হয় না। অকিঞ্চন শরণাগতের কেহ না থাকিলেও গুরুকৃষ্ণ আছেন। অকিঞ্চনের 'আমি এ জগতের কেহ নহি, আমি গুরুকৃষ্ণের অযোগ্যতম নিত্যদাসানুদাস' এই অভিমান আছে। ইহা শুদ্ধ চিদহঙ্কার। প্রত্যেক উদ্বুদ্ধ চেতনেরই এই শুদ্ধ অহঙ্কার আছে। ইহাই সর্ব্বাপেক্ষা তৃণাদপি সুনীচতা। তিনি গুরুকৃষ্ণের কৃপার প্রতি নির্ভরশীল। নিজের যোগ্যতা-অযোগ্যতার বিচার থাকিলে তাঁহাদের অহৈতুকী করুণার উপর নির্ভর করা যায় না। অহৈতুকী কৃপা যখন তখন যে কোন ব্যক্তির উপর হইতে পারে। কৃপালাভের উপায় একমাত্র নিজের বলবুদ্ধি, যোগ্যতা-অযোগ্যতার উপর নির্ভর না করিয়া বা অপরের প্রতি কোন ভরসা না রাখিয়া কেবল কৃপার উপর নির্ভর করা। তবে নিজের সাধন-চেষ্টার প্রতি ভরসা না থাকিলেও সাধন প্রাণপণে করিতে হইবে। সাধন—কায়, মন ও বাক্যে সতত প্রপন্ন হইয়া থাকা। কেবল দৈন্য, আর্ত্তি-প্রার্থনা ও আত্মনিবেদনমুখে গুরুকৃষ্ণের প্রীতিবিধায়িনী সেবায় সততযুক্ত থাকাই কৃপাপ্রার্থী অকিঞ্চনের একমাত্র কৃত্য। 'কৃষ্ণ কৃপা করিবেন'—এই বাণীর প্রতি সুদৃঢ়বিশ্বস্ত হইয়া 'আমায় কৃপা কর' বলিয়া ব্যাকুল হওয়া ছাড়া আর অন্য কোন কৃত্য কৃপাপ্রার্থীর নাই। 'আমার কিছু হইল না, আমি সেবা করিতে পারিলাম না' বলিয়া তাহার হৃদয়ে অত্যন্ত জ্বালাবোধ হইয়াছে। গুরুবৈষ্ণবের সেবা—শ্রীনামের সেবা করিতে পারিলাম না—ইহা সর্ব্বক্ষণ অন্তরে উপলব্ধি করিয়া তজ্জন্য ব্যাকুলতা না জাগিলে সুবিধা হইবে না। কৃপা পাইবার জন্য আমাদের সকলেরই ব্যাকুলতা থাকা দরকার। 'আমাকে কৃপা করিতেই হইবে। অযোগ্য হইলেও আমি ত' তোমারই, সুতরাং তোমার কৃপাই একমাত্র ভরসা?'—এই বলিয়া তাঁহার শ্রীপাদপদ্মে প্রার্থনা ও শরণাগতি হওয়া প্রয়োজন। এই প্রার্থনায় কোন প্রকার আলস্য, জাড্য প্রভৃতি আসিলে তাহা মায়ার কার্য্য। কৃপা-প্রার্থনায় আলস্য বা শিথিলতা প্রভৃতি অত্যন্ত দুর্ভাগ্যেরই পরিচয়। কৃপাবতারগণের শ্রীপাদপদ্মে কৃপাভিক্ষা না করিলে চেতন পুনরায় মায়া দ্বারা আবৃত হইবে। তাই অকিঞ্চন শরণাগত জন প্রার্থনা করেন—

গুরুদেব,
গলার লেগেছে ফাঁস।
কৃপা-অসি ধরি' বন্ধন ছেদিয়া
অধমে করহ দাস॥

শ্রীল আচার্য্যদেবের উপদেশ

বৈষ্ণবসেবা দ্বারা জড়াভিনিবেশ দূরীভূত হয়। নিজেকে 'অবৈষ্ণব' বলিয়া জানিতে হইবে। তাহা হইলে বৈষ্ণবসেবা হইবে। সেবা না করিলে কি করিয়া জড়ের হাত হইতে নিস্তার লাভ হইবে? নৌকায় না উঠিয়াই কি করিয়া পার হওয়া যায়, অথবা ওপারে পৌঁছান যায়? কেবল মুখেই নিজেকে অবৈষ্ণব বলিলে হইবে না। অন্তরে বেশ ভাল করিয়াই জানা আছে যে, আমি খুব বৈষ্ণব—সেব্য, আর মুখে বলিলাম,—আমি অবৈষ্ণব, তাহাতে হইবে না। ভিতরে ঐরূপ দম্ভ ও জড়াহঙ্কার রাখিয়া বাহিরে দৈন্য দেখাইতে গেলে সে প্রাকৃতসহজিয়া হইবে। ফাঁকি দিয়া কৃষ্ণকে পাওয়া যায় না।

সমস্ত পৃথিবী রজোগুণ দ্বারা প্লাবিত। মিশ্র সত্ত্বগুণের দ্বারা রজোগুণ সঙ্কুচিত হয় বটে, কিন্তু ধ্বংস হয় না। শুদ্ধসত্ত্বের প্রকাশ ব্যতীত রজোগুণের সম্পূর্ণ নিবৃত্তি হইতে পারে না। গৌরনিত্যানন্দের কৃপা যাঁহার প্রতি যতটা হইবে, তাহার "জগতের মঙ্গল হউক"—এইরূপ বিচার হইবে অর্থাৎ নিজের দীন ও অমানিভাব এবং সহিষ্ণুতা ও পরদুঃখদুঃখিতা হৃদয়ে প্রকাশিত হইবে—সকলেই শ্রীনিত্যানন্দ-অদ্বৈত-গদাধর-শ্রীবাসাদির অনুগত হইয়া শ্রীগৌরসুন্দরের সংকীর্ত্তনযজ্ঞে যোগদান করুন, এইরূপ প্রবল ইচ্ছা হইবে—স্থাবর জঙ্গম সকলে ব্রজবাসী হউন, কৃষ্ণের বংশীধ্বনি শ্রবণ করুন—এরূপ শুভেচ্ছাময়ী করুণার উদ্রেক হইবে। নিজেরও ভগবৎসেবায় অতৃপ্তি, ব্যাকুলতা, নিরবচ্ছিন্ন তীব্র আর্ত্তি ও বিলাপ থাকিবে।

হরিভজনের জন্য আমাদের আর্ত্তি কোথায়? আমরা বেশ পরিতৃপ্তির সহিত মায়ার সংসার করিতেছি। গুরুসেবার জন্য আর্ত্তি না হইলে, গুরুপাদপদ্মের বেণুগণের সহিত নিজেকে identify না করিলে হরিভজন হইবে না। কৃষ্ণ কি তাঁহাকে অমনি বিলাইয়া দিবেন? অনেক পরীক্ষা করিয়া, অনেক যাচাই করিয়া কৃষ্ণ নিজেকে প্রদান করেন। কৃষ্ণ যখন কৃপা করেন, মায়ার সংসার যখন কণ্টকাকীর্ণ হয়, তখনই কৃষ্ণভজন হয়। সর্ব্বতোভাবে শরণাগতকেই কৃষ্ণ আপন করিয়া লন।

আধ্যাত্মিকগণের নিকট হরিগুরুবৈষ্ণব আত্মগোপন করেন। লাভ-পূজা প্রতিষ্ঠাশায় প্রধাবিত ব্যক্তিগণ কখনও শ্রীগুরুপাদপদ্ম দর্শন করিতে পারে না। তটস্থভাবে পতন-যোগ্যতা আছে। তাহা হইতেও মুক্ত হইতে হইবে। গোলোকে পৃথক্ স্বামী-স্ত্রী-অভিমান নাই, সকলেরই কৃষ্ণের প্রকৃতি বা সেবক অভিমান। স্কুলের ছেলেদের মত কেবল কতকগুলি routine বাঁধা কাজের দ্বারা সেবাবৃত্তি জাগরূক হয় না। আসনের দ্বারাও বিশেষ মঙ্গল হয় না। কোনও বস্তুতে আঁঠা জন্মিলে অর্থাৎ লাভ-লোকসানের বিচারের মধ্যে আসিলে অলস ব্যক্তিও কর্ম্মতৎপর হয়, আবার active (কর্ম্মতৎপর)ও lazy (অলস) হইয়া পড়ে। এজন্য সর্ব্বদা শরণাগতির সহিত নিজাপেক্ষা শ্রেষ্ঠ চিদনুশীলন-নিরত সাধুর সঙ্গ করিবার উপদেশ দিতে হইবে, তাহাই বড় কথা।

জীব গুরুপাদপদ্ম কোন সময়ে আসিতে পারেন? এ জগতের সমস্ত বস্তু যখন জীবের অভাব মোচন করিতে পারে না—এইরূপ উপলব্ধি হয়, যখন সংসার-সমুদ্র হইতে উদ্ধারের ঐকান্তিক ইচ্ছা হয়, যখন ব্যাকুলতা, আর্ত্তি, দৈন্য, কার্পণ্য হৃদয় উদ্দীপিত হইয়া উঠে, যখন জগতের আর কোথাও কোন ভরসা বা নির্ভরতার আশা থাকে না, তখনই সর্ব্বান্তঃকরণে গুরুপাদপদ্মে আত্মনিবেদন করে। হরিভজন করিতে আরম্ভ করিলে কনক কামিনী-প্রতিষ্ঠা রাশি রাশি উপস্থিত হইবে। এগুলি পরীক্ষার জন্য উপস্থিত হয়। এগুলি সব মরীচিকা। উহারা গুরু ও কৃষ্ণপাদপদ্ম হইতে বঞ্চিত করে। জড়ের আবরণগুলি কনক, কামিনী ও প্রতিষ্ঠাকারে আসিলে তখনই উহাদিগকে শ্রীচৈতন্যের [illegible] লাগাইয়া দিতে হয়। ঐগুলি হইতে বাঁচিবার ইহাই একমাত্র উপায়। [illegible] বুদ্ধিমান্ ও গুরুবৈষ্ণবচরণে দৃঢ়নিষ্ঠ না হ'লে এবং প্রচুর কৃষ্ণকৃপা না থাকিলে ঐ সকল stumbling block এর হাত হইতে উদ্ধার পাওয়া যায় না।

উন্নতি বা পতনের দিকে লক্ষ্য রাখা দরকার। সম্পূর্ণ শরণাগত হওয়ার জন্য দৃঢ় [illegible] হওয়া [illegible]। [illegible] দিকে তাকাইতে হয় না। [illegible] খুব ঠিক হওয়াই মঙ্গল। [illegible] ঠিক [illegible] গুরুদেবের ইচ্ছার সহিত dovetailed হইয়া [illegible] হইলে মঙ্গল, সবই ঠিক না থাকিলে কিছুই হয় না। [illegible] যাঁর সম্বন্ধ ঠিক থাকে। 'গুরুদেব আমার, আমি তাঁহাদের'—এই সম্বন্ধটি দৃঢ় হওয়াই কল্যাণ হইবে। [illegible] "তোমারে ছাড়িয়া সংসার ভজিনু, ভুলিয়া আপন জন", [illegible] 'বিমুখ আমি'—তাহাও [illegible]। [illegible] যাহাই হউক না কেন, 'আমি ত' তোমার জন, তোমা ছাড়া [illegible]। দণ্ড দিবে দাও, কিন্তু ছাড়িও না।' [illegible] সম্বন্ধ দৃঢ় [illegible] চাই।

ভক্তি করি যে ভজে চৈতন্য অবতার। সেই সব জন সুখে পাইবে নিস্তার॥

চলার উপর থাকা দরকার। 'বিরজা-ব্রহ্মলোক ভেদি'—এই ভেদ করার উপর থাকিতে হইবে, বসিয়া থাকিলে হইবে না। অকিঞ্চন যদি হইতে পার, তাহা হইলেই dovetailed হইতে পারিবে। "কৃপা করি' সঙ্গে লহ," "হা রাধাকৃষ্ণ বল, সঙ্গে চল"—ইহাই প্রকৃত শিষ্য ও প্রকৃত গুরুদেবের কথা। অকিঞ্চন বা কাঙ্গাল হইলে শ্রীগুরুদেব অবশ্যই দয়া করিবেন, কিন্তু দাগা দিলে হইবে না।

আমরা যদি মঙ্গল চাই তা' হ'লে আমরা অচিৎশক্তির সঙ্গ ত্যাগ ক'রে চিচ্ছক্তির সঙ্গ গ্রহণ ক'রব।

শ্রীগুরুপাদপদ্ম আমাদের মঙ্গলের জন্য আছেন, কিন্তু আমাদের সেবাবিমুখতা দে'খে চ'লে যান। আমরা তাঁ'র কথা না শুনলে—সেবা না ক'রলে তিনি আর কি ক'রবেন?

শ্রবণ কীর্ত্তনটা যেন routine work না হ'য়ে যায়, সেদিকে তীব্র লক্ষ্য রাখতে হ'বে। আদরের সহিত, রুচির সহিত শ্রবণ কীর্ত্তন ক'রতে হ'বে। প্রত্যেক কাজটাই প্রাণ থেকে বা প্রীতি থেকে হওয়া চাই, তা' হ'লে সেবা হ'বে। নিজেকে শোধন ক'র্‌তে হ'বে, কিন্তু তা' না ক'রে যদি আমি বলি, বিষয়াভিনিবেশ আমি কিছুতেই ছাড়ব না, আমি আমার কাজ ক'রব, তা'তে মহাপুরুষগণ যতই রক্ত জল করুন না কেন, তা'তে কি হ'বে? নোঙ্গর পোতা থাকবেই, কিছুতেই উঠা'ব না, আবার কেহ উঠা'তে গেলে তাকেও কোন রকমে উঠা'তে দিব না—এরূপ ক'রলে কি হরিভজন হবে? নোঙ্গর না তুলে, বিষয়াসক্তি না ছেড়ে কেবল দাঁড় টানলে হ'বে না। কৃপায় এই নোঙ্গর তু'লে দিতে পারেন। পুরুষাবতারের কৃপায় নোঙ্গর উঠবে। প্রত্যেক ব্রহ্মাণ্ড গর্ভোদশায়ী ও জীব-হৃদয়ে বিষ্ণু আছেন, কৃষ্ণ-বিস্মৃতির নোঙ্গরটা তিনি তুলে দেন।

যাহারা হরিভজন করে না—beware of them, তাহারা গুরুদেব এবং তাহাদের আত্মীয়বর্গ সকলকেই ঠকাইতে চায়। তাহার আশ্রিত বলিয়া পরিচিত, হরিগুরুবৈষ্ণবসেবা করিতে ইচ্ছুক, এরূপ ব্যক্তিদিগকে সে নিজের অধীন, পাল্য বা আশ্রিত এবং নিজেকে কর্ত্তা, পালক-অভিমান করিয়া তাহাদের উপর স্বীয় আধিপত্য বিস্তারে উদ্যত হয়। যে হরিভজন করে না, সে বিষয়ী, সুতরাং আর কাহাকেও হরিভজনে সাহায্য করিবার পরিবর্তে ক্রমাগত বাধাই দিতে থাকিবে। তাহার প্রতি বিন্দুমাত্র টান, আত্মীয় বুদ্ধি বা স্নেহ থাকিলে হরি-ভজনের আশা নাই।

অপরাধ নানা কারণে হইতে পারে, তবে প্রত্যক্ষভাবে বৈষ্ণববিদ্বেষী না হওয়া পর্য্যন্ত তাহার মঙ্গলবিধানের জন্য সর্ব্বপ্রকারে চেষ্টা করা যাইতে পারে।

নিজের প্রতি সহস্র অত্যাচার অম্লান-বদনে সহ্য করিতে হইবে, কিন্তু গুরু-বৈষ্ণবের বিন্দুমাত্র অমর্য্যাদা সহ্য করিবে না। তৎক্ষণাৎ তাহার প্রতিকার—যতটুকু সাধ্য হয়, তাহা করিতে হইবে। নিতান্ত অসমর্থ হইলে তাঁহার অমর্য্যাদা ঘটিবার সম্ভাবনার স্থল তৎক্ষণাৎ বা পূর্ব্বেই পরিত্যাগ করা কর্ত্তব্য।

কৃষ্ণকে আপন বলিয়া জ্ঞান হ'বে, এর নাম ভক্তি বা কৃষ্ণানুশীলন। গুরুদেব বাহিরে দেখতে মানুষের মত, কিন্তু মানুষ নন। কৃষ্ণ-ভক্তকে নরসামান্যবুদ্ধি ক'র্‌তে হ'বে না। কৃষ্ণই কৃষ্ণকে জানেন। জীব কৃষ্ণকে জানতে পারে না। গুরু জানা'লে জীব জান্‌তে পারে। গুরু হ'চ্ছেন—কৃষ্ণের প্রকাশ—কৃষ্ণের দ্বিতীয় মূর্ত্তি। গুরু কৃষ্ণ হ'লেও গোপীনাথ, নন্দ-নন্দন, রাধাবল্লভ, মদন-গোপাল বা রাধানাথ নহেন। গোপীগণ, নন্দ যশোদা, শ্রীদাম-সুদাম, রক্তক-পত্রক, যমুনা-কদম্ববৃক্ষাদি সব গুরু। গুরু কৃষ্ণকে সুখ দেন, নিজে সুখ চান না। কৃষ্ণ হ'য়েও কৃষ্ণকে সুখ দেন, অতএব গুরু। তিনি জীবজাতীয় ন'ন। মর্য্যাদা-পথে সকলের আকর—শ্রীনিত্যানন্দ প্রভু, তিনি ভক্তস্বরূপ। রাগপথে সকলের আকর—শ্রীবার্ষভানবী। তিনি উজ্জ্বলরসের আচার্য্য। যত ভক্ত আছেন, সকলের আকর—শ্রীনিত্যানন্দপ্রভু। চিজ্জগতে যাহা কিছু সব নিত্যানন্দ। মধুররসাশ্রিত তিনি বার্ষভানবীর অনুজারূপে কৃষ্ণসেবা করেন।

কৃপা

কৃপার মালিক একমাত্র গুরু-বৈষ্ণব-ভগবান্‌। তাঁহারা যে কোন মুহূর্ত্তে, যে-কোন অবস্থায় ব্যক্তিকে অযাচিতভাবে কৃপা করিতে পারেন। কৃপাময়গণ কখনও নিজে সাক্ষাদ্‌ভাবে কৃপা করেন, আবার কখনও নিজের অন্তরঙ্গ, বিশ্বস্ত নিষ্কপট সেবকগণের দ্বারা আমাদিগকে কৃপা করিয়া থাকেন। তাঁহারা প্রতি মুহূর্ত্তে প্রত্যেক জীবের প্রতি কৃপাবিশিষ্ট অর্থাৎ কৃপা দান করিবার জন্য উদ্‌গ্রীব। কিন্তু আমরা কৃষ্ণবিস্মৃত বলিয়া তাঁহাদের অহৈতুকী করুণা হইতে বঞ্চিত হই। কেবল কৃপা করিবার জন্যই তাঁহাদের এ জগতে আগমন।

শ্রীগুরুদেবের এই কৃপালাভ ব্যতীত গত্যন্তর নাই। কৃপালাভই সেবালাভ বা হরিভজন। যেখানে কৃপা, সেখানেই সাধু-গুরুতে আপনজ্ঞান ও শ্রীনামে রুচি। কৃপাই ত' সব। তাই ভগবদ্ভক্তগণ কৃপার প্রতিই নির্ভরশীল, কৃপার কাঙ্গাল। জানি না কবে আমি সেই কৃপার কাঙ্গাল হইতে পারিব —গুরু-বৈষ্ণব-ভগবান্‌কে আপন বলিয়া জানিবার সৌভাগ্য পাইব। আমি তোমার অযোগ্যদাসানুদাস, আমি অযোগ্য হইলেও তোমারই নিত্য ভৃত্য, এই শুদ্ধ অভিমান প্রবল হইলেই জীব সেবাধিকার প্রাপ্ত হন।

কৃপাই কৃপা-প্রার্থনার প্রেরণা বা আর্ত্তি দেয়। যিনি তাঁহার কৃপার এককণা উপলব্ধি করিয়াছেন, তিনি কৃপাপ্রার্থনা না-করিয়া পারেন না। কৃপালাভের জন্য তিনি আকাশপাতাল আলোড়ন করেন। এই কৃপা-প্রার্থনায় নৈরাশ্য বলিয়া কথা নাই। কৃপা-প্রার্থনাকারী সর্ব্বদা আশাযুক্ত অর্থাৎ এ জন্মে হউক বা কোটি জন্ম পরে হউক, তিনি কৃপা অবশ্যই লাভ করিবেন—এইরূপ সুদৃঢ় নিশ্চয়াত্মক বিশ্বাস তাঁহার সর্ব্বক্ষণ আছে। তাই কৃপাপ্রার্থনায় তাঁহার বিরাম নাই। এই কৃপাকাঙ্গাল বা অকিঞ্চনের সঙ্গ যদি না হয়, তাহা হইলে কৃপালাভ হইবে না। কৃপা-লাভের জন্য সৎসঙ্গই কৃপাপ্রাপ্তির উপায়।

গুরুবৈষ্ণবগণ বলেন, এ জগতে যাঁহার কোন কিছুর অভিমান নাই, যিনি এ জগতে কোন লোকের নিকট 'কিছু'র প্রার্থী নহেন, এ জগতের কোন আকর্ষণে যিনি কোনদিনই পতিত হন না, নিজেকে দীন হীন, কাঙ্গাল, দরিদ্র, কৃষ্ণধনে বঞ্চিত বলিয়া যাঁহার উপলব্ধি হইয়াছে, তিনিই অকিঞ্চন। তিনি কৃপা পাইয়াছেন এবং আরও কৃপা পাইবার জন্য উত্তরোত্তর আর্ত্তি ও উৎকণ্ঠাবিশিষ্ট হইয়াছেন, একমাত্র তাঁহার সঙ্গই অপরের হৃদয়ে কৃপা-প্রার্থনার আর্ত্তি জাগাইতে পারে। নতুবা অন্য কোন উপায় নাই।

কৃপা অহৈতুকী। যেখানে কোন হেতু বা স্বতন্ত্র সাধনের প্রতি বিশ্বাস বা আস্থা, সেখানে কৃপার স্বরূপোপলব্ধি নাই। নিজের কোন চেষ্টা বা স্বতন্ত্র সাধন দ্বারা কৃপা লাভ হয় না সত্য, কিন্তু তাই বলিয়া কৃপা-প্রার্থী চুপ করিয়া বসিয়াও থাকেন না। তিনি যাঁহার নিকট কৃপাপ্রার্থী হন, তাঁহার সুখবিধানের জন্য তিনি প্রাণপণ চেষ্টাবিশিষ্ট, সেব্যের সুখবিধানের চিন্তা ছাড়া সেবকের একমুহূর্ত্তও যায় না। তিনি সর্ব্বদা সেব্যের আদেশপালনের জন্য প্রস্তুত।

এলাহাবাদে প্রচার

গৌড়ীয়বৈষ্ণবাচার্য্যবর্য্য ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের আনুগত্যে এলাহাবাদ শ্রীরূপ-গৌড়ীয়মঠের সেবকবৃন্দ সহরের বিভিন্ন স্থানে হরিকথা কীর্ত্তন করিতেছেন। শ্রীশ্রীবিশ্ব-বৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক উপদেশক পণ্ডিত শ্রীপাদ রূপবিলাস ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী বিদ্যার্ণব বি এ মহোদয় সহরের শ্রদ্ধালু সজ্জনবৃন্দের নিকট গমনপূর্ব্বক হরিকথা আলোচনামুখে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের মহিমা কীর্ত্তন করিতেছেন। তাঁহার কীর্ত্তিত চৈতন্য-বাণীর দ্বারা আকৃষ্ট হইয়া তাঁহারা মধ্যে মধ্যে মঠে আসিয়া, আবার কখনও বা ব্রহ্মচারীজীকে স্বভবনে আহ্বান করিয়া তাঁহার নিকট ভাগবত কথা শ্রবণ করিতেছেন।

এলাহাবাদ হাইকোর্টের অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি স্যার লাল গোপাল মুখার্জ্জী মহোদয় ব্রহ্মচারীজীর নিকট হরিকথা-শ্রবণে মুগ্ধ হইয়া সপ্তাহাধিক কাল প্রত্যহ ব্রহ্মচারীজীকে স্বীয় বাসভবনে আহ্বান করত তাঁহার নিকট শ্রীরূপশিক্ষা ও শ্রীসনাতন-শিক্ষা অবলম্বনে শ্রীমন্মহাপ্রভুর ভক্তিধর্ম্মের কথা অত্যন্ত আগ্রহের সহিত শ্রবণ করিতেছেন। শ্রবণে আগ্রহবিশিষ্ট বহু শ্রদ্ধালু সজ্জনগণের মধ্যে নিম্নে কয়েকজন মাত্র বিশিষ্ট ভদ্রমহোদয়ের নাম উল্লেখ করা হইল।

স্যার লাল গোপাল মুখার্জ্জি, অবসর প্রাপ্ত চীফ্‌ জাষ্টিস এলাহাবাদ হাইকোর্ট; রায়বাহাদুর শ্রীযুক্ত ভুবনমোহন চ্যাটার্জ্জি, অবসরপ্রাপ্ত ডেপুটী ম্যাজিষ্ট্রেট, মিঃ এ, ডি, ব্যানার্জ্জি, ডেপুটী ম্যাজিষ্ট্রেট, মিঃ জে, এন চ্যাটার্জ্জি প্রফেসর খৃষ্টীয়ান কলেজ; মিঃ নারায়ণ প্রসাদ আস্তানা, অ্যাডভোকেট জেনারেল এলাহাবাদ, মিঃ কমলাকান্ত মাথুর অবসরপ্রাপ্ত সুপারিন্টেণ্ডেণ্ট, মিঃ পদ্মকান্ত মালব্য অবসরপ্রাপ্ত জজ, মিঃ ধরমকিশোর সুপারিন্টেণ্ডেণ্ট প্রভৃতি।

কাশীতে প্রচার

আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা কাশী শ্রীসনাতন-গৌড়ীয়মঠে পরমারাধ্য-তম পতিতপাবন শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপাশীর্ব্বাদে প্রত্যহ প্রাতে শ্রীচৈতন্যভাগবত, মধ্যাহ্নে শ্রীশ্রীনবদ্বীপশতকম্‌ ও শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীসনাতন-শিক্ষা এবং সন্ধ্যায় দৈনিক নদীয়াপ্রকাশ, গৌড়ীয় পাঠ ও ইষ্ট-গোষ্ঠীমুখে হরিকথা আলোচিত হইতেছে। পণ্ডিত শ্রীপাদ ত্রিভুবনেশ্বর ব্রজবাসী প্রভু প্রত্যহ নিয়মিতভাবে শ্রীসনাতনশিক্ষা পাঠ ও সরলভাষায় ব্যাখ্যা করিতেছেন। এতদ্‌-ব্যতীত শ্রীমঠের সেবকবৃন্দ সহরের বিভিন্ন স্থানে মাধুকরী ভিক্ষা ও শ্রদ্ধালু সজ্জনগণের নিকট হরিকথা আলোচনা করিতেছেন।

গত ২৯শে মার্চ্চ শনিবার কাশী শালভা-ঘাট নিবাসী শ্রীযুক্ত শ্যামবিহারী সিংহ মহাশয়ের আগ্রহাতিশয্যে শ্রীমঠের সেবক শ্রীপাদ গদাধরচৈতন্য দাসাধিকারী প্রভু বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তনান্তে শ্রীচৈতন্য-চরিতামৃত মধ্য ২০শ পরিচ্ছেদ হইতে শ্রীসনাতন-শিক্ষা পাঠ ও ব্যাখ্যা করেন।

তৎপর দিবস তথায় বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তনান্তে শ্রীপাদ গদাধর-চৈতন্য প্রভু শ্রীচৈতন্যভাগবত আদি ১৩শ অধ্যায় হইতে শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাবলীলা-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠ-শ্রবণে তাঁহারা বিশেষ সন্তোষলাভ করেন এবং আরও শ্রবণ করিবার আগ্রহপ্রকাশ করেন।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রীঅনুপম ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৬.১৫
সেবক—শ্রীভববন্ধচ্ছিদ দাস ভক্তিশাস্ত্রী বি এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশুভবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

অদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক শ্রীভগবানদাস বজবাসী

কাজির সমাধি পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক — শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল-কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক — শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জামগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাম্বগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীশচীতনয় দাস অধিকারী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক — শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক— শ্রীশ্রীধামদাস অধিকারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌড়পুর নদীয়া
সেবক—শ্রী গোবিন্দদাস অধিকারী

শ্রীনবদ্বীপ গৌড়ীয়মঠ
রাউতারা (শ্রীনৃসিংহদেব পল্লার নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক— শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীহরিপদ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

শ্রীরাণাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক--শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

শ্রীমাধবগৌড়ীয়মঠ
বারদি, পোঃ ওয়ারি, ঢাকা।
সেবক--শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক-- শ্রীকিশোরমোহন ব্রহ্মচারী

শ্রীগদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবনবঃস্বস্বিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাশাংবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীকৃষ্ণভজন দাসাধিকারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীসনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীজগন্নাথদাস ব্রহ্মচারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট পোঃ মথুরা
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনীলরতন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক – শ্রীমহাবীর দাসাধিকারী

ব্রজস্বানন্দসুখকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক শ্রীইন্দ্রপথ দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক— শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীঋষিকেশ দাস

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণ, মথুরা।
সেবক — শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেখপুরা
পোঃ হোডোল, জেলা গুড়গাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক-- শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড, নিউ দিল্লী
সেবক— শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়র ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা, মাদ্রাজ
সেবক— শ্রীরেবতীরমণ ব্রহ্মচারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক- শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক — শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীযদুমণি দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক— শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক – শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক — শ্রীগতিপাবন ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক — শ্রীদীনদয়াল দাসাধিকারী

অমাষ গৌড়ীয়মঠ
পোঃ অমাষ, মেদিনীপুর
সেবক— শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ডুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক--শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনমালী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাঙ্কেষ্টা রোড, হাউড্ গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা।
সেবক— শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ- পি
সেবক শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

শ্রীবিদ্যানিধি-গৌড়ীয়মঠালয়
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅদ্বয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
(নিমসার ইউ, পি)
সেবক— শ্রীউপেন্দ্রনন্দন ব্রহ্মচারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক-- শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

পরমার্থী প্রেস ওয়ার্কস
সেবক-- শ্রীহরিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

———

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীমনীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ভূতপূর্ব দর্শন ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য ... শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী, ... এবং পাঠক শ্রেণীর অমৃত ফল ... ও ভগবানের লীলাচরিত-পাঠে ধন্য হউন। ... প্রাচ্য ও পাশ্চাত্য ... সিদ্ধান্তের সমন্বয় ... (Foreword), ... (Prefaces), ... (Contents) ও ... Index Glossary) সহ ... টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, ... গৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর ... নদীয়া।

অণুভাষ্যম্

... শ্রীমন্মধ্বাচার্য্যকৃত ... ও শ্রীপাদ বলদেব বিদ্যাভূষণকৃত 'তত্ত্বমঞ্জরী' টীকা ... মুদ্রিত। বঙ্গভাষায় সর্বপ্রথম সংস্করণ ... টাকা।

সটীকা শরণাগতি

... শ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা ... কর্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৶০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রী ... ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,

শ্রী গৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,

শ্রীযুক্ত ... এম-এ, বি-এল,

পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

... শ্রীমদ্ভগবদ্গীতার ... শ্রীগৌড়ীয়বৈষ্ণব- ... প্রথম প্রকাশ। ... কঠিন ... সরল ... হইয়াছে।

... ৬৭৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ ... ভিক্ষা—২৲ মাত্র। প্রাপ্তিস্থান শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

EROTIC PRINCIPLE & UNALLOYED DEVOTION

... শ্রীপাদ ... প্রভু প্রণীত ... প্রকাশিত হইয়াছে। ... অপেক্ষা বৃহৎ ও সুন্দর হইয়াছে। এই গ্রন্থে বহু অমূল্য উপদেশ আছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাধা) ৬৲
৩। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সজ্জনতোষণী (অবাধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৷৷০, ২য় খণ্ড—১৲, তৃতীয় খণ্ড—৷৷০ ৪র্থ খণ্ড—৷৷০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৷৷০, ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড ৷৷০
৭। শ্রীচৈতন্যদেব ১৷০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১৷০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৷৷০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৷৷০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। জ্ঞান আনন্দ ৷৷০
১৯। ভক্তি বেদ ।০
২০। গৌড়ীয় গৌরব ৷৶০
২১। গৌড়ীয় সাহিত্য ৷৶০
২২। ভজন রহস্য ৷৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (বিশ্বনাথ-টীকা সহ) ১৲
২৫। গীতা (বলদেব টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল মূলভাষা ৷৷০
২৭। মুক্তাফল ... (অনুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তকঃ (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ৷৷৶০ বাঁধা ৷৷০)
৩০। জৈব-ধর্ম্ম দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ৶
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ৷৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷৷০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৷৶০
৩৫। গীতমালা ⁄১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৶০
৩৭। ঐ প্রমাণ খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডল পরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৶০
৪১। গীতাবলী ⁄১০
৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা ৷৷০
৪৩। শ্রীকৃষ্ণকর্ণামৃত (সমগ্র) ৷৷০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ⁄০
৪৫। নবদ্বীপশতক ⁄১
৪৬। অর্থপঞ্চক ⁄১০
৪৭। সদাচারস্মৃতিঃ ⁄১
৪৮। কল্যাণকল্পতরু ⁄১
৪৯। অর্চ্চনকণ ⁄০
৫০। বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ৷৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৷৷০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ⁄০
৬০। সারস্বতবাণী ⁄০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২৷৷০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী বিজয়ঃ ।০
৬৫। সটীকা শিক্ষাষ্টকম্ ।০
৬৬। তত্ত্বসূত্রম্ ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ ⁄০
৬৯। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ৷৷০
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ৷৷০
৭২। নামভজন ⁄০
৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অন্টলজি ৷৷০
৭৪। রিলেটিভ ওয়ার্ল্ডস্ ৷৶০
৭৫। লাইফ এণ্ড প্রিন্সেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ৷৷০
৭৬। বৈষ্ণবীজম্ ৷৷০
৭৭। ভোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ⁄০
৭৮। দি ভাগবত ।০
৭৯। ইরোটিক প্রিন্সিপাল এণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ।০
৮০। ব্রহ্মসংহিতা ৷৷০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৩
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৷৷
৮৫। সাধনপথ ৷০
৮৬ কল্যাণকল্পতরু ⁄১০
৮৭। গীতাবলী ⁄১০
শরণাগতি ⁄০
৮৯। শ্রীসচ্চিদানন্দবাণী ৷৶০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ৷৷০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ।০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ৩ দিনের জন্ম	পরবর্ত্তী দিনের জন্ম	১ম ৩ দিনের জন্ম	পরবর্ত্তী দিনের জন্ম
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৶০	।৶০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	১৷০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬৲	৪॥০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধ কলম ২৪৲	১৮৲
" এক কলম ৬৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন 'অবতারসম্বন্ধে বিশদ স্রৌতগবেষণ' ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা।

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী নারিন্দা, ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

নিরপেক্ষ যুক্তিপূর্ণ আলোচনা-গ্রন্থ; ইহাতে গড্ডলিকাস্রোতে ভাসমান মানবগণের সম্প্রদায় সমন্বয়, মহাজন, অবতার, একায়ন, বস্তুহীন ও ভক্তিসম্বন্ধে ভ্রম ধারণা-নিরসনমূলে বেদ ও শাস্ত্রীয় বিচার ও সমালোচনা প্রদর্শিত এবং পরমার্থ সম্বন্ধে মানবজাতির সাধারণ ভ্রমসমূহ, ভক্তিরসিক সৎসিদ্ধান্ত সকলও প্রদত্ত হইয়াছে।

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা

অথবা

শ্রীযোগপীঠ-শ্রীমন্দির পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং-এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭॥০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬॥০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

সিদ্ধান্তসারপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ সংগ্রাহকের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা। তৎপরে মোটা অক্ষরে গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীভক্তিবিনোদ-বাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে প্রশ্নোত্তরমুখে তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা তিন টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের বিরাট্ সংস্করণ। কথাসার, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, বঙ্গানুবাদ প্রাতঃপাদ্য বিষয় নির্দ্দেশ, অধ্যায়-বিবরণ, স্থান ও সূচী প্রভৃতির সহিত গৌড়ীয়মঠ কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা শুদ্ধবৈষ্ণবসমাজের এক অমূল্য গ্রন্থ। ইহা ডবল ক্রাউন আট পেজী আকারে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র ২৷৷° টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ছাত্রদের ভক্তিবিনোদ (২য় সংস্করণ)

ছাত্রদের উপযোগী করিয়া লিখিত গল্পাকারে শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্রের ঘটনা ও শিক্ষা। ভিক্ষা বার আনা, ছাত্রদের পক্ষে আট আনা।

প্রাপ্তিস্থান— শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া অথবা শ্রীসুপতিরঞ্জন নাগ এম্ এ, বি-এল্, পুরাণাপল্টন, পোঃ রমনা, ঢাকা।

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থ সব একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ৷৷° আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

নূতন

শ্রীশ্রীনবদ্বীপ পঞ্জিকা

ইহাতে দিনপঞ্জী ব্যতীত ব্রত-উপবাসের তালিকা, গুরুবর্গের আবির্ভাব-তিরোভাব দিবস প্রভৃতি পৃথগ্‌ভাবে সন্নিবিষ্ট হইয়াছে। শ্রীগৌরাব্দ ৪৫৫। ভিক্ষা মাত্র ৵° আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ টীকা পদ্যানুবাদসহ মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।° আনা

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷৷° টাকা মাত্র।

২। ভাগবত—তিন্নিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পত্র শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ২৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সত্যভামাপুর মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷° টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷° মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্‌গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণান্তিকে বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও প্রবাসী সত্যানুসন্ধিৎসুগণ যে সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে গ্রথিত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগবৈষ্ণবসিদ্ধান্তস্থাপনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৷৷° আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——::°::——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস

১৷১৷৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাট্‌তি অত্যন্ত অধিক। পিতার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৷৷৵° দশ আনা, বড় বোতল ১৷৵° আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা;
বেহালা, ২৪ পরগণা

REGD. I. O. C. 1544

শ্রীচৈতন্যদেব
—১০:—
ভগবান্ শ্রীচৈতন্য মহাপ্রভুর জীবনী ও শিক্ষার কথা সুন্দরভাবে লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট কাগজে সুন্দর বাঁধাই।
৩য় সংস্করণ; ভিক্ষা ১৷৹
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

দৈনিক নদীয়া-প্রকাশ
THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুলপ্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৬শ খণ্ড] মায়াপুর ২৭শে চৈত্র ১৩৪৭ ১০ই এপ্রিল ১৯৪১ বৃহস্পতিবার [২৯তম সংখ্যা

নানা-সংবাদ

——::(০)::——

আসামে নূতন সেতু

...আসামের প্রধান মন্ত্রী স্যর মহম্মদ ... এবং পি ডব্লিউ ডির ভারপ্রাপ্ত মিঃ আব্দুল মতিন চৌধুরী ... হইতে ৩০ মাইল দূরে একটি ... উদ্বোধন করিতে গিয়াছিলেন। ... সহরে ফিরিয়া আসিয়াছেন। ... সেতু আসাম তালীর বৃহত্তম ...দের অন্যতম। উহা নির্ম্মাণে ... টাকা ব্যয়িত হইয়াছে।

———

...হৌসী স্কোয়ারে যানবাহন নিয়ন্ত্রণের নূতন ব্যবস্থা

...আগামী ১৫ই এপ্রিল হইতে কলিকাতার ...হৌসী স্কোয়ারে গাড়ীসমূহের গতি ...হইবে এবং সর্ব্বদাই স্কোয়ারকে ...রাখিয়া গাড়ীসমূহকে ঘুরিয়া যাইতে ... পরিকল্পনা ঘোষণা-প্রসঙ্গে পুলিশ ...র বলিয়াছেন যে, ডালহৌসী ...র ক্রমশঃ গাড়ী প্রভৃতির ভিড় হওয়ায় এবং নূতন হাওড়ার পুল ...থে সেণ্ট এণ্ড্রুজ গির্জ্জার নিকট নূতন রাস্তা খোলায়,—এক পথে যানবাহন চলাচল করার ব্যবস্থা করা ...।

...া সচরাচর বিদিত যে, যানবাহন সর্ব্বদা একদিকে ঘুরিয়া গমন ... উহাদের নিয়ন্ত্রণ ক্রততর করা ...ং অপেক্ষাকৃত সহজ হয়। ১৯৪১ ... ১৫ই এপ্রিল হইতে এই নিয়ম ...করার ব্যবস্থা হইয়াছে।

সেণ্ট এণ্ড্রুজ গির্জ্জা যানবাহন গমনাগমনের একটি কেন্দ্রস্থল বলিয়া গণ্য হইবে। ইহার সম্মুখ দিয়া কোন গাড়ী যাইতে পারিবে না। রাইটার্স বিল্ডিংএর দিক হইতে আগত গাড়ীসমূহ সেণ্ট এণ্ড্রুজ গির্জ্জার পিছন দিক দিয়া ঘুরিয়া লালবাজার ষ্ট্রীট বা ডালহৌসী স্কোয়ার ইষ্ট হইয়া অগ্রসর হইবে।

———

সম্পত্তিতে হিন্দুনারীর অধিকার-সংক্রান্ত আইনের সমস্যা

সম্পত্তিতে হিন্দু স্ত্রীলোকদের অধিকারমূলক আইন সম্পর্কে যে সমস্যা সিদ্ধান্ত করার জন্য গবর্ণর জেনারেল ফেডারেল কোর্টের নির্দ্দেশ চাহিয়াছেন, তৎসম্পর্কে আগামী ১৫ই এপ্রিল ফেডারেল কোর্টে শুনানী হইবে।

নিম্নোক্ত বিষয়-সম্পর্কে সিদ্ধান্ত করিতে হইবে :—

১। (ক) চাষের জমিতে উত্তরাধিকার- এবং (খ) কৃষিভূমি ব্যতীত অন্যান্য সম্পত্তিতে উত্তরাধিকার বিষয় হিন্দু স্ত্রীলোকের সংক্রান্ত ১৯৩৭ সালের আইন বা ১৯৩৮ সালের (সংশোধিত) আইন অনুসারে নির্দ্ধারিত হইবে?

২। ১৯৩৫ সালের ভারত শাসন আইনের ৭নং সিডিউলে যে তিনটি আইন প্রণয়ন-সংক্রান্ত তালিকা আছে অন্যান্য সম্পত্তিতে উত্তরাধিকার-সংক্রান্ত আইন উহার আওতায় পড়ে?

———

কুচবিহারের গ্রামাঞ্চলে পশু-চিকিৎসালয় স্থাপনের চেষ্টা

এ অঞ্চলে গবাদি পশুর দুঃখ মোচনের জন্য শীঘ্রই কতকগুলি পশুচিকিৎসালয় স্থাপন করা হইবে। বর্ত্তমানে কুচবিহারে মাত্র একটি পশুচিকিৎসালয় আছে এবং একজন সহকারী বিভিন্ন পরিভ্রমণ করিয়া প্রয়োজন অনুসারে সাহায্য করিয়া থাকে। এক্ষণে কর্ত্তৃপক্ষ মফঃস্বল অঞ্চলে পশুচিকিৎসালয় স্থাপনের প্রয়োজনীয়তা অনুভব করিয়াছেন।

———

দোকান বন্ধ করিবার সময়

বাঙ্গলা সরকারের প্রচার বিভাগের ডিরেক্টর নিম্নোক্ত বিবৃতি প্রচার করিয়াছেন,—সরকার জানিতে পারিয়াছেন যে, বঙ্গীয় দোকান কর্ম্মচারী আইন অনুসারে দোকান বন্ধ করার সময় সম্পর্কে জনসাধারণের মধ্যে কিছু ভ্রান্ত ধারণার সৃষ্টি হইয়াছে। কিন্তু আইন অনুযায়ী দোকান বন্ধের সময় রাত্রি ৮ ঘটিকা (ষ্টাণ্ডার্ড টাইম) বা কলিকাতার সময়ানুযায়ী রাত্রি ৮-২৪। তাহা ছাড়া ৮-২৪ মিনিটের সময় যে সমস্ত খরিদ্দার দোকানে উপস্থিত থাকিবে তাহাদের নিকট জিনিষ বিক্রয়ের জন্য আরও অর্দ্ধঘণ্টা দোকান খোলা রাখা চলিবে। সুতরাং দোকান বন্ধের প্রকৃত সময় হইল ৮-৫৪ মিনিট (কলিকাতার সময়)। ১৯৪১ সনের বঙ্গীয় দোকান ও ব্যবসাপ্রতিষ্ঠান সম্পর্কিত নিয়মাবলীর ৯ ধারার প্রতি দোকান মালিকদের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে। এই ধারা অনুযায়ী প্রত্যেক দোকানের মালিককে নির্দ্দিষ্ট করিয়ে সপ্তাহের কোন্ দিন দোকান সম্পূর্ণ বন্ধ থাকিবে ও কোন্ বার দোকান অর্দ্ধদিন বন্ধ থাকিবে, তাহা লিখিয়া একটি নোটিশ দোকানের একটি প্রকাশ্য স্থানে টাঙ্গাইয়া রাখিতে হইবে এবং নোটিশের কোন পরিবর্ত্তন হইলে তাহার প্রতিলিপি দোকান ও ব্যবসা প্রতিষ্ঠানসমূহের চীফ ইনস্পেক্টারের নিকট প্রেরণ করিতে হইবে। চীফ ইনস্পেক্টারের অফিসের ঠিকানা ৫নং কাউন্সিল হাউস ষ্ট্রীট। কলিকাতার সমস্ত দোকান মালিকদের অবগতির এই নোটিশের প্রতিলিপি চীফ ইনস্পেক্টরের নিকট প্রেরণ করা উচিত।

———

চাউলের আড়তে ডাকাতির চেষ্টা

গত ৩০শে মার্চ্চ ২৪ পরগণার অন্তর্গত ফলতার অনাথ বন্ধু সামন্ত নামক জনৈক ব্যক্তির চাউলের আড়তে একদল ডাকাত ডাকাতি করার উদ্দেশ্যে যাইয়া তাহার সিন্দুক ভাঙ্গিয়া খুলিবার জন্য কাজ্জার প্রবেশ করে। সাব-ইন্সপেক্টার শ্যামীনাথ চাটার্জ্জির নেতৃত্বে একদল পুলিশের সময়োচিত হস্তক্ষেপের ফলে ডাকাতদল পলায়ন করে। উক্ত সাব-ইন্সপেক্টর সংবাদ পাইবার পর ডাকাতদলকে গ্রেপ্তার করার জন্য একদল কনেষ্টবল সহ ঘটনাস্থলে উপস্থিত হন। ডাকাতেরা পুলিশের আগমন-সংবাদ পাইয়া পলায়নকালে ... টাকাপূর্ণ একটি বাক্স লইয়া পলায়ন করে।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্শ কলেজের ইতিহাসের ভূতপূর্ব্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়বৈভবাচার্য্য এম এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং সারগ্রাহক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া এতদিন যে সকল [illegible] ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে মত্ত হউন এই [illegible] ও অদ্বিতীয় গ্রন্থ মানবচরিত্র [illegible]। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় দার্শনিক দর্শনের সহিত তুলনামূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সমালোচনা। প্রথম খণ্ড [illegible] অধ্যায়ে সম্পূর্ণ [illegible]। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিপ্রজ্ঞান কেশব গোস্বামী মহারাজের সুলিখিত মুখবন্ধ (Foreword), লেখকের প্রস্তাবনা (Preface), বিষয় তালিকা (Contents) ও শেষে বর্ণানুক্রমে সংস্কৃত শব্দের সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুর্ণামায়ায়ক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য শ্রীমন্মধ্বাচার্য্যকৃত শ্লোকাকারে অতি সংক্ষেপে গুম্ফিত ও শ্রীপাদ [illegible] 'ভাষ্যরত্ন' টীকা [illegible] ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীক শরণাগতি

ঠাকুর শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা [illegible] সহ [illegible] পূর্ব্বক শ্রীল [illegible] সম্পাদনে গৌড়ীয় মিশনকর্তৃক প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীযুক্ত [illegible] এম-এ, বি এল।

পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

'ষড়্‌গোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার বাঙ্গালা অনুবাদ। গীতার বঙ্গ ভাষা ও অনুবাদ [illegible] শ্রীগৌড়ীয়বৈষ্ণব সিদ্ধান্তসম্মত বাঙ্গালা ভাষায় অনুবাদ [illegible] প্রথম প্রকাশ। এই গ্রন্থে প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত [illegible] প্রত্যেক অধ্যায়ের শেষে [illegible]। সারমর্ম সন্নিবেশিত হইয়াছে। সর্ব্বসাধারণের বোধসৌকর্য্যার্থ কঠিন [illegible] সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

[illegible] কাগজে [illegible] আকারে ৬৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—২৲ মাত্র। প্রাপ্তিস্থান শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

EROTIC PRINCIPLE & UNALLOYED DEVOTION

পরমপূজ্যপাদ শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী প্রভু রচিত সম্পাদিত এই গ্রন্থ। একটী নূতন সংস্করণ শ্রীগুরুদেবের ইচ্ছায় পুনঃ প্রকাশিত হইয়াছে। এবার আকার পূর্ব্ব সংস্করণ অপেক্ষা বৃহৎ ও সুন্দর হইয়াছে। এই গ্রন্থে বহু অমূল্য উপদেশ আছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। বাঙ্গালার বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৷৷০, ২য় খণ্ড ৷৷০, তৃতীয় খণ্ড—৷৷০ ৪র্থ খণ্ড ৷৷০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৷৷০, ২য় খণ্ড —৲; ৩য় খণ্ড ৷৷০
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩ হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৷৷০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৷৷০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। প্রাণ কল্পতরু ।০
১৯। ভক্তিবিবেক ।০
২০। গৌড়ীয় গৌরব ।৵০
২১। গৌড়ীয়সারঋণ্ড ।৵০
২২। ভজনরহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (বিশ্বনাথ-টীকাসহ) ১৲
২৫। গীতা (বলদেব টীকাসহ) ১৲
২৬। গীতার [illegible] মাধ্বভাষ্য ।০
২৭ প্রমেয়রত্নাবলী (সানুবাদ) ২৲
২৮। বেদান্তসূত্র (সানুবাদ)
২৯। [illegible] (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ৷৵০ বাঁধা ৷৷০)
৩০। দ্বীপ-নিবাসনির্ণয় ৵০
৩১ সাধনপথ (তৃতীয় সংস্করণ) ৵
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ৷৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷৷০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ৶১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৶০
৩৭। শ্রীপ্রেমবিবর্ত্ত ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমার্পণ ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৶১০
৪২ শ্রীবরণমঙ্গল [illegible] ৷৷০
৪৩। [illegible] (বঙ্গ) ৷৷০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৶০
৪৫। নবদ্বীপশতক ৶১
৪৬। অর্থপঞ্চক ৶১০
৪৭। [illegible] ৶১
৪৮। কল্যাণকল্পতরু ৶১
৪৯। অর্চ্চনকণ ৶০
৫০। বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ৷৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৷৷০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৶০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২৷৷০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যচরিতামৃতসারঃ ৷৷০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৫। সটীকা শিক্ষাদশমূলম ।০
৬৬। তত্ত্বসূত্রম্ ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৮। গৌড়ীয়মঠস্য দশ রত্নম্ ৶০
৬৯। সারসংবর্দ্ধনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ৷৷০
৭১। এ কিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ৷৷০
৭২। নামভজন ৶০
৭৩। বেদান্ত ইট্‌স্ মরফলজী এণ্ড অন্টলজী ৷৷০
৭৪। রিলেটীভ ওয়ার্ল্ডস্ ।৵০
৭৫। লাইফ য়্যাণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ৷৷০
৭৬। বৈষ্ণবীজম্ ৷৷০
৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৶০
৭৮। দি ভাগবত ।০
৭৯। ইরোটিক প্রিন্সিপাল এণ্ড আনয়ালয়েড ডিভোশন ।০
৮০। ব্রহ্মসংহিতা ৷৷০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৩
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৷৷০
৮৫। সাধনপথ ৷৷০
৮৬ [illegible] শতক ৶১০
৮৭। গীতাবলী ৶১০
শরণাগতি ৶০
৮৯। প্রার্থনা-প্রেমভক্তিচন্দ্রিকা ।৵০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ।০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ।০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৬শ বর্ষ } ২৮ বিষ্ণু ৪৫৫ গৌরাব্দ ২৭শে চৈত্র বঙ্গাব্দ ১৩৪৭, ১০ই এপ্রিল ইং ১৯৪১, বৃহস্পতিবার { ২৯৩ম সংখ্যা

সজ্জন কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ পরিমল নামক বিস্তৃত ভাষ্য সহ সম্প্রতি প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষীমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা মাত্র ৵০

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীস্তবপুষ্পমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ সহ প্রকাশিত হইয়াছে। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৸০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৮ বিষ্ণু আদি কারণোদশায়ী গৌরাব্দ ৪৫৫

হরিকথা-প্রসঙ্গ

——::(০)::——

শরণাগতই উত্তম। শরণাগতি যেখানে নাই, সেখানে প্রভুত্বাকাঙ্ক্ষা আছেই। শরণাগতিই ভক্তের প্রাণ। গুরুকৃষ্ণাধীনতাই প্রকৃত শরণাগতি। শরণাগত কৃষ্ণপক্ষাবলম্বী। শরণাগত দৃঢ়চিত্ত বলিয়া কোন বাধাই তাঁহার কোন ক্ষতি করিতে পারে না, পরন্তু বাধা আসিলে তাঁহার দৃঢ়তা আরও বাড়িয়া যায়। আমরা যাহাকে বিঘ্ন বলি, প্রকৃত শরণাগত ভক্ত তাহাকে ভক্তিবৃদ্ধিকর বা ভক্তির পরিপোষক বলিয়া জানেন। সুবিধা-অসুবিধা, বিপদ্-সম্পদ্, সুখ-দুঃখ—সবই ভগবানের কৃপা,—ইহাই তাঁহার সহজ উপলব্ধি। ইহাতে কৃত্রিমতার লেশমাত্রও নাই। সাধুতে তাঁহার অটল বিশ্বাস। তাঁহার ভয় নাই। সেইরূপ বলবান্ সাধুর সঙ্গে হৃদয়ে বল লাভ হয়। শ্রীগুরু-নিত্যানন্দই সব চেয়ে বলশালী। তাঁহার চরিত্র অকপটে শ্রবণ-কীর্ত্তন করিলে ভগবান্ শ্রীগৌরসুন্দর তাঁহার প্রতি সন্তুষ্ট ও তাঁহার পরম সহায় হন। এই গুরুরই শিষ্য হইতে হইবে—তাঁহাকে প্রভুরূপে বরণ করিতে হইবে। শ্রীশ্রীগুরুবৈষ্ণবভগবানের শ্রীচরণেই শরণাপন্ন হইতে হইবে। সেব্যের শ্রীপাদপদ্মে শরণ গ্রহণ না করিলে কেহই নিত্যসেবা সংরক্ষণ করিতে পারে না। শাসনযোগ্য ব্যক্তিই শিষ্য। যিনি শাসিত হন, তিনি শিষ্য; আর যিনি শাসন করেন, তিনি শ্রীগুরুদেব। ভগবচ্চরণে শরণাপন্ন না হওয়াতেই আমাদের এত বাধা-বিপত্তি। সাধুগুরুকৃপায় যুগপৎ বিঘ্ননাশ ও অভীষ্টপূরণ হয়। কিন্তু সাধুগুরুর নিকট আসিয়াও আমাদের অসুবিধা কাটিতেছে না কেন? সাধুগুরু-চরণে শরণ না লওয়াই তাহার একমাত্র কারণ। দুর্ভাগ্যবশতঃ ভগবদভিন্নতনু শ্রীগুরুদেবে আমাদের মর্ত্ত্যবুদ্ধি ও তজ্জন্য অসূয়াবৃত্তি বিদূরিত হইতেছে না তাই আমরা তাঁহার শ্রীচরণে নিষ্কপটে আত্মসমর্পণও করিতে পারিতেছি না। যাঁহার কৃপা আমাকে রক্ষা করিবে, যিনি ছাড়া আমার বান্ধব ও রক্ষক কেহ নাই, আমি যাঁহার নিত্য ভৃত্যানুভৃত্য, সেই কৃষ্ণপ্রিয় শ্রীগুরুদেবের শ্রীচরণে যখন সুদৃঢ় বিশ্বাস আমার আসিতেছে না, তখন মঙ্গল কি করিয়া হইবে?

আমরা হরিভজনের জন্য আসিয়াছি—এ কথা সত্য, কিন্তু হরিভজনে আমাদের উন্নতি কেন হইতেছে না, তাহা আমরা একবারও চিন্তা করি কি? হরিভজন করিতে হইলে সর্ব্বাগ্রে হরির সহিত সম্বন্ধযুক্ত হওয়া চাই। শরণাগতই সম্বন্ধযুক্ত। নিজেকে প্রভুর ভৃত্য বলিয়া জানাই সম্বন্ধ। নিজেকে প্রভু বলিয়া জানা সম্বন্ধ নহে, তাহা বন্ধন। 'প্রভু আমি' বন্ধনযুক্ত, আর 'প্রভুর আমি'ই বন্ধনমুক্ত বা সম্বন্ধযুক্ত। সম্বন্ধের পরে অভিধেয় অর্থাৎ আমাদের কর্ত্তব্য-নির্ণয় এবং অনুষ্ঠান। সম্বন্ধ ও অভিধেয় পরস্পর অবিচ্ছেদ্য সম্বন্ধবিশিষ্ট। প্রভুর হইলে প্রভুসেবার জন্য ব্যস্ততা স্বাভাবিক। সম্বন্ধ ব্যতীত অভিধেয়-নির্ণয় হয় না। আবার অভিধেয়-যাজন ব্যতীত সম্বন্ধ দৃঢ় হয় না। যদি কোন বালিকা বিবাহের পর পতিগৃহে গমন না করে বা তথায় গমন করিয়াও পতিসেবা না করে, তাহা হইলে তাহার পতির প্রতি আসক্তি বা সম্বন্ধ সংস্থাপিত হইতে পারে না। যখন ভার্য্যা পতিগৃহের কার্য্যগুলি অত্যন্ত আপনবোধে প্রাণপণে করিতে থাকে, নানাপ্রকার অভাব-অসুবিধা, রোগ-শোক, ইত্যাদি উপস্থিত হইলেও পতিগৃহের কার্য্যগুলি দৃঢ়তা, আসক্তি ও রুচির সহিত করিতে পশ্চাৎপদ হয় না বা কষ্ট বোধ করে না, তখনই প্রকৃত সম্বন্ধ স্থাপিত হইয়াছে, বুঝিতে হইবে। তদ্রূপ আমাদেরও গুরুগৃহে আসিয়া তাঁহার সেবাকার্য্যে আপনবোধ না হইলে সম্বন্ধভাবে সুষ্ঠু সেবা কি করিয়া হইবে? প্রভুর সহিত ভৃত্যের যেখানে সম্বন্ধ, সেখানে ভৃত্য প্রভুর প্রীতির উদ্দেশ্যে সকল কার্য্য করিয়া থাকে। ভক্ত ও অভক্তের বাহ্যানুষ্ঠানে কোন পার্থক্য দেখা না গেলেও অন্তরনিষ্ঠা ও উদ্দেশ্যে আকাশ-পাতাল ভেদ আছে। ভক্ত প্রত্যেক কার্য্যই প্রভুর সুখের জন্য করেন, আর অভক্ত ঐহিক ও পারত্রিক সুখসুবিধার জন্য যাবতীয় কার্য্য করিয়া থাকে। নিজসুখপরতা যেখানে, সেখানে সতীত্ব বা ভক্তি নাই। ভগবানই আমাদের নিত্যপতি। ভগবৎপ্রেষ্ঠ শ্রীগুরুদেব আমাদিগকে সেই পতির সহিত সম্বন্ধ করিয়া দেন। শ্রীগুরুদেবই এই সম্বন্ধজ্ঞান দান করেন। এই সম্বন্ধজ্ঞানের নামই দীক্ষা বা দিব্যজ্ঞান বা অপ্রাকৃতজ্ঞান।

নিরন্তর কৃষ্ণানুসন্ধানই জীবের স্বরূপধর্ম্ম। নিরন্তর সেবা করিয়াও সেবায় অতৃপ্তিই শুদ্ধভক্তি। শ্রীগুরুকৃষ্ণপাদপদ্মে শরণগ্রহণ না করিলে কৃষ্ণান্বেষণই আমার নিত্যকৃত্য—ইহা উপলব্ধি করা যায় না। ভগবৎপ্রীতির অনুসন্ধানই ভক্তজীবনের মূল মন্ত্র এবং ইহাই মুমুক্ষু ভক্তের প্রয়োজন। কর্ম্ম, জ্ঞান ও যোগে ভক্তির নিত্যত্ব স্বীকৃত হয় নাই। তাঁহারা ভক্তিকে অভীষ্টলাভের উপায়-মাত্র বলেন। তাঁহারা বলেন,—মুক্তিলাভের পূর্ব্ব-পর্য্যন্তই ভক্তির আবশ্যকতা। কিন্তু শুদ্ধভক্তগণ ভক্তি, ভক্ত ও ভগবানের নিত্যত্ব স্বীকার করেন। তাঁহারা বলেন,—মুক্তির পরই প্রকৃত ভক্তির আরম্ভ হয়। মুক্তগণই সুষ্ঠুভাবে ভগবানের ভজন করেন। শিষ্য নিত্যকাল শ্রীগুরুদেবের আনুগত্যে কৃষ্ণসেবা করেন। শিষ্য শ্রীগুরুদেবকে ভগবান্ হইতে অভিন্ন অর্থাৎ ভগবানের আশ্রয়জাতীয় প্রকাশবিগ্রহ বলিয়া জানেন।

বাহ্য বেশ দেখিয়া বৈষ্ণবতা ঠিক করা যায় না। সুকৃষ্ণৈকনিষ্ঠাই বৈষ্ণবতা বা সাধুতার স্বরূপলক্ষণ। যিনি নিষ্কপটে সত্য সত্যই শ্রীভগবানের ইন্দ্রিয়তর্পণ চান, শ্রীভগবান্ও তাঁহার নিকট মহান্তগুরুরূপে আবির্ভূত হনই। আমার আর্ত্তি ও শুভেচ্ছা দেখিলে সর্ব্বান্তর্যামী শ্রীভগবান্ আমাকে শুদ্ধপথে চলিবার সুযোগ প্রদান করিবেনই। সুতরাং নিষ্কপট প্রার্থনার ফলে ভগবৎকৃপায় প্রাপ্ত শ্রীগুরু বা আচার্য্যের আদর্শে পরিচালিত ও তাঁহার শিক্ষায় শিক্ষিত হইয়া ক্রমশঃ ভজনপথে অগ্রসর হওয়াই বুদ্ধিমানের কার্য্য।

যিনি সরল ও নিষ্কপট, যাঁহার সেবাকাঙ্ক্ষা ব্যতীত অন্য কোন অভিসন্ধি নাই, যিনি ভাগ্যক্রমে ভগবৎকৃপার প্রতি নির্ভর করিতে পারিয়াছেন, তিনি সন্দিগ্ধচিত্ত নহেন। তিনি বিধাতার সকল বিধানকে অবনত মস্তকে কৃপা বলিয়া বরণ করিয়া থাকেন। প্রভুর সুখেই তাঁহার সুখ, তজ্জন্য তাঁহার কোন কষ্ট নাই। প্রভুসুখবিধানের জন্য সংঘটিত কষ্টকেও তিনি সুখ বলিয়া জানেন। ঠাকুর শ্রীল ভক্তিবিনোদ গাহিয়াছেন,—

তোমার সেবায় দুঃখ হয় যত,

সেবাসুখদুঃখ পরমসম্পদ,
নাশয়ে অবিদ্যা-দুঃখ ॥
পূর্ব্ব ইতিহাস ভুলিনু সকল,
সেবাসুখ পেয়ে মনে।
আমি ত' তোমার, তুমি ত' আমার,
কি কাজ অপর ধনে ॥

শ্রীলোকনাথ গোস্বামী প্রভু

শ্রীল লোকনাথ গোস্বামী প্রভু শ্রীমন্মহাপ্রভুর একান্ত নিষ্কিঞ্চন, বিরক্ত পার্ষদগণের অন্যতম। তাঁহার অলৌকিক চরিত্র,নিষ্কিঞ্চনতা ও ভজনপ্রবীণতা প্রত্যেকেরই আদর্শস্থানীয়। শ্রীল লোকনাথ প্রভুর পূর্ব্বাশ্রমের অবস্থান যশোহরের অন্তর্গত 'তালখড়ি'-গ্রামে ছিল। তাঁহার পিতার নাম শ্রীপদ্মনাভ। শ্রীমন্মহাপ্রভুর আজ্ঞায় শ্রীলোকনাথ ব্রজমণ্ডলে বাস করিয়া একান্ত অকিঞ্চনভাবে ভগবদ্ভজন করেন। শুনা যায়, শেষ জীবনে তিনি ব্রজমণ্ডলের দ্বাদশবনের অন্যতম খদিরবনে বাস করিয়া ভজন করিতেন। তিনি নিষ্কিঞ্চন ভজনানন্দীর আদর্শ প্রদর্শন করিয়া স্বেচ্ছাক্রমে কাহাকেও শিষ্য করিবার ইচ্ছা করেন নাই। কিন্তু খেতুরীর রাজকুমার, নৈষ্ঠিক ব্রহ্মচারি-রসলীলাবিৎ শ্রীল নরোত্তম প্রভু ব্রজে শ্রীল লোকনাথ প্রভুর বহু সেবা ও অকপটে প্রভুর কৃষ্ণসেবার সহায়তা করিয়া তাঁহার বিশেষ প্রীতি আকর্ষণ করেন। তজ্জন্য তিনি শ্রীল নরোত্তম ঠাকুরকে তাঁহার প্রথম ও শেষ শিষ্য বলিয়া গ্রহণ করেন। কিংবদন্তী এই যে, শ্রীলোকনাথ প্রভু যখন খদিরবনে বাস করিয়া ভজন করিতেন, তখন রাজকুমার শ্রীনরোত্তম শ্রীমন্মহাপ্রভুর কাঙ্গাল নিষ্কিঞ্চন ভক্তগণকে প্রসাদাদি-দানে নানাপ্রকারে সন্তুষ্ট করিতে চেষ্টা করিতেন। শ্রীল লোকনাথ প্রভুর ইচ্ছায় শ্রীল ঠাকুর মহাশয় খেতুরীতে গিয়া ভগবৎসেবা প্রকাশ করেন। শ্রীল নরোত্তম ঠাকুর নিত্যসিদ্ধ গৌরজন। তাঁহার খেতুরীতে অবস্থান নিত্যসিদ্ধ দেহে অপ্রাকৃত মানস ব্রজবাসেরই অকৃত্রিম আদর্শ। তাঁহার 'প্রার্থনা' ও 'প্রেমভক্তিচন্দ্রিকা' প্রভৃতি গীতি গ্রন্থ অদ্যাপি মাদৃশ অন্ধ জীবগণের পথপ্রদর্শক হইয়াছে। শ্রীল লোকনাথ গোস্বামী প্রভু খদিরবনে ভজন করিতে করিতে নিত্যলীলায় প্রবেশ করেন। তিনি নিরন্তর ভগবৎসেবায় বিভোর হইয়া স্বানুভবানন্দে মগ্ন থাকিতেন। অকৃত্রিম অকিঞ্চনতার আদর্শ শ্রীলোকনাথ প্রভু কোনপ্রকার লোকাপেক্ষা না করিয়া একান্তমনে ভজন করিয়াছেন। তিনি চিদ্বিলাসী। সকিঞ্চন আমরা তাঁহার অকিঞ্চনতা, অনন্যোর্দ্ধ শরণাগতি ও সেবাপ্রাণতঃ অনুসরণ করিয়া যদি প্রাণ, অর্থ, বুদ্ধি ও বাক্যের দ্বারা তাঁহার ও তদনুগ বৈষ্ণবগণের সেবা করিতে পারি, তাহা হইলে আমাদের জীবন সার্থক হইবে।

হরিভজনে উৎসাহ, সরলতা ও দৃঢ়তা থাকা চাইই, নতুবা হরিভজন করা যাইবে না। হরিভজন করিতে আসিয়া পশ্চাৎপদ হওয়া উচিত নহে, উত্তরোত্তর অগ্রসর হওয়াই উচিত। যেখানে নিরুৎসাহ বা দৃঢ়তার অভাব, সেখানে ভক্তির কোন কথা নাই। সংশয় হইতে ভজনের বাধা উপস্থিত হয়। যত অসুবিধাই থাকুক, কৃষ্ণকে পাইতেই হইবে—এরূপ দৃঢ়তা ও তীব্রতা যেখানে আছে, সেখানে সাফল্য অনিবার্য্য।

'ভক্তিরত্নাকর'-গ্রন্থে শ্রীল লোকনাথ গোস্বামী প্রভুর সম্বন্ধে এরূপ বর্ণিত আছে,—

যশোর দেশেতে তালখড়া গ্রাম স্থিতি।
মাতা সীতা, পিতা পদ্মনাভ চক্রবর্ত্তী ॥
পদ্মনাভ প্রভু অদ্বৈতের প্রিয় অতি।
লোকনাথ হেন বৃদ্ধ বিপ্রের সন্ততি ॥
লোকনাথ গৃহে সদা রহয়ে উদাস।
সর্ব্বত্যাগী নবদ্বীপে আইলা প্রভুপাশ।
প্রভু গৌরচন্দ্র অতি অনুগ্রহ কৈল।
বৃন্দাবনে যাইতে ত্বরায় আজ্ঞা দিল ॥
লোকনাথ প্রভুপদে আত্মসমর্পিল।
প্রভুগণে প্রণমিয়া গমন করিল ॥
লোকনাথ ব্রজে সদা ভ্রমণ করিয়া।
কৃষ্ণলীলাস্থান দেখি আনন্দিত হৈলা ॥
ছত্রবন পাশে উমরাও নামে গ্রাম।
তথায় শ্রীকিশোরীকুণ্ড শোভা অনুপম ॥
সেই স্থানে কতদিন রহেন নির্জ্জনে।
করিব বিগ্রহসেবা, এই চেষ্টা মনে।
জানিলেন প্রভু লোকনাথ উৎকণ্ঠিত।
অন্যরূপে বিগ্রহ লইয়া উপস্থিত ॥
'রাধাবিনোদ' নাম কহি' সমর্পিলা।
সেইক্ষণে তেঁহ তথা অদর্শন হৈলা ॥
লোকনাথ গোসাঞি চিন্তয়ে মনে মনে।
কে হেন বিগ্রহ দিয়া গেল কোন্ খানে ॥
চিন্তায় ব্যাকুল লোকনাথে নিরখিয়া।
শ্রীরাধাবিনোদ তথা কহেন হাসিয়া ॥
এই উমরাও গ্রামে বিপিনে বসতি।
এই যে কিশোরীকুণ্ড এথা মোর স্থিতি ॥
তোমার উৎকণ্ঠা দেখি' ব্যাকুল হৈল।
কে মোরে আনিবে মুঞি আপনি আইল ॥
শীঘ্র করি মোরে কিছু করাও ভক্ষণ।
শুনি প্রেমধারা নেত্রে বহে অনুক্ষণ ॥
মহাসুখে শীঘ্র পাক করি' ভুঞ্জাইল।
পুষ্পশয্যা রচিয়া শয়ন করাইল ॥
পরমে বাতাস করিলেন কতক্ষণ।
মনের আনন্দ কৈল পাদ সম্বাহন ॥
তন মনঃ প্রাণ প্রভুপদে সমর্পিলা।
সে রূপ মাধুর্য্যামৃত-পানে মগ্ন হৈলা ॥
শীঘ্র করি এক ঝোলা নির্ম্মাণ করিল।
রাধাবিনোদের যেন মন্দির হৈল ॥
পরম অদ্ভুতরূপে ঝোলা হৈল আলা।
অনুক্ষণ বক্ষে রাখে যেন কণ্ঠমালা ॥
গ্রামবাসী কুটীর করিয়া দিতে চায়।
বৃক্ষমূল বিনা লোকনাথের নাহি ভায় ॥

ভক্তের অবস্থা

——::(•)::——

ভগবদ্ভজনই জীবের চরম কল্যাণ। সেই চরম কল্যাণ জীবের কোন্ অবস্থায় হইতে পারে? তদুত্তরে শাস্ত্র বলেন, বদ্ধজীব-জগতে মনুষ্যই কেবল হরিভজনের উপযোগী জন্ম লাভ করিয়াছেন। অন্যান্য জীবনে কেবল বিষয়-সেবাই হয়। নরদেহ ভিন্ন অন্যান্য দেহে চেতনধর্ম্ম সঙ্কুচিত বা আচ্ছাদিত। সঙ্কুচিত-চেতন বদ্ধ জীবগণ—পশুপক্ষি-সরীসৃপ দেহগত, আর আচ্ছাদিত-চেতন—বৃক্ষ ও প্রস্তরগতিপ্রাপ্ত বদ্ধজীব। কৃষ্ণদাস্য ভুলিয়াই জীব অবিদ্যারূপ জড়বন্ধনে বদ্ধ। যে জীবের যে পরিমাণ ভগবদ্বিস্মৃতি, তাহার চেতন সেই পরিমাণে আবৃত। মনুষ্যের চেতন মুকুলিত, বিকচিত ও পূর্ণ বিকচিত ভেদে ত্রিবিধ। নীতিশূন্য নিরীশ্বর নৈতিক ও সেশ্বর নৈতিক জীবনে জীবের মুকুলিত চেতনাবস্থা। ইহার মধ্যে যাহারা নীতিশূন্য, তাহাদের জীবন নিতান্ত অধম, তবে সঙ্কুচিত চেতন অপেক্ষা সামান্য উন্নতভাববিশিষ্ট মাত্র, তাহাদিগকে অনেকস্থলে 'নরপশু' আখ্যা দেওয়া হয়। তদপেক্ষা একটু উন্নত অবস্থা নিরীশ্বর নৈতিক জীবনে পরিলক্ষিত হয়। ইহাদের ঈশ্বরবিশ্বাস নাই, অথচ ইহারা সামাজিক শৃঙ্খলা উল্লঙ্ঘন করিয়া গোলযোগ ঘটাইতে প্রস্তুত নহে। আর যাঁহাদিগের সেশ্বর নৈতিক জীবন, তাহাদিগের অবস্থা আরও একটু উন্নত। তাহা হইলেও তাঁহাদের ধারণা ভগবদুন্মুখী হয় নাই। ঈশ্বর থাকিতে পারেন, তিনি কর্ম্মাধীন কর্ম্মফলপ্রদাতা। নানারূপে উপাসিত হইয়া তিনি আমাদিগের জাগতিক অভীষ্ট প্রদান করেন, এইমাত্র তাঁহাদের প্রতীতি। যাঁহাদের কিছু ভগবদুন্মুখতা হইয়াছে, তাঁহাদের সাধনভক্তিময় জীবন। ভাব-ভক্তিময় জীবনের পূর্ব্বাবস্থা সাধকজীবন। শ্রদ্ধা-সহকারে সাধুসঙ্গে ভজন-প্রভাবে অনর্থ নিবৃত্ত হইয়া নিষ্ঠা, রুচি ও আসক্তি হইয়াছে। ভাবভক্ত-জীবনই জীবনের পূর্ণবিকাশ। তাহাই পূর্ণবিকচিত চেতনাবস্থা।

মুক্তগণ নিত্যকাল গোলোক-বৃন্দাবনে হরিসেবা করিতেছেন, তাঁহারা শ্রীহরির নিত্য পার্ষদ। আর সাধনদ্বারা জীবন্মুক্ত ও বস্তুসিদ্ধিক্রমে নিত্যলীলা-প্রবিষ্ট সেবকগণ উভয় অবস্থায়ই শ্রীহরির নির্ম্মল সেবাপ্রবৃত্ত। মুক্ত অবস্থায়ই কৃষ্ণভজন হয়। শ্রদ্ধোদয়েই সাধুগুরুপাদাশ্রয়ে ভজন আরম্ভ করিয়া ভুক্তিভোগ-বাসনামূলক কপটতারূপ অনর্থ-নিবৃত্তির যত্ন করিতে হইবে। ইহাই বদ্ধাবস্থায় ভজন।

আমাদের নিত্যকৃত্য হরিভজন। প্রথমে হরিভজনে কি বাধা আছে, দেখিতে হইবে। ভজন অর্থাৎ সেবার বাধা ভোগেচ্ছা—যে অবস্থায় ভোগেচ্ছারহিত হইতে পারা যায়, সেই অবস্থা হরিভজনের উপযোগী। যদি কেহ গৃহস্থ থাকিয়া ভোগেচ্ছারহিত হইতে পারেন, তাঁহার সেই অবস্থায় হরিভজন হইতে পারিবে। কিন্তু সাধনমার্গে গৃহস্থ অবস্থায় ভোগেচ্ছার হাত হইতে মুক্ত হওয়া অতি কঠিন। গৃহস্থই হউন, ব্রহ্মচারীই হউন, বানপ্রস্থ বা সন্ন্যাসীই হউন, সর্ব্ব আশ্রমীরই হরিভজনে অধিকার আছে। শ্রীল ঠাকুর নরোত্তম বলিয়াছেন,—

গৃহে বা বনেতে থাকে,
হা গৌরাঙ্গ ব'লে ডাকে,
নরোত্তম মাগে তার সঙ্গ।

সুতরাং হরিভজনের জন্য আশ্রম-বিশেষের আবশ্যকতা নাই। হরিভজন আশ্রমাতীত ব্যাপার। হরিভজন-ব্যাপারে বর্ণাশ্রমের উপযোগিতা নাই। যথার্থ বৈষ্ণব জীবন্মুক্ত—তিনি আশ্রম-চতুষ্টয়ের কোনটির পরিচয়ে পরিচিত থাকিলেও তিনি কোনটিরই অন্তর্ভুক্ত নহেন। তাঁহার অবস্থা আশ্রমাতীত। তিনি পরমহংস। তাঁহার ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য বা শূদ্রাভিমান নাই; তাঁহার ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ বা সন্ন্যাসাভিমান নাই, তাঁহার রাজা, প্রজা, ধনী, দরিদ্র প্রভৃতি সামাজিক অবস্থারও অভিমান নাই। তিনি জাগতিক সমস্ত অভিমানের অতীত তত্ত্ব। শুদ্ধ জীবের পরিচয় শ্রীমন্মহাপ্রভু প্রদান করিতে গিয়া বলিয়াছেন,—

নাহং বিপ্রো ন চ নরপতির্নাপি বৈশ্যো ন শূদ্রো
নাহং বর্ণী ন চ গৃহপতির্নো বনস্থো যতির্বা।
কিন্তু প্রোদ্যন্নিখিলপরমানন্দ-পূর্ণামৃতাব্ধে-
র্গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাসদাসানুদাসঃ ॥

অর্থাৎ আমি ব্রাহ্মণ নহি, ক্ষত্রিয় নহি, বৈশ্য নহি, শূদ্রও নহি; আমি ব্রহ্মচারী নহি, গৃহস্থ নহি, বনচারী নহি, সন্ন্যাসীও নহি—এ সকল জাগতিক পরিচয় আমার নিত্য পরিচয় নহে। আমার নিত্য পরিচয় শ্রীকৃষ্ণচন্দ্রের দাসের দাস। আমি বৈষ্ণবদাস—এই আমার স্বরূপ; এতদ্ব্যতীত আমার অন্য পরিচয় নাই। গৃহী বা সন্ন্যাসী—এই জগতের পরিচয়—দু'দিনের। আজ আমি ব্রহ্মচারী, কালই সমাবর্ত্তন করিয়া গৃহস্থ হইতে পারি; আজ আমি বনস্থ বা সন্ন্যাসী, কালই নিতান্ত সৌভাগ্যবলে বর্ণাশ্রমাতীত পরমহংস হইবার যোগ্যতা লাভ হইতে পারে, অথবা পতিত হইয়া সংসারে প্রবিষ্ট হইতে পারি; পরিশেষে মৃত্যু আসিয়া এ জগতের সকল পরিচয়ই লোপ করিয়া দিতে পারে। সুতরাং যিনি যে বর্ণেই জাত হইয়া থাকুন না কেন, যে আশ্রমেই অধিষ্ঠিত থাকুন না কেন, হরিভজন আরম্ভ করিয়া দেওয়াই সদ্যুক্তি। ভজন-প্রবৃত্তি প্রবলা থাকিলে বর্ণাশ্রম-প্রবৃত্তি বাধা দিতে পারিবে না; আবার ভজন-চেষ্টার উদয় না হইলে বর্ণবিশেষে বা আশ্রমবিশেষে সুবিধা করিয়া দিবে না। হরিভজনহীন সন্ন্যাসে ফল্গুবৈরাগ্যঃ হইয়া যাইবে। হরিভজনময় গৃহই গোলোক।

সম্বন্ধ

শ্রীগুরুপাদপদ্মের কৃপায় প্রকৃত সম্বন্ধজ্ঞান জীবহৃদয়ে স্ফূর্তিলাভ করে। সাধনফলেই এই সম্বন্ধজ্ঞান লাভ হয় এবং সাধক যখন গুরুকৃষ্ণের কৃপায় তাহা উপলব্ধি করিতে থাকেন, তখনই তাঁহার সম্বন্ধজ্ঞানের উদয় হইয়া থাকে। তখন জীব ক্রমশঃ স্ব-স্বরূপ, পরস্বরূপ, উপায়স্বরূপ ও বিরোধী-স্বরূপ উপলব্ধি করিতে থাকেন। প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবাবৃত্তির দ্বারা এই সম্বন্ধজ্ঞান উত্তরোত্তর পুষ্ট হইতে থাকে। তখন জীব নিজের স্বরূপ এবং ধর্ম্ম কি, তাহা অবগত হইতে পারেন। জীব চিন্ময়। জীবের ধর্ম্মে আনন্দ আছে। কিন্তু স্বরূপের অপ্রাপ্তিতে জীব সেই আনন্দ উপলব্ধি করিতে পারে না। কৃষ্ণ পরিপূর্ণ চিন্ময়। জীব তাঁহার অতি সূক্ষ্ম অংশ কণামাত্র। সুতরাং কৃষ্ণের ন্যায় তাহাতেও সৎ, চিৎ ও আনন্দময়তা আছে। কৃষ্ণ জীবের নিত্য প্রভু, জীব কৃষ্ণের নিত্যদাস, কৃষ্ণ আকর্ষক, জীব আকৃষ্ট; কৃষ্ণ বিভু, জীব অণু, কৃষ্ণ পরিপূর্ণ, আর জীব অপূর্ণ, অতি দীন ও ক্ষুদ্র। কৃষ্ণ সর্ব্বশক্তিমান্, জীব নিঃশক্তিক। জীব চিন্ময় হইলেও অত্যন্ত ক্ষুদ্রতাহেতু অত্যন্ত দুর্ব্বল। এইজন্য সে স্বতন্ত্র থাকিতে পারে না, কাহাকেও অবলম্বন করিয়া থাকিতে হয়।

কৃষ্ণের তিনটী শক্তি—চিচ্ছক্তি, জীবশক্তি বা তটস্থশক্তি ও মায়াশক্তি। জীব তটস্থশক্তিজাত। তটস্থ চিচ্ছক্তি ও মায়াশক্তির মধ্যস্থলে চিৎসবিশেষ ও জড়সবিশেষ—এই দুই রাজ্যের সীমান্তপ্রদেশ। তটস্থশক্তিজাত জীব এখানে স্থিরভাবে থাকিতে পারে না। জীব স্বরূপশক্তির নিত্য আশ্রিত। আশ্রয় ছাড়া জীব থাকিতে পারে না। জীব হয় স্বরূপশক্তির আশ্রয় গ্রহণ করিবে, না হয় বিরূপশক্তির কবলে কবলিত হইবে। জীবের স্বরূপে সেবা-প্রবৃত্তি আছে। দুর্ভাগ্যবশতঃ জীব সেই সেবাপ্রবৃত্তি ভুলিয়া গিয়া ভোক্তৃধর্ম্ম প্রবল হওয়ায় মায়ার কবলে পড়িয়াছে। মায়ার কবলে পতিত হইলে জীব নানাপ্রকার জড়োপাধি দ্বারা আবৃত হয়। তখন জীবের এ জগতের অভিমান প্রবল হয় এবং সে নিজেকে খুব বড় বলিয়া মনে করে। আমি এ জগতের একজন হর্ত্তা-কর্ত্তা-বিধাতা, আমি কত কি করিতে পারি—এই প্রকার চিত্তবৃত্তির উদয় হয়। তখন তাহার কখনও পুরুষ, কখনও স্ত্রী, কখনও হিন্দু, কখনও মুসলমান, কখনও সুখী, কখনও দুঃখী ইত্যাদি নানাপ্রকার অনিত্য জগদভিমান প্রবল হয়। এই প্রকার মিথ্যা-অভিমানযুক্ত হইয়া জীবের স্বধর্ম্ম বিকৃত হয়।

সম্বন্ধজ্ঞানের উদয়ে এই সকল অসদভিমান আপনা হইতেই চলিয়া যায়। তখন বুঝিতে পারা যায়—'কৃষ্ণই একমাত্র ভোক্তা। জীব ভোক্তা নহে, সে নিত্য ভগবৎসেবক।' সম্বন্ধজ্ঞান লাভ হইলে জীব নিজেকে গুরুকৃষ্ণের অতি অযোগ্য কিঙ্করানুকিঙ্কর বলিয়া উপলব্ধি করিতে পারে। নিজেকে গুরুকৃষ্ণের কিঙ্করানুকিঙ্কর বলিয়া জানিতে পারিলে অন্যান্য ইতরাভিমান আপনিই ছাড়িয়া যায়। সম্বন্ধজ্ঞানোদয়ের সঙ্গে সঙ্গে 'আমি গুরুকৃষ্ণের'—এই অভিমান প্রবল হয়। ইহাই শুদ্ধ-অহঙ্কার। ইহা প্রত্যেক চেতনেরই স্বরূপগত অভিমান। ইহাই প্রকৃত তৃণাদপি সুনীচতা—অমানিমানদত্ব। দেহ বা মনে যতক্ষণ 'আমি'-বুদ্ধি থাকিবে, ততক্ষণ সম্বন্ধজ্ঞান লাভ হয় নাই। সম্বন্ধজ্ঞানের উদয়ে জীব এই জগৎকে নিজের ভোগ্য না জানিয়া কৃষ্ণের ভোগ্য বলিয়া জানিতে পারে। বদ্ধাবস্থায় যাহাকে ভোগের উপকরণ বলিয়া বিচার হয়, মুক্তাবস্থায় তাহাই বিভিন্ন সেব্যরূপে প্রতিভাত হয়। বিশ্বের কোন বস্তুই তখন আর হৃদয়ে ভোগাকাঙ্ক্ষা জন্মায় না—উন্নতির পথে দাঁড়াইয়া বাধা প্রদান করে না। তখন প্রত্যেক বস্তুই কৃষ্ণসেবার উপকরণ বলিয়া প্রতিভাত হইয়া জীবকে অনুকূলভাবে কৃষ্ণভজনে সাহায্য করে। স্বরূপে অবস্থানকালে যে মনের দ্বারা চিন্তা করা যায়, সেই মনই আত্মানুগত শুদ্ধ মন—বৃন্দাবন। সেই ভূমিকায় অবস্থিত হইয়া যে জগদ্দর্শন, তাহা বিশুদ্ধ-দর্শন। শ্রীগুরুকৃপাবলে ক্রমশঃ হৃদয় হইতে সকল অনর্থ দূর হইয়া জীব যখন উপাধিমুক্ত হন, তখনই সম্বন্ধজ্ঞানের স্ফূর্ত্তি সম্যগ্‌রূপে হয়। তখন বিশ্ব পূর্ণ সুখময় বলিয়া অনুমিত হয় এবং বিশ্বের সমস্ত বস্তুকেই আর ভগবান্ হইতে পৃথক্ বলিয়া মনে হয় না। এইরূপ সম্বন্ধতত্ত্বজ্ঞান হৃদয়ে স্ফূর্ত্তিলাভ করিলে জীবের চরম প্রয়োজন কি, তাহা উপলব্ধির বিষয় হয়। তখন যে সাধন অবলম্বন করা যায়, তাহাই সর্ব্বোত্তম সিদ্ধিলাভের একমাত্র উপায়।

সম্বন্ধজ্ঞান ঠিক না হইলে অভিধেয় যাজন হয় না। সম্বন্ধই অভিধেয়দাতা এবং প্রেমপ্রদাতা। সম্বন্ধজ্ঞানলব্ধ জনের এ জগতের আকর্ষণ-বিকর্ষণের মধ্যে অবস্থান নাই। 'আমি গুরুকৃষ্ণদাস— গুরুকৃষ্ণসেবাই আমার নিত্যধর্ম্ম'—এইরূপ বিশ্বাসের সহিত তিনি হরিসেবায় যত্নবান্। সেইজন্য শাস্ত্র বলিয়াছেন,—'আদৌ গুরুপদাশ্রয়স্তস্মাৎ কৃষ্ণদীক্ষাদিশিক্ষণম্'। গুরুপাদপদ্মের কৃপা হইলেই জীব চতুর্ব্বিধ অনর্থের হস্ত হইতে মুক্ত হইয়া ভগবৎ-সান্নিধ্য লাভ করিতে পারে। গুরুকৃপায় গুরুতে যাঁহার নিত্যানন্দ-উপলব্ধি হইয়াছে এবং নিজেকে তাঁহার অযোগ্য সেবকানুসেবক বলিয়া চিত্তে সুদৃঢ় বিশ্বাস হইয়াছে, তাঁহারই সম্বন্ধজ্ঞান লাভ হইয়াছে। সম্বন্ধ কখনও বিচ্ছিন্ন হয় না। বন্ধন খুলিয়া যায়—ছিন্ন হইয়া যায়, কিন্তু সম্বন্ধ নষ্ট হয় না। সম্বন্ধ—চেতনের সহিত চেতনের প্রীতি—ভালবাসা—আপনজ্ঞান। যাঁহার যে প্রকার সম্বন্ধজ্ঞান লাভ হইয়াছে, তাঁহার গুরুবৈষ্ণবে সেই প্রকার প্রীতির উদয় হইয়াছে। প্রীতির পাত্র একমাত্র গুরুবৈষ্ণব-ভগবান্—সৌভাগ্যক্রমে ইহা যাঁহার উপলব্ধি হইয়াছে, তিনিই সম্বন্ধজ্ঞানযুক্ত মহাভাগ্যবান্, তাঁহার সিদ্ধিলাভ অনিবার্য্য।

গুরুপাদপদ্মের কৃপা বিভিন্ন খাতের মধ্য দিয়া আমাদের নিকট আসে। মূর্ত্তিমান্ কৃপা—তিনি। প্রত্যেক জীব শ্রীরূপানুগ শ্রীগুরুপাদপদ্মের পদধূলি-কণা। জানিনা, এই স্বরূপের সম্বন্ধ বা অভিমান আমার কবে জাগ্রত হইবে, কবে তাঁহার অহৈতুকী করুণায় কাঙ্গাল হইতে পারিব? কাঙ্গাল আমরা, সুতরাং তাঁহার কৃপা গাওয়াই আমাদের একমাত্র কাজ। গুরুবৈষ্ণবগণ সর্ব্বদা ইহাই কীর্ত্তন করেন। গুরুদেবতাত্মা যাঁহারা তাঁহারাই আমাদের অকৃত্রিম বন্ধু। তাঁহাদের সঙ্গই আমাদের নিত্যকাম্য। অতি অযোগ্য দুর্ব্বল জীব আমরা শ্রীগুরুপাদপদ্মের সেবা করিতে পারিতেছি না, পদে পদেই বাধাপ্রাপ্ত হইতেছি—ভ্রম, প্রমাদ, বিপ্রলিপ্সা, করণাপাটবদোষদুষ্ট হইয়া এক করিতে আর এক করিয়া বসিতেছি, সেবা করিতে গিয়া গুরুবৈষ্ণবগণের উদ্বেগের কারণ হইয়া পড়িতেছি। এমতাবস্থায় আমার নিজের দিক্ হইতে কৃপা লাভ করিবার কোন আশা নাই। তবে একমাত্র ভরসা যে, অযোগ্য হইলেও তাঁহারা ছাড়েন না। তাঁহার নিজগুণে অধম কাঙ্গাল পতিতকেও কৃপা করেন—ইহাই একমাত্র আশা, পতিতপাবন নিত্যানন্দকে গুরুরূপে পাইয়াছি—ইহাই ভরসা।

কৃষ্ণ সে তোমার, কৃষ্ণ দিতে পার,
তোমার শকতি আছে।
আমি ত' কাঙ্গাল, কৃষ্ণ কৃষ্ণ বলি,
ধাই তব পাছে পাছে॥

• • •

আমি ত' তোমার, তুমি ত' আমার,
কি কাজ অপর ধনে॥

—ইহাই সম্বন্ধযুক্তের কথা। গুরুবৈষ্ণব ব্যতীত এ জগতে আমাদের আর কেহ নাই, ইহা তাঁহাদেরই কৃপায় উপলব্ধি হয়। এই আপন জ্ঞান—সম্বন্ধজ্ঞান বা শরণাগতিই ভক্তির মূল। তাই প্রার্থনা,—

কৃপা কর বৈষ্ণবঠাকুর।
সম্বন্ধ জানিয়া ভজিতে ভজিতে
অভিমান হউ দূর।

———

শ্রীশ্রীরামনবমী

গত ৬ই এপ্রিল, ২৩শে চৈত্র রবিবার শ্রীধাম-মায়াপুরে শ্রীশ্রীরামচন্দ্রের আবির্ভাব-তিথিপূজা-মহোৎসব পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে ও নির্দ্দেশানুসারে নিরন্তর হরিকীর্ত্তনমুখে সুচারুরূপে সম্পন্ন হইয়াছে।

এ তদুপলক্ষে মঙ্গলারাত্রিকের পর শ্রীধামবাসী ভক্তবৃন্দ শ্রীশ্রীল আচার্য্যদেবকে অগ্রণী করিয়া বিচিত্রবর্ণের নিশান, খোল-করতাল ও মৃদঙ্গবাদ্য-সহকারে উচ্চ সংকীর্ত্তন করিতে করিতে অন্তর্দ্বীপ শ্রীমায়াপুরস্থ শ্রীচৈতন্যমঠ, শ্রীঅদ্বৈতভবন, শ্রীশ্রীবাসঅঙ্গন, শ্রীযোগপীঠ-শ্রীমন্দির, শ্রীনৃসিংহমন্দির ও শ্রীমুরারিগুপ্তের ভবন পরিক্রমা করিয়া শ্রীচৈতন্যমঠে প্রত্যাবর্ত্তন করেন।

অনন্তর অবিদ্যাহরণ নাট্যমন্দিরে একটী সাধারণসভার অধিবেশন হইলে গুরুবৈষ্ণব-বন্দনা, গুর্ব্বষ্টক, পঞ্চতত্ত্ব ও বিভিন্ন মহাজন-পদাবলী কীর্ত্তনের পর শ্রীপাদ অঘদমন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু রামভক্ত শ্রীমুরারিগুপ্তের মহিমার কথা অনেকক্ষণ যাবৎ কীর্ত্তন করেন। অপরাহ্নে শ্রীচৈতন্যমঠবাসী ভক্তবৃন্দ শ্রীমুরারিগুপ্তের ভবনে গমনপূর্ব্বক গুরুবৈষ্ণব-বন্দনা ও মহাজনপদাবলী কীর্ত্তন করেন। তৎপরে পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী কাব্যপুরাণসাগরতীর্থ ভক্তিশাস্ত্রী মহোদয় শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীমুরারিগুপ্তের সহিত শ্রীমন্মহাপ্রভুর লীলাবিলাসের কথা পাঠ করেন। শ্রীমুরারিগুপ্তের ভবনে শ্রীশ্রীসীতারামের শ্রীমন্দিরে শ্রীশ্রীসীতারাম ও শ্রীবজ্রাঙ্গজী নিত্য পূজিত হইতেছেন।

সন্ধ্যারাত্রিকের পর পতিতপাবন-শিরোমণি শ্রীশ্রীল আচার্য্যদেব শ্রীরামসেবা ও কৃষ্ণসেবার বৈশিষ্ট্য-সম্বন্ধে অনেকক্ষণ যাবৎ হরিকথা কীর্ত্তন করেন। অনন্তর শ্রী[illegible] ভক্তিশাস্ত্রীজী শ্রীশ্রীল আচার্য্যদেবের শ্রীমুখশ্রুত হরিকথা কিছুক্ষণ অনুকীর্ত্তন করিয়া শ্রীচৈতন্যভাগবত হইতে শরণাগতির কথা আলোচনা করেন। ভক্তগণ নিরম্বু উপবাস ও সর্ব্বক্ষণ হরিকথা-প্রসঙ্গে থাকিয়া শ্রীশ্রীরামনবমী-তিথির সম্মান করিয়াছেন।

———

শ্রীগৌড়ীয়মঠে হরিকথা

গৌড়ীয়মিশনের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিগোস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠে অবস্থান করিয়া মঠবাসী ভক্তবৃন্দ ও সমাগত সজ্জন শ্রোতৃবৃন্দের নিকট অনুক্ষণ হরিকথা কীর্ত্তন করিতেছেন।

———

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅশ্ববন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪০২৪
সেবক—শ্রীকুঞ্জবিহারী দাস ভক্তিশাস্ত্রী বি এল

শ্রীযোগপীঠ সম্পূরপীঠ শ্রীমন্দির
পো. শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীবৃন্দাবনদাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস অঙ্গন
পো: শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

অদ্বৈত-ভবন
পো: শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

মুরারিগুপ্তের পাট
পো: শ্রীমায়াপুর নদীয়া
সেবক শ্রীভগবানদাস ব্রজবাসী

কাজির সমাধি পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলানন্দ ব্রহ্মচারী

অনুপম কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম পো: স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীগৌরনাদ মঠ
চাঁপাহাটী, পো: সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীপরমগৌরাঙ্গ ব্রহ্মচারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পো: জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পো: জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীসচ্চিদানন্দ দাস অধিকারী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পো: শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভুবনদাস অধিকারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌরপুর নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমদ্ স্বরূপ গৌড়ীয়মঠ
সাউডাঙ্গা (শ্রীকৃষ্ণদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পো: কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

শ্রীকুঞ্জকুটীর
পো: কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পো: কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর পো: হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীভবাম্বু ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঠালপুলি, পো: চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

শ্রীবাগবাজার গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীনারায়ণ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

শ্রীমাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পো: ওয়ারি, ঢাকা।
সেবক—শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার

গোপালজীমঠ
পো: কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীকিশোরবন ব্রহ্মচারী

শ্রীগদাই-গৌরাঙ্গমঠ
পো: বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
দুর্গাবাড়ী, পো: ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদাস স্বর্ববিগ্রহ বিদ্যারত্ন বি এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পো: গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পো: চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাথরবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীকৃষ্ণজন দাসাধিকারী

সারস্বত গৌড়ীয়মঠ
পো: হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পো: মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীসনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীজগন্নাথদাস ব্রহ্মচারী

শ্রীরূপ গৌড়ীয়মঠ এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পো: নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট পো: মথুরা
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনীলরতন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমাধবীর দাসাধিকারী

ব্রজস্বানন্দসুখকুঞ্জ
পো: রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক শ্রীকৈলাসনাথ দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীঋষিকেশ দাস

মকেওর্ছ হারীমঠ
নবাব মথুরা।
সেবক—শ্রীমদনমোহন দাস

গোষ্ঠবিহারী মঠ
শেরশাহী
পো: কোড়োল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পো: থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিত্যানন্দদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
পো: রায়পেটা মাদ্রাজ
সেবক—শ্রীরেবতীরমণ ব্রহ্মচারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পো: কভুর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

ব্রহ্মগৌড়ীয় মঠ
আলালনাথ, পো: ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)
আলালনাথ, পো: ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পো: পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরচন্দ্র ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

লালকুটী
সেবক—শ্রীগদাধর দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পো: ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
রাণীহাট, পো: কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পো: বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীদীনদয়ামর দাসাধিকারী।

অমর্ষি গৌড়ীয়মঠ
পো: অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পো: রাজবাধ (বর্দ্ধমান)
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ডুমুরকুণ্ডা, পো: চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০০ নং ডালহৌসি ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাক্সেটা রোড, ইউড গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৮।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগদাধরগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুশ রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী।

শ্রীবিদ্যানিধি-গৌড়ীয়মঠালয়
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅভয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরাবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীউপেন্দ্রশরণ ব্রহ্মচারী

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীযতিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীবনীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের চার্জ

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১৷০	১৷০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬৲	৪৷০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধ কলম ২৪৲	১৮৲
" এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৩৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয় সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ প্রৌঢ়গবেষণ ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান —শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মধুবা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের দ্বারা যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিয়াছেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান —মধুবা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী সারিন্দা, ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

নিরপেক্ষ যুক্তিপূর্ণ আলোচনা-গ্রন্থ; ইহাতে সম্প্রদায়িকতাস্রোতে ভাসমান মানবগণের সম্প্রদায় সমন্বয়, মহাজন, অবতার, একায়ন, সমন্বয় ও তাহাদের সম্বন্ধে শাস্ত্রযুক্তিমূলে বিস্তারিত বিচার ও সমালোচনা প্রদর্শিত এবং পরমার্থ সম্বন্ধে মানবজাতির সাধারণ ভ্রমসমূহ, তত্ত্বিষয়ক সংসিদ্ধান্ত সকলই প্রদত্ত হইয়াছে।

প্রাপ্তিস্থান— মধুবা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা

অথবা

শ্রীযোগপীঠ শ্রীমন্দির পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর —গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং-এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭৸০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬৷০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কনসেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থ শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতি সুন্দরভাবে লিপিবদ্ধ হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডীপাদপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, দেবতীর্থ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব অভিনব সর্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ সম্পাদকত্বের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব ও অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অতুলনীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মধ্যে প্রকরণে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গানুবাদ তাহার পরে তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রভূত লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৬৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর নদীয়া।

শ্রীশ্রীভক্তিবিনোদ-বাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে প্রশ্নোত্তরমুখে তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা তিন টাকা।

প্রাপ্তিস্থান – শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের বিরাট সংস্করণ। কলাসার, শ্লোকসমূহের অন্বয় ব্যাখ্যা, বঙ্গাক্ষরে প্রতিপাদ্য বিষয় নির্দ্দেশ, অধ্যায়-বিবরণ, স্থান ও সূচী প্রভৃতির সহিত গৌড়ীয়মিশন কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা শুদ্ধবৈষ্ণবমাত্রের এক অমূল্য রত্ন। ইহা ডবল ক্রাউন আট পেজী আকারে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র ৪॥০ টাকা।

প্রাপ্তিস্থান – শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ছাত্রদের ভক্তিবিনোদ (২য় সংস্করণ)

ছাত্রদের উপযোগী করিয়া লিখিত গল্পাকারে শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্রের ঘটনা ও শিক্ষা। ভিক্ষা বার আনা, ছাত্রদের পক্ষে আট আনা।

প্রাপ্তিস্থান – শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া অথবা শ্রীভূপতিরঞ্জন নাগ এম্ এ, বি-এল্, পুরাণাপল্টন, পোঃ রমনা, ঢাকা।

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থ বেশ একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব নূতন-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া সজ্জন ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

নূতন

শ্রীশ্রীনবদ্বীপ পঞ্জিকা

ইহাতে পঞ্জিকা ব্যতীত ব্রত-উপবাসের তালিকা, ভক্তবর্গের আবির্ভাব-তিরোভাব দিবস প্রভৃতি পৃথগ্‌ভাবে সন্নিবিষ্ট হইয়াছে। শ্রীগৌরাব্দ ৪৫৫। ভিক্ষা মাত্র ৶০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ টীকা অনুবাদ সহ মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১॥০ টাকা মাত্র।

২। ভাগবত ভক্তিকাশার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। গয়া শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-মিশনের প্রতিষ্ঠাতা জগদ্গুরু বৈষ্ণবাচার্য্য মুক্তগ্রন্থ পরমারাধ্যতম জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাম্বুজে নানাদেশ হইতে আগত এবং স্বদেশস্থ বিভিন্ন পণ্ডিত ও মনীষী সজ্জনবৃন্দ যে সকল প্রশ্ন উত্থাপন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগ-সিদ্ধান্ত-সংরক্ষণে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণ-ভক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তপূর্ণ অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা – ১৶০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

২৪৩৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়াছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাঁচন

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বাংলায় ইহার কাটতি ও অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৷৷৶০ দশ আনা, বড় বোতল ১৷৷০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
বেহালা, ২৪ পরগণা

REGD. C. 1564

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৬শ বর্ষ | ৩০ বিষ্ণু, গৌরাব্দ ৪৫৫ ; ২৯শে চৈত্র, বঙ্গাব্দ ১৩৪৭, ১২ই এপ্রিল, ইং ১৯৪১, শনিবার | ৩০-৩১তম সংখ্যা

[illegible]
শ্রী ঠাকুর ভক্তিবিনোদ-কৃত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'নবদ্বীপ'-নামক বিবৃত ভাষ্য-সহ সম্প্রতি প্রকাশিত হইয়াছে। ইহাতে চরম ও পরম ভজনের কথা আছে। ভিক্ষা মর্য্যাদাকাঙ্ক্ষিবর্গের উপহার।
প্রাপ্তিস্থান—
শ্রীগৌড়ীয়-মঠ-শ্রীমায়াপুর
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীস্তবরত্নমালা
[illegible]
প্রাপ্তিস্থান—
শ্রী [illegible]-মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৩০ বিষ্ণু অনাদ ক্ষিরোদশায়ী, গৌরাব্দ ৪৫৫

বৈরাগ্য

——::(•)::——

সমগ্র ঐশ্বর্য্য, সমগ্র বীর্য্য, সমগ্র যশঃ, সমগ্র শ্রী অর্থাৎ সৌন্দর্য্য, সমগ্র জ্ঞান ও সমগ্র বৈরাগ্য—এই ছয়টী গুণ যাঁহার আছে, তিনিই ভগবান্। ইহার মধ্যে শ্রীই অঙ্গী এবং অন্যান্য গুলির মধ্যে কেহ বা অঙ্গ, কেহ বা প্রত্যঙ্গ-স্বরূপ। ঐশ্বর্য্য, বীর্য্য ও যশঃ—এই তিনটী অঙ্গ। যশঃ হইতে বিস্তৃত জ্ঞান ও বৈরাগ্য অঙ্গের কিরণ। ইহা স্বয়ং গুণ নহে—গুণের [illegible]। ভগবান্ সচ্চিদানন্দবিগ্রহ হইলেও এই হরিবিমুখ জগতে ভগবান্ সাকার না নিরাকার—এই কথা লইয়া যুগযুগান্তর হইতে [illegible] চলিয়া আসিতেছে। ভগবদ্ভিক্তজন শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ 'শ্রীতত্ত্বসূত্র' গ্রন্থে লিখিয়াছেন,—"অনেকেই পরতত্ত্ব সাকার কি নিরাকার—এই বিষয়ে বহুতর বিবাদ করিয়া থাকেন। সাকারবাদীরা বলেন যে, পরমেশ্বরের আকার না থাকিলে উপাসনা বা কোনপ্রকার ক্রিয়ার সম্ভাবনা ছিল না, অতএব তাঁহার একটী নিত্য দেহ আছে। তথা হি শ্রীনারদপঞ্চরাত্রে শিববাক্যম্,—

তেজোহভ্যন্তর রূপঞ্চ ধ্যায়ন্তে বৈষ্ণবাঃ সদা।

[illegible] কুতো [illegible] বিনা দেহেন নারদ॥

পক্ষান্তরে নিরাকারবাদিগণ পরমেশ্বরকে পরমাত্মরূপ জ্ঞান করত সবিশেষত্ব বা [illegible] হওয়ার আশঙ্কায় নিরাকার বলিয়া প্রতিপাদন করেন। পুনরায় নারদ-পঞ্চরাত্রে লিখিয়াছেন,—

শরীরং প্রাকৃতং সর্ব্বং নির্গুণং প্রকৃতেঃ পরম্।

গুণেন সঙ্গতো দেহো নির্গুণস্য [illegible] কুতঃ॥

বস্তুতঃ উভয়পক্ষেরই কিছু কিছু কুসংস্কার আছে। নিরাকারবাদীরা সবিশেষ পুরুষের আকারকে অসম্ভব বলিয়া [illegible] প্রকাশ উভয়ভাবের (অর্থাৎ নিরাকার ও সাকার) হইতে সমগ্র সাকার স্বীকার করেন না। এ প্রকার বিশ্বাস [illegible] আক্রমণের বাধিত হইয়া উঠে। অতএব সর্ব্বশক্তিপূর্ণ ভগবানের নিরাকারত্ব অর্থাৎ সত্ত্বের অভাব যুক্তিবিরোধ। বিচিত্র শক্তিক্রমে ভগবান্ একই কালে সর্ব্বব্যাপী ও সাকার থাকিতে পারেন। ইহা [illegible] বাক্যের পদার্থের পক্ষে [illegible]।

পরমেশ্বর বস্তুতঃ সাকার ও নিরাকার উভয়াত্মক। বেদসকল পরতত্ত্বের উভয়ত্ব স্বীকার করেন। যাঁহারা উভয়ের মধ্যে কোন একটীর প্রতি শ্রদ্ধা করিয়া অপর স্বরূপকে অগ্রাহ্য করেন, তাঁহারা উভয় চক্ষে দৃষ্টি করেন না বলিতে হইবে। সাকার-নিরাকার লইয়া বাদ করা নিতান্ত অকর্ম্মণ্য। পরমেশ্বর ভৌতিক আকার নাই, কিন্তু ভূতাতীত অপ্রাকৃত তত্ত্বময় বিগ্রহ অপ্রাকৃত সচ্চিদানন্দ বিগ্রহ সকল ভক্তের গ্রাহ্য। সিদ্ধান্ত এই যে, প্রাকৃত চক্ষের পক্ষে পরমেশ্বর নিরাকার এবং অপ্রাকৃত চক্ষের পক্ষে সাকার ইহা বলা যাইতে পারে, অতএব তাঁহার উভয় স্বরূপই স্বীকৃত। সাকার নিরাকার [illegible] সিদ্ধ [illegible] না। তাহার পূর্ণ হইলে মানবগণ বুদ্ধি [illegible] ধর্ম্ম পতিত হইবেন।"

ভক্ত ও ভগবান্ [illegible] আশ্রয়— উভয়েরই বৈরাগ্য আছে। ভগবানই বিষয় এবং ভক্তই আশ্রয়। [illegible] নহে [illegible]। [illegible] আশ্রয় এবং শ্রীমতী [illegible] বিগ্রহ। শ্রী [illegible] সাথী [illegible] আশ্রিতা [illegible]। [illegible] 'শ্রী' [illegible] বৃন্দ। [illegible] ভগবানের আবার বৈরাগ্য। [illegible] ভগবান্ [illegible] সাথে [illegible] বৈরাগ্য নির্দ্দিষ্ট। যাঁর তাঁহার সম্মুখে [illegible]। ভগবানের [illegible] বহু। [illegible] মাধুর্য্য [illegible] শ্রীকৃষ্ণের মাধুর্য্যের [illegible] শ্রীল [illegible] নিকট বৈরাগ্য পরাজিত হইয়া [illegible] নিযুক্ত। জয়শ্রীর নিকট মাধুর্য্যবিগ্রহ [illegible]। যেখানে শ্রীকৃষ্ণ শ্রী [illegible]—শ্রীর [illegible] বা শ্রীর বশীভূত। [illegible] শ্রীকৃষ্ণের বৈরাগ্য [illegible]। [illegible] গণ ভগবানের বৈরাগ্যকেই বড় মনে করেন, কিন্তু ভগবানের বৈরাগ্য ঐশ্বর্য্যাদিগুণ [illegible] কর্ত্তৃক [illegible] প্রকাশিত হয় ও তাহা [illegible] ব্যক্তিত্ব [illegible]। [illegible] তাঁহার নিজস্ব ব্যক্তিত্ব ও পূর্ণতম স্বরূপ।

আমরা যেন স্বম [illegible] ভগবান্ শ্রীকৃষ্ণকে বৈরাগী করিতে না যাই। কারণ, তিনি নিরঙ্কুশ বিলাসী বা স্বেচ্ছাচারী। [illegible] জন্যই বৈরাগ্য। ভগবানের বিলাসের ইন্ধন-

[illegible] সংগ্রহের জন্য [illegible] জীবের [illegible] বৈরাগ্য [illegible] বৈরাগ্য নহে। [illegible] বৈরাগ্য [illegible] বৈরাগ্যের অপর নাম [illegible] কৃষ্ণ [illegible] বলেন,

[illegible]

[illegible]

[illegible] বৈরাগ্যের [illegible] নিকট [illegible]

পরিত্যাগ করিয়া বিলাসী হইতে সাধ্য। শ্রীরাধাভাবনী-নিমগ্ন শ্রীরূপানুগবর শ্রীল দাসগোস্বামী প্রভুর বৈরাগ্য নৃলোকে নাই। এ জগতের লোক তাহা বুঝিতে পারে না। তাঁহার ও তাঁহার জনের কৃপায় তৎপদধূলি হইবার সৌভাগ্য হইলে তাহা উপলব্ধির বিষয় হয়। সেই কৃষ্ণবিলাস[illegible] পরাকাষ্ঠাময় বৈরাগ্য রূপ বলিয়া মদীয় অভীষ্ট দেব শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মরূপে প্রকাশিত হইয়াছেন। শ্রীগুরুদেব ও শ্রীভগবান স্বরূপতঃ চিদ্বিলাসী। তবে আশ্রয়বিগ্রহ শ্রীগুরুদেব অপ্রাকৃত সেবাবিলাসে বিলাসী, আর বিষয়বিগ্রহ শ্রীকৃষ্ণ ভোগবিলাসী—[illegible] লীলা-পুরুষোত্তম। সকলের নিকট সেবা গ্রহণ করাই তাঁহার কাজ। আর গুরুদেবের কাজ তাঁহার সেবা করা—ইন্দ্রিয়তর্পণ করা।

রাগ পূর্ব্বক রন্জ্ ধাতু + ঘঞ্ হইতে বিরাগ শব্দ নিষ্পন্ন হইয়াছে। এই বি উপসর্গটী কোথায় বিশিষ্ট অর্থাৎ বিশেষরূপে যুক্ত, কোথায় বা বিগত অর্থাৎ বিযুক্ত অর্থে প্রযুক্ত হইয়াছে। যেখানে কৃষ্ণের প্রতি বিশেষরূপে রাগ বা অনুরাগ আছে, সেখানেই কৃষ্ণেতর বস্তুতে বিরাগ বা উদাসীনতা স্বাভাবিক। যে বিরাগে নিজ সুখবাঞ্ছা আছে, তাহা ফল্গুবৈরাগ্য। ফল্গু-নদীতে যেরূপ উপরে বালি এবং ভিতরে জল, সেইরূপ বাহিরে বৈরাগ্যের বাহাদুরী বা [illegible] দেখা গেলেও অন্তরে সুখবাসনা থেকে যায়, তাহাই ফল্গুবৈরাগ্য। শ্রীমন্মহাপ্রভু ইহাকে মর্কটবৈরাগ্য বলিয়াছেন। মর্কট [illegible], অসুর, প্রতিষ্ঠাকামী, অর্থাভিলাষী, কর্ম্মী, যোগী ও জ্ঞানী প্রভৃতির বৈরাগ্যও তদ্রূপ অস্থায়ী। সেই বৈরাগ্য [illegible]। এই ফল্গুবৈরাগ্যের সহিত ভক্তির কোন সম্বন্ধ নাই। সুতরাং ইহা অভক্তি। যুক্তবৈরাগ্যই ভক্তি। ফল্গুবৈরাগ্যের মধ্যে কাপট্য আছে। উহা বৈরাগ্যের অপব্যবহার। এই ফল্গুত্যাগীর বৈরাগ্যে [illegible] প্রয়োজন বা [illegible] হওয়া। [illegible] একমাত্র নিত্য [illegible] কৃষ্ণসেবার পরিবর্ত্তে উদাসীন হইয়া [illegible]। [illegible] বৈরাগ্য [illegible] হইবে না। [illegible] বৈরাগ্য, [illegible]। উহা একমাত্র প্রাকৃত [illegible] ছাড়া আর কিছুই নহে। উদাসীন [illegible] আমরা অনেক সময় উদাসীন হই। এই উদাসীন বা লক্ষ্যের চেষ্টায় [illegible] অভিনিবেশ করিবার ইচ্ছা হয়। [illegible] এই [illegible] ব্যাপার [illegible] ত্যাগ করিয়া যুক্তবৈরাগ্যই গ্রহণীয়। শ্রীশ্রীগুরু-পাদপদ্মের [illegible] সৌভাগ্য হইয়াছে যে, [illegible] তাঁহার [illegible] হইল [illegible]

একটিবার আবির্ভাব হইলে শ্রবণ বা শিক্ষা-গুরুর নিকট শ্রবণের সঙ্গে সঙ্গে মনন অর্থাৎ মনে মনে শ্রুত বিষয়ের পর্য্যালোচনার দ্বারা শুদ্ধভক্তির বিপরীত ইচ্ছার বা চেষ্টার পরিত্যাগ ও ক্রমশঃ মনের যাবতীয় সংশয়-নিবৃত্তি করিবার অধ্যবসায় চলিতে থাকিলে, তাহা হইলে ভগবৎ ভাগবতপ্রাপ্তন্ (সম্বোধন) ব্যতীত অসৎ ইতর বিষয়ে বা ভুক্তি-মুক্তি স্পৃহায় অহৈতুক বৈরাগ্য স্বাভাবিক-ভাবেই উদিত হইবে। শুদ্ধভক্তি ব্যতীত ভুক্তি মুক্তির কামনা অন্তরে থাকিলে একমাত্র নিরন্তর সৎসঙ্গে শ্রবণ-কীর্ত্তন, পরিচর্য্যা ও মননের দ্বারাই সমস্ত কৈতব ও মিশ্রভাব দূরীভূত হইয়া চিত্তশুদ্ধির সঙ্গে সঙ্গে যুগপৎ বৃত্তির উদয়ে স্বরূপ-সিদ্ধি লাভ ঘটিবে—ইহাই ক্রম। যাবদনাপ্রবর্ত্তিতাই অত্যাবশ্যক।'

মনোধর্ম্ম জ্ঞান ও বৈরাগ্য কখনও আত্মধর্ম্ম ভক্তির অঙ্গ হইতে পারে না। জ্ঞান ও বৈরাগ্য বাহিরের জিনিষ। মন ও দেহের উপর তাহার ক্রিয়া। কিন্তু ভক্তি নির্গুণ আত্মা হইতে স্বাভাবিকভাবে প্রকাশিত হয়। যদিও কখনও কখনও ভক্তগণের মধ্যে ইতর বিষয়ে বিরক্তি ও জ্ঞান দেখিতে পাওয়া যায়, তথাপি তাহারা ভক্তির অঙ্গ নহে—ভক্তির অনুগামী পুরঃসর মাত্র।

জ্ঞান-বৈরাগ্যাদি ভক্তির কভু নহে অঙ্গ।
অহিংসা, যম-নিয়মাদি বুলে কৃষ্ণভক্ত-সঙ্গ ॥

ভগবদ্ভক্তের পৃথগ্‌ভাবে বৈরাগ্য ও জ্ঞান অভ্যাস করিবার প্রয়োজন হয় না। ভক্তির পশ্চাতে ঐ সকল অবস্থান করিয়া ভক্তি-দেবীর সেবা করে। ভগবৎপ্রীতির জন্যই ভক্তগণের বৈরাগ্য—নিজের প্রীতি বা নিজের লাভ-পূজা-প্রতিষ্ঠার জন্য নহে। সেবারস না পাওয়া পর্য্যন্ত কেবলমাত্র বস্তু ত্যাগের দ্বারা ইতর বিষয়ে আসক্তি নষ্ট হয় না। অর্থপ্রবৃত্ত হইলে অনর্থনিবৃত্তি স্বাভাবিকভাবেই হইবে। প্রবৃত্তি চেতনের বৃত্তি বা ধর্ম্ম। সে সৎ বিষয়ে হউক বা অসৎ বিষয়ে হউক—যে কোন একটী বিষয়ে প্রবৃত্ত না হইয়া পারে না। সে যখন সৎ বিষয়ে প্রবৃত্ত হয়, তখন অসতে প্রবিষ্ট হইবার প্রবৃত্তি তাহার থাকে না। সুতরাং অনর্থনিবৃত্তি আপনা হইতেই হইয়া থাকে। সদ্গুরু সাধুসঙ্গের দ্বারা প্রবৃত্তি বা নিজ চিত্তবৃত্তিকে ঠিক করিতে হইবে। কারণ, মন ঠিক না হইলে কোন কিছু ঠিক হয় না। তিনি নিজে নির্গুণ, তাঁহার সঙ্গ নির্গুণ। আর যেখানে স্বরূপবিস্মৃতি বা কৃষ্ণবিস্মৃতি, সেইখানেই যত সত্ত্ব-রজঃ-তমঃ, মনোধর্ম্মের তাণ্ডব, অহঙ্কার ও অজ্ঞ-তিলাদি। কৃপা ছাড়া গতি নাই। কৃপার মূল। তবে শরণাগত থাকা চাই। শরণাগতই কৃপা পায়।

শ্রীল প্রভুপাদের হরিকথামৃত

আমরা সম্বন্ধজ্ঞানোদয়ে বুঝিতে পারি যে, বৈকুণ্ঠধামে পার্থিব মলিনতা নাই এবং নশ্বর মর্ত্ত্যজগতে বৈকুণ্ঠ-প্রতীতি নাই। মর্ত্ত্যবুদ্ধিবশতঃ আমরা এই ভ্রমে পতিত হইয়া আমরা বদ্ধজীব, জন্মমরণশীল বস্তু। আমরা দুইটি আবরণে আবৃত। এই আবরণদ্বয়ে আমরা দেহবন্ধনে আত্মবুদ্ধি করিয়া অহঙ্কারবিমূঢ়াত্মা জড়-ভোক্তা বলিয়া পরিচয় দিয়া থাকি। কিন্তু সাধুসঙ্গ প্রভাবে আমরা জড়াভিমান পরিত্যাগ করিয়া ভগবান্ পাদপদ্মে উপনীত হইতে পারি। আধ্যক্ষিক জ্ঞানই বর্ত্তমানে আমাদের সম্বল। এই ত্রিগুণতাড়িত আধ্যক্ষিক জ্ঞান আমাদিগকে অতীন্দ্রিয় বিষয় গ্রহণ করিবার যোগ্যতা প্রদান করে। যেমন জড়েন্দ্রিয়-সাহায্যে জড় ভোক্তা, আত্মার জড়েন্দ্রিয় নাই, আত্মা চিদিন্দ্রিয়দ্বারা কৃষ্ণেন্দ্রিয়তর্পণকারী কৃষ্ণদাস।

তটস্থ ধর্ম্মবশতঃ জীব চিৎ ও অচিৎ জগতের মধ্যবর্ত্তী স্থানে অবস্থিত। চিচ্ছক্তির আশ্রয়ে একাবস্থায় চিন্ময়ধামে কৃষ্ণসেবাসুখ লাভের যোগ্যতা জীবের আছে, আবার অচিচ্ছক্তি বা মায়াশক্তির ভোক্তাভিমানে বদ্ধাবস্থায় চতুর্দ্দশ ব্রহ্মাণ্ডে শুভাশুভ কর্ম্মের নাগরদোলায় কখনও স্বর্গে, কখনও নরকে ভ্রমণ করিবার অধিকারও তাহার আছে। মুক্ত-অবস্থা আর কিছুই নহে, স্বরূপে অবস্থিত হ'য়ে সর্ব্বেন্দ্রিয়ে আত্মকূল্যে কৃষ্ণানুশীলন। যখন স্বরূপ বিস্মৃত হই, তখনই মায়ার বশবর্ত্তী হয়ে জগতের রূপ, রস, শব্দ, স্পর্শ, গন্ধ এই পাঁচটি অনিত্য বিষয়ভোগে প্রমত্ত হই, কিন্তু জগতে নিরবচ্ছিন্ন সুখ নাই। এ প্রপঞ্চে যে সুখের আভাস দেখা যায়, তাহা দুঃখেরই নামান্তর মাত্র। এই মোহগর্ত্তে পড়িয়া আমরা বুঝিতে পারি না, আমরা কেন এখানে এলাম এবং কোথায় আমাদের গন্তব্য স্থান এবং কে আমাদের নিত্য বান্ধব। স্বতন্ত্রের অপব্যবহারই ইহার মূলীভূত কারণ, অর্থাৎ আমরা চেতনাংশ, জগতের বিষয় ভোগ করিবার আমাদের অধিকার নাই,—এখনই যখন অভিমানে আমরা অভিভূত হই, তখনই কর্ম্মফলে পড়িয়া কখনও সুখ কখনও দুঃখ ভোগ করিতে থাকি। কিন্তু যখন সাধুবৈষ্ণবের কৃপায় আমরা দিব্যজ্ঞান লাভ করি, তখন বুঝিতে পারি—জড়বিষয়ের ভোক্তা স্থূলদেহ এবং সঙ্কল্প-বিকল্পাত্মক মন আমাদিগকে স্বরূপের সেবা হইতে বিচ্যুত করিয়া আমাদিগকে ভোক্তাভিমানী করায় এবং আমাদের আত্মা বর্ত্তমানে সুপ্ত আছে। মায়া আত্মার agent অর্থাৎ

ভোগবাঞ্ছারূপ মন ত্রিগুণতাড়িত হইয়া জড়ের ভোক্তাভিমানে আত্মাকে নিত্য চিদানন্দ হইতে বঞ্চিত করিতেছে। কিন্তু যখন আত্মা জাগ্রত হয়, তখন পরমাত্মারূপী কৃষ্ণের নিত্য সেবাই তাহার স্বরূপের নিত্যধর্ম্ম বলিয়া বুঝিতে পারে।

"প্রাণিমাত্রে মনোবাক্যে উদ্বেগ না দিবে"—বিচারাবলম্বনে কায়মনোবাক্যে কাহারও অসুবিধা করা উচিত নহে। একমাত্র ভগবৎ-কথা লইয়া থাকিলেই নিজের সুবিধার সঙ্গে সঙ্গে সকলের সুবিধা হয়, নতুবা যেখানে স্বার্থগতি একমাত্র ভগবৎপাদপদ্মাভিমুখিনী হইবার পরিবর্ত্তে বিভিন্নমুখিনী হইয়া ছুটিতে থাকে, সেখানে নানাপ্রকার অসুবিধার সৃষ্টি হয় অর্থাৎ আত্মবিচারে ভ্রান্তি আসিলেই অর্থ অর্থাৎ প্রয়োজন বিচারেও ভ্রান্তি আসে। কৃষ্ণপ্রীতি ব্যতীত প্রয়োজন অন্যরূপ হইলেই কলিকোলাহলের সৃষ্টি হয়। ভগবানের চরণে শরণ-গ্রহণ ব্যতীত স্বাধীনতা-লাভের আর অন্য উপায় নাই। গুর্ব্বানুগত্যে অধোক্ষজ পূর্ণপুরুষের অধীনতাই 'স্বতন্ত্রতার সদ্ব্যবহার, তাহাই পূর্ণ স্বাধীনতা।

সত্য বস্তুটী পরমেশ্বর। এই বিশ্ব তাঁ'র গৌণী শক্তির কার্য্যবিশেষ। তাঁ'কে বিশ্বের মধ্যে পুরে দেওয়ার চেষ্টা বিক্ষিপ্তচিত্তের বাতুলতা-মাত্র। সেই সত্য বস্তুটী—স্বরাট্। তিনি কা'রও সাহায্য অপেক্ষা করেন না। সেই সত্য বস্তুটী অভিজ্ঞ—"স বেত্তি বেদ্যং ন চ তস্যাস্তি বেত্তা।"

মহাপ্রভু শুধু বাঙ্গালীর ঠাকুর নন। তিনি চতুর্দ্দশ ব্রহ্মাণ্ডের ঠাকুর—চতুর্দ্দশ ব্রহ্মাণ্ডের সীমা বিরজার,—তা'রও পরপারে গোলোক-বৈকুণ্ঠের একমাত্র অধীশ্বর।

কৃষ্ণ-সেবাকেই জীবনের মুখ্য উদ্দেশ্য বলিয়া স্থির সিদ্ধান্ত হইলে কৃষ্ণকথা-শ্রবণ-কীর্ত্তনাদি বিষয়ে জীবের ঐকান্তিক নিষ্ঠা পরিলক্ষিত হয়, তখন জীব আর নিজ দেহ ও তৎসম্পর্কিত অন্যান্য দেহের অভাব-অসুবিধার ওজর-আপত্তি দেখাইয়া কৃষ্ণসেবা হইতে বঞ্চিত হওয়ার বিভিন্ন পন্থা আবিষ্কার করিবার জন্য যত্নবান্ হন না। অগ্নিকুণ্ডের মধ্যে থাকিয়াই অগ্নিজ্বালা হইতে নিষ্কৃতিলাভের চেষ্টা যেমন নিরর্থকই হইয়া থাকে, সেইরূপ দ্বিতীয় বস্তু যে মায়া, সেই মায়াতেই অভিনিবিষ্ট থাকা অবস্থায় তজ্জন্য ভয়, শোক ও মোহমুক্ত হইবার চেষ্টা নিতান্ত বালসুলভ চাঞ্চল্য ব্যতীত আর কি বলা যাইবে? শ্রীভগবানের গুণময়ী মায়াকে জয় করিবার উপায় একমাত্র ভগবৎপ্রপত্তি-স্বীকার ব্যতীত আর অন্য কিছুই নাই। শ্রীভগবৎপাদপদ্মেই আমাদিগকে প্রপন্ন হইতে হইবে—এইরূপ ব্যবসায়াত্মিকা বুদ্ধি-প্রভাবেই মায়িক জগতের যাবতীয় অভাব-অসুবিধা আমাদের সেই ভগবৎপ্রপত্তির অনুকূল হইয়া পড়ে।

কৃষ্ণকে পাওয়া চাই, আবার মায়াকেও সন্তুষ্ট রাখা চাই—এরূপ দোদুল্যমান অবস্থায় থাকিয়া কৃষ্ণ-কার্য্য-প্রীতিলাভ কখনই সম্ভবপর নহে। কৃষ্ণ-সেবাকে আমরা জীবনের মুখ্য উদ্দেশ্য করিতে পারি না বলিয়াই বহুকাল ধরিয়া কৃষ্ণকথা শ্রবণ-কীর্ত্তনাদি করিয়াও কিছুমাত্র লাভবান্ হইতে পারি না, বরং জড়বিষয়াসক্তিই উত্তরোত্তর বৃদ্ধিপ্রাপ্ত হইতে থাকে, নতুবা কৃষ্ণকেই যদি আমাদের একমাত্র ভজনীয় বস্তু বলিয়া জানিব, তাহা হইলে তাঁহার সেবা ব্যতীত আর অন্য কর্ত্তব্য কেনই বা আমাদের মনের মধ্যে উঁকি-ঝুঁকি মারিবে? কৃষ্ণ এবং কৃষ্ণপ্রেষ্ঠ গুরুদেবের যাহাতে প্রীতি, তাহাতেই কেন না আমাদের প্রীতি বর্ত্তমান থাকিবে? গোড়ায় গলদ রাখিয়া যতই কিছু করি না কেন, সে সবই যেন গুরুকৃষ্ণের প্রতি উপহাস-মাত্রে পর্য্যবসিত হয়।

চরম মঙ্গল লাভ কর্ত্তে হ'লে সদ্‌গুরু-পাদাশ্রয় কর্‌তে হ'বে—যে গুরুদেব আমার প্রেয়ের কথা না ব'লে যা'তে ক'রে আমার নিত্য শ্রেয়ঃ লাভ হয়, সর্ব্বক্ষণ তা'রই কথা বলেন।

যৎকিঞ্চিৎ

——::*::——

সাধু স্বতন্ত্র, তিনি কৃষ্ণসেবায় প্রতিষ্ঠিত। তিনি কৃষ্ণকার্ষ্ণ-সঙ্গ ছাড়া আর কাহারও সঙ্গ করেন না। মায়ার সহিত তাঁহার কোন সংস্পর্শ বা সঙ্গ নাই। সাধু আমার মত পতিত নহেন, তিনি পতিতপাবন—মাদৃশ পতিতের উদ্ধারকর্ত্তা। সাধু এ জগতের লোক নন, তিনি কৃষ্ণের জন। সাধু দুর্ব্বল নহেন, তিনি বলদেবের বলে বলীয়ান্, আমাকে উদ্ধার করিবার যথেষ্ট বল তাঁহার হৃদয়ে আছে। দুর্ব্বল আমি যদি তাঁহার নিকট না যাই, তাঁহার শ্রীচরণ প্রাপ্ত না হই, তাঁহাকে আমার নিত্যবান্ধব বলিয়া বরণ না করি, নিজ স্বতন্ত্রতা ছাড়িয়া কায়, মন ও বাক্যের দ্বারা তাঁহার সেবা করিবার জন্য যত্নবিশিষ্ট না হই, তাহা হইলে দুর্ব্বল আমি সবল কি করিয়া হইব, স্বসুখবাঞ্ছারূপ দুর্ব্বলতা আমার হৃদয় হইতে কি করিয়া অপসারিত হইবে? বর্ত্তমানে আমরা আমাদের মনকে উপদেষ্টা করিয়াছি বলিয়াই আমাদের অমঙ্গল কাটিতেছে না। এই মন খুব শক্তিশালী। দুর্ব্বল জীব সাধুগুরুর সাহায্য ব্যতীত ইহাকে বশে আনিতে পারে না। আমরা যতদিন সাধুগুরুর চরণ প্রাপ্ত না হইব বা তাঁহাদের বশীভূত না হইব, তাঁহাদের কথা ঠিক ঠিক না শুনিব, ততদিন বিশ্বাসঘাতক হরিগুরুবিদ্বেষী মন আমাদের উপর প্রভুত্ব করিবেই। আমাকে অশরণাগত দেখিলে মায়া বা মায়ার অনুচর মন আমাকে কিছুতেই ছাড়িবে না। ভগবচ্চরণে শরণাগত ব্যক্তি মায়ার কবল হইতে নিষ্কৃতি পায়, ইহাই শাস্ত্রবাক্য। কিন্তু কৃষ্ণকার্ষ্ণের চরণে যদি শরণ গ্রহণ না করি, তাহা হইলে তাঁহারা কি করিবেন? পুত্র পিতার আশ্রয় লইবে, ইহা কি খুব আশ্চর্য্য ও কঠিন কথা? অধীন জীব হয় ভোক্তৃ-অভিমানে ভোগ্যের আশ্রয় লইবে, না হয় ভোগ্যাভিমানে ভোক্তা বা সেব্যের আশ্রিত জানিয়া প্রভু-সেবায় কৃতকৃতার্থ হইবে। কৃষ্ণসেবা দিবার একমাত্র মালিক সাধুর উপরে বিশ্বাস না থাকিলে কিছুই হইবে না। সাধুর আনুগত্যই সকল মঙ্গলের মূল। কিন্তু সকল মঙ্গলালয় এই সাধুকে যদি অশ্রদ্ধা বা অবিশ্বাস করি, তাঁহার কৃপার উপর নির্ভর না করি, তাহা হইলে যে আমাদের মঙ্গল কোন কালেই হইবে না, তাহাতে আর সন্দেহ কি? এই কথা শুনিয়া কেহ কেহ বলেন, বদ্ধ আমরা সাধুর অনুগত কি করিয়া হইব? তদুত্তর এই যে, কোন ভাগ্যবান্ জীবের যদি সাধুগুরুতে শ্রদ্ধা বা সুদৃঢ় বিশ্বাস হয়, তবেই মঙ্গল, নতুবা নয়। সাধুগুরুতে শ্রদ্ধাই সকল মঙ্গলের মূল। কিন্তু শ্রদ্ধাই যেখানে নাই, সেখানে আবার মঙ্গল কোথায়? যদি কেহ অজ্ঞাতভাবেও কোন দিন কৃষ্ণভক্তের বা কৃষ্ণের সেবা করিয়া থাকেন, তবেই তাঁহার আনুগত্য-ধর্ম্মের অঙ্কুর হয়। আর যদি অপরাধ থাকে, তবে হয় না। আমরা জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে যে কোন কার্য্য করি, তাহার ফলটা ভগবান্ পাইলেই মঙ্গলের পথ ক্রমশঃ উদ্‌ঘাটিত হইবে। আমাদের দিক্ হ'তে শরণাগতি এবং প্রভুর দিক্ হইতে কৃপা—এই দুইএর যোগাযোগ না হইলে মঙ্গল হয় না। কৃপার কোন অভাব নাই। শরণাগতির অভাবেই কৃপা উপলব্ধি হইতেছে না। যে স্বতন্ত্রতা ছাড়িয়া মঙ্গলময়গণের আশ্রয় লয়, তাহারই মঙ্গল হয়। তাই শাস্ত্র প্রথমেই সাধু-পাদাশ্রয়ের কথা বলিয়াছেন।

যিনি ষোল আনা দেয়, তিনিই ষোল আনা পাইবার আশা পান। যে দশ টাকার একটী নোট দিয়াছে, তাহার কি দশটী টাকা পাওয়া-সম্বন্ধে সংশয় আছে? আগেই হউক আর পরেই হউক, টাকা সে পাইবেই, এরূপ আশা ভরসা তাহার আছেই। গুরুকৃষ্ণ-পাদপদ্মে শরণাগত ব্যক্তির 'কৃষ্ণকৃপা নিশ্চয়ই পাইব' বলিয়া একটা দৃঢ়াশা হৃদয়ে নিরন্তর থাকায় নিরানন্দ তাহার হৃদয়ে স্থান পায় না। তাই এই জন্মেই কৃষ্ণকে পাইতে হইবে বলিয়া তাহার একটা জেদ হয়। কৃষ্ণ সেবা-লাভের ঐকান্তিক ইচ্ছা যাঁহার আছে, কোন বাধাই তাঁহাকে সে বিষয়ে নিরস্ত করিতে পারে না। পরন্তু তিনি তীব্রগতিতে সকল বাধা ঠেলিয়া প্রবল উৎসাহের সহিত গন্তব্য-পথে অগ্রসর হন।

শরণাগত ভক্তের অন্যমনস্কতা নাই। অন্যমনস্কতাই মায়া বা ইতরাভিনিবেশ। শরণাগত চব্বিশ ঘণ্টাই সজাগ থাকেন। দেহসুখের জন্য তাঁহার ব্যস্ততা নাই। নিজের জন্য ব্যস্ত হইলে আর গুরুবৈষ্ণবের সেবা করা যায় না। যেখানে প্রজল্প বা অসৎপ্রসঙ্গ, সেইখানেই অন্যমনস্কতা বা বিক্ষেপ, সেখানে সেবা নাই। কৃষ্ণমনাই কৃষ্ণসেবা করিতে পারে, গুরুদেবতাত্মাই গুরুসেবার সৌভাগ্য পায়, অপরে নহে।

ভগবৎকৃপায় ভগবদ্‌ভজনের সুবর্ণ সুযোগ আসিয়াছে। এখন যদি অন্যমনস্ক থাকি, তাহা হইলে আমরা নিজেই ঠকিলাম। এজন্য আমি নিজেই দায়ী, অপরে নহে। সেইজন্যই বলিতেছি, আগে নিজেকে জানিতে হইবে। আমি সাধুগুরুর পদধূলি, ইহাই আমার পরিচয়। নিজের পরিচয় জানাই সাধুগুরুর প্রথম কৃপা। সাধুগুরু-কৃপায় যে নিজেকে জানিয়াছে, সাধুগুরুতে তাহার বিশ্বাস নিশ্চয়ই হইয়াছে। সুতরাং সেই শ্রদ্ধাবান্ 'গুরুর আমি' কৃষ্ণ কৃপা পাইবেই—কৃষ্ণভজন করিবেই।

পরীক্ষা

——::(০)::——

হরিভজনের পথে অগ্রসর হইতে হইলে নানাপ্রকার পরীক্ষার সম্মুখীন হইতে হয়। কখনও শারীরিক রোগ-শোক, কখনও মানসিক চাঞ্চল্য, কখনও কনককামিনী-প্রতিষ্ঠার প্রলোভন ইত্যাদি নানাপ্রকার পরীক্ষা আসিয়া আমাদিগকে পরীক্ষার্থিরূপে বরণ করে।

এই পরীক্ষাগুলিকে আমরা অনেক সময় ভগবানেরই পরীক্ষা বলিয়া মনে করি। কিন্তু পরম করুণাময় ভগবান্ কখনও আমাদিগকে তাঁহার কৃপা হইতে বঞ্চিত করিবার জন্য পরীক্ষা করেন না, তবে তিনি আমাদিগকে কৃপাপূর্ব্বক গ্রহণ করিবার জন্য আমাদের ক্ষুদ্রতা বা দুর্ব্বলতাগুলি দেখাইয়া সংশোধনের সুযোগ দেন মাত্র।

একবার দৃঢ় করিয়া 'আমি তোমার হইলাম' বলিয়া তাঁহার শরণ গ্রহণ করিলে তিনি আদরের সহিত আমাদিগকে তুলিয়া নেন, তবে সাধনাবস্থায় যে সকল পরীক্ষা আসে, সেগুলি ভাবিমঙ্গললাভের প্রাগবস্থা-মাত্র। আমি সত্য সত্য ভগবান্‌কে চাই কি না, অকপটে তাঁহাকে কাতরভাবে ডাকিতেছি, না কপটতা করিয়া ডাকিতেছি, ইহা দেখিবার জন্য ভগবানের বহিরঙ্গা শক্তি মায়াদেবী আমাদিগকে পরীক্ষা করেন।

আমরা অনেক সময় পরীক্ষার নাম শুনিলে চমকিয়া উঠি, ভীত হই। কিন্তু আমরা এ কথা চিন্তা করি না যে, পরীক্ষা আসে আমাদিগকে উন্নত অবস্থায় লইয়া যাইবার জন্য। বিদ্যালয়ে শিক্ষকগণ যে পরীক্ষার ব্যবস্থা করিয়াছেন, তাহা ত' ছাত্রগণকে ফেল করাইবার জন্য নহে। তাহা তাঁহাদের নির্দ্দয়তার পরিচয়ও নহে। ছাত্রগণকে উচ্চশ্রেণীতে লইবার জন্যই ত' পরীক্ষার ব্যবস্থা। তাহাতে ভয়ের কি কারণ আছে?

স্বর্ণকার খাদমিশ্রিত স্বর্ণকে বিশুদ্ধ করিবার জন্য তাহাকে পুনঃ পুনঃ দগ্ধ করে। তাহাতে স্বর্ণ কি ভস্ম হইয়া যায়, না অধিকতর উজ্জ্বল হইয়া উঠে? সেইরূপ আমাদের হৃদয়মল দূর করিয়া আমাদিগকে নির্ম্মল সেবাদর্শে প্রতিষ্ঠিত করাইবার জন্য পরীক্ষা আসে। ভজনে বাধা আসিতেছে দেখিয়া ভক্ত কখনও হতাশ হন না। বাধাবিঘ্ন উপস্থিত হইলে ভক্তগণ ভগবানের কৃপা তাঁহার উপর অজস্রভাবে বর্ষিত হইতেছে জানিয়া নিরুদ্বিগ্নচিত্তে অত্যন্ত উৎসাহের সহিত হরিভজনে প্রবৃত্ত হন।

শিশুর কোন দোষ হইলে জননী ক্রোধভরে তাহাকে ক্রোড় হইতে দূরে নিক্ষেপ করিলে সেই শিশু জননী ব্যতীত তাহার আর জীবন-ধারণের অন্য উপায় নাই জানিয়া কখনও জননীকে ত্যাগ করে না। সেইরূপ ভগবানের চরণে অপরাধবশতঃ আমরা যেস্থানেই পতিত হই না কেন, আমাদের পরমবান্ধব গুরুবৈষ্ণবগণ আমাদের মঙ্গলের জন্য আমাদিগকে যতই তিরস্কার করুন না কেন, মায়াদেবী যতই প্রলোভন আমাদের সম্মুখে প্রেরণ করুন না কেন, আমরা গুরুবৈষ্ণবগণকে আমাদের একমাত্র আশ্রয় বলিয়া জানিব, হরিগুরুবৈষ্ণব ব্যতীত আমাদের আর বাঁচিবার বা নিত্যমঙ্গল লাভ করিবার অন্য উপায় নাই। আমরা নিত্যসেব্য গুরুবৈষ্ণবপাদপদ্ম কখনও ত্যাগ করিব না—এইরূপ দৃঢ়তা না থাকিলে অসুবিধায় পড়িয়া যাইতে হয়। দৃঢ়তার সহিত অভিন্ন-নিত্যানন্দ শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করিতে হইবে। তাঁহার পাদপদ্মে নিষ্ঠা থাকিলেই আমাদের সকল অসুবিধা তাঁহার কৃপালোকে অপসারিত হইবে, আমরা নিরাপদে ভজন-রাজ্যে অগ্রসর হইতে পারিব।

দর্শক ও দর্শন

(প্রাপ্ত)

এই জগতের যে কোন বস্তু দেখিতে হইলেই আমরা প্রথমে চর্ম্মচক্ষুর সাহায্যে দেখিয়া থাকি। এই চক্ষুর সাহায্যেই আমরা বিশ্বদর্শন ও বিশ্বের যাবতীয় বস্তু দর্শন করি। বস্তুর ধর্ম্ম এবং দর্শকের যোগ্যতা অনুযায়ী দর্শনের সঙ্গে সঙ্গেই বস্তুর রূপ-গুণ লীলাদিও দর্শকের ইন্দ্রিয়ের গোচরীভূত হয়। জড় জগতের বস্তুমাত্রেই জড়, সুতরাং আমাদের চর্ম্মচক্ষু যাহা দর্শন করে এবং জড়েন্দ্রিয় যাহা অনুভব করে বা উপলব্ধি করে, সেই দর্শনীয় ও অনুভবনীয় বস্তুও জড় বা প্রাকৃত বস্তু। সুতরাং এই জড় এবং রূপ-গুণ লীলাদিও প্রাকৃত।

চৈতন্যচন্দ্রের পুণ্যশ্রবণ চরিত্র। ভক্তপ্রসাদে সে স্ফুরে,—জানিহ নিশ্চিত॥

যে চক্ষু দ্বারা আমরা প্রাকৃত বস্তু দর্শন করি এবং তত্তৎ গুণকর্ম্মাদি আমাদের গোচরীভূত হয়, সেই ইন্দ্রিয়ের দ্বারা বা সেই চক্ষুর দ্বারা আমরা শ্রীভগবান্ ও ভগবদ্রূপকে দর্শন করিতে পারি বা তত্তৎ গুণ-কর্ম্মাদি বুঝিতে পারি বলিয়া ভ্রান্ত হই।

এই জগতের দর্শনীয় বস্তু, দর্শক ও দর্শন, আর পর জগতের বা বৈকুণ্ঠ জগতের দর্শনীয় বস্তু, দর্শক ও দর্শন কখনও এক-পর্য্যায়ে পরিগণিত হয় না। কারণ, বৈকুণ্ঠ বস্তু নিত্য, অকুণ্ঠ, অখণ্ড ও অপ্রাকৃত। আর জড় জগতের বস্তু অনিত্য, কুণ্ঠাধর্ম্মযুক্ত, খণ্ড ও প্রাকৃত। প্রাকৃত অস্মিতা পূর্ণ মাত্রায় থাকাকালে আমরা মনে করি যে, আমরা ঠাকুরদর্শন, ভক্তদর্শন ও তাঁহাদের রূপ-গুণ লীলাদি দেখিয়া ফেলিয়াছি। কিন্তু বস্তুতঃ এই জগতের বস্তু যেরূপ চর্ম্মচক্ষুর দৃশ্য বস্তু বা জড়েন্দ্রিয়গ্রাহ্য বস্তু, বৈকুণ্ঠ বস্তু সেরূপ দৃশ্য বস্তু বা ঐরূপ ইন্দ্রিয়-গ্রাহ্য বা দৃশ্য বস্তু নহেন। বৈকুণ্ঠ হইতে এই কুণ্ঠ জগতে কোন ভূমা বস্তু অবতরণ করিলে বা প্রকট থাকিলেও আমরা আমাদের জড় ইন্দ্রিয় ও চর্ম্মচক্ষু দ্বারা সেই বস্তুর স্বরূপ দর্শন করিতে বা উপলব্ধি করিতে সমর্থ হই না। তাই শ্রীশ্রীগুরু-পাদপদ্ম প্রপন্ন বা শরণাগত শিষ্যকে দিব্য চক্ষু প্রদান করেন। সূর্য্যোদয় হইলে যেরূপ তাহার আলোকে আমরা এই জগৎ এবং জগতের সমস্ত বস্তু দেখিতে পাই, তদ্রূপ দিব্য চক্ষু পাইলে দর্শক বিভুবস্তু-প্রদত্ত আলোকে স্বরূপ, পরস্বরূপ, জগতের স্বরূপ ও সেই বিভু বা প্রভু বস্তু শ্রীহরিগুরু-বৈষ্ণব, শ্রীধাম, শ্রীতুলসী ও শ্রীগঙ্গার স্বরূপ দেখিতে পান। বস্তুদর্শনের সঙ্গে সঙ্গেই বস্তুর রূপ, গুণ, লীলা ও পরিকর-বৈশিষ্ট্যাদিও দর্শকের চিন্ময় ইন্দ্রিয়ের গোচরীভূত হয়। এই জগতে আমরা দৃশ্য বস্তুর দর্শনস্থলে চর্ম্মচক্ষু দ্বারা যে সকল বস্তু দেখিয়া লই, আমরা মনে করি আমাদের ভজনীয় বস্তুও বোধ হয় তৎসমুদয়েরই অন্যতম। পরমারাধ্য প্রভুপাদ আমাদের এই জড়বুদ্ধিকে নিরাস করিয়া গিয়াছেন,—"বাহ্য জগতে দৃশ্য ইন্দ্রিয়দ্বারা অন্তর্য্যামী ভগবানের কোন কর্ম্ম বা তাঁহার আবির্ভাব দৃষ্ট হয় না। ভক্তগণই ভগবানে নৈষ্কর্ম্ম্য ও জড় কর্ত্তৃত্ব আরোপ করেন না। তাঁহারা বেদগোপ্য রহস্যময় ভগবানের নিত্য আবির্ভাব ও লীলারই কীর্ত্তন করিয়া থাকেন। জীব অজ্ঞানে ভগবানের আবির্ভাব ও উরুক্রমের কীর্ত্তিসমূহকে জড়ান্তর্গত নশ্বর ব্যাপার মনে করিয়া নিবর্ত্তাশ্রয় করেন। তাদৃশ অজ্ঞ জনের অধোক্ষজ বস্তুর অনুশীলন নহে, ভক্ত কবিগণেরই ইহা বর্ণনা করিবার অধিকার। অবিদ্যাগ্রস্ত জীব আত্মবিৎ কবি-গণের বর্ণিত ভগবদাবির্ভাব ও লীলাদির কথা বুঝিতে অসমর্থ। তাহারা জড়াকারশূন্য, জড়ক্রিয়া-রহিত প্রকৃতি দৃশ্য বস্তু আরোপ করিয়া সাক্ষী, কেবল, নির্গুণ ও চেতনের নিত্য চিদ্বিলাস-বৈচিত্র্য-দর্শনে অধিকার পায় না।"

আমাদের প্রাকৃত অস্মিতা বা অচিদ্ অভিমানই অক্ষজ ইন্দ্রিয়ে অধোক্ষজ বস্তুকে দেখিয়া লইতে পারে, মনে করি, কিন্তু বস্তুতঃ অধোক্ষজ বস্তুই দ্রষ্টা, তিনি দেখিলেই অর্থাৎ তাঁহার কৃপা হইলেই জীব প্রাকৃত অস্মিতা হইতে মুক্ত হইয়া তাঁহার চিন্ময় স্বরূপ দেখিতে পারেন। নতুবা জীব দ্রষ্টৃ-অভিমানে অধোক্ষজ বস্তুকে দেখিতে গেলেই চিজ্জগতে অচিদ্বুদ্ধি অবশ্যম্ভাবী হইয়া পড়ে। তাই শ্রীমদ্ভাগবত বলিয়াছেন,—

"যথা নভসি মেঘৌঘো রেণুর্ব্বা পার্থিবোঽনিলে।
এবং দ্রষ্টরি দৃশ্যত্বমারোপিতমবুদ্ধিভিঃ॥"
(ভাঃ ১।৩।৩১)

যেরূপ অজ্ঞ মূঢ় ব্যক্তিগণ বায়ু-আশ্রিত মেঘরাশির আশ্রয় আকাশে আরোপ করেন, অথবা যেরূপ পৃথ্বীস্থিত ধূলিগত ধূসরত্বাদি বায়ুতে আরোপ করেন, সেইরূপ ঐ প্রকার মূঢ় বিবর্ত্তবাদিগণ সর্ব্বদর্শী সচ্চিদানন্দ ভগবানে দৃশ্যধর্ম্মাত্মক অচিৎ শরীর আরোপ করেন।

যেখানে দর্শনীয় বস্তু অপ্রাকৃত, সেখানে দর্শক ও দর্শন প্রাকৃত হইলে বস্তুর স্বরূপ স্ফূর্ত্তিপ্রাপ্ত হয় না। তাই আমরা জড় দর্শনে বা আবার ভক্ত ও ভগবানকে দোষ দিয়া তাঁহাদের স্বরূপদর্শনে বঞ্চিত হই। দর্শক ও দর্শন বাদ দিলেই দর্শনীয় বস্তুর অনুসন্ধান উপস্থিত হয়। ভক্তপূজাই হউক, আর ভগবৎপূজাই হউক, আগে দর্শন, তারপর সেবা-পূজা। ভক্ত বা ভগবান্ ত' আর আমাদের কল্পনার পুতুল নহেন যে, নিজের মনের মত একটী গড়িয়া লইয়া সেবা পূজা করিব। তাঁহারা অধোক্ষজ বস্তু—যদি কাহারও প্রতি কৃপালু হইয়া দর্শন দেন তবেই তিনি দর্শন করিতে পারেন, সেবা করিতে পারেন। সেবোন্মুখ হইলে অর্থাৎ জীব নিজের স্বরূপ উপলব্ধি করিয়া বিভু বা প্রভু বস্তুই দ্রষ্টা, আর আমি দৃশ্য—এই জ্ঞানে কৃপাপ্রার্থী হইলে তখন সেই দ্রষ্টার দেয় চক্ষুতে যে দর্শন, তাহাই প্রকৃত দর্শন, তাহাই প্রেমাঞ্জনচ্ছুরিত ভক্তিলোচনে দর্শন। তখনই দর্শক সেবার ভূমিকায় সেবাদর্শনে যোগ্য। নতুবা দর্শনের নামে ভোগ, সেবার নামে সেব্যাংশ হইতে সেবা গ্রহণ, শ্রীবিগ্রহবৈষ্ণবে শিলাবুদ্ধি, মনুষ্যবুদ্ধি, জাতিবুদ্ধি প্রভৃতি জীবনাশী ভীষণ অপরাধই হইয়া থাকে।

শ্রবণ মূলে না হইলে দর্শন শুদ্ধ হয় না। তাই সাধুগণ জড়চক্ষুর ক্রিয়া বন্ধ করিয়া দিয়া অধোক্ষজ বস্তুবিষয়ে শ্রবণ করিতে বলেন। বৈকুণ্ঠ শব্দ সেবোন্মুখ কর্ণে শ্রবণ করিলে সেই ইন্দ্রিয়াতীত অধোক্ষজ বস্তু আমাদের উপর আধিপত্য বিস্তার করিবেন। তখনই আমরা শ্রীমদ্ভাগবতকথিত 'স বৈ পুংসাং পরো ধর্ম্মো যতো ভক্তিরধোক্ষজে'-শ্লোকের তাৎপর্য্য হৃদয়ঙ্গম করিতে পারিব—তখনই আমাদের অন্তর হইতে কাম, ক্রোধ ও পুত্রাদিরূপ আসুরিক বৃত্তি নিরস্ত হইয়া আত্মা প্রসন্নতা লাভ করিবে। শ্রীগুরু বৈষ্ণবচরণে ইহাই প্রার্থনা, যেন চর্ম্মচক্ষু দ্বারা অধোক্ষজ বস্তু দর্শন করিতে গিয়া অপরাধে হত না হই। তাঁহারা কৃপা-পূর্ব্বক তাঁহাদের স্বরূপদর্শনে আমাদিগকে যোগ্যতা প্রদান করুন।

সাময়িক-প্রসঙ্গ

২৪ পরগণায় প্রচার

শ্রীধামমায়াপুর শ্রীচৈতন্যমঠের অন্যতম প্রচারক শ্রীপাদ যাদবানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের শ্রীচরণাশীর্ব্বাদ শিরে ধারণ করিয়া তাঁহার একান্ত আনুগত্য কয়েকজন মঠসেবক ব্রহ্মচারী সহ ২৪ পরগণার বিভিন্ন গ্রামে প্রচারার্থ গত ১১ই চৈত্র, ২৫শে মার্চ্চ মঙ্গলবার দিবস কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে বহির্গত হন। প্রচারকগণ সম্প্রতি কয়েকটী গ্রামে প্রচারকার্য্য করিয়া ১৫ই চৈত্র, ২৯শে মার্চ্চ শনিবার দিন হুকণী গ্রামে শ্রীযুত বিনোদবিহারী ঘোষ মহাশয়ের গৃহে উপস্থিত হন। ঐ দিবস সন্ধ্যায় শ্রীযুত বিনোদ বাবুর ও শ্রদ্ধাবান্ গ্রামবাসিগণের আগ্রহে ব্রহ্মচারীজী শ্রীচৈতন্যচরিতামৃত পাঠমুখে শ্রদ্ধাতত্ত্বের মহিমা, শ্রীহরিনামের মহিমা ও শ্রীগুরুবৈষ্ণবের সেবার আবশ্যকতা সম্বন্ধে প্রায় ২ ঘণ্টা যাবৎ বিশেষভাবে ব্যাখ্যা করেন। পাঠ শ্রবণ করিয়া সকলেই প্রীত হইয়াছেন। পাঠে বহু পুরুষ ও মহিলার সমাবেশ হইয়াছিল। পাঠের আদিতে ও অন্তে শ্রীগুরুবন্দনা, [illegible] ও বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তন হইয়াছিল।

জীব তটস্থ। তাহার ইচ্ছাশক্তি আছে। সে ইচ্ছা করিলে ভগবৎসেবা করিয়া নিরন্তর সেবানন্দে মগ্ন থাকিতে পারে, আবার সে ভোগবাঞ্ছার দ্বারা চালিত হইয়া কৃষ্ণসেবার পরিবর্ত্তে অকৃষ্ণ বা মায়ার প্রপঞ্চে পড়িয়া নরক ভোগ করিতে পারে। এই দুইটী বিপরীত অবস্থা বরণ করিবার যোগ্যতাই তাহার চেতনার পরিচয়। চেতন স্বতন্ত্র। কৃষ্ণসেবা-বরণই চেতনের স্বতন্ত্রতার সদ্ব্যবহার, আর ভোগপ্রবৃত্তিবিশিষ্ট হইয়া মায়ার প্রতি অভিনিবেশই স্বতন্ত্রতার অসদ্ব্যবহার। স্বতন্ত্রতার এইরূপ অসদ্ব্যবহারই জীবের বন্ধনের একমাত্র কারণ। ইহাই জীবের বিরূপের ধর্ম্ম। জীবের স্বরূপে এইরূপ জড়ধর্ম্ম নাই। ইহা আগমাপায়ী। এই আগমাপায়ী ধর্ম্ম হইতে ছুটী লাভ করিবার জন্য যে যত্ন, তাহাই সাধন।

বিশেষ-দ্রষ্টব্য

নববর্ষোপলক্ষে প্রেস বন্ধ থাকায় গত ১লা বৈশাখ সোমবার শ্রীনদীয়া-প্রকাশ প্রকাশিত হন নাই।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রী...ন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ

১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার

কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৭ ১৫

সেবক—শ্রী... দাস ভক্তিশাস্ত্রী [illegible]

শ্রীযোগমায়া-পুরপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রী...দাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

অদ্বৈত-ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রী... দাসাধিকারী

মহাবি...র পাট

পোঃ শ্রীমায়াপুর নদীয়া

সেবক—শ্রী...দাস ...

কাজির সমাধি পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

সেবক—শ্রী...নন্দ ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

সেবক—শ্রী...দাস ব্রহ্মচারী

স্বানন্দ সুখদ কুঞ্জ

শ্রীগোদ্রুম পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

সেবক—শ্রী... কৃপা ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধর মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

সেবক—...গৌর... ব্রহ্মচারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)

সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)

সেবক—শ্রী...নন্দ ব্রহ্মচারী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর নদীয়া

সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ

গৌড়পুর নদীয়া

সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ

মাজিদা (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর, নদীয়া

সেবক—শ্রীপ্রভু...দাস দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর

পোঃ ...নগর, নদীয়া)

সেবক—শ্রী...নন্দ সেবাবিলাস

ভাগবত আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)

সেবক—শ্রী...দাস দাসাধিকারী

মহেশ পণ্ডিতের পাট

চাকদহ... পোঃ চাকদহ নদীয়া।

সেবক—শ্রীহরিকিশোর ব্রহ্মচারী

শ্রীবারাসাট গৌড়ীয় মঠ

সেবক—শ্রী... ব্রহ্মচারী

পুরী গৌড়ীয়মঠ

চটকপর্ব্বত...

সেবক—শ্রী... দাসাধিকারী

শ্রীমাধবগৌড়ীয়মঠ

নারায়ণগঞ্জ, ঢাকা

সেবক—গৌর... ব্রহ্মচারী

গোপাল...মঠ

পোঃ ..., ঢাকা

সেবক—শ্রী... ব্রহ্মচারী

শ্রীগদাই-গৌরাঙ্গমঠ

পোঃ বালিয়াটী (ঢাকা)

সেবক—শ্রী... অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ

... পোঃ ময়মনসিংহ

সেবক—শ্রী... ব্রহ্মচারী বি এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া, আসাম

সেবক—শ্রী...মোহন দাস ...

সরভোগ গৌড়ীয়মঠ

পোঃ চকচকা কামরূপ (আসাম)

সেবক—শ্রী...মোহন দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

...

সেবক—শ্রী... দাসাধিকারী

সারস্বত গৌড়ীয়মঠ

পোঃ ...বাদ, ...পুর ইট, পি

সেবক—শ্রী...নন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ

পোঃ মিঠাপুর, পাটনা

সেবক—শ্রী...পাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ

রমনা রোড গয়া

সেবক—শ্রী... ব্রহ্মচারী

শ্রীসনাতন গৌড়ীয়মঠ

৮।১। বড় গম্ভীরাসং, বেনারস সিটি

সেবক—শ্রী... দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ এলাহাবাদ

সেবক—শ্রী...দাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ

পোঃ নিমসার সীতাপুর (ইউ পি)

সেবক—শ্রী...মাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট পোঃ মথুরা

সেবক—শ্রী... ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

সেবক—শ্রীনন্দগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

সেবক—শ্রী... দাসাধিকারী

ব্রজস্বানন্দসুখকুঞ্জ

পোঃ গোকুল মথুরা

সেবক—শ্রী...দাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ

সেবক—শ্রী... দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী

সেবক—...

শ্রীগোবর্দ্ধন মঠ...

গোবর্দ্ধন, মথুরা

সেবক—শ্রী... দাস ...

...মঠ

বর্ষাণ মথুরা।

সেবক—...দাস

গোষ্ঠবিহারী মঠ

শেরগড়

পোঃ ... জেলা ... (পাঞ্জাব)

সেবক—শ্রী... ব্রহ্মচারী

বাসদ গৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

সেবক—...গোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ

...

সেবক—শ্রী...দাস ভক্তিশাস্ত্রী

গোপে গৌড়ীয়মঠ

... পোঃ কল্যাণদাস ... রোড নং ৮৬

সেবক—শ্রী...দাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা মাদ্রাজ

সেবক—শ্রী...সুন্দর দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ

পোঃ ...

সেবক—শ্রী... দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)

সেবক—শ্রী... দাস অধিকারী

অর্চ্চাশ্রম

(ভগবৎ কৃপাধিষ্ঠিত)

আলালনাথ পোঃ ব্রহ্মগিরি, পুরী

সেবক—শ্রী... ব্রহ্মচারী

অর্চ্চাশ্রম

(ভগবৎ-কৃপাধিষ্ঠিত)

পুরী

সেবক—শ্রী...নাথ দাস

পুরুষোত্তমমঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

সেবক—শ্রী... ব্রহ্মচারী

ভক্তিকুটী

স্বর্গদ্বার

সেবক—শ্রী...নন্দ ব্রহ্মচারী

লীলাকুটী

সেবক—শ্রী... দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

সেবক—শ্রী... ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ

...পোঃ কটক, উড়িষ্যা

সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

সেবক—শ্রী... ব্রহ্মচারী

ডাঃ ...

...পোঃ ..., ...

সেবক—শ্রী... দাস ...

আসাম গৌড়ীয়মঠ

পোঃ আসাম, ...

সেবক—শ্রী...

আমলাজোড়া, ...

পোঃ ...

সেবক—শ্রী...

চৈতন্যগৌড়ীয়মঠ

...

সেবক—শ্রী...দাস ব্রহ্মচারী

রেঙ্গুন গৌড়ীয়মঠ

৩০১ নং ... ষ্ট্রীট, রেঙ্গুন

সেবক—শ্রী... ব্রজবাসী

... গৌড়ীয়মঠ

৪৪ ... রোড, ...

সেবক—শ্রী... দাস ...

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস

১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,

কলিকাতা

সেবক—শ্রী... ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস

...

সেবক—শ্রী...

শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠ

...

সেবক—শ্রী... অধিকারী

...গৌড়ীয়মঠ অফিস

...পুর ...

সেবক—শ্রী... দাসাধিকারী

...মঠ

শ্রীমায়াপুর নদীয়া

সেবক—শ্রী...

পরবিদ্যাপীঠ, ...

...

সেবক—শ্রী... ব্রহ্মচারী

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

শ্রীমায়াপুর, নদী...

সেবক—শ্রী... অধিকারী

শ্রী...

সেবক—শ্রী... অধিকারী

নদীয়া প্রকাশ প্রিন্টিং প্রেস

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রী... দাস ...

পরমার্থী প্রিন্টিং ...

সেবক—শ্রী...

শ্রীচৈতন্যমঠ দাতব্য

চিকিৎসালয়

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রী...নন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীনন্দীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক [illegible] কলেজের ভূতপূর্ব [illegible] ও প্রধান অধ্যাপক বিদ্যালঙ্কারপ্রবিষ্ট মহামহোপাধ্যায় [illegible] পণ্ডিত শ্রীপাদ [illegible] ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য, [illegible] মহোদয়ের গৌড়গবেষণা এবং পারদর্শক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া [illegible] এবং [illegible] ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। এই [illegible] আলোচনা ও [illegible] গ্রন্থ [illegible] সম্পাদক। প্রাচ্য ও পাশ্চাত্য [illegible] দর্শনের সহিত তুলনামূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্বন্ধ আলোচনা। প্রথম খণ্ডে [illegible] অধ্যায়ে [illegible] পৃষ্ঠা [illegible]। ওঁ বিষ্ণুপাদ শ্রী [illegible] গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ Foreword) [illegible] ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (contents) ও [illegible] সুন্দর সূচীপত্র Index Glossary) সহ [illegible]। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, [illegible] শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর [illegible]।

তত্ত্বভাষ্যম্

[illegible] শ্রীমন্মধ্বাচার্যকৃত [illegible] শ্রীপাদ [illegible] 'তত্ত্বপ্রদীপ' টীকা [illegible] ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্বপ্রথম সংস্করণ [illegible] ২৲ মাত্র।

সটীক শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা, [illegible] ভূমিকা ও সূচীসহ [illegible] নব সংস্করণে গৌড়ীয় মিশন-কর্তৃক প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৶০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রী[illegible] ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,
শ্রীযুক্ত [illegible]
পুরাণপল্টন, পোঃ [illegible], ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

[illegible] শ্রীমদ্ভগবদ্গীতার [illegible]। গীতার [illegible] ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-[illegible] ইংরাজী ভাষায় অনুবাদ [illegible] এই প্রথম প্রকাশ। এই গ্রন্থে [illegible] সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের [illegible] হইয়াছে। [illegible] কঠিন [illegible] সরল সহজ [illegible] প্রদত্ত হইয়াছে।

[illegible] আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—[illegible] মাত্র। প্রাপ্তিস্থান শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

EROTIC PRINCIPLE & UNALLOYED DEVOTION

পরমপূজ্যপাদ [illegible] ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী প্রভু প্রণীত। [illegible] এই গ্রন্থ [illegible] শ্রীশ্রীগৌরগণের [illegible] পুনঃ প্রকাশিত হইয়াছে। পুস্তক আকার পূর্ব সংস্করণ অপেক্ষা বৃহৎ ও সুন্দর হইয়াছে। এই গ্রন্থে বহু অমূল্য উপদেশ আছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪০৲
প্রথম ও দশম স্কন্ধ পর্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। [illegible] শ্রীচৈতন্যভাগবত ([illegible]) ৬৲
৩। [illegible] শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। [illegible] ([illegible]) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲, তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের [illegible]
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড ৸০
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০
৯। [illegible] ২৲
১০। [illegible] ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। [illegible] শিক্ষা (বাঁধা) ১৲
১৩। [illegible] (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। [illegible] (তৃতীয় সংস্করণ) ॥০
১৫। বৈষ্ণবসিদ্ধান্ত [illegible] ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যে [illegible] ।০
১৮। [illegible] ।০
১৯। [illegible] ।০
২০। গৌড়ীয় গৌরব ।৶০
২১। গৌড়ীয় [illegible] ।৶০
২২। [illegible] ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)
২৪। গীতা ([illegible]) ১৲
২৫। গীতা ([illegible]) ১৲
২৬। [illegible] ॥০
২৭। [illegible] ২৲
২৮। [illegible] ([illegible])
২৯। [illegible] ([illegible]) ([illegible])
৩০। [illegible]
৩১। [illegible] (তৃতীয় সংস্করণ)
৩২। [illegible] ॥০
৩৩। নবদ্বীপধাম-[illegible] ৸০
৩৪। [illegible] (নবদ্বীপ পরিক্রমা) [illegible]
৩৫। [illegible] ৴০
৩৬। [illegible] ([illegible]) ৶০
৩৭। [illegible] ৶০
৩৮। [illegible] ।০
৩৯। [illegible] ।০
৪০। [illegible]
৪১। [illegible] ১০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। [illegible] ([illegible]) [illegible]
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা /০
৪৫। নবদ্বীপশতক ৴১
৪৬। [illegible] ৴১০
৪৭। [illegible] ৴১
৪৮। [illegible] ৴১
৪৯। [illegible] /০
৫০। বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ॥০
৫২। [illegible] (সানুবাদ) ।০
৫৩। [illegible] ৸০
৫৪। [illegible] ।০
৫৫। [illegible]
৫৬। [illegible] ৶০
৫৭। [illegible] ([illegible]) ।০
৫৮। শ্রীকৃষ্ণ[illegible] ৶০
৫৯। শিক্ষাষ্টক[illegible] /০
৬০। [illegible] /০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২॥০
৬২। শ্রী[illegible] ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। [illegible] ।০
৬৪। [illegible] ।০
৬৫। [illegible] ।০
৬৬। [illegible] ।০
৬৭। [illegible] ৶০
৬৮। [illegible] /০
৬৯। [illegible] ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। [illegible] ॥০
৭১। [illegible] ॥০
৭২। [illegible] /০
৭৩। [illegible] ॥০
৭৪। [illegible] ।৶০
৭৫। [illegible] ।০
৭৬। [illegible] ।০
৭৭। [illegible] /০
৭৮। [illegible] ।০
৭৯। [illegible] ।০
৮০। [illegible] ॥০
৮১। [illegible] ২৲
৮২। [illegible] প্রভু ৩
৮৩। [illegible] ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। [illegible] ৸
৮৫। [illegible] ॥০
৮৬। [illegible] ৴১০
৮৭। [illegible] ৴১০
[illegible] /০
৮৮। [illegible] ॥৶০
৯০। [illegible] ।০

[illegible] ভাষায় প্রকাশিত

৯১। [illegible] ।০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। [illegible] ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	॥০	।৵০	।৵০	।০
" " ইঞ্চ	২৲	১॥০	১॥০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ গ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মধুমা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১৷০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ০৲ টাকা

প্রাপ্তিস্থান—মধুমা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

নিরপেক্ষ সুযুক্তিপূর্ণ আলোচনা-গ্রন্থ; ইহাতে শাস্ত্রজ্ঞানালোকে তাৎকালীন মানবগণের সম্প্রদায়, সমন্বয়, মহাজন, অবতার, একায়ন, বহুায়ন ও তত্সম্বন্ধে ভ্রান্তধারণা-নিরসনমূলে শ্রৌত ও শাস্ত্রীয় বিচার ও সমালোচনা প্রদর্শিত এবং পরমার্থ সম্বন্ধে মানবজাতির সাধারণ ভ্রমসমূহ, ঐতিহাসিক সংসিদ্ধান্ত সকলও প্রদত্ত হইয়াছে।

প্রাপ্তিস্থান—মধুমা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা

অথবা

শ্রীযোগপীঠ শ্রীমন্দির পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং-এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭॥০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬॥০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ শরণাগতির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের সূচিপত্র। তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রাঞ্জলার্থ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোড়শপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৬৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীভক্তিবিনোদ-বাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে প্রশ্নোত্তরমুখে তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা তিন টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের বিরাট সংস্করণ। কথাসার, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, বঙ্গানুবাদ প্রতিপাদ্য বিষয় নির্দ্দেশ, অধ্যায়-বিবরণ, স্থান ও সূচী প্রভৃতির সহিত গৌড়ীয়মিশন কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা শুদ্ধবৈষ্ণবসমাজের এক অমূল্য গ্রন্থ। ইহা ডবল ক্রাউন আট পেজী আকারে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র ৯।০ টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ছাত্রদের ভক্তিবিনোদ (২য় সংস্করণ)

ছাত্রদের উপযোগী করিয়া লিখিত গদ্যাকারে শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্রের ঘটনা ও শিক্ষা। ভিক্ষা বার আনা, ছাত্রদের পক্ষে আট আনা।

প্রাপ্তিস্থান - শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া অথবা শ্রীসুপতিরঞ্জন নাগ এম্ এ, বি-এল্, পুরাণাপল্টন, পোঃ রমনা, ঢাকা।

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থ বেদ একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব গ্রন্থ-সংকলন। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ৫০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

নূতন

শ্রীশ্রীনবদ্বীপ পঞ্জিকা

ইহাতে দিনপঞ্জী, যাবতীয় ব্রত-উপবাসের তালিকা, শুদ্ধবৈষ্ণবগণের আবির্ভাব-তিরোভাব দিবস প্রভৃতি পৃথগ্ভাবে সন্নিবিষ্ট হইয়াছে। শ্রীগৌরাব্দ ৪৪৫। ভিক্ষা মাত্র ৶০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ বঙ্গীয় পদ্যানুবাদসহ মায়াপুর শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

২। ভাগবত—কলিকাতায় একমাত্র পাক্ষিক হিন্দি পত্র। শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয় পত্রিকা—শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর ভাগবতার্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-সাহিত্যের অপ্রাকৃত বৈয়াসেয় সূর্য্যসদৃশ পরমারাধ্যতম জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিতে বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনীষী সজ্জনগণ বে সকল পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগ-সিদ্ধান্তবর্ণনে ও তদ্বিরুদ্ধ সিদ্ধান্তখণ্ডনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের শ্রীমুখনিঃসৃত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুসন্ধানী ও আত্মমঙ্গলকামীরই অবশ্যসেবনীয়।

ভিক্ষা—৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——::•::——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।৩, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখানে হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাট্‌তি অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৸৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
বেহালা, ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
[illegible]ধাম—শ্রীধাম শ্রীমায়াপুর

REGD NO. C, 1544

শ্রীশ্রী[illegible]মালা
—:০:—
শ্রীল [illegible] ভক্তি-
সুধাকর এম-এ সম্পাদিত।
এই গ্রন্থ কথামালা, বিস্তৃত
ভূমিকা ও সূচীসহ আশ্চর্য্য-
রূপে প্রকাশিত হইয়াছে।
ঈশ, কেন, কঠাদি দশম
উপনিষদের অভিনব সংস্করণ।
ভিক্ষা মাত্র ১৷০ টাকা।
প্রাপ্তিস্থান:—
যন্ত্র প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—ওয়ারী, ঢাকা

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

শ্রীচৈতন্যদেব
—:০:
স্বয়ং ভগবান শ্রীচৈতন্য-
মহাপ্রভুর জীবনী ও শিক্ষা
রূপ: সুন্দরভাবে বর্ণিত
লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট
কাগজে সুন্দর বাঁধাই।
৩য় সংস্করণ, ভিক্ষা ১৷০
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৬শ খণ্ড] মায়াপুর ৪ঠা বৈশাখ ১৩৪৮ ১৭ই এপ্রিল ১৯৪১ বৃহস্পতিবার [৩৪তম সংখ্যা

নানা-সংবাদ

——::(০)::——

থলিয়ার ভিতর মস্তকহীন মৃতদেহ

২৪ পরগণা জেলার বিষ্ণুপুর থানার এলাকায় জুলফি খালে একটি থলির মধ্যে একটা মস্তকহীন মৃতদেহ পাওয়া যায়। গত ৩১শে মার্চ বিষ্ণুপুর থানার ভারপ্রাপ্ত সাব ইন্সপেক্টার অমূল্যচরণ পাল সংবাদ পাওয়ার পর উক্ত খালের নিকট যাইয়া থলিয়াটি দেখিতে পান। থলিয়াটি খুলিবার পর উহার মধ্যে একটি মস্তকহীন মৃতদেহ ও উহার পাকস্থলীতে কয়েকটি আঘাতের চিহ্ন দেখিতে পাওয়া যায়। পরে বিচ্ছিন্ন মস্তকটির জন্য খালের মধ্যে অনুসন্ধান চলিতে থাকে এবং ১লা এপ্রিল উক্ত সাব ইন্সপেক্টার খালের জলের মধ্য হইতে বিচ্ছিন্ন মস্তকটি পান। সাব ইন্সপেক্টার মৃতদেহ ও মস্তকটি পরীক্ষার জন্য শব-ব্যবচ্ছেদাগারে প্রেরণ করেন, এই পরীক্ষার রিপোর্টে ইহাকে হত্যাকাণ্ড বলিয়া উল্লেখ করা হয় এবং নিহত লোকটিকে একটি ধারাল ছোরার দ্বারা হত্যা করা হইয়াছে বলিয়া অভিমত প্রকাশ করা হয়। এই হত্যাকাণ্ড সম্বন্ধে আরও পুলিশ তদন্ত চলিতেছে।

——

বর্মী জাতীয় শিক্ষা পরিকল্পনা

রেঙ্গুনের এক অতিরিক্ত গেজেট প্রকাশ, ব্রহ্ম গবর্ণমেণ্ট শীঘ্র প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক এবং ফ্রি করিবেন বলিয়া স্থির করিয়াছেন।

উক্ত ঘোষণায় প্রকাশ, গবর্ণমেণ্টের দৃঢ় ধারণা, বৌদ্ধ ধর্মযাজকদের সংখ্যাধিক্য জনসাধারণের উপর তাহাদের প্রভাব, তাহাদের অগণিত মন্দির এবং বিদ্যালয়ে শিক্ষালাভের উপযোগী ছাত্রদের থাকা ও আশ্রয় দেওয়ার জন্য বৌদ্ধদের আছে বলিয়া তাহারা গবর্ণমেণ্টের অবলম্বিত নীতিতে সহযোগিতা করিবেন বলিয়া আশা করা যায়।

কাজেই ব্রহ্ম গবর্ণমেণ্ট নিরক্ষর ও বৌদ্ধ সন্ন্যাসীদের প্রতিনিধি লইয়া একটি কমিটি গঠনের সিদ্ধান্ত করিয়াছেন। এই কমিটিকে বৌদ্ধ সন্ন্যাসীদের নিকট হইতে বর্মী-জাতীয় শিক্ষা বিস্তারের জন্য কিরূপ সহযোগিতা লাভ করা যাইতে পারে তদ্বিষয়ে কমিটিকে অনুসন্ধান করিয়া রিপোর্ট প্রদান করিতে হইবে।

——

ভারত-ব্রহ্ম বাণিজ্য চুক্তির ফল

ভারত-ব্রহ্ম বাণিজ্য চুক্তির পর বাণিজ্যের অবস্থা বিশ্লেষণ করিয়া ভারত গেজেটের এক অতিরিক্ত সংখ্যা প্রকাশিত হইয়াছে। এ পর্যন্ত রেঙ্গুন বন্দর 'বাণিজ্য বন্দর' বলিয়া গণ্য হইয়া আসিতেছিল, কিন্তু এই নির্দেশের ফলে উক্ত বন্দর 'বৈদেশিক বন্দর' বলিয়া গণ্য হইবে এবং দ্বিতীয়তঃ কেরোসিন তৈল প্রেরণের জন্য যে কতকগুলি সুবিধা দেওয়া হইয়াছিল তাহা বাতিল করিয়া দেওয়া হইল। এখন হইতে কেরোসিন তৈলের উপর আমদানী শুল্ক দিতে হইবে। ব্রহ্ম হইতে যে সমস্ত বিদেশী মাল ভারতে প্রেরিত হইবে তাহার উপরও ভারতীয় আমদানী শুল্ক ধার্য্য করা হইবে এবং তৃতীয়তঃ ভারত হইতে যে সমস্ত কাঁচা পাট এবং চাউল ব্রহ্মে প্রেরিত হয় তাহার উপর কোনও রপ্তানী শুল্ক ধার্য্য হইবে না।

ইহাপূর্ব্বে ঘোষণা করা হইয়াছে যে, ভারত হইতে যে সমস্ত অ-ভারতীয় মাল ব্রহ্মে প্রেরণ করা হইবে তৎসম্পর্কে বৈদেশিক বন্দরের জন্য জাহাজে মাল বোঝাই করার জন্য যে নিয়ম আছে সেই নিয়ম ৭ই এপ্রিল হইতে কার্য্যকরী হইয়াছে।

——

সিন্ধু পরিষদের পরবর্ত্তী অধিবেশন

আগামী ১২ই মে সিন্ধু ব্যবস্থা-পরিষদের পরবর্ত্তী অধিবেশন আরম্ভ হইবে। প্রধান মন্ত্রী খান বাহাদুর আল্লাবক্স এই সংবাদ কংগ্রেস সদস্য দলের নেতা শ্রীযুক্ত আর, কে, সিধোয়ার নিকট প্রেরণ করিয়াছেন।

——

ভীষণ অগ্নিকাণ্ড

সম্প্রতি পাঞ্জাবের নিকটবর্ত্তী ইমান-নগরে অগ্নিকাণ্ডের ফলে পাঁচশ ত্রিশ খানা গৃহ ভস্মীভূত হইয়াছে। ক্ষতির পরিমাণ কয়েক সহস্র টাকা হইবে বলিয়া অনুমান। আগুন সংযোগের কারণ অজ্ঞাত।

——

যুক্তপ্রদেশ সরকারের নির্দ্দেশ

জানা গিয়াছে যে গ্রীষ্মের সময় বিভিন্ন জেলের কয়েদীদিগকে তাহাদের নির্দ্দিষ্ট কক্ষের বাহিরে ঘুমাইবার অনুমতি দিয়া যুক্তপ্রদেশ সরকার এক আদেশ জারী করিয়াছেন। তবে ঐ সম্পর্কিত চূড়ান্ত সিদ্ধান্ত জেল সুপারিন্টেণ্ডেণ্টের উপরই নির্ভর করিবে। স্বাস্থ্যের দিক হইতে বিবেচনা করিয়া তাঁহারা কয়েদীদিগকে বাহিরে ঘুমাইবার অনুমতি দিতে পারিবেন।

কিন্তু বিশেষ শ্রেণীর কয়েদীদের সম্পর্কে উপরোক্ত সম্পর্কে ব্যক্তিগতভাবে বিবেচনার পর গবর্ণমেণ্ট হইতে নির্দ্দেশ দেওয়া হইবে।

——

বরিশাল জেলায় ভীষণ কলেরার প্রকোপ

বরিশাল জেলায় ভীষণ কলেরার প্রকোপ দেখা দিয়াছে। জেলার চারটি মহকুমাতেই এই মহামারীর প্রাদুর্ভাব [illegible] বৃদ্ধি পাইয়াছে এবং প্রতিদিনই মৃত্যু সংখ্যা বাড়িয়া চলিয়াছে।

উপযুক্ত ব্যবস্থা অবলম্বনের জন্য জেলা-ম্যাজিষ্ট্রেট মিঃ এন ও সেন বরিশাল মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান ডিষ্ট্রিক্ট বোর্ডের চেয়ারম্যান এবং মিউনিসিপ্যালিটীর হেলথ অফিসারের সহিত [illegible] এক পরামর্শ-সভা করিয়া এই সম্পর্কে আলোচনা করেন। জানা গিয়াছে যে, জেলা ম্যাজিষ্ট্রেট ১৮৯৭ সালের ৩ আইন অনুযায়ী ঐ সমস্ত অঞ্চলকে মহামারী অঞ্চল বলিয়া ঘোষণা করার সিদ্ধান্ত করিয়াছেন। ১৯২৮ সালেও এইরূপ ঘোষণা করা হইয়াছিল।

——

কিশোরগঞ্জের গ্রামে ডাকাতি

গত বুধবার পাকুন্দিয়া থানার অন্তর্গত [illegible] গ্রামে [illegible] সূত্রধরের গৃহে ডাকাতি হইয়া গিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। প্রকাশ, ৫ জন ডাকাতের একটি দল মারাত্মক অস্ত্রে সজ্জিত হইয়া গৃহে প্রবেশ করে এবং [illegible]কে হত্যা করিয়া তাহার নগদ টাকাকড়ি লইয়া পলায়ন করে।

——

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্‌শ কলেজের ইংরাজীর ভূতপূর্ব্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভব-আচার্য্য, এম এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং পবিত্র লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। [illegible] অদ্বিতীয় গ্রন্থ [illegible]-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য [illegible] দর্শনের সহিত তুলনামূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্বন্ধে আলোচনা। প্রথম খণ্ড ৩০০ অধ্যায়ে সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখণ্ড প্রকাশিত। ভিক্ষা—১০্ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, [illegible], মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর (জেলা—নদীয়া)।

অণুভাষ্যম

বেদান্তসূত্রের প্রত্যেক অধিকরণের ব্যাখ্যা শ্রীমন্মধ্বাচার্য্যকৃত [illegible] শ্রীপাদ বলদেব বিদ্যাভূষণ-রচিত 'গোবিন্দভাষ্য' টীকা [illegible] অনুবাদ ও তাৎপর্য্য সহ মুদ্রিত। [illegible] সংস্করণ ভিক্ষা ২্ মাত্র।

সটীক শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা, [illegible] সহিত [illegible] সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণে গৌড়ীয় মিশন কর্তৃক প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

[illegible]

পুরাণ [illegible], পোঃ রমনা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

[illegible] গোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। [illegible] শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুরের [illegible] টীকার [illegible] ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থে প্রত্যেক অধ্যায়ের শেষে সংক্ষিপ্ত বক্তব্য ও [illegible] সন্নিবেশিত হইয়াছে। [illegible] বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকগুলির সরল [illegible] প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে [illegible] বাঁধাই [illegible] আকারে ৬৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ [illegible] ভিক্ষা—৩্ মাত্র। প্রাপ্তিস্থান শ্রীগৌড়ীয়মঠ পোঃ বাগবাজার, কলিকাতা।

EROTIC PRINCIPLE & UNALLOYED DEVOTION

[illegible] শ্রীল নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী প্রভু প্রণীত। সম্প্রতি এই গ্রন্থ একটি নূতন [illegible] পরিবর্দ্ধিত হইয়া পুনঃ প্রকাশিত হইয়াছে। [illegible] পূর্ব্ব সংস্করণ অপেক্ষা বৃহৎ ও সুন্দর হইয়াছে। এই গ্রন্থে বহু অমূল্য উপদেশ আছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) — ৪০্
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮্
দশম স্কন্ধ— ৯্
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) — ৬্
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত — ৬্
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) — ৪্
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১্, তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১্; ৩য় খণ্ড ৸০
৭। শ্রীচৈতন্যদেব — ১০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা — ২০
৯। বৈষ্ণবধর্ম্ম — ২্
১০। গৌড়ীয় কণ্ঠহার — ২্
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত — ২্
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) — ১্
১৩। ভক্তিরত্নাবলি (চতুর্থ সংস্করণ) — ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) — [illegible]
১৫। বৈষ্ণবসিদ্ধান্ত-বিচার-তত্ত্ব — [illegible]
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব — ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ — ।০
১৮। ধাম ও নাম — ॥০
১৯। ভক্তিলেখ — ।০
২০। গৌড়ীয় গৌরব — ।৵০
২১। গৌড়ীয়সাহিত্য — ।৵০
২২। ভজনরহস্য — ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) — ১্
২৪। গীতা (বলদেব-টীকা সহ) — ১্
২৫। গীতা (চক্রবর্ত্তী টীকাসহ) — ১্
২৬। গীতার কেবল মাধ্বভাষ্য — ॥০
২৭। মুক্তিমঞ্জিকা নবন্দী কুঃ (সানুবাদ) — ১্
২৮। প্রেমবিবর্ত্তঃ (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (কাঁচা ॥৵০ বাঁধা ৸০)
৩০। দীপ-প্রদর্শন — [illegible]
৩১। [illegible] (চতুর্থ সংস্করণ) — ।৵০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস — ॥০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা — ৳০
৩৪। পরিক্রমা [illegible] (নবদ্বীপ পরিক্রমা) — [illegible]
৩৫। গীতমালা — [illegible]
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) — ৶০
৩৭। শ্রীপ্রেমবিবর্ত্ত — ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ — ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা — ।০
৪০। শরণাগতি — ৶০
৪১। গীতাবলী — ১০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা — ৸০
৪৩। শ্রীকৃষ্ণসংহিতা (সমগ্র) — [illegible]
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা — /০
৪৫। নবদ্বীপশতক — /১
৪৬। অর্থপঞ্চক — /১০
৪৭। সদাচারস্মৃতিঃ — [illegible]
৪৮। কল্যাণকল্পতরু — /৮
৪৯। অর্চ্চনকণ — /০
৫০। বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (চারিখণ্ড একত্রে) — ৬্
৫১। ব্রহ্মসংহিতা — ॥০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) — ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ — ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় — ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী — ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ — ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) — ।০
৫৮। শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণী — ৶০
৫৯। শিক্ষাষ্টকদর্পণ — /০
৬০। সাংখ্যবাণী — /০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল — ২॥০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ — ৬্

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ — ।০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী বিবৃতিঃ — ।০
৬৫। সটীকা শিক্ষাষ্টকম — ৷০
৬৬। গুরুস্তবম্ — ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ — ৶০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ — /০
৬৯। সারসংগ্রহণম্ — ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ — ॥০
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত — ॥০
৭২। নামভজন — /০
৭৩। বেদান্ত এটস্ অবজেক্ট এণ্ড অরিজিন — ॥০
৭৪। রিলেটিভ ওয়ার্ল্ডস্ — ।৵০
৭৫। শ্রীকৃষ্ণ চৈতন্যদেব প্রেমের [illegible] শ্রীচৈতন্যমহাপ্রভু — ॥০
৭৬। বৈষ্ণবীজম্ — ।০
৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ফর — [illegible]
৭৮। দি ভাগবত — ।০
৭৯। ইকো টিস্ স্পিরিচুয়াল এণ্ড ভাগবতগ্রন্থ ডিভোশন — ।০
৮০। ব্রহ্মসংহিতা — ॥০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা — ৩্
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু — ৩্
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য — ১০্

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীশ্রী নামাচার্য্য — [illegible]
৮৫। সাধনপথ — ।০
৮৬। কল্যাণকল্পতরু — /১০
৮৭। গীতাবলী — /১০
শরণাগতি — /০
৮৯। শ্রীভক্তিরত্নাবলী — ।৵০
৯০। শ্রীশ্রীগীতাবলী — ।০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি — ।০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত — [illegible]

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

সজ্জন কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু-গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃত ভাষ্য-সহ সম্প্রতি প্রকাশিত হইয়াছে। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছে। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা [illegible] মাত্র।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ৬ মধুসূদন গৌরাব্দ ৪৫৫ ; ৪ঠা বৈশাখ, বঙ্গাব্দ ১৩৪৮, ১৭ই এপ্রিল, ইং ১৯৪১, বৃহস্পতিবার { ৩৭তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৬ মধুসূদন, আদি কারণোদশায়ী গৌরাব্দ ৪৫৫

প্রারব্ধ ও অপ্রারব্ধ

জীব সৃষ্টবস্তু নয়। জীব জড় নহে—চেতন। জীব কোন নির্দ্দিষ্টকালে সৃষ্ট হইয়াছে—এরূপ নয়। আত্মার জন্মমৃত্যু নাই। কর্ম্মফলবাধ্য জীব জন্মমৃত্যুর অধীন হইয়া থাকে। চেতন জীব অণু বলিয়া তাহার মায়াবশ-যোগ্যতা আছে। কর্ম্মফল-বশে জীব নিজেকে বদ্ধ মনে করিয়া মুক্তির জন্য চেষ্টা করে। স্থূল ও লিঙ্গ দেহে আত্মবুদ্ধি হইতেই জীবের সংসার। দেহাত্মবুদ্ধি হইতে কর্ম্মকাণ্ডের উদয় হয়। এই কর্ম্ম বিনাশ-যোগ্য হইলেও অনাদি। শুদ্ধ জীবাত্মার মুক্তিকামনা নাই। বদ্ধাভিমান হইতেই মুক্তির চেষ্টা হইয়া থাকে। কিন্তু বস্তুতঃ জীবাত্মা বদ্ধ নহে।

কর্ম্মফলই জীবের জন্ম-মৃত্যুর কারণ। প্রারব্ধ ও অপ্রারব্ধ—এই দুই রকম কর্ম্ম। যাহার ভোগকাল আরম্ভ হয় নাই, তাহাই অপ্রারব্ধ কর্ম্ম, আর যে কর্ম্মের ফল ভোগ হইতেছে, তাহাই প্রারব্ধ কর্ম্ম। জ্ঞানিগণের প্রারব্ধ কর্ম্মের নাশ না হওয়ায় তাঁহারা মুক্ত হইতে পারেন না, মুক্ত-অভিমানমাত্র করিয়া থাকেন। প্রারব্ধ কর্ম্মের ফলে তাঁহাদিগকে পুনরায় মর্ত্ত্যলোকে জন্মগ্রহণ করিয়া সুখ-দুঃখের অধীন হইতে হয়। শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু বলিয়াছেন,—

জ্ঞানী জীবন্মুক্ত দশা পাইনু করি' মানে।
বস্তুতঃ বুদ্ধি শুদ্ধ নহে কৃষ্ণভক্তি বিনে॥

প্রারব্ধ কর্ম্ম নাশ না হওয়া পর্য্যন্ত জীব মুক্ত হইতে পারে না। প্রারব্ধ কর্ম্ম জ্ঞান বা যোগদ্বারা নষ্ট হইতে পারে না। এই প্রারব্ধ কর্ম্মের হস্ত হইতে পরিত্রাণ পাইবার উপায় সম্বন্ধে শ্রীল রূপগোস্বামী প্রভু লিখিয়াছেন,—

যদ্ব্রহ্মসাক্ষাৎকৃতিনিষ্ঠয়াপি
বিনাশমায়াতি বিনা ন ভোগৈঃ।
অপৈতি নামস্ফুরণেন তত্তে
প্রারব্ধকর্ম্মেতি বিরৌতি বেদঃ॥

অর্থাৎ নিরবচ্ছিন্ন তৈলধারার ন্যায় ব্রহ্মচিন্তার ফলে ব্রহ্মসাক্ষাৎকার করিয়াও জীব ভোগ ব্যতীত প্রারব্ধ কর্ম্মের হস্ত হইতে মুক্তি লাভ করিতে পারে না। কিন্তু নিরপরাধে কৃষ্ণনাম জিহ্বায় উচ্চারিত হইবামাত্রই জীবের সমস্ত প্রারব্ধ কর্ম্ম নষ্ট হইয়া যায়—ইহা বেদ তারস্বরে কীর্ত্তন করিতেছেন। সুতরাং নিরপরাধে কৃষ্ণনাম-উচ্চারণকারী ভক্তকে আর কর্ম্মী প্রভৃতির ন্যায় জন্মমৃত্যুর অধীন হইতে হয় না। কৃষ্ণভক্তই বস্তুতঃ জীবন্মুক্ত। শ্রীমদ্ভাগবত বলিয়াছেন,—

মর্ত্ত্যো যদা ত্যক্তসমস্তকর্ম্মা
নিবেদিতাত্মা বিচিকীর্ষিতো মে।
তদামৃতত্বং প্রতিপদ্যমানো
ময়াত্মভূয়ায় চ কল্পতে বৈ॥
(ভাঃ ১১।২৯।৩৪)

ইহার তাৎপর্য্য এই যে, অনাদি কর্ম্মফলে জীব প্রপঞ্চে আগমনপূর্ব্বক প্রকৃতির গুণে চালিত হইয়া নানাবিধ শুভাশুভ কর্ম্ম করিয়া থাকে। সাধুসঙ্গফলে ঐ সকল মর্ত্ত্য জীব যখন নিজ ভ্রম বুঝিতে পারিয়া যাবতীয় কর্ম্মকাণ্ডে আসক্তি পরিত্যাগপূর্ব্বক, শ্রীগুরুপাদপদ্মে আত্মসমর্পণ করেন অর্থাৎ ইহকালে বা পরকালে 'আমি' ও 'আমার' বলিতে যাহা কিছু আছে, সমস্ত শ্রীগুরুপাদপদ্মে সমর্পণ করিয়া কৃষ্ণানুশীলনে প্রবৃত্ত হন, তখনই তিনি অমৃতত্ব লাভ করিয়া অর্থাৎ মুক্তিপ্রাপ্ত হইয়া ভগবৎ-সন্নিধানে তদীয় সেবার নিমিত্ত নিত্য-কাল অবস্থান করেন। এই শ্লোকের বিবৃতিতে শ্রীল প্রভুপাদ লিখিয়াছেন,—"আধ্যক্ষিক মরণশীল জীব যে কালে স্বীয় প্রাপঞ্চিক জ্ঞান ও কর্ম্মের চেষ্টা প্রভৃতি ছাড়িয়া ভগবানে আত্মসমর্পণ করেন, তখন ভগবৎপ্রাপ্তি-হেতু তাহার আর কোন অভাব থাকে না। তিনিও বৈকুণ্ঠস্বরূপ সেবায় বৈকুণ্ঠত্ব লাভ করেন এবং কুণ্ঠধর্ম্ম বা মায়িক ভোগে আর তাঁহাকে আবদ্ধ থাকিতে হয় না।" ভক্তগণ নিরন্তর চিন্ময় শরীরে ভগবানের সেবা করেন। শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু বলিয়াছেন,—

দীক্ষাকালে ভক্ত করে আত্মসমর্পণ।
সেইকালে কৃষ্ণ তাঁ'রে করে আত্মসম॥
সেই দেহ করে তাঁ'র চিদানন্দময়।
অপ্রাকৃত দেহে কৃষ্ণের চরণ ভজয়॥

শ্রীল কবিরাজ গোস্বামী প্রভুর এই বাক্যটী আলোচনা করিলে জানা যায় যে, ভক্তের দেহ চিদানন্দময়। মাতৃকুক্ষি হইতে যে দেহটী প্রপঞ্চে আগমন করিয়াছিল, তাহা আত্মসমর্পণ করিবামাত্রই অন্যের অলক্ষিত-ভাবে বিনষ্ট হইয়া যায়। শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুরও তাঁহার 'সারার্থদর্শিনী' টীকায় এই কথাই বলিয়াছেন। ব্রহ্মপুরাণ-পাঠে জানা যায়, দীক্ষামাত্রেই জীব মুক্তি লাভ করেন। কৃষ্ণাঙ্ঘ্রিলাভই সেই মোক্ষ।

যাঁহারা কায়মনোবাক্যে ভগবৎসেবায় নিযুক্ত করিয়াছেন, তাঁহারাই জীবন্মুক্ত। তাদৃশ জীবন্মুক্তের দেহ সচ্চিদানন্দময়। স্থূল-লিঙ্গদেহের ন্যায় সেই দেহের উৎপত্তি ও বিনাশ নাই। শ্রীল সনাতন গোস্বামী প্রভুও বলিয়াছেন,—ভক্ত বৈকুণ্ঠবাসী হউন, কিংবা যে কোন স্থানেই বাস করুন না কেন, তাঁহার সেবনোপযোগী সচ্চিদানন্দময় দেহ স্বতঃই প্রকাশ পাইয়া থাকে। ভক্তির স্ফূর্ত্তিতে তাঁহার পাঞ্চভৌতিক দেহ সচ্চিদানন্দরূপতা প্রাপ্ত হয়। তাদৃশ দেহের জন্ম-মৃত্যু ভগবানের সচ্চিদানন্দময় দেহের আবির্ভাবতিরোভাবের ন্যায়। যাহারা ভক্ত ও ভগবানের আবির্ভাবতিরোভাবকে কর্ম্মফলবাধ্য জীবের জন্ম মৃত্যুর ন্যায় মনে করেন, তাহারা মুক্তিলাভের পরিবর্ত্তে পুনঃ পুনঃ প্রপঞ্চ-ক্লেশ লাভ করিয়া থাকেন, মুক্ত হইতে পারেন না।

ভক্ত ও ভগবানের আবির্ভাব-তিরোভাব চিচ্ছক্তির আশ্রয়ে হইয়া থাকে, মায়াশক্তির আশ্রয়ে নহে। তাঁহারা আমাদের ন্যায় কর্ম্ম-ফলবাধ্য হইয়া জন্মগ্রহণ করেন না। আমরা যে প্রকার পাপপুণ্যফল ভোগ করিবার জন্য জন্মগ্রহণ করি, তাঁহাদের আবির্ভাব সেরূপ নয়। কর্ম্মফলবাধ্য বদ্ধজীবের জন্ম ও ভগবদ্ভক্তের আবির্ভাব দেখিতে বাহ্যতঃ একপ্রকার হইলেও উহা সম্পূর্ণ পৃথক্। শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভু কর্ম্মফলবাধ্য বদ্ধজীবের জন্মগ্রহণ ও সম্পূর্ণ ভগবদিচ্ছাক্রমে ভগবদ্ভক্তের যে জন্মলীলা, তন্মধ্যে কি পার্থক্য আছে, তাহা একটী লৌকিক দৃষ্টান্ত দ্বারা বুঝাইয়া দিয়াছেন। যেমন বাহ্যদৃষ্টিতে দুইটী ব্যক্তি শারীরিক ক্লেশ পাইতেছেন—ইহাদের মধ্যে একজন চোর, আর একজন সম্পূর্ণ সুস্থ, স্বতন্ত্র ইচ্ছাযুক্ত সম্রাট্। অপরাধী চোর রাজদ্বারে নীত হইয়া শাস্তিরক্ষকগণ-কর্ত্তৃক আক্রান্ত ও কিল ঘুসি খাইয়া উৎ-পীড়িত হইতেছে। সেটা তাহার অনিচ্ছা-সত্ত্বে। আর সম্পূর্ণ সুস্থ, স্বাধীন ও স্বেচ্ছাময় সম্রাট্ যে তাঁহার পরিচারকের

তাঁরা শরীরমর্দনাদি করাইতেছেন, তাহা অজ্ঞাত ব্যক্তিগণের অস্থ বাহ্যতঃ দেখিতে একপ্রকার হইলেও সেটা অনিচ্ছাসত্ত্বে ক্লেশভোগ বা ইচ্ছাপূর্ব্বক ক্লেশভোগ নয়—সেটা নিজসুখ বা বিলাসেরই রূপান্তর—নিজের সম্পূর্ণ ইচ্ছার অনুকূলে।

ভগবান্ ও ভক্তের লীলা আনন্দময়ী, তাহাতে নিরানন্দ নাই। সুতরাং তাঁহাদের আবির্ভাব ও তিরোভাবে যে কোন ক্লেশই হয় না, তাহা বলাই বাহুল্য। আরও শুনা যায়, বিড়ালী তাহার ছানাকে দন্তদ্বারা স্পর্শ করিলে তাহার ছানার ক্লেশ অনুভব হয় না, পরন্তু মাতৃদন্তস্পর্শজনিত সুখানুভূতিই হইয়া থাকে, তদ্রূপ ভক্তগণের আবির্ভাব-তিরোভাবজনিত কোন প্রকার ক্লেশ নাই।

ভক্তের হৃদয়েই ভগবানের অবস্থান। সেই ভক্তের সঙ্গই আমাদের একান্ত বাঞ্ছনীয় হওয়া আবশ্যক। ভগবদ্ভক্তের সঙ্গ হইতে বিচ্যুত হইয়াই জীব নশ্বর কারাস্বরূপ গৃহে আবদ্ধ হইয়া পড়ে। ভগবদ্ভক্ত বড় দয়াল। তিনি কৃপাপূর্ব্বক সংসারাসক্ত জীবকে স্বসঙ্গ প্রদানদ্বারা পরমানন্দ প্রদান করিয়া থাকেন। এই সৎসঙ্গই অসৎসঙ্গদূরীকরণ-রূপ নিঃসঙ্গ। কৃষ্ণবার্ত্তাসঙ্গই ইতরসঙ্গরহিত অসঙ্গ জানিতে হইবে। কর্ম্ম জীবের বন্ধন। ভগবান্ অথবা ভক্তের কৃপা হইলে এই বন্ধন হইতে মুক্তিলাভ হইতে পারে। ভাগ্যবান্ জীবগণ যখন ভগবৎকৃপায় সকল মঙ্গলপথে যাইবার জন্য উদ্‌গ্রীব হন, তখন ভগবদ্ভক্তগণ নানা ধাম আসিয়া উপস্থিত হন, যখন কি দেবতাগণও তাঁহাকে বাধা দিতে সমর্থ হন না। শ্রীমদ্ভাগবত বলেন,—

বিপ্রস্য বৈ সন্ন্যসতো দেবা দারাদিরূপিণঃ।
বিঘ্নান্ কুর্ব্বন্ত্যয়ং হ্যস্মানাক্রম্য সমিয়াৎ পরম্॥
(ভাঃ ১১।১৮।১৪)

অর্থাৎ এই সন্ন্যাসগ্রহণেচ্ছু পুরুষ আমাদিগকে অতিক্রম করিয়া পরব্রহ্মলাভ করিবে—এইরূপ চিন্তা করিয়া দেবগণ দারাদির বেশ ধারণপূর্ব্বক সন্ন্যাসগ্রহণেচ্ছু পুরুষের বিঘ্নাচরণে প্রবৃত্ত হইয়া থাকেন, কিন্তু তিনি তাহা গণনা করিবেন না।

শ্রীশ্রীল প্রভুপাদ এই শ্লোকের বিবৃতিতে লিখিয়াছেন,—"সাংসারিক বিচারে ফলদাতৃবর্গই দেবতা, তাঁ'রা বৈধ স্ত্রী পুত্রাদিরূপে জন্মগ্রহণপূর্ব্বক বদ্ধজীবকে কৃষ্ণভজন করিতে দেন না। কৃষ্ণভজনের জন্য যেকালে জীব সর্ব্বক্ষণ ভগবৎসেবাপর হন, তৎকালে স্ত্রী-পুত্রমিত্রাদির সজ্জায় দেবগণ বিঘ্ন করেন। যাঁহারা সংসারের প্রয়োজনীয়তাকেই ধর্ম্ম বলিয়া পরমার্থ হইতে জীবগণকে বঞ্চিত করেন। যাহাতে জীবগণের বৈরাগ্যাকৃতি ঘটে, সেইরূপ চেষ্টা ধর্ম্মের আবরণে, প্রয়োজনের ছলনায় প্রকৃত ভজনাভিলাষী সন্ন্যাসীকে বিপথগামী করায়।"

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

স্থূল শরীরের দ্বারা ভগবানের সেবা করা যায়,—ইহা যেন কেহ মনে না করেন। চক্ষু, কর্ণ প্রভৃতি স্থূল ইন্দ্রিয় বা মন প্রভৃতি সূক্ষ্ম ইন্দ্রিয়ের দ্বারা হরিভজন হয় না। কিন্তু এই কথাটি এই জগতের সম্বল। এজন্য শ্রীল রূপগোস্বামী প্রভু এই ইন্দ্রিয়সমূহ কিরূপে অতীন্দ্রিয় রাজ্যে পৌঁছিবার যোগ্যতা লাভ করিতে পারে, তজ্জন্য একটি কৌশল বলিয়াছেন,—'ইন্দ্রিয় যখন নিজ চেষ্টায় অতীন্দ্রিয়ে আরোহণ করিবার চেষ্টা করে, তখন তাহা অতীন্দ্রিয়ে পৌঁছিতে পারে না। এইজন্য আরোহবাদী অপ্রাকৃতের সন্ধান পায় না। কিন্তু ইন্দ্রিয় যখন অতীন্দ্রিয় রাজ্য অবতীর্ণ সেবোন্মুখতার আলোকে আলোকিত হয়, তখনই ইন্দ্রিয় অতীন্দ্রিয় বিষয় ধারণের যোগ্যতা লাভ হয়। তখন আর ইন্দ্রিয়ের ইন্দ্রিয়ত্ব থাকে না। ইন্দ্রিয় সেবোন্মুখতায় উদ্ভাসিত হইয়া অতীন্দ্রিয়ের অন্তঃপুরে প্রবেশের অধিকার লাভ করে।'

শ্রীগুরুপাদপদ্মের কৃপা হইলে কৃষ্ণ পাওয়া যায়। একমাত্র গুরুপাদপদ্ম ব্যতীত কৃষ্ণ দিবার ক্ষমতা আর কাহারও নাই। কৃষ্ণই প্রাপ্তিক কর্ত্তা, আর প্রযোজ্য কর্ত্তা শ্রীগুরুপাদপদ্ম।

বৈষ্ণবগণের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ হইলেন,—শ্রীগুরুপাদপদ্ম। তাঁহার উপদেশ নিত্যকাল শ্রবণ করা দরকার। তাঁহার উপদেশ শ্রবণ না করিলে ভক্তের ভাণ করা হইবে। বৈষ্ণবের অনুকরণ করা বা অসৎসঙ্গ করা উচিত নয়। তাঁহাদের অনুসরণ করিতে হইবে। ভক্ত ও অভক্ত, মুক্ত ও বদ্ধ বা সিদ্ধ ও অসিদ্ধ এক নয়। যেমন অসিদ্ধ চাউল খাওয়া যায় না, চাউল সিদ্ধ হইলে এবং তাহা সুভাবে খাইবার উপযুক্ত হয়, তদ্রূপ সিদ্ধ ভক্তগণের সঙ্গই সর্ব্বাপেক্ষা অধিক প্রয়োজনীয়।

কৃষ্ণের চরণ ছাড়া আমাদের অন্য উপায় নাই। কেবল হরিকথা শ্রবণ করিতে হইবে। হরিভজন কি, তাহা বুঝিতে হইবে। হরিকথা ব্যতীত অন্য সব কথাই কেবল সংসার বা মায়া।

কৃষ্ণের অনুসন্ধান করিতে হইলে আমাদিগকে সর্ব্বাগ্রে কার্ষ্ণের অনুসন্ধানের জন্য ব্রহ্মাণ্ড ভ্রমণ করিতে হইবে। শুদ্ধ বৈষ্ণবের পাদপদ্ম আশ্রয় না করার দরুণই—অবৈষ্ণবকে বৈষ্ণব বলার দরুণই আমাদের অসুবিধা হইতেছে।

ভগবান্ পূর্ণ পুরুষ। তাঁহার বিধানে কোন অসম্পূর্ণতার স্থান নাই। তাঁহার বিধান শিরে ধারণ করিলেই নিজ মঙ্গল লাভ হইবে। অসহিষ্ণু না হইলে আমরা সকলের নিকট হইতেই প্রয়োজনীয় জিনিষ পাইতে পারি। ভগবানের প্রীতি-সম্পাদনে যত্নবান্ হইলেই সমস্ত কষ্টের সমাধান হয়। আমাদিগকে এই জগৎ হইতে চলিয়া যাইতে হইবে—আমাদের নিত্য বসতিস্থল ব্রজে যাইতে হইবে। 'ব্রজ'-ধাতুর অর্থ চলা অর্থাৎ শ্রীগুরুপাদপদ্মের আনুগত্যে শ্রীরাধামাধবের অপ্রাকৃত কামবর্দ্ধনের জন্য সর্ব্বক্ষণ চেষ্টাশীল থাকিতে হইবে। নির্জ্জনভজনের প্রতি ঝোঁক হইলে অথবা হরিস্মরণ করিতে করিতে অন্যমনস্ক বা অলস হইয়া পড়িলে বৈষ্ণবসেবায় শিথিল বিচার বিশিষ্ট নির্ব্বিশেষবাদী হইয়া যাইতে হইবে। যাহারা আলস্যপ্রধান ব্যক্তি, তাহারা পরিণামে নির্ব্বিশেষবাদী হইয়া পড়ে।

হরিকথা বলাই জীবের প্রতি সর্ব্বশ্রেষ্ঠ দয়া। কৃষ্ণকীর্ত্তন হইলে কৃষ্ণের ইন্দ্রিয়তর্পণ হয়। কীর্ত্তন বলিলে নাম, রূপ, গুণ ও পরিকর বৈশিষ্ট্যের কীর্ত্তন বুঝিতে হইবে। কৃষ্ণনাম ও অন্য শব্দ এক মনে করা মহা অপরাধ। হরিভজনের প্রতিকূল জিনিষগুলি সর্ব্বদা বর্জ্জনীয়, আর ভজনের অনুকূল ছয়টি গুণও অর্জ্জন করা একান্ত আবশ্যক।

মায়ার কথা বা ভোগবার্ত্তা শ্রবণ করিতে করিতে আমাদের কাণ বোঝাই হইয়া আছে। অতএব এই অসুবিধাগুলিকে দূর করিবার জন্য এখন প্রচুরপরিমাণে হরিকথা শুনিতে হইবে। সাধুগুরুর মুখে চব্বিশ ঘণ্টা হরিকথা শ্রবণ করিতে হইবে। কৃষ্ণকীর্ত্তন করিলে চব্বিশ ঘণ্টাই কৃষ্ণের স্মরণ হইবে। বহির্ম্মুখ গৃহমেধীরা বুঝিয়া উঠিতে পারে না, কি করিয়া চব্বিশ ঘণ্টা হরিভজন হয়। আমাদের স্মরণ হয়, নিজের ভোগের কথা, কখন কৃষ্ণের স্মরণ হয় না। কৃষ্ণবিস্মৃতিকে undo করা উচিত। কৃষ্ণস্মৃতি হইলে সকল অনর্থ দূরীভূত হয়।

হরিকথা প্রথমে গুরুমুখে শ্রুত হইলে তবে কীর্ত্তন হইবে। হে জীব! হরিকথা সর্ব্বক্ষণ কীর্ত্তন কর, ত্যাগপন্থী হও—নির্জ্জনভজনের ছলনায় চুপ্ করিয়া বসিয়া থাকিলে অমঙ্গল হইবে। যাহারা হরিকীর্ত্তন করে না, তাহাদের সর্ব্বনাশ হইবে। যাহারা হরিকীর্ত্তন না করিয়া নামাপরাধ করে এবং চেঁচামেচি করিয়া পিত্তবৃদ্ধি করে, তাহারা নির্ব্বিশেষবাদী ঢুঁটোরাম হইয়া যাইবে। থিয়েটার, সিনেমা, টকি, ভাড়াটিয়া কথক, পাঠক, বক্তা, পণ্ডিত অথবা স্ত্রৈণ ও [illegible] ব্যতীত ইতর বিচারযুক্ত ব্যক্তির সঙ্গ ও কথা শ্রবণ করিলে হরিকথা শ্রবণ হয় না। ইহারা কেহই হরিকথা জানে না। প্রাকৃত সহজিয়ারা বিষয়কথা ও হরিকথাকে এক মনে করে। কৃষ্ণভজন বড় জিনিষ। যিনি কৃষ্ণের কৃপা লাভ করিয়াছেন, শ্রীহরি তাঁহার সর্ব্বস্ব হরণ করিয়াছেন, কৃষ্ণ তাঁহার শেষ আসক্তির বিষয়টুকুও অপহরণ করিয়াছেন, জানিতে হইবে। "যস্যাহমনুগৃহ্নামি হরিষ্যে তদ্ধনং শনৈঃ।" অর্থাৎ আমি যাহাকে কৃপা করি তাহার সর্ব্বস্ব হরণ করি।

শ্রীগুরুপাদপদ্মের কৃপা

শরণাগতিই বল। শরণাগতই বলী। অশরণাগতিই দুর্ব্বলতা। সংসার-ভোগ বা ত্যাগস্পৃহাও দুর্ব্বলতা। গুরুবৈষ্ণবভগবানে প্রপন্ন বা শরণাগত হইলে ভোগ ও ত্যাগ-প্রবৃত্তিরূপ দুর্ব্বলতার হস্ত হইতে রক্ষা পাওয়া যায়। বলদেবাভিন্ন শ্রীগুরুপাদপদ্মে শরণাগত হইলে তিনি কৃপাপূর্ব্বক আমাদের মধ্যে বলসঞ্চার করিবেন এবং আমাদিগকে সবল করিয়া তাঁহার সেবায় নিযুক্ত করিবেন।

শ্রীগুরুপাদপদ্ম কৃষ্ণের আকর্ষণী শক্তি। তিনি প্রত্যেক জীবকে আকর্ষণ করিয়া কৃষ্ণসেবায় নিযুক্ত করেন। আর মায়া দুর্ব্বল জীবকে প্রলোভন দেখাইয়া অসদ্বিষয়ের দিকে আকর্ষণ করে। কিন্তু তাহার আকর্ষণ দুর্ব্বল অশরণাগতের উপর। শ্রীগুরুপাদপদ্মে শরণাগত জীবের নিকট মায়া নত—সেখানে তাহার আকর্ষণ পরাভূত। শ্রীগুরুপাদপদ্ম সকল জগতের আকর্ষকশিরোমণি কৃষ্ণকে পর্য্যন্ত স্বীয় প্রেমসেবাদ্বারা আকৃষ্ট করিয়া ২৪ ঘণ্টা হৃদয়ে রাখেন। অজিত ভগবান্ একমাত্র শ্রীগুরুপাদপদ্মেরই প্রেমসেবায় মুগ্ধ—বশীভূত। 'কৃষ্ণ সে তোমার, কৃষ্ণ দিতে পার, তোমার শকতি আছে।' কৃষ্ণপ্রদানের ক্ষমতা একমাত্র শ্রীগুরুপাদপদ্মেরই আছে। শ্রীগুরুপাদপদ্ম আমাদের প্রত্যেকের মূর্খতা, অজ্ঞতা, অপটুতা, দুর্ব্বলতা ইত্যাদি সবই অবগত আছেন। সুতরাং আমাদের নিজ নিজ দুর্ব্বলতা বা অপটুতার জন্য হতাশ হইবার কিছু নাই। আমাদের হৃদয়ের মধ্যে হরিভজনময় চিত্তবৃত্তি কোথায় কতটুকু আছে, না আছে সবই তিনি পূর্ণমাত্রায় জানেন এবং কিভাবে আমরা তাঁহার সেবার উপযুক্ত হইতে পারি, তজ্জন্য তিনি কৃপাপূর্ব্বক কখনও তীব্র শাসনবাণী প্রয়োগ, কখনও হরিকথাকীর্ত্তন, কখনও ব্যক্তিগতভাবে উপদেশ প্রদান এবং দেশ, কাল ও পাত্র-নির্ব্বিশেষে প্রত্যেক সেবককে হরি-ভজনের সর্ব্ববিধ সুযোগ প্রদান করিতেছেন। মঙ্গললাভে নিতান্ত অনিচ্ছুক, অশরণাগত আমাদিগকে কৃষ্ণসেবার সুযোগ দিবার জন্য তাঁহার কত চেষ্টা! তাঁহার কৃপার কি শেষ আছে? এখন আমাদের কর্ত্তব্য অবনতমস্তকে তাঁহার সকল ব্যবস্থা মাথায় আন্তরিকতার সহিত বরণ করা। তিনি আমাদিগকে যেখানে রাখুন, যে ভাবে রাখুন, যে কার্য্যে নিযুক্ত করুন—সবই তাঁহার কৃপা। তাঁহার প্রত্যেক

কার্য্যই আমাদিগকে কৃষ্ণসেবা প্রদানের জন্য। তাঁহার কৃপাশাসনবাণী আপাত কঠোর হইলেও তাঁহার অন্তরালে সেবকগণের প্রতি প্রগাঢ় স্নেহ রহিয়াছে। তাঁহার এই অপ্রাকৃত সেবক-বাৎসল্য একমাত্র তাঁহার কৃপায়ই আমরা লক্ষ্য করিবার সৌভাগ্য পাই। আমরা যদি সরল ও নিষ্কপট হইয়া সর্ব্বস্ব সমর্পণপূর্ব্বক তাঁহার অযাচিত কৃপার কাঙ্গাল হইতে পারি,—

"গুরুদেব!

আমি ত' তোমার জন।

তোমারে ছাড়িয়া, সংসার ভজিনু,

ভুলিয়া আপন ধন॥

গুরুদেব!

তুমি ত' সকলি জান।

আপনার জনে, দণ্ডিয়া এখন,

শ্রীচরণে দেহ' স্থান॥

গুরুদেব!

নিয়ত চরণে স্থান।

মাগে এ পামর, কাঁদিয়া কাঁদিয়া,

করহে করুণা দান॥

—এই বালকা যদি নিরন্তর বিজ্ঞপ্তি জানাইতে পারি, তাহা হইলে তাঁহার কৃপা নিশ্চয়ই লাভ করিব। আমরা সব বলভরসা ছাড়িয়া তাঁহার পাদপদ্মকেই একমাত্র আশ্রয়স্থল বলিয়া জানিব। সর্ব্বক্ষণ আকুল ক্রন্দনই তাঁহার কৃপালাভের একমাত্র উপায়। তিনি অতিশয় দয়াল। তিনি চান না যে, আমরা নিরাশ্রয় হইয়া তাঁহার কোটিচন্দ্রসুশীতল শ্রীপাদপদ্মছত্র আমাদের জন্য সর্ব্বক্ষণ উন্মুক্ত থাকিতে আমরা ত্রিতাপজ্বালা ভোগ করি। তিনি আমাদিগকে আশ্রয় দিবার জন্য সর্ব্বক্ষণ তাঁহার কৃপাহস্ত উত্তোলন করিয়া রাখিয়াছেন। তিনি মহামহাবদান্যাবতার। নিরাশ্রয়, পতিত, দুর্ব্বল, অসহায় আমাদের কাতর ক্রন্দন দেখিয়া তিনি স্থির থাকিতে পারেন না। সর্ব্বতোভাবে অসহায় আমরা একমাত্র শ্রীগুরুপাদপদ্মের কৃপাকেই সম্বল করিব। আমরা এ জগতের কাহারও নিকট কৃপাভিখারী নহি। শ্রীগুরুপাদপদ্মের কৃপা তদনুগত শুদ্ধ বৈষ্ণবের কৃপাসাপেক্ষ। যিনি গুরুদেবতাত্মা, যিনি নিজেকে গুরুপাদপদ্মের সঙ্গে সম্পূর্ণরূপে খাপে খাপে মিলাইয়াছেন, যিনি গুরুপাদপদ্মের হৃদয়ে প্রবেশ করিয়াছেন, সেইরূপ শুদ্ধবৈষ্ণবের আনুগত্যে, তাঁহার শাসন ও নিয়মনের মধ্যে থাকিয়া নিরন্তর হরিকথা শ্রবণ-কীর্ত্তনমুখে গুরুসেবা করিতে হইবে। আনুগত্যই বৈষ্ণবধর্ম্মের প্রাণ। শ্রেষ্ঠ বৈষ্ণবের নিরন্তর আনুগত্য ব্যতীত হরিভজনের পথে একপদও অগ্রসর হওয়া যায় না। হরিভজনের পথে অগ্রসর হইতে হইলে অপতিত আদর্শের অনুসরণ একান্ত আবশ্যক। অপতিত আদর্শ একমাত্র শ্রীগুরুপাদপদ্ম ও তদনুগত শুদ্ধ বৈষ্ণব। সম্মুখে আদর্শ না থাকিলে নিজে নিজে হরিভজনে উন্নতি লাভ করা যায় না। যাঁহার নিকট উপস্থিত হইলে আমি হৃদয়ে অসামর্থ্যপূর্ণ বল লাভ করি—যাঁহার বীর্য্যবতী বাণী আমার আলস্য, জাড্য, নিরুৎসাহিতা ও দ্বিতীয়াভিনিবেশাদি সমস্ত অযোগ্যতা ছাপাইয়া আমার উপর প্রভুত্ব বিস্তার করিয়া আমাকে গুরুসেবা করিবার একটা প্রবল প্রেরণা প্রদান করে, আমি নিজে সাধন করিয়া যতটুকু অগ্রসর হই, যাঁহার দর্শনেই আমি তদপেক্ষা কোটীগুণ দ্রুতগতিতে শ্রীগুরুপাদপদ্মের দিকে অগ্রসর হইয়া যাই, সেইরূপ গুরুসেবকের নিত্য আনুগত্যে থাকিয়া গুরুসেবা করিতে হইবে। তাই প্রার্থনা,—

বৈষ্ণবের পায়ে মোর এই মনস্কাম।

জন্মে জন্মে প্রভু মোর হউ বলরাম॥

আমি ত' দুর্ভাগা অতি বৈষ্ণব না চিনি।

মোরে কৃপা করিবেন বৈষ্ণব আপনি॥

শ্রীগুরুচরণে মোরে ভক্তি কর দান।

যে চরণবলে পাই তত্ত্বের সন্ধান॥

নিষ্কপট মতি, বৈষ্ণবের প্রতি

এই ধন্য কবে পাব।

কবে এ সংসার- সিন্ধু পার হ'য়ে,

তব ব্রজপুরে যাব॥

শ্রীশ্রীহরিগুরুবৈষ্ণব-বন্দনার রীতি

---:(•):---

ইতঃপূর্ব্বে শ্রীশ্রীগুরুপরম্পরা কীর্ত্তনের শেষাংশ পরমপূজনীয় শ্রীল ভক্তিসুধাকর প্রভুর প্রথিত পদানুসারে সংশোধন করিবার জন্য শ্রীমঠসেবকগণের নিকট বিজ্ঞাপিত হইয়াছে, এতৎপ্রসঙ্গে শ্রীহরিগুরুবৈষ্ণববন্দনার রীতিও পরম্পরাধারা শ্রীশ্রীগুরুবর্গের আচার ও বিচারানুসারে বিজ্ঞাপিত হইতেছে।

শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভু "বন্দন"কে অর্চ্চনাঙ্গরূপে গণিত করিয়াও কীর্ত্তন ও স্মরণে স্থান স্বতন্ত্ররূপেও উহা অন্তর্ভুক্তযোগ্য বলিয়া কীর্ত্তন করিয়াছেন। যাঁহারা শ্রীহরি-গুরুবৈষ্ণবের অনন্ত গুণৈশ্বর্য্য শ্রবণ হেতু তদীয় পরিচর্য্যাসন্ধান, পাদসেবা পর্য্যন্তও দৈন্য-ভাবাপন্ন হইয়া কেবলমাত্র নমস্কারেই অধ্যবসায়যুক্ত, তাঁহাদের জন্য বন্দনের পৃথক্ বিধান হইয়াছে। এই নমস্কার কায়মনোবাক্যেই বিধেয়।

আমরা অনর্থযুক্ত জীব, আমাদের কায়, মনঃ ও বাক্য সমভাবে দণ্ডিত না হইলে মনের কথারসমূহ বিদূরিত হয় না। এইজন্যই শাস্ত্র সাষ্টাঙ্গ প্রণাম, অভ্যুত্থান, অনুব্রজ, শ্রীবিগ্রহের অগ্রে নৃত্য, তীর্থে গমন, পরিক্রমা, স্তব-পাঠাদির ব্যবস্থা করিয়াছেন। যেমন আরাত্রিক-দর্শন, শ্রীবিগ্রহ-দর্শন, অভ্যুত্থান, অনুব্রজ্যা, ভগবদ্গৃহে গমন, পরিক্রমা, নগর-সঙ্কীর্ত্তন প্রভৃতি দণ্ডায়মান হইয়া করিতে হয় অর্থাৎ ঐ সকল পাদসেবন ভক্তির অন্তর্গত, তদ্রূপ শ্রীহরি-গুরু-বৈষ্ণবের শ্রীবিগ্রহের সম্মুখে বা শ্রীমদ্ভাগবতপ্রবণ সদনে দণ্ডায়মান হইয়া অথবা সজলনয়নভাবে শ্রেণীবদ্ধ হইয়া অভ্যুত্থানের সহিত শ্রীশ্রীহরি-গুরু-বৈষ্ণবের বন্দনা করিলে তাহাতে হৃদয়ে স্বভাবতঃই সম্ভ্রমের ভাব প্রকাশিত হয়। 'পাদসেবন'-ভক্তিকে লঙ্ঘন করা কোনরূপেই বিধেয় নহে। তবে অশক্ত অসমর্থ বা রুগ্নের পক্ষে স্বতন্ত্র কথা। তাহা ব্যক্তিগত বিচার।

অতএব পূর্ব্ব গুরুবর্গ, শ্রীশ্রীল আচার্য্যদেব ও সম্প্রদায়ের আদর্শ আচার-অনুসরণে তাঁহাদের পদধূলিস্থানে শ্রীহরি-গুরু বৈষ্ণবের বন্দনা করিবার কালে সকলেরই দণ্ডায়মান হইয়া করযোড়ে আর্ত্তির সহিত আত্মনিবেদনপূর্ণ ও দৈন্যাত্মক বৃত্তিতে তাঁহাদের স্তব কীর্ত্তন করিতে হইবে। শ্রীবৈকুণ্ঠে শ্রীগরুড়, শ্রীঅযোধ্যাবৈকুণ্ঠে শ্রীহনুমান, শ্রীলক্ষ্মণাদি, শ্রীগৌর-লীলায় শ্রীবাসাদি ভক্তবৃন্দ—সকলেই এইভাবে বন্দন-রীতি প্রদর্শন করিয়াছেন।

শ্রীশ্রীগুরুবৈষ্ণবকৃপাবিন্দুপ্রার্থী

প্রণত দাসাভাস

শ্রীসুন্দরানন্দ দাস

শ্রীচৈতন্যমঠে হরিকথা

---::•::---

পরমারাধ্যতম পতিতপাবনশিরোমণি গৌরনিজজন শ্রীশ্রীল আচার্য্যদেব শ্রীধামমায়াপুর শ্রীচৈতন্যমঠে অবস্থানপূর্ব্বক প্রায় অধিকাংশ সময়ই শ্রীধামবাসী ভক্তগণের নিকট হরিকথা কীর্ত্তন করিতেছেন এবং প্রশ্নোত্তরমুখে সকলের সকল সমস্যার সমাধান করিয়া দিতেছেন। তাঁহার দেবদুর্লভ সঙ্গলাভের সৌভাগ্য পাইয়া ভক্তগণের আনন্দের সীমা নাই। এতদ্ব্যতীত প্রত্যহ সংকীর্ত্তনমুখে মঙ্গলারাত্রিকসমাপনান্তে অবিদ্যাহরণ নাট্য-মন্দিরে শ্রীশ্রীহরিগুরুবৈষ্ণববন্দনান্তে গুরু-পরম্পরা, পঞ্চতত্ত্ব ও কৃপাভিক্ষাসূচক বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তনের পর শ্রীপাদ অধমন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু কোনদিন শ্রীচৈতন্যভাগবত ও কোনদিন শ্রীচৈতন্যচরিতামৃত-গ্রন্থ সহজ ও সরল ভাষায় পাঠ ও সুন্দরভাবে ব্যাখ্যা করিতেছেন। অপরাহ্ণ ২ ঘটিকার সময় গুরুবৈষ্ণববন্দনা, 'শ্রীগুরুচরণপদ্ম', পঞ্চতত্ত্ব ও মহাজনপদাবলী কীর্ত্তন হইলে শ্রীপাদ জগন্নাথ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী শ্রীচৈতন্যভাগবত ও শ্রীশ্রীল প্রভুপাদ ও শ্রীশ্রীল আচার্য্যদেবের সদুপদেশপূর্ণ ভূপনমণ্ডল হরিকথা আলোচনা করিতেছেন। সন্ধ্যারাত্রিকের পর গুরুবৈষ্ণব-বন্দনা, গুর্ব্বষ্টক, পঞ্চতত্ত্ব ও শরণাগতিময় মহাজনপদাবলীকীর্ত্তনান্তে শ্রীগুরুনিলয় ভক্তিশাস্ত্রীজী শ্রীমদ্ভাগবত হইতে শ্রীপ্রহ্লাদ মহারাজের অতিমর্ত্ত্য চরিতকথা ও উপদেশাবলী পাঠ ও ব্যাখ্যা করিতেছেন। এতদ্ব্যতীত মঠবাসী ভক্তগণ বিভিন্নস্থানে হৃদয়গ্রাহিভাবে হরিকথা আলোচনা করিতেছেন। শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপায় শ্রীধাম সর্ব্বক্ষণ হরিকীর্ত্তনমুখরিত হইয়া আছেই, তাহা ছাড়া গত ১লা বৈশাখ হইতে শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপায় শ্রীধামের সর্ব্বত্র বিশেষভাবে হরিকথা আলোচনা হইতেছে। সাধুসঙ্গের এরূপ সুবর্ণসুযোগ আর দেখা যায় না।

পাটনায় প্রচার

গত ৩রা এপ্রিল বৃহস্পতিবার শ্রীগৌড়ীয়-মঠের অন্যতম প্রচারক শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী শ্রীগুরুবৈষ্ণবের নির্দ্দেশানুসারে পাটনা শ্রীগৌড়ীয়মঠে আগমন-পূর্ব্বক প্রতিদিন প্রাতঃে, অপরাহ্নে ও সন্ধ্যায় শ্রীচৈতন্যভাগবত, শ্রীনবদ্বীপ প্রকাশ প্রভৃতি ভক্তিগ্রন্থ পাঠ ও ব্যাখ্যা করিতেছেন। এতদ্ব্যতীত সহরের বিভিন্নস্থানেও পাঠ ও কীর্ত্তন হইতেছে।

গত ৫ই এপ্রিল, শনিবার স্থানীয় সুপ্রসিদ্ধ ভক্ত শ্রীযুত হরেন্দ্রনাথ পালিত মহোদয়ের গৃহে শ্রীমদ্ভাগবত পাঠ হয়। গুরুবৈষ্ণববন্দনা ও মহাজনপদাবলী কীর্ত্তনান্তে শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী শ্রীমদ্ভাগবত হইতে 'ধ্রুব' উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করেন।

৯০।	শ্রীগৌড়ীয়বাণী	॥০

তামিল ভাষায় প্রকাশিত

৯১।	শরণাগতি	॥০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২।	শ্রীচৈতন্যশিক্ষামৃত	২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	॥০	।৶০	।৶০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	১৷০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অৰ্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

তিমাসে প্রতি ইঞ্চি ৬৲	৪॥০
" সিকি কলম ১৫৲	১২৲
" অৰ্দ্ধ কলম ২৪৲	১৮৲
" এক কলম ৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৵৹, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয় সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ গ্রেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মডার্ণ প্রিণ্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিয়াছেন, তাহা এই গ্রন্থে। অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১৷০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা।

প্রাপ্তিস্থান—মডার্ণ প্রিণ্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ টিকা পদ্যানুবাদসহ মায়াপুর শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষামাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সান্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭৷০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬৷০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কনসেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবেশিত হইয়াছে। এই গ্রন্থ মহোপদেশক শ্রীমদ্ নিশিকান্ত সান্যাল তীর্থ মহোদয় লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৮৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অনুবাদ সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আর্ত্ত পরমার্থিকের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে সব বিশেষত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের সারাংশ... অন্বয় গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গানুবাদ তাহার প্রতিপক্ষ তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর নদীয়া।

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রত্ন-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই. বি. রেলে কালকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

(শনিবার ব্যতীত / শনিবার অন্য দিন)

কলিকাতা ছাঃ	৫-৫৬	৬-২১	৭ ১৪	১৩-১৬	১৫-১৬	১৬ ০৩	১৭-৫৬	২১ ২৬
দমদম	৪ ৫৬	৬-৩১	৭ ২৮	১৩ ২৯				২১ ৪৯
রাণাঘাট পৌঃ	৬ ১২	৭ ৫৮	৯-১৮	১৪ ৫০	১৬ ৪৮	১৮-০১	১৯-৩৫	০ ২৫
(বদল) ছাঃ	...	...	৯-৩৩	...	...			
কৃষ্ণনগর পৌঃ	৬ ৫৯	৮-৪০	১০-৬	১৫ ৩৮	১৭ ৩১	১৯ ১৫	২০-২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-১৬	১৪ ৫০	১৭-৪০		২০-৩০		
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১৫-২৫	১৮-১৫		২১ ৫		
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫ ৩৩	১৮ ২৩		২১ ১৩		

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম "	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
" ছাঃ	১২ ৫৬
শান্তিপুর পৌঃ	১৩-২৪
(বদল) ছাঃ	১৩ ৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫ ৩৩

ডাউন

(শনিবার ব্যতীত / শনিবার অন্য দিন)

নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪	৯-০২			১৬ ৯	১৬ ৩০	১৮-৩৮	
মহেশগঞ্জ "	৬ ২৯	৯-২১			১৬-১২	১৬ ৪০	১৮ ৪৭	
কৃষ্ণনগর পৌঃ	৬ ৫৭	৯-৫৫			১৬-৫৬	১৭ ১৭	১৯-২৯	
(বদল) ছাঃ	৫-০১	৭-১০	৮ ৫২	১১-১৬	১৫-৪	১৬ ৫৯	১৯-০৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪ ১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৪৫	১৭-৩০	২০ ৩	২১-১৯
(বদল) ছাঃ	...				১৫-৫৬	১৭-৪২		...
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১ ২৬	২২ ৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৫৬	১৯ ১৯	২১ ৪০	০-৩০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪-১
মহেশগঞ্জ "	১৪-১০
কৃষ্ণনগর পৌঃ	১৪-৪৪
ছাঃ	১৫-৩১
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩ ষাণ্মাসিক ১৸০ টাকা মাত্র।

২। ভাগবত ভিজিয়ানাগার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয় পত্রিকা শ্রীযুক্ত নরনাথ বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। ঢাকা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবিহিত অনাবৃত বাংলার মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম প্রভুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীমুখোক্ত উপদেশ তথা দেশের বহুদেশসমূহের শ্রেষ্ঠ পণ্ডিত ও মনীষী সজ্জনগণ যে সকল প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছেন, তাহার সুমীমাংসিত সিদ্ধান্তসমূহ এই গ্রন্থে প্রকাশ হইয়াছে। শ্রীশ্রীমৎ প্রভুপাদের সুললিত বদনে ও তত্ত্বপূর্ণ সিদ্ধান্তবাণীতে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণভক্তিরত্নাকর আচার্য্যবরের সিদ্ধান্তসমূহের অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই পাঠ্য।

ভিক্ষা— ৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
২৪৩, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস
কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস
ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণবাসী সুস্থ, পল্লীবাসীর আনন্দের একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি খুব অত্যন্ত অধিক। লিভার, প্লীহা-সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৸০ দশ আনা, বড় বোতল ১৷০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
বেহালা, ২৪ পরগণা

টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

REGD NO. C 1544

শ্রী শ্রীভক্তিরত্নমালা
—০ঃ—
শ্রীল রাধারমণ ভক্তি-সুধাকর এম-এ সঙ্কলিত। এই গ্রন্থ কথামৃত, বিস্তৃত ভূমিকা ও সূচীসহ অতি সুন্দর-রূপে প্রকাশিত হইয়াছে। ঈশ, কেন, কঠাদি দশম উপনিষদের অভিনব সংস্করণ। ভিক্ষা মাত্র ১৷০ টাকা।
প্রাপ্তিস্থান—
মধুরা প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—আরামী, ঢাকা

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

শ্রীচৈতন্যদেব
—ঃ০ঃ—
স্বয়ং ভগবান শ্রীচৈতন্য-মহাপ্রভুর জীবনী ও শিক্ষার কথা সুন্দরভাবে সরলভাবে লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট কাগজে সুন্দর বাঁধাই।
৩য় সংস্করণ; ভিক্ষা ১৷০
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৬শ খণ্ড] মায়াপুর ৮ই বৈশাখ ১৩৪৮, ২১শে এপ্রিল, ১৯৪১ সোমবার [৩৭তম সংখ্যা

নানা-সংবাদ

—::(০)::—

ছাত্রীদের পরীক্ষায় কৃতিত্ব

কলিকাতার কতিপয় সংবাদ-পত্র মন্তব্য করিয়াছেন যে, প্রবেশিকা-পরীক্ষায় আজকাল ছাত্রগণ ছাত্রীদের সহিত সংখ্যা বা যোগ্যতায়, কোন রকমেই যেন আঁটিয়া উঠিতে পারিতেছে না। আমরা ছাত্রীদের এই কৃতত্বের কথায় আনন্দিত, সন্দেহ নাই। কিন্তু যখন দেখি, ছাত্রীরা ছাত্রদের সহিত একই পাঠ মুখস্থ করিয়া তাহাদের শতকরা নম্বর অনেকও অধিক নিজেদের স্বাস্থ্য অটুট রাখিতে পারিতেছে না, অনেকেই তাহা বিশেষভাবে ভাঙ্গিয়া পড়িতেছে, আমাদের সে আনন্দে দুর্ভাবনার ছায়া পতিত হয় এবং ছাত্রদের পাঠপ্রকরণ যে ছাত্রীদের একেবারেই অযোগ্য, উহাতে তাহাই বিশেষভাবে প্রতিপন্ন হয়। সুতরাং যতদিন না ছাত্রীদের পাঠ-প্রকরণ পৃথক ভাবে নির্দ্দিষ্ট হইয়া তাহারা স্বাস্থ্য অটুট রাখিয়া অধীত বিদ্যায় কৃতিত্ব প্রদর্শন না করেন, ততদিন এ বিষয়ে প্রকৃত আনন্দলাভ সম্ভাবিত হইতে পারে না।

ভিক্টোরিয়া-মার্কা টাকা

১৯৪১ সালের ৩১শে মার্চ্চ তারিখের পর ভিক্টোরিয়া মার্কা টাকা অচল হইয়া যাইবে বলিয়া নির্দ্দেশ ছিল। কিন্তু এই টাকা আরও ছয়মাসকাল অবাধ চলতি থাকিবে বলিয়া নির্দ্দেশ দেওয়া হইয়াছে। ৩০শে সেপ্টেম্বর (১৯৪১) পর্য্যন্ত ট্রেজারী এবং কোর্ট অফিসে উক্ত টাকা গ্রাহ্য হইবে। ষ্টেট রেলওয়েগুলির ষ্টেশনেও ভাড়া ও মাশুল বাবদ ভিক্টোরিয়া টাকা গ্রহণ করিবার জন্য ব্যবস্থা করা হইতেছে। ৩০শে সেপ্টেম্বর (১৯৪১) তারিখের পর অবশ্য উহা রিজার্ভ ব্যাঙ্কের বোম্বাই ও কলিকাতা অফিস ছাড়া অন্য কোথায়ও গ্রাহ্য হইবে না।

ই, বি রেলের আয়বৃদ্ধির জন্য

বিগত ১৩ই মার্চ্চ কলিকাতায় ইষ্টার্ণ বেঙ্গল রেলওয়ের জেনারেল ম্যানেজারের সভাপতিত্বে স্থানীয় পরামর্শ-কমিটির এক বৈঠক হইয়া গিয়াছে। তাহাতে জেনারেল ম্যানেজার তাঁহার বক্তৃতায় বলেন যে, ই বি রেলের আয় ক্রমে বৃদ্ধি পাইতেছে। গত ফেব্রুয়ারীতে আয়ের পরিমাণ দাঁড়াইয়াছে ৪৯৫ লক্ষ টাকা। গত বৎসরের ফেব্রুয়ারীর তুলনায় আয় শতকরা ১৯°৭ ভাগ বৃদ্ধি পাইয়াছে। পার্ক সার্কাসে একটি ফ্ল্যাগ ষ্টেশন স্থাপন, চট্টগ্রাম ষ্টেশনে একটি সাইডিংএর ব্যবস্থা, নীলম টিকেট ফটোগ্রাফের ব্যবস্থা, কোন কোন ষ্টেশনে ইণ্টার ক্লাসের যাত্রীদের জন্য ১ম ও দ্বিতীয় শ্রেণীর ওয়েটিং রুমের ব্যবহারের অনুমতি প্রভৃতি বিষয়ে সভায় আলোচনা হইয়াছিল। সুতরাং ই-বি-আর কর্তৃপক্ষ যে নিম্নশ্রেণীর ভাড়া হ্রাস ও তাহাদের সমধিক সুযোগ-সুবিধার ব্যবস্থায় মনোযোগ দিতে পারেন নাই, তাহাতে দরিদ্র জনসাধারণের আর আক্ষেপ করার কিছু নাই।

ঐতিহাসিক তথ্যপূর্ণ পত্রাবলী আবিষ্কার

আসাম, কাছাড়, মণিপুর, কুচবিহার ও ভুটানের অষ্টাদশ শতাব্দীর শেষভাগ, ঊনবিংশ শতাব্দীর প্রথম ভাগের ঐতিহাসিক তথ্যসম্বলিত কতগুলি পত্র সম্প্রতি আবিষ্কৃত হইয়াছে। ঐ পত্রগুলিকে ইম্পীরিয়াল রেকর্ড বিভাগে রাখা হইয়াছে। কতকগুলি পত্রে রাজা রামমোহন রায়কে রংপুরের কালেক্টর মিঃ ডিকবীর দেওয়ান বলিয়া বর্ণনা করা হইয়াছে। যে ১৮১৫ খৃঃ রামমোহন রায় কৃষ্ণকান্ত বসু নামে এক ভদ্রলোকের সহিত ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর এজেণ্টরূপে ভুটান পরিদর্শনে গিয়াছিলেন। এই পত্রের তথ্য রাজা রামমোহন রায়ের জীবনচরিত-সম্বন্ধে যে মতভেদ ছিল তাহা নিঃসন্দেহরূপে দূর করিবে।

কুচবিহারের মহারাজা ও তাঁহার সেনাপতির মধ্যে গৃহ-যুদ্ধের বিবরণ কতকগুলি পত্রে বর্ণিত হইয়াছে। আসামের রাজা গৌরীনাথের রাজত্বকালে যে অশান্তির সৃষ্টি হইয়াছিল, কতকগুলি পত্রে তাহার বর্ণনা আছে।

ইম্পিরিয়াল রেকর্ডকীপার ডাঃ এস, এন, সেন এই পত্রগুলি বর্ত্তমানে পরীক্ষা করিতেছেন। এই পত্রগুলি কলিকাতা বিশ্ববিদ্যালয়-কর্ত্তৃক প্রকাশিত হইবে।

কাটোয়ায় দুর্ভিক্ষের ছায়া

সুদীর্ঘকাল অনাবৃষ্টির ফলে এবার বর্দ্ধমান জেলায়, তন্মধ্যে বিশেষ করিয়া কাটোয়া মহকুমার সর্ব্বত্র যে দুর্ভিক্ষের করালছায়া পতিত হইতে দেখা যাইতেছে তাহা নিশ্চয়ই জনসাধারণের দৃষ্টি আকর্ষণ করিয়াছে। কলিকাতা প্রবাসী এই জেলার সদাশয় মহানুভবগণের দ্বারা শ্রীযুক্ত প্রমথনাথ বন্দ্যোপাধ্যায় এম এল এ মহাশয়কে সভাপতি করিয়া ইতিপূর্ব্বে একটি কেন্দ্রীয় বর্দ্ধমান জিলা দুর্ভিক্ষ সাহায্য সমিতি গঠিত হইয়াছে। ঐ সমিতির সহযোগিতায় দুর্ভিক্ষপীড়িত কাটোয়া মহকুমাবাসীদিগকে যথাসাধ্য সাহায্য করিবার আশায় শীঘ্রই একটি মহকুমা দুর্ভিক্ষ সাহায্য সমিতি গঠনহেতু গত ১৮ই এপ্রিল শুক্রবার সন্ধ্যা ৭ ঘটিকায় কাটোয়ায় একটি সভা হইয়া গিয়াছে। ঐ সভায় কর্ম্মকর্ত্তাদের নির্ব্বাচনে সমিতির গঠনকার্য্য পূর্ণ হইয়াছে ও বুভুক্ষু নরনারীগণের জীবনরক্ষার উপায় উদ্ভাবিত হইয়াছে।

বুজরুক কীর্ত্তিতে সভা

গত ১০ই এপ্রিল সন্ধ্যার সময় বর্দ্ধমান জেলার বুজরুকদীঘী ইস্কুল কম্পাউণ্ডে হোমিওপ্যাথিক চিকিৎসা বিজ্ঞানের প্রবর্ত্তক মিঃ হ্যানিম্যানের জন্মদিবস উপলক্ষে এক সভা হইয়া গিয়াছে। সভায় বহু চিকিৎসক ও বিশিষ্ট ব্যক্তিগণ যোগদান করিয়াছিলেন।

NOTICE

Large number of Viceroy's commissioned officers for the Royal Indian Army Service Corps will be recruited soon.

Apply to the District Magistrate of Nadia immediately.

Sd/ S. K. Dey.
District Magistrate,
Nadia.

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের সংস্কৃতের ভূতপূর্ব্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক বিদ্যালীলাসরিৎ মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায় বৈভবাচার্য্য, এম-এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। ৭৫।৭৬টি আদর্শ ও সুচিত্রিত প্রধান নানাচিত্র বিচার চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য ভারতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড ৩১৩ অধ্যায়ে সম্পূর্ণ পৃষ্ঠা ৬৬০। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীহস্ত মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থ শেষভাগে পারিভাষিক সংস্কৃত শব্দের সূচীপত্র Index (Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা, মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুর্দ্দশাধ্যায় বঙ্গদেশের প্রাচীন অধিকরণের ব্যাখ্যা শ্রীমন্মধ্বাচার্য্য কৃত শ্লোকাবলী ও সংস্কৃত ও শ্রীপাদ বলদেব বিদ্যাভূষণ 'গোবিন্দভাষ্য' টীকা তাহার বঙ্গানুবাদ ও ব্যাখ্যা ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা, বিস্তৃত ব্যাখ্যা ও সূচীসহ অত্যুৎকৃষ্ট সংস্করণ নব গ্রন্থ রূপে গৌড়ীয় বিশ্ববৈষ্ণব প্রকাশ করিয়াছেন।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনবদ্বীপ ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীযুক্ত সুশীলরঞ্জন দাস এম-এ, বি-এল,

পুরানাপল্টন, পোঃ রমনা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। শ্রীল বলদেব বিদ্যাভূষণ ও শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী টীকানুযায়ী বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদিত গীতার ইহা প্রথম প্রকাশ। এই গ্রন্থে প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত অবতরণ ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম সন্নিবেশিত হইয়াছে। সাধারণ পাঠকবর্গের বোধসৌকার্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোড়শাংশী আকারে ৬৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—৩৲ মাত্র। প্রাপ্তিস্থান শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

EROTIC PRINCIPLE & UNALLOYED DEVOTION

মহামহোপদেশক শ্রীল বনমালী দাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী প্রভু কর্ত্তৃক সম্প্রতি এই গ্রন্থের একটি নূতন সংস্করণ শ্রীশ্রীগুরুবর্গের কৃপায় পুনঃ প্রকাশিত হইয়াছে। গ্রন্থের আকার পূর্ব্ব সংস্করণ অপেক্ষা বৃহৎ ও সুন্দর হইয়াছে। এই গ্রন্থে বহু অমূল্য উপদেশ আছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

১।	শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র)	৪০৲
	প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত—	২৮৲
	দশম স্কন্ধ—	৯৲
২।	ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (কাবাঁধা)	৬৲
৩।	ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত	৬৲
৪।	সরস্বতী জয়শ্রী (কাবাঁধা)	৪৲
৫।	শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী — ১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲, তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০	
৬।	শ্রীল প্রভুপাদের পত্রাবলী — ১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড	৸০
৭।	শ্রীচৈতন্যদেব	১৷০
৮।	সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা	১৷০
৯।	বৈষ্ণবধর্ম্ম	২৲
১০।	গৌড়ীয় কণ্ঠহার	২৲
১১।	শ্রীচৈতন্যশিক্ষামৃত	২৲
১২।	শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা)	১৲
১৩।	হরিনামচিন্তামণি (তৃতীয় সংস্করণ)	৸০
১৪।	সাধক-কণ্ঠমালা (তৃতীয় সংস্করণ)	॥০
১৫।	বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব	।০
১৬।	ব্রাহ্মণ ও বৈষ্ণব	৸০
১৭।	চৈতন্যোপনিষদ্	।০
১৮।	[illegible]	॥০
১৯।	ভক্তি বিবেক	।০
২০।	গৌড়ীয় গৌরব	১৵০
২১।	গৌড়ীয়সাহিত্য	১৵০
২২।	ভজন রহস্য	॥০
২৩।	শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)	১৲
২৪।	গীতা (রসিকরঞ্জন-টীকা সহ)	১৲
২৫।	গীতা (চক্রবর্ত্তী টীকাসহ)	১৲
২৬।	গীতার [illegible]	॥০
২৭।	প্রাকৃতরসশতদূষণী (সানুবাদ)	২৲
২৮।	বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)	
২৯।	প্রেমবিবর্ত (তৃতীয় সংস্করণ) (অর্দ্ধ বাঃ ১৵০ বাঁধা ৸০)	
৩০।	দ্বীপ-দর্শন	৵০
৩১।	সাধনপথ (তৃতীয় সংস্করণ)	১৵০
৩২।	গোস্বামী শ্রীরঘুনাথ দাস	॥০
৩৩।	নবদ্বীপধাম-গ্রন্থমালা	৸০
৩৪।	ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা)	৵০
৩৫।	গীতমালা	৴১০
৩৬।	নবদ্বীপ ধাম মাহাত্ম্য (ছোট)	৶০
৩৭।	শ্রী [illegible]	৶০
৩৮।	শ্রীনবদ্বীপভাবতরঙ্গ	।০
৩৯।	শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ	।০
৪০।	শরণাগতি	৶০
৪১।	গীতাবলী	৴১০
৪২।	শ্রীব্রজমণ্ডল পরিক্রমা	৸০
৪৩।	শ্রীভক্তিরত্নাকর (সমগ্র)	২৲
৪৪।	প্রেমভক্তিচন্দ্রিকা	৴০
৪৫।	নবদ্বীপশতক	৴১০
৪৬।	অর্থপঞ্চক	৴১০
৪৭।	সদাচারস্মৃতিঃ	৴১০
৪৮।	কল্যাণকল্পতরু	৴১০
৪৯।	অর্চ্চনকণ	।০
৫০।	বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (চারিখণ্ড একত্রে)	৬৲
৫১।	ব্রহ্মসংহিতা	॥০
৫২।	মণিমঞ্জরী (সানুবাদ)	।০
৫৩।	গৌরকৃষ্ণোদয়ঃ	৸০
৫৪।	পুরুষার্থ বিনির্ণয়	।০
৫৫।	তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী	।০
৫৬।	ভারতবর্ষ ও [illegible]	৶০
৫৭।	ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ)	।০
৫৮।	শ্রীভুবনেশ্বর	৶০
৫৯।	সিদ্ধান্তদর্পণ	৴০
৬০।	সাংখ্যবাণী	৴০
৬১।	শ্রীচৈতন্যমঙ্গল	২॥০
৬২।	শ্রীভক্তিসন্দর্ভ	৬৲
	সংস্কৃত ভাষায় প্রকাশিত	
৬৩।	শ্রীচৈতন্যলীলামৃতসারঃ	॥০
৬৪।	সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ	।০
৬৫।	সটীকা শিক্ষাদশমূলম্	।০
৬৬।	তত্ত্বসূত্রম্	।০
৬৭।	সানুবাদ শিক্ষাষ্টকম্	৶০
৬৮।	গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ	৴০
৬৯।	[illegible]	৶০
	ইংরাজী ভাষায় প্রকাশিত	
৭০।	রায় রামানন্দ	॥০
৭১।	এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত	॥০
৭২।	নামভজন	৴০
৭৩।	বেদান্ত ইটস্ মর্ফলজি এণ্ড অন্টোলজি	॥০
৭৪।	থিয়েটীক ওয়ার্ডস্	১৵০
৭৫।	লাইফ এণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু	॥০
৭৬।	বৈষ্ণবীজম্	।০
৭৭।	হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং	৴০
৭৮।	দি ভাগবত	।০
৭৯।	ইরোটিক প্রিন্সিপাল এণ্ড আনএলয়েড ডিভোশন	।০
৮০।	ব্রহ্মসংহিতা	॥০
৮১।	শ্রীমদ্ভগবদ্গীতা	২৲
৮২।	শ্রীচৈতন্যমহাপ্রভু	৩৲
৮৩।	শ্রীকৃষ্ণচৈতন্য	১০৲
	উড়িয়া অক্ষরে প্রকাশিত	
৮৪।	শ্রী[illegible]	৸০
৮৫।	সাধনপথ	॥০
৮৬।	কল্যাণকল্পতরু	৴১০
৮৭।	গীতাবলী	৴১০
	শরণাগতি	৴০
৮৯।	[illegible]	১৵০
৯০।	শ্রীগৌড়ীয়বাণী	।০
	তামিল ভাষায় প্রকাশিত	
৯১।	শরণাগতি	।০
	তেলেগু ভাষায় প্রকাশিত	
৯২।	শ্রীচৈতন্যশিক্ষামৃত	

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

সত্যাপ্ত কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত অমূল্য কল্যাণকল্পতরু-গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃত ভাষ্য-সহ সম্প্রতি প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৷৹ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ | ১০ মধুসূদন গৌরাব্দ ৪৫৫, ৮ই বৈশাখ, বঙ্গাব্দ ১৩৪৮; ২১শে এপ্রিল, ইং ১৯৪১, সোমবার | ৩৭৩ম সংখ্যা

"কৃষ্ণের সর্ব্বশ্রেষ্ঠ—সর্ব্বশ্রেষ্ঠ সেবক—শ্রীগুরুপাদপদ্ম। সেইরূপ সেবকের অধীন হইয়া যদি কৃষ্ণের পাদপদ্ম আশ্রয় করা যায়, তাহা হইলেই উত্তরোত্তর তাঁহার স্ফূর্ত্তি-লাভের সম্ভাবনা। শ্রীগুরুপাদপদ্মই কৃষ্ণপাদপদ্ম-সেবার অধিকার প্রদান করেন।"

—শ্রীল প্রভুপাদ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১০ মধুসূদন, সর্ব্বশিব সঙ্গণ গৌরাব্দ ৪৫৫

শ্রবণ

——::•::——

শ্রবণকারীই শিষ্য। শ্রবণ করার নাম শিষ্য হওয়া। হরিকথার রূপ, গুণ, লীলা ও পরিকর আছে—এই বিশ্বাসে যাঁহার আছে, তাঁহারই শ্রবণ হয়। শ্রদ্ধালু ব্যক্তির কর্ণেই হরিকথা প্রবেশ করেন। হরিকীর্ত্তনকারী সাধু ও সাধুর কীর্ত্তিত হরিকথায় যাহার বিশ্বাস নাই, তাহার শ্রবণ হইবে না। আত্মনিবেদন করিয়া—সাধুগুরুর নিকট আভগমন করিয়া—সদ্গুরুর চরণাশ্রয় করিয়া শ্রবণ করিতে হয়। শরণাগত হওয়ার পর শ্রবণই ভক্তির প্রথম অনুষ্ঠান। এই শ্রবণ নিত্য। কীর্ত্তনাখ্যা ভক্তিই আত্মনিবেদন ও শ্রবণকে প্রকট করায়। 'আমি সাধুগুরুর পদধূলি',—ইহাই শুশ্রূষু শ্রোতা বা শিষ্যের অভিমান। শিষ্য চিরকালই শিষ্য। তাঁহার কখনও গুরুর সমান অভিমান নাই। তিনি নিত্যকাল শ্রবণ করেন। শিষ্য হইয়া যাহা করা যায়, তাহাই শ্রবণ। সাধুগুরুর আজ্ঞায় যে কীর্ত্তন বা পাঠাদি, তাহাও শ্রবণের নামান্তর। 'আমি তোমার দাস'—শিষ্যের এই দাসাভিমানই প্রবল।

শ্রবণের দ্বারা চিত্তশুদ্ধি হয়—কামাদি কথার বা পুরুষাভিমান নষ্ট হয়। শ্রবণ করিলেই মঙ্গল হইবে। শ্রবণের অভিনয় করিলে মঙ্গল হইবে না। শ্রবণ সাক্ষাৎ ভক্তি। ইহা অর্পণ নহে। আগে অর্পণ তা'র পরে শ্রবণ। শ্রবণ করিলে ভগবানের সুখ হয়, আমার সুখ নয়,—এ কথা সর্ব্বক্ষণ মনে রাখিতে হইবে। আমার শ্রবণ করার ফলে গুরুকৃষ্ণ সুখ পাইতেছেন,—এই চিন্তা করিয়া যে শ্রবণ, তাহাই প্রকৃত শ্রবণ। শ্রবণের ফলটা পাইতেছেন শ্রীকৃষ্ণ, ইহাই শুদ্ধভক্তি। নীরাগ শ্রবণগুরুর নিকট শ্রবণ করিতে হইবে। ইতরবিষয়ানুরক্ত সরাগ ব্যক্তির নিকট শ্রবণের ফলে কোন মঙ্গল হইবে না।

প্রথমে সাধুগুরুপাদপদ্মে আশ্রয় লইতে হইবে। এই আশ্রয়ের নামই দীক্ষা। তখনই আত্মসমর্পণ। এই দীক্ষিত, শরণাগত বা আশ্রিতই শিষ্য বা শ্রবণকারী। আত্ম-নিবেদন করিয়া শরণাগত হইয়া শ্রবণ করিতে হয়। সেইরূপ শ্রবণের ফলে কীর্ত্তন হয়। শরণাগত হইয়া কৃপা বা সেবা চাহিতে হয়। শরণাগতি ও কৃপা—শ্রদ্ধা ও অনুগ্রহ যুগপৎ লাভ হয়। শ্রবণকীর্ত্তনরূপ জলসেচন করার পূর্ব্বেই আত্মসমর্পণ আবশ্যক। শ্রুতির প্রতি বিশ্বাসই শ্রদ্ধা। সাধু বেদমূর্ত্তি বা শাস্ত্রমূর্ত্তি। এই সাধুর প্রতি শ্রদ্ধা ও তাঁহাতে আত্মনিবেদন যুগপৎ হওয়া চাই। শ্রদ্ধা, শরণাগতি বা আত্মনিবেদন চেতনের স্বপ্রকাশমাত্র। আত্মনিবেদন চেতনবৃত্তির অস্ফুট অবস্থা বা preliminary stage. এই প্রথম কার্য্যই যদি না হয়, তাহা হইলে শ্রবণকীর্ত্তনাদি কি করিয়া হইবে?

নবধা ভক্তির মধ্যে যে কোন একটী হইতেই সিদ্ধিলাভ হয় বটে, কিন্তু তথাপি অন্তঃকরণশুদ্ধির জন্য প্রথমেই নামশ্রবণ আবশ্যক। নামশ্রবণের ফলে অন্তঃকরণ শুদ্ধ হইলে পর শ্রীরূপ-বিষয়ক কথা শ্রবণ দ্বারা শ্রীরূপের উদয়-যোগ্যতা লাভ হয়। সম্যগ ভাবে শ্রীরূপের উদয় হইলে শ্রীগুণ-সকলের সম্যগ্‌রূপে স্ফূর্ত্তি হয়। শ্রীগুণসকলের স্ফূর্ত্তি হইলে শ্রীভগবৎপরিকর-গণের ও নিজের সিদ্ধপরিচয় প্রকাশিত হয়। শ্রবণ মহতের শ্রীমুখ হইতেই করিতে হইবে, তবেই সিদ্ধিলাভ হইবে। শ্রবণ করিতে হইলে ভগবৎগুণকীর্ত্তনরত মহাপুরুষের অনুসন্ধান ও সর্ব্বতোভাবে তাঁহার শুশ্রূষার প্রয়োজন। তাঁহার অনন্যভজন অর্থাৎ শ্রীকৃষ্ণে শরণাগতি ও জীবে দয়া প্রভৃতির দ্বারা আকৃষ্ট হইয়া শ্রদ্ধাপূর্ব্বক সেই বৈষ্ণবের শ্রীমুখ হইতে অনর্থবিধ্বংসিনী কৃষ্ণাকর্ষিণী বীর্য্যবতী বাণী শ্রবণ করিতে হইবে।

শ্রীকৃষ্ণের শ্রীনাম, শ্রীকৃষ্ণের শ্রীরূপ, শ্রীকৃষ্ণের শ্রীগুণ, শ্রীকৃষ্ণের শ্রীপরিকর বা নিজজন ও শ্রীকৃষ্ণের শ্রীলীলার কথাসমূহের শ্রোত্রস্পর্শই শ্রবণ নামে কথিত। ভগবানের গুণশ্রবণের ন্যায় মহাভাগবতগণের গুণশ্রবণও নিত্যমঙ্গলপ্রদ। গুরুবর্গের মহিমা শ্রবণ-কীর্ত্তনে অনর্থ দূর হয়, হৃদয়ে বল আসে এবং তাঁহাদের আদর্শে চিত্ত আকৃষ্ট ও শুদ্ধ হয়। শ্রবণ দ্বিবিধ—মহাজনকর্ত্তৃক আবির্ভাবিত, যেমন শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্যচরিতামৃত, শ্রীচৈতন্যভাগবত, শ্রীভক্তিরসামৃতসিন্ধু ও শ্রীউজ্জ্বলনীলমণি প্রভৃতি। আর মহাজনকর্ত্তৃক কীর্ত্তিত, যেমন শ্রীগুরুবর্গের শ্রীমুখবিগলিত হরিকথা। যাঁহারা সেবোন্মুখ ও শুশ্রূষু হইয়া এই দুই প্রকার শ্রবণ অনুশীলন করেন, তাঁহাদের হৃদয়ে পরমেশ্বর তৎক্ষণাৎ অবরুদ্ধ হইয়া যান। শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভু বলিয়াছেন, "শ্রীভগবানের শ্রীনামাদির শ্রবণই প্রথমতঃ পরম শ্রেয়ঃস্বরূপ, তন্মধ্যেও মহাজনের দ্বারা আবির্ভাবিত প্রবন্ধাদি শ্রবণ অধিক মঙ্গলকর। তন্মধ্যেও মহাজনগণ ঐ সকল প্রবন্ধ স্বয় কীর্ত্তন করিলে তাহা ততোধিক মঙ্গলপ্রদ হয়, তন্মধ্যে শ্রীমদ্ভাগবত শ্রবণ অধিক মঙ্গলদায়ক, তাহাও যদি পুনরায় মহাজনের দ্বারা কীর্ত্তিত হন, তবে সর্ব্বাপেক্ষা অধিক ফল প্রদান করেন।"

হরিকথা-শ্রবণে কাহারও রুচি create করা যায় না। ভাগ্যবান্‌ জীবেরই হরিকথা-শ্রবণে আগ্রহ ও উৎসাহ হয়। হরিকথায় রুচি হইতেছে না বলিয়া হরিকথা শ্রবণ পরিত্যাগ করিলে মঙ্গল হইবে না। হরিকথায় আদর ও যত্ন না থাকিলে মঙ্গলের আশা নাই। আদরই সেবোন্মুখতা। যেখানে অনাদর, সেইখানেই সেবাবিমুখতা। শ্রীরূপানুগবর শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভু বলিয়াছেন, "যদি শ্রীভগবানে চিত্ত আসক্ত না হয়, তাহা হইলে পুরুষ নির্ভয়, জিতনিদ্র, একাকী, নির্ব্বেদযুক্ত, যথার্থমার্গদর্শী, মিতাহারী, প্রশান্ত ও নিলর্জ্জ হইয়া তদ্বিষয়ে রতিজনক নামসমূহের পাঠ করিবে। শ্রবণই সকল ইন্দ্রিয়কে নিয়মিত করিবে। শ্রবণ-কারীই দীন ও কাঙ্গাল। শ্রবণকারী শ্রবণকে প্রভু বলিয়া বরণ করেন, শাসক বলিয়া জানেন। তিনি প্রভুর শ্রীমুখকীর্ত্তিত বাণীকে মাপিতে যান না। ইহাই প্রকৃত শিষ্যত্ব।

——

হরিকথা-প্রসঙ্গ

——::•::——

সরল ও দৃঢ়চিত্ত হইতে হইবে। নতুবা হরিভজনের আশা নাই। দোষের পুঁটলি রাখিয়া কেবল কৃপার দোষ দিলে মঙ্গল হইবে না। কৃপার কোন দোষ নাই। আমি জলে না নামিলে তাঁহারা কিরূপে আমাকে সাঁতার শিখাইবেন? যে কৃপা চায় সে ত' সেবোন্মুখ। সেবোন্মুখের কাছে ত' সেব্য আসিবেনই। সুতরাং সেবোন্মুখ না হইয়া আমার মৌখিক কৃপা-প্রার্থনার মূলে কপটতা ছাড়া আর কি আছে?

ভক্তিপ্রতিকূল কার্য্য বর্জ্জনপূর্ব্বক ভক্ত্যনুকূল কার্য্য স্বীকারের সংকল্প নিষ্কপট ও সুদৃঢ় হইলে এবং সেই সংকল্প কার্য্যে পরিণত করিবার জন্য নিজ শক্তিসামর্থ্যের দাম্ভিকতা ছাড়িয়া সর্ব্বতোভাবে সাধুগুরুর শরণাপন্ন হইবার বিচার হৃদয়ে স্থান পাইলেই পরম-করুণাময় গুরুবৈষ্ণবগণ আমাদিগকে বল দান করেন। কিছুদিন পূর্ব্বে যে দুঃসঙ্গত্যাগ আমার ন্যায় দুর্ব্বল ব্যক্তির পক্ষে সম্পূর্ণ অসম্ভব বলিয়া মনে হইতেছিল, সাধুগুরুকৃপায় তাহা অনায়াসে সম্ভব হয়। শ্রীগুরুবৈষ্ণবের কৃপাশক্তির বড়াই না করিয়া—তাঁহাদের অসীম শক্তিশালিনী কৃপার উপর নির্ভর না করিয়া নিজ শক্তির বড়াই করিতে গেলে সর্ব্বনাশ অর্থাৎ ভক্তিহীনতা অবশ্যম্ভাবী।

সাধুসঙ্গলাভ অত্যন্ত দুর্ল্লভ হইলেও নিষ্কপট সেবাপ্রার্থীকে করুণাময় কৃষ্ণই সাধুসঙ্গের সুযোগ করিয়া দেন। কৃষ্ণপ্রিয় সাধুর সঙ্গলাভের নিষ্কপট প্রার্থনা কৃষ্ণপাদ-পদ্মে জানাইলে তিনি নিজেই চৈত্তগুরুরূপে আমাদের হৃদয়ে উদিত হইয়া আমাদিগকে তাঁহার প্রিয়জনের পাদপদ্মে পৌঁছাইয়া দেন। আমরা যাহাতে অভক্তের সঙ্গের পাল্লায় না পড়ি তজ্জন্য কৃষ্ণই হৃদয়ে সদাচার ও সৎসাহস প্রদান করেন। মোহ ও অপরাধবশতঃই আমরা হরিভজনে অগ্রসর হইতে পারি না। অনিত্য বস্তুর চিন্তা দ্বারাই জীব মোহগ্রস্ত হয়। সেইজন্য সাধুগণ শুদ্ধভক্তসঙ্গে কৃষ্ণকথারঙ্গে কালাতিপাত করিবার উপদেশ দিয়াছেন।

যে বৈষ্ণবনিন্দা করে, যে বৈষ্ণবকে হনন করে, যে বৈষ্ণবের হিংসা করে, যে বৈষ্ণবকে দর্শন করিয়া প্রণাম বা পূজা না করে, যে বৈষ্ণবের প্রতি ক্রোধ করে এবং বৈষ্ণবদর্শনে যাহার আনন্দ না হয়—এই ছয় জনই অধঃপতিত হয়। কেবল যে বৈষ্ণবনিন্দুকই দোষী তাহা নহে, যিনি বৈষ্ণবনিন্দা শ্রবণ করেন তাঁহারও অপরাধ হয়। শাস্ত্র বলেন,—ভগবানের বা ভক্তের নিন্দা শ্রবণ করিয়া যিনি স্থান ত্যাগ না করেন সে ব্যক্তিও সুকৃতি হইতে চ্যুত হইয়া অধঃপতিত হন।

যাঁহার নিষ্কিঞ্চনা ভক্তি আছে তিনি মহৎ। এইরূপ মহতের সেবাই বিমুক্তির দ্বারস্বরূপ। ভগবদ্ভক্ত বা ভগবৎসেবাতে প্রতিষ্ঠিত হওয়াই সাধুসেবা। সাধুসেবার প্রথমেই সাধুর প্রতি সুদৃঢ় বিশ্বাসের উদয় হয়। সাধু দুই প্রকার—জ্ঞানিসাধু ও ভক্তসাধু—ব্রহ্মোপাসক বা আত্মারামতাপ্রাপ্ত এবং ভগবদুপাসক। 'কৃষ্ণ সে তোমার, কৃষ্ণ দিতে পার, তোমার শকতি আছে', সাধুর প্রতি এই বিশ্বাসই প্রকৃত শ্রদ্ধা। এইরূপ শ্রদ্ধা হইতেই সেবায় নিষ্ঠা ও রুচি আসে। মূল শ্রদ্ধার অভাব যেখানে, সেখানে নিষ্ঠা বা রুচির অভিনয় অসতী স্ত্রীর স্বামিসেবায় অত্যাগ্রহের ন্যায়। সেব্য ও সেবক উভয়ে যদি এক ভূমিকায় অবস্থিত না হন তাহা হইলে পূর্ণসেবা কখনই হইতে পারে না। সেবক নিত্যকালই সেবক থাকেন। সেবক সেব্যের নিকট সেবা দ্বারাই পরিচিত ও আকৃষ্ট হন। সেবক ও সেব্য এক ভূমিকায় থাকিলেও তাঁহাদের পরস্পরের মধ্যে লীলা-বৈশিষ্ট্যের ধ্বংস হয় না। মুক্তগণও সর্ব্বদা তাঁহাদের অগ্রণীর অনুসরণ করেন। সেবক সর্ব্বদাই সেব্যের অনুগমন করেন। সেব্যের নিকট হইতে তিনি কখনও কিছু আদায় করিতে চান না। সেব্য-সাধুও নিজেকে তাঁহার অগ্রণীর অনুসরণকারী বলিয়া অভিমান করেন এবং তিনি সেবক-সাধুকে—তাঁহার সকল অনুসরণকারীকে স্বীয় অগ্রণীর অনুসরণকারী বলিয়া জানেন।

সাধুর অনুগমনই সাধুসেবা। সাধুর অনুশীলন দ্বারাই সাধুর অনুগমন হয়। সাধুর শিক্ষায় অনুপ্রাণিত হওয়াই সাধুর শিষ্যত্ব বরণ ও সাধুর অনুশীলন। সাধুর আশ্রিত ব্যক্তিই সাধুর সেবাধিকার পায়। যদি সুদৃঢ় আশ্রয় থাকে তাহা হইলে আর কোন দস্যু-দ্বারাই জীবের কোন ক্ষতি করিতে পারে না।

পরমহংস বৈষ্ণব বা শুদ্ধবৈষ্ণবে জাতি-বুদ্ধি করিলে সর্ব্বনাশ ত' হইবেই, এমন কি কনিষ্ঠাধিকারে অবস্থিত বৈষ্ণবের প্রতি জাতিবুদ্ধি করিলেও নিরয়লাভ হইবে। বৈষ্ণবের চরণে যেন কোন প্রকার অপরাধ না হয় সে-বিষয়ে সর্ব্বক্ষণ সাবধান হইতে হইবে। ভগবদ্দাস্যে ও ভক্তদাস্যে ভগবদ্ভজন হইয়া থাকে। আমি ভগবানের সেবা করিব, কিন্তু তাঁহার সেবককে মানিব না—ইহা ভক্তের লক্ষণ নহে। হরিভক্তিতে শ্রদ্ধাই মূল। শ্রদ্ধার উদয় না হইলে জীব কনিষ্ঠাধিকারে পৌঁছিতে পারে না। শ্রীবিগ্রহে শ্রদ্ধা আছে, কিন্তু যাহার গুরুতে মনুষ্যজ্ঞান আছে, কৃষ্ণ তাহার পূজা গ্রহণ করেন না। শ্রীগুরুদেবকে বৈষ্ণবরাজ না জানিয়া সামান্য মনুষ্যজ্ঞান করিলে বৈষ্ণব হওয়া যায় না। বৈষ্ণব না হইলে বৈষ্ণব চেনা যায় না, আবার বৈষ্ণবের দাস্য না করিলে বৈষ্ণব হওয়া যায় না। আমরা শক্তিহীন হইলেও শ্রীগুরুপাদপদ্মে অনন্ত শক্তি আছে। 'আমি শ্রীগুরুপাদ-পদ্মের আশ্রিত' এই অভিমান না হইলে মাতৃকুক্ষিতে গমন করিতেই হইবে। শ্রীগুরুদেব চিরদিন বলীয়ান্। তিনি বলদেবাভিন্নবিগ্রহ। তিনি যাঁহাকে কৃপা করেন তিনিই ভক্ত হইয়া যান। যিনি প্রকৃত শিষ্য, তিনিও গুরুর শক্তিতে শক্তিশালী।

হরিগুরুবৈষ্ণব জীবের যোগ্যতানুসারে কৃপা ও বঞ্চনা করিয়া থাকেন। কপট বঞ্চিতই হয়, আর সরল কৃপালাভ করিয়া ধন্য হইয়া থাকে। যাঁহারা সেবক তাঁহারা সকল সময় প্রতিক্ষণ কেবল আচরণমুখে প্রচার করেন। অসৎসঙ্গ ত্যাগ করিতে হইবে, নতুবা হরিভক্তির চতুঃসীমানায় প্রবেশলাভ হইবে না।

——

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

——•::•::•——

ভক্তি আশ্রয় করিয়া যদি দাম্ভিক হই, শুধু ভগবানের পূজা করিয়া ভক্তের পূজায় অনাদর করি, তাহা হইলে ভক্তের চরণে অপরাধবশতঃ নানাপ্রকার অসুবিধা হইবে—ভক্তিতে বিতৃষ্ণা আসিয়া সমূহ অমঙ্গল বরণ করিতে হবে।

মনুষ্যজীবন যে অমঙ্গল সঞ্চয়ের জন্য নহে, পরন্তু পরম মঙ্গল লাভের জন্য,—ইহা ভুলিয়া যাই কেন? আমি যে সর্ব্বাপেক্ষা ক্ষুদ্র, অধম—ইহার ভুল হয় কেন? মায়ার প্রলোভনে প্রলুব্ধ হইয়া ভোগী হইবার—বড় হইবার বিচার নিতান্ত ক্ষুদ্র ও অপ্রয়োজনীয়। যদি জগতে বড় হইবার প্রবৃত্তি কমাইবার দরকার থাকে—প্রকৃত স্বাস্থ্যলাভের দরকার থাকে, তাহা হইলে বৈষ্ণবের বিচার গ্রহণ করা কর্ত্তব্য।

নিজের শ্রেষ্ঠতা লাভের জন্য যদি ভগবদ্ভক্তকে অসম্মান করি—অবজ্ঞা করি, তাহা হইলে তিনের dimensionএর কারাগারে নিক্ষিপ্ত হইয়া বৃহত্ত্বের পরিবর্ত্তে সঙ্কীর্ণতার দিকে ছুটিতে হইবে। আমি ভাল হইব, আমার ব্যাধি যাউক, মঙ্গল হউক—এই বিচারই ভাল; পরন্তু আমি বড় হইব, জগতের সকলকে থামাইয়া দিয়া আমার হিংসাবৃত্তি চরিতার্থ হউক—এই ধারণা আদৌ প্রশংসনীয় নহে। যাহারা ভগবদ্ভক্তের প্রভু—ভগবানের প্রভু হইতে ইচ্ছা করে, তাহারা অত্যন্ত দাম্ভিক।

যিনি হরিসেবা করেন, তিনি নিজেকে সর্ব্বাপেক্ষা হীন জ্ঞান করেন। সর্ব্বাপেক্ষা হীন-অভিমান হইলেই সর্ব্বশ্রেষ্ঠ বৈষ্ণব হইতে পারেন—সর্ব্বশ্রেষ্ঠ হরিভক্তির কথা বলিতে পারেন।

"সর্ব্বোত্তম আপনাকে হীন করি মানে।"

সর্ব্বোত্তম হইতে হইলে নিজের অযোগ্যতা পরীক্ষা করা দরকার। নিজের পরীক্ষা হইতেছে না, অথচ পরছিদ্রানুসন্ধানে এত প্রবৃত্তি কেন? এই কি বৈষ্ণবের স্বভাব? পক্ষান্তরে বৈষ্ণবের পাদপদ্মের আদর্শে অনুন্নতও উন্নত' হয়।

এখানে আমরা ভগবান্‌কে দেখিতে পাইতেছি না। ভগবান্‌কে যাঁহারা সেবা করেন, সেই ভক্তবৃন্দ কৃপা করিয়া আমাদিগকে দর্শন দান করেন। তাঁহাদের ক্রিয়াকলাপ অনুসরণীয় এবং আমাদের একমাত্র মঙ্গলের উপায়। স্বল্পশিক্ষাফলে নিজ নিজ ক্ষুদ্র অভিজ্ঞতায় অনেকেরই ভগবদ্ভক্তের বিচারকে slave mentalityর সহিত সমান জ্ঞান হয়। mental aberrationএ চালিত হইয়া যাঁহার যাহা ইচ্ছা বলুন, কিন্তু আমাদের বিচার হইবে—

"পরিবদতু জনো যথা তথা বা
ননু মুখরো ন বয়ং বিচারয়ামঃ।
হরিরস-মদিরা-মদাতিমত্তা
ভুবি বিলুঠাম নটাম নির্ব্বিশাম॥"

আমরা ভক্তের চরণরজে গড়াগড়ি দিব, কাহাকেও শিষ্য করি নাই, করিবও না। কারণ, তাহা না হইলে অভক্তের প্ররোচনাক্রমে অন্যপথে, অন্যদিকে ধাবিত হইব।

আমাদের জন্মজন্মান্তর হউক, আমরা যেন ভগবদ্ভক্তের পাদপদ্মের ধূলি হইয়া শ্রীরূপানুগগণের অনুগমন করিতে পারি। স্বীয় অযোগ্যতার উপলব্ধিরূপ দৈন্যই ইহার মূল। আমি অযোগ্য—এই বিচার যদি স্বতঃ পরতঃ আসিয়া যায়, তাহা হইলে আমরা ভগবদ্ভক্তের পাদপদ্মের শোভা লক্ষ্য করিতে পারিব। সাধারণ মনুষ্য-জাতির যে কথা, তাহাতে ইন্দ্রিয়তর্পণ কি প্রকারে সাধিত হইবে, তাহার বিচারই প্রবল। তাহাকে যদি ধর্ম্মপথ বিচার করি, তাহা হইলে আর প্রকৃত ধার্ম্মিক হওয়া হইল না।

যোগ্য ব্যক্তি যাঁহারা, তাঁহাদের সেবাবল যথেষ্ট, তাঁহারা বলবান্। আমি এত বললাভ করি নাই—যে বলে তৃপ্ত হইয়া বৈষ্ণবের ছিদ্রানুসন্ধানে প্রবৃত্ত হইব, বৈষ্ণবতাকে দোষ দিব—যে প্রকারে সেবা হয়, তাহাকে অগ্রাহ্য করিয়া স্বমত-স্থাপনে যত্নবান্ হইব। ইহাতে মনুষ্যজীবনের যে কিরূপ সর্ব্বনাশ সাধিত হয়, তাহা বলিবার নহে। আপনাদের দুটি চরণ ধরিয়া অত্যন্ত বিনয়সহকারে বলিতেছি, আপনারা দয়া করিয়া অনুকরণ করিবেন না, বৈষ্ণবের বিচার অনুগমন করুন। আমাদের ভক্তেতর অন্যের সঙ্গে সংস্রব নাই। তাদৃশ সংস্রবে নিজ নিজ ইন্দ্রিয়তর্পণের আশাই বাড়িতে পারে।

——

ব্যক্তিগত জীবন

আমরা কীর্ত্তন ও সংকীর্ত্তন, ব্যক্তিগত ভজন ও গোষ্ঠীগত ভজনের কথা শুনিতে পাই। কীর্ত্তন না হইলে যেমন সম্যক্ কীর্ত্তন বা সংকীর্ত্তন হয় না, সেইরূপ নিজে ব্যক্তিগত ভজন না করিলে তদ্দ্বারা গোষ্ঠীর কি উপকার হইবে? সেইজন্যই মহাপ্রভু 'জন্ম সার্থক করি' কর পর উপকার'—এই কথা বলিয়া নিজে হরিভজন করিয়া অপরকে হরিভজনে সাহায্য করিতে বলিয়াছেন। আচার যেখানে নাই প্রচার সেখানে কি করিয়া হইবে? শ্রবণ না হইলে কি কীর্ত্তন হয়? আমি যদি নিজেই শিষ্য না হই, শ্রীগুরুপাদপদ্মে প্রতিষ্ঠিত না হই, তাহা হইলে আমার মৌখিক কপচান কথার দ্বারা কি সুবিধা হইবে? সেইরূপ প্রাণহীন বাগ্বৈখরী কি কাহাকেও শ্রীগুরুপাদপদ্মে আকৃষ্ট করিতে পারে? কখনই নয়। পণ্ডিতই মূর্খের মূর্খতা অপনোদন করিতে পারে, নিশ্ছিদ্রই অপরকে নিশ্ছিদ্র করিতে পারে। প্রতিষ্ঠিতের কথা শুনিয়াই অন্য জীব সমস্ত প্রতিষ্ঠার একমাত্র মালিক শ্রীগুরু-নিত্যানন্দ-পাদপদ্মে প্রতিষ্ঠিত হইবার সৌভাগ্য পায়। বিশ্বে বিশ্বনাথবংশধর শ্রীগুরুনিত্যানন্দের কোটীচন্দ্র-সুশীতল পাদ-পদ্ম-ছায়ায় আশ্রয়লাভ করিলে দুঃখী জগতের তাপিত প্রাণ শীতল হয়। কিন্তু এই নিত্যশান্তির আকর সর্ব্বগুণাশ্রয় শ্রীগুরু-পাদপদ্মের সন্ধান আমাদিগকে দিবে কে? সন্ধান দিবেন তিনি, যিনি তাঁহার সন্ধান পাইয়া তচ্চরণসেবায় নিযুক্ত হইয়া নিজজীবন সার্থক করিয়াছেন, প্রাকৃত আত্মতা ছাড়িয়া গুরুর হইয়া আপনজ্ঞানে প্রাণের সহিত তাঁহার সেবা করিতেছেন—সেই নিষ্কপট সেবা-ব্যগ্র স্নিগ্ধ গুরুদাস। সেই জন্যই বলিতেছি, ব্যক্তিগত ভজনের দিকে দৃষ্টি রাখিতে হইবে; নতুবা নিজের ও পরের কাহারও মঙ্গল হইবে না। এই ব্যক্তিগত জীবনে সতর্ক থাকার প্রথম কথা হইতেছে,—'দৃঢ় করি' ধর নিতাইএর পায়।' অর্থাৎ শ্রীগুরুনিত্যানন্দপাদপদ্মকে দৃঢ়ভাবে ধরিতে হইবে। লক্ষ্য ঠিক রাখিতে হইবে, একলক্ষ্য হইতে হইবে। 'গুরুর আমি', 'গুরুর আমি' কেবল মুখে না বলিয়া গুরুর আচার ও প্রচার, আদর্শ ও উপদেশ কায়মনোবাক্যে গ্রহণ করিতে হইবে। লক্ষ্য জিনিষটা হইবে—গুরুর সুখের জন্য আপ্রাণ চেষ্টা করা। এ বিষয়ে উদাসীন হইলে চলিবে না। কোন যোগ্যতা যদি না থাকে, তবে কাতর ক্রন্দনকেই সার করিতে হইবে, তাহা হইলেই প্রভুর কৃপা হইবে। মূল কথা—কৃপা পাওয়া চাই। তবে একটি বিষয়ে সাবধান থাকিতে হইবে—গুরুকে যেন তোষা না দিই, গুরুকে না ঠকাই, গুরুর কাছে জাগতিক কিছু না চাই, তাহা হইলেই তিনি ঠকাইবেন, তোষা দিবেন, বঞ্চনা করিবেন। সেবাবঞ্চিত দারিদ্র কাঙ্গাল আমরা সেবাকেই জীবন জানিয়া প্রভুর নিকট হইতে সর্ব্বক্ষণ সেবাই চাহিব। এই সেবাপ্রার্থনা বা কৃপাভিক্ষার বিরাম থাকিবে না। কৃপাভিখারী শুদ্ধ সাধকের হৃদয়ে এই কৃপাভিক্ষাগ্নি সর্ব্বক্ষণ দাউ দাউ করিয়া জ্বলিতেছে। গুরুকৃপায় এই অগ্নি একবার যাঁহার হৃদয়ে জ্বলিয়াছে, তাঁহার হৃদয়ে অন্যাভিলাষাদি কোন ময়লা থাকিতে পারে না। অগ্নিতে ঘৃতপ্রদান করিলে যেমন অগ্নি প্রজ্বলিতই হয়, সেইরূপ যতই সেবা ও কৃপা আসিবে, ততই কৃপাকাঙ্ক্ষা হৃদয়কে কোটিগুণে উদ্বেলিত করিয়া প্রভুর সুখের জন্য ব্যগ্রতা বা বিরহকাতরতা জাগাইবে। এই বিরহ-কাতরতাই তৃণাদপি সুনীচতা। সেবার অভাব-উপলব্ধিই প্রকৃত দৈন্য। বিরহীই সংযুক্ত, বিরহীই শিষ্য। বিরহই কীর্ত্তন। যেখানে বিরহ, যেখানে সেবালোলুপতা, সেখানে প্রভুর কীর্ত্তন, সেখানে নিরভিমানরূপ দাসাভিমান, সহিষ্ণুতা, অমানিত্ব ও মানদত্ব স্বাভাবিক। কিন্তু আপনজ্ঞান যেখানে নাই, গুরুর কৃপা বা গুরুর বাণী যেখানে নিজের জীবনকে নিয়মিত করেন না, সেখানে গুরুর সেবা কি করিয়া হইবে? কৃপাই ত' সেবা করায়। কৃপাই ত' সেবা। তাই দেখা যাইতেছে, ব্যক্তিগত সাধকজীবনে বিন্দুমাত্র উদাসীন হইলে চলিবে না। যদি উদাসীন হই, তাহা হইলে সেরূপ স্বতন্ত্র জীবনের দ্বারা মিশনের বা গুরুদেবের সেবা করা যাইবে না। কারণ, নিজে আদর্শ না হইলে কি শ্রীগুরু-পাদপদ্মের সেবায় অপরের দৃষ্টি আকর্ষণ করা যায়? সুতরাং সর্ব্বাগ্রে আমরা শ্রীগুরু-পাদপদ্মের আনুগত্য করিব, তাঁহার কথা শুনিয়া চলিব, নিজের আধ্যাত্মিকতা, ইন্দ্রিয়-পরিচালনা বা কুবিচার পরিত্যাগ করিয়া সাধু গুরুর বিচার গ্রহণ করিব।

শ্রীগুরুদেব বড় দয়াল। আমি যদি গুরুর হইতে পারি, তাহা হইলে গুরুর কৃপাতেই আমি কৃষ্ণ ও বৈষ্ণবগণের সন্ধান পাইতে পারিব। শ্রীগুরুদেব কৃপাপূর্ব্বক আমাকে তাঁহার নিজজনের সন্ধান দিয়া আমাকে আত্মসাৎ করিবেন। তবে নিজাপেক্ষা শ্রেষ্ঠ ব্যক্তিগণের সঙ্গ সর্ব্বদা করিতে হইবে। যাঁহার সঙ্গ করিলে গুরু-পাদপদ্মে দৃঢ়তা ও আপনজ্ঞান বর্দ্ধিত হয়, তাঁহার সঙ্গের জন্য লুব্ধ থাকিতে হইবে। আমি যদি গুরুর সেবা চাই, গুরুকে চাই, তাহা হইলে শ্রীগুরুদেবের কৃপাদান-লীলার দক্ষিণহস্তস্বরূপ নিষ্কপট গুরুদাস বৈষ্ণবগণ আমাকে জ্ঞাত বা অজ্ঞাতসারে প্রভুর সেবায় সাহায্য করিবেনই করিবেন। আমি অজ্ঞতা-বশতঃ তাঁহাদের সন্ধান জানিতে না পারিয়া নিরন্তর শ্রীগুরুদেবের নিকট কৃপাভিক্ষা করিলে বৈষ্ণবগণ কুণ্ঠিত ত' হনই না, পরন্তু সম্মানপূর্ব্বক আমাদের নিকট গুরু-কৃষ্ণের সেবার কথা বলিয়া আমাদিগকে কৃপাই করেন। রোগীর কর্কশ বাক্যাদিতে বৈদ্য যেমন অসন্তুষ্ট না হইয়া রোগীর মঙ্গলের জন্যই চেষ্টা করেন, কৃপাময় বৈষ্ণবগণ সেইরূপ আমাদের অজ্ঞতা ক্ষমা করিয়া আমাদিগকে গুরুসেবা শিক্ষা দিয়া থাকেন।

শ্রবণই আমাদিগকে শাসিত বা নিয়মিত করে। সুতরাং সর্ব্বপ্রথমেই আমাদিগকে গুরুবাক্য বা শাস্ত্রবাক্য শ্রবণ করিতে হইবে। নিজের শ্রবণ না হইলে অপরকে শ্রবণ করান যায় না। নিজের জীবন পবিত্র ও আদর্শ না হইলে সেইরূপ ব্যক্তির কথা শুনিয়া অপরের স্বভাব নির্ম্মল হইতে পারে না। সকল ব্যক্তির উপদেশ কার্য্যকরী হয় না। নিজে আদর্শ না হইয়া প্রচার করিতে গেলে জগতে কৃত্রিমতা বা কপটতাই প্রচারিত হইবে। কপটতা কতদিন চাপা থাকিবে।

যদি আমরা গুরুসেবা করিতে চাই, তাহা হইলে আমাদের প্রত্যেকেরই আদর্শ জীবন হওয়া উচিত। নতুবা আমরা গুরুসেবক হইবার পরিবর্ত্তে গুরুর কলঙ্ক হইব। আমার আদর্শ জীবন যদি প্রচারের কার্য্য না করে অর্থাৎ জগতের লোক যদি আমার গুরুসেবাময় আদর্শ জীবন দেখিয়া তচ্চরণে আকৃষ্ট হইবার সুযোগ না পায়, তাহা হইলে ত' আমি গুরুর চরণে অপরাধ করিলাম। সুতরাং আমার দ্বারা শ্রীগুরু-পাদপদ্মের মহিমা কি প্রকারে প্রচারিত হইবে? কুরূপ কি শ্রীরূপের কথা বলিতে পারে? লবুক দেখিয়া কাহারও গুরুর স্ফূর্ত্তি হইতে পারে না।

আমরা বদ্ধজীব, আমাদের বহু দোষ ও ছিদ্র আছে। গুরুবৈষ্ণবের কৃপাদ্বারা সেই সব ছিদ্রগুলিকে অপনোদন করিতে হইবে। কিন্তু তাহা না করিয়া যদি আমরা ব্যক্তিগত জীবনে উদাসীন হইয়া কেবল মৌখিকতা করিতে থাকি, তাহা হইলে আমি আর গুরুর হইতে পারিলাম না, লবুই থাকিয়া গেলাম—গুরুকৃষ্ণের কৃপা-আকর্ষণের মধ্যে না পড়ায় লবুই আকর্ষণ-বিকর্ষণের মধ্যে নিজেকে হারাইয়া ফেলিলাম, নিরূপের অতলতলে ডুবিয়া গেলাম। কিন্তু তাহাতে যে তিমিরে সেই তিমিরেই থাকিতে হইল অথবা তদপেক্ষা আরও অধিক অন্ধতম আঁধারেই থাকিতে হইল। আমাকে শ্রীশ্রীগুরুপাদপদ্মের বাণীর আচার প্রচার দ্বারা আত্মমঙ্গল লাভ করিতে হইবে। আমাকে সর্ব্বক্ষণ গুরুবাণী কীর্ত্তন করিতে হইবে, কিন্তু গুরুর হইয়াই তাহা করিতে হইবে—নতুবা আচারহীন প্রচার দ্বারা কোন কার্য্যই হইবে না।

আমরা যে অবস্থায়ই থাকি না কেন, তদবস্থায়ই সর্ব্বদা আত্মমঙ্গল বরণ করিতে হইবে। আমরা যেন কোন প্রকারেই ব্যক্তিগত ভজনের কথা বিস্মৃত না হই। ভক্তি জিনিষটি সম্পূর্ণ ব্যক্তিগত। গুরুবৈষ্ণবে আপনজ্ঞান, প্রীতি আমাকেই করিতে হইবে—নিজ ভুল-ত্রুটী নিজেকেই গুরুবৈষ্ণবের কৃপায় বিদূরিত করিতে হইবে। বস্তুতঃ আচারই প্রচার। যিনি নিজের মঙ্গলের জন্য চেষ্টা করেন, একমাত্র তাঁহার দ্বারাই অপরের মঙ্গলের সম্ভাবনা আছে। যে নিজে অন্যমনস্ক, যে নিজের মঙ্গলের প্রতি লক্ষ্য করে না, নিজের স্বার্থের প্রতি তাকায় না, নিজের ব্যক্তিগত উন্নতির দিকে মন দেয় না, যে নিজ স্বার্থপর নয়, সে কি কখনও পরার্থ-পর হইতে পারে? কিন্তু যদি এইরূপ দেখা যায়, কেহ নিজের জীবনের প্রতি অন্যমনস্ক হইয়া জীবমঙ্গলের জন্য খুবই চেষ্টা দেখাইতে-ছেন, তাহা হইলে তাহা দ্বারা জগজ্জঞ্জাল মাত্র বৃদ্ধি হইতেছে জানিতে হইবে। তাই বিশেষভাবে আদর্শজীবন যাপন করিবার জন্য যত্ন করিতে হইবে। নিজে হরিভজন করিতে হইবে। প্রভুর ছাড়িয়া সেবার দিকে তীব্র লক্ষ্য রাখিতে হইবে। সুখের মধ্যে জীবন না কাটাইয়া কীর্ত্তনানন্দের মধ্যে থাকিয়া দিন কাটাইতে হইবে। দীন কাঙ্গাল হইয়া কেবল কৃপালাভের জন্যই যত্ন করিতে হইবে। তাহা হইলেই জীবন সার্থক হইবে, প্রভুর কৃপা পাওয়া যাইবে।

মাদ্রাজে প্রচার

ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের আনুগত্যে শ্রীশ্রীবিশ্ববৈষ্ণব রাজসভার অন্যতম শাখা মাদ্রাজ শ্রীগৌড়ীয়-মঠের সেবকগণ গত ১৩ই এপ্রিল রবিবার দিবস মাদ্রাজের উপকণ্ঠে পিয়ারবানগর (মাম্বালাম) নামক স্থানে শ্রীশ্রীরামনবমী উপলক্ষে স্থানীয় অনেক ভদ্রমহোদয়ের সাদর আহ্বানে অপরাহ্ণ ৪॥ ঘটিকা হইতে সন্ধ্যা ৭ ঘটিকা পর্য্যন্ত হরিকথা কীর্ত্তন করেন। প্রথমে শ্রীশ্রীহরিগুরুবৈষ্ণবের জয়ধ্বান ও বন্দনান্তে গুর্ব্বষ্টক, দশকুশল, ও "যশোমতীনন্দন ব্রজবরনাগর গোকুলরঞ্জন কান" এই মহাজনপদ কীর্ত্তন হইলে পর শ্রীশ্রীমন্মহাপ্রভুর অমন্দোদয়দয়া, কলিযুগের একমাত্র ধর্ম্ম শব্দব্রহ্ম শ্রীনাম-কীর্ত্তনের অপরিহার্য্য আবশ্যকতা, বর্ত্তমান কালাবস্থায় জীবের নানাবিধ দুর্দ্দশা, সদ্গুরুপাদাশ্রয়ের একান্ত প্রয়োজনীয়তা ও শ্রীগৌড়ীয়মঠের বৈশিষ্ট্য সম্বন্ধে প্রায় তিন ঘণ্টা যাবৎ হরিকথা-কীর্ত্তন হয়। অতঃপর মহামন্ত্র কীর্ত্তন হইয়া সভা ভঙ্গ হয়। সভায় বহু গণ্যমান্য বিশিষ্ট সজ্জন ও ভদ্রমহিলার সমাবেশ হইয়াছিল।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার,
কলিকাতা। টেলিফোন [illegible] বড়বাজার ৪১১৫
সেবক—শ্রী[illegible] ভক্তিশাস্ত্রী [illegible]

শ্রী[illegible] শ্রীমন্দির
পোঃ [illegible], নদীয়া
সেবক—[illegible] ভক্তিশাস্ত্রী

শ্রীবাস অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—[illegible] ব্রহ্মচারী

শ্রী[illegible]
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—[illegible] দাসাধিকারী

মুরারি [illegible]র পাট
পোঃ [illegible], নদীয়া
সেবক—[illegible] ব্রজবাসী

[illegible]ধ পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বল্লালদীঘি (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

[illegible]
শ্রীমায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

সুবর্ণ-সুবর্ণ কুঞ্জ
শ্রীগোদ্রুম পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীমৎ[illegible] ব্রহ্মচারী

শ্রীগৌর[illegible]মঠ
হাপানিয়াটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—[illegible] ব্রহ্মচারী

সার্ব্বভৌম গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ চাঁপাহাটি (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দ[illegible] ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

কুলিয়াদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌরপুর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দ[illegible] অধিকারী

শ্রীনবদ্বীপ [illegible] গৌড়ীয়মঠ
ষাটচালা (শ্রীমন্ মহাদেবের [illegible] নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

কৃষ্ণকুটীর
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রী[illegible]নন্দ [illegible]

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

একায়নমঠ
[illegible]পুর পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

মহেশ পণ্ডিতের পাট
[illegible], পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

বালিঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

পুরী গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা
সেবক—শ্রীমৎ[illegible]নাথ দাসাধিকারী

মাধবগৌড়ীয়মঠ
নারায়ণা, পোঃ [illegible], ঢাকা।
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

গোপালজীউমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রী[illegible] ব্রজবাসী

গদাই গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রী[illegible] অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রী[illegible] বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিমোহন দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগলাঝোরা, দার্জ্জিলিং
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রী[illegible]নন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ [illegible]পুর, পাটনা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
[illegible] রোড, গয়া
সেবক—শ্রী[illegible]গোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১১ [illegible], [illegible] সিটি
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

শ্রীরূপ গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপ[illegible] ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
[illegible], বৃন্দাবন
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রী[illegible] ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রী[illegible] [illegible]লোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

সঙ্কেত [illegible]মঠ
[illegible] মথুরা।
সেবক—[illegible] দাস

গোষ্ঠবিহারী মঠ
[illegible]
পোঃ [illegible] (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

ব্যাস গৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর [illegible] (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
[illegible] রোড নিউ দিল্লী
সেবক—শ্রী[illegible] ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয় মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা মাদ্রাজ
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, [illegible], মাদ্রাজ
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ[illegible])
আলালনাথ পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

[illegible]
([illegible])
পুরী
সেবক—শ্রী[illegible]নাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌর[illegible] ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রী[illegible]নন্দ ব্রহ্মচারী

[illegible]কুটী
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর পুরী
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বালুবাজার, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

[illegible] গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

[illegible]মঠ
চিক্কণিয়া, পোঃ [illegible]পুর, মেদিনীপুর
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

অমৃত গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ভুমুরকুণ্ডা, পোঃ [illegible] (মানভূম)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০০ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রী[illegible] ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাক্সহ্যাম রোড, হাউড গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৮।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রী[illegible]গোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুশ রোড, লক্ষ্ণৌ ইউ-পি
সেবক—শ্রী[illegible]নন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠালয়
[illegible]কানন চট্টগ্রাম
সেবক—শ্রী[illegible] অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

পর্ব্বতাপীঠ
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীকালাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
[illegible] ইউ, পি)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধর অঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	॥০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	১৷০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬৲	৪॥০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধ কলম ২৪৲	১৮৲
" এক কলম ৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান — শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মন্ডুলা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক আখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ৲ টাকা

প্রাপ্তিস্থান — মন্ডুলা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ বিস্তৃত পদ্যানুবাদসহ মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬॥০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থ শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও মতে অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভাগবতশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব আননন্দবর্দ্ধনমূলক সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ সেবাগতির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের সূচিপত্র তৎপরে বড় অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ৮০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

শনিবার ব্যতীত — শনিবার / অন্য দিন

কলিকাতা ছাঃ	৪ ৫৩	৬ ২১	৭-১৪	১৩-১৬	১৫-১০	১৬-১৬	১৭-৫৮	[illegible]
দমদম "	৪-৫৬	৬-৩০	৭ ২৮	১৩ ২৯	.		১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পোঃ	৬ ১২	৭ ৫৮	৯-১৮	১৪ ৫০	১৬ ৪৮	১৮-৩১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ		.	৯-৩৩	.	..	.		
কৃষ্ণনগর পোঃ	৬-৫৯	৮-৪০	১০-৬	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০ ২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-১৬	১৪ ৫০	১৭-৪০			২০-৩০	
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১৫-২৫	১৮-১৫			২১ ৫	
নবদ্বীপঘাট পোঃ	৭-৫৩	১০-৫৯	১৫-৩৩	১৮-২৩			২১-১৩	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম "	১১-১৮
রাণাঘাট পোঃ	১২-৫১
" ছাঃ	১২ ৫৩
শান্তিপুর পোঃ	১৩-২৪
(বদল) ছাঃ	১৩ ৪২ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পোঃ	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পোঃ	১৫-৩১

ডাউন

শনিবার ব্যতীত — অন্য দিন / শনিবার

নবদ্বীপঘাট ছাঃ		৬-১৪	৯-১২		১৩ ৬	১৩ ৩১	১৮-৩৮	
মহেশগঞ্জ "		৬ ২৩	৯-২১		১৩-২২	১৩ ৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পোঃ		৬ ৫৭	৯-৫৫		১৩-৫৩	১৭ ১৭	১৯-২৯	
(বদল) ছাঃ	৫-৩১	৭-১০	৮-৫২	১১-২৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পোঃ	৪ ১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৪৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ				.	১৫-৫৬	১৭-৪২		...
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১ ২৬	২২ ৫৮
কলিকাতা পোঃ	৬ ১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯ ২৬	২১-৪০	২৩ ০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪-১
মহেশগঞ্জ "	১৪-১০
কৃষ্ণনগর পোঃ	১৪-৪৪
ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পোঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পোঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-২০
কলিকাতা পোঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৬৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পত্র শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত ... বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্তৃক সংকলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবনিধান অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণান্তিকে বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মঠবাসী সত্যানুসন্ধিৎসুগণ যে সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে গ্রথিত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগাবিরুদ্ধসিদ্ধান্তখণ্ডনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৮০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১।১এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাটষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়ার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিলেও ইহার কার্য্যকারিতা অত্যুক্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কামাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয়। ছোট বোতল ৮/০ দশ আনা, বড় বোতল ১৸০ আঠার আনা। পাইকারী স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা।

বেহালা, ২৪ পরগণা

REGD. NO. C 1541

বৈদিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

শ্রী শ্রীশ্রুতিরত্নমালা
—:o:—
শ্রীল মায়াপুরধাম ভক্তি-
সুধাকর এম-এ সঙ্কলিত।
এই গ্রন্থ বঙ্গানুবাদ, বিস্তৃত
ভূমিকা ও সূচীসহ অ উজ্জ্বল-
রূপে প্রকাশিত হইয়াছে।
ঈশ, কেন, কঠাদি দ্বাদশ
উপনিষদের অভিনব সংস্করণ।
ভিক্ষা মাত্র ১॥০ টাকা।
প্রাপ্তিস্থান —
মধুপ প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—ওয়ারী, ঢাকা

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

শ্রীচৈতন্যদেব
--:o:--
স্বয়ং ভগবান শ্রীচৈতন্য-
মহাপ্রভুর জীবনী ও শিক্ষার
কথা সুন্দরভাবে ইহাতে
লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট
কাগজে সুন্দর বাঁধাই।
৩য় সংস্করণ, ভিক্ষা ১॥০
প্রাপ্তিস্থান
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৬শ খণ্ড] মায়াপুর ৯ই বৈশাখ ১৩৪৮, ২২শে এপ্রিল ১৯৪১ মঙ্গলবার [৩৮তম সংখ্যা

নানা-সংবাদ

—::(o)::—

বঙ্গীয় দোকান-আইন

১৯৪০ সালের বঙ্গীয় দোকান আইনের ২১ ধারা অনুসারে প্রাপ্ত ক্ষমতাবলে গবর্ণর যে সকল বিধান প্রস্তুত করিয়াছেন, সেইগুলি প্রকাশিত হইয়াছে। বিভিন্ন বণিক-সমিতির প্রস্তাব অনুসারে গত ফেব্রুয়ারী মাসে প্রকাশিত খসড়া বিধানের কিছু কিছু পরিবর্ত্তন হইয়াছে বলিয়া জানিতে পারা গিয়াছে।

এই সকল বিধান অনুসারে গবর্ণমেণ্ট ৪ ধারার (৩) উপধারা অনুসারে উক্ত আইনের সবগুলি অথবা কোন একটি ধারার কার্য্য স্থগিত রাখিতে পারেন। অর্থাৎ নিম্নোক্ত ছুটির দিনে এবং প্রয়োজন অনুযায়ী দিবসসমূহে দীর্ঘতর সময় দোকান বন্ধ থাকিবে,—অক্ষয় তৃতীয়া, বকরিদ, বসন্ত পঞ্চমী, চৈত্র-সংক্রান্তি, দেওয়ালী, দুর্গাপূজা, ফতেহাদোয়াজ দাহাম, দোল, ১লা বৈশাখ, রথযাত্রা, জগদ্ধাত্রী-পূজা রামনবমী, গবর্ণমেণ্টের ঘোষণা অনুযায়ী কোন জরুরী (জনসাধারণের পক্ষে) উৎসব, গবর্ণমেণ্ট কর্ত্তৃক অনুমোদিত মেলা-প্রদর্শনী অথবা ধর্মোৎসব-দিবস। কোন দোকান বা সওদাগরী প্রতিষ্ঠানের স্বার্থের সহিত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সংশ্লিষ্ট কোন ব্যক্তি উক্ত আইন অনুসারে ইন্সপেক্টর নিযুক্ত হইতে পারিবেন না। ইন্সপেক্টর পরিদর্শনের সময় যতদূর পারেন ব্যবসায় বন্ধ রাখিতে পারিবেন না। এই সকল বিধান যে সকল রেজিষ্টারে রাখা হইবে, সেগুলি ইংরেজী, বাঙ্গলা, উর্দু, হিন্দী, মাড়োয়ারী বা গুজরাটি ভাষায় রাখিতে হইবে এবং ইংরেজী তারিখ দিতে হইবে। দোকান বা সওদাগরী কার্য্যালয়ের মালিক কোন কর্ম্মচারীর পাওনা ছুটি মঞ্জুর করিতে যদি অসমর্থ হন, তবে তাহাতে ছুটি বাতিল হইবে না। দোকানের সুবিধা অনুসারে ছুটি নিয়ন্ত্রিত হইবে। তবে এইরূপ সর্ত্ত থাকিবে যে, বৎসরান্তে ছুটি পাওনা হওয়ার পর এবং কর্ম্মচারী যদি ছুটি জমা রাখিতে না চাহে, তবে প্রথম ছয় মাসের মধ্যে ছুটি মঞ্জুর করিতে হইবে। অথবা ছুটি যদি জমা হইয়া থাকে, তবে দুই বৎসরান্তে ছুটি পাওনা হওয়ার পর ছয় মাসের মধ্যে ছুটি মঞ্জুর করিতে হইবে। রেজিষ্টার রাখা, ছুটি মঞ্জুর প্রভৃতি ব্যাপারে কেহ এই বিধানের অন্যথা করিলে ৫০৲ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে এবং যদি বিধান ক্রমাগত লঙ্ঘিত হইতে থাকে, তবে প্রথম অপরাধের পর প্রতিদিনের জন্য ৫৲ টাকা করিয়া অর্থদণ্ড হইবে। গত ১লা এপ্রিল হইতে এই আইন কলিকাতায় আমলে আসিয়াছে।

—

বৃদ্ধার সশ্রম কারাদণ্ড

বারাণসী হইতে প্রাপ্ত "ইউনাইটেড প্রেস"এর সংবাদে প্রকাশ যে, ৬৫ বৎসর বয়স্কা বৃদ্ধা শ্রীযুক্তা রাজবতী দেবী ও শ্রীযুক্তা লক্ষ্মীদেবী সত্যাগ্রহ করায় প্রত্যেকে ৬ মাস করিয়া সশ্রম কারাদণ্ডে দণ্ডিতা হইয়াছেন। শ্রীযুক্তা লক্ষ্মীদেবীর ২৫৲ টাকা অর্থদণ্ড অনাদায়ে আরও একমাস সশ্রম কারাদণ্ডের আদেশ হইয়াছে।

—

কান্দির গ্রামে অগ্নিকাণ্ড

মুর্শিদাবাদ-কান্দির সংবাদে প্রকাশ, হলদিগ্রামে ভীষণ অগ্নিকাণ্ড হইয়া গিয়াছে। গ্রামের বাসিন্দাগণ অধিকাংশই কৃষক এবং এই অগ্নিকাণ্ডের ফলে তাহারা সর্ব্বস্বহারা হইয়াছে। তাহারা ধানের গোলা ও খড়ের গাদাসমূহ কিছুই রক্ষা করিতে পারে নাই এবং ক্ষতির পরিমাণ প্রায় ৪০ হাজার টাকা। কান্দির মহকুমা হাকিম গত ২৪শে মার্চ্চ উক্ত গ্রামে গমন করিয়াছিলেন। তিনি গ্রামবাসীদের দুর্দ্দশায় সহানুভূতি জ্ঞাপন করিয়াছেন। বহু লোক গৃহহীন হইয়া পড়িয়াছে এবং খাদ্য ও বস্ত্রের অভাবে কষ্ট পাইতেছে।

—

বীরভূম জেলায় অন্নাভাব

বীরভূম জেলার নিম্নোক্ত অঞ্চলসমূহে অন্নাভাব হইয়াছে বলিয়া বাঙ্গলা গবর্ণমেণ্ট ঘোষণা করিয়াছেন:—(১) সদর মহকুমা (ক) সিউড়ি থানার কামা, তিলপাড়া কারিধ্যা ও বাজনাহা ইউনিয়ন, (খ) সাঁইথিয়া থানার হরিসারা ও সাঁইথিয়ার ইউনিয়ন, (গ) দেওয়ানগঞ্জ থানার লোপা, বনপুর মাত্রা, চিনপাই ও পারুলিয়া ইউনিয়ন (ঘ) খয়রাশোল থানার পাঁচগোরা ইউনিয়ন, (ঙ) ইলামবাজার থানার সিংলা ইউনিয়ন (চ) বোলপুর থানার কঙ্কালপুর, রাইপুর সুপুর, সিয়ান ও বোলপুর ইউনিয়ন, (ছ) নান্নুর থানার দাস কলগ্রাম, থুপসাড়া ও বড় কালিকাপুর ইউনিয়ন, (জ) লাভপুর থানার কুরুমাহার ইউনিয়ন। (২) রামপুর হাট মহকুমা, (ক) রামপুর হাট থানার বুধিগ্রাম ইউনিয়ন, (খ) ময়ূরেশ্বর থানায় ঝিকাদ্যা ইউনিয়ন।

—

আড়াই হাজার নলকূপ

জরুরী অবস্থায় কলিকাতার বর্ত্তমান জলসরবরাহ ব্যবস্থায় গোলযোগ ঘটিলে নাগরিকগণকে যাহাতে পানীয় জলসরবরাহ করা যাইতে পারে, সেই উদ্দেশ্যে বাঙ্গলা গবর্ণমেণ্ট কলিকাতায় নলকূপ খননের যে পরিকল্পনা করিয়াছেন, তাহা কার্য্যকরী করার জন্য কেন্দ্রীয় গবর্ণমেণ্টের নিকট হইতে আর্থিক সাহায্য লাভের প্রতিশ্রুতি পাইয়াছেন বলিয়া জানা গিয়াছে। উক্ত পরিকল্পনায় যে সকল এলাকায় পয়ঃপ্রণালী আছে, সেই সকল এলাকার জন্য ২ হাজার ৩৬০ নলকূপ এবং যে সকল এলাকায় পয়ঃপ্রণালী নাই, সেই সকল এলাকায় ৫ শত অগভীর নলকূপ খননের ব্যবস্থা করা হইয়াছে। উক্ত পরিকল্পনা কার্য্যকরী করিতে আনুমানিক প্রায় ২৫ লক্ষ টাকা ব্যয় হইবে। গবর্ণমেণ্ট শীঘ্র কাজ আরম্ভ করিতে ইচ্ছুক। কাজের জন্য তাঁহারা এই উদ্দেশ্যে আবশ্যক উপকরণ সংগ্রহ করিতেছেন।

—

যাদবপুর যক্ষ্মা-হাসপাতাল

গত ২৫শে মার্চ্চ বুধবার অপরাহ্নে বাঙ্গলার গবর্ণরের পত্নী লেডি হার্বার্ট যাদবপুর যক্ষ্মা হাসপাতালের খগেন্দ্রনাথ ও প্রমীলা সুন্দরী মিত্র ওয়ার্ডের উদ্বোধন করেন। স্বর্গীয় সুরেন্দ্রনাথ মল্লিক এম এ, বি এল, সি আই ই র পত্নী শ্রীমতী স্বর্ণপ্রভা মল্লিকের দানে এই ওয়ার্ডটি নির্ম্মিত হইয়াছে এবং তাঁহার ইচ্ছানুসারে তাঁহার স্বর্গত পিতামাতার স্মৃতি রক্ষাকল্পে 'খগেন্দ্রনাথ ও প্রমীলা সুন্দরী মিত্র' ওয়ার্ড নাম রাখা হইয়াছে।

—

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

[illegible] শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, [illegible] এবং পরিপক্ক লেখনীর [illegible] [illegible] Foreword), [illegible] (Preface), বিষয় তালিকা Contents ও [illegible] Index Glossary) সহ [illegible] ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, [illegible] শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর [illegible]—নদীয়া।

অণুভাষ্যম্

[illegible] শ্রীপাদ [illegible] প্রকাশিত [illegible] ১৲ মাত্র।

সটীক শরণাগতি

[illegible] শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি [illegible] টীকা, [illegible] প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৶০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনরকিশোর [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,

[illegible], পোঃ বাগবাজার, কলিকাতা,

[illegible]

[illegible], পোঃ রমনা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

[illegible] শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর [illegible] প্রকাশিত হইয়াছে। [illegible] পোঃ বাগবাজার, কলিকাতা।

EROTIC PRINCIPLE & UNALLOYED DEVOTION

[illegible] এই গ্রন্থে একটী নূতন [illegible] হইয়াছে [illegible] অপেক্ষা [illegible] ও সুন্দর হইয়াছে। এই গ্রন্থে বহু অমূল্য উপদেশ রহিয়াছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

১	শ্রীমদ্ভাগবত (সমগ্র)	৪০৲
	প্রথম ও দ্বিতীয় স্কন্ধ প্রত্যেক—	২৮৲
	দশম স্কন্ধ—	৯৲
২	[illegible] শ্রীচৈতন্যভাগবত (অবাধা)	৬৲
৩	[illegible] শ্রীচৈতন্যচরিতামৃত	৯৲
৪	[illegible] (অবাধা)	৮৲
৫	শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী	
	১ম খণ্ড [illegible], ২য় খণ্ড—১৲, তৃতীয় খণ্ড—৸০ [illegible] খণ্ড—৸০	
৬	শ্রীল প্রভুপাদের পত্রাবলী	
	১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—৲; ৩য় খণ্ড	৸০
৭	শ্রীচৈতন্যদেব	১০
৮	সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা	১।০
৯	বৈষ্ণবধর্ম	২৲
১০	গৌড়ীয় কণ্ঠহার	২৲
১১	শ্রীচৈতন্যশিক্ষামৃত	২৲
১২	শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা)	১৲
১৩	হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ)	৸০
১৪	সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ)	০
১৫	বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত-তত্ত্ব	।০
১৬	ব্রাহ্মণ ও বৈষ্ণব	৸০
১৭	[illegible]	।০
১৮	[illegible]	॥০
১৯	[illegible]	।০
২০	গৌড়ীয়-গৌরব	।৴০
২১	গৌড়ীয়সাহিত্য	।৴০
২২	ভজন রহস্য	॥০
২৩	শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও নবদ্বীপশতকম্ (বাঁধা)	১৲
২৪	গীতা (শ্রীবলদেব-টীকা সহ)	১৲
২৫	গীতা (চক্রবর্ত্তী টীকা সহ)	১৲
২৬	গীতার [illegible]	।০
২৭	[illegible] (সানুবাদ)	২৲
২৮	[illegible] (সানুবাদ)	
২৯	প্রেমবিবর্ত্ত (২য় সংস্করণ) (কাগজ ॥৶০ বাঁধা ৸০)	
৩০	[illegible]	৵০
৩১	[illegible] (তৃতীয় সংস্করণ)	।৶০
৩২	[illegible]	॥০
৩৩	নবদ্বীপধাম গ্রন্থাবলী	৸০
৩৪	ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা)	[illegible]
৩৫	শ্রীচৈতন্য[illegible]	৴১০
৩৬	[illegible] (১ম খণ্ড)	৶০
৩৭	শ্রী[illegible]	৶০
৩৮	[illegible]	।০
৩৯	শ্রীগৌড়ীয় [illegible]	।০
৪০	[illegible]	৶০
৪১	গীতাবলী	৴১০
৪২	শ্রীব্রজমণ্ডল পরিক্রমা	৸০
৪৩	শ্রীকৃষ্ণ[illegible] (সমগ্র)	২.০
৪৪	প্রেমপ্রদীপ	৴০
৪৫	নবদ্বীপশতক	৴১০
৪৬	অর্চ্চনপদ্ধতি	৴১০
৪৭	সদাচারস্মৃতিঃ	৴১০
৪৮	কল্যাণকল্পতরু	৴১০
৪৯	অর্চ্চনকণ	৴০
৫০	বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (চারিখণ্ড একত্রে)	৬৲
৫১	ব্রহ্মসংহিতা	॥০
৫২	মণিমঞ্জরী (সানুবাদ)	।০
৫৩	গৌরকৃষ্ণোদয়ঃ	৸০
৫৪	পুরুষার্থ বিনির্ণয়	।০
৫৫	[illegible] বা মায়াবাদশতদূষণী	।০
৫৬	ভারতবর্ষ ও ভক্তিপথ	৶০
৫৭	ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ)	।০
৫৮	শ্রীকৃষ্ণভজনামৃত	৶০
৫৯	সিদ্ধান্তদর্পণ	৴০
৬০	সারাবলী	৴০
৬১	শ্রীচৈতন্যমঙ্গল	২॥০
৬২	শ্রীচৈতন্যসন্দর্ভ	৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩	শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্	৸০
৬৪	সিদ্ধান্ত-সরস্বতী বিজয়ঃ	।০
৬৫	সটীকা শিক্ষাষ্টকম্	।০
৬৬	তত্ত্বসূত্রম্	।০
৬৭	মায়াবাদ শিক্ষাষ্টকম্	৶০
৬৮	গৌড়ীয়মঠস্থ পরিচয়ঃ	৴০
৬৯	সারাংশ [illegible]	৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০	রায় রামানন্দ	॥০
৭১	এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত	॥০
৭২	নামভজন	৴০
৭৩	বেদান্ত ইটস্ মর্ফলজী এণ্ড অন্টলজী	॥০
৭৪	রিলেটীভ ওয়ার্ল্ডস্	।৶০
৭৫	লাইফ এণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু	॥০
৭৬	বৈষ্ণবীজম্	।০
৭৭	হোয়াট গৌড়ীয়মঠ ইজ্ ডুইং	৴০
৭৮	দি ভাগবত	।০
৭৯	হাউ টু ওয়ারশিপ এণ্ড আনঅ্যালয়েড ডিভোশন	।০
৮০	ব্রহ্মসংহিতা	॥০
৮১	শ্রীমদ্ভগবদ্গীতা	২৲
৮২	শ্রীচৈতন্যমহাপ্রভু	৬৲
৮৩	শ্রীকৃষ্ণচৈতন্য	১২৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪	শ্রীহরিনামচিন্তামণি	৸০
৮৫	সাধনপথ	।০
৮৬	কল্যাণকল্পতরু	৴১০
৮৭	গীতাবলী	৴১০
	শরণাগতি	৴০
৮৯	প্রার্থনা[illegible]	।৶০
৯০	[illegible]	।০

তামিল ভাষায় প্রকাশিত

৯১	শরণাগতি	।০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২	শ্রীচৈতন্যশিক্ষামৃত	

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH!

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৬শ বর্ষ } ১১ মধুসূদন গৌরাব্দ ৪৫৫ ; ৯ই বৈশাখ, বঙ্গাব্দ ১৩৪৮ ; ২২শে এপ্রিল, ইং ১৯৪১, মঙ্গলবার { ৩৮তম সংখ্যা

ভাষ্য কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত অমূল্য কল্যাণকল্পতরু-গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃত ভাষ্য-সহ সম্প্রতি প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৷৹ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১১ মধুসূদন, হাপু প্রত্যয় গৌরাব্দ ৪৫৫

হরিকথা-প্রসঙ্গ

— —::(•)::——

এ জগতে ভোগধর্ম্ম ও সেবাধর্ম্ম এই দুইটী ধর্ম্ম দেখা যায়। প্রবৃত্তিই চেতনের ধর্ম্ম। ভোগের বিপরীত যে ত্যাগ, তাহা প্রকৃষ্ট ধর্ম্ম নহে, কারণ চেতনের ধর্ম্মে নিবৃত্তি বলিয়া কোন কথা নাই। বর্ত্তমান উৎসাহই চেতনের স্বাভাবিক ধর্ম্ম। উৎসাহ একটা থাকিবই,—হয় ভোগোৎসাহ, না হয় সেবোৎসাহ। অনেক সময় অনেকের ত্যাগে উৎসাহ দেখা যায়। সেই ত্যাগ প্রচ্ছন্নভাবে সূক্ষ্ম ভোগ মাত্র। যে ত্যাগের উদ্দেশ্য ভগবৎপ্রীতি বা সেবা নহে, তাহা অতি তুচ্ছ, তাহাই প্রচ্ছন্ন সূক্ষ্ম ভোগ। এই ত্যাগ ভগবৎপ্রীতির পরিবর্ত্তে শুধু আত্মপ্রীতিকেই লক্ষ্য করে। এইরূপ ফল্গু-ত্যাগের দ্বারা কৃষ্ণেন্দ্রিয়তর্পণ হয় না, সূক্ষ্মভাবে ও প্রচ্ছন্নভাবে নিজেন্দ্রিয়তর্পণ হয় মাত্র। এই নিরীশ্বর ত্যাগ নিজের প্রভুত্ব ও কর্তৃত্বের আড়ম্বর ছাড়া আর কিছুই নহে। এই সুগুপ্ত ও সূক্ষ্ম ভোগময় ত্যাগকে নাস্তিকতা বলিলেও অত্যুক্তি হয় না।

ভোগ দেহমনের ধর্ম্ম, আর সেবা আত্মার ধর্ম্ম। আত্মধর্ম্মে ভক্তিই সাধন, ভক্তিই সাধ্য। সাধনাবস্থায় তাহাকে সাধন-ভক্তি এবং পরিপকাবস্থায় তাহাকে সাধ্য-ভক্তি বা প্রেমভক্তি বলা হয়। ভক্তিধর্ম্ম-লাভের প্রথম সোপান—শ্রদ্ধা। ভক্তিতে প্রথমেই ভগবৎকথা শুনিবার জন্য শাস্ত্র ও সাধুতে শ্রদ্ধা চাই। শ্রদ্ধা বা আগ্রহ হইলে সাধুসঙ্গের প্রয়োজনীয়তা উপলব্ধি হয়। পরে সাধুসঙ্গপ্রভাবে সাধুগুরুকৃপায় ভজন আরম্ভ হইয়া থাকে। ভজনারম্ভের পর ক্রমশঃ অনর্থনিবৃত্তি অর্থাৎ ভক্তিপথের বিঘ্নসমূহ বিনাশ, ভক্তিতে নিষ্ঠা, রুচি ও আসক্তি হয়। প্রথম সোপান শ্রদ্ধা ছাড়া ভক্তিলাভের কোন উপায় নাই, সেইজন্য ভক্তির প্রথম সোপানরূপ শ্রদ্ধালাভের জন্য শ্রবণ একান্ত দরকার। ভগবানের সহিত জীবের সম্বন্ধ কি, জীবের কর্ত্তব্য ও প্রয়োজন কি,এই সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজনের কথা জীবন্ত সাধুর নিকট শ্রবণ করিতে হইবে। এই তিনটীর মধ্যে সম্বন্ধজ্ঞানই সর্ব্বাগ্রে সর্ব্বাধিক প্রয়োজন। ইহাই অভিধেয় ও প্রয়োজনের ভিত্তিস্বরূপ। শ্রবণ ব্যতীত এই সকল বিষয়ে প্রাথমিক জ্ঞানলাভ অসম্ভব। সম্বন্ধজ্ঞানের পর সেবা বা ভজন আরম্ভ। সেই সঙ্গে শ্রবণ আরও সুষ্ঠুভাবে চলিতে থাকে এবং তৎসঙ্গে কীর্ত্তন আরম্ভ হয় অর্থাৎ প্রাথমিক শ্রবণের পর শ্রুতবিষয়ে মনের কতকটা স্থির ধারণা হইলেই তখন ভজন ও কীর্ত্তন অর্থাৎ আচার ও প্রচার হইতে থাকে।

কৃষ্ণতত্ত্ববিৎ সাধুর নিকটেই শ্রবণ করিতে হইবে। প্রকৃত সাধুসঙ্গই প্রয়োজন। সাধুসঙ্গ ব্যতীত শ্রবণও হয় না, সাধনভজনও হয় না। সাধুসঙ্গই সকলের মূল। গুরুই প্রকৃষ্ট সাধু—সবচেয়ে বড় সাধু। এরূপ সাধুর নিকট প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবার সহিত অভিগমন করিতে হইবে। সদ্গুরু দুষ্প্রাপ্য হইলেও অপ্রাপ্য নহেন। সরল হৃদয়ে ব্যাকুলতার সহিত সদ্গুরুলাভের জন্য অনুসন্ধান ও প্রতীক্ষা করিতে হইবে। তাহা হইলে সময়ে সদ্গুরুর সন্ধান অবশ্যই মিলিবে। সাধুসঙ্গ বা সদ্গুরু-সঙ্গলাভ সৌভাগ্যসাপেক্ষ। ভগবৎকৃপায় সদ্গুরু দর্শনলাভ ঘটিলে শরণাগত-হৃদয়ে প্রকৃত জিজ্ঞাসু, শুশ্রূষু ও সেবালিপ্সু হইয়া তাঁহাকে প্রশ্ন করিতে হইবে। তাঁহার কৃপায় সংশয় বিদূরিত হইয়া লক্ষ্যবিষয়ে স্থির ধারণা হইলে প্রভুর অকপট সেবাদ্বারা বিষয়ের উপলব্ধি হইতে পারিবে।

যাহারা শ্রীনামের নিকট অপরাধী, নিরন্তর গৃহীত শ্রীনামই তাহাদের সেই সকল অপরাধ হরণ করিয়া থাকেন। অবিশ্রান্তভাবে শ্রীনাম গ্রহণ করিতে করিতে তাদৃশ নামোচ্চারণফলে অভীষ্টসিদ্ধি হয় অর্থাৎ ক্রমশঃ নৈরন্তর্য্যাবস্থায় নামাভাসফলে অনর্থনিবৃত্তি এবং তদনন্তর শুদ্ধনামোদয়ফলে কৃষ্ণপ্রেমোদয় হইয়া থাকে। অপরাধ থাকিলেও ভগবানের সন্তোষার্থ নামকীর্ত্তন করা কর্ত্তব্য। একমাত্র করুণাময় শ্রীনামই অপরাধ ক্ষমা করিয়া থাকেন। নাম-কৌমুদীতে দেখা যায়, ফলভোগ অথবা যে মহাজনের নিকট অপরাধ হইয়াছে, তাঁহার অনুগ্রহলাভ কেবলমাত্র এই দুইটী উপায়েই মহাজনের নিকট কৃত অপরাধ বিনষ্ট হইয়া থাকে।

শ্রবণ হইলেই কীর্ত্তন হয়। শিষ্য গুরুর কথা কীর্ত্তন না করিয়া থাকিতে পারে না। ইহাই প্রকৃত শিষ্যত্ব। সংশ্রবণ হইলেই সংকীর্ত্তন হয়। আবার যেখানে সংকীর্ত্তন, সেইখানেই সংস্মরণ। কীর্ত্তন ত্যাগ করিয়া স্মরণ হয় না। স্মরণ পঞ্চবিধ—স্মরণ, ধারণা, ধ্যান, ধ্রুবানুস্মৃতি ও সমাধি। যৎকিঞ্চিৎ বস্তুর অনুসন্ধানের নাম স্মরণ, সর্ব্ববিষয় হইতে চিত্ত আকর্ষণ-পূর্ব্বক সাধারণভাবে এক বিষয়ে মনো-নিবেশের নাম ধারণা, বিশেষভাবে রূপাদি চিন্তনের নাম ধ্যান, অমৃতধারার ন্যায় নিরবচ্ছিন্নভাবে প্রবাহিত হইলে সেই স্মরণের নাম ধ্রুবানুস্মৃতি, আর কেবলমাত্র ধ্যেয়বস্তুর স্ফূর্ত্তির নামই সমাধি।

শ্রীল প্রভুপাদের হরিকথা

——•::•::•——

ঐশ্বর্য্য ও মাধুর্য্যভেদে ভগবত্তার প্রকাশ দ্বিবিধ। নরলীলার অপেক্ষা না করিয়াই যে পরমৈশ্বর্য্যের আবির্ভাব, তাহাকে ঐশ্বর্য্য বলে। যেমন শ্রীকৃষ্ণ পিতা বসুদেব ও জননী দেবকীর নিকট চতুর্ভুজ রূপ প্রকাশ করিয়াছিলেন, অর্জ্জুনকে যোগৈশ্বর্য্য প্রদর্শন করিয়াছিলেন, সেই প্রকাশ ভগবানের ঐশ্বর্য্য-প্রকাশ, আর পরমৈশ্বর্য্যের প্রকাশ বা অপ্রকাশে যদি নরলীলার অতিক্রম না হয়, তাহাকে 'মাধুর্য্য' বলে। যেমন পূতনার প্রাণহরণকালে শ্রীকৃষ্ণ স্তনচূষণরূপ নরবালক-চেষ্টা প্রদর্শন করিয়াছিলেন। দীর্ঘ রজ্জুদ্বারা যশোদা কৃষ্ণকে বন্ধন করিতে না পারিলেও শ্রীকৃষ্ণ জননীর ভয়ে ভীত হইবার লীলা দেখাইয়াছিলেন। বাল্যলীলায় কোমল চরণের আঘাতে অতীব কঠিন শকট পাতিত করিয়াছিলেন। এই সকল কার্য্যে শ্রীকৃষ্ণের পরমৈশ্বর্য্য প্রকাশিত হইলেও উহা নরলীলাকে অতিক্রম করে নাই। আবার শ্রীকৃষ্ণের পরমৈশ্বর্য্য থাকিলেও কোথায়ও তিনি তাহা প্রকাশ না করিয়া সামান্য নরবালকের ন্যায় আচরণ করিয়াছেন, যেমন দধিদুগ্ধ-চৌর্য্য প্রভৃতি।

একমাত্র ঈশ্বরই জীবের কত কর্ম্মের ফলদাতা ও অহঙ্কার-বিমূঢ় জীব আপনাকে যে কর্ত্তা মনে [illegible] করে,

---

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে॥

তাহা তাহার মিথ্যা অভিমান মাত্র। ভগবদিচ্ছাই ফলবতী হয়। জীব উপলক্ষ্য-স্বরূপ হইলেও ঈশ্বর-ইচ্ছাই বলবতী।

জীবন-মরণ কৃষ্ণ-ইচ্ছায় সে হয়।
বিষ বা অমৃত ভক্ষিলেও কিছু নয়॥
যে মান্ত যাঁহারে কৃষ্ণচন্দ্র রাখে মারে।
তাহা বই আর কেহ করিতে না পারে॥

(চৈঃ ভাঃ)

জড়জগতে বিষের ক্রিয়ায় জীবের মৃত্যু হয়, আর অমৃত সেবনে জীবের নিত্য জীবন প্রাপ্তি ঘটে। কৃষ্ণেচ্ছাক্রমে কল্পবৃক্ষ ও চিন্তামণিসমূহ স্ব-স্ব ফল প্রদান করিতে সমর্থ হয়। কৃষ্ণেচ্ছায় সেইসকল বস্তু হইতে তত্তদ্গুণ ও বৃত্তি তুলিয়া লইলে তাঁহারা আর উহা প্রদর্শন করিতে সমর্থ হয় না।

ভগবদ্বিমুখ বদ্ধজীবসমূহ আপাতমধুর কিন্তু পরিণামে অমঙ্গলকর বিচারে প্রমত্ত হইয়া ভগবানের নিত্যমঙ্গলময়ী ইচ্ছাতেও দোষ দর্শন ও প্রদর্শন করে। ইহাই তাহাদের দুর্দশা বা অজ্ঞান। সৌভাগ্যক্রমে জীব যখন জানিতে পারেন যে, তিনি নিত্য কৃষ্ণদাস, তখন তাঁহার আর কোনপ্রকার ভয় ও দুঃখ থাকে না।

যাঁহাদের আত্মবৃত্তির উন্মেষ হয়, তাঁহারা হরিসেবোপযোগী বাক্যাদিতেই নিযুক্ত থাকেন, ফলতঃ জীবন হরিকথা ব্যতীত অন্য কথায় কালক্ষেপ কর্ত্তব্য নহে। মুক্ত সেবকবর্গের দেহস্মৃতি বা আত্মেন্দ্রিয়প্রীতিবাঞ্ছা আদৌ থাকে না। কৃষ্ণাদেশানুসারে অনুসরণকারী দুঃসঙ্গ-বিমুক্ত সদাচারবিশিষ্ট ভক্তই প্রতি গৃহে প্রচার করিতে সমর্থ।

যতদিন জীব জড়বদ্ধ থাকেন, ততদিন তিনি সচ্চিদানন্দ বৈষ্ণবের উপাস্য সচ্চিদানন্দ বিগ্রহ শ্রীবিষ্ণুর উপাসনা-পথের পথিক নহেন, অর্থাৎ সচ্চিদানন্দের উপলব্ধি করিতে অসমর্থ। ত্রিতাপবদ্ধ জীবের ভোগবাসনা ও ত্যাগবাসনা সঙ্গদোষে আসিয়া উপস্থিত হয়। কৃষ্ণ-কৃপা ব্যতীত মানব নিজ চেষ্টার দ্বারা কখনই কৃষ্ণভজন লাভ করিতে পারেন না। কৃষ্ণচন্দ্র যাঁহাকে কৃপা করিয়া স্ব-স্বরূপের লীলা প্রদর্শন করেন, তিনিই তাঁহাকে ভজন করিবার সৌভাগ্য লাভ করেন। কৃষ্ণকৃপাপ্লাবনী সমুত্থিত বীর্য্যবতী কৃষ্ণকীর্ত্তন সরস্বতী ব্যতীত জীবের ভোগধারণোত্থ প্রাণহীন শব্দের দ্বারা তাহার কৃষ্ণবৈমুখ্যরূপ জড় বধ্যতা বিদূরিত হয় না।

বৈকুণ্ঠশব্দই সাক্ষাৎ পরব্রহ্ম। সেই অপ্রাকৃত শব্দ যাঁহারা অনুক্ষণ উচ্চারণ করেন, তাঁহাদের অনুক্ষণ পরব্রহ্মের সহিত communion (সঙ্গ) হয়। যাহারা বস্তুর নিকট হইতে দূরে, তাহারা যেরূপ শব্দের সাহায্যে দূরস্থিত বস্তুর অভিজ্ঞান লাভ করে, আবার বস্তুর সম্মুখস্থ হইলেও শব্দের সাহায্যে বস্তুর স্তুত, প্রশংসা ও মহত্ত্বপ্রকাশ এবং তদ্দ্বারা সম্যগ্‌ভাবে সর্ব্বেন্দ্রিয়দ্বারা বস্তুকে উপলব্ধি করিয়া থাকে, তদ্রূপ ফললাভ-চেষ্টা (সাধন) ও ফলপ্রাপ্তি (সাধ্য) উভয়কালেই অপ্রাকৃত শব্দের প্রয়োজনীয়তা স্বীকৃত হইয়াছে। ভগবানের ভক্তগণ ভগবান্‌কে নামকীর্ত্তন-সহযোগে ডাকেন—ভগবানের সুখের জন্য—ভগবানের সেবার জন্য, তাঁহাদের নিজের কোন কামনা-পরিতৃপ্তির জন্য নহে।

যাহা ইন্দ্রিয়জজ্ঞান মাপিয়া লইতে পারে না, তাহাই অধোক্ষজ। সেই অপ্রাকৃত জ্ঞান যখন সেবোন্মুখ ইন্দ্রিয়ে স্বেচ্ছায় অবতীর্ণ হন, তখনই তাহা উপলব্ধির বিষয় হয়, নতুবা কৃষ্ণতত্ত্ব জাগতিক সর্ব্বশ্রেষ্ঠ পাণ্ডিত্য, সর্ব্বশ্রেষ্ঠ সাধনা, সর্ব্বশ্রেষ্ঠ বুদ্ধিমত্তা, বিচারশক্তি—কিছুদ্বারাই আংশিকভাবেও জানা যায় না।

আমরা চেতনময় শ্রীমূর্ত্তিকে 'জড়পিণ্ড' না জানিয়া মন্ত্রের দ্বারা—চেতনের দ্বারা উপাসনা করি। চেতনের বৃত্তিদ্বারা ভগবানের সঙ্গে communication হয়। যাহাদের চিন্তাস্রোতঃ ও বুদ্ধি অচেতনের দ্বারা বিজড়িত হইয়াছে, যাহারা অচিদ্দর্শন ব্যতীত চেতনের অন্য কোন ব্যবহার জানে না, তাহারাই অর্চ্চাবতারকে 'Idol' মনে করে। শ্রীনাম-কীর্ত্তন দ্বারা শ্রীমূর্ত্তির সেবা হয়—চেতনের দ্বারা চেতনের সেবা হয়।

ঐকান্তিক ভক্তগণ কখনই ভক্তবৎসল প্রভু বিষ্ণুর পাদপদ্মসেবা পরিত্যাগ করিতে সমর্থ হন না। তিনিও কখনই তাঁহার ঐকান্তিক ভক্তগণকে পরিত্যাগ করেন না, অর্থাৎ ভগবান্ ও ভক্ত পরস্পরের সঙ্গ কেহই ক্ষণকালও পরিত্যাগ করিতে পারেন না, পরন্তু তাঁহাদিগকে সর্ব্বত্র সর্ব্বদা রক্ষা করেন। ভক্তগণও নির্ব্বিশেষ মায়াবাদীর আক্রমণ হইতে ভগবান্‌কে রক্ষা করেন—এতদ্দ্বারা ভগবদ্বিরোধিগণের নিষ্ঠুর পাপ-হস্ত হইতে মোচনরূপ ভগবদ্ভক্তগণেরও দয়ার কার্য্যই দেখিতে পাওয়া যায়।

বুঝিয়াছি—বৈষ্ণবের পাদপদ্ম ব্যতীত আমার গত্যন্তর নাই। তাঁহারা দয়া করিয়া মূর্খ, জ্ঞানহীন ও দুর্ব্বলকে বল দান করিবেন, যোগ্যতা দিবেন—শক্তি সঞ্চার করিবেন।

ভগবানের শ্রীচরণের অর্চ্চন সকলেই করিয়া থাকেন, কিন্তু 'ভগবান্ আমাদের কিছু সুবিধা করিয়া দিন'—এই বিচার দোকানদারী ছাড়া আর কিছুই নহে। ঐরূপ রাস্তা ধরিবার চেষ্টা করিলে কৃষ্ণের সেবা বুঝা যাইবে না। ভগবান্ পরমমঙ্গলময়, তাঁহার নিকট পরম মঙ্গল প্রার্থনা করিবার পরিবর্ত্তে কামাদি প্রার্থনা বুদ্ধিমত্তার পরিচয় নহে। কৃষ্ণকে কি প্রকারে ভজন করা যায়, সেই বিচারই অনুসরণীয়।

সেবা

——::•::——

সেব্যবস্তু স্বেচ্ছায় সেবককে সেবা প্রদান করেন এবং ইহাই একমাত্র সেবকের সেবালাভের উপায়। সেব্য যদি কৃপা করিয়া সেবককে সেবা প্রদান না করেন, তাহা হইলে সেবকের সেবা লাভ কিছুতেই সম্ভবপর নহে। সেবক সেব্যের ইন্দ্রিয়তৃপ্তির বা সুখবিধানের জন্য ইচ্ছাযুক্ত হইতে পারেন, কিন্তু তাঁহার সেই ইচ্ছার পূর্ত্তি একমাত্র সেব্যবস্তুর-ইচ্ছার উপর নির্ভর করে।

জগতে যে ভ্রমাত্মক সেব্যসেবক-সম্বন্ধ দৃষ্ট হয়, তাহাতে সম্পূর্ণরূপে এই সেবা-ধর্ম্মের তিরোধান ঘটিয়াছে। এ জগতের প্রভু বা সেব্য-অভিমানিগণ তাঁহাদের সেবক-অভিমানিগণের উপর বহির্দৃষ্টিতে কথঞ্চিৎ প্রভুত্ব করিবার অভিনয় করিলেও বস্তুতঃ উভয়েই উভয়ের দাসমাত্র। উভয়েই নিজ নিজ ইন্দ্রিয়ের গোলাম হওয়ায় প্রভু তাহার ইন্দ্রিয়ের যোগানদার ভৃত্যেরও গোলাম। ভৃত্যও ইন্দ্রিয়ের গোলাম হইয়া প্রভুর ভৃত্য-নামধারী মাত্র। উভয়েই প্রয়োজনের দাস হওয়ায় তাহাদের বাহ্যদৃষ্টিতে অপরের প্রভুত্ব বা ভৃত্যত্ব বণিক্‌নীতির তৌলদণ্ডে স্থাপিত। কিন্তু ভগবান্ পুরুষোত্তম আত্মারাম, আপ্তকাম। তাঁহার কোন কিছুরই প্রয়োজন নাই। তিনি নিজেই নিজে পূর্ণ হওয়ায় অপরের নিকট হইতে তাঁহার কিছুরই প্রয়োজন হয় না—তিনি আপ্তকাম হওয়ায় তাঁহার কোন কামনার পূরণকার্য্যে অপরের প্রয়োজন নাই। কিন্তু তথাপি তিনি অত্যন্ত কৃপাপ্রকাশ করিয়া অপরকে তাঁহার সেবা প্রদান করিয়া থাকেন। তাঁহার এই কার্য্য জীবের প্রতি অত্যন্ত অহৈতুকী করুণার পরিচয় মাত্র। ভগবান্ তাঁহার দয়া-প্রবৃত্তির পূরণের জন্য অপরকে দয়া করিয়া সেবা প্রদান করেন, তাহাও বলা যাইতে পারে না, কারণ ভগবান্ আত্মারাম। ভগবানে এই আত্মারামতা ও করুণাময়তার যে অপূর্ব্ব সামঞ্জস্য হয়, তাহা মানবচিন্তার অধীন হইবার কোন কারণ নাই। তাহা একমাত্র সেবোন্মুখগণ স্ব-স্ব সেবাপ্রবৃত্তির দ্বারা বুঝিয়া ভগবানের করুণার অহৈতুকীত্ব বুঝিতে পারেন। তজ্জন্য বৈষ্ণবশাস্ত্রে ভগবানের কৃপার পূর্ব্বে 'অহৈতুকী' বিশেষণের প্রয়োগ দৃষ্ট হয়। 'অহৈতুকী' শব্দের ইহাই তাৎপর্য্য যে, জীবের প্রতি ভগবানের কৃপার কোন কারণ নাই—একমাত্র তাঁহার অহৈতুকী করুণাই জীবের প্রতি ভগবানের কৃপাকার্য্যের কারণ। ভগবানের করুণার এই প্রকার বৈশিষ্ট্য না বুঝিতে পারায় জাগতিক লোকগণ ভগবৎসেবালিপ্সুগণের প্রতি slave mentalityর আরোপ করেন। বস্তুতঃ ভগবৎসেবার মধ্যে সেবকের অহৈতুক প্রেমসম্বন্ধ থাকায় এবং ভগবানের দিক্ হইতে আত্মারামতা সত্ত্বেও প্রেমগ্রাহিতার পরিচয় থাকায় তাহাতে জাগতিক কোনপ্রকার হেয়তার আরোপ আদৌ টিকিতে পারে না।

জগতে কোথায়ও নিরুপাধিক প্রেমের পরিচয় নাই। জগতের স্বামী-স্ত্রী, পিতা-পুত্র, প্রভু-ভৃত্য প্রভৃতি সকলের মধ্যেই ইন্দ্রিয়-তর্পণের বণিগ্‌বৃত্তি রহিয়াছে। তজ্জন্য জাগতিক অস্মিতায় থাকিয়া ভগবৎসেবকের অহৈতুকী চিত্তবৃত্তির কোন প্রকার ধারণা আদৌ সম্ভবপর নহে—যদিও ভগবৎসেবক ও ভগবানের পরস্পরের প্রতি ব্যবহারের সহিত জাগতিক কার্য্যকলাপের বহির্দৃষ্টিতে অনেক সৌসাদৃশ্য দেখা যায়।

এখন প্রশ্ন হইতেছে—কে ভগবানের এই অহৈতুককরুণারূপ সেবা লাভ করিতে পারেন? তদুত্তর এই যে,—একমাত্র যাঁহারা ভগবানের অহৈতুক করুণালাভ করেন, তাঁহারাই ভগবানের সেবা লাভ করিতে পারেন। সুতরাং ভগবৎসেবা লাভ করিতে হইলে একমাত্র ভগবানের অহৈতুকী করুণার অপেক্ষা ব্যতীত অন্য কোন পথ নাই। যাঁহারা একমাত্র এই ভগবৎকরুণাপ্রতীক্ষার পথ নিষ্কপটে বরণ করিয়া সেবানুখে উৎকণ্ঠিত-ভাবে সময় অতিবাহিত করিতে থাকেন, তাঁহারাই ভগবৎকরুণায় ভগবানের শুদ্ধ-সেবালাভ করিতে পারেন।

যাঁহারা কেবলমাত্র ভগবানের প্রেমসেবা লাভ করিতে চান, অর্থাৎ কেবলমাত্র ভগবানের সুখ-সুবিধার জন্যই ভগবানের সেবা চান, নিজের সুখ দুঃখ বা কোনপ্রকার অসুবিধার অপনোদন বা মোচন করিবার ইচ্ছায় ভগবানের সেবার অভিনয় করেন না, একমাত্র সেই অকিঞ্চন ব্যক্তিগণই ভগবানের অহৈতুকী কৃপায় ভূষিত হন। শাস্ত্র বলেন, —"যাঁহারা নিজ দুষ্কর্ম্মের ফলগুলিকে ভগবানেরই কৃপা বলিয়া তৎপ্রতি অবিদ্রোহী হইয়া ভোগ করিতে করিতে কায়, মন ও বাক্যের দ্বারা ভগবানের কৃপার প্রতি শরণাপন্ন হন, একমাত্র তাঁহারাই ভগবানের কৃপা ও সেবালাভ করিতে পারেন।" "যাঁহারা নির্ব্ব্যলীকভাবে ভগবান্ শ্রীঅনন্তদেবের শ্রীচরণাশ্রয় করেন, তাঁহাদিগকে ভগবান্ অনন্তদেব কৃপা করেন এবং তাদৃশ ব্যক্তিগণের কুক্কুর-শৃগাল-ভক্ষ্য দেহে আত্মবুদ্ধি থাকে না।" যাঁহারা নিষ্কপটে ভগবৎকৃপা লাভ করিতে চান, তাঁহারা তজ্জন্য কায়মনোবাক্যে ভগবানের কৃপারই প্রতীক্ষা করিবেন- ইহাই শাস্ত্র উপদেশ করিতেছেন।

ভগবানের ভক্তগণ ভগবান্ হইতে অভিন্ন। তাঁহাদের মধ্যে কোন ভেদ নাই। ভক্তগণের কৃপা ভগবানেরই কৃপা—ইহা শাস্ত্র ও পার্ষদ ভগবদ্ভক্তগণ

বলেন। সুতরাং যাঁহারা ভগবদ্ভক্তের কৃপালাভ করিবার যত্ন করেন, তাঁহারা ভগবানের কৃপাই লাভ করিবার চেষ্টা করেন। ভক্তগণ ভগবানের করুণাস্বরূপে জগতে অবতীর্ণ হইয়া সেবোন্মুখগণের প্রতি কৃপা বিতরণ করেন। যাঁহারা ভক্তচরণে কায়মনোবাক্যে শরণাগত হন, তাঁহারা ভগবানের শ্রীচরণেই কায়মনোবাক্যে শরণাপন্ন হন, বলিতে হইবে। ভক্তকৃপা ও ভগবৎকৃপা একটাই জিনিষ।

যাঁহারা নিষ্কপটে ভগবানের অহৈতুকী করুণার প্রার্থী তাঁহাদের ইহাই লক্ষণ যে, তাঁহারা কায়মনোবাক্যে ভগবচ্চরণে তথা ভগবদ্ভক্তচরণে শরণাপন্ন হন। সুতরাং যাঁহারা ভগবৎসেবায় কায়মনোবাক্যে নিরন্তর নিযুক্ত থাকেন, তাঁহাদের ভগবৎকৃপা-প্রতীক্ষায় নিষ্কপটতা সিদ্ধ হয়। কিন্তু যাঁহারা তাহা না করিয়া কেবল মৌখিক কৃপা-প্রতীক্ষা করেন, তাঁহাদের নিষ্কপটতার সম্বন্ধে সন্দেহের অবকাশ আছে। এইজন্য যাঁহারা তাঁহাদের উপর অর্পিত স্বতন্ত্রতার সদ্ব্যবহার করিয়া কায়মনোবাক্যে গুরুসেবায় নিযুক্ত থাকিয়া নিষ্কপটে কৃপার প্রার্থী হন, তাঁহারাই ভগবানের অহৈতুকী কৃপা ও সেবা লাভ করিতে পারেন।

কৃপাই সেবা। কৃপা-প্রার্থনাই সেবা-প্রার্থনা। কৃপালাভের জন্য যত্নাগ্রহই সাধন। যেখানে সাধনাগ্রহ সেইখানেই কৃপা, যেখানে কৃপা সেইখানেই সাধনাগ্রহ। ইহাই স্বাভাবিক। কৃপা ও সাধন পরস্পর একসূত্রে গ্রথিত। একটীকে বাদ দিয়া অপরটী সম্ভব হয় না। সেবোন্মুখতাই ভগবৎকৃপা। যাঁহাতে সাধন বা সেবোন্মুখী বৃত্তি দেখা যায় তিনি কৃষ্ণকৃপা পাইতেছেন জানিতে হইবে। সাধন ব্যাপারটী কষ্ট নহে, তাহা সেবালাভের প্রাগবস্থা। ভগবৎসেবানুকূল চেষ্টা ও কৃপা পৃথক্ বস্তু নহে। সেবার ফল কৃপা এবং কৃপার ফল সেবা। সেবানুকূল কার্য্য দ্বারাই ভগবান্ ও ভক্তের কৃপা বা সেবা লাভ হয়। নিষ্কপট কৃপাভিখারী কৃপাদেবীকে সেব্যবিগ্রহ বা সেবাবিগ্রহরূপে সমুপস্থিত দেখিতে পান। সদ্গুরুর আনুগত্যে গুরুবৈষ্ণবসেবা ব্যতীত বদ্ধজীবের কৃষ্ণকৃপা লাভ হয় না। তাই শাস্ত্র বলেন,—

তা'তে কৃষ্ণ ভজে করে, গুরুর সেবন।
মায়াজাল ছুটে, পায় কৃষ্ণের চরণ॥

সাধনভক্তি বা সেবা দ্বারাই সুষ্ঠু সম্বন্ধজ্ঞান লাভ হয়। আবার সুষ্ঠু সম্বন্ধজ্ঞান উদয় হইলে নিত্যসিদ্ধা পরা ভক্তির উদয় হইয়া থাকে। শ্রীমদ্ভাগবত বলেন,—

বাসুদেবে ভগবতি ভক্তিযোগঃ
প্রয়োজিতঃ।
জনয়ত্যাশু বৈরাগ্যং জ্ঞানঞ্চ যদহৈতুকম্॥
(ভাঃ ১।২।৭)

ভগবান্ বাসুদেব শ্রীকৃষ্ণে ভক্তি উদয় করিবার চেষ্টারূপ ভক্তিযোগ অনুষ্ঠিত হইলে শীঘ্রই বিষয়-ভোগ ত্যাগ এবং কৃষ্ণে সম্বন্ধজ্ঞানের উদয় করায়। সুতরাং সাধন বা সেবা বাদ দিয়া কখনও কৃপালাভ বা সেবালাভ হইতে পারে না। সাধনভক্তি ও কৃপা যুগপৎ মিলিত হইলে ভগবানের নিত্য সেবা লাভ হয়। সাধুগুরুর আনুগত্য বাদ দিয়া সাধনের কোন মূল্য নাই, আবার কৃপার আশায় কপটতাপূর্ব্বক সাধনভক্তি বাদ দিলেও সেবালাভ অসম্ভব।

ভগবান্ শরণাগতকে রক্ষা করেন। ইহার দ্বারা স্পষ্টই জানা যায় যে, জীবের দিক্ হইতে শরণাগতি এবং ভগবানের দিক্ হইতে সেবাদান দুইই আবশ্যক। শরণাগতিই সেবা বা কৃপালাভের উপায়। যেখানে শরণাগতি বা সেবোন্মুখতা নাই সেখানে ভগবৎকৃপার উপলব্ধি হয় না। সেবোন্মুখতাই ভগবৎকৃপার মূল। আবার ভগবৎকৃপাও সেবোন্মুখী বৃত্তি জাগ্রত করিবার কারণ।

মহৎকৃপা বিনা কোন কর্ম্মে ভক্তি নয়।
কৃষ্ণভক্তি দূরে রহু, সংসার নহে ক্ষয়॥

যৎকিঞ্চিৎ

——::•::——

ভগবদ্দাস্য এ জগতের দাস্যের মত হেয় ও অনুপাদেয় নহে। ভগবদ্দাস্য খুব ভাল জিনিষ। ভগবদ্দাস্য ও ভগবদ্ভক্ত-দাস্য পরমানন্দময় ও পরম গৌরবের বিষয়। কপাল খুব ভাল না হইলে ভগবানের দাস হওয়া যায় না। 'অল্প ভাগ্যে দাস নাহি করেন ভগবান।' সাধুগুরুকৃপায় মায়ার দাস্য হইতে মুক্ত হইলে জীব ভগবান্ ও ভগবদ্ভক্তের দাস্য করিবার সৌভাগ্য পায়। সেখানে অণুচৈতন্য জীব পূর্ণচেতন ভগবানের প্রতি আকৃষ্ট হইয়া আপনজ্ঞানে প্রীতিময়ী সেবায় নিযুক্ত। ভগবানের অধীনতা বা দাস্যই একমাত্র শান্তির আস্পদ। এই দাস্য লাভ করিবার জন্য ব্রহ্মাশিবাদি পর্য্যন্ত ব্যাকুল। দাস্য এত বড় জিনিষ।

"আগে হয় মুক্তি, তবে সর্ব্ববন্ধ নাশ।
তবে সে হইতে পারে শ্রীকৃষ্ণের দাস॥"

ভগবানের নিত্যদাস্যই পূর্ণ স্বাধীনতা। স্ব অর্থাৎ ভগবানের অধীনতাই স্বাধীনতা। এই ভগবৎপরতন্ত্রতাই শরণাগতি, আনুগত্য বা ভক্তি। ভগবৎপরতন্ত্রতা হইতে বিচ্ছিন্ন হইয়া যে স্বতন্ত্র সত্তা সংরক্ষণের চেষ্টা তাহাই পরাধীনতা বা মায়াধীনতা। অগ্নিস্ফুলিঙ্গ যেরূপ বৃহৎ অগ্নিকুণ্ড হইতে পৃথক্ হইলে নিজের সত্তা সংরক্ষণে অক্ষম হইয়া নির্ব্বাপিত হয়, সেইরূপ অণুচৈতন্য জীবও ভগবানের অধীনতারূপ স্বতন্ত্রতা ছাড়িয়া নিজের পৃথক্ সত্তা সংরক্ষণ অর্থাৎ মায়াধীন হইবার চেষ্টা করিলে তাঁহার ধ্বংস অনিবার্য্য।

অকপট সেবাপ্রবৃত্তি দেখিয়া প্রকৃত সাধুই সাধুকে চিনিতে পারেন। সাধারণ জীবও সাধুকৃপায় সাধুকে চিনিতে পারে। সাধুগণ যখন কৃপা করিয়া আত্মপ্রকাশ করেন, তখন নিষ্কপট শ্রদ্ধাবান্ জীব সাধুর প্রকৃত স্বরূপ দর্শন করিতে পারেন। মহাভাগ্যবান্ জীবগণই সাধুর সেবা ও কৃপা পাইয়া থাকেন। সাধু চিনিবার জন্য শ্রীগৌরনিত্যানন্দের চরণে অকপট কাতর প্রার্থনা থাকিলে এবং গৌরনিত্যানন্দের কৃপায় হৃদয় দম্ভহীন ও দৈন্যপূর্ণ হইলে নিতাই-গৌরই কৃপা করিয়া সেই হৃদয়ে সাধুর স্বরূপ প্রকাশ করেন। সাধু গৌর-নিত্যানন্দকে জানান এবং গৌর-নিত্যানন্দ সাধুকে চিনাইয়া দেন।

শ্রীগুরুপাদপদ্ম নিত্যানন্দ। নিতাইপদকমল কোটীচন্দ্র-সুশীতল। সেই কোটীচন্দ্র-সুশীতল শ্রীগুরুনিত্যানন্দপাদপদ্মছত্রই অনন্ত ব্রহ্মাণ্ডের সকল তাপিত জীবের একমাত্র আশ্রয়স্থল। সকলসন্তাপহারী শ্রীগুরুপাদপদ্মসীধু-আস্বাদনে উন্মুখ ব্যক্তিই জগদতিরিক্ত স্বদেশে, অশোক-অভয়-অমৃতরাজ্যে গমনের অধিকারী। বিমুখের সে আশা বিফল। শ্রীগুরুপাদপদ্মই পূর্ণ ও নিত্য আনন্দের আকর। তাঁহার মনোঽভীষ্টপ্রচারই জীবের একমাত্র কর্ত্তব্য। সেইমনোঽভীষ্টপ্রচারে যিনি যত উন্মুখ তিনি তত তাঁহার কৃপা আকর্ষণ করিতে সমর্থ।

প্রচার-প্রসঙ্গ

——::•::——

মেদিনীপুরে

গৌড়ীয়াচার্য্য-ভাস্কর ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের একান্ত আনুগত্যে শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক শ্রীপাদ মহাপুরুষদাস ভক্তিশাস্ত্রী মহোদয় কয়েকজন ব্রহ্মচারী সহ গত ১৯শে চৈত্র বুধবার কালকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে রওনা হইয়া মেদিনীপুর কোলাঘাট অঞ্চলে গুজারখালাপুর ও বর্ণানে শ্রীচৈতন্যবাণী প্রচার করিয়া ২২শে চৈত্র শনিবার হুগলী জেলার ঠাকুরাণীচক গ্রামে শ্রীযুক্ত বাবু গৌরহরি পাত্র মহাশয়ের বাটীতে ও শ্রীযুক্ত বাবু পিয়ারীদাস মান্না মহাশয়ের বাটীতে শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করেন। সেখান হইতে রওনা হইয়া তাঁহারা বন্দরে বহু সজ্জনপরিবৃত এক সভাতে শ্রীমন্মহাপ্রভুর দান সম্বন্ধে বক্তৃতা প্রদান করেন। সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজনতত্ত্ব এবং শ্রীচৈতন্যমহাপ্রভুর দানের অসমোর্দ্ধ বৈশিষ্ট্যের কথা সভাতে বিশেষভাবে কীর্ত্তন করা হয়। বক্তৃতান্তে মহাজন পদাবলী কীর্ত্তন হয়। সেখান হইতে প্রচারকগণ পরদিবস সন্ধ্যায় খানাকুল কৃষ্ণনগরে শ্রীনিত্যানন্দসখা শ্রীঅভিরাম ঠাকুরের শ্রীপাটে গমন করিয়া তথায় পঞ্চতত্ত্ব ও বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তন করেন এবং শ্রীচৈতন্যচরিতামৃতের অনুভাষ্য হইতে শ্রীঅভিরাম ঠাকুরের প্রসঙ্গ পাঠ ও আলোচনা করেন। সেই রাত্রে তাঁহারা সিদ্ধবকুলকুঞ্জে অবস্থান করিয়া ইষ্টগোষ্ঠী ও হরিকথা আলোচনা করেন। তৎপর দিবস প্রচারকগণ শ্রীযুক্ত বাবু নীলমণি সামন্তের আগ্রহাতিশয্যে মথুরাপুরে তাঁহার বাটীতে অবস্থানপূর্ব্বক তাঁহার নিজ বাটীতে সমাগত বহু ব্যক্তির সমক্ষে শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করেন। আর্য্যসমাজিগণের প্রভাবে প্রভাবান্বিত কতিপয় শিক্ষিত ব্যক্তির বিবিধ পরিপ্রশ্নের উত্তরে ভক্তিশাস্ত্রীজী শ্রীচৈতন্যদেবের মহাবদান্যলীলার চমৎকারিতা পুরাণার্কশিরোমণি শ্রীমদ্ভাগবতের প্রোজ্ঝিত-কৈতব সার্ব্বজনীন সনাতনধর্ম্ম কীর্ত্তনের অসমোর্দ্ধ প্রভাব, জীবের নিত্যধর্ম্ম, শ্রৌতপথ ও তর্কপথ, অন্ধবিশ্বাস ও সুদৃঢ়বিশ্বাস, অর্চ্চা ও অবতারের মহিমাদি বহু বিষয় কীর্ত্তন করিলে উক্ত প্রশ্নকারিগণ বিশেষ সন্তুষ্ট হইয়া পরবর্ত্তীকালে ভক্তিশাস্ত্রীজীর নিকট আরও হরিকথা শ্রবণ করিবার বাসনা জ্ঞাপন করেন।

সেখান হইতে প্রচারকগণ বনহরিশপুর ও তুলসীরামপুরে প্রচার করিয়া ২৯শে চৈত্র ঘাটালে শ্রীযুত হৃষীকেশ দাসাধিকারী মহাশয়ের বাসাতে উপস্থিত হন। সেখানে থাকিয়া তিন দিবস বিভিন্ন স্থানে শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা হয়। প্রত্যহ পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়। ভক্তিশাস্ত্রীজী বহু শ্রদ্ধালু ব্যক্তির বিবিধ প্রশ্নের যথাযথ সদুত্তর প্রদান ও শ্রৌতবাণী কীর্ত্তন করিয়া সকলের সমস্ত সন্দেহ ভঞ্জন করেন। সেখান হইতে তাঁহারা ৪ঠা বৈশাখ তারিখে শান্তিপুরের (মেদিনীপুর জেলা) শ্রীযুত ভূপতিচরণ ভগয়া মহাশয়ের বাটীতে উপস্থিত হন।

ময়মনসিংহে

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম শাখা ময়মনসিংহস্থ শ্রীজগন্নাথ-গৌড়ীয়মঠে পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে গত ১লা বৈশাখ হইতে শ্রীপাদ যদুবরদাস ভক্তিশাস্ত্রী এম এ, বি-এল মহোদয় প্রত্যহ সন্ধ্যারাত্রিকের পর শ্রীমদ্ভাগবত ৭ম স্কন্ধ হইতে শ্রীপ্রহ্লাদ মহারাজের উপাখ্যান পাঠ ও সরল ভাষায় ব্যাখ্যা করিতেছেন। পাঠে ক্রমশঃই শ্রোতার সংখ্যা বৃদ্ধিপ্রাপ্ত হইতেছে। এতদ্ব্যতীত ভোরে মঙ্গলারাত্রিকান্তে শ্রীপাদ শিবদাস্তবিগ্রহ বিদ্যারত্ন বি-এ মহোদয় শ্রীচৈতন্যশিক্ষামৃত পাঠ ও ব্যাখ্যা করিতেছেন। শ্রীমঠস্থ সেবকগণ সহরের সর্ব্বত্র যাইয়া হরিকথা-কীর্ত্তনমুখে শ্রীগুরু-বৈষ্ণব-সেবার জন্য মাধুকরী ভিক্ষা করিতেছেন। সময় সময় মফঃস্বলের বিভিন্ন স্থানে যাইয়াও সেবকগণ হরিকথা কীর্ত্তন করেন।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅপ্রমন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক—শ্রীঅবকুঞ্জ দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীবনবিহারী দাসাধিকারী

মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

কাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলানিলয় ব্রহ্মচারী

অণুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীমহৎকৃপা ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—প্রণবগৌরাঙ্গ ব্রহ্মচারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীপরমানন্দ ব্রহ্মচারী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌড়পুর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমদ্ স্বরূপ গৌড়ীয়মঠ
রাউতারা (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুপাদ দাসাধিকারী

কৃষ্ণকুটীর
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীমদ্ভাগবত সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীমাধবদাস দাসাধিকারী

মহেশ পণ্ডিতের পাট
চাকদহ, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয় মঠ
চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা।
সেবক—গৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীউমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীদীনদয়াল ব্রজবাসী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদরাপণ্ডিতসিদ্ধান্ত বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক শ্রীব্রজমোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগলাঝোরা, দার্জ্জিলিং
সেবক—শ্রীকৃষ্ণজন দাসাধিকারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
ঘুগ্ণী রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীবাসং, বেনারস সিটি
সেবক—শ্রীরাধাচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপাবলাল ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীবনীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুরা, বৃন্দাবন
সেবক—শ্রীসত্যানন্দ দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীউদ্ধরণ দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ পাকালোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীসংকীর্ত্তন বাগল দাসাধিকারী

ভক্তেশ্বর হাবীমঠ
বর্ষাণ মথুরা।
সেবক শ্রীব্রজনারায়ণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেখুপুরা
পোঃ হোডোল, জেলা গুড়গাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

বালাসাগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব
সেবক—শ্রীঅনন্ত গোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড নিউ দিল্লী
সেবক—শ্রীপ্রপ্রয়োয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং,
বোম্বে নং ৭
সেবক—শ্রীসনাতনদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

অর্চ্চাশ্রম
(জগৎ-কৃপাভিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

সৎসাশ্রম
(জগৎ-কৃপাভিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযতীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌর প্রভু ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীমধুমাধব দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর পুরী
সেবক—শ্রীচন্দ্রানন্দ ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

[illegible] গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরাসকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমরি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাণীবাঁধ (বর্দ্ধমান)
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ডুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং মিউটিন ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ গ্ল্যাডস্টোন রোড, টাউড গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরিধারী গোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি গৌড়ীয়মঠালয়
নন্দনকানন চট্টগ্রাম
সেবক—শ্রীঅপ্রগোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
চৈতন্যপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীঅখিলেশ্বর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীঅনীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	॥০	।৶০	।৶০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	॥১	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অৰ্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অৰ্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৬৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিস্তৃত অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, গল্প ও প্রাণী দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের মঙ্গলের নিমিত্ত প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা।

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্ পোঃ ওয়ারী নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ টীকা পদ্যানুবাদসহ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকট বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডীশ্বামিবর মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার বহুকালের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ শরণাগতির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে সৌন্দর্য্যের অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অতুলনীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মর্ম্মকথা, তৎপরে বৃহৎ অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ ১.৭ প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনগণের গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব গ্রন্থ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই. বি রেলে কালকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

শনিবার ব্যতীত অন্ত দিন / শনিবার

কলিকাতা ছাঃ	৪ ৫৬	৬ ২১	৭-১৪	১০-১৬	১৫-১০	১৬-১৬	১৭-৫৬	২২ ২৬
দমদম "	৪ ৫৬	৬-৩১	৭-২৮	১০ ২৯			১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-০২	৭ ৫৮	৯-১৮	১৪ ৫০	১৬ ৪৮	১৮-৩১	১৯ ৩৩	০ ২৫
(বদল) ছাঃ			৯-৩১					
কৃষ্ণনগর পৌঃ	৬-৪৯	৮-৪০	১০-৬	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০ ২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-১৬	১৪ ৫০	১৭-৪০		২০-৩০		
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১৫-২৫	১৮-১৫		২১ ৫		
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫-৩৩	১৮-২৩		২১ ১৩		

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম "	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
" ছাঃ	১২ ৫৬
শান্তিপুর পৌঃ	১৩ ২৪
(বদল) ছাঃ	১৩ ৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫ ৩৩

ডাউন

শনিবার ব্যতীত অন্ত দিন / শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪	৯-১২		১৬ ১	১৬ ৩১	১৮ ৩৮		
মহেশগঞ্জ "	৬-২৩	৯-২১		১৬-১২	১৬ ৪০	১৮-৪৭		
কৃষ্ণনগর পৌঃ	৭ ৫৭	৯-৫৫		১৬ ৫৬	১৭ ১০	১৯-২৬		
(বদল) ছাঃ	৫-৩১ ৭-১০	৮-৫২	১১-২৬	১৫-৪	১৬ ৫৬	১৯-১৮	২০ ৪৬	
রাণাঘাট পৌঃ	৪ ১০ ৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৫৪	১৭-৩০	২০-৩	২১-১৯	
(বদল) ছাঃ	....	.	.	১৫-৫৬	১৭-৪২			
দমদম		১১-৪		১৭ ৩৬	১৯-৯	২১ ২৬	২২-৫৮	
কলিকাতা পৌঃ	৬-১৬ ৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬	২১ ৪০	২৩.০	

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪ ১
মহেশগঞ্জ "	১৪-১০
কৃষ্ণনগর পৌঃ	১৪-৪৪
ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

২। ভাগবত -হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পয়া শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী —শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয় -পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-পীঠাধিষ্ঠাতা অপ্রাকৃত বৈষ্ণবগোষ্ঠীর মুকুটমণি পরমারাধ্যতম জগদগুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণান্তিকে বঙ্গদেশ তথা অন্যান্য প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মঠবাসী সত্যান্বেষিগণ যে সকল প্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে গ্রথিত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগানুকূলসিদ্ধান্তখণ্ডনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখানহইতে উড়িয়া ভাষার "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণবার দুর্দ্দশ পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতিও অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয়। ছোট বোতল ৸৴০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
বেহালা, ২৪ পরগণা

টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

REGD NO. C 1544

শ্রী শ্রীশ্রুতিরত্নমালা
—:০:—
শ্রীল নারায়ণদাস ভক্তি-
সুধাকর এম-এ সঙ্কলিত।
এই গ্রন্থ কথাসার, বিস্তৃত
ভূমিকা ও সূচীসহ অতি সুন্দর-
রূপে প্রকাশিত হইয়াছে।
ঈশ, কেন, কঠাদি দ্বাদশ
উপনিষদের অভিনব সংস্করণ।
ভিক্ষা মাত্র ১৸০ টাকা।
প্রাপ্তিস্থান —
মধুবন প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—ওয়ারী, ঢাকা

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীচৈতন্যদেব
—:০:—
স্বয়ং ভগবান শ্রীচৈতন্য-
মহাপ্রভুর জীবনী ও শিক্ষার
কথা সুন্দরভাবে ইহাতে
লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট
কাগজে সুন্দর বাঁধাই।
৩য় সংস্করণ ; ভিক্ষা ১৸০
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

১৬শ খণ্ড] শ্রীমায়াপুর,—১০ই বৈশাখ ১৩৪৮, ২৩শে এপ্রিল ১৯৪১ বুধবার [৩৯তম সংখ্যা

নানা-সংবাদ

—::(০)::—

সংরক্ষণ শুল্ক বজায়

কেন্দ্রীয় ব্যবস্থা পরিষদে লৌহ ও ইস্পাত নির্ম্মিত দ্রব্যাদি, রোপ্যের তার ও সুতা এবং শর্করার উপরকার সংরক্ষণ শুল্ক আর এক বৎসর বহাল রাখিবার বিল, গম ও আটার উপরকার সংরক্ষণ শুল্ক আর এক বৎসর বহাল রাখিবার বিল, টায়ারের উপর উৎপাদন শুল্ক প্রবর্ত্তনের বিল এবং অতিরিক্ত মুনাফাকর সংশোধন বিল যে আকারে পাশ হইয়াছে, গত ২৯শে মার্চ্চ রাষ্ট্রীয় পরিষদেও পূর্ব্বোক্ত বিল চারিটি সেই আকারে পাশ হইয়াছে। প্রশ্নোত্তরের সময় রেলওয়েসমূহের চীফ কমিশনার মিঃ উইলসন জানান যে, কয়লার ভাড়ার উপরকার সারচার্জ তুলিয়া দিবার বিষয় গভর্ণমেন্ট বিবেচনা করিতে প্রস্তুত নহেন, কেননা তাহার ফলে রাজস্বের ক্ষতি হইবে।

—

ভারতে মোটর নির্ম্মাণ

বর্ত্তমান পরিকল্পনা অনুযায়ী বর্ত্তমান বৎসর শেষ হওয়ার পূর্ব্বেই ভারতে প্রস্তুত মোটরগাড়ী বাজারে বিক্রয়ার্থ বাহির হইবে। আগামী মাসেই সওয়া দুই কোটী টাকা মূলধনের একটি কোম্পানী রেজেষ্ট্রী করা হইবে বলিয়া জানা গেল। প্রকাশ, মহীশূর গভর্ণমেণ্ট কোম্পানীর উদ্যোক্তাগণকে সর্ব্বপ্রকার সুবিধা দিতে প্রতিশ্রুতি দিয়াছেন। পূর্ব্বে শুধু এক ধরণের মোটর নির্ম্মাণের পরিকল্পনা করা হইয়াছিল ; কিন্তু এক্ষণে বিভিন্ন ধরণের মোটর নির্ম্মাণের পরিকল্পনা করা হইয়াছে।

—

কাটা ছেঁড়া এক টাকার নোট

প্রত্যেক ট্রেজারী অফিসার এবং ইম্পিরিয়াল ব্যাঙ্কের শাখা অফিসগুলিকে কাটা ছেঁড়া নোট ফেরৎ লইয়া তৎপরিবর্ত্তে সম মূল্যের টাকা বা নোট প্রদান করিবার জন্য নির্দ্দেশ দেওয়া হইয়াছে। নোটগুলি অবশ্য অল্প ছেঁড়া থাকা উচিত, যাহাতে উহার পরিচয় বুঝিয়া উঠিতে বেগ পাইতে না হয়। নোটের অর্দ্ধাংশের বেশী অক্ষত থাকা উচিত। যে সকল নোট এরূপভাবে বিকৃত বা ছিন্ন ভিন্ন হইয়াছে যে, তাহার পরিচয় বুঝিয়া উঠা দুষ্কর, তাহার বিনিময় করিতে হইলে রিজার্ভ ব্যাঙ্কের নিকট আবেদন করিতে হইবে।

—

কলিকাতায় পরীক্ষার দিন

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ১৯৪১ সালের এম-এ এবং এম-এস-সি পরীক্ষা আগামী ১৪ই জুলাই আরম্ভ হইবে। ১২ই মে পর্য্যন্ত বিশ্ববিদ্যালয়ে পরীক্ষার ফিস এবং আবেদনপত্র দাখিল করা চলিবে।

—

ছায়াচিত্র 'বাহাদুর রমেশ'

মোহন পিকচার্সের প্রস্তুত "ব্রেভহার্ট বা বাহাদুর রমেশ" নামক ছায়াচিত্রখানি ১৯১৮ সালের সিনেমা আইন অনুসারে বাঙ্গলার সর্ব্বত্র প্রদর্শন নিষিদ্ধ করা হইয়াছে। চিত্রখানির পূর্ব্বে নাম ছিল "ভলাণ্টিয়ার"।

—

সরকারী কর্ম্মচারীদের জীবন বীমা

৭৯। ইরোটিক প্রিন্সিপাল এণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ।০
৮০। ব্রহ্মসংহিতা ॥০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৬৲
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০
৮৫। সাধনপথ ॥০
৮৬ কল্যাণকল্পতরু /১০
৮৭। গীতাবলী /১০
শরণাগতি ·/০
৮৯। শ্রীসচ্চিদানন্দবাণী ৷৵০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ৷০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ·।০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচলিত নদীয়াজেলার একমাত্র দৈনিক সংবাদপত্র

সজ্জনের কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত অমূল্য কল্যাণকল্পতরু-গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃত ভাষ্য-সহ সম্প্রতি প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৵০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ১৩ মধুসূদন, গৌরাব্দ ৪৫৫ ; ১১ই বৈশাখ, বঙ্গাব্দ ১৩৪৮, ২৪শে এপ্রিল, ইং ১৯৪১, বৃহস্পতিবার { ৮০তম সংখ্যা

"কৃষ্ণের সর্ব্বশ্রেষ্ঠ—সর্ব্বপ্রেষ্ঠ সেবক—শ্রীগুরুপাদপদ্ম। সেইরূপ সেবকের অধীন হইয়া যদি কৃষ্ণের পাদপদ্ম আশ্রয় করা যায়, তাহা হইলেই উত্তরোত্তর তাঁহার স্ফূর্ত্তি-লাভের সম্ভাবনা। শ্রীগুরুপাদপদ্মই কৃষ্ণপাদপদ্ম-সেবার অধিকার প্রদান করেন।"

—শ্রীল প্রভুপাদ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৩ মধুসূদন, আদি কারণোদশায়ী গৌরাব্দ ৪৫৫

কৃপা চে'য়েও পাই কৈ ?

কৃপা চে'য়েও পাই কৈ, এই কথা আমি অনেক সময় মনে করি। আমি যেন কতই কৃপার কাঙ্গাল। কৃপা ছাড়া যেন আমার প্রাণ বাঁচে না। কৃপাই যেন আমার নিরন্তর ভজনপূজন ও ধ্যানের বস্তু হইয়াছে। কৃপা ছাড়া যেন আমার প্রাণধারণ বৃথা হইয়াছে। বাস্তবিক এইরূপ হইয়াছে কি? কৃপাই প্রভু, কৃপাই একমাত্র বস্তু, কৃপাই একমাত্র প্রয়োজন—এই বাস্তব জ্ঞান আমার হৃদয়কে অধিকার করিয়াছে কি? কৃপা কাহাকে বলে আমি জানি কি? কৃপা কি করেন, তাহা যদি জানিতাম তাহা হইলে—প্রভুত্বকামী আমি মৌখিকভাবেও কি কৃপা চাহিতাম? কৃপা যে আমার প্রভুত্বাকাঙ্ক্ষা ছাড়াইয়া ভগবানের দাস্য করায়, তাহা আমি জানি কি? কৃপার তত্ত্বসম্বন্ধে জ্ঞান নাই, অথচ আমি কৃপা চাই এবং তৎপর মুহূর্ত্তেই বলি, কৃপা চে'য়েও ত' পেলাম না। কৃপাই যদি আমার একমাত্র আকাঙ্ক্ষণীয় হয়, তাহা হইলে কৃপা না পাওয়া পর্য্যন্ত কৃপালাভের জন্য ব্যগ্র-ব্যাকুলতা নিরন্তর আমার হৃদয়ে থাকে না কেন? সেইজন্যই বলিতেছি, আমি বাস্তবিক অন্তর হইতে কৃপা চাই কি?

কৃপা একটা কথার কথা নহে। কৃপার ব্যক্তিত্ব আছে, রূপ আছে। কৃপার কৃষ্ণ-বশকারিণী শক্তি আছে। কৃপা কৃষ্ণকে দেখাইতে পারেন—আমার সহিত কৃষ্ণের সাক্ষাৎকার করাইতে পারেন, কৃপা এত বড় জিনিষ। সূর্য্যালোকে সূর্য্যদর্শনের ন্যায় ভগবৎকৃপালোকেই ভগবদ্দর্শন হয়। শ্রীগুরু-পাদপদ্ম সেই আশার অবতার। এতদ্ব্যতীত ভগবদ্দর্শনলাভের অন্য কোন রাস্তা নাই। সাধুই ভগবৎকৃপার মূর্ত্তি। কৃপার প্রতি যেখানে শ্রদ্ধা অর্থাৎ নির্ভরতা নাই, সেখানে মুখে কৃপা চাওয়া কপটতা নহে কি? কৃপাপ্রাপ্তির প্রথমেই ত' কৃপা-প্রদাতার প্রতি শ্রদ্ধা। কৃপার সাক্ষমূর্ত্তি সেই সাধুর প্রতি আমার অকপট শ্রদ্ধা ও শরণাগতি আছে কিনা তাহা আমি বুকে হাত দিয়া পরীক্ষা করিয়া দেখিয়াছি কি? সাধুর হৃদয়ই শ্রীকৃষ্ণের নিজস্ব গৃহ। শ্রীকৃষ্ণ ভক্তের অধীন—এই শাস্ত্রবাক্যে আমার বিশ্বাস হইয়াছে কি? আমি ত' অনেক সময় কৃপার দোষ দিই, যেন আমি নিজে কত নিখুঁত, কত সুন্দর, কত নির্দোষ, আর যত দোষ কেবল কৃপার! কপাল যাঁহার খুব ভাল, তাঁহারই সাধুগুরুর প্রতি শ্রদ্ধা ও নির্ভরতা আসে। সেরূপ ভাগ্য আমার আছে কি? দুর্ভাগ্যবশতঃ সেরূপ ভাগ্য আমার না থাকিলেও, সেরূপ ভাগ্য লাভের জন্য আমার আন্তরিক যত্ন দেখা যাইতেছে কি? স্বসুখবাঞ্ছা প্রবল থাকিলে নিজের দোষ দেখা যায় না, কৃপাকেই দোষী বলিয়া মনে হয়, ইহা ঠিক নহে কি? কৃপা আমার সর্ব্বনাশ করিবে—আমার ভোগের ঘরে আগুন লাগাইয়া পুড়াইয়া দিবে, সেইজন্যই আমি অন্তর হইতে কৃপা চাহি না—ইহাই আমার অন্তরের উদ্দেশ্য নহে কি? যদি এইরূপ অভিসন্ধি থাকে তাহা হইলে কৃপা কেন পাইব?

প্রপন্নই কৃপা পায়। প্রপত্তি বা আত্ম-সমর্পণ ব্যতীত ভগবানের প্রীতিসাধক আর কিছুই নাই। শ্রীমদ্ভাগবত বলেন, কৃষ্ণপ্রেষ্ঠ সদ্গুরুর চরণাশ্রয় ও সেবা ব্যতীত কৃষ্ণার্পিত-প্রাণ হওয়া যায় না—কৃষ্ণে বস্তুতঃ আত্ম-সমর্পণ হয় না। নারদ-পঞ্চরাত্রেও দেখিতে পাই,—"যিনি সদ্গুরুর নিকট অভিগমন করেন নাই তাঁহার অর্পিতে অর্থাৎ কৃষ্ণরূপ বস্তুতে আত্মসমর্পণরূপ সমিধ নিক্ষেপ বৃথাই হয়।" সাধুকে বাদ দেওয়াই কৃপাকে বাদ দেওয়া। নিজ স্বতন্ত্রতা সংরক্ষণ করিতে গিয়া যাহারা কৃপার প্রতি নির্ভর করিল না অর্থাৎ সদ্গুরুর চরণ শরণ লইল না, ভগবানে তাহাদের প্রকৃত আত্মসমর্পণ বা শরণাগতি হয় না এবং হইতেও পারে না। যেখানে অন্তরে অন্তরে সত্য সত্য প্রপত্তি বা শরণাগতি নাই, সেখানে শরণাগতির শুধু বাহ্যানুষ্ঠান ও প্রকৃত শরণাগতি এক নহে। আন্তরিক ঐকান্তিকতাই শরণাগতির প্রাণ, নচেৎ প্রাণহীন লোকদেখান বাহ্যানু-ষ্ঠানের কোন মূল্য নাই। যেখানে সত্য সত্যই আন্তরিক ঐকান্তিকতা বা প্রাণ আছে, সেখানে বাহ্য অনুষ্ঠানে লজ্জাসঙ্কোচাদি কোন প্রতিবন্ধকই আসে না। অন্তর হইতে বাহ্যানুষ্ঠানসমূহ স্বতঃই প্রকাশিত হয়। জনক-জননীর হৃদয়ে সন্তানের প্রতি যে স্বাভাবিক স্নেহ তাহা স্বতঃই সন্তানের নানাবিধ আদর যত্ন ও সেবারূপে স্ফূর্ত্তি পায়। স্নেহ ও আদর-যত্ন—বস্তুতঃ দুইই এক—পরস্পর অবিচ্ছেদ্য। কেহ কেহ মনে মনে কিঞ্চিৎ শরণাগতির ভাব পোষণ করিয়াও যদি তাহারা কায় ও বাক্যকে নিজের স্বতন্ত্র স্বেচ্ছাচারের জন্য রাখিয়া দেয় তাহা হইলে তাহাদের প্রকৃত শরণাগতি হয় নাই জানিতে হইবে।

করুণাময় ভগবান্ সর্ব্বদাই আমাদিগকে কৃপাকর্ষণ করিতেছেন। তিনি শ্রৌতপন্থার বেদবাণী দ্বারা, সাধুমুখনিঃসৃত বাক্য দ্বারা অনন্ত জীবগণকে নিয়ত আকর্ষণ করিতেছেন। ভগবানের কৃপাকর্ষণ নাই ইহা অসম্ভব কথা! জীবের স্বতন্ত্রতা আছে। যিনি সেই স্বতন্ত্রতার অপব্যবহার করেন তিনি ভগবানের কৃপা হইতে স্বেচ্ছায়ই দূরে থাকেন। আর যিনি সেই স্বতন্ত্রতার সদ্ব্যবহার করেন, তিনি ভগবানের নিত্যকৃপায় নিত্যকাল স্বাভাবিক হইয়া নিত্যসেবা ও উত্তরোত্তর নিত্য কৃপা লাভ করিতে পারেন। গুরুরূপে ভগবান্ সর্ব্বদাই আমাদিগকে সর্ব্বতো-ভাবে সাক্ষাৎ কৃপা করিতে ইচ্ছুক, কিন্তু আমরা কৃপার ভিখারী বা অকিঞ্চন না হইলে তাঁহারা আর কি করিবেন? কৃপা চাহিলে পাওয়া যাইবেই, ইহাতে কোন সংশয় নাই। শ্রীল আচার্য্যদেব বলিয়াছেন, "অকপটে যদি তাঁহাকে চাই, তাঁহার নিকট কাঁদিয়া কাঁদিয়া জানাই—'আমি কে, আমাকে তাহা জানাইয়া দাও', তাহা হইলে নিশ্চয়ই তিনি আমাকে 'আমি কে' তাহা [illegible]

জানাইবেন। সরল হইয়া অর্থাৎ হরিনামের প্রীতিবিধান ছাড়া চিত্তে অন্য কোন অভিসন্ধি না রাখিয়া কৃপা ভিক্ষা করিতে হইবে, তবেই কৃপা হইবে। তাহার মধ্যে কোন ভেজাল না থাকিলে তাঁহাদের কৃপা উপলব্ধি হয়। ডাকিয়া যেখানে সাড়া পাওয়া যায় না, সেখানে ডাকার মধ্যে ভেজাল আছে জানিতে হইবে। কৃপা গ্রহণ করিবার যোগ্যতা সকলেরই আছে। অকপট হইয়া ডাকিলেও যদি মনে হয় যে তাঁহারা কেন দোষ, তিনি কিরূপে কৃপা না করেন। তিনি ত' কৃপা করিবার জন্যই ব্যস্ত। সূর্য্যদেব তাঁহার স্বতঃসিদ্ধ স্বভাববশতঃ আলোক দানের জন্য সদা ব্যাকুল, আমরা সম্পূর্ণরূপে দ্বার খুলিয়া রাখিলেই হলো। একমাত্র শরণাগতি ব্যতীত অন্য কোন পথের দ্বারা কৃষ্ণ ও কৃষ্ণজনের কৃপার উপলব্ধি হয় না। ভগবানের দিক্ হইতে অহৈতুকী কৃপা আর জীবের দিক্ হইতে পূর্ণ শরণাগতি—ইহাই অবরোহপন্থা। ভক্তের সাধনে কৃপা ও শক্তির সমন্বয় আছে। অন্ধকূপে পতিত ব্যক্তির উদ্ধারের জন্য ভগবানের কৃপারজ্জু নিরন্তর কূপমধ্যে লম্বমান রহিয়াছে। ভক্ত সেই কৃপারজ্জুকে ধারণ করিবার জন্য সাধন করিয়া থাকেন—কৃপাধারণই তাঁহার সাধন—নিজের চেষ্টায় তিনি উদ্ধারপ্রাপ্ত হইতে পারেন, এইরূপ আত্মম্ভরিতা তাঁহার নাই।

শ্রীগুরুকৃপা দুর্লভ ও স্বতন্ত্র। নিষ্কপট কৃপাপ্রার্থী হইলেই তাঁহার কৃপা পাওয়া যায়। অন্তরে কৃপাভিখারী না হইয়া যিনি 'প্রভু দয়া, আমাকে কৃপা করুন'—এই কথাটি মুখে বলেন অথচ অন্তরে কাবাকাবে [illegible] ... গুরুদেবের প্রবর কৃপারজ্জু অবলম্বন থাকিবেন অর্থাৎ তাঁহার কৃপাদেশ ও কৃপোপদেশের প্রতি উদাসীন থাকিয়া নিজ প্রবৃত্তি অনুসারে [illegible] কার্য্য করিবেন, সেইরূপ [illegible] কখনই [illegible] হইবেন না। যে [illegible] সেবা [illegible] উপায়। জীব যখন [illegible] ভগবৎসেবোন্মুখ হন—শ্রীগুরুপাদপদ্মে শরণ গ্রহণ করেন, তখন ভগবান্ তাঁহাকে কৃপাপূর্ব্বক উদ্ধার করেন। সাধনচেষ্টা ও ভগবৎকৃপা-প্রভাবে জীব উদ্ধারপ্রাপ্ত হইতে পারে। ভগবৎকৃপার প্রতি বিমুখ হইয়া অর্থাৎ শ্রীগুরুচরণে সম্পূর্ণ নির্ভর না করিয়া বা সাধুগুরুর কৃপা-সাহায্যের প্রতি উদাসীন হইয়া আরোহপন্থায় কেবল সাধন-চেষ্টার দ্বারা জীব উদ্ধারলাভ করিতে পারে না—কিছুদূর উঠিতে না উঠিতেই আবার পতিত হইয়া যায়। এই ত' গেল নিজের প্রতি নির্ভরতায় কেবল সাধনচেষ্টার কুফল। আর সাধনচেষ্টা পরিত্যাগপূর্ব্বক কেবল কপটতা কারণ মুখে কৃপাপ্রার্থনার দ্বারাও সংসার-কূপ হইতে উদ্ধারলাভ করা যায় না। এতাদৃশ সাধন-চেষ্টাহীন কপট কৃপাপ্রার্থনার মধ্যেও সাফল্য নাই। তবে কি করিয়া কৃপা লাভ হয়?—এই প্রশ্ন আমাদের মনে স্বতঃই জাগিয়া থাকে। উত্তর এই যে, যিনি কৃপা প্রার্থনা করিবেন, তিনি সাধন করিবেন অর্থাৎ সেবা-কার্য্যে নিবিষ্ট হইবেন এবং সেই সেবা [illegible] সহিত তিনি গুরুবৈষ্ণবভগবানের প্রচুর কৃপা উপলব্ধি করিতে পারিবেন। ইহা কল্পনা নহে, পরন্তু অবিসম্বাদিত প্রত্যক্ষ সত্য। অকপট কৃপাপ্রার্থীর যেই এই কথার সত্যতা প্রাপ্ত না হয় কাল নিশ্চয়ই উপলব্ধি করিবেন, এ বিষয়ে আমরা দৃঢ়নিশ্চয়।

কৃপা জিনিষটী সেবা। তবে আমি অকপট কেবল সেবার ভিখারী না হইয়া অর্থ, আরাম, সুনাম, শান্তি প্রভৃতি অন্য কোন কিছুর আশায় কৃপার ভিখারী হইবার ধৃষ্টতা করি কেন? শান্তিময়ের না হইলে কি শান্তি পাওয়া যায়? কৃপার প্রতি বিমুখ থাকিলে অর্থাৎ সেবাকাঙ্ক্ষা হৃদয়ে না জাগিলে কৃপালাভ কি করিয়া হইবে? কৃপাই কৃপালাভের জন্য আকাঙ্ক্ষা জাগায়। ইহাই কৃপার ফল। কৃপাই আমার নিত্যবস্তু, এই জ্ঞান না হইলে কি কৃপার জন্য ব্যস্ততা জাগে? আমি অনেক সময় মনে করি যে, আমি বাস্তবিকই কৃপা চাই, [illegible] না। আমি ঠিক আছি, কিন্তু গুরু বৈষ্ণব ভগবান্ আমাকে কৃপা করিতেছেন না। কিন্তু আমি আমাকে অন্তর হইতে জিজ্ঞাসা করিয়াছি কি যে গুরুবৈষ্ণব-ভগবান কৃপা দিলে আমি নিশ্চয়ই কৃপা গ্রহণ করিব। যে [illegible], তাহার কি [illegible] যায় [illegible] কখন ও [illegible] বাড়ে? যদি [illegible] আমার কৃপাপ্রার্থনা কিছুক্ষণের জন্য প্রকাশিত হইয়া পরক্ষণে আবার বিলীন হয় কেন? [illegible] করি, আমি কি বাস্তবিকই [illegible] চাই? ভগবানের সম্পূর্ণ খুলিয়া [illegible] বরণ করিতে চাই কি—সাধুগুরুকে [illegible] বরণ করিয়া হৃদয়ে স্থান দিতে চাই কি?

অনেকে [illegible] সাংসারিক ব্যাপার রাখিয়া লোভের পুঁটলি রাখিয়া বলেন, আপনাদের কৃপা হইলেই সব হইবে। আপনারা কৃপা করুন। কিন্তু প্রকৃতপক্ষে তাঁহারা সত্য সত্য কৃপা লাভ করিতে [illegible] [illegible] বুকে হাত দিয়া ভগবানকে স্পর্শ করিয়া দৃঢ়তার সহিত বলিতে পারেন কি? [illegible] ভোগী হইয়া আমার কৃপার আশা করা বৃথা নহে কি? কথায় [illegible] আমি সে তাহা পায়। আমি এতদিন যাহা চাহিয়াছি তাহাই অবশ্যই পাইয়াছি—এ কথা সত্য নহে কি? এখনও যাহা চাহিতেছি তাহাই পাইতেছি, যাহা চাহিব তাহাই পাইব। নিজ সুখ চাহিয়া অর্থাৎ বঞ্চনার লোভী হইয়া কৃপা অর্থাৎ সেবাসুখ পাইব কি করিয়া? আমি অনেক সময় মনে করি, আমি কৃপা চাই, কিন্তু বাস্তবিক আমি চাই আর কিছু। করুণাময় ভগবান্ আমার সেই কপটতা ধরাইয়া দেন, আমার নিকট বিপদ্-আপদ্ আনিয়া পরীক্ষা করিয়া দেখেন, সত্য সত্যই আমি তাঁহাকে চাই কিনা! বিপদ্-আপদ্গুলি যে ভগবানের কৃপা, ইহা বিপদের সময় আমার মনে থাকে না। তখন ভগবানের প্রতি নির্ভরতা ত্যাগ করিয়া নিজের প্রতি অথবা জগতের কাহারও প্রতি নির্ভর করিবার জন্য ব্যস্ত হই। আমার পড়িবার খুব ইচ্ছা আছে, কিন্তু পরীক্ষা আসিলেই আমি পড়া ছাড়িয়া দেই। ইহার নাম কি পড়িবার ইচ্ছা? যে কৃপা চায় সে কি বাধা দেখিয়া ভয় পায়? সে ত' কৃপা লাভের জন্য প্রাণ বিসর্জ্জন করিতেও প্রস্তুত। সুতরাং কৃপার জন্য বিহ্বল ব্যক্তিকে কৃপালাভ-বিষয়ে কে বঞ্চিত করিতে পারে? সাধুগুরুর কৃপাধারা মাদৃশ জীবসমূহের উপর মুষলধারারূপে নিরন্তর বর্ষিত হইতেছে। কিন্তু পাছে ঐ কৃপাধারা আমাকে স্পর্শ করিয়া পুত্রস্নেহপাশ, বন্ধুসঙ্গ বা পত্নী-সহবাস প্রভৃতি আপাতমধুর অথচ মহাবিপজ্জনক বস্তুর সঙ্গ হইতে তফাৎ করিয়া দেয়, এই আশঙ্কায় সাধুর অব্যর্থ বাণী বা উপদেশ আমি হৃদয়ে ধারণ করিতে চাহি না। সাধুগণ নিষ্কপটে কৃপা করিয়া আমাদিগকে কৃপাবারির দ্বারা সিক্ত করিতে চাহিলেও আমি [illegible] দিয়া তাঁহাদের সেই অযাচিত করুণাগ্রহণে পরাঙ্মুখ হই। কিন্তু যখন আমি [illegible] কিঞ্চিৎ সেবোন্মুখ হই তখন প্রত্যক্ষ দর্শনে এ অনুভব করিতে পারি যে, আমার উপর গুরুবৈষ্ণবের কৃপা [illegible] প্রচুর, এত অসীম যে, তাহার এক কণা গ্রহণ করিতে পারিলেই আমি এত বড় হইতে পারি যে, দুনিয়ার কোন কিছুই আমাকে আকৃষ্ট বা মুগ্ধ করিতে পারিবে না। আমি জীবনে তাহা প্রত্যক্ষ উপলব্ধি করিয়াও মায়ার মোহে [illegible] বুঝিয়াও বুঝিতে পারি না। এ বিপদ্ হইতে আমাকে উদ্ধার করিতে কি এ জগতে কেহই নাই? নিশ্চয়ই আছেন, নিশ্চয়ই আছেন। তাঁহাদের শ্রীচরণে অকপটে শরণ লইলেই ইহা আমি স্পষ্টই হৃদয়ঙ্গম করিতে পারিব। আমার মত [illegible] উদ্ধার করিবার মত বুকে বল তাঁহাদের যথেষ্ট আছে। কিন্তু আমি তাঁহাদের না হইলে তাঁহারা কি করিবেন? সঙ্গ ত' কৃপা। কিন্তু আমি যদি সঙ্গ না করি, রোগী হইয়া সদ্বৈদ্যের কথা না শুনি, তাহা হইলে আমার এই দুরারোগ্য রোগ কি করিয়া সারিবে? রোগীর রোগ যতই কঠিন হউক, ধন্বন্তরীর কাছে যেমন তাহার আরোগ্য-লাভ অনিবার্য্য, সেইরূপ ভবরোগী আমরা যতই অযোগ্য এবং অপরাধী হই না কেন, সাধুগুরু-চরণে শরণ লইলে তাহা অনায়াসেই চলিয়া যায় এবং জীব তখন স্বাস্থ্য ও সবলতা লাভ করিয়া সেবানন্দে কৃতকৃতার্থ হয়।

সুতরাং হরিকীর্ত্তনে হতাশার কিছু নাই, তবে একটী কথা, আমি কৃপা চাই ত'? যিনি আমাকে এই মুহূর্ত্তে কৃষ্ণ দিতে প্রস্তুত, যিনি আমাকে এই মুহূর্ত্তে মহাভাগবত করিবার জন্য ব্যস্ত, আমি কি সত্য সত্যই সেই মহাপুরুষের পদধূলি হইতে চাই?

আমার কৃপা চাওয়া কপটতামাত্র। তাই কৃপা যখন স্বয়ং আসেন তখন আমি তাঁহাকে বাধা দিই, গুরুবৈষ্ণব যখন কৃপা-বৃষ্টি করেন তখন আমি মস্তকে ছত্র দিই। এইরূপ হইলে কি মঙ্গল হইবে? আমার কৃপা চাওয়ার অর্থ—আমি যেরূপ আছি, আমাকে সেইরূপ রাখিয়াই ভাল করুন। তাহা কি হয়? সদ্বৈদ্য আমার রুচি অনুসারে আমার কুপথ্যের ব্যবস্থা করেন না। প্রথম মুখে রোগীর কিছু কষ্ট হইলেও ডাক্তার কি তাহার ফোড়া অপারেশন করিতে ইতস্ততঃ করেন? সেইজন্যই বলিতেছি, সদ্বৈদ্যের ব্যবস্থা অকাতরে, অবনতমস্তকে গ্রহণ করিতে হইবে। তাহা হইলে অনায়াসে রোগ সারিয়া ক্রমশঃ সুস্থ হওয়া যাইবে। আমি যে সংসারে চিরস্থায়ী বন্দোবস্ত করিতে চাই। এরূপ চিত্তবৃত্তি লইয়া ব্রহ্মাণ্ড-অতিক্রম কি করিয়া সম্ভব হয়? আমার দুঃখে যাঁহারা সর্ব্বক্ষণ দুঃখী, আমার মঙ্গলের জন্য যাঁহারা সর্ব্বক্ষণ ব্যস্ত, সেই পরমবান্ধবকে শত্রু ভাবিলে—পরমাত্মীয়গণকে অনাত্মীয় না ভাবিলে আমার মঙ্গল কি করিয়া হইবে? আমি স্বদেশে—ব্রজে কি করিয়া ফিরিয়া যাইব? শ্রীল প্রভুপাদ প্রায়ই বলিতেন, মায়ার কবল হইতে উদ্ধার করিয়া একজনকে কৃষ্ণের ভোগের জন্য তৈয়ারী করিতে হইলে ২০০ গ্যালন চিদ্রক্ত ব্যয় করিতে হয়। এত ক্লেশ স্বীকার করিয়াও গুরুদেব আমাকে কৃপা করিতে চান। উদ্দেশ্য—আমার মঙ্গল হউক। আমার [illegible] জন্য তাঁহার এত যত্ন, এত চিন্তা, [illegible] প্রয়াস, এত কৃপা! তথাপি আমি তাঁহার সেই কৃপাবারিকে পায়ে ঠেলিয়া দিতে চাই। ইহার ন্যায় অজ্ঞতা, অকৃতজ্ঞতা, দাম্ভিকতা আর কি থাকিতে পারে? ইহা অপেক্ষা করুণাময় প্রভুর কোমল প্রাণে বেশী আঘাতপ্রদান আর কি হইতে পারে? সেইজন্যই বলিতেছি, আমি সত্য সত্যই কৃপা চাই কি?

কুটিল কৃপা পাইবে না। শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভু বলিয়াছেন, শাস্ত্র শ্রবণ করিয়াও আধুনিক কোন কোন লোকের অপরাধদোষে শ্রীভগবান্, শ্রীগুরুদেব ও ভগবদ্ভক্তগণের প্রতি অন্তরে অনাদর সত্ত্বেও বাহিরে তাঁহাদের প্রতি যে পূজনাদির প্রথা তাহা সমস্তই কুটিলতা। অতি মূর্খ হইলেও অকুটিল অর্থাৎ সরলচিত্ত ব্যক্তিগণের ভক্ত্যাভাসাদি দ্বারা মঙ্গল হয়। কিন্তু কুটিল ব্যক্তির আদৌ ভক্তির আবির্ভাব হয় না।

বৈষ্ণব-সেবা

——::*::——

শ্রীমন্মহাপ্রভু এবং সমস্ত সাত্বতশাস্ত্রই বৈষ্ণব-সেবাকে বিষ্ণুসেবা হইতে শ্রেষ্ঠ ও অবশ্য কর্ত্তব্যরূপে তারস্বরে ঘোষণা করিয়াছেন,—

"আরাধনানাং সর্ব্বেষাং বিষ্ণোরারাধনং পরং।
তস্মাৎ পরতরং দেবি ! তদীয়ানাং সমর্চ্চনম্ ॥"

'আমার পূজা হইতে আমার ভক্তের পূজা বড়।' কুলীনগ্রামনিবাসী ভক্তবৃন্দের প্রশ্নে শ্রীমন্মহাপ্রভু "বৈষ্ণবসেবা ও নাম-সংকীর্ত্তনে"র কথা গৃহস্থের প্রধান কৃত্যরূপে জানাইয়াছেন। মহাপ্রভু কুলীনগ্রামবাসীদিগের প্রশ্নের অবতারণা করিয়া কিরূপে বৈষ্ণবসেবা করিতে হইবে, তাহাই জানাইয়াছেন। শুদ্ধ-নামে যাঁহার যত স্বাভাবিকী রুচি, তিনি সেই পরিমাণে বৈষ্ণবতা লাভ করিয়াছেন। গৃহস্থগণ একান্ত নামপ্রেমপরায়ণ মহাভাগবত ও তদনুগত নামপ্রচারকারী শুদ্ধনামাশ্রিত বৈষ্ণবেরই সেবা করিবেন। বৈষ্ণব সম্পূর্ণ-ভাবে পারমার্থিক। বৈষ্ণবাবৈষ্ণব বিচার না করিয়া বৈষ্ণবসেবা করিতে গেলে বৈষ্ণব-সেবার পরিবর্ত্তে অনেক সময় বৈষ্ণব-সেবাপরাধই হইয়া যায়। অবৈষ্ণবকে বৈষ্ণব মনে করিয়া সেবাচেষ্টা যেরূপ বৈষ্ণবাপরাধ, বৈষ্ণবকে অবৈষ্ণব মনে করিয়া বৈষ্ণবের সেবা পরিত্যাগও সেইরূপ বৈষ্ণবাপরাধ। বদ্ধজীব আমরা কোন্‌টী সত্য, কোন্‌টী অসত্য, তাহা সকল সময়ে বুঝিয়া উঠিতে পারি না। আমাদের ইন্দ্রিয়-গুলি ভ্রম-প্রমাদাদি দোষদুষ্ট। জীব যখন সাধু-গুরু-কৃপায় কোন্‌টী ভ্রম, কোন্‌টী সত্য ইহা বুঝিতে পারেন, তখনই তাঁহাকে অনর্থ-মুক্ত বলা যায়। সেই মুক্ত লক্ষণে আপনাকে বৈষ্ণব-গুরুর আশ্রিত বলিয়া বিচার প্রবল থাকে। শ্রীগুরু-নিত্যানন্দের শ্রীপাদপদ্মই জীবের একমাত্র আশ্রয়। নিরাশ্রয় বা অসহায়ের বড় কষ্ট। বৈষ্ণবই জগতের গুরু। সেই বৈষ্ণবের কিঙ্করত্বের অনুভূতিই সম্বন্ধ-জ্ঞান। বৈষ্ণব গুরু, আর আমরা শিষ্য। আমরা বৈষ্ণব নহি—বৈষ্ণবের ভৃত্য। প্রত্যেক নিঃশ্রেয়সার্থী জীবের বৈষ্ণবদাসানু-দাসত্বরূপ শিষ্যাভিমান আবশ্যক এবং ইহাই বৈষ্ণবী প্রতিষ্ঠা। শুদ্ধভক্তের কৃপা-লাভ হইলেই জীবের সর্ব্বসিদ্ধি হয়। দণ্ডই বৈষ্ণবের অমায়ায় দয়া, ইহা বুঝিতে পারিলেই আমাদের মঙ্গল হয়। বঞ্চক ইহা বুঝিতে পারে না। নিষ্কপট কৃপাপ্রার্থী ব্যক্তিই বৈষ্ণবের শাসনকে কৃপা জানিয়া ধন্য হয়।

গৃহত্যাগ করিয়া ঐকান্তিকভাবে ভজন করিবার অধিকার যাঁহাদের হয় নাই, এইরূপ দুর্ব্বলচিত্ত ব্যক্তিগণ যদি সকল সময় গৃহে অসৎসঙ্গের মধ্যেই থাকেন, তাহা হইলে তাঁহাদের কখনই হরিভজনে অধিকার-লাভ হইবে না। কিন্তু যদি তাঁহারা সাধুগুরুসঙ্গ, সাধুমুখে বীর্য্যবতী হরিকথা শ্রবণ, গুরু-বৈষ্ণবের সেবা এবং সৎসঙ্গে বাস শিক্ষা করেন, তাহা হইলে তাঁহাদের হৃদয়-দৌর্ব্বল্যাদি অনর্থ অপগত হইয়া বৈষ্ণবসেবা-ফলে হরিসেবায় রুচি হয়। গৃহে অধ্যয়ন-কারী বালক অপেক্ষা বিদ্যালয়ের শুশ্রূষু ছাত্রগণ অতি অল্পকালেই সম্যক্ শিক্ষা লাভ করিয়া থাকে। যে বিদ্যালয়ে না গিয়া গৃহেই অধ্যয়ন করে, তাহার অনেক সময় ভুল-ভ্রান্তি থাকিয়া যায় এবং অভিজ্ঞের সাহায্য না পাওয়ায় সে পাঠে তেমন উন্নতিও করিতে পারে না। সেইরূপ যে সকল অনর্থযুক্ত সাধক গৃহে নিজে নিজে হরিভজন করিতে ইচ্ছুক, তাঁহারা গুরু ও বৈষ্ণবগণের সাক্ষাৎ-সঙ্গ এবং তাঁহাদের আচার-প্রচারের জলন্ত আদর্শ ও শিক্ষা অনুক্ষণ না পাওয়ায় তাঁহারাও অনেক সময় ভ্রমপথে চালিত হন। সাধুসঙ্গের অভাবে তাঁহারা ভজনে কোন উন্নতি করিতে পারেন না। ফলে তাঁহারা ক্রমে ক্রমে হরিভজন হইতে বিচ্যুত হইয়া পড়েন। তখন অসৎসঙ্গই তাঁহাদের ভাল লাগে বলিয়া তাঁহারা সৎসঙ্গারাম মঠাদিতে যাইতে আর ইচ্ছা করেন না। বদ্ধজীবের অসত্তেই স্বাভাবিকী প্রীতি। এরূপ অবস্থায় বিমুখ আমরা যদি সাধুর নিকটে গিয়া তাঁহার শ্রীমুখে হরিকথা শ্রবণের যত্ন না করি, তাহা হইলে আমাদের মঙ্গল কি করিয়া হইবে ?

গৃহস্থগণের প্রধান কর্ত্তব্য—সাধুসঙ্গে নিরন্তর অবস্থানপূর্ব্বক হরিকথা শ্রবণকীর্ত্তন করা। আমরা যদি এই সর্ব্বপ্রধান কর্ত্তব্যটী ছাড়িয়া দিয়া অন্যান্য ক্ষুদ্র কর্ত্তব্যে অভি-নিবিষ্ট হই, তাহা হইলে আমাদের গার্হস্থ্য-ধর্ম্ম কি করিয়া রক্ষা হইবে ? তা' ছাড়া আমরণ গৃহে আবদ্ধ হইয়া থাকা শ্রীমদ্ভাগবতের উপদেশ বা শ্রীমন্মহাপ্রভুর গৃহস্থ লীলার আদর্শ নহে পরন্তু পরমহংস সাধু-গণের নিত্য সঙ্গ ও তাঁহাদের সেবাদ্বারা গৃহাসক্তি ছেদন এবং ভগবদনুরাগ হৃদয়ে জাগানই শ্রীমদ্ভাগবতের উদ্দেশ্য ও শিক্ষা।

বৈষ্ণব বৈকুণ্ঠ বস্তু। কৃষ্ণ গুরুরূপে জীবকে কৃপা করেন আবার শ্রীগুরুদেবও তদীয় প্রিয়সেবক বৈষ্ণবগণের দ্বারাই জীবকে কৃপা করিয়া স্বীয় সেবায় অধিকার প্রদান করেন। শ্রীগুরুদেব কখন কখন সাক্ষাদ্‌-ভাবেও জীবকে কৃপা করিয়া থাকেন। বৈষ্ণবের আনুগত্যে গুরুকৃষ্ণকৃপা-লাভের জন্য কায়মনোবাক্যে যে প্রযত্ন তাহাই সাধন। বৈষ্ণবের আনুগত্য বাদ দিয়া যে সাধন-চেষ্টা বা গুরুকৃষ্ণকৃপালাভের প্রয়াস তাহা বৃথা পরিশ্রম মাত্র। গুরুকৃষ্ণসেবা বা গুরুকৃষ্ণকৃপা লাভ করিতে হইলে সর্ব্বাগ্রে বৈষ্ণবের কৃপা লাভ করিতেই হইবে।

———

যৎকিঞ্চিৎ

——:*::——

ভগবৎসেবাই জীবের একমাত্র কৃত্য। এই ভগবৎসেবা লাভ করিতে হইলে সদ্গুরুচরণাশ্রয় করিতেই হইবে। গুর্ব্বানুগত্য ব্যতীত সাধন হয় না। গুর্ব্বানুগত্যময়ী সেবাই প্রকৃত ভগবৎসেবা। ভক্তহৃদয় ভগবদ্‌বিলাসক্ষেত্র। ভক্তকৃপাতেই ভগবান্ লভ্য হন। গৌর ও গৌরজনানুগত্য ব্যতীত এই সেবালাভের অন্য কোনও উপায় নাই। সৌভাগ্যক্রমে ভক্তিবিনোদধারায় প্রবেশলাভ ঘটিলেই শুদ্ধভক্তিলাভের সম্ভাবনা, নতুবা ভক্তিলাভ অসম্ভব। শ্রীনামকীর্ত্তনই সেই ভজন। মানবজন্ম বড়ই দুর্ল্লভ। আবার সেই জন্মে সাধুসঙ্গ লাভ দুর্ল্লভ হইতেও সুদুর্ল্লভ। সাধুসঙ্গ সুদুর্ল্লভ হইলেও শ্রীগৌড়ীয়-মঠের কৃপায় হতভাগ্য আমাদের নিকট তাহা সুলভ হইয়াছে।

চেতনের স্বভাবই এই যে, সে কাহাকেও প্রীতি না করিয়া বা কাহারও সহিত সম্বন্ধ-বিশিষ্ট না হইয়া থাকিতে পারে না। কিন্তু এই প্রীতি অনিত্যবস্তুতে হইলেই বিপদ্ ও দুঃখজনক। সুতরাং প্রীতির বস্তু একমাত্র ভগবান্ ও ভগবদ্ভক্ত। ইঁহাদিগকেই ভাল-বাসিতে হইবে, ইঁহাদের সুখের জন্যই কায়-মনোবাক্যকে নিযুক্ত করিয়া সর্ব্বক্ষণ ব্যস্ত থাকিতে হইবে। কারণ, গুরুবৈষ্ণবভগবানের প্রতি ভালবাসাই ভক্তি। অন্য ব্যক্তি-গণকে আদর ও যত্ন করিতে হইবে, তাহা-দিগকে ভগবচ্চরণে আকৃষ্ট করিবার জন্য চেষ্টা করিতে হইবে, গুরু-বৈষ্ণব ব্যতীত অপর কাহাকেও প্রীতি করিতে হইবে না।

সকল বস্তুকে কৃষ্ণভোগ্যদর্শনই চেতন-দর্শন। জগতের সকল বস্তু বা সকল ব্যক্তিকেই ভগবৎসেবোপকরণ বা ভগবৎ-সেবক জ্ঞান করিতে হইবে। ভগবৎ-সেবার জিনিষ আমরা ত্যাগ করিতেও পারি না, ভোগ করিতেও পারি না। ভোগ ও ত্যাগ এ দুইটীতেই প্রত্যবায় আছে। ভগবানের জিনিষ ভগবৎসেবায় নিযুক্ত করিতে পারিলেই নিজের ও পরের মঙ্গল। ভগবানের সেবার উদ্দেশ্যে জীবনধারণকালে যাবতীয় বস্তু ভগবানের সেবোপকরণজ্ঞানে ভজনের অনুকূলে গ্রহণই বিরাগ। এক কথায় ভক্তগণ ভগবচ্চরণে অনুরাগী ও কৃষ্ণবিরহী বলিয়া তাঁহাদের বৈরাগ্য স্বাভাবিক। হরিদাস্যে তাঁহারা হরি-সেবানু-রাগী। সুতরাং হরিসেবকগণই বৈরাগ্যবান্, অপরে নহে।

কৃষ্ণের সংসারে প্রবেশলাভ না হইলে কৃষ্ণের সেবা হয় না। মঠ বা সঙ্ঘই কৃষ্ণের সংসার। প্রথমেই সঙ্ঘে প্রবেশলাভ, তৎপরে সেবা। ভোগের গৃহ ছাড়িতেই হইবে। মঠবাস করিয়া যেরূপ পিতামাতা বা স্ত্রী-পুত্রের ভরণপোষণ অসম্ভব, সেইরূপ ভোগাগারে থাকিয়া—গৃহব্রত থাকিয়া অর্থাৎ সঙ্ঘের বাহিরে থাকিয়া সঙ্ঘের সেবা অসম্ভব। জগতে দেখা যায়, যে ব্যক্তির উপর একটী পরিবারের ভরণপোষণের ভার আছে সে কখনও অন্য একটী পরিবারের ভরণপোষণের দায়িত্ব লইতে পারে না, মুখে মুখে সহানুভূতি প্রকাশ করিয়া থাকে, কোন কোন সময় অন্য পরিবারের দুই একটা কাজ করিয়া দিলেও সেই পরিবারভুক্ত ব্যক্তিগণ তাহার উপর নির্ভর করেন না। কারণ, সেই ব্যক্তির উপর অন্য এক পৃথক্ পরিবারের পালনভার আছে। সেইরূপ কৃষ্ণের সংসার বা সঙ্ঘের সেবা করিতে হইলে সম্পূর্ণভাবে দায়িত্ব লইতে হইবে। নিজের পৃথক্ সংসারের দায়িত্ব স্কন্ধে চাপাইয়া কৃষ্ণের সংসারের দায়িত্ব লওয়া যায় না। দায়িত্ব না লইয়া দুই একটা কাজ করিয়া দিলে তাহাতে কিছু সুকৃতি হইবে বটে, কিন্তু তাহা সুষ্ঠু সেবাপদবাচ্য হইবে না। এই কথাগুলি বলার অর্থ এই নহে যে, গৃহে থাকিলে সেবা হইবে না। বাহিরে গৃহে থাকিয়াও কৃষ্ণের সংসার বা সঙ্ঘের সেবার সম্পূর্ণ দায়িত্ব লইয়াছেন—এরূপ আদর্শের কি অভাব আছে ? তবে আমরা সেই আদর্শের অনুসরণ করিব না কেন ? যে কোন উপায়ে গুরুসেবা করা চাই। সংসারে থাকিয়া যদি গুরুসেবা সুষ্ঠুভাবে হয়, তাহা হইলে সংসারে থাকিয়া গুরুসেবা করিতে হইবে, আর যদি সংসারে প্রতিবন্ধক উপস্থিত হয় তাহা হইলে সংসার ছাড়িতে হইবে। দূরে থাকিলে যে সেবা হয় না তাহা নয়, তবে অনর্থযুক্ত সাধকের পক্ষে গুরুবৈষ্ণবের সাক্ষাৎ সঙ্গ লাভ একান্ত আবশ্যক।

ভগবান্ ও ভগবদ্ভক্ত, তুলসী, গঙ্গা, শ্রীধাম, শ্রীনাম ও শ্রীবিগ্রহে বিশুদ্ধ আপন-বোধ হইলে তদিতর বস্তুর প্রতি বৈরাগ্য স্বাভাবিকভাবে আসিয়া যায়। শুদ্ধভক্ত মহাচিদ্‌বিলাসী। তাঁহারা বাহিরে কৌপীন পরিধান করিয়াও অনন্তকোটী চৈতন্যদেবের একমাত্র পালক কৃষ্ণেরও পালক। তাঁহারা সমস্ত বিশ্ব যাঁহার বশীভূত সেই কৃষ্ণকে প্রেমের দ্বারা বশীভূত করিয়াছেন। ভগবানের সেবালাভ করিতে হইলে ঐরূপ ভক্তের পদাশ্রয়-ই একমাত্র উপায়। 'ভক্তের হৃদয়ে সদা গোবিন্দ-বিশ্রাম।' সুতরাং ভগবৎসেবা বা ভগবৎকৃপা লাভ করিতে হইলে প্রথমে ভক্তসেবা বা ভক্তকৃপা লাভ করিতেই হইবে।

জীবের স্বতন্ত্রতা আছে। চেতন যখন নিজ স্বাধীন পরম-চেতনের দিকে যায়, তখনই চেতনের সদ্ব্যবহার, আর যখন চেতন পরম-চেতনের দিকে না গিয়া মায়ার প্রতি—জড়ের প্রতি আকৃষ্ট হয় অর্থাৎ জড়সুখের জন্য ধাবিত হয় তখন চেতনের অসদ্ব্যবহার হয়।

———

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅবধমন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক—শ্রীকুঞ্জবিহারী দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগপীঠ মায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশচীবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীচাঁদচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

কাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

শ্রীপ্রদ্যুম্ন কুঞ্জ বা সুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীমহৎকৃপা ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

সার্ব্বভৌম গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীপরমানন্দ ব্রহ্মচারী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌড়পুর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপতুদাস দাসাধিকারী

কুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীরামদাস দাসাধিকারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা।
সেবক—গৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীদীনদয়াল ব্রজবাসী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদবান্ধববিগ্রহ বিদ্যারত্ন বি এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাশাংবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীকৃষ্ণভজন দাসাধিকারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
চমৎপা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীইন্দ্রপতি দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারী-মঠ
বর্ষাণ মথুরা।
সেবক—শ্রীবংশীচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেরশাহা
পোঃ কোড়োল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব
সেবক—শ্রীসনাতনগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং,
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপান্তিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আত্রাশ্রম
(ভগবৎ-কৃপান্তিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীযতুনাথ দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাণগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিকলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাণীবাঁধ (বর্দ্ধমান)
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ডুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাক্ষেষ্টার রোড, ষ্টাউড্ গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণীদাসী

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষৌ, ইউ-পি
সেবক—শ্রীনরানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠালয়
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅদ্বয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনরনারায়ণদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীযতিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

——:(:o:):——

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	॥০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	॥১	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬৲	৪॥০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধ কলম ২৪৲	১৮৲
" এক কলম ৬০৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ গবেষণাপূর্ণ ও অপূর্ব্ব আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মধুরা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মধুরা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ বিশদ পদ্যানুবাদসহ মাদ্রাজ শ্রী গৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

——(:o:)——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

——::o::——

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও সুদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬॥০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবনচরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থ শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীপাদ নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার অশেষ কল্যাণের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অতুলনীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূল শিক্ষা ও পরে [illegible] গীতার মূল শ্লোক সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গানুবাদ তাহার পরিশিষ্ট তদুপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা ঐ টীকার সরল বঙ্গানুবাদ, সূত্র-ব্যাখ্যা ও তথ্যানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে সন্নিবিষ্ট পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব ধাম-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিলে শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আদর করিবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ৸০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই. বি রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

শনিবার ব্যতীত
শনিবার অন্য দিন

কলিকাতা ছাঃ	৪ ০৬	৬-২১ ৭ ১৪	৩-১৬	১৫-১০	১৬ ১৬	১৭-২০	২২ ২৬	
[illegible]	৪ ৫২	৬-৫১ ৭ ২৮	১৩ ২৯		..	১৮ ৫	২২-৫৬	
রাণাঘাট পোঃ	৬ ২	৭ ৫৮	৯ ১৮	১৪ ৫০	১৬ ৭৮	১৮-৩১	১৯ ৩৩	০ ২৫
(বগুলা) ছাঃ		৯-৩৭						
কৃষ্ণনগর পোঃ	৬ ৫৯	৮-৪০	১০-৬	১৫-৩৮	১৭ ৩১	১৯ ১৫	২০-২০	১-১০
লাইট রেল ([illegible]) ছাঃ	৭-১০	১০-৬	১৪-৫০	১৭-৪০		২০-৩০		
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০ ৫১	১০-২৫	১৮-১৫		২১ ৫		
নবদ্বীপঘাট পোঃ	৭-৫৩	১০-৫৯	১৫-৩৩	১৮-২৩		২১-১৩		

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১ ৬
[illegible] "	১১-১৮
রাণাঘাট পোঃ	১২ ৫১
" ছাঃ	১২ ৫৬
শান্তিপুর পোঃ	১৩ ২৪
(বদল) ছাঃ	১৩ ৪১ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পোঃ	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৪-২৫
নবদ্বীপঘাট পোঃ	১৫ ৩৭

ডাউন

শনিবার ব্যতীত
অন্য দিন শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬- ৫	৯-১২			১৬ ৩	[illegible] ৩	[illegible] ৩৮		
মহেশগঞ্জ "	৬ ৩	৯-২১			১৬-১২	১৬ ১০	১৮ ৭১		
কৃষ্ণনগর পোঃ	[illegible] ৫৭	৯-৫৫			[illegible]	[illegible]	১৯ ২০		
[illegible]) ছাঃ	[illegible]-৩১ ৭ ১০	৮-৫১	১১-২২	১৫-৬	১৬ ৫৯	[illegible]-২৮	২০ ৪৬		
রাণাঘাট পোঃ	৬ ১০ [illegible]-৪৬	৯-২৫	১২ ০	১৫ ৬৫	১৭ ৩০	২০-৩	২১ ১৯		
(বদল) ছাঃ				১৫-৫৯	১৭-৪২		..		
[illegible]		১১-৪		১৭ ৩৬	[illegible]-৯	২১ ১৬	২২ ৫৮		
কলিকাতা পোঃ	৮-১৩ ৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৭৬	২২ ২৬	২৯ ৫০	২৩ ,০		

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৬-১
মহেশগঞ্জ "	১৬ ১০
কৃষ্ণনগর পোঃ	১৬-৪৬
ছাঃ	১৫-৩২
শান্তিপুর পোঃ	১৭-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পোঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-২০
কলিকাতা পোঃ	২১-৬

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ কুঞ্জবিহারী বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩, ষাণ্মাসিক ১৸০ টাকা মাত্র।

২। ভাগবত—উড়িষ্যাবাসীর একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পত্র শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক, সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয় পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। [illegible] শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-সেবকশিরোমণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্য জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রদীপ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণান্তিকে সমবেত তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মহাত্মাগণ সত্যানুসন্ধিৎসুগণ যে সমস্ত প্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগ-বিরুদ্ধসিদ্ধান্তখণ্ডনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সারগ্রাহী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায়। [illegible] ইহার কাটতি উত্তরোত্তর অধিক। প্লীহা, যকৃৎ সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয়। ছোট বোতল ।৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা;
বেহালা, ২৪ পরগণা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

REGD NO C. 544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

সভার কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত অমূল্য কল্যাণকল্পতরু-গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃত ভাষ্য-সহ সম্প্রতি প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীস্তব রত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৷৹ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ১৫ মধুসূদন, গৌরাব্দ ৪৫৫ ; ১৩ই বৈশাখ, বঙ্গাব্দ ১৩৪৮ ; ২৬শে এপ্রিল, ইং ১৯৪১, শনিবার { ৪১-৪২তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৫ মধুসূদন, অব্যয় ক্ষীরোদশায়ী গৌরাব্দ ৪৫৫

শ্রীঅম্বরীষ

ভগবদ্ভক্ত শ্রীঅম্বরীষ মহারাজ সপ্তদ্বীপবতী পৃথিবী, অক্ষয় সম্পদ্ ও পৃথিবীর মধ্যে অতুলনীয় ঐশ্বর্য্য লাভ করিয়াছিলেন। তিনি পৃথিবীর একচ্ছত্র অধীশ্বর ছিলেন। এই প্রকার ঐশ্বর্য্য জীবের পক্ষে সুদুর্লভ হইলেও ভগবান্ বাসুদেবে, বিশেষতঃ তদীয় সাধুগণে শ্রীঅম্বরীষ মহারাজের নির্ম্মলা ভক্তি উদিত হওয়ায় তাঁহার নিকট বিশ্ব স্বপ্নবৎ বা লোষ্ট্রবৎ তুচ্ছবোধ হইয়াছিল। কারণ, তিনি জানিতেন যে, ঐ সকল বস্তু নশ্বর, জীব ঐ সকল ঐশ্বর্য্যে আসক্ত হইয়া মোহসাগরে নিমগ্ন হয়। ব্রহ্মশাপ কোথাও বিফল হয় না, কিন্তু ভগবচ্চরণে পূর্ণ শরণাগত, ভগবানের একান্ত প্রিয় তাঁহাকে ব্রহ্মশাপও স্পর্শ করিতে পারে নাই। ভক্তের কখনও বিনাশ হয় না—তাঁহার অলৌকিক অতিমর্ত্ত্য চরিত্র এই শাস্ত্রবাক্যের সাক্ষ্য দিয়াছে ও দিতেছে। তিনি সর্ব্বক্ষণ সর্ব্বস্ব দিয়া কৃষ্ণভজন করিতেন। তিনি শ্রীকৃষ্ণ-চরণারবিন্দে মন সমর্পণ করিয়াছিলেন, বৈকুণ্ঠগুণানুবর্ণনে বাক্য সকল নিয়োগ করিয়াছিলেন, শ্রীহরির মন্দিরমার্জ্জনাদিতে হস্তদ্বয় নিত্য পরিচালিত করিয়াছিলেন, শ্রীহরিকথা-শ্রবণে কর্ণদ্বয় নিযুক্ত করিয়াছিলেন, চক্ষুকে ভগবদ্বিগ্রহ ও ভাগবত-বিগ্রহদর্শনে, অঙ্গসমূহকে ভগবদ্ভক্তের চরণধূলি সংস্পর্শে, ঘ্রাণেন্দ্রিয়কে ভগবৎপাদপদ্ম-সংলগ্ন তুলসীর সৌরভগ্রহণে, রসনাকে ভগবন্নিবেদিত অন্নাদির আস্বাদনে, চরণদ্বয়কে ভগবত্তীর্থ-পর্য্যটনে, মস্তককে হৃষীকেশের পদাভিবন্দনে এবং কামকে সম্পূর্ণ নিষ্কপট ভগবৎসেবায় নিযুক্ত করিয়াছিলেন। পৃথ্বীরাজ শ্রীঅম্বরীষ এই প্রকারে ভক্তিযোগের দ্বারা শ্রীহরিকে সন্তুষ্ট করিয়া ক্রমশঃ সর্ব্বপ্রকার কামনা পরিত্যাগ করিয়াছিলেন। তিনি সর্ব্বত্র ভগবদ্ভাবযুক্ত নিজ কর্ম্মসমূহ সর্ব্বযজ্ঞের ভোক্তা পরতত্ত্ব ভগবান্ শ্রীকৃষ্ণে সমর্পণপূর্ব্বক ভগবন্নিষ্ঠ বিপ্রগণের উপদেশানুসারে পৃথিবী পালন করিতেন। ভগবান্ শ্রীহরি শ্রীঅম্বরীষের ঐকান্তিকী ভক্তিতে সন্তুষ্ট হইয়া তাঁহাকে ভক্তজনসংরক্ষক ও প্রতিকূলজনের ভয়াবহ চক্র প্রদান করিয়াছিলেন।

শ্রীঅম্বরীষ স্বীয় মহিষীর সহিত শ্রীকৃষ্ণ-আরাধনা করিবার জন্য সংবৎসর যাবৎ হরিপ্রিয় দ্বাদশীব্রত ধারণ করিয়াছিলেন। ব্রতান্তে কার্ত্তিকমাসে একদিন শ্রীঅম্বরীষ মহারাজ ত্রিরাত্র উপবাসের পর যমুনাতে স্নান করিয়া মধুবনে শ্রীহরির অর্চ্চন করিতেছিলেন। তিনি মহা-অভিষেক বিধি অনুসারে সর্ব্ববিধ উপচারে শ্রীহরির অভিষেক করিয়া বস্ত্র,অলঙ্কার ও গন্ধমাল্য প্রভৃতি পূজোপকরণ দ্বারা প্রীতির সহিত শ্রীকৃষ্ণকে এবং পূজাদি অপেক্ষাশূন্য ব্রাহ্মণগণকে পূজা করিলেন। তৎপরে সমাগত সাধু ও বিপ্রগণকে বহু-মূল্য ষষ্টিসহস্র গাভী দান করিয়া দ্বিজগণকে সুন্দরভাবে ভোজন করাইয়া তাঁহাদের আজ্ঞাক্রমে পারণের উপক্রম করিতেছেন, এমন সময় দুর্ব্বাসা শ্রীঅম্বরীষের প্রাসাদে অতিথিরূপে উপস্থিত হইলেন। অমানি-মানদ মহারাজ অম্বরীষ প্রত্যুত্থান ও পূজোপহার দ্বারা অতিথি দুর্ব্বাসাকে যথাযোগ্য পূজা করিলেন। পরে তাঁহার পাদসমীপে উপস্থিত হইয়া ভোজনার্থ প্রার্থনা করিতে লাগিলেন। দুর্ব্বাসা শ্রীঅম্বরীষের প্রার্থনা সানন্দে অঙ্গীকার করিয়া মাধ্যাহ্নিক কর্ম্ম করিবার জন্য কালিন্দীর তটে গমন করিলেন এবং ব্রহ্মচিন্তা করিতে করিতে কালিন্দীর পবিত্র সলিলে নিমগ্ন হইলেন। অনেকক্ষণ অতীত হইল, কিন্তু তথাপি তিনি ফিরিলেন না। এ দিকে দ্বাদশীর অর্দ্ধমুহূর্ত্ত মাত্র অবশিষ্ট। তন্মধ্যে পারণ না করিলে ব্রতবৈগুণ্য হইবে। তজ্জন্য মহারাজ অম্বরীষ ব্রাহ্মণগণের সহিত পরামর্শ করিয়া জলমাত্র পানপূর্ব্বক অচ্যুতস্মরণ করিতে করিতে ব্রত সমাপ্ত করিয়া দুর্ব্বাসার আগমন প্রতীক্ষা করিতে লাগিলেন। এ দিকে দুর্ব্বাসা যমুনা হইতে প্রত্যাবর্ত্তনপূর্ব্বক নিজ যোগবিভূতি-প্রভাবে শ্রীঅম্বরীষের আচরণ অবগত হইয়া অত্যন্ত ক্রুদ্ধ হইলেন এবং কৃতাঞ্জলিসহকারে দণ্ডায়মান মহারাজ অম্বরীষকে নানাভাবে তিরস্কার করিতে লাগিলেন। তিনি বলিতে লাগিলেন, "অহো! ক্রূরপ্রকৃতি, ধনমদে মত্ত, ঐশ্বর্য্যাভিমানী, বিষ্ণুর অভক্ত ইহার ধর্ম্মলঙ্ঘন-চেষ্টা অবলোকন কর। হে অম্বরীষ! তুমি গৃহাগত অতিথিকে আতিথ্য-বিধি অনুসারে নিমন্ত্রণপূর্ব্বক ভোজন না করাইয়াই স্বয়ং ভোজন করিয়াছ। তোমার দুষ্কর্ম্মের ফল এখনই প্রদর্শন করিতেছি।" এইরূপ বলিতে বলিতে ক্রোধান্ধ দুর্ব্বাসা স্বীয় মস্তক হইতে জটা ছিন্ন করিয়া তদ্দ্বারা কালাগ্নিতুল্য এক কৃত্যা নির্ম্মাণ করিলেন। ঐ জ্বলন্ত কৃত্যা হস্তে অসি লইয়া পদভারে পৃথিবীকে কম্পিত করিতে করিতে অভিমুখে আগমন করিতেছে দেখিয়াও মহারাজ অম্বরীষ স্বস্থান হইতে বিচলিত হইলেন না। দাবাগ্নি যেরূপ ক্রুদ্ধ সর্পকে দগ্ধ করে, ভক্তরক্ষা নিমিত্ত পূর্ব্ব হইতে শ্রীহরির আদেশপ্রাপ্ত সুদর্শনচক্রও সেই কৃত্যাকে নিজ তেজে দগ্ধ করিয়া ফেলিলেন। নিজ প্রয়াস ব্যর্থ হইল দেখিয়া দুর্ব্বাসা ভীতচিত্তে প্রাণভয়ে পলায়নপর হইয়া দৌড়াইতে লাগিলেন। কিন্তু সুদর্শনচক্রও দুর্ব্বাসার পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হইলেন। দুর্ব্বাসা আত্মরক্ষার্থ আকাশ, পৃথিবী, সাগর, গুহা ও ত্রিভুবন যেখানেই গমন করেন সেইখানেই তেজোময় সুদর্শন চক্রকে দেখিতে লাগিলেন। অনন্তর দুর্ব্বাসা কোথায়ও আশ্রয় না পাইয়া ব্রহ্মার নিকট গমনপূর্ব্বক বলিলেন, "হে ব্রহ্মন্! দুঃসহ তেজোময় ভগবচ্চক্র হইতে আমাকে রক্ষা করুন।" ব্রহ্মা বলিলেন, "ভগবান্ বিষ্ণু দগ্ধ করিতে ইচ্ছা করিলে তাঁহার ভ্রূভঙ্গী-মাত্রে ব্রহ্মাণ্ডসহ ব্রহ্মলোক দগ্ধীভূত হইবে। আমি ব্রহ্মা, শিব, দক্ষ, ভৃগু প্রভৃতি এবং প্রজেশ, ভূতেশ ও সুরেশ প্রভৃতি দেবতা-গণ যাঁহার আজ্ঞাবাহী, সেই বিষ্ণুর ভক্তের চরণে অপরাধী ভক্তদ্রোহী, আপনাকে রক্ষা করিবার সামর্থ্য আমার নাই।" দুর্ব্বাসা ব্রহ্মার নিকট প্রত্যাখ্যাত হইয়া কৈলাসবাসী মহা-দেবের শরণাপন্ন হইলেন। মহাদেব বলিলেন, "পরমেশ্বর বিষ্ণুর নিকট আমাদের প্রভুত্ব চলিবে না। তাঁহার চক্র সর্ব্বতোভাবে দুর্ব্বিষহ। অতএব তুমি তাঁহারই শরণাপন্ন হও।" দুর্ব্বাসা বৈকুণ্ঠে নারায়ণের নিকট উপস্থিত হইয়া আশ্রয় ভিক্ষা করিলেন। তখন ভগবান্ বলিলেন,—"আমি ভক্ত-পরাধীন, অস্বতন্ত্রের তুল্য। সাধুগণ আমার হৃদয়কে আত্মসাৎ করিয়াছেন। অধিক কি, সেই

ভক্তগণ ব্যতীত আমি আমার আত্মরক্ষণের, এমন কি পরমার্থ পর্য্যন্ত অধিক আপনার না। অপরাধে দয়া করিবে হইলে অবশ্য আবশ্যক। কিন্তু আমার হৃদয়কে তুমি আক্রমণ করিয়াছ। বৈষ্ণবগণ আমার অবশ্য ... আমি ... । তুমি যেই মহাভাগ্য শরণাগত ... ক্ষমা ভিক্ষা কর, ... আর কেহই রক্ষা করিতে পারিবে না।" ... বিষ্ণু ... অধিক ... তখনই অপরাধের নিকট ... বান্ধবের ... করিয়া ... । ... ভাগবতের অন্তর্যামী অনুরোধে তুর্ব্বাসার প্রাণ রক্ষা করিলেন।

—

প্রশ্নোত্তর

[শ্রীগুরুবৈষ্ণবের জয়কীর্ত্তন-প্রসঙ্গ]

পরমপূজনীয় 'গৌড়ীয়'-সম্পাদক মহা মহোপদেশক শ্রীল সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভুর শ্রীচরণেষু—

প্রভো, কৃপাপূর্ব্বক নিম্নলিখিত বিষয় সম্বন্ধে প্রকৃত সিদ্ধান্ত নির্ণয় করিয়া উত্তর দান করিলে কৃতকৃতার্থ হইব। শুনিলাম ঢাকায় নানাপ্রকার দুর্যোগবশতঃ 'গৌড়ীয়' সাপ্তাহিক পত্র প্রকাশিত হইতে বিলম্ব হইবে। এজন্য সকাতর প্রার্থনা যে, আমার এই প্রশ্নের উত্তরটী কৃপাপূর্ব্বক 'দৈনিক নদীয়া-প্রকাশ' অবিলম্বে প্রকাশ করিয়া আমার ও অন্যান্য কোমলশ্রদ্ধ ব্যক্তিগণের সন্দেহ দূর করিবেন। আমার প্রশ্ন এই,—

প্রশ্ন

শ্রীগৌড়ীয়-বৈষ্ণব-সম্প্রদায়ে ও অন্যান্য সমস্ত শুদ্ধ-বৈষ্ণব সম্প্রদায়ে পূর্ব্ব পূর্ব্ব মহাজন ও গুরুবর্গ হইতে অধস্তন বৈষ্ণববৃন্দ পর্য্যন্ত যে জয়প্রদানের প্রথা আছে, তদনুসারে যদি আমরা আরাত্রিক, পাঠ ও কীর্ত্তনাদির পর অস্মৎসম্প্রদায়ের নিত্যধামগত কোন বৈষ্ণব ও প্রকটলীলাবিলাসী কোন কোন শুদ্ধবৈষ্ণবের তথা শ্রীশ্রীআচার্য্যগণ নিত্য বৈষ্ণবের জয় প্রদান করি, তাহা হইলে কি সেইরূপ কার্য্য শুদ্ধভক্তি-বিরুদ্ধ হয়? তাহা কি আমাদের পালনীয় নহে? আমার এই কথাটি আরও স্পষ্ট করিয়া লিখিতেছি। যদি শ্রীশ্রীগুরু-আচার্য্যদেব হইতে আরম্ভ করিয়া পূর্ব্বগুরুবর্গ ও মহাজনগণ পর্য্যন্ত জয় প্রদানের পর তদনুগত সেবক-বৃন্দ নিত্যধামগত পরম পূজনীয় শ্রীল ভক্তিসুধাকর প্রভুর জয়, শ্রীল ভক্তিশ্রীরূপ পুরী মহারাজের জয়, শ্রীল ভক্তিসম্বল ভাগবত মহারাজের জয় কিংবা প্রকটকালীয় বৈষ্ণবের মধ্যে শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ গোস্বামী মহারাজের জয়, শ্রীপাদ সাগর মহারাজের জয় ও শ্রীশ্রীআচার্য্যানুগ শুদ্ধ-বৈষ্ণববৃন্দের জয় প্রদান করি, তবে কি তাহাতে কোনরূপ ভক্তিবিরুদ্ধ কার্য্য হয়? সমস্ত বৈষ্ণবের শ্রীনাম উল্লেখ করিয়া জয় প্রদান করা আমার ন্যায় ক্ষুদ্র জীবের পক্ষে সম্ভব না হইলে যদি শ্রীআচার্য্যানুগ কোন কোন নিষ্কপট বৈষ্ণবের শ্রীনাম উল্লেখ করিয়া জয় দেওয়া হয়, যেমন—শ্রীল ভক্তি-সুধাকর প্রভু, শ্রীল ভক্তিশ্রীরূপ পুরী মহারাজ, শ্রীল ভক্তিসম্বল ভাগবত মহারাজ, শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ গোস্বামী মহারাজ প্রভৃতি ও সর্ব্বশেষে 'নিখিল শুদ্ধ বৈষ্ণবের জয়' ইত্যাদি যদি উল্লেখ করা হয়, তাহা হইলে কি যে সকল অনন্ত কোটি বৈষ্ণবের শ্রীনাম উল্লেখ করা হইল না, তাঁহাদিগের প্রতি অশ্রদ্ধা করা হইল, কিংবা তাঁহাদের জয় বাদ পড়িয়া গেল? অথবা কোন বৈষ্ণবেরই নাম উল্লেখ না করিয়া একেবারে নির্বিশেষভাবে নিখিল বৈষ্ণববৃন্দের জয় বলাই কি শ্রেয়ঃ? কারণ, নির্বিশেষবাদের প্রতি অর্থাৎ নাম-রূপ-গুণের উল্লেখ না করিলে কাহারও অশ্রদ্ধা বা ক্ষোভের কারণ থাকে না। ইহার মধ্যে কোনটী শাস্ত্রসিদ্ধান্তসম্মত তাহা কৃপাপূর্ব্বক জানাইলে কৃতার্থ হইব।

এতৎপ্রসঙ্গে আর একটী জিজ্ঞাস্য এই যে, যদি প্রকটকালীয় মহাভাগবতবর শ্রীশ্রীল বংশীদাস গোস্বামী মহারাজের জয় প্রদান করি, অথচ ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল জগন্নাথ দাস গোস্বামী মহারাজ পর্য্যন্ত জয় প্রদান করিয়া শ্রীল মধুসূদন, শ্রীল বলদেব, শ্রীল বিশ্বনাথ, শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয় প্রভৃতি শ্রীগুরুবর্গের নাম পৃথগ্‌ভাবে উল্লেখপূর্ব্বক জয় প্রদান না করি, তাহা হইলে কি পূর্ব্বোক্ত গুরুবর্গের জয় বাদ পড়িয়া গেল? শ্রীশ্রীল প্রভুপাদের প্রকটকালে পরমারাধ্য শ্রীশ্রীল বংশীদাস গোস্বামী মহারাজের শ্রীনাম উল্লেখপূর্ব্বক জয়প্রদান আমাদের সম্প্রদায়ে আমার বিমূঢ় কর্ণের গোচরীভূত হয় নাই। অথচ শ্রীশ্রীল প্রভুপাদের প্রকটকালে সংকীর্ত্তন মহোৎসবাদির সময় হরিসেবার বা প্রচারের আনুকূল্যকারী কোন কোন সেবোন্মুখ সাধারণ ব্যক্তিরও জয় প্রদান করা হইয়াছে। ঐরূপ জয় প্রদানের দ্বারা কি তাহাদিগকে শ্রীশ্রীগুরুবর্গের সমকক্ষ বলিয়া স্থাপন বা পূর্ব্বগুরুবর্গের শ্রীচরণে অপরাধ করা হইয়াছে? অধুনা যদি মহাভাগবতবর শ্রীশ্রীল বংশীদাস গোস্বামী মহারাজের জয় প্রদান করা হয়, তাহা হইলে কি শ্রীশ্রীল প্রভুপাদের সিদ্ধান্তের বিরুদ্ধ কার্য্য করা হইবে? কেহ কেহ বলেন,—"যখন নাম ধরিয়া জয় প্রদান করিলে অন্য লোকের তাহাতে আপত্তি ও ক্ষোভের কারণ হয়, তখন কোন নাম না ধরিয়া সাধারণভাবে সর্ব্ব গুরুবৈষ্ণবের জয়—এইরূপ উল্লেখ করিয়া জয় দিলেই আর বাদানুবাদের কারণ থাকে না, সকলেরই মন সন্তুষ্ট হয়।" আবার কেহ কেহ বলেন,—"জয় লইয়া এত মারামারি কেন? বাহিরে জয় না দিয়া যাঁহার প্রতি যাঁহার শ্রদ্ধা, তাঁহার সেই বৈষ্ণবকে মনে মনে জয় দেওয়াই ভাল।" এতদ্ব্যতীত এই সকল বিভিন্ন মতের প্রকৃত মীমাংসা ও সিদ্ধান্ত জানাইতে পারেন।

নিবেদক—
শ্রীগৌরগোবিন্দ ব্রহ্মচারী

উত্তর

শ্রীচৈতন্যমঠাশ্রিত সেবক অচিন্ত্যভেদা-ভেদ সিদ্ধান্তের উপাসক। তিনি শ্রীগুরু-বৈষ্ণবের সম্বন্ধে কোন জড়ীয় স্বতন্ত্র বা জড় ভেদাভেদ অথবা কোন বস্তুদর্শন বলিয়া মনে করেন না। 'যাঁর যাঁর গুরু, তাঁর তাঁর কাছে, যাঁর যাঁর বৈষ্ণব, তাঁর তাঁর কাছে'—এইরূপ উদরভেদবাদককে গুরুভেদ বা বৈষ্ণবভেদের অর্থ কল্পিত মনোধর্ম্মিগণের কল্পনার কারখানায় রচিত হইয়া থাকে। যিনি শ্রীগুরুদেব, তিনি সমস্ত জগতেরই শ্রীগুরুদেব। যিনি বৈষ্ণব, তিনি নিখিল জগতেরই শ্রদ্ধার বৈষ্ণব। কেহ মানুক, আর না ই মানুক, যে মানিবে না তাহার সেই অপরাধে সর্ব্বনাশ হইবে, এইমাত্র বিশেষ। অতএব যেমন ব্রহ্মা হইতে আরম্ভ করিয়া নিত্যারাধ্য শ্রীল আচার্য্যদেব পর্য্যন্ত যে-কোন জগদ্‌গুরুর পূজা বা বন্দনা করিতে অদ্বয়জ্ঞানতত্ত্বে সমাধিস্থ সমস্ত জগদ্‌গুরুগণের শ্রীপাদপদ্মের আরাধনা ও বন্দনা হইয়া থাকে, তদ্রূপ শ্রীবাসাদি ভক্তবৃন্দ হইতে বর্ত্তমানকাল পর্য্যন্ত যে কোন শুদ্ধ বৈষ্ণবের আরাধনা বা বন্দনা করিলে সমগ্র শুদ্ধবৈষ্ণব-সমাজ পূজিত ও বন্দিত হইয়া থাকেন। পঞ্চতত্ত্বের মধ্যে শ্রীবাসাদি ভক্তবৃন্দের 'জয়' প্রদান বা নামকীর্ত্তন করা হয়। ইহা দেখিয়া কেহ মনে না করেন,—শ্রীশ্রীবাসাদি শ্রীগৌরভক্তের জয় প্রদান করা হইল, কিন্তু শ্রীমন্মহাপ্রভুর যে অন্তরঙ্গ পার্ষদ, যাঁহারা মধুররসের রসিক সেই শ্রীস্বরূপদামোদর, শ্রীরায় রামানন্দ বা শ্রীসনাতন, শ্রীরূপাদি ষড়্‌গোস্বামীর জয় প্রদান করা হইল না। শ্রীশ্রীবাস পণ্ডিত ঐশ্বর্য্যরসের সেবক, তিনি গৃহস্থ। তাঁহার নামকে গৌরভক্তবৃন্দের অগ্রণী করা উচিত হয় নাই। যে শ্রীস্বরূপদামোদর প্রভু শ্রীমন্মহাপ্রভুর দ্বিতীয় স্বরূপ—গৌড়ীয়ের গুরুপূজ্য, যে শ্রীরায় রামানন্দ শ্রীমন্মহা-প্রভুর সেবার জন্য রাজৈশ্বর্য্য, সর্ব্বস্ব পরিত্যাগ করিয়া সর্ব্বক্ষণ শ্রীগৌরসুন্দরের সঙ্গে ছিলেন, যে ষড়্‌গোস্বামী সমস্ত শ্রীগৌর-... অর্পণ করিয়া সর্ব্বপ্রকারে শ্রীগৌরমনোঽভীষ্ট সংস্থাপন করিয়াছেন, তাঁহাদের নামকে শ্রীগৌরভক্তবৃন্দের অগ্রণী না করিয়া পঞ্চতত্ত্বের শ্রীনামকীর্ত্তনে শ্রীগৌরভক্তবৃন্দের মধ্যে শ্রীবাসের নাম কেন অগ্রণী করিয়া উচ্চারণ করা হয়?' যাঁহারা ভক্তভেদবাদী, তাঁহাদের হৃদয়েই এইরূপ প্রচ্ছন্ন নাস্তিক্যমূলক জড়ভেদের বিচার উপস্থিত হয়। বস্তুতঃ শ্রীশ্রীবাসাদি ভক্তবৃন্দের জয়ে সমগ্র শ্রীগুরুবর্গ ও শ্রীগৌর-ভক্তের জয় হইয়া থাকে। কেবল শ্রীগৌর-বৃন্দাবনের প্রকটকালীয় ভক্তের জয় নহে, তাহাতে শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয়ের জয়, শ্রীল শ্রীনিবাস আচার্য্য প্রভুর জয়, শ্রীল শ্যামানন্দ প্রভুর জয়, শ্রীল রামচন্দ্র কবিরাজের জয়, শ্রীরামকৃষ্ণ ভট্টাচার্য্য প্রভুর জয়, শ্রীল গঙ্গা-নারায়ণ চক্রবর্ত্তীর জয়, শ্রীল বিশ্বনাথ, শ্রীল বলদেব, শ্রীল মধুসূদন, শ্রীল জগন্নাথ, শ্রীল ভক্তিবিনোদ, শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ, শ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী মহারাজ, শ্রীল ভক্তি শ্রীরূপ পুরী মহারাজ, শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর প্রভু ও তাঁহাদের দাসানুদাসবর্গেরও জয় হইয়া থাকে। কারণ, বিষয়টী অদ্বয়জ্ঞান, তাহাতে ভেদময় জগতের ন্যায় উদরভেদ বা খণ্ডত্বের বিচার নাই। যেখানে উদরভেদ দর্শন বা খণ্ডদর্শন, তথায় গুরুদর্শন বা বৈষ্ণব-দর্শন নাই। শ্রীগৌরভক্তবৃন্দের নামকীর্ত্তন কেহ নিষ্কপটভাবে সেবোন্মুখচিত্তে করিলে তাহাতে জ্যেষ্ঠ লঘু ক্রম-বিপর্য্যয়েরও আশঙ্কা নাই। যেহেতু শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু বলেন,—

> চৈতন্য গোসাঞির যত পারিষদচয়।
> লঘু-গুরু-ভাব তাঁ'র না হয় নিশ্চয়॥
> যত যত মহান্ত কৈলা তাঁ'-সবার গণন।
> কেহ করিবারে নারে জ্যেষ্ঠ-লঘু-ক্রম॥
> অতএব তাঁ'-সবারে করি নমস্কার।
> নাম-মাত্র করি, দোষ না ল'বে আমার॥
>
> (চৈঃ চঃ আ ১০।৪-৬)

শ্রীচৈতন্যলীলার ব্যাস শ্রীল ঠাকুর বৃন্দাবন "জয়তি জয়তি নৃত্যং তস্য সর্ব্বপ্রিয়াণাম্‌", "আগে শ্রীচৈতন্যপ্রিয় গোষ্ঠীর চরণ। অশেষ প্রকারে মোর দণ্ড পরণামে॥"— প্রভৃতি বাক্যে শ্রীচৈতন্যদেবের প্রিয় গোষ্ঠী বা গৌরভক্তগণের জয়গান ও দণ্ডবৎ প্রণাম করিয়াছেন। শ্রীশ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু ও শ্রীশ্রীল নরোত্তম ঠাকুর মহাশয় প্রভৃতি পূর্ব্ব মহাজনগণ শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ ও গৌড়ীয়গণের অর্থাৎ বৈষ্ণববৃন্দের জয়গান ও বন্দনা তাঁহাদের গ্রন্থের আদি ও অন্তে সর্ব্বত্রই প্রচার করিয়াছেন। শ্রীশ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু বলিতেছেন,—

> "মন্ত্রগুরু আর যত শিক্ষাগুরুগণ।
> তাঁহার * চরণে আগে করিয়ে বন্দন॥"
>
> —(চৈঃ চঃ আঃ ১।৩৫)

মন্ত্রগুরুদেবের সহিত শিক্ষাগুরুবৃন্দের বন্দনা তাঁহারা সকলেই শিক্ষা দিয়াছেন। শ্রীশ্রীল রঘুনাথদাস গোস্বামী প্রভু তাঁহার "শ্রীশ্রীস্বগুণ-গুণাম মন্ত্রে" জানাইয়াছেন যে, তিনি শ্রীমন্ত্রগুরুদেবের কৃপায় শ্রীশিক্ষাগুরুদেব-বৃন্দকে লাভ করিয়া ধন্য হইয়াছেন। অতএব শিক্ষাগুরুদেববৃন্দ ও মন্ত্রগুরু, অভিন্নতত্ত্ব বা...

---

*উভয়বিধ গুরু একতত্ত্ব বিচারে একবচন-ব্যবহার (অনুভাষ্যপ্রবাহভাষ্য)।

অবরজ্ঞান। অবরজ্ঞানে জড়ভোগ কল্পনা করিলে পাষণ্ডিত্ব অনিবার্য্য। যাঁহারা কেবল মন্ত্রগুরু স্বীকার করিতে চাহেন, তাঁহাদের মধ্যে কাহারও কাহারও যুক্তি এই যে,—'শ্রীমন্মহাপ্রভুর সময় বা শ্রীল কবিরাজ গোস্বামী প্রভুর সময়, অথবা শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয়ের সময়, যে-সকল শিক্ষাগুরুদেবের নাম শুনা যায়, তাঁহারা সকলেই মন্ত্রগুরুর ন্যায় বৈষ্ণবতায় সুপ্রতিষ্ঠিত ছিলেন, তাঁহারা কেহই অনর্থযুক্ত জীব ছিলেন না; কিন্তু এখন সেরূপ অনর্থনির্ম্মুক্ত বা নিত্যসিদ্ধ শিক্ষাগুরুদেবসমূহ পাওয়া যায় না। অতএব অনর্থযুক্ত ব্যক্তির বন্দনা করিলে তদ্দ্বারা মঙ্গলের পরিবর্ত্তে অমঙ্গলই হইবে।' এইরূপ যুক্তি-প্রদানকারিগণের প্রতি শাস্ত্রসিদ্ধান্ত ইহাই বলেন যে, হৃদয় মাৎসর্য্যযুক্ত হইলেই হরিসেবোন্মুখগণের অনর্থ ও ছিদ্র দৃষ্টিপথে পতিত হয়। যিনি অকপট শিষ্যাভিমানে নিজের অনর্থ মোচনের জন্য আর্ত্তি ও অধ্যবসায়যুক্ত, তিনি কখনও বৈষ্ণবের অনর্থ দর্শন করেন না; কিংবা পৃথিবীতে সকলেই যখন ন্যূনাধিক অনর্থযুক্ত, তখন পৃথিবীতে আর বৈষ্ণব নাই,—এইরূপ বিচারেও ধাবিত হন না। তিনি নিজের অনর্থ ও ছিদ্রের প্রতিই সুতীক্ষ্ণ দৃষ্টি রাখিয়া তাহা মোচনের জন্য সকলের নিকট হইতেই কৃপাভিক্ষা যাচ্ঞা করেন। শ্রীকৃষ্ণ শ্রীউদ্ধবকে 'এক অবধূত ও যদু'র উপাখ্যান বলিয়াছিলেন। যদু এক ব্রাহ্মণকে পরমসুখে স্বাচ্ছন্দ্যে পর্য্যটন করিতে দেখিয়া তাঁহার হৃদয়ের অপূর্ব্ব সন্তোষের কারণ জিজ্ঞাসা করিয়াছিলেন। তাহাতে ব্রাহ্মণ তাঁহার চব্বিশ জন শিক্ষাগুরুর কথা বর্ণন করেন,—(১) পৃথিবী, (২) বায়ু, (৩) আকাশ, (৪) জল, (৫) অগ্নি, (৬) চন্দ্র, (৭) সূর্য্য, (৮) কপোত, (৯) অজগর, (১০) সমুদ্র, (১১) পতঙ্গ, (১২) ভৃঙ্গ, (১৩) মাতঙ্গ, (১৪) মধুকর, (১৫) কুরঙ্গ, (১৬) মীন, (১৭) পিঙ্গলানাম্নী বেশ্যা, (১৮) কুরর পক্ষী (কুরল পাখী), (১৯) বালক, (২০) কুমারী, (২১) বাণ-নির্ম্মাতা লৌহকার, (২২) সর্প, (২৩) মাকড়সা ও (২৪) কুমারিকা পোকা—এই চব্বিশ গুরুর নিকট অবধূত শিক্ষা করিয়াছিলেন যে, বুদ্ধিমান্ ব্যক্তি এই মনুষ্যদেহে থাকিতে থাকিতে বিষয়ভোগে রত না হইয়া একমাত্র নিত্যমঙ্গলের জন্য যত্ন করিবেন। একমাত্র মনুষ্যজন্ম ব্যতীত আর অন্য কোন জন্মে শ্রীগুরুপাদপদ্মের কৃপায় নিত্যমঙ্গল-বিষয়ক জ্ঞানের উদয় হইতে পারে না। শ্রীশ্রীল শ্রীজীবগোস্বামী প্রভু শ্রীভক্তিসন্দর্ভে শ্রীনারদ-পঞ্চরাত্রের প্রমাণদ্বারা বলিতেছেন, "বৈষ্ণবং জ্ঞানবক্তারং যো বিদ্যাদ্ বিষ্ণুবদ্ গুরুম্। পূজয়েদ্ বাঙ্মনঃকায়ৈঃ স শাস্ত্রজ্ঞঃ স বৈষ্ণবঃ॥ শ্লোকপাদস্য বক্তাপি যঃ পূজ্যঃ স সদৈব হি। কিং পুনর্ভগবদ্বিষ্ণোঃ স্বরূপং বিতনোতি যঃ॥" (ভক্তিসন্দর্ভ, ২৩৭ অনুচ্ছেদ)—যিনি জ্ঞানোপদেশক বৈষ্ণব-গুরুকে বিষ্ণুতুল্য জ্ঞান এবং কায়মনোবাক্যে তাঁহার পূজা করেন, তিনিই বস্তুতঃ বৈষ্ণব-পদবাচ্য হইয়া থাকেন। যিনি এক শ্লোকের চতুর্থাংশও উপদেশ করেন, তিনিও সর্ব্বদা পূজনীয় হইয়া থাকেন; সুতরাং যিনি সাক্ষাৎ ভগবান্ বিষ্ণুর স্বরূপ প্রদান করেন, তাঁহার সম্বন্ধে আর বক্তব্য কি? এই সিদ্ধান্তানুসারে যাঁহার নিকট হইতে শ্লোকের এক চতুর্থাংশ উপদেশ অর্থাৎ নিত্যমঙ্গলসম্বন্ধে অত্যল্প উপদেশও লাভ করা যায়, তাঁহাকেও পূজা করা কর্ত্তব্য; সাক্ষাৎ বিষ্ণুস্বরূপ-প্রদাতা শব্দব্রহ্ম ও পরব্রহ্মনিষ্ণাত শ্রীগুরু-পাদপদ্মের কথা আর কি বলিব? এতৎপ্রসঙ্গে শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভু লিখিয়াছেন, "শ্রীগুর্ব্বাজ্ঞয়া তৎসেবনাবিরোধেন চ অন্যেষামপি বৈষ্ণবানাং পূজনং শ্রেয়ঃ। * * * অথ সর্ব্বস্যৈব ভাগবতচিহ্নধারিমাত্রস্য তু যথা-যোগ্যং সেবা-বিধানম্। তত্র মহাভাগবতসেবা দ্বিবিধা—প্রসঙ্গরূপা, পরিচর্য্যারূপা চ।" (ভক্তিসন্দর্ভ, ২৩৮ অনুচ্ছেদ)

শ্রীগুরুদেবের আজ্ঞায় ও তাঁহার সেবার অবিরোধে অন্যান্য বৈষ্ণবগণেরও পূজা মঙ্গলকর। অতএব ভাগবতচিহ্নধারী সকলেরই যথাযোগ্য সেবাবিধান করিতে হইবে। তন্মধ্যে প্রসঙ্গরূপা অর্থাৎ শ্রীহরিকথা শ্রবণাদিমুখে প্রকৃষ্ট সঙ্গ বা ঐকান্তিকভাবে সঙ্গ ও পরিচর্য্যারূপা অর্থাৎ তাঁহাদের নানাবিধ সুখবিধানদ্বারা মহাভাগবতের সেবা করিতে হইবে।

গত ৯ই বৈশাখ (১৩৪৮), শ্রীহরিবাসর-তিথিতে বেলা প্রায় ১১টার সময় শ্রীচৈতন্য-মঠে পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেব শ্রীভক্তি-সন্দর্ভের ২৩৭ অনুচ্ছেদ-ধৃত শ্রীনারদ পঞ্চ-রাত্রের উপর্য্যুক্ত শ্লোক ও ২৬৫ অনুচ্ছেদ-ধৃত নিম্নলিখিত কূর্ম্মপুরাণের শ্লোকটি ব্যাখ্যা-প্রসঙ্গে জ্ঞানবক্তা শ্রীগুরুদেব অর্থাৎ শ্রবণগুরুর কায়মনোবাক্যে পূজা না করিলে যে ভীষণতম অপরাধ ঘটে, তাহা অতীব সুতীব্র ভাষায় কীর্ত্তন করেন। কূর্ম্মপুরাণের শ্লোকটি এই,—

দেবদ্রোহাদ্‌গুরুদ্রোহঃ কোটি কোটি গুণাধিকঃ।
জ্ঞানাপবাদো নাস্তিক্যং তস্মাৎ কোটিগুণাধিকম্॥

অর্থাৎ দেবদ্রোহ অপেক্ষা গুরুদ্রোহ কোটি কোটিগুণে অপরাধজনক এবং গুরুদ্রোহ অপেক্ষাও জ্ঞানাপবাদরূপ নাস্তিক্য কোটিগুণে অধিক অপরাধজনক।

এতৎপ্রসঙ্গে শ্রীশ্রীল আচার্য্যদেব বলেন, শ্রীকৃষ্ণের স্বভাব এই যে, তিনি জীবের অল্প সেবাকেও বহুমানন করেন,—

"ঈশ্বর-স্বভাব—ভক্তের না লয় অপরাধ।
অল্প সেবা বহু মানে আত্মপর্য্যন্ত প্রসাদ॥
ভৃত্যস্য পশ্যতি গুরূনপি নাপরাধান্
সেবাং কৃতামপি মনাগ্বহুধাভ্যুপৈতি।
আবিষ্করোতি পিশুনেষ্বপি নাভ্যসূয়াং
শীলেন নির্ম্মলমতিঃ পুরুষোত্তমোঽয়ম্॥"
—(চৈঃ চঃ, অ ১।১০৭-১০৮)

অর্থাৎ এই ভগবান্ পুরুষোত্তম—নির্ম্মলমতি, শীলতাধর্ম্মের দ্বারা ইনি ভৃত্যের গুরু অপরাধসকল দৃষ্টি করেন না, অতি স্বল্পসেবাকে বহু জ্ঞান করেন এবং আত্ম-নিন্দাকারী খলের প্রতিও অসূয়া প্রকাশ করেন না।

শ্রীকৃষ্ণের গুণগ্রাম শ্রীকৃষ্ণভক্তেতেও সঞ্চারিত। যাঁহার যতটা ভক্তি হইয়াছে, তিনি নিজপ্রভুর নিষ্কপট সেবকের অল্প সেবাকেও ততটা বহুমানন করেন। কীটাদি জীবের প্রতি ব্যাধের অহিংসভাব-দর্শনে শ্রীনারদ এবং বাসুদেব-নামক কুষ্ঠী বিপ্রের সর্ব্বাঙ্গে গলিত কুষ্ঠকে কৃমিদ্বারা ভক্ষণ করাইবার আদর্শ,—যাহা নববিধা ভক্তির কোনটিরই অন্তর্গত নহে, অথচ জীবের প্রতি মৈত্রীভাব বলিয়া ভক্তির অনুকূল,—তদ্রূপ কার্য্যদর্শনেও শ্রীমন্মহাপ্রভু মুগ্ধ হইয়াছিলেন। কারণ, শ্রীভাগবতধর্ম্মে মাৎসর্য্য নাই; শ্রীভাগবতগণ সর্ব্বদা নির্ম্মৎসর। শ্রীকৃষ্ণের প্রতি উন্মুখ করিবার জন্য যিনি যতটা যত্ন করেন বা করিয়াছেন, তাহা যতই কম হউক না কেন,—কায়মনোবাক্যে তাঁহার আদর না করা ভীষণ পাষণ্ডিত্ব। কোন মঙ্গলাকাঙ্ক্ষী জীব যেন সেইরূপ পাষণ্ডীর মুখদর্শন বা সঙ্গ না করেন। অবশ্য তাই বলিয়া যাহারা আবার শ্রীগুরুদেবের দ্বেষ বা বৈষ্ণবের বিদ্রোহাচরণ করে, তাহাদিগকে আদর করিব না। নির্ম্মৎসর বৈষ্ণবকে দর্শন করিলে যাহাদের হৃদয় আনন্দে নৃত্য করিতে না থাকে, তাঁহাদিগকে অভিনন্দন করিবার জন্য যাহাদের স্বাভাবিকী প্রীতি না হয়, যাহাদের জয় কীর্ত্তন করিতে হৃদয়ে সন্দেহ ও দ্বিধা উপস্থিত হয়, তাহাদের যে মহত্তের চরণে পূর্ব্বজন্মকৃত কত অপরাধের ফলে এইরূপ চিত্তবৃত্তি হইয়াছে, তাহা বলিয়া শেষ করা যায় না। ইহা রাবণ ও হিরণ্যকশিপুর মত চিত্তবৃত্তি। শ্রীভক্তিসন্দর্ভে শ্রীরূপানুগবর শ্রীল শ্রীজীব গোস্বামিপ্রভু বলিয়াছেন,—

"হন্তি নিন্দতি বৈ দ্বেষ্টি বৈষ্ণবান্ নাভিনন্দতি।
ক্রুধ্যতে যাতি নো হর্ষং দর্শনে পতনানি ষট্॥"

(শ্রীভক্তিসন্দর্ভে ২৬৫ অনুচ্ছেদ-ধৃত স্কন্দপুরাণান্তর্গত শ্রীমার্কণ্ডেয়-ভগীরথ-সংবাদ)

অর্থাৎ, যে ব্যক্তি বৈষ্ণবগণের প্রতি হিংসা, নিন্দা, বিদ্বেষ, অনভিনন্দন (প্রীতির সহিত স্বাগত-প্রশ্ন, বা আদি দান না করা) ক্রোধ ও দর্শনে নিরানন্দ (মন-মরা ভাব) প্রকাশ করে, তাহার এই ছয় বিধ অপরাধ পতনের কারণ হইয়া থাকে।

শ্রীল শ্রীজীব গোস্বামিপ্রভু আরও বলিয়াছেন,—

"কুলং শীলমথাচারমবিচার্য্য গুরুং গুরুম্।
ভজেত শ্রবণাদ্যর্থী সরসং সার-সাগরম্॥
সরসত্বাদিকং সংক্ষিপ্ত তত্রৈবোক্তম্—
কামক্রোধাদিযুক্তোঽপি কৃপণোঽপি বিষাদবান্।
শ্রুত্বা বিকাশমায়াতি স বক্তা পরমো গুরুঃ॥
এবম্ভূতগুর্ব্বভাবাৎ মুক্তিভেদবুভুৎসয়া বহুনপ্যাশ্রয়ন্তে কেচিৎ, যথা (ভাঃ ১১।৯।৩১)—
ন হ্যেকস্মাদ্ গুরোর্জ্ঞানং সুস্থিরং স্যাৎ সুপুষ্কলম্।
ব্রহ্মৈতদদ্বিতীয়ং বৈ গীয়তে বহুধর্ষিভিঃ॥"
(শ্রীভক্তিসন্দর্ভে ২০৩ অনুচ্ছেদ-ধৃত ব্রহ্মবৈবর্ত্ত-পুরাণ ও শ্রীমদ্ভাগবত-বচন)

অর্থাৎ, "কুল, শীল, আচার প্রভৃতির শ্রেষ্ঠত্ব বিচার না করিয়া শ্রবণাদিবিষয়ে অভিলাষী পুরুষ সরস ও সারসাগর গুরুকে ভজন করিবেন।" সরসত্বাদি-ধর্ম্ম শ্রীব্রহ্মবৈবর্ত্তপুরাণেই অন্যত্র বর্ণিত হইয়াছে, যথা,—"কাম ক্রোধাদিযুক্ত, কৃপণ এবং বিষাদশীল পুরুষও যাঁহার উপদেশ শ্রবণে উৎফুল্লচিত্ত হয়, সেই বক্তাই পরমগুরু। এইরূপ গুরুর অভাবে নানাবিধ মুক্তিজ্ঞানার্থ কেহ কেহ বহু গুরু স্বীকার করিয়া থাকেন, যথা শ্রীমদ্ভাগবতে,—"এক গুরু হইতে সুপ্রচুর জ্ঞান স্থিরীকৃত হইতে পারে না, যেহেতু এক অদ্বিতীয় ব্রহ্মকেই ঋষিগণ অনেকরূপে কীর্ত্তন করিয়া থাকেন।"

যাহার যত বেশী সেবোন্মুখতা বিকশিত হইবে, যত বেশী শ্রীহরিপ্রীতি বর্দ্ধিত হইবে, ততই তিনি অপরের অল্পসেবাকে বহুমানন করিয়া 'নিজে কিছুই সেবা করিতে পারিলাম না'—এইরূপ অকপট চিত্তবৃত্তিতে সকল জগৎ দর্শন করিবেন। চেতন সম্পূর্ণ বিকশিত হইলে ও সেবার পরাকাষ্ঠা উদিত হইলে, অচেতন প্রাণিতে পর্য্যন্ত জন্মগ্রহণ করিয়া শ্রীকৃষ্ণের সেবা করিবার জন্য চিত্তবৃত্তি ধাবিত হইবে, তখন ব্রজের ধূলি, তৃণ-গুল্ম-লতারূপে জন্মগ্রহণ করিবার জন্য লালসা হইবে। তৃণ গুল্ম লতাকে পর্য্যন্ত নিজাপেক্ষা কোটীগুণ কৃষ্ণের প্রিয়, শ্রীশ্রীগুরুবৈষ্ণবের সেবকরূপে দর্শন হইবে। "শ্রীব্রজের ধূলি, শ্রীধামের ধূলি, তৃণ-গুল্ম-লতা শ্রীকৃষ্ণ-প্রেষ্ঠা শ্রীগোপীগণের শ্রীপাদপদ্মের সেবা করিতেছেন, কিন্তু আমার শ্রীগুরুবৈষ্ণবের সেবায় একটুকুও রতি হইল না।"—শ্রীউদ্ধব এই বিচারে ব্রজের গুল্ম-লতা হইবার আকাঙ্ক্ষা করিয়াছিলেন, ব্রজের তৃণগুল্মাদি শ্রীশ্রীগোপীজনের শ্রীপাদপদ্মরেণু-স্পৃষ্ট হইয়া কিরূপ সৌভাগ্য লাভ করিতেছেন আমার সেই সৌভাগ্য কবে হইবে? অথচ, তৃণ-গুল্ম-লতা কিন্তু শাস্ত্রমতে জড় বালক। ... শ্রীউদ্ধব যাদবগণের মধ্যে ... তিনি

ভক্তি কর্ম্মি যে জনে চৈতন্য-অবতার। সেই ইহা জন বুঝে পাইবে নিস্তার॥

আমাদের সেবকগণের সৌভাগ্য কামনা করিতেছেন। তাঁহার এই বিচার হইতেছে না যে, 'আমি উন্নত অধিকারী, আমি কেন নিম্নাধিকারী হইতে যাইব?' তিনি দেখিতেছেন, প্রভুর চল পদ্ম-পদ্ম ও গুণনিচয়যুক্ত শ্রীগোপীপাদপদ্মের ধূলি মস্তকের নিত্য শিরোভূষণ করিয়া অনবরতের নিয়ত সেবা করিতেছেন। আমার ত' সেইরূপ সৌভাগ্য হইল না।

শ্রীল শ্রীজীবগোস্বামিপ্রভু,—যিনি শ্রীরূপ গোস্বামিপ্রভুর সাক্ষাৎ শিষ্য, যিনি রাগাত্মিক শ্রীবল্লভ, মধুর রসের নিত্যসিদ্ধ শিক্ষা প্রভৃতি, তিনি তাঁহার সন্দর্ভে অসংখ্যবার শ্রীরামানুজাচার্য্যকে 'শ্রীভগবৎপাদ' অর্থাৎ শ্রীবিষ্ণুপাদ শ্রীগুরুদেব বলিয়াছেন। শ্রীল শ্রীজীবগোস্বামী প্রভুপাদ কি মনে করিয়াছিলেন যে, 'আমি স্বয়ং শ্রীমন্মহাপ্রভুর [illegible], শ্রীরূপগোস্বামিপ্রভুর সাক্ষাৎ শিষ্য, মধুর রসের সর্ব্বশ্রেষ্ঠ অধিকারী, যাঁহার মধুররসের প্রতি কোন আদর নাই, যিনি বৈকুণ্ঠের আড়ম্বর রসের মাত্র উপাসক, তাঁহাকে আমি "শ্রীভগবৎপাদ" বলিব কেন? আমি শ্রীগৌড়ীয়সম্প্রদায়ের সর্ব্বশ্রেষ্ঠ আচার্য্য হইয়া কেন অপর সম্প্রদায়ের ব্যক্তিকে গুরুদেব বলিব বা তাঁহার জয় প্রদান করিব?'

এতৎপ্রসঙ্গে শ্রীশ্রীল আচার্য্যদেব শ্রীভক্তিসন্দর্ভের নিম্নলিখিত বাক্যটি কীর্ত্তন করেন,—

"বোধঃ কলুষিতস্তেন দৌরাত্ম্যং প্রকটীকৃতম্ গুরুর্যেন পরিত্যক্তস্তেন ত্যক্তঃ পুরা হরিঃ।"

(শ্রীভক্তিসন্দর্ভ ২৩৮ অনুচ্ছেদ-ধৃত বচন)

অর্থাৎ, যে ব্যক্তি গুরু পরিত্যাগ করিয়াছে, তৎকর্তৃক জ্ঞান কলুষিত ও দৌরাত্ম্য প্রকাশিত হইয়াছে, তৎকর্তৃক শ্রীহরি পূর্ব্বেই পরিত্যক্ত হইয়াছেন। যাহার জ্ঞানপ্রদাতা শ্রীগুরুদেবে স্বাভাবিকী শ্রদ্ধা ও প্রীতি নাই, তাহার জ্ঞান বা চিন্তাস্রোত সকলই কলুষিত, তাহার হৃদয়ে শুদ্ধ ভক্তিসিদ্ধান্ত প্রকাশিত হইতে পারে না। সে নিজেকে স্বতন্ত্রকারী মনে করিয়া কল্পনাকে পোষণ করিতে করিতে মৈত্রী যুক্তি প্রভৃতির দ্বারা যে সকল আধ্যাত্মিকতা বিস্তার করে, তাহা দৌরাত্ম্যমাত্র। তাহার হরিভজন কিরূপে হইবে? যাহার শ্রীগুরু ও শ্রীবৈষ্ণবে অকপট শ্রদ্ধা নাই, শ্রীহরি তাহাকে বহু পূর্ব্বেই পরিত্যাগ করিয়াছেন। শ্রীবৈষ্ণবগণকে অকপট প্রীতির সহিত অভিনন্দন প্রদান করিতে যাহাদের হৃদয় অগ্রসর হয় না, বৈষ্ণবগণকে চিত্তে উল্লাস হয় না, তাহাদিগকে কৃষ্ণ বহু পূর্ব্বেই পরিত্যাগ করিয়াছেন।

শ্লোকের একপাদ অর্থাৎ এক চতুর্থাংশের বক্তাকেও কায়মনোবাক্যে সর্ব্বদা পূজা করিতে হইবে, যিনি সাক্ষাৎ শ্রীভগবানের স্বরূপ প্রদান করেন তাঁহার সম্বন্ধে ত' আর কথাই নাই। উহা সাক্ষাৎ শ্রীরূপানুগবর শ্রীজীব সিদ্ধান্ত, যিনি একমাত্র সিদ্ধান্তের মালিক, ইহা তাঁহারই প্রভূপদেশ।

"বৈষ্ণবং জ্ঞানবক্তারং যো বিদ্যাৎ বিষ্ণুবদ্গুরুম্।
পূজয়েদ্ বাঙ্মনঃকায়ৈঃ স শাস্ত্রজ্ঞঃ স বৈষ্ণবঃ॥"

(শ্রীভক্তিসন্দর্ভ, ২৩৭ অনুচ্ছেদ)

এখানে 'পূজয়েৎ' শব্দের দ্বারা কেবল জ্ঞানোপদেশক বৈষ্ণব-গুরুকে বিষ্ণুতুল্য মাত্র জানিয়া রাখিলে তাহা বলা হয় নাই, তাঁহার প্রতি অর্চনের যাজন করিতে হইবে। যদি কেহ বলেন, 'আমি তাঁহার প্রতি মনে মনে ভক্তি করিতেছি, মুখে জয়াদি প্রদান করিব না',—এইজন্য বলিলেন '**বাঙ্মনঃকায়ৈঃ পূজয়েৎ**'। কেবল মনের দ্বারা করিব, বাক্যের দ্বারা বা কায়ের দ্বারা করিব না,—অর্থাৎ মুখে তাঁহার বন্দনাদি ও কায়ের দ্বারা দণ্ডবৎপ্রণামাদি করিব না, অথবা কায়ের দ্বারা দণ্ডবৎপ্রণামাদির ব্যায়াম ও দর্শনী উন্মোচন করিয়া বা মুখে জয়প্রদানাদির ছলনা দেখাইয়া মনে মনে তাঁহার প্রতি অশ্রদ্ধা ও অপ্রীতি পোষণ করিব, তাহা হইলে উহা শঠতা হইয়া যাইবে। যে শঠতান্, সে কেবল কপট বলিয়া মনে মনে বা কেবল মুখে অথবা কেবল দেহদ্বারা অভিনয় করিয়া থাকে। বস্তুতঃ অকপট শ্রদ্ধালু আত্মমঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তি বাক্, মন ও কায়ের দ্বারা শ্রীবিষ্ণুবৈষ্ণবের পূজা করিবেন।

যাহার হৃদয়ে মাৎসর্য্য ও বৈষ্ণববিদ্বেষ আছে, সেইরূপ ব্যক্তিরই কোন বৈষ্ণবের জয় প্রদান করিলে প্রাণে দুঃখ ও জ্বালা উপস্থিত হয়। সেইরূপ ব্যক্তি শ্রীভাগবত ধর্ম্মের সম্পূর্ণ বিদ্বেষী ও বিরোধী। সেই [illegible] বাহিরে কপট করিয়া 'তৃণাদপি [illegible]' [illegible]। যে ব্যক্তি বলে, 'আমি শ্রীভগবানের পূজা করি, তাহার মধ্যেই ত' ভক্তের পূজা হইয়া যায়'—এইরূপ ছল করিয়া তদীয়গণের পূজা করে না, শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভু শ্রীপদ্মপুরাণ ও শ্রীমদ্ভাগবতের বাক্য উদ্ধার করিয়া তাহাদের সম্বন্ধে বলিয়াছেন, তাহারা ত' 'ভাগবত'-পদবাচ্য নহেই, তাহারা "কেবল দাম্ভিক" ও "গো-গর্দ্দভ।" শ্রীকৃষ্ণও স্বয়ং বলিয়াছেন যে, যাহারা কেবল তাঁহার ভক্ত বলিয়া অভিমান করে, তাহারা কখনও তাঁহার ভক্ত নহে। যাঁহারা তাঁহার ভক্তের ভক্ত তাঁহারাই শ্রেষ্ঠ ভক্ত।

শ্রীপঞ্চতত্ত্বের শ্রীনাম কীর্ত্তন বা জয়াদি দান কালে কোনও শুদ্ধভক্তিসিদ্ধান্তজ্ঞ বৈষ্ণব কি এইরূপ বিচার করেন যে, পঞ্চতত্ত্বের নামে শ্রীনারদের অবতার শ্রীবাসপণ্ডিতের নাম রহিয়াছে, অথচ শ্রীগৌরসুন্দর যাঁহাকে 'পিতা' বলিয়া আহ্বান করিয়াছেন, যিনি ব্রজলীলায় শ্রীবৃষভানুরাজ ও যিনি শ্রীল গদাধর পণ্ডিত গোস্বামিপ্রভুর গুরুদেব, সেই শ্রীল পুণ্ডরীক বিদ্যানিধির নামের উল্লেখ নাই,—শ্রীগুরুদেবের নাম নাই, অথচ তাঁহার শিষ্যের (শ্রীগদাধরের) নাম আছে, সুতরাং তাহা কীর্ত্তিত হওয়া সিদ্ধান্তবিরুদ্ধ? শ্রীগৌরপার্ষদ শ্রীগদাধর পণ্ডিতের শিষ্যসম্প্রদায়, শ্রীবক্রেশ্বর প্রভুর শিষ্য শ্রীগোপালগুরু ও তাঁহার শিষ্য শ্রীধ্যানচন্দ্র গোস্বামী, শ্রীলোকনাথ গোস্বামিপ্রভুর শিষ্য শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয়, শ্রীখণ্ডবাসী শ্রীল নরহরি সরকার ঠাকুরের শিষ্য শ্রীলোচনদাস ঠাকুর, শ্রীহরিদাস ঠাকুরের অনুগত কুলীনগ্রামের শ্রীরামানন্দ, শ্রীসত্যরাজ, শ্রীপুরুষোত্তম, শ্রীশঙ্কর প্রভৃতি অথবা শ্রীরূপানুগগণ কি মনে করিবেন যে, পঞ্চতত্ত্বের নামে শ্রীবাসের নাম প্রধানরূপে উক্ত হইয়াছে, সুতরাং পঞ্চতত্ত্বের কীর্ত্তনে তাঁহাদের গুরুবর্গের নাম না থাকায় তাহা কীর্ত্তনীয় নহে? শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয় কি পঞ্চতত্ত্বের মধ্যে শ্রীলোকনাথ গোস্বামিপ্রভুর নাম দেখিতে না পাইয়া (?) শ্রীপঞ্চতত্ত্বের নাম কীর্ত্তন করেন নাই? 'শ্রীবাসাদি' বলিতে শ্রীবাসপ্রমুখ, অর্থাৎ শ্রীবাসকেই প্রধান বা অগ্রণী করিয়া বলা হইয়াছে। অদ্বয়জ্ঞানে জড়স্বগতভেদ নাই বাধ্যা শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয় বা শ্রীল রূপানুগ বৈষ্ণববৃন্দ প্রাকৃত উদরভেদমূলক সিদ্ধান্তকে গ্রহণ করেন নাই।

শ্রীচৈতন্যলীলার ব্যাসদেব শ্রীল ঠাকুর বৃন্দাবন, তাঁহার শ্রীচৈতন্যভাগবতে জড়ভেদমূলক চিন্তাস্রোতকে পুনঃ পুনঃ গর্হণ করিয়া বলিয়াছেন,—

অদ্বৈতের ভজে, গৌরচন্দ্র করে হেলা।
পুত্র হউ অদ্বৈতের, তবু হিঁহ গেলা॥
—চৈঃ ভাঃ অ ৪।১৮৩

সর্ব্ব ভাগবতের বচন অনাদরি'।
অদ্বৈতের সেবা করে, নহে প্রিয়ঙ্করী॥
—চৈঃ ভাঃ ম ১০।১৪৫

ইহাতে যে এক বৈষ্ণবের পক্ষ লয়।
অন্য বৈষ্ণবেরে নিন্দে, সে-ই যায় ক্ষয়॥
সর্ব্বভাবে ভজে কৃষ্ণ, কা'রে না যে নিন্দে'।
সেই সে গণনা পায় বৈষ্ণবের বৃন্দে॥
অদ্বৈতের পক্ষ লঞা নিন্দে' গদাধর।
সে পাপিষ্ঠ কভু নহে অদ্বৈত-কিঙ্কর॥
— চৈঃ ভাঃ ম ২৩।৫২২,৫৩০,৫৩৩

'বিষ্ণু' আর 'বৈষ্ণব' সমান দুই হয়।
পাষণ্ডী নিন্দক ইহা বুঝে বিপর্য্যয়॥
সকল বৈষ্ণব প্রতি অভেদ দেখিয়া।
যে কৃষ্ণচরণ ভজে, সে যায় তরিয়া॥
—চৈঃ ভাঃ ম ২৪।১০০-১০১

এই মত অদ্বৈতের চিত্ত না বুঝিয়া।
বোলায় 'অদ্বৈত-ভক্ত' চৈতন্য নিন্দিয়া॥
না বোলে অদ্বৈত কিছু স্বভাব কারণে।
না ধরে বৈষ্ণববাক্য, মরে ভাল মনে॥
—চৈঃ ভাঃ ম ১০।১৫১-১৫২

ছলে অদ্বৈতের তত্ত্ব মহাপ্রভু কয়'।
যে হয় সুকৃতি সে পরমানন্দে লয়॥
তান বাক্যে অনাদর অনাস্থা যাহার।
তা'তে শ্রীঅদ্বৈত হয় অগ্নি-অবতার॥
যদ্যপি অদ্বৈত কোটিচন্দ্র-সুশীতল।
তথাপি চৈতন্য-বিমুখের কালানল॥
সকৃৎ যে জন বলে 'শিব' হেন নাম।
সেহ কোন প্রসঙ্গে না জানে তত্ত্ব তান॥
হেন 'শিব'-নাম শুনি যা'র দুঃখ হয়।
সেই জন অনন্ত-সমুদ্রে ভাসয়॥
—চৈঃ ভাঃ অ ৪।৪৭৩-৪৭৮

শ্রীল ঠাকুর বৃন্দাবন এইরূপ শত শত বাক্যে শ্রীশ্রীহরিগুরুবৈষ্ণবের উদরভেদবাদীদিগকে কশাঘাত করিয়াছেন। শ্রীশ্রীঅদ্বৈতাচার্য্যের অতিবাড়ী শিষ্যব্রুবগণের মধ্যে যাহারা বিচার করিয়াছিল যে, 'আমরা শ্রীঅদ্বৈত প্রভুর জয়গান করিব, শ্রীমন্মহাপ্রভুর জয়গান করিব না', অথবা যাহারা মনে করে, আমরা শ্রীমন্মহাপ্রভুর জয়গান করিব, শ্রীঅদ্বৈত প্রভুকে স্বতন্ত্র ভগবত্তত্ত্বরূপে তাঁহার স্তবস্তুতি করিব না, তাহাদিগের প্রতিষেধের প্রতিই শ্রীল ঠাকুর বৃন্দাবনের ঐরূপ নির্ম্মম বাক্য প্রযুক্ত হইয়াছে। যে সকল অদ্বৈতানুগতব্রুব ব্যক্তি বলিয়া থাকে যে, 'শ্রীচৈতন্যভাগবত শ্রীনিত্যানন্দের শিষ্যের লিখিত, উহাতে শ্রীল বৃন্দাবন নিজের গুরুর জয়ঢাক বাজাইয়াছেন, তাহাতে শ্রীঅদ্বৈতাচার্য্য প্রভুর মহিমা বিশেষভাবে কীর্ত্তিত হয় নাই, সুতরাং আমরা উহা পাঠ করিব না, আমরা অন্য কোনও পুস্তকে শ্রীঅদ্বৈত প্রভুর গুণাবলী প্রকাশ করিয়া তাহার প্রচার করিব।' তাহারা জড় উদরভেদবাদী পাষণ্ডী। তাহারা অদ্বয়জ্ঞানে জড়-স্বগতভেদ, অখণ্ড তত্ত্বে খণ্ড বিচার, অপ্রাকৃতের সিদ্ধান্তসুধাসরিতে ভেদনিষ্ঠার জল আনয়ন করিতে চাহিতেছে।

শ্রীশ্রীগুরুবৈষ্ণবতত্ত্বে এইরূপ উদরভেদ দর্শন করায় আধুনিক তথাকথিত বৈষ্ণব-সম্প্রদায়নামধারিগণের মধ্যে এক প্রকার নির্ব্বিশেষবাদমূলক সমন্বয়বাদের আবির্ভাব হইয়াছে। তাহারা শ্রীশ্রীগুরুবৈষ্ণবের নাম ধরিয়া বন্দনা বা জয়কীর্ত্তনাদি না করিয়া নির্ব্বিশেষভাবে "শ্রীগুরুবৈষ্ণব কী জয়"—এইরূপ বলিয়া থাকেন। অর্থাৎ শ্রীগুরুবৈষ্ণবের নাম করিলেই যখন তাঁহাদের গুরুত্ব বা বৈষ্ণবতা সম্বন্ধে বাদ প্রতিবাদ বা বিতর্ক উপস্থিত হয়, তখন কাহারও নাম উল্লেখ না করিয়া "শ্রীশ্রীগুরুবৈষ্ণবের জয়" বলিলেই যাঁ'র যাঁ'র গুরু ও যাঁ'র যাঁ'র বৈষ্ণবের জয় তাঁ'র তাঁ'র নিকট হইল, আর কাহারও কোনও ক্ষোভের কারণ থাকিল না, তাহারা এইরূপ বিচার করিয়া থাকেন। কোন কোন সম্প্রদায়ে 'ঈশ্বরের জয়', 'ব্রহ্মের জয়' প্রভৃতি বলা হয়, কারণ কৃষ্ণ, বিষ্ণু, রাম প্রভৃতি নামোচ্চারণ করিলে অন্য [illegible] বিতর্ক উপস্থিত হইবে। কেহ বলিবে, আমার ঈশ্বর কৃষ্ণ, কেহ বা বলিবে, আমার ঈশ্বর রাম; কেহ বলিবে, আমার ঈশ্বর শিব; কেহ বলিবে—কালী, কেহ বা সূর্য্য, কেহ

বা গণেশ ইত্যাদি ; সুতরাং 'ঈশ্বর' বা 'ব্রহ্ম' বলিলে অর্থাৎ নামরূপের অজ্ঞান না থাকিলে সকলকেই সন্তুষ্ট করা হইল। এইরূপ তথাকথিত সমন্বয় বা লোকতোষণপর মতবাদের মূলে নির্ব্বিশেষবাদ রহিয়াছে। বস্তুতঃ যেখানে স্বজাতীয়াশয় বা সমচিত্তবৃত্তি নাই, সেরূপ পাঁচমিশালী মতবাদের দলে কখনই শুদ্ধভাবে শ্রীশ্রীহরিগুরুবৈষ্ণবের শ্রীনাম-রূপ-গুণাদির সংকীর্ত্তন হইতে পারে না, তাহা সম্পূর্ণ দুঃসঙ্গ। আমার শ্রীগুরুদেবের নাম উচ্চারণ বা জয় কীর্ত্তন করিলে অন্য সম্প্রদায়ের ব্যক্তিগণ পেচকবদন প্রকাশ করিবে অথবা তাহারা ক্ষুব্ধ হইবে,—এইরূপ ভয়ে ভীত হইয়া প্রাণ খুলিয়া অতিমর্ত্ত্য শ্রীশ্রীহরিগুরু-বৈষ্ণবের শ্রীনাম-গুণের জয়সংকীর্ত্তন-রূপ সাক্ষাৎ ভক্তিযাজনে যদি কুণ্ঠিত হইয়া পড়ি, তবে সেরূপ স্থান বা সঙ্গ সম্পূর্ণরূপে পরিত্যাগ করিয়া যে সঙ্গে শুদ্ধভক্তির অনুশীলন করিতে পারি সেরূপ সঙ্গকেই বরণ করিতে হইবে। কিন্তু দেখিতে হইবে যে, মনোধর্ম্মের ছাঁচে বা অবৈধ ধর্ম্মোন্মত্ততার (fanaticism) গোঁড়ামীতে অসদ্‌গুরুকে সদ্‌গুরু, পাষণ্ডীকে বৈষ্ণব, কামুককে প্রেমিক বলিয়া স্থাপন করিয়া ও উহাতেই সুদৃঢ় বিশ্বাস করিবার অভিনয়ে অভিসন্ধিযুক্ত অথবা মনোধর্ম্মিগণের দুঃসঙ্গকে অনুকূল সঙ্গ বলিয়া বিচার করা না হয়। মনোধর্ম্ম বা অন্তরে শাঠ্য ও কাপট্য থাকিলে বঞ্চিত হইতে হইবে।

পরবর্ত্তিকালে প্রাকৃত সহজিয়া-সমাজে বিভিন্ন "পরিবারের" মধ্যে শ্রীগুরু ও শ্রীবৈষ্ণবের ভেদ ও তাঁহাদের মর্য্যাদাদান প্রভৃতি লইয়া নানাপ্রকার বিতর্ক উপস্থিত হইয়াছিল। ইহা শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুর তাঁহার শ্রীসজ্জনতোষণীতে ও শ্রীশ্রীল প্রভুপাদ তাঁহার বিভিন্ন শ্রীহরিকথার মধ্যে অনেকবারই বলিয়াছেন। যেখানে "শ্রীস্বরূপ-শক্তির পরিবার" না হইয়া জড়ভেদ বা উদরভেদের পরিবার হইয়াছে, তথায়ই মাংসদর্শন আরম্ভ হইয়া গিয়াছে। শ্রীবিষ্ণুর অনপায়িনী, অখণ্ডরসবল্লভা শ্রীস্বরূপশক্তির বৈচিত্র্যদর্শনের পরিবর্ত্তে মাংসচক্ষুর জড় উদর-ভেদদর্শন নানাপ্রকার অপজ্ঞান উপস্থিত করিয়াছে।

শ্রীচৈতন্যমঠের মূল শ্রীগর্ভমন্দিরে, শ্রীশ্রীল প্রভুপাদের সমাধিমন্দিরে, শ্রীঅবিদ্যা-হরণ নাট্যমন্দিরে, শ্রীনদীয়াপ্রকাশ যন্ত্রালয়ে, শ্রীভক্তিবিজয়-ভবনে একই বৈদ্যুতিক আলোক জ্বলিতেছে। কিন্তু ভিন্ন ভিন্ন প্রকোষ্ঠে ভিন্ন ভিন্ন bulb [তাহাতে ভিন্ন ভিন্ন শক্তি (power) থাকিতে পারে] আছে। ভিন্ন ভিন্ন প্রকোষ্ঠের ভিন্ন ভিন্ন bulb দেখিয়া যদি কেহ বলেন, "শ্রীগর্ভমন্দিরের ও শ্রীনদীয়া-প্রকাশ যন্ত্রালয়ের আলোক পৃথক্, শ্রীমন্দিরের আলোককে আলোক বলিব, শ্রীল প্রভুপাদের সমাধিমন্দির বা সাম্প্রদায়িক আচার্য্যচতুষ্টয়ের শ্রীমন্দিরের আলোক বা শ্রীনদীয়া-প্রকাশ যন্ত্রালয়ের আলোককে আলোক বলিব না। শ্রীমন্দিরের আলোকের জয়গান করিব, রন্ধন-শালার আলোকের জয়গান করিব না" ; তাহা হইলে উহা যেরূপ মূর্খতা, তদ্রূপ এক শ্রীস্বরূপশক্তির কৃপাই যখন বিভিন্ন আধারে প্রকাশিত হয়, তখন তাহাতে জড়ভেদ আনয়ন করা হয় অজ্ঞতা, না হয় মাৎসর্য্য। অজ্ঞতা হইলে তাহা সৎসিদ্ধান্ত শ্রবণে অচিরেই বিদূরিত হইবে, কিন্তু যেখানে শঠতামূলক অভিসন্ধি, তাহা কিছুতেই দূর হইবে না, তাহা নানাপ্রকার গুপ্ত অভিসন্ধি-যুক্ত প্রচারের দ্বারা বহু লোকের সর্ব্বনাশ করিবে। অনেক সরলবিশ্বাসী অজ্ঞ কোমলশ্রদ্ধ ব্যক্তি ঐরূপ অভিসন্ধিযুক্ত কাল্পনিক মতবাদ-সমূহের কবলে কবলিত হইয়া শুদ্ধভক্তিরাজ্য হইতে চিরতরে ভ্রষ্ট হইয়াছে। ঐ সকল অভিসন্ধিযুক্ত ব্যক্তি নিজদিগকে পরম বৈষ্ণব, মহাবক্তা, শ্রেষ্ঠ উপদেশক বলিয়া আত্মপ্রকাশ করিলেও অন্তরে কৌটিল্য, পৈশুন্য, অশ্রদ্ধা, মাৎসর্য্য প্রভৃতি থাকায় তাহাদের শাস্ত্র শ্রবণ ও বাহিরে শ্রীগুরু-বৈষ্ণবের প্রতি পূজনাদির প্রযত্নের অভিনয় কৌটিল্যে পর্য্যবসিত হয়।

এতৎপ্রসঙ্গে শ্রীল শ্রীজীব গোস্বামিপ্রভু বলিয়াছেন,— "আধুনিকানাঞ্চ শ্রুতশাস্ত্রা-ণামপ্যপরাধদোষেণ শ্রীভগবতি শ্রীগুরৌ তদ্-ভক্তাদিষু চান্তরানাদরাদাবপি সতি বহিস্ত-দর্চ্চনাদ্যারম্ভকৌটিল্যম্।"

—(শ্রীভক্তিসন্দর্ভে ১৫৩ অনুচ্ছেদ)

অর্থাৎ, শাস্ত্র শ্রবণ করিয়াও আধুনিক কোন কোন লোকের অপরাধ-দোষে শ্রীভগবান্, শ্রীগুরুদেব ও শ্রীভগবদ্ভক্তগণের প্রতি অন্তরে অনাদর-সত্ত্বেও বাহিরে তাঁহাদের প্রতি যে পূজনাদি প্রযত্ন, তাহা সমস্তই কুটিলতামাত্র।

শ্রীভগবান্, শ্রীগুরুদেব ও শ্রীভগবদ্ভক্ত-গণের প্রতি অন্তরে অনাদর ও অশ্রদ্ধা পোষণ করিয়া বাহে যদি তাঁহাদিগকে লোক দেখাইবার জন্য খুব দণ্ডবৎপ্রণাম, অভি-নন্দনাদি প্রদান, উচ্চৈঃস্বরে জয়দান, কিংবা খুব স্তব-স্তুতি প্রভৃতি করিয়া পূজনাদির প্রযত্ন দেখান হয়, তবে তাহা কুটিলতা ও অপরাধ বলিয়াই গণিত হইবে।

'আমরা শ্রীহরিগুরুবৈষ্ণবের কত ভক্ত, কত সেবা করিয়া থাকি, তাঁহাদের জন্য সর্ব্বস্ব ত্যাগ করিয়াছি, স্বোপার্জ্জিত বহু অর্থ দান করিয়াছি বা লক্ষ-লক্ষ টাকা ভিক্ষা করিয়া আনিয়া দিয়াছি, প্রতিষ্ঠানের কত সেবা করিয়াছি',—এইরূপ ভক্তি প্রভৃতি জনিত অভিমান শ্রীবৈষ্ণব অবমাননাদি অন্যান্য অপরাধসমূহের জনক। বর্ত্তমান জন্মে শ্রীবৈষ্ণবাপরাধ ঘটিলে পরজন্মেও ঐ অপরাধের বীজ বিনষ্ট হয় না। তাই শ্রীল শ্রীজীব-গোস্বামিপ্রভু বলিয়াছেন,—

"অথ ভক্ত্যাদিকৃতাভিমানস্বকাপরাধ-কৃতমেব বৈষ্ণবাবমানাদি-লক্ষণাপরাধান্তরজন-কত্বাৎ ; যথা দক্ষস্য প্রাক্তনশ্রীশিবাপরাধেন প্রাচেতসত্বাবস্থায়াং শ্রীনারদাপরাধজন্মাপি দৃশ্যতে।"

—(শ্রীভক্তিসন্দর্ভে ১৫৯ অনুচ্ছেদ)

অর্থাৎ, ভক্তিপ্রভৃতিজনিত অভিমান বৈষ্ণবাবমাননাদি অন্যান্য অপরাধসমূহের জনক বলিয়া স্বয়ংই কোন অপরাধের ফলস্বরূপেই উৎপন্ন হইয়া থাকে, যেরূপ দক্ষের পূর্ব্বজন্মে শ্রীশিবের প্রতি সংঘটিত অপরাধহেতু প্রাচেতস-জন্মেও শ্রীনারদের প্রতি অপরাধ-সংঘটন দৃষ্ট হইয়াছে।

কেবল মুখে শ্রীশ্রীল ঠাকুর ভক্তিবিনোদের শরণাগতি বা কল্যাণকল্পতরুর পদ কীর্ত্তন করিয়া অন্তরে বৈষ্ণবের প্রতি পৈশুন্য ও শঠতা প্রদর্শন করিলে শ্রীচৈতন্যদেবের কৃপা পাওয়া যাইবে না। শ্রীচৈতন্যদেবের কৃপার ফল বৈষ্ণবের পাদপদ্মে আশ্রয়লাভ,—

"কবে শ্রীচৈতন্য মোরে করিবেন দয়া।
কবে আমি পাইব বৈষ্ণবপদ-ছায়া॥
কবে আমি ছাড়িব এ বিষয়াভিমান।
কবে বিষ্ণুজনে আমি করিব সম্মান॥
গলবস্ত্র কৃতাঞ্জলি বৈষ্ণব নিকটে।
দন্তে তৃণ ধরি' দাঁড়াইব নিষ্কপটে॥"

এই জগতে কি কেবল সর্ব্বত্র সকলের ছিদ্রই দর্শন করিব, অদোষদর্শী পতিতপাবন শ্রীবৈষ্ণবাবতার কি আমার নয়নপথের পথিক হইবেন না? শ্রীবৈষ্ণব কি কেবল আকাশ-কুসুমের ন্যায় কাল্পনিক বস্তু হইয়া থাকিবেন? কখনও কি বিষয়াভিমান পরিত্যাগ করিয়া অকপটে বিষ্ণুজনের প্রতি সম্মান দেখাইতে পারিব না? শ্রীবৈষ্ণবের নিকট কি গলবস্ত্র-কৃতাঞ্জলি হইয়া দন্তে তৃণ ধারণ পূর্ব্বক নিষ্কপটে দাঁড়াইতে পারিব না? হায়, হায়, অপরাধফলে হৃদয় পাষাণ হইতেও পাষাণ হইয়াছে। কোথায় সর্ব্বত্র শ্রীকৃষ্ণের অধিষ্ঠান দর্শন করিব, সকলকে শ্রীকৃষ্ণদাস বলিয়া সম্মান প্রদান করিব, কিন্তু তৎপরিবর্ত্তে দম্ভ ও মাৎসর্য্য হৃদয়কে অধিকার করিয়াছে।

স্বরূপতঃ সকলেই বৈষ্ণব। কিন্তু যাঁহাতে উন্মুখতা প্রকাশিত, তাঁহাকেই বৈষ্ণব বলিয়া সম্মান করিতে হইবে। তবে উন্মুখতার বিচারের মাপকাঠি বিমুখকে দেওয়া হয় নাই। যে বিষ্ঠাভোজী সে কিরূপে নিরপেক্ষ-ভাবে স্থির করিতে পারিবে,—পরমান্ন শ্রেষ্ঠ, না বিষ্ঠা শ্রেষ্ঠ? বিষ্ঠাভোজী শূকর বলিবে, 'পরমান্নকে যে শ্রেষ্ঠ বলিতেছ, ইহা তোমার ব্যক্তিগত দলের কথা। মনুষ্যের দল পরমান্নকে শ্রেষ্ঠ বলে, আমরা শূকরের দল বিষ্ঠাকেই শ্রেষ্ঠ বলিয়া জানি।' এই উভয় দলের বিবাদ মিটাইবার জন্য তথাকথিত একদল-সমন্বয়বাদী আসিয়া বলিবে, 'শূকর-জাতি বিষ্ঠা ভোজন করিয়া যেরূপ তৃপ্তিলাভ করে, মনুষ্যজাতি পরমান্ন ভোজন করিয়াও সেইরূপই তৃপ্তিলাভ করে। অতএব তৃপ্তির দিক্ হইতে যখন উভয় বস্তুরই মূল্য সমান, তখন বিষ্ঠা ও পরমান্ন এক। শূকর তাহার মুখে বিষ্ঠা লেপন করিয়া উহাকেই সুগন্ধযুক্ত বস্তু জ্ঞান করে ও উহাতেই সুখানুভব করে, আর ভক্ত শ্রীভগবানের শ্রীচরণে শ্রীচন্দন লেপন করিয়া আনন্দানুভব করেন, সুতরাং বিষ্ঠা ও চন্দন উভয়ই সমান।' এইরূপ নির্ব্বিশেষ-সমন্বয়বাদীর উপর শ্রীবৈষ্ণবের বিচারের মাপকাঠি দেওয়া হয় নাই।

উন্মুখ ব্যক্তির হৃদয়ে সহজ ও সরল সিদ্ধান্ত স্ফূর্ত্তিলাভ করিবে। তিনি কল্পনা-বাদী বা যুক্তিবাদী নহেন। তিনি মুখে 'কবে বিষ্ণুজনে আমি করিব সম্মান' বলিয়া অন্তরে দাম্ভিকতার হিমালয়—গর্ব্ব-পর্ব্বত সংরক্ষণ করেন না। তিনি 'গলবস্ত্র কৃতাঞ্জলি বৈষ্ণব নিকটে' মুখে বলিয়া ভিতরে পৈশুন্য ও ছিদ্র-দর্শন, 'ভীষ্মের প্রতিজ্ঞাও ভঙ্গ হইতে পারে, কিন্তু আমার অপরাধ পোষণ করিবার প্রতিজ্ঞা ভঙ্গ হইবে না'—এইরূপ অভি-সন্ধির আশ্রয় গ্রহণ করেন না।

কেহ কেহ বলেন, 'যেরূপ শ্রীগুরু-পরম্পরাতে শ্রীগুরুবর্গের নাম বাঁধিয়া দেওয়া হইয়াছে, সেইরূপ শ্রীবৈষ্ণব-বন্দনাতেও নাম বাঁধিয়া দেওয়া হউক। তাহা হইলে সর্ব্বত্রই এক নিয়মে শ্রীগুরুবৈষ্ণবের বন্দনা হইবে। এইরূপ বিচার সুষ্ঠু নহে। রুটিন বাঁধিয়া চেতনের স্বাভাবিকী বৃত্তি ভক্তি বা প্রীতির যাজন হয় না। যে স্থানে স্বাভাবিকী শ্রদ্ধা বা প্রীতি নাই, সেখানেই যুক্তি, বিতর্ক, সন্দেহ ও দ্বিধা উপস্থিত হয়। 'শ্রীকৃষ্ণকে কেন স্বয়ং শ্রীভগবান্ বলিব, শ্রীশিব কিসে কম?' আর এক শ্রেণীর লোক বলিবে, 'শক্তি কিসে কম? নিমাইপণ্ডিতকে কেন 'শ্রীভগবান্' বলিয়া পূজা করিব? শ্রীগোস্বামিগণকে কেন জগদ্‌গুরু বলিয়া মানিব? তাঁহারা ত' কোন সম্প্রদায় বা দল বিশেষের গুরু! অন্যান্য সম্প্রদায়ের বৈষ্ণববৃন্দ, শাক্ত, শৈব, গাণপত্য ও হিন্দুধর্ম্মের বহু বহু ধার্ম্মিক ব্যক্তি তাঁহাদিগকে 'জগদ্‌গুরু' বলিয়া স্বীকার করেন না। সুতরাং আমরা কেন জগদ্-গুরু বলিব?'—এইরূপ যুক্তি, বিতর্ক বা শ্রদ্ধা প্রীতির অভাব হইতেই উদিত হয়। এইরূপ পাষণ্ডিত্ব বহু বহু জন্মের অপরাধের ফল। এজন্য যাহা সহজ ও সরল স্বতঃসিদ্ধ বৃত্তিরূপে প্রকাশিত হইবে তাহাকে প্রতি রোধ করিয়া তথায় কৃত্রিম বিধিনিষেধ হইতে পারে না। শ্রীগুরুপরম্পরাতে শ্রীগুরুবর্গের যে সকল নামোল্লেখ আছে, তদ্ব্যতীত কি অন্য নাম আর শ্রীগুরুপরম্পরার অন্তর্গত হইবে না, বা তাহাতে নামোল্লেখ নাই বলিয়া তাঁহারা আমাদের শ্রীগুরুবর্গ নহেন, তাঁহাদের বন্দনা পরিত্যক্ত হইয়াছে, তাহাও নহে।

(ক্রমশঃ)

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅখণ্ডমন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৮১১৫
সেবক—শ্রীপরমানন্দ দাস ভক্তিশাস্ত্রী বি এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগুরুবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

কাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীমহৎকৃপা ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীপরমানন্দ ব্রহ্মচারী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌড়পুর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউভাড়া (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

কুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীধামদাস দাসাধিকারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধবগৌড়ীয়মঠ
বারিন্দা, পোঃ ওয়াড়ি, ঢাকা।
সেবক—গৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীদীনদয়াল ব্রজবাসী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদাসপ্রভুবিগ্রহ বিদ্যারত্ন বি এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাণাংবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীকৃষ্ণভজন দাসাধিকারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক - শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রহ্মস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীইন্দ্রপদ দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীশ্যামচরণ পারলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীপ্রাণবল্লভ দাসাধিকারী

সঙ্কেত বিহারীমঠ
বর্ষাণ মথুরা।
সেবক—শ্রীরমণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেখপাগী
পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৪নং হনুমান রোড নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, পশ্চিম গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ কৃপার্ত্তিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীবৃত্তমান দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁলগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক - শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরাসকল্লোল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাণীবাঁধ (বর্দ্ধমান)
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ভুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাঙ্কেষ্টার রোড, হাউড্ গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠালয়
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅধোক্ষজগোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীভক্তিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	॥০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	॥১	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অৰ্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬৲	৪॥০
" সিকি কলম ১৫৲	১২৲
" অৰ্দ্ধ কলম ২৪৲	১৮৲
" এক কলম ৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

সাংবৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ [illegible] অবতারসম্বন্ধে বিশদ গবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজবোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ হিন্দি পদ্যানুবাদসহ মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকট বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবনচরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থ শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবেশ হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল [illegible] ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার জীবনের এই অপূর্ব শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ প্রতিভার পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের সূচীপত্র তৎপরে মোটা অক্ষরে গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া ভক্তমাত্র ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ॥০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

শনিবার ব্যতীত

					শনিবার	অন্য দিন		
কলিকাতা ছাঃ	৪ ৫৬	৬-২১	৭-১৪	৩-১৬	১৫-১৬	১৬-১৬	১৭-৫৬	২২ ২৬
দমদম	৪-৫৬	৬-৩১	৭-২৮	১৩ ২৯		..	১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯-১৮	১৪ ৫০	১৬ ৪৮	১৮-৩১	১৯-৩৩	০-৫৫
(বদল) ছাঃ	..	...... ৯-৩১	..		..	...	....	.. ..
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৯	৮-৪০	১০-৬	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০ ২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-১৬	১৪ ৫০	১৭-৪০		২০-৩০		
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১০-২৫	১৮-১৫		২১-৫		
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫-৩১	১৮-২১		২১-১৩		

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম"	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
" ছাঃ	১২ ৫৬
শান্তিপুর পৌঃ	১৩ ২৪
(বদল) ছাঃ	১৩ ৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩৩

ডাউন

শনিবার ব্যতীত

					অন্য দিন	শনিবার		
নবদ্বীপঘাট ছাঃ	৮-১৪		৯-১২		১৬ ৩	১৬ ৩১	১৮ ৩৮	
মহেশগঞ্জ "	৮-২৩		৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ	৮-৫৭		৯-৫৫		১৬-৬৬	১৭ ১৭	১৯ ২১	
(বদল) ছাঃ	৫-৩১ ৭-১০	৮-৫১	১১-২৬	১৫-৪	১৬ ৫৬		১৯-২৮	২০ ৪৬
রাণাঘাট পৌঃ	৪ ১০ ৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৪৫	১৭-৩০		২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	..	...		১৫-৫৬	১৭-৪২			..
দমদম		১১-৪		১৭-৩৬	১৯-৯		২১ ২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৮-১৬ ৯-২১	১২-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬		২১-৪০	২৩১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪-১
মহেশগঞ্জ "	১৪-১০
কৃষ্ণনগর পৌঃ	১৪-৪৪
ছাঃ	১৫-৩১
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৫

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

২। ভাগবত—বিশ্বজগতের একমাত্র পারমার্থিক মাসিক পত্র। প্রয়াগ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নরনাথ বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনীষী সজ্জনবৃন্দগণ যে সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগবিরুদ্ধসিদ্ধান্তখণ্ডনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা—৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

—::০::—

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায়। বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয়। ছোট বোতল ৸০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা।
বেহালা, ২৪ পরগণা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

Regd. No.C. 1544.

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৬শ বর্ষ } ১৮ মধুসূদন, গৌরাব্দ ৪৫৫ ; ১৬ই বৈশাখ, বঙ্গাব্দ ১৩৪৮, ২৯শে এপ্রিল, ইং ১৯৪১, মঙ্গলবার { ৪৩-৪৪তম সংখ্যা

শ্রীভাগবত কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত অমূল্য কল্যাণকল্পতরু-গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃতি ভাষ্য-সহ সম্প্রতি প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রেমবিবর্ত্ত এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৫০ মাত্র।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৮ মধুসূদন, ৪৫৫ শ্রীগৌরাব্দ ৪৫৫

অন্যাভিলাষই অশান্তি

আমরা প্রায় শতকরা শত জনই শান্তির কাঙ্গাল, কিন্তু এই শান্তির ভোক্তা আমি, না ভগবান্, ইহা চিন্তা করিয়াছি কি? অন্যাভিলাষই ত' অশান্তি, আর অন্যাভিলাষ-রহিত হইয়া কৃষ্ণানুসন্ধানই শান্তি। আমি যখন অন্যাভিলাষী, তখন আমি শান্তি কি করিয়া পাইব? 'বৃহৎ আমি'র সহিত বিচ্ছিন্ন হইয়া 'ক্ষুদ্র আমি' কি পৃথগ্‌ভাবে কখনও শান্তি পাইতে পারে? আমাদের ভগবান্ অপেক্ষা শান্তির সঙ্গেই বেশী দরকার। আপাত কৃত্রিম শান্তি বা অন্যাভিলাষ চরিতার্থতার জন্য ব্যাকুল আমরা কৃষ্ণানুশীলনময়ী বাস্তব শান্তির অনুসন্ধান করি কি? জড়তৃপ্তি শান্তির প্রকৃত স্বরূপ নহে। কৃষ্ণের জন্য ব্যস্ততাই প্রকৃত শান্তি, সুতরাং শ্রীকৃষ্ণের জন্য সর্ব্বতোভাবে ব্যস্ত না হইলে পূর্ণ শান্তি কি করিয়া পাওয়া যাইবে? ভগবদ্ভক্তগণ কখনও নিজের শান্তি চান না। শুধু শান্তিই বা বলি কেন, তাঁহারা নিজের জন্য কিছুই চান না। তাঁহারা চান কেবল সেবা। তাঁহারা কৃষ্ণনিষ্ঠ হওয়ায় স্বভাবতঃই শান্ত। তাঁহারা কৃষ্ণের শান্তির জন্য—কৃষ্ণের ইন্দ্রিয়ের সুখের জন্য কোটী কোটী অশান্তিকেও সাদরে বরণ করেন; তাই শান্তিময়, সুখময় শ্রীকৃষ্ণ তাঁহাদিগকে অখিল শান্তির অধিকারী করেন।

আমরা শাস্ত্রপাঠে জানিতে পারি, যিনি বা যাঁহারা নিরন্তর কামদেবের সেবা প্রার্থনা করেন, তিনি বা তাঁহারাই শান্তি লাভ করিতে পারেন, অপরে শান্তি পায় না।

নিত্যো নিত্যানাং চেতনশ্চেতনানা-
মেকো বহূনাং যো বিদধাতি কামান্।
তমাত্মস্থং যেঽনুপশ্যন্তি ধীরা-
স্তেষাং শান্তিঃ শাশ্বতী নেতরেষাম্॥
(কঠ ২।২।১৩)

যিনি নিত্য বা বাস্তব বস্তুসমূহের মধ্যে পরম নিত্য এবং পরম বাস্তব, যিনি চেতন জীবসমূহের মুখ্য চেতন, যিনি এক হইয়াও বহু আশ্রিতজনের কামনা পরিপূরণ করেন, যে সকল বুদ্ধিমান্ ব্যক্তি শ্রীগুরুদেবের অনুগত হইয়া সেই হৃদয়স্থ কামদেবের সেবা করেন, তাঁহারাই নিত্য শান্তি লাভ করিতে পারেন, অপরে তাহা লাভ করিতে পারে না।

নিজ সুখের জন্য প্রমত্ত থাকাকালে আমরা কৃষ্ণের শান্তি বা কৃষ্ণের সুখের জন্য ব্যস্ত হইতে পারি না। কাম ও প্রেম একস্থানে থাকে না। এই কামের রাজ্যই অশান্তির রাজ্য, আর প্রেমের রাজ্যই শান্তির রাজ্য। নিজ শান্তিলাভের লেশমাত্র স্পৃহাও যেখানে নাই, সেইখানেই প্রকৃত শান্তি বা সেবা-শান্তি ক্রমশঃ নিজ স্বারাজ্য বিস্তার করে। অন্যাভিলাষী কখনও কৃষ্ণসেবাভিলাষী হইতে পারে না। প্রভুর প্রীতি বা প্রভুর শান্তিই যাঁহাদের উদ্দেশ্য, তাঁহারা কখনও নিজ শান্তি-সুখের জন্য প্রভুর শান্তিভঙ্গ করেন না; তাঁহারা প্রভুর সুখ-বিধানে অনামনস্ক থাকিয়া নিজ সুখশান্তির জন্য উল্লাস ও উৎসাহ দেখান না, ইহাই প্রভুভক্তের সত্তা। তাঁহারা জানেন, শান্তির একমাত্র আশ্রয় ও আকর কোটিচন্দ্র-সুশীতল শ্রীগুরু-নিত্যানন্দের পাদপদ্মছায়া। সেই শ্রীনিত্যানন্দপাদপদ্মে আশ্রয় গ্রহণ করিলে আর কোন অশান্তিই থাকে না, শ্রীল নরোত্তম ঠাকুর গাহিয়াছেন,—

নিতাইপদকমল, কোটিচন্দ্র সুশীতল,
যে ছায়ায় জগত জুড়ায়।
হেন নিতাই বিনে ভাই,
রাধাকৃষ্ণ পাইতে নাই,
দৃঢ় করি' ধর নিতাইয়ের পায়॥

অন্যাভিলাষের মধ্যে কৃষ্ণসেবাভিলাষের ন্যায় একায়নত্ব নাই। সেইজন্য কোন পণ্ডিতগণ বহুবয়ন অন্যাভিলাষের সহিত একায়ন কৃষ্ণসেবাভিলাষের সমন্বয় করিতে পারেন না। সকল অন্যাভিলাষের মধ্যে একটা আপাত সমন্বয় হইতে পারে, কিন্তু তাহাদের মধ্যে পরস্পর বহু বিবাদ থাকুক না কেন, বস্তুবিচারে সে সকলই এক অর্থাৎ অন্যাভিলাষ। সুতরাং কৃষ্ণসেবাভিলাষের সহিত অন্যাভিলাষ যে কখনই এক হইতে পারে না, তাহা বলাই বাহুল্য। সেবায় ভোক্তা—কৃষ্ণ, আর অন্যাভিলাষে ভোক্তা—জীব। সেবাই অর্থ, আর অন্যাভিলাষই অনর্থ। সেবাই শান্তি, এতদ্ভিন্ন যাহা, কিছু সবই অশান্তির জনক। সুতরাং কৃষ্ণসেবায় বঞ্চিত হইয়া শান্তি কামনা যে নাস্তিকতার প্রকারভেদ বা আত্মবঞ্চনা-বাঞ্ছা, তাহাতে আর সন্দেহ কি? কৃষ্ণের জন্য বিরহই প্রকৃত শান্তি। এই বিরহ যেখানে নাই, সেখানে শান্তিও নাই। সংসারবাসী যতদিন নিজ নিজ সুখকল্পনার সুখশান্তির কথা ভুলিয়া হরিগুরুবৈষ্ণবের সুখ শান্তির জন্য অকপটভাবে ব্যস্ত না হইবে, ততদিন তাহারা কখনই সুখ-শান্তি পাইবে না। শাস্ত্র বলিয়াছেন—

কৃষ্ণভক্ত নিষ্কাম, অতএব শান্ত।
ভুক্তিমুক্তিসিদ্ধিকামী সকলই অশান্ত॥

প্রশ্নোত্তর

(১)

শ্রীগুরুপরম্পরার মধ্যে শ্রীগোপাল ভট্ট গোস্বামী, শ্রীরঘুনাথ ভট্ট গোস্বামী প্রভুর নাম নাই, শ্রীপরমানন্দ পুরীর নাম নাই, শ্রীল হরিদাস ঠাকুরের নাম নাই, শ্রীল নরোত্তমের পর শ্রীবিশ্বনাথ আছেন, কিন্তু শ্রীল বিশ্বনাথের শ্রীচরণে উপনীত হইবার পূর্ব্বে ... চক্রবর্ত্তী ... নাই, শ্রীল ... পর ... আছেন, কিন্তু শ্রীল ... নাম নাই। [illegible]

পারিতাম। এখন নরোত্তম ঠাকুর মহাশয় শ্রীল শ্রীনিবাসাচার্য্যপ্রভৃতি নিজ পরিবারগণ কবিরাজ মহাশয়ের সঙ্গ লাভ না করিয়া যে পদ কীর্ত্তন করিয়াছেন, তাহা কি অশুদ্ধ বৈষ্ণবের কীর্ত্তনীয় হইবে না?

এতৎপ্রসঙ্গে শ্রীশ্রীল প্রভুপাদ বলেন, ইংরেজী ১৯১৯ সালে পাবনায় শুদ্ধভক্ত সঙ্গ [illegible] শ্রীপাদ্য [illegible] করিয়া আধুনিক [illegible] গুণগান করিয়াছেন।

[illegible] শ্রুতশ্রবা, শ্রীরূপের চরণ-[illegible] প্রভৃতি [illegible] জয় দিতে হইবে। তিনি তাঁহাদের জয় দিয়া, [illegible] করিয়াছেন। 'বৈষ্ণবের অপমান করিয়া তাহাকে কতার্থ করিয়া দিলাম' যে ব্যক্তি এইরূপ উপলব্ধি পোষণ করে, [illegible] শুদ্ধ প্রার্থনা করে, জয় না দিলে যাহার হৃদয়ে দুঃখ হয়, অন্যের জয়কীর্ত্তন শুনিলে [illegible] হৃদয়ে যাহার পীড়ার উদয় হয়, অথবা কীর্ত্তন [illegible] জন্য অপরাধীদিগের জয় না দিলে যাহারা অভিমানপূর্ণ হে অপরাধ প্রতীত প্রার্থনা করে, তাহার জয় ব্যতীত জয় নাই। ঐরূপ ব্যক্তির জয় দিতে হইবে না। শুদ্ধভক্তের জয় হইবে, অজ্ঞাত-নামীর, কপটীর, মৎসরের জয় হইবে না। একদিকে যেরূপ বৈষ্ণবাচিত-মানে নিজের জয় প্রার্থনা করা বা স্তাবকদল-বিশেষের দ্বারা জয় কামনা করা পাষণ্ডতা, অপরদিকে হিংসা বা মৎসরতাবশে শুদ্ধ বৈষ্ণবের জয় দিতে কুণ্ঠিত হওয়াও তেমনি ভীষণ পাষণ্ডতা ও অপরাধ। এই উভয়ই ত্যাজ্য। 'জয় দিলে বৈষ্ণব হইবেন, জয় না দিলে বৈষ্ণব বলিয়া গণিত হইবেন না'— এরূপ চিন্তাও পাষণ্ডতা। আবার এই সুযোগে জয়গান লইয়া স্ব স্ব পৈশুন্য ও মাৎসর্য্যাদিকে গোপন করিবার অভিসন্ধি-মূলে শ্রীবৈষ্ণবের জয়গান হইতে বিরত থাকা অতএব শাঠ্য ও কাপট্যপূর্ণ পাষণ্ডতা।

শ্রীচৈতন্যভাগবতে শ্রীলবৃন্দাবনদাস ঠাকুর অধ্যায়ের মঙ্গলাচরণে 'জয় জয় শ্রীচৈতন্য জয় কৃপাসিন্ধু' ও নরহরির "ভক্তগোষ্ঠীসহিত গৌরাঙ্গ জয়" প্রভৃতি জয়দানের আদর্শ দেখিতে পাওয়া যায়। কোথাও বা ভক্ত নাম না উল্লেখ করিয়াও জয় প্রদানপ্রণালী দৃষ্ট হয়। সেইরূপ ভাবে শ্রীচৈতন্যের শ্রীভক্তবৃন্দের জয় বা সপরিকর শ্রীগৌরসুন্দরের জয়, শ্রীগান্ধর্ব্বাসুন্দরের জয়, সপার্ষদ শ্রীশ্রীল প্রভুপাদের জয়, সপার্ষদ শ্রীশ্রীল গুরুদেবের জয় দেওয়া যাইতে পারে। ইহাতে যদি কেহ মনে করেন, অমুক বা অমুক ঠাকুরের জয় হইল না, অথবা যদি কোন শুদ্ধ বৈষ্ণবের নাম উল্লেখ করিয়া জয় প্রদান করিলেই কেহ ক্রোধ প্রকাশ করেন বা অন্তরে মাৎসর্য্যানলে দগ্ধীভূত হইয়া পড়েন, কিংবা হৃদয়ে কোনপ্রকার দ্বিধা, সন্দেহ বা সম্মান, সেই সম্মানের অভাব অপবাদ [illegible] তাহার জন্য পৃথক দণ্ড বিধেয় নহে; এই পাতকাদিরূপ অপরাধ পুঞ্জে যে [illegible] আমাদিগের জানিত আবশ্যক হইতেছে। কেবল মাত্র শ্রীবৈষ্ণবদের শত শত পাতক-পুঞ্জের দ্বারা পোষণ করিয়া অবিলম্বে একরূপ নিষ্কপটে পরিহার করিতে হইবে। শ্রীবৈষ্ণবের নিকট অকপটে ক্ষমা ভিক্ষা করিয়া **কোটিকণ্ঠে সর্ব্বক্ষণ তাঁহার জয় গান** করিতে হইবে। তাহা না হইলে নিস্তার নাই।

শ্রীশ্রীল জীব গোস্বামী প্রভু বলিয়াছেন যে, যে শ্রীবৈষ্ণবের চরণে অপরাধ হয়, যদি সেই শ্রীবৈষ্ণবকে কোনরূপে তুষ্ট করা না যায়, বা যে বৈষ্ণবের চরণে অপরাধ হইয়াছে, তাহা ঠিক বুঝিতে পারা না যায়, তাহা হইলে শ্রীবৈষ্ণবের শ্রেষ্ঠ যে শ্রীনাম প্রভু তাঁহার নিকট অপরাধ [illegible] করিলে শ্রীকৃষ্ণচৈতন্য শ্রীবৈষ্ণবঠাকুর প্রসন্ন হন ও অপরাধীকে ক্ষমা করেন। এই শ্রীনামের অপরাধভঞ্জন লীলা কোন কোন স্থলে পাওয়া যায়, যেমন শ্রী—অমুকের শ্রীনামের অপমান করিবার অভিনয় দেখাইয়াছিল। অবশেষে পতিতপাবন শ্রীবৈষ্ণবঠাকুর কৃপা করিয়া যখন শ্রী—কে আহ্বান করিলেন, তখন তাহার চিত্তের শুদ্ধি প্রকাশিত হইল। সে যে পূর্ণমাত্রায় শ্রীবৈষ্ণবঠাকুরের নিকট অপরাধ পোষণ করিয়া অজ্ঞাতসারে চরিতার্থ করিবার জন্য নামাপরাধের প্রশ্রয় আত্মসাৎ করিতেছে, তাহা ধরা পড়িয়া গেল। 'শ্রীবৈষ্ণবঠাকুরের প্রতি আন্তরিক শরণাগত হওয়া অর্থাৎ অপরাধ পূর্ণমাত্রায় পোষণ করিয়া নিরন্তর শ্রীনামাশ্রয়ীগণের আশ্রয়ের দ্বারা অপরাধ মোচন করা'— এরূপ পাটোয়ারী বুদ্ধি বা শঠতা শঠ-শিরোমণি শ্রীনামপ্রভু ধরিয়া ফেলেন।

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ যে 'প্রেমধ্বনি' প্রকাশ করিয়াছেন, তাহাতে দেখিতে পাওয়া যায় যে, তিনি পঞ্চতত্ত্ব হইতে আরম্ভ করিয়া সকলে "অমায়ক-শ্রেষ্ঠ ভক্তবৃন্দকী জয়" বলিয়া জয় প্রদান করিয়াছেন। সতীর্থগণের ভোক্তৃত্বেরা যদি এখানেই যে মহাভাগবত বৈষ্ণব বা সম্পূর্ণ অনর্থমুক্ত স্বরূপ ভাবিবেন, তাহা নহে। কিন্তু যাঁহারা সাত্ত্বিক শ্রদ্ধা-কীর্ত্তনে রুচি প্রদর্শন করেন, সেই অনর্থযুক্ত সাধকগণও অন্তর্ভুক্ত হইবেন, ইহাতে তাঁহাদের জয়প্রদানের উদ্দেশ্য। সাধকগণের মধ্যেও যদি কাহারও জয় প্রদান করা যায়, তাহাতেও কোন মঙ্গলাকাঙ্ক্ষী সাধকই এইরূপ মনে করেন না যে, তদ্দ্বারা তাঁহাকে বৈষ্ণববৃন্দ পূজা করিতেছেন, বরং বিচার করেন যে, 'আমার মঙ্গল হউক' বলিয়া বৈষ্ণববৃন্দ আশীর্ব্বাদ প্রদান করিতেছেন।

শ্রীগুরুদেবও শিষ্যকে 'তুমি জয়যুক্ত হও' বলিয়া আশীর্ব্বাদ করিতে পারেন। শ্রীশ্রীল প্রভুপাদ যখন মেদিনীপুরে বালিঘাই সভায় গমন করেন, তখন প্রকাশ্যে শ্রীশ্রীল ঠাকুর ভক্তিবিনোদের শ্রীচরণকমলপ্রেরিত অভিমানী ছিলেন, তখন শ্রীল ভক্তিবিনোদ শ্রীল প্রভুপাদকে "তুমি যে বৈষ্ণব-সেবার আদর্শ দেখাইতেছ, তাহাতে তোমার জয় হউক"— এই বলিয়া আশীর্ব্বাদ করিয়াছিলেন। সুতরাং গুরুদেবও শিষ্যের জয় দিতে পারেন, কেবল শিষ্যই যে গুরুদেবের জয় দেন তাহা নহে।

পরোক্ষ শুদ্ধবৈষ্ণবসম্প্রদায়েও দেখিতে পাওয়া যায়, কোন স্থানে যাত্রাকালে, উৎসবাদিতে, কোন সেবার কার্য্যে প্রবৃত্ত হইবার প্রাক্কালে যে কোন কার্য্যের সম্পাদনকারী সাধক সেবকের শ্রীগুরুবর্গের জয়গান করেন, শ্রীগুরুবর্গও তখন শিষ্যের জয় প্রদান করিয়া তাঁহাকে আশীর্ব্বাদ করেন। কখনও সাধকের জয় প্রদান করিলে তিনি যে জয় লাভের যোগ্য হইয়া গেলেন, এরূপ আশঙ্কা হয় অজ্ঞতা, না হয় মাৎসর্য্যমূলা।

মহাভাগবতের শ্রীবিষ্ণুপাদ শ্রীশ্রীল বংশীদাস গোস্বামী প্রভৃতির জয় প্রদান সম্বন্ধে প্রভুপাদের পক্ষপাতিত্ব হয় নাই, ইহাও একটী জড়ভেদমূলক মতবাদ। যখন শ্রীশ্রীল গৌরকিশোরাদি বৈষ্ণববৃন্দের জয় দেওয়া হইয়াছে, তখন তন্মধ্যেই শ্রীশ্রীল বংশীদাস বাবাজী মহারাজেরও জয় দেওয়া হইয়াছে। আবার পৃথগ্‌ভাবে তাঁহার নাম উল্লেখ করিয়া জয় দিলেও তাহা ভক্তানুকূল সেবাবিশেষ। এইরূপ বিচার নহে যে, পূর্ব্বে শ্রীল বাবাজী মহারাজের জয় দেওয়া হয় নাই। এখন নূতন করিয়া দেওয়া হইতেছে, বা পৃথগ্‌ভাবে নামোল্লেখ হয় নাই বলিয়া তাঁহার জয় হয় নাই অথবা নামোল্লেখ করিয়াছি বলিয়া মাৎসর্য্যের আবাহন করিতে হইবে। শ্রীগুরুবর্গ ও শ্রীবৈষ্ণববৃন্দের জয় যতই অধিক দেওয়া যায়, ততই মাৎসর্য্যাদি বৃত্তি ও নিজের কপটতা বাড়াইবার প্রবৃত্তি সঙ্কুচিত হয়।

নিত্যলীলাপ্রবিষ্ট পরমপূজনীয় শ্রীল ভক্তিসুধাকর প্রভু, শ্রীল ভক্তিস্বরূপ পুরী মহারাজ, শ্রীল ভক্তিসম্বন্ধ ভাগবত মহারাজ প্রভৃতি শুদ্ধবৈষ্ণবগণের জয় দিতে কাহার হৃদয় না উল্লাস হয়? তাঁহাদের জয় প্রদানের সময় তাঁহাদের সেবা-স্মৃতি আমাদের হৃদয়ে উদিত হয় ও আমাদের সেবাস্পৃহাও উদ্দীপ্ত হয়। শ্রীরামানুজ, শ্রীমধ্ব ও শ্রীগৌড়ীয়-বৈষ্ণব-সম্প্রদায়ের সর্ব্বত্র অনুষ্ঠান ও নিত্যধামগত বৈষ্ণববৃন্দের পূজা ও তাঁহাদের নিত্যলীলাস্মৃতির আদর্শ দৃষ্ট হয়। শ্রীপাদ ভাগবত [illegible] প্রভু ও শ্রীপাদ অনন্ত বসুদেব প্রভুর নির্য্যাণ-কালে শ্রীশ্রীল প্রভুপাদ দণ্ডবৎ-প্রণামলীলার আদর্শ প্রদর্শন করিয়া নিজ শিষ্যেও গুরুবুদ্ধির লীলা প্রদর্শন করিয়াছেন,—ইহা আমরা স্বচক্ষে দেখিয়াছি। স্বয়ং শ্রীমন্মহাপ্রভুও শ্রীল হরিদাস ঠাকুরের নির্য্যাণের পর শ্রীল হরিদাস ঠাকুরকে অঙ্কে স্থাপন করিয়া নৃত্য, তাঁহার সমাধিপীঠ পরিক্রমা ও 'জয় জয় হরিদাস' বলিয়া জয়ধ্বনি ও নৃত্য করিয়াছিলেন,—

> 'জয় জয় হরিদাস' বলি কর হরিধ্বনি।
> এত বলি মহাপ্রভু নাচেন আপনি॥
> সবে গায়,—'জয় জয় জয় হরিদাস।
> নামের মহিমা যেঁহ করিল প্রকাশ॥'
>
> (চৈঃ চঃ অ ১১ ৯৮-৯৯)

প্রকাশক শ্রীশ্রীল আচার্য্যদেব শ্রীল ভক্তিসুধাকর প্রভু ও শ্রীল ভক্তিস্বরূপ ভাগবত মহারাজের নির্য্যাণ ও বিরহ-সংকীর্ত্তন-মহামহোৎসবের সময় তাঁহাদের গুণ-কীর্ত্তন, তদর্থক [illegible] স্বয়ং মাধুকরী ভিক্ষা করিয়া তাঁহাদের বিরহ-মহামহোৎসব সম্পন্ন করিয়াছেন।

একজন 'মহামানব' কিংবা শ্রীকৃষ্ণলীলাকে রূপক বলিয়া বিচার করিবেন। পৃথিবীর কোটী কোটী লোকের বিচারানুসারে শ্রীকৃষ্ণ-চরিত্র অতিমানুষিক হইলেও নির্দ্দোষ নহে। অধিক কি, যে 'একপত্নীব্রতধর ভগবান্ শ্রীরামচন্দ্র জগতে সুনীতির পরাকাষ্ঠা শিক্ষা দান করিয়াছেন, সেই শ্রীরামচন্দ্রকেও পৃথিবীর লোক 'স্ত্রৈণ' বলিয়া কল্পনা করিতে বিরত হয় নাই। আধ্যক্ষিকতার নিকটও যাহা [illegible] নিখুঁৎ, তাহাতেও আধ্যক্ষিক-সম্প্রদায় খুঁৎ বাহির করিয়াছে। "মণিময়-[illegible] পিপীলিকা পশ্যতি ছিদ্রম্"—ইহাই আধ্যক্ষিক ও [illegible] চিরন্তন [illegible]। [illegible] শ্রীনবদ্বীপসুধাকরের চরিত্রে [illegible] পড়ুয়া পাষণ্ডী, আদর্শ সন্ন্যাসি-শিরোমণির লীলাভিনয়কারী শ্রীকৃষ্ণচৈতন্য-দেবের চরিত্রে নির্ব্বিশেষবাদী রামচন্দ্রপুরী, [illegible] প্রভৃতি ছিদ্র (?) দর্শন করিতে [illegible] নাই। [illegible] শ্রীল ঠাকুর বৃন্দাবন তাঁহার 'শ্রীচৈতন্যভাগবত' গ্রন্থের [illegible] অধ্যায়ে নিত্যানন্দ নিন্দককে [illegible] নিন্দা করিয়াছেন। ইহাতে জানা যায়, সন্ন্যাসিশিরোমণি শ্রীনিত্যানন্দের অকপট চরিত্রে কলঙ্কারোপ ও [illegible] লোকের অভাব ছিল না। অধিক কি গৌর-আনা ঠাকুর [illegible] শ্রীঅদ্বৈত [illegible] প্রভুর আত্মজ-[illegible] শ্রীগৌরপাদপদ্ম-[illegible] আধ্যক্ষিক চক্ষে [illegible] না পারিয়া তৎপ্রতি আনুগত্য [illegible] না। [illegible] যে, শ্রীমন্মহা-প্রভুর আবির্ভাবের পূর্ব্বেও তাঁহারা [illegible] ছিলেন, [illegible] শ্রীঅদ্বৈত [illegible] প্রকাশিত ছিল, [illegible] মহাপ্রভুর অন্তর্দ্ধানের পর তাঁহারা [illegible] হইয়া-ছিল, তাহাদের মধ্যেও কেহ কেহ শ্রীঅদ্বৈত [illegible] তাঁহার প্রতি অকপট [illegible] আনুগত্য প্রদর্শন করিয়াছেন, তৎপ্রতি আনুগত্য প্রদর্শন করিতে পারে নাই। অতএব যাহাদের চক্ষে সর্ব্বদা খুঁৎ ভাসিতেছে, তাহারা সর্ব্বদা খুঁৎই দেখিতেছে, তাহারা অকপট শ্রীশ্রীহরিগুরু-বৈষ্ণবকে নিখুঁৎ দেখিতে পারে না—"কামুকাঃ পশ্যন্তি কামিনীময়ং জগৎ"। কতকগুলি লোক নিজের মনকে ঠকাইয়া মনে করেন যে, তাঁহারা সর্ব্বত্রই যে খুঁৎ দেখেন তাহা নহে; কারণ তাঁহারা গুরু-স্বীকার করেন, [illegible] শ্রীগুরুপাদ-পদ্মের উদ্দেশ্যে আনুগত্য প্রদর্শন করেন; কিন্তু শ্রীগুরুদেবের অপ্রকটের পর বৈষ্ণব ও গুরু আর জগতে দেখিতে পান না। এইরূপ বিচার একদিকে যেরূপ আত্মবঞ্চ[illegible]

মূলক, অপর দিকে সেইরূপ মৎসর ও কপট-বুদ্ধিপ্রসূত। ইঁহারা শ্রীগুরুদেবের প্রকটকালে বা অপ্রকটকালে কোন সময়ই বস্তুতঃ শ্রীগুরুপাদপদ্মে অকপট আনুগত্য প্রদর্শন করেন নাই, আনুগত্যের অভিনয়ে অপ্রাকৃত সাধু-চরিত্রের বা অপবৈষ্ণব-নীতি পরিচালনা করিয়াছেন। তবে যেরূপ আধ্যক্ষিক জগতে কোন ব্যক্তির পরলোকগমনের পর তাহার ত্রুটী-বিচ্যুতি ভুলিয়া গিয়া তৎপ্রতি একটা দূরদেশ ও দূরকালগত ভোগময়ী শ্রদ্ধার আভাস লক্ষিত হয়, অপ্রকট লীলায় অবস্থিত মহাপুরুষগণের প্রতিও আধ্যক্ষিকগণের সেইরূপ আনুগত্যাভিনয় বা শ্রদ্ধাভিনয় প্রদর্শিত হইয়া থাকে। ঐরূপ আনুগত্যাভিনয়ের মধ্যে মৌখিকতা বা ব্যবহারিকতা, আত্মবঞ্চনা ও পরবঞ্চনামূলক কপট থাকিতে পারে, কিন্তু তাহা প্রকৃত অকৃত্রিম আনুগত্য নহে। শরণাপত্তির নামান্তর আনুগত্য। যে স্থলে শরণাপত্তি নাই, তথায় আনুগত্যও নাই। শ্রীমন্মহাপ্রভু, শ্রীনিত্যানন্দপ্রভু বা শ্রীঅদ্বৈতপ্রভুকে, অথবা ষড়্গোস্বামীকে আমরা খুব শ্রদ্ধা করি, তাঁহাদের প্রতি আমাদের যথেষ্ট আনুগত্য আছে,—এইরূপ মুখে বলিয়া থাকি বটে, কিন্তু তাঁহাদিগকে প্রকটাবস্থায় দেখিলে তখন হয় ত' আমাদের অমোঘ, রামচন্দ্রপুরী, রামচন্দ্র খাঁ, বা উদিয়া বিপ্র প্রভৃতির ন্যায় অথবা অতি উদা ভগবান্, শঙ্করদাস, জনৈক [illegible] প্রভৃতির ন্যায় আধ্যক্ষিক যুক্তিবাদী হইত। যেহেতু তাঁহারা আমাদের [illegible], সেই হেতু দূর হইতে তাঁহাদের নাম শ্রবণ করিয়া আন্তরিক [illegible] প্রদর্শিত হয়, তাহা প্রকৃত শ্রদ্ধা বা আনুগত্য বলা যায় না। সান্নিধ্যে বা প্রকট অবস্থাতেই আনুগত্যের কৃত্রিমতা ধরা পড়ে।

(ক্রমশঃ)

আমার অবস্থা

——::*::——

আমার জীবন সর্বদা পাপাচারে রত। জগতে এমন কোন পাপ নাই, যাহা আমি এজন্মে অথবা গতজন্মে করি নাই। সেই পাপাচারগুলি শুধু একবার কেন সহস্র সহস্র বার করিয়াও তাহাতে একটুও আত্মগ্লানি, নির্বেদ বা নিজের প্রতি কোন ধিক্কার উপস্থিত ত' হয়ই নাই, পরন্তু নির্বিকারে নির্বিচারে সমস্ত পাপ করিয়াও বেশ নিশ্চিন্তে কাল কাটাইয়া আসিয়াছি। পুণ্যের লেশমাত্রও আমাতে নাই। পূর্বজন্ম ত' দূরের কথা এই জন্মেই আমি এত পাপ করিয়াছি যে, তাহা চিন্তা করিলে রোমাঞ্চ উপস্থিত হয়, লজ্জায় ঘৃণায় মনে একটা বড় আঘাত পাই। শুধু পাপ কেন আমার অপরাধেরও অন্ত নাই। আমি নিজ সুখলাভের জন্য যে কত লোককে উদ্বেগ দিয়াছি তাহার শেষ নাই। দয়া বলিয়া কোন জিনিষই আমার হৃদয়ে নাই। হরিভজনের বিপরীত দোষগুলি আমাতে পূর্ণমাত্রায় আছে। মৎসরতা, দাম্ভিকতা, কাপট্য, পৈশুন্য, অপস্বার্থপরতা, হিংসা, কামক্রোধাদি রিপুর দাস্য, অন্যমনস্কতা, নিদ্রা, আত্মবঞ্চিত্তা প্রভৃতি সমস্ত দোষ আমার মধ্যে আছে। সেবায় আমি বড় অলস ও শান্তিপ্রিয়, কিন্তু প্রতিষ্ঠালাভের জন্য আমি খুব তৎপর ও উৎসাহী। শঠতা আমার জীবনের ভূষণ, বেতণ্ডা ও তর্কলতা ত' আছেই। সৎসঙ্গগ্রহণে উদাসীন্য আমার স্বভাব হইয়া গিয়াছে। হতাশা ত' আছেই। ইহাই আমার জীবনের আংশিক প্রকৃত সংক্ষিপ্ত ইতিহাস। এইরূপ অবস্থাপন্ন একটী ব্যক্তি আমি। অথচ আমাকে হরিভজন করিতেই হইবে, গুরুকৃপা লাভ করিতেই হইবে। নিজের দুরবস্থা বা অযোগ্যতার প্রতি উদাসীন থাকিলে চলিবে না। আমার এত অনর্থযুক্ত আমি, আমার কি হরিভজন হইবে?—এইরূপ বিপরীত ভাবনাকে হৃদয়ে স্থান দিয়া হরিভজনে উদাসীন হইলে চলিবে না। মোট কথা, আমি বর্তমান অবস্থায় যাহাই থাকি, যাহাই হই না কেন, আমাকে হরিভজন করিতেই হইবে, গুরুপাদপদ্মের কৃপালাভ করিতেই হইবে। কারণ হরিভজনই ত, গুরুকৃপা লাভ ব্যতীত অন্য গতি নাই। শ্রীগুরুপাদপদ্ম ব্যতীত অন্য আশ্রয়ও নাই।

স্বতন্ত্র-স্বেচ্ছাচারীর জীবন পরিণামে দুইজন স্বতন্ত্র থাকিতে পারে না। একজন স্বতন্ত্র ব্যক্তি অপর একজন স্বতন্ত্র ব্যক্তির আনুগত্য স্বীকার করিতে পারে না। কৃষ্ণই একমাত্র স্বতন্ত্র পুরুষ এবং তাঁহাকেও যিনি সেবানুকূল্যে নিজের অধীন করেন, সেই শ্রীগুরুপাদপদ্ম মহা-স্বতন্ত্র। তাঁহার স্বেচ্ছাচারিতা বা স্বতন্ত্রতার নিকট submit করিতে হইবে। সর্বস্বতন্ত্র ভগবান্ বা তদভিন্নবিগ্রহ শ্রীগুরুপাদপদ্ম ত' আর submit করিবেন না, যদি আমি মঙ্গল চাই, তাহা হইলে তাঁহাদের ইচ্ছার সঙ্গে আমার ইচ্ছা মিশাইতেই হইবে।

সাধুর অনুগমন বা অনুসরণ তাঁহার কৃপালাভের একমাত্র উপায়। সাধুর ইচ্ছার সঙ্গ ইচ্ছা মিশাইতে গেলে নিজের স্বতন্ত্র ইচ্ছা ত্যাগ করিতেই হইবে। সাধুসঙ্গ ছাড়া, গুরুকৃপা ছাড়া মাদৃশ অপরাধী জীবের মঙ্গলের অন্য রাস্তা নাই। কেবল নিজের ত্রুটিদের কথা চিন্তা করিয়া হতাশ হইবার কিছু নাই। বরং তাহাতে আশার উজ্জ্বল আলোকেরই সন্ধান পাওয়া যায়। নিজেকে যত পতিত ও তুচ্ছ বলিয়া উপলব্ধি হইবে, তত শুদ্ধবৈষ্ণবের পতিতপাবনত্ব উপলব্ধি হইবে। আমি নিজে পতিত এই অভিমান হইলে আমি পতিতপাবনের নগণ্যতম পদধূলিকণ এই অভিমানে হৃদয় ভরপুর হইবে। পতিতকে পাবন করিবার জন্যই পতিতপাবনশিরোমণি শ্রীগুরুপাদপদ্মের এ বিশ্বে অবতরণ। তিনি কৃপা করিবেন না, এরূপ হইতেই পারে না। শ্রীগুরুদেব কৃপার মূর্তি। যদি আমি তাঁহাকে না ঠকাই, তাঁহার সহিত কপটতা না করি তাহা হইলে তিনি নিশ্চয়ই কৃপা করিবেন, তাহাতে সন্দেহ নাই। [illegible] হইলে, [illegible] আর। [illegible] হউক, ইহাই শ্রীগুরুপাদপদ্মের ইচ্ছা। তাঁহার এই ইচ্ছার সঙ্গে ইচ্ছা মিশাইবার জন্য তাঁহার কৃপা ভিক্ষার প্রার্থনা করিতে হইবে। সর্বদা নিষ্কপটে দীন কাঙ্গাল ভাবে কৃপাভিক্ষার জন্য ক্রন্দন করিতে হইবে। যত দৈন্য বাড়িবে, তত কৃপা লাভ হইবে। কৃপা পাইবই পাইবই, আজ কিংবা দু'দিন পরে, ইহাতে কোন সন্দেহ নাই। কৃপা করিয়া শ্রীগুরুদেব [illegible] মাদৃশ পাপী অপরাধী দুর্জন জীবকেও তাঁহার শ্রীচরণে স্থান লাভ করিবার সুযোগ প্রদান করিয়াছেন। তাই শ্রীগুরুবৈষ্ণবপাদপদ্মে সকাতরে প্রার্থনা,—

আমি ত' পতিত, পতিতপাবন,
তোমার পবিত্র নাম।
সে সম্বন্ধ ধরি, তোমার চরণে,
শরণ লইনু হাম॥
অতি অপরাধী আমি, পরম দয়ালু তুমি,
তাই দয়া কর অবিরাম।
যে যত পতিত হয়, তব দয়া তত তায়,
তাতে আমি সুযোগ্য দয়ার॥

হরিকথা-প্রসঙ্গ

——::(০)::——

সাধুসঙ্গ হয় নাই না বলিলে হরিনাম হইবে না। সাধু শ্রীনামের [illegible]। [illegible] সাধুকে [illegible] গেলে সাধুসঙ্গ [illegible] অবশ্য হইবেই। আমাদিগকে positive programme-এর দিকে বিশেষ লক্ষ্য রাখিতে হইবে। তাই বলিয়া negative aspect বাদ দিলে চলিবে না। সৎসঙ্গগ্রহণের মূল। তবে অসৎসঙ্গ ত্যাগ করিয়া সৎসঙ্গ গ্রহণ করা হয়। বিষয় প্রবেশে [illegible] সৎসঙ্গগ্রহণের ইচ্ছা। সৎসঙ্গ না হইলে বস্তু [illegible] ইচ্ছা হইলেই [illegible]। [illegible] করিবার জন্য [illegible] উচিত হয়। [illegible] স্পৃহা সম্পূর্ণ দূরীভূত হইবে। [illegible] না করিয়া [illegible] থাকে না। [illegible] প্রবেশ করিব।

হরিকথা শ্রবণের সময় সাধুসঙ্গ হয়। কিন্তু হরিকথাশ্রবণের সময় যদি নিদ্রা, আলস্য, অন্যমনস্কতা বা বিক্ষেপ উপস্থিত হয়, তাহা হইলে সাধুসঙ্গ ত' হয়ই না, পরন্তু সাধুর চরণে এবং হরিকথার চরণে অপরাধ হইয়া থাকে। যদি পূর্বজন্মে মহতের চরণে অপরাধ করার ফলে আমাদের ঐরূপ ভাব উপস্থিত হয়, তাহা হইলে আর এক মুহূর্তও নষ্ট না করিয়া যাহাতে ঐ অপরাধের ফল হইতে উদ্ধার পাই, তজ্জন্য অকপটে সাধুর চরণে কৃপা প্রার্থনা করিতে হইবে। এখন যদি সাবধান না হই, ঐরূপ দোষকে প্রশ্রয় দিয়া তৎপ্রতি উদাসীন হই, তাহা হইলে হয় [illegible] নিশ্চয়ই [illegible]। [illegible] একমাত্র পথ শ্রবণ। সেই শ্রবণের [illegible] তখন তাহা [illegible] আর কি থাকিতে পারে? শ্রবণ আমার প্রভু। [illegible] যদি ঘুম আসিয়া যায়, তাহা হইলে আমি কতটা জড়বৎ পাষাণ হইয়াছি, তাহা কি একবারও চিন্তা করিব না? বৈষ্ণবগণ [illegible] কি আমার হরিকথার [illegible] জন্য [illegible] থাকিবে না? আমি কি [illegible] তাঁহাদিগকে [illegible], হরি-[illegible] কোন কথাই কাহারও [illegible] দিব না? [illegible]

[illegible]

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীঅনন্তবাসুদেব ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ

১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার

কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৫১১৫

সেবক—শ্রীঅবনীকৃষ্ণ দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীপ্রভাবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীচৈতন্য ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীবনওয়ারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর নদীয়া

সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

কাজির সমাধি পাট

পুরাতন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

সেবক—শ্রীমহৎকৃপা ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)

সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জান্নগর (বর্দ্ধমান)

সেবক—শ্রীপরমানন্দ ব্রহ্মচারী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর নদীয়া

সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ

গৌরপুর, নদীয়া

সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ

মাউগাছি (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর, নদীয়া

সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)

সেবক—শ্রীধামদাস দাসাধিকারী

মহেশ পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠালয়

সেবক—শ্রীনৃসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ

চব্বিশপরগণা

সেবক—শ্রীনরেন্দ্রনাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ

নারায়ণগঞ্জ, পোঃ ওয়ারি, ঢাকা।

সেবক—গৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীউর মঠ

পোঃ কমলাপুর, ঢাকা

সেবক—শ্রীনন্দলাল ব্রজবাসী

গদাই-গৌরাঙ্গমঠ

পোঃ বালিয়াটী (ঢাকা)

সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ

নূতনবাজার, পোঃ ময়মনসিংহ

সেবক—শ্রীশিবদর্শনবিগ্রহ বিদ্যারত্ন বি এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া, আসাম

সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাশাংবিল্ডিং, দার্জ্জিলিং

সেবক—শ্রীকৃষ্ণজন দাসাধিকারী

সারস্বত গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি

সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ

পোঃ মিঠাপুর, পাটনা

সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

সেবক—শ্রীসত্যলোক ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ

৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি

সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ গৌড়ীয়মঠ, এলাহাবাদ

সেবক—শ্রীরাধাবলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা।

সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীরূপচৈতন্যমঠ

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

সেবক—শ্রীমনোহর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড মথুরা

সেবক—শ্রীপাবকানলদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ

সেবক—শ্রীকৃষ্ণশরণ দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী

সেবক—শ্রীনিত্যানন্দ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়

গোবর্দ্ধন, মথুরা

সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ

বর্ষাণ মথুরা।

সেবক—শ্রীরাধাশরণ দাস

গোষ্ঠবিহারী মঠ

শেখুপুরা

পোঃ ভোড়াল, জেলা গুর্গাঁও (পাঞ্জাব)

সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল (পঞ্জাব)

সেবক—শ্রীআনন্দলিলা ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ

৪৫নং হনুমান রোড, নিউ দিল্লী

সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং,

বোম্বে নং ২৬

সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ

সেবক—শ্রীবংশীবদন দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ

পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ

সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)

সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম

(ভগবৎ কৃপাভিবর্দ্ধক)

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী

সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম

(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)

পুরী

সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভ ব্রহ্মচারী

ভক্তিকুটী

স্বর্গদ্বার

সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লালাকুটী

সেবক—শ্রীবদনচন্দ্র দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর পুরী

সেবক—শ্রীদয়ানাথ ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ

বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা

সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

সেবক—শ্রীরামকমল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ

চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম

পোঃ রাণীবাঁধ (বর্দ্ধমান)

সেবক—শ্রীহরিবন্ধু ব্রহ্মচারী

চৈতন্য-গৌড়ীয়মঠ

ডুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)

সেবক—শ্রীজগদীশ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ

৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ

সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ

৪৪ ল্যাঙ্কেষ্টার রোড, হাইড্ গ্রীন

লণ্ডন, এন্ ৪

সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,

কলিকাতা।

সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস

পরমেশ্বরী দয়াল বিল্ডিং

লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি

সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠালয়

নন্দনকানন, চট্টগ্রাম

সেবক—শ্রীঅভয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস

বহরমপুর (গঞ্জাম)

সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,

শ্রীমায়াপুর (নদীয়া)

সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,

নিমসার (ইউ, পি)

সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন

সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীকেদারচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

সেবক—শ্রীযতিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য

চিকিৎসালয়

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	॥০	।৶০	।৶০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	॥১	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬৲	৪॥০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধ কলম ২৪৲	১৮৲
" এক কলম ৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৴৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ গ্রেষণাপূর্ণ ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চার্টের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান — শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মধুয়া প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণকে সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিতেছেন, তাহা এই গ্রন্থে অতি সরল ভাষায় বহু [illegible] সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও অক্ষরগুলি অতি মনোরম। এই গ্রন্থের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ।৷০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান — মধুয়া প্রিন্টিং ওয়ার্কস্ পোঃ ওয়ারী নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ টীকা পদ্যানুবাদসহ মাত্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও অভিজ্ঞতাসম্পন্ন। [illegible] ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে [illegible] শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ১ম শ্রেণী মাত্র ৮।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ [illegible] ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯২৯ এবং ১৯৩০ সালে পর পর দুই বৎসর দুইটী ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবনচরিত, শিক্ষা ও [illegible] অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব [illegible] গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ টাকা।

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর শ্রীমহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবেশিত হইয়াছে। [illegible] তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান —

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীগীতার [illegible] শ্রীপাদ [illegible] ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, [illegible] মহোদয় তাঁহার [illegible] এই অপূর্ব [illegible] প্রকাশিত [illegible] পাঠ করিলে [illegible] অলৌকিক আনন্দ ও [illegible] আছে, তাহা [illegible] অধ্যায়ের কথামাত্র, প্রত্যেক অধ্যায়ের [illegible] প্রত্যেক শ্লোকের [illegible] শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী [illegible] শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা ও টীকার সরল ব্যাখ্যা, মূল-[illegible] প্রভৃতি এই বিষয় এই সংস্করণে যে [illegible] পাওয়া যায় [illegible] পড়ুয়া লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠার এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর নদীয়া।

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থ-সমূহের একত্র সমাবেশ ৬৮ গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া সজ্জন সাধুগণই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই. বি রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

শনিবার ব্যতীত

শনিবার অন্য দিন

কলিকাতা ছাঃ	৪ ৫৬	৬-২১	৭-১৪	১০-১৬	১৫-১০	১৬-২৬	১৭ ৫৬	২২ ২৬
দমদম	৪-৫৮	৬ ৩৩	৭ ২৮	১৩ ২৯	...		১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯ ১৮	১৪ ৫০	১৬ ৪৮	১৮-৩১	১৯ ৩৩	০-৫
(বদল) ছাঃ	....		৯-০৯		..		.	
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৯	৮ ৪০	১০-৬	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০ ২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-৬	১৪ ৫০	১৭-৪০		২০-৩০		
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১৫-২৫	১৮-১৫		২১ ৫		
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫ ৩৩	১৮-২৩		২১-১৩		

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম "	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
" ছাঃ	১২ ৫৬
শান্তিপুর পৌঃ	১৩ ২৪
(বদল) ছাঃ	১৩ ৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩৩

ডাউন

শনিবার ব্যতীত

অন্য দিন শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪	৯-১২			১৬ ৩	১৬ ৩১	১৮ ৩৮	
মহেশগঞ্জ "	৬-২৩	৯-২১			১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৭	৯-৫৫			১৬-৪৬	১৭-১৪	১৯-২১	
(বদল) ছাঃ	৫-৩১	৭-১০	৮-৫৯	১১-২৬	১৫-৪	১৬ ৫৯	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪ ১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৪৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	......	. .	...		১৫-৫৬	১৭-৪২	...	...
দমদম			১১-৪		১৭-৩৬	১৯ ৯	২১ ২৬	২২ ৫৮
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬	২১-৪০	২৩ ১৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪-১
মহেশগঞ্জ "	১৪ ১০
কৃষ্ণনগর পৌঃ	১৫-৪৪
ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

২। ভাগবত -তিরুপতির একমাত্র পারমার্থিক মাসিক পত্র। গয়া শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয় - পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর ভাগবতার্ক বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত সম্প্রদেশ তথা বিদেশের প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনীষী সজ্জনবৃন্দের যে সমস্ত পারস্পরিক কথোপকথন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসমূহ সংগ্রহপূর্ব্বক এই গ্রন্থে প্রকাশিত হইল। শ্রীশ্রীরূপ রঘুনাথানুগ শুদ্ধভক্তিসিদ্ধান্তপালনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের শিক্ষাসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই সংগ্রহণীয়।

ভিক্ষা— ৮০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখানহইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় সুস্থ পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি উত্তরোত্তর অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয়। ছোট বোতল ।৶০ দশ আনা, বড় বোতল ১৷০ আঠার আনা। প্যাকিং খরচ স্বতন্ত্র।

—১১নং ইন্টালিজি রোড, কলিকাতা;
বেহালা, ২৪ পরগণা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

Regd. No. C. 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুলপ্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

সভাষ্য কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত অমূল্য কল্যাণকল্পতরু-গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃত ভাষ্য-সহ সম্প্রতি প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৷৹ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ২২ মধুসূদন, গৌরাব্দ ৪৫৫ ; ২০শে বৈশাখ, বঙ্গাব্দ ১৩৪৮, ৩রা মে, ইং ১৯৪১, শনিবার { ৪৭-৪৮তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২২ মধুসূদন, অব্যয় ক্ষীরোদশায়ী গৌরাব্দ ৪৫৫

শ্রীগুরুতত্ত্ব

আমরা শ্রীগুরুতত্ত্বের কথা, শ্রীনামের মহিমার কথা, শ্রীধামের মাহাত্ম্যের কথা সাধুমুখে কতবার যে শ্রবণ করিলাম তাহার ইয়ত্তা নাই, কিন্তু এত শুনিয়াও কিছুতেই তাহা সুষ্ঠুভাবে বুঝিতে পারিলাম না। এমনি আমাদের দুর্দ্দৈব। শ্রীগুরুপাদপদ্মে শ্রদ্ধা, নির্ভরতা বা শরণাগতির অভাবই এই দুর্দ্দৈবের মূল কারণ। ভাগ্য থাকিলেই শ্রবণীয় বস্তুর বিষয় উপলব্ধি হয়। উপলব্ধিরহিত শ্রবণে কোন লাভ নাই। উপলব্ধিহীন শ্রবণকে শ্রবণ বলে না। শ্রবণের পর দর্শন বা সাক্ষাৎকার, তাহার পর সেবা। যতদিন আমাদের অপরাধ আছে ততদিন শ্রবণ হয় না। প্রকৃত গুরুভক্তের সঙ্গ না হওয়াতেই বা তাঁহাদের কথায় মনোযোগ না দেওয়াতেই এত শ্রবণ করিয়াও আজ গুরুতত্ত্বের কথা কিছুই উপলব্ধি হইতেছে না।

সংসারের পার হই' ভক্তির সাগরে।
যে ডুবিবে সে ভজুক নিতাইচাঁদেরে॥

সংসার-সমুদ্র পার হইতে হইলে গুরু-কর্ণধারের আশ্রয় গ্রহণ করিতেই হইবে। তত্ত্বজ্ঞান লাভ না হওয়া পর্য্যন্ত শ্রীগুরুচরণাশ্রয় সুষ্ঠুরূপে হয় না। শ্রীগুরুতত্ত্ব হৃদয়ঙ্গম না হইলে জীবের মঙ্গল হয় না। শ্রীগুরুপাদপদ্মের আশ্রয়লাভই একমাত্র মঙ্গল। যদি আশ্রিতের আশ্রয়ই নির্দ্ধারিত না হয়, তাহা হইলে মঙ্গল হইবে কি করিয়া? যিনি একমাত্র রক্ষক, একমাত্র পালক, একমাত্র উদ্ধারকর্ত্তা, তাঁহাকে যদি সেইরূপভাবে না জানা যায়, তাহা হইলে কি প্রকৃত প্রস্তাবে তাঁহার আশ্রয় লওয়া যাইবে? ইহাই জীবের জীবন-মরণ সমস্যা। তিনি যাহা তাঁহাকে ঠিক সেইভাবে জানিয়া আশ্রয় করিলে আর মৃত্যু বলিয়া কোন ভয় থাকিবে না, আর যদি তাহা না হয়, তাহা হইলে ত' মৃত্যু পদে পদেই। তাই পতিতপাবন শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বলিয়াছেন,—

শ্রীমুকুন্দ-প্রিয়জন, গুরুদেবে জান মন,
তোমা লাগি' পতিতপাবন॥
জগতে প্রকট তাই, তাঁহা বিনা গতি নাই
যদি চাহ আপন কুশল।
তাঁহার চরণে ধরি' তদাদেশ সদা স্মরি'
এ ভকতিবিনোদে দেহ' বল॥

গুরুতত্ত্বের জ্ঞান লাভ হওয়া একান্ত প্রয়োজন। এই তত্ত্বজ্ঞানাভাবেই আমাদের হরিভজন হইতেছে না। কারণ হরিভজনের মূলেই শ্রীগুরুপাদপদ্ম। যদি তাহাতেই ভ্রান্তি থাকিয়া যায় তাহা হইলে কোনদিনই মঙ্গলের সম্ভাবনা নাই। গুরুপাদপদ্ম ছাড়া ত' হরিভজন হইতেই পারে না। গুরুদর্শন না হওয়ার জন্যই নিজের স্বরূপদর্শন হইতেছে না। যেদিন শ্রীগুরুপাদপদ্মকে কৃষ্ণপ্রেষ্ঠ বলিয়া জানিতে পারিব—যেদিন তাঁহাকে আমার উদ্ধারকর্ত্তা পতিতপাবনশিরোমণি বলিয়া উপলব্ধি করিতে পারিব, সেইদিনই পতিত আমার পাতিত্য অনুভব হইবে—সেইদিনই তৃণাদপি সুনীচ, তরু অপেক্ষা সহিষ্ণু ও অমানি-মানদধর্ম্মে দীক্ষিত হইতে পারিব। গুরুদর্শনের ফল নিজেকে অতি দীন কাঙ্গাল বলিয়া উপলব্ধি। যেখানে একান্তিত্ব বোধ—'হে গুরুদেব, তুমি ব্যতীত এ জগতে আমার বলিতে আর কেহ নাই'—এই উপলব্ধি মর্ম্মে মর্ম্মে হইয়াছে, সেখানেই গুরুদর্শন—গুরুপাদাশ্রয়। যেখানে গুরু-পাদপদ্মে আত্মবোধ, সেখানেই ইতরবস্তুতে অনাস্থা অনিত্য বা পরবোধ।

শ্রীগুরুদেব— পতিতপাবন। পতিত-পাবনহেতু তাঁহার অবতার। শ্রীগুরুদেব—সেবকভগবান্। তিনি দীক্ষা ও শিক্ষাগুরু-ভেদে জীবকে কৃষ্ণভজন শিক্ষা দেন। তিনি আচার্য্যলীল। আচরণ করিয়া জীবকে কৃষ্ণভজন শিক্ষা দেন বলিয়া তিনি আচার্য্য। ভগবান্ নিজেই গুরুরূপে আসিয়া নিজের সেবা শিক্ষা প্রদান করেন। শ্রীচৈতন্য-চরিতামৃতে শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু বলিয়াছেন,—

যদ্যপি আমার গুরু চৈতন্যের দাস।
তথাপি জানিয়ে আমি তাঁহার প্রকাশ॥
গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে।
গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে॥
শিক্ষাগুরুকে ত' জানি কৃষ্ণের স্বরূপ।
অন্তর্য্যামী, ভক্তশ্রেষ্ঠ—এই দুই রূপ॥

শিষ্যের নিকট শ্রীগুরুদেব কৃষ্ণের প্রকাশ-স্বরূপ বলদেবাভিন্ন শ্রীনিত্যানন্দতত্ত্ব। শ্রীমদ্-ভাগবতও বলেন যে,—"শ্রীকৃষ্ণ গুরুরূপে তাঁহার আশ্রিতগণকে কৃপা করিয়া থাকেন।" গীতায়ও বলিয়াছেন যে,—"হে উদ্ধব, গুরুদেবকে মৎস্বরূপ বা মদীয়প্রেষ্ঠ বলিয়া জানিবে। কখনও জন্ম-মরণশীল মনুষ্য মনে করিয়া অবমাননা বা প্রাকৃত জ্ঞান করিবে না।" শ্রীকৃষ্ণই অন্তর্য্যামী অর্থাৎ চৈত্ত্য শিক্ষাগুরু এবং ভক্তশ্রেষ্ঠ অর্থাৎ মহান্ত শিক্ষাগুরু। বদ্ধজীবের সহিত কৃষ্ণের সাক্ষাৎকার হয় না। ভজনশুষ্ট কৃষ্ণ জীবের হৃদয়ে চৈত্ত্যগুরু-রূপে প্রেরণা দান করেন। ভগবানের সহিত সততযুক্ত হইয়া প্রীতিপূর্ব্বক ভজন করিতে থাকিলে ভগবান্ই বুদ্ধিযোগ প্রদান করেন। সততযুক্ত কৃপাকাঙ্গালই ভগবানের কৃপা পান। তাঁহারাই ভগবানের কৃপায় সমস্ত বুঝিতে পারেন। তত্ত্ববস্তু—ভগবান্। তাঁহাকে কেহ জানিয়া বা বুঝিয়া লইতে পারেন না। তাঁহার উপর কাহারও হাত নাই। প্রীতিপূর্ব্বক তাঁহার সেবোন্মুখ হইলেই সমস্ত অনর্থ নিবৃত্ত হয়—স্বরূপ উপলব্ধির বিষয় হয় এবং সেবার প্রেরণা লাভ হয়। যদি গুরু কৃপা-ভাণ্ডারের সহিত সংযোগ থাকে, তাহা হইলেই জীবের সেবা-প্রবৃত্তির উন্মেষ দিন দিন বর্দ্ধিত হইবে।

শ্রীগুরুপাদপদ্ম শ্রীকৃষ্ণের সহিত প্রকৃত-পক্ষে নিত্যসেব্য-সেবকভাবরহিত হইয়া ব্রজেন্দ্রনন্দনের সহিত অভিন্নতত্ত্ব, এইরূপ নহে। নির্ব্বিশেষ মায়াবাদিগণের বিচারে গুরু ও কৃষ্ণে কোন অংশে ভেদ নাই। কিন্তু বৈষ্ণব-গণ এইরূপ নির্ব্বিশেষবাদের প্রশ্রয় দেন না। শ্রীগুরুপাদপদ্ম সাক্ষাৎ বিষ্ণুতত্ত্ব হইয়াও বৈষ্ণবশ্রেষ্ঠ সেবক-বিগ্রহরূপে জীবের প্রতি দয়া করিবার জন্য এ জগতে অবতীর্ণ। শ্রীগুরু-নিত্যানন্দের কৃপা ব্যতীত গৌরকৃষ্ণের সেবালাভ হয় না। শ্রীগুরুদেবের কৃপাপ্রাপ্ত ভাগ্যবান্ জীবগণই ভগবানের সেবালাভে সমর্থ।

শ্রীগুরুদেবের সহিত শ্রীনিত্যানন্দের লীলাগত বিভিন্নতা থাকিলেও শ্রীগুরুদেব নিত্যানন্দস্বরূপ। তিনি শ্রীগৌরাঙ্গের মনোহভীষ্ট-প্রচারক।

যাবৎ পাপৈস্তু মলিনং হৃদয়ং তাবদেব হি,
ন শাস্ত্রে সত্যবুদ্ধিঃ স্যাৎ সদ্বুদ্ধিঃ
সদ্গুরৌ তথা।
অনেকজন্মজনিতপুণ্যরাশিফলং মহৎ।
সৎসঙ্গ-শাস্ত্রশ্রবণাদেব প্রেমাদি জায়তে॥

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু-অন্তর্য্যামিরূপে শিখান আপনে॥

যে কাল পর্য্যন্ত হৃদয় ভোগবাসনারূপ পাপরাশিতে মলিন থাকে, সে কাল পর্য্যন্ত শাস্ত্র সদ্বুদ্ধি এবং সদ্গুরুকৃত সদ্বুদ্ধি সম্যগ্‌রূপে উদিত হয় না। অনেক জন্মের সাধুগুরুবৈষ্ণবসেবারূপ সুকৃতিফলেই সৎসঙ্গ এবং সাধুমুখে শাস্ত্রশ্রবণ করিতে করিতে প্রেম লাভ হয়।

শ্রীগুরুদেব নাম প্রেম-প্রদাতা ও শ্রীনাম-মন্ত্র-প্রচারকারী। জীবগণকে মায়ার হাত হইতে উদ্ধার করিয়া ভগবৎসেবায় নিযুক্ত করাই তাঁহার কার্য্য। মাদৃশ পতিত জীব-গণের উদ্ধারকর্তা বলিয়াই তিনি পতিত-পাবন। এই কৃষ্ণার্চক বা কৃপাশ্রেষ্ঠ শ্রীগুরুদেব ব্যতীত অপর যুগধর্ম্ম-প্রবর্তন করিতে পারেন না। এই শ্রীগুরুপাদপদ্ম সেবক হন, তাহা তাঁহার চিত্তবৃত্তির সহিত নিজ চিত্তবৃত্তির মিল হইলেই জানা যাইবে। তাঁহার অন্তরে প্রবেশ লাভ হইলেই তাঁহার বিষয় পূর্ণ আত্মজ্ঞান হয়। শ্রীগুরুদেব — অপ্রাকৃত—অপ্রাকৃত বস্তু। নিষ্কপট সেবোন্মুখের চিত্তে তিনি স্বতঃই প্রকাশিত হন। তিনি দয়া করিয়া তাঁহার স্বরূপ আমাদিগকে না জানাইলে আমরা কিছুই বুঝিয়া উঠিতে পারি না। 'কে তাঁ'রে জানিতে পারে যদি না জানায়।' স্বতঃপ্রকাশ শ্রীগুরুদেবের চরণে যদি প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবাবৃত্তি-সহকারে কৃপাপ্রার্থী হইতে পারি, তাহা হইলে কৃপাময় গুরুদেব নিশ্চয়ই তাঁহার স্বরূপ আমাদিগকে জানাইয়া দিবেন। শরণাগতিই তাঁহাকে জানিবার একমাত্র উপায়। অনুগত, প্রপন্ন, শরণাগতের নিকট শ্রীগুরুপাদপদ্ম আত্মগোপন করেন না। শ্রীগুরুপাদপদ্ম তাঁহার সর্ব্বতন্ত্র-স্বতন্ত্রতা অনুগত ভৃত্যের উপরই পরিচালনা করেন, তাঁহাদিগকেই তাড়ন-ভৎর্সন করেন, তাহাতে তাঁহারই সুখ।

সকল সাধনের সার শ্রীগুরুপাদপদ্মে আত্মবোধ। তাঁহাতে আত্মবোধ, মমত্ব-বোধের অভাব হলে কোটি কোটি সাধনেও কিছুই হইবে না। সাধনের উদ্দেশ্য শ্রীগুরু-পাদপদ্মের ভৃত্যত্বে প্রতিষ্ঠিত হওয়া। তাহা হইলে সকল অভাব-অসুবিধার অবসান হইবে। যাঁহার বিন্দুমাত্রও কোন যোগ্যতা নাই, তথাপি যদি তিনি নিজেকে শ্রীগুরুপাদ-পদ্মের নগণ্য তুচ্ছ কিঙ্কর বলিয়া জানিতে পারেন, তবে তাঁহার মঙ্গললাভ হইবেই। আমি অযোগ্য হইলেও পিতারই ত' পুত্র, এই জ্ঞান সৎপুত্রমাত্রেরই থাকে। সেইরূপ ভজন-রাজ্যেও গুরুপিতার সহিত প্রত্যেকের এইরূপ সম্বন্ধজ্ঞান হওয়া প্রয়োজন। 'হে গুরুদেব, আমি অযোগ্য হইলেও ত' তোমারই, তাই তোমার কৃপা চাই। আমাকে কৃপা করিতেই হইবে।'

তাই ভাবিতেছি, এরূপ দীনতা আমার কবে আসিবে? কবে তাঁহাদিগকে একমাত্র প্রাণের বন্ধু জানিয়া তাঁহাদের শ্রীচরণের অনুক্ষণ কৃপাভিখারী হইতে পারিব? 'হে প্রভো! তুমি ছাড়া আর আমার কেহ নাই। তোমার কৃপা ব্যতীত আর আমি বাঁচিব না।' কবে এই উপলব্ধি লাভ করিয়া বসিয়া শুইয়া তাঁহার শ্রীপাদপদ্মচিন্তা করিতে পারিব? সেদিন আমার কবে হইবে?

গুরুদেব!
কবে হেন কৃপা, লভিয়া এ জন,
কৃতার্থ হইবে নাথ।
শক্তিবুদ্ধিহীন, আমি অতি দীন,
কর মোরে আত্মসাৎ॥

সাত্বত-সম্প্রদায়

——::(*)::——

"সম্প্রদায়বিহীনা যে মন্ত্রাস্তে বিফলা মতাঃ।
অতঃ কলৌ ভবিষ্যন্তি চত্বারঃ সম্প্রদায়িনঃ॥
শ্রীব্রহ্মরুদ্রসনকা বৈষ্ণবাঃ ক্ষিতিপাবনাঃ।
চত্বারস্তে কলৌ ভাব্যা হ্যুৎকলে পুরুষোত্তমাৎ॥
রামানুজং শ্রীঃ স্বীচক্রে মধ্বাচার্য্যং চতুর্ম্মুখঃ।
শ্রীবিষ্ণুস্বামিনং রুদ্রো নিম্বাদিত্যং চতুঃসনঃ॥

বেদান্ত-সূত্রকার ব্রহ্ম-নারদ-শিষ্য শ্রীব্যাসদেব পদ্মপুরাণে বলিয়াছেন, সৎ-সম্প্রদায়বিহীন মন্ত্রসমূহ কখনই সিদ্ধিপ্রদ হয় না। এই হেতু সনাতন-ধর্ম্ম-ধর্ম্মি-পুরুষোত্তম শ্রীবিষ্ণুর ইচ্ছায় কলিকালে চারিটী সম্প্রদায়-প্রবর্ত্তক মূল আচার্য্যের আবির্ভাব হইবে। 'কলি' শব্দের অর্থ—'বিবাদ' বা 'তর্ক'। কলিকালে তর্কপন্থারই বাহুল্য দৃষ্ট হয় এবং শ্রৌতপন্থায় নিতান্ত অনাদর পরিলক্ষিত হইয়া থাকে। বৌদ্ধবাদ, প্রকৃতি-লয়বাদ বা প্রচ্ছন্ন-বৌদ্ধ বা প্রচ্ছন্ন প্রকৃতি-লয়বাদরূপ মায়াবাদ অবৈধরূপে 'শ্রৌতপন্থা' বলিয়া দাবী করিলেও উহা সূক্ষ্মবিচারে তর্কপন্থা ব্যতীত আর কিছুই নহে। এই তর্কপন্থার কবল হইতে জীবকুলকে রক্ষা করিয়া শ্রৌতপন্থার প্রবর্ত্তিত করিবার জন্য শ্রী-ব্রহ্ম-রুদ্র-চতুঃসন—এই চারিটী সাম্প্রদায়িক মূল হইতে কলিকালে ভুবন-পাবন সাত্বত আচার্য্যচতুষ্টয় উৎকল দেশে শ্রীপুরুষোত্তমক্ষেত্র উদিত হইবেন। শ্রীমন্মধ্বেও পারিচিত হইলেও শ্রীগৌরসুন্দর এই সম্প্রদায়চতুষ্টয়ের সেবাপ্রণালী অনুমোদন করিয়া তাঁহাদের শুদ্ধভজনপ্রণালীই তাঁহার আশ্রিত জনে পুরুষোত্তমে কীর্ত্তন করিয়াছেন। সম্প্রদায়ের পরিচয় ব্যতীত মন্ত্রসিদ্ধির সম্ভাবনা নাই। আনদিষ্ট অভিমানে জীব সর্ব্বদাই চঞ্চলমতি। চঞ্চলমতি ব্যক্তি একা ব্যবসায়াত্মক বুদ্ধিলাভ করিবার পরিবর্ত্তে বহুশাখাবলম্বী অব্যবসায়ী। এইরূপ ব্যক্তি অপস্বার্থসিদ্ধির জন্য যাবতীয় মনোধর্ম্মোত্থ মত সমভাবে সমর্থন করিতে গিয়া চিজ্জড়-সমন্বয়বাদী ও কার্য্যতঃ মনঃকল্পিত সঙ্কীর্ণ সম্প্রদায়ের সাম্প্রদায়িক হইয়া পড়ে। নির্ব্বিশেষবাদিগণের মধ্যে বিশ্বজনীন অসাম্প্রদায়িকতার মাহাত্ম্য শুনা গেলেও তাহা সাম্প্রদায়িকতার হেয়াংশের পরিচয়মাত্র। সম্প্রদায়ের বিরোধিগণ সম্প্রদায়ের বিরুদ্ধ একটী মত লইয়া আপনাদিগকে অসাম্প্রদায়িক মনে করেন; ফলতঃ সেই মতবাদ লইয়া তাঁহারা একটী নূতন সম্প্রদায় সৃষ্টি করিয়া ফেলেন। গম্ভীরভাবে বিচার করিলে উদারতার নামে অসাম্প্রদায়িক মত অর্থাৎ যথেচ্ছাচারিতা বা আনুগত্য-রাহিত্যের পক্ষপাতী ব্যক্তিগণকে স্থূলবুদ্ধি বলিয়াই স্থির করা যাইতে পারে। সৎ-সম্প্রদায়-স্বীকার জীবের একটী স্বাভাবিক ধর্ম্ম। যাঁহারা সৎসম্প্রদায় স্বীকার করিতে অনিচ্ছুক, তাঁহারা হয় নিজদিগকে 'পরমমুক্ত', নয় 'পরমবদ্ধ' বলিয়া স্বীকার করিতে বাধ্য হইবেন।' কিন্তু পরম-মুক্তগণও লোকশিক্ষাকল্পে আপনাদিগকে সৎসম্প্রদায়ের অনুগত বলিয়া পরিচয় প্রদান করিয়াছেন। উদারতার নামে সৎসম্প্রদায়-স্বীকারে বীতস্পৃহার আদর্শ বালকের গুরু-মহাশয়ের শাসন বা পিতামাতার প্রদর্শিত পন্থা আপাততঃ দুঃখদায়কজ্ঞানে পরিত্যাগ করিয়া আপাতসুখদায়িনী, পরিণামে অমঙ্গলপ্রসূতি স্বতন্ত্রতা বা উচ্ছৃঙ্খলতার বরণমাত্র। সরল, বুদ্ধিমান্, আত্মমঙ্গলেচ্ছু ব্যক্তিগণ সৎসম্প্রদায়ে প্রবেশপূর্ব্বক তাহা সকলের নিকট স্বীকার করেন, আর অসরল, অদূরদর্শী, বিতর্কপ্রিয় ব্যক্তিগণ স্বরূপতঃ সাত্বতসিদ্ধান্তবিরোধী একটী সঙ্কীর্ণ সম্প্রদায় নির্ম্মাণ করিয়াও লোকের নিকট আপনাদিগকে অসাম্প্রদায়িক বলিয়া পরিচয় দিয়া থাকেন। তদ্দ্বারা তাঁহারা কেবল আত্মবঞ্চনারূপ মন্দ ফল লাভ করেন।

ইতিহাস আলোচনা করিলে জানা যাইবে যে, এই ধর্ম্মক্ষেত্র ভারতবর্ষে কখনই সৎসম্প্রদায়বিরুদ্ধ মত আশ্রয়পূর্ব্বক কেহ আত্মমঙ্গল লাভ করিতে পারেন নাই। পাশ্চাত্য পণ্ডিতগণের সহিত যে অবধি ভারতের সংস্রব হইয়াছে, সেই সময় হইতেই কোন কোন লোক সম্প্রদায়বিরোধী হইয়া পড়িয়াছেন। পাশ্চাত্য পণ্ডিতমণ্ডলী যখন শ্রৌতপন্থার আনুগত্য-ত্যাগরূপ স্বতন্ত্রতার অপব্যবহার—যাহা স্বরূপবিভ্রান্ত জীবের স্বভাব বলিয়া আপাতপ্রীতিকর—সংকল্প কোন বৃত্তিকেই 'উদারতা' বলিয়া প্রচার করিয়াছেন, তখন সেই নিষ্ঠাটী বহির্ম্মুখ জীবকোটির অনেকেই যুক্তিযুক্ত বলিয়া গ্রহণ-পূর্ব্বক উচ্ছৃঙ্খলতা ও মনোধর্ম্ম সমর্থনের একটী বেশ উপায় করিয়া লইয়াছেন। কিন্তু এইরূপ বিচার নির্ব্বিশেষবাদিগণ—যাহারা জীব, জগৎ, ভগবান্, পরিকর, ধাম প্রভৃতির পারমার্থিক সত্যত্ব স্বীকার করেন না অর্থাৎ চরমে সকলেরই নির্ব্বিশেষ পরিণাম বিচার করেন, তাঁহাদের পক্ষে উপযোগী হইলেও যাঁহারা জীব, জগৎ, ভক্তি, ভক্ত ও ভগবানের নিত্য সত্যত্ব স্বীকার করেন, তাঁহারা কখনই গ্রহণ করিবেন না। তাঁহারা বেদান্ত-সূত্রকার ও তদকৃত্রিম ভাষ্যকারের সিদ্ধান্তই গ্রহণ করিবেন।

আদিগুরু লক্ষ্মী, ব্রহ্মা, রুদ্র ও চতুঃসন—এই চারিজনের অবলম্বনেই কলিকালে সৎ-সম্প্রদায় প্রবর্ত্তিত হইয়াছে। কলিকালে চারিজন শুদ্ধ সনাতন-ধর্ম্ম-প্রবর্ত্তক মূল আচার্য্য। এই চারিজন মূল প্রবর্ত্তকের সাত্বত-মত বিস্তার করিয়াছেন। শ্রীক্ষেত্রে শ্রীপুরুষোত্তমদেবের আশ্রয়ে সাম্প্রদায়িক আচার্য্যচতুষ্টয়ের চরম মীমাংসা শ্রীগৌর-সুন্দরের আশ্রিতজনই জগতে প্রচার করিয়া-ছেন। পুরীধামে এই চারি সম্প্রদায়ের নিজ নিজ মঠসমূহ শতবৎসর পূর্ব্ব পর্য্যন্ত অধিষ্ঠিত থাকিয়া কালে কালে স্ব স্ব সাম্প্রদায়িক-বৈভব জনসমাজে বিস্তার ও জীবসমূহকে বিষ্ণু-সেবারূপ নিত্যধর্ম্মে নিযুক্ত করিলেও শ্রীগৌর-সুন্দরই তাঁহাদের সম্পূর্ণ বৈজ্ঞানিক সার-সিদ্ধান্ত আশ্রিত জনগণে প্রচার করিয়াছেন।

শ্রীরুদ্র শ্রীবিষ্ণুস্বামীকে, শ্রীসনক-সনাতন-সনন্দন-সনৎকুমার শ্রীনিম্বার্ক-স্বামীকে, শ্রীলক্ষ্মী-দেবী শ্রীরামানুজ-স্বামীকে এবং চতুর্ম্মুখ ব্রহ্মা শ্রীমধ্বস্বামীকে কলিকালে স্ব-স্ব সম্প্রদায়ের প্রবর্ত্তকরূপে অঙ্গীকার করিয়াছেন।

মূলসম্প্রদায়-প্রবর্ত্তকগণের অভ্যুদয়ের কালবিচারে সর্ব্বপ্রথম নিত্য বিষ্ণুসঙ্গিনী লক্ষ্মী, তৎপরে গর্ভোদশায়ী মহাবিষ্ণুর নাভি-কমলোদ্ভূত ব্রহ্মা, দ্বিতীয় মহাবিষ্ণু হইতে রুদ্র ও ব্রহ্মার মানসপুত্র চতুঃসনের অভ্যুদয় দৃষ্ট হইলেও মূলাচার্য্যগণের কালবিচারে সর্ব্ব-প্রথমে বিষ্ণুস্বামী, তৎপরে শ্রীনিম্বাদিত্য, তৎপরে শ্রীরামানুজ এবং তৎপরে শ্রীমধ্বের আবির্ভাবকাল পরিলক্ষিত হয়। বঙ্গদেশে এই সাম্প্রদায়িক আচার্য্যচতুষ্টয়ের সম্বন্ধে খুব কম লোকই খবর রাখেন, এমন কি, যাঁহারা বর্ত্তমানে বঙ্গদেশের সর্ব্বশ্রেষ্ঠ প্রত্নতত্ত্ববিৎ ও গবেষণানিপুণ বলিয়া লব্ধপ্রতিষ্ঠ, তাঁহারা পর্য্যন্ত বৈষ্ণবাচার্য্যচতুষ্টয়ের মতের বিচার দূরে থাকুক, কোন্ আচার্য্য কোন্ মত প্রচার করিয়াছেন, তাহার নামটীমাত্র বলিতে গিয়া যে সকল ভ্রম করেন, তাহা পাঠ করিলে বঙ্গদেশের গবেষণানিপুণ ব্যক্তিগণের গবেষণার শৈথিল্যদর্শনে হৃদয়ে বড়ই দুঃখ হয়।

ব্রহ্মার সাতটী বিভিন্ন জন্মে সাত্বতধর্ম্ম পুনঃ পুনঃ প্রচারিত হইয়াছিল। কাল-প্রভাবে সেই শ্রৌতধর্ম্ম ন্যূনাধিক লুপ্ত হইয়া কলিযুগে বিভিন্ন তর্কপন্থার আবাহন করিয়াছে। ব্রহ্মার প্রথম মানসজন্মে শ্রীনারায়ণ হইতে ফেনপগণ সাত্বত-ধর্ম্মের কথা অবগত হন। ফেনপগণ হইতে বৈখানসগণ এবং তাঁহাদের নিকট হইতে চন্দ্র সনাতন বৈষ্ণবধর্ম্মের সত্য লাভ করেন। ব্রহ্মার দ্বিতীয় চাক্ষুষ জন্মে নারায়ণের কৃপাক্রমে ব্রহ্মা ও রুদ্র এবং রুদ্র হইতে বালখিল্যগণ সনাতন বৈষ্ণবধর্ম্মের সত্য

শ্রবণ করিয়া জগতে প্রচার করিয়াছিলেন। ব্রহ্মার তৃতীয় বাচিকজন্মে নারায়ণ হইতে সুপর্ণ ঋগ্বেদের আকারেই লাভ করেন। তৎকালে বায়ু হইতে বিখনাদি-সম্প্রদায় এবং বিখনাসিগণ হইতে মহোদধি ঐকান্তিক ধর্ম্মবিষয়ে অভিজ্ঞতা লাভ করেন। ব্রহ্মার চতুর্থ শ্রবণজন্মে আরণ্যক সহ বেদপাঠে সাত্বতধর্ম্ম প্রচারিত হয়, তৎকালে ব্রহ্মা হইতে স্বারোচিষ মনু, তাঁহা হইতে তাঁহার পুত্র শঙ্খপদ এবং শঙ্খপদের পুত্র সুবর্ণাভ সাত্বতধর্ম্ম শিক্ষা করেন। ব্রহ্মার মানসজন্ম, চাক্ষুষ জন্ম, বাচিক-জন্ম ও শ্রবণজন্ম, এই চারিপ্রকার আবির্ভাবে সত্যযুগে ধর্ম্ম প্রচারিত হইয়াছিল। ব্রহ্মার পঞ্চম নাসত্য জন্মে নারায়ণ হইতে সনৎকুমার ঐকান্তিক ধর্ম্মে প্রবিষ্ট হন। সনৎকুমার হইতে বীরণ, বীরণ হইতে রৈভ্য, রৈভ্য হইতে কুক্ষি ঐকান্তিক ধর্ম্মে প্রবিষ্ট হন। সেই সময়ে ব্রহ্মার ষষ্ঠ অণ্ডজ জন্মে ব্রহ্মা হইতে বর্হিষৎ ও তদগ্রজ অবিকম্পন প্রভৃতি ঐকান্তিক সাত্বত-ধর্ম্মে প্রবিষ্ট হন। ব্রহ্মার ষষ্ঠজন্মেই সর্ব্ব-প্রথমে সামবেদগানের ধ্বনি উদ্গীত হয়। ব্রহ্মার সপ্তম পদ্মজন্মেই নারায়ণ হইতে ব্রহ্মা, ব্রহ্মা হইতে দক্ষ, আদিত্য, বিবস্বান্, মনু ও ইক্ষ্বাকু প্রভৃতি ভাগবতধর্ম্মে অবস্থিত হইয়া প্রসিদ্ধি লাভ করেন। শ্রীসম্প্রদায়—রত্নাকর হইতে উদ্ভূত। রত্নাকর প্রাচীন বিখনাসি-সম্প্রদায় হইতে এবং উক্ত সম্প্রদায় আবার বায়ু হইতে ব্রহ্মার তৃতীয় বাচিক জন্মে প্রকটিত হন। ব্রহ্মসম্প্রদায় ও রুদ্র-সম্প্রদায় ব্রহ্মার চাক্ষুষজন্মে শ্রীনারায়ণ হইতে কৃপালাভ করেন। তাঁহাদের অধস্তন বালখিল্যগণই ব্রহ্ম ও রুদ্র-সম্প্রদায়ের সংরক্ষণ করেন। সনৎকুমার ব্রহ্মার নাসত্য পঞ্চম জন্মে শ্রীনারায়ণ হইতে ত্রেতার প্রারম্ভে ঐকান্তিক ধর্ম্ম লাভ করেন।

শ্রীল সুন্দরানন্দ প্রভুর হরিকথা

(২)

প্রকৃত আনুগত্যধর্ম্ম আগমাপায়ী বা অস্থির ভাবমাত্র নহে। কোন ব্যক্তিবিশেষের সাময়িক প্রতিভা-দর্শনে যে আনুগত্যাভিনয় প্রদর্শিত হয়, তাহা অহৈতুক বাস্তব আনুগত্য নহে। কাহারও পাণ্ডিত্য, ঐশ্বর্য্য, বিভূতি, প্রতিভা, নিরপেক্ষতা, কঠোরতা, বাহ্যত্যাগ, ব্রহ্মচর্য্য, সন্ন্যাস প্রভৃতি দর্শনে যে আনুগত্যাভিনয়, তাহা অভাবগ্রস্ত ব্যক্তির ঐশ্বর্য্য দর্শনে সাময়িক বিহ্বলতার ন্যায় অপ্রাপ্তিশাখবর্ত্তী বৃত্তিবিশেষ। উহাকে কখনও আত্মার অহৈতুকী অপ্রতিহতা সহজবৃত্তি বলা যায় না। যাহা অহৈতুক, অপ্রতিহত ও অকৃত্রিম তাহা কখনও অস্থির বা আগমাপায়ী নহে। শ্রীআচার্য্যে অকপট, অহৈতুক, অপ্রতিহত ও অকৃত্রিম স্বাভাবিক প্রীণনধর্ম্ম-যুক্ত আনুগত্যই প্রকৃত আচার্য্যানুগত্য বলিয়া স্বীকৃত। সেইরূপ অকৃত্রিম আনুগত্যকারী যদি দুই একটী ব্যক্তিও থাকেন, তদ্দ্বারাই প্রকৃত আদর্শ সংরক্ষিত ও বিশ্বমঙ্গল সাধিত হইতে পারে। সহস্র সহস্র কৃত্রিম আনুগত্যকারী আত্মমঙ্গল ও জগন্মঙ্গলের পরিবর্ত্তে আত্মহত্যা ও জগজ্জঞ্জাল সাধন করিয়া থাকে। মনে একটী, মুখে আর একটী ভাব রাখিয়া তোষামোদ করিলে আনুগত্য হয় না। তোষামোদ কখনও আনুগত্য নহে। যে ব্যক্তি অভিনন্দন বা অধিক গদ্য-পদ্য রচনা করিয়া বা অধিক উচ্চ-চীৎকারে জয়-ঘোষণা করিয়া নানাপ্রকার অভিনয় দেখাইতে পারে, তাহারই আচার্য্যে অধিক আনুগত্য আছে, ইহা স্বীকার করা যাইবে না। আচার্য্যের সহিত যাঁহার সমচিত্ত-বৃত্তি ও শ্রীআচার্য্যপাদপদ্মে যিনি অহৈতুকভাবে জীবনে মরণে শরণাগত, তাঁহারই প্রকৃত আনুগত্য হইয়াছে। অহৈতুকই আনুগত্যধর্ম্মের পরিপোষক। আনুগত্যধর্ম্মে 'ইতি' বা 'বিরতি' নাই। আনুগত্যধর্ম্মে স্বাভাবিকী প্রীতি আছে, কেবল ঐশ্বর্য্যবোধ-মাত্র আনুগত্যধর্ম্মের জীবন নহে।

আনুগত্যের বিপরীতভাব নিরপেক্ষতা। নিরপেক্ষতা তটস্থভাবের দিঙ্‌নির্দ্দেশকারী বটে, কিন্তু তটস্থভাবে কোনও অবস্থান নাই। তটস্থশক্তি-প্রসূত জীব হয় শ্রীশ্রীহরিগুরু-বৈষ্ণবপাদপদ্মের আনুগত্য করিবে, না হয় তাহাকে মায়ার আনুগত্য করিতেই হইবে। ইহার মাঝামাঝি কোন অবস্থা নাই। যাহারাই শ্রীশ্রীগুরুবৈষ্ণবের আনুগত্যহীন হইয়া নিরপেক্ষতার সাময়িক মুখোস্ পরিয়াছে, তাহাদিগকেই দুইদিন পরে মুখোস্ খুলিয়া ফেলিয়া আনুগত্যহীন ব্যক্তিগণের দলে কোন না কোন প্রকারে নাম লেখাইতে হইয়াছে। আনুগত্যের অপর নাম ভক্তি বা শরণাগতি, নিরপেক্ষতার অপর নাম নির্বিশেষবাদ বা আত্মবঞ্চনা।

অকৃত্রিম আনুগত্য-প্রদর্শনকারী ব্যক্তিকে ভ্রান্তিতে পতিত হইতে হয় না। আনুগত্যই তাঁহাকে প্রকৃত পথ ও বাস্তবসত্যের আলোক প্রদর্শন করিয়া থাকে। বাহ্যমুখ লোকের নিকট অপরাধী আপাতঃ অপমানজনক মনে হইলেও অকৃত্রিম ও অকপট আনুগত্যকারী কখনই অকৃত্রিম স্বরূপ হইতে বিচ্যুত হন না।

মহাপুরুষগণের সুপারিসপত্র দেখিয়া কোন ব্যক্তিবিশেষকে বৈষ্ণব বা অবৈষ্ণব বিচার করার মধ্যেও মহাপুরুষের কৃপা-শক্তিরই একচ্ছত্র প্রভুত্ব স্বীকার করিতে হইবে। মহাপুরুষের সুপারিসপত্রের তাৎপর্য্য আত্মপ্রভুত্বের দ্বারা অর্থাৎ আধ্যক্ষিক বা অক্ষজজ্ঞানের দ্বারা মাপিয়া লওয়া যায় না। শ্রীল রূপগোস্বামী প্রভু শ্রীল শ্রীজীবপ্রভুকে ঘোর বিধিবিরোধী প্রসঙ্গে শাসন করিয়াছিলেন, এই ছল উঠাইয়া প্রাকৃত-সহজিয়া-সম্প্রদায় শ্রীল শ্রীজীবগোস্বামী প্রভুকে শ্রীরূপগোস্বামী প্রভুর অপ্রিয় ও তৃণাদপি-সুনীচধর্ম্মের লঙ্ঘনকারী বলিয়া স্থাপন করিবার চেষ্টা করিয়াছে। আবার অতিবাড়ী জগন্নাথের দল শ্রীমহাপ্রভুর সুপারিসপত্র দেখাইয়া তাহাদের নায়ককে শ্রীরাধার অবতার (?) বলিবার চেষ্টা করিয়াছে। বঙ্গদেশীয় অতিবাড়ী রূপ-কবিরাজের দল শ্রীল গোপালভট্ট গোস্বামী প্রভুর দোহাই দিয়া শ্রীল শ্রীনিবাসাচার্য্য প্রভুর বিরোধী হইয়াছে ও নিজদিগকে শ্রীল গোপালভট্ট গোস্বামী প্রভুর প্রিয় বলিয়া স্থাপন করিবার চেষ্টা করিয়াছে! হরিবংশি-দল শ্রীল গোপালভট্ট গোস্বামী প্রভুর দোহাই দিয়া তাহাদের নায়ককে শ্রীপ্রবোধানন্দের প্রিয়তম বলিয়া স্থাপন করিবার চেষ্টা করিয়াছে। আবার শ্রীল গোপালভট্ট গোস্বামিপ্রভুর প্রকৃত অনুগত সম্প্রদায় সেই দলকে শ্রীল গোস্বামিপাদের বিরোধী বলিয়াই অবগত হইয়াছেন। শ্রীল ঠাকুর ভক্তি-বিনোদের স্বহস্তলিখিত সুপারিসপত্র দেখাইয়া কেহ কেহ শ্রীনামহট্টের ঝাড়ুদারের আসন অধিকার ও নিজকে শ্রীভক্তিবিনোদ-শ্রেষ্ঠ বলিয়া স্থাপন করিবার চেষ্টা করিলে শ্রীল প্রভুপাদ ঐরূপ বিচারকে অবিদ্বান্‌দের মনোভাব বলিয়া শুদ্ধভক্তগণের নিকট জ্ঞাপন করিয়াছেন। অতএব মহাপুরুষগণের সুপারিসপত্র যখন স্বার্থসাধন বা অপবৈষ্ণব-নীতি চরিতার্থ করিবার উদ্দেশ্যে ব্যবহৃত হয়, তখন মহাপুরুষের সেই আশীর্ব্বাদই অভিশাপে পরিণত হইয়া থাকে। মহাপুরুষের কৃপাই আত্মবঞ্চনাকারী ব্যক্তির নিকট বঞ্চনারূপে প্রকাশিত হয়, আর মহাপুরুষের অভিশাপও শরণাগত আত্মমঙ্গলকামীর নিকট আশীর্ব্বাদরূপে পরিণত হইয়া থাকে। ও বিষ্ণুপাদ শ্রীল গৌরকিশোরদাস গোস্বামী মহারাজের কথিত "তোমার সর্ব্বনাশ হউক" এই উক্তি বিপ্রী ভোগীর নিকটেই অভিশাপ বলিয়া বিবেচিত ও ভীতিসঞ্চারক হইয়াছিল, আর শ্রীশ্রীল প্রভুপাদের দ্বারা তাহাই সর্ব্বশ্রেষ্ঠ আশীর্ব্বাদ ও সংসার-ভীতি-নাশক মহাবাক্য বলিয়া ব্যাখ্যাত হইয়াছে। ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষকামীর নিকট ভগবদ্ভক্তির কৃত্যসমূহও উপজীবিকারূপে পরিণত হয়। শ্রীগুরুদেবের প্রদত্ত মন্ত্র ও শ্রীনাম যাহা স্বয়ং ভগবদ্বস্তু, যাহার তুল্য পরমধন আর কিছুই নাই, তাহাও অপবৈষ্ণবনীতির নিকট পণ্যদ্রব্য হইয়া পড়ে। প্রাকৃতসহজিয়াগণের দ্বারা শ্রীগুরু ও গোস্বামি-বর্গের প্রদত্ত শ্রীনামশ্রেষ্ঠ, শ্রীমন্ত্রশ্রেষ্ঠ, শ্রীশচীপুত্র, শ্রীকৃষ্ণপদামোদর, শ্রীসনাতন-রূপাদি গোস্বামিবর্গ, শ্রীমথুরা, শ্রীবৃন্দাবন, শ্রীগিরিরাজ-গোবর্দ্ধন, শ্রীরাধাকুণ্ড ও শ্রীরাধিকা-মাধবপ্রেম অভিনয় সমস্তই কি পণ্যদ্রব্যে পরিণত করিবার চেষ্টা হয় নাই? মহাপুরুষের শ্রেষ্ঠ কৃপাই কি বৈমুখ্য ও কাপট্যের নিকট বঞ্চনার স্থান অধিকার করে নাই? ফলের দ্বারাই কারণ নির্ণীত হয়; মহাপুরুষের আশীর্ব্বাদের ফল—ধর্ম্ম, অর্থ, কাম বা মোক্ষকামনায় প্রীতি ও অনুরাগ নহে। শরণাগতি ও শ্রীগুরুবর্গের সেবা-ধর্ম্মের প্রতি কতটা অকৃত্রিম লৌল্য উপস্থিত হইয়াছে, তাহা দেখিয়াই আশীর্ব্বাদের ফলোন্মুখতা নির্দ্দেশ করিতে হইবে, কেবল মহাপুরুষের সুপারিসপত্রের মামুলী নজিরের স্তূপ দেখিয়া ও দেখাইয়া মহাপুরুষের কৃপার পরিমাণ নির্দ্ধারিত হইতে পারে না।

কোন ব্যক্তিকে বা বহু ব্যক্তিকে যদি কেহ বক্তৃতায় বা প্রবন্ধে 'পরম-বৈষ্ণব' বলিয়া উল্লেখ করিয়া থাকেন, আবার তিনিই যদি সেই ব্যক্তিকে পরবর্ত্তিকালে 'অবৈষ্ণব' বলেন, তবে তদ্দ্বারা বক্তার নির্ভরশীলতার স্থৈর্য্য থাকে না,—এইরূপ যুক্তিও সমীচীন হইতে পারে না। [illegible] নিকট সর্ব্বদাই বাস্তবসত্য প্রকাশিত। সমস্যার প্রহেলিকা কোনদিনই সেবোন্মুখকে মূর্চ্ছিত করিতে পারে না [illegible] না হইলে সমস্যাবিহীন [illegible] তাৎপর্য্যও উপলব্ধি হয় না। কোন শ্রুতি প্রথম মন্ত্রে নির্বিশেষবাদ স্থাপন করিয়া সবিশেষ-বাদের নিন্দা করিয়াছেন, আবার সেই শ্রুতিই পরবর্ত্তী মন্ত্রে নির্বিশেষবাদের নিন্দা করিয়া সবিশেষবাদ স্থাপন করিয়াছেন। অধিক কি, যে শ্রীব্যাসদেব শ্রুতির এই আপাত-বিরোধ সমন্বয়ের জন্য ব্রহ্মসূত্র রচনা করিলেন এবং তাহাতে আবার যে সকল উক্তির অস্তিত্ব এবং তাঁহারই দ্বারা যে ব্রহ্মসূত্রের ভাষ্যভূত শ্রীমদ্ভাগবতের আবিষ্কার হইল, সেই ব্রহ্মসূত্রে ও শ্রীমদ্ভাগবতের একই অধ্যায়ে ভিন্ন ভিন্ন সূত্র ও শ্লোকে পরস্পর মতভেদ দৃষ্ট হয়। এরূপ স্থলে একমাত্র সেবোন্মুখ না হইলে আধ্যক্ষিক পাণ্ডিত বা তথাকথিত সরল বুদ্ধির দ্বারা বাস্তবসত্যের অনুভব হইতে পারে না। একই শ্রুতির বিভিন্ন মন্ত্রে নির্বিশেষবাদ ও সবিশেষবাদ বিরোধমূলক মধ্যে মতভেদ দৃষ্ট হইলে সবিশেষ-বাদেরই প্রাধান্য স্বীকার করিতে হইবে। কিন্তু এই সম্বন্ধে নির্বিশেষবাদিগণের মত গ্রহণ করিলে তাঁহারা হয় ত' তাহা স্বীকার করিবেন না। মায়াবাদী ব্রাহ্মসমাজী অথবা ব্রহ্মবাদী, নির্ব্বিশেষবাদী বা পূর্ব্বমীমাংসক [illegible] সম্প্রদায়ের নিকট [illegible] ও শ্রীল [illegible] অভিমত গ্রহণ করিলে কি বাস্তবসত্যে উপনীত হওয়া যাইবে? শ্রীগুরু বা আচার্য্যবিরোধিগণের নিকট শ্রীগুর্ব্বানু-গত্য বা আচার্য্যানুগত্যের অভিমত গ্রহণ করিয়া অথবা বৈষ্ণবাচার্য্যবৃন্দের দল, বা বৌদ্ধ ও নির্ব্বিশেষবাদী মায়াবাদীর দল, কোন দল জয়ী হয়, দেখিয়া পরে আনুগত্য করা যাইবে,—এইরূপ বিচার করিলে কি কোনপ্রকার বাস্তবসত্যের সন্ধান পাওয়া যাইবে? শ্রীরামানুজ, শ্রীমধ্বাদি বৈষ্ণবাচার্য্য

ভক্তের অনুগমনী [illegible] আত্মাভিমানী নিজ [illegible] মত বিবাদ কি [illegible] হইয়া [illegible] থাকেন। তাহারা [illegible] কিন্তু [illegible] অগ্রাহ্য করিয়া [illegible] হইয়া থাকে। উত্তম [illegible]।

অনুগামী [illegible] জিজ্ঞাসা করেন, আমাদের উভয় দলের মধ্যে কি বিবাদ কি হয়? কিন্তু তাঁহারা অত্র [illegible] প্রবেশ করিতে পারেন না, [illegible] বলেন যে, যাহা তোমাদের মধ্যে দলের মধ্যে বিবাদ উপস্থিত হইয়াছে। বস্তুতঃ তাহা নহে, চিরন্তন তারতম্য অর্থাৎ আনুগত্য বা অনুগমনের মূলেই লইয়াই বিবাদ। যে স্থানে শ্রীপ্রভুপাদের শ্রীচরণাশ্রয় ও আনুগত্যের 'মর্য্যাদা' ও তাঁহার আনুগত্যের নিকট স্বীকৃত হয় না তথায় শুদ্ধভক্তি-সিদ্ধান্তের অস্তিত্বই নাই। প্রাণহীন দেহ যেরূপ, আনুগত্যহীন অনুষ্ঠান ও [illegible]। [illegible] আনুগত্যের কথা। আনুগত্যের নির্দ্দেশ কর্তৃক শক্তিসঞ্চার কেবল আনুগত্যেই শাস্ত্রসিদ্ধ। অপ্রামাণিক যুক্তি-বিচার তথায় নিঃশক্তি কল্পনা। অতএব আনুগত্যদ্বারাই আত্মগত্যের প্রকৃত স্বরূপ, ভক্তির দ্বারাই ভক্তের স্বরূপ উপলব্ধ হইবে। অভক্ত থাকিয়া ভক্তের স্বরূপ মাপিয়া লইয়া পরে তাঁহাতে ভক্তি বা অনুগত্য প্রদর্শন করা, এরূপ অভক্তের বিচারের সহিতঃ শুদ্ধ [illegible] উপস্থিত হইয়াছে।

নিষ্কপটভাবে আনুগত্য হয় না। শ্রীপুরুষোত্তমদেব স্বীকৃত না হইলে আনুগত্যের কল্পনা 'শশ শৃঙ্গের' ন্যায় নিরর্থক। অপ্রকাশ পুরুষোত্তমের পরিচয়, তাহাতে অভক্তের নাই। 'যাঁর যাঁর গুরু তার তাঁ'র কাছে' ঐক্য উদরভরণের গুরু কেবল আনুগত্য প্রতিষ্ঠিত হয় না। "শ্রীশ্রীল প্রভুপাদের শ্রীপাদপদ্মের আনুগত্য করিলে ষড়্গোস্বামীর আনুগত্য হয় না বা শ্রীল ভক্তিবিনোদের আনুগত্য হয় না,"—এরূপ যাহারা মনে করে, তাহারা জড়ভেদবাদী বা উদরভেদবাদী সম্প্রদায়। শ্রীল প্রভুপাদের আনুগত্য দ্বারাই শ্রীল প্রভুপাদের আনুগত্য সিদ্ধ হয়, শ্রীল প্রভুপাদের আনুগত্য দ্বারাই শ্রীল ভক্তিবিনোদের আনুগত্য সিদ্ধ হয়, শ্রীল ভক্তিবিনোদের আনুগত্য দ্বারাই শ্রীস্বরূপ রূপের আনুগত্য সিদ্ধ হয়। এই আনুগত্য [illegible] প্রতিষ্ঠিত। আনুগত্যে বিভিন্নতা ও বিলাস আছে, কিন্তু ভেদ নাই। এইরূপ আচার্য্যানুগত্যেই সম্প্রদায়ের মূলমন্ত্র।

ভজনের শত্রু কে?

আমার দেহ ও মনই আমার ভজনের [illegible]। ভজনে অগ্রসর হইবার প্রথম মুখেই দেহ আমাকে বাধা দেয়, মন তাহার সঙ্গে যোগাইয়া থাকে।

শাস্ত্র ও সাধুমহাজনগণ বলিয়া থাকেন নিষ্কিঞ্চন মহাজনের চরণে চিরবিক্রীত হইতে না পারিলে ভজন আরম্ভ হয় না। কিন্তু ঐ সময় আমার মন বলিয়া থাকে, সাধুর চরণে বিক্রীত হইলে তোমার এত সাধের [illegible] বা স্বৈরাচারিতা বা ইন্দ্রিয়তর্পণ কিরূপে [illegible]? সাধুর পাদপদ্মে আত্মসমর্পণ করা নরক-যন্ত্রণার আবাহনস্বরূপ। তোমার স্বাধীনতা কিরূপে থাকিবে?

মনের পরামর্শ শুনিয়া আমি তখন আনুগত্যধর্ম অর্থাৎ বৈষ্ণবধর্ম গ্রহণ করার পরিবর্ত্তে কর্ম্মী হইবারই পথে মন করি। দেহ ও মনের [illegible] দেহ ও মনের [illegible] নিকট গিয়া উপদেশ পাইতে চাহি। [illegible] আমাকে কখনও—"[illegible]" মন্ত্র দীক্ষিত করেন, কখনও বা ঈশ্বর সম্বন্ধে [illegible] "[illegible]"—প্রাকৃত কর্মজড়-স্মার্ত্তগণের মন্ত্র কর্ণে প্রদান করিয়া থাকেন, কখনও বা আমাকে আরও উদারতার আলোক দেখাইবার জন্য প্রতিষ্ঠাশা পরিপূর্ণ দেশ ও সমাজের পদ্ধতি মধ্যে উদ্বুদ্ধ করিয়া থাকেন, কখনও বা নেশাখোর [illegible] আমাকে 'বৈষ্ণবতা' বলিয়া [illegible] সাহায্য করাইয়া থাকেন, কখনও বা বাহিরে পরোপকারিতার ভান দেখাইয়া আমার [illegible] স্বার্থের [illegible] আমার আত্মবঞ্চনা সাধন করিয়া থাকেন, কখনও বা আমাকে [illegible] অর্থাৎ নির্বিশেষ [illegible] দেখাইয়া থাকেন।

আমি দেহ ও মনের দ্বারা চালিত। ইন্দ্রিয়তর্পণপর বস্তুই আমার লোভনীয় পদবী। আমি দেহ ও মনের তর্পণকেই হরিসেবা বলিয়া লিখিয়া পড়িয়া চালাইতে চাই, কিন্তু কৃষ্ণসেবায় দেহ ও মনের তর্পণ নাই, কেবল কৃষ্ণেন্দ্রিয়ের তর্পণ আছে মনে করিয়া কপট লোকের জন্য লোকবঞ্চনা করিয়া থাকি [illegible] হইতে বিরত হই।

কখনও আবার কপট-বৈষ্ণব সাজিয়া যে যে বস্তুতে আমার ইন্দ্রিয়তর্পণ হইতে পারে, তদ্বস্তুগুলি স্বীকারপূর্ব্বক নিজেকে একজন 'বৈষ্ণব' বলিয়া জাহির করি। কিন্তু প্রকৃতপক্ষে আমি বৈষ্ণবধর্ম্ম বা আনুগত্যধর্ম্ম হইতে বহুদূরে পড়িয়া থাকি।

কপট বৈষ্ণব সাজিয়া, নিষ্কিঞ্চনের অভিনয় করিয়া আমার ইন্দ্রিয়তর্পণে ব্যস্ত হই, শ্রেয়ঃপন্থা ত্যাগ করিয়া আমি মনোধর্ম্মের গড্ডলিকাপ্রবাহে ধাবিত হইয়া থাকি।

আমি কলির বাসস্থানসকল অর্থাৎ দ্যূত, পান, স্ত্রী, সূনা (পশুবধাদি) এবং স্বর্ণ ইহাদিগকে আমার ভজনের সহায় বলিয়া বরণ করি। তাহারা এই কার্য্যক্ষেত্র অবস্থিত তাহাদিগকে সেবা দিবার ব্যবস্থা করি। আমি খুব উদ্ভাবনা, [illegible] আমার চিত্ত [illegible] বিবরণ করে যে, সময়ে আমি আমাদের দেহস্মৃতি অভাবনীয় কল্পনা [illegible] নিজকে আনন্দ করি [illegible] আমার ভজনপালার দরকার হয়, পানতামাকাদি আমার ভজনের উপকরণ বা উদ্দীপনকারী বলিয়া আমি তাহাদের আদরে গ্রহণ করিয়া থাকি। কখনও বা পরের ঘরে চুরি করিয়া ও লোকা লোককে ঠকাইয়া বলিয়া থাকি যে, তামাক ও চা না খাইলে আমার পেট বায় জাগিয়া থাকে ও মাথা [illegible] আক্রমণ করে, সুতরাং ভজনে বড়ই অসুবিধা হইয়া পড়ে। আমি এসকলকেই তামাক, চা বা অহিফেন ইত্যাদি গ্রহণ করিয়া থাকি, ভোগপিপাসুদের জন্য এ সকল গ্রহণ করি না। কখনও বা রাগানুগ-ভজনের ছল করিয়া শাস্ত্রের আদেশগুলি বিধিমার্গীর বাহ্যিকপর জন্য লোককে বুঝাইয়া আত্মবঞ্চনা ও লোকবঞ্চনা করিয়া থাকি। বৈষ্ণবগণ যখন বোকা (?) তখন প্রেমের ছলনায় কপটতা করিলা কাঁদিতে পারিলে বৈষ্ণবগণকে ঠকাইতে পারি। অর্থাৎ ছলনায়, সাধুদিগের উদ্দেশে ভক্ত সাজার আমি নানা কপটতা করি। কোনও সময় ভাবি, সাধুর সঙ্গ পাইলে, তাঁহারা আমাকে এ সকল করিতে দিবেন না, তাঁহার কথায় [illegible] সুতরাং কিছুতেই তাঁহাদের সঙ্গে থাকিব না। পূর্ব্বেই বলিয়াছি, ভড়ভোগপর মনই আমার গুরু। যখন আমার গুরু মনকে পরামর্শ জিজ্ঞাসা করি, মন তখনি বলিয়া উঠে, তুমি ভজন প্রস্তাব করিবার। গৃহে থাও, গৃহে থাকিয়া যুক্তবৈরাগ্য অবলম্বন কর, অন্তরনিষ্ঠা ও বাহ্যে লোক-ব্যবহার করিতে থাক, একট বৈরাগ্য ভাল নহে, যোষিৎসঙ্গ বা স্ত্রৈণভাব-বিবর্জ্জন করিলেই কৃষ্ণভজন হইয়া পড়িবে, লোকচক্ষে বৈষ্ণব বলিয়া প্রতিষ্ঠা পাইবে। শ্রীল দাস গোস্বামী প্রভুর প্রতি শ্রীমন্মহাপ্রভুর উপদেশের কদর্থ করিয়া ইন্দ্রিয়তর্পণকেই যুক্তবৈরাগ্য বলিয়া মনে করি, গৃহব্রত-ধর্ম্মকেই গৃহস্থাশ্রম বলিয়া মনে করি। আমার সংসারকেই কৃষ্ণের সংসার বলিয়া মনে করি, আমার ইন্দ্রিয়সেবাকেই 'কৃষ্ণসেবা' বলিয়া গ্রহণ করি। থাকি এবং তাহা লিখিয়া প্রচার করিবার উদ্দেশ্যে বৈষ্ণব-লেখক হইয়া পড়ি।

"শয়তানও শাস্ত্রবাক্য উদ্ধার করিয়া নিজমত সমর্থন করিতে পারে"—সুতরাং আমি তখন নানাপ্রকার তামসিক বা রাজসিক শাস্ত্র হইতে আমার ইন্দ্রিয়-তর্পণের অনুকূল বচন উদ্ধার করিয়া ইন্দ্রিয়-সেবা চরিতার্থ করিবার সুযোগ খুঁজিয়া লই।

গৌড়ীয় সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ গবেষণাপূর্ণ ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (charts) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান —শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মজুমদার প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এ গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ০৲ টাকা।

প্রাপ্তিস্থান—মজুমদার প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ বিস্তৃত পদ্যানুবাদসহ মায়াপুর শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কনসেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবনচরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য মহাপ্রভুর গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ [illegible] শ্রীমৎ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ২৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল [illegible] ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার [illegible] এক অপূর্ব্ব অভিনব সর্বাঙ্গসুন্দর [illegible] পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণের যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলাংশ, তৎপরে [illegible] গীতার মূল শ্লোক সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গানুবাদ তাহার [illegible] শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিকৃত সারার্থবর্ষিণী টীকা ও সুবোধিনী টীকা ঐ টীকার সরল বঙ্গানুবাদ, [illegible] প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। [illegible] বাঁধাই আর্ট [illegible] ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর, শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী প্রভুর প্রণীত ও সম্পাদিত এই গ্রন্থ আছে। ইহা এক অপূর্ব গ্রন্থ। এই গ্রন্থ পাঠ করিলে নবদ্বীপবাসীদের প্রাণের শ্রীত আরও হইবার সৌভাগ্য লাভ করিবেন। ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীগৌরাঙ্গ ঠীক্ষার

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

ই. বি রেলে কালকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

শনিবার ব্যতীত / শনিবার অন্য দিন

কলিকাতা ছাঃ	৪ ৫৬	৬-২১	৭ ১৪	৩-১৬	১২-১৬	১৬ ২৮	১৭-৪৬	২২ ২৬
দমদম	৪ ৫০	৬ ৩	৭ ২৮	১৩ ২৪			৮ ৫	২২-৫৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯ ১৮	১৪ ৫০	১৬ ৪৮	১৮-৭১	১৯ ৩২	০-০৫
(বগুলা) ছাঃ			৯-৩১					
কৃষ্ণনগর পৌঃ	৮ ২৯	৮ ৪০	১০-৬	১৫-৩৮	১৭-৩১	১৯-১৪	২০-২০	১ ১০
লাইট রেল (বগুলা) ছাঃ	৭-১০	১০-৬	১৪ ৫০	১৭-৪০		২০-৩০		
মহেশগঞ্জ ”	৭ ৪৫	১০ ৫১	১৫-২৫	১৮-১৫		২১ ৫		
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫-৩৩	১৮-২৩		২১ ১৩		

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম ”	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
” ছাঃ	১২ ৫৬
শান্তিপুর পৌঃ	১৩ ২৪
(বগুলা) ছাঃ	১৩ ৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫ ৩৩

ডাউন

শনিবার ব্যতীত / অন্য দিন শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৭ ১৪	৯ ২		১৬ ৩	১৬ ৩১	৮ ৩৮		
মহেশগঞ্জ ”	৮-২৩	৯-২১		১৭-১২	১৭ ৫০	১৮ ৪৭		
কৃষ্ণনগর পৌঃ	৮-৫৭	৯-৫৫		১৬-৫৬	১৭ ২৭	১৮ ২১		
কৃষ্ণনগর ছাঃ	৬-৩১	৭-১০	৮-৫০	১১ ২৬	১৫-৪	১৬ ৫২	১৯-২৮	২০ ৪৩
রাণাঘাট পৌঃ	৪ ১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫ ৪৫	১৭-১০	২০-৩	২১ ১৯
(বগুলা) ছাঃ					১৫-৫৭	১৭-৪২		
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১ ২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯ ২৬	২১ ৪০	২৩ ০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪-১
মহেশগঞ্জ ”	১৪ ১০
কৃষ্ণনগর পৌঃ	১৫ ৪৪
” ছাঃ	১৫-৫৯
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বগুলা) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
” ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩, ষাণ্মাসিক ১॥০ টাকা মাত্র।

২। ভাগবত—ভারতের একমাত্র পারমার্থিক মাসিক পত্র। ঢাকা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১, টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়-পত্রিকা শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর ভাগবতভূষণ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-সম্প্রদায়ের অপ্রাকৃত বৈভবের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিতকে সম্বোধন করিয়া এবং দেশবাসীদিগের মঙ্গলোদ্দেশে পণ্ডিত ও সুধীগণের সন্নিধানে তিনি যে সকল উপদেশ করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তপূর্ণ সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রকাশ হইয়াছে। শ্রীমন্মহাপ্রভুর ভক্তিসিদ্ধান্তপ্রচারে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃপাশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তপূর্ণ অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুসন্ধিৎসু ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

---::•::---

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

মেহালোর প্যাটেন

সর্ব্ববিধ মেহের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণবার যুবক, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি ক্রমশঃ অধিক। লিভার, প্লীহা সংযুক্ত ম্যালেরিয়া এবং পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয়। ছোট বোতল ৸৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা।

বেহালা, ২৪ পরগণা

টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

Regd. No. C. 1544

শ্রীশ্রীভক্তিরত্নমালা
—:০:—
শ্রীল নারায়ণদাস ভক্তি-সুধাকর এম-এ সঙ্কলিত। এই গ্রন্থ কথাসার, বিস্তৃত ভূমিকা ও সূচীসহ অতিসুন্দর রূপে প্রকাশিত হইয়াছে। ঈশ, কেন, কঠাদি দ্বাদশ উপনিষদের অভিনব সংস্করণ। ভিক্ষা মাত্র ১॥০ টাকা।
প্রাপ্তিস্থান—
মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—ওয়ারী, ঢাকা

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

শ্রীচৈতন্যদেব
—:০:—
স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য-মহাপ্রভুর জীবনী ও শিক্ষার কথা সুন্দরভাবে ইহাতে লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট কাগজে সুন্দর বাঁধাই।
৩য় সংস্করণ, ভিক্ষা ১॥০
প্রাপ্তিস্থান
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৬শ খণ্ড] শ্রীমায়াপুর, ২৫শে বৈশাখ, ১৩৪৮; ৮ই মে, ১৯৪১; বৃহস্পতিবার [৫৮তম সংখ্যা

নানা-সংবাদ

—::[*]::—

এম-এ এবং এম-এসসিতে ভূগোল পাঠ্য

বিশ্ববিদ্যালয়ের এম-এ ও এম-এসসি পরীক্ষায় ভূগোল-শিক্ষার প্রবর্ত্তন এবং তদনুসারে নিয়মকানুনের পরিবর্ত্তন করিবার সিদ্ধান্ত সিনেট গ্রহণ করিয়াছেন।

ব্রহ্মে ছায়াচিত্র প্রদর্শন

ছায়াচিত্রের উপর প্রবর্ত্তিত কর কমাইবার জন্য রেঙ্গুনের চিত্রগৃহের মালিকবৃন্দ যে আবেদন জানাইয়াছিলেন, তাহার ফলে ব্রহ্ম-সরকারের বাণিজ্য-সচিব ছায়াচিত্রের উপর শতকরা সাড়ে সাইত্রিশ টাকা হিসাবে কর ধার্য্যের কথা ঘোষণা করিয়াছেন। আমদানী ফিল্মের উপর শুল্ক নির্দ্ধারণের সময় ফিল্মের মূল্য সম্পর্কে এখন হইতে অত্যন্ত সতর্কতার সহিত ব্যবস্থা অবলম্বন করা হইবে। ভারতে ছায়াচিত্রের উপর যে হারে কর ও শুল্ক নির্দ্ধারিত রহিয়াছে ব্রহ্ম-সরকার তাহাই প্রবর্ত্তন করিয়াছিলেন। অপেক্ষাকৃত কম হারে আমদানী শুল্ক ধার্য্য করিয়া স্থানীয় চিত্রগৃহের মালিকবৃন্দকে সাহায্য দান করা যুক্তিসঙ্গত বলিয়া সরকার মানিয়া লইয়াছেন। ব্রহ্মে ফিল্মের প্রদর্শনের ক্ষেত্র সীমাবদ্ধ, কাজেই সামান্য কিছু সময়ের জন্য চিত্রাদির প্রদর্শন সম্ভবপর, এই সকল বিষয় বিবেচনা করিয়াই সরকার ট্যাক্স ও শুল্কের হার কমাইতে রাজী হইয়াছেন।

আসামের পূর্ব্ব-সীমান্ত অঞ্চলে নিয়ন্ত্রণাদেশ

আসামের পূর্ব্ব সীমান্তস্থিত লখিমপুর জেলার এলাকার কয়েকটি অঞ্চলের অধিবাসীদের উপর গত ১লা মে হইতে নিয়ন্ত্রণাদেশ জারী করা হইয়াছে। লখিমপুরের উপলগিরি ... করিয়া তাহার চতুর্দ্দিকের দেড় মাইলব্যাপী অঞ্চলকে ভারতরক্ষা-আইন অনুসারে সংরক্ষিত অঞ্চল বলিয়া ঘোষণা করা হইয়াছে। গত ১লা মে তারিখ পর্য্যন্ত যাহারা ঐ অঞ্চলের অধিবাসী ছিল না, তাহারা উর্দ্ধতন সামরিক কর্ম্মচারী অথবা পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্টের অনুমতি ব্যতীত ঐ অঞ্চলে বসবাস করিতে পারিবে না।

ষ্টীমার ও দেশীয় নৌকায় সংঘর্ষ

গত বৎসর অক্টোবর মাসে ব্রহ্মপুত্র নদীতে কুরুষ নামক স্থানের নিকটে একটি দেশী নৌকার সহিত ইণ্ডিয়া জেনারেল নেভিগেশন এণ্ড রেলওয়ে কোম্পানী লিমিটেডের ও রিভারষ্টিম নেভিগেশন কোম্পানী লিমিটেডের 'কর্ণফুলি খানা' নামক ষ্টীমারের যে সংঘর্ষ ঘটিয়াছিল সেই সম্পর্কে তদন্তের জন্য আসাম গবর্ণমেণ্ট একটী স্পেশ্যাল তদন্ত কোর্ট নিযুক্ত করিয়াছেন। প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট মিঃ কুমুদচন্দ্র দত্ত ও ক্যাপ্টেন এইচ এম বেগকে লইয়া ঐ কোর্ট গঠিত হইয়াছে। মিঃ কুমুদচন্দ্র দত্তকে সভাপতি হিসাবে নিযুক্ত করা হইয়াছে। তেজপুরের সরকারী উকীল গবর্ণমেণ্টের প্রতিনিধি হিসাবে কার্য্য করিবেন।

মালদহের আম

আমের মরশুম আসন্ন হইয়া আসিতেছে এবং সঙ্গে সঙ্গেই বাঙ্গলা সরকারের মার্কেটিং বিভাগে আমের শ্রেণীবিভাগ ও বিক্রিবিষয়ে অন্যান্য সুবিধা সম্পর্কে নানারূপ তথ্য জানিতে চাহিয়া অনেক চিঠি-পত্রাদি আসিতেছে।

মালদহে আমের ফসলের অবস্থা এ-পর্য্যন্ত বেশ ভালই ছিল। কিন্তু দীর্ঘ দিন পর্য্যন্ত বৃষ্টি না হওয়ায় ফসলের যথেষ্ট ক্ষতি হইবে বলিয়া আশঙ্কা করা যাইতেছে। ইতোমধ্যেই কচি কচি আম ঝরিয়া পড়া আরম্ভ করিয়াছে।

বাঙ্গলা সরকারের প্রধান মার্কেটিং অফিসার মিঃ এ, আর, মালিক সম্প্রতি মালদহের মফঃস্বলে ভ্রমণ করিয়া আসিয়াছেন। তিনি কতিপয় আম-উৎপাদনকারীর সহিত আলাপ আলোচনা করিয়াছেন এবং তাঁহাদের অভাব-অভিযোগ শ্রবণ করিয়াছেন।

আগামী জুন মাসে মালদহে একটি আম-প্রদর্শনী খোলার প্রস্তাব হইয়াছে এবং আশা করা যায় যে, শিল্প আমের ব্যবসার সম্পর্কে এই প্রদর্শনী দ্বারা অনেকটা সহায়তা হইবে।

ঢাকার সান্ধ্য-আইন

ঢাকার দাঙ্গার জন্য সহরে যে সান্ধ্য-আইন বা কারফিউ অর্ডার—তাহা প্রথমে সন্ধ্যা ৬ ঘটিকায় বলবৎ হইত। পরে অবস্থার উন্নতি ঘটিলে উহা রাত্রি ৮ ঘটিকায় বলবৎ হইত। তৎপর ঐ আইন রাত্রি ১০টা হইতে প্রাতে ৫-৩০টা পর্য্যন্ত বলবৎ রহিবে বলিয়া ম্যাজিষ্ট্রেট ঘোষণা করিয়াছেন।

পকেটমারার গ্রেপ্তার

গত ২৯শে এপ্রিল প্রাতঃকালে নারায়ণগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্ম্মচারী শ্রীযুত রাজেন্দ্র কুমার চক্রবর্ত্তী মহাশয় অতিশয় তৎপরতার সহিত মনসুর আলী নামক জনৈক ব্যক্তিকে খিদিরপুর হইতে গ্রেপ্তার করিয়াছেন।

অভিযোগে প্রকাশ, কয়েকদিন হয় মুন্সীগঞ্জের পুলিশ পকেটমারার অভিযোগে উহাকে গ্রেপ্তার করিয়া হাজতে পাঠায়, কিন্তু সে তথা হইতে নিরাপদে পলায়ন করিয়া কালীবাজারে শ্বশুর বাড়ীতে আশ্রয় লয়। উহার নামে ঢাকার সি, আর, পি'র তিনটি, নারায়ণগঞ্জের দুইটি, মুন্সীগঞ্জের ... পকেটমারার অভিযোগ ছিল। গজারিয়া, ত্রিবেণী, কালীরগঞ্জ প্রভৃতি স্থানে বাড়ী আছে বলিয়া মনসুর আলী উক্ত থানাসমূহে মিথ্যা পরিচয় দিয়া আসিতেছিল। রূপগঞ্জ থানার মোরাব আলী নামক এক দফাদার চৌকিদার উহার শ্বশুর বলিয়া প্রকাশ।

মুন্সীগঞ্জে প্রচণ্ড ঝড়

গত রবিবার অপরাহ্নে সহরের উপর দিয়া এক প্রচণ্ড ঝড় বহিয়া যায়। ফলে স্থানীয় নদীতে বহু নৌকা জলমগ্ন হইয়াছে। ইহাদের মধ্যে এক নৌকায় চিনি ও গুড় বোঝাই ছিল। ঝড় প্রায় এক ঘণ্টা স্থায়ী ছিল। ঐ ঝড়ে সহর ও পার্শ্ববর্ত্তী অঞ্চলে কিছু সম্পত্তি ও শস্যের ক্ষতি হইয়াছে।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্শা কলেজের ইংরাজীর ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য [illegible] শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম-এ মহোদয়ের গৌড়ীয়-গবেষণা এবং পরিণত লেখনীর অমৃত ফল আস্বাদন করিলে [illegible] ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠ দক্ষ হউন। এই বিরাট [illegible] চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য [illegible] দর্শনের সহিত তুলনামূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সমালোচনা। প্রথম খণ্ড ৬৩৪ [illegible] পৃষ্ঠা বাঁধা। ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুললিত মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Preface), বিষয় সূচী (Contents) ও [illegible] সংস্কৃত শব্দের সূচীপত্র- Index (Glossary) সহ [illegible] প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা, মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকৃত শ্লোকাকার অতি সংক্ষেপে গ্রথিত ও শ্রীপাদ বলদেব বিদ্যাভূষণ-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

[illegible]

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা, [illegible] ভূমিকা ও সূচীসহ অত্যুৎকৃষ্ট [illegible] নব সংস্করণে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—✓০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,
শ্রীযুক্ত [illegible] রায় এম এ, বি-এল্,
পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিস্বামী শ্রীল [illegible] মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। [illegible] ও অনুবাদ [illegible] শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত [illegible] এই প্রথম প্রকাশ। [illegible] গ্রন্থের প্রত্যেক [illegible] সংক্ষিপ্ত [illegible] ও প্রত্যেক অধ্যায়ের শেষে [illegible] সারমর্ম সন্নিবেশিত হইয়াছে। [illegible] বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন [illegible] আকারে ৬৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—৮৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

EROTIC PRINCIPLE & UNALLOYED DEVOTION

পরমপূজ্যপাদ শ্রীল নারায়ণ[illegible] ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী প্রভু প্রণীত। সম্প্রতি এই গ্রন্থের একটী নূতন সংস্করণ শ্রীশ্রীগুরুবর্গের কৃপায় পুনঃ প্রকাশিত হইয়াছে। গ্রন্থের আকার পূর্ব্ব সংস্করণ অপেক্ষা বৃহৎ ও সুন্দর হইয়াছে। এই গ্রন্থে বহু অমূল্য উপদেশ আছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (বাঁধা) ৬৲
৩। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী (বাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০, ২য় খণ্ড—১৲, তৃতীয় খণ্ড ৸০ ৪র্থ খণ্ড ৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড ৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১৲০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। শ্রীনবদ্বীপধাম পরিক্রমা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (তৃতীয় সংস্করণ) ॥০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৯। ভক্তিবিবেক ।০
২০। গৌড়ীয় গৌরব ।৶০
২১। গৌড়ীয়সাহিত্য ।৶০
২২। ভজন রহস্য ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (বিদ্বদ্রঞ্জন-টীকা সহ) ১৲
২৫। গীতা (রসিকরঞ্জনী টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল মাধ্যভাষ্য ॥০
২৭। শ্রীকৃষ্ণকর্ণামৃত [illegible] (সানুবাদ) ১৲
২৮। বেদান্তত্ত্বসারঃ (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত্ত (চতুর্থ সংস্করণ) (অবাঁধা ।৶০ বাঁধা ৸০)
৩০। দ্বীপ-দিগ্দর্শন ৵০
৩১ মাননিধি (তৃতীয় সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ১/০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৴০
৩৭। ঐ প্রমাণ খণ্ড ৴০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী /১০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। শ্রীভক্তিরত্নাকর (যন্ত্রস্থ) ২৲০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা /০
৪৫। নবদ্বীপশতক /১০
৪৬। অর্থপঞ্চক /১০
৪৭। সদাচারস্মৃতিঃ /১০
৪৮। কল্যাণকল্পতরু /১০
৪৯। অর্চ্চনকণ /০
৫০। বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ॥০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদ-শতদূষণী ।০
৫৬। ভাগবতধর্ম্ম ও ভক্তিপথ ৴০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৴০
৫৯। সিদ্ধান্তদর্পণ /০
৬০। সাত্বতবাণী /০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২॥০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যগীতামৃতসারঃ ॥০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী বিজয়ঃ ।০
৬৫। [illegible] শিক্ষাদশমূলম্ ।০
৬৬। তত্ত্বসূত্রম্ ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৵০
৬৮। গৌড়ীয়[illegible] রহস্যঃ /০
৬৯। সাম্প্রদর্শনম্ ৴০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥০
৭১। এ থিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ॥০
৭২। নামভজন /০
৭৩। বেদান্ত ইটস্ মর্ফলজী এণ্ড অন্টলজি ॥০
৭৪। রিলেটিভ ওয়ার্ল্ডস্ ।৶০
৭৫। লাইফ য়্যাণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০
৭৬। বৈষ্ণবিজম্ ॥০
৭৭। রেয়াট গৌড়ীয়মঠ [illegible] ডুইং /০
৭৮। দি ভাগবত ।০
৭৯। রহেলট উক প্রিন্সিপাল এণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ।০
৮০। ব্রহ্মসংহিতা ॥০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৬৲
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০
৮৫। সাধনপথ ৷০
৮৬ কল্যাণকল্পতরু /১০
৮৭। গীতাবলী /১০
শরণাগতি /০
৮৯। শ্রীসজ্জিদানন্দবাণী ।৶০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ।০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ॥০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

সতার কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত অমূল্য কল্যাণকল্পতরু-গ্রন্থ 'পরিমল'-নামক বিস্তৃত ভাষ্য-সহ সম্প্রতি প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচলিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৷৵০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ২৭ মধুসূদন, গৌরাব্দ ৪৫৫ ; ২৫শে বৈশাখ, বঙ্গাব্দ ১৩৪৮, ৮ই মে, ইং ১৯৪১, বৃহস্পতিবার { ৫২তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৭ মধুসূদন, আদি কারণোদশায়ী গৌরাব্দ ৪৫৫

হরিকথা-প্রসঙ্গ

ভগবান্ ও ভগবদ্ভক্তের নিকট কৃপা চাওয়াই চেতনের ধর্ম। যেখানে কৃপাপ্রার্থনা নাই, সেখানে হয় মোহ, না হয় কৌটিল্য আছে জানিতে হইবে। অমৃত-সাগরের নিকট থাকিয়া যদি আমরা অমৃত না চাই, তাহা হইলে অমৃতসাগরের নিকট যাওয়া হয় নাই জানিতে হইবে। অভাববোধ না হইলে কি কেহ কৃপা চায়? অভাববোধ যেখানে নাই, সেখানে চাওয়াও নাই। আমার কৃষ্ণসাক্ষাৎকার হইল না, এই অভাব-বোধ হইলে আমিও কৃষ্ণকে চাহিব এবং শ্রীগুরুদেবও আমাকে কৃষ্ণ দিবেন। যদি কুটিলতা থাকে, তাহা হইলে যে বস্তু হইতে ভয় বা বন্ধন হয়, সেই বস্তু লাভের আকাঙ্ক্ষা আমাদের হৃদয়ে জাগিয়া থাকে এবং তাহা রক্ষা করিবার জন্য দৃঢ় প্রতিজ্ঞা হয়। আমাদের যদি সংসারক্লেশ-বোধ না হইয়া থাকে, 'কে আমি কেন মোরে জারে তাপত্রয়' এই পরিপ্রশ্নের উদয় না হয়, তবে গুরুর কাছে আসা বৃথা। সেইজন্য আমাদের প্রত্যেকেরই এইরূপ প্রার্থনা হওয়া উচিত—

কবে আমি ছাড়িব এ বিষয়াভিমান।
কবে বিষ্ণুজনে আমি করিব সম্মান॥
গলবস্ত্র কৃতাঞ্জলি বৈষ্ণব-নিকটে।
দন্তে তৃণ ধরি দাঁড়াইব নিষ্কপটে॥
কাঁদিয়া কাঁদিয়া জানাইব দুঃখগ্রাম।
সংসার-অনল হ'তে মাগিব বিশ্রাম॥

সংসারকে যদি অনল বলিয়া মনে না হয় এবং তাহা চন্দ্রকিরণের ন্যায় ঠাণ্ডা বোধ হয়, তবে বিশ্রাম-প্রার্থনা বা কৃপাপ্রার্থনা কিরূপে হইবে? দৈন্যোক্তি, বিজ্ঞপ্তি ও প্রার্থনা জানাইলে শ্রীগুরুদেবের দয়া হইবেই। শ্রীগুরুদেবের মত বড় সাধু আর কেহ নাই। আমি যদি শ্রীগুরুদেবের কাছে কৃপা চাই, তবে নিশ্চয়ই কৃপা পাইব। তাঁহাকে বঞ্চনা করিতে না গেলে তিনি কাহাকেও বঞ্চনা করেন না। কৃষ্ণকে দিতে পারেন বলিয়াই তিনি গুরু। আমি যদি তাঁহার শ্রীপাদপদ্মে শরণাগত হই, তবে তিনি কৃষ্ণকে নিশ্চয়ই দিবেন। তিনি ত' কৃষ্ণকে দিবার জন্য—আমাকে কৃপা করিবার জন্য প্রস্তুত। কৃপা করাই ত' তাঁহার স্বভাব। সূর্য্যের স্বভাবই আলোকদান কিন্তু সূর্য্যের আলোককে আবরণ করিলে অন্ধকারই লাভ হয়। নিজেকে দীন বলিয়া উপলব্ধি হইলেই কৃপা পাওয়া যাইবে। সেবা ব্যতীত অন্য কোন প্রার্থনা যেখানে আছে, সেখানে কৃপাভিক্ষা নাই বুঝিতে হইবে। কল্পতরুর নিকটে আসিয়া যদি ছাইপাঁশ চাই, তাহা হইলে তাহাই পাইব।

কাহারও দোষ দেখিতে হইবে না, গুণগ্রাহী হইতে হইবে। শ্রীগুরুর নিষ্কপট ভৃত্য বৈষ্ণবগণের যাঁহার মধ্যে গুরুসেবাবৃত্তি যতটুকু আছে, সেই বৃত্তিটুকুকে 'প্রভুর কৃপা-বৃত্তি' জানিয়া তৎপ্রতি অকপট নমস্কার বিধান করিলে এবং নিজে অকপট সেবা-দৈন্যে বিভূষিত থাকিয়া সর্ব্বক্ষণ শ্রীগুরুপাদপদ্মের আদেশ, উপদেশ ও আদর্শ আচরণ কায়মনো-বাক্যে অনুসরণ করিলে এ জগতে কেহ আমার ক্ষতি করিতে পারিবে না। তখন জগতের কোন প্রকার সুখ আমাকে প্রলুব্ধ করিয়া পরনিন্দা বা পরচ্ছিদ্রান্বেষণে সময় নষ্ট করিবার দুর্ব্বুদ্ধি দিতে পারিবে না। যেখানে শ্রীগুরুপাদপদ্ম সর্ব্বতোভাবে নিয়ামক, সেখানে কোন ভয় বা ... যাঁহারা শ্রীগুরুদেবের কথা অনলস হইয়া নিরন্তর কীর্ত্তন করেন, কনককামিনী-প্রতিষ্ঠা তাঁহাদিগকে লুব্ধ করিতে পারে না। যত বিপদই আসুক না কেন, সম্পদস্থাতে বলদেবাভিন্ন শ্রীগুরুপাদপদ্মই তাঁহাদের একমাত্র বল। যে মুহূর্ত্তে আমরা শ্রীগুরুদেবের বাণীবল এবং তাঁহার আদর্শ আচরণানুসরণ-বল হইতে বিন্দুমাত্র ভ্রষ্ট হইব, সেমুহূর্ত্ত হইতেই আমরা নিরপেক্ষ হইয়া হরিকথা কীর্ত্তন করিতে পারিব না। শ্রীগুরুপাদপদ্ম যে কত বড় জিনিষ তাহা জৈব-জগৎ চিন্তায়ও আনিতে পারে না। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন—"আমার গুরুপাদপদ্মের পরাগের একটু কণা ছাড়ি'য়ে দিলে তোমাদের মত ক্রোটী কোটী লোক উদ্ধার লাভ করবে। এমন কোন পাণ্ডিত্য জগতে নাই—এমন কোন সদ্বিচার চতুর্দ্দশ ভুবনে নাই—কোন মনুষ্য-দেবতায় নাই যা' নাকি আমার গুরুপাদপদ্মের পদধূলির একটী কণা হ'তে ভারী হ'তে পারে। শ্রীগুরুপাদপদ্মের পদধূলি এত ভারী জিনিষ।" সেবা-চাতুর্য্য বা সেবা কৌশলই পাণ্ডিত্যের পরাকাষ্ঠা। সাধুর পদধূলিতে অভিষিক্ত হওয়ার ন্যায় পরম গৌরবের বিষয় আর কিছু নাই। ইহাই আমাদের একমাত্র কাম্য। সাধুর পদরজে অভিষিক্ত বা শ্রীগুরুবৈষ্ণব পাদপদ্মে প্রতিষ্ঠিত না হওয়া পর্য্যন্ত আমাদের দাম্ভিকতা যাইবে না। অকিঞ্চন গুরুদাসই তৃণাদপি সুনীচ ও নিরহঙ্কার। গুরুদাসানু-দাসাভিমানরূপ শুদ্ধ অহঙ্কার তাঁহাদের আছে। তাঁহারা নিজেকে সাধুগুরুর পাদ-পদ্মস্থিত ধূলিসদৃশ মনে করেন। তাঁহাদের অপ্রাকৃত নির্ম্মৎসর দম্ভ প্রাকৃত মাৎসর্য্যোদ্ভূত দম্ভকে শুষ্ক করিয়া মহত্ত্বের অনুমোদন ... কার্য্য করিয়া থাকে। এই দৈন্যময় শুদ্ধ দাসাভিমান সাধুর প্রকৃষ্ট কৃপারই পরিচয়।

যাঁহারা ভগবানের সেবা বা কৃপা চান, তাঁহারা জগতের কিছু চান না। এ জগতে আমার ভোগ্য কিছু আছে, এরূপ চিন্তাস্রোত অকিঞ্চনের নাই। 'তোমার কিঙ্কর আপনে জানিব, গুরু-অভিমান ত্যজি' ইহাই তাঁহার সহজ চিত্তবৃত্তি। অন্যাপেক্ষা নিজেকে শ্রেষ্ঠাভিমানই গুরু-অভিমান। কিঙ্করাভিমানী সেবকের এই অশুদ্ধ অভিমান নাই। তাই তিনি নিজেকে কাহারও পতি, কাহারও পিতা, কাহারও পূজ্য বা কাহারও শ্রদ্ধার পাত্র বলিয়া মনে করেন না। তিনি দীন হীন কাঙ্গাল হইয়া সর্ব্বদা সাধুগুরুর সেবায় আত্মনিয়োগ করিয়া কাতরক্রন্দনময় কৃপা-প্রার্থনামুখ জীবন যাপন করিয়া থাকেন। সাধুর সঙ্গ সর্ব্বদা থাকিতে হইবে। অসৎসঙ্গ সর্ব্বতোভাবে পরিহার করিয়া নিরন্তর ভগবৎ-প্রসঙ্গ শ্রবণ ও কীর্ত্তন করিতে হইবে। বৈষ্ণবাপরাধ হইতে বিশেষ সতর্ক থাকিতে হইবে। পূজ্য ব্যক্তির সহিত খুব সতর্কতার সহিত ব্যবহার করিতে হইবে। নিরন্তর শ্রীহরির কীর্ত্তন করিতে হইবে। হরিকীর্ত্তন করিলে অপরেও শুনিতে পাইবে। নির্জ্জন-ভজনের চেষ্টায় অসুবিধা ছাড়া সুবিধা কিছু নাই। হরিকথাকীর্ত্তনে আত্মমঙ্গল ও শ্রবণ-কারীর মঙ্গল—নিজের উপকার ও পরোপকার যুগপৎ হইয়া থাকে। কীর্ত্তন হরিসেবা, নিজের

শ্রবণে সেবা, অর্চনে … নামে হরিসেবা—এই তিনপ্রকারে ভক্তসেবা হইয়া থাকে। এতদ্ব্যতীত কীর্ত্তন-প্রভাবে স্মরণও হয়। হরিকীর্ত্তনের দ্বারাই ভগবানের সর্ব্বক্ষণ নিশ্ছিদ্র সেবা সম্ভব।

ভগবানের কৃপা সৎসঙ্গকে আশ্রয় করিয়াই হউক অথবা সৎস্বরূপকে আশ্রয় করিয়াই হউক অপর জীবে সংক্রামিত হয়, পরন্তু অন্য উপায়ে হয় না। শাস্ত্র বলিতে-ছেন—"হে ভগবন, আপনি সদনুগ্রহশীল অর্থাৎ সজ্জনগণের দ্বারাই অন্য পুরুষগণের প্রতি অনুগ্রহ করিয়া থাকেন। অথবা সজ্জন-গণ আপনার মূর্ত্তিমান অনুগ্রহ অর্থাৎ আপনার যে অনুগ্রহ প্রাপঞ্চিক জগতে বিচরণ করে, তাহা সাধুর আকার ধারণ করিয়াই বিচরণ করিয়া থাকে, অন্য রূপে নহে।"

কায়িক, বাচিক ও মানসিক এই ত্রিবিধ আনুগত্যই সেবা। শরণাগতই অনুগত। যেখানে কায়মনোবাক্যে শরণাগতি বা শ্রদ্ধা আছে, সেইখানেই এই ত্রিবিধ আনুগত্য বা সেবা সম্ভব। ভক্তিদেবী কৃষ্ণবল্লভা। তিনি প্রসন্ন না হইলে সেবা লাভ হয় না। আমি বৈষ্ণব হইয়া গিয়াছি—এরূপ অবৈষ্ণব ভাব বিচার প্রবল হইলে আর আনুগত্য বা সেবা-চিত্তবৃত্তি থাকে না। অবৈষ্ণব চিত্তবৃত্তি পরিত্যাগের একমাত্র উপায়—প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবা সহকারে বৈষ্ণবের নিকট বিষ্ণুর কথা শ্রবণ। তাহা হইলে সংসারের বা অনর্থের প্রবৃত্তি নিবৃত্ত হইয়া অর্থপ্রবৃত্তি হইবে।

জীবন্ত সাধুর সঙ্গলাভের সুযোগ না হইলে শাস্ত্রীয় সাধুসঙ্গ করিতে হইবে। আচার্য্যগণের সঙ্গ ও সেবা করিতেই হইবে। সাধুসঙ্গ বা গ্রন্থপাঠ না করিয়া শুধু অন্যমনস্ক হইয়া মালা টানা হরিনাম নহে। সাধুসঙ্গ না হইলে হরিনাম বা হরিসঙ্গ হয় না। আবার গ্রন্থপাঠ করিতে হইবে বলিয়া যেন আমাদের হরিনামে বা হরিসেবায় শৈথিল্য না আসে। সাধুসঙ্গ, সাধুসেবা ও গ্রন্থ আলোচনা হওয়া চাই, আবার অত্যন্ত আদরের সহিত শুদ্ধরূপে স্পষ্ট স্পষ্ট করিয়া শ্রীনামকীর্ত্তনও করা চাই। এই শ্রীনাম-সেবার মধ্যে শ্রীনামের প্রীতিকামনা ব্যতীত অন্য কোন কামনা-বাসনা থাকিবে না। গ্রন্থাদি আলোচনা অর্থাৎ গুরুবর্গের বাণী শ্রবণের দ্বারা হরিনামে বিশ্বাস ক্রমে দৃঢ় হইতে দৃঢ়তর হয়। নামসংকীর্ত্তন গুরুবর্গের সহিত যোগযুক্ত থাকিয়া অর্থাৎ শিষ্য হইয়া গুরুবর্গের আদর্শকে সর্ব্বতোভাবে স্বীকার পূর্ব্বক দৃঢ়তাসহকারে সেই আদর্শ অনুগামী নিজেকে চালিত করাই প্রকৃত গ্রন্থপাঠ বা প্রকৃত সাধুসঙ্গ।

শ্রীশ্রীল আচার্য্যদেবের উপদেশ

——::০::——

প্রঃ—হরিনাম-গ্রহণকালে একটি আঙ্গুল বাহিরে রাখা হয় কেন?

উঃ—একটি আঙ্গুল মানে তর্জ্জনীকে বাহিরে রাখা হয়। তর্জ্জনী দ্বারা শাসন বা নিয়মন করা হয়। শ্রীহরিনাম ইন্দ্রিয়গ্রাহ্য নহেন, কাজেই তাঁকে নিয়মিত করা যায় না। তর্জ্জনী দ্বারা বস্তু নির্দ্দেশ করা হয়। যে পরিদৃশ্যমান জগৎকে তর্জ্জনী নির্দ্দেশ করে, সেটা জীবের বন্ধনদশা—কারাগার। শ্রীহরিনাম ব্যতীত আর সবই কারাগার, তাহাই তর্জ্জনী নির্দ্দেশ করে এবং এই সঙ্গে আরও জানায় যে, কারাগার হ'তে মুক্ত হ'তে হ'লে বৈকুণ্ঠনামের আবির্ভাব দরকার। তর্জ্জনী দ্বারা 'ইদং' বস্তুকে দেখান হ'চ্ছে। 'ইদং' বস্তু বৈকুণ্ঠ নহে, প্রাকৃত বা মায়িক। ব্রহ্মের নাম 'নেদম্'; শ্রুতি বল্‌ছেন—'নেদম্ যদিদমুপাসতে' অর্থাৎ ব্রহ্মবস্তু 'ইদং' বা এই বস্তু নহেন। তিনি 'তৎ' বা সেই বস্তু। তিনি 'ইদং'ও নহেন, 'ত্বং' বস্তুও নহেন। "ত্বং" অর্থাৎ তুমি। "ত্বং" বস্তুও 'ইদং' নহে। তর্জ্জনী জানাইতেছে 'ত্বং' বস্তু 'ইদং' নহ, তুমি 'তদ্'-বস্তুর। তর্জ্জনী 'ইদং' বস্তুর পরিমাপক বা নির্দ্দেশক, সে 'তদ্'-বস্তুকে স্পর্শ ক'রতে পারে না। যাঁকে মাপা যায় না, তিনি অধোক্ষজ, ইন্দ্রিয়াতীত, বৈকুণ্ঠবস্তু। তাঁকে ইন্দ্রিয় দ্বারা গ্রহণ করা যায় না। অধোক্ষজ অর্থাৎ তুরীয় মান হ'তে অনন্ত মানের বস্তু। তুরীয় মানের বস্তু মানব-মেধার ধারণাযোগ্য নহে, যদিও কোন কোন বৈজ্ঞানিক এসম্বন্ধে কল্পনা ক'রেছেন। ইন্দ্রিয়গ্রাহ্য বস্তু-মাত্রই তিনটি মানবিশিষ্ট অর্থাৎ বৃহত্তা, দৈর্ঘ্য ও পরিমণ্ডল অথবা দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতাবিশিষ্ট। এই অঙ্গুলী নির্দ্দেশ ক'রছে যে, 'ইদং' বা এই পরিদৃশ্যমান বিশ্ব এরূপ তিনটি মানবিশিষ্ট। শ্রীহরিনাম ঐরূপ তুরীয় মানের বস্তু নহেন, তুমিও ঐ তিন মানের মধ্যে আবদ্ধ থাকিও না।

প্রঃ—সাধন-ভজন কি প্রকারে হ'বে?

উঃ—সাধুসঙ্গে সাধন-ভজন হ'বে।

প্রঃ—যে সমস্ত লোক ধামে স্ত্রী-পুত্র নিয়ে ব্যবসা-বাণিজ্য করছে, তা'রা মঙ্গল লাভ করবে কি?

উঃ—আরাধ্য বা উপাস্য বস্তুকে নিজের ইন্দ্রিয়তৃপ্তির জন্য নিযুক্ত করলে অপরাধ হ'বে। সেব্য বস্তুর সেবা ক'রতে হ'বে। সেব্যের ইন্দ্রিয়তৃপ্তিই সেবা। সেবক বা উপাসক নিজের ইন্দ্রিয়তৃপ্তি চা'ন না, চাইলে সেবার পরিবর্ত্তে ভোগ হ'য়ে গেল।

প্রঃ—"যাবতা স্যাৎ স্বনির্ব্বাহঃ স্বীকুর্য্যাত্তাবদর্থবিৎ" এই বিচারে করলেও কি ভোগ হ'য়ে যা'বে?

উঃ—'স্বনির্ব্বাহ' শব্দের অর্থ কি? 'স্ব' শব্দে দেহ নয়। 'স্ব' অর্থে কৃষ্ণ এবং কৃষ্ণের সহিত তদীয় সেবকের সম্বন্ধ স্থাপিত হয় যাহা দ্বারা সেই ভক্তি। স্বনির্ব্বাহ অর্থে ভক্তিনির্ব্বাহ। ভক্তির অনুকূল দেহেন্দ্রিয়া-দির জন্য যতটুকু অর্থ বা দ্রব্যাদির প্রয়োজন ততটুকু গ্রহণই "যাবতা স্যাৎ স্বনির্ব্বাহঃ" শ্লোকের অর্থ। পরমাত্মার সহিত জীবাত্মার যোগসূত্রই 'স্ব'-শব্দবাচ্য ভক্তি। ভক্তি অর্থে রাগ, টান বা প্রীতি। ভগবানের প্রতি রাগ বা টান উপস্থিত হ'লে তবে ত' তা'র নির্ব্বাহ। রাগ যা'র না হ'য়েছে তা'কে কি ক'রে বোঝান যা'বে? যাঁ'র সন্তান নাই, তাঁকে সন্তানের মাতার কি করতে হয়, কি ক'রে বোঝান যায়? যখন রাগ উপস্থিত হয়, তখন সেব্যের সুখের জন্য যে দেহ-ধারণ, তাহা ভক্তির ব্যাঘাত-কারক নয়। যাহা ভক্তির অনুকূল, ততটুকু গ্রহণ করলে অপরাধ হ'বে না, এটা শ্রীমদ্ভক্তি-বিনোদ ঠাকুরের আদেশ। যিনি বন্ধন মোচন ক'রে নিজের আত্মার আত্মাকে দিয়ে দেন, সেই ধাম ও ধামবাসীকে দিয়ে নিজের ইন্দ্রিয়তৃপ্তি করতে হ'বে না। শ্রীধর বিপ্র ব'লে একজন ভক্ত বাস করতেন। তিনি থোড়মোচা বিক্রী ক'রে দিনাতিপাত করতেন। তাঁ'র বাড়ীতে জল পান করার একটি ভগ্নছিদ্র লৌহপাত্র মাত্র ছিল। পরিধানে অতি জীর্ণ বস্ত্র ও ঘরের চালে খড় পায় ছিল না। মহাপ্রভু তাঁ'র দ্রব্য কেড়ে নিয়েছেন। তিনি নিজের অবস্থার উন্নতির কোন চেষ্টা করেন নাই। শ্রীবাস পণ্ডিত পরিবারবর্গ নিয়ে থাকতেন। স্ত্রী-পুত্র, চারি ভাই, লাতুষ্পুত্র ইত্যাদি বহু পরিজন তাঁ'র। তিনি পরিজন পালনের জন্য কোন প্রকার চেষ্টা করতেন না। মহাপ্রভু তাঁ'কে উপার্জ্জনের কথা বল্‌লেন, কিন্তু তিনি কৃষ্ণই রক্ষক ও পালক জেনে শরণাগতির চরম আদর্শ দেখা'লেন, কোন চেষ্টা করতে চাইলেন না। মহাপ্রভু তখন বল্‌লেন যে, সমস্ত ঐশ্বর্য্যের অধিষ্ঠাত্রী দেবী লক্ষ্মীরও যদি অভাব হয়, তবুও শ্রীবাসের কোনদিন অভাব হ'বে না। যিনি নারায়ণের সমস্ত ঐশ্বর্য্যের মালিক, সেই লক্ষ্মীকান্ত গৌরনারায়ণ বলছেন—লক্ষ্মী উপবাসী থাকতে পারেন, কিন্তু তুমি কখনও উপবাসী থাকবে না। ভক্ত লক্ষ্মী এমন কি, স্বীয় আত্মা হ'তেও ভগবানের প্রিয়। সম্পূর্ণভাবে শ্রীধামের শরণাগত হ'য়ে থাকতে হ'বে। যোগ অর্থাৎ অপ্রাপ্ত বস্তুর প্রাপ্তির জন্য চেষ্টা এবং ক্ষেম অর্থাৎ প্রাপ্ত বস্তু রক্ষা ক'রবার জন্য উদ্বেগ ছেড়ে দিতে হ'বে। কায়মনো-বাক্যে নিষ্কপটে শরণাগত হ'তে হ'বে। আমাদের দিক্ থেকে কায়মনোবাক্যে সমর্পণ করা ছাড়া আর কিছুই কৃত্য নেই। যাঁ'কে গোপ্তৃত্বে বরণ করতে হ'বে, তিনিই সমস্ত ব্যবস্থা করবেন। আহার দিন বা না দিন্, সেটা তাঁ'র চিন্তার বিষয়, আমার চিন্তার বিষয়—আত্মসমর্পণ ক'রে, সেব্যের সেবা লাভ করা।

প্রঃ—"ধামবাসিজনে প্রণতি করিয়া মাগিব কৃপার লেশ" এই ধামবাসী কাঁহারা?

উঃ—শ্রীধামবাসী শ্রীধামের ন্যায় সচ্চিদা-নন্দ-বস্তু, প্রাকৃত, খণ্ড বা জড় বস্তু নহেন। শ্রীধাম ইন্দ্রিয়ভোগ্য গ্রাম নহেন, শ্রীভগবানের ন্যায় সচ্চিদানন্দ বিভু বস্তু। শ্রীধাম ও শ্রীধাম-বাসী গুরুবৈষ্ণব তদীয় বা বৈভব বস্তু। শ্রীধামে থাকা মানেই ধামবাসীর কৃপালেশ ভিক্ষা করা। শ্রীধামে থাকা বা ধামবাসীর কৃপালেশ-প্রার্থনাই ভগবৎ-সমীপে বাস বা ভগবানের কৃপাভিখারী হওয়া। শ্রীধামবাসী শ্রীধামের বৈভব। নরদেহ বা নারীদেহ-ধারী দূরে থাকুক, এখানে কীটপতঙ্গাদি সকলই শ্রীধামের বৈভব। সূর্য্য যেমন কিরণ ছাড়া নহেন, সেইরূপ শ্রীধামও কখনই বৈভববিহীন হন না। ধামে থে'কে ধাম-বাসীর কৃপা লাভ না হ'লে ধামবাস হ'ল না। সূর্য্যের নিকট বাস করা মানেই যেমন সূর্য্যের আলোর নিকট বাস করা, তেমনই ধামে বাস করা মানেই ধামবাসীর সঙ্গ করা। শ্রীধাম ও শ্রীধামবাসী গুরুবর্গের প্রতি যোল আনা শরণাগতিবিশিষ্ট জনই শ্রীধামবাসী। শ্রীধামবাসীর নিজের দেহের চিন্তা নাই। তিনি বিক্রীত পশুর ন্যায়। বিক্রীত পশু অথবা বিক্রেতা নিজে ভরণ-পোষণের চিন্তা করে না, সে চিন্তা ক্রেতার। শ্রীধামবাসী দেহটাকে ক্রেতা শ্রীধামের কাছে—ধামের মালিক বিভুচৈতন্য কৃষ্ণকে সমর্পণ ক'রেছেন। এখানে পাটোয়ারী বুদ্ধি নাই। কৃষ্ণকে দিয়ে চাকরী করিয়ে নেবার ইচ্ছা নেই।

প্রঃ—ধামের কীটপতঙ্গতৃণগুল্মাদিকেও কি অতি ভাগ্যবান্ বিচার করতে হ'বে?

উঃ—অতি ভাগ্যবান্ কেন? তাঁ'রা ব্রহ্মারও দুর্ল্লভ ভাগ্যের অধিকারী। ব্রহ্মা শ্রীধামের কীটপতঙ্গাদি হ'তে চেয়েছেন শ্রীমদ্ভাগবত এ কথা ব'লেছেন।

> "তদস্তু মে নাথ স ভূরিভাগো
> ভবেঽত্র বান্যত্র তু বা তিরশ্চাম্।
> যেনাহমেকোঽপি ভবজ্জনানাং
> ভূত্বা নিষেবে তব পাদপল্লবম্॥
> (ভাঃ ১০।১৪।৩০)

শ্রীধামের কীট-পতঙ্গ, তৃণ-গুল্মাদি মহা-মহা সৌভাগ্যবান্। ব্রহ্মা স্বয়ং সমস্ত বিশ্ব-ব্রহ্মাণ্ডের পিতা, স্রষ্টা হ'য়েও শ্রীধামের কীট-পতঙ্গ, এমন কি 'তৃণ' হ'বারও প্রার্থনা ক'রেছেন; এইরূপ দর্শন হওয়া চাই। সর্ব্ব বস্তুতে সেব্যের অধিষ্ঠান দর্শন হ'লে তবে ত' এইরূপ দর্শন হ'বে। তিনি ধামবাসী ছাড়া আর কিছু দর্শনই করেন না।

প্রঃ—এইরূপ দর্শন যাঁ'র হ'য়েছে, তাঁ'র ত' গৃহে থাকে কিছু প্রভেদ নাই। তিনি ত' গৃহে থেকেও মঙ্গল লাভ করতে পারেন।

উঃ—তাঁ'র 'গৃহেতে গোলোক ভায়।' গৃহে ও ধামে সর্ব্বত্র তাঁ'র চিত্ত সর্ব্বদা ধামবাসীর পাদপদ্মে অভিনিবিষ্ট থাকে, তিনি সর্ব্বতোভাবে ধাম আশ্রয় করেন, গৃহে আবদ্ধ হন না এবং শ্রীধাম ছেঁড়ে গৃহাভিমুখে দৌড়ান না। তিনি ধামের বিরহে কাতর হ'য়ে পড়েন। যিনি এইরূপ চিত্তবৃত্তিবিশিষ্ট ব্যক্তিগণের অনুসরণ করেন, তাঁ'র মঙ্গল অবশ্যম্ভাবী। অনাসক্তভাবে সংসার করায় তাঁ'র কোন অসুবিধা হয় না। তিনি অনুক্ষণ শ্রীধামবৃত্তি লইয়াই শ্রীহরিভজনময় গৃহে বাস করেন।

যোষিৎসঙ্গের কুফল

ইন্দ্রিয়ভোগ্য বস্তুমাত্রই যোষিৎ। সেই যোষিতের প্রতি সম্যগ্‌রূপে প্রীতি বা সম্যগ্‌রূপে অভিনিবেশের নাম যোষিৎসঙ্গ। সম্যক্‌গমনের নাম সঙ্গ। গমন সম্যক্ না হইলে—অসম্যক্ হইলে তাহাকে সঙ্গ বলা যায় না, তাহা অসঙ্গ। মাংসদৃক্‌মাত্রই স্ত্রীসঙ্গী। আর বেদদৃক্‌গণ সৎসঙ্গী। কি স্ত্রীদেহধারী, কি পুরুষদেহধারী ভোগবুদ্ধি থাকিলে উভয়েই যোষিৎসঙ্গী। কণকামীমাত্রেই যোষিৎসঙ্গী; যেথানে ভোক্তাভিমান, সেথানেই যোষিৎসঙ্গ। পুরুষাভিমান থাকাকালে যোষি সঙ্গের হস্ত হইতে নিষ্কৃতি নাই। এই পুরুষাভিমান বা সংসার-বাসনা একমাত্র শ্রীগুরু-নিত্যানন্দের কৃপায় অপসারিত হইতে পারে। এই যোষিৎসঙ্গীর ভয়াবহ পরিণামের কথা সকল শাস্ত্রই কীর্ত্তন করিয়াছেন। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন—"ভোগ্যা যোষিৎ ও তাহার প্রভু যোষিদ্ভর্ত্তা—ইহাদিগকে দূরে পরিত্যাগ পূর্ব্বক নির্ভীক ও নিরপেক্ষ হইয়া সর্ব্বক্ষণ ভগবানের অনুশীলন করিবে। নারীচিন্তা হইতে সংসারপ্রবৃত্তি ও দ্বিতীয়াভিনিবেশ জন্য ভগবদ্‌বিস্মৃতি। সুতরাং বিষয় ও বিষয়ের ভোগ্য ব্যাপারসমূহ—উভয় বস্তু হইতে সর্ব্বতোভাবে সম্চ্যুত হইবে। ভগবৎপ্রপত্তি দ্বারাই তাহা সম্ভব।" শ্রীমদ্ভাগবত বলেন,—

ন তথাস্য ভবেৎ ক্লেশো বন্ধশ্চান্যপ্রসঙ্গতঃ।
যোষিৎসঙ্গাদ্ যথা পুংসস্তথা তৎসঙ্গিসঙ্গতঃ॥
(ভাঃ ১১।১৪।৩০)

অর্থাৎ স্ত্রীসঙ্গ ও স্ত্রীসঙ্গী পুরুষ হইতে জীবের যেরূপ ক্লেশ ও সংসারবন্ধন ঘটিয়া থাকে, অন্য কোন বিষয়-প্রসঙ্গ হইতে সেরূপ হয় না।

শ্রীমদ্ভাগবতের একটী গল্প হইতে আমরা যোষিৎসঙ্গের কুফলের কথা আলোচনা করিতেছি। কোন সময়ে এক ছাগ বনমধ্যে নিজ প্রিয়বস্তুর অন্বেষণ করিতে করিতে নিজ কর্ম্মফলে কূপমধ্যে পতিতা এক ছাগীকে দেখিতে পাইল। কামী ছাগ ঐ ছাগীর উদ্ধারের উপায় চিন্তা করিতে করিতে শৃঙ্গাগ্র দ্বারা মৃত্তিকা অপসারিত করত নির্গমপথ প্রস্তুত করিল। সেই ছাগী কূপ হইতে উত্থিত হইয়া ছাগকে পতিরূপে বরণ করিল। ছাগী ঐ ছাগকে পতিরূপে বরণ করিল দেখিয়া অন্যান্য বহু ছাগী স্থূলকায় বলিষ্ঠ সেই ছাগকে পতিত্বে বরণ করিতে অভিলাষী হওয়ায় অজশ্রেষ্ঠ একাকী বহু ছাগীর সহিত বিহার করিতে লাগিল। কূপোত্থিত সেই ছাগী নিজ প্রিয়তমকে অপরের সহিত বিহার করিতে দেখিয়া মনের দুঃখে মিত্রবেশী বস্তুতঃ অমিত্র, ক্ষণকালের জন্য বন্ধুত্ব অভিলাষী, ইন্দ্রিয়সেবী কামুক নিজ স্বামী ছাগকে পরিত্যাগ করিয়া চলিয়া গেল। ঐ স্ত্রৈণ ছাগও তখন দুঃখিত হইয়া সেই ছাগীকে সন্তুষ্ট করিবার জন্য শব্দ করিতে করিতে উহার পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিল। কিন্তু পথিমধ্যে তাহাকে প্রসন্ন করিতে পারিল না। ঐ ছাগী যথায় গমন করিল, তথায় উহার পালনকর্ত্তা এক দ্বিজ ক্রোধভরে সেই ছাগের লম্বমান অণ্ডদ্বয় ছিন্ন করিয়া দিল। কিন্তু যখন ঐ ছাগ অত্যন্ত অনুরোধ করিতে লাগিল, তখন দ্বিজ নিজ পুত্রীর কামভোগার্থ পুনরায় ঐ অণ্ডদ্বয় সংযোজিত করিয়া দিল। ছাগ কূপলব্ধ অজার সহিত বিষয়ভোগে বহুকাল অতিবাহিত করিয়াও কামভোগে তৃপ্তিলাভ করিতে পারিল না। ইহাতে স্পষ্টই বুঝা যাইতেছে, ভোগের দ্বারা ভোগের উপশম হয় না। পৃথিবীতে যে সকল ধান্য, যব, সুবর্ণ, পশু ও স্ত্রী আছে, সে সমুদয়ও কামহত ব্যক্তির মনঃপ্রীতি উৎপাদন করিতে সমর্থ হয় না। শ্রীমদ্ভাগবত বলিয়াছেন,—

ন জাতু কামঃ কামানামুপভোগেন
শাম্যতি।
হবিষা কৃষ্ণবর্ত্মেব ভূয় এবাভিবর্দ্ধতে॥

অর্থাৎ ঘৃতদ্বারা অগ্নি যেরূপ নির্ব্বাপিত হয় না, পরন্তু উত্তরোত্তর বর্দ্ধিত হয়, সেইরূপ কাম্য-বস্তুর উপভোগের দ্বারা ভোগপিপাসা বর্দ্ধিতই হইয়া থাকে, উপশমপ্রাপ্ত হয় না।

বিষয়াসক্ত, দুর্ব্বুদ্ধি জনগণের পক্ষে যাহা অত্যন্ত ক্লেশকর, স্বয়ং জরাগ্রস্ত হইলেও যাহা হৃদয় হইতে যাইতে চাহে না, সেই দুঃখরাশিবহনকারিণী ভোগপিপাসাকে সুখাভিলাষী ব্যক্তিমাত্রই অতি শীঘ্র ত্যাগ করিবেন। অন্য লোক ত' দূরের কথা, মাতা, ভগিনী ও কন্যার সহিত একাসনে উপবেশন করাও উচিত নহে। যেহেতু বলবান্ ইন্দ্রিয়সমূহ বিদ্বান্ ব্যক্তিকেও আকর্ষণ করিয়া থাকে। যাঁহারা ভক্তিপথ আশ্রয় করিয়াছেন, তাঁহারা প্রথমমুখে বিষয় কর্ত্তৃক আকৃষ্ট হইলেও তাঁহারা যদি ভগবৎ-সেবাকামী হন অর্থাৎ সাধনভক্তি ও ভাবভক্তিতে অনুরাগ প্রদর্শন করেন, তাহা হইলে ভোগ্য বিশ্ব কখনও তাঁহাকে বিপথগামী করিতে পারে না। আমরা যখন বিষয়ভোগে প্রমত্ত থাকি, তখন আমাদের ভগবৎ-সেবাপ্রবৃত্তি নির্ব্বাপিত অগ্নির ন্যায় অবস্থান করে। কিন্তু যে মুহূর্ত্তে সেবাপ্রবৃত্তি সমৃদ্ধ হয়, তখনই প্রজ্বলিত অগ্নি যেরূপ কাষ্ঠরাশিকে ভস্মীভূত করে, তদ্রূপ সেবাপ্রভাবে আমাদের ভোগবাসনা বিনষ্ট হইয়া যায়।

ব্যাঘ্রীর হৃদয়তুল্য স্ত্রীগণের সখ্য কোথাও হয় না। স্ত্রীগণ নির্দ্দয়া ও কুটিলস্বভাবা। তাহারা সামান্য দোষও সহ্য করিতে পারে না এবং নিজসুখের জন্য অধর্ম্মাদিতে ভীত হয় না। সামান্য কার্য্যেই তাহারা বিশ্বস্ত ভ্রাতা ও পতির প্রাণ বিনষ্ট করিয়া থাকে। শ্রীকৃষ্ণই একমাত্র পুরুষ। সুতরাং যোষিৎসঙ্গ তাঁহারই একচেটিয়া। যোষিৎসঙ্গে তাঁহারই সুখ। অপরের পক্ষে ইহা মহা-বিপদ্‌জনক ও ক্লেশকর। যোষিৎসঙ্গ প্রবল হইলে—প্রভুত্বাকাঙ্ক্ষা বাড়িতে থাকিলে সাধু-গুরুতে বিশ্বাস হইবে না, যোষিৎসঙ্গ এমনি ভয়াবহ!

সাময়িক-প্রসঙ্গ

শ্রীল জাহ্নবা ঠাকুরাণীর আবির্ভাব-মহোৎসব

গত ৫ই মে সোমবার শ্রীনিত্যানন্দশক্তি শ্রীল জাহ্নবা ঠাকুরাণীর আবির্ভাব-মহোৎসব শ্রীধামমায়াপুর আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠে সংকীর্ত্তনমুখে সুসম্পন্ন হইয়াছে। পরমারাধ্যতম পরমহংসকুলচূড়ামণি শ্রীশ্রীল আচার্য্যদেব সন্ধ্যার সময় শ্রীল জাহ্নবা দেবীর সম্বন্ধে কিছুক্ষণ হরিকথা কীর্ত্তন করেন। তৎপরে গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয় অবিদ্যাহরণ নাট্যমন্দিরে সরল প্রাঞ্জল ভাষায় বহুক্ষণ যাবৎ পরমারাধ্যা শ্রীল জাহ্নবা ঠাকুরাণীর বৈষ্ণবাচার্য্যত্ব, জীবের প্রতি করুণা ও তাঁহার অপার গুণের কথা বহুক্ষণ যাবৎ কীর্ত্তন করিয়া শ্রোতৃমণ্ডলীর চিত্তাকর্ষণ করেন। তাঁহার শ্রীমুখে হরিকথা শ্রবণ করিয়া সকলেই পরমোপকৃত হইয়াছেন।

রংপুরে প্রচার

আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা দার্জ্জিলিং শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ গত ৮ই সোমবার দিবস নিত্যলীলাপ্রবিষ্ট জগদ্‌গুরু ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুরের অপ্রকট-তিথিদিবস শ্রীমঠ হইতে রওনা হইয়া পরদিন ইটাখোলা নামক স্থানে উপস্থিত হন। তথায় উক্ত দিবস সমস্ত দিন হরিকথা আলোচনা ও সন্ধ্যায় বহু শ্রীমঠাশ্রিত ভক্ত ও শ্রদ্ধালু সাধারণ সজ্জনের উপস্থিতিতে প্রায় ঘণ্টাধিককাল হরিবাসর-তিথির মাহাত্ম্য ও তাহা পালনের অত্যাবশ্যকীয়তা সম্বন্ধে বক্তৃতা হয়। তথা হইতে প্রচারকগণ কুণ্ডপুর নামক স্থানে শ্রীযুত বসন্তকুমার রায় মহাশয়ের সাদর আহ্বানে তদীয় বাসভবনে ক্রমাগত দুই দিন মুমূর্ষু জীবের মঙ্গলোপায় সম্বন্ধে হরিকথা আলোচনা করেন। তথা হইতে প্রচারকগণ পুনরায় ইটাখোলা গ্রামে উপস্থিত হন। তথায় শ্রীযুক্ত ক্ষেত্রনাথ রায় মহোদয়ের আগ্রহে তাঁহার বাসভবনে শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা, জীবে দয়া নামে রুচি ও বৈষ্ণবসেবা সম্বন্ধে প্রায় ১॥০ ঘণ্টাকাল হরিকথা কীর্ত্তন হয়। প্রত্যহ পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়। তথা হইতে প্রচারকগণ মলটাকা নামক স্থানে প্রচারার্থ গমন করেন।

পাটনায় প্রচার

গত ২০শে এপ্রিল রবিবার পাটনা শ্রীগৌড়ীয়মঠের কতিপয় সেবক গর্দ্দানীবাগস্থ শ্রীযুত সীতারাম শর্ম্মা ওভারসিয়ার মহোদয়ের গৃহে নিমন্ত্রিত হইয়া হরিকীর্ত্তনার্থ গমন করেন। শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারী 'ভক্তিশাস্ত্রীজী ঘণ্টাধিককাল শ্রীমদ্ভাগবত পাঠ ও হিন্দিভাষায় ব্যাখ্যা করেন। ব্যাখ্যা-প্রসঙ্গে তিনি বহু উপদেশপূর্ণ শ্রৌতবাণী কীর্ত্তন করেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়। সভায় বহু ভদ্রমহোদয় উপস্থিত ছিলেন।

গত ২১শে এপ্রিল সোমবার ভক্তবৃন্দ স্থানীয় সুপ্রসিদ্ধ দৈনিক ইংরাজী পত্রিকা "ইণ্ডিয়ান নেশান"এর সম্পাদক মিঃ সি, ডি, এইচ্, রাও মহোদয়ের গৃহে গমন করেন। ভক্তিশাস্ত্রীজী শ্রীমদ্ভাগবত হইতে "দক্ষযজ্ঞ" পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে কীর্ত্তন হয়।

গত ২২শে এপ্রিল মঙ্গলবার সন্ধ্যায় শ্রীমঠের শ্রবণ-সদনে একটী সভার অধিবেশন হয়। সন্ধ্যারাত্রিকান্তে ব্রহ্মচারীজী ঘণ্টাধিককাল হিন্দিভাষায় হরিকথা কীর্ত্তন করেন। পাঠে বহু শিক্ষিত ভদ্রমহোদয় ও মহিলা উপস্থিত ছিলেন।

গত ২৩শে এপ্রিল বুধবার সন্ধ্যায় পাটনা জি, পি, ও পোষ্ট মাষ্টার মিঃ বি, ঘোষাল মহোদয়ের সাদর আহ্বানে শ্রীমঠের সেবকবৃন্দ তথায় গমন করেন। গুরুবন্দনা, পঞ্চতত্ত্ব, "গোরা পহুঁ না ভজিয়া মৈনু" কীর্ত্তনান্তে শ্রীপাদ পতিতপাবন প্রভু ভাগবতস্বরূপ, ভাগবতের প্রকটের কারণ, শ্রীব্যাসের প্রতি শ্রীনারদের কৃপা প্রভৃতি বিষয় সরল বাংলা ভাষায় ঘণ্টাধিককাল ব্যাখ্যা করেন। তারপর "হরি হরি! কবে মোর হ'বে হেন দিন" ও মহামন্ত্র কীর্ত্তন হইয়া সভা ভঙ্গ হয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅপ্রমেয় ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক—শ্রীনবদ্বীপচন্দ্র দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুপাদ ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঠাকুরপ্রসাদ ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

[illegible]
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীরামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীমহৎকৃপা ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌড়পুর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

কুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুঁড়া গৌড়ীয়মঠ
চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধবগৌড়ীয়মঠ
বারদিয়া, পোঃ গুয়ারি, ঢাকা।
সেবক—গৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীদীনদয়াল ব্রজবাসী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদাসবিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

[illegible] গৌড়ীয়মঠ
৩নং পাশাংবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীইন্দ্রপতি দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণ. মথুরা।
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেখপারী
পোঃ কোড়োল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
[illegible], মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্‌ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীবল্লভ দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাণীবাঁধ (বর্দ্ধমান)
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ডুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং ডিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাঙ্কেষ্টার রোড, হাউড্ গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠালয়
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅভয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীভক্তিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

—————:: :: ——————

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতি লাইনে	॥০	।৵০	।৵০	।০
" ইঞ্চি	২৲	১॥০	১॥০	১৲
" সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতি ইঞ্চি	৬৲	৪॥০
সিকি কলম	১৫৲	১২৲
অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বার্ষিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫৲, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ সৌন্দর্য্যবোধক ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, স্থানে শাস্ত্রযুক্তিমূলে সকল অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চরিত্র (charts) অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান -শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক ন্যায়, গল্প, প্রবাদ ও দৃষ্টান্তের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ মানবজাতির মঙ্গলের জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১৷০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ বিভিন্ন পরানুবাদসহ শ্রীধাম শ্রীগৌড়ীয়মঠ প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা-নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—— :: ——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

—— :: ——

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকট বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ৩য় শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ১ম শ্রেণী মাত্র ৮॥০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর ৩টি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কনসেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট,

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবনচরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব মৌলিক বিবৃতি, গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য মহাপ্রভুর গ্রন্থ শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। শ্রীপাদ নিশিকান্ত সান্যাল বা তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৮৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডীস্বামী শ্রীমদ্ ভক্তিবেদান্ত পর্য্যটক মহারাজ ও শ্রীপাদ নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়বৈভবাচার্য্য শ্রীবৃন্দাবন শ্রীমন্দিরের তাঁহার অপ্রকটের পূর্বে শ্রীমদ্‌গীতার এক অপূর্ব অভিনব সম্প্রদায়ানুযায়ী সংস্করণ প্রকাশিত করিয়া গীতার প্রচার করিয়াছেন। গীতার অনন্য সংস্করণে যে সকল বৈশিষ্ট্য রহিয়াছে তাহা প্রত্যেক অধ্যায়ের পূর্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের প্রত্যেক শ্লোক অন্বয়, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গানুবাদ তাহার প্রতিপদ অর্থ। শ্রীমদ্‌বিশ্বনাথকৃত সারার্থবর্ষিণী টীকা ও টীকার সরল বঙ্গানুবাদ, গ্রন্থপ্রণেতার বঙ্গানুবাদ পরিশিষ্ট বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে উৎকৃষ্ট ছাপা ও বৃহদাকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর-নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌড়পাদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনগণের প্রবন্ধ-গুলি একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অপূর্ব্ব গ্রন্থ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আরও অধিক লোভ পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি রেলে কালকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

শনিবার ব্যতীত — শনিবার — অন্য দিন

কলিকাতা ছাঃ	৪ ৫৬	৬ ২১	৭ ১৪	১০-১৬	১৫-১৬	১৬ ৪৬	১৭-৫৯	[illegible] ২৬
দমদম "	৪-৫৮	৬ ৩১	৭ ২৮	১৩ ২৯	..		১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌ.	৬-২২	৭ ৫৮	৯ ১৮	১৪ ৫০	১৬ ১৮	১৮-৩১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ	.	.	.	৯-৩৩	.. ..	.		..
কৃষ্ণনগর পৌঃ	৬ ৫৯	৮ ৪০	১০-৬	১৫ ১৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭ ১০	১০-৬	১৪ ৫০	১৭-৪০		২০-৩০		
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০ ৫১	১১-২৫	১৮-১৫		২১ ৫		
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫ ১৩	১৮-২৩		২১-১৩		

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১-৬
দমদম " ১১-১৮
" ছাঃ ১২ ৫৬
শান্তিপুর পৌঃ ১৩ ২৪
(বদল) ছাঃ ১৩ ৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ ১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ ১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ ১৫-৩৩

ডাউন

শনিবার ব্যতীত — অন্য দিন — শনিবার

নবদ্বীপঘাট ছাঃ		৬-১৪	৯-১২		১৬ ৩	১৬ ৩১	১৮-৩৮	
মহেশগঞ্জ "		৬ ২৩	৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌ.		৬-৫৭	৯ ৫৫		১৬-৪৬	১৭ ১৪	১৯-২১	
(বদল) ছাঃ	৫-৩১	৭-১০	৮-৫২	১১-২৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪ ১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৪৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	-	.		.	১৫-৫৬	১৭-৪২	.	...
দমদম			১১-৪		১৭ ৩৬	১৯-৯	২১ ২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬	২১ ৪০	২৩ ১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ ১৪ ১
মহেশগঞ্জ " ১৪-১০
কৃষ্ণনগর পৌঃ ১৪-৪৬
ছাঃ ১৫-৫৯
শান্তিপুর পৌঃ ১৬-২৭
(বদল) ছাঃ ১৮-৩১
রাণাঘাট পৌঃ ১৮-৫৯
" ছাঃ ১৯-২০
কলিকাতা পৌঃ ২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ কুঞ্জবিহারী বিদ্যাভূষণ বি-সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

২। ভাগবত -হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। গ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবনিধান ও অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্য জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত বঙ্গদেশ তথা অন্যান্য প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনস্বী সজ্জনবৃন্দ যে সমস্ত প্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগবিরুদ্ধসিদ্ধান্তখণ্ডনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিম গৌরকৃষ্ণাভিন্নস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৷৹ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——::•::——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখানহইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি উত্তরোত্তর অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয়। ছোট বোতল ৷৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

বেহালা, ২৪ পরগণা

Regd. No. C. 1544

টেলিগ্রাম—শ্রীদাম শ্রীমায়াপুর

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৬শ খণ্ড] শ্রীমায়াপুর, ২৬শে বৈশাখ, ১৩৪৮ ; ৯ই মে, ১৯৪১ ; শুক্রবার [৫৩তম সংখ্যা

শ্রীশ্রীশ্রুতিরত্নমালা
—:০:—
শ্রীল নারায়ণদাস ভক্তি-সুধাকর এম-এ সঙ্কলিত। এই গ্রন্থ কথাসার, বিস্তৃত ভূমিকা ও সূচীসহ অতি সুন্দর রূপে প্রকাশিত হইয়াছে। ঈশ, কেন, কঠাদি দ্বাদশ উপনিষদের অভিনব সংস্করণ ভিক্ষা মাত্র ১৷৷০ টাকা।
প্রাপ্তিস্থান—
মধুপা প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—ওয়ারী, ঢাকা

শ্রীচৈতন্যদেব
—:০:—
স্বয়ং ভগবান শ্রীচৈতন্য-মহাপ্রভুর জীবনী ও শিক্ষার কথা সুন্দরভাবে ইহাতে লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট কাগজে সুন্দর বাঁধাই। ৩য় সংস্করণ, ভিক্ষা ১৷০
প্রাপ্তিস্থান
শ্রীগোপীনাথ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

নানা-সংবাদ

——::[০]::——

সেনেট সভার অধিবেশন

গত শনিবার কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সেনেট সভায় চারিটি নূতন কলেজে বিশ্ববিদ্যালয়ের অনুমোদন মঞ্জুর করা হয়। তদ্ব্যতীত বাঙ্গালায় ছয়টি বর্ত্তমান দ্বিতীয় শ্রেণীর কলেজে বি-এ পড়াইবার অনুমতি দিয়া সেনেট ঐগুলিকে প্রথম শ্রেণীর কলেজে উন্নীত করেন। যে চারিটি নূতন কলেজকে অনুমোদন দান করা হয় তন্মধ্যে একটি হইতেছে আসামে, উহা একটি মেয়েদের কলেজ; অপর তিনটি বাঙ্গালার ছেলেদের কলেজ।

সেনেট ঐদিন ৩টি বিভিন্ন প্রথম শ্রেণীর কলেজে (তন্মধ্যে একটি আসামে) বি-কম পড়াইবার এবং ২টি কলেজে বি টি পড়াইবার অনুমতিও দান করেন। যশোহরে যশোহর কলেজ (আই-এ শ্রেণী) ত্রিপুরায় ভিক্টোরিয়া কলেজ (আই-এ শ্রেণী), শ্রীহট্টে উইমেন্স কলেজ (আই-এ শ্রেণী) এবং উত্তর কলিকাতায় মহারাজা মণীন্দ্রচন্দ্র কলেজ (আই-এ এবং বি এ শ্রেণী)। এই সকলগুলিকেই ১৯৪১-৪২ সালের সেসনের প্রারম্ভ হইতে অনুমোদন দেওয়া হয়।

নিম্নলিখিত কলেজগুলিকে বিভিন্ন বিষয়ে অনুমোদন দেওয়া হয়:—

ভার আশুতোষ কলেজ, কাঞ্চনগোপাড়া চট্টগ্রাম, আজিজুল হক কলেজ, বগুড়া, নরসিংহ কলেজ, হাওড়া; লেডী ব্রাবোর্ণ কলেজ, কলিকাতা, (ইহা মেয়েদের কলেজ;) ইহাতে আই এস-সি পড়াইবারও অনুমতি দেওয়া হয় এবং বাঁকুড়ার হাদিক গার্লস কলেজ, পানবাজার; গৌহাটী—এই ছয়টি কলেজকে ১৯৪১-৪২ সনের সেসনের প্রারম্ভ হইতে বি-এ শ্রেণীতে অধ্যাপনার অনুমোদন দেওয়া হয়।

রিপন কলেজ, কলিকাতা; জগন্নাথ বড়ুয়া কলেজ, জোড়হাট, আসাম এবং হরগঙ্গা কলেজ, মুন্সীগঞ্জ, ঢাকা—এই তিনটি কলেজে ১৯৪১-৪২ সালের সেসনের আরম্ভ হইতে বি-কম অধ্যাপনার অনুমোদন দেওয়া হয়।

ইউনিয়ন খৃষ্টান ট্রেনিং কলেজ, বহরমপুর এবং লরেটো হাউস, কলিকাতা, (মেয়েদের কলেজ)—এই দুইটিকে ১৯৪১-৪২ সালের সেসনের প্রারম্ভ হইতে বি টি শ্রেণীতে অধ্যাপনার অনুমোদন দেওয়া হয়।

——

সেনসাসের মোটামুটি বিবরণ

১৯৪১ সনের লোকসংখ্যা গণনায় বৃটিশ শাসিত বঙ্গদেশের জনসমষ্টি ৬ কোটি ৩ লক্ষ ৬৮ হাজার হইয়াছে বলিয়া প্রকাশ। বিগত ১৯৩১ সনে বৃটিশ-শাসিত বঙ্গদেশের লোকসংখ্যা ছিল ৫ কোটি ১ লক্ষ ১৪ হাজার ২ জন। সুতরাং এই কয়বৎসরে লোকসংখ্যা শতকরা ২০ জন বৃদ্ধি পাইয়াছে। ১৯৪১ সনের মোট লোকসংখ্যার মধ্যে পুরুষের সংখ্যা ৩ কোটি ১৭ লক্ষ ৯০ হাজার এবং স্ত্রীলোকের সংখ্যা ২ কোটি ৮৫ লক্ষ ৭৮ হাজার। বর্ত্তমান লোকসংখ্যার মধ্যে মোট ৯৭ লক্ষ ২২ হাজার লোক লেখা-পড়া জানে, ইহার মধ্যে ৭৮ লক্ষ ৪৩ হাজার পুরুষ এবং ১৮ লক্ষ ৭৯ হাজার স্ত্রীলোক, অর্থাৎ মোট জনসংখ্যার শতকরা ১৬ জন মাত্র লেখাপড়া জানে।

বঙ্গদেশের অন্তর্গত বীরভূম, দার্জ্জিলিং ও পার্ব্বত্য চট্টগ্রামের লোকসংখ্যা ১০ লক্ষেরও কম এবং ময়মনসিংহের লোকসংখ্যা ৬০ লক্ষ। বঙ্গদেশের বিভিন্ন জেলাসমূহের মধ্যে ময়মনসিংহ জেলার লোকসংখ্যাই সর্ব্বাপেক্ষা অধিক। নোয়াখালি জেলায় শতকরা ৩০ জন বৃদ্ধি পাইয়াছে, এবং এই বৃদ্ধির হারই সর্ব্বাপেক্ষা অধিক। যশোহর জেলার লোকসংখ্যা বৃদ্ধির হার সর্ব্বাপেক্ষা কম, শতকরা ৮.৩ জন মাত্র। কলিকাতার লোকসংখ্যা ১৯৩১ সনের তুলনায় শতকরা ৮৫ জন বৃদ্ধি পাইয়া বর্ত্তমানে ২১ লক্ষ ২০ হাজার দাঁড়াইয়াছে। ইহার মধ্যে পুরুষের সংখ্যা ১৪ লক্ষ ৫৬ হাজার এবং স্ত্রীলোকের সংখ্যা ৬ লক্ষ ৫৪ হাজার। ১৯৩১ সনে কলিকাতার লোকসংখ্যা ছিল, ১১ লক্ষ ৯৬ হাজার ৭ শত ৩৪। ১৯৩১ সনে বঙ্গদেশে শিক্ষিত লোকের অনুপাত ছিল শতকরা ৮ জন বর্ত্তমানে তাহার দ্বিগুণ হইয়াছে।

——

ঢাকা বোর্ডের সিদ্ধান্ত

ইণ্টারমিডিয়েট মাধ্যমিক শিক্ষায় ঢাকা বোর্ড স্থির করিয়াছেন যে, বোর্ডের অধীন সমস্ত শিক্ষা-প্রতিষ্ঠান ১৫ই জুন পর্য্যন্ত বন্ধ থাকিবে এবং ইণ্টারমিডিয়েট বিজ্ঞানের প্রয়োগাত্মক পরীক্ষা ৯ই জুন পর্য্যন্ত স্থগিত রহিল।

——

প্রতারণার অভিযোগে গ্রেপ্তার

গত ১৬ই এপ্রিল তারিখে মুন্সীগঞ্জ থানার অধীন নগরকসবা গ্রামের শ্রীবিশ্বম্ভর সাহার ১৯ বৎসর বয়স্ক পুত্র বিনোদলাল সাহা কয়েকস্থানে প্রতারণার অভিযোগে নারায়ণগঞ্জ পুলিশ কর্ত্তৃক টাউনবাজারের এক পতিতালয় হইতে গ্রেপ্তার হইয়াছে।

অভিযোগে প্রকাশ, বিনোদলাল অনেক স্থানে নিজেকে ব্রাহ্মণ, কায়স্থ ও সাহা বলিয়া মিথ্যা পরিচয় দিত। মিৎকোদীম ষ্টেসনের ষ্টেসন-মাষ্টার শ্রীযুক্ত জ্যোতির্ম্ময় চট্টোপাধ্যায় তাহার পিতা বলিয়া পরিচয় দিয়া সে নারায়ণগঞ্জের মিষ্টান্নের দোকান হইতে মাঝে মাঝে ধারে মিষ্টান্ন খরিদ করিত। প্রকাশ, জ্যোতির্ম্ময় বাবুর বাসায় একবার মিথ্যা পরিচয়ে চাকুরী করিয়া সেখান হইতে নগদ একশত টাকা লইয়া বিনোদলাল উধাও হইয়াছিল। সেই অবধি উহার কোন খোঁজ পাওয়া যাইতেছিল না।

——

লাইব্রেরীতে চুরি

গত বুধবার ৩০শে এপ্রিল রাত্রিতে কলিকাতা ৭৬নং কর্ণওয়ালিস ষ্ট্রীটস্থ প্রফুল্ল লাইব্রেরীতে এক ভীষণ চুরি হইয়া গিয়াছে। ক্ষতির পরিমাণ প্রায় ৪ হাজার টাকা।

ঘটনার বিবরণে প্রকাশ, বুধবার রাত্রি প্রায় সাড়ে বারটার সময় কে বা কাহারা উক্ত লাইব্রেরীর পিছন দিকের দরজা ভাঙ্গিয়া ভিতরে প্রবেশ করে এবং নগদ টাকা, টাইপরাইটিং মেসিন, পুস্তক, মূল্যবান্ কাগজপত্র ও দলিলাদি লইয়া যায়।

থানায় এজাহার দেওয়া হইয়াছে, পুলিশ-তদন্ত চলিতেছে। এ পর্য্যন্ত অনুসন্ধানে কোনও ফল হয় নাই।

——

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইংরাজীর ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভব-আচার্য্য এম-এ মহোদয়ের প্রৌঢ় গবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া এতাদৃশে দর্শন ও ভক্ত, ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। এই গ্রন্থ অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য দার্শনিক দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা প্রথম খণ্ডে ৭৭৭ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা Contents ও প্রত্যেক অধ্যায়ে শ্লোকসমূহ সংস্কৃত স্বতন্ত্র সূচীপত্র Index Glossary) সহ প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গ্রথিত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা, বিষয়ের আলেখ্য ভূমিকা ও সূচীসহ অদ্ভুতপূর্ব্ব সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,
শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম-এ, বি-এল্,
পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সমাজ সম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৬৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—৫৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

EROTIC PRINCIPLE & UNALLOYED DEVOTION

পরমপূজ্যপাদ শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী প্রভু প্রণীত। সম্প্রতি এই গ্রন্থের একটী নূতন সংস্করণ শ্রীশ্রীগুরুবর্গের ইচ্ছায় পুনঃ প্রকাশিত হইয়াছে। গ্রন্থের আকার পূর্ব্ব সংস্করণ অপেক্ষা বৃহৎ ও সুন্দর হইয়াছে। এই গ্রন্থে বহু অমূল্য উপদেশ আছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲ ; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲ ; ৩য় খণ্ড ৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৷০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১৷০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্য শিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। শ্রবণ আদর্শ ॥০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়সাহিত্য ৷৵০
২২। ভজন রহস্য ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী-টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল মাধ্বভাষ্য ॥০
২৭। মুক্তিমঞ্জুষা ঘৃণশো ভঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৵০ বাঁধা ৸০)
৩০। দ্বীপ-দিগ্দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা /১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৶০
৩৭। ঐ প্রমাণ খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী /১০
৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা ৸০
৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২।০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা /০
৪৫। নবদ্বীপশতক /১০
৪৬। অর্চ্চনকল /১০
৪৭। সদাচারস্মৃতিঃ /১০
৪৮। কল্যাণকল্পতরু /১০
৪৯। অর্চ্চনকণ /০
৫০। বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ /০
৬০। সারগ্রাহী /০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২॥০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ॥০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী বিজয়ঃ ।০
৬৫। সটীকা শিক্ষাষ্টকম্ ।০
৬৬। তত্ত্বসূত্রম্ ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ /০
৬৯। সারসংগ্রহনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥০
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ॥০
৭২। নামভজন /০
৭৩। বেদান্ত ইটস্ মর্ফলজি এণ্ড অণ্টলজি ॥০
৭৪। রিলেটিভ ওয়ার্ল্ডস্ ।৵০
৭৫। লাইফ এণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০
৭৬। বৈষ্ণবীজম্ ॥০
৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ্ ডুইং /০
৭৮। দি ভাগবত ।০
৭৯। ইরোটিক প্রিন্সিপাল এণ্ড আনয়্যালয়েড ডিভোশন ।০
৮০। ব্রহ্মসংহিতা ॥০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ২৲
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০
৮৫। সাধনপথ ॥০
৮৬ কল্যাণকল্পতরু /১০
৮৭। গীতাবলী /১০
শরণাগতি /০
৮৯। প্রাসঙ্গিক-নববাণী ।৵০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ।০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ।০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

সত্বর কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত অমূল্য কল্যাণকল্পতরু-গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃত ভাষ্য-সহ সম্প্রতি প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিবিধ স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ॥০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৩শ বর্ষ } ২৮ মধুসূদন, গৌরাঙ্গ ৪৫৫, ২৬শে বৈশাখ, বঙ্গাব্দ ১৩৪৮, ৯ই মে, ইং ১৯৪১, শুক্রবার { ৫৩তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৮ মধুসূদন, নিধি গর্ভোদশায়ী গৌরাঙ্গ ৪৫৫

শ্রীভগীরথ ও শ্রীখট্বাঙ্গ রাজা

——::•::——

সগর রাজার কথা অনেকেই জানেন। সগর রাজার পিতার নাম বাহুক। শত্রুগণ বাহুকের রাজ্য অপহরণ করায় তিনি সস্ত্রীক বনে গমন করেন। তাঁহার দেহত্যাগকালে তৎপত্নী সহমৃতা হইতে উদ্যত হইলে মহর্ষি ঔর্ব্ব মুনি তাঁহাকে গর্ভবতী জানিয়া সহমৃতা হইতে নিষেধ করেন। বাহুক-পত্নীর সপত্নীগণ তাঁহাকে গর্ভবতী জানিয়া ঈর্ষাবশে তাঁহার গর্ভ নষ্ট করিবার জন্য তাঁহাকে অন্নের সহিত 'গর' অর্থাৎ বিষ প্রদান করেন। তাহাতে 'গর' সহিত পুত্র প্রসূত হইল বলিয়া তাঁহার নাম হইল সগর। ইনি সার্ব্বভৌম সম্রাট্ হইয়াছিলেন। সগরের কেশিনী ও সুমতি নাম্নী দুই ভার্য্যা ছিলেন। সগর নিজ গুরু ঔর্ব্ব মুনির নির্দ্দেশানুসারে অশ্বমেধযজ্ঞে ভগবান্ শ্রীহরির আরাধনা করেন। ইন্দ্র সগরের যজ্ঞে উৎসর্গীকৃত পশু ও অশ্ব হরণ করেন। পিতা সগরের আদেশে তৎপুত্রগণ সকলেই অশ্ব অন্বেষণ করিতে করিতে সমগ্র পৃথিবী খনন করেন। শুনা যায়, তাঁহাদের কৃত খাতই পরে সাগরে পরিণত হয়। সগরের সন্তানগণের মধ্যে ষষ্টি সহস্র সুমতি তনয়গণ অবনীতলে সমাধি-মগ্ন বিশুদ্ধসত্ত্বমূর্ত্তি ভগবান্ শ্রীকপিল-দেবের অনতিদূরে ঐ অশ্বকে দেখিতে পান। তাঁহারা ভ্রমক্রমে কপিল মুনিকে অশ্বাপহরণ-কারী মনে করিয়া অস্ত্র উত্তোলন পূর্ব্বক মুনির দিকে ধাবিত হওয়ায় মুনি নয়নদ্বয় উন্মীলন করেন। ইন্দ্র প্রভাবে ষষ্টি সহস্র সগর পুত্রের বুদ্ধিনাশ হইয়াছিল, তাই মহদতিক্রমদোষে তাঁহারা নিজ শরীরস্থিত মহদপরাধজনিত বর্দ্ধমান অগ্নির দ্বারা ভস্মীভূত হন।

সগর-পুত্রগণের মধ্যে কেশিনী গর্ভজাত অসমঞ্জসের পুত্র অংশুমান সর্ব্বদা পিতামহের মঙ্গলানুষ্ঠানে রত থাকিতেন। এই অসমঞ্জস পূর্ব্বজন্মে যোগী ছিলেন। অসৎসঙ্গে যোগ হইতে ভ্রষ্ট হইয়া এই জন্মে তিনি জাতিস্মর হইয়া জন্মগ্রহণ করেন। তিনি নিজেকে ভ্রষ্টাত্মা বলিয়া প্রকাশিত করিতে গিয়া লোকনিন্দিত ও জ্ঞাতিবর্গের অপ্রিয় আচরণ করিতেন এবং লোকের উদ্বেগ জন্মাইয়া ক্রীড়ারত বালকদিগকে সরযূ নদীতে নিক্ষেপ করিতেন। এইরূপে দুরাচারে রত হওয়ায় অসমঞ্জস পিতৃস্নেহে বঞ্চিত ও পরিত্যক্ত হইয়া যোগবিভূতিবলে সরযূ নদীতে নিক্ষিপ্ত মৃত বালকদিগকে পুনর্জ্জীবিত করিয়া রাজাকে ও সেই বালকদিগের পিতৃবর্গকে প্রদর্শন পূর্ব্বক অযোধ্যা হইতে গমন করিলেন। অযোধ্যাবাসী সকলেই মৃত বালক-গণের পুনরাগমন দেখিয়া অতীব আশ্চর্য্যান্বিত হইলেন এবং সগরও পুত্রের জন্য অনুতাপ করিলেন।

অনন্তর সগর-পৌত্র অংশুমান্ অশ্বান্বেষণে বহির্গত হইয়া তাঁহার পিতৃব্যগণ যে পথে গমন করিয়া পৃথিবী খনন করিয়াছিলেন, সেই পথের অনুসরণে তৎসমীপে অশ্বকে দেখিতে পাইলেন। তিনি তথায় শ্রীকপিল মুনিকে বিষ্ণুরূপে দর্শন পূর্ব্বক প্রণাম করিয়া কৃতাঞ্জলিপুটে স্থিরচিত্তে মুনির নানাভাবে স্তব করিতে লাগিলেন। মুনি সন্তুষ্ট হইয়া বলিলেন,—"হে অংশুমান্! তোমার পিতা-মহের যজ্ঞপশু এই অশ্ব গ্রহণ কর, তোমার ভস্মীভূত পিতৃব্যগণের উদ্ধারার্থ বিষ্ণুপাদোদকই উপযুক্ত, অন্য জল নহে।" অনন্তর অংশুমান্ অবনতমস্তকে প্রণামপূর্ব্বক যজ্ঞীয় অশ্ব আনয়ন করিলেন। সগর সেই পশুদ্বারা অবশিষ্ট যজ্ঞকর্ম্ম শেষ করিলেন এবং অংশুমানকে রাজ্যসমর্পণ পূর্ব্বক বিষয়বাসনা-শূন্য ও মোহপাশ হইতে মুক্ত হইয়া ঔর্ব্ব-মুনির উপদিষ্ট পন্থায় পরমা গতি প্রাপ্ত হইলেন। অংশুমান নিজপুত্রের প্রতি রাজ্যভার ন্যস্ত করিয়া গঙ্গা আনয়ন করিবার জন্য দীর্ঘ-কাল তপস্যা করিয়াও গঙ্গাকে আনয়ন করিতে সমর্থ হন নাই। এই অংশুমানের পুত্র দিলীপ। তিনিও পিতার ন্যায় গঙ্গা আনয়নে অসমর্থ হইয়া মৃত্যুমুখে পতিত হন। অনন্তর দিলীপের পুত্র শ্রীভগীরথ গঙ্গা আনয়নার্থ সুমহতী তপস্যা করেন। শ্রীভগীরথের তপস্যায় সন্তুষ্ট হইয়া শ্রীগঙ্গাদেবী শ্রীভগীরথ-সমীপে আবির্ভূত হইয়া বর দিতে চাহিলে রাজা শ্রীভগীরথ প্রণত হইয়া নিজ অভীষ্ট তচ্চরণে জ্ঞাপন করিলেন। শ্রীগঙ্গা-দেবী বলিলেন,—"আমি আকাশ হইতে পৃথ্বীতলে পতিত হইবার কালে কোন সমর্থ-বান্ ব্যক্তি আমার বেগ ধারণ করিবেন নতুবা আমি পৃথ্বীতল ভেদ করিয়া পাতালে প্রবেশ করিব। হে রাজন্! আমি কিন্তু পৃথিবীতে যাইতে ইচ্ছা করি না, কেন না মনুষ্যগণ আমাতে পাপ প্রক্ষালন করিবে। সেই পাপ আমি কোথায় প্রক্ষালন করিব, তাহা আপনি বিশেষরূপে চিন্তা করুন।" শ্রীভগীরথ বলিলেন,—"হে দেবি, কর্ম্মফলে অনাসক্ত, ভোগবাসনারহিত, বিশুদ্ধচিত্ত, বেদশাস্ত্রে সুনিপুণ, জগৎপাবনকারী, সদাচার-সম্পন্ন ভগবৎপ্রিয় সাধুগণ আপনার জলে স্নান করিয়া পাপহরণ করিবেন। সাধুদিগের হৃদয়ে পাপনাশন শ্রীহরি সর্ব্বদা বিরাজমান। আর শ্রীরুদ্রদেব আপনার বেগ ধারণ করিবেন।" অনন্তর শ্রীভগীরথ তপস্যাদ্বারা শ্রীরুদ্রদেবকে সন্তুষ্ট করিয়া নিজ প্রার্থনা জ্ঞাপন করিলে শিব সর্ব্বপবিত্রা জলময়ী শ্রীগঙ্গাদেবীকে সানন্দে মস্তকে ধারণ করিলেন। অনন্তর রাজর্ষি শ্রীভগীরথ ভুবনপাবনী শ্রীগঙ্গাকে যে স্থানে স্বীয় পূর্ব্ব পুরুষগণের দেহ ভস্মীভূত হইয়া রহিয়াছিল, তথায় লইয়া গেলেন। শ্রীভগীরথ অগ্রে গমন করিতে লাগিলেন এবং শ্রীগঙ্গাদেবী তৎপশ্চাৎ ধাবমানা হওয়া সমগ্র দেশ পবিত্র করিতে করিতে ভগীরথের পূর্ব্বপুরুষ ভস্মীভূত সগরপুত্রগণকে অভিষিক্ত করিলেন। মহদপরাধে দহ্যমান নিজ শরীরগত অগ্নিদ্বারা ভস্মীভূত সগরপুত্রগণ কেবল দেহভস্মের দ্বারা যে গঙ্গাজল স্পর্শমাত্র স্বর্গে গমন করিয়াছিলেন, সেই শ্রীগঙ্গাকে শ্রদ্ধাপূর্ব্বক সেবা করিলে যে কি পরম মঙ্গললাভ হয়, তাহা বলিয়া শেষ করা যায় না।

গঙ্গা সাধারণ জল নহেন, জলব্রহ্ম। সর্ব্বাঙ্গ বিষ্ণুপাদোদক। এই ধারায় স্নান ও সব কার্য্য মঙ্গল হয়। গঙ্গাকে জল সামান্য বুদ্ধি করিলে অপরাধ হইয়া থাকে। বিশ্বেশ্বর যাঁহাকে পূজ্যজ্ঞানে মস্তকে ধারণ করিয়াছেন, তাঁহাতে প্রাকৃতবুদ্ধি বা ভোগ-বুদ্ধি হইলে অপরাধ অনিবার্য্য। ভগবানকে দেখা যায় না, কিন্তু তাঁহার শ্রীচরণামৃত শ্রীগঙ্গাদেবী জীব-উদ্ধারের জন্য জগতে প্রকটিত রহিয়াছেন। তাঁহার সেবা করিলে নিশ্চয়ই মঙ্গললাভ হইবে। তাঁহার পবা-

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে॥

তীরবাসী, তাঁহারা মহাসৌভাগ্যবান্। শ্রীগঙ্গার প্রতি প্রীতি ও স্নানাদি দ্বারা শ্রীগঙ্গার সেবা করিতে হইবে। শ্রীভগবানের শ্রীচরণামৃত ও শ্রীভগবান্ এক বস্তু। শ্রীগঙ্গাকে যদি শ্রীবিষ্ণুপাদোদক জ্ঞান হয় তাহা হইলে শ্রীবিষ্ণুরূপে প্রাপ্ত হইবে। বৈষ্ণব, গঙ্গা প্রভৃতি ভগবৎ সম্বন্ধ বস্তু। সম্বন্ধজ্ঞান একান্ত প্রয়োজন। সম্বন্ধজ্ঞানহীন অচিদ্বস্তুর সেবার দ্বারা কখনই নিত্য কল্যাণ-লাভের সম্ভাবনা নাই। যদি তাহা হইত, তাহা হইলে গঙ্গায় অবস্থিত মৎস্যাদি জন্তু সমূহ পরমগতি লাভ করিত। কৃষ্ণনাম বা গঙ্গা প্রাকৃত চেতনময় বস্তু। ইঁহাদের ইচ্ছাশক্তি আছে। ইঁহারা অচেতন নহেন। ইঁহারা অধিকারীর পরাধীন নহেন, ইঁহারা অপ্রাকৃত বস্তু। ইঁহারা পাত্রাপাত্র-বিচার করিয়া অনুগ্রহ-নিগ্রহ করিতে পারেন। অনেকে বলেন, শ্রীপুণ্ডরীক বিদ্যানিধি প্রভু জলস্পর্শ-ভয়ে গঙ্গাস্নান করিতেন না। আর অনেক ভক্তগণ, এমন কি, শ্রীমন্মহাপ্রভু পর্য্যন্ত গঙ্গাস্নান করিতেন, ইহার সমাধান কি? ভক্তগণের আচরণ পরস্পরের বিরুদ্ধ মনে হইলেও বস্তুতঃ বিরুদ্ধ নহে, একতাৎপর্য্যপর। ভক্তগণ বিভিন্ন প্রকার আচরণ দ্বারা বিভিন্ন শিক্ষা প্রদান করিয়া থাকেন। শ্রীপুণ্ডরীক বিদ্যানিধি প্রভুর আচরণে গঙ্গা যে অপ্রাকৃত বিষ্ণুপদ, তাহাতে কর্ম্মিগণের ন্যায় প্রাকৃতবুদ্ধি অপরাধ, ইহাই জানা যায়। আবার অন্য দিকে ভক্তের আনুগত্যে চিন্ময় বুদ্ধির সহিত স্নান-পানাদি দ্বারা গঙ্গার সেবা করাই কর্ত্তব্য এবং তাহাতেই বিষ্ণুর সন্তোষ হয়, ইহাও জানা যায়। অতএব উভয়েরই আচরণ এক-তাৎপর্য্যপর। গঙ্গাস্নানাদি বিধেয় কার্য্য ভক্তের আনুগত্যেই করিতে হইবে, তাহা হইলেই উহারা ভগবানের সন্তোষক হইবে। ভক্তের আনুগত্য বাদ দিয়া আমরা যে কোন কার্য্যই করি না কেন, সেই সমস্ত জীবকে অধোগামী করিবে। শ্রীমন্মহাপ্রভু শ্রীগঙ্গা সম্বন্ধে বলিয়াছেন,—

প্রেমরসস্বরূপ তোমার দিব্য জল।
শিব সে তোমার তত্ত্ব জানেন সকল॥
সকৃৎ তোমার নাম করিলে শ্রবণ।
তা'র বিষ্ণুভক্তি হয় কি পুনঃ ভক্ষণ॥
তোমার প্রসাদে সে শ্রীকৃষ্ণ হেন নাম।
স্ফুরয়ে জীবের মুখে ইথে নাহি আন॥
(চৈঃ ভাঃ)

শ্রীভগীরথ হইতে শ্রুত উৎপন্ন হয়। শ্রুতের পুত্র নাভ। নাভ হইতে সিন্ধুদ্বীপ, সিন্ধুদ্বীপ হইতে অযুতায়ু, অযুতায়ু হইতে নল রাজার সুহৃৎ ঋতুপর্ণ জন্মলাভ করেন। ঋতুপর্ণের পুত্র সর্ব্বকাম। সর্ব্বকাম হইতে সুদাস এবং সুদাস হইতে সৌদাসের জন্ম হয়। এই সৌদাসের পত্নী দময়ন্তী। দময়ন্তীর গর্ভে অশ্মক এবং অশ্মক হইতে বালিক জন্মগ্রহণ করেন। বালিক হইতে দশরথ, দশরথ হইতে ঐড়বিড়ি এবং ঐড়বিড়ি হইতে রাজা বিশ্বসহ উৎপন্ন হন। এই বিশ্বসহের পুত্র খট্বাঙ্গ রাজা।

শ্রীখট্বাঙ্গ রাজা দেবতাগণ কর্ত্তৃক প্রার্থিত হইয়া যুদ্ধে দৈত্যগণকে নিহত করেন। দেবতাগণ প্রসন্ন হইয়া তাঁহাকে বর প্রার্থনা করিতে বলিলে খট্বাঙ্গ রাজা নিজ পরমায়ুর অবশিষ্ট কাল জানিতে ইচ্ছা করেন। পরে দেবগণের কৃপায় মুহূর্ত্ত মাত্র অবশিষ্ট নিজ পরমায়ুর কথা জানিতে পারিয়া নিজ রাজধানীতে আগমন পূর্ব্বক পরমেশ্বরে চিত্ত সন্নিবিষ্ট করিলেন। এই প্রকার সাধুবৃত্তি অবলম্বন করিয়া তিনি স্থির করিলেন যে, কুলদেবতাস্বরূপ ব্রাহ্মণগণ হইতে প্রাণ, পুত্র, ঐশ্বর্য্যসমূহ, পৃথিবী, রাজ্য বা স্ত্রী আমার অধিক প্রিয় নহে। দেবতাগণ আমাকে ইচ্ছানুরূপ বর প্রদান করিতে চাহিলেও ভগবানে আমার মতি থাকায় আমি কামনাত্যাগী সেই বর প্রার্থনা করি না। আমার কথা কি, দেবতাগণ ইন্দ্রিয় ও বুদ্ধি বিক্ষিপ্ত হওয়ায় নিজ অন্তরে নিরন্তর বর্ত্তমান অন্তর্যামী শ্রীহরিকে জানিতে পারেন না। আমি জাগতিক কোন কিছু প্রার্থী না হইয়া শ্রীভগবানের মায়ার দ্বারা রচিত যাবতীয় আসক্তি পরিত্যাগ পূর্ব্বক ভক্তিযোগের দ্বারা সেই শ্রীহরিতে শরণাপন্ন হইতেছি। শ্রীখট্বাঙ্গ রাজা ভগবদ্বিষয়বুদ্ধি দ্বারা এই প্রকার স্থির করিয়া দেহাত্মাভিমানরূপ অজ্ঞান পরিত্যাগ পূর্ব্বক স্ব-স্বভাবে অর্থাৎ ভগবদ্দাস্যে প্রতিষ্ঠিত হইলেন। এই শ্রীখট্বাঙ্গ রাজার বংশে ভগবান্ শ্রীরামচন্দ্র জন্মগ্রহণ করেন।

শ্রীশ্রীল আচার্য্যদেবের উপদেশ

প্রঃ—শাস্ত্রে পাই বিষ্ণুর রূপ সব চতুর্ভুজ, কিন্তু তাঁ'র সেবকের চতুর্ভুজ রূপ কিরূপ?

উঃ—আড়াইটি রসের দ্বারা যেখানে প্রীতি, সেখানে সারূপ্য দেখি। বৈকুণ্ঠে ভগবান্ চতুর্ভুজ, দ্বারকায় কখনও চতুর্ভুজ, কখনও দ্বিভুজ। দ্বারকায় সেবকগণের দুই প্রকার ভক্তি দেখা যায়—প্রেমসেবোত্তরা ও সুখৈশ্বর্য্যোত্তরা। প্রেমসেবোত্তরাতে মুক্তি-বাঞ্ছা নাই, কেবল সেব্যের ইন্দ্রিয়তর্পণবিধান-রূপ সেবার ইচ্ছা আছে। সুখৈশ্বর্য্যোত্তরাতে দাস্যাভিমানের সহিত সার্ষ্টি, সারূপ্য, সালোক্য ও সামীপ্য এই চারি প্রকার মুক্তির কথা আছে। আচার্য্য শ্রীপাদ রামানুজ ও শ্রীমধ্ব এই মুক্তির আদর ক'রেছেন।

প্রঃ—চেষ্টা করলে ধামে বাস হয় কি?

উঃ—শ্রীধাম ও শ্রীধামবাসীর কৃপায় হয়। তবে সেই কৃপা গ্রহণের জন্য ব্যাকুল হওয়া দরকার, যত্ন ও চেষ্টা করা দরকার। জাগতিক বস্তু লাভের জন্য আমাদের কত চেষ্টা। আর পারমার্থিক মঙ্গললাভের জন্য কি চেষ্টা হ'বে না? চেষ্টা দুই প্রকারে হয়। শ্রীধামে প্রীতি উপস্থিত হ'লে শ্রীধামবাসের জন্য স্বতঃ-চেষ্টার উদয় হয়। প্রীতির প্রথমেই শ্রদ্ধা হয়। প্রথমে শ্রীধামের প্রতি বিশ্বাস বা শ্রদ্ধা হয়, ক্রমশঃ ধামবাসীর সঙ্গ হয়। তৎপরে ধামবাসের চেষ্টাফলে ক্রমশঃ ধামকে একান্তভাবে কায়মনোবাক্যে আশ্রয়ে স্বতঃই প্রীতির উদয় হয়। অন্য প্রকার—ত্রিতাপের অনুভূতি হ'লে ধামবাসের প্রবৃত্তি হয়। যেমন কোন ব্যক্তি যদি রৌদ্রতাপে আতপ্ত হ'য়ে থাকে, সে জলের নিকট দৌড়ায়, তেমনই যে বুঝ্তে পারে যে আমি জগতে আছি, আমি জগতের ক্লেশে ক্লিষ্ট হ'চ্ছি, তা'র ভগবদ্ধামে বাসের প্রবৃত্তি হ'বে। ধামের ক্লেশ অনুভূতি হওয়ায় যা'র মনে দৈন্য আসে যে, আমি কি ধামে বাস করতে পারব? শ্রীগৌরসুন্দর শ্রীগুরুরূপে তা'কে তা'র স্বরূপ, ধামের স্বরূপ শিক্ষা দেন। স্বরূপে অবস্থান ও শ্রীধামবাস একই কথা। যতই স্বরূপের উদ্বোধন বা শ্রীধামের সঙ্গ হয়, ততই চিত্ত নির্ম্মল ও প্রসন্ন হয়। শ্রীনিত্যানন্দের কৃপায় বিষয়-বাসনা সম্যগ্ভাবে দূর হ'লে শ্রীধামে বাস হয়।

প্রঃ—লক্ষনাম গ্রহণ না ক'রে শ্রীগুরুদেব বা শ্রীকৃষ্ণকে কোন উপচার নিবেদন করা যায় কি না?

উঃ—কি ক'রে যা'বে? যিনি গ্রহণ করবেন তিনিই স্বমুখে প্রভুপদেশ দিয়ে ব'লেছেন যে, লক্ষনাম গ্রহণ না করলে তা'র নিকট গ্রহণ করব না। তিন রকম উপদেশ আছে। প্রভুপদেশ, মিত্রোপদেশ ও কান্তোপদেশ। প্রভুপদেশ বল্তে জোর ক'রে লাঠি মে'রে যেটা বোঝানো হয়, মিত্রোপদেশে বন্ধুর মত বুঝিয়ে যে উপদেশ দেওয়া হয়, আর কান্তোপদেশে আদর বা আব্দারের সহিত স্বামি-স্ত্রীর ন্যায় উপদেশ দেওয়া হয়। প্রভুপদেশই সর্ব্বাপেক্ষা বলবান্। যিনি নিরপরাধে নাম গ্রহণ করেন, তাঁ'রই মন্ত্রোচ্চারণ দ্বারা নিবেদিত বস্তু ভগবান্ গ্রহণ করেন। নাম থাকাতেই মন্ত্রের মন্ত্রত্ব। শ্রীনামই পূর্ণচেতন পুরুষোত্তম-বস্তু। মন্ত্রে শ্রীনামাত্মক চতুর্থ্যন্ত পদ ও নমঃ, স্বাহা প্রভৃতি শব্দ আছে। যেখানে শ্রীনামপ্রভুর প্রতি অবজ্ঞা, সেখানে মন্ত্র ও শ্রীনামী সকলের প্রতিই অবজ্ঞা। শ্রীভগবানের নাম গ্রহণ না করলে প্রসাদ হ'বে না। সাধকের চিত্তে যদি শ্রীনামপ্রভু আবির্ভূত না হন, তবে কে গ্রহণ করবে? নামিপ্রভু শ্রীনামপ্রভুরূপে এ' জগতে সেবা গ্রহণ করেন। সেই নামি-প্রভুই বল্ছেন—লক্ষনাম গ্রহণ করলে তবে সেবা গ্রহণ করেন। তবে কেবল সংখ্যা পূরণ করলেই হ'বে না, নিরপরাধে নাম গ্রহণ করতে হ'বে। ভগবানের নাম আর প্রসাদ একই বস্তু। ভগবান্ ও তাঁ'র স্বরূপশক্তি একই বস্তু। শ্রীগুরুদেব শ্রীভগবন্নাম থেকে পৃথক্ বস্তু ন'ন। অর্চ্চনকালে মন্ত্রোচ্চারণ দ্বারাও শ্রীনামগ্রহণ হয় এবং পৃথগ্ভাবে ষোল নাম বত্রিশ অক্ষর কীর্ত্তন দ্বারাও হয়। শ্রীনাম-গ্রহণ দ্বারাই চিত্তশুদ্ধি—ভূতশুদ্ধি হয়। ষোল নাম বত্রিশ অক্ষরকে মহামন্ত্র বলা হয়। শ্রীনাম-গ্রহণের দ্বারাই অর্চ্চন হয়, আবার পৃথগ্ভাবে অর্চ্চন প্রক্রিয়ার দ্বারাও অর্চ্চন হয়। মহামন্ত্র গ্রহণ না করলে কেবল অর্চ্চনের দ্বারা ভগবানের পূর্ণ কৃপা লাভ হয় না—অর্চ্চনও শুদ্ধ হয় না। শ্রীনামভক্তের নিকট অভিগমন করলে—শরণাগত হ'লে তিনি সম্বন্ধজ্ঞান দান করেন, নামাপরাধ, নামাভাস ও শুদ্ধনামের পার্থক্য বুঝিয়ে দেন।

প্রঃ—অজামিলের নামাভাস কি প্রকার?

উঃ—উহা সাঙ্কেত্য নামাভাস। আজীবন ছেলেকে নারায়ণ ব'লে ডেকে মরণের সময় তা'র নারায়ণের স্মৃতি এসেছিল। কিন্তু এটা কিছু নজীর নয়। সকলের পক্ষে এটা প্রযুক্ত হ'বে না। সকলেরই আজীবন ছেলের নাম ক'রে মরণের সময় নারায়ণের স্মৃতি উদিত হ'বে না। নামাভাস চা'র প্রকার—সঙ্কেত, পরিহাস, স্তোভ ও হেলা। কুটিলতা বা হেলা থাক্লে হ'বে না। সঙ্কেতে, পরিহাসে বা স্তোভে বিষ্ণুস্মৃতি হ'লে হ'বে। সম্বন্ধ-জ্ঞানের সঙ্গে নামোচ্চারণ শুদ্ধনাম। সম্বন্ধজ্ঞান-রহিত হ'য়ে নিরপরাধে নাম গ্রহণ করলে নামাভাস হয়। নামের শুদ্ধাশুদ্ধি নাই। নামে অপরাধাদি নাই। নাম সর্ব্বদাই নিত্য, শুদ্ধ, পূর্ণ, মুক্ত ও চৈতন্যস্বরূপ। শুদ্ধাশুদ্ধি গ্রহণকারীর। নাম কিন্তু অক্ষর হ'য়ে যান না। গ্রহণকারী অপরাধবশে অক্ষরোচ্চারণের অভিনয় করে মাত্র।

প্রঃ—'অসৎসঙ্গ'-ত্যাগ এই বৈষ্ণব-আচার। স্ত্রী-সঙ্গী এক অসাধু,—কৃষ্ণাভক্ত আর॥'—এখানে এই স্ত্রীসঙ্গী কা'কে বলে?

উঃ—স্ত্রীসঙ্গী বল্তে যে কেবল স্ত্রীদেহ-ধারীর সঙ্গকারী পুরুষদেহধারীকেই উদ্দেশ করা হয়, তাহা নয়। স্ত্রীদেহধারীও স্ত্রীসঙ্গী হ'তে পারে। ইন্দ্রিয়ভোগ্য বস্তুমাত্রেই স্ত্রী বা যোষিৎ। তা'র প্রতি সম্যগ্রূপে প্রীতি অথবা সম্যগ্রূপে অভিনিবেশ বা ধ্যান অথবা চিত্তেতে তা'কে সম্পূর্ণরূপে আধিপত্য করতে দেওয়ার নাম সঙ্গ। জীবের ইন্দ্রিয়ভোগ্য বস্তুমাত্রেই জড়, অচেতন, তা'কে মাপা যায়। স্ত্রীদেহধারীই হ'ক্ আর পুরুষ-দেহধারীই হ'ক্, সকলের দেহই জড়, অতএব স্ত্রী বা যোষিৎ। স্ত্রীদেহধারী বা পুরুষদেহধারী যখন ভোগবুদ্ধি নিয়ে জড়দেহে অভিনিবিষ্ট হয়, তখন তা'রা স্ত্রীসঙ্গী হয়। যে ফল-কামনা করে, সে-ই স্ত্রীসঙ্গী। সেই স্ত্রীসঙ্গীও

'সাধুসঙ্গ', 'সাধুসঙ্গ'—সর্ব্বশাস্ত্রে কয়। লবমাত্র 'সাধুসঙ্গে' সর্ব্বসিদ্ধি হয়॥

প্রকার—বৈধ ও অবৈধ। বৈধ কর্ম্মীও হরিভজন না করে, তবে পুণ্যকর্ম্ম ক'রেও দ্রীসঙ্গী। "চারি বর্ণাশ্রমী যদি কৃষ্ণ নাহি ভজে। স্বকর্ম্ম করিতে সে রৌরবে পড়ি মজে॥" সাধারণ স্ত্রীসঙ্গ শব্দের যে অর্থ তাহাও এই ব্যাপক অর্থের অন্তর্গত। ওটা লৌকিক অর্থ, আর এটা ব্যাপক অর্থ। গৃহস্থ বৈধভাবে স্ত্রীসঙ্গ করলেও যদি হরিভজন না করে, তবে ভাগবতের বিচারে তাহা অবৈধ। বিধিলঙ্ঘন হয় যা' হ'তে তা'ই নিষেধ। বিধি কি? "স্মর্ত্তব্যঃ সততং বিষ্ণুর্বিস্মর্ত্তব্যো ন জাতুচিৎ। সর্ব্বে বিধি-নিষেধাঃ স্যুরেতয়োরেব কিঙ্করাঃ॥"

প্রঃ—ভক্তের গৃহে অভক্তপুত্র হয় কেন?

উঃ—যেখানে নিজের স্বতন্ত্রতার অপব্যবহার হয়, সেখানে ভক্তিযাজনের সুযোগ পেয়েও অভক্ত হয়। পূজার পাত্রকে, নিজের সৌভাগ্যকে অবমাননা করলে যে সুযোগ সে পে'য়েছিল তা' নিষ্ফল হ'য়ে যায়। সুকৃতির ফলে বৈষ্ণবের গৃহে জন্ম হয়। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ ব'লেছেন, "ভক্তগৃহে জনি জন্ম হউ মোর॥" শ্রীআলবন্দার ঋষিও ভক্তগৃহে কীট-জন্ম প্রার্থনা ক'রেছেন। তটস্থ সে তা'র সুযোগের অপব্যবহার ক'র্‌তে পারে, তা'র জন্ত সুযোগ যিনি দিয়েছেন, তিনি দায়ী ন'ন্। Law break down হ'বে ব'লে king বা law-makers দায়ী ন'ন্। ব্রহ্মা বৈষ্ণবাচার্য্য, তাঁ'র পুত্র মরীচি কর্ম্মমার্গীয় ব্রাহ্মণ। তাঁ'র পুত্র কশ্যপ সবিশেষ বিষ্ণুর উপাসক ব্রাহ্মণ, তাঁ'কে কর্ম্মমিশ্র ভক্ত বলা যায়। তাঁ'র পুত্র হিরণ্যকশিপু—নির্ব্বিশেষবাদী, বিষ্ণুবিদ্বেষী। তা'র পুত্র প্রহ্লাদ ভক্তরাজ মহাভাগবতোত্তম। তাঁ'র পুত্র বিরোচন জড়বাদী—বিষ্ণুবিরোধী। তা'র পুত্র বলি আত্মনিবেদনের আদর্শ, পরমভাগবতোত্তম। তাঁ'র পুত্র বাণ, তা'র সহস্রটা বাহু নিয়ে সে কৃষ্ণের সঙ্গে লড়াই ক'রেছিল। বাণ শিবের পরম ভক্ত ছিল। শিব তা'র হ'য়ে কৃষ্ণের সঙ্গে লড়াই করলেন। পরে বিষ্ণুর সুদর্শনে তা'র ন'শ' ছিয়ানব্বইটা হাত যখন কাটা গেল, তখন সে বিষ্ণুর কাছে শরণাপন্ন হ'ল—এইরকমই সব ইতিহাস পাওয়া যায়।

প্রঃ—গৌড়ীয়মঠের বৈশিষ্ট্য কি?

উঃ—ভগবৎ-পাদপদ্মের সহিত সাক্ষাৎ কা'রই গৌড়ীয়-মিশনের সকল কার্য্যের [illegible]। যতই পাঠ, বক্তৃতা, হরিনামের অভিনয় বা অন্যান্য আনুষ্ঠানিক ক্রিয়াকাণ্ডাদি করুন না কেন, ভগবৎপাদপদ্মের সাক্ষাৎকারের জন্য যিনি ইচ্ছাবিশিষ্ট নহেন, যিনি আশ্রয়বিগ্রহের আনুগত্যে চব্বিশ ঘণ্টার মধ্যে চব্বিশ ঘণ্টাই সেবা না করেন, তিনি গৌড়ীয় মিশনের লোক ন'ন, ঐরূপ লোকের সঙ্ঘ বা স্থান গৌড়ীয়-মিশন বা গৌড়ীয়মঠ নহে।

প্রঃ—"একলা ঈশ্বর কৃষ্ণ, আর সব ভৃত্য। যা'রে যৈছে নাচায়, সে তৈছে করে নৃত্য॥" এখানে কৃষ্ণ কি সকলকে নাচাচ্ছেন?

উঃ—কৃষ্ণ নিজেই এ কথার উত্তর দি'য়েছেন। 'ঈশ্বরঃ সর্ব্বভূতানাং হৃদ্দেশেঽর্জ্জুন তিষ্ঠতি। ভ্রাময়ন্ সর্ব্বভূতানি যন্ত্রারূঢ়ানি মায়য়া॥" শ্রীনারায়ণরূপে মহাসঙ্কর্ষণ—পুরুষাবতারকে নাচাচ্ছেন। শ্রীকারণার্ণবশায়ী মায়াকে ও জীবশক্তিকে, গর্ভোদশায়ী মায়িক ব্রহ্মাণ্ড ও বদ্ধজীব-সমষ্টিকে এবং ক্ষীরোদশায়ী মায়াবদ্ধ প্রত্যেক জীবকে নাচাচ্ছেন। কৃষ্ণ বলদেবকে, বলদেব সঙ্কর্ষণাদি চতুর্ব্যূহ, স্বাংশ, বৈভব, যুগাবতার, শক্ত্যাবেশাবতার, প্রকাশ, বিলাস, স্বরূপশক্তি, তটস্থশক্তি, মায়াশক্তি সকলকে নাচাচ্ছেন, নিজেও নাচ্‌ছেন, ভক্তকেও নাচাচ্ছেন।

সাধক-মালী

——ঃঃ(০)ঃঃ——

শ্রীমন্মহাপ্রভু শ্রীল রূপগোস্বামী প্রভুকে বলিয়াছেন,—

ব্রহ্মাণ্ড-ভ্রমিতে কোন ভাগ্যবান্ জীব।
গুরু-কৃষ্ণ প্রসাদে পায় ভক্তিলতা-বীজ॥
মালী হঞা করে সেই বীজ আরোপণ।
শ্রবণ-কীর্ত্তন-জলে করয়ে সেচন॥
উপজিয়া বাড়ে লতা 'ব্রহ্মাণ্ড' ভেদি' যায়।
'বিরজা', 'ব্রহ্মলোক' ভেদি'
পরব্যোম পায়॥
তবে যায় তদুপরি 'গোলোক-বৃন্দাবন'।
'কৃষ্ণচরণ'কল্পবৃক্ষে ক'রে আরোহণ॥
তাহা বিস্তারিত হঞা ফলে প্রেম-ফল।
ইহাঁ মালী সেচে নিত্য শ্রবণকীর্ত্তনাদি-জল॥

এই ব্রহ্মাণ্ডে অসংখ্য বদ্ধজীবগণ কৃষ্ণসেবাবহির্ম্মুখ হইয়া চৌরাশীলক্ষ উচ্চাবচ যোনিতে ভ্রমণ করিতেছে। জীবের দেহ ও মন—এই দুইটী উপাধি। এই উপাধিদ্বয় লইয়াই জীবের সংসার-কারাগারে ভ্রমণ। এই উপাধিদ্বয়ের অতীত জীবের একটী শুদ্ধস্বরূপ আছে, তাহা অতীব সূক্ষ্ম। এই অণুচৈতন্য বশ্য জীবের ধর্ম্ম—বিভুচৈতন্য পরমেশ্বরের নিত্যসেবা। জীব তাহার এই স্বাভাবিক ধর্ম্ম বা সৎস্বাধীনতা হইতে নিজ নিজ ভোগেচ্ছারূপ স্বতন্ত্রতাক্রমে বিচ্যুত হইয়া নানাযোনিতে ভ্রমণ করে। সেই জীবের মধ্যে স্থাবর ও জঙ্গমরূপ দ্বিবিধ ভেদ, জঙ্গম আবার ত্রিবিধ—জলচর, স্থলচর ও খেচর। এই ত্রিবিধ শ্রেণীর মধ্যে স্থলচরই শ্রেষ্ঠ, স্থলচর প্রাণীগণের মধ্যে মানব সর্ব্বশ্রেষ্ঠ। এই মানবের সংখ্যা অন্যান্য প্রাণী অপেক্ষা স্বল্প। সেই মানুষের মধ্যে আবার ম্লেচ্ছ, পুলিন্দ, বৌদ্ধ, শবর প্রভৃতি শ্রৌতপন্থা বিমুখ জীবের সংখ্যাই অধিক। আবার যাঁহারা বেদনিষ্ঠ বলিয়া বলেন, তাঁহাদের মধ্যেও অর্দ্ধেক ব্যক্তি মুখে মাত্র বেদ মানেন। বেদনিষ্ঠগণ দুইপ্রকার—ধর্ম্মাচারী ও অধর্ম্মাচারী। ধর্ম্মাচারিগণের মধ্যে অনেকেই কর্ম্মনিষ্ঠ, কেহ বা জ্ঞাননিষ্ঠ। কর্ম্মী হইতে জ্ঞানী শ্রেষ্ঠ। কোটী জ্ঞাননিষ্ঠের মধ্যে বস্তুতঃ একজন জড়বুদ্ধি হইতে মুক্ত। সেইরূপ কোটী জড়বুদ্ধিমুক্ত ব্যক্তির মধ্যে একজন অপ্রাকৃতবুদ্ধিসম্পন্ন কৃষ্ণভক্ত পাওয়া দুর্ল্লভ। কৃষ্ণভক্তের কোন কামনা নাই। পূর্ব্বোক্ত মুক্ত পর্য্যন্ত সকলেই কামনাযুক্ত। ধর্ম্মাচারী ও কর্ম্মনিষ্ঠ—ভুক্তিকামী এবং মুক্ত পর্য্যন্ত জ্ঞানী—মুক্তিকামী, তন্মধ্যে কেহ কেহ আবার যোগফলের সিদ্ধিকামী। যতদিন তাঁহাদের হৃদয়ে এই তিনপ্রকার কামনা থাকে, ততদিন পর্য্যন্ত তাঁহাদিগকে ঐ সকল কামনা শান্তি দান করে না, এই কারণে তাঁহারা সকলেই অশান্ত; সুতরাং একমাত্র নিষ্কপট কৃষ্ণভক্তই শান্তিপ্রাপ্ত।

এইরূপে ব্রহ্মাণ্ডে নানা যোনিতে ভ্রমণ করিতে করিতে যদি কোন প্রকারে ভক্তিপ্রদা কৃষ্ণকৃপারূপা সুকৃতি লাভ হয়, তাহা হইলেই সদ্‌গুরুর দর্শন হয় এবং সদ্‌গুরুর কৃপায় ভক্তিলতার বীজ হৃদয়-ক্ষেত্রে আরোপিত হয়। সাধক জীব তখন মালীর ন্যায় সেই ভক্তিলতার বীজে নিষ্কপট সাধুগুরুমুখবিগলিত হরিকথার শ্রবণ-কীর্ত্তনরূপ জল সেচন করিতে থাকেন। এইরূপ জল সেচনফলে লতার অঙ্কুর উদ্গম হয় এবং লতা বৃদ্ধিপ্রাপ্ত হইয়া দেবীধাম মায়িক ব্রহ্মাণ্ড ভেদ করিয়া রজস্তমাদি-গুণনিবদ্ধ সান্ধ্যপ্রদেশ বিরজায় উপনীত হন। বিরজা হইতে জ্যোতির্ম্ময় ব্রহ্মলোকের দিকে অভিযান করেন। একান্ত কৃষ্ণভক্তিপরায়ণ সাধুগণের শ্রীমুখ-বিগলিত কথার শ্রবণ-কীর্ত্তন-জল নিরন্তর সতর্ক হইয়া সেচন না করিলে কৃষ্ণের অঙ্গপ্রভাস্বরূপ জ্যোতির্ম্ময় ধাম ব্রহ্মলোকের জ্যোতিতে চক্ষু ঝল্‌সাইয়া যাইবার আশঙ্কা আছে, তাহা হইতে ভক্তিলতা একেবারে নিরস্ত হইয়া যাইবার সম্ভাবনা। সাধকমালী সাবধানে অপ্রাকৃত সবিশেষ-বিগ্রহ পরমপুরুষের সেবালতায় গুরুবৈষ্ণব কৃপারূপ জলসেচন করিতে করিতে ব্রহ্মলোক ভেদ করিয়া পরব্যোমে ভক্তিলতাকে বিবর্দ্ধিত করেন। কৃষ্ণভক্তের কৃপায় পরব্যোমে নারায়ণের ঐশ্বর্য্য ও কৃষ্ণসেবানন্দের বন্ধনশীলতা বোধ করিতে পারে না। গুরুকৃষ্ণকৃপাস্বরূপ জলসেচন করিতে করিতে মালী গোলোক-বৃন্দাবনে ভক্তিলতাকে কৃষ্ণচরণ-কল্পবৃক্ষে আরোহণ করান। লতা কৃষ্ণচরণ-কল্পবৃক্ষ প্রাপ্ত হইলেও মালী শ্রবণ-কীর্ত্তন পরিত্যাগ করেন না। এখানে পরম অনুরাগের সহিত স্বাভাবিকভাবেই নিত্যশ্রবণ-কীর্ত্তনাদি জলসেচন করিতে থাকেন।

যদি সাধক মালী গুরু ও বৈষ্ণবে মর্ত্ত্যবুদ্ধি করিয়া তাঁহাদের প্রতি কোন প্রকার মৎসরতা বা দ্বেষ পোষণ করেন, তাহা হইলে বৈষ্ণবাপরাধরূপ এক ভীষণ মত্ত হস্তী আসিয়া ঐ বর্দ্ধমান লতাকে সমূলে উৎপাটিত করিয়া ফেলে এবং লতার পল্লবাদিও শুষ্ক হইয়া যায়। অতএব সে সময়ে মালী গুরু-বৈষ্ণব-সেবায় সতত সতর্ক থাকিয়া তাঁহাদের প্রসাদরূপ একটী সুদৃঢ় আবরণ দ্বারা একনভাবে লতাকে বেষ্টন করিয়া রাখেন, যাহাতে অপরাধ-হস্তীর কোনপ্রকারে অভ্যুদয় না হইতে পারে। এ সময়ে আর একটী উৎপাতের আশঙ্কা আছে। যে সময়ে ভক্তিলতা উঠিতে থাকে, সে সময় যদি ভুক্তিবাঞ্ছা, মুক্তিবাঞ্ছা, নিষিদ্ধাচার, কুটিনাটী, জীব হিংসা-প্রবৃত্তি, লাভেচ্ছা, নিজের জড়ীয় সম্মান বা প্রতিষ্ঠার আশা প্রভৃতি উপশাখাগুলির উদ্গম হয়, তাহা হইলে ঐ শ্রবণ কীর্ত্তনাদির অভিনয় করিলেও অর্থাৎ সেক জল পাইয়াও মূললতার পরিবর্ত্তে উপশাখাগুলি অত্যন্ত বাড়িতে থাকে। তাহাতে মূলশাখা স্তব্ধ হইয়া পড়ে, আর বাড়িতে পারে না। অতএব মালী এই উপশাখারূপ অনর্থগুলিকে শ্রবণ কীর্ত্তন জল-সেচন সময় প্রথম হইতেই ছেদন করিবেন, তাহা হইলে মূলশাখা বৃদ্ধিপ্রাপ্ত হইয়া বৃন্দাবনে উপনীত হইতে পারিবে। তখন মালী সুপক্ব প্রেমফল আস্বাদন করিতে পারিবেন। এই প্রেমাই জীবের পরমপুরুষার্থ। ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ—যাহা সাধারণের নিকট পুরুষার্থ বলিয়া বিবেচিত হয়, তাহা এই কৃষ্ণপ্রেমার নিকট অকিঞ্চিৎকর তৃণ, অতি তুচ্ছ, হেয়।

শুদ্ধভক্তি হইতেই কৃষ্ণপ্রেমা উদিত হয়, অভ্যাস বা নিজ শক্তির দ্বারা প্রকৃত প্রেমলাভ হয় না। আর কৃষ্ণসুখ তাৎপর্য্য ব্যতীত অন্য কোনপ্রকার অভিলাষ—কৃষ্ণপূজা ব্যতীত অন্য কোন প্রকার পূজা, ব্রত, কর্ম্ম, নির্ভেদ জ্ঞান, অষ্টাঙ্গযোগ, তপস্যা প্রভৃতি বিনির্ম্মুক্ত, অহৈতুকী, অপ্রতিহতা আনুকূল্য শুদ্ধভক্তিই প্রেমলাভের একমাত্র উপায়। সর্ব্বোপাধিবিনির্ম্মুক্ত হইয়া সর্ব্বেন্দ্রিয় দ্বারা আনুকূল্যে কৃষ্ণের অনুশীলনই ভক্তির স্বরূপলক্ষণ, ইহারই নাম শুদ্ধা ভক্তি। শ্রীরূপ রাত্র ও ভাগবত ভক্তির এই লক্ষণই কীর্ত্তন করিয়াছেন। কোন প্রকার ভোগ বা মোক্ষ বাঞ্ছারূপ কপটতা বা অপরাধ থাকিলে সাধন করিলেও প্রেম উদয় হয় না। ভুক্তি ও মুক্তি পিশাচীদ্বয় ভক্তির লোপসাধন করে।

কলিকাতায় প্রচার

[illegible] অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তি[illegible] মহারাজ [illegible] কলিকাতা [illegible] ভক্তিপ্রদায়িনী সভায় [illegible] বৈষ্ণব [illegible] একটী [illegible] করিয়া শ্রোতৃমণ্ডলীকে চমৎকৃত করেন। বক্তৃতার আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হইয়াছিল।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅমৃতময় ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৬১১৫
সেবক—শ্রীঅনন্তবাসুদেব দাস ভক্তিশাস্ত্রী বি এল

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভক্তিবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীঠাকুরপ্রসাদ ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীরামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

ঋতুদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীমহৎকৃপা ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌড়পুর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

কুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা।
সেবক—গৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীদীনদয়াল ব্রজবাসী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদাসস্তবাগ্রজ বিদ্যাবন্ধু বি এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগলাবাস্তি, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপাবলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীউদ্ধারণ দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীপতিতপাবন দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণ মথুরা।
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেখপাড়া
পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৭৫নং হনুমান রোড নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
পোঃ দাস পেটা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ৎয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীযদুমণি দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাণবাঁধ (বর্দ্ধমান)
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ডুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাক্সেটার রোড, হাউণ্ড গ্রীন
লণ্ডন এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা।
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীবেদ্যানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি গৌড়ীয়মঠালয়
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅদ্বয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীযতিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীনন্দীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	॥০	৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১৷৷০	১৷৷০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রমূলকভাবে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারগণের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান —শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। উক্ত গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১৷০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ০৲ টাকা।

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ ভিন্ন পত্রান্তরবাদসহ মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্" —

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য মহাপ্রভুর গ্রন্থ শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতি সুন্দরভাবে বর্ণিত হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার অসাধারণ পাণ্ডিত্যের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের ব্যাখ্যা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রাঞ্জল অনুবাদ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিলে সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রত্ন-সংগ্রহ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ৷৷০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই. বি রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(হাওড়া টাইম্)

আপ

শনিবার ব্যতীত
শনিবার অন্য দিন

কলিকাতা ছাঃ	৪-৫৬	৬-২১	৭ ১৪	১০-১৬	১৫-১০	১৬-১৬	১৭-৫৬	২২ ২৬
দমদম	৪-৫৬	৬-৩১	৭ ২৮	১৩ ২৯		..	১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯ ১৮	১৪ ৫০	১৬ ৪৮	১৮-৩১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ	.	.	৯-৩১	.	.	.	.	
কৃষ্ণনগর পৌঃ	৬ ৫৯	৮ ৪০	১০-৬	১৫-১৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-.৬	১৪ ৫০	১৭-৪০			২০-৩০	
মহেশগঞ্জ "	৭ ৬৫	১০-৫১	১০-২৫	১৮-১৫			২১ ৫	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫-৩৩	১৮-২৩			২১-১৩	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম"	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
" ছাঃ	.২ ৫৬
শান্তিপুর পৌঃ	১৩ ২৪
(বদল) ছাঃ	১৩ ৪১ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ৬০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫ ৩৩

ডাউন

শনিবার ব্যতীত
অন্য দিন শনিবার

নবদ্বীপঘাট ছাঃ		৬-১৪	৯-১২		১৬-৩	১৬ ৩১	১৮ ৩৮		
মহেশগঞ্জ "		৬-২৩	৯-২১		১৬-১২	১৬ ৪০	১৮-৪৭		
কৃষ্ণনগর পৌঃ		৬ ৫৭	৯-৫৫		১৬-৬৬	১৭ ২৭	১৯ ২১		
(বদল) ছাঃ	৬-৩১	৭-১০	৮ ৫২	১১-১৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬	
রাণাঘাট পৌঃ	৪-১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৪-৭৫	১৭-৩০	২০-৩	২১ ১৯	
(বদল) ছাঃ	....	... .	.. .	..	১৫-৫৬	১৭-৪২	.	....	
দমদম			১১-৪		১৭-৩৯	১৯-৯	২১ ২৬	২২-৫৮	
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬	২১ ৪০	২৩ .০	

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪-১
মহেশগঞ্জ "	১৬-১০
কৃষ্ণনগর পৌঃ	১৪ ৪৪
ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পৌঃ	১৮-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-২৫
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

২। ভাগবত—দিল্লীর একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১, টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যার্ণব ভাগবতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১০ নং।

শ্রীশ্রীমদ্‌-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয় গৌরবিহায়ন অপ্রাকৃত বৈষ্ণবের মুক্তশ্রীর পরমারাধ্য ও জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণান্তিকে নানাদেশ তথা নানাদেশের বিখ্যাত পণ্ডিত ও মনীষী সজ্জন ভক্তগণ যে সকল প্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তপূর্ণ সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগ-ভক্তসম্প্রদায়ে ও তদনুকূল সিদ্ধান্তগণে অপ্রতিদ্বন্দ্বী শ্রীকৃষ্ণশক্তিস্বরূপ আচার্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই অবশ্য সেবনীয়।

ভিক্ষা— ৷৷০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস

এখন হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস

১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখানহতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয়। ছোট বোতল ৷৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি-রোড, কলিকাতা

বেহালা, ২৪ পরগণা

Regd. No. C. 1544

টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

শ্রীশ্রীপ্রক্তিরত্নমালা
—ঃঃ—
শ্রীল নারায়ণদাস ভক্তি-
সুধাকর এম-এ সম্পাদিত।
শ্রী এম কথাসার, বিস্তৃত
ভূমিকা ও সূচীসহ অতিসুন্দর
রূপে প্রকাশিত হইয়াছে।
বেদ, বেদান্ত প্রভৃতি যাবদ
উপনিষদের অভিনব সংস্করণ
ভিক্ষা মাত্র ১৷০ টাকা।
প্রাপ্তিস্থান—
মধুরা প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—ওয়ারী, ঢাকা

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

শ্রীচৈতন্যদেব
—ঃঃ—
স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য-
মহাপ্রভুর জীবনী ও শিক্ষার
কথা সুন্দরভাবে ইহাতে
লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট
কাগজে সুন্দর বাঁধাই।
৩য় সংস্করণ; ভিক্ষা ১৷০
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৬শ খণ্ড] শ্রীমায়াপুর, ২৭শে বৈশাখ, ১৩৪৮; ১০ই মে, ১৯৪১; শনিবার [৫৪তম সংখ্যা

নানা-সংবাদ

——::[•]::——

প্রেসিডেন্ট রুজভেল্টএর পুত্র

প্রেসিডেন্ট রুজভেল্টের জ্যেষ্ঠ পুত্র ক্যাপ্টেন জেমস্ রুজভেল্ট চুংকিং হইতে ৩রা মে প্রাতঃকালে বিমানযোগে রেঙ্গুনের পথে কায়রো যাত্রা করিয়াছেন। তিনি তথায় সামরিক পর্য্যবেক্ষক হিসাবে কার্য্য করিবেন।

——

প্রায় ৭০০ গৃহ ভূমিসাৎ

গত ২৬শে এপ্রিল শনিবার সন্ধ্যা সাতটার ভীষণ ঝড়ে ব্রাহ্মণবাড়ীয়া মহকুমার বাঞ্ছারামপুর, নবিনগর এবং কসবা থানার সমগ্র অঞ্চল এবং ব্রাহ্মণবাড়ীয়া থানার দক্ষিণাংশে কতকগুলি গ্রাম সম্পূর্ণ বিধ্বস্ত হইয়াছে। ঝড় দেড় ঘণ্টাকাল স্থায়ী ছিল। অসংখ্য ঘরবাড়ী ও গাছ পড়িয়া গিয়াছে। কোন কোন গ্রামে গৃহাদির চিহ্নমাত্র নাই। এরূপ প্রবল ঝড় পূর্ব্বে কোনদিন হইয়াছে বলিয়া অতি বৃদ্ধগণও বলিতে পারে না। ব্রাহ্মণবাড়ীয়া থানার বিরামপুরে সাত শত গৃহ ভূমিসাৎ হইয়াছে। চতুর্দ্দিক হইতে অতি ভয়াবহ সংবাদ আসিতেছে। গৃহচাপা পড়িয়া অনেক লোক মৃত্যুমুখে পতিত হওয়ার সংবাদ পাওয়া যাইতেছে। ক্ষতির পরিমাণ বার লক্ষ টাকারও অধিক। আসাম বেঙ্গল রেলপথের গঙ্গাসাগর ষ্টেশনের দক্ষিণ দিকের সিগ্‌ন্যাল পোষ্ট ঝড়ে লাইনের উপর ফেলিয়া দেওয়ায় প্রায় চারি ঘণ্টাকাল গাড়ী চলাচল বন্ধ ছিল। টেলিগ্রাম পোষ্ট পড়িয়া গিয়া এবং টেলিগ্রামের তার ছিন্নভিন্ন হওয়ায় টেলিগ্রাম চলাচল আজ পর্য্যন্ত বন্ধ রহিয়াছে। বিধ্বস্ত অঞ্চলে সর্ব্বত্র একটা ভীষণ অবস্থার সৃষ্টি হইয়াছে। ধান, চাউল এবং ঘরের ভিতরের যাবতীয় সামগ্রী সম্পূর্ণ বিনষ্ট হইয়াছে। বহু প্রাচীন বটগাছ সমূলে উৎপাটিত হইয়াছে। বৃক্ষাদির পতনের ফলেও অনেক গৃহ ভাঙ্গিয়া চুরমার হইয়া গিয়াছে, এবং বহুলোক আহত হইয়াছে। আহত ব্যক্তিদের মধ্যে অনেকের অবস্থাই আশঙ্কাজনক। এ পর্য্যন্ত কসবা থানার হৈয়দাবাদ, নবিনগর থানায় ইব্রাহিমপুর এবং বাঘাউড়া গ্রামে তিনজনের মৃত্যু সংবাদ পাওয়া গিয়াছে। মৃতের সংখ্যা আরও অধিক বলিয়া আশঙ্কা হয়।

——

অগ্নিকাণ্ডে শোচনীয় মৃত্যু

গত ৬ই মে কাণপুরের নিকট মাকবালপুর গ্রামে এক শোচনীয় অগ্নিকাণ্ডের ফলে ৮ জন ব্যক্তি মারা গিয়াছে। তন্মধ্যে ৩ জন মহিলা ও একটি বালকও আছে। আগুন ক্রমান্বয়ে তিন দিন ধরিয়া জ্বলে। এই অগ্নিকাণ্ডের ফলে প্রায় একশত পরিবার গৃহহীন হইয়াছে। বহুটাকা মূল্যের সম্পত্তি নষ্ট হইয়াছে। প্রায় ৪০টি ছাগ পুড়িয়া মারা গিয়াছে।

ফতেপুর জেলার অন্তর্গত গঙ্গাপুর গ্রাম হইতেও এক অগ্নিকাণ্ডের সংবাদ পাওয়া গিয়াছে। এই স্থানে প্রায় দুইশত গৃহ দগ্ধ হইয়াছে এবং অনুমান ৫০ হাজার টাকার মূল্যের জিনিষপত্রাদি নষ্ট হইয়াছে।

——

পুলিশ অফিসার সাজিয়া প্রতারণায় অভিযোগ

নিজেকে পুলিশ অফিসার বলিয়া প্রচার করিবার অভিযোগে কুষ্টিয়ার ম্যাজিষ্ট্রেট মিঃ পি, কে. মিত্র, ফজলুল হক নামক এক ব্যক্তিকে ছয়মাস সশ্রম কারাদণ্ড এবং ৫০৲ টাকা অর্থদণ্ডে দণ্ডিত করিয়াছেন।

ঘটনার বিবরণে প্রকাশ যে, আসামী একটি গ্রামে যাইয়া নিজেকে পুলিশ ইন্‌স্পেক্টার বলিয়া পরিচয় দেয় এবং লোকগণনার হিসাব দেখিতে চাহে। ইহাতে নিকটবর্ত্তী গ্রামের এক ব্যক্তির সন্দেহ উপস্থিত হয় এবং সে থানায় সংবাদ দিলে পুলিশ আসামীকে গ্রেপ্তার করে।

——

আগরতলায় আশ্রয় গৃহীতা

আগরতলা হইতে ২৪শে এপ্রিল তারিখে সংবাদ দিয়াছেন যে সেখানকার পাব্লিসিটি অফিসার জানাইয়াছেন, নারায়ণগঞ্জ মহকুমার সাম্প্রদায়িক দাঙ্গায় ধর্ষিত যে সকল লোক গত ২২ দিন যাবৎ সেখানে আশ্রয় নিয়াছিল, তাহাদের সংখ্যা এখন আট হাজারের নীচে।

——

ঢাকা বিশ্ববিদ্যালয়ে দান

বিক্রমপুর নিবাসী অবসরপ্রাপ্ত ম্যাজিষ্ট্রেট ও কালেক্টার রায় সুরেন্দ্রচন্দ্র বসু বাহাদুর ঢাকা বিশ্ববিদ্যালয়ে তিন হাজার টাকা তাঁহার পত্নী শান্তিসুধার স্মৃতিতে দান করিয়াছেন। তাহার সুদ হইতে বিশ্ববিদ্যালয়ের সর্ব্বোত্তম বি-এ পাঠার্থিনী হিন্দু মহিলা ছাত্রীকে দুই বৎসরের জন্য পাঁচ টাকার একটি বৃত্তি দেওয়া হইবে। ইহা ভিন্ন উক্ত রায় বাহাদুর প্রতিবারে ঐ বিশ্ববিদ্যালয়ের জাতিধর্ম্ম-নির্ব্বিশেষে বি-এ পাসকোর্সে উত্তীর্ণা সর্ব্বোত্তম মহিলাকে একটি স্বর্ণ মেডেল প্রদান করিবেন।

——

ডাঃ শ্যামাপ্রসাদের কলিকাতায় প্রত্যাবর্ত্তন

ঢাকা এবং নারায়ণগঞ্জের দাঙ্গা-বিধ্বস্ত অঞ্চলসমূহ পরিদর্শনান্তে ডাঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় ও শ্রীযুত কিরণশঙ্কর রায় গত ৬ই মে প্রাতঃকালে কলিকাতায় প্রত্যাবর্ত্তন করিয়াছেন।

——

আলিপুর অঞ্চলে চাঞ্চল্যকর ডাকাতি

রবিবার অতি প্রত্যুষে প্রায় ষোলজন লোক দা, লাঠি, সড়কী এবং টর্চ্চ লইয়া আলিপুরের বরদাপ্রসাদ সাধুখাঁর বাড়ীতে হানা দেয়। ডাকাতগণ বাড়ীর লোকজনদিগকে প্রহার করিয়া বহু টাকা মূল্যের অলঙ্কারাদি লইয়া চম্পট দেয়। স্থানীয় পুলিশ ঘটনা সম্পর্কে তদন্ত করিতেছে।

ভারতবর্ষে গ্লুকোস উৎপাদন

ভারতবর্ষে প্রচুর পরিমাণে ভাল গ্লুকোস প্রস্তুত করা সম্ভব কি না, বর্ত্তমানে একটি চিনির কারখানায় তাহার পরীক্ষা চলিতেছে। ভারতীয় মেডিক্যাল সার্ভিসের ডিরেক্টর-জেনারেল ইহাদের প্রস্তুত গ্লুকোজের নমুনা পরীক্ষা করিয়া দেখিয়াছেন। সামান্য কিছু ময়লা থাকা ছাড়া এই নমুনাগুলিকে সন্তোষজনক বলা চলে। বর্ত্তমানে এই ময়লা দূর করিবার চেষ্টা হইতেছে।

——

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইংরাজের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য, এম্‌ এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং পরিপক্ব লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। এই বিরাট অনিন্দ্য ও অদ্বিতীয় গ্রন্থ নানাচিত্রে বিভূষিত চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনামূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্‌ আলোচনা। প্রথম খণ্ডেই ১১৭ অধ্যায়ে সাতশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্‌ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা Contents ও গ্রন্থশেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র Index Glossary) সহ অচিরকাল প্রকাশিত। ভিক্ষা—১০ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্‌

চতুর্লক্ষণাত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্ত্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গ্রথিত ও শ্রীপাদ বলদেব বিদ্যাভূষণ রচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীক শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা, বিবরণের আলেখ্য ভূমিকা ও সূচীসহ অভূতপূর্ব্ব সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,
শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম্‌-এ, বি-এল্‌,
পুরাণপল্টন, পোঃ রমণা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—২৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

EROTIC PRINCIPLE & UNALLOYED DEVOTION

পরমপূজ্যপাদ শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী প্রভু প্রণীত। সম্প্রতি এই গ্রন্থের একটী নূতন সংস্করণ শ্রীশ্রীগুরুবর্গের ইচ্ছায় পুনঃ প্রকাশিত হইয়াছে। গ্রন্থের আকার পূর্ব্ব সংস্করণ অপেক্ষা বৃহৎ ও সুন্দর হইয়াছে। এই গ্রন্থে বহু অমূল্য উপদেশ আছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

	শ্রীমদ্ভাগবতম্‌ (সমগ্র)	৪০৲
	প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত—	২৮৲
	দশম স্কন্ধ—	৯৲
২।	কাশ্মীর বিরাট্‌ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা)	৬৲
৩।	ভাষ্যসমেত শ্রীচৈতন্যচরিতামৃত	৯৲
৪।	সন্দর্ভ ভাগবত (অবাঁধা)	৪৲
৫।	শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী — ১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲, তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০	
৬।	শ্রীল প্রভুপাদের পত্রাবলী — ১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—৲ ; ৩য় খণ্ড	৸০
৭।	শ্রীচৈতন্যদেব	১৷০
৮।	সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা	১৷০
৯।	বৈষ্ণবধর্ম্ম	২৲
১০।	গৌড়ীয় কণ্ঠহার	২৲
১১।	শ্রীচৈতন্য শিক্ষামৃত	২৲
১২।	শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা)	১৲
১৩।	হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ)	৸০
১৪।	সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ)	॥০
১৫।	বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব	৷০
১৬।	ব্রাহ্মণ ও বৈষ্ণব	৸০
১৭।	চৈতন্যোপনিষদ্‌	৷০
১৮।	প্রার্থনা আদর্শ	॥০
১৯।	তত্ত্ববিবেক	৷০
২০।	গৌড়ীয় গৌরব	৷৵০
২১।	গৌড়ীয়সাহিত্য	৷৵০
২২।	ভজন রহস্য	॥০
২৩।	শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও শ্রীনবদ্বীপশতকম্‌ (বাঁধা)	১৲
২৪।	গীতা (শ্রীবলদেব-টীকা সহ)	১৲
২৫।	গীতা (চক্রবর্ত্তী টীকাসহ)	১৲
২৬।	গীতার কেবল মাধ্বভাষ্য	॥০
২৭।	যুক্তিমল্লিকা গুণসৌরভঃ (সানুবাদ)	২৲
২৮।	বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)	
২৯।	প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৵০ বাঁধা ৸০)	
৩০।	দ্বীপ-দিগ্‌দর্শন	৵০
৩১	সাধনপথ (তৃতীয় সংস্করণ)	৷৵০
৩২।	গোস্বামী শ্রীরঘুনাথ দাস	॥০
৩৩।	নবদ্বীপধাম-গ্রন্থমালা	৸০
৩৪।	ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা)	৵০
৩৫।	গীতমালা	৶০
৩৬।	নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট)	৵০
৩৭।	ঐ প্রমাণ খণ্ড	৵০
৩৮।	শ্রীনবদ্বীপভাবতরঙ্গ	৷০
৩৯।	শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ	৷০
৪০।	শরণাগতি	৵০
৪১।	গীতাবলী	৶০
৪২।	শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা	৸০
৪৩।	শ্রীভক্তিরত্নাকর (সমগ্র)	২৷০
৪৪।	প্রেমভক্তিচন্দ্রিকা	৴০
৪৫।	নবদ্বীপশতক	৶০
৪৬।	অর্থপঞ্চক	৶০
৪৭।	সদাচারস্মৃতিঃ	৶০
৪৮।	কল্যাণকল্পতরু	৶০
৪৯।	অর্চ্চনকণ	৴০
৫০।	বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (চারিখণ্ড একত্রে)	৬৲
৫১।	ব্রহ্মসংহিতা	॥০
৫২।	মণিমঞ্জরী (সানুবাদ)	৷০
৫৩।	গৌরকৃষ্ণোদয়ঃ	৸০
৫৪।	পুরুষার্থ বিনির্ণয়	৷০
৫৫।	তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদ-শতদূষণী	৷০
৫৬।	ভারতবর্ষ ও ভক্তিপথ	৵০
৫৭।	ঈশোপনিষদ্‌ (ভাষ্যাদিসহ)	৷০
৫৮।	শ্রীভুবনেশ্বর	৵০
৫৯।	সিদ্ধান্তদর্পণ	৴০
৬০।	সাংখ্যবাণী	৴০
৬১।	শ্রীচৈতন্যমঙ্গল	২॥০
৬২।	শ্রীভক্তিসন্দর্ভ	৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩।	শ্রীচৈতন্যলীলামৃতসারঃ	॥০
৬৪।	সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ	৷০
৬৫।	সটীকা শিক্ষাদশমূলম্‌	৷০
৬৬।	তত্ত্বসূত্রম্‌	৷০
৬৭।	সানুবাদ শিক্ষাষ্টকম্‌	৵০
৬৮।	গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ	৴০
৬৯।	সারার্থবর্ষিণী	৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০।	রায় রামানন্দ	॥০
৭১।	এ ফিউ ওয়ার্ডস্‌ অন বেদান্ত	॥০
৭২।	নামভজন	৴০
৭৩।	বেদান্ত ইটস্‌ মরফলজী এণ্ড অণ্টলজি	॥০
৭৪।	রিলেটীভ ওয়ার্ল্ডস্‌	৷৵০
৭৫।	লাইফ এ্যাণ্ড প্রিসেপ্টস্‌ অব্‌ শ্রীচৈতন্যমহাপ্রভু	॥০
৭৬।	বৈষ্ণবীজম্‌	॥০
৭৭।	হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং	৴০
৭৮।	দি ভাগবত	৷০
৭৯।	ইরোটিক প্রিন্সিপল এণ্ড আনএ্যালয়েড ডিভোশন	৷০
৮০।	ব্রহ্মসংহিতা	॥০
৮১।	শ্রীমদ্ভগবদ্গীতা	২৲
৮২।	শ্রীচৈতন্যমহাপ্রভু	৬৲
৮৩।	শ্রীকৃষ্ণচৈতন্য	১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪।	শ্রীহরিনামচিন্তামণি	৸০
৮৫।	সাধনপথ	॥০
৮৬	কল্যাণকল্পতরু	৶০
৮৭।	গীতাবলী	৶০
	শরণাগতি	৴০
৮৯।	শ্রীসচ্চিদানন্দবাণী	৷৵০
৯০।	শ্রীগৌড়ীয়বাণী	৷০

তামিল ভাষায় প্রকাশিত

৯১।	শরণাগতি	৷০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২।	শ্রীচৈতন্যশিক্ষামৃত	২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

সজ্জাত্য কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত অমূল্য কল্যাণকল্পতরু-গ্রন্থ 'পরিমা'-নামক টীকা ভাষ্য-সহ সম্প্রতি প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষীদের নিত্যপাঠ্য।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিবিধ স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৫০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৫শ বর্ষ } ২৯ মধুসূদন, গৌরাব্দ ৪৫৫, ২৭শে বৈশাখ, বঙ্গাব্দ ১৩৪৮, ১০ই মে, ইং ১৯৪১, শনিবার { ৫৯তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৯ মধুসূদন, অদ্য ক্ষীরোদশায়ী গৌরাব্দ ৪৫৫

দৈন্য

—— ::*:: ——

জীবমাত্রই ভগবানের সেবক। ভগবান্ বিভুচৈতন্য, আর জীব অণুচৈতন্য। ভগবানের সহিত তাহার নিত্য অবিচ্ছেদ্য সম্বন্ধ আছে। ভগবান্ ও ভগবদ্ভক্ত ব্যতীত অন্য বস্তুর সহিত তাহার যে সম্পর্ক বা সম্বন্ধ, তাহা সম্বন্ধ নহে, পরন্তু বন্ধন। ভগবানের সহিত জীবের সম্বন্ধ নিত্য। জীব ভগবানের নিত্য অধীন-তত্ত্ব। ভগবান্ এক, কিন্তু জীব সংখ্যায় অনন্ত। প্রভু বহু হয় না। এক প্রভুরই বহু সেবক বা অনুগত থাকে। বহু সেবকের বা অনুগতের যেরূপ এক প্রভুর সেবাই কৃত্য, সেইপ্রকার অসংখ্য জীবগণেরও ধর্ম মাত্র একটি। তাহা এক-প্রভুর সুখবিধান-চেষ্টা। জলের ধর্ম যেরূপ তরলতা, প্রস্তরের ধর্ম যেরূপ কাঠিন্য, সেইরূপ জীবের ধর্মও ভগবৎ-সেবা। ভগবদ্ভক্তি-যাজনই জীবের ধর্ম।

ভগবান্ বৃহদ্বস্তু—প্রভুবস্তু—বিভুবস্তু। সুতরাং ভোক্তাভিমান, পুরুষাভিমান, কর্তৃত্বাভিমান এবং স্বতন্ত্রেচ্ছাপরিচালনই তাঁহার স্বভাব বা ধর্ম। স্বতন্ত্রতা-পরিচালনাদি তাঁহার সত্তা। আর তদধীন আশ্রিত জীবকুলের ভগবৎ-পরতন্ত্রতাই—দৈন্যই সহজধর্ম। দীনতা, পাতিত্যোপলব্ধি, সুনীচতা, সহিষ্ণুতা এবং অমানি-মানদত্বই অণু জীবের ভূষণস্বরূপ দৈন্য প্রত্যেক জীবেরই সহজধর্ম। অণু জীবের দীনতা স্বাভাবিক। যাঁহারা হরিভজন করিতেছেন বা হরিভক্তির পথে অগ্রসর হইতেছেন, তাঁহাদের যে দৈন্য দেখা যায় ইহা ভান বা নহে। প্রত্যেক জীবহৃদয়ে দৈন্য অনুস্যূত আছে। জীব বাস্তবিক স্বতন্ত্রশক্তি তাহার নাই। তাই জীব স্বভাবতঃই দীন। কিন্তু দুর্ভাগ্যবশতঃ জীবের এই দৈন্যোপলব্ধি বা পাতিত্যোপলব্ধি নাই। 'আমার হরিভজন হইল না'— এই দৈন্যভাব না থাকিলে মনকে সম্যগ্ভাবে ভগবৎসেবায় নিযুক্ত করা সম্ভবপর নহে। ভোগ-প্রবৃত্তি আমাদের চিত্তে দৈন্যের অন্তরায়-স্বরূপ হইয়া দাঁড়াইয়াছে। 'দীনের অধিক দয়া করেন ভগবান্'। ভগবান্ ভক্তগণে সর্বতোভাবে আশ্রিত দীন কাঙ্গালকেই কৃপা করেন [illegible] পাওয়া যায়। কে কৃপা— সেবা চাহেন? কৃপা পাইবার জন্য যাঁহার হৃদয় ব্যগ্র হইয়া উঠিয়াছে—'হায়, হায়, আমি হরিভজন—গুরুবৈষ্ণবসেবা করিতে পারিলাম না, আমার এমন কোন যোগ্যতা নাই যাহা দ্বারা তাঁহাদের সন্তোষবিধান করিতে পারি, এখন উপায় কি?' এরূপ ব্যাকুলতা যাহার স্বাভাবিক হইয়াছে, সেখানে দম্ভ অহঙ্কারাদি থাকিতে পারে না। নিজ মঙ্গলের প্রতি অমনোযোগ থাকিলেই অহঙ্কার, দর্প, গর্ব, মাৎসর্য্য, হিংসা, পরচর্চ্চা-প্রবৃত্তি প্রভৃতি হৃদয়ে স্থান পায়, যাহা ভক্তির সম্পূর্ণ বিপরীত। যেখানে সেবাকাঙ্ক্ষা, সেখানেই দৈন্য, আর যেখানে সেবার বিপরীত ভোগ বা ত্যাগের কামনা, সেখানে অহঙ্কার, দম্ভ। মাৎসর্য্য হইতে পরচ্ছিদ্রান্বেষণ-প্রবৃত্তি হয়। অন্যাভিলাষ থাকিলে আমাদের হৃদয়ে স্বাভাবিক দীনতা জাগে না। অভিমানিগণের প্রতি ভগবানের কৃপা হয় না, কিন্তু নিরভিমানিগণের প্রতি তাঁহার দয়া স্বাভাবিক। দৈন্য কোন আগন্তুক অবস্থা-বিশেষ নহে। জড়ের কোন অভিমান না থাকার নামই দৈন্য। ভগবানের কৃপার উপর সম্পূর্ণ নির্ভর করাই দৈন্য। "যোগ্যতা বিচারে কিছু নাহি পাই, তোমার করুণা সার', 'ভরসা আমার মাত্র করুণা তোমার। অহৈতুকী সে করুণা বেদের বিচার'—ইহাই দীনের কথা। দৈন্য ভগবৎসেবকগণেরই ভূষণ। জাগতিক নানাপ্রকার অর্থ, সৌন্দর্য্য, পাণ্ডিত্য প্রভৃতি থাকুক বা না থাকুক, তাহা হরিভজনের পথে বাধা নাই। জাগতিক যোগ্যতা থাকিলেও হরিভজন হইতে পারে এবং আর না থাকিলেও হরিভজন হইতে পারে। চেতনের সহজ স্বাভাবিক দৈন্য যাঁহার অন্তরকে বিভূষিত করিয়াছে, তিনিই ভক্তি অধিকারী।

জাগতিক ভোগোপকরণগুলি হরিভক্তির পথে অনেক স্থলে বাধা হইয়া দাঁড়ায়, সেইজন্য এইগুলি যাঁহাদের নাই বা কম আছে, তাঁহাদের ভক্তিপথে চলিবার সুযোগ বেশী আছে। তাই শাস্ত্র বলিয়াছেন,—

"ঐশ্বর্য্যাঙ্ক্ষুর শ্রী-জন্ম-বিদ্যা-মদঃ পুমান্।
নৈবার্হত্যভিধাতুং বৈ ত্বামকিঞ্চনগোচরম্॥"

যাহাদের জন্ম, ঐশ্বর্য্য, শ্রুত ও শ্রীর অভিমান বেশী, তাহারা কোনদিন ভগবানের ভজন করিতে পারে না। 'বিষয় থাকিতে কৃষ্ণপ্রেম নাহি হয়।' বিষয়বাসনা থাকাকালে সেবা-কামনা জীবহৃদয়ে থাকে না। অহৈত্বর্য্যাদির অভিমান থাকিলে জীবের দৈন্য আসে না। যাহারা জড়-অহঙ্কারে মত্ত, তাহারা সতত ভোগের চিন্তায় ব্যস্ত, সেবাচিন্তা তাহাদের নাই। দাম্ভিক ব্যক্তি হরিকথা শুনিতে পারে না। হরিকথায় তাহাদের রুচি নাই। নিজ সুখের কথা যেখানে নাই, সেই কথা শ্রবণে তাহাদের আগ্রহ হয় না। ভগবৎকৃপা-প্রার্থনা-রূপ মনোবৃত্তির ইচ্ছা বা যোগ্যতা তাহাদের সুপ্ত না হইলেও সুপ্ত হইয়া রহিয়াছে। সুতরাং তাহারা [illegible] নহে। [illegible] সহিষ্ণু এবং অমানী ও মানদ হইতে না পারিলে ভগবন্নামগ্রহণের যোগ্যতা লাভ হয় না। [illegible] নিষ্কিঞ্চন প্রকৃত [illegible] উদয় করিবার [illegible] না। নিরভিমানী [illegible] নিজ [illegible] অপরকে সম্মান করিয়া থাকেন। তাঁহারা নিজের [illegible], তাঁহাদের অন্তর নিষ্কপট, এই তাঁহারা [illegible] পরিত্যাগপূর্ব্বক [illegible] প্রতিষ্ঠিত [illegible] শুদ্ধ-ভক্তগণ [illegible] হইলেও [illegible] অধঃস্থান [illegible] দৈন্য [illegible] ও নিজেকে [illegible] না। [illegible] দৈন্য বা শুদ্ধভক্তি [illegible]।

[illegible] দীন হওয়া যায় না। দৈন্য [illegible]। দৈন্য [illegible] অনুভূত হয়। প্রাণ, বিষয় বা শরণাগত দৈন্যের মূল। ভগবানের সেবার জন্য বহির্মুখ হইতে নাস্তিকতা-প্রচার কার্য্যসকলও [illegible] ভগবৎসেবকের দৈন্য। আর ভগবৎসেবা সম্বন্ধ-রহিত হইয়া নিজের জন্য কৃত [illegible] অহঙ্কারেরই পরিচয় প্রদান করায় [illegible], সেইরূপ যদি ভগবান [illegible] তাহা হইলে

যাহাও করা যাউক না কেন, তাহা সকলই ভক্তি না সেবা হইবে। সেইজন্যই শ্রীভগবান্ বলিয়াছেন,—

যন্নিমিত্ত কৃত পাপমপি ধর্ম্মায় কল্পতে।
মামনাদৃত্য ধর্ম্মোঽপি পাপঃ
স্যান্মৎপ্রভাবতঃ॥

ভগবান শ্রীরামচন্দ্রের সেবার জন্য শ্রীহনুমান্‌জী সোনার লঙ্কা দাহ করিয়া—রাবণের সবংশে নিধন করিয়াও পরম ভক্ত—সর্ব্বলোকপূজ্য, তৃণাদপি সুনীচ ও দৈন্যধর্ম্মের সর্ব্বশ্রেষ্ঠ প্রচারক। দীন হন নাই। ভগবৎসেবার জন্য তাঁহার অদম্য উৎসাহ, অফুরন্ত সেবাপিপাসা আছে। তাঁহারা নিজের জন্য সমস্ত অন্যায় অত্যাচার, অপমান, লাঞ্ছনা গঞ্জনা অক্লেশে, অম্লানবদনে সহ্য করেন, কিন্তু ভগবান্ এবং ভক্তের প্রতি বিন্দুমাত্র অন্যায় ব্যবহারাদিও সহ্য করিতে পারেন না। ভক্ত এবং ভগবানে তাঁহাদের প্রীতি। ভগবৎসেবাই দীনতার কারণ। ভগবানের সহিত যাঁহার যে পরিমাণে সম্বন্ধ হইয়াছে, তাঁহার দীনতাও সেই পরিমাণে লাভ হইয়াছে। ভগবানের কৃপা হইলে জীব নিজের স্বরূপ দর্শন করিতে পারে এবং স্বরূপদর্শনকালে স্বাভাবিক দৈন্যের উদয় হয়। যতই আত্মদোষ দৃষ্ট হইবে ততই জীব দীন, কাঙ্গাল হইতে থাকিবে। নিজ চেষ্টা দ্বারা কখনও দীন হওয়া যায় না—ভগবৎকৃপা লাভ করা যায় না, শ্রীগুরুদেবের কৃপাতেই চিত্তবৃত্তি নির্ম্মল হইতে থাকে, তখন নিজের দীনতা, ক্ষুদ্রতা ও কৃষ্ণপ্রেমহীনতারূপ দারিদ্র্যতার কথা উপলব্ধি হইতে থাকে।

শ্রীশ্রীল আচার্য্যদেবের উপদেশ

——::•::——

প্রঃ—ভক্তকে বাঁচাচ্ছেন, কিন্তু বদ্ধজীবকেও কি বাঁচাচ্ছেন?

উ.—জীব ভগবচ্ছক্তি। তাঁকে স্বতন্ত্রতা দেওয়া হ'য়েছে, তাঁর পাপ বা অপরাধ হ'চ্ছে স্বতন্ত্রতার অসদ্ব্যবহার। স্বতন্ত্রতার অসদ্ব্যবহার করলে তাঁর ফলভোগী জীব হয়। ভগবান্ আদেশ বা নির্দ্দেশ করেন কখনও শাস্ত্রমুখে, কখনও অন্তর্য্যামিরূপে, বিবেকবুদ্ধি বা অন্তঃপ্রেরণা দ্বারা। সেই আদেশ পালন করা বা না করার ক্ষমতা জীবের আছে। যদি কোন জীব ভগবানের আইন লঙ্ঘন করে, তবে তাঁকে আইন অনুযায়ী শাস্তি পেতে হ'বে। কেহ যদি আইন লঙ্ঘন ক'রে বলে যে, আইন না কর্‌বার জ্ঞান ছিল, তা' হ'লে আর আইন ভঙ্গের জন্য শাস্তি পেতে হ'বে না। এ'কথাটা ঠিক হয় না। আইন-পালনের জন্য আইন করা, আইন ভঙ্গ করার জন্য আইনের ব্যবস্থা হয় নাই। স্বতন্ত্রতার ... মঙ্গল হ'বে, আর অন্য ভাবে করলে ... ফলভোগ করবে। ক্রিয়ার দুই প্রকার কর্ত্তা দেখা যায়, প্রযোজক কর্ত্তা ও হেতুকর্ত্তা। যে করায় সে প্রযোজক-কর্ত্তা, যে করে, সে হেতুকর্ত্তা। জীব হেতুকর্ত্তা, প্রযোজক কর্ত্তা ভগবান্।

প্রঃ—মাধুকরী ভিক্ষা কেহ অশ্রদ্ধা ক'রে দিলে নিতে হ'বে কি?

উঃ কৃষ্ণকথা-কীর্ত্তন করার পর যদি তাতে শ্রদ্ধা হ'য়ে কেহ কিছু দেন, তা'কে মাধুকরী ভিক্ষা। যিনি মাধুকরী ভিক্ষা দেন, তিনি যদি শ্রদ্ধাযুক্ত বা ... প্রকাশবান্ না হন, তবে ভিক্ষা দিতে চাইলেও নিতে হ'বে না। স্বামী ... স্ত্রীকে সোহাগ দেখাতে চায়, তা'কে স্ত্রী আদর বলে কি? মাধুকরী ... কৃষ্ণকথা ... বলেছেন, ... ব্যক্তি কৃষ্ণ, ... তাঁ'র সম্বন্ধী—আরাধ্য—উপাস্য। ... যোগ্য বা ভক্ত হ'তে পারে না। ... বা উপাসক উপাস্যকে নির্দ্ধারণ করতে পারে না। যেখানে কৃষ্ণের প্রতি শ্রদ্ধা নাই, সেখানে যে ভিক্ষা বা সেবা, তাহা দ্বারা ভক্তিদেবীর যাজন কি প্রকারে সম্ভব? ... স্বীকার করবেন কেন? যেখানে কৃষ্ণকথায় শ্রদ্ধা হ'ল না, সেখানে ত' কৃষ্ণ নেন না। মাধুকরী ভিক্ষার দাতা ত' স্বয়ং কৃষ্ণ। শ্রদ্ধারূপে কৃষ্ণ জীবের হৃদয়ে উদিত হ'য়ে যা' দেন, তাহাই মাধুকরী। যেখানে কৃষ্ণ এলেন না, সেখান হ'তে মাধুকরী ভিক্ষা কি ক'রে আনবে? যদি মাধুকরী ভিক্ষা হয়, কৃষ্ণের শরণাগত, কৃষ্ণ ... বন্দ্য পাচ্ছেন, এই বিচারে গ্রহণ করলে কৃষ্ণ তা' গ্রহণ করবেন।

প্রঃ—মাধুকরী শব্দের অর্থ কি?

উঃ মধুপ যেমন ঘুরে ঘুরে বহু জায়গায় যেয়ে ভ্রমণ ক'রে বহু রকম ফুল থেকে মধু আহরণ করে, তেমনই বহু স্থানে যেয়ে বিভিন্ন লোকের নিকট হরিকথা-কীর্ত্তন ক'রে উপায়ন আহরণ করবে—মাধুকরী ভিক্ষুগণ। মধুকরের বৃত্তি, স্বভাব বা ক্রিয়াকলাপই মাধুকরী। মধুকর যখন মধুকে মধু সংরক্ষণ করে, তখন তা'র কোন ব্যক্তিগত দাবী সে তাতে রাখে না, তেমনই যদি মঠের ব্রহ্মচারী কেবলমাত্র কৃষ্ণ ও কৃষ্ণভক্তের সেবার জন্য নৈবেদ্য-সংগ্রহ করেন, তা'ই মাধুকরী। ফুলের সর্ব্বস্বই মধু—মধুকর ফুলের সর্ব্বস্ব গ্রহণ করে।

প্রঃ—গীতাতে অহংগ্রহোপাসক, প্রতীকোপাসক ও ভগবদুপাসক এই ত্রিবিধ ভক্ত বলা হ'য়েছে, পূর্ব্বোক্ত দুইপ্রকার উপাসক ভক্তশ্রেণীতে গণ্য হ'তে পারে কি?

উ. এক অদ্বয়জ্ঞান পরতত্ত্বস্বরূপ ভগবানের ত্রিবিধ প্রতীতি—ব্রহ্ম, পরমাত্মা ও ভগবান্। সবিশেষ ভগবদুপাসকই ভক্ত। ব্রহ্ম ও পরমাত্মা ভগবান্ হ'তে পৃথক্ নহেন, এতদ্ব্যতীত অদ্বয়জ্ঞানতত্ত্ব যাঁ'রা ব্রহ্মোপাসক ও পরমাত্মোপাসক ... উভয়ই হ'য়েছেন। পরতত্ত্ব যেখানে স্বীয় স্বরূপশক্তির বিলাস ... সেখানে সবিশেষ ভগবৎপ্রতীতি। যাঁ'রা তা' স্বীকার করে না, তাঁ'রা প্রতীকোপাসক, অহংগ্রহোপাসক, নিজকে ঈশ্বর ভাবে। অহংগ্রহোপাসক ও অদ্বৈতবাদীতে পার্থক্য আছে। অদ্বৈতবাদী পরতত্ত্ব ও নিজের অস্তিত্বে পার্থক্য ব্যবহারিক ধারণা করে না, অহংগ্রহোপাসক ঈশ্বরের অস্তিত্ব ও নিজের অস্তিত্বে পার্থক্য স্বীকার ক'রেও নিজেকে ঈশ্বর ব'লে ভাবনা করে। যেমন পৌণ্ড্রক ইত্যাদি। ব্রহ্মের রূপকল্পনাকারী নির্ব্বিশেষ ব্রহ্মোপাসকগণও প্রতীকোপাসকের অন্তর্গত ... যথার্থ বা ... পতিত যে ঈশ্বরজ্ঞান, তাহাই প্রতীক। বস্তুর দৃশ্য বা দিককে প্রতীক বলে।

প্রঃ—বিশ্ব উপাসক কি?

উ.—প্রকৃতির স্থূলরূপে মুগ্ধ হ'য়ে যাঁ'রা তাঁ'র স্তব কচ্ছেন, ঈশ্বরের আদর, অভিবাদন, শ্রদ্ধা নিবেদন করছেন, তাঁ'রা বিশ্বোপাসক। জড়সাহিত্যিকগণের সাহিত্য-চিন্তাস্রোতঃ বা চিন্তনীয় বিষয় সব-ই বিশ্বের অন্তর্গত। জড়বিজ্ঞান যেখানে আছে, তা' বিশ্ব। এই বিশ্বের অন্তর্গত বস্তুরূপে যাঁ'র অনাকর্ষক মাপা যায়, তাঁ'রা আধ্যাত্মিক। নিত্য সচ্চিদানন্দ নাম, রূপ, গুণ ও লীলাকে যাঁ'রা বিশ্বের নাম, রূপ, গুণাদির মধ্যে বিচার করে—তাঁ'রা আধ্যাত্মিক। তাঁ'রা বিশ্বের অন্তর্যামীর দর্শন পায় না। বাহিরের রূপ, বিরাট্ দর্শন বা স্থূল-দর্শনে আবদ্ধ। ঐ দর্শনে মোক্ষলাভ হ'বে না।

প্রঃ—শাস্ত্রে পাওয়া যায়, মাতৃগর্ভে ভগবানের দর্শন পাওয়া যায়, কিন্তু দর্শন পেয়ে আবার বিস্মৃতি কি প্রকারে হয়?

উঃ—শাস্ত্রে অর্থাৎ শ্রীমদ্ভাগবতে তৃতীয়-স্কন্ধ একত্রিংশ অধ্যায়ে সপ্তমমাসে গর্ভস্থ জীবের ভগবদ্দর্শনের কথা বর্ণিত আছে। এই দর্শন সকল জীবের হয় না, কোন কোন সৌভাগ্যবান্ জীবের হয়। যা'র অজ্ঞাত-সুকৃতি আছে, তা'র হ'বে। যা'র প্রতি ভগবানের অনুগ্রহ হ'বে, তা'র হ'বে, যা'র প্রতি অনুগ্রহ নেই তা'র হ'বে না। দয়াটা অহৈতুক, হৈতুক হ'লে—condition থাকলে- আর যাই হোক দয়া হ'ল না। সম্রাট্ কা'কেও গভর্ণর ক'রে দিলেন, কা'কেও করলেন না, কেন করলেন প্রশ্ন হ'তে পারে না। ভগবান্ সম হ'য়েও ভক্ত-পক্ষপাতী, কেন তিনি ভক্তপক্ষপাতী, এ'র কোন যুক্তি নেই।

প্রঃ—জীবের মূল অপরাধ বলতে কি বুঝায়?

উঃ—কৃষ্ণবিস্মৃতিই জীবের মূল অপরাধ। জীব তটস্থশক্তি, তা'র কৃষ্ণস্মৃতি ও কৃষ্ণ-বিস্মৃতি উভয় যোগ্যতা আছে, তাই জীবের মধ্যে মুক্ত ও বদ্ধ ভেদ। এ'র ইতিহাস নেই। জীব কৃষ্ণবিস্মৃত হ'লে তা'র জন্য মায়িক জগৎ হ'য়েছে। কাল মায়িক জগতের অন্তর্গত। কাজেই জীবের বদ্ধতার ইতিহাস পাওয়া যায় না। কারণার্ণবশায়ী মায়াকে ক্ষোভিত করবার পর মহদাদির সৃষ্টি হ'য়েছে। জীবের কৃষ্ণবিস্মৃতি মায়াকে ক্ষোভিত করবারও পূর্ব্বের কথা।

বৈষ্ণবের কৃপা ভিন্ন কৃষ্ণ-প্রাপ্তি অসম্ভব

(শ্রীউদ্ধব নীলমণি ভক্তিশাস্ত্রী বি-এ)

হরিভজনের সর্ব্বাপেক্ষা ভয়ঙ্কর বিক্ষেপ বা প্রতিবন্ধক হইতেছে শ্রীবৈষ্ণবের শ্রীপাদ-পদ্মে অপরাধ। দশবিধ নামাপরাধের মধ্যে সর্ব্বপ্রথম ও সর্ব্বাপেক্ষা অধিক সর্ব্বনাশকর অপরাধ বৈষ্ণবনিন্দা বা সাধুনিন্দা। শ্রীগুরু-বৈষ্ণব-ভগবানের কৃপাবলে বলীয়ান্ হইয়া যিনি নিজ হৃদয় হইতে এই বৈষ্ণবনিন্দা করার প্রবৃত্তিরূপ ভীষণ ব্যাধির মূলোৎপাটন করিবার জন্য দৃঢ়প্রতিজ্ঞ না হইবেন, তিনি অপরাধী ত' হইবেনই, পরন্তু সকল জীবের শুদ্ধভক্তি লাভ করার পক্ষে ভয়ানক বাধাকারী পরিণত হইবেন।

বৈষ্ণবনিন্দকের যে কোনকালে জড়বন্ধন হইতে নিস্তার নাই, ইহা জীবদুঃখদুঃখী বৈষ্ণবঠাকুর শ্রীল বৃন্দাবন দাস গোস্বামিপ্রভু কৃপাপূর্ব্বক জানাইয়াছেন। যথা শ্রীচৈতন্য-ভাগবত,—

"সবার করিব গৌরচন্দ্র সে উদ্ধার।
ব্যতিরিক্ত বৈষ্ণবনিন্দক দুরাচার॥
শূলপাণিসম যদি ভক্তনিন্দা করে।
ভাগবত-প্রমাণ—তথাপিহ শীঘ্র মরে॥"

বৈষ্ণবাপরাধ হেতু কুষ্ঠরোগগ্রস্ত কোন ব্যক্তি শ্রীমন্মহাপ্রভুর নিকট নিজ দুর্দ্দশার কথা নিবেদন করিয়া নিস্তারের উপায় জিজ্ঞাসা করিলে শ্রীমন্মহাপ্রভু ভয়ানক তর্জ্জন-গর্জ্জন করিয়া বলিতে লাগিলেন,—

"ঘুচ ঘুচ মহা-পাপি, বিদ্যমান হৈতে।
তোরে দেখিলেও পাপ জন্মায়ে লোকেতে॥
বৈষ্ণবনিন্দক তুই পাপি দুরাচার।
ইহা হৈতে দুঃখ তোর কত আছে আর॥
এই জ্বালা সহিতে না পার দুষ্টমতি।
কেমতে করিবা কুম্ভীপাকেতে বসতি॥
যে 'বৈষ্ণব'-নামে হয় সংসার পবিত্র।
ব্রহ্মাদি গায়েন যে বৈষ্ণব-চরিত্র॥
যে বৈষ্ণব ভজিলে অচিন্ত্য কৃষ্ণ পাই।
সে বৈষ্ণবপূজা হৈতে বড় আর নাই॥

'সাধুসঙ্গ', 'সাধুসঙ্গ'—সর্ব্বশাস্ত্রে কয়। লবমাত্র 'সাধুসঙ্গে' সর্ব্বসিদ্ধি হয়॥

শেষে রমা অঙ্ক ভব নিজ দেহ হৈতে।
বৈষ্ণব কৃষ্ণের প্রিয় কহে ভাগবতে॥
হেন বৈষ্ণবের নিন্দা করে যেই জন।
সে-ই পায় দুঃখ—জন্ম জীবন-মরণ॥
বিদ্যা-কুল-তপ সব বিফল তাহার।
বৈষ্ণব-নিন্দয়ে যে সে পাপী দুরাচার॥
চৌরাশী সহস্র যমযাতনা প্রত্যক্ষে।
পুনঃ পুনঃ করি ভুঞ্জে বৈষ্ণবনিন্দকে॥"

(চৈঃ ভাঃ)

বৈষ্ণবনিন্দকের অপরাধ-খণ্ডনের একমাত্র উপায় শ্রীচৈতন্যভাগবতের অন্ত্যখণ্ড তৃতীয় অধ্যায়ে এরূপভাবে বর্ণিত আছে,—

"হেনই সময়ে এক আসিয়া ব্রাহ্মণ।
দৃঢ় করি ধরিলেন প্রভুর চরণ॥
দ্বিজ বলে "প্রভু, মোর এক নিবেদন।
আছে, তাহা কহি যদি ক্ষণে দেহ' মন॥
ভক্তির প্রভাব মুঞি পাপী না জানিয়া।
বৈষ্ণব করিনু নিন্দা আপনা' খাইয়া॥
'কলিযুগে কিসের বৈষ্ণব, কি কীর্ত্তন।'
এই মত অনেক 'নিন্দিনু অনুক্ষণ॥
এবে প্রভু, সেই পাপকর্ম্ম সঙরিতে।
অনুক্ষণ চিত্ত মোর দহে' সর্ব্বমতে॥
সংসার-উদ্ধার-সিংহ তোমার প্রতাপ।
বল মোর কিরূপে খণ্ডয়ে সেই পাপ॥
শুনি প্রভু অকৈতব বিপ্রের বচন।
হাসিয়া উপায় কহে শ্রীশচীনন্দন॥
'শুন দ্বিজ বিষ করি যে মুখে ভক্ষণ।
সেই মুখে করি যবে অমৃত গ্রহণ॥
বিষ হয় জীর্ণ, দেহ হয়ত অমর।
অমৃত-প্রভাবে, এবে, শুন সে উত্তর॥
না জানিয়া তুমি যত করিলা নিন্দন।
সে কেবল বিষ তুমি করিলা ভোজন॥
পরম অমৃত এবে কৃষ্ণ-গুণ-নাম।
নিরবধি সেই মুখে কর' তুমি পান॥
যে মুখে করিলা তুমি বৈষ্ণব-নিন্দন।
সেই মুখে কর' তুমি বৈষ্ণব-বন্দন॥
আর যদি নিন্দাকর্ম্ম কভু না আসয়ে।
নিরন্তর বিষ্ণু-বৈষ্ণবের স্তুতি করে॥
এ সকল পাপ ঘুচে এই সে উপায়॥
কোটি প্রায়শ্চিত্তেও অন্যথা নাহি যায়॥'
নিন্দা-পাতকের এই প্রায়শ্চিত্ত সার।
কহিলেন শ্রীগৌরসুন্দর অবতার॥

বৈষ্ণবকে 'অবৈষ্ণব' এবং অবৈষ্ণবকে 'বৈষ্ণব' মনে করিলে বৈষ্ণবনিন্দা হয়। বৈষ্ণবের স্বরূপ ও তটস্থ-লক্ষণ শ্রীহরিনাম-চিন্তামণিতে শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর বর্ণনা করিয়াছেন, যথা—

দয়ালু সহিষ্ণু সম দ্রোহশূন্য ব্রত।
সত্যসার বিশুদ্ধাত্মা পরহিতে রত॥
কামে অক্ষুভিত বুদ্ধি দান্ত অকিঞ্চন।
মৃদু শুচি পরিমিত-ভোজী শান্তমন॥
অনীহ ধৃতিমান্ স্থির কৃষ্ণৈকশরণ।
অপ্রমত্ত সুগম্ভীর বিজিতষড়্গুণ॥
অমানী মানদ দক্ষ অবঞ্চক জ্ঞানী।
এই সব লক্ষণেতে সাধু বলি' জানি॥

কৃষ্ণৈকশরণ হয় স্বরূপ-লক্ষণ।
তটস্থলক্ষণে অন্য গুণের গণন॥

বর্ণাশ্রমের চিহ্ন ও বেষাদি দ্বারা বৈষ্ণবের লক্ষণ নির্ণয় করা হয় না। শ্রীকৃষ্ণে অনন্য শরণাগতিই বৈষ্ণবতার স্বরূপ লক্ষণ। সে লক্ষণ যাহার হয়, তাহার তটস্থ লক্ষণ-গুলি অবশ্য হইবে। শ্রীকৃষ্ণে অনন্যভাবে শরণাগত কোন ব্যক্তির যদি কোন অংশে তটস্থ-লক্ষণ পূর্ণরূপে উদিত না হওয়ায় দুরাচার লক্ষিত হয়, তথাপি তিনি সাধু। যিনি বৈষ্ণবের জাতিদোষ, কাদাচিৎক অর্থাৎ প্রমাদাগত দোষ, নষ্টপ্রায় দোষ, শরণাগতির পূর্ব্বাচরিত দোষ ধরিয়া বৈষ্ণবকে নিন্দা করেন, তিনি বৈষ্ণবনিন্দুক। কখনই তাহার নামে রুচি হইবে না।

নামপরায়ণ বৈষ্ণবই সাধু। বৈষ্ণবের কৃপাতেই কৃষ্ণভক্তি লাভ হয়। যথা, শ্রীহরিনামচিন্তামণিতে,—

যে বলিবে আমি দীন কৃষ্ণৈকশরণ।
কৃষ্ণনাম যার মুখে—সাধু সেইজন॥
তৃণ হৈতে হীন যিনি আপনাকে জানে।
সহিষ্ণু তরুর ন্যায় আপনাকে মানে॥
নিজে ত' অমানী আর সকলে মানদ।
তার মুখে কৃষ্ণনাম কৃষ্ণরতিপ্রদ॥
হেন সাধুমুখে যবে শুনি এক নাম।
বৈষ্ণব বলিয়া তারে করিব প্রণাম॥
বৈষ্ণব সে জগদ্গুরু জগতের বন্ধু।
বৈষ্ণব সকলজীবে সদা কৃপাসিন্ধু॥
এ হেন বৈষ্ণবনিন্দা যেই জন করে।
নরকে পড়য়ে সেই জন্মজন্মান্তরে॥
ভক্তি লভিবারে আর নাহিক উপায়।
ভক্তি লভে সব জীব বৈষ্ণবকৃপায়॥
বৈষ্ণব-দেহেতে থাকে শ্রীকৃষ্ণের শক্তি।
সেই দেহস্পর্শে আন হয় কৃষ্ণভক্তি॥
বৈষ্ণব-অধরামৃত আর পদজল।
বৈষ্ণবের পদরজ তিন মহাবল॥
বৈষ্ণব নিকটে যদি বৈসে কতক্ষণ।
দেহ হৈতে হয় কৃষ্ণশক্তি নিঃসরণ॥
সেই শক্তি শ্রদ্ধাবান্ হৃদয়ে পশিয়া।
ভক্তির উদয় করে দেহ কাঁপাইয়া॥
যে বসিল বৈষ্ণবের নিকটে শ্রদ্ধায়।
তাহার হৃদয়ে ভক্তি হইবে উদয়॥
প্রথমে আসিবে তাঁর মুখে কৃষ্ণনাম।
নামের প্রভাবে পাবে সর্ব্ব গুণ-গ্রাম॥
অতএব যিনি করিলেন নামাশ্রয়।
সাধুনিন্দা ছাড়িবেন এ ধর্ম্ম নিশ্চয়॥

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর ত্রিবিধ বৈষ্ণবের কথা বলিয়াছেন, যথা—

কনিষ্ঠ, মধ্যম, উত্তম প্রভেদে
বৈষ্ণব ত্রিবিধ গণি।
কনিষ্ঠে আদর, মধ্যমে প্রণতি,
উত্তমে শুশ্রূষা শুনি॥
যে যেন বৈষ্ণব চিনিয়া লইয়া
আদর করিব যবে।
বৈষ্ণবের কৃপা, যাহে সর্ব্বসিদ্ধি,
অবশ্য পাইব তবে॥

শ্রীহরিনামচিন্তামণিতে ত্রিবিধ বৈষ্ণবের লক্ষণ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর কৃপাপূর্ব্বক জানাইয়াছেন, যথা—

কনিষ্ঠ বৈষ্ণবের লক্ষণ,—

সাধুসেবাহীন অর্চ্চে লৌকিক শ্রদ্ধায়।
প্রাকৃত বৈষ্ণব হয় বৈষ্ণবের প্রায়॥
বৈষ্ণব-আভাস সেই, নহে ত বৈষ্ণব।
কেমনে পাইবে সাধুসঙ্গের বৈভব॥
অতএব কনিষ্ঠ মধ্যম ভাবে গণি।
তাঁরে কৃপা করিবেন বৈষ্ণব আপনি॥

মধ্যম বৈষ্ণবের লক্ষণ,—

কৃষ্ণে প্রেম কৃষ্ণ-ভক্তে মৈত্রী আচরণ।
বালিশেতে কৃপা আর দ্বেষী উপেক্ষণ॥
করিলে মধ্যম ভক্ত শুদ্ধভক্ত হন।
কৃষ্ণনামে অধিকার করেন অর্জ্জন॥

উত্তম বৈষ্ণবের লক্ষণ,—

সর্ব্বত্র যাঁর হয় কৃষ্ণ দরশন।
কৃষ্ণে সবারে স্থিতি কৃষ্ণে পালন॥
বৈষ্ণবাবৈষ্ণব-ভেদ নাহি থাকে তাঁর।
বৈষ্ণব উত্তম তিনি কৃষ্ণনাম সার॥

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ উক্ত গ্রন্থে বলিয়াছেন,—"মধ্যম বৈষ্ণব হইতেই শুদ্ধবৈষ্ণবের গণনা। তিনি বৈষ্ণবাবৈষ্ণব-বিচারের অধিকারী, কেন না, শুদ্ধবৈষ্ণব-সেবাই তাঁহার প্রয়োজন। বৈষ্ণবাবৈষ্ণব-বিচার পরিত্যাগ করিলে মধ্যম বৈষ্ণবের বৈষ্ণবাপরাধ হয়। তিনি যত্নের সহিত অন্বেষণ করিয়া শুদ্ধবৈষ্ণবের সেবা করিবেন।"

বৈষ্ণবসেবা হইতে কৃষ্ণসেবা কখনও বড় মনে করিতে হইবে না। ভগবৎ-সেবকগণের চিত্তে তাঁহারা ভক্ত কি না এইরূপ সন্দেহ থাকিতে পারে, কিন্তু যাঁহারা তদীয় ভক্তগণের পরিচর্য্যায় আসক্ত, তাঁহাদের সিদ্ধি বিষয়ে কোন সন্দেহ নাই। এক হস্তে ভগবানের সেবা করিয়া অন্য হস্তে ভগবানকে কষ্ট দিলে তাহা সেবা হয় না। ভগবদ্ভক্তগণ কৃষ্ণের শ্রীবিগ্রহের অঙ্গপ্রত্যঙ্গ, সুতরাং তাঁহারা কখনও ভগবানের সেবা-বিমুখ হন না। কৃষ্ণসেবা করিয়া অনেকে কৃষ্ণলাভ করেন না। কিন্তু ভক্তের সেবা করিলে কৃষ্ণপ্রাপ্তি অনিবার্য্য।

বৈষ্ণব—সর্ব্বদেবপূজ্য, সর্ব্বজনপূজ্য, সর্ব্বতোভাবে সকলের পূজ্য। সেই বৈষ্ণবের নিন্দাফলে নিন্দকের কুষ্ঠাদি হয়। ভগবান্ সেই বৈষ্ণবনিন্দক পাষণ্ডীকে দণ্ডভোগ হইতে কখনও মুক্ত করেন না। যথা শ্রীচৈতন্যভাগবতে—

"কৃষ্ণসেবা হৈতেও বৈষ্ণব-সেবা বড়।
ভাগবত-আদি সব শাস্ত্রে কৈল দঢ়॥
এতেকে বৈষ্ণবসেবা পরম উপায়।
ভক্তসেবা হৈতে সে সবাই কৃষ্ণ পায়॥

শ্রীগৌরনিত্যানন্দের অহৈতুকী কৃপা ব্যতীত বৈষ্ণবের শ্রীপাদপদ্মে আশ্রয় পাওয়া যায় না। তাই শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রার্থনা করিতে শিক্ষা দিয়াছেন,—

কবে শ্রীচৈতন্য মোরে করিবেন দয়া।
কবে আমি পাইব বৈষ্ণবপদ ছায়া॥
অধমের নিবেদন বৈষ্ণবচরণে।
কৃপা করি' সঙ্গে লহ এই অকিঞ্চনে॥
বৈষ্ণব ঠাকুর, দয়ার সাগর,
এ দাসে করুণা করি।'
দিয়া পদছায়া, শোধহ আমায়,
তোমার চরণ ধরি॥

সাময়িকী

পরমারাধ্যতম পরিব্রাজকাচার্য্য শ্রীশ্রীল প্রভুপাদ এতৎসম্বন্ধে বৈষ্ণবোচিত কর্ত্তব্য সম্বন্ধে যে সকল অমূল্য উপদেশ প্রদান করিয়াছেন, তন্মধ্যে তদীয় সেবা অন্যতম। তদীয় শ্রীতুলসী, শ্রীগঙ্গা, শ্রীভাগবত ও শ্রীবৈষ্ণবের সেবার কথা তিনি বিশেষভাবে কীর্ত্তন করিয়াছেন ও করিতেছেন। কৃষ্ণপ্রিয় তদীয়ের সেবার দ্বারা জীবের নিত্যমঙ্গল লাভ হয়, তদীয়ের সেবা ভগবানের সেবার চেয়েও বড় সেবা। তদীয়ের সেবায় উদাসীন থাকিয়া ভগবানের সেবার ছলনা দাম্ভিকতা ছাড়া আর কিছুই নহে। এবার কি গৃহস্থ, কি মঠবাসী শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপা-নির্দ্দেশানুসারে শ্রীতুলসী, শ্রীগঙ্গা ও শ্রীমদ্-ভাগবতাদির সেবা অকপটে যথাসাধ্য করিয়াছেন ও করিতেছেন। শ্রীধাম-মায়াপুরস্থ শ্রীচৈতন্যমঠ ও তৎশাখামঠসমূহে সর্ব্বত্র তদীয়ের সেবা সুষ্ঠুরূপে হইয়াছে ও হইতেছে। ভক্তগণ সকলেই শ্রীভগবৎ-প্রীতিকাম হইয়া প্রত্যহ শ্রীতুলসী ও শ্রীগঙ্গার সেবা করিয়াছেন ও করিতেছেন। এবার গ্রীষ্মকালে বৈশাখমাসে শ্রীতুলসীদেবীর বা শ্রীতুলসীমঞ্চের উপর ছায়া প্রদানের ব্যবস্থা, শ্রীতুলসীর ধারা দান ও দীপদান প্রভৃতি দ্বারাও শ্রীতুলসীসেবার ব্যবস্থা হইয়াছে। এতদ্ব্যতীত প্রত্যেক মঠে প্রত্যহ নিয়মিতভাবে ইষ্টগোষ্ঠী, শ্রীচৈতন্যচরিতামৃত, শ্রীচৈতন্যভাগবত ও শ্রীমদ্ভাগবত গ্রন্থপাঠ ও ব্যাখ্যা হইয়াছে ও হইতেছে। শ্রীশ্রীল আচার্য্যদেব আমাদের মঙ্গলের জন্য কত কৌশলে নানাভাবে আমাদিগকে সেবায় নিযুক্ত করিবার জন্য যত্ন করিতেছেন, তাঁহার এই চেষ্টাবলীর অনুসরণ করিলে আমরা নিশ্চয়ই লাভবান্ হইব।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার,
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৪
সেবক—শ্রী[illegible] দাস ভক্তিশাস্ত্রী [illegible]

শ্রীযোগ[illegible]পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রী[illegible]দাস [illegible]

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

শ্রী[illegible]র পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক শ্রীমঙ্গলানন্দ ব্রহ্মচারী

[illegible]
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible]দাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীমহৎকৃপা ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌড়পুর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
[illegible] (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

কুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ [illegible] (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
[illegible]পুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মা[illegible]গৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা।
সেবক—গৌরেন্দ্র ব্রহ্মচারী

গোপালগৌড়ীয়মঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীদীনদয়াল ব্রজবাসী

গদাই গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রী[illegible]বিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
[illegible]বাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রী[illegible] বিদ্যারত্ন বি এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাঞ্জাববিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রী[illegible]গোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় [illegible], বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
[illegible], বৃন্দাবন
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রী[illegible]দাস ব্রজবাসী

কৃষ্ণবিহারীমঠ
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রী[illegible] [illegible]লোচন

শ্রীগোবর্দ্ধন মঠ
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
[illegible] মথুরা।
সেবক—শ্রী[illegible]দাস

গোষ্ঠবিহারী মঠ
শেখপুরা
পোঃ [illegible] (পাঞ্জাব)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, [illegible], (পাঞ্জাব
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড নিউ দিল্লী
সেবক—শ্রীজগমোহনদাস [illegible]

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং,
বোম্বে নং ২৬
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
পোঃ রায়পেটা, মাদ্রাজ
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, [illegible], মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিক্ষুক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আ[illegible]শ্রম
(ভগবৎ-কৃপাভিক্ষুক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক- শ্রীগৌর[illegible] ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রী[illegible]নন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রী[illegible]নাথ দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর পুরী
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক - শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
[illegible], পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক শ্রী[illegible] ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ডুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক- শ্রী[illegible] ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রী[illegible] ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাঙ্কেষ্টার রোড, উড গ্রীন
লণ্ডন এন ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
২৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা।
সেবক- শ্রী[illegible] ব্রহ্মচারী

গৌড়ীয় মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রী[illegible]ানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠালয়
নন্দনকানন চট্টগ্রাম
সেবক—শ্রী[illegible]গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয় মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

পা[illegible]পীঠ
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

[illegible] মঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রী[illegible]বিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্
সেবক—শ্রী[illegible]শেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
[illegible]র ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
ভাগের প্রতি লাইনে	॥০	৶০	।৶০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	১॥০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

ছমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৬৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয় রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক আখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সুবোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্র সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ৩৲ টাকা

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ হিন্দি পদ্যানুবাদসহ মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬॥০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবনচরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থে শ্রীমহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ শাস্ত্রভক্তির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে মোটা অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ॥০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই. বি. রেলে কালকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

					শনিবার ব্যতীত			
					শনিবার	অন্ত দিন		
কলিকাতা ছাঃ	৪-৪৬	৬-২১	৭-১৪	১৩-১৬	১৪-১৬	১৬-৫৬	১৭-৫৩	২২ ২৬
দমদম	৪-৫৬	৬-৩১	৭-২৮	১৩ ২৯	..	...	১৮ ৫	২২-৩৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯-১৮	১৪ ৫০	১৬ ৪৮	১৮-৩১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ	...	...	৯-৩৩	...	...	...	...	...
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৯	৮-৪০	১০-৬	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-১৬	১৪-৫০	১৭-৪০			২০-৩০	
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১৫-২৫	১৮-১৪			২১-৫	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১	১০-৫৯	১৫-৩৩	১৮-২৩			২১-১৩	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম"	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
" ছাঃ	১২ ৫৬
শান্তিপুর পৌঃ	১৩-২৪
(বদল) ছাঃ	১৩ ৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩৩

ডাউন

					শনিবার ব্যতীত			
					অন্ত দিন	শনিবার		
নবদ্বীপঘাট ছাঃ		৬-১৪	৯-১২		১৬-৩	১৬ ৩১	১৮-৩৮	
মহেশগঞ্জ "		৬-২৩	৯-২১		১৬-১২	১৬ ৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ		৬-৫৭	৯-৫৫		১৬-৫৬	১৭ ১৬	১৯-২১	
(বদল) ছাঃ	৫-৩১	৭-১০	৮-৫২	১১-২৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪ ১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৫৫	১৭-৩০	২০ ৩	২১-১৯
(বদল) ছাঃ	...	...	...	...	১৬-৫৬	১৭-৪২		.. ..
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১ ২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬	২১ ৪০	২৩ ১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪-০
মহেশগঞ্জ "	১৪-১০
কৃষ্ণনগর পৌঃ	১৪ ৪৪
ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-১০
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

২। ভাগবত—ভিজিগাপত্তনে একমাত্র পারমার্থিক মাসিক পত্র। শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর ভক্তিতীর্থ বি. সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈষ্ণবগৌরব মূর্ত্তবিগ্রহ পরমারাধ্য প্রভুপাদ ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত সকলেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনীষী সজ্জনবৃন্দের যে সকল পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত উত্তরসমূহ এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগবিরুদ্ধসিদ্ধান্তদলনে ও তদনুরূপ সিদ্ধান্তস্থাপনে অপ্রতিম গৌরকৃষ্ণস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটের অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখানহইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি দিন দিন অধিক। পিলার, লীহা সংযুক্ত জ্বরাদি এবং পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আশাতীত সার্থক হয়। ছোট বোতল ৸০ দশ আনা, বড় বোতল ১৶০ আঠার আনা। পাইকারী স্বতন্ত্র।

১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
বেহালা, ২৪ পরগণা

Regd. No. C. 1544

প্রাপ্তিস্থান—শ্রীধাম শ্রীমায়াপুর

ঔঁ অপ্রকাশিত গ্রন্থমালা
—০০—
শ্রীল নারায়ণদাস ভক্তি-
সুধাকর এম-এ সম্পাদিত।
এই গ্রন্থ অধ্যায়, বিস্তৃত
ভূমিকা ও হস্তলিখিত অনুবাদ
রূপে প্রকাশিত হইয়াছে।
ঈশ, কেন, কঠাদি দ্বাদশ
উপনিষদের অভিনব সংস্করণ
ভিক্ষা মাত্র ১।০ টাকা।
প্রাপ্তিস্থান—
মহুয়া প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—আরী, ঢাকা

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

শ্রীচৈতন্যদেব
—:০:—
স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য-
মহাপ্রভুর জীবনী ও শিক্ষার
কথা সুন্দরভাবে সংক্ষেপে
লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট
কাগজে সুন্দর বাঁধাই।
৩য় সংস্করণ; ভিক্ষা ১।০
প্রাপ্তিস্থান
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৬শ খণ্ড] শ্রীমায়াপুর, ২৯শে বৈশাখ, ১৩৪৮; ১২ই মে, ১৯৪১, সোমবার [৫৫তম সংখ্যা

নানা-সংবাদ

—::[০]::—

ব্রহ্মের নবনিযুক্ত গভর্ণর

স্যার রেজিনাল্ড ডরম্যান স্মিথ গত ৮ই মে প্রাতঃকালে গভর্ণমেন্ট হাউসে ব্রহ্মের গভর্ণর রূপে শপথ গ্রহণ করিয়াছেন।

গত ৭ই মে'র সংবাদে প্রকাশ, ব্রহ্মের গভর্ণর হিসাবে কার্য্যকাল শেষ হইবার পর স্যার আর্কিবাল্ড ও লেডী ককরেন। বিমানযোগে ইংলণ্ডের পথে রেংগুন যাত্রা করিয়াছেন। ইংলণ্ড যাত্রার প্রাক্কালে স্যার আর্কিবাল্ড ও লেডী ককরেন ব্রহ্মের জনসাধারণের উদ্দেশ্যে বাণী প্রদান করিয়াছেন।

—

প্রবল বারিপাত

গত ১লা মে হইতে ময়মনসিংহের অন্তর্গত জামালপুর অঞ্চলে মুসলধারে বৃষ্টিপাত শুরু হইয়াছে। এক একবার প্রবল বারিপাতের ফলে খানা, ডোবা, মাঠ ঘাট ও বাড়ীঘর জলময় হইয়া যাইতেছে। মাঠের যে দিকেই তাকান যায় শুধু জল। গত ১৯শে এপ্রিল হইতে প্রায় প্রতিদিন বারিপাত হইয়া মোট ৮'১১ ইঞ্চি বৃষ্টিপাত হয়। কিন্তু গত ২রা মে একদিনেই বারিপাত হয় ৫'৫৪ ইঞ্চি, ৩রা মে ০'৬০ ইঞ্চি এবং ৪ঠা মে বারিপাত হয় ৬'২৫ ইঞ্চি। এই যে অবধি আকাশ গাঢ় মেঘাচ্ছন্ন এবং মাঝে মাঝে বৃষ্টিপাত হইয়াছে। এই প্রবল বারিপাতের ফলে মৌসুমী আবাদ সম্পূর্ণ-ই নষ্ট হইয়া গেল এবং চাউলের দর উত্তরোত্তর বৃদ্ধি পাইয়া বর্ত্তমানে ৯৲, ৯।০ পর্য্যন্ত উঠিয়াছে। জনসাধারণের দুর্গতির পরিসীমা নাই।

—

সরকারী অর্থ লুণ্ঠনের ষড়যন্ত্র

কলিকাতা পুলিশের গোয়েন্দা-বিভাগ আলিপুরে একটি ট্যাক্সি হইতে সরকারী অর্থ লুঠ করিতে চেষ্টা করার অভিযোগে ১৩ জন শিখকে গ্রেপ্তার করিয়াছে।

ঘটনার বিবরণে প্রকাশ, কয়েকজন শিখ মোটর চালক ১লা মে আলিপুর পুলিশ আদালতের ময়দানে সমবেত হইয়া আলিপুর ট্রেজারী হইতে যে দারোয়ান টাকা লইয়া পরীক্ষাগারে যাইবে তাহাকে আক্রমণ করিয়া টাকা ছিনাইয়া লইবে এই সংবাদ পাইয়া ইন্সপেক্টর আর, এন মেহতা কয়েকজন পুলিশসহ উপস্থিত হইয়া আলিপুর কোর্টের মধ্যেই ৪ জন শিখকে গ্রেপ্তার করিতে সক্ষম হয় এবং কোর্টের বাহিরে লাঠিসোটাসহ একখানা ট্যাক্সি আটক করে। পরে আরও ৯জন শিখকে সহরের বিভিন্ন অঞ্চল হইতে গ্রেপ্তার করা হয়। প্রধান প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট মিঃ আর গুপ্তের এজলাসে তাহাদিগকে উপস্থিত করা হইলে তিনি কয়েকজনকে জামিনে মুক্তি দেন ও কয়েকজনকে পুলিশ হেপাজতে প্রেরণ করেন।

—

বান্নুতে লুণ্ঠন ও বোমা নিক্ষেপ

অজ্ঞাত ব্যক্তিগণ কর্ত্তৃক বোমা নিক্ষিপ্ত হওয়ার ফলে গত ৮ই মে বান্নু রাজমাক রোডের একটি সেতু উড়িয়া গিয়াছে। মিরণশাহ বান্নু রোডের উপর একটি মোটর লরীকে আটক করিয়া তাহার মধ্য হইতে মালপত্র ইত্যাদি লুণ্ঠন করা হইয়াছে। রাজনৈতিক তহশীলদার খাসাদারের সহিত দস্যুদলের উপর গুলীবর্ষণ করেন, প্রত্যুত্তরে দস্যুরাও গুলী চালাইয়াছিল। দস্যুরা পলায়ন করিয়াছে।

সর্দ্দার মেহরদেব নামক বাবলানা দস্যুকে তাঁহার গ্রামের নিকটবর্ত্তী একটি সঙ্কীর্ণ গিরিবর্ত্ম হইতে গ্রেপ্তার করা হইয়াছে। সশস্ত্র থাকা সত্ত্বেও সে গ্রেপ্তারের সময় কোন প্রকার বাধার সৃষ্টি করে নাই। তৈরপুরীতে কাটশাহী পাঁচটি উষ্ট্রকে আটক করা হইয়াছিল। উষ্ট্রচালক জনৈক ওয়াজির হস্তপদ বদ্ধ অবস্থায় পরিত্যক্ত হইয়াছে।

বান্নু জেলা হইতে অপহৃত দশ জন হিন্দু আজমীর মেদী খেল নামক একজন দস্যুর নিকট আটক রহিয়াছে বলিয়া জানা গিয়াছে। সাকির খোলীনামক অপর একজন দস্যু দিন কবীরের নিকট হইতে দুই জন হিন্দুকে ১৩০০ কাবুলী টাকায় ক্রয় করিয়াছে। আসাযীর খুশালী নামক একজন দস্যুর হেফাজতে তুয়ার অঞ্চলের জনৈকা হিন্দু স্ত্রীলোককে আটক রাখা হইয়াছে বলিয়া প্রকাশ।

ইপির ফকিরের জন্য ১৯টা উট্র বোঝা লইয়া যাইবার সময় শেখ দিন মহম্মদ নামক একজন উপজাতিকে লোকের নিকটে গ্রেপ্তার করা হইয়াছে। তাহাকে কারডফা আইনের অভিযোগে কারাদণ্ডে দণ্ডিত করা হইয়াছে।

—

মৃতের পুনরুজ্জীবন প্রায় সম্ভব

যাহাদিগকে মৃত বলিয়া ধরা হয় তাহাদিগের মধ্যে অনেককে বাঁচান সম্ভব কি?

কতিপয় চিকিৎসক সিদ্ধান্ত করিয়াছেন যে হৃদ্‌যন্ত্রের ক্রিয়া বন্ধ হইবার পরও কতকগুলি অবয়ব কিছুকাল সজীব থাকে। তাঁহাদের মতে এই সমস্ত আবার সজীব থাকিতে থাকিতে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করিলে অনেক মৃতকে পুনরুজ্জীবিত করা যাইবে।

পরীক্ষায় জানা গিয়াছে যে, হৃদ্‌যন্ত্রের ক্রিয়া বন্ধ হইবার পর মস্তিষ্ক দশ মিনিট, হৃদ্‌যন্ত্রের পেশী কুড়ি মিনিট, চক্ষু ৩০ মিনিট, কর্ণ একঘণ্টা, বাহু ও পদের পেশী চার ঘণ্টা, রক্তকণা আটাশ ঘণ্টা এবং চর্ম্ম পাঁচ দিন সজীব থাকে।

—

"মেকলা" ষ্টীমার দুর্ঘটনা

বরিশালের এক সংবাদে জানা যায় যে, যাত্রী ষ্টীমার "মেকলা" জলমগ্ন হওয়ায় যে জীবন ও সম্পত্তি নষ্ট হইয়াছে তজ্জন্য স্থানীয় উকীল ও মোক্তার সমিতির সভায় দুঃখ প্রকাশ করা হইয়াছে এবং উদ্ধার কার্য্য আরম্ভ করিবার জন্য কর্ত্তৃপক্ষকে অনুরোধ করা হইয়াছে।

শুনা যায় যে, জেলা ম্যাজিষ্ট্রেট ঘটনা সম্পর্কে তদন্তের নিমিত্ত শীঘ্র ঘটনাস্থলে গমন করিবেন। ইহাও শুনা যায় যে, কোম্পানীর কয়েকজন উচ্চতন কর্ম্মচারী উদ্ধারকার্য্য সম্পর্কে ঘটনাস্থলে পৌঁছিবেন।

—

দুগ্ধবতী গাভী ও মহিষের দর

বাঙলা গভর্ণমেণ্টের সিনিয়র মার্কেটিং অফিসার মিঃ এ, আর মালিক নিম্নলিখিত বিবৃতি প্রচার করিয়াছেন:—

গত ১৯শে এপ্রিল যে সপ্তাহ শেষ হইয়াছে, সেই সময় ১৮৩টি দুগ্ধবতী গাভী কলিকাতায় আনীত হইয়াছে, তন্মধ্যে ১১১টি পাঞ্জাব এবং বাকীগুলি অন্যান্য প্রদেশ হইতে আমদানী করা হইয়াছে।

দুগ্ধবতী গাভী ও মহিষের দর যথাক্রমে ৭০৲ হইতে ৯৩৲ এবং ১৪৭৲ হইতে ১৭৫৲ পর্য্যন্ত উঠানামা করিয়াছে। গাভীগুলি ৬ সের হইতে ৮ সের এবং মহিষগুলি ১০ সের হইতে ১২ সের পর্য্যন্ত প্রত্যহ দুগ্ধ দিয়াছে।

—

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের দর্শনশাস্ত্রের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং তত্ত্ব ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্রও বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় দার্শনিক দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা Contents ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখণ্ড প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের সংখ্যা শ্রীমন্মধ্বাচার্য্যকর্ত্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গ্রথিত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তন্ত্রমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা, বিষয়ের আলেখ্য ভূমিকা ও সূচীসহ ভক্তপূজ্য সর্ব্বাবধূষ্য নব সংস্করণে গৌড়ীয় মিশনকর্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৶০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ,

শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্,

পুরাণপল্টন, পোঃ রমণা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোড়শপেজী আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—২৲ মাত্র। প্রাপ্তিস্থান -শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

EROTIC PRINCIPLE & UNALLOYED DEVOTION

পরমপূজ্যপাদ শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী প্রভু প্রণীত। সম্প্রতি এই গ্রন্থের একটী নূতন সংস্করণ শ্রীশ্রীগুরুবর্গের ইচ্ছায় পুনঃ প্রকাশিত হইয়াছে। গ্রন্থের আকার পূর্ব্ব সংস্করণ অপেক্ষা বৃহৎ ও সুন্দর হইয়াছে। এই গ্রন্থে বহু অমূল্য উপদেশ আছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র)	৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত—	২৮৲
দশম স্কন্ধ—	৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা)	৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত	৬৲
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা)	৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী ১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০	
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী ১ম খণ্ড—৸০ , ২য় খণ্ড—৲ ; ৩য় খণ্ড	৸০
৭। শ্রীচৈতন্যাব্দ	১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা	১।০
৯। বৈষ্ণবধর্ম্ম	২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার	২৲
১১। শ্রীচৈতন্য শিক্ষামৃত	২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা)	১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ)	৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ)	৸০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত-তত্ত্ব	।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব	৸০
১৭। চৈতন্যোপনিষদ্	।০
১৮। বাদশ আদর্শ	৷০
১৯। তত্ত্ববিবেক	।০
২০। গৌড়ীয় গৌরব	।৵০
২১। গৌড়ীয়সাহিত্য	।৵০
২২। ভজন রহস্য	৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)	১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ)	১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী টীকাসহ)	১৲
২৬। গীতার কেবল মাধ্বভাষ্য	৷০
২৭। মুক্তিফলটীকা ভগবৌদ্ধত্বঃ (সানুবাদ)	২৲
২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)	
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ৷৵০ বাঁধা ৸০)	
৩০। দ্বীপ-দিগ্ দর্শন	৵০
৩১ সাধনপথ (তৃতীয় সংস্করণ)	।৵০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস	৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা	৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা)	৵০
৩৫। গীতমালা	⁄১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট)	৶০
৩৭। ঐ প্রমাণ খণ্ড	৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ	।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ	।০
৪০। শরণাগতি	৵০
৪১। গীতাবলী	⁄১০
৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা	৸০
৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র)	২।০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা	⁄০
৪৫। নবদ্বীপশতক	⁄১
৪৬। অর্থপঞ্চক	⁄১০
৪৭। সদাচারস্মৃতিঃ	⁄১০
৪৮। কল্যাণকল্পতরু	⁄১০
৪৯। অর্চ্চনকথা	⁄০
৫০। বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (চারিখণ্ড একত্রে)	৬৲
৫১। ব্রহ্মসংহিতা	।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ)	।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ	৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয়	।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদ-শতদূষণী	।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ	৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ)	।০
৫৮। শ্রীভুবনেশ্বর	৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ	⁄০
৬০। সাংখ্যবাণী	⁄০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল	২।০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ	৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ	।০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী বিজিতয়ঃ	।০
৬৫। সটীকা শিক্ষাষ্টকম্	।০
৬৬। তত্ত্বসূত্রম্	।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্	৶০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ	⁄০
৬৯। সারাংশবর্ণনম্	৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ	৷০
৭১। এ ফিউ ওয়ার্ড্স্ অন বেদান্ত	৷০
৭২। নামভজন	⁄০
৭৩। বেদান্ত ইট্স্ মরফলজী এণ্ড অণ্টলজি	৷০
৭৪। রিলেটিভ ওয়ার্ল্ড্স্	।৵০
৭৫। লাইফ্ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু	৷০
৭৬। বৈষ্ণবীজম্	৷০
৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং	⁄০
৭৮। দি ভাগবত	।০
৭৯। ইরোটিক প্রিন্সিপাল এণ্ড আনঅ্যালয়েড ডিভোশন	।০
৮০। ব্রহ্মসংহিতা	৷০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা	২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু	৫৲
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য	১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি	৸০
৮৫। সাধনপথ	৷০
৮৬ কল্যাণকল্পতরু	⁄১০
৮৭। গীতাবলী	⁄১০
শরণাগতি	⁄০
৮৯। শ্রীসজ্জনতোষণীবাণী	৷৵০
৯০। শ্রীগৌড়ীয়বাণী	৷০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি	৷০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত	২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক সংবাদপত্র

সজ্জনের কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত অমূল্য কল্যাণকল্পতরু-গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃত ভাষ্য-সহ সম্প্রতি প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রী স্তবরত্নমালা

বিবিধ স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৸০ মাত্র।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ১ ত্রিবিক্রম, গৌরাব্দ ৪৫৫, ২৯শে বৈশাখ, বঙ্গাব্দ ১৩৪৮, ১২ই মে, ইং ১৯৪১, সোমবার { ৫৫তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১ ত্রিবিক্রম, সর্ব্বশিব সঙ্কর্ষণ গৌরাব্দ ৪৫৫

হরিভজন কি করিব না ?

কে হরিভজন করিবে না করিবে তাহা লইয়া আমার সময় নষ্ট করিবার দরকার নাই। আমি হরিভজন করি না কেন? ভজন ত' ব্যক্তিগত কল্যাণকর। জগতের কেহই যদি হরিভজন না করেন কিম্বা হরিভজনের ছলনায় অন্য কিছু করেন, তাহা হইলে আমি হরিভজন পরিত্যাগ করিব কেন? হরিভজনই আমার একমাত্র কৃত্য, এতদ্ব্যতীত আমার আর অন্য কোন কৃত্য নাই, হরিভজন ব্যতীত অন্য যাহা কিছু সবই অকৃত্য বা কুকর্ম্ম—এইরূপ দৃঢ়প্রতিজ্ঞ হইয়া আমি হরিভজনে অগ্রসর হই না কেন? হরিভজন না করিবার গুপ্ত ইচ্ছা হৃদয়ে স্থান পাইলেই অপরে হরিভজন করে না, যাঁহাদিগকে শ্রেষ্ঠ বলিয়া মনে করি, তাঁহারাই এখন সুষ্ঠুভাবে হরিভজন করিতেছেন না ভাবিতেছি বা কল্পনা করিতেছি. এইরূপ দুর্ব্বুদ্ধি হৃদয়ে স্থান পায়। হরিভজন করিবার ইচ্ছা না থাকিলে হতাশা বা নিরাশা হৃদয়ে স্থান পায়, কিন্তু হরিভজনের অকপট আকাঙ্ক্ষা যেখানে, সেখানে সকলেই হরিভজন করিতেছেন, আমি করিতে পারিলাম না, এইরূপ আর্ত্তিই প্রবল হয়। হরি, গুরু ও বৈষ্ণব নির্দ্দোষ বস্তু। সর্ব্বত্র কৃষ্ণকার্ষ্ণ-দর্শন বা কৃষ্ণের বিলাস দর্শনই নির্দ্দোষ দর্শন বা সুদর্শন। গুরুবৈষ্ণব-ভগবানই নির্দ্দোষ। তাঁহাদের সবই ভাল। তাঁহারা বড় সুন্দর। এই সেবাদর্শন বা সুন্দরদর্শন যেখানে নাই, সেখানেই দোষযুক্ত দর্শন বা কুদর্শন। কৃষ্ণদর্শন না হইলে অকৃষ্ণ দর্শন বা মায়াদর্শন হইবেই। হরিভক্তের চিত্তবৃত্তি এইরূপ—

বৈষ্ণবের নিন্দাকর্ম্ম নাহি পাড়ে কাণে।
সবে কৃষ্ণভজন করে —এইমাত্র জানে॥

যত বাধা-বিপত্তিই আসুক, আমার একমাত্র কৃত্য হরিভজন আমি কিছুতেই ছাড়িব না, এরূপ দৃঢ়তা যেখানে নাই, সেইখানেই অশ্রদ্ধা আছে। শ্রদ্ধাই সেবাধিকারলাভের একমাত্র উপায়। অজ্ঞের শ্রদ্ধা অসম্ভব বলিয়া অজ্ঞের সেবাধিকার নাই। উপরিউক্ত দৃঢ়তা যাঁহার আছে, তাঁহারই শ্রদ্ধা বা শরণাগতি হয়। তিনিই শরণাগত হইয়া হরিভজন করিতে পারেন। শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভু শ্রীভক্তিসন্দর্ভে লিখিয়াছেন,—'যিনি শ্রদ্ধাপূর্ব্বক অর্চ্চাতে শ্রীহরির পূজা করেন কিন্তু হরিভক্ত বা অন্যজনের মধ্যে শ্রীহরির পূজা করেন না, তিনি প্রাকৃত ভক্ত। অর্চ্চায় অর্থাৎ প্রতিমাতে শ্রীহরির পূজা করেন, পরন্তু হরিভক্তের মধ্যে তাঁহার পূজা করেন না। সুতরাং অন্য জনের মধ্যেও করেন না। ঈদৃশ ভক্তের ভগবৎপ্রেমাভাব, ভগবন্মাহাত্ম্য-জ্ঞানাভাব এবং সর্ব্বাদর-লক্ষণরূপ ভক্তগুণের অনুদয়বশতঃ এই ভক্ত প্রাকৃত অর্থাৎ প্রকৃতি আরম্ভ অর্থাৎ সম্প্রতি অল্পকাল যাবৎই তাঁহার ভক্তি প্রারব্ধ হইয়াছে। এই কনিষ্ঠ ভক্তের শ্রদ্ধা শাস্ত্রার্থাবধারণজাত নহে। যেহেতু 'বাত-পিত্ত-শ্লেষ্মময় এই শবতুল্য দেহে যাহার আত্মবুদ্ধি, কলত্রাদিতে আত্মীয়বুদ্ধি, পার্থিব প্রতিমাদিতে পূজ্যবুদ্ধি এবং নদ্যাদিসলিলে যাহার তীর্থবুদ্ধি বর্ত্তমান, অথচ ভগবৎ তত্ত্বাভিজ্ঞ ব্যক্তিতে কখনও তাদৃশবুদ্ধি নাই সে ব্যক্তি গোখর।'—এই শাস্ত্রবাক্য তাঁহারা অবগত নহেন। তাঁহাদের শ্রদ্ধা কেবলমাত্র লোকপরম্পরা প্রাপ্ত হইয়া থাকে। অতএব অজাতপ্রেম অথচ শাস্ত্রাপেক্ষক সাধকই মুখ্য কনিষ্ঠ বলিয়া জ্ঞাতব্য। ভগবৎশরণাগতিই উৎপন্ন শ্রদ্ধার চিহ্ন স্বরূপ। শাস্ত্র অশরণাগত পুরুষের ভয় এবং শরণাগত পুরুষের অভয়ই বলিয়া থাকেন। প্রাকৃত পুরুষ শাস্ত্রে ভগবৎ, দেশ, কাল, জাতি, গুণ ও ক্রিয়াসমূহের ঐহিক, ব্যবহারিক প্রভাব প্রবলতর তাহাতে আস্থাযুক্ত হন না। অতএব তাহার তদ্বিষয়ে প্রাকৃত প্রভাবের তুচ্ছজ্ঞানে লোকাপেক্ষায় আনুকূল্যে কখনও অপ্রবৃত্ত হয় না। প্রেম উৎপন্ন হইলে নিশ্চিত অভিজ্ঞ উভয় দশায় স্বাভাবিক ভাবই হয় তাহার নহে, তন্নিষ্ঠই হইয়া থাকে। পবিত্র বা প্রাকৃত পুরুষেরও স্বাভাবিক কর্ম্মাবেশবশতঃ ... অভ্যাস হয়, তথাপি বিষয় সম্বন্ধাপেক্ষ তাহাকে বাধা প্রদানপূর্ব্বক দৈন্যরূপা ভক্তিই আশ্রয় গ্রহণ করিয়া থাকে।"

যিনি হরিকে চান, তিনি হরিকে পাইবেনই। তিনি বাস্তবিক বস্তুপ্রার্থী হন. কেবল চান বা না চায় এ সম্বন্ধে তাঁহার প্রশ্ন জাগে কি বা তিনি সে সম্বন্ধে কোন অনুসন্ধান করেন কি? এ মায়ার জগতে কোন বাধা। যিনিই হরিভজন আরম্ভ করিবেন তাঁহারই নিকট জাগতিক অসংখ্য অভাব-অসুবিধা পর পর আসিয়া উপস্থিত হইবে। যিনি ধীরস্থির হইয়া সেই সকল অসুবিধাগুলিকে কৃষ্ণানুকম্পার সোপান বলিয়া বরণ পূর্ব্বক তরুর ন্যায় সহিষ্ণু, তৃণাপেক্ষা সুনীচ, অভিমান, অমানী মানদ ও নিরন্তর হইয়া সর্ব্বক্ষণ শ্রীগুরুমুখোক্ত বাণীর অনুকীর্ত্তন পূর্ব্বক শ্রীনাম গ্রহণ করিতে পারেন, তাঁহারই হরিভজনের অকপট ইচ্ছা ... জানিতে হইবে। সুতরাং আমরা ... আমার অভিলাষকে ... না মনে করিয়া অস্থির, বাস্তব, বৎসর ও সময় না হইয়া পড়ি। কীর্ত্তনাখ্যাভক্তি আমাদের লাভ-পূজা-প্রতিষ্ঠার উপায়গুলি বৃদ্ধি না হয়।

কৃষ্ণ পূর্ণ বস্তু। তিনি অন্তর্যামী। তিনি আমার হৃদয়ের সমস্ত খবরই রাখেন সুতরাং তাঁহাকে ফাঁকি দিয়া তাঁহাকে পাইতে চাই কেন? ইহা কি বুদ্ধিমত্তা, না আস্তিকতার অভাব নাস্তিকতা—অশ্রদ্ধা? আমি সত্য সত্য অকপটভাবে কৃষ্ণ চাই কিনা তাহা ত' কৃষ্ণ জানেন. সুতরাং আমি কৃষ্ণ চাওয়ার ভাণ করিয়া কিরূপে কৃষ্ণকে পাইব? যিনি অসৎসঙ্গ পরিত্যাগ করিয়া প্রতি নিশ্বাসে-প্রশ্বাসে, প্রতি ... কৃষ্ণসেবাময় জীবন যাপন করেন, শ্রীকৃষ্ণ তাঁহাকেই আত্মসাৎ করেন—আপনাকে ... গ্রহণ করেন।

এরূপ সাধনানুষ্ঠান বা ... আমার হইয়াছে কি? তা' যদি না হয়, তবে আমার ভজন কি করিয়া হইবে?

সদ্গুরুপাদাশ্রয় করিয়া, সর্ব্বক্ষণ সাধুসঙ্গের মধ্যে থাকিয়াও আমি কেন হরিভজন করি না? হরিভজন করিতে আসিয়া হরিভজন না করার কারণ কি? তাহা হইলে কি আমার ভীষণ বৈষ্ণবাপরাধ হইয়াছে? আমি কি গুরুতে মর্ত্ত্যবুদ্ধি করিতেছি? আমার অর্চ্চনাপরাধ হইয়াছে কি? কই শ্রীনাম প্রভুর শ্রীপাদপদ্মে আর্ত্তির সহিত অনুক্ষণ প্রার্থনা ত' জানাইতেছি না? অমনোযোগিতাই কি আমার

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে॥

সর্ব্বনাশ-সাধন করিতেছে ? আমি কি কেবল সাধুসঙ্গের অভিনয় করিয়াই দিন কাটাইতেছি ? আমি কি সাধু ব্যতীত অসাধুর সঙ্গ স্বত-ক্রমে বা স্বেচ্ছাক্রমে সর্ব্বদা ষড়্‌বিধ প্রীতিবন্ধনে আবদ্ধ হইয়াছি ? আমি কি হৃদয়দৌর্ব্বল্যকে ক্ষুদ্রতাচ্ছিল্য করিয়া, উহাকে কঠিন রোগ না ভাবিয়া নিশ্চিন্ত রহিয়াছি ? যদি তাহাই হয়, তাহা হইলে এ রোগের ঔষধ কি ? ইহার উপায় একমাত্র সাধুগুরুর পরামর্শগ্রহণ — 'বক্তের বিশ্বাসঘাতক মন বা মনোধর্ম্মী জীবের প্রলাপিত প্রলাপিত বাক্য হইতে দূরে অবস্থান—অনুক্ষণ শ্রীগুরুপাদপদ্মের কৃষ্ণকীর্ত্তন শ্রবণ-কীর্ত্তন। এই কথা শুনিয়া আমার যখন মনে হয়, ইহাতেই কি সেবা হইবে ? তখন দৃঢ়ভাবে জানিতে হইবে, ইহাতেই সব হইবে—হরিকথা শুনিলেই সব হইবে। আগে শুনিতে হইবে, আগে দেখিতে হইবে না বা আর কিছু করিতে হইবে না। কাণের পর্দাটি সর্ব্বক্ষণ খুলিয়া রাখিতে হইবে, সতত সজাগ থাকিতে হইবে জাগিয়া ঘুমাইতে হইবে না।

আমার অনেক সময় মনে হয়, আমি ত' জাগিয়া ঘুমাই না, আমি ত' হরিকথা শ্রবণ করি। কিন্তু আমি সত্যসত্যই হরিকথা শ্রবণ করি কিনা আমার চিত্তবৃত্তির দ্বারাই তাহার পরিচয় পাওয়া যাইবে। যদি হরিকথা সত্য সত্যই শ্রবণ করা যায়, তাহা হইলে দেহাত্ম-বুদ্ধি নষ্ট হইয়া 'আমি কৃষ্ণের দাস'—এই চিন্তা প্রবল হইবেই।

তে ন স্মরন্ত্যতিতরাং প্রিয়মীশ মর্ত্ত্যং
যে চান্বদঃ সুতসুহৃদ্‌গৃহবিত্তদারাঃ।
যে ত্বব্জনাভ ভবদীয়পদারবিন্দ-
সৌগন্ধ্যলুব্ধহৃদয়েষু কৃতপ্রসঙ্গাঃ॥

(ভাঃ ৪।৯।১২)

[হে ঈশ, হে পদ্মনাভ, যাঁহারা ভবদীয় পাদারবিন্দ সৌগন্ধে লুব্ধহৃদয় সাধুগণের প্রসঙ্গ বা প্রকৃষ্ট সঙ্গ লাভ করেন অর্থাৎ তাঁহাদের শ্রীমুখে হরিকথা-প্রসঙ্গ শ্রবণ করিয়া জীবনযাপন করেন, তাঁহারাই অতিশয় প্রিয় দেহ এবং তৎসম্বন্ধি পুত্র, সুহৃৎ, গৃহ, বিত্ত এবং কলত্র ইহাদের কিছুই চিন্তা করে না।]

আমি হরিভজন করিতে গিয়া বাধা দেখিয়া কেবল ভয় পাই কেন ? রক্ষক যেখানে আছে, সেখানে ভয়ের কি কথা আছে ? অভয়ের কথা মনে না থাকিলেই ভয় আসে। সেইজন্য শরণাগত ভক্তগণ সতত ভগবানের অভয়পাদপদ্ম চিন্তা করিয়া থাকেন। সাধুগুরুর শ্রীমুখে হরিকথা-শ্রবণ করিয়া তদনুকীর্ত্তনকারীর ত' কোন অভাব নাই, কোন অসুবিধা নাই, কোন অকল্যাণ নাই। তবে সাধুগুরুর নিকট থাকিয়াও আমাদের এত পতনাশঙ্কা কেন ? এত ভয় কিসের ? শাস্ত্রও বলিয়াছেন,—

রিপবস্তং ন হিংসন্তি ন বাধন্তে গ্রহাশ্চ তং।
রাক্ষসাশ্চ ন খাদন্তি নরং কৈবল্যপরায়ণম্‌॥

শত্রুগণ হরিভজনকারীকে হিংসা করিতে সমর্থ হয় না, গ্রহকুল বাধাপ্রদান করিতে পারে না, রাক্ষসগণও তাঁহাকে গ্রাস করিতে পারে না।

সৌভাগ্যক্রমে আমি সদ্‌গুরুর সন্ধান পাইয়াছি। ভববন্ধচ্ছিদ্‌ সংসারচ্ছেদক শ্রীগুরুপাদপদ্মের সাক্ষাৎ পাইয়াও হতভাগ্য আমি আবার সেই অসৎ সংসারই প্রার্থনা করিলাম। হায়! যেমন নির্ধন ব্যক্তি রাজার নিকট সতুষ তণ্ডুলকণা প্রার্থনা করে, তদ্রূপ আমিও এমন দুর্দ্দৈবগ্রস্ত যে, শ্রীগুরুকৃষ্ণের নিকট অকিঞ্চিৎকর অসদ্বস্তুই প্রার্থনা করিলাম। শ্রীহরি—শ্রীগুরু-পাদপদ্ম আমাকে সেবানন্দ প্রদান করিতে উদ্‌গ্রীব থাকিলেও মূঢ়তাপ্রযুক্ত আমি সেবা ব্যতীত অন্য কিছু চাহিলাম। সুতরাং আমার ন্যায় মূর্খ আর কে ?

শ্রীশ্রীল আচার্য্যদেবের উপদেশ

প্রঃ—শ্রীচৈতন্যভাগবত যে ব'লেছেন, "এই সে বৈষ্ণবধর্ম্ম সবারে প্রণতি" ইহা কি কেবল মহাভাগবতের জন্য, না সকলের পক্ষেই প্রযোজ্য ?

উঃ—এটা রাগমার্গের কথা। রাগানুগ সাধকের এই রকম দর্শন হ'বে। রাগের গতি অতিশয় তীব্র। বিধির গতি অত্যন্ত মন্থর। রাগ ইলেক্‌ট্রিসিটির ন্যায়, বিধির গতি শামুকের মত। রাগানুগ ভক্তির যাজনকারী সমস্ত বস্তুতে স্বীয় ইষ্টদেবের আবির্ভাব দর্শন করেন। "স্থাবর-জঙ্গম দেখে, না দেখে তার মূর্ত্তি। সর্ব্বত্র হয় তাঁর ইষ্টদেব-স্ফূর্ত্তি।" "বিদ্যাবিনয়সম্পন্নে ব্রাহ্মণে গবি হস্তিনি। শুনি চৈব শ্বপাকে চ পণ্ডিতাঃ সমদর্শিনঃ॥" পণ্ডিত বলতে জ্ঞানীও বুঝায়। জ্ঞানীর সমদর্শন ও রাগভক্তের সমদর্শন এক নয়। জ্ঞানী মানে—সবই মিথ্যা, অস্তিত্বহীন, অতএব সমান, আর ভক্তের সমদর্শন মানে ইষ্টদেব-দর্শন। 'সম' অর্থাৎ 'মরা'—'রাধয়া' (স্বরূপশক্ত্যা) সহ বর্ত্তমানঃ যঃ' এই দর্শনই সমদর্শন। 'মা' শব্দের অর্থ স্বরূপশক্তি, যথা 'মাধব'। 'ধব' মানে স্বামী, 'মা' শব্দে স্বরূপশক্তি। এই সমদর্শন রাগানুগ ভক্তের অর্থাৎ রাগাত্মিক ভজনকারীর—কৃষ্ণানুশীলন-কারীর ভাবের দ্বারা যিনি অনুপ্রেরণা লাভ ক'রেছেন, তাঁ'র উদ্দেশে গীতায় কীর্ত্তিত হ'য়েছে। সাধারণভাবে বলা হ'বে যে, সর্ব্বত্র একই আত্মা বিরাজ করছেন, "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম"। জ্ঞানী বলবে, এরা কিছু নয়, মিথ্যা, সবই ব্রহ্ম। সাধারণ-ভক্তিতে ব্রহ্ম বলতে ব্রহ্মজাতীয় জীবাত্মাধিষ্ঠানের বিচার হ'বে। রাগানুগ ভক্তিতে ইষ্টদেবের বিলাসের অধিষ্ঠানক্ষেত্র দর্শন হয়। যেখানে বহির্ম্মুখ মায়িক দর্শন, সেখানে কুকুর, বিড়াল, গাধা ইত্যাদি বাহিরের খোলস দর্শন, আর যেখানে অভীষ্টদেবের দর্শন, সেখানে অচেতন দর্শনের বিষয় সম্পূর্ণ-রূপে বাদ প'ড়ে যায়। কারণ, তিনি অভীষ্ট-দেবের দর্শনে আবিষ্টচিত্ত, তিনিই অভীষ্টের বিলাসবৈভবদর্শনের মধ্যে প্রকৃত আত্মদর্শন করেন। এটা রাগানুগা ভক্তির কথা; সেখানে হস্তী, বিপ্র, কীট-দর্শন নেই। অভীষ্টদেবের বিলাস বা লীলা-দর্শনে যা'র রুচি নেই, সে ত' ধর্ম্মধ্বজী। ত্রিদণ্ডি-সন্ন্যাসীকে প্রণাম করলেই তিনি 'দাসোঽস্মি' বলেন, তিনি তাঁ'কে গুরুরূপে দর্শন করেন। তিনি বলেন, তুমি আমায় প্রণাম ক'রে আমার আনুগত্য বা ভক্তি শিক্ষা দিচ্ছ, এজন্য তুমি আমার গুরুদেব—প্রণম্য, আমি তোমার দাস। রাগানুগ ভক্তিকেই 'এই সে বৈষ্ণব ধর্ম্ম' ব'লেছেন। সকলের ভিতর সর্ব্বভূতের অভীষ্টদেবের নাম-রূপ-গুণ-লীলা প্রত্যক্ষ ক'রছেন। জাগতিক উদ্ভব, স্থিতি বা প্রলয় তিনি দেখছেন না; পিতার শুক্র ও মাতার শোণিতে যে দেহের জন্ম, তা' তিনি দেখছেন না। তিনি সর্ব্বত্রই অভীষ্টদেবের বিলাস দেখছেন। "আনন্দেন জাতানি জীবন্তি, আনন্দম্‌ প্রযন্ত্যভিসংবিশন্তি", "আনন্দাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে"। 'আনন্দ' বলিতে স্বরূপশক্তি অথবা নন্দনন্দন। নন্দনন্দন ও স্বরূপশক্তির বিলাসই আনন্দ। প্রত্যেক আত্মাতে বিলাসদর্শনই সুদর্শন—"যাঁহা যাঁহা নেত্র পড়ে তাঁহা কৃষ্ণ স্ফুরে"। ভগবৎ-প্রেমেই এই দর্শন হয়। বিষয়-রাগ চিত্তকে মলিন রাখে, কৃষ্ণস্ফূর্ত্তি হয় না। বিষয়রাগ দুর্ব্বার, দুর্জ্জয়। বিধির গতি শামুকের মত, আর বিষয়রাগযুক্ত মন বায়ুর ন্যায় চঞ্চল। কাজেই রাগ বা ভাবের দ্বারাই চিত্ত নির্ম্মল হয়, শোধিত হয়। রাগ উপস্থিত না হ'লে বিধি-পথে চলতে হ'বে। ভক্তের বিশেষ কৃপা হ'লে রাগ উদিত হ'বে। যা'র কৃষ্ণ-ভজনের ইচ্ছা উদিত হ'য়েছে, সে ব'সে থাকবে না। সে যেখানে কৃষ্ণকথা হয়, সেখানে ছুটে যা'বে, তাঁ'র কৃষ্ণেতর-বিষয়ে বিরক্তি হ'বে, শ্রীনামপ্রভুর রূপ গুণ-পরিকরবৈশিষ্ট্য ও লীলাশ্রবণকীর্ত্তনে চিত্ত আকৃষ্ট হ'বে।

প্রঃ—কৃষ্ণ যদি ছুটে ভক্তে ভুক্তি মুক্তি দিয়া।
কভু ভক্তি না দেন, রাখেন লুকাইয়া।
কৃষ্ণ কহে, 'আমা ভজে, মাগে বিষয়-সুখ।
অমৃত ছাড়ি' বিষ মাগে,—এই বড় মূর্খ॥
আমি—বিজ্ঞ, এই মূর্খে 'বিষয়' কেনে দিব।
স্বচরণামৃত দিয়া 'বিষয়' ভুলাইব।
—এই দুইটি বাক্যের সামঞ্জস্য কি ?

উঃ—কৃষ্ণ বৈধভক্তিযাজীকে মোক্ষ প্রদান করেন। মোক্ষ বলতে কেবল সাযুজ্যই বুঝায় না। সালোক্য প্রভৃতি যে প্রকার মোক্ষ যিনি চা'ন, কৃষ্ণ তাঁ'কে তাহা দান করেন। আর যাঁ'রা রাগমার্গ অবলম্বন ক'রে প্রেমের ভিখারী হন, তাঁ'দের প্রেম প্রদান করেন। শ্রীজীব গোস্বামী প্রভু ভক্তিসন্দর্ভে এই বিষয়টি নিয়ে বিচার ক'রেছেন। রতি বা প্রেমের দিকে যাঁ'দের লক্ষ্য নাই, তাঁ'রা মোক্ষকামী। শ্রীধ্রুব অর্থাদি লাভের আশায় কৃষ্ণভজন ক'রলেও শেষে ব'লেছেন—

কাচং বিচিন্বন্নপি দিব্যরত্নং
স্বামিন্‌ কৃতার্থোঽস্মি বরং ন যাচে।

আমি কাচ খুঁজতে খুঁজতে চিন্তামণি পেয়েছি, সুতরাং অন্য বর আর চাই না। ব্রজবাসীর ভাবে রাগানুগা ভক্তিতে কারো লোভ হ'লে তিনি মোক্ষের অতীত রতি বা প্রেমলতিকাকে লাভ ক'রবেন। ভগবানের নিজস্ব সম্পত্তি তৎপাদপদ্মে প্রীতি রতি, সেটি তিনি সকলকে দেন না। বৈধী ভক্তি যাজন ক'রলে সাধারণতঃ মোক্ষ পর্য্যন্ত দেন, প্রেমভক্তি লুকিয়ে রাখেন। বৈধী ভক্তির গতি—চতুর্ব্বিধ মুক্তিলাভ। ভগবানের সেবাকল্পে এবং রাগাত্মিক ভক্তিযাজী ব্রজ-বাসিগণের অহৈতুকী কৃপা হ'লে তবেই তাঁ'র রাগানুগভক্তিতে প্রবৃত্তি হয়। হ্লাদিনী-শক্তির বিশেষ কৃপা ব্যতীত কৃষ্ণরতি লাভ হয় না, নারায়ণের সান্নিধ্য বা চতুর্ব্বিধ মুক্তি পর্য্যন্ত লাভ হ'তে পারে। হ্লাদিনীশক্তির—আনন্দময়ী শক্তির কৃপা হ'লে প্রেমভক্তি লাভ হ'বে। যাঁ'রা প্রেমভক্তিতে রুচিবিশিষ্ট হন, তাঁ'রাও বাহিরে বৈধী ভক্তি সুষ্ঠুভাবে অনুশীলন করেন।

প্রঃ—মোক্ষলাভ হ'বার পরও কি পতন হয় ?

উঃ—ভগবৎসাক্ষাৎকার যদি না হয়, কাল্পনিক মুক্তি যদি হয়, তা'হ'লে পতন হ'বে।

যেঽন্যেঽরবিন্দাক্ষ বিমুক্তমানিন-
স্ত্বয্যস্তভাবাদবিশুদ্ধবুদ্ধয়ঃ।
আরুহ্য কৃচ্ছ্রেণ পরং পদং ততঃ
পতন্ত্যধোঽনাদৃতযুষ্মদঙ্ঘ্রয়ঃ॥

(ভাঃ ১০।২।৩২)

হে অরবিন্দলোচন শ্রীকৃষ্ণ! যা'রা নিজেদের বিমুক্ত ব'লে অভিমান করে, অথচ 'ত্বয়ি' তোমাতে 'অস্তভাবাৎ'—ভাব অর্থাৎ রতি না থাকার জন্য, যা'দের বুদ্ধি শুদ্ধ নয়, তা'রা 'কৃচ্ছ্রেণ'—বহু ক্লেশ স্বীকার ক'রে, 'পরং পদং' প্রকৃতির অতীত ব্রহ্মপদবী লাভ ক'রলেও তোমার পাদপদ্মকে অনাদর করায়, তোমার বিগ্রহ স্বীকার না করায় পুনরায় অধঃপতিত হয়। ব্রহ্ম হ'বার দুরাকাঙ্ক্ষা পোষণ করায় তা'দের বুদ্ধি শুদ্ধ হয় না। 'আমি ব্রহ্মভূত হ'য়ে গিয়েছি' এই অভি-মানই তা'দের পতনের কারণ হ'য়ে দাঁড়ায়। ভগবানের পাদপদ্মকে প্রকৃতপক্ষে আদর ক'রে ভগবানের সঙ্গে যোগযুক্ত না হ'লে

পতন হ'য়ে যা'বে ; কিন্তু যাঁ'রা চতুর্ব্বিধ মুক্তি লাভ করেন, তাঁ'দের পতন হয় না। ভগবদ্ আশ্রিত হ'লে মোক্ষকামীর প্রকৃত মুক্তি লাভ হয়।

প্রঃ—জ্ঞানশূন্যা ভক্তিলাভ কি ক'রে হয় ?

উঃ—বিষ্ণুপাদপদ্ম যাঁ'র হৃদয়ে অবস্থান করছেন, এমন কোন্ মহতের কৃপা যাঁ'র উপর পতিত হয়, তাঁ'র জ্ঞানশূন্যা ভক্তি লাভ হয়।

প্রঃ—জ্ঞান ও সিদ্ধান্তে পার্থক্য কি ?

উঃ—যে বিষয় নিয়ে কেহ কোন প্রকার বাদ-প্রতিবাদ করতে পারে না, বিষয়, সংশয়, পূর্ব্বপক্ষ, সঙ্গতি ও সিদ্ধান্ত এই পঞ্চাঙ্গ ন্যায়ের মধ্যে যেটি সর্ব্বশেষ অঙ্গ বা স্থাপিত হয়, তা'কে সিদ্ধান্ত বলা যায়। শ্রীনাম-পরায়ণ শ্রীভগবদ্ভক্তের শ্রীপাদপদ্ম আশ্রয় করলে সিদ্ধান্তে উপনীত হওয়া যায়। ভগবজ্‌জ্ঞান—অভিধেয়, আর সিদ্ধান্ত—অনুভূতি, অর্থাৎ ব্রহ্ম, পরমাত্মা ও ভগবানের সাক্ষাৎকার। একই বস্তুর দর্শনভেদে তিন প্রকার উপলব্ধি যা'র হচ্ছে, তা'র ভগবজ্‌-জ্ঞান লাভ হ'চ্ছে। এই জ্ঞানকে অভিধেয় বলা যেতে পারে ; আর সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন বিষয়ে যখন বিচার ঠিক হ'য়ে গেছে, তখন সেটা সিদ্ধান্ত। সম্বন্ধের বিষয়—জীব, মায়া ও শ্রীভগবান্। ভগবানের সঙ্গে জীবের ও মায়ার এবং জীবের সঙ্গে মায়ার যে সম্বন্ধ, তদ্বিষয়ক জ্ঞানই সম্বন্ধ-বিষয়ক জ্ঞান। তত্ত্ব বা উপলব্ধির বিষয় হ'চ্ছেন ব্রহ্ম, পরমাত্মা ও ভগবান্। যখন তাঁ'দের স্বরূপ-সাক্ষাৎকার হয়, তখনই তাঁ'দের সম্বন্ধে সিদ্ধান্ত স্থাপিত হয়। বৈধী ভক্তি শাস্ত্রপ্রধান। ভগবানের লীলা-পারিষদগণের ভাবে লোভবশতঃ তদনুসরণই রাগানুগ-ভক্তি। এ পর্য্যন্ত জানার নাম জ্ঞান ; আর যখন সেই সেই ভক্তিতে প্রবৃত্তি হয়, তখন তা'কে সিদ্ধান্ত বলা যায়। বৈধী ভক্তি বিধিসাপেক্ষ ব'লে তা'র গতি ধীর। ভগবদ্বিস্মৃতি খুব প্রবল হওয়ায় যখন জোর ক'রে ভক্তিপথে প্রবর্ত্তিত ক'রতে হয়, তখন তা'কে বৈধী ভক্তি বলা যায় ; আর যদি স্বতঃ স্বচ্ছভাবে রাগমার্গে অর্থাৎ রাগাত্মিক ব্রজবাসিগণের কা'রও ভাবে লোভ বা অনুরাগ হয়, তা'হ'লে তা'কে রাগানুগা ভক্তি বলা যায়। রাগমার্গে প্রথমমুখে কিছু অনর্থ থাকলেও শীঘ্রই সেটা দূর হ'য়ে যায়।

প্রঃ—রাগানুগা ভক্তিতে যে লোভ, তা'তে কি কোন কারণের অপেক্ষা আছে ?

উঃ—হ্লাদিনী-শক্তির কৃপা হ'লে রাগানুগা ভক্তিতে লোভ হয়। এটা সাধকের ভাগ্য ; এ ভাগ্য অতি দুর্লভ। সাধারণ প্রকৃতিবলে শ্রদ্ধার উদয় হয় ; আর রাগমার্গে কোন ভক্তের বিশেষ কৃপা হ'লে লোভের উৎপত্তি হয়। শ্রীকৃষ্ণ ও ভক্ত-কৃপাই এই লোভের একমাত্র হেতু, এ কথা শ্রীল শ্রীজীব গোস্বামিপ্রভু ব'লেছেন।

প্রঃ—শুদ্ধভাবে বৈধভক্তি-যাজনকারীকে কি শুদ্ধভক্ত বলা যা'বে ?

উঃ—কর্ম্ম-জ্ঞানমিশ্রা বা আরোপসিদ্ধা ভক্তি যদি না হয়, কোন কামনা যদি না থাকে, তা'হ'লে তাঁ'কে শুদ্ধভক্ত বলা যা'বে।

প্রঃ—বৈধভক্তি-যাজকের চতুর্ব্বিধ মুক্তি-লাভ হয় কি ?

উঃ—সুখ বা ভোগ চাইলে চতুর্ব্বিধ মুক্তি পান ; কিন্তু যিনি কিছুই চান না, কেবল কৃষ্ণের সেবামাত্র চান, তিনি সেবা ব্যতীত আর কিছু যদি কৃষ্ণ দিতেও আসেন, তা হ'লেও তা' গ্রহণ করেন না।

প্রঃ—সাযুজ্য-মুক্তির স্বরূপ কি ?

উঃ—ব্রহ্মসাযুজ্য-মুক্তিতে ব্রহ্মে লয়প্রাপ্তি হয়, তখন ভক্ত, ভগবান্ বা ভক্তির পৃথক্ উপলব্ধি থাকে না, ত্রিপুটী বিনাশ হয়।

প্রঃ—অকামঃ সর্ব্বকামো বা মোক্ষকাম উদারধীঃ। তীব্রেণ ভক্তিযোগেন যজেত পুরুষং পরম্॥ এখানে 'তীব্র' শব্দের অর্থ কি ?

উঃ—তীব্র বলিতে এখানে দৃঢ়ভক্তি বোঝাচ্ছে। টাকা, পয়সা, সুখ, প্রতিষ্ঠা প্রভৃতি যত প্রকার কাম আছে, তৎসমস্তই এমন কি, মোক্ষ পর্য্যন্তও চাইলেই কৃষ্ণ দিয়ে দেন। কেবল যিনি তাঁ'র সেবামাত্র চা'ন, তিনিই শুদ্ধভক্তির অধিকারী। তীব্রেণ ভক্তিযোগেন- 'তীব্র' শব্দের অর্থ 'দৃঢ়', দৃঢ় শব্দের অর্থ যাহা অন্য কোন বাধাবিঘ্ন দ্বারা প্রতিহত হয় না।

চেতনের ধর্ম্ম

——::•::——

যাহার চৈতন্য বা চেতনতা আছে, তাহাই চেতন। চেতন ক্রিয়াশীল – গতিশীল। চেতনের ধর্ম্মে জড়ত্ব বা অজ্ঞানতা নাই। চেতনের সহিত জড়ের কোন সম্পর্ক নাই। জড় এ জগতের জাত বা উৎপন্ন বস্তু। তাহা এ জগতেই লয়প্রাপ্ত হইবে ; কিন্তু চেতনের বিনাশ নাই। চেতন এ জগতের কোন বস্তুবিশেষ নহেন। চেতনের স্থান এ অনিত্য জগতে নহে—নিত্যজগতে—গোলোক-বৈকুণ্ঠে। ভগবৎসেবাই চেতনের নিত্যধর্ম্ম। ভক্তিই জীবাত্মার বৃত্তি। ভক্তি আত্মাসম্বন্ধেই সম্ভব—দেহ-মনের সহিত তাহার কোন সম্বন্ধ নাই।

অচেতন বা জড়ের ধর্ম্মের সহিত চেতনের ধর্ম্মের কোন সম্পর্ক নাই। জড়ের ধর্ম্ম—দেহ-মনোধর্ম্ম, আর চেতনের ধর্ম্ম – আত্মধর্ম্ম। জড়ের ধর্ম্মে দেহ-মনের সুখ—দেহমন-সম্পর্কীয় বস্তু বা ব্যক্তির সুখ, কিন্তু আত্ম-ধর্ম্মে পরমাত্মা ভগবানের সুখ—আত্মসম্বন্ধীয় শুদ্ধবৈষ্ণবগণের সুখ। জড়ের ধর্ম্মে জীবকে উত্তরোত্তর এই জগতে আবদ্ধ করে, আর চেতনের ধর্ম্মে বন্ধন খুলিয়া যায়। জড়ের উন্নতিতে চেতনের উদ্বোধন বা জাগরণ হয় না। জড়োন্নতি আত্মোন্নতি নহে। জড়—অনিত্য। তাহার ধর্ম্মও অনিত্য, মায়িক, খণ্ড, আপেক্ষিক। জড় চেতনকে আগাইতে পারে না। চেতনই চেতনকে আকৃষ্ট করে। চেতনের ধর্ম্মে ভগবৎসাম্মুখ্য ব্যতীত বৈমুখ্য নাই, আর জড়ের ধর্ম্মে ভগবদ্বৈমুখ্য ছাড়া ভগবৎসাম্মুখ্য নাই,। তাই হরিবিমুখগণ কৃষ্ণবিস্মৃত, আর ভক্তগণের কৃষ্ণবিস্মৃতি নাই। চেতনের ধর্ম্ম - চেতনের অনুসন্ধান করা। চেতন সর্ব্বক্ষণ চেতনের দিকে ছুটে। চেতন অচেতনের কথা শ্রবণ—গ্রহণ করে না। চেতনই চেতনের বাণী শ্রবণ করে—চেতনই চেতনকে দর্শন করে। চেতনের সহিত চেতনের যে সম্বন্ধ—তাহাই মৈত্রী—তাহাই প্রীতি বা ভক্তি। তাহাই চেতনের সহজধর্ম্ম—আত্মধর্ম্ম—জৈবধর্ম্ম। এই চেতনের ধর্ম্মে কাল্পনিক কিছু নাই। ইহার বাস্তবত্ব ভক্তগণই জানেন।

চেতনের ধর্ম্ম নিত্য, চেতনের ধর্ম্ম জ্ঞানময়, চেতনের ধর্ম্ম আনন্দময়, চেতনের ধর্ম্ম কৃষ্ণাকর্ষী, চেতনের ধর্ম্ম কৃষ্ণেন্দ্রিয়তর্পণ। হরীন্দ্রিয়তর্পণপিপাসাই চেতনের—অধোক্ষজ-সেবাধর্ম্মের প্রবল অন্তরায়। চেতনের ধর্ম্মে শুদ্ধবৈষ্ণব-ভগবানের প্রতি আপনজ্ঞান বা টান আছে। চেতন পূর্ণচেতন ভগবানের কৃপার উপর সুদৃঢ়বিশ্বস্ত। তিনি ভগবান্‌কে ছাড়িয়া একমুহূর্ত্তও থাকিতে পারেন না। পূর্ণচেতন—বৃহচ্চেতনই অণুচেতনের প্রাণ। অণুচেতনের ধর্ম্মই বৃহচ্চেতনের অনুগত থাকা। চেতনের ধর্ম্মই সতত সংযুক্ত হইয়া প্রীতিসহকারে ভগবানের সেবা করা। ভগবানের দাসাই চেতনের সত্তা। সাধুগুরু-কৃপায় জীবহৃদয়ে ভগবানে প্রীতিরূপা ভক্তি উদয় হইলেই জীব প্রকৃত চেতনধর্ম্মে অবস্থিত হইতে পারে। অনিত্য বস্তুর প্রতি প্রীতিই জীব ছাড়িতে পারে না, আর সৌভাগ্য ক্রমে সাধুগুরুকৃপায় ভগবৎ-প্রীতি লাভ হইলে যে জীব তাহা কোনকালেই ছাড়িতে পারিবে না, তাহাতে সন্দেহ নাই। ভক্তগণ যে ভাবে হরিভজন করেন, সেই পথে চলাই একমাত্র কর্ত্তব্য, তাহা হইলে সকলেরই চেতনধর্ম্ম লাভ হইবে। যাঁহারা ভক্তগণের আচার-ব্যবহারে লুব্ধ হইয়াছেন, তাঁহারাই প্রকৃত-পক্ষে চেতনের ধর্ম্মে অবস্থিত হইতে পারেন।

চেতনের ধর্ম্মে দ্বিতীয়াভিনিবেশ নাই। চেতনের ধর্ম্মে সতত কৃষ্ণোন্মুখতা আছে। তাই তিনি সদ্‌গুরুপাদাশ্রয় করিয়া শ্রীগুরু-পাদপদ্মকে শ্রীভগবানের অভিন্ন প্রকাশ-বিশেষ জানিয়া অহর্জগতো কায়মনোবাক্যে নিত্যকাল ভগবানের সেবায় নিযুক্ত। শ্রীগুরুপাদপদ্মে যাঁহার ভগবদ্বুদ্ধিলব্ধি হইয়াছে—সর্ব্বস্ব দিয়া যিনি শ্রীগুরুপাদপদ্মের সেবা করিতেছেন, তিনিই চেতনধর্ম্মী। তাঁহার ভয় নাই। যিনি শ্রীগুরুপাদপদ্মকে একমাত্র রক্ষাকর্ত্তা উপলব্ধিমুখে তচ্চরণাশ্রয় করিয়াছেন, তিনিই চেতনের ধর্ম্মাচরণ করিতেছেন। যিনি শ্রীগুরুপাদপদ্মকে জানেন—'কৃষ্ণ সে তোমার কৃষ্ণ দিতে পার তোমার শকতি আছে' তিনিই প্রকৃত চেতনে উদ্বুদ্ধ হইয়াছেন। চেতনের গতি অপ্রতিহতা। বাস্তব উদ্বুদ্ধ চেতনের কৃপায় যিনি একবার চেতনের ধর্ম্ম আকৃষ্ট হইয়াছেন, তিনি আর দাঁড়াইয়া থাকিতে পারেন না। তাঁহার গতিরোধ কেহ করিতে পারে না, উদ্বুদ্ধ চেতন এ জগতে থাকিতে চান না। তিনি কেবল এ জগৎ হইতে চলিয়া যাইতে চাহেন। ঊর্দ্ধদিকেই তাঁহার লক্ষ্য, গুরুর দিকেই তাঁহার গতি, বৈকুণ্ঠের দিকেই তাঁহার অভিযান। কি করিয়া এই জগদতিক্রম করা যায়, কেবল তাহাই তাঁহার চিন্তা। তিনি একমাত্র গুরুবৈষ্ণব-ভগবান্ ব্যতীত আর কাহারও সঙ্গপ্রার্থী নহেন। তিনি অনুনিরপেক্ষ। কাহারও সহিত তাঁহার সম্বন্ধ নাই। চেতনের ধর্ম্মে কেবল অনবদ্য হরিভজনের কথা ব্যতীত অন্য কোন কিছু নাই। কেহ হরিভজন করিলে, গুরুসেবা করিলেই তিনি তাঁহার সঙ্গ করিবেন, নতুবা করিবেন না। নিজে খুব অমানি-মানদ হইয়া—'সকলেই হরিভজন করিতেছেন, কেবল আমিই পারিতেছি না' এইরূপ চিত্তবৃত্তি লইয়া সর্ব্বক্ষণ গুরুসেবাময় জীবন যাপন করেন। তিনি সতত ঊর্দ্ধদৃষ্টিসম্পন্ন। তাই নিম্নদর্শন বা লোকের দোষ দর্শন তিনি করেন না—কেবল আমিই নীচে আর সকলেই ঊর্দ্ধে এই দর্শনই করেন। চেতনের ধর্ম্মে মাংসদর্শনের কোন কথা নাই। চেতনধর্ম্মিগণ আত্মদর্শী, বেদদৃক্। তাঁহারা কাণের দ্বারা দর্শন-স্পর্শনাদি করিয়া থাকেন—শ্রৌতপথ অবলম্বন করেন—নিজেকে দীন কাঙ্গাল জানিয়া গুরুবৈষ্ণবের নির্দ্দেশানুসারে চলেন। তাঁহারা নিজের জন্য কোন কিছুই করেন না।

বদ্ধজীব আমাদের চেতনের ধর্ম্ম বর্ত্তমানে সুপ্ত। এমতাবস্থায় উদ্বুদ্ধ চেতন সাধুর সঙ্গ ব্যতীত আমাদের চেতনতা লাভের অন্য উপায় নাই। ভগবানের কৃপাতেই এইরূপ সাধুর সঙ্গসুযোগ লাভ হয়। সাধু গুরুর শ্রীমুখনিঃসৃত বাণীই আমাদিগকে সাধু অসাধু চিনিবার বুদ্ধিযোগ প্রদান করেন। অসৎসঙ্গ ত্যাগ করিয়া শ্রীভগবানের নিকট নিষ্কপটভাবে আর্ত্তি আবেদন জ্ঞাপন করিলেই ভগবৎকৃপায় প্রকৃত সত্যের সন্ধান পাইয়া তাহাতে প্রতিষ্ঠিত হইতে পারা যাইবে। চেতনের কৃপাতেই চেতনতা লাভ হয়। এতদ্ব্যতীত অন্য উপায় নাই।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীস্বরূপানন্দ ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ

১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট বাগবাজার

কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪২১৫

সেবক—শ্রীঅবধৌতচন্দ্র দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগপীঠ-মায়াপুর শ্রীমন্দির

পো. শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীশচীনন্দনদাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীবনচারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর নদীয়া

সেবক—শ্রীঠাকুরপ্রসাদ ব্রহ্মচারী

শ্রীবাস্তব সমাধি পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

সেবক শ্রীমঙ্গলানন্দ ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

সেবক—শ্রীরামদাস অধিকারী

সার্ব্বভৌম গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)

সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর নদীয়া

সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীনরহরি ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ

পোঃ স্বরূপগঞ্জ নদীয়া

সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ

ভালুকা (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর, নদীয়া

সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

সেবক—শ্রীঅনুভানন্দ সেবাবিলাস

ভাগবত আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ চাঁদপাড়া (নদীয়া)

সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

সেবক—শ্রীহরিপদ ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠালয়

সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুরী গৌড়ীয়মঠ

চারবর্ণ রঙপুর

সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা।

সেবক—গৌরচন্দ্র ব্রহ্মচারী

গোপালজীউমঠ

পোঃ কমলাপুর, ঢাকা

সেবক—শ্রীদীনদয়াল ব্রজবাসী

গদাই গৌরাঙ্গমঠ

পোঃ বালিয়াটী (ঢাকা)

সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ

নূতনবাজার, পোঃ ময়মনসিংহ

সেবক—শ্রীশিবদয়ানন্দগৌরাঙ্গ বিদ্যাবন্ধু বি এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া, আসাম

সেবক শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাপাংবিল্ডিং, দার্জ্জিলিং

সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি

সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ

পোঃ মিঠাপুর, পাটনা

সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ

রমনা রোড, গয়া

সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ

৮।১৭ বড় গম্ভীবাসং, বেনারস সিটি

সেবক—শ্রীগদাধর চৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ গৌড়ীয়মঠ, এলাহাবাদ

সেবক—শ্রীরূপাবলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা।

সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড মথুরা

সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ

সেবক—শ্রীইন্দুপদ দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী

সেবক—শ্রীনিমাই রূপ পদ্মলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়

গোবর্দ্ধন, মথুরা

সেবক—শ্রীসুধীন বাগল দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ

বর্ষাণ মথুরা।

সেবক—শ্রীব্রজমঙ্গল দাস

গোষ্ঠবিহারী মঠ

শেরশাহী

পোঃ কোড়োল, জেলা গুড়গাঁও (পাঞ্জাব)

সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর কর্ণাল (পাঞ্জাব)

সেবক—শ্রীমদনগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ

৪৫নং হনুমান রোড নিউ দিল্লী

সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং

বোম্বে নং ২৬

সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ

সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ

পোঃ কভুর, গোদাবরী, মাদ্রাজ

সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)

সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম

(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী

সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আকাশম

(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)

পুরী

সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

সেবক—শ্রীগৌরস্বরূপ ব্রহ্মচারী

ভক্তিকুটী

স্বর্গদ্বার

সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী

সেবক—শ্রীবড়বাল দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ

বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা

সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

সেবক—শ্রীগুরুগোপাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ

চিকুলিয়া, পোঃ বাহাদুরপুর, মেদিনীপুর

সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমৃষি গৌড়ীয়মঠ

পোঃ অমৃষি, মেদিনীপুর

সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম

পোঃ রাণীবাঁধ (বর্দ্ধমান)

সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ

ভুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)

সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ

৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ

সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ

৪৪ ল্যাড্‌ব্রোক রোড, হল্যাণ্ড পার্ক গ্রীন

লণ্ডন, ডব্লিউ ১১

সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,

কলিকাতা

সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস

পরমেশ্বরী দয়াল বিল্ডিং

লাটুশ রোড, লক্ষ্ণৌ, ইউ-পি

সেবক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী

বিশ্বলিপি-গৌড়ীয়মঠালয়

নন্দনকানন, চট্টগ্রাম

সেবক—শ্রীঅচ্যুতগোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস

বহরমপুর (গঞ্জাম)

সেবক—শ্রীবিলাসীগৌর দাসাধিকারী

পর্ণ-ছাপীঠ,

শ্রীমায়াপুর (নদীয়া)

সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পর বহ্মপীঠ, নৈমিষারণ্য,

নিমসার (ইউ, পি)

সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন

সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

সেবক—শ্রীঅখিলেশ্বর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনের	॥০	।৶০	।৶০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	১॥০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয় রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ; এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ বিশদ পদ্যানুবাদসহ মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকট বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট্ গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ পাণ্ডিত্যের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের সূচীপত্র তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর ভিক্ষা মাত্র ৬৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনগণের গ্রন্থ সমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব ধাম-গ্রন্থ। এই গ্রন্থ পাঠ করিয়া দয়ালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আরও হবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি রেলে কালকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

শনিবার ব্যতীত
শনিবার অন্য দিন

কলিকাতা ছাঃ	৪ ৫৬	৬ ২১	৭ ১৪	১০-১৬	১৫-১০	১৬ ২৬	১৭-৫৬	২০ ২৬
দমদম "	৪ ৫৬	৬ ৩৭	৭ ২৮	১০ ২৯	· ···	·· ··	১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯ ১৮	১৪ ৫০	১৬ ৭৮	১৮-০১	১৯ ৩৩	০-২৫
(বদল) ছাঃ	·		৯-৩১	·	·		·	·
কৃষ্ণনগর পৌঃ	৮-৫৯	৮ ৪০	১০-৬	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০ ২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ		৭ ১০	১০-১৬	১৪ ৫০	১৭-৪০		২০-৩০	
মহেশগঞ্জ "		৭ ৪৪	১০ ৫১	১১-২৫	১৮-১৫		২১-৫	
নবদ্বীপঘাট পৌঃ		৭-৫৩	১০-৫৯	১৫ ৩৩	১৮-২৯		২১-১৩	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম "	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
" ছাঃ	১২ ৫৬
শান্তিপুর পৌঃ	১৩ ২৪
(বদল) ছাঃ	১৩ ৪১ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩০

ডাউন

শনিবার ব্যতীত
অন্য দিন শনিবার

নবদ্বীপঘাট ছাঃ		৬-১৪	৯-১২		১৬-৩	১৬ ৩১	১৮ ৩৮	
মহেশগঞ্জ "		৬-২৩	৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ		৬-৫৭	৯-৫৫		১৬-৪৬	১৭ ১৪	১৯-২১	
(বদল) ছাঃ	৯-৩১	৭-১০	৮ ৫২	১১-২৬	১৫-৪	১৬ ৫৯	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪ ১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৪৪	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	·	·	·	··	১৫-৫৬	১৭-৪২	·	...
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১ ২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯ ২৬	২১ ৪০	২৩.০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪ ১
মহেশগঞ্জ "	১৪-১০
কৃষ্ণনগর পৌঃ	১৪-৪৪
ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫২
" ছাঃ	১৯-২৭
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১॥০ টাকা মাত্র।

২। ভাগবত—ভক্তিধারার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। সভা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সত্যভামাপুর হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর ভাবতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-মঠের বিশ্বব্যাপী প্রচারক বৈষ্ণবগৌরব মুক্তকুলচূড়ামণি পরমারাধ্য জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণান্তিকে সমাগত নানা দেশের প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনীষী সজ্জনবৃন্দ যে সকল প্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তপূর্ণ উত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগ সিদ্ধান্তদর্পণে ও তদনুকূল 'সদাচারপালনে' অপ্রতিদ্বন্দ্বী শ্রীকৃষ্ণচৈতন্যস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা—৮০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——::•::——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা 'দৈনিক নদীয়া-প্রকাশ' ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস

১।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখানহইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় যুবক পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায়। বহিয়াছে ইহা কাটিয়া ভাতের জ্বর। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয়। ছোট বোতল ৮৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
বেহালা, ২৪ পরগণা

সত্তার কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত অমূল্য কল্যাণকল্পতরু-গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃত ভাষ্য-সহ সম্প্রতি প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষি-মাত্রেরই নিত্যপাঠ্য।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর নদীয়া

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

শ্রী...

বিভিন্ন স্তব ও প্রণতি এক গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৫০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ভারতের সর্ব্বত্র বহুলপ্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৬শ বর্ষ } ৩ ত্রিবিক্রম, গৌরাব্দ ৪৫৫, ৩০শে বৈশাখ, বঙ্গাব্দ ১৩৪৮, ১৪ই মে, ইং ১৯৪১, বুধবার { ৫৬৭৭তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৩ ত্রিবিক্রম, ভৃত অনিরুদ্ধ গৌরাব্দ ৪৫৫

গুরুসেবাই কি কৃষ্ণসেবা ?

——::(০)::——

শ্রীগুরুদেব কৃষ্ণের প্রিয়জন। সেই শ্রীগুরুদেবের সেবা ব্যতীত বদ্ধজীবের অনর্থ-নিবৃত্তির ও ভগবৎসেবাপ্রাপ্তির অন্য কোন উপায় নাই। শ্রীগুরুরূপী আশ্রয়জাতীয় কৃষ্ণবিগ্রহের সেবা ব্যতীত কেহ কখনও সর্ব্বেশ্বরেশ্বর ভগবান্ কৃষ্ণচন্দ্রের সেবা লাভ করিতে পারে না। জীবকুলকে হরিভজন শিক্ষা দিবার জন্য শ্রীগুরুদেব কৃষ্ণেচ্ছায় বা স্বেচ্ছায় অপ্রপঞ্চ হইতে প্রপঞ্চে সেবকবিগ্রহরূপে অবতীর্ণ হন। কৃষ্ণনিজজন শ্রীগুরুপাদপদ্মকে একান্তভাবে আশ্রয় করিলে জীব অনায়াসে ভগবান্‌কে লাভ করিতে পারেন। শ্রীগুরুদেবের সেবা করিতে করিতে জীবের অজ্ঞানান্ধকার দূর হয় ও চিত্তদর্পণ নির্ম্মল হইয়া থাকে। শাস্ত্র বলিয়াছেন,---

তাতে কৃষ্ণ ভজে, করে গুরুর সেবন।
মায়াজাল ছুটে, পায় কৃষ্ণের চরণ॥

মায়ার হাত হইতে উদ্ধার পাইয়া নিত্য ভগবৎসেবা লাভ করিতে হইলে গুরুসেবা ও গুরুর আনুগত্যে ভগবদ্ভজন ব্যতীত জীবের অন্য কোন রাস্তা নাই। শ্রীগুরুদেব কখনও শিষ্যকে ভোগ্য মনে করেন না এবং শিষ্যও আত্মেন্দ্রিয়প্রীতিবাঞ্ছা লইয়া গুরুর নিকট যান না। কৃষ্ণসুখকামনা ব্যতীত অন্য কোন কামনা থাকিলে সেখানে গুরুত্ব ও শিষ্যত্ব উভয়েরই অভাব আছে জানিতে হইবে। ঐরূপ গুরু শিষ্য-সম্বন্ধ নরকের দ্বারস্বরূপ, কিন্তু সদ্গুরুসেবা বৈকুণ্ঠের দ্বার। শ্রীগুরুদেবের ভগবৎসেবা ব্যতীত এক তিলার্দ্ধও অন্য কোন কৃত্য নাই। সুতরাং একমাত্র গুরুর সেবা করিলেই যুগপৎ গুরুসেবা ও ভগবৎসেবা সিদ্ধ হইয়া থাকে।

গুরু, বৈষ্ণব ও ভগবান্—অদ্বয়জ্ঞান। ইঁহাদের যে কোন একজনকে বাদ দিলে আর হরিভজন হইবে না। নিজসুখ-লাভের ইচ্ছা বিন্দুমাত্রও যেখানে আছে, সেখানে সেবা নাই। সেবায় অভীষ্টদেবের সুখ ব্যতীত অন্য কিছু থাকে না। বৈষ্ণবকে বাদ দিয়া গুরুসেবা এবং গুরুকে বাদ দিয়া বৈষ্ণবসেবা হয় না। গুরুবৈষ্ণবকে বাদ দিয়া ভগবানের সেবা এবং ভগবান্‌কে বাদ দিয়া গুরুবৈষ্ণব-সেবা উভয়ই অভক্তি। ইঁহারা পরস্পর অঙ্গাঙ্গীভাবযুক্ত এবং অবিচ্ছেদ্য-সম্বন্ধবিশিষ্ট। ইঁহাদের যে কোন একজনের সম্মান বা পূজা করিলে সকলকেই সম্মান করা হইয়া থাকে এবং একজনকে অসম্মান করিলে তিন জনেরই অসম্মান করা হয়।

হরিসেবা যদি গুরুপূজাময়ী না হয়, তাহা হইলে তাহা হরিসেবাই নহে। গুরুসেবা ব্যতীত হরিসেবার আভাসও হইতে পারে না। গুরুসেবা করিতে গিয়া যেন আমাদের গুরুর নামে লঘুর সেবা না হয় অথবা সেবার নামে ভোগবুদ্ধির আবাহন না হয় অর্থাৎ সেবার নামে কপটতা, সেবা অপেক্ষা অধিকতর লোক দেখাইবার বাসনা হৃদয়ে উদিত না হয়, শ্রীগুরুদেবকে অন্তরে মর্ত্ত্য-ব্যক্তিবিশেষ মনে করিয়া গুরুকে দেখাইয়া—গুরুর অন্তেবাসী থাকিবার অভিনয় করিয়া যেন নিজের সেবার বিজ্ঞাপন প্রচারের আকাঙ্ক্ষা হৃদয়ে না জাগে। ঐরূপ দুর্ব্বুদ্ধি থাকিলে বঞ্চনাই লভ্য হইবে। ভাগ্য মন্দ হইলে কিম্বা হরিবিমুখ দেবতাগণের চক্রান্তে পড়িলে সদ্গুরুর চরণাশ্রয় করিয়াও এরূপ দুর্দ্দশা ঘটিয়া থাকে। শাস্ত্র বলেন,—

সাধকস্য গুরৌ ভক্তিং মন্দীকুর্ব্বন্তি দেবতাঃ।
যদ্দ্রোহতীতা ব্রজন্তি বিষ্ণুং শিষ্যো ভক্ত্যা গুরৌ ধ্রুবম্॥

দেবতাগণ সাধকের গুরুর প্রতি ভক্তি বা সেবাবৃত্তি অনেক সময় মন্দীভূত করিয়া দেন। তাহার কারণ—ঐ সকল দেবতা মনে করেন, শিষ্য একমাত্র গুরুদেবে অচলা ভক্তির প্রভাবেই তাঁহাদিগকে (দেবতা-গণকে) লঙ্ঘন করিয়াও নিশ্চিতরূপে শ্রীহরিপাদপদ্ম লাভ করিবে।

কর্ম্মে নির্ব্বেদ উপস্থিত না হইলে কৃষ্ণ-কার্ষ্ণসেবা সুযোগ হয় না। যে ব্যক্তি সুষ্ঠুভাবে ভোগসংগ্রহ করিতে দৃঢ়সঙ্কল্প, সে কি তাহা হইতে নিবৃত্ত হইতে পারে? সে-কালে ভগবৎকথা শ্রবণ করিতে তাহার আদর হয় না। কর্ম্মফল প্রচুর পরিমাণে ক্লেশ উৎপাদন করিলে পর যখন জীবের বৈরাগ্যের উদয় হয়, তখন যদি সৌভাগ্যক্রমে ভগবৎ-কথা শ্রবণের সুযোগ উপস্থিত হয়, তখন বদ্ধজীবের ভোগবাসনা শুষ্ক হইতে পারে। ভগবৎকথা-শ্রবণ ব্যতীত জীবের ভোগবাসনা কখনও শুষ্ক হয় না। শ্রীমদ্ভাগবত বলিয়াছেন,—

তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত ন নির্ব্বিদ্যেত যাবতা।
মৎকথাশ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়তে॥
(ভাঃ ১১।২০।৯)

এখানে 'কর্ম্ম' বলিতে নিত্য-নৈমিত্তিক-কর্ম্মকেই বুঝাইতেছে। শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভু লিখিয়াছেন,---"শ্রুতি ও স্মৃতিশাস্ত্র আমারই আজ্ঞাস্বরূপ, যে ব্যক্তি তাহা লঙ্ঘন করে, সেই আজ্ঞাচ্ছেদক পুরুষ আমার বিদ্বেষী হইয়া থাকে, তাদৃশ পুরুষ আমার ভক্তরূপে পরিচিত হইলেও বৈষ্ণব নহে।"—এই বচনোক্ত দোষও এই স্থলে সম্ভবপর হয় না, যেহেতু আজ্ঞাপালনই হইয়াছে, পরন্তু নির্ব্বেদ বা শ্রদ্ধা উৎপন্ন হইলেও যদি কর্ম্মানুষ্ঠান করা হয়, তাহা হইলে বস্তুতঃ আজ্ঞালঙ্ঘন হইয়া থাকে। এ বিষয়ে "ধর্ম্মসমূহের অনুষ্ঠানে গুণ এবং অননুষ্ঠানে দোষ সম্যগ্‌রূপে অবগত হইয়াই আমার আদিষ্ট ধর্ম্মসমূহ পরিত্যাগপূর্ব্বক যিনি আমার ভজন করেন, তিনিও পরম সাধুরূপে গণ্য হইয়া থাকেন।" এই শ্লোকের টীকায় "ভক্তির দৃঢ়তা নিবন্ধন অধিকারনিবৃত্তিহেতু বেদধর্ম্মসমূহ পরিত্যাগ করিয়া"—এরূপ ব্যাখ্যা হইয়াছে। নিবৃত্তাধিকারের বিষয়ে শ্রীকরভাজন ঋষি এরূপ বলিতেছেন যে,—"যিনি কর্ত্ত অর্থাৎ কৃত্য পরিত্যাগপূর্ব্বক সর্ব্বভাবে শ্রীহরির শরণাপন্ন হন, তিনি পুনরায় দেবতা, ঋষি, ভূত, মনুষ্য ও পিতৃলোকের কিঙ্কর এবং ঋণী হন না।" গরুড় পুরাণেও উক্ত হইয়াছে—'মানব যে পর্য্যন্ত শ্রীহরির অর্চ্চন পরায়ণ না হয়, তৎকাল পর্য্যন্ত দেবতা, মুনি, যক্ষ ও রক্ষপতি প্রভৃতির অধীন—একান্ত অধীন হইয়া থাকে।" নিজ অর্থের আচরণে তাহার প্রায়শ্চিত্তের জন্য পৃথক কৃত্যও প্রয়োজন হয় না, যেহেতু ভগবদাশ্রিত পুরুষের পাপকর্ম্মে প্রবৃত্তিই হয় না। যদিই বা দৈবাৎ কোনরূপে কোন বিরুদ্ধ কর্ম্ম উপস্থিত হয়, তাহা হইলেও ভগবানের অনুক্ষণ স্মরণে আনুষঙ্গিকভাবে প্রায়শ্চিত্তও সিদ্ধ হইয়া থাকে। শাস্ত্র বলিতেছেন—স্বীয় পাদমূলভজনরত ত্যক্তান্যভাব প্রিয়-

ভক্তের সম্বন্ধে যদি কখনও বিরুদ্ধ কর্ম্ম উদিত হয়, তাহা হইলে ওঁহার অন্তর্যামী শ্রীহরি সেই সমস্ত দূরীভূত করিয়া থাকেন।"

যাঁহারা বাস্তবিক গুরুসেবা করিতে আসিয়াছেন, তাঁহাদের সেবায় বাধা দেখিয়া বিভ্রান্তচিত্ত হইবার কোন কথা নাই। তাঁহাদের ভজনার পরিবর্তে আশার দেখী। কারণ, ভক্তির আশ্রয়েই দেবপিতৃঋণাদি হইতে মুক্ত হওয়া যায়। সুতরাং কর্ম্মত্যাগ হেতু অনুতাপের কিছু নাই। শ্রীমদ্ভাগবত বলিয়াছেন,—'যদি কোন ব্যক্তি স্বধর্ম পরিত্যাগ পূর্ব্বক শ্রীহরিপাদপদ্ম-ভজন আরম্ভ করিয়া অপক্বদশায় নষ্ট বা মৃত্যুমুখে পতিত হন তথাপি তাঁহার স্বধর্ম্ম-পরিত্যাগ হেতু অমঙ্গল হয় না। পক্ষান্তরে শ্রীহরিপাদপদ্ম-ভজন ব্যতীত স্বধর্ম্ম-পালন দ্বারাও কোনও ব্যক্তির প্রয়োজন লাভ হয় না।" ভগবান্ শ্রীকৃষ্ণ গীতায় অর্জ্জুনকে লক্ষ্য করিয়া বলিয়াছেন,—

সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।
অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো
মোক্ষয়িষ্যামি মা শুচঃ॥

যাঁহার নিষ্কপট গুরুসেবাবৃত্তি আছে, তিনিই হরিভজন করেন, তিনিই বৈষ্ণব, তিনিই সর্ব্বশ্রেষ্ঠ। গুরুসেবা বাদ দিয়া যাঁহারা বড় বিচারে বা নিরাহারে কঠোর তপস্যারত আছেন, তাঁহাদের হরিপাদপদ্মলাভ সুদূরপরাহত। নিষ্কপট গুরুসেবক বাহ্যতঃ সাময়িক অনর্থযুক্তরূপেই প্রতিভাত হউন, তাঁহার মঙ্গল সুনিশ্চিত। শ্রীমদ্ভাগবত বলিয়াছেন,—'আত্মা আহতকর যে কামক্রোধাদি অনর্থ, তাহা সকলই শ্রীগুরুপাদপদ্মের ভক্তি-প্রভাবে পুরুষ তৎক্ষণাৎ জয় করিতে পারেন। যদিও আমার ভক্ত অজিতেন্দ্রিয় হইয়া বিষয়ে অভিভূত হন, তথাপি নিষ্কপট ভক্তিপ্রভাবে তিনি কখনই বিষয়ে মগ্ন হন না।'

হরিভজন করিতে হইলে শ্রদ্ধা ও সরলতা থাকা চাই। গুরুবৈষ্ণবভগবান্ মাদৃশ পতিতকে নিজগুণে কৃপা করিয়া নিশ্চয়ই রক্ষা করিবেন — এরূপ সুদৃঢ় বিশ্বাসরূপ শ্রদ্ধা লইয়া কৃপার প্রার্থী হইলে গুরুসেবাদাসের সৌভাগ্য নিশ্চয়ই হইবে। নিষ্কপটতাই সকলের মূল। নিষ্কপটতা বা সরলতাই বৈষ্ণবতা, নিষ্কপটতাই সেবার বাহন। সেবাদেবী নিষ্কপটতা-বাহনে আরোহণ করিয়াই কৃষ্ণপ্রেমধন প্রদান করিতে পারেন। কপটতাই জগতে সর্ব্বদুঃখের মূল। কপটী কখনই গুরুসেবা করিতে পারে না। যাহাতে যাহার অসতী মর্ত্ত্যবুদ্ধি আছে, তাহার শ্রবণাদি সমস্তই হস্তিস্নানের ন্যায় বৃথা। তাহারা সাধুর নিকট শ্রবণের অভিনয় করিলেও এবং উহাতে সাময়িক পবিত্র হইলেও পুনরায় অনর্থদ্বারা আক্রান্ত হওয়ায় মুহূর্ত্ত মধ্যে তাহাদের শ্রবণরূপ আনন্দ ব্যর্থ হয়।

শ্রীগুরুদেব ও শ্রীগুরুদেবের দ্রব্যাদি অভিন্ন। সুতরাং উহার যান ও শয্যাদি স্বচ্ছন্দে ব্যবহার করা অপরাধ। যিনি নিষ্কপটে সর্ব্বক্ষণ গুরুদেবের উচ্ছিষ্টভোজী সেবকানুসেবক জানিয়া নিষ্কপটে তাঁহার সেবা করিয়া থাকেন, তিনি অচিরেই প্রেমপক্ষময় করিয়া থাকেন। শ্রীগুরুদেবের নিষ্কপট সেবকগণ সর্ব্বদাই গুরুপাদপদ্মসমীপে বাস করিয়া নিষ্কিঞ্চন হইয়া থাকেন। জানি না ও নিষ্কিঞ্চন শ্রীগুরুপাদপদ্মের নিষ্কপট নিষ্কিঞ্চন সেবকগণের অহৈতুকী সেবাপ্রভাবে এই পতিত দুরাচার কবে শ্রীগুরুপাদপদ্মের উচ্ছিষ্টভোজী কুকুর ও তৎপাদপদ্মাশ্রিতকেবাসী হইতে পারিবে।

তৎ সাধ্বা জন্ম তজ্জং তদ্দিনং
পুণ্যাত্ম নাড়িকা।
যত্রা শুবং প্রণম্য সমুপায় তু ভক্তঃ॥
গুণ গুণাগণ নাম সর্ব্বধর্ম্মোত্তমোত্তম।
তস্মাৎ সর্ব্বাৎ পরো ধর্ম্মঃ পবিত্রং নৈব
বিদ্যতে॥

গুরুকৃপাই কৃষ্ণকৃপা, গুরুসেবাই কৃষ্ণসেবা। এ জন্যই গুরুসেবা। শ্রীগুরুদেব ভোক্তা নহেন, তিনি সকলকে দিয়া কৃষ্ণসেবাই করান। জীব গুর্ব্বাদেশ ব্যতীত কখনও সাক্ষাদ্ভাবে কৃষ্ণসেবা করিতে পারে না। কৃষ্ণসেবা, গুরুসেবা ও শ্রীনামসংকীর্ত্তন - তিনটী পৃথক্ হইলেও তিনটীই এক-তাৎপর্য্যপর। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,— "নামসংকীর্ত্তনের দ্বারা কৃষ্ণ ও কার্ষ্ণসেবা হয়। বৈষ্ণবের সেবা করিলে কৃষ্ণকীর্ত্তন ও কৃষ্ণসেবা হয়। কৃষ্ণসেবা করিলেই নামসংকীর্ত্তন ও বৈষ্ণবসেবা হয়। শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ করিলে কৃষ্ণসেবা ও নামসংকীর্ত্তন হয়। সৎসঙ্গে শ্রীমদ্ভাগবতপাঠও উহার অন্য হয়। অর্চ্চনেও ঐ তিনটী প্রাপ্য হইয়া থাকে, নামভজনেও তাহার স্ফুর্ত্তি না হয়।"

শ্রীশ্রীল আচার্য্যদেবের উপদেশ

প্রঃ—'অন্যাভিলাষিতাশূন্যং জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতম্'— এই শ্লোকে যে জ্ঞানের কথা বলা হ'য়েছে, সেটি কিরূপ জ্ঞান?

উ.—উহা নির্ব্বিশেষ বা নির্ভেদ ব্রহ্মানুসন্ধান। অদ্বৈতমতে চরমে সেব্য বা ভজনীয়, ভক্ত বা ভজনকারী এবং ভজন বা ভক্তি কিছুই থাক্‌বে না। এই প্রকার চিন্তাস্রোতঃ হৃদয়কে শুষ্ক, কঠিন ক'রে দেয়, ভগবৎসম্বন্ধি-বস্তুতে পর্য্যন্ত বিরাগ জন্মায়ে দেয়। যেমন তৌর্য্যত্রিক অর্থাৎ গান, নৃত্য ও বাদ্যকে জ্ঞানিগণ তাঁ'দের অভীষ্ট লাভের পরিপন্থি জেনে বর্জ্জন ক'রে থাকে, কিন্তু পরমার্থের বিচারে ভগবানের সম্বন্ধে অর্থাৎ তাঁ'র সুখের জন্য নৃত্য, গীত, বাদ্য হওয়া উচিত। যদি এগুলিকে প্রাপঞ্চিক দৃষ্টিতে দর্শন করা যায়, তা' হ'লে চিত্ত কঠিন হ'য়ে যা'বে। যে জ্ঞান হৃদয়কে এরূপ কঠিন, শুষ্ক ক'রে দেয়, আরোহপন্থায় জড়নারায়ণ নিরসন করতে করতে মায়ার প্রতি, অভেদ উপলব্ধির প্রতি অভিযান করায়, সেই জ্ঞানের কথাই এখানে বলা হ'য়েছে।

প্রঃ—আবাক্ষিক বিচার কা'কে বলে?

যাঁহারা দেহধর্ম্ম অর্থাৎ কর্ম্মমার্গে নিষ্ঠাযুক্ত, তাঁহারা বাহ্যদেহ পবিত্র জলে ধৌত করিয়া পাপানর্থমুক্ত হইতে চাহেন, কিন্তু শাস্ত্রপাঠে জানা যায়, কর্ম্মের দ্বারা কর্ম্মের বা পাপের সমূলে বিনাশ হয় না। যেমন হস্তীকে বার বার স্নান করাইয়া দিলেও হস্তী পুনরায় ধূলির দ্বারা দেহ ধূসরিত করে, সেইরূপ স্থূলবুদ্ধি কর্ম্মিগণ নিজ নিজ পাপ ক্ষালনার্থ যে সকল প্রায়শ্চিত্ত করিয়া থাকে, তাহাতে পাপের বীজ ধ্বংস না হওয়ায় পুনরায় পাপের উদ্গম হইয়া থাকে। মদ্য-ভাণ্ডকে যতই জলে ধৌত করা যাউক না কেন, তাহার গন্ধ যেরূপ সম্পূর্ণভাবে বিদূরিত হয় না, সেইরূপ কর্ম্মমার্গীয় প্রায়শ্চিত্তের দ্বারা স্থূলবুদ্ধি হরিবিমুখ জনগণের পাপপ্রবৃত্তি কখনই নিবৃত্ত হইতে পারে না। দিব্যজ্ঞান ব্যতীত পাপের সংক্ষয় হয় না। কর্ম্মী-জ্ঞানীর দিব্যজ্ঞান না থাকায় তাহারা পাপের হাত হইতে মুক্তি পাইতে পারে না—পাপবীজ বা পাপবাসনা তাহাদের হৃদয়ে থাকিয়াই যায়। এই ত' গেল কর্ম্মীর কথা। জ্ঞানিগণও চিত্তশুদ্ধির জন্য বাহ্যমানাদি কর্ম্ম-কাণ্ডের আশ্রয় করেন। কৃষ্ণভক্তি না থাকায় তাঁহাদেরও বুদ্ধি শুদ্ধ নহে। শ্রীমদ্ভাগবত বলেন,—

যমাদিভির্যোগপথৈঃ কামলোভহতো মুহুঃ।
মুকুন্দসেবয়া যদ্বৎ তথাত্মাদ্ধা ন শাম্যতি॥
(ভাঃ ১।৬।৩৬)

নিরন্তর কাম-লোভাদি রিপুবশীভূত মন মুকুন্দসেবার দ্বারা যেরূপ সাক্ষাৎ নিগৃহীত হয়, যমনিয়মাদি অষ্টাঙ্গ যোগব্রত অবলম্বন করিলে সেরূপ নিরুদ্ধ বা শান্ত হয় না।

কেননা ভক্তি ব্যতীত কর্ম্মজ্ঞানযোগাদি সাধনের দ্বারা জীবের চিত্তশুদ্ধি হইতে পারে না। একমাত্র হরিলীলা-কীর্ত্তন দ্বারাই ভবসমুদ্র পার হওয়া যায়—চিত্তশুদ্ধি হয়।

প্রবিষ্টঃ কর্ণরন্ধ্রেণ স্বানাং ভাব-সরোরুহম্।
ধুনোতি শমলং কৃষ্ণঃ সলিলস্য যথা শরৎ॥
(ভাঃ ২।৮।৫)

পরমারাধ্যতম শ্রীশ্রীল প্রভুপাদ এই শ্লোকের বিবৃতিতে লিখিয়াছেন,—"যদিও শ্রীকৃষ্ণ অন্তর্যামিরূপে সর্ব্বজীবহৃদয়ে আছেন, তথাপি তিনি সেই অবস্থায় উদাসীনভাবে বিরাজ করেন, কিন্তু জীবের কর্ণদ্বার দিয়া প্রবিষ্ট হইয়া তাঁহার উপবেশনস্থানরূপ জীবের হৃদয়কমলস্থ দাস্য-সখ্যাদিভাবকে প্রস্ফুটিত করিয়া দেন এবং তদ্দ্বারা আনুষঙ্গিক-ভাবে জীবহৃদয়ের কামক্রোধাদি মলও বিদূরিত হয়। যদি কেহ বলেন, জ্ঞানযোগাদিও ত' কামক্রোধাদিরূপ মনকে বিনষ্ট করিতে পারে, তবে হরিকথার শ্রেষ্ঠত্ব কোথায়? তদুত্তর এই যে, যে প্রকার কোনও কুম্ভস্থ জলকে দ্রব্যান্তর মিশ্রণ দ্বারা শোধন করা যায়, এবং তদ্দ্বারা ঐ কুম্ভস্থ পরিমিত জল-মাত্রই শোধিত হইয়া থাকে, অন্য পাত্রস্থ বা নদী-তড়াগাদির জল আর শোধিত হয় না, আবার জল শোধিত হইলেও মলরাশি ঐ কুম্ভের তলদেশেই পড়িয়া থাকে, অর্থাৎ কোন প্রকারে ঈষৎ ক্ষোভিত হইলে পুনরায় জলে মল মিশ্রিত হয়, তদ্রূপ জ্ঞান-কর্ম্ম-যোগ-তপাদির দ্বারা সকল জীবের হৃদয়ের মল শোধিত হইতে পারে না। কাহারও কাহারও শোধিত হইলেও সর্ব্বতোভাবে শোধিত হয় না, কেবল তাহাদের মল-রাশির ন্যায় কাম-ক্রোধাদি মলাদি সমস্তের জন্য উপশমিত হইলেও পুনরায় কোন কারণে ঈষৎ ক্ষোভিত হইলেই আবার হৃদয়ে অনর্থ প্রকাশিত হয়। কর্ম্মজ্ঞানযোগাদির দ্বারা অনাবৃত শুদ্ধ কৃষ্ণকথা কৃষ্ণ হইতে অভিন্ন, জাগতিক কথা যেরূপ দেশ-কাল-পাত্রাদির দ্বারা পরিচ্ছিন্ন, তদ্রূপ নহে। সুতরাং শ্রীকৃষ্ণকথা ও শ্রীকৃষ্ণ একই বস্তু। শ্রীকৃষ্ণই স্বয়ং কথারূপে সেবোন্মুখ জীবের হৃৎ-কন্দরে প্রবেশ করিয়া সমস্ত জীবের সর্ব্বপ্রকার হৃদয়মল নিঃশেষিত করিয়া থাকেন। যাঁহারা শ্রীকৃষ্ণকথাকে তপ, কর্ম্ম ও যোগের সহিত সমপর্য্যায়ে দর্শন করেন, নামাপরাধ হেতু শ্রীকৃষ্ণের কৃপা হইতে তাঁহারা বঞ্চিত হন। শ্রীকৃষ্ণের কথাই সাক্ষাৎ শ্রীকৃষ্ণ। সুতরাং শ্রীকৃষ্ণকথা শ্রবণ-কীর্ত্তন জীবমাত্রেরই পরম সাধ্য ও পরম সাধন।" গৌরজন শ্রীশ্রীল আচার্য্যদেবও বলিয়াছেন,—"আমার বিষয়-বাসনা ছাড়া'বার জন্য সর্ব্বক্ষণ মনকে শত-মুখী প্রহার কর্‌তে হ'বে। 'আমাকে দেখ্‌লে লোকের পুণ্যক্ষয় হয়'—এই বুদ্ধি সর্ব্বদা মনে থাকা দরকার। আমি বিধর্ম্মী হওয়াতে আমাকে দর্শন কর্‌লে লোকের নিত্যক্ষণ থেকেও অসুবিধা হ'বে। সুতরাং কায়মনোবাক্যে যত বিষয় হ'তে স্বতন্ত্র হ'বে—আহার শুদ্ধ হ'বে—ইন্দ্রিয়ের সহিত বিষয়ের সন্নিকর্ষ যতটা কম হ'বে, ততই সত্ত্ব-শুদ্ধি হ'বে। আহার অর্থাৎ আহরণ—ইন্দ্রিয়ের দ্বারা বিষয়গ্রহণ। আহার শুদ্ধ হ'লে তখন "আপনি অধম হ'ন, লোক মনে—মানিবে" অভ্যাসটা আস্‌বে।'

চিত্তশুদ্ধির মূলে ভগবৎসেবা, আবার ভগবৎসেবার মূলে শ্রদ্ধা। শ্রদ্ধাই আমার একমাত্র রক্ষাকর্ত্রী, এই বিশ্বাসের নাম শ্রদ্ধা। ভগবান্ যে কোন প্রকারে রক্ষা করুন, এখানে না, তিনি আনুকূল্যে রক্ষা করেন। ভগবান্‌ই যে আমাদের রক্ষাকর্ত্তা, [illegible] না। [illegible] ভগবানের [illegible] বিশ্বাস করা। নিজের পরিকল্পনায় থাকিতে আমরা শ্রদ্ধা-হৈতুকী ভগবান্‌কে বিশ্বাস করিতে চাই না। তখন মনে হয়, আমরাই ত' সব কাজ কচ্ছি, কৃপা আর কি করিতেছে? এমনি আমাদের চিত্তবৃত্তি যখন আমরা হাতে পান পাই না, তখনই অন্যের শরণাপন্ন বৈষ্ণবে শ্রদ্ধা হয়। [illegible] মুগ্ধ নাই। [illegible] আমরা মাত্র কর্ত্তৃত্ব, তাহাও [illegible] উপেক্ষা করা। [illegible] পাপেশ্বরকে [illegible] বঞ্চিত [illegible] এরূপ [illegible] তাহার সদ্গুরু পাইয়া নিষ্কপটে শরণাগত হইবার পর তাঁহার আস্থার কথা বলিয়াছেন,—

জাতশ্রদ্ধো মৎকথাসু নির্ব্বিণ্ণঃ সর্ব্বকর্ম্মসু।
বেদ দুঃখাত্মকান্ কামান্ পরিত্যাগেঽপ্যনীশ্বরঃ॥
ততো ভজেত মাং প্রীতঃ শ্রদ্ধালুর্দৃঢ়নিশ্চয়ঃ।
জুষমাণশ্চ তান্ কামান্ দুঃখোদর্কাংশ্চ গর্হয়ন্॥

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে॥

প্রোক্তেন ভক্তিযোগেন ভজতো মাসকৃন্মুনেঃ।
কামা হৃদয্যা নশ্যন্তি সর্বে ময়ি হৃদি স্থিতে॥
(ভাঃ ১১।২০।২৮)

শ্রীভগবান্ বলিয়াছেন—"মদীয় চরিত কথায় শ্রদ্ধাযুক্ত, কর্মাদির উদয় পুরুষ বিষয়বাসনারাশিকে বিষাদ [illegible] তৎপরিত্যাগে অশক্ত হইলে "সর্বক [illegible] সকলবিষয় [illegible]" [illegible] দৃঢ়নিশ্চয় সহকারে তৎপরিত্যাগক [illegible] ভোগের সহিত [illegible] প্রীতির সহিত আমার আরাধনা করিবেন। পূর্ব্বোক্ত ভক্তিযোগে যিনি নিরন্তর আমার সেবা করেন, তাঁহার হৃদয় আমার প্রতি [illegible] হৃদয়স্থিত সমস্ত [illegible] নিবৃত্ত হইয়া থাকে।

[illegible] শ্রীল [illegible] বলিয়াছেন—"ভগবানের কথা [illegible] কখন [illegible] ভগবৎকথায় শ্রদ্ধাবান [illegible] দুঃখাত্মক বলিয়া [illegible] তিনি [illegible] নিত্যধামবাসী হন, সেবা [illegible] দৃঢ়ভাবাপন্ন করিয়া শ্রদ্ধাসহকারে [illegible] করেন। ব্যবহারিক কার্য্য [illegible] প্রেম কার্য্য উপস্থিত হয়, উহাদিগকে নিন্দনপূর্ব্বক দুঃসঙ্গত্যাগচেষ্টাবিশিষ্ট হইয়া ভগবৎ সেবাপরায়ণ হন। ভগবৎসেবায় [illegible] প্রভাবে অমঙ্গল নাই। ভোগপরায়ণ সকলপ্রকার অসুবিধা বর্ত্তমান। [illegible] ভক্তি বিপরীত জাতীয়। সুতরাং সেবোন্মুখ উন্নত হইবার পূর্ব্বে যে সকল বিপৎপাত উপস্থিত হয়, উহাদিগকে অপায়ক্রনীয় জ্ঞানে তাদৃশ দুঃখ পরিত্যাগ-বাসনায় ভক্তিপথে অগ্রসর হইতে ক্রমশঃ সুযোগ দান করে। ইন্দ্রিয়সমূহ মনের সেবা করিতে গিয়া নানা প্রকার ভোগবাসনা উত্তরোত্তর বৃদ্ধি করে। ভগবৎকথায় শ্রদ্ধাবিশিষ্ট অনন্য ভক্তিযোগ অবলম্বনপূর্ব্বক ভজন করিতে করিতে সকল প্রকার ভোগবাসনা হইতে অবসরপ্রাপ্ত করেন। সেইকালে তাঁহারা "ভগবান্ই একমাত্র আনন্দের ভোক্তা" এই প্রকার উপলব্ধি লোপণ করেন। ভগবদ্ভক্তগণ সর্ব্বদাই হৃদয়সিংহাসনে শ্রীভগবান্‌কে স্থাপনপূর্ব্বক তাঁহার সেবা করেন। সুতরাং নিজ ভোগবাসনা তাঁহাকে সেইকালে ক্লেশও দিতে পারে না।"

আমি নিজেকে জাতশ্রদ্ধ মনে করি বটে, কিন্তু আমার ভোগপর কামনাগুলি আমাকে সেবা হইতে বঞ্চিত করিতেছে বলিয়া আমার বিন্দুমাত্রও দুঃখবোধ হয় কি? আমি প্রীতির সহিত দৃঢ়নিশ্চয় হইয়া ভজন করিবার কোন যত্ন করি কি? আমার শ্রদ্ধা হইল না বলিয়া অভাববোধ আসে কি?

শ্রদ্ধাবিন্দু না পাইলে শ্রদ্ধা কি জিনিষ তাহা জানা যায় না। শ্রদ্ধা না হইলে বস্তু-বিষয়ে ধারণা করাও যায় না। এই প্রকার পূর্ব্বাপর দেখে শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভু বক্ষ্যমাণ পুরাণের বাক্য উদ্ধার করিয়া বলিয়াছেন—"হে রাজন্, ভক্তদের কাছে কোন বস্তু সত্য এবং কোন বস্তু [illegible] এই বিষয় উপস্থিত হয়। চিত্তারামময় [illegible] পরিবর্ত্তিত সিদ্ধ হইলে মহাজনদিগের [illegible] পুষ্টিপ্রাপ্ত করে।"

ভগবদ্ভক্তগণ যে স্নানাদি করেন, তাহা সাধারণ চিত্তশুদ্ধির জন্ম দেহ বা মনোধর্ম্মনিষ্ঠ ব্যক্তির ন্যায় নহে, তাহা আত্মধর্ম্ম সেবা। তিনি স্বভাবতঃ ভগবন্নামাশ্রয় করিয়াছেন তিনিই শুদ্ধচিত্ত। শাস্ত্র বলেন, যাঁহাদের জিহ্বায় একবারও শ্রীহরির নাম নৃত্য করিতেছেন তাঁহারা বহু বহু তপস্যা শেষ করিয়াছেন, বহু বহু হোম করিয়াছেন, তাঁহারা অনায়াসে বহু তীর্থে স্নান করিয়াছেন, তাঁহারা বহু বেদ পাঠ করিয়াছেন [illegible] আচরণ করিয়াছেন। তাঁহারা [illegible] আবির্ভূত হইতেও [illegible] শ্রেষ্ঠ।

"[illegible] স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তরঃ শুচিঃ" অর্থাৎ যিনি পুণ্ডরীকাক্ষের স্মরণ করেন, তিনি বাহ্য ও অভ্যন্তরে শুদ্ধ হইয়া থাকেন। এই কথা শুনিয়া কেহ কেহ বলেন যে, ভগবানের নাম স্মরণ করিলেই যখন শুদ্ধ হওয়া যায়, তখন ভক্তগণ স্নানাদি করেন কেন? তদুত্তরে শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভু বলিয়াছেন—"উপরিউক্ত শাস্ত্রবাক্যে শ্রদ্ধাশীল হইয়াও ভক্তগণ পুনরায় যে স্নানাদির আচরণ করেন, তাহা কেবল মাধ্যন্দিনাদি, ব্যাস প্রভৃতি সজ্জনগণের অনুষ্ঠিত আচারের গৌরব-রক্ষার জন্যই জানিতে হইবে। অন্যথা তত্ত্বজ্ঞানেও অপরাধ হয়। যেহেতু লোকের কদাচার প্রবৃত্তির নিবারণার্থই তাঁহারা ঐ সকল বিধান করিয়াছেন।"

কর্ম্মিগণ ফলভোক্তা, তাঁহারা পাপপুণ্যের ফলভোগে প্রমত্ত। মনোধর্ম্মী নির্ব্বিশেষজ্ঞানিগণেরও চিত্তশুদ্ধির স্থায়িত্ব নাই। কিন্তু অধোক্ষজ প্রীতির দ্বারাই একমাত্র ঐকান্তিকী চিত্তশুদ্ধি সম্ভব। সেইরূপ শুদ্ধচিত্তে ভগবানের আবির্ভাবাদির নিত্য অধিষ্ঠান হইয়া থাকে। ভগবদ্ভক্তের শুদ্ধ চিত্তে শ্রীনামরূপে অবতীর্ণ হইয়া ভগবান্ তাঁহার নাম-রূপ-গুণ ও নিত্য-লীলা বিস্তার করিয়া থাকেন।

বাস্তবসত্যে প্রীতিই অধোক্ষজে প্রীতি। বাস্তবসত্য স্বপ্রকাশ, তিনি অচেতন নহেন, তাঁহার স্বতঃকর্ত্তৃত্ব আছে। তিনি নিজেই initiative লইয়া বাস্তবসত্য গ্রহণের যোগ্যতা প্রকট করাইয়া নিজেকে নিষ্কপটের নিকট প্রকাশ করেন। তিনি কৃপা করিয়া নিজেকে আমাদের নিকট প্রকাশ করিলেই আমরা তাঁহাকে জানিতে পারি। তাঁহার কৃপা ছাড়া তাঁহাকে জানাও যায় না এবং চিত্ত নির্ম্মলও হয় না। সুতরাং শ্রীগুরু পাদপদ্মে প্রপত্তি ব্যতীত চিত্তশুদ্ধির অন্য কোন উপায় নাই। গুরুর নিকট প্রপন্ন হইতে হইবে। লঘুর নিকট প্রপন্ন হইলে কখনও বাস্তবসত্যে উপনীত হইতে পারা যাইবে না। শ্রীগুরুদেব কৃষ্ণের ক—কৃষ্ণ-চৈতন্য—কৃষ্ণ হইতে অভিন্ন, কৃষ্ণেরই দ্বিতীয় স্বরূপ বা প্রকাশ। এইরূপ সদ্গুরুর চরণে নিজেকে বলি দিতে হইবে। এই কথা শুনিয়া অনেকে বলেন,—যাঁহাকে গুরু বলিয়া বরণ করিব, তিনিই যে সদ্গুরু তাহা কি করিয়া জানিব? তদুত্তরে শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—"স্বয়ং কৃষ্ণ যাঁহাকে আপনার নিকট গুরু বলিয়া প্রেরণ করিবেন, তিনিই চৈত্য-গুরুরূপে আপনার হৃদয়ে উদিত হইয়া বাহিরে মহান্তগুরুরূপে প্রকাশিত হইবেন। ভগবান্ [illegible] লোকের বিভিন্ন যোগ্যতা দেখিয়া তাহার নিকট সেইরূপ গুরু প্রেরণ করেন। যাঁহারা ভগবানের নিষ্কপট কৃপা চাহেন—যাঁহারা শ্রেয়ঃপ্রাপ্তির নিমিত্ত ভগবানের উপর সম্পূর্ণ নির্ভর করেন, ভগবান্ তাঁহাদের উপর নিষ্কপট কৃপা বিতরণ করিবার জন্য স্বয়ং একান্ত সদ্গুরুরূপে প্রকাশিত হন। আর যাঁহারা ভগবানের কপট কৃপা চাহেন, তাঁহাদের যোগ্যতানুসারে ভগবন্মায়া তদনুযায়ী গুরু প্রেরণ করিয়া থাকেন। নিষ্কপট ব্যক্তির কোন অসুবিধা হয় না। তিনি অচিরেই বাস্তব সত্যের সন্ধান পান।

শ্রীশ্রীল আচার্য্যদেবের উপদেশ

— —::*::—

প্রঃ—নিকটে যদি অন্য কোন জলাশয় না থাকে, তা' হ'লেও গঙ্গাজল ব্যবহারে দোষ হ'বে কি?

উঃ—জল যদি না থাকে, তা'হ'লে কূপ কিংবা পুষ্করিণী তৈরী ক'রে নিতে পারে। দশ মাইল হেঁটে গিয়ে যদি জল আনতে হয়, তা'ও ভাল, তবু ভোগ্যবস্তুরূপে গঙ্গাজল ব্যবহার ক'রতে হ'বে না।

প্রঃ—মৃত ব্যক্তির অস্থি গঙ্গায় ফেললে কি তা'র সদ্গতি হয়?

উঃ—রোগীকে তিক্ত ঔষধ খাওয়াবার জন্য যেমন লাড্ডু দেখা'বার দরকার হয়, বেদও সেই রকম নানাপ্রকার পুণ্যফলের প্রলোভন দেখিয়েছেন।

যদ্ব্রহ্মসাক্ষাৎ-কৃতিনিষ্ঠয়াপি
বিনাশমায়াতি বিনা ন ভোগৈঃ।
অপৈতি নাম স্ফুরণেন তত্তে
প্রারব্ধ-কর্ম্মেতি বিরৌতি বেদঃ॥
(শ্রীরূপগোস্বামিকৃত শ্রীকৃষ্ণনাম-স্তোত্র)

শুদ্ধনামের স্ফূর্তি হ'বার আগেই ভক্তির আভাসে সমস্ত অনর্থ দূর হ'য়ে যায়। গঙ্গাকে যদি শ্রীবিষ্ণুপাদোদক জ্ঞান হয়, তা' হ'লে শ্রীবিষ্ণুপাদপদ্মে রুচি হ'বে।

যস্যাত্মবুদ্ধিঃ কুণপে ত্রিধাতুকে
স্বধীঃ কলত্রাদিষু ভৌম ইজ্যধীঃ।
যত্তীর্থবুদ্ধিঃ সলিলে ন কর্হিচি-
জ্জনেষ্বভিজ্ঞেষু স এব গোখরঃ॥
(ভাঃ ১০।৮৪।১৩)

গঙ্গাজলে যা'র জল-বুদ্ধি, সে গরুর মধ্যে গাধা অর্থাৎ অত্যন্ত নির্ব্বোধ। কর্ম্মকাণ্ডী ব্যক্তিমাত্রেই মূর্খ! শ্রীভগবানের শ্রীচরণামৃত আর শ্রীভগবান্ একই বস্তু। অস্থিটা কা'র? দেহের সঙ্গে অপ্রাকৃত আত্মার কি সম্বন্ধ আছে যে, অস্থি গঙ্গায় ফেললে আত্মার কল্যাণ হ'বে? অস্থিটা ত' জড়, শৃগাল কুকুরের ভক্ষ্য জিনিষ, তা'র সঙ্গে আত্মার কি যোগাযোগ থাকতে পারে? তবে যে কর্ম্মকাণ্ড-প্রতিপাদক বেদ নানাপ্রকার পুণ্যের প্রলোভন দেখিয়েছেন, সে কেবল যা'রা বেদবিরোধী অসভ্য, তা'দের সভ্য করবার জন্য।

প্রঃ—প্রারব্ধ ও অপ্রারব্ধ কা'কে বলে?

উঃ—যে কর্ম্ম ফলোন্মুখ অর্থাৎ যা'র ফল ফলতে আরম্ভ হ'য়েছে, সেটা প্রারব্ধ। যা'র ফল এখনও ভোগ হয়নি, তা'কে অপ্রারব্ধ বলা যায়।

প্রঃ—কৃষ্ণ ভক্তবৎসল হ'য়েও ব্রজবাসী স্বজনগণকে বিচ্ছেদ দুঃখ সহ্য করিয়েছিলেন কেন?

উঃ—শ্রীনন্দনন্দন বা গোপীনাথ কখনও ব্রজ ত্যাগ ক'রে অন্যত্র যান না। মথুরায় যা'র অবস্থান দৃষ্ট হয়, তিনি বসুদেব-দেবকী-নন্দন। মথুরায় গমন, কংসবধ প্রভৃতি কার্য্য দেবকীনন্দন ক'রেছেন, যশোদানন্দন করেন নি।

প্রঃ—বসুদেবনন্দন ও যশোদানন্দনে পার্থক্য কি?

উঃ পার্থক্য প্রকৃতপক্ষে কিছু নাই, বস্তু একই। তবে সম্ভ্রম বা ঐশ্বর্য্যবুদ্ধিতে উপাস্য বস্তু বসুদেবনন্দনরূপে প্রকাশিত হন, আর যেখানে কেবল মাধুর্য্যময় শুদ্ধ রাগের অবস্থান, সেখানে উপাস্য শ্রীনন্দ-নন্দন। সাধকের ভাবের তারতম্য অনুসারে উপাস্য বিভিন্ন নিত্যস্বরূপে প্রকাশিত হন। স্বরূপে সমস্তই এক তত্ত্ব।

প্রঃ—মায়া কি বস্তু? তা'র থেকে নিস্তার পা'বার উপায় কি?

উঃ—ভগবানের চিচ্ছক্তির ছায়া হচ্ছে মায়া। ভগবদ্ভক্তের শরণাপন্ন হ'লেই মায়ার হাত থেকে রক্ষা পাওয়া যায়, এ ছাড়া মায়া জয় ক'রবার আর কোন উপায় নেই।

প্রঃ—ভগবদ্রাজ্যে যেতে হ'লে কি বাণীই সম্বল?

উঃ—শব্দব্রহ্ম বা নামব্রহ্মের সম্যক্ কীর্ত্তন ব্যতীত মঙ্গল হ'বে না। স্বয়ং ভগবান্

বেদব্যাস ও অন্যান্য মহদ্ব্যক্তিগণের দ্বারা আবির্ভাবিত এবং মহানুভব ব্যক্তির কীর্ত্তিত শব্দের আরাধনাই মঙ্গললাভের একমাত্র উপায়। নিগমকল্পতরুর গলিত ফল শ্রীমদ্ভাগবত স্বয়ং রসময় বস্তু; তা'র উপর আবার মহানুভব শ্রীল শুকদেবের উচ্ছিষ্ট, তাঁ'র শ্রীমুখের অপ্রাকৃত দ্রব অর্থাৎ লালাসংযুক্ত হওয়ায় সে'টি আরও উপাদেয় হ'য়েছে। সেই শব্দরূপী শ্রীভগবদবতার শ্রীমদ্ভাগবত শ্রবণ, পঠন ও বিচার দ্বারা সর্ব্বার্থসিদ্ধি হ'বে। বাণী দুই প্রকারে প্রকটিত হন। এক প্রকার—ভক্তকর্ত্তৃক আবির্ভাবিত, যেমন শ্রীমদ্ভাগবত, বিষ্ণুপুরাণ প্রভৃতি। দ্বিতীয় প্রকার—মহতের শ্রীমুখকীর্ত্তিত। শ্রীমদ্ভাগবত শ্রীবেদব্যাসের লেখনীমুখে প্রকটিত, আবার শ্রীল শুকদেব কর্ত্তৃক কীর্ত্তিত। এই শ্রীমদ্ভাগবত যদি কোন মহতের শ্রীমুখে শ্রবণ করা যায়, তা' হ'লে তা'র যে ফল হয় তা' অবর্ণনীয়।

প্রঃ—অপরাধ কি প্রকারে যায়?

উঃ—অপরাধ আর যা'তে না হয়, সেজন্য সতর্ক হ'তে হ'বে। পূর্ব্বকৃত অপরাধের ফল সহিষ্ণু হ'য়ে ভোগ কর্‌তে কর্‌তে সর্ব্বক্ষণ ভগবচ্চরণে আত্মনিবেদন কর্‌তে হ'বে। ভোগ-ত্যাগ ও ত্যাগ-ত্যাগের প্রতি লক্ষ্য রাখ্‌তে হ'বে। যাঁ'র কাছে অপরাধ হ'য়েছে, তাঁ'র স্তবস্তুতি ক'রে তাঁ'কে প্রসন্ন ক'রতে হ'বে। কারণ যাঁ'র কাছে অপরাধ হয়, তিনি ক্ষমা না ক'রলে আর কোন উপায় নেই। কা'র কাছে অপরাধ হ'য়েছে, যদি জানা না থাকে, তা'হ'লে একান্তভাবে শ্রীনামের আশ্রয় গ্রহণ ক'রতে হ'বে। নিরন্তর শ্রীনামগ্রহণ ক'রলে সকল অপরাধ দূর হ'য়ে যা'বে।

নামাপরাধযুক্তানাং নামান্যেব হরন্ত্যঘম্।
অবিশ্রান্তি-প্রযুক্তানি তান্যেবার্থকরাণি যৎ॥
(পদ্মপুরাণ)

অবিরাম নামগ্রহণ করা দরকার। জিহ্বাকে বিশ্রাম না দিয়ে অনবরত শ্রীনাম-গ্রহণ ক'রলে আর অপরাধ করবার অবকাশ থাক্‌বে না, তখন নিরপরাধে নাম হ'বে।

রেঙ্গুণে প্রচার

পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে রেঙ্গুণ শ্রীগৌড়ীয়মঠের সেবকগণ প্রত্যহ মঠে পাঠ-কীর্ত্তনাদি করিতেছেন।

গত ২৬শে এপ্রিল শনিবার সেবকগণ রেঙ্গুণের প্রসিদ্ধ উকিল মিঃ কে, সি সান্যাল মহাশয়ের সাদর আহ্বানে তাঁহার কালাবস্থি ভবনে পাঠ-কীর্ত্তনাদি করেন। মিঃ ইউ এল গোস্বামী য়্যাড্‌ভোকেট, রেঙ্গুণ একাডেমির সুপারিন্টেণ্ডেণ্ট মিঃ এম এন লাহিড়ী প্রভৃতি স্থানীয় কয়েকজন উকিল ও কতিপয় সম্ভ্রান্ত ব্যক্তি পাঠে যোগদান করিয়াছিলেন।

দুই একটী কথা

শ্রীকৃষ্ণচৈতন্যদেব কৃষ্ণতত্ত্বের প্রকৃত সন্ধান দিয়াছেন। কৃষ্ণতত্ত্ব হইতেই সমগ্র ব্যক্ত ও অব্যক্তভাব এবং স্থূল-সূক্ষ্ম উপাধি প্রকাশিত হইয়াছে। কৃষ্ণ পরমেশ্বর, সচ্চিদানন্দবিগ্রহ, অনাদি, সর্ব্বাদি, গোবিন্দ ও সর্ব্বকারণকারণ। কৃষ্ণ কাহারও অন্তর্গত, বশীভূত বস্তু নহেন। তাঁহারই বশীভূত প্রকৃতি, কাল, কর্ম্ম ও ব্যোম। তিনি নিত্য অজ্ঞানাস্পৃষ্ট ও নিরবচ্ছিন্ন আনন্দময়। তিনি ক্ষণভঙ্গুর নহেন। কোন অজ্ঞানই তাঁহাকে স্পর্শ করিতে পারে না। তিনি পূর্ণজ্ঞানময়, নিরানন্দের সহিত অসংপৃক্ত, দুঃখাদি তাঁহার নিকট আসিতে পারে না।

কৃষ্ণ—পুরুষোত্তম। তিনি প্রাপঞ্চিক ধারণার গুণসাম্যাবস্থ অব্যক্ত প্রকৃতিমাত্র নহেন। তিনি নির্ব্বিশিষ্ট না হইয়া বিগ্রহ-বিশিষ্ট, জড়ের ত্রিগুণ বা জীবের ইন্দ্রিয়জ জ্ঞানোত্থ সত্ত্ব, রজ ও তমোগুণ চালিত স্থূল সূক্ষ্মপরিচ্ছিন্ন নশ্বরবিশেষ নহেন। অখণ্ডকাল তাঁহা হইতে সৃষ্ট, তাঁহাতেই অবস্থিত। তিনি ভূতাকাশ ও পরব্যোমের সৃষ্টির প্রাকট্যের পূর্ব্বে আদি জনক পুরুষ।

হরিভক্তিই সর্ব্বোত্তম বস্তু। হরিভক্তি যাঁহার লাভ হইয়াছে, তিনিই বড়। শ্রীভগবানই সর্ব্বশ্রেষ্ঠ। তিনি অনাদির আদি। চিদচিৎ বিশ্বে ছোট বড় যত কিছু বস্তু সকলেরই আকর শ্রীভগবান্। শ্রীভগবান্ অণোরণীয়ান্ মহতো মহীয়ান্। সেই ভগবানের সেবকগণ আরও বড় বস্তু। তাঁহারা ভগবান্‌কে প্রীতিতে আবদ্ধ করেন, তাড়ন-ভর্ৎসন করেন। ভগবান্ তাঁহাদের পুত্রত্ব স্বীকার করেন। ভক্তি যাঁহার যে পরিমাণে আছে, তিনি সেই পরিমাণে বড়। যিনি হরিভজন করেন না, তিনি জাগতিক সৎকুল-সম্পন্ন, আভিজাত্যসম্পন্ন, ধনবান্, সৌন্দর্য্যশালী যাহাই হউন না কেন, তিনি গৃহেই থাকুন বা বনেই থাকুন, তিনি সদাচার-সম্পন্নই হউন বা যত বড় নৈতিকই হউন না কেন, তিনি প্রকৃতপ্রস্তাবে বড় হইতে পারেন না।

যেই ভজে সেই বড় অভক্ত হীন ছার।
কৃষ্ণভজনে নাহি জাতিকুলাদি বিচার॥

সর্ব্বোত্তম ভগবানের সেবকগণ সর্ব্বোত্তমোত্তম হইলেও তাঁহারা নিজেকে অতি দীন হীন মনে করেন। 'হায়, ভগবানে আমার প্রীতির লেশমাত্রও হইল না', ইহাই তাঁহারা মনে করেন। ভগবানের সেবকগণের দাম্ভিকতা নাই। তৃণাপেক্ষা নীচ-অভিমান, বৃক্ষ অপেক্ষা সহিষ্ণু, অমানী ও সকলকে যথাযোগ্য মানদান করাই তাঁহাদের স্বভাব।

সর্ব্বক্ষণ শ্রীগুরুপাদপদ্মের মহিমা ও অপ্রাকৃত গুণাবলী কীর্ত্তন করিতে হইবে। ত্রিসন্ধ্যা শ্রীগুরুপাদপদ্মের শ্রবণ, কীর্ত্তন ও স্মরণ করিতে হইবে। শ্রীগুরুপাদপদ্মের স্মরণ হইলেই লঘুর স্মরণ -জড়ের স্মরণ আপনা হইতেই চলিয়া যাইবে, তখন চব্বিশ ঘণ্টা শ্রীগুরুপাদপদ্মের সঙ্গলাভ হইতে পারিবে। স্মরণ বা ধ্যান করিলেই সঙ্গ হয়। যদি বিষয় ধ্যানে বিষয়ীর সঙ্গ হয়, তাহা হইলে অধোক্ষজের ধ্যানে অধোক্ষজের সঙ্গ হইবে না কেন? যদি জড়ের ধ্যান ও জড়ের প্রতি আসক্তির জন্য আমরা জড়ের প্রতি তন্ময়তা লাভ করি এবং তৎফলে জড়ের গুণসকল আমাদের মধ্যে সঞ্চারিত হয় তবে অনন্তগুণ গুণী শ্রীগুরুপাদপদ্মের ধ্যান ও স্তব করিতে করিতে তন্ময়তা লাভ করিলে তাঁহার গুণসকল কেন আমাদের মধ্যে সঞ্চারিত হইবে না? প্রজল্প বা অসৎকথা-কীর্ত্তনে যদি অসৎসঙ্গ হয় তাহা হইলে সদ্বস্তু শ্রীগুরুপাদপদ্মের গুণকীর্ত্তন করিলে আমরা সৎ হইব না কেন? পুরুষাভিমান পরিত্যাগ করিয়া শ্রীগুরুপাদপদ্মের গুণমহিমা স্মরণ বা কীর্ত্তন করিলে তাঁহার গুণসকল আমাদের মধ্যে নিশ্চয়ই সঞ্চারিত হইবে।

চব্বিশ ঘণ্টা শ্রীগুরুপাদপদ্মের কৃপার কথা কীর্ত্তন করিতে হইবে। যখন শ্রোতা না পাওয়া যায় তখন একাকী শ্রীগুরুপাদ-পদ্মের গুণ ও লীলা ধ্যান করিয়া তীব্র বিরহে আকুল হইয়া কাঁদিতে হইবে। আর শ্রোতা থাকিলে তাঁহার গুণ ও লীলা কীর্ত্তন করিতে হইবে। সর্ব্বক্ষণ গুরুবৈষ্ণবসেবার প্রতি তীব্র দৃষ্টি রাখিতে হইবে। বৈষ্ণবে রতি না হইলে গুরুপাদপদ্মের কৃপা উপলব্ধি হইবে না।

হরিভজনে বহু বাধা। দেহ, মন, পারিপার্শ্বিক অবস্থা এবং দেবতাগণও ভজনে বাধা প্রদান করেন। এমন কি দেবতাগণ অনেক সময় স্ত্রী পুত্রাদি বন্ধুবান্ধবরূপেও আসিয়া জীবকে হরিভজনে বাধা প্রদান করিয়া থাকেন। এজন্য ঐকান্তিক না হইলে হরিভজনে অগ্রসর হওয়া যায় না। যাঁহারা কৃষ্ণকেই একমাত্র নিত্য রক্ষাকর্ত্তা বলিয়া বরণ করিয়াছেন, তাঁহারা দেবতাগণের ঐ মায়াবী ছলনা বুঝিতে পারিয়া সংসার-বন্ধন হইতে মুক্তিলাভ করিতে পারেন। ঐকান্তিক হইলে বাধাসমূহ কৃষ্ণসেবা হইতে বিচ্যুত করা ত' দূরের কথা, অধিকতর সংলগ্ন করিয়া দেয়। শরণাগত ঐকান্তিক ভক্ত ভগবৎসেবায় যত বিঘ্ন দেখিতে পান তিনি ততই অধিক আর্ত্ত ও উৎসাহবিশিষ্ট হইয়া থাকেন। সজাগ শরণাগত ভক্ত কখনও পতিত হন না। তিনি গুরুকৃপাকেই একমাত্র সম্বল করিয়া কোটী কোটী বাধাবিপদ অতিক্রম করিয়া দ্রুতগতিতে সেবার পথে অগ্রসর হন। ভগবান্ সর্ব্বক্ষণ তাঁহাকে বিপদ্ হইতে রক্ষা করেন।

স্বতন্ত্রতাই ভজনের বাধা। ইহাই আধ্যক্ষিকতা বা ভোগোন্মুখতা। জীব স্বরূপতঃ গুরুকৃষ্ণের অধীন। অধীনতাই তাহার সত্তা। সুতরাং অধীন জীব যতদিন স্বাধীনতা বজায় রাখিবার অবৈধ চেষ্টা করিবে, যতদিন সে গুরুকৃষ্ণপাদপদ্মে শরণাগত না হইবে, ততদিন সে কষ্ট পাইবেই। নিজের উপর নির্ভরতাই অপস্বাধীনতা বজায় রাখিবার চেষ্টা। জীব দুর্ব্বল, ক্ষুদ্র,—মায়াগ্রস্ত। সুতরাং নিজের উপর নির্ভর করিলে এক অন্ধ অন্য অন্ধ দ্বারা চালিত হইয়া উভয় গর্ত্তে পতিত হওয়ার ন্যায় সংসাররূপ অন্ধকূপে পড়িয়া থাকিতে হইবে। অতএব নিজের উপর নির্ভরতা সম্পূর্ণরূপে ছাড়িয়া গুরুকৃপার প্রতি নির্ভর করিতে হইবে। কৃপা পাইতে বিলম্ব হইতেছে দেখিয়া চঞ্চল মনের কথায় কৃপার প্রতি নির্ভরতা ছাড়িয়া দিতে হইবে না। সুখে দুঃখে, সম্পদে-বিপদে, শয়নে-স্বপনে নিরন্তর চাতকের ন্যায় কেবল কৃপার প্রতীক্ষা নির্ভর করিতে হইবে। কৃপা হইবেই। আজ হউক বা দু'দিন পরে হউক গুরুকৃপা অবশ্য পাওয়া যাইবে, কারণ কৃপা ছাড়া আমাদের অন্য কোন প্রাপ্য বস্তু নাই। তবে যাহাতে এই জন্মেই গুরুকৃপা লাভ করা যায় তজ্জন্য সর্ব্বক্ষণ কাঁদিয়া কাঁদিয়া প্রার্থনা করিতে হইবে—

যোগ্যতা বিচারে, কিছু নাহি পাই,
তোমার করুণা সার।
করুণা না হ'লে, কাঁদিয়া কাঁদিয়া,
প্রাণ না রাখিব আর॥

পতিতের বন্ধু বা পতিতের উদ্ধারকর্ত্তা একমাত্র সাধু ও সাধুসেব্য ভগবান্। সাধু অভয়। যিনি এই অভয়ের আশ্রিত তাঁহার আবার ভয় কিসের? দ্বিতীয় বস্তুর প্রতি অভিনিবেশই ভয়। একাভিনিবেশ বা সাধু-গুরুর প্রতি অভিনিবেশ হইলে আর ভয় থাকে না। ভয়, শোক ও মৃত্যুর হাত হইতে রক্ষা পাইবার একমাত্র উপায় অশোক, অভয় ও অমৃতাধার সাধুগুরুপাদপদ্মে শরণাগতি। ইঁহারা সকলেই অমৃত। শ্রীনাম অমৃত, ভক্তি অমৃত, হরিকথা অমৃত। অমৃতের পাদপদ্মে শরণগ্রহণকারীর মৃত্যু, শোক বা ভয় কোথায়? হরিভজন করিতে হইলে দ্বিতীয়াভিনিবেশ ত্যাগ করিয়া প্রত্যেক মুহূর্ত্তে একের দিকে তীব্রদৃষ্টি রাখিতে হইবে। গুরুপাদপদ্মে যাহাতে আপনজ্ঞান বা প্রীতি বাড়ে তৎপ্রতি সর্ব্বক্ষণ লক্ষ্য রাখিতে হইবে। যাঁহার সঙ্গ করিলে গুরুপাদপদ্মে শ্রদ্ধা, আপনজ্ঞান বাড়ে সর্ব্বক্ষণ সেইরূপ শ্রেষ্ঠ সাধুর সঙ্গ করিতে হইবে। সঙ্গ কায়মনোবাক্যে হওয়া চাই। শ্রীগুরুপাদপদ্মে শরণাগত ব্যক্তিই সবল। সেইরূপ সবলের সঙ্গই নিরন্তর করিতে হইবে। বহু দুর্ব্বলের সঙ্গ করিলে সবল হওয়া যায় না, একজন সবলের সঙ্গ করিলেই সবল হওয়া যায়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন—বড়বাজার ৬.১৫
সেবক—শ্রী[illegible] ভক্তিশাস্ত্রী [illegible]

শ্রীযোগপীঠমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]বিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]চরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনঙ্গদাস ব্রহ্মচারী

স্বানন্দ সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী পোঃ সমুদ্রগড় (বৰ্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] অধিকারী

সার্ব্বভৌম গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বৰ্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাহ্নগর (বৰ্দ্ধমান)
সেবক—শ্রী[illegible]দাস ব্রহ্মচারী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীমহৎকৃপা ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রী[illegible]দাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রী[illegible]দাস দাসাধিকারী

কুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রী[illegible]কিশোর ব্রজবাসী

বালিঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

পুরী গৌড়ীয়মঠ
চব্বিশপরগণা
সেবক—শ্রী[illegible]নাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা।
সেবক—গৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীউমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রী[illegible] ব্রজবাসী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible]
সেবক—শ্রী[illegible] বিদ্যারত্ন বি এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক শ্রী[illegible]মোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগলাবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রী[illegible]নন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক শ্রী[illegible]পাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রী[illegible]গোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় [illegible], বেনারস সিটি
সেবক—শ্রী[illegible]চৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রী[illegible]দাস ব্রহ্মচারী বি এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রী[illegible] ব্রজবাসী

কুসুম [illegible]মঠ
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রী[illegible] [illegible]লোচন

শ্রী[illegible] মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণ, মথুরা।
সেবক—শ্রী[illegible] দাস

গৌরবিহারী মঠ
[illegible]
পোঃ [illegible] (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible]দাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible]গোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড নিউ দিল্লী
সেবক—শ্রী[illegible]দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে ন, ২৬
সেবক—শ্রী[illegible]দাস ব্রহ্মচারী

মাড্রাজ গৌড়ীয়মঠ
পোঃ [illegible] মাদ্রাজ
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, [illegible] গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রী[illegible]বিহারী দাস অধিকারী

আ[illegible]
(ভগবৎ-[illegible])
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রী[illegible]দাস ব্রহ্মচারী

আ[illegible]
(ভগবৎ-[illegible])
পুরী
সেবক—শ্রী[illegible]নাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রী[illegible]নন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিকলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ [illegible], মেদিনীপুর
সেবক শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাণীবাঁধ (বৰ্দ্ধমান)
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ডুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রী[illegible]বিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ম্যাঞ্চেষ্টার রোড, টাউড, গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি গৌড়ীয়মঠালয়
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রী[illegible]গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পর্দি [illegible]পীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

[illegible]পের বক্তাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরি[illegible]দাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]চরণ দাসাধিকারী

পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্
সেবক—শ্রী[illegible]শেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

—:(:০:):—

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১।।০	১।।০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪।।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫৹, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান -শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মহুয়া প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মহুয়া প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ হিন্দি পদ্যানুবাদসহ মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—(:০:)—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

—::০::—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকট বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার প্রগাঢ় পাণ্ডিত্যের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থ পুস্তক একত্র সমাবেশ এই গ্রন্থ আছে। ইহা এক অভিনব গ্রন্থ-সংগ্রহ। এই গ্রন্থ পাঠ করিয়া সকল ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার যোগ্যতা পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ॥• আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম)

আপ

শনিবার ব্যতীত — শনিবার অন্য দিন

কলিকাতা ছাঃ	৪ ৫৬	৬ ১১	৭ ১৪	৩-১৬	১৪-১৬	১৬ ৫৬	১৭-৪৬	২০ ২৬	
দমদম „	৪-৫৬	৬ ৩	৭ ২৮	১৩ ২৯	...	.	১৮ ৫	২২-৪৬	
রাণাঘাট পৌঃ	৬ ৮	৭ ৫৮	৯ ১৮	১৪ ৫০	১৬ ৭৮	১৮-৩১	২২-৩৭	০-২৫	
(বদল) ছাঃ		৮ ৩৭							
কৃষ্ণনগর পৌঃ	৬ ১৩	৮ ৪০	১০ ৬	১৫ ৩৮	১৭-৩১	১৯ ২৫	২০ ২০	১-১০	
লাইট রেল (বদল) ছাঃ	৭ ২০	১০-২৬	১৪ ২০	১৭-৪০			২০-৭০		
মহেশগঞ্জ „	৭ ৪৫	১০-৫১	১৫-২৫	১৮ ১৫			২১ ৫		
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫ ৩৩	১৮ ২৩			২১-১৩		

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম „	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
„ ছাঃ	২-৫৬
শান্তিপুর পৌঃ	১৩ ২৪
(বদল) ছাঃ	১৩ ৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫ ৩৩

ডাউন

শনিবার ব্যতীত — অন্য দিন শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪	৯-১২		১৬-৩	১৬-৩১	১৮ ৩৮			
মহেশগঞ্জ „	৬ ২৩	৯-২১		১৬-১২	১৬ ৪০	১৮ ৪৭			
কৃষ্ণনগর পৌঃ	৬ ৫৭	৯ ৫৫		১৬-৪৬	১৭ ১৪	১৯-২১			
(বদল) ছাঃ	৬-৩১	৭-১০	৮-৫১	১১-২৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬	
রাণাঘাট পৌঃ	৪ ১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৫৫	১৭-৩০	২০-৩	২১-১৯	
(বদল) ছাঃ	..		. .		১৫-৫৬	১৭-৪২		...	
দমদম		১১-৪			১৭-৩৬	১৯-৯	২১ ২৬	২২-৫৮	
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১২-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬	২১ ৭০	২৩ ১০	

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪ ১
মহেশগঞ্জ „	১৪-১৭
কৃষ্ণনগর পৌঃ	১৪-৪৪
ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
„ ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ কুঞ্জবিহারী বিদ্যাভূষণ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷৹ টাকা মাত্র।

২। ভাগবত ভক্তিবাদের একমাত্র পারমার্থিক মাসিক পত্র। গয়া শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয় পত্র শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর ভাগবতভূষণ বি-এ সম্পাদিত বাংলা ॥ নং। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১০ মাত্র।

শ্রীশ্রীমদ্‌-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-বৈষ্ণবসিদ্ধান্ত অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্ত বিগ্রহ পরমারাধ্যতম ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীমুখোক্ত বচনামৃত ... পণ্ডিত ও ধর্ম্মবাদী সত্যানুসন্ধিৎসুগণ যে সকল প্রশ্ন করিয়াছিলেন, তাঁহার সর্ব্বসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগ-সিদ্ধান্তসমন্বিত ও অনুরূপ 'সদাচার'-পালনে অপ্রতিদ্বন্দ্বী শ্রীকৃষ্ণভক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তপুষ্টির অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই পাঠ্য ও সেবনীয়।

ভিক্ষা—৸৹ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——::•::——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা 'দৈনিক নদীয়া-প্রকাশ' ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৷১৷৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখানহইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয়। ছোট বোতল ৸৹ দশ আনা, বড় বোতল ১৷৹ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
বেহালা, ২৪ পরগণা

টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

Regd No. C. 1544

শ্রীশ্রীশ্রুতিরত্নমালা
—:০:—
শ্রীল নারায়ণদাস ভক্তি-
সুধাকর এম-এ সঙ্কলিত।
এই গ্রন্থ কথামাত্র, বিস্তৃত
ভূমিকা ও সূচীসহ অতি সুন্দর
রূপে প্রকাশিত হইয়াছে।
ঈশ, কেন, কঠাদি দ্বাদশ
উপনিষদের অভিনব সংস্করণ
ভিক্ষা মাত্র ১৷৹ টাকা।
প্রাপ্তিস্থান—
মধুবা প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—ওয়ারী, ঢাকা

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীচৈতন্যদেব
—:০:—
স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য-
মহাপ্রভুর জীবনী ও শিক্ষার
কথা সুন্দরভাবে বর্ণিত
লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট
কাগজে সুন্দর বাঁধাই।
৩য় সংস্করণ; ভিক্ষা ১৷৹
প্রাপ্তিস্থান -
শ্রীগোপীনাথ ইন্‌ষ্টিটিউট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

১৬শ খণ্ড] শ্রীমায়াপুর, ২রা জ্যৈষ্ঠ, ১৩৪৮; ১৬ই মে, ১৯৪১; শুক্রবার [৫৯তম সংখ্যা

নানা-সংবাদ

—::[*]::—

ব্রাহ্মণবাড়িয়ায় সাম্প্রদায়িক সদ্ভাব

কিভাবে ব্রাহ্মণবাড়িয়া মহকুমায় সাম্প্রদায়িক সদ্ভাব বজায় থাকিতে পারে সেই সম্পর্কে উপায় নির্দ্ধারণ ও আলোচনার নিমিত্ত গত ১৪ই এপ্রিল মহকুমা হাকিম মিঃ এইচ. এইচ. নোমানি বিশিষ্ট হিন্দু ও মুসলীম নেতাদের লইয়া একটি সভা আহ্বান করিয়াছিলেন। মহকুমা হাকিমকে সভাপতি ও মৌলবী এ. এম, সাইদুল হক ও বাবু ল'লত মোহন বর্ম্মণকে যুগ্ম সম্পাদক নিযুক্ত করিয়া স্থানীয় বিশিষ্ট ব্যক্তিগণকে লইয়া একটি শক্তিশালী শান্তি-সমিতি গঠন করা হইয়াছে। মিঃ নোমানী এবং ত্রিপুরার অতিরিক্ত পুলিশ সুপারিন্টেণ্ডেণ্ট এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। তাঁহারাও যুগ্মভাবে বাজে গুজব ও ত্রাস বন্ধ করিয়া জনসাধারণকে শান্তিতে থাকিতে উপদেশ প্রদান করেন।

—

পল্লী-অঞ্চলে চিকিৎসা-ব্যবস্থা

বাঙ্গলা-সরকার পল্লী-অঞ্চলে চিকিৎসার জন্য নিম্নলিখিত সাহায্য মঞ্জুর করিয়াছেন :—

১। (ক) রাজসাহী জেলার মিউনিসিপ্যালিটি স্থাপিত কুষ্ঠ-বিরোধী চিকিৎসালয় স্থাপন ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত এককালীন ২০০৲ টাকা দান।

(খ) অর্দ্ধেক মেডিক্যাল অফিসারকে সাহায্য ও অর্দ্ধেক অনুচরের মাহিয়ানা হিসাবে মাসিক ১৫৲ টাকা করিয়া সাহায্য প্রদান।

২। ড্রাগস্, ড্রেসিং ফার্ণিচার ও অ্যাপ্লায়েন্স বোর্ড কর্ত্তৃক স্থাপিত ১১টি কুষ্ঠ-বিরোধী চিকিৎসাগার স্থাপন ও রক্ষণাবেক্ষণের উদ্দেশ্যে বাঁকুড়া জেলা বোর্ডকে এককালীন ২০০৲ টাকা প্রদান।

—

ভারতে ঔষধ প্রস্তুত

ভারতীয় মেডিক্যাল সার্ভিসের ডিরেক্টর জেনারেল লেঃ জেনারেল জি, জি, জলি, সি, আই, ই, আই, এম. এর মহোদয়ের সভাপতিত্বে গত ১৮ই এপ্রিল নয়া দিল্লীতে মেডিকেল ষ্টোর্স সাপ্লাই কমিটির (ডাক্তারি ঔষধ ও দ্রব্যাদি সরবরাহ কমিটি) এক অধিবেশন হইয়া গিয়াছে।

সভায় যুদ্ধক্ষেত্রে ব্যবহারের জন্য অস্ত্রোপচারের যন্ত্রাদি প্রস্তুতের বিভিন্ন সমস্যা সম্বন্ধেও আলোচনা হয়।

বিদেশী ঔষধের বদলে ভারতে প্রস্তুত কি কি ঔষধ ব্যবহার করা যায়, কমিটি তাহাও সাব্যস্ত করিয়াছেন।

সামরিক ও বে-সামরিক কর্ত্তৃপক্ষ যে সকল অস্ত্রোপচারের যন্ত্রাদি ব্যবহার করেন, কি করিয়া তাহাদের অনেকগুলির উৎকর্ষ নির্দ্দিষ্ট করিয়া দেওয়া যায়, সে সম্বন্ধে আলোচনা হয়। বর্ত্তমান অবস্থা সম্পর্কে অনুসন্ধানের ও যথোপযুক্ত পরামর্শ দানের উদ্দেশ্যে একটি এড্‌হক কমিটি গঠনের সিদ্ধান্তও করা হইয়াছে।

—

খুলনায় সাফল্যমণ্ডিত প্রদর্শনী

সম্প্রতি খুলনা থানার অন্তর্গত খোদার নামক স্থানে একটি কৃষি ও জন-স্বাস্থ্য-প্রদর্শনী খোলা হইয়াছিল। জেলা ম্যাজিষ্ট্রেট মিঃ এ, এন, রায় প্রদর্শনীর দ্বারোদ্ঘাটন করেন এবং জেলা বোর্ডের চেয়ারম্যান মিঃ এস, এন, ঘোষ পুরস্কার বিতরণ করেন।

এই প্রদর্শনীতে সরকারী জনসেবা-সঙ্ঘ, কৃষি, গৃহপালিত পশু ও চিকিৎসা-বিভাগগুলি, জেলা-বোর্ডের জন স্বাস্থ্য-বিভাগ, বঙ্গীয় সোসিয়াল সার্ভিস লীগ, বঙ্গীয় যক্ষ্মা-নিবারণী এসোসিয়েশন এবং অন্ধত্ব রোধ করিবার এসোসিয়েশন যোগদান করিয়াছিল।

জেলার বিভিন্ন ও দূর দূর অঞ্চল হইতে কৃষি-পণ্য বহুল পরিমাণে আসিয়াছিল। ইহার সহিত বিভাগীয় পণ্য মিলিয়া প্রদর্শনীকে চিত্তাকর্ষক ও শিক্ষামূলক করিয়া তুলিয়াছিল। এই প্রদর্শনী সম্পর্কে বিশেষ উল্লেখযোগ্য বিষয় হইতেছে এই যে, উহা পল্লীগ্রামের একটি অনুন্নত স্থানে খোলা হইয়াছিল এবং পল্লী অঞ্চলের অধিবাসীগণ উহা বিশেষরূপে হৃদয়ঙ্গম করিয়াছিল।

জেলাবোর্ড, বাঙ্গলা সরকারের জনস্বাস্থ্য বিভাগ, স্বাস্থ্য-বিধায়ক শিক্ষা কমিটি এবং কলিকাতা কর্পোরেশনের প্রচার-বিভাগ-প্রদত্ত নক্‌সা, প্রাচীরপত্র ও মডেলগুলি দ্বারা জন-স্বাস্থ্য শাখা সুন্দরভাবে গঠন করা হইয়াছিল। এতদ্ব্যতীত একটি শিশু-প্রদর্শনী খোলা হইয়াছিল এবং ম্যাজিক-লণ্ঠন ও সিনেমা সহযোগে জন-স্বাস্থ্য, কৃষি এবং গৃহপালিত পশ্বাদির যত্ন সম্পর্কে প্রত্যহ ধারাবাহিক বক্তৃতা প্রদান করা হয়। এই প্রদর্শনী দেখিতে প্রত্যহ বহুলোক সমবেত হইত এবং উহা সর্ব্বতোভাবে সাফল্যমণ্ডিত হইয়াছিল। ১৫০৲ টাকার অধিক মূল্যের পুরস্কার বিতরণ করা হইয়াছে। প্রজনন ষাঁড় যাহারা পালন করে তাহাদের মধ্যে যোগ্যতাসম্পন্ন লোকদিগকে গৃহপালিত পশু সম্পর্কিত অফিসার নগদ টাকা এবং সার্টিফিকেট ইত্যাদি প্রদান করিয়াছিলেন।

—

মাননীয় প্রধান মন্ত্রীর ব্রাহ্মণবাড়িয়া পরিদর্শন

গত ১৯শে এপ্রিল মাননীয় প্রধান মন্ত্রী ব্রাহ্মণবাড়িয়া পরিদর্শন করেন। মিঃ কে, সাহাবুদ্দিন, সি, বি, ই, এম, এল, এ এবং নবাবজাদা কে নসরুল্লা এম, এল, এ প্রধান মন্ত্রীর সঙ্গে ছিলেন। ব্রাহ্মণবাড়িয়ার বিশিষ্ট ব্যক্তিগণসহ বিরাট জনতা ষ্টেশনে তাঁহাকে বিপুলভাবে সম্বর্দ্ধনা জ্ঞাপন করে। মাননীয় প্রধান মন্ত্রী ও পরিষদের সদস্যগণ বিশিষ্ট ব্যক্তিগণের সহিত স্থানীয় পরিস্থিতি সম্পর্কে আলোচনা করেন এবং তাহাদিগের শান্তি বজায় রাখিতে উপদেশ প্রদান করেন এবং সকল সম্প্রদায় যাহাতে বন্ধুভাবে অবস্থান করে সেদিকে দৃষ্টি রাখিতে অনুরোধ করেন।

—

ঢাকায় মোটরের সহিত বাসের সংঘর্ষ

উকিল শ্রীযুক্ত বিনোদচন্দ্র দাস ও চাকেশ্বরী কটন মিলের ম্যানেজিং ডিরেক্টার শ্রীযুক্ত সুধাংশুকুমার বসু (ঢাকা ট্রাফিক কেন্দ্রীয় কমিটির সদস্য) গত ... এক ভয়ঙ্কর দুর্ঘটনায় পতিত হন। প্রকাশ, তাঁহারা যখন মোটরে [illegible] অভিমুখে যাইতেছিলেন, তখন নবাবপুর ... নিকট একখানি বাসের সহিত তাঁহাদের মোটরের সংঘর্ষ হয়। বাসখানি বিপরীত দিক হইতে আসিতেছিল। সংঘর্ষের ফলে মোটরখানির ক্ষতি হয় এবং শ্রীযুক্ত দাস আহত হন। একজন দারোয়ানও আঘাত পায়। তাহারও আঘাত গুরুতর নহে। শ্রীযুক্ত বসু আহত হন নাই।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিশিকান্ত সান্যাল মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভব আচার্য্য, এম এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিপক্ব লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে মত্ত হউন। এই বিরাট অনন্য ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় দার্শনিক দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রথমার্দ্ধ প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্ত্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গ্রথিত ও শ্রীপাদ বলদেব যতি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা, বিবর্ত্তের আলেখ্য ভূমিকা ও সূচীসহ অন্তঃপুর সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৶০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,

শ্রীযুক্ত স্বপ্নিরঞ্জন দাস এম-এ, বি-এল্,

পুরাণপল্টন, পোঃ রমণা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষা ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোড়শপেজী আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—২৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

EROTIC PRINCIPLE & UNALLOYED DEVOTION

পরমপূজ্যপাদ শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী প্রভু প্রণীত। সম্প্রতি এই গ্রন্থের একটী নূতন সংস্করণ শ্রীশ্রীগুরুবর্গের ইচ্ছায় পুনঃ প্রকাশিত হইয়াছে। গ্রন্থের আকার পূর্ব্ব সংস্করণ অপেক্ষা বৃহৎ ও সুন্দর হইয়াছে। এই গ্রন্থে বহু অমূল্য উপদেশ আছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষায় বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲ ; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲, ৩য় খণ্ড ৸০
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্য শিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। প্রাণ আনন্দ ॥০
১৯। তর্ক-বিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়সাহিত্য ।৵০
২২। ভজন রহস্য ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (বলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল মাধবাখ্যা ॥০
২৭। যুক্তিমল্লিকা গুণসৌরভঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৵০ বাঁধা ৸০)
৩০। দ্বীপ-দিগ্‌দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ৵০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৶০
৩৭। ঐ প্রমাণ খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৴১০
৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা ৸০
৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২॥০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক ৴১০
৪৬। অর্চ্চনকৃত্য ৴১০
৪৭। সদাচারস্মৃতিঃ ৴১০
৪৮। কল্যাণকল্পতরু ৴১০
৪৯। অর্চ্চনপদ্ধতি ৴০
৫০। বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ॥০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৴০
৬০। সাংখ্যবাণী ৴০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২।০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ॥০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী বিজয়ঃ ।০
৬৫। সটীকা-শিক্ষাষ্টকম্ ।০
৬৬। তত্ত্বসূত্রম্ ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ ৴০
৬৯। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥০
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ॥০
৭২ নামভজন ৴০
৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অন্টলজি ॥০
৭৪। রিলেটীভ ওয়ার্ল্ডস্ ।৵০
৭৫। লাইফ্ য্যাণ্ড প্রেসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০
৭৬। বৈষ্ণবিজম্ ॥০
৭৭। বোম্বাই গৌড়ীয়মঠ ইন্ ডুইং ৴০
৭৮। দি ভাগবত ।০
৭৯। ইরোটিক প্রিন্সিপাল এণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ।০
৮০। ব্রহ্মসংহিতা ॥০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ২৲
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০
৮৫। সাধনপথ ॥০
৮৬ কল্যাণকল্পতরু ৴১০
৮৭। গীতাবলী ৴১০
শরণাগতি ৴০
৮৯। শ্রীসচ্চিদানন্দবাণী ।৵০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ॥০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ॥০

তেলেগু ভাষায় প্রকাশিত:

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

[illegible] কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃত ভাষ্য-সহ সম্প্রতি প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিবিধ স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা [illegible] মাত্র।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ৫ ত্রিবিক্রম, গৌরাব্দ ৪৫৫ ; ২রা জ্যৈষ্ঠ, বঙ্গাব্দ ১৩৪৮, ১৬ই মে, ইং ১৯৪১, শুক্রবার { ৬০তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৫ ত্রিবিক্রম, তিথি গর্ভোদশায়ী গৌরাব্দ ৪৫৫

শ্রীসুদামা বিপ্র

—:•:(•)•:—

শ্রীসুদামা বিপ্র শ্রীকৃষ্ণের সহাধ্যায়ী জনৈক দরিদ্র ব্রাহ্মণ ছিলেন। ইনি অবন্তী-নিবাসী মহামুনি সান্দীপনির নিকট বলরাম ও কৃষ্ণের সহিত বিদ্যাশিক্ষা করেন। পরবর্ত্তি-কালে যখন শ্রীকৃষ্ণ দ্বারকার সিংহাসনে বিরাজ করিতেছিলেন, সেই সময় সেই বেদবিৎশ্রেষ্ঠ, জিতেন্দ্রিয়, বিষয়-ভোগ-বিরক্ত ও নির্ম্মলাত্মা শ্রীসুদামা বিপ্র বিনা-আয়াস-লব্ধ দ্রব্যে জীবনধারণ করিয়া হরিভজনপরায়ণ গৃহাশ্রমিরূপে সহধর্ম্মিণীর সহিত বাস করিতে-ছিলেন। শ্রীসুদামা বিপ্র অনুক্ষণ ভগবৎ-সেবায় নিযুক্ত থাকিতেন। তিনি এতদূর সেবা-প্রমত্ত ছিলেন যে, নিজ সুখবিষয়ে তাঁহার সম্পূর্ণ উদাসীনতাই পরিলক্ষিত হইত। তাঁহার পরিধানে মাত্র একখণ্ড জীর্ণ মলিন বসন ছিল। তাঁহার পত্নীও তাদৃশ জীর্ণ-বস্ত্র পরিধান করিয়া আবশ্যক অন্নাদির অভাবে ক্ষুধা-কাতর হইয়াই অবস্থান করিতেন। সেই পতিব্রতা নারী একদিন ভয়ে কাঁপিতে কাঁপিতে স্বামীকে প্রণাম করিয়া ম্লানমুখে বলিলেন,—"হে ব্রহ্মন্, আমি শুনিয়াছি ব্রাহ্মণহিতকারী, শরণাগতবৎসল, পরম দয়ালু, যাদবশ্রেষ্ঠ, লক্ষ্মীপতি ভগবান্ আপনার পরম সখা। হে মহাভাগ, তিনি সাধুগণের পরম আশ্রয়। তাঁহার নিকট গমন করুন। আপনি তাঁহার কুটুম্বী। আপনাকে তিনি প্রচুর ধন প্রদান করিবেন। তিনি অধুনা ভোজ বৃষ্ণি ও অন্ধকদিগের রাজা হইয়া দ্বারকায় অবস্থান করিতেছেন। জগদ্গুরু শ্রীকৃষ্ণ তাঁহার পাদপদ্ম-পরাগ-পরায়ণ ব্যক্তিকে আত্মা পর্য্যন্ত প্রদান করিয়া থাকেন। সুতরাং যাঁহারা তাঁহাকে যথা-বিধি অর্চ্চনা করেন, তাঁহাদিগকে যে তাঁহাদের অভীষ্ট অর্থাদি প্রদান করিবেন, এতদ্বিষয়ে আর সন্দেহ কি?" সুদামা বিপ্র তাঁহার পতিব্রতা পত্নীদ্বারা এইরূপে বিশেষভাবে প্রার্থিত হইলেও তুচ্ছ ধনাদিলাভের জন্য শ্রীকৃষ্ণের শরণাপন্ন হইতে ইচ্ছা করিলেন না। কারণ তিনি জানিতেন, যাঁহারা ভগবদ্-ভজনপরায়ণ, তাঁহারা নিত্য স্বভাবে প্রতিষ্ঠিত, তাঁহাদের কোন অভাব নাই। তবে প্রাকৃত দৃষ্টিতে ভগবদ্ভক্তের যে ব্যবহারিক দুঃখ, যেমন ধন-জন-কুল-মান-হীনতা বা পাণ্ডিত্যের অসদ্ভাব প্রভৃতি লক্ষিত হয়, তাহা অজ্ঞলোক-প্রতীতি মাত্র। ভগবদ্-ভক্তগণ এইরূপ অভিনয়ের দ্বারা সুকৃতি-শালী ব্যক্তিগণকে ভগবদ্ভজনে আকৃষ্ট করেন। যদি লক্ষ্মীপতি বিষ্ণুর সেবকগণ সর্ব্ববিষয়ে অসমোর্দ্ধ সমৃদ্ধিমান্ হইয়াও জগতে এইরূপ আদর্শ প্রকটিত না করিতেন, তাহা হইলে সাধারণ দীন-দরিদ্র, মূর্খ, অকুলীন ব্যক্তিগণ ভগবদ্ভজনে প্রবৃত্ত হইতে হৃদয়ে বল ও উৎসাহ পাইতেন না। অসমর্থ ব্যক্তিগণের হৃদয়ে বল সঞ্চার করিবার জন্যই ভগবদ্ভক্ত-গণ স্ব-স্বরূপে ভজনসুখে নিমগ্ন থাকিয়াও বাহ্য অজ্ঞ-লোক-প্রতীতিতে ব্যবহারিক দুঃখের প্রকট করেন। ইহাতে দীন, দুঃখী, অপণ্ডিত, অকুলীন ব্যক্তিগণেরও হৃদয়ে ভগবদ্ভজন করিবার সাহস হয়। সাধুগণের আদর্শ দেখিয়া যখন তাঁহারা জানিতে পারেন, দীন, দুঃখী, দরিদ্রেরও ভগবদ্ভজনে অধিকার আছে—তাঁহারাও এইরূপ ভগবদ্ভজন-প্রভাবে শ্রেষ্ঠ পদবী লাভ করিতে পারেন—সর্ব্ব অশুভ, সর্ব্ব অভাব, সর্ব্ব অনর্থের হস্ত হইতে মুক্ত হইয়া পরম প্রয়োজনলাভে সমর্থ হইতে পারেন, তখন তাঁহাদেরও ভগবদ্ভজনে প্রবৃত্তি ও উন্মুখতা হয়।

এইরূপ বিচারপরায়ণ সুদামা বিপ্র মর্ত্ত্য অর্থ-সম্পদের জন্য লালায়িত না হইয়া 'উত্তমঃশ্লোক শ্রীকৃষ্ণের দর্শনই আমার পরম লাভ'—এইরূপ বিচারপূর্ব্বক দ্বারকাপুরে শ্রীকৃষ্ণের নিকট গমনার্থ উদ্যোগী হইলেন এবং সখা শ্রীকৃষ্ণকে উপহার প্রদান করিবার মত কিঞ্চিৎ সামগ্রী আছে কিনা, পতিব্রতা পত্নীকে জিজ্ঞাসা করিলেন। নিত্য ভিক্ষাবৃত্তি অবলম্বন করিয়া যাঁহারা কোন প্রকারে শ্রীনারায়ণকে নৈবেদ্য প্রদান করিয়া থাকেন, সেইরূপ দরিদ্রের গৃহে কি করিয়াই বা উপহার সামগ্রী সঞ্চিত থাকিবে? পতিব্রতা ব্রাহ্মণী প্রতিবেশী বিপ্রগণের নিকট হইতে চারিমুষ্টি চিপিটক-তণ্ডুলকণা ভিক্ষা করিয়া আনিয়া তাহা একটী জীর্ণ বস্ত্রখণ্ডে বাঁধিয়া স্বামীকে প্রদান করিলেন। সেই ভগবদ্ভক্ত বিপ্র তাহা গ্রহণ করিয়াই "আমার কিরূপে শ্রীকৃষ্ণদর্শন ঘটিবে" হৃদয়ে এইরূপ চিন্তা করিতে করিতে দ্বারকায় উপস্থিত হইলেন।

বিপ্রবর সৈন্যস্থান ও কক্ষসমূহ অতিক্রম করিয়া কৃষ্ণভক্ত ব্রাহ্মণগণের সহিত বৃষ্ণি-অন্ধকবংশীয়দিগের অগম্য গৃহ সকলের মধ্যে ভগবানের ষোড়শ সহস্র মহিষীর শ্রেষ্ঠ-তমার গৃহে প্রবিষ্ট হইলেন। তখন তিনি যেন সাক্ষাৎ ব্রহ্মানন্দ প্রাপ্ত হইলেন। শ্রীকৃষ্ণ শ্রীরুক্মিণীদেবীর পর্য্যঙ্কে অবস্থিত ছিলেন। তিনি দূর হইতে স্বীয় ভক্তসখা ব্রাহ্মণকে দেখিতে পাইয়া গাত্রোত্থানপূর্ব্বক তাঁহার নিকট আসিয়া উপস্থিত হইলেন এবং সানন্দে সখাকে গাঢ় আলিঙ্গনে বদ্ধ করিলেন। আলিঙ্গনকালে পরম আনন্দাশ্রু [illegible] কমল [illegible] নয়নযুগল হইতে [illegible] বহিতে লাগিল। [illegible] স্বীয় পর্য্যঙ্কোপরি উপবেশন করাইয়া স্বয় উপহার আহরণপূর্ব্বক সখার পাদপ্রক্ষালন করিলেন। সেই পাদোদক স্বীয় মস্তকে ধারণ করিয়া স্বভক্তপালক সেই ভগবান্ চন্দন, অগুরু, কুঙ্কুম [illegible] দ্বারা সখার অঙ্গ প্রলিপ্ত [illegible] সুগন্ধি ধূপ ও প্রদীপাবলী দ্বারা সখার অর্চনা করিলেন। পরে তাম্বুলাদি প্রদানপূর্ব্বক [illegible]। জিজ্ঞাসা করিতে লাগিলেন। রুক্মিণীদেবী স্বয়ং সেই জীর্ণ-মলিন-বস্ত্রপরিহিত, কৃশ, শিরা[illegible]-ব্যাপ্ত-শরীর সুদামা-ব্রাহ্মণকে [illegible]-ব্যজনাদি দ্বারা পরিচর্য্যা করিতে লাগিলেন। শ্রীকৃষ্ণ রুক্মিণীদেবীর সহিত [illegible] ব্রাহ্মণকে প্রীতিসহকারে পূজা করিতেছেন দেখিয়া পুরবাসিগণ [illegible] এবং বলিতে লাগিলেন [illegible], শ্রীহীন লোকনিন্দিত অধন ভিক্ষুক [illegible] কি সুকৃত অর্জন করিয়াছেন যে, আজ ত্রিলোকগুরু শ্রীকৃষ্ণ [illegible] রুক্মিণীদেবীকে [illegible] পরিত্যাগ করিয়া অগ্রজ বলদেবের ন্যায় আলিঙ্গনাদি দ্বারা ইঁহার অভিনন্দন ও পূজা করিতেছেন।"

শ্রীকৃষ্ণ ও ব্রাহ্মণ পরস্পর হস্তধারণ-পূর্ব্বক আপনারা পূর্ব্বে যখন গুরুগৃহে ছিলেন সেই সময়ের অনুষ্ঠিত কার্য্যকলাপ-বিষয়িণী পরম-সুখদায়িনী নানা কথার অবতারণা করিলেন। শ্রীকৃষ্ণ সখা সুদামা বিপ্রকে জিজ্ঞাসা করিলেন, "সখে, তুমি গুরুদক্ষিণা প্রদানপূর্ব্বক গুরুকুল হইতে সমাবৃত হইয়া

[illegible] ভাষা পবিত্র করিয়াছ [illegible] তুমি পরম [illegible]। [illegible] জন্ম গ্রহণ করি[illegible] [illegible] বিষয়ে [illegible] বলবান পুরুষ [illegible] সমীপে [illegible] আশীর্ব্বাদ [illegible] তাঁহারা [illegible] নাই। [illegible] বেদাধ্যায়ক [illegible] আমাদের প্রায় দুঃখনা। তাঁহার পুত্র [illegible] গুরুরূপী [illegible] উপদেশ[illegible] যাঁহারা অনায়াসে এই ভবসমুদ্র উত্তীর্ণ হওয়া যায়, তাঁহারাই [illegible] সম্বন্ধ [illegible] এবং তাঁহার সেবা [illegible] আর নাই। আমি [illegible] যেরূপ পরিতুষ্ট হই, গৃহস্থাশ্রম, [illegible] বানপ্রস্থ [illegible] হই না। আমরা যখন গুরুর [illegible] তখন কোনদিন [illegible] যে ঘটনা ঘটিয়াছিল, তাহা কি তোমার মনে পড়ে? আমরা মহারণ্যে প্রবেশ করি। অকালে দুঃসহ ঝড় বৃষ্টি [illegible] হইল এবং ভয়ানক মেঘ-গর্জ্জন হইতে থাকিল। এদিকে সূর্য্যদেব অস্তমিত হইলেন, চতুর্দ্দিক্ অন্ধকারে সমাচ্ছন্ন হইল, নিম্ন ও উচ্চস্থান সমূহ সকলই জলে [illegible] হইতে লাগিল, আমরা কোনদিকে কিছু দেখিতে [illegible] না। [illegible] সেই মহারণ্যে আমরা [illegible] ও জলধারা পুনঃ পুনঃ নিপীড়িত হইতে লাগিলাম। দিক্‌নির্ণয় করিতে না পারিয়া পরস্পর হস্তধারণপূর্ব্বক সেই বন-মধ্যেই পরিভ্রমণ করিতে লাগিলাম। আচার্য্য সান্দীপনি আমাদের [illegible] সূর্য্যোদয় হইতে না হইতে [illegible] অন্বেষণে বহির্গত হইয়া [illegible] বনমধ্যে [illegible] অত্যন্ত [illegible] পাইয়া "হায়! হায়!" করিতে করিতে কহিলেন,—"পুত্রগণ! দেহী জীবগণের নিকট সর্ব্বাপেক্ষা প্রিয়তম [illegible] [illegible]। তোমরা দেহকে পর্য্যন্ত অনাদর করিয়া আমাদের সেবায় প্রবৃত্ত হইয়াছ। যাঁহারা বিশুদ্ধভাবে গুরুতে সর্ব্বস্ব আত্ম-সমর্পণ করেন, তাঁহারাই সচ্ছিষ্য এবং তাঁহারাই সকলভাবে গুরুসেবা করিতে পারেন। আমি তোমাদের প্রতি বিশেষ সন্তুষ্ট হইয়াছি। তোমাদের অভীষ্ট [illegible] ইহকালে ও পরকালে স্ফূর্ত্ত হউক।' [illegible] সখে, গুরুগৃহে বাসকালে আমাদের এরূপ অনেক ঘটনা ঘটিয়াছিল, তাহা কি তোমার স্মরণ হয়? [illegible] গুরুদেবের অনুগ্রহে পুরুষ পূর্ণকাম অধিকারী হইতে পারেন।" [illegible] শ্রীদামা বিপ্র [illegible] কহিলেন, "[illegible] তুমি [illegible] [illegible] বলিলেন,—"সখে, তুমি [illegible] আমার সহিত সাক্ষাৎ করিতে আসিয়াছ, গৃহ হইতে কি [illegible] আনিয়াছ? আমার ভক্তগণ প্রীতিপূর্ব্বক পত্র, পুষ্প, ফল, জল যাহা কিছু [illegible] 'অধিক' [illegible] প্রীতিপূর্ব্বক ভোজন করি। অভক্তগণ আমাকে [illegible] প্রদান করিলেও তাহাতে আমার পরিতোষ জন্মে না। শ্রীকৃষ্ণ এইরূপ কথা বলিলেও শ্রীদামা বিপ্র [illegible] মুষ্টি চিপিটক [illegible] দান করিতে পারিলেন না, লজ্জিত হইয়া অধোমুখে অবস্থান করিতে লাগিলেন। সর্ব্বান্তর্য্যামী ভগবান্ ব্রাহ্মণের আগমনের কারণ বুঝিয়া চিন্তা করিলেন, "আমার সখা এই বিপ্র আমাকে পূর্ব্বে অর্থাদি কামনা করিয়া ভজনা করেন নাই, স্বাভাবিক [illegible]ভাবেই ভজনা করিয়াছেন। তাই [illegible] স্ত্রীর অনুরোধক্রমে ছল করিয়া [illegible] আমার দর্শন [illegible] আমার নিকট আসিয়াছেন। অতএব আমি ইঁহাকে মর্ত্ত্য-দুর্লভ সম্পদ্ প্রদান করিব।" ভগবান্ এইরূপ [illegible] শ্রীদামা বিপ্রের জীর্ণ বস্ত্রাঞ্চল হইতে "এটা কি", এইরূপ বলিতে বলিতে চিপিটকগুলি কাড়িয়া লইয়া বলিতে লাগিলেন,—"সখে! এই ত' আমার অতি প্রীতিকর উপহার আনয়ন করিয়াছ। দেখ সখে, এই চিপিটক বিশ্বাত্মা আমার তৃপ্তিসাধন করিবে।" এই বলিয়া ভগবান্ এক মুষ্টি চিপিটক ভক্ষণ করিলেন। পুনর্ব্বার আহারার্থ দ্বিতীয় মুষ্টি গ্রহণ করিতে উদ্যত হইলে অমনি রুক্মিণীদেবী তৎপর হইয়া শ্রীকৃষ্ণের হস্ত ধারণ করিলেন। শ্রীদামা বিপ্র সেই রাত্রি শ্রীকৃষ্ণের মন্দিরে মহানন্দে অবস্থান করিলেন এবং পরদিবস প্রাতঃকালে নিজালয়ে যাত্রা করিলেন। শ্রীকৃষ্ণ সখার সঙ্গে সঙ্গে কতক পথ গমন করিয়া তাঁহাকে অভিনন্দিত করিলেন। বিপ্র পথে গমনকালে শ্রীকৃষ্ণের করুণার কথা ভাবিতে লাগিলেন, "অহো! আমি দরিদ্রতম হইলেও স্বয়ং লক্ষ্মীদেবীকে যিনি বক্ষঃস্থলে ধারণ করিয়াছেন, আমাকে সেই বক্ষে আলিঙ্গন করিলেন। কোথায় আমি নীচ, দরিদ্র, আর কোথায় [illegible] শ্রীনিকেতন শ্রীকৃষ্ণ! শ্রীকৃষ্ণের পদ-[illegible] অপবর্গরূপ ভগবৎপ্রেমা [illegible] স্বর্গাদি লাভ, পৃথিবী, ভূমি সম্পদ্ ও [illegible] [illegible] আমাকে [illegible] [illegible] ভাবিয়াই করুণাময় [illegible] আমাকে অধিক ধন প্রদান না করিয়া, "বন্ধু তুমি ধন অভাবে স্বয়ং পুনরায় আমাকে প্রদান করিয়াছেন"—এইরূপ চিন্তা করিতে করিতে ব্রাহ্মণ স্বীয় পুরীর নিকট উপস্থিত হইলেন। দেখিলেন, পুরীর চতুর্দ্দিক্ সূর্য্যচন্দ্রাগ্নিতুল্য প্রভা মণ্ডিত বিমানসমূহে পরিব্যাপ্ত হইয়াছে। বৃক্ষসমূহ বিহঙ্গকুলে বিচিত্র উপবন ও উদ্যান-সকল প্রফুল্লিত কুমুদ কহ্লার-পদ্ম উৎপল-বিশিষ্ট সরোবরসমূহে শোভা পাইতেছে। উজ্জ্বল অলঙ্কারে অলঙ্কৃত দাসগণ ও হরিণাক্ষী দাসীগণ তথায় [illegible] হইয়া বিরাজ করিতেছে। ইহা দেখিয়া ব্রাহ্মণ অতীব বিস্মাপিত হইলেন এবং "একি! ইহা কাহার স্থান! কি [illegible] বা সেই স্থান এইরূপ হইল!"—মনে মনে এইরূপ বিতর্ক করিতে লাগিলেন। এমন সময় দেবকান্তিবিশিষ্ট নরনারীগণ বহু গীত-বাদ্যসহকারে সানন্দে উপায়ন-দ্বারা তাঁহার সম্মান করিতে লাগিলেন। স্বামী আগমন করিয়াছেন, শ্রবণ করিয়া সতী সুনামাপত্নী অতীব হর্ষচিত্তে মূর্ত্তিমতী লক্ষ্মীর কনক কমল-কানন হইতে নির্গমনের ন্যায় শীঘ্র গৃহ হইতে নির্গত হইলেন এবং পতিকে দর্শন করিয়া আনন্দাশ্রুতে আপ্লুত হইলেন ও ভক্তিভরে প্রণাম করিলেন। ব্রাহ্মণ পদক-কণ্ঠী দাসীগণের মধ্যে শোভমানা বিমানারূঢ়া দেবীর ন্যায় মূর্ত্তিশালিনী পত্নীকে দর্শন করিয়া অতিশয় প্রীত ও বিস্ময়ান্বিত হইলেন। পরে তাঁহার সহিত মহেন্দ্রভবনের ন্যায় শত শত মণিস্তম্ভ-শোভিত নিজালয়ে প্রবেশ করিলেন। ব্রাহ্মণ তথায় উপস্থিত হইয়া দেখিলেন, তাঁহার মন্দিরে দুগ্ধফেননিভ সুকোমল শয্যা, হস্তীদন্ত নির্ম্মিত স্বর্ণ পরিচ্ছেদময় পর্য্যঙ্ক, হেমদণ্ড-সুশোভিত চামর ও ব্যজন, কোমল-আস্তরণযুক্ত আসন, মুক্তাদাম-বিলম্বি প্রভা-ময় বিতান ও মহামরকত-মণি-মণ্ডিত স্বচ্ছ স্ফটিকভিত্তিতে নানা [illegible] প্রদীপ শোভা পাইতেছে। ব্রাহ্মণ স্বীয় গৃহে এইরূপ সর্ব্বসম্পত্তির সমৃদ্ধিসমূহ দর্শন করিয়া অকস্মাৎ স্বীয় সমৃদ্ধির হেতু চিন্তা করিতে লাগিলেন—"অহো, আমি নিতান্ত ভাগ্যহীন দরিদ্র, আমার এই সমৃদ্ধির কারণ মহা-বিভূতিশালী যাদব-শ্রেষ্ঠ শ্রীকৃষ্ণের দর্শন ব্যতীত অন্য কিছুতেই সম্ভব হইতে পারে না। ভগবান্ স্ব-প্রদত্ত বস্তু 'বহু' হইলেও তাহাকে অল্প করিয়া মানেন। আর সুহৃদ্‌দত্ত-বস্তু 'অতি তুচ্ছ' হইলেও তাহাকে 'বহু' করিয়া মানেন। জন্মে জন্মে যেন আমার শ্রীকৃষ্ণের সহিত প্রেম, সখ্য, মৈত্রী ও দাস্য ভাব লাভ হয়। আমি যেন সেই মহানুভব গুণালয় ভগবানের সহিত তাঁহার নিজজন ভক্তগণের প্রকৃষ্ট সঙ্গ লাভ করিতে পারি। বিচক্ষণ ভগবান্ শ্রীকৃষ্ণ ধনিগণের ধনমত্ততা জনিত পতন দর্শন করিয়া অবিবেকী, অদীর্ঘদর্শী ভজনাকারীকে অর্থ, ধন, সম্পদ্, রাজ্য, ঐশ্বর্য্য, বিভূতি, কলত্র-পুত্রাদি প্রদান করেন না। তবে ধ্রুব, প্রহ্লাদ অম্বরীষাদির ন্যায় শক্তিশালী ও বিবেকী ভক্তগণকে যথেষ্ট সম্পদ্ প্রদান করিয়া থাকেন। তাহাতে তাঁহাদের কোন অপকার হয় না। কারণ, সেই সমস্ত ধনাদি ঐশ্বর্য্য দ্বারা তাঁহারা বিচিত্র ভগবৎসেবার প্রকার অবগত আছেন। কিন্তু আমার ন্যায় অবিবেকীর [illegible] প্রাপ্তি ভক্তির অভাবজনিতই ঘটিয়া থাকে। বাঞ্ছাকল্পতরু ভগবান্ অভক্তজনকে পদমান প্রদান না করিয়া মত্তাবনাদি দ্বারাই বঞ্চনা করেন।" শ্রীদামা বিপ্র এইরূপ বিচার করিয়া ভগবদ্দত্ত ধনে অনুকূল যথাযোগ্য বিষয়মাত্র স্বীকার-পূর্ব্বক ভগবদ্‌ব্রতনিষ্ঠ ও শ্রবণ-কীর্ত্তনাদি ভক্তিযাজনে পরম আগ্রহবান্ হইলেন এবং অচিরকাল মধ্যে সাধুগণের গতি শুদ্ধধাম বৈকুণ্ঠলাভ করিলেন।

পারমার্থিক

—:(০):—

প্রয়োজনের অপর নাম অর্থ। সুতরাং পরমার্থ বলিতে পরম প্রয়োজনকে বুঝিতে হইবে। যাঁহারা প্রাকৃত বিচার অবলম্বন করিয়া জড় স্থূল দেহ ও সূক্ষ্ম মনকেই 'আমি' শব্দের তাৎপর্য্যে গ্রহণ করিয়াছেন, তাঁহারা প্রয়োজন-বিচারে দেহ ও মনের উপভোগ লৌকিক বিচারেই আবদ্ধ থাকেন। তাঁহাদের এই আত্মস্বরূপ-নির্ণয়ে ভ্রান্তি তাঁহাদিগকে দেহমনের প্রতি ভ্রমাত্মক বিচারেই আবদ্ধ রাখে।

দেহ ও মনকে আত্মবিচারে যাহারা দেহমনের সুখশান্তির অনুসন্ধান করে, তাহাদের বিচারে ব্যবহারিক স্মৃতির আদর দেখা যায়। তাহারা স্মৃতি-নির্দ্দিষ্ট কর্ম্মানুষ্ঠান দ্বারা স্বর্গভোগ ও জগতে নানা প্রকার ভোগোপকরণলাভকেই পরমার্থ

শব্দের অপ্রাকৃত বৃত্তিতে বুঝিয়া থাকে। ঐহিক ও পারত্রিক শ্রেষ্ঠ ভোগসম্পদ্‌লাভই তাঁহাদের মতে মনুষ্যজীবনের চরম তাৎপর্য্যরূপে স্থাপিত হয়।

যাঁহারা তাদৃশ ভোগের ব্যতিরেক ক্রিয়ায় প্ররোচিত হইয়া ভোগের তিক্ত অভিজ্ঞতায় উদ্যত হন, তাঁহারা ভোগের বিপরীত ত্যাগের পথকে বহুমানন করিতে গিয়া আত্মহত্যাকেই স্বীকার করেন। কিন্তু তাঁহাদের এই বিচার পরমার্থ-শব্দের তাৎপর্য্যরূপে আদৌ গৃহীত হইতে পারে না। যেখানে আত্মহত্যা সাধিত হয়, তাদৃশ অযৌক্তিক, অপ্রার্থনীয় বিচারে কখনও প্রকৃত পারমার্থিকের রুচি হয় না। ঈদৃশ বিচার অত্যধিক ভোগের প্রতিক্রিয়ার ফলস্বরূপে উপস্থিত হয় বলিয়া তাহা পরমার্থ-শব্দের তাৎপর্য্যে গৃহীত হইলে [illegible] হয় মাত্র।

যাঁহারা বাস্তব পারমার্থিক, তাঁহারা কিন্তু উল্লিখিত উভয় প্রকার বিচারের হাত হইতে সযত্নে পরিত্রাণ বাসনা করেন। তাঁহারা কর্ম্মীর স্মৃতিবিহিত কর্ম্মানুষ্ঠান তথা জ্ঞানীর অভেদ ব্রহ্মানুসন্ধানকে অতি তুচ্ছাতিতুচ্ছজ্ঞানে অগ্রাহ্য করিয়া শ্রীমদ্ভাগবত-প্রতিপাদ্য বাস্তবসত্যবস্তুর অনুসন্ধান তৎপর হইয়া প্রোজ্ঝিত-কৈতব পরমধর্ম্মের উপাসক হন। একমাত্র তাহাতেই জীবের আত্মার পরম প্রয়োজনীয় পরমাত্মার সেবাধর্ম্ম থাকায় বুধগণ তাহাই পরমার্থ-শব্দের বিদ্বদ্রূঢ়ি বৃত্তিতে লক্ষিত বলিয়া বুঝিয়া থাকেন। তখন তাঁহারা কর্ম্মিগণের অনাত্ম-চেষ্টাপ্রসূত কর্ম্মতাণ্ডবের তথা জ্ঞানিগণের কর্ম্ম-ত্যাগচেষ্টার বিক্রমকে অতিক্রম করিতে পারেন।

পারমার্থিকগণের স্থূল-সূক্ষ্ম দেহাতীত অলৌকিক চেষ্টা [illegible] অনাত্মপ্রতীতি-প্রবণ জাগতিক অপারমার্থিকগণ তাঁহাদের সঙ্কীর্ণ আধ্যক্ষিক বিচারে বুঝিতে পারেন না। কিন্তু তাঁহারা যদি পারমার্থিকগণের নিকট শুশ্রূষু হন, তাহা হইলে তাঁহারাও পারমার্থিক হইতে পারেন এবং তাঁহাদের পূর্ব্ব অবস্থার শোচনীয়তা বুঝিতে পারেন।

পারমার্থিকগণ বিচারে একমাত্র বাস্তব সত্য বস্তুই বেদ্য। এই বস্তুর বৈশিষ্ট্য পারমার্থিকগণ পারমহংসী সংহিতার প্রথম শ্লোকে এইরূপ দেখিতে পান,—

জন্মাদ্যস্য যতোঽন্বয়াদিতরতশ্চার্থেষ্বভিজ্ঞঃ স্বরাট্
তেনে ব্রহ্মহৃদা য আদিকবয়ে মুহ্যন্তি যৎ সূরয়ঃ।
তেজোবারিমৃদাং যথা বিনিময়ো যত্র ত্রিসর্গোঽমৃষা
ধাম্না স্বেন সদা নিরস্তকুহকং সত্যং পরং ধীমহি॥

এই বিশ্বের উৎপত্তি, স্থিতি ও বিনাশ-কার্য্য অন্বয়-ও তদ্বিপরীতক্রমে যে পরমেশ্বর হইতে সাধিত হয়, যে পরমেশ্বর জগৎকর্ত্তৃত্বে সর্ব্বতোভাবে জ্ঞাতা, যাঁহাতে স্বতঃসিদ্ধজ্ঞান স্বয়ং বিরাজমান এবং যিনি আদিকবি ব্রহ্মার বুদ্ধিবৃত্তি প্রবর্ত্তন করিয়া মনের দ্বারা তত্ত্ববস্তু প্রকাশ করিয়াছিলেন, যে পরমেশ্বরে ইন্দ্র প্রভৃতি দেবগণ মোহপ্রাপ্ত হন, যেরূপ তেজঃ, জল ও মৃত্তিকার পরস্পরের মধ্যে একের পরিবর্ত্তে অন্য বস্তুজ্ঞান সত্যের ন্যায় প্রতীত হয়, তদ্রূপ যে পরমেশ্বরে সত্ত্ব, রজঃ ও তমোগুণের অবস্থান সত্যের ন্যায় প্রতীত হইলেও বস্তুতঃ জড়ধর্ম্ম যাঁহাতে অসম্ভব, যাঁহাতে কপটভাব কোন সময়েই অধিষ্ঠান নাই, সেই সত্যস্বরূপলক্ষণময় পরমেশ্বরকে আমরা ধ্যান করি।

যাঁহারা এতাদৃশ বাস্তববস্তুর ধ্যান বা উপাসনা করেন, তাঁহারাই জগতের ক্ষুদ্র [illegible] অধর্ম্ম অথবা বেদবিধি ধর্ম্ম-[illegible] আদর করেন না, তাঁহারা একমাত্র বাস্তবসত্যবস্তুর উপাসনায়ই সকল ধর্ম্মের সীমা দর্শন করেন, তাঁহাদের এতপ্রকার ধর্ম্মে কোন প্রকার কর্ম্মকাণ্ডী বা জ্ঞানকাণ্ডীগণের কৈতব বা কপটভাব স্থান নাই। একমাত্র একান্ত পারমার্থিকগণের জন্য এই ধর্ম্মের কথা শ্রীমদ্ভাগবতে গ্রথিত রহিয়াছে। শ্রীমদ্ভাগবতই পারমার্থিকগণের একমাত্র অনুশীলন-গ্রন্থ।

শ্রীমদ্ভাগবত-গ্রন্থে যে পরম ধর্ম্মের কথা বর্ণিত হইয়াছে, তাহা নির্ম্মৎসর পারমার্থিকগণেরই অনুশীলনীয়, সেই নির্ম্মৎসর সদ্ধর্ম্মে ফলাভিসন্ধানলক্ষণ ধর্ম্ম, কাম ও সালোক্যাদি মুক্তিকামনারূপ কপটতার স্থান নাই। এই পরধর্ম্মে আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক—এই ত্রিবিধ তাপ ও তাহাদের মূলকারণ অবিদ্যা। মূল-উৎপাটনকারী, পরমানন্দপ্রভাবক নিত্যকাল অবিনাশী অদ্বয়জ্ঞান বস্তুর অনুভব হয়। এতাদৃশ ধর্ম্মের বর্ণনকারী শ্রীমদ্ভাগবত ব্যতীত অপর কোন গ্রন্থের কোন কথায় পারমার্থিকগণের প্রয়োজন নাই। যাঁহারা শুশ্রূষু হইয়া এই শ্রীমদ্ভাগবতবাণী শ্রবণ করিবেন, তাঁহাদের হৃদয়ে অদ্বয়জ্ঞান সদ্য-সদ্যই অবরুদ্ধ হইবেন।

মহাবদান্যাবতারী শ্রীগৌরসুন্দর পারমার্থিক বিচারের যে চরম বিচার প্রদর্শন করিয়াছেন, তাহা নিষ্কপট পারমার্থিক গুরু-পাদাশ্রয়কারীর আশাবন্ধ '[illegible]' শ্লোকেই পারমার্থিক রাজ্যের বৈভবের সীমা প্রকাশিত হইয়াছে।

যাঁহারা বিন্দুমাত্র জাগতিক অভিজ্ঞতার বিচারে আবদ্ধ থাকিবেন, তাঁহারা আদৌ পারমার্থিক সেই চরম রহস্যের বর্ণমাত্রও বুঝিতে পারিবেন না।

পারমার্থিকগণ এতাদৃশ ধর্ম্ম যাজন করিয়া পরম বাস্তববস্তু ভগবানকে হৃদয়ে অবরুদ্ধ করেন। যাঁহারা জাগতিক বস্তুর আদর হইতে অবসর লাভ করিয়াছেন, তাঁহারাই এতাদৃশ পারমার্থিক হইবার সুমহান্ সৌভাগ্য লাভ করিতে পারেন।

শ্রীকৃষ্ণকীর্ত্তন

শ্রীকৃষ্ণকীর্ত্তন সাধনশিরোমণি। অন্যান্য সকল প্রকার সাধনই শ্রীকৃষ্ণকীর্ত্তনের অন্তর্গত। সংকীর্ত্তনযজ্ঞের দ্বারাই জীবের সকল প্রকার মঙ্গল সাধিত হয়। এই নাম-সংকীর্ত্তনের মধ্যে চৌষট্টি প্রকার ভক্ত্যঙ্গ, শ্রবণাদি নবধাভক্তি ও সাধুসঙ্গাদি সাধন-পঞ্চক সবই আছে। হরিকীর্ত্তনকারীকে পৃথগ্‌ভাবে অন্য কোন ভক্ত্যঙ্গযাজনে বাধ্য হইতে হয় না। শ্রীকৃষ্ণকীর্ত্তনই একমাত্র অভিধেয়। শ্রীমদ্ভাগবতের আদি, মধ্য ও অন্তে শ্রীকৃষ্ণসংকীর্ত্তনের কথাই পুনঃ পুনঃ উপদিষ্ট হইয়াছে। শ্রীমদ্ভাগবত, শ্রীমদ্ভগবদ্গীতাদি সমস্ত সাত্বত-শাস্ত্র কীর্ত্তনমুখেই প্রকটিত হইয়াছেন। শ্রীকৃষ্ণের চরিত্রগানই ভক্তি। একমাত্র শ্রীকৃষ্ণকীর্ত্তন দ্বারাই শ্রীকৃষ্ণের সম্যক্ সন্তর্পণ সাধিত হইয়া থাকে। শ্রীকৃষ্ণকীর্ত্তন বলিলে শ্রীকৃষ্ণের নামের কীর্ত্তন, রূপের কীর্ত্তন, গুণের কীর্ত্তন, লীলার কীর্ত্তন ও পরিকরবৈশিষ্ট্যের কীর্ত্তন বুঝাইয়া থাকে।

শ্রীকৃষ্ণকীর্ত্তন জীবের মলিন চিত্তদর্পণের পরিমার্জ্জনকারী। ঈশবৈমুখ্যজনিত অন্যাভিলাষ, ফলভোগ ও ফলত্যাগাদি প্রবৃত্ত আবরণ জীবের চেতনকে সম্পূর্ণ আবৃত করিয়াছে। শ্রীকৃষ্ণকীর্ত্তনের দ্বারাই সেই আবরণ উন্মোচিত হইয়া থাকে এবং জীব-চিত্তদর্পণে নিজ নিত্য-স্বরূপ কৃষ্ণকৈঙ্কর্য্য উদ্ভাসিত করিয়া থাকেন।

জীব সর্ব্বদা সংসারের ত্রিতাপানলে দগ্ধ হইতেছে। কৃষ্ণকীর্ত্তন-বন্যার প্লাবনে নির্ব্বাপিত হইলেই এই ত্রিতাপ-অনলের দহন হইতে রক্ষা পাওয়া যাইবে। শ্রীকৃষ্ণকীর্ত্তন পরম মঙ্গল জ্যোৎস্না বিতরণ করেন। চন্দ্রোদয়ে যেরূপ কুমুদের শোভা বিকশিত হয় একমাত্র কৃষ্ণকীর্ত্তনের দ্বারাই সেরূপ জীবের পরম মঙ্গল উদিত হয়। শ্রীকৃষ্ণকীর্ত্তন [illegible] বিদ্যাবধূর জীবনস্বরূপ ও মুখ্যভাব। পরা বিদ্যা বা অপ্রাকৃত বিদ্যাবধূর জীবন। শ্রীকৃষ্ণকীর্ত্তনের দ্বারাই জীব জাগতিক বিদ্যারূপ অবিদ্যার হস্ত হইতে মুক্ত হইয়া কৃষ্ণসম্বন্ধজ্ঞান লাভ করেন। শ্রীকৃষ্ণকীর্ত্তন জীবের অপ্রাকৃত আনন্দসাগরের বর্দ্ধনকারী। শ্রীকৃষ্ণকীর্ত্তনই অমৃত। অমৃতের আস্বাদন শ্রীকৃষ্ণকীর্ত্তনের দ্বারাই পূর্ণরূপে হইয়া থাকে। শ্রীকৃষ্ণকীর্ত্তন সমস্ত প্রাকৃত বস্তু নিমজ্জিত করিয়া থাকে। উপাধিগ্রস্ত জীব ইন্দ্রিয়ের দ্বারা যে সকল বাসনা লাভ করিয়াছে, সেই সমস্তই কৃষ্ণকীর্ত্তন-প্লাবনে বিধৌত হইয়া যায়। অন্তর বাসনা বিধৌত হইলে কৃষ্ণোন্মুখ জীব স্বরূপত কৃষ্ণ [illegible] লাভ করেন।

শ্রীল প্রভুপাদ বলিয়াছেন —"যত প্রকার সাধনের মধ্যে শ্রীকৃষ্ণ-সংকীর্ত্তনই শ্রেষ্ঠ। যেখানে শাস্ত্র একাঙ্গ-সাধনের কথা ব'লেছেন, সেখানেও শ্রীকৃষ্ণকীর্ত্তনই লক্ষিত হয়। 'শ্রীকৃষ্ণ কীর্ত্তন বাদ দিয়ে 'মথুরা বাস', 'সাধুসঙ্গ' প্রভৃতি কোন অঙ্গই পরিপূর্ণ হয় না, কিন্তু যদি কেবল শ্রীকৃষ্ণ-সংকীর্ত্তন করি, তা'হ'লে তা' দ্বারা মথুরা-বাসের ফল, সাধুসঙ্গের ফল, শ্রীমূর্ত্তির শ্রদ্ধায় সেবনের ফল ও ভাগবত-শ্রবণের ফল সকলই লাভ হয়। নামভজনেই জীবের সর্ব্বসিদ্ধি হইয়া থাকে। একাঙ্গ নাম-সংকীর্ত্তনের দ্বারা সর্ব্বসিদ্ধি লাভ হয়। "পাঁচের অঙ্গ মধ্যে যে কোন একটীতে শ্রীনামসংকীর্ত্তনের কথা অন্তর্ভুক্ত আছে। শ্রীকৃষ্ণের বসতিস্থল শ্রীধামেও শ্রীনামসংকীর্ত্তন ব্যতীত অন্য কোন কার্য্য নাই।

"সাধুসঙ্গে শ্রীনাম সংকীর্ত্তন ব্যতীত অন্য-কার্য্য নাই। শ্রীমদ্ভাগবতের প্রতিপাদ্য বিষয়—'নামসংকীর্ত্তন'। শ্রীমদ্ভাগবত শ্রবণ-কীর্ত্তনের দ্বারা জীব অনর্থমুক্ত ও পরম প্রয়োজনলাভের অধিকারী হন। মুক্তগণেরও শ্রীনামসংকীর্ত্তন ব্যতীত অন্য কোন কৃত্য নাই। শ্রীমদ্ভাগবত-শ্রবণ-কীর্ত্তন দ্বারা বদ্ধজীব মুক্ত হন। শ্রীমদ্ভাগবতকীর্ত্তনের ফলে তাঁরা 'হরিকীর্ত্তন' করিতে শিক্ষা করেন, অন্তরের দ্বারা। অতএব যে নামাত্মক মন্ত্রের ব্যবস্থা আছে এবং মন্ত্র মধ্যে নামের সহিত যে চতুর্থী বিভক্তি প্রযুক্ত আছে, তদ্দ্বারা জীব 'নামকীর্ত্তন' করিতে শিক্ষা লাভ করেন। যে দিন তাঁহার মন্ত্রসিদ্ধি হয়, সেই দিন তাঁহার মুখে হরিনাম সর্ব্বদা নৃত্য করিতে পারেন।

"যদি আমরা বৈষ্ণব বা শ্রীকৃষ্ণের সংকীর্ত্তনকারী সাজবার [illegible] ভক্তিমঠের অধিবাসিগণের সেবার বিমুখ হ'য়ে কেবল অর্থজনের পথিক হই, তবে আমাদের মঙ্গল সুদূরপরাহত। শ্রীমদ্ভাগবতপাঠ মঠবাসিগণের কর্ত্তব্য। মায়িক প্রকোষ্ঠে ভক্তিমঠের অবস্থান নাই, অনাবরণ মঠ আছে। মায়িক প্রকোষ্ঠে কেবল আত্মেন্দ্রিয়তর্পণ করা আছে; কিন্তু ভক্তিমঠে কৃষ্ণেন্দ্রিয়তর্পণের চেষ্টায়ই সকলে ব্যস্ত। বহিঃপ্রজ্ঞা-চালিত হ'য়ে যদি কেহ মঠবাসিগণের মধ্যে তাঁদেরই ন্যায় ইন্দ্রিয়-চালন ও নিজেন্দ্রিয়তর্পণচেষ্টার ন্যায় ব্যবহারাদি লক্ষ্য করে, তবে তাহা অপরাধ প্রভৃতি দুষ্ট [illegible]। যে যে বস্তুর দ্বারা হরিসেবা হয়, তাহা মঠবাসিগণের নিকট আছে। মঠবাসিগণের সেবা বস্তুতই শ্রীনামে আবদ্ধ হ'বে। মঠবাসিগণ সমস্ত [illegible] নিত্য-সংকীর্ত্তন করেন। তাঁদের হরিভজন সেবা ব্যতীত অন্য কোন কৃত্য নাই। যাঁদের 'হরিভজন' ব্যতীত উপলব্ধি নাই, তাঁদের নিকটই মঠবাসিগণ এই সকল কথা কীর্ত্তন করেন।"

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৪
সেবক—শ্রী[illegible] দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগমায়াপ্রপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]বিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]চরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীঠাকুরপ্রসাদ ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনঙ্গধাম ব্রহ্মচারী

স্বানন্দ সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক [illegible] ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীধামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

ঋতুদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীমহৎকৃপা ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

কৃষ্ণকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়-মঠালয়
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
চব্বিশ-পরগণা
সেবক—শ্রীঅনন্তনাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা।
সেবক—গৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীদীনদয়াল ব্রজবাসী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদনাজুনবিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগলাবাজার, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীসদাশিবচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপাবলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনন্দচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণ, মথুরা।
সেবক—শ্রীব্রজচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেরশাহী
পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিত্যহরিদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, গোদাবরী জেলা, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরচন্দ্র ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীবসুমান দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ডুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং নিউটন ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাঙ্কেষ্টার রোড, হাউড্ গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠালয়
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅধঃগোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবদান্যবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীভক্তিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

[illegible] প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
[illegible] প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৶০	।৶০	।০
" " ইঞ্চি	২৲	১।০	১।০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয় রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান -শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মডুর্ণ প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মডুর্ণ প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ হিন্দি পদ্যানুবাদসহ মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকট বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭৷৷০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬৷৷০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট্ গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থ শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ পাণ্ডিত্যের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিলা প্রত্যেক ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আদর করিবার [illegible] পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ॥০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীগোপাল মীনশ্বর
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টা গাড টাইম)

আপ — শনিবার ব্যতীত — শনিবার — অন্য দিন

কলিকাতা ছাঃ	৪ ৫৬	৬ ২১	৭ ১৪	৩-১৬	১৫-১০	১৬ ১৬	১৭-৫৩	২২ ২৬	
দমদম	৪ ৫৮	৬ ৩০	৭ ২৮	১৩ ২৯			৫ ৫	২২-৩৬	
রাণাঘাট পৌঃ	৬ ২	৭ ৫৮	৯ ১৮	১৪ ২০	১৬ ৪৮	১৮-০১	১৯ ৩১	০-৫	
(বদল) ছাঃ			৯ ৩১						
কৃষ্ণনগর পৌঃ	৬ ১৩	৭ ৪০	১০ ৮	১৪ ৩০	১৭ ৩১	১৯-২৫	২০-৩০	১ ১০	
লাইট রেল (বদল) ছাঃ	৭ ১০	১০-৬	১৪ ৫০	১৭ ৪০		২০-৩০			
মহেশগঞ্জ "	৭ ৩৫	১০ ৫১	১৫-১৫	১৮-১৫		২১ ৫			
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫ ৩৩	১৮ ২৩		২১ ১৩			

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১ ৬
দমদম "	১১ ১৮
রাণাঘাট পৌঃ	১২ ৫১
" ছাঃ	২ ৫৭
শান্তিপুর পৌঃ	১৩ ২৪
(বদল) ছাঃ	১৩ ৪১ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩৩

ডাউন

শনিবার ব্যতীত — অন্য দিন — শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪		৯-১২		১৬-৩	১৬ ৩১	১৮-৩৮	
মহেশগঞ্জ "	৬ ২৩		৯-২১		১৬-১২	১৬ ৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৭		৯-৫৫		১৬-৬৬	১৭ ১৪	১৯-২১	
(বদল) ছাঃ	৬-৩১	৭-১০	৮-৫১	১১-১৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৬ ১০	৭-৪৯	৯-২৫	১২ ০	১৫ ৫৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ					১৫-৫৬	১৭-৪২		...
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১ ২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১২ ২৬	২১-৪০	২৩ ১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪ .
মহেশগঞ্জ "	১৪-১০
কৃষ্ণনগর পৌঃ	১৪-৫৫
ছাঃ	১৫-৩১
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩০
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

২। ভাগবত [illegible] একমাত্র পারমার্থিক মাসিক [illegible] শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর ভাগবতাচার্য্য বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্তৃক সংগৃহীত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড [illegible] গৌড়ীয় মঠ [illegible] অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্য [illegible] শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত [illegible] দেশ বিদেশের জনমণ্ডলীর পণ্ডিত ও মহাত্মা সম্ভ্রান্ত ব্যক্তিগণের [illegible] ও গুরুত্বপূর্ণ আলোচনাসমূহ এই গ্রন্থে প্রকাশিত হইল। শ্রীশ্রীরূপ রঘুনাথের সিদ্ধান্তের ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণ-ভক্তবর আচার্য্যদেবের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই পঠনীয়।

ভিক্ষা— ৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——::•::——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা 'দৈনিক নদীয়া-প্রকাশ' ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস

১।১, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্রিকা প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণবাস মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি উত্তরোত্তর অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয়। ছোট বোতল ৸৴০ দশ আনা, বড় বোতল ১৷৴০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

বেহালা, ২৪ পরগণা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

Regd No. C. 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশ্রী কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত অপূর্ব্ব কল্যাণকল্পতরু গ্রন্থ 'গরিমা'-নামক বিবৃতি অনুবাদ-সহ সম্প্রতি প্রকাশিত হইয়াছে। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিজস্ব।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৸৹ মাত্র।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ৮ ত্রিবিক্রম, গৌরাব্দ ৪৫৫ ; ৫ই জ্যৈষ্ঠ, বঙ্গাব্দ ১৩৪৮, ১৯শে মে, ইং ১৯৪১, সোমবার { ৬০-৬১তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১ ত্রিবিক্রম, সর্ব্বশিন সঙ্কর্ষণ গৌরাব্দ ৪৫৫

শ্রীচিত্রকেতু

শূরসেনদেশে শ্রীচিত্রকেতু নামে এক ...র্ব্বভৌম নরপতি ছিলেন। তাঁহার এক ...টি ভার্য্যা ছিল। তাঁহার সন্তানাদি কিছুই ...নাই। তিনি অতুল ঐশ্বর্য্যের অধিপতি ...ং রূপে, গুণে ভূষিত হইলেও সন্তানাভাবে ...নর দুঃখে কালযাপন করিতেন। এত সম্পদ, ... ঐশ্বর্য্য, এত সম্মান এবং চারুলোচনা ...ত্নীগণ কেহই তাঁহার সম্যক্ প্রীতিবিধান ...রিতে পারেন নাই। একদা অঙ্গিরা ঋষি ...ক্রমে ভ্রমণ করিতে করিতে রাজা ...কেতুর গৃহে আসিয়া উপস্থিত হন। ...কেতু মহর্ষি অঙ্গিরাকে প্রত্যুত্থান ও ...র্ঘ্যাদির দ্বারা যথোচিত পূজা করিয়া ...ভোজনাদি দ্বারা অতিথি-সৎকার করেন। ...ন্তর মহর্ষি অঙ্গিরা রাজার কুশল জিজ্ঞাসা ...রিলে পুত্রার্থী রাজা নিজ মনোব্যথা তাঁহার ...কট জ্ঞাপন করিয়া বলিলেন—"ক্ষুৎ-পিপাসার্ত্ত ব্যক্তিকে যেমন স্রক্-চন্দনাদি ...প্রিয় বিষয়ও সুখ দিতে পারে না, সেইরূপ ...শ অপুত্রক ব্যক্তিকেও লোকপালগণের ...র্লভ সাম্রাজ্য, ঐশ্বর্য্য, সম্পদ্ও সুখ ...দিতে পারে না। অতএব হে মহাভাগ! ...তে আমি পুত্রলাভ করিয়া পিতৃ-...গণের সহিত দুস্তর নরক হইতে ত্রাণ লাভ করিতে পারি, আমার সেই উপায় বিধান করুন।"

রাজার এই বাক্য শ্রবণ করিয়া পরম-কৃপালু অঙ্গিরা ঋষি যষ্টি-যাগ সম্পন্ন করিয়া চিত্রকেতুর রাণীগণের মধ্যে শ্রেষ্ঠা ও জ্যেষ্ঠা কৃতদ্যুতিকে সেই যজ্ঞশেষ প্রদান করেন এবং বলেন,—"হে রাজন্! তোমার হর্ষ-শোকপ্রদ একটি পুত্র জন্মিবে।" অনন্তর কিছুদিন পর রাজার একটি পুত্র হইল। এই কথা শ্রবণ করিয়া রাজা চিত্রকেতু ও তাঁহার প্রজাগণ সকলেই আনন্দিত হইলেন। রাজা সানন্দে বিপ্রগণ দ্বারা কুমারের আশীর্ব্বাদবাণী পাঠ ও জাতকর্ম্ম সম্পন্ন করাইয়া বিপ্রগণকে স্বর্ণ, রজত, বসন, ভূষণ, গ্রাম, অশ্ব, হস্তী প্রভৃতি এবং ষাট কোটি ধেনু দান করিলেন। রাজা ও রাণী উভয়েই পুত্রকে অত্যধিক স্নেহ করিতে লাগিলেন। পুত্রবতী কৃতদ্যুতির প্রতি রাজার অধিক প্রীতি প্রকাশিত হওয়ায় অন্যান্য রাজপত্নীগণ নিজেকে ধিক্কার দিয়া নানাভাবে অনুতাপ করিতে লাগিলেন। কৃতদ্যুতির সপত্নীগণ তাঁহাদের প্রতি রাজার অনাদর সহ্য করিতে না পারিয়া বিদ্বেষ-ভাবাপন্ন হইলেন এবং সকলে মিলিয়া ঐ কুমারকে বিষদান করিলেন। রাজমহিষী কৃতদ্যুতি সপত্নীগণের বিষদানরূপ মহাপাপ-কার্য্য জানিতে পারেন নাই। তাই তিনি বালককে নিদ্রিত মনে করিয়া গৃহে বিচরণ করিতেছিলেন। বালক অনেকক্ষণ যাবৎ নিদ্রিত আছে চিন্তা করিয়া তিনি ধাত্রীকে পুত্রটিকে লইয়া আসিতে বলিলেন। ধাত্রী শিশুটিকে প্রাণহীন দেখিয়া উচ্চৈঃস্বরে চীৎকার করিতে লাগিলেন। রাজ্ঞী ক্রন্দন শুনিয়া দ্রুত সত্বর পুত্রসমীপে আগমনপূর্ব্বক পুত্রকে সহসা মৃত দেখিয়া মূর্চ্ছিত হইয়া পড়িলেন। রোদনধ্বনি শ্রবণ করিয়া অন্তঃপুরবাসী নরনারীগণ সকলেই তথায় আগমনপূর্ব্বক দুঃখিতান্তঃকরণে ক্রন্দন করিতে লাগিলেন। কৃতাপরাধিনী সপত্নীগণও তথায় আগমনপূর্ব্বক কপটভাবে রোদন করিতে লাগিল। রাজা চিত্রকেতু পুত্রের এইরূপ আকস্মিক মৃত্যুশ্রবণে অত্যন্ত শোকাতুর হইয়া পথে পুনঃ পুনঃ পতিত ও স্খলিত হইতে হইতে সেই স্থানে আগমন করত মূর্চ্ছিত হইতে লাগিলেন। তাঁহাদের সেই ব্যাকুল ক্রন্দনে পাষাণও বিগলিত হইতে লাগিল।

রাজাকে এইরূপ শোকসন্তপ্ত, হতচেতন ও অনাথ জানিতে পারিয়া নারদের সহিত অঙ্গিরা ঋষি সেস্থানে কৃপাপূর্ব্বক আগমন করিয়া তাঁহাকে তত্ত্বোপদেশ প্রদানপূর্ব্বক তাঁহার শোক দূর করিলেন। তিনি বলিতে লাগিলেন,—"হে রাজেন্দ্র! তুমি যাহার জন্য শোক করিতেছ, সে তোমার কে? তুমিই বা ইহার পূর্ব্বদের মধ্যে কোন্ ব্যক্তি? যদি বল, সে আমার পুত্র, আমি তাহার পিতা, তাহা হইলে আমি তোমাকে জিজ্ঞাসা করি, তোমাদের এই সম্বন্ধ পূর্ব্বে ছিল কি? এখনও কি আছে, না ভবিষ্যতে থাকিবে? স্রোতের বেগে বালুকারাশি যেমন একবার বিশ্লিষ্ট হইয়া যায়, আবার আসিয়া মিলিত হয়, তেমন প্রাণিগণও কালের নিয়মানুসারে একবার আসিয়া মিলিত হয়, আবার সব ত্যাগ করিয়া চলিয়া যায়। ধান্যাদি বীজ বপন করিলে তাহাতে কখনও অঙ্কুর উৎপন্ন হয়, কখনও হয় না, সেইরূপ ভগবন্মায়া-প্রেরিত প্রাণিগণ কখনও পুত্রাদিরূপে পিত্রাদিতে জন্মগ্রহণ করে, কখনও করে না। সুতরাং এই বিনশ্বর সম্পর্কের জন্য শোক করা উচিত নহে। ভগবান্ জগৎ-সৃষ্টি-বিষয়ে নিরপেক্ষ হইয়াও বালকের মত অনভিপ্রেতভাবে নিরন্তর পরতন্ত্র বা স্বতন্ত্র-ভূত ভূতগণ দ্বারা পিতৃরূপে ভূতসকলকে সৃজন, রাজরূপে পালন, সর্পাদিরূপে ধ্বংস করিয়া থাকেন। সুতরাং সৃষ্ট্যাদি কার্য্যে পরতন্ত্র ভূতাদির কর্তৃত্ব নাই, তবে তাহারা মায়া মোহবশতঃ কেবল কর্তৃত্বাভিমান করিয়া থাকে।" তাঁহাদের মঙ্গলময় উপদেশ আশ্বস্ত হইয়া রাজা চিত্রকেতু বলিলেন, —"হে মহাপুরুষদ্বয়, পরমহংস-বেশে আত্মগোপনপূর্ব্বক সমাগত আপনারা দুইজন কে? দেখিতেছি, আপনারা অতিশয় জ্ঞান সম্পন্ন এবং মহৎ হইতেও অতিশয় মহৎ। আপনারা আমাকে জ্ঞানদানে সমর্থ। আমি গ্রাম্যপশুসদৃশ মূঢ়বুদ্ধি ও অজ্ঞানান্ধকারে নিমগ্ন, আপনারা আমায় জ্ঞান প্রজ্জ্বলিত করিয়া দিউন।" তদুত্তরে অঙ্গিরা ঋষি বলিলেন,—"হে রাজন্, তুমি পুত্রকামনা করিলে তোমাকে যে পুত্র প্রদান করিয়াছিল, আমিই সেই অঙ্গিরা আর ইনি সাক্ষাৎ ব্রহ্মা-তনয় পরমপূজ্য নারদ ঋষি। তুমি ভগবদ্ভক্ত, শোক-মোহাদির দ্বারা অভিভূত হইবার যোগ্য নহ, এইরূপ বিচার করিয়া আমরা দুইজন শোককাতর তোমাকে কৃপা করিবার জন্য তোমার নিকট আসিয়াছি। ভগবদ্ভক্ত তোমার শোকে অভিভূত হওয়া উচিত নহে। আমি যখন পূর্ব্বে তোমার গৃহে আসিয়াছিলাম, তখনই তোমাকে পরম জ্ঞান প্রদান করিতাম কিন্তু তোমার অন্য বিষয়ে অর্থাৎ পুত্রলাভে আসক্তি আছে জানিয়া তখন তোমাকে পুত্রই প্রদান করিয়াছি। এখন আপনি নিজেই পুত্রবান্-গণের ন্যায় দুঃখ অনুভব করিতেছেন। হে শূরসেন! স্ত্রী, গৃহ, ধন এবং বিবিধ ঐশ্বর্য্য সম্পদ্ ও শব্দ-স্পর্শাদি বিষয়—এ সকলই অনিত্য। রাজ্য, ধনাগার, ভৃত্য, অমাত্য ও বান্ধব ইহারা সকলেই ভয়, শোক, মোহ

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে॥

[illegible] ক্ষণকাল [illegible], সেই ও ঐ কাবের ন্যায় তোমা ক্ষণস্থায়ী। অতএব তুমি শাস্ত্রের আশ্রয় পূর্বক তুমি কে? কোথা হইতে আসিয়াছ ও পরিণামে বা কোথায় যাইবে, এই বিষয় চিন্তা করিয়া এই অনিত্য সংসারে আসক্তি পরিত্যাগ কর।'

অনন্তর বলিলেন, 'হে রাজন, তুমি সংযত হইয়া মৎপ্রদত্ত এই পরম মঙ্গলকর মন্ত্র গ্রহণ কর, যাহা গ্রহণ করিলে সপ্ত রাত্রির মধ্যে প্রভু সঙ্কর্ষণের দর্শন লাভ করিতে পারিবে। স্বপ্নাবস্থায় অনুভূত সর্প-ব্যাঘ্রাদির ভয়ের সম্ভাবনাবশতঃ জাগ্রত [illegible] ঐ সকল পদার্থ দর্শনে ভয় জন্মে, সেইরূপ অনাদিকালপ্রচলিত "দেহই আমি" এই অভিমান এবং দেহের সহিত সংযোগ বশতঃ জন্মমৃত্যু প্রভৃতি আমার [illegible] প্রকাশিত হইয়া থাকে। অতএব তুমি অনর্থসমূহ চিন্তা করিবে না। পুত্রাদি পদার্থসকল কেবলমাত্র মানসিক রাগ-দ্বেষ-জনিত পুণ্যপাপেরই নিমিত্ত হইয়া থাকে। অতএব 'ইহা আমি', 'ইহা আমার' এইরূপ অহঙ্কার ও মমতারূপ অজ্ঞান পরিত্যাগ পূর্বক সর্বান্তর্যামী ভগবান্ বাসুদেবে মন সমর্পণ কর।"

অনন্তর দেবর্ষি নারদ যোগবলে মৃত রাজপুত্রকে শোকাকুল বন্ধুবর্গের প্রত্যক্ষ গোচর করাইয়া বলিলেন,—"হে জীবাত্মন! তোমার মঙ্গল হউক। তোমার শোকে অত্যন্ত পরিতপ্ত তোমার মাতা, পিতা, সুহৃৎ ও বন্ধুগণকে দর্শন কর। তুমি অপমৃত্যুতে মৃত হইয়াছ বলিয়া তোমার আয়ুষ্কাল এখনও অবশিষ্ট আছে। অতএব তুমি পুনরায় নিজ পরিত্যক্ত কলেবরে প্রবেশপূর্বক সুহৃদ্গণ কর্তৃক পরিবেষ্টিত থাকিয়া অবশিষ্ট আয়ুষ্কাল পিতৃদত্ত রাজ্য শাসন কর ও রাজাসনে অধিষ্ঠিত হও।" তদুত্তরে মৃত রাজপুত্র বলিলেন—"আমি কর্মবশতঃ দেবতা, তির্যক্ ও নরযোনিতে ভ্রমণ করিয়া থাকি। অতএব ইঁহারা আবার কোন্ জন্মে আমার মাতা-পিতা ছিলেন? এই অনাদি সংসার-প্রবাহের মধ্যে ক্রমশঃ সকলেই পরস্পর পরস্পরের বন্ধু, জ্ঞাতি, শত্রু ও মিত্র হইয়া থাকে। যেরূপ ক্রয়বিক্রয়যোগ্য সুবর্ণাদি বস্তুসমূহ ভিন্ন ভিন্ন মনুষ্যের মধ্যে পর্যটন করিতেছে, সেইরূপ জীবও নানাবিধ জনক-জননীতে পরিভ্রমণ করিতেছে। পশ্বাদি জীবের সহিত অন্য জীবের নিত্যসম্বন্ধ দেখা যায় না। যে কাল পর্যন্ত বস্তুর সহিত সম্বন্ধ থাকে, সেইকাল পর্যন্তই সেই বস্তুর প্রতি পুরুষের মমতা থাকে, সম্বন্ধ তিরোহিত হইলে আর মমতা থাকে না। পিতাদির সহিত সম্বন্ধযুক্ত হইলেও জীব নিত্য। যেহেতু বস্তুতঃ দেহাদিই জন্মিয়া থাকে, জীবের জন্ম স্বীকার্য নহে। জীব নিরহঙ্কৃত অর্থাৎ 'আমি ইঁহার পুত্র' এইরূপ অভিমানশূন্য। জীব কর্মবশে যতকাল পর্যন্ত দেহাদির সহিত সম্বন্ধযুক্ত হইবে, তাবৎকাল পর্যন্ত সেই পিতার সেই পুত্র স্বত্ব বর্তমান থাকে। মরণের পর পিতার সম্বন্ধ বিগত হওয়ায় উক্তরূপ শোক নিরর্থক।"

রাজপুত্র এই কথা বলিয়া চলিয়া গেলে চিত্রকেতু প্রভৃতি তাঁহার বাক্যে বিস্মিত হইলেন এবং মৃতের দেহ দাহন পূর্বক মৃতোচিত শ্রাদ্ধ তর্পণাদি করিয়া শোক, মোহ, ভয় ও আর্তিপ্রদ দুস্ত্যজ স্নেহ ত্যাগ করিলেন। শ্রীনারদ ও শ্রীঅঙ্গিরা ঋষির উপদেশ শ্রবণ করিয়া চিত্রকেতু গৃহরূপ অন্ধকূপ হইতে বহির্গত হইলেন এবং যমুনায় স্নান করিয়া দেব-পিতৃ তর্পণাদি সমাপন পূর্বক মৌন ও সংযতচিত্ত হইয়া নারদ ও অঙ্গিরাকে প্রণাম করিলেন। পরে নারদ সন্তুষ্ট হইয়া শরণাগত, জিতেন্দ্রিয় সেই ভক্ত চিত্রকেতুকে বহু উপদেশ প্রদান পূর্বক অঙ্গিরার সহিত ব্রহ্মার লোকে গমন করিলেন। চিত্রকেতুও কেবল জলপান করিয়া অতি সাবধানে নারদ কথিত সেই মন্ত্র যথোচিতরূপে সপ্তাহকাল জপ করিলেন এবং কিছুদিনের মধ্যে সেই মন্ত্রপ্রভাবে দেবদেব অনন্তদেবের চরণান্তিকে গমনপূর্বক স্বপ্রভায় ভক্তগণ পরিবেষ্টিত প্রভু সঙ্কর্ষণকে দেখিতে পাইলেন। তাঁহাকে দর্শন করিবামাত্র চিত্রকেতুর অশেষ পাপ ধ্বংস হইল, অন্তঃকরণ নির্মল হইল, তিনি প্রেমাশ্রু সিক্তশরীর করিতে করিতে হর্ষে রোমাঞ্চিত হইয়া অত্যধিক ভক্তিসহকারে আদিপুরুষ সঙ্কর্ষণকে প্রণাম করিলেন এবং বলিলেন, "হে অজিত, আপনি অন্য কর্তৃক অজিত হইলেও সাধুগণ কর্তৃক জিত অর্থাৎ তাঁহারা আপনাকে তাঁহাদের নিজের অধীন করিয়া ফেলিয়াছেন। তাহার কারণ এই যে আপনি অত্যন্ত কারুণিক, নিষ্কাম ভজনকারিগণকে আপনি আত্মদান করিয়া থাকেন, সেইজন্য আপনিও তাঁহাদিগকে বশীভূত করিয়াছেন। হে ভগবন্! আপনার দর্শনে যে মানবগণের সমস্ত পাপ ধ্বংস হয়, ইহা কিছু অসম্ভব নয়। যেহেতু আপনার নাম একবার মাত্র শ্রবণ করিলে পুক্কশ অর্থাৎ অধার্মিক চণ্ডালও সংসার হইতে মুক্ত হয়। আপনার শ্রীচরণ দর্শন করিয়াই আমার চিত্তের নিতান্ত পাপ ও রাগ-দ্বেষাদি অপসারিত হইয়াছে। আপনার ভক্ত নারদ যাহা বলিয়াছেন, তাহা কখনও অন্যথা হইতে পারে না অর্থাৎ তাঁহার উপদেশেই আমি আপনাকে পাইলাম। হে অনন্ত! এই সংসারে জনগণ যাহা আচরণ করে, তাহার কোনটিই অজ্ঞাত আপনার অবিদিত নহে। যেমন সূর্যসমীপে খদ্যোতের প্রকাশনীয় বস্তু কিছুই নাই, সেইরূপ সর্বদর্শী আপনার সমীপেও মাদৃশ জনগণের বলিবার কিছুই নাই, আপনি সবই জানেন।"

চিত্রকেতুর স্তবে সন্তুষ্ট হইয়া শ্রীসঙ্কর্ষণদেব কৃপাপূর্বক চিত্রকেতুকে বহু উপদেশ প্রদান পূর্বক অন্তর্হিত হইলেন। ভগবান্ অনন্তদেব যেদিকে অন্তর্হিত হইয়াছিলেন, বিদ্যাধর চিত্রকেতু সেই দিকে তাঁহার উদ্দেশে নমস্কার বিধান করিয়া আকাশমার্গে বহু বর্ষব্যাপী ভ্রমণ করিতে লাগিলেন। তাহাতে তাঁহার বল ও ইন্দ্রিয় অক্ষুণ্ণ ছিল। একদিন মহাযোগী চিত্রকেতু ভগবৎপ্রদত্ত দীপ্তিমান বিমানে আরোহণপূর্বক বিচরণ করিতে করিতে মুনিগণের সভায় সিদ্ধ চারণগণ-পরিবেষ্টিত মহাদেব পার্বতীকে ক্রোড়ে বসাইয়া বাহুদ্বারা আলিঙ্গন করিতেছেন দেখিতে পাইলেন এবং পার্বতীর সন্নিকটে [illegible] এইভাবে উচ্চ হাস্য করিয়া বলিলেন,—"ইনি সাক্ষাৎ লোকগুরু, দেহধারী জীবগণের মধ্যে সর্বশ্রেষ্ঠ এবং ধর্মের বক্তা। কি আশ্চর্য! ইনি এই মুনিগণের সভাতে ভার্যার সহিত মিলিত হইয়া অবস্থান করিতেছেন। সাধারণ গ্রাম্য নীচ জনগণও প্রায় গোপনে পত্নীকে ধারণ করিয়া থাকে আর এই মহাদেব তপস্বী হইয়াও সভামধ্যে পত্নীকে অঙ্কে ধারণ করিতেছেন।" অসীম জ্ঞানশালী মহেশ্বর চিত্রকেতুর বাক্য শ্রবণ করিয়াও ঈষৎ হাসিয়া নীরবে রহিলেন এবং তদীয় অনুচর সভ্যগণও তাঁহারই অনুসরণ করিলেন। চিত্রকেতু শিবের প্রতি শাসনবাচক এইরূপ বহু অনুচিত বাক্য বলিলে পার্বতী ক্রুদ্ধ হইয়া চিত্রকেতুকে অসুরকুলে জন্মগ্রহণ করিবার শাপ প্রদান করিলেন। এইরূপ অভিশপ্ত হইয়া চিত্রকেতু বিমান হইতে অবতরণ পূর্বক প্রণতমস্তকে সতীকে সন্তুষ্ট করিয়া বলিলেন,—"হে অম্বিকে! আপনি যে আমাকে শাপ প্রদান করিয়াছেন, তাহা আমি শির অবনত করিয়া গ্রহণ করিতেছি। যেহেতু দেবগণ মানবকে তাঁহাদের পূর্বকর্মানুসারে সুখ বা দুঃখ প্রদান করিয়া থাকেন। অবিদ্যাচ্ছন্ন জীব এই সংসারবনে ভ্রমণ করিতে করিতে সকল দেশে, সকল সময়ে প্রাক্তন কর্মফলস্বরূপ সুখ ও দুঃখ ভোগ করে।' চিত্রকেতু এইরূপে শঙ্কর ও পার্বতীকে প্রসন্ন করিয়া স্বস্থানে প্রস্থান করিলেন। শাপ-প্রদানেও চিত্রকেতু ভীত হইলেন না দেখিয়া তাঁহারা উভয়েই আশ্চর্যান্বিত হইলেন। তখন শ্রীরুদ্র বলিলেন,—'হে পার্বতি! যাঁহারা শ্রীহরির ভৃত্যের ভৃত্য, বিষয়সুখে নিস্পৃহ, সেই চিত্রকেতু প্রভৃতি মহাত্মার মাহাত্ম্য কিরূপ তাহা দেখিলে ত? নারায়ণপরায়ণ ব্যক্তিগণ কোথা হইতেও ভয়প্রাপ্ত হন না। তাঁহারা স্বর্গ মুক্তি ও নরককে সমানভাবে দর্শন করিয়া থাকেন। ভগবানের মায়া হইতে জীবের দেহ-সম্বন্ধ এবং তজ্জনিত সুখ-দুঃখ, জন্ম মৃত্যু, শাপ ও অনুগ্রহ এই সকল দ্বন্দ্ব হইয়া থাকে। এই উদারচেতা চিত্রকেতু সর্বভূতে সমদৃষ্টিসম্পন্ন এবং শান্ত্যাদিগুণযুক্ত। সুতরাং তাঁহার কার্য দেখিয়া বিস্মিত হইবার কিছুই নাই। পরমভক্ত চিত্রকেতু দেবীকে প্রতিশাপ দিতে সমর্থ হইয়াও দেন নাই বরং দেবী-প্রদত্ত শাপ অবনতমস্তকে স্বীকার করিয়াছেন। সাধুদিগের লক্ষণই এইরূপ। সেই চিত্রকেতু দানবীশাপে অসুরযোনি প্রাপ্ত হইয়া জ্ঞান ও বিজ্ঞানসম্পন্ন হইয়া ত্বষ্টার দক্ষিণাগ্নি যজ্ঞে উৎপন্ন হন এবং বৃত্রাসুর নামে প্রসিদ্ধি লাভ করেন। মহাত্মা চিত্রকেতুর এই পবিত্র ইতিহাস বিষ্ণুভক্তের নিকট শ্রবণ করিলে সংসার হইতে মুক্ত হওয়া যায়।

কোন সময় দেবরাজ ইন্দ্র নিজ পত্নী শচী সহ সুরসিংহাসনে উপবিষ্ট হইয়া সিদ্ধ চারণ-গন্ধর্বাদি এবং দেবতাগণের সম্মিলনে গঠিত বিরাট্ রাজসভা-মধ্যে বিরাজ করিতেছিলেন, এমন সময় দেবগুরু বৃহস্পতি তথায় উপস্থিত হইলে ইন্দ্র বিষয়মদে মত্ত হইয়া তাঁহাকে কোনরূপ সম্মান করিলেন না। ইহাতে বৃহস্পতি ইন্দ্রের ঐশ্বর্যমদ অবগত হইয়া তাঁহাকে শিক্ষা দিবার জন্য তৎক্ষণাৎ সভা পরিত্যাগ করিলেন। পরক্ষণে ইন্দ্র আপনার অন্যায় ব্যবহারের কথা বুঝিতে পারিয়া অত্যন্ত অনুতপ্ত হইলেন এবং তখনই ক্ষমা-প্রার্থনার জন্য উঠিয়া গুরুদেবের অনুসন্ধান করিলেন, কিন্তু কোথায়ও তাঁহাকে দেখিতে পাইলেন না। তাঁহার এই গুরুঅবমাননাজনিত অপরাধে অচিরেই সুরলক্ষ্মী তাঁহাকে ত্যাগ করিলেন। দৈত্যগণ ঘোর যুদ্ধে দেবগণ সহ দেবরাজকে পরাজয় করিয়া সুরসিংহাসন অধিকার করিলেন। অবশেষে ইন্দ্র দেবগণসহ ব্রহ্মার শরণাপন্ন হইলে তিনি তাঁহাদের অপরাধের জন্য তিরস্কার করিয়া ত্বষ্টৃতনয় দ্বিজবর বিশ্বরূপকে পৌরোহিত্যে বরণ করিতে উপদেশ দিলেন। তদনুসারে দেবরাজ ইন্দ্র বিশ্বরূপকে পৌরোহিত্যে বরণ করিয়া তাঁহার কৃপায় দৈত্যগণকে পরাজয় এবং সুরসিংহাসন পুনরধিকার করিলেন। ত্বষ্টা-প্রজাপতির ঔরসে ও দৈত্যকন্যা রচনার গর্ভে বিশ্বরূপ জন্মগ্রহণ করেন। বিশ্বরূপ দেবগণের চিরশত্রু দৈত্যগণের ভাগিনেয় ছিলেন। এই বিশ্বরূপ বৃত্রাসুরের ভ্রাতা। বিশ্বরূপ ইন্দ্রের নিকট নারায়ণ-কবচ ও তাঁহার মাহাত্ম্যের কথা বর্ণন করিয়াছিলেন। এই বিশ্বরূপের তিনটী মস্তক ছিল। একটির নাম সোমপীথ—ইহার দ্বারা তিনি সোমরস পান করিতেন, অন্যটির নাম সুরাপীথ—তাহার দ্বারা সুরাপান করিতেন; অপরটির নাম অন্নাদ—তদ্দ্বারা তিনি অন্নভোজন করিতেন। দেবগণ বিশ্বরূপের পিতৃপুরুষ বলিয়া বিশ্বরূপ প্রকাশ্যভাবে মন্ত্রোচ্চারণ পূর্বক অর্পিত দেবগণের উদ্দেশে হবির্ভাগ প্রদান করিতেন। এদিকে দেবতাগণের যজ্ঞ করিতে করিতে বিশ্বরূপ মাতৃস্নেহবশতঃ মাতামহপক্ষীয় অসুরগণের প্রতি

শ্রুতি বিবরণ দেবতাদিগের দৃষ্টির অন্তরালে গুপ্তভাবে অসুরগণকেও যজ্ঞভাগ দিতেন। ইন্দ্র বিশ্বরূপের গোপনে অসুরগণকে যজ্ঞ-ভাগ প্রদানরূপ কপটধর্ম্ম জানিতে পারিয়া তাঁহার মস্তকত্রয় ছেদন করেন। তাঁহার সোমপীথ নামক মস্তকটী চাতক, সুরাপীথ নামক মস্তকটী চটকপক্ষী এবং অন্নাদি নামক মস্তকটী তিত্তিরী পক্ষী হইয়াছিল। বিশ্বরূপ নিহত হইলে বিশ্বরূপের পিতা ত্বষ্টা ইন্দ্রকে বিনাশ করিবার জন্য যজ্ঞ আরম্ভ করিলেন। সেই যজ্ঞে এইরূপে আহুতি দিলেন যে,—"ইন্দ্রশত্রো! বিবর্দ্ধস্ব" অর্থাৎ হে ইন্দ্রের শত্রো, তুমি বর্দ্ধিত হও। এস্থলে ইন্দ্রশত্রো পদে ইন্দ্রের শত্রু—ইন্দ্রশত্রু এই অভিপ্রায়েই ত্বষ্টা সম্বোধন করিয়াছিলেন। কিন্তু স্বরোচ্চারণ-দোষে ইন্দ্রই যাহার শত্রু এইরূপ উচ্চারণ হওয়ায় সেই যজ্ঞে ইন্দ্রের শত্রু না জন্মিয়া ইন্দ্রই যাহার শত্রু সেই বৃত্রাসুরের জন্ম হইল। বৃত্রাসুরের ভয়ঙ্কর মূর্ত্তি দর্শন করিয়া ত্রিভুবন কম্পিত হইয়াছিল। এই বৃত্রাসুর তপোবলে লোকসকলকে আবৃত করিয়াছিলেন। ইন্দ্রাদি দেবগণ সসৈন্যে তাঁহার নিকট উপস্থিত হইয়া নিজ নিজ দিব্য অস্ত্র-শস্ত্রাদির দ্বারা আক্রমণ করিলে বৃত্রাসুর সমস্ত অস্ত্রশস্ত্রই গ্রাস করিয়া ফেলিল। তাহার প্রভাবে দেবতাগণ নিস্তেজ হইয়া পড়িলেন। তখন উপায়ান্তর না দেখিয়া তাঁহারা একমাত্র ভয়ত্রাতা ভগবানের স্তব করিতে লাগিলেন। কেন না, ভয় নিবারণের জন্য ভগবান্ ভিন্ন অন্য কাহারও শরণাপন্ন হওয়া কুকুরের লাঙ্গুল অবলম্বনপূর্ব্বক সমুদ্র উত্তীর্ণ হইবার চেষ্টার ন্যায় নির্ব্বুদ্ধিতার পরিচয়মাত্র। ভগবান্ দেবতাগণের স্তবে সন্তুষ্ট হইয়া তাঁহাদিগকে অথর্ব্বপুত্র দধীচি মুনির নিকট তাঁহার দেহ প্রার্থনা করিতে আদেশ করিলেন। সেই দধীচি মুনির অস্থিনির্ম্মিত বজ্রের দ্বারা ইন্দ্র বৃত্রাসুরকে বধ করেন।

দেবতাগণের সহিত বৃত্রাসুরের ভীষণ যুদ্ধ হইয়াছিল। বৃত্রাসুরের সৈন্যগণ ভয়ে ভীত হইয়া পলায়ন করিলেও বৃত্রাসুর পশ্চাৎ-পদ না হইয়া একাকী নির্ভীকভাবে যুদ্ধ করিয়াছিল। যুদ্ধসময়ে বৃত্রাসুর ইন্দ্রকে বলিতে লাগিল,—"হে ইন্দ্র! আমি তোমার শত্রু-রূপে অবস্থান করিলেও কি জন্য আমার প্রতি অমোঘ বাণ নিক্ষেপ করিতেছ না। তোমার এই বজ্র ভগবান্ শ্রীহরির তেজে ও দধীচি মুনির তপস্যায় অতিশয় তেজোযুক্ত হইয়াছে। তুমিও বিষ্ণু কর্ত্তৃক প্রেরিত হইয়াছ। অতএব তুমি ইহা দ্বারা আমাকে বধ করিতে পারিবে। যেহেতু ভগবান্ শ্রীহরি যে পক্ষ অবলম্বন করেন, সেই পক্ষেই জয়, সম্পদ্ ও সন্তোষাদি গুণ অবশ্যম্ভাবী। আমিও তোমার বজ্রাঘাতে ইহলোক ত্যাগ করিয়া সঙ্কর্ষণের পাদপদ্মে আত্মসমর্পণপূর্ব্বক ভগবদ্ভক্তগণের গতিলাভ করিব। যাঁহারা ভগবানের প্রতি একান্তভাবে চিত্তসমর্পণ করেন এবং ভগবান্ যাঁহাদিগকে নিজজন বলিয়া স্বীকার করেন, তাঁহাদিগকে স্বর্গ, মর্ত্ত্য ও পাতালে যে সম্পদ্ আছে তাহা দান করেন না। কারণ, তাহা হইতে শত্রুতা, উদ্বেগ, মত্ততা, গর্ব্ব, কলহ প্রভৃতি হওয়ায় দুঃখ পাইতে হয়। ভগবান্ শ্রীহরি ভক্তের মঙ্গলকামনায় তাঁহাদের ঐ সকল জড় সম্পদ্ প্রদান করেন না, উহাই ভগবানের কৃপা। এতাদৃশ ভগবৎকৃপা একমাত্র নিষ্কিঞ্চন ভগবদ্ভক্তেরই লভ্য, বিষয়াবিষ্ট জনগণের ইহা দুর্ল্লভ। অতএব হে ভগবন্, যাঁহারা তোমার পাদপদ্ম আশ্রয় করিয়াছেন, আমি যেন সর্ব্বস্ব পরিত্যাগ করিয়া তোমার সেই দাসগণের দাস হইতে পারি এবং কায়মনোবাক্যে তাঁহাদের গুণাবলী শ্রবণ, কীর্ত্তন ও সেবা করিতে পারি। আমি তোমাকে ত্যাগ করিয়া ধ্রুবলোক, ব্রহ্মপদ, পৃথিবীর একচ্ছত্র আধিপত্য, অণিমাদি অষ্টসিদ্ধি, এমন কি, মোক্ষপ্রাপ্তিও ইচ্ছা করি না। অজাতপক্ষ পক্ষীশাবক যেমন মাতার আগমন প্রতীক্ষা করিয়া থাকে, রজ্জুবদ্ধ বৎস যেরূপ ক্ষুধায় পীড়িত হইয়া কোন্ সময় স্তন্যপান করিবে তজ্জন্য উন্মুখ হইয়া থাকে, বিষণ্ণা প্রেয়সী পত্নী যেরূপ প্রবাসী পতির দর্শনে অভিলাষ করে, আমার মনও সেইরূপ একমাত্র তোমাকেই দর্শন করিতে ইচ্ছা করিতেছে। দেহ, পুত্র, দারাদির সহিত অনাসক্ত হইয়া যেন তোমার ভক্তের সহিত মিত্রতা লাভ হয় ইহাই আমার একমাত্র প্রার্থনা।"

পুনরায় যুদ্ধ আরম্ভ হইল। বৃত্রাসুর তখনও বলিল,—"যুদ্ধে জয় পরাজয়ের একমাত্র হেতু সর্ব্বকারণকারণ ভগবান্। মূঢ় ব্যক্তিগণ তাহা না জানিয়া নিজেকেই জয় পরাজয়ের হেতুকর্ত্তা মনে করে। বস্তুতঃ সমস্তই ভগবদধীন। তদ্ব্যতীত স্বতন্ত্রতা আর কাহারও নাই। পুরুষ, প্রকৃতি, কাল প্রভৃতি সমস্তই ভগবানের অনুগ্রহেই সৃষ্ট্যাদি কার্য্য করিতে সমর্থ। তাঁহাকে জানিতে না পারিয়াই অনীশ্বর জীব আপনাকে ঈশ্বর বা ভোক্তা বলিয়া মনে করে। ভগবান্‌কে জানিতে পারিলেই জীব সুখ-দুঃখ-ভয়াদিতে অভিভূত হয় না।" এই প্রকার ধর্ম্মকথা বলিতে বলিতে উভয়েই পুনরায় যুদ্ধে প্রবৃত্ত হইলেন। মহাবলশালী বৃত্রাসুর সবাহন ইন্দ্রকে উদরস্থ করিয়া ফেলিলে নারায়ণ-কবচবলে ইন্দ্র নিজেকে রক্ষা করেন এবং বহুকষ্টে বজ্রের দ্বারা বৃত্রাসুরকে বধ করেন। তৎকালে বৃত্রের দেহ হইতে আত্মজ্যোতিঃ নিষ্ক্রান্ত হইয়া অর্থাৎ পার্ষদ-দেহ প্রকাশিত হইয়া সর্ব্বদেবগণের সম্মুখে লোকাতীত ভগবান্ সঙ্কর্ষণকে প্রাপ্ত হইলেন।

গৌরপার্ষদ শ্রীশ্রীল আচার্য্যদেব বলিয়াছেন—"মহাভাগবত গুরু আচার্য্যলীলা করিবার কালে স্বয়ং শাস্ত্রবিধি আচরণপূর্ব্বক শিক্ষা দিলেও তিনি যে স্বরূপতঃ পরম স্বতন্ত্র, সেটী ভুলিলে চলিবে না। মহারাজ চিত্রকেতু দেবগণের প্রকাশ্য সভায় মহেশ্বরের উমাকে স্বীয় অঙ্কে স্থাপন করিয়া অবস্থান করাকে গর্হণ করিয়াছিলেন। মহাদেবের ব্যক্তিগতভাবে ঐ কার্য্য যে দোষাবহ, তাহা চিত্রকেতু বলেন নাই। তবে মহাদেব- জগদ্‌গুরু, তিনি কেন ঐরূপ অন্যায় আদর্শ জগতের সমক্ষে প্রকাশ করিয়া জনগণকে ভ্রান্তিগর্ত্তে পতিত হইবার অবকাশ দিতেছেন, ইহা তাঁহার আচার্য্যোচিত কার্য্য নহে, ইহাই চিত্রকেতুর পূর্ব্ব বিচার ছিল। চিত্রকেতুর এই ব্যবহারে রুষ্ট হইয়া উমা তাঁহাকে শাপ দিলেন। মহাদেব—পরমহংস—বিধি-বাধ্য নহেন। তাঁহাকে শাসন বা তাঁহার কার্য্যের কোন সমালোচনা করিতে হইবে না। চিত্রকেতু যেখানে উমার শাপ ভগবদিচ্ছা জানিয়া অবনতমস্তকে গ্রহণ করিলেন—ইহাই অধোক্ষজে প্রপন্ন শুদ্ধ ভক্তের বিচার। চিত্রকেতু ত' স্বয়ং মহাভাগবত। মহাদেব যে সঙ্কর্ষণের অংশ কলা শেষদেবকে স্বীয় ইষ্টদেবজ্ঞানে কণ্ঠে ধারণ করেন, চিত্রকেতু সেই সঙ্কর্ষণেরই উপাসক। তিনি কেন বৈষ্ণবশ্রেষ্ঠ শম্ভুর ব্যবহারের প্রতিবাদ করিতে গেলেন? তিনি কি শম্ভুর পরমহংসত্ব উপলব্ধি করিতে পারেন নাই?

প্রকৃতপক্ষে চিত্রকেতুর দর্শনে প্রমাদ হয় না। মহাভাগবতের এই সকল লীলা আমাদের মত ভ্রম-প্রমাদগ্রস্ত ব্যক্তিকে শিক্ষা দিবার জন্যই। যদি তাঁহারা সকলেই নিন্দার আচরণ দেখান, যদি নিজেই দোষের অভিনয় করিয়া সেই দোষের পরিণাম, দোষক্ষালনের উপায় প্রভৃতি শিক্ষা না দেন, তাহা হইলে আমাদের স্বভাবগত দোষসমূহ সংশোধিত হয় কিরূপে?"

যেখানে শ্রীনামের প্রতি শ্রদ্ধার অভাব, সেখানে শ্রীবিগ্রহ, শ্রীধাম, শ্রীগুরু, শ্রীবৈষ্ণব, শ্রীনাম প্রভৃতি সকলেরই প্রতি অশ্রদ্ধা স্বাভাবিক। কৃপা থাকিয়া শ্রদ্ধার প্রাণনাথ সর্ব্বকর্ত্তা ভগবান্ স্বানন্দের শ্রীনামের সাক্ষাৎকার পাওয়া যায় না। সুন্দর কাঞ্চনই শ্রদ্ধানন্দের দর্শন পান। চেতন জীব যখন চেতনবৃত্তির অনুশীলনে ভগবানকে সম্পূর্ণভাবে বরণ করেন, তখনই সেই সেবোন্মুখ চেতনের নিকট শ্রীনাম ভগবান্ আত্মপ্রকাশ করেন। সেবোন্মুখ না হইয়া—ভোগোন্মুখ থাকিয়া ভগবানকে ডাকিবার জন্য অভিনয় করা যাউক না কেন, কোন ডাকই তাঁহার নিকট পৌঁছিবে না। শ্রীনাম বলেন, 'তিনিই আমাকে দেখিবেন, আমি তাঁহাকে দেখিয়া লইতে পারি না। সুন্দর হইতে পারিলে আমাকে দেখিয়া তাঁহার সুখ হইবে এজন্য কৃষ্ণসুখকর সেবাময় রূপে প্রতিষ্ঠিত হইতে পারিলে শ্রীনামসাক্ষাৎকার নিশ্চয়ই হইবে। সৎসঙ্গ দ্বারাই কুরূপ ছাড়িয়া সুরূপে প্রতিষ্ঠিত হওয়া সম্ভব।

নামের দিক্ হইতে যেরূপ বিচার, নাম-গ্রহণকারীর দিক্ হইতেও সেইরূপ বিচার আছে। নামগ্রহণকারী তাঁহার সেব্য নামকে যে পরিমাণ সেবাবৃত্তির সহিত গ্রহণ করিতে পারিবেন, তাঁহার চিত্তে শ্রীনাম তত্তটা প্রকাশিত হইবেন। পরিপূর্ণ সেবাবিগ্রহ শ্রীকৃষ্ণনামকে শ্রীনামগ্রহণকারী সেবক যদি শতকরা শতপরিমাণ সেবাবৃত্তির সহিত গ্রহণ করেন, তবেই শ্রীকৃষ্ণনাম উদিত হইবেন। নতুবা রামনাম বা ঐশ্বর্য্যময় বিষ্ণুর নাম হইয়া যাইবে। নামগ্রহণকারী লোকের সেবোন্মুখতার পূর্ণতায় শ্রীকৃষ্ণনাম উদিত হন। নামগ্রহণকারীর সেবোন্মুখতার বিচার বাদ দিয়া কেবল নামের মহিমার দোহাই দিলে শ্রীনামের প্রকৃত মাহাত্ম্য উপলব্ধ করা যাইবে না। পরমেশ্বর যেরূপ সর্ব্বশক্তিমান হইয়াও তটস্থশক্তি-প্রসূত চেতন জীবের স্বতন্ত্রতার সদ্ব্যবহার শিক্ষা দিয়া তাহার সহজ সেবা-বৃত্তি আকর্ষণ করেন এবং তাহাই তাঁহার করুণাবিশেষ, চেতনকে জড় বা অস্বতন্ত্ররূপে পরিণত করা সর্ব্বশক্তিমান্ ভগবানের করুণা নহে, তদ্রূপ সর্ব্বশক্তিমান্ শ্রীনামও স্বতন্ত্রতার সদ্ব্যবহারে জীবের সেবোন্মুখতার নিকট আত্মপ্রকাশ করিয়া তাঁহার করুণা বিশেষ প্রচার করিয়া থাকেন। জীবের জাড্য বা বিমুখতাকে প্রশ্রয় দেওয়া, অচেতনের নিকট পূর্ণ চেতনকে ব্যর্থ করিবার জন্য চেতনের জড়ের সম্মুখীন হওয়া কর্ত্তব্য নহে। জীব যখন সাধুসঙ্গ ফলে স্বতন্ত্রতার সদ্ব্যবহারক্রমে জাড্যাদি অপরাধ অপসারিত করিয়া সেবোন্মুখ হয়, তখনই চেতনবৃত্তির সেবোন্মুখতার তারতম্যানুসারে শ্রীনাম আত্মপ্রকাশ করিয়া থাকেন। পূর্ণতম সেবোন্মুখতায় পূর্ণতম শ্রীকৃষ্ণনাম প্রকাশিত হন।

ছায়া-নামাভাস জীবের প্রধান সুকৃতি মধ্যে গণ্য হয়। ধর্ম্ম, ব্রত, যোগ, যজ্ঞাদি সর্ব্বপ্রকার শুভ-কর্ম্মাপেক্ষা নামাভাস শ্রেষ্ঠতর, কিন্তু প্রতিবিম্ব নামাভাস জীবণতম অপরাধ। তাহাতে মঙ্গলের আশা নাই। সেই ছায়া-নামাভাস চারিপ্রকার—সঙ্কেত, পরিহাস, স্তোভ ও হেলা। হেলা অপেক্ষা স্তোভ, স্তোভ অপেক্ষা পরিহাস এবং পরিহাস অপেক্ষা সঙ্কেত অল্প-দোষাবহ। হেলাতে নামোচ্চারণ করিলেও মুক্তি পর্য্যন্ত লাভ হয়। অতএব শ্রদ্ধাপূর্ব্বক নাম গ্রহণ করিলে যে কি লাভ হয়, তাহা বলাই বাহুল্য। অজ্ঞাতসারে হেলায় নাম গ্রহণ করিলে মঙ্গল হইবে, কিন্তু কুটিলতা থাকিলে মঙ্গল হইবে না। হেলায় নামগ্রহণ করিলেও মঙ্গল হয়—এই শাস্ত্রবাক্যের অবৈধ সুযোগ লইয়া যদি আমরা নামের প্রতি কেবল তুচ্ছ-তাচ্ছিল্য বা হেলাই করিতে থাকি, তাহা হইলে নামবলে পাপবুদ্ধিরূপ অপরাধ আসিয়া নামাভাস হইতেও পাতিত করিয়া নামাপরাধে লিপ্ত করাইবে। একমাত্র আদরের বস্তুতে যেন অনাদর না হয়। সে বিষয়ে যেন তীব্র দৃষ্টি থাকে, নতুবা ঠকিতে হইবে। নামাচার্য্য শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ শ্রীহরিনাম-চিন্তামণি গ্রন্থে নামাভাস সম্বন্ধে লিখিয়াছেন,—

আভাস বিবিধ হয়—প্রতিবিম্ব, ছায়া।
শ্রদ্ধাভাস দ্বিপ্রকার সব ভব মায়া ॥
ছায়া-শ্রদ্ধাভাসে ছায়া-নামাভাস হয়।
সেই নামাভাসে জীবের শুভ প্রসবয় ॥
অন্য জীবে শুদ্ধ শ্রদ্ধা করিয়া দর্শন।
নিজ মনে শ্রদ্ধাভাস আনে যেই জন ॥
ভোগ-মোক্ষ-বাঞ্ছা তাহে থাকে নিত্য বিশি ॥
অশ্রমে অভীষ্ট লাভে যত্নে দিবানিশি ॥
শ্রদ্ধার লক্ষণমাত্র শ্রদ্ধা তাহা নয়।
তাকে প্রতিবিম্বশ্রদ্ধাভাস শাস্ত্রে কয় ॥
প্রতিবিম্ব-শ্রদ্ধাভাসে নামাভাস যত।
প্রতিবিম্ব-নামাভাস হয় অবিরত ॥
এই নামাভাসে মায়াবাদ দুষ্টমত।
প্রবেশিয়া শঠতায় হয় পরিণত ॥
নিত্যসাধ্য নামে সাধনবুদ্ধি করি।
নামের মহিমা নাশি' অপরাধে মরি ॥
ছায়া-নামাভাসে মাত্র হয় ত' অজ্ঞান।
হৃদয়দৌর্ব্বল্য হৈতে অনর্থ বিধান ॥

সেই সব দোষ নাম করেন মার্জ্জন।
প্রতিবিম্ব-নামাভাসে দোষের বর্দ্ধন॥

বহির্মুখ। শ্রদ্ধা যদি শুদ্ধভাবে হয়, তবে বিশুদ্ধ নাম উদিত হইয়া থাকেন। যেখানে শ্রদ্ধা, সম্বন্ধজ্ঞান, শরণাগতি বা আত্মনিবেদন নাই, সেখানে শুদ্ধনাম নাই। যেখানে শুদ্ধ শ্রদ্ধা সেখানেই শুদ্ধনাম, আর যেখানে শ্রদ্ধাভাস সেখানে নামাভাস। যেখানে ছায়া-শ্রদ্ধাভাস সেখানে ছায়ানামাভাস, আর যেখানে প্রতিবিম্ব শ্রদ্ধাভাস, সেখানে প্রতিবিম্ব-নামাভাস। প্রতিবিম্ব-নামাভাসে কপটতা বা কৈতব আছে। প্রতিবিম্ব-নামাভাসে মায়াবাদ-দুঃসঙ্গ প্রবেশ করিয়া জীবকে শঠ করিয়া ফেলে। নামই সাধন, নামই সাধ্য, এরূপ বিশ্বাস প্রতিবিম্ব-নামাভাসে নাই। এই কপটতাময় প্রতিবিম্ব নামাভাস ভাল নয় মনে করা যায়। সুতরাং তাহা সর্ব্বতোভাবে পরিত্যাজ্য।

সম্বন্ধ ও পরিচয়

(প্রাপ্ত)

আমরা এই জগতে জাগতিক মাতা পিতা হইতে যে কোন একটী দেহ ধারণ করিয়াছি এবং তাঁহাদের প্রদত্ত কোনও একটী নামে পরিচিত আছি। জড়জগতে এক দেহের সহিত অপর দেহের যে সম্বন্ধ স্থাপিত হয়, তাহা অনিত্য এবং দুঃখদ। কারণ, জীব-দেহ রক্তমাংস-গঠিত মাটিয়া বস্তু। এক অনিত্য দেহের সহিত অপর অনিত্য দেহের যে সম্বন্ধ দেখা যায়, তাহাকে অজ্ঞানতাবশে প্রকৃত সম্বন্ধ বলিয়া মনে হইলেও বস্তুতঃ তাহা কি প্রকৃত সম্বন্ধ বলা যায় না। কারণ, সম্যগ্‌রূপে বন্ধন বা প্রকৃষ্টরূপে বন্ধনকেই প্রকৃত সম্বন্ধ বলা হয়। আমরা স্বীকার করি আর না করি, দেহ-সম্বন্ধ অনিত্য এবং কল্পিত। এখানে আমরা যেরূপ পিতা-পুত্র, স্বামী-স্ত্রী, প্রভু-ভৃত্য প্রভৃতি পরিচয়ে পরস্পর পরস্পরের সহিত সম্বন্ধযুক্ত আছি, তদ্রূপ সচ্চিদানন্দময় ভগবানের সহিত অণুসচ্চিদানন্দ জীবেরও নিত্য সম্বন্ধ স্থাপিত রহিয়াছে। সেই নিত্য সম্বন্ধেরই বিকৃত প্রতিফলনকে বিম্বজ্ঞানে আমরা প্রতারিত হইতেছি। জীব স্বরূপতঃ নিত্য কৃষ্ণদাস, অথচ সকলেই পঞ্চরসের বিষয় বা ভোক্তা কৃষ্ণের অনুকরণ বা কৃষ্ণ সাজিয়া অপরাধী হইয়াছি। এই অপরাধের দণ্ড-বর্ণনপ্রসঙ্গে মহাজন এইরূপ বলিয়াছেন,—

জীব নিত্য কৃষ্ণদাস তাহা ভুলি' গেল।
এই দোষে মায়া তা'র গলায় বাঁধিল॥
কৃষ্ণবহির্ম্মুখ হঞা ভোগবাঞ্ছা করে।
নিকটস্থ মায়া তারে জাপটিয়া ধরে॥
পিশাচী পাইলে যেন মতিচ্ছন্ন হয়।
মায়াগ্রস্ত জীবের হয় সে ভাব উদয়॥
'আমি সিদ্ধ কৃষ্ণদাস'—এই কথা ভুলে।
মায়ার নফর হঞা চিরদিন বুলে॥
কভু রাজা, কভু প্রজা, কভু বিপ্র, শূদ্র।
কভু সুখী, কভু দুঃখী, কভু কীট, ক্ষুদ্র॥
কভু স্বর্গে, কভু মর্ত্ত্যে, নরকে বা কভু।
কভু দেব, কভু দৈত্য, কভু দাস, প্রভু॥

এই জগতে আমাদের যেরূপ পরস্পরের সহিত নূতন করিয়া সম্বন্ধ স্থাপন করিতে হয়, যেমন পুত্র ভূমিষ্ঠ হইলে পর পিতামাতার সহিত সম্বন্ধ হয়, পূর্ব্বে কোন সম্বন্ধ থাকে না, বিবাহ হইলে তৎপর স্বামীর সহিত স্ত্রীর সম্বন্ধ হয়, পূর্ব্বে কোন সম্বন্ধ থাকে না, কিন্তু ভগবানের সহিত জীবের সম্বন্ধ ঐরূপ নূতন করিয়া স্থাপন করিতে হয় না। জীবের সহিত ভগবানের সম্বন্ধ নিত্যসিদ্ধ। জীব নিত্যবস্তু, সুতরাং নিত্যবস্তু ভগবানের সহিত তাহার নিত্য সম্বন্ধ নিত্যকাল স্থাপিত আছে। যেরূপ সূর্য্যের উদয় এবং অস্তকে সূর্য্যের জন্ম এবং মৃত্যু বলা চলে না, তদ্রূপ জীবের ও ভগবানের নিত্যসিদ্ধ সম্বন্ধকে আগমপায়ী বলা যায় না। তবে দর্পণে ধূলা পড়িলে যেরূপ দর্শনে বাধা উপস্থিত হয়, তদ্রূপ জীবের ভোগবাঞ্ছা বা বিষয়-বাসনাজনিত স্বরূপ আচ্ছাদিত থাকায় ভগবানের সহিত সম্বন্ধ জানিতে পারা যায় না। এই গুপ্ত সম্বন্ধকে ব্যক্ত করার জন্য অভিন্ন শ্রীনিত্যানন্দ বিগ্রহ শ্রীগুরুপাদপদ্ম ও তদভিন্নবিগ্রহ শ্রীবৈষ্ণববৃন্দ নিত্যকাল জগতে প্রকট আছেন। কিন্তু আমি তাঁহাদের কৃপায় আমার স্বরূপের পরিচয় জানিতে পারিয়াও কিছুতেই ভগবানের সহিত সম্বন্ধ স্বীকার করিতে চাহি না, এমনই দুর্দ্দৈব। সম্বন্ধ বা বন্ধনকে কেন্দ্র করিয়াই জগৎ চলিতেছে, কিন্তু বিকৃতভাবে। জগতে বন্ধনকেই আমরা দুঃখের কারণ বলিয়া জানি, আবার বন্ধনই আমরা সকলেই চাই। বন্ধন ব্যতীত জগতে কাহারও অবস্থিতি অসম্ভব। বন্ধনই আমাদিগকে দুঃখ দেয়, আবার বন্ধনই আমাদিগকে নিত্যানন্দ দান করিয়া থাকে। সম্বন্ধের স্বরূপ অর্থাৎ সচ্চিদানন্দ বস্তুর সহিত জীবের নিত্য সম্বন্ধের কথা জানিতে পারিলে আর অনিত্য বস্তুর সহিত বন্ধনের ন্যায় বন্ধন বিচ্ছিন্ন হওয়া জনিত দুঃখ বা নিরানন্দ আমাদিগকে ক্লেশ প্রদান করে না।

এই প্রপঞ্চে আমাদের অনেকের সহিত অনেক প্রকার সম্বন্ধ দেখা যায়, আবার অনিত্য পরিচয়ও অনেক প্রকার পাওয়া যায়। জীবাত্মা চেতনবস্তু, অনাত্ম-অভিমানে জাগতিক সম্বন্ধ বা বহুবিধ পরিচয়ে পরিচিত থাকাকালে শ্রীগুরুবৈষ্ণব-ভগবানের সহিত আমাদের যে নিত্য সম্বন্ধ আছে, তাহা জানিতে বা বুঝিতে পারি না। অতএব কেহ কাহারও পিতা-মাতা বা কেহ কাহারও পুত্র-কন্যা, কেহ কাহারও প্রভু, কেহ কাহারও ভৃত্য, কেহ কাহারও স্বামী, কেহ কাহারও স্ত্রী প্রভৃতি পরিচয়ে পরস্পরের সহিত সম্বন্ধযুক্ত ও পরিচিত আছি। কিন্তু জীব কখনও স্ত্রী, পুরুষ বা নপুংসক নহে। পঞ্চরসের বিষয় একমাত্র ভগবান্। সুতরাং আমরা তত্তদ্ রসের বিষয় না হইয়া আশ্রয়-বিগ্রহের আনুগত্যে বিষয়বিগ্রহের সহিত সম্বন্ধবিশিষ্ট হইতে পারিলেই অনিত্য বন্ধন হইতে ছুটী পাইয়া নিত্য বন্ধনের চমৎকারিতা বা উপাদেয়তা বুঝিতে পারি।

আমরা পিতামাতা হইতে যে দেহ ধারণ করিয়াছি ও নাম ধারণ করিয়াছি, তাহা দ্বারা এই জগতে পরিচিত আছি। কিন্তু শ্রীভগবান্ বা ভক্তের সহিত যখন আমাদের পরিচয়ের আবশ্যক হয়, তখন এই দেহ বা এই নামের দ্বারা তাঁহাদের সহিত আমরা পরিচিত হইতে বা সম্বন্ধযুক্ত হইতে পারি না। কারণ ভগবদ্বস্তু বা ভক্তবস্তু নিত্য ও সচ্চিদানন্দময়। তাঁহারা বিরূপ বা কুরূপের সহিত কোন পরিচয় বা সম্বন্ধ রাখেন না। বদ্ধজীবের নাম, দেহ ও স্বরূপে যেরূপ বিভেদ, ভগবান্ ও ভগবদ্ভক্তের নাম, দেহ ও স্বরূপে ঐরূপ ভেদ নাই। সচ্চিদানন্দ স্বরূপ ভগবানের নাম, বিগ্রহ, স্বরূপ তিন একরূপ। তিনে ভেদ নাহি তিন চিদানন্দরূপ॥" সুতরাং দেহাত্মবুদ্ধি বা জড়-বুদ্ধি লইয়া আমরা গুরুদেবের নিকট হইতে যে হরিনাম বা দীক্ষা লইয়া অভিনয় করি বা শ্রীহরিগুরুবৈষ্ণবের সহিত পরিচিত বা সম্বন্ধযুক্ত হওয়ার চেষ্টা করি, তাহা বাতুলতা মাত্র। আমরা জন্মগ্রহণের পর অর্থাৎ দেহ ধারণের পর পিতামাতা কর্তৃক যেরূপ একটী নাম প্রাপ্ত হই, শ্রীগুরুপাদপদ্মে আসিয়া তদ্রূপ দৈক্ষ্যজন্ম হইলে অর্থাৎ দীক্ষা হইলে শ্রীগুরুদেব-প্রদত্ত একটী ভগবদ্দাস্যসূচক নাম প্রাপ্ত হইয়া থাকি। দীক্ষা বা মন্ত্র লইতে আমরা কাণে মন্ত্র লওয়াকেই বুঝিয়া থাকি। কিন্তু দীক্ষা বা মন্ত্র ঐরূপ বস্তু নহে। ভগবন্নামাত্মক মন্ত্র সাক্ষাৎ চেতনবস্তু। দীক্ষাকালে ভক্ত শ্রীগুরুপাদপদ্মে আত্মসমর্পণ করেন, তখন শ্রীকৃষ্ণ তাঁহাকে আত্মসম করিয়া তাহার দেহ চিদানন্দময় করেন। তখন অপ্রাকৃত দেহে তিনি কৃষ্ণভজন করেন। সমজাতীয় বস্তু অর্থাৎ সেব্যাভিমান বা সেবকাভিমান না হইলে উপাস্যের সহিত উপাসকের কোনও সম্বন্ধ বা পরিচয় হইতে পারে না। শ্রীভগবান্ ও জীব সমজাতীয় বস্তু হইলেও বিভু ও অণু বলিয়া কোন সাম্যসম্বন্ধ প্রাপ্ত হয় না। জাগতিক ঐশ্বর্য্য, জ্ঞান, বা বর্ণাশ্রমের অভিমান প্রভৃতি থাকাকালে ভগবানের সহিত জীবের কোন সম্বন্ধ স্থাপিত হইতে পারে না। তাই স্বয়ং শ্রীভগবানই তাঁহার সহিত জীবের সম্বন্ধ বা পরিচয়ের স্বরূপ জানাইলেন,—

নাহং বিপ্রো ন চ নরপতির্নাপি
বৈশ্যো ন শূদ্রো
নাহং বর্ণী ন চ গৃহপতির্নো বনস্থো
যতির্বা।
কিন্তু প্রোদ্যন্নিখিলপরমানন্দপূর্ণামৃতাব্ধে-
র্গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাসদাসানুদাসঃ॥

আমি ব্রাহ্মণ নহি, ক্ষত্রিয় রাজা নহি, বৈশ্য বা শূদ্র নহি, অথবা ব্রহ্মচারী নহি, বানপ্রস্থ নহি, সন্ন্যাসীও নহি কিন্তু নিখিল পরমানন্দপূর্ণ অমৃত সমুদ্ররূপ গোপীজনবল্লভের পদকমলের দাসদাসানুদাস বলিয়া পরিচয় দিয়া থাকি।

জীব স্বরূপতঃ কৃষ্ণদাস হইলেও এক্ষণে মায়া বা অজ্ঞানতার দ্বারা এরূপ আচ্ছন্ন যে, পুনরায় স্ব-স্বরূপে প্রতিষ্ঠিত হইতে হইলে তাহার শ্রীগুরুবৈষ্ণবের আনুগত্য বা সেবা ব্যতীত অন্য কোন উপায় নাই। এই উপায় ও উপেয় একই বস্তু। গুরুবৈষ্ণবের আনুগত্যে ভগবানের সহিত সম্বন্ধ জাগ্রত করিবার উপায়, আবার তাহাই উপেয়। সাধু মহাজনদিগের বিচারে যেরূপ সিদ্ধি করতলগত হইলে আর সাধনের প্রয়োজন থাকে না অর্থাৎ গুরুবৈষ্ণবের আনুগত্যের আর প্রয়োজন বোধ হয় না, তাহা আত্মমঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তির ঐরূপ চিত্তবৃত্তির উদয় হয় না, কারণ তিনি আত্মমঙ্গলাকাঙ্ক্ষী অচিন্ত্য-ভেদাভেদ তত্ত্বের উপাসক।

ভগবানের সহিত জীবের সম্বন্ধের কথা শুনিলে আমাদের চিত্তে এরূপ প্রশ্নের উদয় হয় যে, এক দেহের সহিত অপর দেহের সম্বন্ধ বা পরিচয় আমরা যেরূপ প্রত্যক্ষ ভাবে দেখিতে পাই, কৃষ্ণের সহিত জীবের ঐরূপ সম্বন্ধ বা পরিচয় ত' আমরা চক্ষুদ্বারা দেখিতে পাই না, কেবল কাণে শুনিয়াছি বলিতে পারি। সাধু ও শাস্ত্র কৃপাপূর্ব্বক আমাদিগকে ইহা বলিয়া দেন যে শব্দই আমাদিগকে যাবতীয় বস্তু ও বস্তুনিচয়ের অভিজ্ঞান প্রদান করিয়া থাকে। সুতরাং কেবলমাত্র বৈকুণ্ঠ-শব্দ-শ্রবণের দ্বারাই আমরা বৈকুণ্ঠবস্তুর পরিচয় ও বৈকুণ্ঠ-বস্তুর সহিত সম্বন্ধযুক্ত হইতে পারি। জড়জগতের শব্দের সহিত যেরূপ বস্তুর পার্থক্য আছে, সেরূপ অপ্রাকৃত শব্দ আর শব্দির বস্তুটী কিন্তু ভিন্ন নহে, বৈকুণ্ঠের ও বৈকুণ্ঠশব্দের ঐক্য। ভিন্নতা বা ব্যবধান নাই। শব্দ ও শব্দী একই বস্তু। এই শব্দের আশ্রয় ব্যতীত —বেদাখ্য শব্দ বা বেদবস্তু বিষয়ক শ্রবণ ব্যতীত এই ভগবান্, আমরা জাগতিক যে সম্বন্ধ দেখিতে পাই, তাহাই নিত্য সম্বন্ধ বলিয়া মায়ার দ্বারা প্রতারিত হই। সুতরাং শ্রীগুরুবৈষ্ণবের আনুগত্যে শব্দ শ্রবণ ব্যতীত আমরা বৈকুণ্ঠ সম্বন্ধ ও পরিচয়ের স্বরূপ জানিতে পারি না। তাই শ্রীশ্রীহরিগুরুবৈষ্ণবচরণে ইহাই প্রার্থনা যে, শ্রীগুরুমুখবিগলিত শব্দব্রহ্মের আশ্রয় পরিত্যাগ করিয়া আমরা যেন অন্য কোন দুর্বুদ্ধিতে পতিত না হই।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী… ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৭১১৫
সেবক—শ্রী… দাস ভক্তিশাস্ত্রী বি এ

শ্রীগোপীনাথপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী…দাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী…চরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী… দাসাধিকারী

শ্রীমুরারি গুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীঠাকুরগোপাল ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলানন্দ ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রী…রাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীজগন্নাথ দাস ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীদামোদর অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীমহৎকৃপা ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোপীনাথদাস অধিকারী

শ্রীনবদ্বীপ গৌড়ীয়মঠ
হাউতারা (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅচ্যুতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
চাঁদপুর, পোঃ পাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রী… ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রী…নাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীদীনদয়াল ব্রজবাসী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিনোদ অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রী… বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীদামোদর দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাণ্ডাবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রী… ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ নং সতীবাগ, … সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপাবলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রী… দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রী…দাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রী… দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা মথুরা
সেবক—শ্রী… দাস

গোষ্ঠবিহারী মঠ
শেষশায়ী
পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রী… ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড নিউ দিল্লী
সেবক—শ্রী…দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রী…দাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায় পেট্টা মাদ্রাজ
সেবক—শ্রী… দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভূর, পশ্চিম গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রী… দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রী… দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিবন্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আতাশ্রম
(ভগবৎ-কৃপাভিবন্ধক)
পুরী
সেবক—শ্রী…নাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রী… ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রী… দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর পুরী
সেবক—শ্রী… ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

কাঁথেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রী…দাস ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিকুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অনর্ষি গৌড়ীয়মঠ
পোঃ তমলুক, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণ… ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাণীবাঁধ (বর্দ্ধমান)
সেবক—শ্রী… ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ঝুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রী…চরণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং মিউজেম ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাঙ্কেষ্টার রোড, ইউড গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১।১।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রী…ানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রী…দাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রী… দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীবিভুদনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী…চরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
সেবক—শ্রী…শেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	৷৹	।৵৹	।৵৹	।৹
" " ইঞ্চি	২৲	১৷৹	১৷৹	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৬৲	৪৷৹
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸৹
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭৷৹ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬৷৹ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবনচরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব মৌলিক বিরাট্ গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থ শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মহুয়া প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্র সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১৷৹ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা।

প্রাপ্তিস্থান—মহুয়া প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ ভিন্ন পদ্যানুবাদসহ মায়াপুর শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।৹ আনা।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ শাস্ত্রানুরাগের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোড়শপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব গ্রন্থ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ॥০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

শনিবার ব্যতীত
শনিবার অন্য দিন

কলিকাতা ছাঃ	৪ ৪৬	৬ ২১	৭ ১৪	১৩-১৬	১৫-১৬	১৬ ৩৬	১৭ ৫৬	২২ ২৬
দমদম	৪ ৫৬	৬ ৩০	৭ ২৮	১৩ ২৯		১৮ ৫		২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯ ১৮	১৪ ৫০	১৬ ৭৮	১৮-০১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ				৯-৩১				
কৃষ্ণনগর পৌঃ	৬ ৫৯	৮-৪০	১০-৬	১৫-৭৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-৬	১৪ ৫০	১৭-৪০			২০-৩০	
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০ ৫১	১০-২৫	১৮ ১৫			২১-৫	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫ ৩১	১৮ ২০			২১-১৩	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম "	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
" ছাঃ	১২ ৫৬
শান্তিপুর পৌঃ	১৩ ২৪
(বদল) ছাঃ	১৩ ৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-১৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩৩

ডাউন

শনিবার ব্যতীত
অন্য দিন শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪		৯ ১২		১৬ ১	১৬ ৩১	১৮ ৩৮	
মহেশগঞ্জ "	৬-২৩		৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ	৬ ৫৭		৯-৫৫		১৬ ৮৬	১৭ ১৪	১৯-২১	
(বদল) ছাঃ	৬-০১	৭-১০	৮-৫২	১১-২৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪ ১০	৭ ৪৬	৯-২৫	১২ ০	১৫ ৭৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ					১৫-৫৬	১৭-৪২		
দমদম			১১-৭		১৭ ৩৬	১৯ ৯	২১ ২৯	২২ ৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১২ ১৬	১৩ ৫০	১৭-৪৬	২২ ২৬	২১ ৭০	২৩.০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৭ ১
মহেশগঞ্জ "	১৪ ১০
কৃষ্ণনগর পৌঃ	১৪-৪৪
ছাঃ	১৫-৫১
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১॥০ টাকা মাত্র।

২। ভাগবত -ভিজিয়ানার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১.০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈভবোৎপল মূর্ত্তিমান পরমাচার্য্যবর্য ও জগদ্‌গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত বঙ্গদেশ তথা সমস্ত দেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনীষী সজ্জনগণ যে সকল প্রশ্ন করিয়াছিলেন, তাঁহার উত্তর-সিদ্ধান্তসমূহ এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগ সম্বন্ধতত্ত্বজ্ঞানে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী শ্রীগৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যদেবের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৬০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা 'দৈনিক নদীয়া-প্রকাশ' ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৷১৷৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়ার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয়। ছোট বোতল ৸৴০ দশ আনা, বড় বোতল ১৷৴০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
বেহালা, ২৪ পরগণা

শ্রীশ্রীগৌরাঙ্গ—শ্রীধাম শ্রীমায়াপুর

Regd No. C. 1544

শ্রী শ্রী গৌর গ্রন্থমালা
—:*:—
শ্রীল নারায়ণের ভক্তি-
তত্ত্বের এক শত দিন।
এই গ্রন্থ অধ্যায়ে, বিস্তৃত
ভূমিকা ও সূচীসহ অনুবাদ
রূপে প্রকাশিত হইয়াছে।
বৈষ্ণব, জৈন, বৌদ্ধ, ব্রাহ্মণ
উপনিষদের অভিনব সংস্করণ
ভিক্ষা মাত্র ১৷০ টাকা।
প্রাপ্তিস্থান —
মুদ্রা প্রতিঃ ওয়ার্কস,
পোঃ—ওয়ারী, ঢাকা

শ্রীচৈতন্যদেব
—:০:—
স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য-
মহাপ্রভুর জীবনী ও শিক্ষার
কথা সুন্দরভাবে এইটি
লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট
কাগজে সুন্দর বাঁধাই।
৩য় সংস্করণ। ভিক্ষা ১৷০
প্রাপ্তিস্থান
শ্রীগোপীনাথ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৬শ খণ্ড] শ্রীমায়াপুর, ৭ই জ্যৈষ্ঠ ১৩৪৮, ২১শে মে ১৯৪১, বুধবার [৬৩তম সংখ্যা

নানা-সংবাদ

——::[*]::——

কলিকাতার শেরীফের পদ

বাঙ্গলা সরকার ব্যবস্থা পরিষদের আগামী অধিবেশনে শেরিফাধিকার নামে একটি বিল পেশ করিবেন বলিয়া জানা গিয়াছে। উক্ত বিলে কলিকাতার শেরিফের পদ গবর্ণমেণ্টের প্রত্যক্ষ নিয়ন্ত্রণাধীনে আনিবার প্রস্তাব করা হইয়াছে। সরকার কর্তৃক এই পদে প্রার্থী নিয়োগ হইলেও শেরীফের পদটি কলিকাতা হাইকোর্টেরই অধীনে আছে।

——

প্রস্তাবিত কলেজ

পাইকপাড়ার রাজা বীরেন্দ্রচন্দ্র সিংহ ১৯১৮ সালে তাঁহার শেষ উইলে কান্দীতে একটি কলেজ করিবার জন্য এক লক্ষ টাকা দান করিয়া যান। এই ব্যাপার লইয়া দাবীদারের পক্ষ হইতে একটি মামলা করা হয়। মামলার নিষ্পত্তির একটি সর্ত্ত অনুসারে ১৯৪০ সালে কান্দীতে কলেজ হওয়ার কথা ছিল। কিন্তু এখন পর্য্যন্তও কলেজ স্থাপন করিবার কোনও চেষ্টা দেখা যাইতেছে না। রাজা বাহাদুরের শেষ উইলের সকল সর্ত্ত অনুসারেই কাজ করা হইয়াছে, কেবল এই কলেজ স্থাপনের বিষয়ে তাহা পালিত হইতেছে না।

——

কান্দীতে ডাকাতি

গত কয়েকজন সশস্ত্র ডাকাত পাঁচল গ্রামের শ্রীযুক্ত বটকৃষ্ণ পালের বাড়ীতে এক ভীষণ ডাকাতি করিয়াছে। অস্ত্রশস্ত্রে সজ্জিত হইয়া আসিয়া দিবার নিমিত্ত ডাকাতেরা বাড়ীর লোকদিগকে অনবরত বর্শার খোঁচা দিয়াছে এবং স্ত্রীলোকদিগের দেহ হইতে জোরপূর্ব্বক অলঙ্কারাদি কাড়িয়া লইয়াছে। ডাকাতেরা নগদ অলঙ্কারে প্রায় সাড়ে তিন হাজার টাকা লইয়া চলিয়া গিয়াছে।

——

মহামান্য নিজামের দান

রাজকীয় নৌবহরের জন্য একখানা 'কর্ভেট' শ্রেণীর জাহাজ প্রস্তুতের ব্যবস্থা করিবার জন্য মহামান্য নেজাম বাহাদুর এক লক্ষ পঞ্চাশ পাউণ্ড দান করিয়াছেন। নৌবিভাগ এই দান গ্রহণ করিয়া সম্প্রতি যে সমস্ত কর্ভেট জাহাজ নির্ম্মিত হইয়াছে তন্মধ্যে একখানির "হায়দরাবাদ" নাম দেওয়ার জন্য আদেশ প্রদান করিয়াছেন।

——

বিভিন্ন প্রদেশের সিভিক গার্ড

জানা গিয়াছে যে, সিভিক গার্ড সংগ্রহের কার্য্য সন্তোষজনকভাবে অগ্রসর হইতেছে। বিশেষভাবে পাঞ্জাব, মাদ্রাজ, বাংলা ও যুক্তপ্রদেশে কাজের অবস্থা খুবই সন্তোষজনক। ১লা মার্চ্চ পর্য্যন্ত বিভিন্ন প্রদেশে মোট ৫৩,১৩১ জন সিভিক গার্ড সংগৃহীত হইয়াছে।

কোন প্রদেশে কতজন সিভিকগার্ড সংগৃহীত হইয়াছে তাহা নিম্নে প্রকাশ করা হইল।

পাঞ্জাব—১৫,৬৬৮। মাদ্রাজ—১০,৭৮২। বাংলা—১০,৪৮৮। যুক্তপ্রদেশ—৬,২৫১। বোম্বাই—৪,২ ৬। মধ্য-প্রদেশ—৩,০৬৭। বিহার—৮৮৭। সিন্ধু—৪৮৮। সীমান্ত—৫৫৫। দিল্লী—১৮৪। কোয়েটা—১৭৪। কুর্গ—১২৫। উড়িষ্যা—১০০। আজমীর-মাড়োয়ারা—১১।

——

দুঃসাহসিক চুরি

চক্রাইল গ্রাম নিবাসী আবদুল বেপারীর বাড়ীতে ভীষণ চুরি হইয়া গিয়াছে। চোরেরা বাহির হইতে দালানের দরজার খিল খুলিয়া ভিতরে ঢোকে ও নগদ ১৬০০, শত টাকা ও ৭ ভরি সোনা লইয়া চম্পট দেয়। পুলিশ তদন্ত আরম্ভ করিয়াছে।

——

দুগ্ধবতী গাভী ও মহিষের দর

বাঙ্গলা সরকারের সিনিয়র মার্কেটিং অফিসার মিঃ এ আর, মালিক গত ১লা মে নিম্নলিখিত বিবৃতি প্রকাশ করিয়াছেন:—

গত ২৬শে এপ্রিল যে সপ্তাহ শেষ হইয়াছে উক্ত সময় কলিকাতায় ২১১টি দুগ্ধবতী গাভী আমদানী করা হইয়াছে। তন্মধ্যে ১৬৭টি পাঞ্জাব এবং বাদবাকীগুলি অন্যান্য প্রদেশ হইতে আনা হইয়াছে। উক্ত সময়েই পাঞ্জাব হইতে ১১৭টি এবং অন্যান্য প্রদেশ হইতে ১১১টি মহিষ কলিকাতায় আনা হইয়াছে।

দুগ্ধবতী গাভী ও মহিষের দর যথাক্রমে ৬৮৲ হইতে ৯০৲ এবং ১৪৫৲ হইতে ১৭৫৲ পর্য্যন্ত ওঠানামা করিয়াছে। দুগ্ধবতী গাভী ৩ সের হইতে ৮ সের এবং মহিষ ১০ সের হইতে ১২ সের পর্য্যন্ত দুধ দিয়াছে।

——

বন্দুকের গুলিতে পুলিশের মৃত্যু

গত ১০ই মে রাত্রে নবাবপুরে একটি বন্দুকের আওয়াজ শুনা যায় এবং সঙ্গে সঙ্গেই আর্ম্ম পুলিশের একজন কনেষ্টবল মাটিতে পড়িয়া মরিয়া যায়। প্রকাশ, তাহার নিজের রাইফেলের গুলির আওয়াজই শুনা গিয়াছিল। রাইফেলটি তাহার পাশে পড়িয়াছিল কনেষ্টবলের নাম ধরম রায়। সে নবাবপুর রোডে ডিউটিতে ছিল।

তাহার মৃত্যুর কারণ সম্পর্কে তদন্ত চলিতেছে। ১১ই মে প্রাতঃকালে তাহার মৃতদেহ পরীক্ষা করা হইয়াছে।

——

বঙ্গভাষার রাজভাষা দাবী

কয়েকদিন পূর্ব্বে কলিকাতার কলেজ স্কোয়ারে মহাবোধি সোসাইটী হলে বঙ্গভাষা সংস্কৃতি সম্মেলনের এক অধিবেশন হইয়া তাহাতে বহু মনীষি কর্ত্তৃক এই মর্ম্মে একটি প্রস্তাব গৃহীত হইয়াছে যে, যেহেতু বঙ্গ সাহিত্য ভাবের প্রাচুর্য্য এবং সম্পদে লেখার বহুলতায় ও ভাষার সম্পদে ভারতের অন্যান্য ভাষাগুলি হইতে বহুগুণে শ্রেষ্ঠ। তাই উক্ত সম্মেলন বঙ্গভাষাই ভারতের রাজভাষা হওয়ার উপযুক্ত ভাষা বলিয়া অভিমত ব্যক্ত করিয়াছেন। তদ্ভিন্ন কলিকাতা ভবানীপুরে আশুতোষ কলেজ হলে নিখিল-ভারত বঙ্গভাষা ও সাহিত্য প্রচার সমিতির অধিবেশনে অনুরূপ প্রস্তাব গৃহীত হইয়াছে। কিছুদিন পূর্ব্বে ভারতের এক প্রাদেশিক শিক্ষা-বিভাগের ইংরেজ ডিরেক্টারও বঙ্গভাষাকে ভারতের জাতীয় ভাষা আখ্যায় সম্মানিত করিয়াছিলেন, তাহার সংবাদ প্রকাশিত হইয়াছে। বস্তুতঃ আজ ভারতের জাতি-ধর্ম্ম-নির্ব্বিশেষে যাবতীয় মনীষিই বোধ হয় এক বাক্যে স্বীকার করিবেন যে, বঙ্গভাষা সকল সম্পদে ভারতীয় সকল ভাষার মধ্যে গরীয়ান্।

——

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয়ের গ্রেষণাপূর্ণ গবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন ইহাই বিরাট্ অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুর্লক্ষণাত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গ্রথিত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা, বিবরের আলেখ্য ভূমিকা ও সূচীসহ অদ্ভুতপূর্ব্ব সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণে গৌড়ীয় মিশনকর্তৃক প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,
শ্রীযুক্ত সুশান্তরঞ্জন রায় এম্-এ, বি-এল্,
পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষা ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৬৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—৩৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

EROTIC PRINCIPLE & UNALLOYED DEVOTION

পরমপূজ্যপাদ শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী প্রভু প্রণীত। সম্প্রতি এই গ্রন্থের একটী নূতন সংস্করণ শ্রীশ্রীগুরুবর্গের ইচ্ছায় পুনঃ প্রকাশিত হইয়াছে। গ্রন্থের আকার পূর্ব্ব সংস্করণ অপেক্ষা বৃহৎ ও সুন্দর হইয়াছে। এই গ্রন্থে বহু অমূল্য উপদেশ আছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০ , ২য় খণ্ড—১৲ ; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। স্বাধন আশ্রয় ॥০
১৯। তর্ক্ক বেক ।০
২০। গৌড়ীয় গৌরব ।৵০
২১। গৌড়ীয়সাহিত্য ।৵০
২২। ভজন রহস্য ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (বলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী-টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল মাধ্বভাষ্য ॥০
২৭। যুক্তিমল্লিকা গুণসৌরভঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৵০ বাঁধা ৸০)
৩০। শ্রীপ-দিগ্দর্শন ৩০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ৶০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৶০
৩৭। ঐ প্রমাণ খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৶০
৪১। গীতাবলী ৴১০
৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা ৸০
৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২৷০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক ৴১০
৪৬। অর্চ্চনকণ ৴১০
৪৭। সদাচারস্মৃতিঃ ৴১০
৪৮। কল্যাণকল্পতরু ৴১০
৪৯। অর্চ্চনকণ /০
৫০। বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ॥০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদ-শতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। শিক্ষাষ্টদর্পণ /০
৬০। সাম্প্রবাণী /০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২৷০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ॥০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী বিজয়ঃ ।০
৬৫। সটীকা শিক্ষাদশমূলম্ ।০
৬৬। তত্ত্বত্রয়ম্ ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৮। গৌড়ীয়মঠস্থ প স্তবঃ ৴০
৬৯। সারার্থদর্শনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥০
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ॥০
৭২ নামভজন /০
৭৩। বেদান্ত ইট্স্ মর্ফলজী এণ্ড অণ্টলজি ॥০
৭৪। রিলেটিভ ওয়ার্ল্ডস্ ॥৵০
৭৫। লাইফ এণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০
৭৬। বৈষ্ণবীজম্ ॥০
৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ্ ডুইং /০
৭৮। দি ভাগবত ।০
৭৯। ইকো টু প্রিন্সিপাল এণ্ড আনয়ালয়েড ডিভোশন ।০
৮০। ব্রহ্মসংহিতা ॥০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ৩৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৫৲
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০
৮৫। সাধনপথ ॥০
৮৬ কল্যাণকল্পতরু ৴১০
৮৭। গীতাবলী ৴১০
শরণাগতি /০
৮৯। শ্রীসজ্জনতোষণী ॥৵০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ৷০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ॥০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক সংবাদপত্র

সত্যের কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃত ভাষ্য-সহ সম্প্রতি প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণাম এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৩০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ১০ ত্রিবিক্রম, গৌরাব্দ ৪৫৫ ; ৭ই জ্যৈষ্ঠ, বঙ্গাব্দ ১৩৪৮ ; ২ শে মে , ইং ১৯৪১, বুধবার { ৬৩তম সংখ্যা

সাময়িক প্রসঙ্গ

শ্রীমাধ্বগৌড়ীয়মঠে হরিকথা

আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা ঢাকা শ্রীমাধ্বগৌড়ীয়মঠে গত শ্রীনৃসিংহ-চতুর্দ্দশী, শ্রীজাহ্নবাদেবীর আবির্ভাব তিথি, শ্রীল পরমেশ্বরীদাস ঠাকুর ও শ্রীল রায় রামানন্দ প্রভুর তিরোভাব-তিথি সংকীর্ত্তনমুখে পালিত হইয়াছে। তথায় বৈশাখমাসে প্রত্যহ সন্ধ্যায় শ্রীপ্রহ্লাদ মহারাজের অতিমর্ত্ত্য চরিত্র আলোচনা হইয়াছে। বর্ত্তমানে প্রাতে শ্রীপাদ গৌরেন্দু ব্রহ্মচারী সেবাব্রত প্রভু শ্রীচৈতন্যভাগবত এবং সন্ধ্যায় পণ্ডিত শ্রীপাদ নন্দগোপাল ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীমদ্ভাগবত হইতে শ্রীব্যাস-নারদ-সংবাদ পাঠ ও ব্যাখ্যা করিতেছেন। অপরাহ্নে গৌড়ীয় ও অন্যান্য গ্রন্থাবলী পাঠ ও ব্যাখ্যা হইতেছে।

পুনপুনে প্রচার

গত ২৬শে এপ্রিল শনিবার পাটনা সহর হইতে নয় মাইল দূরে শ্রীমন্মহাপ্রভুর শ্রীপাদপদ্মস্পর্শতীর্থ পুনপুন্ নামক স্থানে তথাকার স্থানীয় বিশিষ্ট ভদ্রমহোদয় শ্রীবালকিষণপ্রসাদজীর সাদর আহ্বানে পাটনা শ্রীগৌড়ীয়মঠের কতিপয় সেবক গমন করেন। পুনপুন্ নদীর তীরে শিবমন্দিরের প্রাঙ্গণে একটী বিরাট্ সভার আয়োজন হয়। সন্ধ্যা ৭॥ ঘটিকায় গুরুবন্দনা ও কীর্ত্তনান্তে শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু হিন্দিভাষায় একটী বক্তৃতা প্রদান করেন। বক্তৃতায় তিনি জীবের ধর্ম্ম, মনুষ্য-জীবনের দুর্লভত্ব, এই মনুষ্যজীবনে হরিভজনই একমাত্র কর্ত্তব্য, হরিনামই একমাত্র সত্য, সময় থাকিতে থাকিতে নামাশ্রয় করা প্রয়োজন, কলিযুগের ধর্ম্মই নাম-সংকীর্ত্তন, শ্রীমন্মহাপ্রভুর দয়া, গয়াযাত্রাকালে তিনি কৃপাপূর্ব্বক এই পুনপুন্ তীর্থে আগমন করেন—প্রভৃতি বহু বিষয় কীর্ত্তন করেন। শ্রোতৃবৃন্দ খুব আগ্রহের সহিত বক্তৃতা শ্রবণ করিয়াছিলেন।

বক্তৃতান্তে মহামন্ত্র কীর্ত্তন হইয়া সভা-ভঙ্গ হয়। শ্রীযুত বালকিষণ বাবুর চেষ্টায় ও যত্নে সভার কার্য্য খুব ভালভাবে সম্পন্ন হইয়াছিল।

পাটনায় প্রচার

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম শাখা পাটনা শ্রীগৌড়ীয়মঠে জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীমদ্ভক্তিপ্রসাদপুরী গোস্বামী ঠাকুরের আনুগত্যে প্রতিদিন নিয়মিতভাবে প্রত্যূষে শ্রীচৈতন্যভাগবত, অপরাহ্নে 'শ্রীনদীয়া-প্রকাশ', 'গৌড়ীয়' ও রাত্রে শ্রীমদ্ভাগবত পাঠ হইতেছে। এতদ্ভিন্ন শ্রীমঠের সেবকবৃন্দ সহরের বিভিন্নস্থানে পাঠ-বক্তৃতাদিও করিতেছেন।

গত ২৪শে এপ্রিল বৃহস্পতিবার ডাঃ কামেশ্বরপ্রসাদ মহোদয়ের গৃহে শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী শ্রীমদ্-ভাগবত পাঠ ও হিন্দি ভাষায় ব্যাখ্যা করেন।

গত ২৫শে এপ্রিল শুক্রবার পাটনা সহরের বাঙ্গালীদের হরিসভার সম্পাদক রায় সাহেব অন্নদাকুমার ঘোষ মহোদয়ের আহ্বানে শ্রীমঠের সেবকবৃন্দ বাঁকিপুরস্থ হরিসভায় গমন করেন। সন্ধ্যা ৭॥ ঘটিকায় গুরুবন্দনা ও মহাজনপদাবলী কীর্ত্তনান্তে ভক্তিশাস্ত্রী প্রভু সরল বঙ্গভাষায় "ভাগবত-ধর্ম্ম" সম্বন্ধে ঘণ্টাধিককাল ব্যাপী একটী নাতিদীর্ঘ বক্তৃতা প্রদান করেন। বক্তৃতান্তে মহামন্ত্র কীর্ত্তন হইয়া সভা ভঙ্গ হয়। সভায় বহু শিক্ষিত ভদ্রমহোদয় ও ভদ্রমহিলা উপস্থিত ছিলেন। নিম্নে কতিপয় বিশিষ্ট ব্যক্তির নাম প্রদত্ত হইল:—রায় সাহেব অন্নদাকুমার ঘোষ, প্রবাসী বাঙ্গালী এসোসিয়েসনের সম্পাদক, শ্রীযুত ধীরেন্দ্রনাথ মুখার্জ্জী, উকিল, শ্রীযতীন্দ্রনাথ মিত্র, উকিল; শ্রীযুত রামচন্দ্র সেন, জমেদার, শ্রীযুত বিশ্বেশ্বর দে, উকিল, শ্রীযুত প্রভুনাথ সহায় প্রভৃতি।

গত ২৮শে এপ্রিল সোমবার বিহার ও উড়িষ্যার ভূতপূর্ব্ব মন্ত্রী মিঃ গুরু সাহিলাল, এম, এল, সি মহোদয়ের গৃহে রাত্রিতে শ্রীপাদ পতিতপাবন প্রভু শ্রীমদ্ভাগবত হইতে শ্রীপ্রহ্লাদ মহারাজের উপাখ্যান পাঠ ও হিন্দিভাষায় ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে কীর্ত্তন হয়।

শ্রীধামে বিশিষ্ট দর্শক

বিভিন্ন স্থান হইতে প্রায় প্রত্যহই বহু যাত্রী শ্রীধামমায়াপুর দর্শনার্থ আগমন করিতেছেন এবং শ্রীধামবাসী ভক্তবৃন্দ তাঁহাদের নিকট শ্রীধামের মহিমা ও শ্রীধামেশ্বরের দয়ার কথা কীর্ত্তন করিতেছেন। গত ১৭ই মে মুর্শিদাবাদ বহরমপুরের ডেপুটী ম্যাজিষ্ট্রেট চট্টগ্রামনিবাসী শ্রীযুত যতীন্দ্র-মোহন দত্ত ও নেপাল রাজকুমারের গৃহ-শিক্ষক শ্রীযুত অনিমেষ চন্দ্র রায়চৌধুরী মহোদয়দ্বয় শ্রীধাম-দর্শনার্থ আগমন করিয়া শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডি-গোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ ও উপদেশক পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী কাব্য-পুরাণ-ভাগবততীর্থ ভক্তিশাস্ত্রী মহোদয়ের নিকট হইতে বহুক্ষণ যাবৎ হরিকথা শ্রবণ করেন।

শ্রীধামবাসী শুদ্ধভক্তের শ্রীমুখে হরিকথা শ্রবণের সুযোগ পাইয়া তাঁহারা পরমানন্দিত ও পরমোপকৃত হন।

গত ১৬ই মে ময়মনসিং জেলার বাহাদুরাবাদ নিবাসী ডাঃ শচীনন্দন সাহা এম্ বি মহোদয় এবং গত ১৮ই মে লক্ষ্ণৌএর ভেটারিনারী সার্জ্জন শ্রীযুত সত্যকিঙ্কর মুখার্জ্জি মহোদয় সপরিবারে শ্রীধামদর্শনার্থ আগমন করিয়া শ্রীল তীর্থ-গোস্বামী মহারাজের নিকট অনেকক্ষণ যাবৎ হরিকথা শ্রবণ করেন।

শব্দশক্তি

(৫ম পৃষ্ঠার পর)

বামন হইতে যে মায়ার শুদ্ধান আরম্ভ হইতে হয়, তাহা হইতে ছুটীলাভ হয় না, যতক্ষণ না আমরা পূর্ণপুরুষ ভগবানের অপ্রাকৃত লীলাকথায় কার্চ্ছবিশিষ্ট হইতে পারি। আমাদের মঙ্গলের জন্য সর্ব্বজ্ঞ শ্রীব্যাসদেব শ্রীমদ্ভাগবতে এই অধোক্ষজ ভগবানের ভক্তির কথা কীর্ত্তন করিয়াছেন। এই শ্রীমদ্ভাগবতের শ্রবণফলে পুরুষোত্তম শ্রীকৃষ্ণে আমাদের ভক্তির উদয় হয়। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—"ঠকের কথা, ভেকের শাস্ত্র ছেড়ে দিয়ে শ্রীমদ্ভাগবতের শুদ্ধ আলোচনা করা আবশ্যক। নিছক শ্রীকৃষ্ণকথা শ্রীমদ্ভাগবত ব'লেছেন। তবে যা'র তা'র কাছে—মাত্র অনুস্বার-বিসর্গ জানা লোকের কাছে শ্রীমদ্ভাগবত শুনতে গেলে অসুবিধার মধ্যে পড়তে হ'বে। বৈষ্ণব বা মহাভাগবতের কাছ থেকে শুনতে হ'বে এবং সদ্গুরুপাদপদ্মে প্রপত্তি স্বীকার করতে হ'বে। আরোহপথে বা নিজ অক্ষজ চেষ্টাদ্বারা শ্রীমদ্ভাগবতের প্রতিপাদ্য বিষয়টা বুঝে নেব, এ বিচার দ্বারা মঙ্গল হয় না, সেবোন্মুখ হ'তে পারলেই বিষয়টী সেবোন্মুখ চিত্তে স্ফূর্ত্তিপ্রাপ্ত হ'য়ে থাকেন।"

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে॥

"কৃষ্ণের সর্ব্বশ্রেষ্ঠ—সর্ব্বশ্রেষ্ঠ সেবক—শ্রীগুরুপাদপদ্ম। সেইরূপ সেবকের অধীন হইয়া যদি কৃষ্ণের পাদপদ্ম আশ্রয় করা যায়, তাহা হইলেই উত্তরোত্তর তাঁহার স্ফূর্ত্তি লাভের সম্ভাবনা। শ্রীগুরুপাদপদ্মই কৃষ্ণপাদপদ্ম-সেবার অধিকার প্রদান করেন।"

—শ্রীল প্রভুপাদ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১০ ত্রিবিক্রম, কৃত অনিরুদ্ধ গৌরাব্দ ৪৫৫

প্রায়শ্চিত্ত

——::(৩)::——

যেখানে শাস্ত্রনিষিদ্ধ কার্য্য বা পাপাচরণ হয়, সেইখানেই প্রায়শ্চিত্তের কথা আসিয়া পড়ে। দেহসর্ব্বস্ব কর্ম্মিগণের মধ্যেই এই প্রায়শ্চিত্তের ব্যবস্থা দেখা যায়। ভগবৎ সেবাকাঙ্ক্ষী ভক্তগণ পাপ বা পুণ্য, স্বর্গ বা নরক কোনটাই বাঞ্ছা করেন না। তাঁহারা অস্মৎপরায়ণ বশবর্ত্তী হইয়া কোন কার্য্য করেন না। তাঁহারা জানেন যে, জীব নিত্য ভগবদ্দাস। ভগবানের সেবাই তাঁহার স্বরূপধর্ম্ম। সুতরাং দেহ মনোধর্ম্ম পাপ ও পুণ্য হইতে তাঁহারা সর্ব্বদা বিরত থাকেন। তাঁহারা যে কিছু কার্য্য করেন, সকলই ভগবানের সেবোদ্দেশ্যে করেন বলিয়া পাপ তাঁহাদিগকে স্পর্শ করিতে পারে না। যেখানে নিজ ফলভোক্তা সাজিয়া কার্য্য করা যায়, সেখানে ভগবদ্বিস্মৃতি ও তজ্জন্য পাপের অভ্যুদয় হইয়া থাকে। ভগবান্ গীতায় বলিয়াছেন,—

যজ্ঞশিষ্টাশিনঃ সন্তো মুচ্যন্তে সর্ব্ব-
কিল্বিষৈঃ।
ভুঞ্জতে তে ত্বঘং পাপা যে পচন্ত্যাত্ম-
কারণাৎ॥
(গীতা ৩।১৩)

সাধুগণ যজ্ঞেশ্বর বিষ্ণুর অবশেষ গ্রহণ করেন। তাঁহারা সকলপ্রকার পাপাদি মুক্ত। যাঁহারা ভোক্তা-অভিমানে সর্ব্বযজ্ঞের একমাত্র ভোক্তা ও প্রভু শ্রীকৃষ্ণকে বাদ দিয়া নিজের জন্য পাক করেন, তাঁহারাই পাপের ভাগী হইয়া থাকেন। ভক্তগণ সম্বন্ধজ্ঞান-বিশিষ্ট। সুতরাং তাঁহাদের স্বভাবতঃই কোন নিষিদ্ধ পাপাচারে মতি হয় না। যদিও কোন কারণে পাপ কর্ম্ম হইয়া পড়ে, ভক্ত-বৎসল ভগবান্ কোনও প্রায়শ্চিত্ত না করাইয়া তাঁহাদিগকে শুদ্ধ করাইয়া লন শাস্ত্র বলেন,—

বিধি-ধর্ম্ম ছাড়ি' ভজে কৃষ্ণের চরণ।
নিষিদ্ধ পাপাচারে তার কভু নহে মন॥
অজ্ঞানেও হয় যদি পাপ উপস্থিত।
কৃষ্ণ তারে শুদ্ধ করেন, না করেন
প্রায়শ্চিত্ত॥

শ্রীমদ্ভাগবতেও বলিয়াছেন,—

স্বপাদমূলং ভজতঃ প্রিয়স্য
ত্যক্তান্যভাবস্য হরিঃ পরেশঃ।
বিকর্ম্ম যচ্চোৎপতিতং কথঞ্চিৎ
ধুনোতি সর্ব্বং হৃদি সন্নিবিষ্টঃ॥

অর্থাৎ অন্যভাব পরিত্যাগ পূর্ব্বক হরির পাদমূল যিনি ভজন করেন, সেই প্রিয় ব্যক্তির কখনও কোনপ্রকার পাপ উপস্থিত হইলে ভগবান্ শ্রীহরি তাঁহার হৃদয়ে প্রবিষ্ট হইয়া সেই পাপ বিনষ্ট করিয়া থাকেন।

জীব শরীর বা মন দ্বারা পাপাচরণ করিয়া যদি ইহলোকে প্রায়শ্চিত্ত না করে, তাহা হইলে তাহাকে নরক-ভোগ করিতে হয়। বৈদ্য যেরূপ রোগের গুরুত্ব ও লঘুত্ব অনুসারে ঔষধ বিধান করেন, তদ্রূপ পাপের গুরুত্ব-লঘুত্ব বিচার করিয়া তদনুরূপ প্রায়শ্চিত্ত করা উচিত। কিন্তু একটা কথা—সেই প্রায়শ্চিত্তসমূহও কর্ম্ম, আর পাপাচরণসমূহও কর্ম্ম। সুতরাং কর্ম্মের দ্বারা কর্ম্মের সমূলে উচ্ছেদ আশা করা যায় না। কারণ, প্রায়শ্চিত্ত দ্বারা একবার পাপ ক্ষয় হইলেও পাপের বীজ নষ্ট হয় না। অবিদ্যা-নাশ না হওয়াতে প্রায়শ্চিত্তাদি দ্বারা তাৎকালিক পাপ ক্ষয় হইলেও পূর্ব্ব-সংস্কারবশতঃ পুনঃ পুনঃ পাপের উদ্ভব হইয়া থাকে। পাপের মূলোৎপাটন না হওয়ায় নরকপাত অবশ্যই ঘটিয়া থাকে। হস্তীকে স্নান করাইয়া দিলে যেমন পরক্ষণেই আপন অঙ্গে ধূলি মাখিয়া থাকে, তদ্রূপ পুরুষগণ প্রায়শ্চিত্ত করিয়াও পুনরায় পাপানুষ্ঠান করায় অন্ধ নরকে গমন করে। সেইজন্যই শাস্ত্র ভগবদ্-ভজনই একমাত্র প্রকৃত প্রায়শ্চিত্ত বলিয়াছেন। স্বয়ং-ভগবান্ শ্রীমহাপ্রভু কাশীতে একদিন সুবুদ্ধি রায়কে বলিয়াছিলেন,—

প্রভু কহে—ইঁহা হৈতে যাহ বৃন্দাবন।
নিরন্তর কর কৃষ্ণনাম-সংকীর্ত্তন॥
এক নামাভাসে তোমার পাপদোষ যাবে।
আর নাম লৈতে কৃষ্ণচরণ পাইবে॥
আর কৃষ্ণনাম হৈতে কৃষ্ণস্থানে স্থিতি।
মহাপাতকের হয় এই প্রায়শ্চিত্তি॥

অনন্যশরণাগত ভক্তের কোনও পাপ-স্পর্শ নাই। কারণ শ্রীভগবান্ তাঁহার সমস্ত ভার গ্রহণ করেন। ভক্তগণ সম্পূর্ণভাবে ভগবানে শরণাগত বলিয়া সর্ব্ববিধ পাপ হইতে মুক্ত। তাঁহাদের আর পৃথক্ প্রায়শ্চিত্তের দরকার নাই। কর্ম্মিগণ শত শত কৃচ্ছ্রাদি-সাধ্য প্রায়শ্চিত্ত করিয়াও নারায়ণে শরণাগতির অভাবে পাপ হইতে মুক্ত হন না। তাঁহাদের প্রায়শ্চিত্ত-আচরণ কেবল হস্তিস্নানের ন্যায় পুনঃ পুনঃ নিরর্থক হয়। কর্ম্মজ্ঞানময় যে সকল প্রায়শ্চিত্ত, তাহা পুরুষকে সম্যক্ পবিত্র করিতে পারে না। যেরূপ সুরাভাণ্ডকে পুনঃ পুনঃ নদীতে ধৌত করিলেও ঐ ভাণ্ডের কোথাও না কোথাও সামান্য দুর্গন্ধ লাগিয়া থাকে তদ্রূপ। কিন্তু জ্ঞানকর্ম্মাদি ছাড়াও কেবলা ভক্তি পুরুষকে সর্ব্বতোভাবে পবিত্র করিয়া প্রেম পর্য্যন্ত প্রদান করিয়া থাকে। যিনি একবার মাত্রও ভগবানের পাদপদ্মে মনো-নিবেশ করাতে ভগবানের গুণে অনুরক্ত হন, কিন্তু তখনও যদি তাঁহার পরেশানুভব না হইয়া থাকে অর্থাৎ ভক্তি হওয়া দূরে থাকুক যাঁহার ভক্ত্যাভাসই মাত্র হইয়াছে, তাঁহাকেও যম বা যমভৃত্যগণ স্বপ্নেও দর্শন করিতে পারেন না। কারণ ভগবানে একবার মাত্র ভক্ত্যাভাস উদিত হইলেই সমস্ত প্রায়শ্চিত্ত আচরিত হয়। সেইজন্যই বুদ্ধিমান্ ব্যক্তিগণ পাপপুণ্য, ধর্ম্ম-অধর্ম্ম, স্বর্গ-মোক্ষকে অকিঞ্চিৎকর জানিয়া সর্ব্বধর্ম্মাদি পরিত্যাগ পূর্ব্বক সতত হরিসেবায় নিযুক্ত থাকেন। শ্রীমদ্ভাগবতে বলিয়াছেন,—

কেচিৎ কেবলয়া ভক্ত্যা বাসুদেব-
পরায়ণাঃ।
অঘং ধুন্বন্তি কার্ৎস্নেন নীহারমিব
ভাস্করঃ॥
ন তথা হ্যঘবান্ রাজন্ পূয়েত তপ-
আদিভিঃ।
যথা কৃষ্ণার্পিতপ্রাণস্তৎপুরুষ-
নিষেবয়া॥
(ভাঃ ৬।১।১৫-১৬)

অগ্নিধারা বেণুগুল্মবিনাশের ন্যায় তপস্যা-ব্রহ্মচর্য্যাদির বলে যে পাপনাশের কথা শুনা যায়, তাহাতেও পুনরায় পাপাঙ্কুরোদ্গমের আশঙ্কা আছে। কারণ, অগ্নিদ্বারা বেণুগুল্ম বিনষ্ট হইলেও মৃত্তিকাভ্যন্তরে প্রোথিত মূলদেশের উচ্ছেদ হয় না। তাই অনেক সময় বৃষ্ট্যাদির জল পাইয়া সেই বেণুগুল্ম হইতে অঙ্কুরোদ্গম দেখা যায়। কিন্তু বাসুদেব-পরায়ণ পুরুষ তপস্যাদি-নিরপেক্ষ কেবলা ভক্তির দ্বারাই পাপকে সমূলে ধ্বংস করেন। সূর্য্য যেরূপ হিম-রাশিকে সম্পূর্ণরূপে বিনাশ করিয়া থাকে, তদ্রূপ বাসুদেব-পরায়ণ ঐকান্তিক ভগবদ্ভক্তগণও ভক্তিবলে আনুষঙ্গিকভাবে পাপকে সমূলে উৎপাটিত করিতে সমর্থ হন। যেমন আলোকদানই সূর্য্যের মুখ্য কার্য্য এবং হিমাদি বিনাশ আনুষঙ্গিক, তদ্রূপ ভগবৎ-সেবা বা প্রেমপ্রাপ্তিই ভক্তির মুখ্য সাধ্য এবং অবিদ্যা বা পাপাদি বিনাশ আনুষঙ্গিক।

পাপী পুরুষ ভগবদ্ভক্তের নিরন্তর সঙ্গ (সেবা) দ্বারা শ্রীকৃষ্ণে আত্মসমর্পণপূর্ব্বক (শরণাগত ও সেবোন্মুখ হইয়া) যেমন পবিত্র হইতে পারেন, তপস্যাদির দ্বারা সেইরূপ শুদ্ধ হইতে পারেন না। অতএব ইহলোকে ভক্তিই একমাত্র সমীচীন পথ। ভক্তিপথ হইতে নিত্যমঙ্গল লাভ হয় ও অকুতোভয় হওয়া যায়। উপরিউক্ত শ্লোকের তথ্যে গ্রন্থকার লিখিয়াছেন —ভক্তি ক্লেশঘ্নী। ক্লেশ তিন প্রকার —পাপ, পাপবীজ ও অবিদ্যা। অপ্রারব্ধ ও প্রারব্ধ ভেদে পাপ দ্বিবিধ। পাপ অদৃষ্টরূপে চিত্তে সঞ্চিত থাকে এবং যাহার ফলভোগকাল আরম্ভ হয় নাই, তাহাই অপ্রারব্ধ পাপ, উহা অনাদি, অনন্ত, আর যাহা আরব্ধ বা ফলোন্মুখ হইয়াছে, তাহাকে প্রারব্ধ পাপ বলে। এই প্রারব্ধ পাপ প্রভাবেই নীচকুলে জন্ম-পরিগ্রহ প্রভৃতি হয়। ভক্তি এই অপ্রারব্ধ ও প্রারব্ধ উভয়বিধ পাপই বিনষ্ট করিতে সমর্থ। পদ্মপুরাণে লিখিত আছে যে, যাঁহাদের চিত্ত বিষ্ণুভক্তিতে একান্তভাবে অনুরক্ত, তাঁহাদিগের 'ফলোন্মুখ' 'বীজ', 'কূট' ও 'অপ্রারব্ধ ফল' এই পাপ-চতুষ্টয় ক্রমে ক্রমে বিলয়প্রাপ্ত হয়। ফলোন্মুখ অর্থে প্রারব্ধ। বীজ অর্থে বাসনা বা প্রারব্ধের উন্মুখতা-কারণ, কূট অর্থে বীজত্বের উন্মুখতা-কারণ, অপ্রারব্ধ ফল অর্থে যাহাতে কূটত্বাদিরূপ কার্য্যারম্ভ আরম্ভ হয় নাই।

জীবের স্বরূপ-ভ্রমের নাম অবিদ্যা। শুদ্ধভক্তির উদয়ে 'আমি কৃষ্ণদাস' এই বুদ্ধি সহজে উদিত হয়। তখন আর স্বরূপ-ভ্রমরূপ অবিদ্যা থাকে না। ভক্তি দ্বিবিধা—(১) সন্ততা (সর্ব্বদা বর্ত্তমানা, নিষ্ঠাময়ী) ও (২) কাদাচিৎকী (যাহা সর্ব্বদা বর্ত্তমান নহে, কখনও কখনও উদিত হয়)। সন্ততা বা নৈরন্তর্য্যময়ী ভক্তি আবার দ্বিবিধা—(১) আসক্তিময়ী এবং (২) রাগময়ী। কাদাচিৎকী ভক্তি ত্রিবিধা—(১) রাগাভাসময়ী (২) রাগাভাসশূন্যস্বরূপভূতা ও (৩) আভাসরূপা। তন্মধ্যে আভাসরূপা ভক্তি দ্বারাই সর্ব্ব প্রায়শ্চিত্ত সাধিত হয়। ইহা দেখাইবার জন্যই রাগময়ী ও তদপেক্ষা শ্রেষ্ঠা আসক্তিময়ী ভক্তির মাহাত্ম্য বলিতেছেন। অর্থাৎ কাদাচিৎকী ভক্তির মধ্যে সর্ব্বনিম্না আভাসরূপা ভক্তিই যখন পাপাদি সমূলে বিনাশ করিতে সমর্থা, তখন সন্ততা ভক্তির অন্তর্গত রাগময়ী বা তদপেক্ষা শ্রেষ্ঠা আসক্তিযুক্তা ঐকান্তিকী ভক্তির ত' কথাই নাই। হিমরাশিকে বিনষ্ট করিতে হইলে যেমন হিমের সহিত সূর্য্যকিরণের সংস্পর্শের আবশ্যক হয় না, সূর্য্যরশ্মির ঈষৎ আভার সঙ্গে সঙ্গেই হিমরাশি নিঃশেষিতরূপে বিনষ্ট হয়, তদ্রূপ পাপ বিনষ্ট করিবার জন্য আভাসরূপা ভক্তিই যথেষ্ট।

কান্যকুব্জ দেশে অজামিল নামে এক ব্রাহ্মণ বাস করিত। সে শূদ্রার সংস্পর্শে সদাচারভ্রষ্ট হয়। সে পাশাক্রীড়া, বঞ্চনা ও চৌর্য্যাদি অবলম্বন করিয়া অপবিত্রভাবে জীবনযাপন করিত। সে পুত্রাদি প্রতি-পালন করিতে করিতে ৮৮ বর্ষকাল এইভাবে অতিবাহিত করিল। তাহার দশটী পুত্র ছিল। তাহার সর্ব্বকনিষ্ঠ পুত্রের নাম ছিল—

নারায়ণ। ক্রমশঃ তাহার মৃত্যুকাল উপস্থিত হইল। পুত্রের প্রতি অত্যাসক্তি থাকায় তখন সে তাহার নারায়ণ নামক বালক পুত্রের বিষয় ভাবিতে লাগিল। এমন সময় তিনজন অতি ভীষণাকৃতি যমদূত তাহাকে লইতে আসিয়াছে দেখিয়া অজামিল বিহ্বলচিত্তে নারায়ণ নামক পুত্রকে 'নারায়ণ, নারায়ণ' বলিয়া উচ্চ চীৎকারে ডাকিতে লাগিল। তখন ভগবান্ শ্রীনারায়ণের স্মৃতি হৃদয়ে উদিত হওয়ায় নামাভাসফলে তিনি সমস্ত পাপ ও বিপদাদির হস্ত হইতে নিষ্কৃতি পান। শ্রীনাম-কীর্ত্তনের সঙ্গে সঙ্গে তিনি বিষ্ণুপার্ষদগণকে তৎপার্শ্বে দেখিতে পান এবং তাঁহাদের সঙ্গ লাভ করিয়া ধন্য হন। এই অজামিল প্রথমে শাস্ত্রজ্ঞান-সম্পন্ন, সৎস্বভাব, সদাচার ও ক্ষমাদি সদ্গুণের আশ্রয়, ব্রতনিষ্ঠ, কোমল-চিত্ত, জিতেন্দ্রিয়, সত্যবাদী, মন্ত্রজ্ঞ, পবিত্র, গুরু, অগ্নি, অতিথি ও বৃদ্ধদিগের সেবায় রত, নিরহঙ্কার, সর্ব্বজীবের হিতকারী সুহৃৎ, সাধু, মিতভাষী ও অসূয়াশূন্য ছিলেন। একদা ঐ অজামিল পিতার আদেশে ফল-পুষ্প, সমিধ্ ও কুশ আহরণের জন্য বনে গমন করিয়াছিলেন। ফলপুষ্পাদি সংগ্রহ করিয়া গৃহে আগমন করিতেছেন, এমন সময় পথিমধ্যে এক কামুক শূদ্র লজ্জা পরিত্যাগপূর্ব্বক সাধারণভোগ্যা এক শূদ্রাণীর সহিত হাস্য, গান ও বিহার করিতেছে দেখিতে পাইলেন। শূদ্র স্বীয় কামোদ্দীপক অঙ্গরাগযুক্ত বাহু দ্বারা সেই শূদ্রাণীকে আলিঙ্গন করিতেছিল, ইহা দেখিয়া অজামিল হঠাৎ মায়ামোহিত হইয়া পড়িলেন। তিনি শাস্ত্রজ্ঞান ও নিজ বুদ্ধিবলে নিজ চিত্তকে সংযত করিবার চেষ্টা করিয়াও মনকে নিগ্রহ করিতে পারিলেন না। তাই স্বধর্ম হইতে ভ্রষ্ট হইলেন। অসৎ সঙ্গের ভীষণ ভয়াবহ পরিণাম এবং সৎসঙ্গের অদ্ভুত প্রভাব—হরিনাম ও হরিভক্তের অপার করুণা ও অসমোর্দ্ধ-মহিমা অজামিলের চরিত্রে আমরা দেখিতে পাই।

যমদূতগণ অকস্মাৎ বিষ্ণুদূতগণের আগমনে বিস্মিত হইলেন। যমদূতগণের প্রশ্নোত্তরে বিষ্ণুদূতগণ বলিতে লাগিলেন, এই ব্রাহ্মণ মৃত্যুকালে নারায়ণ নামোচ্চারণ করিয়া এক জন্মের নয়, কোটি জন্মের পাপের প্রায়শ্চিত্ত করিয়াছেন। শ্রীহরির নামাভাস-গ্রহণই সর্ব্ববিধ পাপের উত্তম প্রায়শ্চিত্ত। শাস্ত্রবিহিত প্রায়শ্চিত্ত দ্বারা পাপের শান্তি হইলেও তাহাতে পাপীর পাপবাসনা দূর হয় না, আবার সে পাপরত হয়। কিন্তু হরিনামা-ভাসেই পাপের মূল উৎপাটিত হয়, হৃদয় পাপ-প্রবৃত্তিশূন্য বিশুদ্ধ হয়। স্বর্ণাপহরণকারী, মদ্যপায়ী, মিত্রদ্রোহী, ব্রহ্মঘাতী, স্ত্রীহত্যাকারী, গো-হত্যাকারী, পিতৃহত্যাকারী, রাজহত্যাকারী এবং অন্যান্য যে সকল মহাপাতকী আছে, শ্রীবিষ্ণুর নামোচ্চারণই তাহাদের শ্রেষ্ঠ প্রায়শ্চিত্ত। কারণ যে ব্যক্তি ঐ নাম উচ্চারণ করে, তাহার সম্বন্ধে ভগবান্ বিষ্ণুর 'এই ব্যক্তি আমার নিজজন, ইহাকে সর্ব্বতোভাবে আমার রক্ষা করা কর্ত্তব্য' এইরূপ মতি হইয়া থাকে। অজামিল সাঙ্কেত্যরূপ নামাভাস করিয়া পাপমুক্ত হইয়াছেন, সুতরাং তিনি যমদণ্ড্য নহেন। এখন অজামিল বিষ্ণু-দূতগণকে প্রণাম করিয়া তাঁহাদের শ্রীমূর্ত্তি-দর্শনে পরমানন্দিত হইলেন এবং এইরূপ দর্শন ও মৃত্যুসময়ে হরিনামাভাসোচ্চারণ যে তাঁহার পূর্ব্বসুকৃতির ফল, তাহা বুঝিতে পারিলেন। তিনি সাধুর শ্রীমুখে হরিকথা শ্রবণ করিয়া ভগবানে ভক্তিমান্ হইলেন। পূর্ব্বকৃত পাপের জন্য তাঁহার ঘোর নির্ব্বেদ উপস্থিত হইল। তিনি আপনাকে ধিক্কার দিয়া বহু পরিতাপ করিলেন। ক্ষণমাত্র সাধুসঙ্গ-প্রভাবে তাঁহার এইরূপ সদ্বুদ্ধির উদয় হওয়ায় তিনি অবিলম্বে সমস্ত পরিত্যাগ করিয়া হরিদ্বারে প্রস্থান করিলেন। তথায় একান্তভাবে হরিভজনে নিবিষ্ট হইয়া অচিরেই শ্রীভগবানে সমাধিযোগ-প্রাপ্ত হইলেন। এইরূপে শ্রীভগবানে তাঁহার বুদ্ধি নিশ্চলা হইলে সেই বিষ্ণুদূতগণ পুনর্ব্বার সেখানে উপস্থিত হইয়া তাঁহাকে স্বর্ণবিমানে আরোহণ করাইয়া বৈকুণ্ঠধামে লইয়া গেলেন। পুত্রের নামগ্রহণ-ছলেও হরিনাম-কীর্ত্তনে (নামাভাসে) এমন মহাপাপী ব্যক্তিও বিশুদ্ধ হইয়া পরা গতি প্রাপ্ত হইলেন। অতএব শ্রদ্ধাপূর্ব্বক পরমপ্রায়শ্চিত্তস্বরূপ এই নাম গ্রহণ করিলে তাহা যে কিরূপ ফলদ হইবে, তাহা বলাই বাহুল্য।

শব্দশক্তি

——::•::——

শব্দের শক্তি অসীম। ভগবান্ নামরূপে—শব্দরূপে এ জগতে অবতীর্ণ হইয়াছেন। শব্দই জগৎকে চালিত করে। শব্দ বন্ধ হইলে বিশ্বচক্র বন্ধ হইয়া যায়। শব্দ-বিনিময়ের মধ্য দিয়াই এ জগৎ, কি পরজগৎ চালিত হইতেছে। শব্দের মধ্য দিয়াই জগতে জ্ঞান, বিজ্ঞান, দর্শন, সাহিত্য, ধর্ম্ম, কর্ম্ম, বাণিজ্য, রাজনীতি, সমাজনীতি প্রভৃতি চালিত হইতেছে। শব্দ ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানের দূর দর্শন করাইতে পারে—শব্দ চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বগাদি ইন্দ্রিয়ের অতীত বার্ত্তা বহন করিয়া আনিতে পারে। শব্দই অমিত প্রভাবশালীকে নিস্তেজ ও দুর্ব্বলকে পরমশক্তিশালী করিতে পারে। শব্দের মত শক্তি আর কাহারও নাই। শব্দ দূরের ঘটনা চিত্রিত করিতে পারে, দূরের দৃশ্য মূর্ত্ত করিতে পারে, শব্দ তীর অপেক্ষা তীব্রতর হইয়া মর্ম্মে আঘাত করে, শব্দ বিদ্যুৎ অপেক্ষা অতি দ্রুতবেগে শক্তিসঞ্চার করে, শব্দ হিংস্রকে মুগ্ধ করে, শত্রুকে মিত্র করে, মিত্রকে শত্রুতে পরিণত করে, ব্যথিতকে শান্ত করে, দুর্ব্বলকে সবল করে। শব্দই বল, শব্দই শক্তি। গুরুবর্গ এই শব্দেরই প্রচারক। শব্দই বেদ, ভাগবত, পুরাণ। শব্দই আরাধ্যের মধ্যে শ্রেষ্ঠ আরাধ্য, শব্দই—সাধন, শব্দই—সাধ্য।

শ্রীনাম—শ্রীকৃষ্ণ স্বয়ংই। শব্দের কৃপা ছাড়া আমাদের মঙ্গলের আর উপায় নাই। শব্দই বিমুখ আমাদিগকে উন্মুখ করে—শব্দই নিদ্রিত আমাদিগকে জাগ্রত করে। বৈকুণ্ঠ শব্দ জীবের শ্রবণপথে প্রবিষ্ট হইতে থাকিলে জীবের নিত্যমঙ্গল সাধিত হয়। প্রাকৃত শব্দ যখন শ্রুতিগোচর হয়, তখন চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্—ইন্দ্রিয়-চতুষ্টয় তাহাকে পরীক্ষা করিয়া লইতে যায়। পরীক্ষা করিয়া ঐ শব্দটী গ্রহণের যোগ্য কি অযোগ্য বিচার পূর্ব্বক তাহাকে গ্রহণ বা পরিত্যাগ করে। কিন্তু বৈকুণ্ঠশব্দ সম্বন্ধে সেরূপ বিচার করিতে হইবে না। বৈকুণ্ঠ-শব্দের স্বতঃকর্ত্তৃত্ব আছে। বৈকুণ্ঠশব্দ মহাশক্তিশালী। তাঁহাকে নিয়মিত করা যায় না। ঐ শব্দ কর্ণে প্রবেশ করিলে অন্যান্য ইন্দ্রিয়ের কার্য্যগুলিকে স্তব্ধ করিয়া দেয়। বৈকুণ্ঠশব্দই ভালমন্দ বিচার করিবার শক্তি জীবকে প্রদান করে। বৈকুণ্ঠশব্দ জীবকে নিয়মিত ও চালিত করিলে জীবের পরম মঙ্গললাভ হয়। শব্দই জীব-হৃদয়ের কল্মষাদি দূরীভূত করিয়া নির্ম্মল করে এবং সেই নির্ম্মল হৃদয়েই ভগবানের রূপ, গুণ, লীলা ও পরিকর-বৈশিষ্ট্যের স্ফূর্ত্তি হইয়া থাকে। কিন্তু ঐ বৈকুণ্ঠশব্দ যোগ্যস্থান হইতে আসা দরকার। যে সমস্ত কথা শ্রীভগবান্ হইতে আম্নায়-পারম্পর্য্যে অবতরণ করিয়াছেন, তাহাই শ্রবণ করা উচিত, তাহাতেই আমাদের চরম মঙ্গল নিহিত আছে। শ্রীকৃষ্ণ, ব্রহ্মা, নারদ, ব্যাস-পরম্পরাখাতে যে শব্দস্রোতঃ প্রবাহিত হইতেছে, তাহাই বৈকুণ্ঠশব্দ। ইঁহার মধ্যে কোন খাদ নাই। এই বাণীর অনুগত হওয়াই শ্রৌতপন্থা স্বীকার করা। অবরোহপথ বা অবতারবাদ স্বীকারই ভগবচ্চরণে শরণাগত, প্রপন্নের কর্ত্তব্য। আরোহপন্থায় মনোধর্ম্মিগণের বিচার আমাদের গ্রহণীয় নহে। শ্রৌতপন্থায় অপ্রাকৃত জগতের সন্ধান পাওয়া যায়—অপ্রাকৃত স্বরূপের সন্ধান পাওয়া যায়—অপ্রাকৃত স্বরূপের কৃত্য সম্বন্ধে দিব্যজ্ঞান লাভ হয়—অপ্রাকৃত বাস্তববস্তু শ্রীভগবানের সন্নিকর্ষ লাভ হয়। কিন্তু আরোহপন্থায় মনোধর্ম্মিগণ প্রাকৃত জগতেই আবদ্ধ হয়, তাহাদের বিচার বা চেষ্টা প্রাকৃত জগৎ অতিক্রম করিয়া অপ্রাকৃত জগতের কোন সন্ধান দিতে পারে না—অপ্রাকৃত বাস্তববস্তু ভগবানের নিকট পৌঁছাইতে পারে না—জীবকে তাহার অপ্রাকৃত স্বরূপে উদ্বুদ্ধ করিতে পারে না বরং তাহার বিপরীতভাবেই সাহায্য করে।

এই সংসারে শোক, মোহ ও ভয় দ্বারা ক্লিষ্ট হন না, এইরূপ লোক পাওয়া যায় না। কেবল পরমধাম হইতে অবতীর্ণ সাধু দিগের কথা স্বতন্ত্র। তাঁহাদের সহিত এ সংসারের কোন সংস্পর্শ নাই। এ জগতে থাকিয়াও তাঁহারা বৈকুণ্ঠবাসী। পদ্মপত্রের মত জলে থাকে, কিন্তু মিশে না। তাই তাঁহারা অশোক, নির্মোহ ও অভয়। তাঁহাদের ত্রিতাপাদি ভোগ করিতে হয় না। কিন্তু এ জগতের জীবমাত্রেরই ত্রিবিধ ক্লেশ বা ত্রিতাপ ভোগ করিতে হয়। এই বিপদের হাত হইতে অব্যাহতি পাইবার জন্য কর্ম্মী, জ্ঞানী, যোগী, তপস্বী প্রভৃতি স্ব স্ব মনোধর্ম্ম-বশে জন্ম জন্মান্তর ধরিয়া কত রকমের চেষ্টা করিতেছে, কিন্তু কিছুতেই সফলকাম হইতে পারিতেছে না। শ্রীমদ্ভাগবতের কথা পদানুসরণেই এই বিপদের হাত হইতে রক্ষা পাওয়া যায়। শ্রীল নরোত্তম ঠাকুর বলিয়াছেন,—

কর্ম্মকাণ্ড জ্ঞানকাণ্ড, সকলি বিষের ভাণ্ড,
অমৃত বলিয়া যেবা খায়।
নানা যোনি সদা ফিরে, কদর্য্য ভক্ষণ করে,
তার জন্ম অধঃপাতে যায় ॥

কর্ম্মপথ ও জ্ঞানপথ আমাদের অবলম্বনীয় নহে। ঐ পথে আমাদের নিত্যমঙ্গল বা চরমকল্যাণের কোন সম্ভাবনা নাই। কর্ম্মপথে স্বর্গাদি সুখভোগ হইলেও তাহা নিত্যকাল স্থায়ী নহে। স্বর্গাদিসুখ চিরকাল থাকে না। সেই ভোগ শেষ হইবার পর আবার মর্ত্ত্যলোকে আসিতে হয়। কর্ম্ম-যোগাবলম্বনে যে ধর্ম্ম, তাহা আগমাপায়ী; তাহাতে কখনও সুখ, কখনও দুঃখ—নিরবচ্ছিন্ন সুখ নাই। কর্ম্মপথ-অবলম্বনে এই ত্রিতাপময় সংসারে গতায়াত শেষ হয় না। জ্ঞানপথেও জীব নিত্যমঙ্গল লাভ করিতে পারে না। এই সকলই আরোহপন্থা। আরোহপথের পথিকগণ কর্ত্তৃত্ব নিজে রাখিতে চায়। তাহারা ভগবানের উপর যোল আনা কর্ত্তৃত্বের ভার দিতে পারে না। তাহারা শরণাগত নহে। ভগবানের ইচ্ছা ব্যতিরেকেও কিছু করা ঘটিতে পারে, ইহা তাহারা মনে করে। কিন্তু বাস্তবিক মঙ্গল লাভ করিতে হইলে ত' ভগবানের একান্ত শরণাগত হওয়া ছাড়া অন্য উপায় নাই। অপ্রাকৃত ভগবদ্বাণীর কর্ত্তৃত্ব স্বীকার না করিলে কোনদিনই মঙ্গল নাই। একমাত্র শ্রীমদ্ভাগবতই এই নিত্যমঙ্গলের সন্ধান অনুক্ষণ প্রদান করিতেছেন। স্বাভিনিবেশের ইন্দ্রিয়গুলি ... জন্য ধাবিত। ইন্দ্রিয়সকলের এইরূপ ক্রিয়া লক্ষ্য করিয়া তাহাদিগকে ধ্বংস করিবার চেষ্টা করা উচিত নহে। তাহাদের গতির মোড় ফিরাইয়া দিতে পারিলেই সুবিধা হইবে। অন্যান্য ইতরকথা ছাড়িয়া দিয়া শ্রীমদ্ভাগবতের বাণী সুষ্ঠুরূপে আলোচিত হইলেই ইন্দ্রিয় সকলের গতি পরিবর্ত্তিত হইবে। ভোগ-

(অতঃপর ৩য় পৃষ্ঠার ৪র্থ কলমে দ্রষ্টব্য)

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীমধুসূদন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক—শ্রীনবরক্ষিত দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগুরুবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীবনবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—ঠাকুরপ্রসাদ ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীজগন্নাথ দাস ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীধামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীমহৎকৃপা ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপদ্মনাভ দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনগেন্দ্রনাথ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীদীনদয়াল ব্রজবাসী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদবজ্ঞবিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
ওনং পাগলাঝোরা, পোঃ দার্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গন্ধীবসিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীইন্দ্রপদ দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ পঙ্কিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা মথুরা
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেখপাড়া
পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিত্যানন্দদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওগেই গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবংশীবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ কৃপাভিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আত্মাশ্রম
(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগেন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীরত্নমণি দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীহরিকিশোর ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অনধি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাণীবাঁধ (বর্দ্ধমান)
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ভুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং নিউটন ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাক্ষেষ্টার রোড, হাউড্ গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১০।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগৌরেন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅবরগোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরাবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীভক্তিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	১॥০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৬৲	৪॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫০, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি পাণ্ডুলিপিরূপে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারগণের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিয়াছেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ তিনটি পদ্যানুবাদসহ মায়াপুর শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭॥০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬॥০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থ শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, প্রভৃতি মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভাগবতের এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ পাণ্ডিত্যের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ তৎপরে টীকা শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর ভিক্ষা মাত্র ৬৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রত্ন-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ॥০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ — শনিবার ব্যতীত / শনিবার অন্ত দিন

কলিকাতা ছাঃ	৪ ৪৬	৬-২১	৭ ১৪	৯-১৬	১৫-১৬	১৬ ১৬	১৭-৫৬	২৩ ২৬
দমদম	৪-৫৬	৬ ৩১	৭ ২৮	১৩ ২৯	..		১৮ ৫	২৩-৪৬
রাণাঘাট পৌঃ	৬-০২	৭ ৫৮	৯ ১৮	১৪ ৫০	১৬ ৩৮	১৮-০১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ	.	. ..	৯-৩৩	...	.	.	. . .	.
কৃষ্ণনগর পৌঃ	৬ ৫৯	৮ ৪০	১০-৬	১৫-১৮	১৭-৩১	১৯-১৫	২০ ২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-০৬	১৪ ৫০		১৭-৪০		২০-৩০	
মহেশগঞ্জ "	৭ ২৫	১০-৫১	১৫-২৫		১৮-১৫		২১-৫	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫ ৩৩		১৮-২৩		২১ ১৩	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম "	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
" ছাঃ	১২ ৫৮
শান্তিপুর পৌঃ	১৩ ২৪
(বদল) ছাঃ	১৩ ৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩৩

ডাউন — শনিবার ব্যতীত / অন্য দিন শনিবার

নবদ্বীপঘাট ছাঃ		৬-১৪	৯-১২		১৬ ৩	১৬ ৩১	১৮-৩৮	
মহেশগঞ্জ "		৬-২৩	৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ		৬-৫৭	৯-৫৫		১৬-৪৬	১৭ ১৪	১৯-২১	
(বদল) ছাঃ	৫-৩১	৭-১০	৮ ৫১	১১-১৬	১৫-৪	১৬ ৫৬	১৯-১৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪ ১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৪৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	.	..	.	.	১৫-৫৯	১৭-৪২	. ..	.. ..
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১ ২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬	২১ ৪০	২৩ ১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪-১
মহেশগঞ্জ "	১৪-১০
কৃষ্ণনগর পৌঃ	১৪-৪৪
" ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

২। ভাগবত—চিকিৎসার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। গয়া শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নবদ্বীপ বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবিধায়ক অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রয়ে বঙ্গদেশ তথা ভারতের প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও ধর্ম্মবাদী সজ্জনগণের সহিত যে সমস্ত পারিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রকাশ হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগ-বিরুদ্ধসিদ্ধান্তখণ্ডনে ও শুদ্ধভক্তি সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণ-কিঙ্করগণ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই সেবনীয়।

ভিক্ষা—৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা 'দৈনিক নদীয়া-প্রকাশ' ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১।৩, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্বপ্রকার জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়া ইহার খ্যাতি ক্রমশঃ অধিক। প্লীহা, যকৃৎ সংযুক্ত জ্বরে এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয়। ছোট বোতল ৷৶০ দশ আনা, বড় বোতল ১৷৶০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
বেহালা, ২৪ পরগণা

টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

Regd No. C. 1544

শ্রীশ্রীগৌড়ীয় গ্রন্থমালা
—:০:—
শ্রীল নারায়ণদাস ভক্তি-
সুধাকর এম-এ সঙ্কলিত
এই গ্রন্থ কথাসার, বিস্তৃত
ভূমিকা ও সূচীসহ অতি সুন্দর
রূপে প্রকাশিত হইয়াছে।
ঈশ, কেন, কঠাদি দ্বাদশ
উপনিষদের অভিনব সংস্করণ
ভিক্ষা মাত্র ১৷০ টাকা।
প্রাপ্তিস্থান—
প্রভুর প্রিণ্টিং ওয়ার্কস,
পোঃ—ওয়ারী, ঢাকা

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

শ্রীচৈতন্যদেব
—:০:—
স্বয়ং ভগবান শ্রীচৈতন্য
মহাপ্রভুর জীবনী ও শিক্ষার
কথা সুন্দরভাবে বর্ণনে
লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট
কাগজে সুন্দর বাঁধাই।
৩য় সংস্করণ, ভিক্ষা ১৷৹
পাঃ ।৹
শ্রীগৌড়ীয় মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

ভারতের সর্ব্বত্র বহুলপ্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৬শ খণ্ড] শ্রীমায়াপুর, ৮ই জ্যৈষ্ঠ ১৩৪৮, ২২শে মে ১৯৪১, বৃহস্পতিবার [৬৪তম সংখ্যা

নানা-সংবাদ

—::[০]::—

কলিকাতায় চারি ব্যক্তি গ্রেপ্তার

গত রবিবার পুলিশ কলিকাতার বিভিন্ন স্থানে খানাতল্লাস করে এবং ভারতরক্ষা-আইন অনুসারে চারি ব্যক্তিকে গ্রেপ্তার করে। ধৃত ব্যক্তিদের নাম শ্রীযুত কমলেশ ব্যানার্জ্জি ইন্দ্র দত্ত সেন, শচীন হাজরা ও অমূল্য চাটার্জ্জি। প্রকাশ, পুলিশ একটি হাতে চালান মুদ্রাযন্ত্র, একটি রাইক্রো টাইপ মেশিন, কতকগুলি টাইপ ও কয়েকখানা আপত্তিকর পুস্তিকা হস্তগত করে। কংগ্রেস বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডাঃ ডি সুর ও মিঃ মিনিকেও স্পেশাল কোয়ার্টারে ডাকিয়া লইয়া যাওয়া হইয়াছিল কিন্তু পরে তাহাদিগকে মুক্তি দেওয়া হয়।

শ্রীযুক্ত রামেশ্বর অগ্নিভোজ দণ্ডিত

দ্বারভাঙ্গার সংবাদে প্রকাশ, ভূতপূর্ব্ব মন্ত্রী শ্রীযুক্ত রামেশ্বর অগ্নিভোজ জেল হইতে মুক্তি লাভ করিয়া পুনরায় সত্যাগ্রহ করায় তাঁহাকে ৯ মাস সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করা হয়। তাঁহাকে দ্বিতীয় শ্রেণীর বন্দীরূপে গণ্য করিবার নির্দ্দেশ দেওয়া হইয়াছে।

প্রথম ভারতীয় ডিরেক্টর

শ্রীহট্টের অন্যতম কৃতীসন্তান শ্রীযুক্ত সতীশচন্দ্র রায় এম-এ (লণ্ডন) আসাম প্রদেশের শিক্ষাবিভাগের সর্ব্বপ্রথম ভারতীয় ডিরেক্টার হিসাবে তাঁহার প্রথম শ্রীহট্টে আগমন উপলক্ষে গত ১২ই মে তাঁহাকে শ্রীহট্টবাসী শিক্ষাব্রতীদের পক্ষ হইতে বিপুলভাবে সম্বর্দ্ধনা জ্ঞাপন করা হইয়াছে। সুরমা উপত্যকার স্কুলসমূহের প্রথম মুসলমান ইন্সপেক্টার মিঃ আবুল লেইসকে সভাপতি করিয়া একটি অভ্যর্থনা সমিতি গঠিত হয়। তাঁহার সভাপতিত্বে স্থানীয় গভর্ণমেণ্ট হাইস্কুল গৃহে এক সভা হয়। তাহাতে সভাপতি মহোদয় মিঃ রায়ের সম্বর্দ্ধনা জ্ঞাপন করিয়া একটি সারগর্ভ বক্তৃতা প্রদান করেন। অধ্যাপক মজদ-উদ্দিন আহমেদ, সুরেন্দ্রচন্দ্র সেন প্রভৃতির বক্তৃতার পর মিঃ রায় উত্তর প্রদান করেন।

কাশ্মীরে প্রবল ভূমিকম্প

গত ১৩ই মে রাত্রিতে কাশ্মীরে প্রবল ভূকম্পন অনুভূত হয়। কম্পনের ফলে ঘরের দরজা জানালাগুলি ভীষণ শব্দে আন্দোলিত হইতে থাকে এবং পাখীগুলি কিচির মিচির শব্দ করিতে থাকে। জনসাধারণ আতঙ্কে ছুটাছুটি করিতে থাকে। কোনরূপ সম্পত্তি বা প্রাণহানির কোনও সংবাদ পাওয়া যায় নাই।

অপরাধজনক নরহত্যা

গত ৯ই মে সংবাদে প্রকাশ, ঢাকার অতিরিক্ত দায়রা জজ মিঃ কে, সি, সেন জুরীদের মত গ্রহণে বৈদ্যের বাজার থানার দক্ষিণপাড়া নিবাসী রেজাককে তাহার গর্ভবতী স্ত্রীকে অপরাধ-জনক হত্যার অপরাধে সাতবৎসর সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন। মামলার বিবরণে প্রকাশ যে রেজাক ও তাহার স্ত্রী কদিলা বিবির মধ্যে মনোমালিন্য ছিল। গত ২৯শে ডিসেম্বর একটা লাঠীর কতগুলি আঘাতে তাহার (কদিলার) মৃত্যু ঘটাইয়া উহার নাবালিকা কন্যাকে নিয়া বাড়ীর বাহির হয়। রেজাক পলাতক থাকিয়া প্রায় একমাস পরে আত্মসমর্পণ করে। আসামী নিজকে নির্দ্দোষ বলে।

রাওয়ালপিণ্ডিতে ভূমিকম্প

গত ১৮ই মে প্রাতে রাত্রি প্রায় ৩টা ১০ মিনিটের সময় রাওয়ালপিণ্ডিতে মাঝামাঝি রকমের ভূকম্পন অনুভূত হয়। ভূকম্পন ৪০ সেকেণ্ড কাল স্থায়ী হয়। এপর্য্যন্ত কোনরূপ সম্পত্তি বা প্রাণহানির সংবাদ পাওয়া যায় নাই।

স্বর্গীয় দীনবন্ধু মজুমদার

ঢাকা ইন্টারমিডিয়েট সলিমুল্লা ইণ্টার-মিডিয়েট কলেজের ভূতপূর্ব্ব প্রিন্সিপ্যাল ঢাকার সুপরিচিত সুদীর্ঘকালের শিক্ষাব্রতী দীনবন্ধু মজুমদার এম-এ মহোদয় গত ১লা বৈশাখ নববর্ষ প্রারম্ভে কলিকাতা মহা-নগরীতে গঙ্গালাভ করিয়াছেন। তাঁহার শ্রাদ্ধ তদীয় পিতৃভক্ত কৃতিপুত্রগণ কর্তৃক শাস্ত্রবিহিত বিধানে এবং যথাযোগ্যভাবে তাহাদের চাকুরিয়া ২০নং মহারাজা ঠাকুর রোডস্থিত বাসভবনে গত ৩১শে বৈশাখ সম্পন্ন হইয়াছে। স্বর্গীয় মজুমদার মহাশয় সুদীর্ঘকাল ঢাকায় শিক্ষাকার্য্যে ব্রতী থাকিয়া বিশেষ যশোগৌরবের অধিকারী হইয়াছিলেন। তিনি স্থানীয় ভূতপূর্ব্ব ইস্লামিয়া সেমিনারী (বর্ত্তমানে ইস্লামিয়া সলিমুল্লা হাইস্কুল) প্রভৃতি কতিপয় হাইস্কুলের প্রতিষ্ঠাতা ছিলেন। ঢাকার বর্ত্তমান সলিমুল্লা কলেজের প্রতিষ্ঠার মূলে তাঁহার কৃতিত্ব অক্ষয় হইয়া রহিয়াছে। তিনি যেমন ভক্তিপরায়ণ ছিলেন তেমনই তাঁহার অমায়িক চরিত্র ছিল। 'স্বায়ত্তশাসন' সম্পাদক শ্রীযুক্ত কালীভূষণ মুখোপাধ্যায়ের সহিত তিনি অকৃত্রিম বন্ধুত্বসূত্রে বদ্ধ ছিলেন এবং তাঁহাকে অনুজবৎ স্নেহ করিতেন।

প্রিন্স আমাডিও রবার্টো

ইতালীর রাজার ভ্রাতুষ্পুত্র স্পোলেটোর ডিউক ও অ্যাওস্টার প্রিন্স আমাডিও রবার্টোকে ১৮ই মে তাহাদের ক্রোশিয়া রাজ্যের রাজা বলিয়া ঘোষণা করা হইয়াছে। রোমের রাজপ্রাসাদে ঐ দিবস মধ্যাহ্নের একটু পরে এই অনুষ্ঠান হয়। বেতারের সংবাদে প্রকাশ, ক্রোট 'ফুয়েরার' আন্টে প্যাভেলিচ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। মুসোলিনী এবং চক্রশক্তির বহু রাজনীতিবিদ কূটনীতিবিদ ও সাংবাদিকের সমক্ষে প্যাভেলিচ ক্রোট প্রতিনিধি দলের নেতা হিসাবে স্পোলেটোর ডিউককে ক্রোশিয়ার রাজা মনোনীত করার প্রস্তাব করেন। পরে প্যাভেলিচ নূতন রাজাকে আহ্বান করেন। অতঃপর রাজপ্রাসাদের অলিন্দ হইতে সমবেত জনতার নিকট ঘোষণা প্রচার করা হয়।

নবগঠিত ক্রোশিয়া রাজ্যের রাজা ডিউক অব স্পোলেটোর বয়স ৪১ বৎসর এবং তিনি আবিসিনিয়ায় ইতালীর নেতার কনিষ্ঠ ভ্রাতা।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিসুধাকর, মহাপ্রাণ প্রথিতনামা বিদ্যাবাচস্পতি শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য মহোদয়ের শ্রৌতপথের এবং পরিণত লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া তোমাদের মনন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে বহু স্থানে উহার নিজস্ব অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য ভারতীয় দার্শনিক দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডে ৩৩৭ অধ্যায়ে আটশত পৃষ্ঠা বাণী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সন্নিবিষ্ট সূচীপত্র (Index Glossary) সহ প্রকাশিত হইয়াছে। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

— — — —

অণুভাষ্যম্

চতুর্বর্গাধায়ক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের ব্যাখ্যা শ্রীমন্মধ্বাচার্যকৃত শ্লোকাকারে অতি সংক্ষেপে গ্রথিত ও শ্রীপাদ বলদেব বিদ্যাভূষণ-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও ব্যাখ্যা ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্বপ্রথম সংস্করণ। ভিক্ষা ২৲ মাত্র।

— — — —

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা, বিষয়ের আলোচ্য ভূমিকা ও সূচীসহ অত্যুৎকৃষ্ট সর্বাঙ্গসুন্দর নব সংস্করণে গৌড়ীয় মিশনকর্তৃক প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনবকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,
শ্রীযুক্ত সুধাংশুরঞ্জন দাস এম-এ, বি-এল্,
পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা

———

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষা ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—৩৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ পোঃ বাগবাজার, কলিকাতা।

———

EROTIC PRINCIPLE & UNALLOYED DEVOTION

পরমপূজ্যপাদ শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী প্রভু প্রণীত। সম্প্রতি এই গ্রন্থের একটী নূতন সংস্করণ শ্রীশ্রীগুরুবর্গের ইচ্ছায় পুনঃ প্রকাশিত হইয়াছে। গ্রন্থের আকার পূর্ব সংস্করণ অপেক্ষা বৃহৎ ও সুন্দর হইয়াছে। এই গ্রন্থে বহু অমূল্য উপদেশ আছে।

———

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। আদ্যলীলা বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲, তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড ৸০
৭। শ্রীচৈতন্যদেব ১০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১৷০
৯। বৈষ্ণবধর্ম ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩ হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। বাদশ আখ্যান ৷০
১৯। উর্দ্ধ-রেখা ।০
২০। গৌড়ীয় গৌরব ।৵০
২১। গৌড়ীয় সাহিত্য ৷৵০
২২। ভজন রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (বলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্তী টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষা ৷০
২৭। বৃহৎক্রমদীপিকা অপরোক্ষঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তকঃ (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ৷৵০ বাঁধা ৸০)
৩০। দীপ-প্রদর্শন ৵০
৩১ সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৵০
৩৭। ঐ প্রমাণ খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৴১০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২৷০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক ৴১০
৪৬। অর্চনপদ্ধতি ৴১০
৪৭। সদাচারস্মৃতিঃ ৴১০
৪৮। কল্যাণকল্পতরু ৴১০
৪৯। অর্চনকণ ।০
৫০। বৈষ্ণববধূর সমাহৃতি (গোবিন্দ বকরে) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদ-শতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষাবিবৃত) ৷০
৫৮। শ্রীভুবনেশ্বর ৵০
৫৯। শিক্ষাষ্টকদর্পণ ৴০
৬০। সাংখ্যবাণী ৴০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২৷০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যগীতামৃতসারঃ ।০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী বিদ্বৎবঃ ।০
৬৫। সটীকা শিক্ষাদশমূলম্ ।০
৬৬। তত্ত্বসূত্রম্ ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৵০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ ৴০
৬৯। সারাৎসারনির্ণয়ম্ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ৷০
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ৷০
৭২ নামভজন ৴০
৭৩। বেদার ইটস্ মরফলজি এণ্ড অরিজিন ৷০
৭৪। রিলেটিভ ওয়ার্ল্ডস্ ৷৵০
৭৫। লাইফ এণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ৷০
৭৬। বৈষ্ণবীজম্ ৷০
৭৭। বোম্বাই গৌড়ীয়মঠ ইন জুইং ৴০
৭৮। দি ভাগবত ।০
৭৯। থিয়োটিক প্রিন্সিপাল এণ্ড অ্যানআলয়েড ডিভোশন ।০
৮০। ব্রহ্মসংহিতা ৷০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ৩৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৬৲
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০
৮৫। সাধনপথ ৷০
৮৬ কল্যাণকল্পতরু ৴১০
৮৭। গীতাবলী ৴১০
শরণাগতি ৴০
৮৯। শ্রীসচ্চিদানন্দবাণী ৷৵০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ৷০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ৷০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৷০

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৬শ বর্ষ } ১১ ত্রিবিক্রম, গৌরাব্দ ৪৫৫, ৮ই জ্যৈষ্ঠ, বঙ্গাব্দ ১৩৪৮, ২২শে মে, ইং ১৯৪১, বৃহস্পতিবার { ৬৮তম সংখ্যা

সত্তায় কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'বিবৃতি'-নামক বিস্তৃত ভাষ্য-সহ সম্প্রতি প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণাম এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। [illegible] মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১১ ত্রিবিক্রম, আদি কারণার্ণবশায়ী গৌরাব্দ ৪৫৫

ব্রহ্মবিমোহন

ব্রহ্মা সাধারণ জীব হইতে শ্রেষ্ঠ, কিন্তু সাক্ষাৎ ঈশ্বর নহেন। তাঁহার দুইটী স্বরূপ আছে—একটি স্বরূপগত আর একটি অধিকারগত। শাস্ত্রে চতুর্ম্মুখ, সহস্রমুখ, লক্ষমুখ, কোটিমুখ, অসংখ্যমুখ প্রভৃতি ব্রহ্মার কথা শুনা যায়। নিজস্বরূপে ব্রহ্মা ভগবৎসেবক। মায়িক গুণের অধিকারিরূপে তিনি প্রাকৃত জগতের সহিত সংশ্লিষ্ট। তাঁহার সেই স্বরূপে তিনি কর্ম্মকাণ্ডের পরিচালক। জগদ্গুরু ব্রহ্মার সহিত মায়ার কোন সম্পর্ক নাই। ব্রহ্মা নিজে বৈষ্ণব হইয়াও অচিন্ত্য-লীলাময় বিষ্ণুর প্রেরণামত বহিরঙ্গ-মোহিত হইয়া কর্ম্মকাণ্ড প্রদর্শনার্থ সৃষ্টিকার্য্যে রত থাকেন। শ্রীগর্ভোদশায়ী বিষ্ণুর নাভিপদ্ম হইতে শ্রীব্রহ্মার জন্ম হয়। কোন মহাকল্পে মহত্তম জীবও উপাসনা-বলে ব্রহ্মার পদ প্রাপ্ত হন। আবার কোন কল্পে যোগ্য জীব না থাকিলে তখন মহাবিষ্ণুই স্বাংশে ব্রহ্মা হইয়া সৃষ্টি করেন, সুতরাং কালভেদে ব্রহ্মার ঈশ্বরত্ব ও জীবত্ব দুইই সিদ্ধ হয়।

একদিন শ্রীনারদ ব্রহ্মাকে কঠোর তপস্যা করিতে দেখিয়া জিজ্ঞাসা করিলেন,—"হে পিতঃ! আমার একটি সংশয় উপস্থিত হইয়াছে। আমি আপনাকেই অখিল লোকের একমাত্র ঈশ্বর বলিয়া জানিতাম, কিন্তু আজ আমার মনে হইতেছে যে, আপনারও উপরে কেহ অদ্বিতীয় ঈশ্বর আছেন।" তাঁহার বাক্য শ্রবণ করিয়া ব্রহ্মা সানন্দে বলিলেন,—"বৎস! তোমার ধারণা সত্য। তোমার এই প্রশ্নও আমার প্রতি পরমকৃপা, কারণ তুমি প্রশ্ন করাতে আজ আমি কৃষ্ণকথা-কীর্ত্তন করিবার সৌভাগ্য পাইলাম। আমি এই ব্রহ্মাণ্ডের ঈশ্বর সত্য কিন্তু আমারও উপর, সকলের একমাত্র শাস্তা আর একজন অন্য পরমেশ্বর আছেন, তিনি বাসুদেব। আমি তাঁহার শ্রীচরণে প্রণাম করি। তিনি জগদ্গুরু। তাঁহার মায়াতেই জগৎ মুগ্ধ। কেবল তাঁহার শ্রীচরণাশ্রিত জনই ঐ মায়া হইতে মুক্ত। বেদ সেই মায়াধীশ নারায়ণেরই মহিমা কীর্ত্তন করেন। সমস্ত দেবতা সেই নারায়ণের অঙ্গ হইতে জাত, অখিল লোক সেই নারায়ণেরই সেবক। সকল সাধনার একমাত্র সাধ্য তিনি। তিনিই সকলের একমাত্র গতি। আমি এবং অপর প্রজাপতি-গণ সকলেই তাঁহার বহিরঙ্গা শক্তির অত্যল্প মাত্রায় শক্তিশালী হইয়া তাঁহার আজ্ঞা মস্তকে ধারণপূর্ব্বক কার্য্য করিতেছি। কিন্তু প্রাকৃত জগতে সৃষ্ট্যাদিকার্য্যে প্রকাশিত স্বরূপ আমার নিত্য বৈষ্ণব-স্বরূপ নহে। আমি নিত্য বৈষ্ণবস্বরূপে সাক্ষাৎ ভগবৎ-সেবক। তখনই আমি নিত্য ব্রহ্ম-সম্প্রদায়ের মূলপুরুষ বা আদিকবি। ভগবচ্চরণে একান্ত শরণাগত না হইলে, তাঁহার কৃপাপাত্র না হইলে তাঁহার তত্ত্ব কেহই অবগত হইতে পারেন না। সেই ভগবানই কৃপা করিয়া নিজ মুখে আমাকে তাঁহার কথা কিঞ্চিৎ বলিয়াছেন। আমি তাঁহারই শরণ লইয়া তাঁহারই চরণ ধ্যান করিয়া সতত তাঁহারই সেবা করিতেছি। তুমিও অনন্য ভক্তিযোগে সর্ব্বদা তাঁহারই আরাধনা কর।"

শ্রীকৃষ্ণ দ্বাপরযুগে যখন নিজ ধামসহ এই প্রপঞ্চে অবতীর্ণ হইয়াছিলেন, সেই সময় তিনি চতুর্ব্বার তাঁহার প্রিয় ভক্ত ব্রহ্মাকে স্বীয় ঐশ্বর্য্য দেখাইয়া কৃতার্থ করিয়াছিলেন।

যাঁহাদের বাক্য, মন, কর্ণ ও ইন্দ্রিয় [illegible] একমাত্র কৃষ্ণ, সেই সাধুগণ [illegible] ছাড়া এক মুহূর্ত্তও থাকিতে [illegible] না। মীন যেমন জল ছাড়া থাকিতে পারে না, কৃষ্ণপাদপদ্মাশ্রিত বা কৃষ্ণসঙ্গী, কৃষ্ণৈক-প্রাণ সাধুগণও কৃষ্ণপাদপদ্ম [illegible] ছাড়া এক মুহূর্ত্তও থাকিতে পারেন না। [illegible] কথা-শ্রবণ-কীর্ত্তনাদি [illegible] হরিকথায় [illegible] সাধু [illegible] তাঁহাদের [illegible]। তাঁহাদের নিকট কৃষ্ণকথা [illegible] নূতনরূপে [illegible]। সেইরূপ অনুগত ভক্ত বা শিষ্য [illegible] নিকটই সাধুগণ [illegible] থাকেন। শিষ্য [illegible] আত্মজ্ঞান করেন [illegible] তাঁহার নিকট [illegible] হয়। 'আমি কৃষ্ণদাস' [illegible] তাঁহাদের প্রবল। [illegible] দুঃখ নাই। কৃষ্ণদাসাভিমানে যে আনন্দ আছে, সে আনন্দের নিকট [illegible] তুচ্ছ। সুতরাং দুঃখ বা হতাশা যাঁহার আছে, তাঁহার কৃষ্ণদাসাভিমান নাই। [illegible] দাসাভিমানীর কি দুঃখ থাকে? [illegible] ভক্তিবিনোদ বলিয়াছেন—"জীব [illegible] এ বিশ্বাস, করলে ত' আর দুঃখ নাই।" কৃষ্ণদাসাভিমানেই যখন এত সুখ, তখন কৃষ্ণদাস্য বা কৃষ্ণসেবায় যে [illegible] সেখানেও নাই, তাহাতে আর সন্দেহ কি? সেখানে সেবা, সেখানেই প্রিয়ত্ববোধ; সেখানে প্রিয়ত্ববোধ নাই, সেখানে সেবাও নাই। এই প্রিয়ত্ব-বোধের মধ্যে আপনজ্ঞান বা মমত্বজ্ঞান আছে। [illegible] বা [illegible] সুখকর। [illegible] সুখই [illegible] সুখ, [illegible] দুঃখ। [illegible] প্রভু [illegible] সেবা [illegible] কামনা নাই। [illegible] কেহ [illegible] পৃথিবী [illegible] কোন [illegible] চাইবই। [illegible] নাই। [illegible] নাই। [illegible] আকৃতি [illegible]

[illegible] তাহার [illegible] সেই সময় [illegible] তাঁহাকে দেখিয়া তাঁহার মাধুর্য্য মুগ্ধ হন। ব্রহ্মার [illegible] সৃষ্টি [illegible] এই চিন্তা [illegible] অনেক দেখিয়া অনেক

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে॥

চিন্তা করিয়াও [illegible] এক সংশয়ের নিরসন করিতে পারিলেন না। [illegible] ইনি জীব, আবার [illegible] জীব নহেন। [illegible] থাকে না [illegible] না পারিয়া তিনি পরীক্ষা করিবার জন্য [illegible] শ্রী[illegible] সমস্ত [illegible] গো-বৎস-[illegible] পাইল না। অনন্তর [illegible] না পাইয়া [illegible] প্রত্যাবর্তন করিয়া সেখানেও গোপবালক [illegible] দেখিতে পাইলেন না। সর্বজ্ঞ শ্রীকৃষ্ণ ব্রহ্মার এইরূপ ব্যবহার বুঝিতে পারিয়া নিজেই বত গোপবালক এবং বত গোবৎসরূপ ধারণ করিলেন। শ্রীকৃষ্ণ স্বয়ং কর্তা হইয়া আত্মরূপী বৎসপালরূপে আত্মরূপী বৎসগণকে চালনা করিয়া নিজস্বরূপ বালকগণ সহিত বেড়াইয়া [illegible] ক্রীড়া করিতে করিতে ব্রজে প্রবেশ করিলেন। [illegible] প্রতি গোপীগণের বাৎসল্য পূর্ববৎ [illegible] ছিল। পূর্বে গোপীগণের নিজ পুত্র অপেক্ষা শ্রীকৃষ্ণে যে স্নেহ [illegible] ছিল তাহা থাকিল না অর্থাৎ স্বপুত্র ও কৃষ্ণে সমস্নেহ হইল। গোপীগণের প্রতি শ্রীকৃষ্ণেরও মাতৃভাব পূর্ববৎ ছিল, কিন্তু পূর্বে 'ইঁহারা আমার মাতা, আমি ইঁহাদের পুত্র' এইরূপ মমতা ছিল না, এখন সেই মমতা যথাযথ হইল, ইহাই বিশেষত্ব। এইরূপে শ্রীকৃষ্ণ গোপালক হইয়া বৎসপালকরূপে নিজেকে নিজেকে পরিচালনা করিতে করিতে এক বৎসর পর্যন্ত বনে ও ব্রজে ক্রীড়া করিলেন। গো সমূহের গো-বৎসগণের প্রতি এবং গোপীগণের নিজ পুত্রগণের প্রতি স্নেহাধিক্য দেখিয়া শ্রীবলদেব প্রভু তাহার কারণ চিন্তা করিতে লাগিলেন। কিছুক্ষণ চিন্তার পর জ্ঞানচক্ষুদ্বারা দেখিতে পাইলেন যে, সমস্ত সহচর ও গো-বৎসগণ শ্রীকৃষ্ণরূপে প্রকাশ পাইতেছে। তখন তিনি বলিলেন—"হে শ্রীকৃষ্ণ, আমি পূর্বে জানিতাম যে, এই সকল গো-পালকগণ দেবতাস্বরূপ এবং গো-বৎসগণ ঋষিস্বরূপ। কিন্তু বর্তমানে আমার সেরূপ দর্শন হইতেছে না। পরন্তু পৃথগ্রূপে প্রতীয়মান এই সকলকে তোমার প্রকাশ দেখিতেছি। অতএব ইহার কারণ আমাকে সংক্ষেপে বল।" শ্রীবলদেবের প্রশ্নে শ্রীকৃষ্ণ সমস্ত বলিলে তিনি তাহার বৃত্তান্ত বুঝিতে পারিলেন। এক বৎসর পর ব্রহ্মা আসিয়া দেখিতে পাইলেন পূর্ববৎ সমস্ত গোপাল ও গো-বৎসগণ শ্রীকৃষ্ণকে বেষ্টন করিয়া গোষ্ঠে ক্রীড়া করিতেছে, [illegible] তৎক্ষণাৎ পর্বত-গুহায় গিয়া দেখিলেন সেখানে সেই সমস্ত গোপাল ও গো-বৎসগণ [illegible] রহিয়াছে। আবার গোষ্ঠে আসিয়া দেখিলেন—এখানেও অবিকল তাহারাই রহিয়াছে। মহাবিস্মিত হইয়া তিনি আরও দেখিতে পাইলেন, গোষ্ঠে গোপবালকগণ সকলেই শঙ্খ-চক্র-গদা-পদ্মধর চতুর্ভুজমূর্তি। তখন ব্রহ্মা শ্রীকৃষ্ণের পরমৈশ্বর্যের কথা বুঝিতে পারিলেন। ব্রহ্মা সেই সকল গোপাল ও গোবৎসগণকে শ্রীকৃষ্ণের নিকট আনিয়া দিলেন এবং শ্রীকৃষ্ণপাদপদ্মে পতিত হইয়া স্তবস্তুতি করিয়া ক্ষমাভিক্ষা করিতে লাগিলেন।

ভগবচ্চরণে শরণাগত না হইয়া তাঁহাকে জানিবার ধৃষ্টতা করিতে গেলে যে কিরূপে দণ্ডিত হয়, লোকশিক্ষক ব্রহ্মা তাহা শিক্ষা দিবার জন্য এই লীলাভিনয় আমাদের নিকট প্রকট করিলেন। আমরা যদি এই শিক্ষা গ্রহণ করিয়া আরোহপন্থা সর্বতোভাবে পরিত্যাগ পূর্বক শ্রীগুরুবৈষ্ণবচরণে শরণাগত হইতে পারি, তাহা হইলে এই পারমার্থিক সাধনা সার্থক হইতে পারে। সৌভাগ্যক্রমে শরণাগত বা শ্রদ্ধা না আসিলে [illegible] সংশয়ের মধ্যে পড়িয়া বিক্ষিপ্ত হইতে হয়। সংশয়পূর্ণ [illegible] আশঙ্কা লইবার বুদ্ধি থাকিলে সর্বনাশ হইবে।

কোন সময় ব্রহ্মা শ্রীকৃষ্ণদর্শন করিবার জন্য দ্বারকায় গমন করিলে দ্বারপাল তাঁহাকে বাহিরে নিষেধ করেন এবং বলেন যে, একটু অপেক্ষা করুন, আমি মহারাজকে সংবাদ দিই, তাঁহার অনুমতি আসিলে আপনি যাইতে পারিবেন। তখন ব্রহ্মা বলিলেন,—"তাঁহাকে গিয়া বলুন যে, ব্রহ্মা আপনাকে দর্শন করিতে আসিয়াছেন।" দ্বারপাল গিয়া তাঁহাকে এই কথা বলিলে শ্রীকৃষ্ণ হাস্য করিয়া বলিলেন,—"জিজ্ঞাসা করিয়া আইস তিনি কোন্ ব্রহ্মা?" দ্বারপাল আসিয়া ব্রহ্মাকে সেই কথা বলিলে ব্রহ্মা বিস্মিত হইলেন এবং ভাবিলেন,—এ আবার কি কথা? ব্রহ্মাণ্ডে আমি ছাড়া আর ব্রহ্মা আছে নাকি? এইরূপ চিন্তা করিয়া তিনি দ্বারপালকে বলিলেন—"তাঁহাকে গিয়া বলুন যে, সনক সনাতনাদি চতুঃসনের পিতা চতুর্মুখ ব্রহ্মা আসিয়াছেন।" দ্বারপাল গিয়া তাঁহাকে এই কথা বলিলে শ্রীকৃষ্ণ তাঁহাকে লইয়া যাইতে অনুমতি দিলেন। ব্রহ্মা দ্বারপাল সহ শ্রীকৃষ্ণপাদপদ্মে উপনীত হইয়া তাঁহার শ্রীপাদপদ্ম-বন্দনা করিলেন। শ্রীকৃষ্ণও তাঁহাকে যথাযোগ্য আদর অভিনন্দন সহ আসন প্রদান করিলেন। তখন ব্রহ্মা বলিলেন—"প্রভো, আপনার একটী কথায় আমার বড় বিস্ময় ও সংশয় উপস্থিত হইয়াছে দয়া করিয়া তাহা নিরসন করুন। আপনি জানিতে চাহিয়াছিলেন কোন্ ব্রহ্মা আসিয়াছে? ইহার তাৎপর্য কি? আমা হইতে আরও ব্রহ্মা আছে নাকি?" তখন অনন্তকোটি চিদচিৎ বিশ্বব্রহ্মাণ্ডের মালিক শ্রীকৃষ্ণ তাঁহার সমস্ত ব্রহ্মাণ্ডের ব্রহ্মাদিগকে স্মরণ করিলেন। অমনি অত্যল্পকাল মধ্যে অতুল ঐশ্বর্যসমন্বিত বিবিধ বেশভূষায় সজ্জিত, দিব্যমূর্তি সহস্র সহস্র ব্রহ্মা আসিয়া শ্রীকৃষ্ণপদারবিন্দে দণ্ডবৎপ্রণাম করিয়া গোষ্ঠহস্তে স্তব করিতে লাগিলেন। তাঁহাদের অচিন্ত্য অদ্ভুত প্রভাব লক্ষ্য করিয়া—কাহাকেও দশমুখ, কাহাকেও বিশমুখ, কাহাকেও শতমুখ, কাহাকেও সহস্রমুখ, কাহাকেও লক্ষমুখ, কাহাকেও কোটিমুখ, দেখিয়া চতুর্মুখ ব্রহ্মা শত শত রাজহংসের মধ্যে ক্ষুদ্র বকের ন্যায় স্তব্ধ হইয়া রহিলেন। ব্রহ্মাদিগকে শ্রীকৃষ্ণ মধুরবাক্যে বিদায় দিলে তাঁহারা স্ব-স্ব ব্রহ্মাণ্ডে প্রস্থান করেন। তখন শ্রীকৃষ্ণ বলিলেন,—"ব্রহ্মন্! তোমার এই ব্রহ্মাণ্ড মাত্র পঞ্চাশৎ কোটি যোজন, তাহাতে তুমি অতি ক্ষুদ্র চতুর্মুখ ব্রহ্মা। অন্যত্র কোন ব্রহ্মাণ্ড শতকোটি, কোন ব্রহ্মাণ্ড সহস্র কোটি, কোন ব্রহ্মাণ্ড লক্ষ কোটি, এমন কি, নিযুত কোটি ও কোটি কোটি যোজন বিস্তৃত বড় বড় ব্রহ্মাণ্ডও আছে। যেমন ব্রহ্মাণ্ড, তাহাতে ব্রহ্মাও তেমনি ঐশ্বর্যযুক্ত। ইহা আমার চতুষ্পাদ বিভূতির আমার ঐশ্বর্য। [illegible] অশোক, অভয় ও অমৃত এই ত্রিপাদ বিভূতি গোলোকগত ঐশ্বর্য আর একপাদ বিভূতি মায়িক ঐশ্বর্য। এই সকল আমার একপাদ বিভূতি। পূর্ণ বিভূতির পরিমাণ কে করিবে?" এই সকল কথা শ্রবণ করিয়া ব্রহ্মা অনেক স্তবস্তুতি করিলেন এবং বিদায় লইয়া ভগবৎপাদপদ্ম চিন্তা করিতে করিতে স্বস্থানে গমন করিলেন।

শ্রীশ্রীল আচার্য্যদেবের হরিকথামৃত

— —::•::— —

ভোগবুদ্ধিতে কৃষ্ণ প্রসাদ গ্রহণ করিলে জীবের সর্বনাশ হইয়া যায়। কৃষ্ণের প্রসাদ জলন্ত আগুনের মত মহাপ্রতাপশালী। উহাকে পাত্রভাবে হজম করিয়া ফেলা যায় না। কৃষ্ণের কৃপা—এই বুদ্ধিতে, সেবাবুদ্ধিতে না লইতে পারিলে পোড়াইয়া মারিবে অর্থাৎ "হবিষা কৃষ্ণবর্ত্মেব"—এই শ্লোকোদ্দিষ্ট চিত্তের গতি অতি ঘৃণ্য আকারে দেখা দিবে। কৃষ্ণের প্রসাদ বা কার্ষ্ণের প্রতি সেবাদৃষ্টি ব্যতীত অন্য কোন প্রকার বুদ্ধি লইয়া তাঁহাদের নিকট যাইতে হইবে না। আবার কৃষ্ণের প্রসাদকে প্রাপঞ্চিক জ্ঞানে পরিত্যাগ করিলেও কি ঐ সর্বনাশের হাত হইতে রক্ষা পাইব? কৃষ্ণের প্রসাদ গ্রহণ না করিলে অন্য বিষয়ীর দ্রব্য গ্রহণ করিতে হইবে। তাহাতে আমাদিগকে সতর্ক করা হইয়াছে,—

বিষয়ীর অন্ন খাইলে মলিন হয় মন।
মন মলিন হৈলে, নহে কৃষ্ণের স্মরণ॥

সুতরাং সেস্থলেও রক্ষা পাওয়া যায় না। গুরুবৈষ্ণব যখন প্রসাদ দান করেন, তাঁহাকে না হয় ত্যাগ করিতে পারিবে, কিন্তু নিজের গ্রাসাচ্ছাদনের জন্য নিজেই যদি অর্থাদি সংগ্রহ করি, তাহাই কি নিজের জিনিষ? এই দেহটাই কি আমাদের নিজের ভোগের দ্রব্য? প্রাপঞ্চিক অর্থ বা নিজের দেহ প্রভৃতিকে আমার ভোগের ইন্ধন বা আমার করতলগত বস্তু মনে করিলে কৃষ্ণের সহিত বিরোধিতাই করা হইবে। সমস্তই কৃষ্ণের বস্তু, কোনটাই আমার ভোগের বা ত্যাগের জিনিষ নহে। আর ত্যাগ করিতে চাহিলেই কি ত্যাগ করা যায়? আকাশ, বাতাস, জল, অগ্নি ও মাটি কি কেহ পরিত্যাগ করিতে পারে? কিন্তু ঐগুলিও ত' কৃষ্ণের বস্তু। উহাদের ভোগবুদ্ধিতে গ্রহণ করিবারই বা কি অধিকার আমাদের আছে? একমাত্র উপায়—শরণাগত হইয়া যাওয়া, নিতাইচাঁদের হইয়া যাওয়া। সম্পূর্ণ ষোল আনা দিয়া আত্মসমর্পণ করিতে হইবে। চিদ্বৈভব এবং অচিদ্বৈভবের মালিক শ্রীবলদেব প্রভু। শ্রীনিত্যানন্দ-বলদেব প্রভুর নিকট আত্মনিবেদন করিলে, সম্পূর্ণ নিতাইচাঁদের হইয়া যাইতে পারিলে আর চিন্তা নাই; তখন আর কিছুতে ভোগবুদ্ধি আসিবে না। নিতাইচাঁদের সংসারে প্রবেশ লাভ হইলে কৃষ্ণপ্রসাদবুদ্ধিতে সকল বস্তুর আহরণের বা গ্রহণের অধিকার তৎক্ষণাৎই আসিয়া যাইবে।

গুরুবৈষ্ণব—নিতাইয়ের সংসার অর্থাৎ শ্রীনামহট্টের অন্তর্বর্তী। তাঁহারা সকল সময়েই সকল ব্যক্তিকে নিতাইয়ের সংসারে কৃষ্ণের যত প্রসাদ আছে, সমস্তই সেবাবুদ্ধিতে গ্রহণ করিবার জন্য বলিতেছেন। লোকে নিজ নিজ অধিকার বুঝিয়া তাহা গ্রহণ করিবে। পাত্রপূর্ণ মধু রহিয়াছে, গুরুদেব বলেন, সমস্তই গ্রহণ কর। কিন্তু সকলেরই কি সবটুকু গ্রহণের যোগ্যতা আছে? তবে এই যোগ্যতা হওয়া চাই, নতুবা অন্য কোন পথ নাই। কৃষ্ণের প্রসাদগ্রহণের যোগ্যতা না হইলে ভোগের বা ত্যাগের মধ্যে পড়িতে হইবে।

আবার অধিকার-অনুযায়ী কৃষ্ণপ্রসাদ-গ্রহণের ব্যবস্থা নির্মৎসর, নিষ্কপট কৃপালু গুরুদেব নিশ্চয়ই দেন বটে, কিন্তু তিনি সম্পূর্ণভাবে কৃষ্ণের বা নিতাইচাঁদের হইয়া কৃষ্ণের প্রসাদ সেবাবুদ্ধিতেই গ্রহণ করিতে বলেন,—বৈষ্ণবে ভোগবুদ্ধি করিতে বলেন না। যেমন গোপীগণ কৃষ্ণের প্রসাদস্বরূপ, গুরুদেব কোন শিষ্যকে কৃষ্ণের প্রসাদজ্ঞানে গোপীগণের প্রতি ভোগবুদ্ধি করিতে বলেন না।

কৃষ্ণের প্রসাদ পাইলে ভোগত্যাগের আগুন অনায়াসেই দূর হয়। আত্মসমর্পণ বা শরণাগতির বিচার ছাড়িয়া যাহাই করি না কেন, অর্থাৎ কৃষ্ণের নৈবেদ্যবস্তুর ভোগ বা ত্যাগের চেষ্টা যাহাই করি না কেন, সকলই আমাদের ভোগেচ্ছাকে আরও বাড়াইয়া তুলিবে। কৃষ্ণের দ্রব্য গ্রহণ না করিয়াও কোথাও পলাইতে পারিব না, সুতরাং উপায় কি? উপায়—শরণাগত হইয়া যাওয়া।

"সাধুসঙ্গ", "সাধুসঙ্গ"—সর্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্বসিদ্ধি হয়।

হরিভজনের রাস্তা ক্ষুরের ধারের ন্যায় দুর্গম একটু এদিক্ ওদিক্ হইলেই সর্ব্বনাশ। হয় ভোগ, না হয় ত্যাগ, যে কোন গর্ত্তে পড়িয়া পঙ্গু হইয়া থাকিতে হইবে। কিন্তু শরণাগতের নিকট তাহা ঋজু, সরল বা স্বাভাবিক; প্রণয়ের কোন কষ্ট নাই। তাঁহাকে নিতাইচাঁদ চালিত করেন। তিনি চক্ষু বুজিয়া চলিলেও পতিত হন না।

— —

মায়াবদ্ধ কৃষ্ণবিমুখ জীবের চিত্তের বিকার হইতে জড়েন্দ্রিয়তর্পণেচ্ছামূলে প্রাকৃত যে ভুক্তদয়া, উহা অপ্রাকৃত হ্লাদিনী শক্তির বৃত্তিবিশেষ দয়া হইতে সম্পূর্ণ পৃথক্। ভগবান্ বা তাঁহার নিত্যসিদ্ধ বা সাধনসিদ্ধ ভক্তগণের-মধ্যে 'দয়ানাম্নী' বৃত্তি ... নিত্য চিন্ময়ী শক্তির আনন্দময় প্রকাশের রূপে উদারলীলার অঙ্গরূপে নিত্য। বিরাজমান এই বৃত্তিটির অভাবে প্রাকৃত অবতারী ভগবানের মহিমা এবং তদ্ভক্ত সাধকজনের পক্ষে সিদ্ধান্ত বৃথা হইয়া পড়ে। সুপ্রাপিত পুরুষের সহিত তুলনা দিয়া যে সাধুর কথা বলা হইয়াছে, উহা সাধনসিদ্ধ বা সাধনরত সাধুর কথা, নিত্যসিদ্ধ সাধুর কথা নহে। নিত্যসিদ্ধ ভক্ত, সাধু বা বৈষ্ণবের বা ভগবানের পক্ষে প্রাপঞ্চিক ক্লেশের অভিজ্ঞতা নাই। কিন্তু তাঁহারা সচ্চিদানন্দ-তত্ত্ব বলিয়া সম্বিৎশক্তির আশ্রয়ে সর্ব্বজ্ঞ বলি। ঈশ্বরবিমুখতা জনিত জীবের ক্লেশ বা সংসার ভোগের কথা জানিতে পারেন। সাধনাগমন উত্তমাধিকারী বা সাধনরত মধ্যমাধিকারীও তাহা জানিতে পারেন। কিন্তু জানিতে পারিয়াছেন বলিয়া তাঁহারা কিছু স্বয়ং ঐ ক্লেশের দ্বারা অভিভূত হইয়া পড়েন না। ইহাই তাঁহাদের ঈশ্বরত্ব। "এতদীশনমীশস্য" শ্লোক এই পক্ষে বিচার্য্য। শ্রীব্যাসদেব সমাধিগতদর্শনে অপাশ্রিতভাবে মায়ামোহিত জীবগণের ক্লেশ দেখিয়াও তদ্দ্বারা স্বয়ং সংশ্লিষ্ট হন নাই এবং জীবগণের প্রতি উপকারের বা দয়ার ইচ্ছা করিয়াই শ্রীমদ্ভাগবত রচনা করিয়াছিলেন। প্রকৃত অনুকম্পা বা দয়া সচ্চিদানন্দ-বৃত্তি, আর অনিত্য দয়া প্রাকৃত।

———

যে কোন অবস্থা বিপর্য্যয়, অসুবিধা আমাদের আসুক না কেন, শ্রীহরিনাম কোনমতেই ছাড়িতে হইবে না। না খাইয়া মরিবার মত অবস্থা যদি আসে তথাপি হরিনাম বন্ধ করিতে হইবে না। সুখের দিনে হরিনাম ভুলিয়া যাইতে হইবে না।

———

ভক্তি ষড়ৈশ্বর্য্যময়ী। ভগবানের ষড়ৈশ্বর্য্যের মধ্যে জ্ঞান ও বৈরাগ্য আছে। ষড়ৈশ্বর্য্যের মধ্যে শ্রী বা মূর্ত্তি বা রূপই লক্ষ্মী। শ্রী ঐশ্বর্য্যপ্রধান ও মাধুর্য্যপ্রধানভাবে দ্বিবিধরূপে প্রকাশিত। এই ঐশ্বর্য্যাত্মকতা এবং মাধুর্য্যাত্মকতার সহিত বৈরাগ্য আছে—দ্যুতি বা কিরণরূপে। এই বৈরাগ্য ভক্তিরসপুষ্ট বৈরাগ্য, যাহার সম্বন্ধে শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামিপ্রভু বলিয়াছেন,—

মহাপ্রভুর ভক্তগণের বৈরাগ্য প্রধান।
যাহা দেখি' তুষ্ট হন গৌর ভগবান্॥

এই বৈরাগ্য বিলাস-বিহীন নহে। উহা যুক্তবৈরাগ্য, বিলাসের অনুগামী। শ্রীকে—ধনকে বাদ দিয়া ধন ত্যাগ বা ধন পরিত্যাগ দ্বারা সন্ন্যাসগ্রহের কল্পনামাত্র নহে। বৈরাগ্য বা ব্রহ্মচর্য্য শুষ্ক, নীরস, অত্যন্ত তীব্র জ্যোতির্ময় নির্ব্বিশেষ ব্রহ্মজ্ঞানাত্মক, আর ভক্তি রসময়ী, স্নিগ্ধ।

সাক্ষাদ্ ভগবদভিন্ন বিগ্রহ, ভগবৎপ্রিয়তম শ্রীগুরুদেবকে যে বা যাহারা নরকের শেষ সীমায় গমন করিয়া কোনপ্রকার জাতিবুদ্ধি করে তাহারা পরিণামে আত্মহত্যা বা নির্ব্বিশেষগতি লাভ বা অনন্তকোটিকাল নরকে পচিয়া মরে। ইহা অপেক্ষা দুর্ভাগ্যের অধমাধম ফল আর কিছু হইতে পারে না। তজ্জন্য সমস্ত সাত্বতশাস্ত্র একবাক্যে তারস্বরে কীর্ত্তন করিয়াছেন। এই নরক হইতে উদ্ধার করিবার ক্ষমতা স্বয়ং ভগবানেরও নাই।

শ্রীগুরুপাদপদ্মে জাতিবুদ্ধিরূপ পাষণ্ডতার প্রতি কায়মনোবাক্যে সর্ব্বপ্রকার অসহযোগ প্রদর্শন করিতে হইবে। উহাতে আমাদের কোনপ্রকার সংস্পর্শ যেন না থাকে, ইহাই সর্ব্বক্ষণ শ্রীবৈষ্ণবগণের শ্রীচরণে প্রার্থনা।

কৃষ্ণ সচ্চিদানন্দ বিগ্রহ স্বয়ংরূপ ভগবান্। তিনি মদনমোহন কামদেবরূপে, পুষ্পবাণ গোবিন্দরূপে ও অনঙ্গ গোপীজন বল্লভরূপে নিত্যকাল কিশোর বয়স হ'য়ে গোলোক-বৃন্দাবনে তাঁ'র পরার্দ্ধক্য তাঁ'র অভিন্ন হ্লাদিনীশক্তির সহিত সর্ব্বক্ষণ নিজের ইন্দ্রিয়-তর্পণে রত। সেই স্বয়ংরূপের সহিত স্বয়ংরূপের পরিচর্য্যা লাভ সকল জীবাত্মার, শুধু সকল জীবাত্মার নয়, সকল নিত্যমুক্ত পার্ষদগণের, এমন কি, পার্ষদগণের নিত্য প্রভু স্বয়ংপ্রকাশ মূলসঙ্কর্ষণ বলদেবের পর্য্যন্ত কাম্য। লক্ষ্মীর বা অন্যের কা কথা, মূলসঙ্কর্ষণ—যিনি সমস্ত বিষ্ণুকোটির মূল অংশী, সেই বলদেবও শ্রীরাধারাণীর অনুগারূপে শ্রীরাধার সেবার জন্য লালায়িত। শ্রীগুরুপাদপদ্মের কৃপায় যে শ্রীরাধিকা-মাধবাশা প্রাপ্ত হইয়াছি, সেই আশাবন্ধে যেন সমস্ত বাসনা কেন্দ্রীভূত ক'রে শ্রীরাধা-নিত্যজনের দাস্যের জন্য কোটিগুণ উন্মুখ হ'তে পারি।

"বিষয়-বিগ্রহ অপেক্ষা আশ্রয়বিগ্রহের সৌখ্যবিধান ও পক্ষপাতিত্বই গৌড়ীয়ের ও তদনুগাশ্রিতগণের প্রকৃত ভজন। শ্রীরূপানুগগণের পাদপদ্মধূলি হওয়াই আমাদের চরম আকাঙ্ক্ষার বিষয়"—শ্রীশ্রীল প্রভুপাদের এই কৃপাশীর্ব্বাণীই আমাদের শ্রীগুরুগৌড়ীয়সেবার একমাত্র মূলমন্ত্র।

———

শ্রীগুরু ও বৈষ্ণব বস্তুতঃ এক অভিন্ন বস্তু। উভয়েই সেবক-ভগবান্। গুরু ও বৈষ্ণব পর্য্যায়ক্রমে সেবকাভিমানী। শিষ্যের দিক্ হইতে দর্শনে শ্রীগুরুদেবের কৃষ্ণপ্রেষ্ঠত্ব এবং সেবাদক্ষতা সর্ব্বাধিক। গুরু ও বৈষ্ণব মহাভাগবত, তাঁহাদের ভূমিকায় তাঁহারা পরস্পর বন্ধু বা সখিভাবে সম্বন্ধযুক্ত। সেবক তাঁহার গুরুদেবে সর্ব্বাপেক্ষা বরিষ্ঠত্ব বা শ্রেষ্ঠত্ব দর্শন করেন। কিন্তু গুরুদেব নিজে অপর মহাভাগবত বৈষ্ণবকে গুরুদেবের সেবার বাধ্য করিয়া নিযুক্ত করিতে পারেন না। শ্রীবৃন্দাদেবীকে শ্রীরাধিকাদেবীর পাদপদ্ম আদর দিতে পারি না। তিনি নিজকে শ্রীমতী বৃষভানবীর চরণে প্রণত আত্মদান করিতে পারেন, কিন্তু আমরা তাঁহাকে জোর করিয়া সেবা করাইতে যাইব না।

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭॥০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬॥০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৩৩৯ এবং ১৩৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট্ গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য মহাপ্রভুর গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ শরণাগতির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অধিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের বর্ণশিক্ষা তৎপরে বেদ অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার পরিচয় তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, এবং শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থ পুস্তক একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব ভক্তি-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আরও অধিক সৌভাগ্য পাইবেন। ভিক্ষা মাত্র ॥০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই. বি রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম)

আপ

শনিবার ব্যতীত / শনিবার অন্য দিন

কলিকাতা ছাঃ	৪-৫৬	৬-২১	৭ ১৪	৩-১৬	১৪-১০	১৬ ৫৬	১৭-৫৩	২২ ২৬
দমদম ,,	৪-৫৬	৬ ৩,	৭ ২৮	১৩ ২৯	..		১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯ ১৮	১৪ ৫০	১৬ ৭৮	১৮-০১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ				৯-৫৭				
কৃষ্ণনগর পৌঃ	৭ ৫৯	৮ ৪০	১০-৬	১৫ ৩৮	১৭-৩১	১৯-১৫	২০ ২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭ ১০	১০-৬	১৬ ৫০	১৭ ৪০		২০-৩০		
মহেশগঞ্জ ,,	৭ ৪৫	১০-৫১	১ -২৫	১৮-১৫		২১-৫		
নবদ্বীপঘাট পৌঃ	৭ ৫২	১০-৫৯	১৫-৩৯	১৮ ২৯		২১ ১৩		

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম ,,	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২ ৫১
,, ছাঃ	১২ ৫৩
শান্তিপুর পৌঃ	১৩ ২৪
(বদল) ছাঃ	১৩ ৪১ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩৩

ডাউন

শনিবার ব্যতীত / অন্য দিন শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪		৯-১২		১৬-৩	১৬-৩১	১৮ ৩৮	
মহেশগঞ্জ ,,	৬-২৩		৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৭		৯ ৫৫		১৬-১৬	১৭ ১৪	১৯-২১	
(বদল) ছাঃ	৬-৩১	৭-১০	৮ ৫১	১১-১৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪ ১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৪ ৪৫	১৭-০০	২০-৩	২১ ১৯
(বদল) ছাঃ					১৫-০৮	১৭-৪২		....
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১ ১৬	২২ ৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬	২১ ৪০	২৩ ১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪-১
মহেশগঞ্জ ,,	১৪-১০
কৃষ্ণনগর পৌঃ	১৪-৪৪
,, ছাঃ	১৫-৩২
শান্তিপুর পৌঃ	১৮-২৭
(বদল) ছাঃ	১৮-৩৯
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
,, ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

২। ভাগবত ভিকাতার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পত্র শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়- পণ্ডিত শ্রীযুক্ত … সিদ্ধান্তসার বাবাজী বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। … শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবিহিত শ্রীধাম মায়াপুর চৈতন্য মঠাধ্যক্ষ প্রভুপাদ পরমহংস … ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণান্তিকে নানাদেশ তথা বিদেশের মনীষিসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনস্বী সজ্জনবৃন্দ যে সকল প্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইল। শ্রীশ্রীমহাপ্রভুর শুদ্ধভক্তিসিদ্ধান্ত সংরক্ষণে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌড়ীয়বৈষ্ণবগণ আচার্য্যবরের সিদ্ধান্তস্ফূর্ত্তির অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও শাস্ত্রানুরাগীরই অবশ্যপাঠ্য।

ভিক্ষা— ৳০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———::•::———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা 'দৈনিক নদীয়া-প্রকাশ' ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস

১৩১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাচন

সর্ব্বাঙ্গীণ স্বাস্থ্যের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণদের মুখে, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি এত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত জ্বরাদি এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
বেহালা ২৪ পরগণা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

Regd No. C. ৫৮৮

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৬শ বর্ষ } ১৯ ত্রিবিক্রম, গৌরাব্দ ৪৫৫ ; ১৬ই জ্যৈষ্ঠ, বঙ্গাব্দ ১৩৪৮ ; ৩০শে মে , ইং ১৯৪১, শুক্রবার { ৭০০৭.৬ম সংখ্যা

সজ্জনের কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃত ভাষ্যসহ সম্প্রতি প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৫০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীল আচার্য্যদেবের উপদেশামৃত

——:•:(*):•:——

হৃদয়কে আসন-ঘর করিতে হইবে এবং ভগবান শ্রবণ-কীর্ত্তনজ্ঞানত স্মৃতির দ্বারা অনুক্ষণ গুরুবর্গের পূজা করিতে হইবে। অকপট শরণাগত বা অকিঞ্চন হইলে ভগবান্ তাঁহার নৈবেদ্য গ্রহণ করেন। কর্ণ দ্বারা শ্রীবিষ্ণু-বিগ্রহ দর্শন কর, গুরু দর্শন কর, বৈষ্ণব দর্শন কর। কাণ দিয়া শুধু দেখা নহে, আস্বাদন করা, আঘ্রাণ করা, স্পর্শ করা—অন্যান্য সকল ইন্দ্রিয়ের কৃত্য সেবোন্মুখ কর্ণ দ্বারা নিয়মিত হউক। কর্ণের পথই শরণাগতির পথ—প্রপত্তির পথ। কর্ণের পথ একমাত্র অমৃতের পথ; আর চক্ষুরাদি অন্যান্য ইন্দ্রিয়ের পথ মৃত্যুর পথ। মৃত্যুর পথে যাইও না।

ঐকান্তিককুলের শিরোমণি গুরুবর্গের পাদপদ্মের ধূলি বলিয়া অভিমান থাকিলেই আমাদের মঙ্গল হইবে। দুইজন প্রভু যেন হৃদয়ে স্থান না পায়—কৃষ্ণ ও মায়া যেন যুগপৎ হৃদয়ে আধিপত্য বা প্রভুত্ব বিস্তার করিতে না পারে। প্রভু দুই জন হইতে পারেন না—দুইজন কৃষ্ণ হন না।

বদ্ধবিমুখ অবস্থায় প্রাকৃত ইন্দ্রিয়ের দ্বারা শ্রীগুরুগৌরাঙ্গের সাক্ষাৎকার হইতেছে না বলিয়া তিনি এ স্থানে বিরাজমান নাই—এরূপ মনে করিতে হইবে না। নিষ্কপট দৈন্য, আর্ত্তি, উৎকণ্ঠা ও সেবাচেষ্টা—সর্ব্বক্ষণ চাতকের ন্যায় নিত্যানন্দের কৃপাপ্রার্থনা করিতে থাকিলেই অনুগত, দীন হীন, দুর্ব্বল, প্রপন্ন জীব শ্রীগুরুগৌরাঙ্গের ইচ্ছা, ইঙ্গিত, কৃপাশীর্ব্বাদ ও নব নব সেবার প্রেরণা উপলব্ধি করিতে পারিবেন।

জড় অহঙ্কার বা দম্ভই শ্রীগুরুপাদপদ্মের কৃপালাভের পথে বাধা বা অন্তরায়। দম্ভের লেশমাত্র থাকিলেও স্বরূপ-দর্শন—নন্দ-যশোদার বা শচী-জগন্নাথের আনুগত্য হয় না। 'পুরুষ' বা 'স্ত্রী' এই সকল অভিমান থাকিলে গুরুবৈষ্ণবের আনুগত্য বা তাঁহাদের সহিত সম্বন্ধ হয় না।

আমাদের হৃদয় যত শরণাগত হইবে, ততই শ্রীমূর্ত্তি আমাদের উপর প্রভুত্ব করিবেন। আর নিজে যতটা শরণাগত না হইব, আধ্যক্ষিকতা ততটা আমার উপর প্রভুত্ব করিবে। একমাত্র শরণাগতি ব্যতীত অন্য কোন যত্নের দ্বারা কৃষ্ণ ও কৃষ্ণপ্রিয়তমের কৃপার উপলব্ধি হয় না। আমাদের প্রত্যেক ইন্দ্রিয় নামাচার্য্য ও শ্রীনাম-প্রভুর দ্বারা নিয়মিত হইবে। কৃপা ব্যতীত প্রেম পাওয়া যায় না। অনুক্ষণ কৃপা-প্রার্থনাই একমাত্র কার্য্য। নামপ্রভুর কৃপা-লাভের জন্য অবিরাম আর্ত্তি, আত্মনিবেদন ও তাঁহাতে শরণাগতিই সর্ব্বশ্রেষ্ঠ সাধন-ভজন। কৃপাপ্রার্থনার আর্ত্তি যাঁহার যত প্রবল, তিনি ততই ভগবৎসেবার প্রতি উন্মুখ।

অভক্তির দ্বারা ভক্তি পাওয়া যায় না। ভক্তির দ্বারাই ভক্তি পাওয়া যায়। কৃপাশক্তি ও ভক্তি সমজাতীয় বস্তু; শ্রদ্ধা বা সেবোন্মুখতা বা শরণাগতিই কৃপা-সহচরী। যিনি যতটা কৃপার প্রতি শরণাগত হইবেন অর্থাৎ আত্মম্ভরিতা বিসর্জ্জনপূর্ব্বক আত্ম-নিবেদন করিবেন, তাঁহার উপর ততটা ভগবৎকৃপা বর্ষিত হইবে।

গুরুর অন্তরে প্রবেশ না করিলে শিষ্য হওয়া যায় না। যেখানে অকপট সেবা, তথায়ই অন্তরের কথা জানা যায়।

যাঁহারা ভগবৎকৃপার পক্ষপাতী, তাঁহাদের সাধনে কৃপা ও ভক্তির সমন্বয় আছে। কৃপালাভার্থই তাঁহাদের সাধন—নিজের চেষ্টায় তাঁহারা উদ্ধার লাভ করিতে পারেন, এইরূপ আত্মম্ভরিতা তাঁহাদের নাই। কৃপা দ্বারা বুদ্ধি নির্ম্মল হয়—কেবলমাত্র সাধনের দ্বারা তাহা হয় না। ভগবানের দিক্ হইতে অহৈতুকী কৃপাধারা আর জীবের দিক্ হইতে পূর্ণ শরণাগতি—ইহাই অবরোহ-পথ।

সাধুসঙ্গের নিরবচ্ছিন্ন প্রবাহে অনুক্ষণ অবস্থান করিতে হইবে, অনুক্ষণ সেবোন্মুখ কর্ণের দ্বারা নিজাপেক্ষা শ্রেষ্ঠ সাধুর শুশ্রূষা করিতে হইবে। শুশ্রূষা শব্দের এক অর্থ—পরিচর্য্যা, আর এক অর্থ—শ্রবণেচ্ছা। সর্ব্বদা নিজাপেক্ষা শ্রেষ্ঠ বৈষ্ণবের সঙ্গ করিতে হইবে। শ্রীগুরুদেবের নিষ্কপট অনুগত ও নিজ হইতে শ্রেষ্ঠ বৈষ্ণবের অনুক্ষণ সঙ্গ না করিলে শ্রীগুরুদেবের উপদেশ স্মৃতিপথে থাকে না। যে সাধু আমাকে তোষামোদ করেন না, আমাকে কনক-কামিনী-প্রতিষ্ঠা দিয়া ভোগা দেন না, সেরূপ সাধুকে eternal tutor করিতে হইবে। সকল সময়ই সাধুর সঙ্গ করিতে হইবে, সাধুর সঙ্গের জন্য—সাধুর বাণী-শ্রবণের জন্য আকাশ পাতাল আলোড়ন করিতে হইবে, এক মুহূর্ত্তও সাধুর সঙ্গ ছাড়া হইলে আর হরিনাম হইবে না। সেই সুযোগে দুষ্টমন বা উহার অধীশ্বরী মায়া বা সংসার-বিষয়ভোগ বা ত্যাগ বাসনা আমাকে তাহাদের কবলে কবলিত করিয়া ফেলিবে। চব্বিশ ঘণ্টার মধ্যে চব্বিশ ঘণ্টা সাধুসঙ্গে হরিনাম করিতে হইবে। এতদ্ব্যতীত জীবের অন্য কোন কার্য্যই নাই।

হরিনামের কৃপাতেই সব হইবে। আমরা কেবল সেই কৃপার প্রার্থী হইব। হরিনামের কৃপাতেই হরিনাম হয়। শ্রীগুরুদেবের কৃপায় শ্রীগুরুপাদপদ্ম দর্শন হয়। ভক্তের সর্ব্বত্র গুরুদর্শন, কোথাও ভোগ্যদর্শন নাই, হরিনাম কীর্ত্তনই একমাত্র ভজন—একমাত্র ভজন—একমাত্র ভজন। শ্রীনামকীর্ত্তনই ভগবানকে পাইবার একমাত্র সহজ পথ, এতদ্ব্যতীত সবই ন্যূনাধিক বঞ্চনাময়। শ্রীনাম-কীর্ত্তনের পথই পূর্ণ শরণাগতির পথ—শ্রুতি, গীতা-ভাগবতাদি-কথিত পথ। ঈশ্বরের কৃপাবলেই ঈশ্বরের দর্শন পাওয়া যায়। নামভজন ব্যতীত অন্য কোন পথ নাই। নিরপরাধে নিরন্তর নাম-ভজনই একমাত্র সর্ব্বশ্রেষ্ঠ পথ।

দেহের দ্বারা হরিভজন হয় না। স্থূল-সূক্ষ্ম দেহ কোনটীই হরিভজন করিতে পারে না। আত্মা বা চেতনই হরিভজন করে। দেহের সহিত হরিভজনের কোনই সম্বন্ধ নাই। কেবলমাত্র সুষ্ঠু শুদ্ধভক্তির নির্ব্বাহ যাহাতে হয়, তৎপ্রতি বিশেষ তীব্রদৃষ্টি ও যত্নাগ্রহ রাখিবে। যুক্তবৈরাগ্যের প্রতি আশ্রয় লাভ ঘটিলে দেহ বা ইন্দ্রিয়ে শুদ্ধভক্তির অভিব্যক্তি হইয়া পড়ে। একমাত্র শরণাগত বা প্রপন্ন হইলেই অপ্রাকৃত-তত্ত্ব শ্রীনাম স্বতঃপ্রকাশিত হন।

কৃষ্ণের বিলাসের উপকরণই বৈষ্ণব। যিনি কৃষ্ণকে দিতে পারেন, যাঁহাকে লইয়া ভগবানের ভগবত্তা অর্থাৎ ঈশ্বর কৃষ্ণত্ব, তিনিই বৈষ্ণব। যিনি শ্রীগুরুদেবের সমস্ত কৌশলের মধ্যে কৃষ্ণভক্তের ইঙ্গিত বুঝিতে পারেন, তিনিই সর্ব্বাপেক্ষা অধিক ভাগ্যবান্ ও বিশ্বস্তম বিশ্রব্ধ সেবক। তিনিই শ্রীগুরু-পাদপদ্মের প্রদর্শিত ভজনমার্গে সদা সর্ব্বদা অনুসরণ করিবেন।

———

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৯ ত্রিবিক্রম, [illegible] গৌরাব্দ ৪৪৪

শ্রীভরত

----:০(০):০:----

শ্রীভরত ভগবান্ শ্রীঋষভদেবের জ্যেষ্ঠ পুত্র। পিতার আদেশে রাজ্যাভিষিক্ত হইয়া তিনি বিশ্বরূপ পঞ্চজনীর পাণি গ্রহণপূর্ব্বক পৃথিবী পালন করিতে থাকেন। পঞ্চজনীর গর্ভে শ্রীভরতের সুমতি, রাষ্ট্রভৃৎ, সুদর্শন, আবরণ ও ধূম্রকেতু নামে পাঁচটী পুত্র হয়। এইরূপ পৃথিবীপতি রাজা শ্রীভরত অবতীর্ণ হইয়া বহু যজ্ঞের অনুষ্ঠানপূর্ব্বক ভগবানের অর্চ্চন করিতে লাগিলেন। তিনি সকল কার্য্য ভগবান্ শ্রীবাসুদেবের প্রীতির জন্য করিতেন। এইরূপ ভজনের ফলে তাঁহার চিত্ত শুদ্ধ হইল এবং ভগবান্ শ্রীবাসুদেবে তাঁহার ভক্তি দিন দিন বৃদ্ধি পাইতে লাগিল। তিনি বহুকাল পৃথিবী পালন করিয়া সন্তানগণের মধ্যে তাহা বিভাগ করিয়া দিয়া স্বয়ং নিজভবন হইতে পুলহাশ্রমে গমন করিলেন। পুলহাশ্রমে শ্রীভরত একাকী থাকিয়া বিবিধ কুসুম, কিশলয়, তুলসী, জল ও ফলের দ্বারা ভগবান্ শ্রীবাসুদেবের অর্চ্চনা করিতে লাগিলেন। তাহাতে তাঁহার চিত্ত শুদ্ধ ও বিষয়াভিলাষ দূর হইলে তিনি ভগবৎশ্রীচরণে পরা ভক্তি লাভ করিলেন।

একদিন শ্রীভরত মহানদীতে নিত্য নৈমিত্তিক ক্রিয়া, আবশ্যক কৃত্য ও স্নানাদি সমাপন পূর্ব্বক প্রণব জপ করিতে করিতে মুহূর্ত্তত্রয়-মাত্র নদীতীরে উপবেশন করেন। সেই সময় সেই স্থানে এক হরিণী পিপাসায় কাতর হইয়া একাকিনী সেই জলাশয় সমীপে আগমন করে। হরিণী যখন জল পান করিতেছিল, সেই সময় অনতিদূরে এক পশুরাজ ভীষণ গর্জ্জন করায় হরিণী ভীত ও সন্ত্রস্ত হইয়া হঠাৎ লম্ফপ্রদান করিয়া নদী পার হয়। লম্ফপ্রদানজনিত বেগে হরিণীর গর্ভস্থ সন্তান নদীর প্রবাহে পতিত হয় এবং কিছুক্ষণ পরে হরিণী মৃত্যুমুখে পতিত হয়। নদীতীরে বসিয়া রাজর্ষি হরিণশিশুটীকে স্রোতে ভাসিয়া যাইতে দেখিয়া ভরতের করুণার উদ্রেক হইল। তিনি উহাকে স্রোত হইতে উত্তোলন করিলেন এবং ঐ হরিণশিশুকে মাতৃহারা জানিয়া নিজাশ্রমে লইয়া আসিয়া নানা ভাবে পালন করিতে লাগিলেন। হরিণশিশুর প্রতি তাঁহার আত্মীয়জ্ঞান হইল, তাই তিনি ঐ হরিণশিশুকে অহরহঃ তৃণাদির দ্বারা পোষণ, হিংস্রজন্তু হইতে রক্ষণ, কণ্ডূয়নাদি দ্বারা প্রীতি-সম্পাদন এবং চুম্বনাদি দ্বারা লালন প্রভৃতি কার্য্যে আসক্ত হইয়া পড়িলেন। তৎফলে তিনি ভগবৎপরিচর্য্যা হইতে ভ্রষ্ট হইয়া পড়িলেন। শ্রীভরত মনে মনে চিন্তা করিলেন—এই নিরাশ্রয় হরিণশিশু আমার শরণাগত, সে আমাকে মাতা, পিতা, ভ্রাতা, জ্ঞাতি ও সহচর মনে করিতেছে। আমার প্রতি ইহার ঐকান্তিক বিশ্বাস আছে, সে আমা ভিন্ন অন্য কাহাকেও জানে না। সুতরাং অবশ্যই আমার ইহার লালন, পালন ও পোষণ কর্ত্তব্য। এইরূপে শ্রীভরত উপবেশন, শয়ন, স্নান ও ভোজন প্রভৃতি সকল সময়েই মৃগশিশুর প্রতি আসক্ত হইয়া পড়িলেন। তিনি যখন ফলাদি আহরণের জন্য বনে যাইতেন, তখন ঐ মৃগ-শিশুটিকে সঙ্গে লইতেন এবং পথিমধ্যে স্নেহবশে সেই হরিণ-শিশুটিকে কখন স্কন্ধে উঠাইতেন, কখনও বা ক্রোড়ে স্থাপন করিতেন, কখনও বক্ষোপরি রাখিয়া লালন-পালন করিতে করিতে আনন্দিত হইতেন। হরিণশিশুটীকে তিনি সর্ব্বক্ষণ কাছে কাছে রাখিতেন। দুস্ত্যাজ্য সংসার ত্যাগ করিয়া আসিয়াও সামান্য একটী মৃগশিশুতে আকৃষ্ট হইয়া তিনি ভক্তিপথভ্রষ্ট হইলেন। অবশেষে তিনি সেই মৃগশিশুর অদর্শনে তাহার বিরহে অত্যন্ত শোকাকুল হইয়া 'হা মৃগ, হা মৃগ' করিতে করিতে মৃত্যুমুখে পতিত হইলেন। মৃত্যু-সময়েও তিনি দেখিতে পাইলেন যেন সেই মৃগশিশু নিজপুত্রের ন্যায় তাঁহার পার্শ্বে বসিয়া শোক-প্রকাশ করিতেছে। তাঁহার চিত্ত মৃগেতে অভিনিবিষ্ট ছিল। সুতরাং তিনি প্রাকৃত ভগবদ্বিমুখ পুরুষের ন্যায় মৃগচিন্তার সহিত এই সংসার পরিত্যাগ করিয়া পরজন্মে মৃগদেহ প্রাপ্ত হইলেন। ভরতের দেহ নষ্ট হইল কিন্তু পূর্ব্বসুকৃতিফলে তাঁহার পূর্ব্বজন্মস্মৃতি বিলুপ্ত হইল না। তিনি পূর্ব্বজন্মের মৃগাসক্তিরূপ হরিবৈমুখ্য-জনিত অধঃপতনের কথা স্মরণ করিয়া অনুতাপ করিতে লাগিলেন এবং মৃগমাতাকে পরিত্যাগ করিয়া পুনরায় শালগ্রাম-মুখরিত সেই পুলহাশ্রমে গমন করিলেন। শ্রীভরত সেই আশ্রমে পুনরায় সঙ্গদোষভয়ে উদ্বিগ্ন হইয়া শুষ্ক তৃণ-লতাদি আহার পূর্ব্বক একাকী অবস্থান করিয়া মৃগদেহাবসানকাল অপেক্ষা করিতে লাগিলেন। অনন্তর মৃগাসক্তিজনিত দেহাবসানকাল উপস্থিত হইয়াছে বিবেচনা করিয়া তিনি তত্রত্য তীর্থোদকে স্বীয় কলেবরের অর্দ্ধাংশ নিমজ্জিত করিয়া ঐ মৃগশরীর পরিত্যাগ করিলেন। মৃগদেহ-মুক্তির পরজন্মে রাজর্ষি ভরত জনৈক সর্ব্বগুণসম্পন্ন ভক্তিমান্ ব্রাহ্মণের কনিষ্ঠা পত্নীর গর্ভে জন্মগ্রহণ করেন। ভগবৎকৃপায় ভরতের পূর্ব্ব পূর্ব্বজন্মের বিবরণসমূহ স্মৃতিপটে উদিত হইয়াছিল, অর্থাৎ তিনি জাতিস্মর ছিলেন। ভগবদ্-বিমুখ স্বজনগণের সঙ্গহেতু পুনরায় পতনাশঙ্কায় নিরন্তর মনোমধ্যে শ্রীভগবৎপাদপদ্ম চিন্তা করিয়া আপনাকে লোকমধ্যে উন্মত্ত, জড়, অন্ধ ও বধিরের ন্যায় প্রদর্শন করিতে লাগিলেন। ভরতের পিতা ভরতকে শিক্ষা-প্রদান করিবার জন্য বহু যত্ন করিলেন, কিন্তু তাঁহার সমস্ত চেষ্টা বিফল হইল। অনন্তর ব্রাহ্মণ পরলোকগমন করিলে ব্রাহ্মণের পতিব্রতা কনিষ্ঠা পত্নী ভরতকে সপত্নীর হস্তে অর্পণ করিয়া সহমরণ-দ্বারা পতিলোকে গমন করিলেন।

ভরতের বৈমাত্রেয় ভ্রাতৃগণ কর্ম্মকাণ্ডে রত ছিলেন বলিয়া তাঁহারা ভরতের প্রভাব জানিতে পারেন নাই। অবিবেকী ব্যক্তিগণ ভরতকে উন্মত্ত, জড়, বধির বলিয়া সম্বোধন করিলে, তিনি তাহাদের সহিত সেইরূপ ব্যবহার করিতেন। স্বেচ্ছায় যাহা আসিয়া উপস্থিত হইত, তিনি তাহাই গ্রহণ করিতেন, কিন্তু নিজ ইন্দ্রিয়তৃপ্তির জন্য কিছুই গ্রহণ করিতেন না। তিনি কর্ম্মবন্ধন হইতে মুক্ত হওয়ায় সুখদুঃখাদিহেতু মানাপমানজনিত দেহাভিমান তাঁহার ছিল না। তাঁহার শরীর খুব পুষ্ট ও সুদৃঢ় ছিল। তিনি দীনহীন কাঙ্গালের বেশে মলিনবসন পরিধান করিয়া থাকিতেন। সেইজন্য তাঁহাকে সকলেই ব্রাহ্মণাধম বলিয়া অবজ্ঞা করিত। যখন তিনি পরের নিকট হইতে কর্ম্মমূল্যস্বরূপে আহার মাত্র পাইবার অপেক্ষা করিতেন, তখন তাঁহার ভ্রাতারাও তাঁহাকে আহারের লোভ দেখাইয়া শালীক্ষেত্রের কর্দ্দমবিলোড়নাদি কার্য্যে নিযুক্ত করিতেন। তিনিও তাহাই করিতেন। তাঁহার ভ্রাতৃগণ তণ্ডুলকণা, খইল, তুষ, কীটদষ্ট মাষ প্রভৃতি তাঁহাকে যাহাই আহার করিতে দিতেন, তিনি তাহাই অমৃতের ন্যায় ভোজন করিতেন।

অনন্তর একদিন কোন এক শূদ্র-সামন্ত চৌররাজ পুত্রকামনায় ভদ্রকালীর নিকট নরপশু বলিদান দিবার মনস্থ করিলেন। তাঁহার সেই পুরুষ পশু দৈববশে বন্ধনগ্রস্ত অবস্থায় পলায়ন করায় দস্যুরাজের অনুচরগণ সেই পশুর অনুসন্ধান করিতে করিতে রাত্রি দ্বিপ্রহরে অকস্মাৎ এক ক্ষেত্রে ব্রাহ্মণতনয় শ্রীভরতকে ক্ষেত্ররক্ষা করিতে দেখিতে পাইলেন। অনন্তর চৌরগণ সেই ভরতকে স্নান করাইয়া তাঁহাকে নূতন বস্ত্র পরিধান করাইলে এবং পশুযোগ্য অলঙ্কার, গন্ধচন্দন, তিলক ও মাল্যাদি দ্বারা বিভূষিত করাইয়া তাঁহাকে ভোজন করাইলেন। ভোজনান্তে তাঁহাকে ভদ্রকালীর সম্মুখে অধোমুখে উপ-বেশন করাইলেন। তৎপরে একজন চোর এক ভীষণ তীক্ষ্ণধার খড়্গ গ্রহণপূর্ব্বক ভগবানের অংশযুক্ত ব্রাহ্মণকুলকে তুচ্ছ করিয়া তাঁহাকে হত্যা করিতে উদ্যত হইলে দেবী সেই শূদ্রগণের নিদারুণ ব্রহ্মহিংসাত্মক ভগবদ্বিরোধের কথা বুঝিতে পারিলেন। দেবীর দেহ ব্রহ্মতেজ দ্বারা অতিশয় সন্তপ্ত হওয়ায় তিনি তৎক্ষণাৎ প্রতিমা পরিত্যাগ করিয়া বহির্গত হইলেন এবং পাপিষ্ঠ শূদ্রগণের মস্তক খড়্গে ছেদন করিলেন।

শিরশ্ছেদন-কাল উপস্থিত হইলেও পরমহংস শ্রীভরত তাহাতে বিন্দুমাত্রও বিচলিত হন নাই। যাঁহাদের দেহাদিতে আত্মবুদ্ধি নাই, যাঁহাদের হৃদয় সর্ব্বলোকের শুভানুধ্যানে নিযুক্ত, যাঁহারা কখনও কাহারও অপকার করেন না, ভগবানের শ্রীপাদপদ্ম যাঁহারা সর্ব্বতোভাবে আশ্রয় করিয়াছেন, তাঁহাদের শিরশ্ছেদন-কাল উপস্থিত হইলেও যে তাঁহারা অবিচলিত থাকিবেন, ইহা কিছু আশ্চর্য্য নহে। ভক্তের প্রতি হিংসা করিতে গেলে লোক নিজেই বিপদে পড়ে। মহদ্ব্যক্তির প্রতি হিংসারূপ অপরাধ করায় অনিষ্টকর কার্য্য তাহার নিজের প্রতিই ফলিয়া থাকে, ইহাই শাস্ত্রবাক্য।

কোন সময় সিন্ধু ও সৌবীর দেশের রাজা রহূগণ যখন কপিলাশ্রমে গমন করিতেছিলেন, সেই সময় শিবিকাবহনকার্য্যে একজন সেবকের অভাব হওয়ায় তাঁহার প্রধান শিবিকা-বাহক দৈবক্রমে উপস্থিত দ্বিজবর ভরতকে বলপূর্ব্বক সেই কার্য্যে নিযুক্ত করিল। অভিমানশূন্য ভরতও কোন প্রতিবাদ না করিয়া শিবিকাবহন করিতে লাগিলেন। কিন্তু গমনকালে পাছে পদপীড়নে প্রাণিহত্যা হয় এই ভয়ে, অগ্রে কিয়দ্দূর দেখিয়া তবে পাদক্ষেপ করিতেছিলেন বলিয়া অপর বাহকদের সহিত তাঁহার গতি বিষম হওয়ায় শিবিকা আন্দোলিত হইতে লাগিল। তাহাতে রাজা বিরক্ত হইয়া এবং নূতন বাহক রাজা ভরতকে দোষী জানিয়া ক্রোধবশে শ্লেষবাক্যে তাঁহাকে তিরস্কার করিতে লাগিলেন। তাহাতেও দেহাত্মবোধ-শূন্য দ্বিজবর ভরত মৌনী হইয়া পূর্ব্বের মতই চলিতে থাকিলে রাজা এবার তাঁহাকে কটুবাক্যে দণ্ড দিবার ভয় দেখাইলেন। তখন শ্রীভরত নিরহঙ্কার ঈষৎ হাস্য করিয়া তাঁহাকে বলিতে লাগিলেন, "হে রাজন্, আমি দেহ হইতে ভিন্ন। দেহই শিবিকা বহন করে। আমি দেহও নহি, সুতরাং শিবিকাবাহকও নহি। আমার দেহটাই স্থূল, আমি স্থূল নহি। স্থূল, কৃশ, মনঃপীড়া, ব্যাধি, ক্ষুধা, তৃষ্ণা, ভয়, কলহ, বিষয়ভোগবাসনা, জরা, নিদ্রা, বিষয়াসক্তি, ক্রোধ, দেহাত্মবুদ্ধি, শোক ও মোহ এ সকলই দেহাভিমান হইতে উৎপন্ন হয়। কিন্তু আমার দেহাভিমান নাই; সুতরাং আমি নিজেকে কখনও স্থূল বা কৃশ মনে করি না। এ জগতের কল্পিত প্রভু ও ভৃত্যবুদ্ধির কোন মূল্য নাই। আজ যে প্রভু, কাল সে ভৃত্য, আজ যে ভৃত্য, কাল সে প্রভু হইতে পারে। সুতরাং বড়াই করিবার কিছু নাই। প্রভু-অভিমান বা আপত্তিক ভৃত্যাভিমান কোনটাই নিত্য নহে।"

দেহে আত্মবুদ্ধির কারণ অবিদ্যা বা কৃষ্ণবিস্মৃতি। তাহা ভরতের ছিল না। তাই তিনি দৈন্যবশতঃ 'আমি ভক্ত' এই অভিমান না করিয়া সাধারণ জীবের মত "আমি শিবিকাবহন দ্বারা প্রাক্তন কর্ম্মফল ক্ষয় করিতেছি", এরূপ বিচারপূর্ব্বক পূর্ব্ববৎ শিবিকা বহন করিতে লাগিলেন। শ্রীভরতের শ্রীমুখে হৃদয়গ্রন্থিচ্ছেদক উপদেশ শ্রবণ করিয়া রহূগণের রাজাভিমান দূর হইল। তিনি শীঘ্র শিবিকা হইতে অবতরণ পূর্ব্বক শ্রীভরতের পাদমূলে পতিত হইয়া ক্ষমাপ্রার্থনা করিতে করিতে বলিতে লাগিলেন—"হে ব্রহ্মন্, আমি দেবরাজ ইন্দ্রের বজ্রভয়ে ভীত নহি, শূলপাণির শূলকেও আমি ভয় করি না, কিন্তু আমি ব্রহ্মজ্ঞ-কুলের অবমাননারূপ অপরাধকে অত্যন্ত ভয় করি। আপনি সর্ব্বজনসঙ্গ পরিত্যাগ পূর্ব্বক অচিন্ত্য ও অনন্তমহিমাবিশিষ্ট হইয়াও কেন জড়ের ন্যায় অবস্থান করিতেছেন, তাহা কৃপাপূর্ব্বক বলুন। ইহসংসারে জীবের অবলম্বন কি, তাহা আপনার নিকট শ্রবণের জন্য প্রার্থনা জানাইতেছি। আমি অত্যন্ত অপরাধী হইলেও আপনি আমার প্রতি কৃপাদৃষ্টি করুন। আপনার কৃপা হইতে আমি সাধুগণের অবমাননারূপ অপরাধ ও পাপ হইতে মুক্ত হইতে পারিব।"

তদুত্তরে শ্রীভরত মহারাজ বলিতে লাগিলেন,—"যাবৎ পুরুষের মন সত্ত্বরজস্তমো গুণের অধীন থাকে, তাবৎ সেই মন মত্ত মাতঙ্গের ন্যায় স্বতন্ত্র হইয়া জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয়ের দ্বারা পাপপুণ্যাদি করিয়া থাকে। এই মনই পৃথক্ পৃথক্ নামের সহিত দেব, নর, পশু, পক্ষী প্রভৃতি বিভিন্ন দেহ ধারণ করে। সেইজন্য পণ্ডিতগণ উৎকৃষ্ট ও নিকৃষ্ট যোনিতে জন্মপ্রাপ্তি, তথা বন্ধ ও মোক্ষপ্রাপ্তির হেতুরূপে একমাত্র মনকেই নির্দেশ করিয়াছেন। জীবের মন বিষয়াসক্ত হইলেই তাহা সংসার-ক্লেশের কারণ হইয়া থাকে, আবার তাহার অনাসক্তিই তাহার মুক্তির হেতু হয়। এই মনের অনন্ত বিভূতি আছে, ঐ সকল অনাদিকাল হইতে বর্ত্তমান। উহারা জাগ্রত ও স্বপ্নাবস্থায় আবির্ভূত হয় এবং সুষুপ্তিকালে তিরোহিত হয়। ভগবান্ সর্ব্বব্যাপী, তিনি ব্রহ্মাদিরও ঈশ্বর এবং সর্ব্বজীবের আশ্রয়। বায়ু যেমন প্রাণরূপে সর্ব্বজীবের অভ্যন্তরে প্রবিষ্ট হইয়া তাহাদিগকে নিয়মিত করে, সেইরূপ ক্ষেত্রজ্ঞ পরমাত্মা ভগবান বাসুদেবও এই বিশ্বপ্রপঞ্চে প্রবিষ্ট হইয়া তাহার উপর আধিপত্য করেন। জীব যতদিন সাধুসঙ্গপ্রভাবে মায়া অতিক্রমপূর্ব্বক আত্মতত্ত্ব উপলব্ধি করিতে না পারে, ততদিন সে সংসারে ভ্রমণ করে। মনই জীবের সংসারতাপের মূল। যতদিন জীব ইহা জানিতে না পারে, ততদিন তাহাকে সংসারে ভ্রমণ করিতে হয়। মনের ন্যায় প্রবল শত্রু আর নাই। ইহাকে উপেক্ষা করিলে ইহা অত্যন্ত প্রবল হইয়া জীবের সর্ব্বনাশ সাধন করে। ইহা অবাস্তব হইলেও জীবের স্বরূপ আচ্ছাদিত করে। অতএব হে রাজন্, হরিগুরুচরণসেবনরূপ অস্ত্রদ্বারা সতর্কতার সহিত আপনি ইহাকে বিনষ্ট করুন।"

রাজার প্রশ্নের উত্তরে শ্রীভরত আরও বলিলেন, "ভূপৃষ্ঠের স্থাবর বা জঙ্গম যাবতীয় বস্তু পার্থিববিকার মাত্র। রাজাও তদীয় সেইরূপ একটী পার্থিববিকারের অভিমান-হেতু 'আমি রাজা' এই অহঙ্কার করিতেছেন, সুতরাং তিনি অত্যন্ত অজ্ঞান। পৃথিবীর সমস্তই পার্থিববিকার, পরিণামশীল ও নাম মাত্র ভিন্ন। সকলই অতি সূক্ষ্ম পরমাণুতে লয় প্রাপ্ত হয়, কিছুই নিত্য নহে। এই বিশ্ব বিশ্বনাথের সেবোপকরণ। অদ্বয়-জ্ঞান ভগবানই একমাত্র সত্য। হে রহূগণ, মহাভাগবতগণের পদরেণুতে আত্মার অভিষেক ব্যতীত ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ, সন্ন্যাস অথবা জল, অগ্নি ও সূর্য্য প্রভৃতি দেবতাগণের উপাসনাদ্বারা এই ভগবত্তত্ত্ব জ্ঞান লাভ হয় না। সাধুসঙ্গের প্রভাব অপরিসীম। সেই কৃষ্ণপ্রিয় সাধুগণের সঙ্গ-প্রভাবে তাঁহাদের শ্রীমুখে শ্রীহরির নাম রূপ-গুণ-লীলাদির কথা আদরের সহিত শ্রবণ করিতে করিতে জীবের সমস্ত ইতর বাসনা বিদূরিত হইয়া ভগবান্ বাসুদেবে শুদ্ধা রতির উদয় হইয়া থাকে। সাধুসঙ্গে হরিকথা শ্রবণফলে জীব অনায়াসে সংসারের পরপারে গমন করিতে পারে। এই সংসার অগম্য ও অতি দুস্তর। জীব মায়াবশে তাহাতে বদ্ধ হইয়া কর্ম্মফল ভোগ করে। এই অরণ্যে ষড়েন্দ্রিয় দস্যু এবং পুত্র-কলত্রাদি মাংসাশী শৃগাল-কুকুরের তুল্য। তাহারাই জীবের ধন ও মন হরণ করে। কামকর্দ্দমাবৃত গৃহ তৃণগুল্মাদিতে পরিপূর্ণ গর্ত্তের ন্যায় ভয়াবহ। গৃহমেধী জীব অনিত্য দেহে ও স্বজনাদিতে আসক্ত হইয়া নিত্যবস্তুর কথা বিস্মৃত হয় এবং বিবিধ আকাঙ্ক্ষার বশে ধাবিত হইয়া বৃথা ক্লেশ ভোগ করে। সে কখনও ক্ষণস্থায়ী সুখে সুখী এবং কখনও বা দারুণ দুঃখে মগ্ন হইয়া থাকে। এই গৃহ দাবাগ্নি-সদৃশ। ইহাতে সুখের লেশমাত্রও নাই। ইহা সর্ব্বদা ক্লেশময়। বদ্ধজীব নিদ্রাস্বপ্নতর্পণে ও নিদ্রায় দিন বৃথা যাপিত করে। সে একটী অবলম্বন হারাইয়া আবার নূতন অবলম্বনে ভর করিয়া, এক স্থান হইতে পলায়ন করিয়া অন্য আশ্রয় লইয়া বৃথা সুখের আশা করে। এই অবস্থায় মায়াবদ্ধ জীব নিজ বিদ্যা, বুদ্ধি প্রভৃতি দ্বারা কোনক্রমেই সংসার উত্তীর্ণ হইতে পারে না। সে অনিত্য ধনজনাদির কথায় মত্ত হইয়া মৃত্যুর কথা ভুলিয়া যায়। পুনঃ পুনঃ এত দুঃখ ভোগ করিয়াও সে ক্ষণিক সুখকর ও পরিণামে মহাদুঃখজনক ভোগ ছাড়িতে পারে না।"

শ্রীভরতের শ্রীমুখে এই সকল কথা শ্রবণ করিয়া রহূগণের চৈতন্যোদয় হইল। তিনি মহাভাগবত শ্রীভরতের নিকট ভগবত্তত্ত্ব সম্যগ্রূপে অবগত হইয়া দেহে আত্মবুদ্ধি পরিত্যাগ করিলেন এবং শ্রীভরতের নিকট স্বীয় অপরাধের জন্য ক্ষমা প্রার্থনা করিলেন।

বৈষ্ণবাচার্য্য শ্রীল শ্রীজীবগোস্বামী প্রভু শ্রীভরতের চরিত্র হইতে আমাদিগকে শিক্ষা দিয়াছেন যে, যাঁহারা নিত্যকৃষ্ণদাস জীবকে কৃষ্ণসেবায় নিযুক্ত করিবার চেষ্টা না করিয়া কেবল তাহাদের দৈহিক উপকার বা শুশ্রূষাদি করিবার চেষ্টাবিশিষ্ট হন কিম্বা যাঁহারা 'আগে দৈহিক উপকার, পরে ভগবানের সেবা'—এইরূপ বিচার করিয়া জীবসেবা, দেশসেবা প্রভৃতি পরোপকারের ছল প্রদর্শন করিয়া থাকেন, তাঁহারা পুনঃ পুনঃ সংসারদশাই প্রাপ্ত হন। ইঁহারা দ্বিতীয়াভিনিবেশ বশতঃ অসদ্-বস্তুতে আসক্ত, সুতরাং তাঁহাদের সঙ্গও দুঃসঙ্গ। তাঁহাদের সঙ্গ করিলে ভগবদ্ভক্তি হইতে বিচ্যুত হইতে হয়। তাঁহাদের সঙ্গ ভগবদ্ভক্তগণের পরম অন্তরায়। যাঁহারা ভগবৎসেবাপরায়ণ, তাঁহারাই যথার্থ পরোপকারী। তাঁহাদের মত জীবে দয়ার্দ্র আর কেহ নাই।

পূর্ব্বকালে রন্তিদেব নামে একজন মহা দয়ালু ও দানশীল নরপতি ছিলেন। তিনি ভরতের ন্যায় সন্ন্যাসী না হইলেও একজন বৈষ্ণবগৃহস্থ ছিলেন। তিনি গৃহে উদাসীন থাকিয়াও অপরকে বিষ্ণুনৈবেদ্য প্রসাদ বিতরণ করিতেন। শুনা যায় যে, ঐ নরপতি সর্ব্বস্ব বিতরণ করিয়া নিষ্কিঞ্চন হইয়া সংসারে উদাসীন থাকিতেন। এমন কি, জলমাত্র পান না করিয়াও তাঁহার মাসাধিককাল গত হইত। তিনি প্রাণি-নির্ব্বিশেষে শ্রীহরির অবশেষ শ্রীমহাপ্রসাদ দ্বারা তাহাদের আত্মার নিত্যকল্যাণ বা ভক্ত্যুন্মুখী সুকৃতি উৎপাদনের চেষ্টা করিতেন। তাঁহার প্রার্থনা ছিল যে, আমি যেন জীবের দুঃখের ভোক্তারূপে দেহীর অন্তর্হিত হইয়া তাহাদের সমস্ত দুঃখ প্রাপ্ত হই,—যাহাতে আমা হইতে জীবের ভগবদ্বিমুখতারূপ সমস্ত দুঃখ বিদূরিত হয়।

শ্রীভরত ও রন্তিদেবের চরিত্রের বৈশিষ্ট্য এই যে, শ্রীভরত স্ত্রী, পুত্র, রাজ্য, গৃহ, কর্ম্ম—সমস্ত পরিত্যাগ করিয়াও কেবল জীবের দৈহিক কষ্ট নিবারণের জন্য দয়া করিতে গিয়া ভগবৎসেবা হইতে বিচ্যুত হইয়াছিলেন, আর রন্তিদেব সর্ব্বজীবকে ভগবৎসম্বন্ধীয় দর্শন করিয়া শ্রীভগবৎপ্রসাদদ্বারা ভগবৎসেবকসূত্রে তাহাদের আত্মার কল্যাণ সাধনে এবং আত্যন্তিকভাবে তাহাদের নানাবিধ দুঃখ বিদূরিত করিবার চেষ্টা করিয়া [illegible] করিয়াছিলেন।

শ্রীভরত প্রেমিক ভক্ত। কৃষ্ণেচ্ছাতেই তাঁহার এইরূপ বিচার হৃদয়ে স্থান পাইয়াছিল। ভক্তগণের আর্ত্তি [illegible] করিবার জন্য ভগবান্ অনেক সময় এইরূপ লীলা করিয়া থাকেন। সুতরাং আমরা যেন মহাভাগবত শ্রীভরতের লীলায় দোষ বোধ না করি এবং 'ভগবৎসেবা পরিত্যাগ করিয়া অনিত্য বিষয়ে অভিনিবেশই জীবের সর্ব্বনাশের হেতু'—তাঁহার লীলার এই শিক্ষা গ্রহণ করিয়া যেন অনিত্য ধনজনাদির চিন্তা সর্ব্বতোভাবে পরিত্যাগ করিয়া কায়মনোবাক্যে ভগবৎপাদপদ্মে আত্মনিবেদন করিতে পারি। তাহা হইলেই আমাদের মঙ্গল হইবে।

———

হরিকথা-প্রসঙ্গ

——॰॰(০)॰॰——

শ্রীগুরুদেব ভগবান্ হইয়াও ভগবৎ-সেবক। তিনি প্রধান সেবক এবং কৃষ্ণই তাঁহার সেব্য। শ্রীগুরুদেব যুগপৎ [illegible] ও হরিকীর্ত্তন। শ্রীগুরুদেব আনুগত্য[illegible]। [illegible] শ্রীকৃষ্ণ-[illegible] করেন। [illegible] প্রভৃতি [illegible] তাঁহার সেবা করেন। প্রকৃত শিষ্য শ্রীগুরুকে কৃষ্ণপ্রেষ্ঠ বলিয়া জানেন। শিষ্যের সেবা শ্রীগুরুদেব স্বয়ং গ্রহণ না করিয়া তদ্দ্বারা শ্রীকৃষ্ণপ্রীতি সম্পাদন করেন। শ্রীগুরুদেব নিজে সেবা গ্রহণ করেন না [illegible] সেবা-[illegible] করেন [illegible] কৃষ্ণসেবা [illegible] ভিন্ন।

যাঁহার [illegible] যত প্রবল, তাঁহার [illegible] তাঁহাদিগকে [illegible] ভজন করিতে [illegible] নিষ্ঠা, রুচি ও আসক্তি [illegible] [illegible]

[illegible] ইচ্ছাই [illegible]

যা আত্মনিবেদন ব্যতীত সেবালাভ হয় না। সেবায় কোন কামনা নাই, হেতু নাই—কপটতা নাই। সেবার ফল কেবলই সেবা। সেবাপ্রাপ্তি বা সেবাবিমুখতাই জীবের বদ্ধাবস্থা। আর সেবায় উন্মুখতা বা সেবাপরতাই জীবের মুক্তাবস্থা—প্রকৃত অবস্থা, সহজ অবস্থা, স্বাভাবিক অবস্থা—নিত্যাবস্থা বা স্বরূপাবস্থা। সেবাই সাধন, সেবাই সাধ্য। পরমপ্রেমের আনুগত্যই সেবা। আনুগত্যই সেবার স্বরূপ।

যাহা নিত্যকাল থাকে, তাহাই সত্য। ভগবান ও ভক্ত সত্য। ইঁহাদের সম্বন্ধ অনাদি। পুরুষোত্তম ধামের সম্বন্ধ হয়। সেখানে গোপালদর্শন, সেখানেও মহোৎসব, আর যেখানে গোপ-দর্শন, সেখানেই মহত্ত্ব ও সেবা। সাধুসঙ্গে নিরন্তর হরিনাম শ্রবণের ফলে অনর্থ ও পুরাতন অপরাধ দূর হইতে থাকে, নিষ্কৃতি পাওয়া যায়।

দেহাভিমান থাকিলে ভক্ত ও ভক্তিদেবীর দর্শন লাভ হয় না। আমাদের সংকীর্ণতা দূর হইলে, তবেই মহাজনগণ কৃপা করিবেন। 'আমি নিত্য কৃষ্ণদাস' ইহাই জীবের শুদ্ধ অভিমান, এই শুদ্ধ অভিমান প্রত্যেকেরই থাকা দরকার। এই অভিমান প্রবল হওয়ার সঙ্গে সঙ্গে যত উদয় হইবে, ততই আমাদের তৃষ্ণা বাড়িবে। তিনি আমার অধীন, তিনি সাধু নহেন। সাধুকে অধীন মনে করিলে অপরাধ হয়। এই চক্ষু দিয়া সাধুকে দেখা যায় না। সেবোন্মুখতার দ্বারা সাধুদর্শন হয়। সাধুর শিক্ষা, উপদেশ ও শ্রবণে সাধুর সহিত সাক্ষাৎকার হয়। আনুগত্যই সঙ্গ, সেবার স্বতন্ত্রতা অবলম্বনকে জীবের অসঙ্গ। যেখানে Submission নাই, সেখানে সঙ্গও নাই। স্বতন্ত্র ব্যক্তি কখনও সাধুসঙ্গ করিতে পারে না। অমানী মানদ সাধুসঙ্গের অধিকারী। প্রথমেই অকপট ও নিরভিমান হওয়া চাই, নতুবা হরিভজন হইবে না। যেখানে কপটতা, সেখানেই অপরাধ। অন্যান্য অপরাধ না থাকিতে পারে, কিন্তু কপটের অপরাধ আছেই।

সর্বক্ষণ মনোযোগের সহিত হরিকথা আলোচনা করিতে হইবে। সাধুদের কীর্তনপ্রভাবে নিরন্তর কৃষ্ণকথা যদি হয়, তাহা হইলে কৃষ্ণ মনের ভিতর আসিয়া বিস্তার করিবেন। কৃষ্ণ আমাদের অনর্থ আপনা হইতে চলিয়া যাইবে। নিজ পক্ষ হইতে চেষ্টা না করিলে উন্নত হওয়া যাইবে না। অন্যাভিলাষিতাশূন্য না হইলে, ইহা যাহার নাই, তাহার মঙ্গল হইতে পারে না। হরিকথা আলোচনা করিতে হইবে। কেহ না থাকিলে নিজে নিজে বলা দরকার। বৈষ্ণবের দরকার, তাঁহার প্রতি উদাসীন থাকিলে মঙ্গল কি করিয়া হইবে? আমরা সব কাজেরই সময় পাই, কিন্তু যত সময়াভাব হরিকথা-শ্রবণে। এমনই আমাদের হরিকথা-শ্রবণে রুচি!

যেখানে হরিকথায় রুচি নাই, সেখানে ভক্ত ও ভক্তিদেবীর চরণে অপরাধ আছে, বুঝিতে হইবে। যে পর্যন্ত ভগবান্‌কে দিয়া দেন তাঁহার ভক্ত। ভগবৎকথায় রুচিই সৌভাগ্যের প্রথম পরিচয়। ভগবৎকথায় যাঁহার রুচি আছে, তাঁহার প্রতি নিশ্চয়ই শ্রীগুরুগৌরাঙ্গের নজর পড়িয়াছে, বুঝিতে হইবে। যেখানে ইতরকথায় রুচি, সেখানে হরিসেবাদিতে অরুচি স্বাভাবিক।

আত্মনিবেদন না করিয়া যতই শ্রবণ-কীর্তনের অভিনয় করি, কিছুতেই মঙ্গল হইবে না। সর্বক্ষণ গুরুচরণে আত্মনিবেদন করিতে হইবে। যাহা কৃষ্ণপাদপদ্মে মনঃসংযোগে বাধা দেয়, তাহা দৃঢ়ভাবে পরিত্যাগ করিতে হইবে। আবার প্রত্যেক কার্যে ভগবানের সুখ হইতেছে কিনা, তৎপ্রতি দৃষ্টি রাখিতে হইবে।

যেখানে আদর, শ্রদ্ধা ও প্রীতি, সেখানে মঙ্গল না হইয়া পারে না। শ্রীনিত্যানন্দ প্রভুর কৃপা হইলে আমাদের আনন্দময় বৃন্দাবন লাভ হইতে পারে। তাঁহার কৃপাই সকল মঙ্গলের মূল।

সাময়িক-প্রসঙ্গ

শ্রীশ্রীনৃসিংহদেবের আবির্ভাব-মহোৎসব

শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা নিউ-দিল্লীস্থ শ্রীগৌড়ীয়মঠে গত ২৭শে বৈশাখ, ১০ই মে শনিবার শ্রীনৃসিংহদেবের আবির্ভাব-তিথি হরিসংকীর্তন ও উপবাসমুখে পালিত হয়। ঐ দিবস মঙ্গল আরাত্রিক ও উষঃকীর্তনের পর শ্রীদশাবতার স্তোত্র, মহাজন পদাবলী ও মহামন্ত্র কীর্তনান্তে শ্রীচৈতন্যভাগবত পারায়ণ আরম্ভ হয়। মধ্যাহ্নে উপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রমেয় ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীবিগ্রহসমুখে বহু আত্মমঙ্গলকর হরিকথা কীর্তন করেন। অপরাহ্নে আহূত একটী সভায় বহু সজ্জন ভদ্রমহোদয় ও ভদ্রমহিলা যোগদান করেন। পঞ্চতত্ত্ব, মহাজন-পদাবলী ও নামমন্ত্র কীর্তনান্তে ভক্তিশাস্ত্রী প্রভু 'শ্রীমদ্ভাগবত' হইতে শ্রীনৃসিংহদেবের আবির্ভাবের কারণ, ভগবদ্বিদ্বেষী হিরণ্যকশিপুর বিনাশ সাধন, লীলাবতার শ্রীনৃসিংহদেবের স্বরূপ এবং শ্রীপ্রহ্লাদ মহারাজের উপদেশ ইত্যাদি বহু বিষয় পাঠ ও ব্যাখ্যা করেন।

মেদিনীপুরে প্রচার

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার সুযোগ্য প্রচারক বাগ্মিপ্রবর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তি-বৈভব সাগর মহারাজ মেদিনীপুর জেলার নানাস্থানে শ্রীহরিকথা-প্রচারে নিযুক্ত আছেন। তিনি গত ২৪শে মে শনিবার প্রাতে ভক্তগণসহ অমর্ষি শ্রীগৌড়ীয়মঠে শুভাগমন করেন। মঠবাসিগণ শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের জয়ধ্বনি-কীর্তনমুখে তাঁহার সম্বর্ধনা করেন। শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক শ্রীপাদ মহাপুরুষদাস ভক্তিশাস্ত্রী প্রভুও মেদিনীপুর জেলার বিভিন্ন স্থানে শ্রীহরিকথা প্রচার করিয়া ঐ দিবস ব্রহ্মচারিগণ সহ আসিয়া উপস্থিত হন।

স্বামীজী "শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-বৈষ্ণবসেবা ও শ্রীমঠবাসিগণের কর্তব্য এবং সর্বজীবের মঙ্গল কি উপায়ে হইতে পারে"—এতৎপ্রসঙ্গে বহু কথা কীর্তন করেন। সত্যানুসন্ধিৎসু ব্যক্তিমাত্রেই তাঁহার শ্রীমুখবিগলিত বাণীতে আকৃষ্ট হইয়াছিলেন।

উপদেশক শ্রীপাদ মহাপুরুষদাস ভক্তিশাস্ত্রী প্রভুও "শ্রীশিক্ষাগুরু ও শ্রীদীক্ষাগুরুর জগতের প্রতি অমোঘ দান ও অহৈতুকী দয়ার কথা" আলোচনা-প্রসঙ্গে অনেকক্ষণ যাবৎ শ্রীহরিকথা কীর্তন করেন।

গত ২৫শে মে সকালে তাঁহারা সকলেই অন্যত্র প্রচারে বহির্গত হইয়াছেন।

বিশ্ববিশ্রুত শ্রীগৌড়ীয়মঠের প্রচারকগণ পরমারাধ্য শ্রীশ্রীল আচার্যদেবের আনুগত্যে মেদিনীপুরের বিভিন্ন স্থানে শ্রীমন্মহাপ্রভুর কথা প্রচার করিতেছেন। তাঁহারা চাটন, খাদ্যবচক, জয়রামপুর, সুন্দার, জাগুরমান, ডোমরা প্রভৃতি স্থানে প্রচার করিয়া হরিকথা প্রচারার্থ অন্যত্র গমন করিয়াছেন।

দক্ষিণ উৎকলে প্রচার

ব্রহ্মপুর গৌড়ীয়মঠের সেবকগণ ইচ্ছাপুর, ছত্রপুর, রম্ভাকুণ্ডা ও গণপুর অঞ্চলে শ্রীগৌড়ীয়মঠের বাণী প্রচার করিতেছেন। ইচ্ছাপুরে ডাক্তার আর, এম, পাত্র মহাশয়ের উদ্যোগে স্থানীয় সভাগৃহে 'শ্রেয়ঃ ও প্রেয়ঃ'-সম্বন্ধে বক্তৃতা হইয়াছিল। শ্রীরামানুজ, শ্রীমধ্বপ্রমুখ আচার্যবর্গ যে শ্রেয়ের বাণী বলিয়াছেন, তাহা প্রেয়ঃকামী চার্বাক ও বিভিন্ন দার্শনিকগণের মত হইতে সত্যানুসন্ধিৎসুগণকে রক্ষা করিয়া কিরূপ সুসিদ্ধান্তালোক প্রদান করিয়াছেন ও শ্রীমন্মহাপ্রভু যে অমন্দোদয়দয়া বিতরণ করিয়া কলির জীবকুলকে অচিন্ত্যভেদাভেদ-সিদ্ধান্তে প্রতিষ্ঠিত করিয়াছেন, তাহা উপদেশক শ্রীপাদ মহেশ্বর ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু আলোচনা করিয়াছিলেন। স্থানীয় হাইস্কুলের হেডমাষ্টার শ্রীযুত নাগেশ্বর রাও বি-এ, বি-টি মহোদয় সভাপতি হইয়াছিলেন। উৎকলবাসী বহু বিশিষ্ট ব্যক্তি সভায় উপস্থিত ছিলেন। ডাক্তার আর, এম, পাত্র মহাশয়ের গৃহে মহাজনপদাবলী কীর্তন করার পর শিক্ষাষ্টকের প্রথম শ্লোক ব্যাখ্যা হইয়াছিল। স্থানীয় বহু ব্যক্তি শ্রীগৌড়ীয়মঠের বাণী শ্রবণ করি… মিশনের প্রতি সহানুভূতিসম্পন্ন হইয়াছেন।

শ্রীযুক্ত রাধাকান্ত পাত্র বি-এ, বি-টি মহোদয়ের আহ্বানে ও শ্রীযুক্ত অভিমন্যু পট্টনায়ক মহাশয়ের উদ্যোগে ছত্রপুরে শ্রীআচার্যবাণী প্রচার হইয়াছে। শ্রীযুক্ত বিনায়ক চৌধুরী পি, ডব্লিউ, ডি'র সুপারভাইজর মহাশয়ের গৃহে শ্রীমদ্ভাগবত হইতে শ্রীনারদ-বসুদেব-সংবাদ ও স্থানীয় জমিদার রাজা বাহাদুর শ্রীযুত ভেঙ্কট কৃষ্ণেয়া মহাশয়ের ঠাকুরমন্দিরে স্থানীয় পণ্ডিতগণের নিকটে বেদ, শ্রীমদ্ভগবদ্গীতা ও শ্রীমদ্ভাগবতে দশমূলতত্ত্ব ও শ্রীশ্রীচৈতন্যচরিতামৃতের দশমূল তত্ত্বের বৈশিষ্ট্য দুই ঘণ্টাকাল আলোচিত হইয়াছিল। স্থানীয় অ্যাসিষ্ট্যান্ট সিভিল সার্জেন মহোদয়ের গৃহে শ্রীমদ্ভাগবত হইতে কলিযুগ ও যুগধর্ম-সম্বন্ধে পাঠ ও ব্যাখ্যা হইয়াছে।

রম্ভাকুণ্ডার স্থানীয় ভক্তগণের আহ্বানে শ্রীগৌড়ীয়মঠ অফিস (ব্রহ্মপুর)এর কয়েকজন সেবক রম্ভাকুণ্ডায় সপ্তাহকাল শ্রীমন্মহাপ্রভুর কথা প্রচার করিয়াছেন। স্থানীয় ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও টাউন ম্যাজিষ্ট্রেট মহোদয়গণের গৃহে শ্রীচৈতন্যমহাপ্রভুর আচার ও প্রচার যে শ্রীমদ্ভাগবতসম্মত, তাহা প্রদর্শিত হইয়াছে। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্তন হইয়াছিল।

গণপুরবাসী শ্রীযুক্ত শশীভূষণ বেবর্তা পট্টনায়ক মহোদয়ের উদ্যোগে ও শ্রীযুক্ত নরসিংহ সাহু মহোদয়ের আহ্বানে ব্রহ্মপুর শ্রীগৌড়ীয়মঠ অফিস হইতে দুইজন সেবক কিছুদিনের জন্য গণপুর অঞ্চলে প্রচার করিতেছেন।

[illegible], [illegible] ও জগন্নাথপুরের গ্রামবাসিগণের আগ্রহে শ্রীহরিনামচিন্তামণি পাঠ হইয়াছে।

গত সপ্তাহে শ্রীযুক্ত নরসিংহ সাহু মহোদয়ের বাড়ীতে শ্রীল প্রভুপাদের উপদেশাবলী পাঠ হইয়াছিল। উক্ত অঞ্চলের গ্রামবাসিগণ শ্রীগৌড়ীয়মঠের প্রচারে বিশেষ সহায়তা করিতেছেন।

গয়ায় প্রচার

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক উপদেশক পণ্ডিত শ্রীপাদ রূপবিলাস ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী বি-এ মহোদয় গয়া শ্রীগৌড়ীয়মঠে অবস্থানপূর্বক মঠবাসী ভক্তগণের নিকট অনুক্ষণ হরিকথা কীর্তন করিতেছেন। তিনি সহরের শ্রদ্ধালু শিক্ষিত সম্ভ্রান্ত ভদ্রলোকগণের নিকটও গমন করিয়া হরিকথা কীর্তন করিতেছেন। ভক্তিশাস্ত্রীজীর সত্বর এলাহাবাদ শ্রীরূপগৌড়ীয়মঠে যাইবার কথা আছে।

'সাধুসঙ্গ', 'সাধুসঙ্গ'—সর্বশাস্ত্রে কয়। লবমাত্র 'সাধুসঙ্গে' সর্বসিদ্ধি হয়॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅঘদমন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক—শ্রীভববন্ধচ্ছিদ দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীতত্ত্ববিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীঠাকুরপ্রসাদ ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীজগন্নাথ দাস ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীধামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীমহৎকৃপা ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউভাষা (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীদীনদয়াল ব্রজবাসী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদাসন্দনবিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীভবতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাপাং বিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার. সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীইন্দ্রপথ দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা, মথুরা
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেষশায়ী
পোঃ হোডোল, জেলা গুড়্গাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৪নং হনুমান রোড নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিত্যাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীবঙ্কুবিহারী দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্দ্রিনদ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্দ্রিনদ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্‌ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীবদ্ধমান দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাণীবাঁধ (বর্দ্ধমান)
সেবক—শ্রীভবীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ডুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাম্বার্ট রোড, উডগ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৪ ৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রী...নন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি গৌড়ীয়মঠ
নন্দনকানন চট্টগ্রাম
সেবক—শ্রীজয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবলরামাশ্রয় দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ পি)
সেবক—শ্রীভুবনেশ্বর দাস ভক্তিশাস্ত্রী

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীবৃন্দাবনেশ্বর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ভূতপূর্ব প্রধান অধ্যাপক নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম এ মহোদয়ের গবেষণা এবং পারদর্শক লেখনীর অমৃত ফল আস্বাদন করুন এবং শুদ্ধ ভগবানের জীবনচরিত পাঠে ধন্য হউন। প্রাচ্য ও পাশ্চাত্য দর্শনের সহিত তুলনা মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড, ৩৩শ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও সুবিস্তৃত সূচীপত্র- Index Glossary) সহ। ভিক্ষা -১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা- নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক সমন্বয়ের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকৃত শ্লোকাকারে সংক্ষেপে গুম্ফিত ও শ্রীপাদ বলদেব বিদ্যাভূষণ-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার ব্যাখ্যান ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা ও ব্রতের আলোচ্য ভূমিকা ও সূচীসহ অদ্ভুতপূর্ব্ব সজ্জায় নব সংস্করণে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,

শ্রীযুক্ত সুধাংশুরঞ্জন রায় এম-এ, বি-এল,

পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ব্যাখ্যা ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৬৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—৩৲ মাত্র। প্রাপ্তিস্থান —শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

EROTIC PRINCIPLE & UNALLOYED DEVOTION

পরমহংসাচার্য্য শ্রীল নারায়ণ দাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী প্রভু প্রণীত। সম্প্রতি এই গ্রন্থ ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীপ্রভুপাদের ইচ্ছায় পুনঃ প্রকাশিত হইয়াছে। গ্রন্থের আকার পূর্ব্ব সংস্করণ অপেক্ষা বৃহৎ ও সুন্দর হইয়াছে। এই গ্রন্থে বহু অমূল্য উপদেশ আছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪০৲
প্রথম হইতে নবম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲, তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড -৸০
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। বাংলা আমরা ৷০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়সাহিত্য ।৵০
২২। ভজন রহস্য ৷৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্, (বাঁধা) ১৲
২৪। গীতা (বলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষা ৷৷০
২৭। মুক্তামাল্লিকা ভগবৎগৌরবঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ৷৵০ বাঁধা ৸০)
৩০। দ্বীপ-দিগ্‌দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ৵০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ৷৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৵০
৩৭। ঐ প্রমাণ খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৴১০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২,০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক ৴১০
৪৬। অর্থপঞ্চক ৴১০
৪৭। সদাচারস্মৃতিঃ ৴১০
৪৮। কল্যাণকল্পতরু ৴১০
৪৯। অর্চ্চনকণ ৴০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ৷৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৴০
৬০। সাংখ্যবাণী ৴০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২৷৷০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যগীতামৃতসারঃ ।০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী বিজয়ঃ ।০
৬৫। সটীকা শিক্ষাষ্টকম্ ।০
৬৬। তত্ত্বসূত্রম্ ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৵০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ ৴০
৬৯। প্রপন্নজীবনামৃতম্ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ৷৷০
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ৷৷০
৭২। নামভজন ৴০
৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অণ্টলজী ৷৷০
৭৪। রিলিজিয়াস্ ডায়ার্ড্স্ ।৵০
৭৫। লাইফ এণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্য মহাপ্রভু ৷৷০
৭৬। বৈষ্ণবিজম্ ৷৷০
৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴০
৭৮। দি ভাগবত ।০
৭৯। ইরোটিক প্রিন্সিপাল এণ্ড আনএলয়েড ডিভোশন ।০
৮০। ব্রহ্মসংহিতা ৷৷০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্য মহাপ্রভু ৬৲
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০
৮৫। সাধনপথ ৷৷০
৮৬ কল্যাণকল্পতরু ৴১০
৮৭। গীতাবলী ৴১০
শরণাগতি ৴০
৮৯। শ্রীসজ্জনতোষণীবাণী ।৵০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ।০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ৷৷০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	১॥০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫০, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিবিধ অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান —শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মদুয়া প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক আখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সুখবোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মদুয়া প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ টিপ্পনী পদ্যানুবাদসহ মায়াপুর শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত ; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট্ গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল রাধারমণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ পাণ্ডিত্যের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে মোটা অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রত্ন-সংগ্রহ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ৷৹ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই. বি রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

শনিবার ব্যতীত
শনিবার অন্য দিন

কলিকাতা ছাঃ	৪ ৫৮	৬ ২১	৭ ১৪	৯-১৬	১৫-১০	১৬-৫৬	১৭-৫৩	২২-২৬
দমদম	৪-৫৬	৬ ৩১	৭ ২৮	১০ ২৯	..	.	১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পোঃ	৬-১২	৭ ৫৮	৯ ১৮	১৪ ২০	১৬ ৭৮	১৮-৩১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ		.	৯ ৩১		..	.		
কৃষ্ণনগর পোঃ	৬-৫১	৮-৪০	১০-৬	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-৬	১৪ ৫০	১৭-৪০			২০-৩০	
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১০-২৫	১৮-১৫			২১ ৫	
নবদ্বীপঘাট পোঃ	৭-৫৩	১০-৫৯	১৫-৩৩	১৮ ২০			২১-১৬	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১ ৬
দমদম "	১১-১৮
রাণাঘাট পোঃ	১২-৫১
" ছাঃ	১২ ৫৬
শান্তিপুর পোঃ	১৩ ২৪
(বদল) ছাঃ	১৩ ৪৭ (লাইট; রেলওয়ে)
কৃষ্ণনগর পোঃ	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫ ২৫
নবদ্বীপঘাট পোঃ	১৫ ৩৩

ডাউন

শনিবার ব্যতীত
অন্য দিন শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪		৯-১২		১৬-৩	১৭ ৩১	১৮-৩৮	
মহেশগঞ্জ "	৬-২৩		৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পোঃ	৬-৫৭		৯-৫৫		১৬-৪৬	১৭ ১৪	১৯-২৯	
(বদল) ছাঃ	৬-৩১	৭-১০	৮-৫২	১১ ১৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০ ৪৬
রাণাঘাট পোঃ	৪-১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৪৫	১৭-৩০	২০-৩	২১ ১৯
(বদল) ছাঃ	....	. ..	. .	.. .	১৫-৫৬	১৭-৪২	.	....
দমদম			১১-৪		১৭ ৩৬	১৯-৯	২১ ২৬	২২ ৫৮
কলিকাতা পোঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯ ২৬	২১-৪৭	২৩ ১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪-১
মহেশগঞ্জ "	১৪-১০
কৃষ্ণনগর পোঃ	১৪-৪৪
ছাঃ	১৫ ৩৯
শান্তিপুর পোঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পোঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-২০
কলিকাতা পোঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।॰ টাকা মাত্র।

২। ভাগবত—তিব্বতীয় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পত্র শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।॰ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।॰ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত সজ্জন তথা সকল দেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মহাত্মা সম্প্রদায়ের সহিত যে সকল পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগ-শুদ্ধসিদ্ধান্তস্থাপনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণাভিন্নস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সম্প্রদায়ী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা—৸৹ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———::•::———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা 'দৈনিক নদীয়া-প্রকাশ' ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস

১।১এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাঁচন

সর্ব্বপ্রকার জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি উত্তরোত্তর অধিক। লিভার, প্লীহা, সংযুক্ত কাশজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৸৹ দশ আনা, বড় বোতল ১৵৹ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
বেহালা, ২৪ পরগণা

টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

Regd No. C. 1844

শ্রীশ্রীভক্তিরত্নমালা
—০—
শ্রীল নারায়ণদাস ভক্তি-
সুধাকর এম-এ সঙ্কলিত।
এই গ্রন্থ কথামৃত, বিস্তৃত
ভূমিকা ও সূচীসহ অতিসুন্দর
রূপে প্রকাশিত হইয়াছে।
ঈশ, কেন, কঠাদি বাদশ
উপনিষদের অভিনব সংস্করণ
ভিক্ষা মাত্র ১৷০ টাকা।
প্রাপ্তিস্থান—
মধুমা প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—ওয়ারী, ঢাকা

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক সংবাদপত্র

শ্রীচৈতন্যদেব
—:০:—
স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য-
মহাপ্রভুর জীবনী ও শিক্ষার
কথা সুন্দরভাবে ইহাতে
লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট
কাগজে সুন্দর বাঁধাই।
৩য় সংস্করণ ; ভিক্ষা ১৷৹
প্রাপ্তিস্থান
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

১৬শ খণ্ড] শ্রীমায়াপুর, ১৭ই জ্যৈষ্ঠ ১৩৪৮, ৩১শে মে ১৯৪১, শনিবার [৭২তম সংখ্যা

নানা-সংবাদ

—::[০]::—

খাদ্যদ্রব্য ভরিবার জন্য ৩৫ লক্ষ টিন

৩৫ লক্ষ টিনের পরিষ্কার ক্যানেস্তারা সরবরাহ করিবার জন্য ভারতবর্ষের কোনও একটি ব্যবসায় প্রতিষ্ঠানের সহিত বন্দোবস্ত করা হইতেছে। মার্কিন হইতে খাদ্যদ্রব্য সরবরাহের এক অর্ডার পাওয়া গিয়াছে। এই ক্যানেস্তারায় সেই খাদ্য ভরিয়া পাঠান হইবে।

মাদ্রাজের কোনও এক স্থান হইতে যথেষ্ট পরিমাণে সাগু ও টেপিয়োকা (সাগু প্রস্তুতের যোগ্য এক প্রকার খাদ্যদ্রব্য) পাওয়ার আশা আছে। উহাদের নমুনা পরীক্ষিত হইয়াছে। এই স্থানের সাগু উৎপাদকদের উৎসাহিত করিতে কতকগুলি হাসপাতালের জন্য এইখানে সাগু ও টেপিয়োকার অর্ডার দেওয়া হইয়াছে।

ঢাকার পল্লীতে সশস্ত্র ডাকাতি

গত ১৫ই মে শ্রীনগর থানা হইতে ছয় মাইল দূরবর্তী বাগড়া গ্রামে ধনী বানের মহাজন তিন বেপারীর বাড়ীতে এক দুঃসাহসিক ডাকাতি হইয়া গিয়াছে। রাত্রি অনুমান দুই ঘটিকার সময় ২০।২৫ জন ডাকাত মুখে রং মাখিয়া এবং খাকি রংয়ের হাফ প্যান্ট ও হাফ সার্ট পরিধান করিয়া বন্দুক ও অন্যান্য মারাত্মক অস্ত্রশস্ত্রে সুসজ্জিত হইয়া উহাদের বাড়ীতে হানা দেয় এবং কুড়াল দিয়া দরজা ভাঙ্গিয়া ঘরে প্রবেশ করে। ডাকাতেরা ঘরের লোকজনকে প্রহার করিয়া জখম করে এবং লোহার সিন্দুক ও অন্যান্য বাক্সপেটরা ভাঙ্গিয়া নগদ ও অলঙ্কারে প্রায় দশ হাজার টাকার মাল লইয়া উধাও হয়। গ্রামের লোক টের পাইয়া ডাকাতদলকে পলায়নের পথে বাধা দিলে ডাকাতগণ বন্দুকের গুলী ছোড়ে এবং তাহাতে কতিপয় গ্রামবাসী আহত হয়। তাহাদের অবস্থা সঙ্কটজনক নহে। পুলিশ এই পর্য্যন্ত ১০।১২ জনকে গ্রেপ্তার করিয়াছে। কিন্তু লুণ্ঠিত টাকা ও অলঙ্কারাদির কোন সন্ধান এখনও পাওয়া যায় নাই।

নিরক্ষরতা বিরোধী অভিযান

এক প্রেস নোটে প্রকাশ যে আসাম গভর্ণমেণ্ট নিরক্ষরতার বিরুদ্ধে অভিযান চালাইতেছেন। অনেক মহকুমায় এক শতটির বেশী করিয়া কেন্দ্র খোলা হইয়াছে। শীঘ্রই প্রতি মহকুমায় দুই শত করিয়া শিক্ষাকেন্দ্র খোলার ব্যবস্থা হইবে। শিক্ষাকেন্দ্রসমূহের যে পরীক্ষা হইয়াছে তাহাতে ১৯০০০জন মধ্যে ১৫০০০ জন পাশ করিয়াছে। চলতি বৎসরে গভর্ণমেণ্ট অশিক্ষার বিরুদ্ধে অভিযান চালাইবার জন্য ১০০০০৲ টাকা ব্যয় করিতেছেন আগামী বৎসরে অধিকতর অর্থ ব্যয় করা হইবে। প্রাথমিক পুস্তক প্রণয়ন ও বয়স্কদের শিক্ষার জন্য চার্ট প্রস্তুত প্রভৃতিতে ১২০০০৲ ব্যয়িত হইয়াছে। আসামী ও বাঙ্গলা ভাষায় পোষ্টারসমূহ প্রচারিত হইয়াছে। বাতি, শ্লেট, পেন্সিল প্রভৃতির জন্য মোট দশ হাজার টাকা ব্যয় হইয়াছে। সাধারণতঃ পাঠশালা গৃহসমূহে কেন্দ্র খোলা হয়। নিরক্ষরতা দূর করার জন্য অফিসারকে সাহায্য করার জন্য গভর্ণমেণ্ট ১৯জন সহকারী সাবইনস্পেক্টার ও অন্যান্য সহকারী লিটারেসী অফিসার নিয়োগ করিয়াছেন। আগামী বৎসরে পুস্তক বাক্স প্রভৃতির জন্য ৬৪ হাজার টাকা ব্যয়িত হইবে। নিরক্ষরতা দূরীকরণ কেন্দ্রে মাট ৩১,০০০ লোক শিক্ষা গ্রহণ করিয়াছে। যে ভাবে শিক্ষা দান চলিতেছে তাহাতে আশা করা যায় যে, প্রতিবৎসর আসামে ১১৫০০০ হাজার জন শিক্ষিত লোক বাড়িবে।

শ্রীযুক্ত গোপীনাথ বড়দলুই, শ্রীযুক্ত ব্রজেন্দ্রনারায়ণ চৌধুরী, শ্রীযুক্ত কৃষ্ণধর চালিহাও এই কার্য্যে সহযোগিতা করিতে রাজী হইয়াছেন।

বাঙলায় সংক্রামক রোগের প্রকোপ

গত ৫ই এপ্রিল যে সপ্তাহ শেষ হইয়াছে, সেই সময় বাঙলা দেশে মোট ৩,১১৭ জন লোক কলেরা রোগে আক্রান্ত হয়, তন্মধ্যে ফরিদপুরে ৬৬৪ জন বাখরগঞ্জে ৪৯২ জন, কলিকাতায় ২৭৩ জন, ২৪-পরগণায় ২৩২ জন, হাওড়ায় ১৫১ জন, যশোহরে ২৫৯ জন, খুলনা ২১১ জন, চট্টগ্রামে ১৮১ জন এবং ত্রিপুরায় ১২৮ জন আক্রান্ত হয়।

উক্ত সপ্তাহে মোট ১,৪০৮ জন লোক কলেরা রোগে মৃত্যুমুখে পতিত হয়, তন্মধ্যে ২৪-পরগণায় ১২৪ জন, যশোহরে, ১৮৯ জন, ফরিদপুরে ২৬৫, বাখরগঞ্জে ২৩৮ জন চট্টগ্রামে ১৩২ জন এবং খুলনায় ১১৪ জন মৃত্যুমুখে পতিত হয়।

মোট ১,০৭৬ জন লোক উক্ত সময় বসন্ত রোগে আক্রান্ত হয়, তন্মধ্যে কলিকাতায় ৩৮৯ জন, নদীয়ায় ২৬৫ জন এবং হাওড়ায় ১০৮ জন লোক রোগাক্রান্ত হয়। বসন্তরোগে মারা যায় মোট ৫১০ জন লোক, তাহার মধ্যে একমাত্র কলিকাতাতেই মরে ৩২১ জন।

দার্জ্জিলিংএ মোট ৭১ জন লোক ইনফ্লুয়েঞ্জায় আক্রান্ত হয়। কলিকাতায় ইতস্ততঃ মেনিঞ্জাইটিস রোগের প্রাদুর্ভাব ঘটে। প্লেগ রোগে কেহ আক্রান্ত হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া যায় নাই।

জন-কল্যাণ কেন্দ্রসমূহে সরকারের সাহায্য

সম্প্রতি বাঙলা সরকার নিম্নলিখিত সাহায্য মঞ্জুর করিয়াছেন:—

(১) শ্রীরামপুর মিউনিসিপ্যালিটি কর্তৃক ওয়ালস্ হাসপাতালে প্রস্তাবিত শিশু-কল্যাণ ও প্রসূতি-সদন নির্ম্মাণের ব্যয়ভার নির্ব্বাহার্থ এককালীন ৪,০০০৲ টাকা দান এবং স্বাস্থ্যসম্পর্কিত পরিদর্শকের মাসিক ১০ টাকা বেতন মঞ্জুর।

(২) হুগলী জেলার অন্তর্গত আরাম-বাগ মহকুমার অধীন বালবাটি ইউনিয়নে হুগলী জেলা বোর্ড কর্তৃক স্থাপিত কুষ্ঠ চিকিৎসালয় স্থাপন ও ব্যয়ভারনির্ব্বাহার্থ এককালীন ২০০৲ টাকা প্রদান। এই ঔষধ ক্রয়, ক্ষতস্থান বন্ধন, আসবাবপত্র এবং যন্ত্রপাতি ক্রয়ে ব্যয় করিতে হইবে।

(৩) মোনাকসা বোর্ড কর্তৃক স্থাপিত একটি কুষ্ঠাশ্রমের নির্ম্মাণকার্য ও ব্যয়নির্ব্বাহার্থ বগুড়া জেলা বোর্ডকে ২০০৲ টাকা প্রদান। এই দুইশত টাকার মধ্যে ৮৫৲ টাকা এককালীন প্রদত্ত হইয়াছিল এবং বাদবাকি ১১৫৲ টাকা ঔষধ, ক্ষতস্থান বন্ধন ও আসবাবপত্রাদির নিমিত্ত পৌনঃ-পৌনিকভাবে প্রদত্ত হইবে।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক র‍্যাভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিখিলভারতবিখ্যাত মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, শ্রীগৌড়ীয়-বৈষ্ণবাচার্য্য, এম এ মহোদয়ের গবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া এবিষয়ে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। ইহাতে বিরাট অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য ধর্ম্মের দার্শনিক দর্শনের সহিত তুলনামূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুর্ধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্ত্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গ্রথিত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ মূল্য ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা তাহার আলেখ্য ভূমিকা ও সূচীসহ অদৃষ্টপূর্ব্ব নবকলেবরে নব সংস্করণে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

শ্রীযুক্ত সুশীলরঞ্জন দাস এম-এ, বি-এল্,

পুরাণপল্টন, পোঃ রমণা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষা ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—৩৲ মাত্র। প্রাপ্তিস্থান - শ্রীগৌড়ীয়মঠ পোঃ বাগবাজার, কলিকাতা।

EROTIC PRINCIPLE & UNALLOYED DEVOTION

পরমপূজ্যপাদ শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী প্রভু প্রণীত। সম্প্রতি এই গ্রন্থের একটী নূতন সংস্করণ শ্রীশ্রীগুরুবর্গের ইচ্ছায় পুনঃ প্রকাশিত হইয়াছে। গ্রন্থের আকার পূর্ব্ব সংস্করণ অপেক্ষা বৃহৎ ও সুন্দর হইয়াছে। এই গ্রন্থে বহু অমূল্য উপদেশ আছে।

শুদ্ধভক্তি গ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪০৲

২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲

দশম স্কন্ধ— ৯৲

৩। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲

৪। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী ১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড - ৸০

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী ১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; ৩য় খণ্ড—৸০

৭। শ্রীচৈতন্যদেব ১।০

৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০

৯। বৈষ্ণবধর্ম্ম ২৲

১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০

১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০

১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০

১৭। চৈতন্যোপনিষদ্ ।০

১৮। প্রাকৃত আদর্শ ॥০

১৯ তত্ত্ববিবেক ।০

২০। গৌড়ীয়-গৌরব ।৶০

২১। গৌড়ীয়সাহিত্য ।৶০

২২। ভজন রহস্য ॥০

২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲

২৪। গীতা (বলদেব-টীকা সহ) ১৲

২৫। গীতা (চক্রবর্ত্তী-টীকাসহ) ১৲

২৬। গীতার কেবল মাধ্বভাষ্য ॥০

২৭। দুর্জ্জাত্যধিকা ভগবৌ-ভঃ (সানুবাদ) ২৲

২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)

২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৶০ বাঁধা ৸০)

৩০। দ্বীপ-দিগ্‌দর্শন ৶০

৩১ সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৶০

৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥০

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৶০

৩৫। গীতমালা ৵১০

৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৶০

৩৭। ঐ প্রমাণ খণ্ড ৶০

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০

৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০

৪০। শরণাগতি ৶০

৪১। গীতাবলী ৵১০

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০

৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২।০

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা

৪৫। নবদ্বীপশতক ৵১০

৪৬। স্মরণমঙ্গল ৵১০

৪৭। মনঃশিক্ষা ৵১০

৪৮। কল্যাণকল্পতরু ৵১০

৪৯। অর্চ্চনপথ /০

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲

৫১। ব্রহ্মসংহিতা ।।০

৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০

৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০

৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০

৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০

৫৬। ভারতবর্ষে ভক্তিপথ ৶০

৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০

৫৮। শ্রীভুবনেশ্বর ৶০

৫৯। সিদ্ধান্তদর্পণ /০

৬০। সারস্বতী /০

৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২।০

৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০

৬৪। সিদ্ধান্ত-সংগ্রহ ঐ নির্ণয়ঃ ৭০

৬৫। সটীকা শিক্ষাষ্টকম্ ।০

৬৬। তত্ত্বসূত্রম্ ।০

৬৭। সাত্বত শিক্ষাষ্টকম্ ৶০

৬৮। গৌড়ীয়মঠস্থ পরিচয়ঃ /০

৬৯। সারাৎসারনির্ণয়ম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥০

৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ॥০

৭২ নামভজন /০

৭৩। সোসাইটি রকস্কুণ্ডস্ এণ্ড অর্চ্চনাঙ্গ ॥০

৭৪। রিলেটিভ ওয়ার্ল্ডস্ ।৶০

৭৫। লাইফ এণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০

৭৬। বৈষ্ণবীজম্ ॥০

৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং /০

৭৮। দি ভাগবত ।০

৭৯। এরোটিক প্রিন্সিপল এণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ॥০

৮০। ব্রহ্মসংহিতা ॥০

৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ৩৲

৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৬৲

৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০

৮৫। সাধনপথ ॥০

৮৬ কল্যাণকল্পতরু ৵১০

৮৭। গীতাবলী ৵১০

- শরণাগতি /০

৮৯। শ্রীসচ্চিদানন্দবাণী ।৶০

৯০। শ্রীগৌড়ীয়বাণী ॥০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ॥০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

সভার কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃত ভাষ্যসহ সম্প্রতি প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীস্তবরত্নমালা

[illegible] ও প্রণতি এই গ্রন্থ সুন্দর আকারে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৬০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ২০ ত্রিবিক্রম, গৌরাব্দ ৪৫৫, ১৭ই জ্যৈষ্ঠ, বঙ্গাব্দ ১৩৪৮, ৩১শে মে, ইং ১৯৪১, শনিবার { ৭২৩ম সংখ্যা

শ্রীশ্রীল প্রভুপাদের উপদেশামৃত

——:•:(•):•:——

আমাদের বর্ত্তমান অবস্থায় সাধুসঙ্গ থেকে সর্ব্বক্ষণ হরিকথা শ্রবণ ক'রলে আমাদের কর্ণে এতকাল যে সকল অসৎ কথা—অমঙ্গলের কথা প্রবেশ ক'রেছে, তা' সম্পূর্ণরূপে দূরীভূত হ'বে। শ্রীভগবানের কথা নিত্য—পূর্ণজ্ঞানময়—নিরবচ্ছিন্ন আনন্দময়। দুর্ল্লভ সজ্জনের মুখেই তাঁ'র কথা কীর্ত্তিত হয়। সুতরাং এরূপ সজ্জনের সঙ্গ—সাধুর সঙ্গ দুর্ল্লভ হ'লেও অনুসন্ধান ক'রতে হ'বে। আমরা অজ্ঞতাবশতঃ সাধুর নিকট ঐহিক সুখসুবিধার কথা শুনতে চাইলেও তাঁ'রা বিজ্ঞ ব'লে আমাদিগকে বিষয়সুখজনিত অমঙ্গলের উপদেশ না দিয়ে নিত্যরাজ্যের পূর্ণজ্ঞানের ও নিরবচ্ছিন্ন আনন্দের কথা বলেন। তাঁ'দের সেই সকল কথা সর্ব্বদা আমাদের স্মৃতিতে উদয় হওয়া প্রয়োজন। সে সব কথা স্মৃতির অভাবে নানাপ্রকার ইতর কথা হৃদ্দেশ অধিকার করে। সাধুগণের মুখে যে সব কথা শ্রবণ করা যায়, তা' অনুক্ষণ স্মরণ ক'রলে জীবের জাগতিক অমঙ্গল দূর হ'য়ে নিত্যমঙ্গল লাভ হয়। সাধুর বাক্য—গুরুর বাক্য—শাস্ত্র-বাক্য—ভগবানের বাক্য ভিন্ন নয়—এক কথা।

নিত্য বস্তু ভগবানের সহিত আমাদের নিত্য সম্বন্ধ। আমরা তাঁ'র কথা ভুলে গিয়েছি ব'লে তিনি এখন আমাদের নিকট হ'তে বহু দূরে আছেন। সেবোন্মুখ কর্ণ ও জিহ্বাদ্বারা সর্ব্বক্ষণ তাঁ'র কথা শ্রবণ ও কীর্ত্তন ক'রলে তিনি আমাদের যাবতীয় পাপ—সকল প্রকার অসুবিধা দূর ক'রে দিয়ে তাঁ'র সঙ্গ প্রদান ক'রবেন। সর্ব্বাপেক্ষা প্রয়োজনীয় ভগবৎপাদপদ্মসেবায় আমাদের মনোযোগ আকৃষ্ট হওয়া উচিত। পার্থিব জিনিষগুলি থাকে না, কিন্তু যে জিনিষ নিত্য—পরমমঙ্গলময়, তা'র সঙ্গবিচ্যুত হওয়া কর্ত্তব্য নয়।

শ্রীগুরুবৈষ্ণবের কৃপায় আমাদের দিব্য-জ্ঞানের—সম্বন্ধজ্ঞানের উদয় হয়। তখন আমরা শ্রীগুরুবৈষ্ণবসেবার্থ নিত্য বৈকুণ্ঠ-ধামের যাত্রী হইয়া পরা শান্তি লাভ করি।

ভক্তি হয় যা'তে, তা'রই রাস্তা করা দরকার। ভক্তি পরমানন্দবস্তু, তাঁ'তে নিরানন্দ ব'লে কোন কথা নাই। হরিভজন হ'লে ব্যারাম হওয়াও ভাল। হরিভজন না হ'লে ব্যারাম থেকে ছুটী পেয়েই বা লাভ কি? যে যে-অবস্থায় থাকুক না কেন, সকল অবস্থায়ই শ্রীভগবানের সেবা করুক—ইহাই বৈষ্ণবের বিচার। সাধুর প্রকৃষ্ট সঙ্গ ব্যতীত ভক্তিলাভের আর উপায় নাই।

ভগবান্‌কে যথাসর্ব্বস্ব সমর্পণ করার নামই ভক্তি বা একায়নপন্থা। এতদ্ব্যতীত অন্য বিচারে ধাবিত হইলেই বহ্বয়নপন্থা আসিয়া যায়। আমার আশা যেখানে পরিপূর্ণরূপে বাস্তবসত্যের সেবায় উন্মুখ, সেইখানেই মানব সাধুতা, নতুবা সর্ব্বত্রই অসাধুতা বিরাজিত। যাঁহারা দিবানিশি পরচর্চ্চায় আনন্দ উপভোগ করেন, তাঁহারা কখনই আত্মমঙ্গল লাভ করিতে পারেন না। ভক্তিযাজীর খুব সতর্ক হওয়া দরকার। বিশেষ সতর্কতা অবলম্বন না করিলে ভক্ত্যঙ্গযাজনাভিনয় সত্ত্বেও ভক্তিহীনতা আপনাআপনি উপস্থিত হইয়া পড়ে।

ভগবৎসেবা করিতে গিয়া ভোগবুদ্ধি মাঝে আসিয়া পড়িলে সেবা আর হইয়া উঠে না। ভগবৎকথা-শ্রবণে শ্রদ্ধা না হওয়া পর্য্যন্ত মনুষ্যের নানাবিষয়ে মতি দৃষ্ট হয়। ইহজগতে কামাদির হস্ত হইতে যদি কেহ পরিত্রাণ পাইবার ইচ্ছা করেন, তবে তাঁহার বাস্তবসত্যে অকপট শ্রদ্ধা হওয়া দরকার। শ্রদ্ধা হইলেই অপ্রাকৃত রাজ্যের কথা বুঝিতে পারা যায়।

বিষ্ণুসেবকই ভক্ত, আর সকলে ইতর-জগতের প্রভু হবার জন্য ব্যস্ত। তাহারা অভক্ত বা অচেতন। যাহারা প্রভুত্বকামী, তাহারাই মূর্খ। হ্লাদিনীস্বরূপা পরাশক্তি শ্রীরাধিকাই সকলের গুরু। তিনি কৃষ্ণেরও গুরু—কৃষ্ণ তাঁহার শিষ্য হইয়া নাটের কার্য্য শিক্ষা করেন। অর্থাৎ শ্রীরাধাই গুরু-তত্ত্বের মূল। মধুররসের রসিকগণের মূল গুরুই শ্রীরাধিকা।

হরিভজনে যাঁহার কিছুমাত্রও শ্রদ্ধা হইয়াছে, তিনি ভজনমার্গের প্রথম সোপান-ধাপের এই কথাটি হৃদয়ে গাঁথিয়া রাখিবেন, "ভাল না খাইবে, আর ভাল না পরিবে।" ভাল খাওয়া-পরার ইচ্ছা বা তাহাতে রুচি হরিভজন হইতে অবশ্যই দূরে সরাইয়া দিবে। ভাল ভাল খাওয়া-পরার ইচ্ছা থাকিলে কখনই হরিভজন হইবে না।

ভগবানে full confidence অর্থাৎ হরিভজনে firm determination রাখা দরকার। I must recieve His grace I must not go astray. God will undoubtedly help us, if we are bonafide. প্রাকৃত আশিতাই মনোধর্ম। শূন্য বা নিরীশ্বরের বা সংসারাসক্ত মনের ধ্বংসের অকুষ্ঠ সাধন।

শ্রীগুরুপাদপদ্মের নিকট কীর্ত্তন শ্রবণ ক'রলে তাঁ'র [illegible] পরিমাণ [illegible] সেবাদর্শ যদি সৌভাগ্যে দেখবার সুযোগ ও সৌভাগ্য পাই, তা' হ'লে আমরাও সেবা ক'রতে পারি। শ্রীগুরুপাদপদ্ম ও তাঁ'র বন্ধুবর্গ বাহ্যজগতের বন্ধু ন'ন। [illegible] যে ভাষায় বললে আমার মূর্খতা যায়, তাঁ'রা সেই ভাষায় বলে আমার মূর্খতা অপনোদনের যত্ন করেন—আমাদিগের অন্তরে সাধুবৃত্তির সঞ্চার করেন। সাধুগণের বৃত্তি batteryর action এর মত। উহা অসৎসঙ্গকে repel ও সৎসঙ্গকে attract করে। সাধুদিগের সঙ্গ দ্বারা সাধুবৃত্তি লাভ হয়। অসদ্বস্তু ত্যাগ ও সদ্বস্তুগ্রহণের পরামর্শ ব্যতীত সাধুগণ অন্য পরামর্শ প্রদান করেন না।

আমাদের কোন [illegible] নাই—পান করার কোন আকাঙ্ক্ষা নাই, যদি কৃষ্ণভজন না করি, মনুষ্যজন্ম লাভের যে যোগ্যতা হ'য়েছিল, সেটাও না হওয়াই ভাল ছিল, যদি হরিভজন না হ'ল। [illegible] খাওয়া দাওয়া [illegible] জীবন কেটে যায়, তা'হ'লে [illegible] হ'য়েছিল, সেটি [illegible] ছাড়া [illegible] ভিতর পড়তে হ'ল। [illegible] হয় হরিভজন ক'রবার জন্য।

জীবের যতপ্রকার কর্ত্তব্য আছে, তন্মধ্যে বিষ্ণুর সেবাই সর্ব্বশ্রেষ্ঠ কর্ত্তব্য। তাহা অপেক্ষাও বৈষ্ণবের সেবা অধিকতর শ্রেষ্ঠ কর্ত্তব্য। আমাদের কর্ত্তব্য হ'চ্ছে—বৈষ্ণবের বাক্যের শরণাগত হওয়া। ভক্ত আশ্রয় [illegible] উপর নির্ভর করিলে সমস্ত দায়িত্ব [illegible]।

——

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২০ ত্রিবিক্রম, [illegible] গৌরাব্দ ৪৫৫

পরিপ্রশ্ন

—::•::—

আমরা শ্রীমদ্ভগবদ্গীতায় পরিপ্রশ্ন শব্দের প্রয়োগ দেখিতে পাই। শ্রীভগবান্ বলিয়াছেন,—

তদ্বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া।
উপদেক্ষ্যন্তি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ॥

আত্মজ্ঞান লাভের উপায় সম্বন্ধে বলিতেছেন, তুমি তত্ত্বদর্শী গুরুবর্গকে প্রণিপাতপূর্ব্বক এবং অকপটভাবে সেবা করত তাঁহাদিগকে প্রসন্ন করিয়া তাঁহাদের নিকট তত্ত্বজ্ঞান সম্বন্ধে জিজ্ঞাসা কর, সেই জ্ঞানিগণ তোমাকে জ্ঞান উপদেশ করিবেন। এই জ্ঞানিগণ সাধারণজ্ঞানী বা তত্ত্ব-অজ্ঞানী। ইঁহারা তত্ত্বদ্রষ্টা—অনুভবে প্রতিষ্ঠিত। এই তত্ত্বদ্রষ্টাদিগের নিকট প্রণিপাত করিতে হইবে আত্মনিবেদন করিতে হইবে। তৎপর 'কেন এ সংসারবন্ধন হইল, কিরূপে ইহা দূর হইবে',—আবশ্যকতার সহিত যেখানে এরূপ জিজ্ঞাসা, তাহাই পরিপ্রশ্ন। যেখানে প্রণিপাত বা আত্মনিবেদন নাই, সেখানেই পরিপ্রশ্নের উদয় হয়। আবার যেখানে পরিপ্রশ্ন সেইখানেই হরি-গুরুবৈষ্ণবসেবা স্বাভাবিক। ইঁহাদের একটী অপর দুইটীকে বাদ দিয়া থাকিতে পারে না।

প্রণতই পরিপ্রশ্ন করে, প্রণতই সেবা করে। যেখানে পরিপ্রশ্ন নাই, সেখানে সেবাও নাই, সেখানে পরিপ্রশ্ন বা সেবার আড়ম্বর কপটতা মাত্র। ভোগোন্মুখের পরিপ্রশ্নের কোন মূল্য নাই। সেবোন্মুখেরই পরিপ্রশ্নে অধিকার। সাধকজীবনের প্রারম্ভে পরিপ্রশ্ন আসিবেই থাকিবে। পরমার্থবিষয়ে সম্পূর্ণ উদাসীন বা অনুতাপশূন্য ব্যক্তিগণেরই পরিপ্রশ্নের উদয় হয় না। পারমার্থিক জীবনে প্রতিষ্ঠিত হইবার জন্য যে অকপট সাধন বা জিজ্ঞাসা, তাহার সহিত জ্ঞান-সংগ্রহের চেষ্টা বা কৌতূহল-চরিতার্থতা এক নহে। সেবোন্মুখতাই পরিপ্রশ্নের ভিত্তি, আর আত্মেন্দ্রিয়-তর্পণমূলক কৌতূহল চরিতার্থতার প্রয়াস। প্রণিপাতের ফল পরিপ্রশ্ন, পরিপ্রশ্নের ফল সেবা এবং সেবার ফল উত্তরোত্তর সেবা। পরিপ্রশ্নের মূলে যদি সেবাকাঙ্ক্ষা ব্যতীত অন্য কিছু দেখা যায়, তবে তাহা মনোধর্ম ছাড়া অন্য কিছুই নহে।

প্রণিপাতযুক্ত পরিপ্রশ্ন না হইলে অর্থাৎ সরলভাবে অকপট আত্মসমর্পণের সহিত বাস্তবসত্যে বা সেবায় প্রতিষ্ঠিত হইবার জন্য পরিপ্রশ্ন না হইলে ঐরূপ শ্রবণকীর্ত্তনের অভিনয় কিছুদিন পরে বন্ধ হইয়া যায়। পরিপ্রশ্নের নামে তাদৃশ কৌতূহলরূপ কাম বা মনের সাময়িক উচ্ছ্বাস কতদিন থাকে? নামভজন শ্রবণ কীর্ত্তনের মধ্যে প্রতি মুহূর্ত্তে, প্রতিক্ষণে যদি চেতনের সাড়া পাওয়া না যায়, নিত্যনূতনভাবে সেবাশা হৃদয়ে না জাগে, তাহা হইলে বুঝিতে হইবে, তাহার প্রণিপাতে কপটতা আছে, পরিপ্রশ্নের অভ্যন্তরে ইন্দ্রিয়তৃপ্তির কামনা আছে, সেবার আড়ম্বর বা অভিনয়ের মধ্যেও অন্যাভিলাষ আছে। পরিপ্রশ্ন তর্কপন্থায় আবাহন নাই। প্রকৃত পারপ্রশ্নকারী সরল, অনুগত ও অকপট। শুদ্ধ শ্রোতৃপরিবাহী ঠিক ঠিক গ্রহণ করিতে পারেন এবং সেবায় প্রবৃত্ত হন। প্রণিপাত অর্থাৎ আত্মনিবেদন। পরিপ্রশ্ন করিবার পূর্ব্বে পরিপ্রশ্নের অভিনয় করি না। শ্রদ্ধা বা শরণাগতি নাই, অথচ পুনঃ পুনঃ প্রশ্ন করিতেছি,—এইরূপ শত কোটি কোটি জন্ম করিলেও কি ফল হইবে? 'আদৌ গুর্ব্বাশ্রয়ং ততঃ ক্রিয়েত।' আত্মনিবেদন হইলাম না, অথচ ভগবানের সেবাসুখ্যান-বিষয়ে প্রশ্নের মূল্য কি? সেইজন্যই বলিতেছি, প্রণত হইয়া পরিপ্রশ্ন করিতে হইবে, তবেই মঙ্গল হইবে। নতুবা এই প্রশ্নের আর শেষ হইবে না। যেখানে সংশয়, সেইখানেই প্রশ্ন। এইরূপ সংশয়ী প্রাণ পরিপ্রশ্নের মধ্যে প্রণতি নাই, সুতরাং তাহার মৌখিক পরিপ্রশ্ন বৃথা কালক্ষয় মাত্র।

যৎকিঞ্চিৎ

—:•(•):•:—

কৃপা দুই প্রকার—কপট কৃপা ও অকপট কৃপা। লাভ পূজা প্রতিষ্ঠা, স্বর্গাদিসুখ-প্রাপ্তি কপট কৃপার ফল। এই কপট কৃপার ফলে জীব সংসারে ভ্রমণ করে, আর গুরুবর্গের অকপট কৃপায় সংসারক্ষয় ও কৃষ্ণের প্রতি অহৈতুকী সেবাপ্রবৃত্তি উদ্বুদ্ধ হয়। বদ্ধজীবের যাহা রুচির অনুকূল, তাহাই কপট কৃপা, আর যাহা জীবের পক্ষে পরম শ্রেয়ঃ, তাহাই অকপট কৃপা। এই কপট কৃপার অপর নাম মন্দোদয়া দয়া বা বঞ্চনা। বদ্ধজীব আমাদের স্বভাবতঃই কপট কৃপা বা বঞ্চনার প্রতিই রুচি বেশী। অনেক সময় আমরা মুখে ভগবানের অকপট কৃপা চাহিয়াও কার্য্যকালে কপট কৃপারই ভিখারী হইয়া থাকি। গুরু, বৈষ্ণব ও ভগবানের সেবা করিবার পরিবর্ত্তে তাঁহাদের নিকট হইতে জাগতিক লাভ-পূজা-প্রতিষ্ঠাপ্রাপ্তিই আমাদের নিকট অধিক কৃপার পরিচয় বলিয়া মনে হয়।

প্রকৃত ভক্ত সেবের সেবাসুখ ব্যতীত নিজ সুখের জন্য কিছুই চাহেন না, এমন কি, যাচিয়া দিলেও তাহা গ্রহণ করেন না। গুরুবৈষ্ণবগণ আমাদিগকে পরীক্ষা করিবার জন্য কিংবা কোনপ্রকার স্নেহপরবশ হইয়া আমাদিগকে কোন কিছু প্রদান করিতে চাহিলেও আমরা মঙ্গলকামী হইলে একমাত্র তাঁহার সেবা ব্যতীত আন্তরিকভাবে আর কিছুই চাহিব না। সর্ব্বক্ষণ গুরুবৈষ্ণবের সেবাবুদ্ধিতে প্রতিষ্ঠিত থাকিলে এইরূপ দৃঢ়তা আসিবে। অনেকে মনে করেন যে, আমরা শ্রীগুরুবৈষ্ণবপাদপদ্মে শরণাগতও হইব না এবং তাঁহাদের নিকট হইতে কিছু গ্রহণও করিব না। কিন্তু ইহা ভক্তির বিচার নহে। সর্ব্বদা শরণাগতিময় জীবনই শুদ্ধভক্তির অনুকূল। ভক্তিতে ভগবানের শ্রীপাদপদ্মে সম্পূর্ণ নির্ভরতা ও তাঁহার সুখের জন্য ব্যস্ততা আছে। শ্রীগুরুবৈষ্ণবের পাদপদ্মে সর্ব্বতোভাবে আত্মবিক্রয় করিয়া, তাঁহাদের উচ্ছিষ্টভোজী কুক্কুর হইয়া তাঁহাদের সেবা করাই শরণাগতের লক্ষণ। শ্রীগুরুবৈষ্ণব এইরূপ শরণাগত ব্যক্তিকে কখনও কপট কৃপা-দ্বারা বঞ্চনা করেন না।

শুদ্ধভক্ত কখনও জাগতিক অভাব-অসুবিধা গুরুবৈষ্ণবের দ্বারা পূরণ করাইবার চেষ্টা করেন না, বরং নিজের সেবাবৃত্তির অভাব জানিয়া তৎপ্রতি বিচার ও অধিকতর অকপট আর্ত্তি করিয়া থাকেন। দৈন্যই ভক্তের ভূষণ।

মঙ্গলের পথে বহু বিঘ্ন। এই সব বিঘ্ন দূর করিতে হইলে শ্রবণ আবশ্যক। কর্ণই সর্ব্বাগ্রে নিত্যমঙ্গল বরণ করিতে পারে। শ্রবণ হইলেই কীর্ত্তন হইবে, কীর্ত্তন হইলেই স্মরণ হইবে। কীর্ত্তন হইলে কীর্ত্তিত বিষয় স্মরণ না হইয়া যায় না। সেইজন্য শ্রবণ, কীর্ত্তন ও স্মরণ একতাৎপর্য্য-পর। যদি এগুলি একতাৎপর্য্যপর না হয়, তাহা হইলে জানিতে হইবে যে, শ্রবণ-কীর্ত্তন প্রভৃতির অনুশীলন হয় নাই। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—"শ্রীচৈতন্যের দাসগণ প্রতি মুহূর্ত্তে স্মরণ করাইয়া দেন,—যদি কীর্ত্তন কর, তবে জীবনের সমস্ত সমস্যার সমাধান হইবে, তদ্দ্বারা পরের মঙ্গল ও তোমার নিজের মঙ্গল খুব বেশী পরিমাণে হইবে। শ্রুত বিষয়ের কীর্ত্তনই শ্রবণের একমাত্র পরিচালক।"

শ্রীমন্মহাপ্রভু আমাদিগকে সর্ব্বেন্দ্রিয়ের দ্বারা সেবা করিতে উপদেশ দিয়াছেন। তাঁহার উপদেশ কায়মনোবাক্যে শ্রবণ করিলে নিজের ও জগতের মঙ্গল হয়। কৃষ্ণ-সেবায় সর্ব্বেন্দ্রিয় নিযুক্ত না হইলে নিজের ও পরের অমঙ্গল অবশ্যম্ভাবী। আমরা যদি দ্বিতীয়াভিনিবেশ বা অনর্থের হস্ত হইতে নিষ্কৃতি চাই, তাহা হইলে আমাদিগকে সাধুর পদধূলিতে স্নান করিয়া ভগবানের ইন্দ্রিয়তর্পণে নিযুক্ত হইতে হইবে। কৃষ্ণের সেবার জন্য প্রাণপণে যত্ন করিতে হইবে। কৃষ্ণ পূর্ণানন্দ লাভ করিলে তদন্তর্গত আমরাও পূর্ণানন্দ লাভ করিতে পারিব।

সর্ব্বক্ষণ শ্রীধামে বাস করিতে হইবে। শ্রীধামবাস নিজেন্দ্রিয়তৃপ্তির জন্য নহে। সর্ব্বক্ষণ কৃষ্ণেন্দ্রিয়তৃপ্তির চেষ্টা লইয়া সাধুসঙ্গে হরিকথা-শ্রবণকীর্ত্তন করিতে করিতে কৃষ্ণ-বসতিস্থলে স্বাভাবিকী প্রীতির সহিত বাসই যথার্থ শ্রীধামবাস। জীবের ইন্দ্রিয়তর্পণাগার শ্রীধাম নহে। শ্রীকৃষ্ণবিলাসস্থলীই শ্রীধাম। শ্রীধাম জাগতিক কোন স্থানবিশেষ নহেন, তাহা ভগবল্লোক এই শ্রীধামে ভগবান্ তদীয় পরিকরগণসহ সতত বিবিধ প্রেম-লীলায় মগ্ন হইয়া পরমানন্দে বিরাজ করেন। শ্রীধাম চিন্ময়, কিন্তু মায়াবদ্ধ জীব জড়েন্দ্রিয়ে শ্রীধামের সেই বৈকুণ্ঠ-স্বরূপ দর্শন করিতে পারে না, পরন্তু শ্রীধামকে মায়ায় প্রপঞ্চের মত দেখে। যে শ্রীধাম জীবের একমাত্র আশ্রয় ও নিত্য বাসস্থান, সেই শ্রীধামের প্রতি বদ্ধজীবের বিশ্বাস হয় না, শ্রীধামের চেতনময়ত্ব ও স্বতঃকর্ত্তৃত্ব তাহারা স্বীকার করিতে পারে না। শ্রীধাম কালাতীত বস্তু। কাল সেখানে প্রবেশ করিতে পারে না। সেখানে নিত্যানন্দ সতত বর্ত্তমান। সেখানকার প্রতি আনন্দ-মুহূর্ত্ত অখণ্ড ও অটলভাবে সতত কৃষ্ণসেবার জন্য। সেখানে হেয়তা বলিয়া কিছু নাই। সেই গোলোক-বৃন্দাবন আলোক চিদানন্দ-জ্যোতিঃ, তাহাতে কখনও ছায়াপাত হয় না। তথায় অখণ্ড আনন্দময় প্রেম সদা সমভাবে বর্ত্তমান। শ্রীভগবানের অতীব প্রিয়জন ব্যতীত অন্য কাহারও শ্রীধামে প্রবেশাধিকার নাই।

অদেব কখনও দেবতার সেবা করিতে পারে না। বিধিমার্গেও দেখিতে পাওয়া যায়, সেব্য ও সেবক সমজাতীয় না হইলে সেবা সম্পাদিত হয় না। 'নাদেবো দেবমর্চ্চয়েৎ'—এই ন্যায়ানুসারে অদেব কখনও দেবতার অর্চ্চনের যোগ্য হয় না। শ্রীগুরু-দেব কৃষ্ণপ্রেষ্ঠ। তিনি নিরন্তর কৃষ্ণ-সেবা করেন। অনন্ত জীবকে তিনি কৃষ্ণসেবায় নিযুক্ত করেন। তিনি নিজে দেবতা থাকিয়া তাঁহার আশ্রিতবর্গকে অদেব রাখেন না, কারণ অদেবের কখনও দেবতা অর্থাৎ শ্রীবাসুদেবের সেবাযোগ্যতা নাই। তাই শ্রীগুরুদেব সকলকে সেবাধিকার প্রদান করিবার জন্য তাঁহাদিগকে দিব্যজ্ঞান প্রদান পূর্ব্বক তাঁহাদের অপ্রাকৃত অনুভূতি উদিত করাইয়া থাকেন। রাগমার্গেও দাসগণ সমজাতীয় স্বরূপানুভূতিতে ভগবানের নিত্য-আশ্রিত উপলব্ধিতে নিত্য ভগবৎ-সেবা-পরায়ণ।

ভক্তের অনুগ্রহ

ভক্তের জীবে দয়া স্বাভাবিক। তাঁহার স্নেহ, তাঁহার শাসন, তাঁহার শাপ—সবই দয়া। ভক্তের প্রত্যেক কার্য্যই ভগবৎ-সুখপর ও জীবমঙ্গলদায়ক। হরিবিমুখতাই সকল ক্লেশের মূল। ভগবদুন্মুখ ভক্তগণ জীবের হরিবিমুখতা দূর করিবার জন্য সতত ব্যস্ত। সেবোন্মুখ হইলেই ভক্তের কোমলতা, দয়ার্দ্রতা উপলব্ধি করা যায়। ভক্তই জীবকে ভগবানের সন্ধান দেন। ভক্তের মত এত বড় দান আর কেহ করিতে পারেন না। সেইজন্য ভক্তের ন্যায় এত বড় জিনিস আর কোথাও নাই। ভক্ত কলে-কৌশলে আমাদিগকে ভগবৎ-সাক্ষাৎকার করাইবার যত্ন করেন। মাদৃশ বদ্ধজীবগণকে ভগবদুন্মুখ করিবার জন্য ভক্তগণের যে চেষ্টা ও যত্ন, তাহা অবর্ণনীয়। ভক্তের ন্যায় এত বড় বান্ধব কি আর কেহ আছে? সেই পরমবান্ধবকে যদি বান্ধবজ্ঞান না হয়, তাহা হইলে মঙ্গলের আশা করা যায় কি?

পরদুঃখদুঃখী জগদ্গুরু শ্রীনারদের কথা সকলেই অবগত আছেন। তিনি বীণাযন্ত্র সতত শ্রীরাধারমণের শ্রীনামগানে রত। তিনি মহাভাগবতশিরোমণি। তাঁহার সর্ব্বত্র সমদর্শন। তিনি ষড়্‌বেগজয়ী গোস্বামী। পরদুঃখকাতর কৃষ্ণপ্রেষ্ঠ শ্রীনারদ একদিন ক্রোধলীলা প্রকাশ করিয়া কুবেরনন্দন নলকূবর ও মণিগ্রীবকে শাপচ্ছলে কৃপা করিয়াছিলেন। সেইজন্যই বলিতেছি, ভক্তের শাপ—শাপ নহে, তাহা শাপে বর। ভক্তের সেই কৃপা কৃষ্ণসাক্ষাৎকার করায়। শ্রীনারদের শাপপ্রতিম কৃপা ঐ কুবেরপুত্রদ্বয়কে কৃষ্ণ পাওয়াইয়া দিয়াছিল।

মণিগ্রীব ও নলকূবর—ইঁহারা দুই সহোদর। নারদের শাপে ইঁহারা ব্রজে যমলার্জ্জুনবৃক্ষ হইয়া জন্মগ্রহণ করেন। এই কুবের পুত্রদ্বয় রুদ্রের অনুচর ছিলেন। মহেশ্বর তাঁহাদিগকে কৈলাস পর্ব্বতের তপোবন রক্ষা করিবার আদেশ দেন। শঙ্করের ক্রীড়াবনে মদমত্ত থাকিয়া তাঁহারা বাস করিতে থাকেন। তাঁহারা তত্রত্য মন্দাকিনীতটে বারুণী মদিরা পান করিয়া উন্মত্ত হইয়া সর্ব্বক্ষণ দিব্যনারীগণ সঙ্গে বিহার করিতে থাকেন। একদিন তাঁহারা গঙ্গায় গমনপূর্ব্বক মত্তহস্তীর ন্যায় স্ত্রীলোকের সহিত নির্লজ্জভাবে বিহার করিতেছিলেন, এমন সময় শ্রীনারদ তাঁহাদের ভক্ত্যুন্মুখী কোনপ্রকার সুকৃতিফলে বৈকুণ্ঠপথে তথায় উপস্থিত হইয়া সেই কুমারদ্বয়কে দেখিতে পাইলেন এবং তাঁহাদিগকে মদমত্ত বুঝিতে পারিলেন। শ্রীনারদকে দেখিয়া বিবসনা দেবকন্যাগণ লজ্জিতা ও অভিশাপভয়ে ভীতা হওয়া সত্বর বস্ত্র পরিধান করিলেন, কিন্তু কুবেরপুত্রদ্বয় বসন পরিধান করিলেন না। তখন পরমকরুণাময় দেবর্ষি শ্রীনারদ সেই মদিরামত্ত দেবপুত্রদ্বয়ের অবস্থা দেখিয়া তাঁহাদের প্রতি অনুগ্রহ করিবার জন্য শাপপ্রদানে ইচ্ছুক হইয়া বলিলেন—"বিষয়াসক্ত পুরুষের ধনমদ যেরূপ বুদ্ধিনাশ করিয়া থাকে, সৎকুল কিংবা বিদ্যা প্রভৃতি হইতে জাত গর্ব্ব তাদৃশ বুদ্ধিনাশ করে না। ধনগর্ব্ব জন্মিলে জীব স্ত্রী-সম্ভোগ, অক্ষক্রীড়া ও মদ্যপানে রত হয়। ঐরূপ অহঙ্কারী জীব অনিত্য নশ্বর দেহকে নিত্য মনে করিয়া নিজসুখের জন্য পশুবধ করিয়া থাকে। পরহিংসাই তাহাদের কার্য্য হইয়া থাকে। প্রাণিহিংসা হইতে অন্তিমকালে নরকপ্রাপ্তি হয়। কি দেবদেহ, কি নরদেহ, কি পশুদেহ—সমস্তই মৃত্যুর পর কৃমি-বিষ্ঠাদিরূপে পরিণত হয়। এই শরীর যে পরাধীন, তাহা তাহারা বুঝিতে পারে না। তজ্জন্য এই দেহে অহংমম বুদ্ধি করিয়া মতিভ্রষ্ট হয়। নিত্য ভগবদ্দাস জীব জন্ম, ঐশ্বর্য্য, শ্রুত ও শ্রীর অহঙ্কারে মত্ত হইয়া ভগবানের সেবা ছাড়িয়া দেয়। যে দেহের জন্য সে এত করিতেছে, সে দেহ যে চিরদিন থাকিবে না, একথা সে একবার চিন্তাও করে না। এরূপ মদান্ধ ব্যক্তির দারিদ্র্যই মহৌষধ। কারণ, যে ব্যক্তি নিজে কষ্ট পায়, সে অপরের কষ্ট বুঝিতে পারে, আর সর্ব্বদা দারিদ্র্যক্লিষ্ট বলিয়া তাহার কোনরূপ অহঙ্কার আসিতে পারে না। দরিদ্র ব্যক্তি নানাভাবে কষ্ট পায়। তাহার পক্ষে সেই কষ্ট পরম তপস্যাস্বরূপ; যেহেতু ঐ দারিদ্র্যই তাহাকে গর্ব্বহীন করিয়া থাকে। সর্ব্বদা ক্ষুধায় ক্ষীণকলেবর হওয়ায় তাহার ইন্দ্রিয়ের উত্তেজনা কমিয়া যায়। তখন আর হিংসা করিবার ইচ্ছা হয় না। সমদর্শী সাধুগণও এই দীনহীন অকিঞ্চনকেই সঙ্গ দান করিয়া থাকেন। নিরভিমান দীন বা দরিদ্র ব্যক্তিও সৎসঙ্গবশতঃ বিষয়বাসনা হইতে মুক্ত হয় এবং শীঘ্রই তাহার চিত্তশুদ্ধি হইয়া থাকে। যাঁহারা অনন্যচিত্তে ভগবদ্ভজন করেন, তাঁহাদের কৃপা অকিঞ্চন ব্যক্তিই লাভ করিয়া থাকে। এই দুইজন লোকপাল কুবেরের পুত্র হইয়া এত মদমত্ত যে, নিজ শরীর নগ্ন আছে বলিয়াও তাহারা জানিতে পারিতেছে না, এই অপরাধে তাহারা স্থাবরত্ব লাভের যোগ্য। তবে ঐ স্থাবরত্ব লাভের পরেও যাহাতে তাহারা ঐরূপ অপরাধ না করে, তজ্জন্য আমার অনুগ্রহেই ইহাদের পূর্ব্বস্মৃতি বর্ত্তমান থাকিবে। দৈব শতবর্ষ গত হইলে ইহারা আমার কৃপায় শ্রীকৃষ্ণের সান্নিধ্য লাভ করিয়া এবং শ্রীকৃষ্ণ-কৃপা প্রাপ্ত হইয়া পুনরায় দেবত্ব লাভ করিবে।" এই বলিয়া শ্রীনারদ বদরিকাশ্রমে গমন করিলেন এবং নলকূবর ও মণিগ্রীবও যমজ অর্জ্জুনবৃক্ষ হইলেন।

কুবেরপুত্রদ্বয় ব্রজে যমলার্জ্জুনবৃক্ষরূপে অবস্থান করিতেছে, স্বয়ংরূপ ভগবান্‌ও সেই সময় ব্রজে বাল্যলীলা করিলেন। ভক্তবৎসল ভগবান্ ভক্তের বাক্য রক্ষা ও তাঁহাদের উদ্ধার করিবার মনস্থ করিলেন। একদিন মা যশোদা শিশুরূপী ভগবান্‌কে রজ্জুদ্বারা বন্ধন করিবার বহু চেষ্টা করিয়াও সফলকাম হইতে পারিলেন না। শ্রীকৃষ্ণকে বন্ধন করিতে গিয়া মা যশোদা ক্লান্ত হইয়া পড়িলে ভক্তবৎসল ভগবান শ্রীকৃষ্ণ মাতার বন্ধন স্বীকার করিলেন। শিশুকে উদূখল বন্ধনাবস্থায় রাখিয়া মা যশোদা কার্য্যান্তরে গমন করিলে শ্রীদামোদর তখন নিজভক্ত শ্রীনারদের বাক্য রক্ষা করিবার জন্য নিকটস্থিত যমলার্জ্জুনবৃক্ষদ্বয়ের মধ্যে গমন করিয়া উদূখলটীকে এরূপ সবলে আকর্ষণ করিলেন যে, দেখিতে দেখিতে বৃক্ষ দুইটী ভীষণ শব্দ সহকারে ভূমিসাৎ হইল। তখন দিব্যমূর্ত্তি সেই কুবেরপুত্রদ্বয় আসিয়া শিশুরূপী নিজ নিত্যপ্রভুর স্তব করিতে লাগিলেন। নিজেদের অপরাধ দূর করিয়া শ্রীভগবানের সেবায় উৎকণ্ঠা জানাইলে করুণাময় ভগবান্ উভয়ের প্রতি সন্তুষ্ট হইয়া বলিলেন,—"আমি তোমাদের সব কথাই জানি। মদমত্ততা-হেতু তোমরা অন্যায় কার্য্য করায় শ্রীনারদ তোমাদের বৃক্ষযোনিপ্রাপ্তির অভিশাপ দেন। তোমরা শ্রীনারদের এই ব্যবহারটাকে অন্যায় ভাবিও না। কারণ, সাধুগণ সূর্য্যের ন্যায় সমদর্শী। তাঁহাদের শত্রুও নাই, মিত্রও নাই। সূর্য্যোদয়ে যেরূপ অন্ধকার দূর হয়, সেইরূপ আমার ঐকান্তিক ভক্তের দর্শনে জীবের সংসারবন্ধন নষ্ট হয়। তোমরা বড়ই ভাগ্যবান্, শ্রীনারদের কৃপা লাভ করিয়া তোমরা ধন্য হইয়াছ। এখন তোমরা স্বস্থানে প্রস্থান কর এবং আমাতে ভক্তিমান্ হইয়া কৃতকৃতার্থ হও।" শ্রীভগবানের এই সকল মঙ্গলময় বাক্য শ্রবণ করিয়া কুবেরপুত্রদ্বয় শ্রীভগবানকে ভক্তিভরে বারবার প্রণাম ও প্রদক্ষিণ করিয়া স্বস্থানে প্রস্থান করিলেন।

ভগবান্‌কে ভুলিয়াই জীবের সংসারগতি হয়। দুর্ভাগ্যক্রমে সাধুর চরণে অপরাধ করিয়া জীব নিকৃষ্ট বৃক্ষ ও প্রস্তরাদি জন্ম লাভ করে। সাধুগণ ভগবান্ ছাড়া থাকেন না, ভগবানও সাধুগণ ছাড়া থাকেন না। উভয়েই উভয়ের প্রণয়ে আবদ্ধ। ভক্তগণ ভগবান্‌কে নিজ হৃদয়ে আবদ্ধ করায় ভক্তের হৃদয়ে শ্রীভগবান্ সর্ব্বদা বিরাজ করেন। ভগবানের চরণে অপরাধ হইলে সাধু রক্ষা করেন কিন্তু সাধুর চরণে অপরাধ হইলে আর নিস্তার নাই। অতএব আমরা যেন ভ্রমেও সাধুর চরণে অপরাধ না করি। ভবনদী পার হইবার একমাত্র উপায় হইতেছেন—সাধু। তাঁহার প্রতি অপরাধ হইলে সংসার হইতে উদ্ধার লাভের আর উপায় নাই।

সাময়িক-প্রসঙ্গ

পাটনায় প্রচার

পাটনা শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ গত ১৭ই মে শনিবার সন্ধ্যায় স্থানীয় গৃহস্থ-ভক্ত শ্রীযুত হরেন্দ্রনাথ পালিত মহোদয়ের গৃহে গমন করেন। গুরুবন্দনা ও কীর্ত্তনান্তে শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী শ্রীমদ্ভাগবত-একাদশস্কন্ধ হইতে "ত্রিদণ্ডী-ভিক্ষুর উপাখ্যান" পাঠ ও সরল বাংলা-ভাষায় ঘণ্টাধিককাল ব্যাখ্যা করেন। পাঠান্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়।

গত ২০শে মে মঙ্গলবার সন্ধ্যায় শাহ-লালমিলের সত্বাধিকারী শ্রীযুত লক্ষ্মীনারায়ণ প্রসাদজীর সাদর আহ্বানে তদীয় গৃহে সন্ধ্যায় পাটনা শ্রীগৌড়ীয়মঠের কতিপয় সেবক হরিকীর্ত্তনার্থ গমন করেন। গুরুবন্দনা, পঞ্চতত্ত্ব ও "যশোদানন্দন ব্রজজন নাগর" কীর্ত্তনান্তে শ্রীপাদ পতিতপাবন প্রভু সরল হিন্দীভাষায় এক ঘণ্টাকাল শ্রীমদ্ভাগবতের মাহাত্ম্য, ভাগবতের স্বরূপ, "নারদ-ব্যাস সংবাদ" প্রভৃতি বর্ণন করেন। পাঠের পর কীর্ত্তন হয়। এতদ্ভিন্ন শ্রীমঠে প্রতিদিন নিয়মিতরূপে প্রাতে শ্রীচৈতন্যভাগবত পাঠ, অপরাহ্নে শ্রীনবদ্বীপ-প্রকাশ, গৌড়ীয় পাঠ, সন্ধ্যায় শ্রীমদ্ভাগবত হইতে প্রহ্লাদ-উপাখ্যান পাঠ ও হিন্দীভাষায় ব্যাখ্যা হইতেছে। প্রতিদিন বহু বাঙ্গালী ও বিহারী পাঠে যোগদান করিতেছেন এবং সহরের বিভিন্ন স্থান হইতে কখন কখন বিশিষ্ট ভদ্রমহোদয়গণও আসিয়া হরিকথা শ্রবণ করিতেছেন।

দার্জ্জিলিংএ প্রচার

জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের অহৈতুকী কৃপায় আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা দার্জ্জিলিং-শ্রীগৌড়ীয়মঠে প্রত্যহ মঙ্গলারাত্রিকান্তে শ্রীগুরুবৈষ্ণব-বন্দনা, মহাজন-পদাবলী কীর্ত্তন ও শ্রীচৈতন্যভাগবত পাঠ হয়। অপরাহ্নে গৌড়ীয় ও শ্রীনবদ্বীপ-প্রকাশ প্রভৃতি আলোচনা হয়।

সন্ধ্যারাত্রিকের পর শ্রীপাদ ব্রজগোপাল ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের পূর্ব্বে ও অন্তে কীর্ত্তন হয়। এতদ্ব্যতীত প্রত্যহ সহরের বিভিন্ন ব্যক্তির দ্বারে দ্বারে যাইয়া মঠসেবকগণ শ্রীমন্মহাপ্রভুর বাণী কীর্ত্তন করিয়া থাকেন। দার্জ্জিলিং-এ নবাগত বহু ভদ্র মহোদয় ও ভদ্রমহিলা প্রত্যহ শ্রীবিগ্রহ দর্শন ও মঠসেবকগণের নিকট শ্রীগৌড়ীয়মঠের প্রচার বিষয় শ্রবণ করিয়া উপকৃত হইতেছেন।

শুদ্ধভক্ত-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪[illegible]
সেবক—শ্রী[illegible] দাস [illegible]

শ্রীযোগমায়াপ্রধানপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—[illegible] দাস [illegible]

শ্রীবাস অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]চরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত ভবন
পোঃ [illegible]পুর নদীয়া
সেবক—শ্রী[illegible]বিহারী দাসাধিকারী

শ্রীমুরারি গুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রী[illegible]গোপাল ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক শ্রী[illegible]নন্দ ব্রহ্মচা[রী]

[illegible]
[illegible]পুর
সেবক শ্রী[illegible] ব্রহ্মচারী

স্বানন্দ সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রী[illegible] দাস ব্রহ্মচারী

শ্রী[illegible]মঠ
চাঁপাহাটী, পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] অধিকারী

সাবর্ণভোগ-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জামনা (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দ[illegible] ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জামগর (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণ[illegible] ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীনবদ্বীপ গৌড়ীয়মঠ
চিনাডাঙ্গা (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রী[illegible]দাস দাসাধিকারী

শ্রীকৃষ্ণকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রী[illegible]নন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
[illegible]পুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগোপাল ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঠালপুল, পোঃ [illegible] (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুঁড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রী[illegible]নাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীউমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীদীনদয়াল ব্রজবাসী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদত্ত[illegible] বিদ্যারত্ন বি এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক শ্রী[illegible]মোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাথা[illegible] বিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রী[illegible]গোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গন্ধীবসিং, বেনারস সিটি
সেবক—শ্রী[illegible]চৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপ[illegible] ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রী[illegible]মাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রী[illegible]চৈতন্যমঠপীঠ
[illegible]পুর, বৃন্দাবন
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রী[illegible]দাস ব্রজবাসী

কৃষ্ণবিহারীমঠ
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রী[illegible]চরণ [illegible]লোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণ মথুরা
সেবক শ্রী[illegible] দাস

গোষ্ঠবিহারী মঠ
শেষশায়ী
পোঃ হোডোল, জেলা গুড়্গাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible]দাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড, নিউ দিল্লী
সেবক—শ্রী[illegible]দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিত্যানন্দ[illegible] ব্রহ্মচারী

মান্দ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা, মান্দ্রাজ
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, গ্রেট গোদাবরী, মান্দ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গবিগ্রহ ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

[illegible] গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রী[illegible]লাল ব্রহ্মচারী

ভা[illegible]ভজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রী[illegible]সুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাণবাঁধ (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ঝুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রী[illegible] ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাঙ্কেষ্টার রোড, হাউড্ গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগৌরেন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুশ রোড লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রী[illegible]নন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন চট্টগ্রাম
সেবক—শ্রী[illegible]গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাস[illegible] দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর-ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরাঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
সেবক—শ্রী[illegible]শেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
[illegible] কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	॥০	৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	১॥০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ১৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারগণের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মহুয়া প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজবোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মহুয়া প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ কিন্দি পদ্যানুবাদসহ মায়াপুর শ্রীগৌড়ীয়মঠ প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬॥০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশ করিয়া তাঁহার মানস সন্তানের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রাঞ্জল, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অপূর্ব গ্রন্থ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ৷৹ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই. বি রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ইণ্ডিয়ান টাইম)

আপ — শনিবার ব্যতীত — শনিবার — অন্য দিন

কলিকাতা ছাঃ	৪-৫৬	৬-২১	৭ ১৪	৩-১৬	১৫-১০	১৬-৫৬	১৭-৫০	২০ ২৬
দমদম	৪-৫৬	৬-৩০	৭ ২৮	১৩ ২২	...	...	১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯ ১৮	১৪ ৫০	১৬ ৭৮	১৮-৩১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ	..	..	..	৯-৩১	...	...	...	..
কৃষ্ণনগর পৌঃ	৮-৫৯	৮-৪০	১০-৬	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০
লাইট (রেল বদল) ছাঃ	৭-১০	১০-৬	১৪ ৫০	১৭-৪০		২০-৩০		
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১১-২৫	১৮-১৫		২১-৫		
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫-৩১	১৮ ২৩		২১-১৩		

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১-৬
দমদম " ১১-১৮
রাণাঘাট পৌঃ ১২-৫১
" ছাঃ ১২ ৫৬
শান্তিপুর পৌঃ ১৩-২৪
(বদল) ছাঃ ১৩ ৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ ১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ ১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ ১৫-৩৩

ডাউন — শনিবার ব্যতীত — অন্য দিন — শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪	৯-১২		১৬-৩	১৬-৩১	১৮-৩৮		
মহেশগঞ্জ "	৬ ২৩	৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭		
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৭	৯-৫৫		১৬-৪৬	১৭ ১৪	১৯-২১		
কৃষ্ণনগর) ছাঃ	৬-৩১ ৭-১০	৮-৫৭	১১-৩৬	১৫-৪	১৬ ৫৬	১৯-১৮	২০-৪৬	
রাণাঘাট পৌঃ	৪ ১৫ ৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৯৫	১৭-৩০	২০-৭	২১-১৯	
(বদল) ছাঃ	.	...	.	১৫-৫৩	১৭-৪২		.....	
দমদম		১১-৪		১৭-৩৬	১৯-৯	২১ ২৬	২২-৫৮	
কলিকাতা পৌঃ	৬-১৩ ৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৩	২১-৪০	২৩ ১০	

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ ১৪-২
মহেশগঞ্জ " ১৪-১৭
কৃষ্ণনগর পৌঃ ১৪-৪৪
ছাঃ ১৫-৩২
শান্তিপুর পৌঃ ১৭-২৭
(বদল) ছাঃ ১৮-৩১
রাণাঘাট পৌঃ ১৮-৫৯
" ছাঃ ১৯-২৭
কলিকাতা পৌঃ ২১-৫

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷৹ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। বর্ষ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত যদুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সত্যভামাপুর মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নরহরি বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবিহার'প অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্য জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রয় বঙ্গদেশ তথা বহির্ভারত প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনস্বী সত্যানুসন্ধিৎসুগণ যে সকল প্রশ্ন করিয়াছিলেন, তাহার উত্তরস্বরূপ অমৃত বচনসমূহ এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগবিরুদ্ধসিদ্ধান্তখণ্ডনে ও ভাগবত 'সিদ্ধান্ত'-বে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই অবশ্যসেবনীয়।

ভিক্ষা— ৷৹ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———::•::———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা 'দৈনিক নদীয়া-প্রকাশ' ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস

১।১এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্রিকা প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৷৶৹ দশ আনা, বড় বোতল ১৷৶৹ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা।
বেহালা, ২৪ পরগণা

Regd No. C. 1544

তৈলিগ্রাম—শ্রীনাথ শ্রীমায়াপুর

শ্রীশ্রীশ্রুতিরত্নমালা
—:•:—
শ্রীল মায়াবদ্দাস ভক্তি-
সুধাকর এম-এ সঙ্কলিত।
এই গ্রন্থ কথাসার, বিস্তৃত
ভূমিকা ও সূচীসহ অতি সুন্দর
রূপে প্রকাশিত হইয়াছে।
ঈশ, কেন, কঠাদি বাদশ
উপনিষদের অভিনব সংস্করণ
ভিক্ষা মাত্র ১৷৷০ টাকা।
প্রাপ্তিস্থান —
মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস,
পোঃ—ওয়ারী, ঢাকা

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বাগ্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক সংবাদপত্র

শ্রীচৈতন্যদেব
—:•:—
স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য-
মহাপ্রভুর জীবনী ও শিক্ষার
কথা সুন্দরভাবে ইহাতে
লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট
কাগজে সুন্দর বাঁধাই।
৩য় সংস্করণ, ভিক্ষা ১৷৷০
প্রাপ্তিস্থান
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

১৬শ খণ্ড] শ্রীমায়াপুর, ১৯শে জ্যৈষ্ঠ ১৩৪৮, ২রা জুন ১৯৪১, সোমবার [৭৩তম সংখ্যা

নানা-সংবাদ

—::[০]::—

ত্রিপুরা জেলায় ভীষণ ঝড়

দেবীধামের উপরে শিবধাম। সেই ধাম মহাকাল-ধাম নামে একাংশে অন্ধকারময়। সেই অংশ ভেদ করিয়া মহা-আলোকময় সদাশিব-লোক। তদুপরি হরিধাম অর্থাৎ চিন্ময় বৈকুণ্ঠলোক। শ্রীব্রহ্মসংহিতায় উক্ত হইয়াছে—

> গোলোকনাম্নি নিজধাম্নি তলে চ তস্য
> দেবী-মহেশ-হরি-ধামসু তেষু তেষু।
> তে তে প্রভাবনিচয়া বিহিতাশ্চ যেন
> গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি॥

দেবীধাম, তদুপরি মহেশধাম, তদুপরি হরিধাম এবং সর্ব্বোপরি গোলোকনামা নিজধাম। সেই সেই ধামে সেই সেই প্রভাব-সকল যিনি বিধান করিয়াছেন, সেই আদি-পুরুষ গোবিন্দকে আমি ভজন করি।

পরমারাধ্যতম শ্রীল আচার্য্যদেব বলিয়াছেন,—"হরধাম বা ব্রহ্মধাম—Infinite এবং দেবীধাম finite. হরধাম দেবীধামের অন্তর্গত—এরূপ নহে। দেবীধামই হরধামের অন্তর্গত, কারণ finite infinite-এর মধ্যেই থাকে। দেবীধামের ঊর্দ্ধ চারিলোক হরধাম-সোপান অর্থাৎ দেবীধামের অন্তর্গত। চতুর্দ্দশ লোকাত্মক সমস্তটাই হরধাম বা ব্রহ্মাণ্ডের অন্তর্বর্ত্তী, কারণ Infinite-ই finite-এর আধার। ব্রহ্মলোক—নির্ব্বিশেষ। ব্রহ্মলোক যাঁ'র বাস হ'লে, তাঁ'র অস্তিত্ব নাই, ব্রহ্মলোকের মধ্যে লোকবাস নাই। There is no entity—there is no manifestation.

বিরজার সংলগ্ন (সংস্পর্শযুক্ত) জ্যোতির্ম্ময় ব্রহ্মলোক বা মহেশধাম। এই মহেশ, ব্রহ্ম বা মহাদেব ও বিরজা—পরস্পর নিত্য-সঙ্গি-সঙ্গিনীরূপে বিরাজমান। দেবীধামেই প্রত্যক্ষ ও পরোক্ষের বিচার। ব্রহ্মলোক বা মহেশধামে প্রত্যক্ষ ও পরোক্ষের বিচার নিরস্ত হইয়া অপরোক্ষ বা কেবল চিৎ (চিন্মাত্র) নির্ব্বিশেষজ্ঞানের বিচার। নির্ব্বিশেষজ্ঞানে যদিও চিৎসবিশেষের উদ্দেশ নাই, তথাপি তাহা জ্ঞান, সেখানে মায়া বা অজ্ঞানের কথা সাক্ষাৎ স্পষ্টভাবে নাই। চিন্ময়-সলিলরূপা বিরজা এবং চিন্ময় তেজঃ-স্বরূপ ব্রহ্মলোকের পর চিদ্বিলাস মরুৎ বা বায়ুর অবস্থান।"

ব্রহ্মলোক চিন্ময় ধাম। তাহা জ্যোতির্ম্ময় সিদ্ধলোক। সেখানে কেবল চিন্মাত্র। পরব্রহ্মের তেজোময়ত্ব। ব্রহ্মলোক গুণ, অবয়ব প্রভৃতি বিরহিত। পরব্যোমের বাহিরে যে চিন্ময় ব্রহ্মলোক বিরাজিত। নির্ব্বিশেষ-ব্রহ্মজ্ঞানিগণ বৈকুণ্ঠে যাইতে পারেন না, বৈকুণ্ঠের বাহিরেই তাঁহাদের স্থিতি। শাস্ত্র বলেন,—

> ব্রহ্ম-সাযুজ্য-মুক্তের তাঁহা নাহি গতি।
> বৈকুণ্ঠবাহিরে হয় তা-সবার স্থিতি॥
> বৈকুণ্ঠবাহিরে এক জ্যোতির্ম্ময় মণ্ডল।
> কৃষ্ণের অঙ্গের প্রভা, পরম উজ্জ্বল॥
> সিদ্ধলোক নাম তা'র প্রকৃতির পার।
> চিৎস্বরূপ, তাঁহা নাহি চিচ্ছক্তি-বিকার॥
> সূর্য্যমণ্ডল যেন বাহিরে নির্বিশেষ।
> ভিতরে সূর্য্যের রথ-আদি সবিশেষ॥
> তৈছে পরব্যোমে নানা চিচ্ছক্তিবিলাস।
> নির্ব্বিশেষ জ্যোতির্ব্বিম্ব বাহিরে প্রকাশ॥
> নির্ব্বিশেষ-ব্রহ্ম সেই কেবল জ্যোতির্ম্ময়।
> সাযুজ্যের অধিকারী তাঁহা পায় লয়।
>
> (চৈঃ চঃ আদি ৫ম অঃ)

শ্রীশ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বলিয়াছেন,—"বৈকুণ্ঠলোকে কৃষ্ণধাম ও পরব্যোম পূর্ণরূপে দৃষ্ট হয়। সেই পরব্যোমের বাহিরে কৃষ্ণের অঙ্গপ্রভা বিস্তীর্ণ হইয়া একটী জ্যোতির্ম্ময় মণ্ডল হইয়াছে। তাহাকে সিদ্ধলোক বা ব্রহ্মলোক বলে। ব্রহ্মসাযুজ্যমুক্তের তাহাই গতি। ঐ ধাম চিৎস্বরূপ বটে, কিন্তু তাহাতে চিচ্ছক্তিগত বিলাস অর্থাৎ বিচিত্রতা নাই। সূর্য্যমণ্ডল যেমন বাহিরে নির্ব্বিশেষ অর্থাৎ বিচিত্রতারহিত—জ্যোতির্ম্ময় মাত্র, কিন্তু মণ্ডলের মধ্যে সূর্য্যের রথাদি সবিশেষ অর্থাৎ অনেক বিচিত্রতা লক্ষিত হয়, তদ্রূপ। সূর্য্যমণ্ডলের বাহিরের প্রকাশ ব্রহ্মধামের সদৃশ।"

[illegible] কি [illegible] পরমজ্যোতিতে [illegible]। এই জ্যোতিঃ মায়াকারণকারণ [illegible] অন্তর্যামী। নির্বিশেষবাদী [illegible] ব্রহ্ম। [illegible] ও [illegible] [illegible] কথা হইয়াছে। [illegible] এই অবাক্ত, অনির্দ্দেশ্য [illegible] শ্রীভগবানের শ্রীরূপ-ভজন হইতে নিকৃষ্ট বলিয়া স্থিরীকৃত হইয়াছে। ঐ অনির্দ্দেশ্য [illegible] সাধনায় [illegible] বলাচিৎ [illegible] ব্রহ্মলোক স্বীয় সত্তাকে [illegible] করিয়া [illegible] প্রাপ্ত হন। [illegible] —যথা—

> [illegible]
> [illegible] হইতঃ॥
>
> (আগুপুরাণ)

[illegible] অর্থাৎ [illegible] চতুর্বর্গ [illegible] সিদ্ধলোক। [illegible] করেন, [illegible] করিয়াও [illegible] প্রাপ্ত হন না।"

[illegible]—

> "[illegible]
> [illegible] ৫।
> [illegible] কিম্বা [illegible]
> [illegible]॥
> [illegible] মাদৃশ [illegible]
> [illegible]
> [illegible]॥"

[illegible] সকল [illegible]

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে॥

শাস্ত্র গো-বিপ্রাদিঘাতী বলিয়া নিন্দা করিয়াছেন, সেই কংসাদি দৈত্য যে সাযুজ্য-মোক্ষ লাভ করিয়াছে, সেই মোক্ষকে কিরূপে সাধ্য বলা যায়? ভগবদ্ভক্তগণই সাধু এবং ভগবদ্বিদ্বেষিগণই অসুর। সাধু ও অসুরের যেরূপ সর্ব্বদা বৈপরীত্যধর্ম্ম আছে, তাহাদের সাধন ও সাধ্য-বিষয়ও সেইরূপ বৈপরীত্যভাব থাকা আবশ্যক। অসুরদের সাধুবিদ্বেষ ও গো-বিপ্রহননই সাধন এবং মোক্ষই সাধ্য, ভক্তদিগের ভক্তিই সাধন এবং প্রেমই সাধ্য। যাঁহারা সেই মোক্ষপ্রয়াসী, তাঁহারা সুতরাং অসাধুদিগের ন্যায় কেবল স্ব-স্বরূপ অসাধুসাধন আশ্রয় করেন।"

মোক্ষাভিলাষী দেবদেবী উপাসকগণও পরোক্ষ কৃষ্ণকৃপায় কদাচিৎ পূর্ণকাম হইলে এই গতি প্রাপ্ত হন। ইঁহারা সকলেই প্রত্যক্ষে বা পরোক্ষে মায়াবাদী। সাক্ষাৎ শ্রীকৃষ্ণপাদপদ্মে অনাদর প্রদর্শন এবং নির্ব্বিশেষভাবে পরমতত্ত্ব জ্ঞান করিয়া ইঁহারা মহা অপরাধী। তাই ইঁহাদের প্রায় সকলেই অতঃপর দুরপনেয় অপরাধ হইতে না হইতেই অধঃপতিত হন। যথা শ্রীমদ্ভাগবতে,—

যেঽন্যেঽরবিন্দাক্ষ বিমুক্তমানিন-
স্ত্বয্যস্তভাবাদবিশুদ্ধবুদ্ধয়ঃ।
আরুহ্য কৃচ্ছ্রেণ পরং পদং ততঃ
পতন্ত্যধোঽনাদৃতযুষ্মদঙ্ঘ্রয়ঃ॥
(ভাঃ ১০।২।৩২)

হে কমললোচন, যাহারা 'আমরা মুক্ত হইয়াছি' বলিয়া অভিমান করে, তাহারা আপনাতে ভক্তিশূন্য হওয়ায় অবিশুদ্ধবুদ্ধি, সুতরাং আপনার দুরত্যয়া মায়াতে আবদ্ধ। তাহারা অতি দুঃখে মোক্ষপদ নিকটবর্ত্তী ব্রহ্মপদ লাভ করিয়াও আপনার সর্ব্বাশ্রয়স্বরূপ শ্রীপাদপদ্মকে অনাদর করার ফলে স্থানচ্যুত হইয়া অধঃপতিত হয়।

য এষাং পুরুষং সাক্ষাদাত্মপ্রভবমীশ্বরম্।
ন ভজন্ত্যবজানন্তি স্থানাদ্ভ্রষ্টাঃ পতন্ত্যধঃ॥
(ভাঃ ১১।৫।৩)

যাহারা জীবমাত্রের উদ্ভব হেতু আত্মলোকপতি শ্রীহরির সাক্ষাৎ ভজন করে না, পরন্তু মোহের বশে তাঁহাকে অবমাননা করিয়া থাকে, তাহারা কৃতঘ্ন ও ঘোর অপরাধী। এই অপরাধই তাহাদের উর্দ্ধগতির পথ রুদ্ধ করিয়া তাহাদিগকে অধঃপতিত করে। শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে বলিতেছেন,—

অহঙ্কারং বলং দর্পং কামং ক্রোধঞ্চ
সংশ্রিতাঃ।
মামাত্মপরদেহেষু প্রদ্বিষন্তোঽভ্যসূয়কাঃ॥
তানহং দ্বিষতঃ ক্রূরান্ সংসারেষু নরাধমান্।
ক্ষিপাম্যজস্রমশুভানাসুরীষ্বেব যোনিষু॥
(গীতা ১৬।১৮ ১৯)

হে অর্জ্জুন যাঁহারা অহঙ্কার, বল, দর্প, কাম ও ক্রোধের বশবর্ত্তী হইয়া আমার এই স্বস্বরূপ শ্রীবিগ্রহে এবং আমার অভিন্নতনু অপ্রাকৃত ভাগবতদেহে দোষ দর্শন ও দ্বেষভাব পোষণ করে, আমি সেইসকল দ্বেষপর কূটবুদ্ধি নরাধমগণকে অশুভসংসারে অসুরকুলে পুনঃ পুনঃ ক্ষেপণ করি। মোক্ষোন্মুখ বা বহির্ম্মুখ ব্যক্তি যে কোন পথে কেবল দুঃখভাগীই হয়।

অব্যক্ত অক্ষর-উপাসকগণ দুঃখভোগ করিতে করিতে অধঃপতিত হয় এবং কৃষ্ণদ্বেষী অসুরকুলে পুনঃ পুনঃ জন্মগ্রহণ করে। কোন কারণে কচিৎ কেহ আকাঙ্ক্ষিত গতি লাভ করিলে এই সিদ্ধলোকে সাযুজ্যপ্রাপ্ত হন। তাহাতে দুঃখেরই অচিরস্থায়ী আত্যন্তিক নিবৃত্তি হয় মাত্র। তথাপি বিগতবাত সিন্ধুবক্ষে অতরঙ্গ প্রশান্তভাবের মত তাঁহাদের যে নির্ব্বাণ বা বিদেহমুক্তি, তাহাও কালবিলুপ্ত অর্থাৎ নিত্য নহে। সাগরে ঝড় নাই, তরঙ্গও নাই, কিন্তু ঝড় উঠিলে সেই প্রশান্ত সাগরবক্ষে যেমন আবার তরঙ্গাদির অভ্যুদয় হয়, তেমন অতি সূক্ষ্ম অবস্থিত ঐ মুক্তাত্মাসকল কল্পোচ্ছ্বাসে আবার স্থূলদেহ ধারণ করিয়া প্রপঞ্চে আগমন করেন। শুদ্ধভক্তগণ এই সাযুজ্যমুক্তিকে নরক হইতেও অতি ভীষণরূপে দর্শন করেন।

সালোক্যাদি চারি যদি হয় সেবাদ্বার।
তবু কদাচিৎ ভক্ত করে অঙ্গীকার॥
'সাযুজ্য' শুনিতে ভক্তের হয় ঘৃণা ভয়।
'নরক' বাঞ্ছয়ে, তবু সাযুজ্য না লয়॥

শ্রীকৃষ্ণ নিখিল-হতারিগতিদায়ক। তিনি ভক্তবেশমাত্র দেখিয়াই বালঘাতিনী পূতনাকে ধাত্রীর উচিত গতি লাভ করাইয়াছিলেন। এমন কি তিনি পূতনার বান্ধব বক-কংসাদিকেও গোপবালকোচিত মধুর ক্রীড়াদ্বারা মুক্তিপদ প্রদান করিয়াছিলেন। হতারিগতিদায়কত্ব গুণ অন্য ভগবৎস্বরূপে থাকিলেও তাঁহারা নিহত শত্রুকে স্বর্গাদিলোক-প্রাপ্তিরূপ সালোক্য পর্য্যন্ত দান করিতে পারেন, কিন্তু একমাত্র শ্রীকৃষ্ণই নিজ অচিন্ত্য শক্তিদ্বারা নিহত শত্রুমাত্রকেই মুক্তি প্রদান করিয়া থাকেন। জয় বিজয় হিরণ্যকশিপু-হিরণ্যাক্ষ প্রভৃতি রূপে বিষ্ণুর হস্তে নিহত হইয়াও মুক্তি পান নাই, কেবল উচ্চগতি প্রাপ্ত হইয়াছিলেন মাত্র, কিন্তু শিশুপাল ও দন্তবক্ররূপে শ্রীকৃষ্ণের হস্তে নিহত হইয়া মুক্তি পাইয়াছিলেন। শ্রীকৃষ্ণকে না পাইলে অসুরগণেরও মুক্তি হয় না। তবে যে কোথাও কোথাও অন্য ভগবৎস্বরূপকর্ত্তৃক ভগবদ্দ্বেষীর মুক্তিদান-প্রসঙ্গ শুনা যায়, তাহার কারণ কেবল—ভগবদ্দ্বেষিকর্ত্তৃক বিদ্বেষসহকারে নিরন্তর ভগবচ্চিন্তন। কিন্তু নিখিল ভগবদ্দ্বেষীর মুক্তিদানের কথা কোন অবতারে শুনা যায় না। একমাত্র শ্রীকৃষ্ণ আপনার অচিন্ত্য স্বভাববশতঃ তদ্দ্বেষী অসুরগণকেও মুক্তি দান করেন, অসুরগণের মুক্তিদানের অন্য কোন কারণ নির্দ্দেশ করা যায় না। পূতনার ধাত্র্যোচিতা গতিপ্রাপ্তিই তাহার প্রমাণ। শ্রীকৃষ্ণের স্বভাবই এই যে, তাঁহাকে যৎকিঞ্চিৎ স্মরণ করিলেও আপনার নিরতিশয় প্রভাবদ্বারা তিনি স্মরণকারীর চিত্তকে সর্ব্বতোভাবে আকৃষ্ট করিয়া থাকেন। এজন্যই তিনি সকলের মুক্তিদাতা। কিন্তু অন্য ভগবৎস্বরূপের কিঞ্চিৎ স্মরণমাত্রে স্মরণকারীর চিত্ত আকৃষ্ট করিবার স্বভাব নাই বলিয়া মুক্তিদাতৃত্বও নাই। বেণ রাজা বিষ্ণুবিদ্বেষী ছিল বটে, কিন্তু কৃষ্ণের মত বিষ্ণুর সর্ব্বাকর্ষণ-ধর্ম্ম না থাকায় কৃষ্ণদ্বেষিগণের আবেশের ন্যায় বেণ রাজার ভগবানে আবেশের অভাবহেতু মুক্তিলাভ হয় নাই। এইজন্য যে-কোন উপায়ে একমাত্র শ্রীকৃষ্ণে মনোনিবেশের কথাই শাস্ত্র তারস্বরে কীর্ত্তন করিয়াছেন। নিখিল ভগবৎস্বরূপ অপেক্ষা শ্রীকৃষ্ণে আশ্চর্য্যতমা অসীম শক্তি আছে,—ইহাই শ্রীমন্মহাপ্রভু ও শ্রীরূপানুগ গুরুবর্গের সিদ্ধান্ত।

শ্রীল শ্রীরূপ গোস্বামী প্রভু শ্রীসংক্ষেপ-ভাগবতামৃত গ্রন্থে লিখিয়াছেন,—"হিরণ্যকশিপু ও রাবণের দেহ ধারণপূর্ব্বক অমরগণেরও দুষ্প্রাপ্য ভোগসমূহ লাভ করিয়াছিল, কিন্তু মুক্তি লাভ করে নাই, সেই দৈত্য আবার শিশুপাল-দেহে কি প্রকারে শ্রীকৃষ্ণে সাযুজ্য লাভ করিল?' -বিষ্ণুপুরাণে মৈত্রেয়ের এই প্রশ্নের উত্তরে পরাশর বলিতেছেন,—শ্রীনৃসিংহদেব আবির্ভূত হইলে হিরণ্যকশিপু নৃসিংহদেবকে 'ইনিই বিষ্ণু' এই বুদ্ধি না করিয়া কোন 'পুণ্যরাশি-সমুদ্ভূত প্রাণিবিশেষ' বলিয়া মনে করিয়াছিল। রজোগুণের উদ্রেকহেতু মরণকালে তাঁহার রূপ চিন্তা করিতে পারে নাই, কিন্তু তাঁহার হস্তে নিধনহেতু রাবণদেহে ত্রৈলোক্যাধিকারিণী নিরতিশয় ভোগসম্পত্তি লাভ করিয়াছিল। এই কারণে তাঁহাকে ঈশ্বর অর্থাৎ সেব্য বিষয়বিগ্রহ বুদ্ধি না করায় তাহার মন ভগবানে লীন হয় নাই। সে রাবণদেহে কামপরায়ণহেতু জানকীতে আসক্তচিত্ত হইয়া ভগবান্ শ্রীরামচন্দ্রের রূপ দর্শনমাত্র করিয়াছিল, কিন্তু মৃত্যুকালে শ্রীরামে বিষ্ণুবুদ্ধি না হওয়ায় তাহার অন্তঃকরণে কেবল তৎপ্রতি মনুষ্যবুদ্ধিই হইয়াছিল। পুনর্ব্বার সে শ্রীরামহস্তে পতনহেতু শিশুপাল দেহে শ্লাঘ্য চেদিরাজবংশে জন্ম এবং প্রচুর ঐশ্বর্য্য লাভ করিয়াছিল। শ্রীকৃষ্ণ বাসুদেব বলিয়া তাঁহাকে বিষ্ণুজ্ঞানে বহু জন্ম পর্য্যন্ত বিদ্বেষফলে তাহার চিত্ত সেই বিদ্বেষে দৃঢ়ভাবে সংলগ্ন থাকায় নিন্দন-ভর্ৎসনাদিতেও সে কৃষ্ণের নাম উচ্চারণ করিত। আর বদ্ধমূল বিদ্বেষপ্রভাবে ভ্রমণ, ভোজন, স্নান, উপবেশন ও শয়নাদি—কোন অবস্থাতেই কিছুতেই সেই সুন্দর ভগবদ্রূপ শিশুপালের একনিষ্ঠ চিত্ত হইতে অপসৃত হয় নাই। আক্রোশাদিতে সেই নামের উচ্চারণ এবং হৃদয়ে সেই রূপের অনুস্মরণ করিতে করিতে অন্তিমকালে সেই দ্বেষাদি অপরাধ দূর হওয়ায় নিজ বিনাশনিমিত্ত আগত সুদর্শন-চক্রের কিরণচ্ছটায় সেই পরমব্রহ্ম ভগবৎস্বরূপ দর্শন করিয়াছিল। (প্রতিকূল হইলেও) ভগবৎস্মরণ-প্রভাবে অঘরাশি দগ্ধ হওয়ায় শিশুপাল ভগবচ্চক্রে নিহত হইয়া ভগবৎসমীপে উপনীত হইয়া তাঁহাতে লয়প্রাপ্ত হইয়াছিল। হে মৈত্রেয়, ইহাই তোমার প্রশ্নের উত্তর। প্রতিকূল-অনুশীলনরূপে কৃষ্ণদ্বেষিগণ যখন বৈরানুবন্ধদ্বারাও সদ্গতি লাভ করিতে পারে, তখন অনুকূল-অনুশীলনরূপে শুদ্ধ ভক্তগণ যে সর্ব্বাপেক্ষা উত্তমগতি কৃষ্ণপাদপদ্ম বা কৃষ্ণপ্রেম লাভ করিবেন তাহাতে আর সন্দেহ কি? সেই দুই দৈত্য পূর্ব্বে ভগবৎপার্ষদ জয় ও বিজয় ছিলেন, পরাশর এই কথা না বলিয়া তাহারা তিনবার জন্ম পরিগ্রহ করিয়াছিল,—এইমাত্র বলিয়াছেন; অতএব এই ভগবৎপার্ষদদ্বয় যে সকল কল্পেই অসুরকুলে জন্মগ্রহণ করেন, তাহা পরাশরের অভিপ্রায় নহে, তাহা না হইলে প্রতিকল্পেই ভগবৎপার্ষদের পতন হয়, এ কথা বড়ই অসঙ্গত। (অর্থাৎ ভগবান্ বিষ্ণুতে সৃষ্টি করিবার ইচ্ছাশক্তির ন্যায় যুদ্ধ করিবার ইচ্ছাশক্তিও নিত্য বর্ত্তমান। ক্রীড়ামোদী মহারাজ যেরূপ প্রতিকূলবৃত্তিবিশিষ্ট ক্রীড়কগণের সহিত ক্রীড়া করিয়া থাকেন, আবার ক্রীড়কগণের অনুপস্থিতি হইলে বীর পারিষদ বা অনুচরগণকে প্রতিদ্বন্দ্বী করিয়া তাহাদিগের সহিত ক্রীড়ামোদ করেন এবং সেই অনুচরগণও প্রতিকূলতার সহিত ক্রীড়া করিয়া প্রভুর সন্তোষবিধান করে, তদ্রূপ ভগবান্ বিষ্ণুও প্রতিকূলতাপন্ন অনাদিবহির্ম্মুখ জীব অথবা স্বীয় কোন পার্ষদকে প্রতিকূলতাযুক্ত করিয়া এবং তাহারও প্রতিকূলভাববিশিষ্ট হইয়া পরস্পরের যুদ্ধক্রীড়াবৃত্তি চরিতার্থ করেন। এরূপ প্রতিকল্পে ভগবৎপার্ষদের পতন অসঙ্গত)।

ভগবান্ যে অলৌকিক নৃসিংহরূপে আবির্ভূত হইয়াছিলেন, তাহাতে হিরণ্যকশিপুর বিষ্ণুবুদ্ধি হয় নাই, কিন্তু কোনও পুণ্যরাশিজাত প্রাণিমাত্র মনে হইয়াছিল। রজোগুণের উদ্রেকহেতু বুদ্ধি বিচ্ছিন্ন হওয়ায় নৃসিংহকে 'ইহা একটা তেজস্বী প্রাণী' এইরূপ ভাবনা থাকায় সে অন্তিমকালে তাঁহার রূপের ভাবনা করিতে পারে নাই। সুতরাং কেবল নৃসিংহের হস্তে বিনাশ হেতু রাবণদেহে স্বর্গ ও ভোগসম্পত্তি লাভ করিয়াছিল। বিষ্ণু বলিয়া নিশ্চয়ধারণার অভাবে এবং অত্যন্ত দ্বেষের অভাবে ভগবানে আবেশবুদ্ধি হয় না, বেণ রাজার ন্যায় ভগবানে এই আবেশবুদ্ধি ব্যতীত যে দ্বেষ, তাহা কেবল নরকের কারণ। অত্যন্ত আবেশ না হইলে নিন্দাদিজনিত অপরাধের বিনাশ হইতে পারে না।

অপরাধবশতঃ ভগবানের তত্ত্বস্বরূপ দর্শন না হওয়ায় পরব্রহ্ম শ্রীনৃসিংহদেব প্রকট থাকিতেও হিরণ্যকশিপু তাঁহাতে লীন

হইতে পারে নাই। রাবণ-দেহেও তাহার চব অত্যন্ত কামপরতন্ত্র হওয়ায় শ্রীরামে তাহার হিরণ্যকশিপুর ন্যায় মনুষ্যবুদ্ধি ছিল। এই কারণে সেই দৈত্য শিশুপালরূপে পুনরায় পূর্ব্বের স্থায় উত্তম ভোগ-সম্পদ্ লাভ করিল। শ্রীকৃষ্ণে বাসুদেবত্ব থাকায় সেই নাম যোগ-হেতু সে তৎকালে তাঁহাকে পূর্ব্বজন্মদ্বয়ের মৃত্যুর কারণ নিশ্চয় করিয়া অত্যন্ত দ্বেষ-সহকারে সতত নিন্দা-তর্জ্জনাদি করিয়া সেইসকল নাম কীর্ত্তন করিত এবং তাঁহাতে চতুর্ভুজাদিরূপ দর্শন করিয়া বিষ্ণু বলিয়া নিশ্চয় হওয়ায় নামকীর্ত্তনের ন্যায় সেই রূপেরও অনুক্ষণ চিন্তা করিত। তজ্জন্য দ্বেষজনিত পাপরাশি দগ্ধ হওয়ায় শ্রীকৃষ্ণনিক্ষিপ্ত চক্রের দীপ্তিদ্বারা তাহার দৈত্যভাব দূর হইয়াছিল এবং দিব্যচক্ষু লাভ করিয়া মৃত্যুকালে শ্রীকৃষ্ণের পরব্রহ্ম-পরাকৃতিরূপ দর্শন করিয়াছিল। তৎকালে সুদর্শন-চক্রাঘাতে তাহার দৈত্যদেহ বিনষ্ট হইলে সে পরব্রহ্মে লীন হইয়াছিল। শ্রীকৃষ্ণের দ্বেষজনিত অতিশয় আবেশহেতু শিশুপাল তাঁহাতে সাযুজ্যলয়প্রাপ্ত হইয়াছিল। অন্যান্য অবতার অপেক্ষা অবতারীকে বিদ্বেষ অর্থাৎ প্রতিকূলভাবেও শ্রবণ ও কীর্ত্তন করিলে তাদৃশ অসুরেরও সদ্গতি লাভ হয়।

শ্রীকৃষ্ণ

——::[•]::——

শ্রীকৃষ্ণ সর্ব্বকারণকারণ, সর্ব্বাংশী। তিনি ব্রহ্মার কারণের কারণের কারণ, রুদ্রের কারণের কারণের কারণ, ব্রহ্মের কারণের কারণ, নারায়ণের কারণের কারণ, সকলের আদিকারণ। তিনিই সকলের কারণ, তাঁহার কারণ আর কেহ নাই। তিনি অখিলরসামৃতসিন্ধু। তিনি নিখিল হৃদারি-গান্ধ্যদায়ক। তিনি অসীম শক্তিশালী। তিনিই শ্রীগৌরসুন্দর। তিনি অধোক্ষজ, অপ্রাকৃত। তিনি স্বয়ংরূপ—অন্যকে অপেক্ষা করিয়া বা আশ্রয় করিয়া তাঁহার রূপ প্রকটিত হয় নাই। শ্রীকৃষ্ণ অসমোর্দ্ধ অর্থাৎ যাঁহার সমান বা অধিক কেহ নাই। কৃষ্ণরূপ সর্ব্ববিধ ঐশ্বর্য্য ও মাধুর্য্যের একান্ত-ধাম বা আশ্রয়। শ্রীকৃষ্ণের নাম ও নামী, রূপ ও রূপী, গুণ ও গুণী -অভিন্ন। এ জগতে রূপ রূপীকে বা দেহ দেহীকে পরিত্যাগ করিতে পারে, কারণ এখানে দুইটীই স্বতন্ত্র বস্তু। কিন্তু কৃষ্ণলোকে সেরূপ নহে, সেখানে নাম ও নামী এবং দেহ ও দেহী অভিন্ন।

শ্রীকৃষ্ণ স্বয়ং ভগবান্। তিনি সকলের প্রাণ। তিনি সকলের ধ্যানের ধন বা বস্তু। সেই সর্ব্বান্তর্য্যামী শ্রীকৃষ্ণকে শাস্ত্র-ব্যাখ্যান-দ্বারা, স্বীয় প্রজ্ঞাবলে কিম্বা বহু জ্ঞানোপদেশ-শ্রবণসাহায্যে কেহ লাভ করিতে পারে না। তিনি যাঁহার প্রতি নিজগুণে সুপ্রসন্ন হন, যাঁহাকে তিনি নিজজন বলিয়া অঙ্গীকার করেন, তিনিই তাঁহাকে লাভ করিতে পারেন। তাঁহাকে তিনি নিজস্বরূপ দর্শন করাইয়া কৃতার্থ করেন। ভক্তিদ্বারাই ভক্ত তাঁহার এই রূপ দর্শন করিতে পারেন, এ সৌভাগ্য অন্যের ঘটে না।

শ্রীকৃষ্ণ নন্দ-নন্দন। ব্রজনন্দন শ্রীকৃষ্ণের শ্রীরাধার সহিতই মূল বিলাস; অন্য যাবতীয় বস্তু সেই মূল বিলাসের উপকরণ। শ্রীবার্ষভানবী আশ্রয়শিরোমণি— আশ্রয়-কৃষ্ণবিগ্রহ-স্বয়ং-রূপা। অনর্থযুক্ত জীবের শ্রীকৃষ্ণভজনের যোগ্যতা নাই। অনর্থযুক্ত জীবের শ্রীকৃষ্ণ-ভজনের অভিনয় বা চেষ্টা—শ্রীকৃষ্ণের অংশাবতার বা বিষ্ণুর অর্চ্চনমাত্র। শ্রীকৃষ্ণ সর্ব্বান্তর্য্যামী, সর্ব্ববিৎ, সর্ব্বদ্রষ্টা ও সর্ব্বভোক্তা। শ্রীকৃষ্ণের দেহ দেহীতে—নাম-নামীতে, রূপ-রূপীতে, গুণ-গুণীতে, লীলা ও লীলাপুরুষোত্তমে কোন ভেদ নাই। শ্রীকৃষ্ণের যে কোন একটী অঙ্গ পূর্ণ শ্রীকৃষ্ণ। শ্রীকৃষ্ণের পদনখাগ্র—পূর্ণ শ্রীকৃষ্ণ। শ্রীকৃষ্ণের পাদপদ্ম কর্ণের ন্যায়ই শ্রবণ করিতে পারেন, কর্ণও পাদের ন্যায়ই গমন করিতে পারেন, হস্ত দর্শন করিতে পারেন, চক্ষু স্পর্শ করিতে পারেন,—কোন ইন্দ্রিয়ের কোন অভাব নাই। শ্রীকৃষ্ণের গুণ abstract মাত্র নহে, উহা পূর্ণ Concrete Absolute. শ্রীকৃষ্ণের বিগ্রহমাধুরী, লীলামাধুরী ও অতুল্য সেবক-মণ্ডলমাধুরী অসমোর্দ্ধ, নিত্য প্রগতিশীল ও নবনবায়মান সৌন্দর্য্যময়।

শ্রীকৃষ্ণনাম সাক্ষাৎ শ্রীকৃষ্ণ। শ্রীকৃষ্ণই শ্রীহরিনাম। শ্রীহরিনাম সাক্ষাৎ শ্রীকৃষ্ণ। শ্রীকৃষ্ণ-শব্দ পূর্ণ, শুদ্ধ, নিত্যমুক্ত ও চিন্তামণি-স্বরূপ। মুক্তিদাতৃত্বহেতু রামনাম তারক এবং প্রেমদাতৃত্বহেতু কৃষ্ণনাম পারক। শ্রীকৃষ্ণনাম যুগপৎ তারক ও পারক। তারক হইতে মুক্তি এবং পারক হইতে প্রেমভক্তি লাভ হয়। রামনামে মোচকতা-শক্তি অধিক, আর কৃষ্ণনামে মোক্ষসুখ-তিরস্কারী প্রেমানন্দদাতৃত্বশক্তি সমধিক।

শ্রীকৃষ্ণ অনন্তগুণে গুণী। তাঁহার অপার গুণের কথা শ্রীঅনন্তদেবও বলিয়া শেষ করিতে পারেন না। তিনি সর্ব্বশক্তিমান্। তিনিই একমাত্র ঈশ্বর, আর সকলেই তাঁহার ভৃত্য।

অনন্ত কৃষ্ণের গুণ,—চৌষট্টি প্রধান।
এক এক গুণ শুনি' জুড়ায় ভক্তকাণ ॥

শ্রীকৃষ্ণের অসংখ্য সদ্গুণরাশির মধ্যে চৌষট্টী প্রধান। যথা—(১) সুরম্যাঙ্গ, (২) সর্ব্বসল্লক্ষণযুক্ত, (৩) সুন্দর, (৪) মহাতেজাঃ, (৫) বলবান্, (৬) কিশোর-বয়সযুক্ত, (৭) বিবিধ অদ্ভুত ভাষাজ্ঞ, (৮) সত্যবাক্, (৯) প্রিয়ম্বদ, (১০) বাক্‌পটু, (১১) সুপণ্ডিত, (১২) বুদ্ধিমান্, (১৩) প্রতিভাযুক্ত, (১৪) বিদগ্ধ (১৫) চতুর, (১৬) দক্ষ, (১৭) কৃতজ্ঞ, (১৮) সুদৃঢ়ব্রত, (১৯) দেশ-কাল-পাত্রজ্ঞ, (২০) শাস্ত্রচক্ষুঃ, (২১) শুদ্ধ, (২২) বশী, (২৩) স্থির, (২৪) দান্ত, (২৫) ক্ষমাশীল, (২৬) গম্ভীর, (২৭) ধৃতিমান্, (২৮) সম, (২৯) বদান্য, (৩০) ধার্ম্মিক, (৩১) শূর, (৩২) করুণ, (৩৩) মানদ, (৩৪) দক্ষিণ, (৩৫) বিনয়ী, (৩৬) লজ্জাযুক্ত, (৩৭) শরণাগত-পালক, (৩৮) সুখী, (৩৯) ভক্তবন্ধু, (৪০) প্রেমবশ্য, (৪১) সর্ব্বশুভঙ্কর, (৪২) প্রতাপী, (৪৩) কীর্ত্তিমান্, (৪৪) লোকানুরক্ত, (৪৫) সাধুসমাশ্রয়, (৪৬) নারীগণমনোহারী, (৪৭) সর্ব্বারাধ্য, (৪৮) সমৃদ্ধিমান্, (৪৯) শ্রেষ্ঠ, (৫০) ঐশ্বর্য্যযুক্ত, (৫১) সর্ব্বদা স্বরূপসংপ্রাপ্ত, (৫২) সর্ব্বজ্ঞ, (৫৩) নিত্য নূতন, (৫৪) সচ্চিদানন্দঘনীভূত-স্বরূপ, (৫৫) অখিল-সিদ্ধিবশকারী অতএব সর্ব্বসিদ্ধি-নিষেবিত, (৫৬) অবিচিন্ত্য মহাশক্তি, (৫৭) কোটি-ব্রহ্মাণ্ডবিগ্রহত্ব, (৫৮) সর্ব্বাবতারবীজত্ব (৫৯) হতশত্রু-সুগতিদায়কত্ব, (৬০) আত্মারামগণের আকর্ষক, (৬১) সর্ব্ব-লোকের চমৎকারিণী লীলাকল্লোলবারিধি, (৬২) শৃঙ্গাররসের অতুল্য প্রেমদ্বারা শোভা-বিশিষ্ট প্রেষ্ঠমণ্ডল, (৬৩) ত্রিজগন্মানসাকর্ষী-মুরলীকল কূজিত, (৬৪) অসমানোর্দ্ধরূপ-শ্রীবিস্মাপিতচরাচর অর্থাৎ যাঁহার সমান ও শ্রেষ্ঠ নাই এবং যাহা চরাচরকে বিস্মাপিত করিয়াছে, এবম্বিধ সৌন্দর্য্যশালী।

শ্রীহরিই জীবের জীবনস্বরূপ, সুতরাং হরিকথাবিমুখ হইয়া বাঁচিয়া থাকিয়া লাভ কি? শ্রীমদ্ভাগবত বলেন,—অশ্বত্থবৃক্ষাদি কি মানুষের অপেক্ষা বেশীদিন বাঁচিয়া থাকে না? কামারশালের ভস্ত্রা কি মানুষের চেয়ে অধিক শ্বাস-প্রশ্বাস গ্রহণ করে না? গ্রাম্য শূকরগুলি কি খাদ্য-গ্রহণ ও স্ত্রী-সঙ্গাদি ইন্দ্রিয়-তর্পণ করে না? আমরা কি মনুষ্য হইয়াও কৃষ্ণভজন ছাড়িয়া পশুধর্ম্মেই মত্ত থাকিব?

ভক্তের সামান্য খাওয়া-দাওয়ার অভাব ত' দূরের কথা, ইন্দ্রাদিপত্য, সার্ব্বভৌমত্ব, ধর্ম্মার্থকাম ও পঞ্চবিধ মুক্তি ভক্তের শ্রীচরণে বিলুণ্ঠিত হইবার জন্য—ভক্তের সেবার জন্য সময় প্রতীক্ষা করিতে থাকে। ভক্ত ভগবান্ শ্রীকৃষ্ণকে প্রেমের দ্বারা বশ করিয়াছেন। ভগবান্ ভক্তের প্রাণ, ভক্তও ভগবানের প্রাণ। ভগবান্ নিজে ভক্তের যাবতীয় ভার গ্রহণ করিয়া থাকেন। ভগবানের এত দয়া, এত ভক্তবাৎসল্য! কিন্তু নাস্তিক আমাদের এই বেদবাণীতে পর্য্যন্ত আস্থা নাই। যে পর্য্যন্ত আমাদের হরিকথায় শ্রদ্ধা না হইবে, ততদিন আমাদের ধর্ম্ম-কর্ম্ম সব পণ্ডশ্রমমাত্র। একমাত্র হরিকথায় রতি হইলে যাবতীয় অনর্থবীজ উৎপাটিত হয় এবং ভগবান্, জীবের হৃদয়ে প্রবেশ করিয়া যাবতীয় কামাদি নষ্ট করেন। হরিকথা মুমূর্ষু ব্যক্তির মৃতসঞ্জীবনী। একমাত্র হরিকথা-শ্রবণ-কীর্ত্তনের দ্বারাই জীবের ঐকান্তিক মঙ্গল লাভ হয়। হরিকথা সাক্ষাৎ হরি। হরিকথা মুক্ত, মুমুক্ষু ও বিষয়ী—সকলেরই একমাত্র আশ্রয়ণীয় বস্তু। ইহা একমাত্র ভবৌষধি। যিনি এই হরিকথা হইতে বিরত হন, তিনি আত্মঘাতী ও পশুঘাতী। হরিকথাই অনন্ত ভক্তের প্রাণ। হরিকথা-কীর্ত্তনের ন্যায় সর্ব্বশ্রেষ্ঠ দান আর কিছু নাই। একমাত্র হরিকথা শ্রবণকীর্ত্তনদ্বারাই জীবের সর্ব্বার্থ-সিদ্ধি হয়, অজিত ভগবান্‌ও জিত হইয়া সন্ত হৃদয়ে অবরুদ্ধ হন। শ্রীল চক্রবর্ত্তী ঠাকুর লিখিয়াছেন,—"শ্রীকৃষ্ণের কীর্ত্তিবিষয়ক কথা নিত্য শ্রদ্ধাসহকারে শ্রবণ করিতে করিতে বিনা প্রযত্নে অতি অল্পকালের মধ্যেই ভগবান্ হৃদয়ে প্রবিষ্ট হন। অর্থাৎ হরিকথা-শ্রবণ কীর্ত্তনকারী ব্যক্তির স্মরণপ্রযত্ন অনাবশ্যক। স্মরণ শ্রবণ ও কীর্ত্তনেরই অধীন।

সীতাপুরে প্রচার

শ্রীবিশ্ববৈষ্ণবরাজ সভার অন্যতম শাখা লক্ষ্ণৌ-শ্রীগৌড়ীয়মঠ ও নৈমিষারণ্য-শ্রীপরমহংসমঠের সেবকবৃন্দ গত ১৯শে মে সীতাপুর-সহরে গমনপূর্ব্বক পরমারাধ্য শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপায় তথায় বহু সম্ভ্রান্ত ও শিক্ষিত শ্রদ্ধালু লোকের নিকট সপ্তাহকাল শ্রীগৌড়ীয়মঠের প্রচারবৈশিষ্ট্য ও শ্রীশ্রীভগবদ্গৌরাঙ্গের বাণী প্রচার করেন। তন্মধ্যে নিম্নলিখিত ব্যক্তিগণের নাম বিশেষ উল্লেখযোগ্য। মিঃ বি, সেক্সেনা, সিভিল সার্জ্জন, মিঃ এন্, কে, আগরওয়ালা, ডিঃ ডাইঃ, শেঠ রামনারায়ণ, মার্চেণ্ট; লালা গোবিন্দপ্রসাদ, মার্চেণ্ট, শেঠ শোভারাম, মার্চেণ্ট, বাবু বিষ্ণুকুমারজী, উকিল; বাবু মনসা রামজী, উকিল, বাবু বদ্রীপ্রসাদ জী উকিল, বাবু জি, এন্, সাইগল, উকিল, বাবু জি, এন্, মেহ্‌রোত্রা, উকিল ইত্যাদি।

তথা হইতে সেবকবৃন্দ গত ২৪শে মে পরমহংসক্ষেত্র শ্রীনৈমিষারণ্য প্রত্যাবর্ত্তন করেন। তাঁহারা গত ২৮শে মে শ্রীব্রহ্ম-শ্রীদধীচি-কুণ্ডের তীরে শ্রীগুরুবৈষ্ণববন্দনা, শ্রীগুর্ব্বষ্টক, পঞ্চতত্ত্ব ও মহাজনবাণী-কীর্ত্তনান্তে শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন।

গত ৩০শে মে মৃদঙ্গ-করতাল সহযোগে নগর-সংকীর্ত্তনসহ শ্রীনৈমিষারণ্য চক্রতীর্থ, শ্রীব্যাসগদি, শ্রীললিতাদেবী প্রভৃতি স্থান পরিক্রমা, শ্রীগুরুবৈষ্ণববন্দনা, শ্রীপঞ্চতত্ত্ব, নাম-মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তনাদি হয়। লক্ষ্ণৌ-শ্রীগৌড়ীয়মঠের সেবক উপদেশক শ্রীপাদ সেবানন্দ ব্রহ্মচারী ভক্তিভূষণ ভক্তিশাস্ত্রী প্রভু উৎসাহের সহিত এই সময় শ্রোতৃবর্গের নিকট হরিকথা কীর্ত্তন করেন।

শুদ্ধভক্ত-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রীগৌরপ্রপন্ন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক — শ্রীকুঞ্জবিহারী দাস ভক্তিশাস্ত্রী বি, এল

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রীপদ্মভবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রীগৌরচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রীবংশীবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রী... ব্রহ্মচারী

বাস্তিক্ষর্ — পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক — শ্রীমঙ্গলানন্দ ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক — শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক — শ্রীজগন্নাথ দাস ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক — শ্রীদানবদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক — শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক — শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক — শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রীমহৎকৃপা ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক — শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক — শ্রীপ্রভুদাস দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক — শ্রীঅনুগানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক — শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক — শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

শ্রীবংশীবদনানন্দ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক — শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক — শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুঁড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক — শ্রীনরহরিনাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক — শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীউমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক — শ্রীদীনদয়াল ব্রজবাসী

গদাই গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক — শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক — শ্রীশিবদাসস্বরূপবিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক — শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক — শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাণাংবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক — শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক শ্রীনরোত্তমানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক — শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক — শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গণেশ গলি, বেনারস সিটি
সেবক — শ্রীসনাতনচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক — শ্রীরূপানুগ ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক — শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক — শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক — শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক — শ্রীমধুসূদন দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড পুরী
সেবক — শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক — শ্রীকৃষ্ণদয় দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক — শ্রী নন্দচরণ ভক্তিরোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক — শ্রীসূর্যনারায়ণ দাসাধিকারী

কৃষ্ণবিহারীমঠ
বর্ষাণা মথুরা
সেবক — শ্রীরাধারমণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেখুপুরী
পোঃ হোডোল, জেলা গুড়্গাঁও (পাঞ্জাব)
সেবক — শ্রীহরিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক — শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড নিউ দিল্লী
সেবক — শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক — শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা, মাদ্রাজ
সেবক — শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, জেলা গোদাবরী, মাদ্রাজ
সেবক — শ্রীচন্দ্রশেখর দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক — শ্রীবনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ কৃপাভিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক — শ্রীবৃন্দাবননাথ ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)
পুরী
সেবক — শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক — শ্রীগৌরাঙ্গপ্রিয় ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক — শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক — শ্রীব্রজমণি দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক — শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বালুবাজার, পোঃ কটক, উড়িষ্যা
সেবক — শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক — শ্রীরসিকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক — শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমরাবতী গৌড়ীয়মঠ
পোঃ কাঁথি, মেদিনীপুর
সেবক — শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রণবাঁধ (বর্দ্ধমান)
সেবক — শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ভুলুককুণ্ড, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক — শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক — শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাঙ্কেষ্টার রোড, হাউড্ গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক — কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা।
সেবক — শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয় মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক — শ্রীসনাতন ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক — শ্রীমহাগোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক — শ্রীবলাসাক্ষিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক — পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক — শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীপুরঅঙ্গন
সেবক — শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
সেবক — শ্রীভক্তিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১।০	১॥০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয় রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মন্মথা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মন্মথা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ টীকা অনুবাদসহ মায়াপুর শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থ শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৬৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রী নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব অভিনব সর্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ শরণাগতির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অতুলনীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশ্লোক তৎপরে বড় অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গানুবাদ তাহার পরে ... তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। ... পাঠ করিয়ে সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। ... আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর ভিক্ষা মাত্র ৫৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ৪০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই. বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

					শনিবার ব্যতীত			
					শনিবার	অন্য দিন		
কলিকাতা ছাঃ	৪ ৫৩	৬-২১	৭ ১৪	১০-১৬	১৫-১৬	১৬-১৬	১৭-৫৬	২২ ২৬
দমদম	৪ ৫৬	৬-৩১	৭ ২৮	১৩ ২৯	...	.	১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯ ১৮	১৪ ৫০	১৬ ৭৮	১৮-০১	১৯-৩১	০-২৫
(বদল) ছাঃ	.. ..	..	৯-৩১					...
কৃষ্ণনগর পৌঃ	৬ ৭৯	৮ ৪০	১০-৬	১৫-৩৮	১৭-৩১	১৯ ১৫	২০ ২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭ ১০	১০-১৬	১৪ ৫০	১৭-৪০		২০-৩০		
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০ ৫১	১১-২৫	১৮ ১৫		২১ ৫		
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫ ৩৩	১৮-২৯		২১ .৩		

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম "	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২ ৫১
" ছাঃ	.২ ৫৬
শান্তিপুর পৌঃ	১৩ ২৪
(বদল) ছাঃ	১৩ ৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩০

ডাউন

					শনিবার ব্যতীত			
					অন্য দিন	শনিবার		
নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪		৯-১২		১৬-৩	১৬-৩১	১৮-৩৮	
মহেশগঞ্জ "	৬-২৩		৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ	৮ ৫৭		৯-৫৫		১৬-৬৬	১৭ ১৪	১৯-২১	
(বদল) ছাঃ	৫-০১	৭-১০	৮-৫২	১১-১৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৫৬
রাণাঘাট পৌঃ	৪ ১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫ ৪৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	. .. .	..	.		১৫-৫৬	১৭ ৫২	.	....
দমদম		১১-৪			১৭-৩৬	১৯-৯	২১ ২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯ ২৬	২১-৪০	২৩ ০০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৫ ১
মহেশগঞ্জ "	১৫ ১০
কৃষ্ণনগর পৌঃ	১৫ ৫৪
ছাঃ	১৫ ৩১
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-১০
কলিকাতা পৌঃ	২০-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহোদয়-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবনিধান অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্য জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রমোদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণান্তিকে সমাগত বিভিন্ন প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও সন্ন্যাসী মহোদয়গণ যে সকল প্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগ বিরুদ্ধসিদ্ধান্ত খণ্ডনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিম গৌরকৃষ্ণ-কৃপারূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী সজ্জনেরই নিত্যসেবনীয়।

ভিক্ষা—৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——::•::——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা 'দৈনিক নদীয়া-প্রকাশ' ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস

১৩১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইস্ট্রীট অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্রিকা প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়া পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণবায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায়। বলিয়াই ইহার কাটতি ক্রমশঃ অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৷৶০ দশ আনা, বড় বোতল ১৶০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা।
বেহালা, ২৪ পরগণা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

Regd. No C. 1544

কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃত ভাষ্যসহ সম্প্রতি প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুলপ্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৮০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ২৭ ত্রিবিক্রম, গৌরাব্দ ৪৫৫ ; ২৩শে জ্যৈষ্ঠ, বঙ্গাব্দ ১৩৪৮ ; ৬ই জুন , ইং ১৯৪১, শুক্রবার { ৭৬-৭৭তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৬ ত্রিবিক্রম, তিথি পার্শ্বোদশায়ী গৌরাব্দ ৪৫৫

শ্রীল প্রভুপাদের হরিকথা

——:০(০):০——

যিনি যেখানে আছেন, সেখান থেকেই কাণ দিয়ে শুন্‌তে পারেন। নমস্কার কর্‌বার তিনটে অবলম্বন—কায়, মন ও বাক্য। আনুগত্যধর্ম্মের কথা নিরহঙ্কার হ'য়ে শুন্‌তে হ'বে। জগতের বিভিন্ন কথা আছে, সে সব কথা হ'তে ভিন্ন ভগবৎ-সম্বন্ধীয় কথা শুন্‌তে হ'বে। নিত্যকাল স্থায়ী কথা শ্রবণ কর্‌তে হ'বে—যাহা একমাত্র সাধুই বলেন। সাধু নিত্যকথা অবলম্বন ক'রে বাস করেন—যে কথা অপরিবর্ত্তনশীল। যে কথার দ্বারা পার্থিব জ্ঞান লাভ ক'রেছি, পরে উহার অসম্পূর্ণতা সমাধান করিয়া। উত্তরোত্তর বেশী জ্ঞান লাভ কর্‌বো, বরাবরই মনে করি। কিন্তু সকল সময়ই মনে করি যে, পরেও যা' শুন্‌বো, তা'ও অসম্পূর্ণ হ'বে—পরে আবার তা' ওলটপালট কর্‌বো—তদ্দ্বারা আশা পূর্ণ হ'বে না অভিজ্ঞানের পরিবর্ত্তন হ'য়েও কিন্তু কখনই পূর্ণতা সাধিত হ'বে না।

যে সমুদয় কথাতে মানবজাতি উন্নত হ'বেন, আশা কর্‌ছেন, সেগুলো পূর্ণতার দিকে যা'চ্ছে না, অভাবের দিকেই যাচ্ছে। ইন্দ্রিয়জ্ঞান-অবলম্বনে সত্যের দিকে দ্রুত অগ্রসর হওয়ার বুদ্ধি অবলম্বন ক'রে অব্যবস্থিত অবস্থা থেকে অব্যাহতি পা'ব না। ইন্দ্রিয়ানু-শীলন-চেষ্টাদ্বারা যে জ্ঞানের উদয় হয়, তাহা ফুটো হাঁড়িতে জল রাখার মত। অদ্বয়-বস্তুর কথা—যা' সাধুগণ বলেন, তা' সেরূপ নয়। ইন্দ্রিয়জ অভিজ্ঞানের কথা গ্রহণের চেষ্টাদ্বারা সুবিধা হয় না। এইরূপ যে জ্ঞান—প্রত্যক্ষ, অনুমান, উপমান প্রভৃতি শব্দসাহায্যে যে জ্ঞানের উদয় হয়, সেইরূপ জ্ঞানসম্বন্ধে যে যে-রকম মূর্খই থাকি না কেন, যদি মনোযোগের সহিত একমাত্র সত্যের কথা শুন্‌বার সুযোগ হয়, তা' হ'লে আরোহ-চেষ্টা পরিত্যাগ কর্‌তে পারি—রাবণের সিঁড়ি বাঁধ্‌বার চেষ্টা ছাড়্‌তে পারি।

হে ভগবন্‌! তোমাকে জয় করা যায় না। সমগ্র জ্ঞান আমাদের লাভ হয় না। আরোহ-চেষ্টাদ্বারা আংশিক জ্ঞান লাভ করি। তোমাকেও জয় করে—অদ্বয়জ্ঞান তাঁ'র করায়ত্ত হয়, যে ব্যক্তি সাধুদিগের মুখে মনোযোগের সহিত তোমার সম্বন্ধীয় কথা শ্রবণ করেন। এই পদ্ধতির দ্বারা আমরা ইন্দ্রিয়জ অভিজ্ঞানের সমুদয় অসম্পূর্ণতা অতিক্রম ক'র্‌তে পারি।

এই পৃথিবীতে জ্ঞানসংগ্রহ করার স্পৃহা থাকাকাল পর্য্যন্ত সেই পূর্ণবস্তু—"যস্মিন্ বিজ্ঞাতে সর্ব্বমেব বিজ্ঞাতং ভবতি"—তাঁ'কে পাওয়া যায় না। ইন্দ্রিয়জ জ্ঞান দোষজনক কিসের জন্য? এ সব জ্ঞানের অন্ত পক্ষ থাক্‌বেই। একমাত্র সত্য প্রত্যাখ্যান ক'র্‌বার আবশ্যক হয় না, উহাকে নড়াইতে পারা যায় না। যা'কে স্থানচ্যুত করা যায়, তা' একমাত্র সত্য নয়। অন্যটা তর্কপথ। যে পন্থায় আমরা নিকৃষ্ট যুক্তিদ্বারা প্রতিপাদ্য বিষয়ের অসত্যতা উদ্ঘাটন ক'র্‌বার অধিকার পোষণ করি তা'তে সেই শব্দগুলির দোষ নির্দ্ধারিত হউক, এই অবসরের সুযোগ আমরা দেই। একমাত্র সত্য এরূপ ইন্দ্রিয়জ অভিজ্ঞানজাত সত্য নয়। ইন্দ্রিয়জ চেষ্টারূপ পর্ব্বত-আরোহণ কার্য্যদ্বারা কোথায় পৌঁছব, তা' কেহ জানে না। উহা গণিত-বিচারের অসীমের বিচারের মত ধ'রে নেওয়া জিনিষ। এরূপ জ্ঞানসংগ্রহদ্বারা অদ্বয়জ্ঞানের পথে অগ্রসর হ'তে চেষ্টা ক'র্‌লে সুবিধা হ'বে না।

বৈদিক পন্থায় শ্রবণ কর্‌তে হ'বে। তজ্জন্য আনুগত্য-স্বভাবের আবশ্যক। সে জ্ঞানটা সেদিক্ থেকে আসুক—'তদ্বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া'। যেটার নিকটবর্ত্তী হ'তে পা'চ্ছি না, সেটার নিকটবর্ত্তী হ'তে হ'বে—তা'র অনুগত হ'য়ে। যদি অহঙ্কারী হই, তা' হ'লে নিত্যমঙ্গলের কথা শুন্‌তে অবকাশ দেবে না। যিনি জানেন, তাঁ'র কাছ থেকে জান্‌তে হ'বে। যদি আমি জানি, এরূপ অভিমান হয়, তা' হ'লে জান্‌তে পা'র্‌বো না। যেখানে সন্দেহ হ'বে, সেখানে ব'লতে হ'বে এবং জবাবটা ধৈর্য্যের সহিত শুন্‌তে হ'বে। অমনোযোগী হ'লে শুনা হ'বে না। পরিপ্রশ্ন হোক্, কিন্তু প্রশ্নটা ক'রে জবাবটা শু'ন্‌বো না—এরূপ অধৈর্য্য হ'য়ে পড়্‌তে হ'বে না—শুন্‌বো। প্রশ্নের উত্তরে প্রত্যুত্তর পা'বার চিত্তবৃত্তি থাকা দরকার। অন্য বিষয়ের চিন্তা কর্‌লে—পুরাণো কথা মনে হ'লে প্রশ্নের উত্তরের সময় অমনোযোগী থাক্‌বে। জবাবটাকে কার্য্যে পরিণত ক'র্‌বো। ঘড়িতে দম দিয়ে আবার সমস্তটা খুলে দেবো না। ঘড়ির সময় দেখাটার পরে একটা কাজ থাকা উচিত। যদি কেবলই ঘড়ি দেখ্‌তে থাকি, তা' হ'লে কাজ হ'বে না। পরে একটা কৃত্য আছে, তা'র নাম অভিধেয়।

আমাদের যখন চক্ষু আছে, তখন ভগবান্ কি বস্তু, আমাদের দেখ্‌বারও একটা ইচ্ছা হয়, কিন্তু সেই বস্তুর দর্শন কি প্রকারে সম্ভব হ'তে পারে? তিনি যে অধোক্ষজ অর্থাৎ প্রাণিমাত্রেরই বহির্ম্মুখ ইন্দ্রিয়ের অতীত বস্তু। পরতত্ত্ব-দর্শন, কিংবা ব্যূহতত্ত্ব-দর্শন কিংবা বৈভবতত্ত্ব-দর্শন বর্ত্তমানে আমাদের অধিকারের অন্তর্গত নহে, অন্তর্য্যামি তত্ত্বদর্শন সামান্যভাবে সম্ভব হ'লেও তা' নানা বিপদ্‌গ্রস্ত। পরতত্ত্ব, ব্যূহতত্ত্ব, বৈভব-তত্ত্ব, অন্তর্য্যামিতত্ত্ব চক্ষুর্দ্বারা উপলব্ধি করা সম্ভবপর নহে।

ভগবানের স্বরূপটি কি, তাঁ'র কি রূপ, তাঁ'র কি গুণ, কি লীলা, এ'সকলের বিজ্ঞান তাঁ'র অনুগ্রহ না হ'লে জানা যায় না। আমরা তাঁ'র দর্শন লাভ ক'রে তাঁ'র যে সেবা ক'র্‌ব, তাঁ'র রূপের অভিব্যক্ত না হ'লে সেই সেবা করা যায় না। তাঁ'র অভিব্যক্তি কি জীবের ভোগ? তাঁ'কে উক্ষণ করবার পূর্ব্বে তাঁ'র কথা শ্রবণ করা দরকার। যে চক্ষুর অন্য কোন কৃত্য নেই—ভগবানের সেবা ছাড়া, সেই চক্ষুদ্বারাই ভগবানের দর্শন হ'বে। পরতত্ত্ব, ব্যূহ, বৈভব, অন্তর্য্যামী ও অর্চ্চা—এই পাঁচপ্রকার ভগবৎ-প্রকাশের মধ্যে বর্ত্তমানে আমাদের অর্চ্চা দর্শনে অধিকার ও অর্চ্চনযোগ্যতা হ'তে পারে, আমরা দর্শন ক'রে তাঁ'র সেবা ক'র্‌তে পারি, কিন্তু সেই দৃশ্য পদার্থ জড় নহেন—তিনি অপ্রাকৃত ও সর্ব্বতন্ত্র-স্বতন্ত্র। জড় হ'লে তিনি আমাদের সেবা ক'র্‌বেন। আমরা কাঠ-পাথরের পূজা ক'র্‌ব না—জড় জগতের ভোগানন্দের অনু-সন্ধান ক'র্‌ব না। আমাদের নিত্যনিয়ামক আরাধ্যবস্তুরই সেবা ক'র্‌ব।

———

শ্রীল ঠাকুর হরিদাস

— :::•::: —

শ্রীল ঠাকুর হরিদাস নিত্যসিদ্ধ ভগবৎ পার্ষদ—শ্রীগৌরাঙ্গের নিজজন। তিনি যশোহর-জেলার বুঢন গ্রামে যবনকুলে আবির্ভূত হন। বুঢন গ্রামটী সম্প্রতি কোথায় অবস্থিত, তাহা জানা যায় না। শ্রীল ঠাকুর হরিদাসের শৈশবকালের কোন ঘটনা কোন প্রামাণিক গ্রন্থে পাওয়া যায় না। কাহারও মতে গো-বৎসহরণের অপরাধ-ক্ষালনার্থ ব্রহ্মা অহিন্দু যবনকুলে উদ্ভূত হন। আবার কাহারও মতে শ্রীপ্রহ্লাদ মহারাজ হরিদাস-নামে উদিত হন। শ্রীশ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—'ঠাকুর হরিদাসে প্রহ্লাদ প্রবিষ্ট হইয়াছেন' বলিয়া কেহ কেহ বলেন। গৌরগণোদ্দেশদীপিকা বলিয়াছেন,—ঋচিকমুনির পুত্র মহাতপাঃ ব্রহ্মা প্রহ্লাদের সহিত জন্মগ্রহণ করিয়াছেন, তিনিই ঠাকুর হরিদাস। শ্রীচৈতন্যচরিত-গ্রন্থে শ্রীল মুরারিগুপ্ত বলিয়াছেন যে, উক্ত মুনি-পুত্র তুলসীপত্র আহরণপূর্ব্বক প্রক্ষালন না করিয়া দেওয়ায় পিতার অভিশপ্ত হইয়া যবনত্ব প্রাপ্ত হন। তিনি এখন পরম-ভক্তিমান্ মহাভাগবত হরিদাসরূপে আবির্ভূত হইয়াছেন।" শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু শ্রীল হরিদাস ঠাকুর-সম্বন্ধে লিখিয়াছেন,—

হরিদাস ঠাকুর শাখার অদ্ভুত চরিত।
তিন লক্ষ নাম তেঁহো লয় অপতিত॥
তাঁহার অনন্তগুণ,—কহি দিঙ্মাত্র।
আচার্য্য গোসাঞি যাঁরে ভুঞ্জায় শ্রাদ্ধপাত্র॥
প্রহ্লাদ-সমান তাঁর গুণের তরঙ্গ।
যবন-তাড়নেও যাঁর নাহিক ভ্রূ-ভঙ্গ॥
তেঁহো সিদ্ধি পাইলে তাঁর দেহ
লঞা কোলে।
নাচিল চৈতন্যপ্রভু মহা-কুতূহলে॥

বয়ঃপ্রাপ্ত হইলে শ্রীল ঠাকুর হরিদাস যবনকুলের সামাজিক রীতিনীতি পরিহার করিয়া শ্রীহরিনামগ্রহণে ব্রতী হন। তিনি শ্রীহরিনাম-মহামন্ত্রে দীক্ষিত হইয়াছিলেন। তিনি পিতৃ-মাতৃকুলের আশা-ভরসা ও সংসারপ্রবৃত্তি ছাড়িয়া নিষ্কামভাবে ভগবানকে ডাকাই একমাত্র ব্রত বলিয়া স্থির করেন। তাই তিনি যুবাকালে বুঢন-গ্রাম পরিত্যাগপূর্ব্বক বেনাপোলের নিকটস্থ বনমধ্যে একটী নির্জ্জন কুটীরে থাকিয়া তুলসী-সেবন ও প্রতিদিন তিনলক্ষ হরিনামসংকীর্ত্তন দ্বারা ভগবান্ শ্রীকৃষ্ণকে ডাকিতে লাগিলেন। ঠাকুর হরিদাসের শ্রীনামে ঐকান্তিক নিষ্ঠা দেখি। অনেক সজ্জনব্যক্তি তাঁহার শ্রীচরণে [illegible] হইতে যবন হিন্দুসমাজে হিংসার [illegible] হইল। ভক্তদ্বেষি-সম্প্রদায়ের একজন [illegible] দেশাধ্যক্ষ রামচন্দ্র খাঁন ঠাকুরের প্রতিষ্ঠা দর্শনে মৎসর হইয়া তাঁহাকে নির্য্যাতন করিবার জন্য দৃঢ়সঙ্কল্প হইল। রামচন্দ্র শ্রীহরিদাসকে তাহারই ন্যায় একটী দুর্দ্দান্ত যুবক মনে করিয়া একজন সুন্দরী যুবতী বারাঙ্গনাকে তাঁহার নিকট রাত্রে প্রেরণ করিল। সেই যুবতী স্বীয় অঙ্গসৌষ্ঠব দ্বারা এবং পুরুষবিমোহিনী অনুরাগ হাব-ভাবক্রিয়া প্রদর্শন করিয়া ঠাকুরকে হরিসেবা-প্রবৃত্তি হইতে বিচলিত করিবার জন্য যার-পর-নাই চেষ্টা করিতে লাগিল। কিন্তু কৃষ্ণসেবাপরায়ণ শ্রীহরিদাস বিন্দুমাত্রও বিচলিত না হইয়া নিরন্তর শ্রীহরিনাম কীর্ত্তন করিতে লাগিলেন। বৈষ্ণব-হৃদয় ও সাধারণ মানবহৃদয়ের মধ্যে আকাশ-পাতাল ভেদ বর্ত্তমান। কামিনীর কটাক্ষে সমস্ত বিশ্ব, এমন কি, দেবগণেরও চিত্তভ্রম উপস্থিত হয়, কিন্তু ভগবৎপাদপদ্মে সম্পূর্ণ শরণাগত অকিঞ্চন শ্রীহরিদাস অচল-অটল থাকিয়া নিরন্তর প্রভুসেবায় ব্যস্ত। ইহারই নাম ঐকান্তিকতা, ইহারই নাম নিষ্ঠা, ইহারই নাম শুদ্ধভক্তি, ইহারই নাম মাহাত্ম্য, ইহারই নাম পুরুষাভিমানের হস্ত হইতে চিরনিষ্কৃতি—ভোগ্যদর্শনের পরিবর্ত্তে সর্ব্বত্র সেব্য-দর্শন বা গুরুদর্শন। যাঁহার পুরুষাভিমানই নাই, যিনি নিরন্তর কৃষ্ণভোগ্যাভিমানে বা কৃষ্ণসেবকাভিমানে প্রতিষ্ঠিত ও কৃষ্ণাবিষ্ট, তাঁহাকে কি কামিনীরূপিণী মায়া প্রলুব্ধ করিতে পারে? তাই সেই বেশ্যা বিফলমনোরথ হইয়া সূর্য্যোদয়ে রামচন্দ্র খানের নিকট উপস্থিত হইয়া সকল কথা নিবেদন করিল। বৈষ্ণববিদ্বেষী পাষাণহৃদয় রামচন্দ্র তাহাকে পুনরায় [illegible] শ্রীহরিদাসের হৃদয় মুগ্ধ করিবার পরামর্শ দিল। সেই দুষ্টা রমণী শ্রীহরিদাসের ভজনে বাধা দিবার জন্য কতই না চেষ্টা করিল। উপর্য্যুপরি এইরূপ তিনরাত্রি কাটিয়া গেল, তথাপি শ্রীহরিদাসের অপ্রাকৃত হৃদয় হরিভজন হইতে অবসর গ্রহণ করিয়া বেশ্যা ও রামচন্দ্রের অভীষ্টসিদ্ধির বিন্দুমাত্রও সহায়তা করিল না। ঠাকুরের দৃঢ়তা, ঐকান্তিকতা, গোস্বামিত্ব ও অলৌকিক ভজন দর্শন করিয়া পাপনিরতা রমণীর মন ফিরিয়া গেল। তখন সে ঠাকুরের পদতলে নিপতিতা হইয়া স্বকৃত অপরাধের জন্য ক্ষমা ভিক্ষা করিয়া কৃপা প্রার্থনা করিতে লাগিল।

বেশ্যা কহে,—কৃপা করি' কর উপদেশ।
কি মোর কর্ত্তব্য—যাতে যায় ভব-ক্লেশ॥
ঠাকুর কহে,—ঘরের দ্রব্য ব্রাহ্মণে কর দান।
এই ঘরে আসি তুমি করহ বিশ্রাম॥
নিরন্তর নাম লও, তুলসী-সেবন।
অচিরাৎ পাবে তবে কৃষ্ণের চরণ॥

শ্রীঠাকুরের অহৈতুকী কৃপা লাভ করিয়া সেই বেশ্যা ধন্যা হইলেন এবং ঠাকুরের আদেশ-অনুসারে গৃহে যাহা কিছু ছিল, সমস্ত ব্রাহ্মণকে দিয়া মস্তক মুণ্ডন করত একবস্ত্রে সেই বনস্থ নির্জ্জন কুটীরে থাকিয়া তুলসী-সেবন ও দিবারাত্র তিনলক্ষ হরিনাম করিতে করিতে শুদ্ধচিত্তা হইলেন। ঠাকুরের কৃপা লাভ করিয়া বেশ্যা উদ্ধার লাভ করিলেন। সৎসঙ্গের এতই প্রভাব! ভক্তকৃপার এতই শক্তি! বৈষ্ণবহৃদয় ব্যতীত এত দয়া আর কুত্রাপি দেখা যায় না। কর্ম্মফলবাধ্য মানবের সহিত সর্ব্বদেববন্দ্য বৈষ্ণবের তুলনা হয় না। বেশ্যার প্রতি ঠাকুরের অমন্দোদয়-দয়া দেখিয়া সকলেই বিস্মিত হইলেন। তাই বলি, হে নামাশ্রিত শুদ্ধভক্তগণ! আসুন, আমরা শ্রীল ঠাকুর হরিদাসের এই পরমপবিত্র অনুপম চরিত্র সর্ব্বদা হৃদয়ে ধারণ করিয়া নিষ্কপটে শ্রীকৃষ্ণকে অনুক্ষণ ডাকি, তবেই করুণাময় নামাচার্য্য ঠাকুর মহাশয় আমাদিগকে কৃপা করিবেন।

শ্রীহরিদাস গঙ্গাতীরে বাস করিবার ছলে বেনাপোলের কুটীর পরিত্যাগপূর্ব্বক নদীয়া-জেলার অন্তর্গত শান্তিপুরের নিকটবর্ত্তী ফুলিয়া-নামক স্থানে শুভাগমন করিলেন। শ্রীঅদ্বৈত প্রভু তৎকালে শান্তিপুরে বাস করিতেন। শ্রীঅদ্বৈত প্রভুর সঙ্গ লাভ করিয়া শ্রীহরিদাস মনের আনন্দে প্রত্যহ গঙ্গাস্নান করিয়া নিরবধি উচ্চৈঃস্বরে হরিনাম করিতে লাগিলেন। শ্রীহরিদাস কৃষ্ণনাম-প্রেমে উন্মত্ত ও কৃষ্ণেতর বিষয়ে বিরক্তের অগ্রগণ্য ছিলেন। ফুলিয়ার ব্রাহ্মণসমাজ শ্রীহরিদাসের ভগবন্নিষ্ঠা ও শুদ্ধসাত্ত্বিক-বিকারসমূহ দর্শন করিয়া তাঁহাকে বিশেষভাবে শ্রদ্ধা করিতে লাগিলেন। এমন সময় শ্রীহরিদাসের বিরুদ্ধে যবনাধিপতি মুলুকপতির নিকট মহাপাপী কাজী অভিযোগ আনয়ন করিয়া বলিতে লাগিল যে, শ্রীহরিদাস যবনকুলে আবির্ভূত হইয়াও হিন্দুর আচার গ্রহণ করিয়াছেন। এই কথা শুনিয়া মুলুকপতি শ্রীহরিদাসকে লইয়া যাইবার জন্য লোক পাঠাইল। শ্রীহরিদাস নির্ভয়ে যবনাধিপতির নিকট গমন করিলেন। তথায় শ্রীহরিদাসের দর্শনফলে কারাক্লেশ-যন্ত্রণা দূরীভূত হইবে বিচার করিয়া কারাগারস্থিত বন্দিগণ কারারক্ষকগণকে অতিশয় অনুনয়-বিনয়পূর্ব্বক ঠাকুরের শ্রীচরণদর্শনা-কাঙ্ক্ষা জানাইল। শ্রীহরিদাস বন্দিগণের সেইরূপ বিষয়নির্ম্মুক্ত অবস্থাই যে হরি-ভজনের অনুকূল, তাহা জানাইয়া তাহাদিগকে সর্ব্বস্থানে সর্ব্বাবস্থায় আত্মার স্বাধীনতারূপ কৃষ্ণদাস্যের কর্ত্তব্যতাবিষয়ে উপদেশ করিলেন। শ্রীল ঠাকুর হরিদাস বন্দিগণকে বলিলেন,—

"এবে কৃষ্ণ প্রতি তোমা-সবাকার মন।
যেন আছে, এই মত থাকু সর্ব্বক্ষণ॥
এবে নিত্য কৃষ্ণনাম, কৃষ্ণের চিন্তন।
সবে মেলি' করিতে থাকহ অনুক্ষণ॥
এবে হিংসা নাহি, নাহি প্রজার পীড়ন।
কৃষ্ণ বলি' কাকুবাদে করহ চিন্তন॥
আর বার গিয়া বিষয়েতে প্রবর্ত্তিলে।
সবে ইহা পাসরিবে, গেলে দুষ্ট-মেলে॥
বিষয় থাকিতে কৃষ্ণপ্রেম নাহি হয়।
বিষয়ীর দূরে কৃষ্ণ জানিহ নিশ্চয়॥
বিষয়ে আবিষ্ট মন বড়ই জঞ্জাল।
স্ত্রী-পুত্র মায়াজাল, এই সব 'কাল'॥
দৈবে কোন ভাগ্যবান্ সাধুসঙ্গ পায়।
বিষয়ে আবেশ ছাড়ি' কৃষ্ণেরে ভজয়॥
'বন্দী থাক'—হেন আশীর্ব্বাদ নাহি করি।
বিষয় পাসর, অহর্নিশ বল হরি॥
সর্ব্বজীব প্রতি দয়া-দর্শন আমার।
কৃষ্ণে দৃঢ়ভক্তি হউক তোমা সবাকার॥
চিন্তা নাহি, দিন দুই-তিনের ভিতরে।
বন্ধন ঘুচিবে—এই কহিনু তোমারে॥
বিষয়েতে থাক, কিবা থাক যথাতথা।
এই বুদ্ধি কভু না পাসরিহ সর্ব্বথা॥

অনন্তর মুসলমান-অধিপতি শ্রীহরিদাসকে হিন্দুধর্ম্ম-গ্রহণের কথা জিজ্ঞাসা করিলে শ্রীহরিদাস বলিলেন,—

"শুন বাপ, সবারই একই ঈশ্বর॥
নামমাত্র ভেদ করে হিন্দুয়ে যবনে।
পরমার্থে 'এক' কহে কোরাণে পুরাণে॥
এক শুদ্ধ নিত্যবস্তু অখণ্ড অব্যয়।
পরিপূর্ণ হৈয়া বৈসে সবার হৃদয়॥
সেই প্রভু যাঁ'রে যেন লওয়ায়েন মন।
সেইমত কর্ম্ম করে সকল ভুবন॥
সে প্রভুর নাম-গুণ সকল জগতে।
বলেন সকলে মাত্র নিজ শাস্ত্রমতে॥
যে ঈশ্বর, সে পুনঃ সবার ভাব লয়।
হিংসা করিলেই সে তাহান হিংসা হয়॥
এতেকে আমারে সে ঈশ্বর যে হেন।
লওয়াইছেন চিত্তে, করি আমি তেন॥

পরমেশ্বর এক, নিত্য, অদ্বিতীয় এবং সকল জীবেরই প্রভু। হিন্দু-মুসলমান, বালক বৃদ্ধ, যুবক যুবতী - সকলেরই ঈশ্বর একজন। তিনি জীবহৃদয়ে অবস্থিত হইয়া প্রযোজক-কর্ত্তৃরূপে যাহাকে যেভাবে কার্য্যে নিযুক্ত করেন, প্রযোজ্যকর্ত্তৃরূপে জীব তাহাই করিয়া থাকে। একমাত্র ঈশ্বরই জীবের কৃতকর্ম্মের হেতুকর্ত্তা। অহঙ্কারবিমূঢ় জীব আপনাতে কর্ত্তৃত্ব আরোপ করিয়া যে কর্ম্ম করে, তাহা তাহার মিথ্যা অভিমান-মাত্র। ভগবদিচ্ছাই ফলবতী হয়। জীব উপলক্ষ্যস্বরূপ হইলেও ঈশ্বরেচ্ছাই বলবতী। ঠাকুরের শ্রীমুখে এইরূপ সুসত্য বচন শ্রবণ করিয়া যবনগণ সন্তুষ্ট হইল। কিন্তু এক মহাপাপিষ্ঠ কাজী মুলুকপতিকে শাস্তি দিবার জন্য অনুরোধ করায় মুলুকপতি কঠিন শাস্তির ভয়-প্রদর্শনদ্বারা শ্রীহরিদাসকে স্বধর্ম্ম গ্রহণ করিতে বলায় শ্রীহরিদাস নির্ভীকতার সহিত দৃঢ়ভাবে বলিলেন যে, তাঁহার দেহ খণ্ড-বিখণ্ডিত হইলেও—প্রাণ বিগত হইলেও তিনি হরিনাম-কীর্ত্তনরূপ স্বধর্ম্ম অর্থাৎ জীবমাত্রের আত্মার নিত্যধর্ম্ম কখনই কোন অবস্থাতেই পরিত্যাগ করিবেন না।

হরিদাস বলেন---যে করান ঈশ্বরে।
তাহা বই আর কেহ করিতে না পারে॥
অপরাধ-অনুরূপ যার যেই ফল।
ঈশ্বরে সে করে—ইহা জানিহ কেবল॥

খণ্ড খণ্ড হই' দেহ যায় যদি প্রাণ।
তবু আমি বদনে না ছাড়ি হরিনাম ॥

শ্রীল ঠাকুর হরিদাসের শ্রীনামের প্রতি এইরূপ অচলা শ্রদ্ধা ও প্রপত্তি দেখিয়া মৎসর পাপী কাজী অম্বুয়া-মুলুকের অন্তর্গত বাইশ বাজারে তাঁহাকে বিশেষভাবে প্রহারপূর্ব্বক বধ করিবার আদেশ প্রদান করিল। দুষ্টগণ শ্রীহরিদাসকে বাইশ বাজারে নিষ্ঠুরভাবে বেত্রাঘাত করিতে লাগিল। শ্রীপ্রহ্লাদের ন্যায় এরূপ নৃশংসভাবে নির্য্যাতীত ও লাঞ্ছিত হইয়াও নামানন্দে মগ্ন শ্রীহরিদাস বিন্দুমাত্রও দুঃখিত হইলেন না, উপরন্তু পরদুঃখদুঃখী শ্রীহরিদাস প্রহারকারিগণের দুর্দ্দৈবফলে সত্যদ্রোহজনিত ভীষণ অপরাধের আশঙ্কায় উহাদের অপরাধের জন্য ভগবানের নিকট ক্ষমা প্রার্থনা করিতে লাগিলেন। মহাভাগবতগণের এতাদৃশী সহিষ্ণুতা ও দয়া স্বাভাবিকী। তাঁহারা ভগবৎসেবায় সর্ব্বক্ষণ এরূপ ব্যস্ত ও নিরত থাকেন যে, ভগবদ্বহির্ম্মুখ জগতের নির্য্যাতনাদি তাঁহাদিগকে কোনরূপ উদ্বেগ দিতে সমর্থ হয় না।

সবে যেসকল পাপিগণ তাঁ'রে মারে।
তা'র লাগি' দুঃখ-মাত্র ভাবেন অন্তরে ॥
এ সব জীবেরে কৃষ্ণ! করহ প্রসাদ।
মোর দ্রোহে নহু এ-সবার অপরাধ ॥

শ্রীহরিদাসকে এরূপভাবে প্রহার করিয়াও তাঁহাকে বিনাশ করিতে না পারিয়া পাপী যবনানুচরগণ মুলুকপতির ভয়ে ভীত হইলে পরদুঃখদুঃখী দয়াল ঠাকুর হরিদাস ধ্যানানন্দাবেশে নিজেকে মৃতবৎ প্রদর্শন করিলেন। শ্রীহরিদাসকে কবর দিলে পাছে তাঁহার সদ্গতি হয়, এই বিবেচনা করিয়া তাঁহার অসদ্গতির জন্য কাজী শ্রীহরিদাসকে গঙ্গায় নিক্ষেপ করিতে আদেশ দিল। তখন শ্রীহরিদাসের দেহে শ্রীবিশ্বম্ভরের অধিষ্ঠান হওয়ায় সকলে মিলিয়া চেষ্টা করিয়াও তাঁহাকে একচুলও নড়াইতে পারিল না। পরে কৃষ্ণেচ্ছায় শ্রীহরিদাস গঙ্গামধ্যে নিক্ষিপ্ত হইয়া ভাসিতে ভাসিতে ত্রিবেণীতে আসিলেন এবং বাহ্যদশা লাভ করিয়া ফুলিয়া-গ্রামে উপস্থিত হইয়া উচ্চৈঃস্বরে শ্রীকৃষ্ণনাম কীর্ত্তন করিতে লাগিলেন। যবনগণ শ্রীহরিদাসের ঐরূপ ঐশ্বর্য্য দর্শন করিয়া তাঁহাকে মহা-পীর-জ্ঞানে নমস্কার করিতে লাগিল, এমন কি, মুলুকপতিও স্বকৃত অপরাধের জন্য যোড়-হস্তে তাঁহার নিকট ক্ষমাভিক্ষা করিল।

ফুলিয়ার ব্রাহ্মণগণ শ্রীহরিদাসের পুনরায় দর্শন পাইয়া অত্যন্ত আনন্দিত হইলেন। শ্রীঠাকুর মহাশয় দৈন্যভরে বলিলেন,—

হরিদাস বলেন,—শুনহ বিপ্রগণ।
দুঃখ না ভাবিহ কিছু আমার কারণ ॥
প্রভু-নিন্দা আমি যে শুনিলুঁ অপার।
তা'র শাস্তি করিলেন ঈশ্বর আমার ॥
ভাল হৈল, ইথে বড় পাইলুঁ সন্তোষ।
অল্প শাস্তি করি' ক্ষমিলেন বড়-দোষ ॥
কুম্ভীপাক হয় বিষ্ণুনিন্দন-শ্রবণে।
তাহা আমি বিস্তর শুনিলুঁ পাপ-কাণে ॥
যোগ্য শাস্তি করিলেন ঈশ্বর তাহার।
হেন পাপ আর যেন নহে পুনর্ব্বার ॥

যে সকল যবন মহাভাগবতবর শ্রীহরিদাস ঠাকুরকে পূজাবুদ্ধিতে বিনীতভাবে নমস্কার করিল, তাহাদের ভববন্ধন মোচন হইল। শ্রীভগবৎপাদপদ্মে পূর্ণ-শরণাগত শ্রীহরিদাস আপনাকে কর্ম্মফলবাধ্য সামান্য বদ্ধজীব মনে করিয়া দৈন্যভরে বিষ্ণুনিন্দাশ্রবণাভিনয়ের ফল-স্বরূপ নিজ প্রতি ভীষণ দ্রোহ ও হিংসাকে যথাযোগ্য ভগবৎকৃপাদণ্ডজ্ঞান করিলেও ভক্তবৎসল শ্রীভগবানের ইচ্ছায় বৈষ্ণববিদ্বেষী যবনগণ সকলেই স্ববংশে নিধন-প্রাপ্ত হইল। ভক্তগণ কাহারও অপরাধ গ্রহণ না করিলেও ভগবান্ ভক্তবিদ্বেষীকে ভীষণ শাস্তি প্রদান করিয়া থাকেন।

এখন ঠাকুর শ্রীহরিদাস গঙ্গাতীরে নির্জ্জন গোফায় অহর্নিশ শ্রীহরিনাম করিতে লাগিলেন। প্রত্যহ ত্রিলক্ষ হরিনামগ্রহণে শ্রীহরিদাসের ভজনকুটীরটী শুদ্ধসত্ত্বময় বৈকুণ্ঠ-ভবন হইল। ফুলিয়ার সেই গোফায় এক বিষধর মহানাগ বাস করিত। তাহাতে ঠাকুরের কোন অসুবিধা না হইলেও যাঁহারা শ্রীহরিদাস ঠাকুরের শ্রীপাদপদ্ম দর্শন করিতে আসিতেন, তাঁহারা জ্বালাপ্রভাবে কেহই সেখানে বেশীক্ষণ থাকিতে পারিতেন না। ওঝা-গণের নিকট গোফার নীচে মহাসর্পের কথা অবগত হইয়া গ্রামবাসিগণ অনুরোধ করিলে শ্রীহরিদাস সেই গোফা পরিত্যাগ করিতে ইচ্ছা করায় সেই মহানাগ সেইদিনই সন্ধ্যায় সেই স্থান পরিত্যাগ করিয়া চলিয়া গেল। এই বিস্ময়কর ঘটনা দেখিয়া সকলেই চমৎকৃত ও মুগ্ধ হইলেন। আর একদিন কোন এক ধনিলোকের গৃহে এক ডঙ্ক কালিয়দহে কৃষ্ণের লীলা-মাহাত্ম্যের কীর্ত্তন করিতেছিল। শ্রীহরিদাস কৃষ্ণের মহিমা শ্রবণ করিয়া মূর্চ্ছিত হইয়া পড়িলেন, তাঁহার অপ্রাকৃত দেহে শুদ্ধসাত্ত্বিক বিকার-সমূহ পরিদৃষ্ট হইল। সকলেই শ্রীহরিদাসের শ্রীচরণধূলি গ্রহণ করিয়া সর্ব্বাঙ্গে লেপন করিতে লাগিলেন। ইহা দেখিয়া এক কপট বিপ্রাধম শ্রীহরিদাস হইতেও অধিকতর প্রতিষ্ঠালাভের আশায় তাঁহার অনুকরণে কৃত্রিম ভাবসমূহ দেখাইতে লাগিল। ডঙ্ক সেই দুর্ব্বিপ্রের কৃত্রিমতা জানিতে পারিয়া তাহাকে বেত্রাঘাতে জর্জ্জরিত করিলে বিপ্র বাধ্য হইয়া সেই স্থান পরিত্যাগ করিল। ডঙ্ক শ্রীহরিদাসের অকৃত্রিমতা ও দুর্ব্বিপ্রের কৃত্রিমতা সকলকে বুঝাইয়া দিলেন।

সেই সময় পাষণ্ডিগণ সকলেই উচ্চ কীর্ত্তনের বিরোধী ছিল। হরিনদী-গ্রামে এক নাস্তিক দুর্জ্জন ব্রাহ্মণ শ্রীহরিদাসকে উচ্চ হরিসংকীর্ত্তন করিতে দেখিয়া ক্রুদ্ধচিত্তে তাহার প্রতিবাদ করিলে শ্রীল ঠাকুর হরিদাস বলিলেন,—

উচ্চ করি' লইলে শতগুণ পুণ্য হয়।
দোষ ত' না কহে শাস্ত্র, গুণ সে বর্ণয় ॥
শুন বিপ্র, সকৃৎ শুনিলে কৃষ্ণনাম।
পশু-পক্ষী-কীট যায় শ্রীবৈকুণ্ঠধাম ॥
পশুপক্ষী-কীট-আদি বলিতে না পারে।
শুনিলেই হরিনাম তা'রা সব তরে ॥
জপিলে সে কৃষ্ণনাম আপনে সে তরে।
উচ্চসংকীর্ত্তনে পর-উপকার করে ॥
জপকর্ত্তা হৈতে উচ্চসংকীর্ত্তনকারী।
শত গুণ অধিক সে পুরাণেতে ধরি ॥
উচ্চ করি করিলে গোবিন্দ-সংকীর্ত্তন।
জীবমাত্র শুনিয়াই পায় বিমোচন ॥

ঐ পাষণ্ডী ব্রাহ্মণাধম শ্রীহরিদাসের শাস্ত্রীয় বাক্যে অবিশ্বাস এবং তাঁহার প্রতি জাতিবুদ্ধি করিয়া তাঁহাকে নাক কাণ কাটিয়া এ বিষয়ের সত্যতা প্রমাণিত করিতে বলিলে কয়েকদিনের মধ্যেই অপরাধফলে বসন্তরোগে সেই বিপ্রের নাক খসিয়া পড়িল। শ্রীল হরিদাস ঠাকুর শুদ্ধভক্তগণের সঙ্গলাভার্থ শ্রীনবদ্বীপে গমন করিলেন।

কোন সময় শ্রীল ঠাকুর হরিদাস সপ্তগ্রামান্তর্গত চাঁদপুরে গমন-পূর্ব্বক হিরণ্য-গোবর্দ্ধনের সভায় উপস্থিত হন এবং তথায় শ্রীনাম ও নামাভাসের মাহাত্ম্য কীর্ত্তন করেন। তাঁহার শ্রীমুখে শ্রীনাম ও নামাভাসের মাহাত্ম্য শ্রবণ করিয়া তথাকার গোপাল চক্রবর্ত্তী-নামক এক পাষণ্ডী ব্রাহ্মণ শ্রীনামের মাহাত্ম্যে অবিশ্বাস করিয়া ঠাকুরের সহিত বাদ প্রতিবাদ করায় ঠাকুরের শ্রীচরণে অপরাধফলে তিন দিনের মধ্যে বৈষ্ণব-অবজ্ঞার ভীষণ ফলস্বরূপে কুষ্ঠরোগাক্রান্ত হয় এবং তৎফলে তাহার হস্ত-পদাঙ্গুলি ও নাসা খসিয়া পড়ে। শ্রীল হরিদাস ঠাকুরের এইরূপ মাহাত্ম্য দেখিয়া সকলেই তচ্চরণে আকৃষ্ট ও প্রণত হন।

শ্রীল ঠাকুর হরিদাস নামাচার্য্য। তিনি শ্রীনবদ্বীপে আগমনপূর্ব্বক শ্রীবাসাদি ভক্তগণের সহিত শ্রীহরিনাম কীর্ত্তন করিতে লাগিলেন। ঠাকুর শ্রীমন্মহাপ্রভুর শ্রীহরি-সংকীর্ত্তন-প্রচারের প্রধান সহায়কগণের অন্যতম ছিলেন। শ্রীগৌরসুন্দর জীবের দুঃখ দর্শন করিয়া শ্রীনিত্যানন্দপ্রভু ও শ্রীল ঠাকুর হরিদাসকে প্রতি ঘরে ঘরে গিয়া শ্রীহরিনাম প্রচার করিতে বলেন। তাঁহারা প্রভুর আজ্ঞা শিরে ধারণ করিয়া সর্ব্বত্র হরিনাম প্রচার করেন। মহাপ্রকাশের সময় শ্রীমন্মহাপ্রভু স্বয়ং শ্রীঠাকুরের অপার মহিমার কথা কীর্ত্তনপূর্ব্বক তাঁহাকে বর দিতে চাহিলে ঠাকুর হরিদাস বলেন,—

তোমার চরণ ভজে যেসকল দাস।
তা'র অবশেষ যেন হয় মোর গ্রাস ॥
সেই সে ভজন মোর হউ জন্ম জন্ম।
সেই অবশেষ মোর ক্রিয়া-কুল-ধর্ম্ম ॥
শচীর নন্দন বাপ, কৃপা কর মোরে।
কুক্কুর করিয়া মোরে রাখ ভক্তঘরে ॥

এই কথা শুনিয়া শ্রীমন্মহাপ্রভু বলিলেন,—

তিলার্দ্ধেকো তুমি যাঁ'র সঙ্গে কহ কথা।
সে অবশ্য আমা পা'বে, নাহিক অন্যথা ॥
তোমাকে যে করে শ্রদ্ধা সে করে আমাকে।
নিরন্তর থাকি আমি তোমার শরীরে ॥

শ্রীল ঠাকুর বৃন্দাবন দাস বলিয়াছেন,—

"জাতি, কুল, ক্রিয়া, ধনে কিছু নাহি করে।
প্রেমধন আর্ত্তি বিনা না পায় কৃষ্ণেরে ॥
যে সে কুলে বৈষ্ণবের জন্ম কেনে নহে।
তথাপিহ সর্ব্বোত্তম সর্ব্বশাস্ত্রে কহে ॥
যে পাপিষ্ঠ বৈষ্ণবের জাতিবুদ্ধি করে।
জন্ম জন্ম অধম-যোনিতে ডুবি মরে ॥
মহাভক্ত হরিদাস ধন্য ধন্য ধন্য।
হরিদাস-স্মরণে সর্ব্বাপ নিষ্পন্ন ॥
হরিদাস স্পর্শবাঞ্ছা করে দেবগণ।
গঙ্গাও বাঞ্ছেন হরিদাসের মজ্জন ॥
স্পর্শের কি দায়, দেখিলেই হরিদাস।
ছিণ্ডে সর্ব্বজীবের অনাদিক কর্ম্মপাশ ॥
হরিদাস আশ্রয় করিবে যেই জন।
তাঁ'রে দেখিলেও খণ্ডে সংসার-বন্ধন ॥
যাঁর দৃষ্টিমাত্র ছাড়ে অবিদ্যা-বন্ধন।
কৃষ্ণ না লঙ্ঘেন হরিদাসের বচন ॥
তিলার্দ্ধ ইহান সঙ্গ যে জীবের হয়।
সে অবশ্য পায় কৃষ্ণপাদপদ্মাশ্রয় ॥
ব্রহ্মা-শিবো হরিদাস হেন ভক্তসঙ্গ।
নিরবধি করিতে চিত্তেন বড় রঙ্গ ॥
সকৃৎ যে বলিবেক হরিদাস-নাম।
সত্য সত্য সে যাইবেক কৃষ্ণধাম ॥

ফুলিয়ায় অবস্থানকালে একদিন ব্রহ্মাণ্ড-মোহিনী মায়াদেবী নারীমূর্ত্তিতে শ্রীহরিদাস ঠাকুরকে পরীক্ষা করিবার জন্য জ্যোৎস্না-রাত্রিতে তথায় উপস্থিত হইলেন এবং জীব-মোহিনী মায়া পর পর তিনরাত্রি বিশেষ-ভাবে পরীক্ষা করিয়াও তাঁহাকে মোহিত করিতে অসমর্থ হইয়া স্বীয় পরিচয় প্রদান করিলেন এবং শ্রীহরিদাস ঠাকুরের নিকট কৃষ্ণসংকীর্ত্তনের উপদেশ পাইয়া অত্যন্ত আনন্দিত হইলেন। শ্রীল ঠাকুরের এইরূপ অত্যাশ্চর্য্য প্রভাব দেখিয়া সজ্জনগণ সকলেই ঠাকুরের গুণকীর্ত্তন করিতে লাগিলেন।

শ্রীল হরিদাস ঠাকুরের অনন্ত লীলা, জীবের প্রতি অপার দয়া, ভগবানের প্রতি প্রগাঢ় প্রীতির কথা কেহ বর্ণিয়া শেষ করিতে পারে না। আমরা আজ তাঁহার কিঞ্চিৎ দিগ্দর্শন করিবার প্রয়াস করিয়াছি মাত্র।

শ্রীচৈতন্যদেব কাটোয়ায় সন্ন্যাস গ্রহণ-পূর্ব্বক নীলাচলে অবস্থান করিলে শ্রীল ঠাকুর হরিদাসও নীলাচলে গমন করিলেন। শ্রীল ঠাকুর হরিদাস শ্রীকাশীমিশ্রের গৃহের সন্নিকটে বাগানের মধ্যে একটী কুটিরে ভজনানন্দে দিনাতিপাত করিতে লাগিলেন। তাঁহার সেই ভজনস্থানের নাম সিদ্ধবকুল-কুঞ্জ। শ্রীমন্মহাপ্রভু সেবকগণের মহাপ্রসাদ

আশঙ্কায় শ্রীহরিদাস শ্রীমন্দিরে না গিয়া শ্রীমন্দিরের চক্রদর্শন ও প্রণামাদির দ্বারা শ্রীবিগ্রহ-দর্শন করিতেন।

শ্রীমন্মহাপ্রভু শ্রীহরিদাসদ্বারা শ্রীনাম-মহিমা প্রচার করাইয়াছিলেন। শ্রীল ঠাকুর হরিদাস প্রকটকালের শেষ দিনেও সংখ্যা-নামের মর্য্যাদা জগৎকে দেখাইয়াছিলেন। শ্রীমন্মহাপ্রভু তাঁহার অপ্রকট কালের পূর্ব্বে জিজ্ঞাসা করিলে সংখ্যা-নামের অপূর্ণতাই তাঁহার ব্যাধির কারণ নির্দ্দেশ করিলেন। শ্রীগৌরসুন্দর তাঁহার সংখ্যানাম গ্রহণে আগ্রহ দেখিয়া তাঁহার সিদ্ধ দেহের উল্লেখ-পূর্ব্বক সংখ্যানাম হ্রাস করিবার কথা বলিলে শ্রীহরিদাস দৈন্যভরে শ্রীমন্মহাপ্রভুর মহিমা কীর্ত্তন করিয়া শ্রীমন্মহাপ্রভু এজগতে প্রকট থাকাকালে তিনি যেন এজগৎ হইতে চলিয়া যাইতে পারেন, এই প্রার্থনা জানাইলেন। শ্রীমন্মহাপ্রভু শ্রীহরিদাসের বাঞ্ছা পূর্ণ করিলে শ্রীহরিদাস সম্মুখে শ্রীমন্মহাপ্রভুকে দর্শন ও তাঁহার শ্রীমুখে হরিনাম শুনিতে শুনিতে এবং শ্রীকৃষ্ণচৈতন্য-নাম কীর্ত্তন করিতে করিতে নিত্যলীলায় প্রবেশ করিলেন। শ্রীমন্মহাপ্রভু শ্রীহরিদাসের চিন্ময় তনু কোলে লইয়া প্রেমাবেশে নৃত্য করিতে লাগিলেন এবং শ্রীহরিদাস ঠাকুরকে বিমানে চড়াইয়া সমুদ্রতীরে লইয়া গেলেন। শ্রীহরিদাস ঠাকুরকে সমুদ্রে স্নান করাইলে ভগবদ্ভক্তগণ তাঁহার পাদোদক পান করিলেন এবং তাঁহার শ্রীঅঙ্গে প্রসাদ-চন্দন দিয়া শ্রীমন্মহাপ্রভু স্বয়ং শ্রীহস্তে তাঁহাকে সমাধিস্থ করিলেন।

অনন্তর শ্রীমন্মহাপ্রভু স্বগণসহ শ্রীহরিদাসকে প্রদক্ষিণ করিয়া হরিসংকীর্ত্তন করিতে করিতে সিংহদ্বারে আগমনপূর্ব্বক শ্রীহরিদাস ঠাকুরের অপ্রকট মহোৎসবের জন্য আঁচল পাতিয়া ভিক্ষা করিতে লাগিলেন। মহাসমারোহের সহিত শ্রীল ঠাকুরের বিরহ-মহোৎসব শ্রীমন্মহাপ্রভু নিজে সম্পন্ন করিলেন।

শ্রীল ঠাকুর হরিদাস জগদ্গুরু। তিনি তৃণাদপি সুনীচতা, তরু অপেক্ষা সহিষ্ণুতা ও অমানি মানদত্বের মূর্ত্তবিগ্রহ। তিনি শ্রীমন্মহাপ্রভুর 'কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ' এই উপদেশ মন্ত্রে নিত্য দীক্ষিত ও নাম-প্রচারের জন্য আপ্রাণ-প্রচেষ্ট। শ্রীনামকে এইরূপ প্রগাঢ় প্রীতি সুলোকে দুর্লভ। তাঁহার উপদেশ ও শ্রীপাদপদ্ম-চিন্তাই জীবের রক্ষাকবচ। তাঁহার আদর্শ আমাদের সকলেরই গ্রহণীয়। তাঁহার শ্রীপাদপদ্মের ধূলি হইবার আকাঙ্ক্ষা আমাদের হৃদয়ে জাগিলে আমরা তাঁহার কৃপায় শুদ্ধনাম-গ্রহণের সৌভাগ্য পাইয়া কৃতার্থ হইব। শ্রীনামের শ্রীচরণে তাঁহার সম্পূর্ণ শরণাগতি, প্রগাঢ় প্রীতি, নিষ্ঠা, ঐকান্তিকতা ও দৃঢ়তা আমাদের অনুসরণীয় হউক, তাঁহার কৃপা ও সঙ্গলাভই আমাদের নিত্যকাম্য হউক, তাহা হইলেই আমাদের মঙ্গল হইবে।

সুকৃতি ও শ্রদ্ধা

জীব বদ্ধ ও মুক্ত-ভেদে দ্বিপ্রকার। একপ্রকার জীব কৃষ্ণভক্ত—তাঁহারা মুক্ত-আর একপ্রকার কৃষ্ণাভক্ত—তাহারা বদ্ধ। যে জীব কখনই মায়াবদ্ধ হন নাই বা কৃষ্ণ-কৃপায় মায়ামুক্ত হইয়াছেন, তিনি মুক্তজীব—তিনিই শুদ্ধ কৃষ্ণভক্ত। আর যে জীব অনাদিকাল হইতে কৃষ্ণবহির্মুখ হইয়া মায়ার কবলে কবলিত হইয়া সতত সংসার-ক্লেশ ভোগ করিতেছেন, তিনি বদ্ধজীব—কৃষ্ণাভক্ত। মায়ামুক্ত জীবের সমস্তই চিন্ময়। কৃষ্ণবহির্মুখতাদোষে কৃষ্ণশক্তি মায়া জীবকে সত্ত্ব, রজঃ ও তমোগুণের দ্বারা আবদ্ধ করিয়াছে। গুণত্রয়ের তারতম্যবশতঃ জীবের অবস্থাও বিচিত্র হইয়াছে। চিজ্জগৎ যেরূপ বৈচিত্র্যতা-পরিপূর্ণ, অচিজ্জগতেও সেই-প্রকার বিচিত্রতা বর্ত্তমান। জীবের শরীরের বিচিত্রতা, জীবনের বিচিত্রতা, রূপের বিচিত্রতা, স্বভাবের বিচিত্রতা, স্থানের বিচিত্রতা ও গতির বিচিত্রতা প্রভৃতি সর্ব্বদা লক্ষিত হয়। জীব সংসারে প্রবেশের সঙ্গে সঙ্গেই তাহার প্রকৃত স্বরূপ বিস্মৃত হইয়া নূতনরকম 'আমিত্বে'র বিচার উদিত হয়। শুদ্ধাবস্থায় জীবের আমিত্বের বিচার আত্মসম্বন্ধে হয়, আর বদ্ধাবস্থায় জীবের দেহমন-সম্পর্কে আমিত্বের বিচার নিরূপিত হইয়া থাকে। শুদ্ধাবস্থায় জীবের 'আমি কৃষ্ণদাস' এইরূপ আমিত্বের অভিমান ছিল, বদ্ধাবস্থায় তাহার বিপরীত অভিমান হইয়াছে। মায়ার কবলে পড়িয়া জীবের আমি মনুষ্য, আমি দেবতা, আমি রাজা-প্রজা, আমি ব্রাহ্মণ ক্ষত্রিয়, আমি ধনী, আমি দরিদ্র, আমি পণ্ডিত, আমি রূপবান্, আমি সুখী, আমি দুঃখী, আমি দাতা, আমি পুরুষ, আমি স্ত্রী, আমি সবল, আমি দুর্ব্বল—ইত্যাদি কত রকমের আমিত্ব লাভ হইয়াছে। ইহার নাম 'অহংতা'। 'মমতা' বলিয়া জীবের আর এক প্রকারের অভিমান আছে। আমার বলিয়া দেহ-গেহ-পুত্র-পরিজন-ধন-বস্ত্র-বিদ্যা-বুদ্ধি-পাণ্ডিত্য কুলশীল রূপ-গুণাদির প্রতি যে আপনবুদ্ধি বা আদর, তাহার নাম মমতা। অহংতা ও মমতা লইয়াই বদ্ধজীবের সত্তা। এই অনিত্য অহংমম-ভাবে আবদ্ধ হইয়াই জীব যে কৃষ্ণদাস, তাহা ভুলিয়া মায়িক শরীর আশ্রয় করিয়া সুখ-দুঃখ ভোগ করিতেছে।

জীবের বদ্ধাবস্থায় যেপ্রকার আমি ও আমার অভিমান আছে মুক্তাবস্থায়ও ঐরূপ অভিমান আছে। মুক্তাবস্থায় তাহা নির্দ্দোষ ও চিন্ময়। জীব উপযুক্ত চেষ্টাবলে এই মায়িক অবস্থা হইতে মুক্ত হইয়া শুদ্ধাবস্থায় নীত হইতে পারে। উপযুক্ত চেষ্টার নাম সাধন। কর্ম্মজ্ঞানযোগ-চেষ্টা পরিত্যাগ করিয়া প্রপত্তি-সহকারে ভগবান্ ও ভগবদ্ভক্তের অনুশীলন করিলে জীবের সংসার-বাসনা নষ্ট হইয়া সেবাবৃত্তি জাগ্রত হয়। সাধুসঙ্গ ও প্রপত্তিই জীবের সংসার-বাসনা নষ্ট করিয়া সেবাবৃত্তি জাগ্রত করে। সাধুসঙ্গ ও প্রপত্তিই জীবের উপযুক্ত চেষ্টা। ক্ষণার্দ্ধকালও যদি সৎসঙ্গ হয়, তবে তাহাতেই জীবের আত্যন্তিক মঙ্গল হইয়া থাকে। শ্রীভগবান্ বলিয়াছেন,—এই সত্ত্ব, রজঃ ও তমোগুণময়ী আমার দৈবী মায়া মানব নিজ চেষ্টায় উত্তীর্ণ হইতে পারে না। অতএব মায়া পার হওয়া অত্যন্ত কঠিন। আমাতে যিনি শরণাগত হন, একমাত্র তিনিই এই মায়া পার হইতে পারেন। কিরূপে ভক্তিলাভ হয়, তৎসম্বন্ধে শাস্ত্র বলিয়াছেন,—

'ভক্তিস্তু ভগবদ্ভক্তসঙ্গেন পরিজায়তে।
সৎসঙ্গঃ প্রাপ্যতে পুংভিঃ সুকৃতৈঃ
পূর্ব্বসঞ্চিতৈঃ॥'

ভগবদ্ভক্তের সঙ্গপ্রভাবে ভক্তিবৃত্তি উদিত হন। পুরুষসকল পূর্ব্ব পূর্ব্ব জন্মের পুঞ্জীভূত সুকৃতিফলে শুদ্ধভক্তের সঙ্গ প্রাপ্ত হন। সুকৃতি দুই প্রকার—নিত্য ও নৈমিত্তিক। যে সুকৃতিদ্বারা সাধুসঙ্গ ও ভক্তি-লাভ হয়, তাহা নিত্য। আবার যে সুকৃতি-দ্বারা ভুক্তি ও মুক্তি লাভ হয়, তাহা নৈমিত্তিক সুকৃতি। নিত্য সুকৃতির ফল নিত্য এবং নৈমিত্তিক সুকৃতির ফল অনিত্য। ভুক্তি নিমিত্তাশ্রয়ী, তাহা অনিত্য। মুক্তিও অনিত্য। আত্মা শুদ্ধ, নিত্য ও সনাতন বস্তু। মায়া-সংসর্গই বন্ধন। মায়াসংসর্গ সম্পূর্ণরূপে ছেদনের নাম মুক্তি। এই মোচনকার্য্য নিত্য নহে। কিন্তু শ্রীভগবৎ-পাদপদ্মে রতির শেষ নাই। ইহা ক্রম-বর্দ্ধমান। যে ভক্তি মুক্তি উৎপন্ন করিয়া নিরস্ত হয়, তাহা নৈমিত্তিক কর্ম্ম-বিশেষ। যে ভক্তি মুক্তির পূর্ব্বে, মুক্তির সঙ্গে ও মুক্তির পরে বর্ত্তমান থাকে, সে ভক্তি অনিত্য বা নিমিত্তাশ্রয়ী নহে। তাহাই জীবের নিত্যধর্ম্ম। মুক্তি তাহার একটী অবান্তর ফলমাত্র। কর্ম্ম-যোগ-জ্ঞানাদি সমস্তই নৈমিত্তিক সুকৃতি। পূর্ব্ব পূর্ব্ব জন্মের পুঞ্জীভূত নিত্য সুকৃতিফলে জীবের শ্রদ্ধা লাভ হয়। শাস্ত্রে হরিমন্দির মার্জ্জন, তুলসীর নিকট আলোকদান, হরিবাসর পালন, নগরসংকীর্ত্তনে যোগদান, সাধুগণ কি বলেন, তাহা শ্রবণ করিবার ইচ্ছা ইত্যাদিকে ভক্তিক্রিয়া বলে। ইহা দ্বারাই জীবের ভক্ত্যুন্মুখী সুকৃতি লাভ হয়। সেই সমস্ত ভক্তিক্রিয়া শুদ্ধশ্রদ্ধার সহিত না হইলেও অর্থাৎ ঘটনাক্রমে হইলেও তদ্দ্বারা ভক্তি-পোষক সুকৃতি হয়। নৈমিত্তিক সুকৃতি দ্বারা অবান্তর ফল লাভ হয়, কিন্তু অনন্য-ভক্তিতে শ্রদ্ধা উদিত হয় না। কর্ম্মজ্ঞানাদি অন্যোপায় পরিত্যাগশীল ভক্ত্যুন্মুখী চিত্তবৃত্তি-বিশেষই শ্রদ্ধা।

শাস্ত্রবাক্যে— সাধুগুরুবাক্যে সুদৃঢ় বিশ্বাসই শ্রদ্ধা। 'শ্রদ্ধাবান্ জন হয় ভক্তি-অধিকারী'। ভক্তির মূল শ্রদ্ধা। 'শ্রদ্ধা'-শব্দের অর্থ বিশ্বাস। ভগবান্ নিশ্চয়ই কৃপা করিবেন, এই বাক্যে যাঁহার বিশ্বাস হইয়াছে, তিনি শ্রদ্ধাবান্। যাঁহার এই শ্রদ্ধা লাভ হইয়াছে, তিনি ভক্তির দ্বারে বসিয়াছেন। সুদৃঢ়, নিশ্চয়, ধীর, স্থির, অচল, অটল ধারণার নাম শ্রদ্ধা। এই শ্রদ্ধা যাঁহার লাভ হইয়াছে, তিনিই ভক্তি লাভ করিবেন। এইরূপ শ্রদ্ধালাভের পর ভক্তি লাভ হয়। বৈধী ভক্তির বীজ শ্রদ্ধা, আর রাগভক্তির বীজ রুচি বা লোভ।

অনন্যভক্তির যাহা অনুকূল, তাহাই করিব এবং যাহা প্রতিকূল, তাহা বর্জ্জন করিব, এইরূপ প্রতিজ্ঞা, ভগবান্‌ই আমার রক্ষাকর্ত্তা, জ্ঞানযোগাদি চেষ্টাদ্বারা আমার কিছুই হইতে পারে না, এইরূপ বিশ্বাস; আমার চেষ্টায় ভক্তিবিষয়ে কিছু লাভ হইতে পারে না, আমাকে আমি পালন করিতে পারি না, আমি শ্রীভগবানের সেবা যথাসাধ্য করিবই, তিনি আমাকে পালন করিতেছেন ও করিবেন এরূপ নির্ভরতা, তাঁহার ইচ্ছাতেই আমি যাবতীয় কার্য্য নির্ব্বাহ করিব, এরূপ আত্মনিবেদন, নিজেকে অকিঞ্চন, দীন-হীন কাঙ্গালবুদ্ধি—এইরূপ প্রতিজ্ঞা, বিশ্বাস, নির্ভরতা, আত্মনিবেদন ও দৈন্যে অবস্থিত হইলে যে বৃত্তি উদিত হয়, তাহাই শ্রদ্ধা। ইহাই মুক্ত জীবের স্বভাবের প্রথমাবস্থা। শ্রদ্ধা হইতেই সাধুসঙ্গ হয় এবং সাধুসঙ্গ হইতেই জীবের অনাদিবন্ধন মোচন হয়।

শ্রদ্ধা জন্মিলে কৃষ্ণানুবৃত্তিচেষ্টা সর্ব্বদা লক্ষিত হয় ও কর্ম্ম স্বরূপতঃ পরিত্যক্ত হয়। ইহাই শরণাগতি। শ্রদ্ধা-শব্দে আদর। কর্ম্ম ও জ্ঞানাদির অনুষ্ঠানেও শ্রদ্ধার প্রয়োজন আছে। বিশ্বাস থাকিলেও কোন কার্য্যে প্রবৃত্তি হয় না, তাহাতে রুচির প্রয়োজন। কর্ম্ম ও জ্ঞানে যে শ্রদ্ধা আছে, তাহাতে রুচি-রূপা ভক্তিপরমাণু আছে। ভক্তিসম্বন্ধে যে শ্রদ্ধা, তাহাতেও ভক্তির প্রতি রুচি আছে। সেই রুচিযুক্ত শ্রদ্ধাই ভক্তিলতার বীজস্বরূপ, জীবহৃদয়ে রোপিত হয়। ভক্তিরুচিমিশ্র শ্রদ্ধার সকল ভক্তিতেই পর্য্যবসান হয়। ইহাই শরণাগতি। ভক্তিরুচিই সাধুসঙ্গ, ভজন ও অনর্থশূন্য অবস্থা লাভ করিলে নিষ্ঠা-রূপী হইয়া শুদ্ধরুচি-নাম লাভ করে।

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর বলিয়াছেন,—"লোভাত্মিকা বা শাস্ত্রবিশ্বাসরূপিণী-শ্রদ্ধা যখন উদয় হয়, তখনই নরমাত্রেরই শুদ্ধ-ভক্তিতে অধিকার জন্মে। শ্রদ্ধোদয়মাত্রই ভক্তিতে কনিষ্ঠাধিকার জন্মে। যখন শ্রবণাদি সাধনভক্তির অনুশীলন ও সাধুসঙ্গবলে অনর্থ-রহিত হইয়া শ্রদ্ধা নিষ্ঠাত্মিকা হয়, তখন শুদ্ধ ভক্তিতে মধ্যমাধিকার জন্মে। পুনরায় শ্রবণাদি সাধনভক্তির অনুষ্ঠান করিতে করিতে এবং সাধক হইতে শ্রেষ্ঠ অধিকারীর সঙ্গবলে নিষ্ঠা রুচিতা লাভ করিলে অর্থাৎ রুচি-স্বরূপা হইলে সাধক উত্তমাধিকারী হইয়া শুদ্ধভক্তি লাভ করেন। ইহাই শুদ্ধভক্তি-লাভের সনাতন প্রথা।"

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী ভববন্ধন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক—শ্রী ভববন্ধচ্ছিদ দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভক্তবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী চরণে ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারি গুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঠাকুরপ্রসাদ ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক - শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীজগন্নাথ দাস ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীধামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীমহৎকৃপা ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রদ্যুম্ন দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅনন্তানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীমদনগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুঁড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়াড়ি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীদীনদয়াল ব্রজবাসী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদনাস্তবিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক- শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাশাংবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীইন্দ্রদ্যুম্ন দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা মথুরা
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
সেবশায়ী
পোঃ হোডোল, জেলা গুড়গাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রিয় ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীযদুনাথ দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক - শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিকনিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাজবাঁধ (বৰ্দ্ধমান)
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ডুমুরকুণ্ডা, পোঃ চিৎকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাঙ্কেষ্টার রোড, হাউড্ গ্রীন
লণ্ডন, এন্ ৭
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা।
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅদ্বয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পণ্ডিতাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরাবস্থাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীযতিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম-এ মহোদয়ের মৌলিকগবেষণা এবং পারদর্শী লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। ইহাতে বিরাট আকার ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্রও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়াপেটা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্ত্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গুম্ফিত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা ক্রোড়েশ আলেখ্য, ভূমিকা ও সূচীসহ অভূতপূর্ব্ব সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণরূপে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,
শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম-এ, বি-এল,
পুরাণপল্টন, পোঃ রমণা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শুদ্ধগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৬৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—৩৲ মাত্র। প্রাপ্তিস্থান – শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

EROTIC PRINCIPLE & UNALLOYED DEVOTION

পরমপূজ্যপাদ শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী প্রভু প্রণীত। সম্প্রতি এই গ্রন্থের একটী নূতন সংস্করণ শ্রীশ্রীগুরুবর্গের ইচ্ছায় পুনঃ প্রকাশিত হইয়াছে। গ্রন্থের আকার পূর্ব্ব সংস্করণ অপেক্ষা বৃহৎ ও সুন্দর হইয়াছে। এই গ্রন্থে বহু অমূল্য উপদেশ আছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) — ৪০
২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
৩। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) — ৲
৪। ভাষ্যত্রয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত — ৬৲
সরস্বতী জয়শ্রী (অবাঁধা) — ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড – ৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—৲ ; ৩য় খণ্ড – ৸০
৭। শ্রীচৈতন্যদেব — ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা — ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম — ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার — ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত — ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) — ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) — ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) — ॥০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব — ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব — ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ — ।০
১৮। দ্বাদশ আলবর — ॥০
১৯। তত্ত্ববিবেক — ।০
২০। গৌড়ীয়-গৌরব — ।৵০
২১। গৌড়ীয়সাহিত্য — ।৵০
২২। ভজন রহস্য — ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) — ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) — ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী-টীকাসহ) — ১৲
২৬। গীতার কেবল মাধ্বভাষ্য — ॥০
২৭। দুর্জ্জয়ানুকম্পা ও অন্যোক্তি (সানুবাদ) — ২৲
২৮। বেদান্তত্বসারঃ (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৵০ বাঁধা ৸০)
৩০। দ্বীপ-দিগ্দর্শন — ৵০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) — ।৵০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস — ॥০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা — ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) — ৵০
৩৫। গীতমালা — ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) — ৶০
৩৭। ঐ প্রমাণ খণ্ড — ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ — ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাবর্ণন — ।০
৪০। শরণাগতি — ৵০
৪১। গীতাবলী — ৴১০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা — ৸০
৪৩। শ্রীকৃষ্ণ ক্ষণদাকর (সহজ) — ২।০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক — ৴১০
৪৬। অর্থপঞ্চক — ৴১০
৪৭। সদাচারস্মৃতিঃ — ৴১০
৪৮। কল্যাণকল্পতরু — ৴১
৪৯। অর্চ্চনকণ — ৴
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) — ৬
৫১। ব্রহ্মসংহিতা — ।
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) — ।
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ — ৸
৫৪। পুরুষার্থ বিনির্ণয় — ।
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী — ।
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ — ৶
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) — ।
৫৮। শ্রীভুবনেশ্বর — ৶
৫৯। সিদ্ধান্তদর্পণ — ৴
৬০। সাংখ্যবাণী — ৴
৬১। শ্রীচৈতন্যমঙ্গল — ২।০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ — ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ — ।
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ — ।
৬৫। সটীকা-শিক্ষাদশমূলম্
৬৬। তত্ত্বসূত্রম্
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ — ০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ — ৴
৬৯। সারাংশবর্ণনম্ — ০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ — ।
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত
৭২। নামভজন — ৴
৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অণ্টলজী
৭৪। রিলেটিভ ওয়ার্ল্ডস্ — ৸
৭৫। লাইফ এণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু
৭৬। বৈষ্ণবীজম্
৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং
৭৮। দি ভাগবত
৭৯। ইরোটিক প্রিন্সিপাল এণ্ড আনয়্যালয়েড ডিভোশন
৮০। ব্রহ্মসংহিতা
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু — ৬
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য — ১০

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি
৮৫। সাধনপথ
৮৬ কল্যাণকল্পতরু — ৴
৮৭। গীতাবলী — ৴
শরণাগতি
৮৯। শ্রীসচ্চিদানন্দবাণী — ৸
৯০। শ্রীগৌড়ীয়বাণী — ।

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৶০	।৶০	।০
" " ইঞ্চি	২৲	১।০	১।০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৬৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয় রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিপূর্ণ দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক আখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। ঐ গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ হিন্দি পদ্যানুবাদসহ মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থ শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ পরিব্রাজকাচার্য্য ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার অসাধারণ গবেষণাশক্তির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অভিনব। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোড়শপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ৷৹ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

শনিবার ব্যতীত

					শনিবার	অন্য দিন		
কলিকাতা ছাঃ	৪-৫৩	৬-২১	৭-১৪	১৩-১৬	১৫-১০	১৬-৫৩	১৭-৫৩	২২ ২৬
দমদম "	৪-৫৬	৬-৩১	৭-২৮	১৩ ২৯	……	……	১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬ ১২	৭ ৫৮	৯-১৮	১৪ ৫০	১৬-৫৮	১৮-০১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ	……	…	৯-০১	..	….	……	…	….
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৯	৮-৪০	১০-৬	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০

লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-১৬	১৪ ৫০	১৭-৪০	২০-৩০
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১১-২৫	১৮-১৫	২১-৫
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫-৩০	১৮-২৩	২১-১৩

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম"	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
" ছাঃ	১২ ৫৬
শান্তিপুর পৌঃ	১৩ ২৪
(বদল) ছাঃ	১৩ ৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩০

ডাউন

শনিবার ব্যতীত

			অন্য দিন	শনিবার	
নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪	৯-১২	১৬-৩	১৬-৩১	১৮-৩৮
মহেশগঞ্জ "	৬-২৩	৯-২১	১৭-১২	১৬-৪০	১৮-৪৭
কৃষ্ণনগর পৌঃ	৬ ৫৭	৯-৫৫	১৬-৬৬	১৭ ১৪	১৯-২১

(বদল) ছাঃ	৩-০১	৭-১০	৮-৫২	১১-২৩	১৫-৪	১৬ ৫৩	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪ ১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৪৪	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	. .	……	……	.. ..	১৫-৫৬	১৭-৪২	. .	.. …
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১-২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৩	১৯-২৬	২১-৪০	২৩ ১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪ ১
মহেশগঞ্জ "	১৪-১০
কৃষ্ণনগর পৌঃ	১৪-৪৪
ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷৹ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। গয়া শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর ভাগবতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবিগ্রহ অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রদীপ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও জ্ঞানী সত্যানুসন্ধিৎসুগণ যে সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রকাশ হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগবিরুদ্ধসিদ্ধান্তখণ্ডনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৸৹ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর, হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি শতগুণ অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৷৶৹ দশ আনা, বড় বোতল ১৶৹ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

ঠিকানা—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
বেহালা, ২৪ পরগণা

নতার কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃত ভাষ্যসহ সম্প্রতি প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

Regd. No C. 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৬০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ২৯ ত্রিবিক্রম, গৌরাব্দ ৪৫৫, ২৬শে জ্যৈষ্ঠ, বঙ্গাব্দ ১৩৪৮, ৯ই জুন, ইং ১৯৪১, সোমবার { ৭৮-৭৯তম সংখ্যা

"কৃষ্ণের সর্ব্বশ্রেষ্ঠ—সর্ব্বপ্রেষ্ঠ সেবক—শ্রীগুরুপাদপদ্ম। সেইরূপ সেবকের অধীন হইয়া যদি কৃষ্ণের পাদপদ্ম আশ্রয় করা যায়, তাহা হইলেই উত্তরোত্তর তাঁহার স্ফূর্ত্তি-লাভের সম্ভাবনা। শ্রীগুরুপাদপদ্মই কৃষ্ণপাদপদ্ম-সেবার অধিকার প্রদান করেন।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৯ ত্রিবিক্রম, সর্ব্বশিব সঙ্কর্ষণ, গৌরাব্দ ৪৫৫

শ্রীগঙ্গামাতা

——::[•]::——

বঙ্গদেশান্তর্গত রাজসাহী-জেলার পুঁটিয়া-রাজবংশের নরেশনারায়ণের শচীদেবী-নাম্নী এক কন্যা অতি শৈশবকাল হইতেই সংসারে উদাসীনা ও ভগবদ্ভক্তিপরায়ণা হন। রাজা নরেশনারায়ণ শচীদেবীর বিবাহপ্রদানার্থ উপযুক্ত বরের সন্ধান করিতে থাকিলে শচীদেবী পিতাকে বিশেষ অনুরোধ করিয়া বলেন যে, কোনও মরণশীল পুরুষের সহিত যেন তাঁহার বিবাহ না দেওয়া হয়। কালক্রমে মাতাপিতার মৃত্যু হইলে শচীদেবী বৃন্দাবনে গমন করেন। এই সময়ে শ্রীধাম-বৃন্দাবনে শ্রীল গদাধর পণ্ডিত গোস্বামী প্রভুর শিষ্য শ্রীল অনন্তাচার্য্যের প্রিয় শিষ্যবর শ্রীল হরিদাস পণ্ডিত গোস্বামী প্রভু বৈষ্ণবমণ্ডলে বিশেষ বিখ্যাত ছিলেন। তাঁহার কথা শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু এইরূপ লিখিয়াছেন—

পণ্ডিত গোসাঞির শিষ্য অনন্ত-আচার্য্য।
কৃষ্ণপ্রেমময়তনু, উদার, সর্ব্ব-আর্য্য॥
তাঁহার অনন্ত গুণ কে করু প্রকাশ।
তাঁ'র প্রিয়শিষ্য ইঁহা পণ্ডিত হরিদাস॥
চৈতন্য-নিত্যানন্দে তাঁ'র পরমবিশ্বাস।
চৈতন্যচরিতে তাঁ'র পরম-উল্লাস॥
বৈষ্ণবের গুণগ্রাহী, না দেখয়ে দোষ।
কায়মনোবাক্যে করে বৈষ্ণব সন্তোষ॥
নিরন্তর শুনে তেঁহো 'চৈতন্যমঙ্গল'।
তাঁহার প্রসাদে শুনেন বৈষ্ণবসকল॥

পুঁটিয়া-রাজদুহিতা শ্রীশচীদেবী শ্রীধাম-বৃন্দাবনে শ্রীল হরিদাস পণ্ডিত গোস্বামী প্রভুর নিকট উপস্থিত হইয়া তাঁহার কৃপা প্রার্থনা করায় শ্রীল গুরু গোস্বামী শ্রীশচীদেবীকে অন্যাভিলাষশূন্যা নিষ্কপট হরিসেবাভিলাষিণী দেখিয়া তাঁহাকে মন্ত্রদীক্ষা প্রদান করিলেন। শ্রীগুরুদেবের আদেশে শ্রীশচীদেবী কিছুকাল একটী সম্ভ্রান্তা স্ত্রী-ভক্তের সহিত শ্রীরাধাকুণ্ডে ভগবদ্ভজন করিতে লাগিলেন। তিনি কয়েক বৎসরকাল শ্রীরাধাকুণ্ডে একান্তভাবে ভজন করিয়া শ্রীগুরুদেবের আদেশে শ্রীপুরুষোত্তমে গমন করেন। শ্রীগুরুদেব তাঁহাকে তথায় ক্ষেত্র-সন্ন্যাস গ্রহণপূর্ব্বক শ্রীমন্মহাপ্রভুর গুপ্ত লীলাস্থলী শ্রীসার্ব্বভৌম ভট্টাচার্য্যের ভবনে নিত্য-সেবা প্রকাশ করিতে বলায় গুর্ব্বাদেশ শিরে ধারণ করিয়া শ্রীশচীদেবী শ্রীজগন্নাথদেবের শ্রীমন্দিরের সন্নিকটস্থ যেস্থানে শ্রীসার্ব্বভৌমের আবাসভবন ছিল, সেই স্থানের অনুসন্ধান করেন। শুনা যায়, তথায় একটী জরাজীর্ণ ক্ষুদ্র মন্দিরে শ্রীরাধাদামোদর-শালগ্রাম ও একটী বালগোপালমূর্ত্তি অবস্থিত ছিলেন। শ্রীশচীদেবী শ্রীগুরুদেবের নির্দ্দেশ ও শ্রীমন্মহাপ্রভুর প্রেরণানুসারে সেই স্থানে একটী ছত্র স্থাপন করেন। বাল্যকাল হইতেই শ্রীশচীদেবীর শাস্ত্রের প্রতি বিশেষ অনুরাগ ছিল। শ্রীরাধাকুণ্ডে বাসকালেও তিনি নিত্য শ্রীমদ্ভাগবত আলোচনা করিয়াছিলেন। শ্রীক্ষেত্রেও তিনি প্রত্যহ শ্রীমদ্ভাগবত পাঠ করিতেন। শ্রীক্ষেত্রবাসিনী ভগবদ্ভক্তিপরায়ণাগণ প্রত্যহই শ্রীশচীদেবীর শ্রীমুখে শ্রীমদ্ভাগবত-শ্রবণার্থ আগমন করিতেন এবং শ্রীমদ্ভাগবতের অপূর্ব্ব ব্যাখ্যা শ্রবণ করিয়া সেইসকল কথা গৃহে গিয়াও আলোচনা করিতেন। শ্রীশচীদেবীর মহিমার কথা শ্রবণ করিয়া অনেক সজ্জন ব্যক্তিও তাঁহার শ্রীমদ্ভাগবত-পাঠ শ্রবণ করিতে আসিতেন। যখন শ্রীশচীদেবী শ্রীপুরুষোত্তমের শ্বেতগঙ্গার তীরে ছত্র স্থাপন করিয়া শ্রীমদ্ভাগবত ব্যাখ্যা করিতেছিলেন, সেই সময় তাঁহার ভাগবত ব্যাখ্যা শ্রবণার্থ উৎকলাধিপতি শ্রীমুকুন্দদেবও শ্রীশচীদেবীর ছত্রে আসিয়া উপস্থিত হইলেন। শ্রীশচীদেবীর শ্রীমদ্ভাগবত-ব্যাখ্যা শ্রবণ করিয়া তিনি এতই মুগ্ধ হইলেন যে, প্রত্যহ তথায় শ্রীমদ্ভাগবত শ্রবণার্থ আসিতে লাগিলেন। শ্রীজগন্নাথদেব শ্বেতগঙ্গার সন্নিকটস্থ স্থানটী শ্রীশচীদেবীকে অর্পণ করিবার জন্য শ্রীমুকুন্দদেবকে স্বপ্নাদেশ করায় শ্রীমুকুন্দদেব তাহা শ্রীশচীদেবীকে দিবার কথা জানাইলে বিষয়বিরক্তা শ্রীশচীদেবী বিষয়ী রাজার নিকট হইতে ভূ-সম্পত্তি প্রভৃতি বিষয় গ্রহণ করিতে নিতান্ত অনিচ্ছুক হইলেও শ্রীগুরুদেবের আদেশ স্মরণ করিয়া সেই স্থানে শ্রীমন্মহাপ্রভুর গুপ্ত লীলাস্থলী-উদ্ধারার্থ রাজার প্রদত্ত স্থানটী গ্রহণপূর্ব্বক ভিক্ষার দ্বারা ঠাকুরসেবা চালাইতে লাগিলেন।

কোন সময় কৃষ্ণত্রয়োদশী তিথিতে মহাবারুণী-স্নানের জন্য অনেকে গঙ্গার উদ্দেশে যাত্রা করিলেন, কিন্তু ভগবৎ-সেবাপরায়ণা শ্রীশচীদেবী কর্ম্মিগণের ঐরূপ হুজুগে প্রমত্ত না হইয়া একান্তমনে শ্রীগুরুদেবের আদিষ্ট ভগবৎসেবা ও ক্ষেত্রসন্ন্যাসকেই তাঁহার জীবনের একমাত্র ব্রত জানিয়া তাহাতে পরিনিষ্ঠিতা থাকিলেন। শ্রীজগন্নাথদেব স্বপ্নাদেশে শ্রীশচীদেবীকে বলিলেন,—"যেদিন গঙ্গার স্নানযোগ হইবে, সেদিন তুমি শ্বেতগঙ্গায় স্নান করিবে। গঙ্গাদেবী তোমার মনোবাঞ্ছা পূর্ণ করিতে শ্বেতগঙ্গায় উপস্থিত হইবেন।" এইরূপ স্বপ্নাদিষ্ট হইয়া শ্রীশচীদেবী সেদিন সকলের অজ্ঞাতসারে অর্দ্ধরাত্রে শ্বেতগঙ্গায় স্নান করিতে গেলেন। স্নান করিবামাত্র তিনি যেন গঙ্গাস্রোতের দ্বারা চালিত হইয়া ক্রমশঃ অন্য স্থানে নীত হইতে লাগিলেন এবং অবশেষে স্রোতে ভাসিতে ভাসিতে শ্রীজগন্নাথদেবের শ্রীমন্দিরের নিকটে আসিয়া উপস্থিত হইলেন। সেখানে উপস্থিত হইয়া দেখিলেন, তথায় শ্রীক্ষেত্রবাসী নরনারী গঙ্গাস্নান করিতেছেন। চতুর্দ্দিকে স্নান-কোলাহল উপস্থিত হইয়াছে, তন্মধ্যে তিনিও সানন্দে স্নান করিতেছেন। ঐ কোলাহল-শ্রবণে দ্বাররক্ষকগণ জাগ্রত হইয়া পরিছাগণকে তাহা জানাইল। তাঁহারা রাজার নিকট এই সংবাদ জ্ঞাপন করিল। রাজা শ্রীমন্দির খুলিবার জন্য আদেশ দিলেন। শ্রীমন্দির খুলিয়া দেখা গেল, মন্দিরমধ্যে শ্রীশচীদেবী দাঁড়াইয়া রহিয়াছেন। ইহার কারণ জিজ্ঞাসা করায় শ্রীশচীদেবী বলিলেন,—"আমি শ্বেতগঙ্গায় স্নান করিতেছিলাম, স্নান করিতে করিতে গঙ্গার স্রোতে চালিত হইয়া এখানে উপস্থিত হইয়াছি। ইহার পূর্ব্বে স্বপ্নে আমি শ্বেতগঙ্গায় স্নানার্থ শ্রীজগন্নাথদেবের আদেশ পাইয়াছিলাম। শ্রীজগন্নাথদেব আমাকে জানাইয়াছিলেন যে, আমার স্নানের জন্য বিষ্ণুপাদোদ্ভবা গঙ্গাদেবী কৃপাপূর্ব্বক শ্বেতগঙ্গায় আবির্ভূতা হইবেন। ইহা ব্যতীত আর আমি কিছুই জানি না।" শ্রীশচীদেবীর এই অদ্ভুত মহিমা শ্রবণ করিয়া সকলেই তাঁহাকে সেইদিন হইতে

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে॥

'গঙ্গামাতা' নামে অভিহিত করিলেন। আরও জানা যায় যে, শ্রীজগন্নাথদেব রাজা মুকুন্দদেবকে স্বপ্ন জানাইয়াছিলেন যে, জগন্নাথদেবের পাদস্পৃষ্টা গঙ্গা শচীদেবীর স্নানের জন্য শ্বেতগঙ্গায় আবির্ভূতা হইয়াছেন এবং শচীদেবীকে স্বপ্নদানে আনয়ন করিয়াছেন, অতএব তাঁহাতে কোনপ্রকার সন্দেহের আশঙ্কার কারণ নাই। শ্রীশচীদেবী 'গঙ্গামাতা'-নামে বিদিত করাইয়া তাঁহার নিকট রাজার কৃষ্ণদীক্ষা গ্রহণ করা উচিত। কিংবদন্তী এই যে, এই ঘটনার পরেই মুকুন্দদেব শ্রীগঙ্গামাতার শিষ্যত্ব গ্রহণ করিয়াছিলেন।

সেই সময় বাঙ্গালার অন্তর্গত জয়পুর নগরীতে এক ব্রাহ্মণের গৃহে 'রসিক রায়'-নামক শ্রীবিগ্রহ ছিলেন। সেবাপরাধে সেই ব্রাহ্মণ নির্ধন হইয়াছিল। একদিন ব্রাহ্মণ স্বপ্নযোগে দেখিতে পাইল যে, শ্রীজগন্নাথদেব তাঁহাকে বলিতেছেন,—"তোমার গৃহদেবতা 'রসিক রায়'কে শীঘ্রই তুমি শ্রীক্ষেত্রে শ্বেতগঙ্গাতটে স্থিত গঙ্গামাতার নিকট পৌঁছাইয়া দাও, নতুবা তোমার কোন দিন মঙ্গল হইবে না।" ব্রাহ্মণ নিঃস্থান হইয়া এতদিন বিশেষ মনঃকষ্টে কালাতিপাত করিতেছিলেন, স্বপ্নে শ্রীজগন্নাথদেবের আদেশ পাইয়া আরও ভীত-সন্ত্রস্ত হইয়া উঠিলেন। ক্ষণমাত্র বিলম্ব না করিয়া ব্রাহ্মণ একটী পেটিকার মধ্যে শ্রীরাধারাণীর সহিত শ্রীরসিক রায় বিগ্রহকে স্থাপনপূর্ব্বক শ্রীক্ষেত্রাভিমুখে যাত্রা করিলেন এবং কিছুদিন পরে গঙ্গামাতার আশ্রমে আসিয়া তাঁহাকে শ্রীবিগ্রহ প্রদানে উদ্যত হইলেন। গঙ্গামাতা শ্রীবিগ্রহ দর্শন করিয়া বলিলেন,—"এই শ্রীবিগ্রহ রাজসেবার মূর্ত্তি, আমি মাধুকরীর ভিক্ষায় দেহ সেবা নির্ব্বাহ করিয়া থাকি, এত বড় শ্রীবিগ্রহ কোথায় রাখিব? এই শ্রীবিগ্রহ রাখিলে আমাকে সেবারাধনী হইতে হইবে। আপনি গৃহস্থ ব্রাহ্মণ, আপনার শ্রীবিগ্রহ আপনি লইয়া যান।" ব্রাহ্মণ বেগতিক দেখিয়া নিকটস্থ তুলসী কাননে অলক্ষিতভাবে শ্রীবিগ্রহ রাখিয়া দিয়া সেই স্থান পরিত্যাগ করেন। এদিকে রাত্রকালে শ্রীগঙ্গামাতা স্বপ্নযোগে দেখিতে পাইলেন, শ্রীরসিকরায় গঙ্গামাতাকে বলিতেছেন,—"আমি তোমার সেবা-গ্রহণার্থ তোমার নিকট উপস্থিত হইলাম, ইহা বহুদিন যাবৎ তোমাকে জানাইয়া আসিতেছি। অতএব তুমি আমাকে অনাদর করিতেছ কেন? ব্রাহ্মণ আমাকে কাননে রাখিয়া গিয়াছে, তুমি আমাকে সেস্থান হইতে উঠাইয়া আনিয়া যথাস্থানে স্থাপন কর।"

গঙ্গামাতা এইরূপ স্বপ্নাদিষ্ট হইয়া শ্রীবিগ্রহকে যথাস্থানে স্থাপন করাইলেন। শ্রীগঙ্গামাতার প্রভাবে অচিরেই শ্রীরসিকরায়ের সেবার ঔজ্জ্বল্য প্রকটিত হইল।

ধরাকোটের রাজা শ্রীরামচন্দ্র সিংহ শ্রীগঙ্গামাতার পঞ্চম অধস্তন বঙ্গবাসী শ্রীভগবান্ দাসের শিষ্যত্ব গ্রহণ করিয়া বহু ব্যয়ে বর্ত্তমান গঙ্গামাতা মঠের মন্দিরাদি নির্ম্মাণ ও কূপ খনন করাইয়া দেন এবং ভগবৎসেবার্থ উড়িষ্যাপ্রদেশে একটী গ্রাম প্রদান করেন। শ্রীভগবান্ দাস 'মোহন-রায়'-নামক শ্রীবিগ্রহ প্রতিষ্ঠা করেন। তাঁহার প্রশিষ্য শ্রীনীলাম্বর দাস 'বিনোদ-রায়' ও 'শ্যাম রায়'-নামক বিগ্রহদ্বয় প্রতিষ্ঠা করেন। শ্রীনীলাম্বর দাসের গুরুদেব শ্রীমধুসূদন দাস শ্রীগৌরাঙ্গবিগ্রহ এবং শ্রীরসিক-রায়ের দক্ষিণে শ্রীললিতাদেবী প্রতিষ্ঠা করেন। শ্রীগঙ্গামাতার শিষ্য শ্রীবনমালী দাস শ্রীরাধাকুণ্ডে ও শ্রীধামবৃন্দাবনে শ্রীগৌর-গদাধর-বিগ্রহ স্থাপন করেন। শ্রীগঙ্গামাতার মঠে যে শ্রীরাধাদামোদর-শালগ্রাম পূজিত হইতেছেন, তাহাই শ্রীসার্ব্বভৌম ভট্টাচার্য্যের পূজিত শিলা বলিয়া তথাকার সেবকগণ নির্দ্দেশ করিয়া থাকেন।

শ্রীগৌরগণোদ্দেশের নির্দ্দেশমতে অষ্ট সখীর অন্যতম শ্রীসুদেবী-সখীই গৌরাবতারে শ্রীঅনন্তাচার্য্য। শ্রীঅনন্তাচার্য্য - শ্রীল গদাধর পণ্ডিত গোস্বামী প্রভুর শিষ্য। শ্রীঅনন্তাচার্য্যের শিষ্য—পণ্ডিত হরিদাস, ইঁহার নাম শ্রীরঘু-গোপাল—শ্রীরাসমঞ্জরী। তাঁহার শিষ্যা—শ্রীলক্ষ্মীপ্রিয়া ও শ্রীগঙ্গামাতা। শ্রীগঙ্গামাতার শিষ্য - শ্রীবনমালী, তচ্ছিষ্য—শ্রীগোপাল দাস, তচ্ছিষ্য— শ্রীভগবান্ দাস। শ্রীভগবান্ দাসের শিষ্য—শ্রীমধুসূদন দাস, তাঁহার শিষ্য—শ্রীনীলাম্বর দাস, তচ্ছিষ্য —শ্রীনরোত্তম দাস। তচ্ছিষ্য—শ্রীপীতাম্বর দাস, তচ্ছিষ্য—শ্রীমাধবদাস। শ্রীমাধবদাসের শিষ্য — শ্রীবাদ্য কৃষ্ণদাস। এই মঠের প্রদত্ত হিসাব হইতে জানা যায়—শ্রীগঙ্গামাতা ষাট বৎসর বয়সে শ্রীক্ষেত্রে আসিয়াছিলেন এবং এই স্থানে আরও ৬০ বৎসরকাল প্রকট ছিলেন। অর্থাৎ ১২০ বৎসর বয়সে শ্রীগঙ্গামাতা অপ্রকট হন। ১৬০১ খৃষ্টাব্দে শ্রীগঙ্গামাতার আবির্ভাব ও ১৭২১ খৃষ্টাব্দে তিরোভাব হয়। পুরীর লোকনাথের মন্দিরের নিকট সমাধি-বাগিচা-নামক স্থানে শ্রীগঙ্গামাতার সমাধি-মন্দির আছে।

পুরীর রাজা শ্রীমুকুন্দদেব শ্রীগঙ্গামাতার শিষ্যত্ব গ্রহণ করিয়া শ্রীগঙ্গামাতাকে প্রচুর ভূসম্পত্তি প্রদানে ইচ্ছুক হইলে শ্রীগঙ্গামাতা তাহা প্রত্যাখ্যান করেন। অবশেষে রাজা একভাণ্ড পরিমাণ মহাপ্রসাদ প্রত্যহ লইয়া আসিয়া শ্রীগঙ্গামাতাকে প্রদান করিতেন। এখনও পুরীর রাজা শ্রীজগন্নাথ-মন্দির হইতে একভাণ্ড মহাপ্রসাদ শ্রীগঙ্গামাতামঠে প্রদান করেন। শ্রীবনমালী দাস হইতেই শ্রীগঙ্গামাতামঠের ঔজ্জ্বল্য বৃদ্ধি হইয়াছে।

প্রভুপাদেশ

——:•(•):——

গুরুবৈষ্ণবে শ্রদ্ধাবিশিষ্ট থাকিবেন। তৃণাদপি সুনীচ ও তরুর ন্যায় সহিষ্ণু হইয়া সর্ব্বদা নামকীর্ত্তন করিবেন। অসৎসঙ্গ হইতে কায়মনোবাক্যে দূরে থাকিবেন। দুঃসঙ্গ পরিত্যাগ করিয়া সৎসঙ্গে বসতিস্থাপন-পূর্ব্বক ভুক্ত অমঙ্গলের হস্ত হইতে শ্রবণ, কীর্ত্তন ও স্মরণের দ্বারাই মুক্ত হওয়া যায়। আমরা যদি শ্রবণ, কীর্ত্তন ও স্মরণ—এই অনুষ্ঠানত্রয়ের দ্বারা ভগবান্ ও তদীয়জনকে আশ্রয় করিয়া অগ্রসর হই, তাহা হইলে পরম-গোপ্তা জগন্নাথের অবশ্য নিত্যকৃপাভাজন হইতে পারিব।

প্রজল্প পরিত্যাগ কর, কৃষ্ণকথা বল, সর্ব্বত্র কৃষ্ণ-কোলাহল হউক। অসৎসঙ্গে কখনও নাম হয় না। শ্রীনামসংকীর্ত্তনই কলিযুগের ধর্ম্ম। কায়মনোবাক্যে বৈষ্ণব-সেবা ও নামসংকীর্ত্তন করিবেন। খুব উচ্চ-কীর্ত্তন করিবেন। শ্রীনবদ্বীপ-ধামের প্রতি অকৃত্রিম প্রগাঢ় অনুরাগ হওয়া দরকার। শ্রীধামে বাসপূর্ব্বক উচ্চৈঃস্বরে শ্রীহরিনাম ও গুরুবৈষ্ণবের সেবা করিতে করিতে হরিভজনে অগ্রসর হউন। নবদ্বীপ-বনে অপ্রাকৃত জীব অপ্রাকৃতদেহে স্বীয় গুরুরূপা সখীর কুঞ্জে পাল্যদাসীভাবে অবস্থান করিয়া বাহ্যে নিরন্তর নামাশ্রয়পূর্ব্বক গৌর-কৃষ্ণের আরাধনা করিলে ভজনপরাকাষ্ঠা লাভ করিতে পারেন, নতুবা এই ভীষণ কলিযুগে অন্য কৃত্রিম উপায়ে ব্রজভজন হইতে পারে না।

সর্ব্বদা সাধুসঙ্গে কৃষ্ণভজনে থাকিবে। কৃত্রিমভাবে কোনপ্রকার ত্যাগ বা গ্রহণ হইতে পারে না। প্রমদা-বিষয়ে সর্ব্বদা সাবধান থাকিবে। সকলকে কৃষ্ণদাস জ্ঞানে বা গুরুবুদ্ধি করিবে। সর্ব্বজীবে কৃষ্ণ অধিষ্ঠান জানিয়া সর্ব্বদা আদরের সহিত সকলকে সম্মান করিবে। ভগবান্ অন্তর্য্যামিরূপে সর্ব্বদাই সকল জীবের অন্তরে অবস্থিত। যে মানব প্রাণিসমূহে ভগবানের অধিষ্ঠান দর্শন অর্থাৎ কাষ্ঠবুদ্ধির অভাবে ভগবানের শ্রীমূর্ত্তির পূজা করে, তাহার অর্চ্চন বিড়ম্বন-মাত্র। নিশ্বাস-প্রশ্বাসাদি প্রাণবৃত্তিহীন অর্থাৎ সুপ্তচেতন ভগবদ্বিমুখ জীব হইতে আরম্ভ করিয়া ভগবানে সর্ব্বাত্মসমর্পণকারী জীবপর্য্যন্ত যে কোন জীবকে অবজ্ঞা করিলে তাঁহাদের অবজ্ঞা দ্বারা ভগবান্‌কেই অবজ্ঞা করা হয়। যদি এক ব্যক্তি অপর ব্যক্তির ভাবকে গর্হণ করিয়া হিংসা করে, তাহা হইলে তাদৃশ হিংসার দ্বারা সেই পরমেশ্বর-বস্তুই হিংসিত হন। ভগবান্ বিষ্ণুই অন্তর্য্যামী ঈশ্বররূপে জীবহৃদয় পরিদর্শনপূর্ব্বক প্রবিষ্ট আছেন—ইহা জানিয়া সকল প্রাণীকে মনে মনে আদর করিবে। এইরূপে প্রথম উপাসক অর্থাৎ লৌকিক শ্রদ্ধাবান্ অর্চ্চন-কারিগণের সম্বন্ধে সর্ব্বভূতে আদর বিহিত হইয়াছে, পরন্তু প্রকৃত শ্রদ্ধাবান্ সাধকগণের সর্ব্বত্র ভগবান্ বিষ্ণুর বৈষ্ণবস্ফূর্ত্তি বিদ্যমান বলিয়া তাঁহাদের সর্ব্বভূতাদর স্বতঃই হইয়া থাকে। ভূতদ্বেষ অপেক্ষাও ভূতনিন্দা অধিকতর দোষাবহ। অতএব মঙ্গলাকাঙ্ক্ষী জীবের ভূতহিংসা ও ভূতনিন্দা করা কর্ত্তব্য নহে।

দশ অপরাধশূন্য হইয়া গুরু-বৈষ্ণব-সেবাময় জীবন-যাপনপূর্ব্বক সর্ব্বদা উচ্চৈঃস্বরে নাম-কীর্ত্তন করিবে। শুদ্ধনাম-কীর্ত্তনকারী বৈষ্ণবের যতটা শুশ্রূষা করিতে পারিবে, তাঁহার সঙ্গে যতটা সময় অতিবাহিত করিবে, ততটা তোমাদের শুদ্ধনাম-কীর্ত্তনের পথ পরিষ্কার হইবে। হরিবিমুখ সঙ্গ হইতে সর্ব্বদা দূরে থাকিবে। অসৎ রোগের দূষিত বীজ সাধকজীবনে সংক্রামিত হইয়া পড়িলে আত্মার স্বাস্থ্য-লাভের পথ সুদূরপরাহত। হরিজনসঙ্গে হরিরস আস্বাদন করাই জীবনের কর্ত্তব্য। কখনও অসৎসঙ্গ করিবে না—প্রজল্প করিবে না। শ্রীউপদেশামৃতের 'উৎসাহান্নিশ্চয়াৎ'-শ্লোকটী সর্ব্বদা স্মরণ রাখিবে। সর্ব্বদা সাধুসঙ্গে উচ্চৈঃস্বরে হরিনাম করিবে।

আমি কৃষ্ণ চাই, না মায়া চাই

(শ্রীউজ্জ্বলনীলমণি ভক্তিশাস্ত্রী বি-এ)

আমি কৃষ্ণ চাই কি? "আমি অনন্যভাবে নিত্যকাল কৃষ্ণভজন করিব - কৃষ্ণভজন ভিন্ন অন্য কার্য্য করিব না"—এইরূপ অচল-অটল সুদৃঢ় প্রতিজ্ঞা আমি করিয়াছি কি? যদি একমাত্র কৃষ্ণকেই না চাহিয়া থাকি, কৃষ্ণভজন ভিন্ন অন্য কোন কৃত্য আমার আছে,—এরূপ অভিসন্ধি যদি হৃদয়ে পোষণ করিয়া থাকি, তবে আমার শ্রদ্ধা হইয়াছে, ইহা মনে করা উচিত কি? শ্রীগুরুবর্গ বলেন, "শ্রদ্ধা উদয়ের পূর্ব্বেই 'আমি নিত্যকাল একমাত্র কৃষ্ণভজন করিবই—কৃষ্ণভজন ভিন্ন অন্য কোন কার্য্য করিব না'—এইরূপ সুদৃঢ় নিশ্চয়তা হইবে। এইরূপ সুদৃঢ় নিশ্চয়তার অভাব যেখানে, সেখানে শ্রদ্ধার উদয় হয় নাই।"

আমি অনেক সময় কপটতা করিয়া বলিয়া থাকি, 'আমি গুরুবৈষ্ণবের সঙ্গ পাইলাম না, গুরুবৈষ্ণব কৃপা করিয়া আমাকে সঙ্গ দিলেন না'। ইহা আমার নিছক ভণ্ডামি ভিন্ন আর কিছু নয়। আমি যদি সত্য সত্যই কৃষ্ণকে চাহিতাম, কৃষ্ণভজন করিতে পারি না বলিয়া যদি আমার আত্মার তীব্র অন্তর্দাহ হইত, তবে নিশ্চয়ই কৃষ্ণকৃপায় শ্রীগুরুবৈষ্ণবের প্রকৃষ্ট সঙ্গ পাইতাম এবং তাঁহাদের নিকট কৃষ্ণকথা-শ্রবণের ফলে হৃদয়ে শ্রদ্ধা, রতি ও

ভক্তি ক্রমশঃ উদিত হইত। স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য-মহাপ্রভু বলিয়াছেন,—

'কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে।
গুরু-অন্তর্যামিরূপে শিখান আপনে॥'

শ্রীগুরুবৈষ্ণবের মধ্য দিয়াই ভগবানের কৃপা এ জগতে প্রবাহিত হইতেছে। কৃষ্ণই শ্রীগুরুবৈষ্ণবের একমাত্র সম্পত্তি। শ্রদ্ধাবান্ জীবকে কৃষ্ণ প্রদান করিবার জন্যই শ্রীগুরু-বৈষ্ণবের এই জগতে কৃপাবতরণ। কৃষ্ণ-প্রদানকার্যই শ্রীগুরুবৈষ্ণবের জীবের প্রতি অহৈতুকী করুণা।

আমার যদি কৃষ্ণ ভিন্ন অন্য বস্তু অর্থাৎ মায়া-প্রাপ্তির বাসনা থাকে—আমার কায়মনোবাক্য যদি মায়াসঙ্গ-প্রাপ্তি বা ভোগের সেবার জন্যই নিযুক্ত থাকে, তবে আমি শ্রীগুরুবৈষ্ণবের সঙ্গ পাইয়াছি ও তাঁহাদের নিকট অনেক কৃষ্ণকথা শ্রবণ করিয়াছি—এইরূপ মিথ্যা অভিমান হৃদয়ে পোষণ করিয়া নিজেকে ও পরকে বঞ্চনা করা উচিত কি? যে একমাত্র কৃষ্ণকেই চায়, সেই কৃষ্ণরূপায় শ্রীগুরুবৈষ্ণবের সঙ্গ পায়। আর সর্ব্বদা মায়ার সঙ্গ কামনা করিয়াও শ্রীগুরুবৈষ্ণবের সঙ্গ পাওয়া যাইতে পারে—এইরূপ দুরাশা হৃদয়ে পোষণ করা উচিত কি? কৃষ্ণ ও মায়া যুগপৎ পাওয়া যায় কি? কৃষ্ণপ্রদানকারী শ্রীগুরুবৈষ্ণব ও কৃষ্ণবিস্মৃতিকারিণী মায়ার প্রতি কি যুগপৎ বন্ধুত্ব ও আত্মীয়তা-বুদ্ধি হইতে পারে? যুগপৎ আলো ও অন্ধকার দর্শন হইতে পারে কি?

যে কৃষ্ণ চায় না, সে ত' মায়া বা মায়াপুত্র। যে কৃষ্ণ চাহে না, কৃষ্ণভজন ভিন্ন যাহার অন্য কোন কৃত্য আছে, সেরূপ ব্যক্তিকে যদি আত্মীয় মনে করি, তবে কি বুঝিতে হইবে? বুঝিতে হইবে যে, আমিও কৃষ্ণ চাই না—চাই মায়ার গোলামী।

কৃষ্ণকে চাহিলে মায়াকে ছাড়িতেই হইবে, আর মায়াকে চাহিলে কৃষ্ণকে ছাড়িতেই হইবে। একমাত্র প্রীতির বিষয় যে কৃষ্ণ, সেই কৃষ্ণের প্রতি বিমুখ করায় যে মায়া—সেই মায়াকে বন্ধু ও আত্মীয় মনে করা মূর্খতা নহে কি? যে মায়া আমাকে নিত্যকাল নিষ্ঠুরভাবে বঞ্চনা করিবে ও কামক্রোধের দাসত্ব করাইবে, তাহাকে বিশ্বাস করিতে ইতস্ততঃ করি না; কিন্তু পরমকরুণাময়, সর্ব্বশক্তিমান্, শরণাগতপালক, ভক্তবৎসল শ্রীকৃষ্ণকে বিশ্বাস করিতে পারি না—তখনই যত সন্দেহ, যত সংশয় চিত্তকে বিক্ষিপ্ত করিতে থাকে। হায়! হায়! ইহা যে কতটা দুর্ভাগ্যের কথা, তাহা একবার চিন্তা করি কি?

আমি নিত্য কৃষ্ণদাস—কৃষ্ণের প্রতি সর্ব্বদা সেবোন্মুখ থাকাই আমার স্বরূপের নিত্য স্বভাব। কৃষ্ণের প্রতি বিমুখ হইয়া, আমার নিত্য স্বভাবের বিরুদ্ধাচরণ করিয়া, মায়াভিনিবিষ্ট থাকিয়া কামক্রোধের দাসত্ব করাই আমার কপটতা বা ভণ্ডামি।

আমি কি নিত্যকালই কপটতা বা ভণ্ডামিই করিব? আমি কি কিছুতেই সরল হইব না? সকল চেতনের একমাত্র প্রাণ যিনি—যাহার সহিত সম্বন্ধরহিত হইলে অচেতন জড়ধর্ম্মে আবদ্ধ হইতে হয়—সেই নন্দনন্দন কৃষ্ণের প্রতি কি কিছুতেই সেবোন্মুখ হইব না? কপটতা বা মায়ার সঙ্গ করিয়া আত্মহত্যা করা কই কি বুদ্ধিমত্তার পরাকাষ্ঠা বলিয়া মনে করিব?

আমি যদি সত্যসত্যই কেবল কৃষ্ণকেই চাহিতাম, তবে নিশ্চয়ই কৃষ্ণপ্রদাতা শ্রীগুরু-বৈষ্ণবের সঙ্গ পাইতাম এবং শ্রীগুরুবৈষ্ণবই যে আমার একমাত্র নিত্য বন্ধু ও আত্মীয়, ইহা মর্ম্মে মর্ম্মে উপলব্ধি করিতে পারিতাম। আমি কৃষ্ণভজন করিয়া নিত্যানন্দে প্রতিষ্ঠিত হই, ইহাই তাঁহারা চাহেন—আমি মায়ার গোলামী করিয়া আত্মবিনাশ করি, ইহা তাঁহারা চাহেন না। আমি কৃষ্ণোন্মুখ হইলে শ্রীগুরু-বৈষ্ণবের কিরূপ আনন্দ হয় ও আমি কৃষ্ণ-ভজন না করিয়া মায়ার প্রতি অভিনিবেশ করিলে শ্রীগুরুবৈষ্ণব কিরূপ দুঃখ অনুভব করেন—ইহা আমি বুঝি কি? আমি কৃষ্ণ-ভজন না করিয়া আত্মহত্যা করিতে উদ্যত হইলে যাঁহার আনন্দ হয়, তিনি শ্রীগুরুবৈষ্ণব নাহেন, পরন্তু নির্দ্দয় নিষ্ঠুর মায়া। তাই বলি, আমি যদি সত্যসত্যই কৃষ্ণকে চাহিতাম, তবে শ্রীগুরুবৈষ্ণবকেই আমার অকৃত্রিম নিত্য বন্ধু ও আত্মীয় বলিয়া জানিতে পারিতাম—আর মায়ার বঞ্চনায় বিশ্বাস করিয়া নিজের সর্ব্বনাশ করিতাম না।

শ্রীল সুন্দরানন্দ প্রভুর হরিকথা

——::•::——

['গৌড়ীয়'-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভু গত ২৮শে বৈশাখ শ্রীনৃসিংহ-চতুর্দ্দশী-দিবস শ্রীধাম-মায়াপুর-শ্রীযোগপীঠে হরিকথা-কীর্ত্তন-মুখে বলেন,—]

শ্রীশ্রীনৃসিংহ-চতুর্দ্দশীর ন্যায় পতিতপাবনী তিথি আর নাই। একমাত্র বৈষ্ণব-বিদ্বেষী ব্যতীত সকলেই এই পতিতপাবনী তিথির পরমোদারা কৃপা লাভ করিয়া ধন্য হইতে পারেন। বিষয়ী, দুর্জ্জন, পাপিষ্ঠ, মূর্খ, পতিত, নরাধম ব্যক্তিগণও জ্ঞাত ও অজ্ঞাত-ভাবে এই তিথির সেবা করিলে মহাভক্তি-পর্য্যন্ত লাভ করিতে পারে। শ্রীল শ্রীজীব-গোস্বামিপ্রভু শ্রীভক্তিসন্দর্ভে ভক্ত্যাভাসের ফলে শ্রীবিষ্ণুপদপ্রাপ্তি, এমন কি, কোন কোন স্থলে মহাভক্তি-প্রাপ্তির উদাহরণরূপে শ্রীপ্রহ্লাদের পূর্ব্বজন্মে শ্রীনৃসিংহ-চতুর্দ্দশীতে দৈবক্রমে উপবাস ও জাগরণের দৃষ্টান্ত উল্লেখ করিয়াছেন।

"তথা ভক্ত্যাভাসস্যাপি সর্ব্বপাপক্ষয়-পূর্ব্বক-শ্রীবিষ্ণুপদপ্রাপকত্বম্। • • • কচিত্তু মহাভক্তিপ্রাপকত্বং। যথা বৃহন্নারসিংহপুরাণে শ্রীপ্রহ্লাদস্য তস্য প্রাগ্জন্মনি বেশ্যয়া সহ বিবাদেন শ্রীনৃসিংহচতুর্দ্দশ্যাং দৈবাদুপবাসঃ সম্পন্নো জাগরণঞ্চেতি।"

(ভক্তিসন্দর্ভ, ১৪২ অনুচ্ছেদ)

ভক্ত্যাভাসদ্বারাও সর্ব্বপাপক্ষয় হয় ও বিষ্ণুপদ-লাভ ঘটে। • • • • কোথাও কোথাও ভক্ত্যাভাসে মহাভক্তির প্রাপ্তিও ঘটিয়া থাকে, যথা, বৃহন্নারসিংহপুরাণে কথিত আছে যে, মহাভক্ত শ্রীপ্রহ্লাদের পূর্ব্বজন্মে বেশ্যার সহিত বিবাদফলে দৈবক্রমে শ্রীনৃসিংহ-চতুর্দ্দশী-তিথিতে উপবাস ও রাত্রি জাগরণ ঘটিয়াছিল।

শ্রীহরিভক্তিবিলাসের চতুর্দ্দশ বিলাসে বৃহন্নারসিংহপুরাণের এই প্রসঙ্গটি আছে। কিন্তু এই দৃষ্টান্ত হইতে কেহ যেন ভক্ত্যাভাস-বলে পাপ-প্রবৃত্তিরূপ অপরাধে নিমগ্ন হইবার দুর্বুদ্ধি না করে। প্রাকৃত সহজিয়াগণ নামবলে ও ভক্তিবলে অধিকতর পাপে প্রবৃত্ত হয়। তাহাতে দুর্নিবার অপরাধ ঘটে এবং ভক্তি হইতে চিরতরে বিচ্যুত হইতে হয়।

অভক্তিগণ মনে করিয়া থাকে, বিষয়ী ব্যক্তি যেরূপ স্তব-স্তুতি-প্রশংসা পাইলে বশীভূত হয়, শ্রীভগবান্‌ও সেইরূপ স্তব-স্তুতি পদ্ধতি দ্বারা প্রসন্ন হইয়া থাকেন। তাহা হইলে ভগবান্ একজন খোসামোদপ্রিয়? ইহার মীমাংসা শ্রীনৃসিংহদেবের স্তবে শ্রীপ্রহ্লাদ মহারাজ এইরূপ বলিয়াছেন,—

নৈবাত্মনঃ প্রভুরয়ং নিজলাভপূর্ণো
মানং জনাদবিদুষঃ করুণো বৃণীতে।
যদ্ যজ্জনো ভগবতে বিদধীত মানং
তচ্চাত্মনে প্রতিমুখস্য যথা মুখশ্রীঃ॥

(ভাঃ ৭।৯।১১)

"অয়ং প্রভুরাত্মনো মানং পূজাং জনাদবিদুষঃ অজ্ঞাৎ ন বৃণীতে নেচ্ছতি। তত্র হেতুর্নিজলাভেনৈব পূর্ণঃ পরমসন্তুষ্টঃ, হেত্বন্তরং, করুণঃ পূজার্থং তৎপ্রয়াসাসহিষ্ণুঃ, কথম্ভূতাজ্জনাদবিদুষঃ, পিতৃবৎ বালকং তস্মাদ্ধি ন কিঞ্চিদপি জানতঃ; এবং স্বস্য তজ্জনৈকবন্ধুনঃ বৈলক্ষণ্যোক্তিঃ, যদ্বা, তদাবেশনানাৎ কিঞ্চিদপি ন জানত ইত্যর্থঃ, উভয়ত্র পক্ষে তস্য অভিজ্ঞং তস্য কারুণ্যহেতুর্জ্ঞাত ভাবঃ। তর্হি কিং তজ্জনস্য মানং ন স্বীকুরুত এবেত্যাশঙ্ক্যাহ—যদিতি। যৎ জনঃ যৎ মানং ভগবতি বিদধীত সম্পাদয়তি, স মানোহস্যাত্মন এব, তৎসম্মানমাত্রেণৈব স্বসম্মাননাভিমাননাৎ সুখং মনামনস্থানং করোতোত্যের্থঃ। তৎসম্মানমাত্রেণ স্বসম্মানস্য তদেকজীবনস্য তজ্জনস্য যুক্ত এবেতি দৃষ্টান্তমাহ, যথা মুখস্য শোভা তিলকাদিনা, তস্যাঃ মেব প্রতিমুখস্য শোভাবৈ ভাতি, নান্যদিতি।"

এই প্রভু নিজের "মান" অর্থাৎ পূজা, "জন" অর্থাৎ নিজভক্ত হইতে "বরণ" অর্থাৎ ইচ্ছা করেন না। যেহেতু তিনি নিজের লাভেই "পূর্ণ" অর্থাৎ পরমসন্তুষ্ট। অপর কারণ এই যে, তিনি "করুণ" অর্থাৎ পূজাদি-বিষয়ে ভক্তের যে কষ্ট হয়, তদ্বিষয়ে অসহিষ্ণু। কিরূপ জনের নিকট হইতে প্রার্থনা করেন না, তাহা বলিতেছেন,— "অবিদান্" অর্থাৎ পিতৃসমীপে পুত্র যেরূপ অজ্ঞ, সেইরূপ তৎসমীপে যিনি অজ্ঞ, তাদৃশ জন হইতে। স্বয়ংও তাদৃশ জনগণের একবান্ধব বলিয়া ইহা শ্রীপ্রহ্লাদ মহারাজ বৈলক্ষণ্যোক্তি প্রকাশ করিয়াছেন। অথবা "অবিদান্" অর্থাৎ যিনি ভগবদাবেশবশতঃ অন্য কোন কিছুই অবগত নহেন, তাদৃশ জন হইতে। উভয়প্রকার ব্যাখ্যায়ই এই অবিজ্ঞতার ভগবানের কারুণ্যহেতু হইয়া থাকে। তাহা হইলে কি মানবগণ তাঁহার পূজা করেন না? এ আশঙ্কা বলিতেছেন যে, ভক্তজনগণ ভগবানের উদ্দেশ্যে যে-যে পূজার অনুষ্ঠান করেন, তাহা সমস্ত নিজের জন্যই হইয়া থাকে অর্থাৎ ভগবানের সম্মানহেতুই নিজ সম্মানজ্ঞানে সুখ অনুভব করিয়া তাঁহার পূজা করিয়া থাকেন।

ভগবানের প্রতি পূজকের পক্ষে ভগবানের সম্মানেই যে নিজ সম্মান সঙ্গত হয়, তাহাতে দৃষ্টান্ত বলিতেছেন—মুখে যে যে শোভা করা হয়, কেবলমাত্র তাহাই যেরূপ প্রতি-মুখের (প্রতিবিম্বের) শোভার জন্যই হয়, পরন্তু অন্য কোন রূপ সেইরূপ প্রতিমুখের শোভাজনক হয় না।

শ্রীল সনাতন গোস্বামিপ্রভু শ্রীবৃহদ্ভাগবতামৃতে শ্রীনৃসিংহদেবের বাক্য উদ্ধার করিয়া বলিয়াছেন,—

ভাগবতপূজ্য লোক মহত্তায়াম্যমুতাঃ।
তান্ মে পশ্য ভক্তানাং মহিমানং

প্রাণিসর্ব্বস্বক॥

(ভাঃ ১।২০।২১)

শ্রীনৃসিংহদেব শ্রীপ্রহ্লাদকে বলিলেন,— 'ইহাতে আমার ভক্তগণ তোমার অনুসরণ করিবে, যেহেতু আমার ভক্তসমূহের মধ্যে তুমি সর্ব্বশ্রেষ্ঠ।'

অতএব শ্রীনৃসিংহদেবের আরাধনার পূর্ব্বে শ্রীপ্রহ্লাদের পূজা করিবে। শ্রীপ্রহ্লাদের কৃপায় শ্রীনৃসিংহদেবের শ্রীনৃসিংহদেবের কৃপা লাভ হয়। শ্রীহরিভক্তিবিলাসে উক্ত হইয়াছে —

"অগ্রে প্রহ্লাদ পূজনীয়ঃ। তথা চাগমে—
প্রহ্লাদক্লেশনাশায় যা হি পুণ্যা চতুর্দ্দশী।
পূজয়েত্তত্র যত্নেন হরিং প্রহ্লাদমগ্রতঃ॥

(১৪শ বিলাস, ১১৭ সংখ্যা)

শ্রীল রূপগোস্বামিপ্রভু পদ্যাবলীতে বলিয়াছেন,—

প্রহ্লাদ নাথ পদাম্বুজ-পুণ্ডরীকাক্ষ
হাসাদ্রিত-ভুক-শোনক-ভীম-রাজন্যান্।
রুদ্র বলাদিকে বিভৌষণ ভক্তমানীন্
পুণ্যান্ নমামি পরমভাগবতান্ নমামি॥

(পদ্যাবলী ৫২)

ভক্তিলতা

ব্রহ্মাণ্ড ভ্রমিতে কোন ভাগ্যবান্ জীব।
গুরুকৃষ্ণপ্রসাদে পায় ভক্তিলতা বীজ॥

ভক্তি—লতা। লতা যেরূপ বৃক্ষকে আশ্রয় করিয়া থাকে, সেইরূপ ভক্তিলতাও বর্দ্ধিত হইতে হইতে শ্রীকৃষ্ণপাদপদ্মে পৌঁছায়। ব্রহ্মাণ্ডে এমন কোন জিনিষ নাই, যাহাকে ভক্তিলতা আশ্রয় করিয়া থাকিতে পারে। ব্রহ্মাণ্ডের সম্বন্ধ সেবা সেবক সম্বন্ধ নয়। জগতের সকলেই প্রকারান্তরে সেবা লইতে চায়। ইহাই অভক্তি আর সেবা ও সেবকের সহিত যোগস্থাপনই ভক্তি। সেবা ও সেবক-সম্বন্ধ ভুলিয়া জড় বদ্ধজীব সংসারে প্রবেশ করিয়াছে। সংসার ক্লেশপূর্ণ হইলে তবে সেই জীবের ভগবৎসেবার প্রতি রুচি হয়। জীবের জীবন আছে বলিয়া সে কর্ম্ম করিতে পারে। মধ্যাবস্থায় ভ্রাম্যমান জীব কোনটা কর্ত্তব্য, কোনটা অকর্ত্তব্য—ঠিক করিতে না পারিয়া কখনও মায়াবাদী আবার কখনও ভোগবাদী হয়। বদ্ধজীব এই ব্রহ্মাণ্ডে ভ্রমণ করে। ভাগ্যহীন জন ভোগ ও ত্যাগের জন্য জগতে বিচরণ করে, আর সৌভাগ্যবান্গণ যাঁহাদের শ্রেয়োলাভের বিচার প্রবল হইয়াছে, তাঁহারা ভক্তি অনুসন্ধানের জন্য উৎকণ্ঠিত চিত্তে বিচরণ করিয়া থাকেন।

যাঁহার সেবা করিতে হইবে সেই ভজনীয় বস্তু ভগবান্ এই ব্রহ্মাণ্ডের অন্তর্গত বস্তু নহেন। ভজনীয় বস্তু প্রাকৃত রাজ্যগত নহেন, তিনি ব্রহ্মাণ্ডাতীত। যাঁহারা ব্রহ্মাণ্ডের অন্তর্ভুক্ত কোন জিনিষের সেবা করেন, তাঁহারা ভক্ত নহেন। ব্রহ্মাণ্ডে ভজনীয় বস্তু পাওয়া যায় না বলিয়া ভক্তিলতা ব্রহ্মাণ্ড ভেদ করিয়া যায়। ভক্তিলতা বিরজা ব্রহ্মলোক ভেদ করিয়া পরব্যোম পর্য্যন্ত যায় এবং তদুপরি গোলোক বৃন্দাবনে পৌঁছিয়া থাকে।

চতুর্দ্দশ ভুবনের বহির্দেশে চিন্ময় জলরাশি বিরজা আছেন, পতিতপাবনী গঙ্গা এই বিরজারই একাংশ। বিরজায় সত্ত্ব, রজঃ ও তমঃ এই ত্রিগুণের কোন প্রবিষ্টতা নাই। এই জগতে ত্রিগুণের প্রাধান্য রহিয়াছে। বিরজার পরপারে জ্যোতির্ম্ময় স্থান ব্রহ্মলোক। ব্রহ্মলোক—ভগবানের জ্যোতির্ম্মণ্ডল। তথায় কোন অবস্থান ভূমি নাই। তথায় কোন ভজনীয় বস্তুও নাই। তৎপরে বৈকুণ্ঠ। পরব্যোমে চতুর্ভুজ শ্রীনারায়ণ আছেন। এখানে ভগবান্ আড়াই প্রকার রসের দ্বারা সেবিত হন। তজ্জন্য সেখানেও পরিপূর্ণ পঞ্চরসের বিচারবিগ্রহ শ্রীভগবান্ না থাকায় ভক্তিলতা তথা হইতেও উর্দ্ধে গোলোক বৃন্দাবন পর্য্যন্ত গিয়া পৌঁছিয়া থাকে।

তদুপরি যায় লতা গোলোক-বৃন্দাবন।
কৃষ্ণচরণকল্পবৃক্ষে করে আরোহণ॥

পরিবর্দ্ধমানা ভক্তিলতা বৈকুণ্ঠ অতিক্রম করিয়া গোলোক-বৃন্দাবনে কৃষ্ণচরণকল্পবৃক্ষে আরোহণ করেন। শুদ্ধভক্ত ধর্ম্মার্থকাম মোক্ষ, এমন কি, চতুর্ব্বিধ মুক্তি পাইয়া বৈকুণ্ঠেও গমন করিতে চাহেন না। তাঁহারা ভগবানের অহৈতুকী ভক্তিই প্রার্থনা করেন। শ্রীল রূপ গোস্বামী প্রভু শুদ্ধভক্তির কথা এইরূপ বলিয়াছেন,—

অন্যাভিলাষিতাশূন্যং জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতম্।
আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুত্তমা॥

অন্যাভিলাষশূন্য, জ্ঞানকর্ম্মাদি অনাবৃত, আনুকূল্যের সহিত ভগবৎসেবাই উত্তমা ভক্তি। যেখানে কৃষ্ণের সেবা হয় না, সেখানে অন্যাভিলাষাদি থাকিবেই। ইহজগতে কেবল ভোগ ও ত্যাগ। এই সকল কৃষ্ণেতর প্রবৃত্তি আমার ব্যবহার বিচারাদিই এখানে পাই। এই সকল পরিহার না করিলে শুদ্ধভক্তির আশ্রয় গ্রহণ করা যায় না। ভক্তিলতা ও তাহার গতিসম্বন্ধে শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—“ভক্তি—লতা। ভক্তিলতা যে বৃক্ষকে আশ্রয় করে, তাহা প্রপঞ্চের ক্রীড়াভূমি ব্রহ্মাণ্ড, গুণত্রয়ের সাম্যাবস্থা বিরজা বা নির্ভেদ ব্রহ্মানুসন্ধিৎসু জ্ঞানিগণের ব্রহ্মলোকে নাই। ব্রহ্মাণ্ডে সপ্ত ঊর্দ্ধ এবং সপ্ত অধোলোক। অন্যাভিলাষী ভুক্তিকামিগণের গন্তব্যস্থান নিম্নলোক এবং পুণ্যকর্ম্মী তপস্বিগণের স্থান ঊর্দ্ধলোক। এই চতুর্দ্দশ ভুবনের কুত্রাপি ভক্তির আশ্রয় নাই। ভক্তিলতা এই সকল ভেদ করিয়া পরব্যোমে যায়। সেখানেও ঐশ্বর্য্যবিগ্রহ-রূপে গৌরবাবিচারে শ্রীনারায়ণ সেবিত হইলেও শুদ্ধমাধুর্য্যময়ী ভক্তিলতা তথা হইতেও বর্দ্ধিত হইয়া পরব্যোমের ঊর্দ্ধতম লোক গোলোক বৃন্দাবন পর্য্যন্ত গমনপূর্ব্বক শ্রীকৃষ্ণপদকল্পবৃক্ষের সর্ব্বতোভাবে আশ্রয় পাইয়া থাকেন এবং শুদ্ধ বিশ্রম্ভভাবে রসপঙ্কজোপাস্য কৃষ্ণের সেবা করিয়া ধন্য হন।

শ্রীগুরুকৃপা ও শ্রীকৃষ্ণকৃপা পৃথক্ নহে। শ্রীগুরুদেব কৃষ্ণভজন ব্যতীত কার্য্যান্তররহিত। আর কৃষ্ণও তাঁহার প্রেষ্ঠজন ব্যতীত কাহারও সেবা অঙ্গীকার করেন না। সকলের সকল সেবা গুরুদেব কর্ত্তৃকই কৃষ্ণের চরণে নিবেদিত হয়। যাঁহাকে নিত্যকাল সেবা করিতে হইবে, তিনি ব্রহ্মাণ্ডবাসী নহেন। ব্রহ্মাণ্ডবাসীর নিত্য অস্তিত্বের অভাবহেতু তিনি নিত্য সেবা গ্রহণে যোগ্য হইতে পারেন না। শ্রীগুরুদেব ব্রহ্মাণ্ডবাসী জীববিশেষ নহেন। তিনি পতিত জীবের উদ্ধারকল্পে এ জগতে প্রপঞ্চে অবতরণ করিয়া ভাগ্যবান্ জীবকে ভক্তিলতার বীজ প্রদান করেন। কৃষ্ণের প্রসাদ তাঁহার দ্বারাই আমাদের নিকট উপস্থিত হয়। বীজ পাইয়া উত্তম হৃদয়ক্ষেত্রে বপন করিতে হইবে, জলসেচন করিতে হইবে, তবেই লতার উদ্গম ও বৃদ্ধি হইতে পারিবে।

শ্রদ্ধা ও সাধুসঙ্গের ফলে হৃদয়ক্ষেত্র কর্ষিত হয়। তাহাতে ভক্তিলতা বীজ উপ্ত হইলে নিরন্তর শ্রবণ ও কীর্ত্তনরূপ জলধারা হৃদয়ক্ষেত্র সিক্ত করিবার ফলে লতার বৃদ্ধি সাধিত হইবে। লতার বৃদ্ধির সঙ্গে-সঙ্গে ব্রহ্মাণ্ডের দাসত্বশৃঙ্খল ছিন্ন হইতে থাকিবে। আমরা ভুক্তি-মুক্তি-স্পৃহারূপ আগাছা এবং বৈষ্ণবাপরাধরূপ মত্তহস্তী হইতে বিশেষ সতর্ক থাকিয়া নিরন্তর শ্রবণকীর্ত্তনরত হইলে লতা দ্রুতগতিতে বৃদ্ধিপ্রাপ্ত হইয়া অচিরেই কৃষ্ণচরণকল্পবৃক্ষ আশ্রয় করিবে।”

ভক্তিলতার কারণ—গুরুপ্রসাদ ও শ্রীকৃষ্ণপ্রসাদ। গুরুবর্গের প্রসন্নতা হইতেই এই ভক্তিবীজ লাভ হয়। তাঁহারা অপ্রসন্ন হইলে অন্যাভিলাষ, কর্ম্ম বা জ্ঞানবীজের প্রাপ্তি হইতে পারে, কিন্তু শুদ্ধভক্তির বীজ পাওয়া যায় না। যাহারা দুর্ভাগা, তাহারা সদ্গুরু লাভ করিয়াও শুদ্ধভক্তি যাজন করিতে পারে না। তাহারা শ্রীগুরুপাদপদ্মকে মর্ত্ত্য করিয়া লাভ-পূজা প্রতিষ্ঠা প্রাপ্তির জন্যই ব্যস্ত হইয়া থাকে। শ্রদ্ধাবান্ জীবই শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করিয়া অন্যাভিলাষশূন্য হইয়া শ্রীগুরুপাদপ্রদর্শিত শুদ্ধভক্তিপথে চলিতে পারেন। একমাত্র শ্রদ্ধাবান্ জনই ভক্তি-অধিকারী। শ্রীগুরুপাদপদ্ম তাহাদেরই জন্য, তিনি আর কাহারও নহেন। তিনিই ব্রহ্মাণ্ড অতিক্রম করিতে পারেন। গুরুবৈষ্ণবে দৃঢ়বিশ্বাস ও প্রীতি যত বর্দ্ধিত হয়, ততই এই ব্রহ্মাণ্ডের দাসত্বশৃঙ্খল ছিন্ন হইতে থাকে।

হরিকথা-শ্রবণ-কীর্ত্তনই জলসেচন। এই জলসেচন-প্রভাবে ভক্তিলতা বর্দ্ধিত হয়। শ্রবণ কীর্ত্তন যদি অপরাধ অর্থাৎ অন্যাভিলাষাদি দুঃসঙ্গ পরিত্যাগ না করিয়া ভক্তি অনুষ্ঠান করা হয়, তাহা হইতে শুদ্ধভক্তি লাভ হয় না। অপরাধযুক্ত ভক্তানুষ্ঠানে ভগবান্ সন্তুষ্ট হন না।

ভুক্তি-মুক্তি আদি-বাঞ্ছা যদি মনে হয়।
সাধন করিলে প্রেম উৎপন্ন না হয়॥
অন্য বাঞ্ছা, অন্য-পূজা, ছাড়ি' 'জ্ঞান'-'কর্ম্ম'।
আনুকূল্যে সর্ব্বেন্দ্রিয়ে কৃষ্ণানুশীলন॥

প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবাবুদ্ধিসহকারে শুদ্ধবৈষ্ণবের নিকট শ্রবণই প্রকৃত মঙ্গলোপায়। ভক্তসঙ্গ কৃপালেশেই জীবের কৃষ্ণপাদপদ্ম প্রাপ্তি ঘটে। সাধুসঙ্গমুখে শ্রবণ-কীর্ত্তনাদি করিতে করিতে অনর্থ সকল যতই হ্রাস পাইতে থাকে, ততই ক্রমশঃ নিষ্ঠা, রুচি, ভাব, আসক্তি ও প্রেম পর্য্যন্ত উদিত হইতে থাকে। ইহাই কৃষ্ণচরণকল্পবৃক্ষে আরোহণ করিবার ক্রম। এই ক্রম অবলম্বন করিয়া ভক্ত ভগবানের সেবা করিয়া অপ্রাকৃত সেবাসুখ লাভ করেন।

গয়ায় প্রচার

শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা গয়া-শ্রীগৌড়ীয়মঠে পরমারাধ্যতম পতিতপাবন শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে গত ১০ই মে, শনিবার শ্রীনৃসিংহদেবের আবির্ভাব-তিথি দিবারাত্রি উপবাস ও হরিসংকীর্ত্তনমুখে পালিত হইয়াছে। ঐ দিবস সন্ধ্যারাত্রিকের পূর্ব্বে শ্রীগুরুবন্দনা, পঞ্চতত্ত্ব, দশাবতার-স্তোত্র ও মহাজনপদাবলী-কীর্ত্তনান্তে উপদেশক পণ্ডিত শ্রীপাদ রূপবিলাস ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী বিদ্যার্ণব বি-এ মহোদয় শ্রীশ্রীস্তবরত্নমালা-গ্রন্থ হইতে শ্রীমন্মহাপ্রভুর শ্রীমুখোচ্চারিত শ্রীনৃসিংহপুরাণোক্ত শ্লোকদ্বয় ও শ্রীল শ্রীধরস্বামিপাদকৃত শ্রীশ্রীনৃসিংহস্তব পাঠ ও ব্যাখ্যা করেন। সন্ধ্যারাত্রিকের পর শ্রীগুরুবন্দনা, পঞ্চতত্ত্ব ও মহাজনপদাবলী-কীর্ত্তনান্তে শ্রীমদ্ভাগবত হইতে ভক্তরাজ শ্রীপ্রহ্লাদ মহাশয়ের চরিত্র, ভগবান্ শ্রীনৃসিংহদেবের আবির্ভাবের কারণ, ভগবদ্বিদ্বেষী হিরণ্যকশিপুর বিনাশসাধন প্রভৃতি প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠান্তে মহাজন-পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

শ্রীপাদ বিদ্যার্ণব প্রভু গত ১০ই মে শ্রীশ্রীনৃসিংহদেবের আবির্ভাব-দিবস হইতে ১৩ই মে পর্য্যন্ত শ্রীমদ্ভাগবত হইতে ভক্তরাজ শ্রীপ্রহ্লাদ মহাশয়কর্ত্তৃক শ্রীনৃসিংহদেবের স্তব-প্রসঙ্গ বিশদভাবে আলোচনা করেন।

গত ১১ই মে শ্রীনিবাসাচার্য্য প্রভুর আবির্ভাবদিবস প্রাতে ও সন্ধ্যায় ভক্তিশাস্ত্রী প্রভু 'শ্রীভক্তিরত্নাকর' হইতে শ্রীনিবাসাচার্য্য প্রভুর বিষয় আলোচনা করেন। গত ১৫ই মে শ্রীল রামানন্দ গোস্বামী প্রভুর তিরোভাব দিবসে শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীমহাপ্রভু ও রায়-রামানন্দ প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা হয়।

গত ২৪শে ও ২৫শে মে শ্রীপাদ বিদ্যার্ণব প্রভু শ্রীমঠে 'Philosophy of Sree Chaitanyadev'-সম্বন্ধে হিন্দি-ভাষায় বক্তৃতা প্রদান করেন। উভয় দিনেই বাঙ্গালী ও বিহারী বহু শ্রোতা সভায় উপস্থিত ছিলেন। দ্বিতীয় দিবস বক্তৃতান্তে উপস্থিত শ্রোতৃবৃন্দকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

গত ২৬শে মে হইতে ৩০শে মে পর্য্যন্ত ভক্তিশাস্ত্রীজী দশমূলতত্ত্ব বিশদভাবে আলোচনা করেন। গত ৩১শে মে তিনি এলাহাবাদ-শ্রীরূপগৌড়ীয়মঠে গমন করেন। শ্রীযুক্ত ত্রিগুণাচরণ মুখার্জ্জি, বি-এ; শ্রীযুক্ত লক্ষ্মীচান্দজী, বি-এ, বি-এল; শ্রীযুক্ত চারুচন্দ্র মজুমদার, এম-এ; শ্রীযুক্ত বিশ্বনাথ সাহাই, অবসরপ্রাপ্ত পুলিশ ইন্সপেক্টর প্রভৃতি কতিপয় শিক্ষিত ব্যক্তি প্রত্যহ নিয়মিতভাবে পাঠে যোগদান করিয়াছেন। বর্ত্তমানে শ্রীমঠে প্রত্যহ প্রাতে শ্রীচৈতন্যচন্দ্রামৃত, সন্ধ্যায় শ্রীচৈতন্যচরিতামৃত ও অপরাহ্ণে গৌড়ীয়, নদীয়াপ্রকাশ প্রভৃতি আলোচিত হইতেছে।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅধমবন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক—শ্রীভববন্ধচ্ছিদ দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভক্তবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঠাকুরপ্রসাদ ব্রহ্মচারী

কাজির সমাধি-পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীজগন্নাথ দাস ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীধামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীমহৎকৃপা ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউতারা (শ্রীবুদ্ধসংবদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধবগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীদীনদয়াল ব্রজবাসী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবধবংশনবিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক - শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাশাংবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীইন্দ্রদমন দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা মথুরা
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেখপারী
পোঃ হোডোল, জেলা গুড়গাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাত্তিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাত্তিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রিয় ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্‌ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীনবদ্বীপ দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাণগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক - শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাজবাঁধ (বৰ্দ্ধমান)
সেবক—শ্রীশচীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ভুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাক্সহাম রোড, হোয়াইট গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগৌরাঙ্গগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্মৌ, ইউ-পি
সেবক—শ্রীসনাতনানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীকৃষ্ণগোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর। (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পণ্ডিতাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীমণিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীপূর্ণানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক বিদ্যাসীনাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভব চার্য্য, এম্-এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। উহাতে বিরাট্ অানন্দ ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্রও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৬৩৭ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্ত্তৃক যেরূপভাবে অতি সংক্ষেপে ব্যক্ত ও শ্রীপাদ বলদেব স্বরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা ও বর্ণের আলেখ্য ভূমিকা ও সূচীসহ অত্যুৎকৃষ্ট এন্টিকপেপার নব সংস্করণে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—,

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,

শ্রীযুক্ত সুধাংশুরঞ্জন নাগ এম-এ, বি-এল,

পুরাণপল্টন, পোঃ রমণা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম সন্নিবেশিত হইয়াছে। সত্য পুনর্ব্বিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—৩৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

EROTIC PRINCIPLE & UNALLOYED DEVOTION

পরমপূজ্যপাদ শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী প্রভু প্রণীত। সম্প্রতি এই গ্রন্থের একটী নূতন সংস্করণ শ্রীশ্রীগুরুবর্গের ইচ্ছায় পুনঃ প্রকাশিত হইয়াছে। গ্রন্থের আকার পূর্ব্ব সংস্করণ অপেক্ষা বৃহৎ ও সুন্দর হইয়াছে। এই গ্রন্থে বহু অমূল্য উপদেশ আছে।

শুদ্ধভক্তিগ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪০
২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ২৲
৩। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৲
৪। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত ৩৲
সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০
৯। জৈবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। দ্বাদশ আলবর ॥০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয় গৌরব ।৵০
২১। গৌড়ীয়সাহিত্য ।৵০
২২। ভজন রহস্য ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (বলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল মাধ্ব ভাষ্য ॥০
২৭। মুক্তিকোপনিষৎ ও (সানুবাদ)২৲
২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৵০ বাঁধা ৸০)
৩০। দীপ-দিগ্দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ৶১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৶০
৩৭। ঐ প্রমাণ খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৶১০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। শ্রীল ভক্তিরাজ (সমগ্র) ২।০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক ৶১০
৪৬। অর্থপঞ্চক ৶১০
৪৭। সদাচারস্মৃতিঃ ৶১০
৪৮। কল্যাণকল্পতরু ৶১০
৪৯। অর্চ্চনপদ্ধতি ৶০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ॥০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৶০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২॥০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৩৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ॥০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ॥০
৬৫। সটীকা শিক্ষাদশমূলম্ ।০
৬৬। তত্ত্বসূত্রম্ ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ ৶০
৬৯। সারসংগ্রহবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥০
৭১। এ ফিউ ওয়ার্ড্স্ অন বেদান্ত ॥০
৭২। নামভজন ৶০
৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অন্টলজি ॥০
৭৪। বিলেটীভ ওয়ার্ল্ড্স্ ।৵০
৭৫। লাইফ এণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০
৭৬। বৈষ্ণবীজম্ ॥০
৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৶০
৭৮। দি ভাগবত ।০
৭৯। রেলো টক প্রিন্সিপাল এণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ।০
৮০। ব্রহ্মসংহিতা ॥০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৩৲
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০
৮৫। সাধনপথ ॥০
৮৬ কল্যাণকল্পতরু ৶১০
৮৭। গীতাবলী ৶১০
শরণাগতি ৶০
৮৯। শ্রীসজ্জনতোষণী ।৵০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ॥০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ॥০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য
উপরে প্রতি লাইনে	॥০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	১॥০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অৰ্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

সংবাদের প্রতি ইঞ্চি	৬৲	৪॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অৰ্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সু-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ হিন্দি পদ্যানুবাদসহ মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬॥০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থ শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ শরণাগতির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোড়শাংশী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ৷৹ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

শনিবার ব্যতীত — শনিবার, অন্য দিন

কলিকাতা ছাঃ	৪-০৬	৬-২১	৭ ১৪	১৩-১৬	১৫-১৬	১৬ ১৬	১৭-৫৩	২০ ২৬
দমদম	৪-৫৬	৬-৩১	৭-২৮	১৩ ২৯	.		১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯ ১৮	১৪ ৫০	১৬ ৭৮	১৮-০১	১৯ ৩৩	০-২৫
(বদল) ছাঃ	..	..	৯-৩৩	.	. .		. ..	..
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৯	৮ ৪০	১০-৬	১৫ ৩৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-১৬	১৪ ৫০	১৭-৪০		২০-৩০		
মহেশগঞ্জ ”	৭ ৪৫	১০-৫১	১৫-২৫	১৮-১৫		২১-৫		
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫-৩৩	১৮-২৩		২১-১৩		

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম ”	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
” ছাঃ	১২ ৫৭
শান্তিপুর পৌঃ	১৩-২৪
(বদল) ছাঃ	১৩ ৪৭ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩৩

ডাউন

শনিবার ব্যতীত — অন্য দিন, শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪		৯-১২		১৩-৩	১৩ ৩১	১৮-৩৮	
মহেশগঞ্জ ”	৬ ২৩		৯-২১		১৩-১২	১৫-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৭		৯-৫৫		১৩-৪৬	১৭-১৪	১৯-২১	
(বদল) ছাঃ	৬-৩১	৭-১০	৮-৫২	১১-১৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০ ৪৬
রাণাঘাট পৌঃ	৪ ১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৫৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	.	.		. .	১৫-৫৬	১৭-৪২	.	...
দমদম			১১-৪		১৭-০৬	১৯-৯	২১ ২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১২-২৬	২১-৪০	২৩ ১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪-১
মহেশগঞ্জ ”	১৪-১০
কৃষ্ণনগর পৌঃ	১৪ ৪৪
ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
” ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৸৹ টাকা মাত্র।

২। ভাগবত—দিল্লীতালায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৸৹ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্য জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিতে বঙ্গদেশ তথা ভারতের প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনস্বী সত্যানুসন্ধিৎসুগণ যে সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগ-সিদ্ধান্তদানে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৷৹ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——::○::——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা 'দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর, হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখানহইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় দুর্ব্বল পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৷৵৹ দশ আনা, বড় বোতল ১৵৹ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

বেহালা, ২৪ পরগণা

টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

Regd. No C. 1544

শ্রীশ্রীভক্তিরত্নাকর
—:০:—
শ্রীল নারায়ণদাস ভক্তি-
সুধাকর এম-এ সঙ্কলিত।
এই গ্রন্থ কথাগায়, চিত্রত
টিকা ও সূচীসহ অতি সুন্দর
রূপে প্রকাশিত হইয়াছে।
টীপ, বেন, কঠাদি ধারণ
যাত্রিগণের অভিনব সংস্করণ
ভিক্ষা মাত্র ১।০ টাকা।
প্রাপ্তিস্থান —
মধুরা প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—ওয়ারী, ঢাকা

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীচৈতন্যদেব
—:০:—
স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য-
মহাপ্রভুর জীবনী ও শিক্ষার
কথা সুন্দরভাবে ইহাতে
লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট
কাগজে সুন্দর ছাপাই।
৩য় সংস্করণ ; ভিক্ষা ১।০
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

১৬শ খণ্ড] শ্রীমায়াপুর,—২৭শে জ্যৈষ্ঠ, ১৩৪৮ ; ১০ই জুন, ১৯৪১, মঙ্গলবার [৮০তম সংখ্যা

বিবিধ-সংবাদ

—:[০]:—

পরলোকে ভূতপূর্ব কাইজার

গত ৪ঠা জুন জার্মানীর ভূতপূর্ব কাইজার দ্বিতীয় উইলিয়ম পরলোকগমন করিয়াছেন।

গত ২০শে মে নিউইয়র্ক হইতে সংবাদ প্রকাশিত হয় যে, জার্মানীর ভূতপূর্ব কাইজার দারুণ সর্দি ও অন্ত্রপীড়ায় আক্রান্ত হইয়াছেন। সেই সংবাদেই তাঁহার আরোগ্যলাভসম্বন্ধে সন্দেহ প্রকাশ করা হয় এবং বলা হয় যে, ৮২ বৎসর বয়সে এই পীড়া তাঁহার শক্তিক্ষয় করিয়া ফেলিতেছে।

তারপর ৩১শে মে ভিসি হইতে খবর পাওয়া যায় যে, ঐদিন প্রাতঃকালে কাইজারের অবস্থা অপেক্ষাকৃত ভাল দেখা যায়। গত ৩০শে মে বার্লিনের ভাচেস কাইজারকে দেখিতে আসেন। চিকিৎসকগণ কাইজারের অবস্থা আশঙ্কাজনক বলিয়াই অভিমত প্রকাশ করেন এবং বলেন যে, তিনি হৃদ্রোগে আক্রান্ত হইয়াছেন। সেই ব্যাধিই তাঁহার কাল হইল মৃত্যুর এবং তাঁহার নির্বাসিত জীবনের অবসান ঘটে।

আসোসিয়েটেড প্রেস-এর একটি সংবাদে প্রকাশ, গত ৪ঠা জুন বেলা ১১টা ৩০ মিনিটের সময় ভূতপূর্ব কাইজার ডর্নে পরলোক গমন করেন। ভূতপূর্ব কাইজার ডর্নে তাহাকে সমাহিত করিবার ইচ্ছা প্রকাশ করিয়াছিলেন। এই স্থানে তিনি অজ্ঞাত ও বৎসরকাল বাস করেন। প্রকাশ, তাঁহার অন্তিম অভিপ্রায় রক্ষা করা হইবে। সরকারী জার্মান নিউজ এজেন্সীর নিকট প্রাপ্ত ডর্নে-এর একটি সংবাদে ভূতপূর্ব কাইজারের অন্তিম সময়ের বিস্তৃত বিবরণ বর্ণিত হইয়াছে। সপ্তাহের শেষভাগে তাঁহার অবস্থার উন্নতি হওয়ায় তিনি সম্পূর্ণ আরোগ্যলাভ করিবেন বলিয়া আশা হয়। কিন্তু মঙ্গলবার রাত্রিতে শ্বাসযন্ত্রের ক্রিয়া ক্রমশঃ বন্ধ হইয়া আসিতে থাকায় তিনি দ্রুত দুর্বল হইয়া পড়িতে থাকেন এবং অবশেষে তিনি সংজ্ঞাহীন হইয়া পড়েন। তাঁহার সংজ্ঞা আর ফিরিয়া আসে নাই। তাঁহার মৃত্যুশয্যাপাশে যাঁহারা উপস্থিত ছিলেন তন্মধ্যে তাঁহার পত্নী প্রিন্সেস হেরমিন, তাঁহার কন্যা ব্রান্সউইক-এর ডাচেস, তাঁহার পৌত্র প্রিন্স লুই ফার্ডিনান্ডের পত্নী এবং প্রিন্সেস হেনরিয়েটা অন্যতম। কিন্তু গত সপ্তাহের শেষভাগে তাঁহার অবস্থার অপেক্ষাকৃত উন্নতি হওয়ায় এবং তিনি মধ্যাহ্নভোজের অভিপ্রায় প্রকাশ করায় তাঁহার আত্মীয়স্বজনের মধ্যে কয়েকজন ডর্ন ত্যাগ করেন। ইঁহাদের মধ্যে তাঁহার পুত্রেরা অন্যতম।

আজাদ মুসলিম সম্মেলন

মৌলবী হাফিজুর রহমান সেওহারীর সভাপতিত্বে গত ৩০শে মে বারাবাঁকি জিলা-আজাদ-মুসলিম-সম্মেলন হইয়া গিয়াছে।

সম্মেলনে বক্তৃতা-প্রসঙ্গে শীয়াদের নেতা আবদুল হাসান বলেন, কোন জাতিরই ভারত আক্রমণের অধিকার নাই। মুসলমানদিগের পক্ষে হিন্দুদের প্রতি কোনরূপ বিদ্বেষভাব পোষণ করা উচিত নহে। সকলের একযোগে জাতীয় স্বাধীনতার জন্য কাজ করা উচিত।

ডাঃ অধ্যাপক আবদুল বারী সম্মেলনে বক্তৃতা করেন। সভাপতি তাঁহার ভাষণে আজাদমুসলিম সম্মেলনের সার্থকতার বিষয় সকলকে বুঝাইয়া দেন।

কলিকাতায় বিমানআক্রমণ আশঙ্কা

কলিকাতায় শত্রুপক্ষীয় বিমান হানা দিলে যাহারা গৃহহীন ও নিরাশ্রয় হইয়া পড়িবে, তাহাদিগকে খাদ্য ও আশ্রয়দানের সমস্যা-সম্পর্কে গবর্ণমেণ্ট সেক্রেটারীয়েট ভবনে বাঙ্গলা গবর্ণমেণ্টের রাজস্ব সচিব স্যার বিজয়প্রসাদ সিংহের সভাপতিত্বে বাঙ্গলা গবর্ণমেণ্ট ও কলিকাতা কর্পোরেশনের প্রতিনিধিদের এক বৈঠক হইয়া গিয়াছে। বহুক্ষণ আলোচনার পর বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয় যে, গবর্ণমেণ্টের চূড়ান্ত অনুমোদনের জন্য কলিকাতা কর্পোরেশনকে একটি পরিকল্পনা রচনা করিতে অনুরোধ জানান হইবে। যুক্তভাবে মেয়র, ডেপুটি মেয়র, প্রধান কর্মকর্তা ও কর্পোরেশনের বিভিন্ন বিভাগীয় কর্তৃপক্ষ উক্ত পরিকল্পনা রচনা করিবেন। ঐ পরিকল্পনায় গৃহহীনদের খাদ্য ও আশ্রয়দান—উভয় ব্যবস্থাই সন্নিবেশিত থাকিবে। পরিকল্পনাটি রচিত হইলে চূড়ান্তভাবে অনুমোদনের জন্য গবর্ণমেণ্ট ও কর্পোরেশনের প্রতিনিধিদের আর একটি বৈঠকে উত্থাপন করা হইবে। এই পরিকল্পনানুযায়ী আশ্রয় ও আহার্য্যদান ব্যবস্থায় যে ব্যয় হইবে, গবর্ণমেণ্ট তাহা বহন করিবেন।

পূর্ব্বোক্ত বৈঠক সম্পর্কে এই মর্ম্মে এক সরকারী বিজ্ঞপ্তি প্রকাশিত হইয়াছে যে, বিমানআক্রমণে গৃহহীনদের আহার্য্য ও আশ্রয়দানের ব্যবস্থার ভার কলিকাতা কর্পোরেশন এই সর্ত্তে গ্রহণ করিয়াছেন যে, যাবতীয় ব্যয়ভার বাঙ্গালা সরকারকে বহন করিতে হইবে। যথাসম্ভব সত্বর এ সম্পর্কে একটি বিস্তৃত পরিকল্পনা রচনা ও দাখিল করিতেও কর্পোরেশন রাজী হইয়াছেন।

বাংলা সরকার কর্ত্তৃক পুস্তিকা বাজেয়াপ্ত

বাঙ্গলা গবর্ণমেণ্ট এক আদেশ জারী করিয়া চট্টগ্রাম ইম্পিরিয়াল প্রিণ্টিং হাউস হইতে আহম্মদ চৌধুরী কর্ত্তৃক মুদ্রিত "অগ্রসর হও—জনগণের গবর্ণমেণ্ট প্রতিষ্ঠা কর" নামক পুস্তিকা খানির প্রকাশ, বিক্রয় অথবা বিতরণ নিষিদ্ধ করিয়াছেন। পুস্তিকাখানির সবগুলি কপিই বাজেয়াপ্ত করা হইয়াছে।

ফরাসী ভারতের পুলিশবাহিনী

ফরাসী ভারতের পুলিশবাহিনীকে 'জেন্দারমে'তে পরিণত করা হইয়াছে। উহা ফরাসী সাম্রাজ্যের যে কোন স্থানে কাজ করিতে পারিবে।

এই পুলিশ বাহিনীতে ৭৫ জন কনেষ্টবল ১২ জন হেড কনেষ্টবল, ২ জন সাব ইন্সপেক্টর এবং একজন ইন্সপেক্টর আছে। একজন পুলিশ কমিশনার দ্বারা ইহা পরিচালিত হয়। তিনি নিজে একজন জেন্দারমে।

নদীয়ার পল্লীতে ডাকাতি

গত ৩১শে মে আলমডাঙ্গা থানার অন্তর্গত খালকুলাগ্রামে বেনোয়ারীলাল ঘোষ নামক এক ব্যক্তির বাড়ীতে এক ডাকাতি হইয়াছে। গৃহস্বামী ও তাহার পুত্রকে মারপিট করিয়া গহনা প্রভৃতি লইয়া ডাকাতগণ পলায়ন করিয়াছে বলিয়া জানা গিয়াছে।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিখিলবঙ্গ-প্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে রত হউন। ইহাতে বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্রও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডে ৩৩৭ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সাজান সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গ্রথিত ও শ্রীপাদ বলদেব বহি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা এতদ্বের আলেখ্য ভূমিকা ও সূচীসহ অদ্ভুতপূর্ব্ব সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণে গৌড়ীয় মিশনকর্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,
শ্রীযুক্ত ভূপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্,
পুরাণপল্টন, পোঃ রমণা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৬৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—৩৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

EROTIC PRINCIPLE & UNALLOYED DEVOTION

পরমপূজ্যপাদ শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী প্রভু প্রণীত। সম্প্রতি এই গ্রন্থের একটী নূতন সংস্করণ শ্রীশ্রীগুরুবর্গের ইচ্ছায় পুনঃ প্রকাশিত হইয়াছে। গ্রন্থের আকার পূর্ব্ব সংস্করণ অপেক্ষা বৃহৎ ও সুন্দর হইয়াছে। এই গ্রন্থে বহু অমূল্য উপদেশ আছে।

শুদ্ধভক্তিগ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪০
২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
৩। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৲
৪। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত ৯৲
সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০
৯। জৈবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। বালক আদর্শ ॥০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়সাহিত্য ।৵০
২২। ভজন রহস্য ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী-টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল মাধ্বভাষ্য ॥০
২৭। মুক্তিমন্নিকা অপসোঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তকঃ (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৵০ বাঁধা ৸০)
৩০। দ্বীপ-দিগ্দর্শন ৵০
৩১ সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা /১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৵০
৩৭। ঐ প্রমাণ খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী /১০
৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা ৸০
৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২।০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক /১০
৪৬। অর্চ্চনকল্প /১০
৪৭। সদাচারস্মৃতিঃ /১০
৪৮। কল্যাণকল্পতরু /১০
৪৯। অর্চ্চনপথ /০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৯৲
৫১। ব্রহ্মসংহিতা ॥০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ /০
৬০। সাংখ্যবাণী /০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২।০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৯৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ॥০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ॥০
৬৫। সটীকা-শিক্ষাদশমূলম্ ।০
৬৬। তত্ত্বত্রয়ম্ ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৵০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ /০
৬৯। সারাংশবর্ণনম্ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥০
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ॥০
৭২। নামভজন /০
৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অন্টলজি ॥০
৭৪। রিলেটিভ ওয়ার্ল্ডস্ ।৵০
৭৫। লাইফ এণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০
৭৬। বৈষ্ণবীজম্ ॥০
৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং /০
৭৮। দি ভাগবত ।০
৭৯। ইরোটিক প্রিন্সিপাল এণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ।০
৮০। ব্রহ্মসংহিতা ॥০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৯৲
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০
৮৫। সাধনপথ ॥০
৮৬ কল্যাণকল্পতরু /১০
৮৭। গীতাবলী /১০
শরণাগতি /০
৮৯। প্রার্থনা-সিদ্ধান্তবাণী ।৵০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ॥০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ॥০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৯৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

সত্তার কল্যাণকল্পতরু
শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিস্তৃত ভাষ্যসহ সম্প্রতি প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্য পাঠ্য। প্রাপ্তিস্থান— শ্রীযোগপীঠ-শ্রীমন্দির পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশ্রীস্তবরত্নমালা
বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৮০ মাত্র প্রাপ্তিস্থান— শ্রীযোগপীঠ-শ্রীমন্দির পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৯শ বর্ষ } ১ বামন, গৌরাব্দ ৪৫৫, ২৭শে জ্যৈষ্ঠ, বঙ্গাব্দ ১৩৪৮, ১০ই জুন, ইং ১৯৪১, মঙ্গলবার { ৮০তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১ বামন, স্থাণু প্রদ্যুম্ন, গৌরাব্দ ৪৫৫

শিক্ষা

——:(*)•:——

কৃষ্ণ ও কার্ষ্ণ উভয়েই ঈশ্বর—উভয়েই মায়াতীত। উভয়ের সহিত উভয়ের পরস্পর অবিচ্ছেদ্য সম্বন্ধ। তাঁহাদের আচার বিধি নিষেধের বহির্ভূত। শ্রদ্ধাচক্ষে বা ভক্তিচক্ষে তাঁহাদের শ্রীপাদপদ্ম দর্শন না করিলে বঞ্চিতই হইতে হয়। শাস্ত্র বলিয়াছেন,—

নিত্যানন্দস্বরূপ—পরম-অধিকারী।
অল্পভাগ্যে তাহানে জানিতে নাহি পারি॥
অলৌকিক চেষ্টা যেবা কিছু দেখ তা'ন।
তাহাতেও আদর করিলে পাই ত্রাণ॥
তাঁহার আচার বিধি নিষেধের পার।
তাঁহারে জানিতে শক্তি আছয়ে কাহার॥
না বুঝিয়া নিন্দে তাঁ'র চরিত্র অগাধ।
পাইয়াও বিষ্ণুভক্তি তা'র হয় বাধ॥
অধিকারী বই করে তাহান আচার।
দুঃখ পায় সেই জন, পাপ জন্মে তা'র॥
রুদ্র বিনে অন্যে যদি করে বিষ পান।
সর্ব্বথায় মরে, সর্ব্বপুরাণ প্রমাণ॥
পরহিতো করয়ে যদি মহা-অধিকারী।
নিন্দায় কি দায়, তাঁ'রে হাসিলেই মরি॥

শ্রীব্রহ্মা জগদ্গুরু হইয়াও লোকমঙ্গলের জন্য স্থইবার বিমোহিত হইবার লীলা প্রকাশ করিয়াছিলেন। ইতঃপূর্ব্বে আমরা ব্রহ্ম-বিমোহনের কথা শ্রীনদীয়া-প্রকাশে আলোচনা করিয়াছি। শ্রীমদ্ভাগবতে যে ব্রহ্মার দুরাচার-প্রতিম আচরণ এবং শিবের শ্রীকৃষ্ণের মোহিনীরূপে আকৃষ্ট হইবার কথা শুনা যায়, তদ্দ্বারা জগদ্গুরু শিব-বিরিঞ্চি আমাদের ন্যায় ক্ষুদ্র জীবগণকে এই শিক্ষা দিয়াছেন যে, অতি বিদ্বান্ পণ্ডিতগণকেও মায়াদেবী যে কোন মুহূর্ত্তে মোহিত করিতে পারেন। বস্তুতঃ ব্রহ্মা বা শিবের ন্যায় জগদ্গুরু গণের কোন দুরাচার নাই, উহা সাধকগণকে সতর্ক করিবার জন্য শ্রীকৃষ্ণের ইচ্ছায় জগদ্গুরুগণের লীলাচাতুরী-বিশেষ। যদি তাঁহারা ঐরূপ লীলা-প্রকট না করিতেন, তাহা হইলে কর্ম্মী, জ্ঞানী, যোগী, তপস্বী প্রভৃতি দাম্ভিক ব্যক্তিগণ আনুগত্যধর্ম্ম অপেক্ষা তপস্যা-বৈরাগ্যাদিকে অধিক শক্তিশালী বলিবার সুযোগ পাইয়া ভক্তিপথের পথিকগণকে ভক্তিপথ হইতে ভ্রষ্ট করিয়া দিত। ব্রহ্মা ও শিবের ন্যায় তপস্যা ও অলৌকিক জ্ঞান-বৈরাগ্যসম্পন্ন ব্যক্তিগণও কায়মনোবাক্যে সর্ব্বক্ষণ ভগবানের শরণাপন্ন না থাকিলে যখন পতনোন্মুখ হইতে পারেন, তখন ক্ষুদ্র-জীব আনুগত্য ছাড়িলে যে তাহার পতন অবশ্যম্ভাবী, তাহা বলাই বাহুল্য।

জগদ্গুরু শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর টীকায় লিখিয়াছেন,—"পরমবিদ্বান্ ও অতিবিবেকিগণেরও কাম জয় করা সুকঠিন; এজন্য কন্যা, ভগিনী প্রভৃতিরও সহিত নির্জ্জনে বাস করিবে না। ইহা জানাইবার জন্যই ব্রহ্মার এই লীলা। সমর্থবান্ তেজস্বী পুরুষগণের ধর্ম্মমর্য্যাদা-লঙ্ঘন বা স্ত্রীসম্ভাষণাদি আচরণ দৃষ্ট হইলেও তাহা দূষণীয় নহে, যেরূপ অগ্নি সর্ব্বভুক্ হইয়াও দোষভাক্ হয় না। এই [illegible] নিজ কন্যার অনুগামী হইলেও ব্রহ্মার কোনপ্রকার দোষের আশঙ্কা করিতে হইবে না।

ব্রহ্মার এই লীলায় মহা-অধিকারীর সামর্থ্য এবং ক্ষুদ্র জীবের পক্ষে সতর্কতার কথা আছে। ব্রহ্মার চরণে যেন আমাদের কোনপ্রকার অপরাধ না হয়,—সে-বিষয়ে সর্ব্বদা সাবধান থাকা দরকার। ব্রহ্মা ঈশ্বর, তাঁহার উপদেশ শ্রবণ করিতে হইবে। তাঁহার সকল আচার গ্রহণ করিতে হইবে না। অনীশ্বর হইয়া ঈশ্বরের সকল আচার গ্রহণ করিতে গেলে তাঁহার আচার-দর্শনে হাস্যকারী ব্রহ্মার পৌত্রগণের ন্যায় দুর্গতি অবশ্যম্ভাবী। শ্রীচৈতন্যভাগবতে শ্রীল বৃন্দাবন দাস ঠাকুর বলিয়াছেন,—

প্রজাপতি মরীচি—যে ব্রহ্মার নন্দন।
পূর্ব্বে তা'ন পুত্র ছিল এই ছয় জন॥
দৈবে ব্রহ্মা কামশরে হইলা মোহিত।
লজ্জা ছাড়ি' কন্যা প্রতি করিলেন চিত॥
তাহা দেখি' হাসিলেন এই ছয়জন।
সেই দোষে অধঃপাত হইল সেইক্ষণ॥
মহান্তের কর্ম্মেতে কৈল উপহাস।
অসুর-যোনিতে পাইলেন গর্ভবাস॥
হিরণ্যকশিপু জগতের দ্রোহ করে।
দেব-দেহ ছাড়ি' জন্মিলেন তা'র ঘরে॥
তথায় ইন্দ্রের বজ্রাঘাতে ছয় জন।
নানা দুঃখ যাতনায় পাইল মরণ॥
তবে যোগমায়া ধরি' আনি' আরবার।
দেবকীর গর্ভে শক্তি দৈলেন সঞ্চার॥
ব্রহ্মারে যে হাসিলেন সেই পাপ হৈতে।
সেহ দেহে দুঃখ পাইলেন নানামতে॥
জন্ম হৈতে অশেষপ্রকার যাতনায়।
ভাগিনা—তথাপি মারিলেন কংস রায়॥
প্রভু বলে,—শুন, শুন, বাপ মহাশয়।
বৈষ্ণবের কর্ম্মেতে হাসিলে [illegible] হয়॥
[illegible] পাইলেন প্রত্যক্ষ [illegible]।
[illegible] দুঃখ কি কহিব সীমা॥
যে দুর্গতি হয় বৈষ্ণবের নিন্দা করে।
জন্ম জন্ম নিরবধি সেই দুঃখে মরে॥

শ্রীমহাদেব জগদ্গুরু—বৈষ্ণবশিরোমণি। তিনি অহর্নিশ রামনামে পাগল। তিনি মায়াতীত বস্তু। সমুদ্রমন্থনকালে অমৃতভাণ্ড লইয়া সুরাসুরগণের মধ্যে কলহ আরম্ভ হইলে ভগবান্ পরম সুন্দরী স্ত্রীমূর্ত্তি ধারণ করিয়া তথায় আগমন করিলেন। তাঁহার প্রতি আকৃষ্ট হইয়া সকলেই অমৃত বণ্টন করিবার জন্য অমৃতভাণ্ডটী তাঁহার হস্তেই প্রদান করিলেন। মোহিনীরূপধৃক্ শ্রীভগবান্ তাঁহাদের চঞ্চলতার অবসর বুঝিয়া 'তিনি যাহা করিবেন, তাঁহারা কেহই তাহাতে কোন প্রতিবাদ থাকিতে পারিবে না',—এই বলিয়া তাঁহাদিগকে অঙ্গীকার করাইয়া লইলেন। অতঃপর দেব ও দানবগণ অমৃত-প্রার্থী হইয়া পৃথক্ পৃথক্ পংক্তিতে উপবেশন করিলে মোহিনীমূর্ত্তিধারী শ্রীভগবান্ অসুর-গণকে অমৃত-পানে সম্পূর্ণ অযোগ্য বিবেচনা করিয়া তাহাদিগকে বঞ্চনাপূর্ব্বক দেবতা-গণের মধ্যেই সমস্ত অমৃত বণ্টন করিয়া দিলেন। অসুরগণ অমৃতকলস মোহিনীর হস্তে প্রদানপূর্ব্বক সমভাবে অমৃত বণ্টন করিতে বলিলে শ্রীমোহিনী হাস্য করিয়া বলিতে লাগিলেন,—

তুমি সব কেন কর আমাতে প্রতীত।
নারীকে বিশ্বাস কভু না করে পণ্ডিত॥
[illegible]।
আমারে প্রতীত কর [illegible]॥
[illegible]।
দৈত্যগণ [illegible] উচ্চ করি॥

ভগবান্ শ্রীহরি এই মোহিনীরূপে [illegible] মোহিত করিয়াছেন, এ কথা [illegible] মোহিনীরূপ দর্শন করিবার [illegible] হইয়া ভগবান্ [illegible] কালিন্দপদ অন্তত [illegible]

দেবকে দর্শন করাইয়াছিলেন। ভক্তবৎসল ভগবান্ ভক্তের মনোভীষ্টপূরণার্থ মায়া-বিস্তারপূর্ব্বক মোহিনীমূর্ত্তি প্রকট করিলে মহাদেব সেই মোহিনীমূর্ত্তি-দর্শনে প্রথমতঃ মুগ্ধ হইয়া পরে আত্মসম্বরণ করিলেন অর্থাৎ শ্রীভগবান্ প্রথমতঃ ভক্তপ্রবর শম্ভুকে তাঁহার স্বমায়া মোহিত করিবার অভিনয় প্রদর্শন করিয়া মায়ার প্রভাব কীদৃশ এবং শম্ভুর মোহাপনোদন করিয়া ভক্ত কিপ্রকারে তাঁহার সেই দৈবী মায়ার হস্ত হইতে মুক্ত হইতে পারেন, তাহা জগৎকে শিক্ষা দিলেন। মোহিনীরূপ-দর্শনে মহাদেব কামবিবশে বিভোর হইয়া পার্ব্বতীর সম্মুখেই নির্লজ্জভাবে সেই সুন্দরীর অনুসরণ করিলেন, পরে মহাদেব আপনাকে ভগবানের মায়ায় আহত দেখিয়া মোহ হইতে বিমুক্ত হইলেন। তখন ভগবান পুরুষাকৃতি ধারণ করিয়া মহাদেবকে বলিলেন,—

কো নু মেঽতিতরেন্মায়াং
বিষক্তস্ত্বদৃতে পুমান্।
তাংস্তান্ বিসৃজতীং ভাবান্
দুস্তরামকৃতাত্মভিঃ॥
(ভাঃ ৮।১২।৩৯)

আপনি ব্যতীত কোন্ পুরুষ বিষয়ভোগে আসক্ত হইয়াও অজিতচিত্তগণের দুস্তর তত্তদ্বিষয়-সৃষ্টিকারিণী আমার মায়া উত্তীর্ণ হইতে পারে? বিষ্ণুর কৃপালাভ করিয়া শ্রীমহাদেব ভবানীকে বলিলেন,—

অয়ি ব্যপশ্যস্ত্বমজস্য মায়াং
পরস্য পুংসঃ পরদেবতায়াঃ।
অহং কলানামৃষভোঽপি মুহ্যে
যয়াবশোঽন্যে কিমুতাস্বতন্ত্রাঃ॥
(ভাঃ ৮।১২।৪৩)

হে দেবি, জন্মরহিত পরদেবতা ও পরমপুরুষ ভগবানের মায়া অবলোকন করিলে ত'? আমি তাঁহার অংশাবতারগণের মধ্যে শ্রেষ্ঠ হইয়াও যখন মায়ার দ্বারা মুগ্ধ হইলাম, তখন অন্যান্য ইন্দ্রিয়পরবশ লোকসকল যে মোহিত হইবে, তাহাতে আর বক্তব্য কি?

জগদ্গুরু শ্রীমহাদেব আমাদের শিক্ষার জন্য এইরূপ উপদেশ দিয়াছেন। যদি তিনি ঐরূপ আত্মমোহনলীলা না করিতেন, তাহা হইলে ক্ষুদ্র সাধকগণ সতর্ক হইতেও পারিতেন না এবং সম্পূর্ণভাবে শ্রীকৃষ্ণপাদপদ্মে শরণাগতও হইতে পারিতেন না। ভগবৎপাদপদ্ম হইতে বিন্দুমাত্রও স্বতন্ত্রতা অবলম্বন করিলে জীবের পতন যে অনিবার্য্য, তাহা শিক্ষা দিবার জন্যই জগদ্গুরু শ্রীমহাদেবের এই লীলা। বুদ্ধিমান্ ব্যক্তি জগদ্গুরু শিবের এই লীলা হইতে গুরুবৈষ্ণব-ভগবানে একান্ত শরণাগতি শিক্ষা করিবেন, জগদ্গুরুর প্রতি কোনপ্রকার মর্ত্ত্যবুদ্ধি করিয়া অধঃপতিত হইবেন না।

এই লীলাদ্বারা জগদ্গুরু শ্রীমহাদেব আমাদিগকে আরও জানাইয়াছেন যে, যাহারা নিজেরা পুরুষের অভিমান বা শিবের অভিমান করিয়া ভগবানের স্ত্রীরূপ বা মহামায়ারূপ দেখিবার চেষ্টা করে, তাহারা শ্রবণ-স্মরণ-সাধনা করিয়াও ঐরূপভাবে মোহিত হয়। এইজন্য শ্রীমন্মহাপ্রভু ভগবানের সহিত প্রভু-সম্বন্ধ, সখ্য-সম্বন্ধ, পুত্র-সম্বন্ধ ও পতি-সম্বন্ধ — এই চারিপ্রকার আত্মার বা চেতনের সম্বন্ধের কথা বলিয়াছেন; পরন্তু তিনি ভগবানের সহিত জীবাত্মার স্ত্রী বা জননী-সম্বন্ধের কথা বলেন নাই। ভগবানকে স্ত্রী বা জননীরূপে দেখিতে চাহিলেই মহামায়া জীবকে মোহিত করেন। ভগবান্ ক্লীব বা স্ত্রী নহেন, তিনি—পুরুষোত্তম, জীবমাত্রেই তাঁহার প্রকৃতি।

শ্রীগুরুবৈষ্ণবের পতন বা মোহ নাই। তাঁহাদের অসুরমোহন বা বিমুখবঞ্চন লীলা দেখিয়া অসুর বা বিমুখগণই বঞ্চিত হয়। উত্তমগণ গুরুবৈষ্ণবের প্রত্যেক লীলার মধ্যেই অপার কৃপা ও শিক্ষা উপলব্ধি করিয়া থাকেন। বঞ্চিত কেবল বঞ্চিতই হয়। শ্রীব্রহ্মা, শ্রীনারদ, শ্রীব্যাস ও শ্রীপ্রহ্লাদ-আদি মহাজনগণের যেসকল দুরাচারপ্রতিম ব্যবহারের কথা শাস্ত্রাদিতে দেখা যায়, তাহা সাধুজীবকে সতর্ক করিবার জন্য। অকপটভাবে হরিভজন করিলে ও সদ্গুরুপাদপদ্মের নিকট শ্রীমদ্ভাগবতের সিদ্ধান্ত শ্রবণ করিলে এইসকল কথার প্রকৃত তাৎপর্য্য উপলব্ধি হয়। শরণাগত না হইয়া যুক্তিকে আশ্রয় করিলে কেবল অপরাধই হয়।

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

——::[*]::——

যাঁরা বলেন, ভগবান্‌কে যেভাবেই ডাকি না কেন, তিনি দেখা দিবেন, তাঁ'রা জানেন না যে, ভগবান্ আমাদের বাগানের মালী বা চাকর ন'ন। চাকর ব'লে ডাক্‌লেও তিনি আস্‌বেন, এটা অবাস্তব কথা। যিনি হরিকথা শ্রবণ ক'রে তারপরে তাঁ'র দর্শন করেন, তাঁ'রই প্রকৃত দর্শন হয়।

হরিভজন করিতে যাইয়া 'অহংমম'-ভাবরূপ মায়াপিশাচী যেন না হয়। দেহমনের পরিচয়টি স্বরূপের পরিচয় নহে। গোপী-ভর্ত্তা যে কৃষ্ণ, তাঁহার পদকমলের দাসদাসানুদাস-পরিচয়টি জীবের স্বরূপের পরিচয়। ভক্ত-ভাব অঙ্গীকারকারী শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন,—ব্রাহ্মণ-ক্ষত্রিয়াদি বর্ণ-পরিচয় এবং ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্ন্যাস-বিচার আমাদের স্বরূপের পরিচয় নহে। বর্ণাশ্রমের অভিমান থাকিলে হরিভজন সুষ্ঠু হয় না। বর্ণ ও আশ্রমধর্ম্মের মধ্যে যাঁহারা অবস্থিত হইবেন, তাঁহারা প্রেমময় সেবা-জগতে প্রবেশ লাভ করিতে গেলে প্রত্যেক পদে বিপদ্ বরণ করিবেন।

ভগবদ্দাস্য ও ভক্তদাস্যে ভগবদ্ভজন হইয়া থাকে। যে ব্যক্তি ভগবদ্ভক্তের অনুগত না হইয়া নিজেই ভগবানের সেবার জন্য দাম্ভিকভাবের সহিত অগ্রসর হয়, সে কখনও ভগবানের প্রীতি লাভ করিতে পারে না। আমি ভগবানের সেবা করিব, আর তাঁহার সেবককে মানিব না—ইহা হরিভক্তের লক্ষণ নহে। বহির্ম্মুখ মিছাভক্তের চিন্তাস্রোত ও সেবোন্মুখ অকপট ভক্তের চিন্তাস্রোত বিপরীত।

যিনি বিচার করেন যে, কৃষ্ণই একমাত্র সেব্য, তাঁহার মুখেই শ্রীনাম স্ফূর্ত্তি লাভ করেন। যে হরিভক্তের ছলনা করিয়া হরিনাম-গ্রহণের ভাণমাত্র করে, কিন্তু ভগবদ্ভক্তের সেবা করে না বা সদ্গুরুর চরণাশ্রয় করে না, তাহার হরিনাম হয় না। শ্রীগুরুপাদপদ্মের নিকট হইতে দীক্ষা বা দিব্য-জ্ঞান লাভ করিতে পারিলে সেবোন্মুখ জিহ্বায় কৃষ্ণনাম উচ্চারিত হয়। শ্রীগুরুদেব কৃপা করিয়া দিব্যজ্ঞান প্রদান করিলে কৃষ্ণনাম-গ্রহণের যোগ্যতা হয়। দীক্ষা-গ্রহণের অভিনয় করিলেই দিব্যজ্ঞান লাভ হইল না। দিব্যজ্ঞানের অভাবে আমাদের Iconographer বা Iconoclastএর ন্যায় কাঠ-পাথর চিন্তা ও জড়দর্শন প্রবল হয়। দিব্যজ্ঞান লাভ হইলে শ্রীমূর্ত্তির অর্চ্চন হইবে। শ্রীবিগ্রহ আমাদের আধ্যক্ষিক বিচারের আশামী নহেন। তিনি স্বেচ্ছায় যে-কোনরূপে আবির্ভূত হইতে পারেন। দীক্ষা অর্থাৎ দিব্যজ্ঞান-লাভের পূর্ব্বে কৃষ্ণনাম গ্রহণ করিবার যত্নকারী ব্যক্তিই দীক্ষা-প্রাপ্তির পরে সেবোন্মুখী বৃত্তিতে কৃষ্ণের নাম গ্রহণ করেন। দিব্যজ্ঞান লাভ হইলে বুঝিতে পারা যাইবে, কে ভগবদ্ভক্ত ও কে অভক্ত। যাঁহার শ্রীগুরুপাদপদ্মে অচলা ভক্তি আছে, তিনিই ভক্ত। ধূর্ত্ততা ও অনবধানতাযুক্ত আত্মায় হরিভক্ত হওয়া যায় না। হরিভজনে মনোযোগ না থাকিলে শ্রীভগবানের অর্চ্চন-সেবার ব্যাঘাত হইবে। যাহারা দুরাচারসম্পন্ন, তাহাদের সঙ্গ আচরণসম্পন্ন ব্যক্তিগণ কখনও কোনপ্রকারে করিবেন না। যাহার শ্রদ্ধার উদয় হয় নাই, সে ভগবদ্ভজন-রাজ্যে প্রবেশের দ্বারেও উপস্থিত হয় নাই। 'শ্রদ্ধা' শব্দে implicit confidence (শ্রীহরিগুরু-বৈষ্ণবের প্রতি ঐকান্তিক বিশ্বাস) বুঝায়।

কনিষ্ঠাধিকারীর পক্ষে শ্রীবিগ্রহের অর্চ্চন বিহিত হইয়াছে। তাহাও শ্রদ্ধা ব্যতীত মোটেই সাধিত হয় না। যেহেতু উক্ত হইয়াছে—"অর্চ্চায়ামেব হরয়ে যঃ পূজাং শ্রদ্ধয়েহতে।" যিনি শ্রদ্ধার সহিত অর্থাৎ "কৃষ্ণে ভক্তি কৈলে সর্ব্ব কর্ম্ম কৃত হয়।"—এই দৃঢ় বিশ্বাসের সহিত বিষ্ণুর অর্চ্চনে যত্নশীল হন, তাঁহারই অর্চ্চনাধিকার লাভ হইয়াছে, জানিতে হইবে।

শ্রদ্ধার সহিত উপাসনা করিতে হইবে। 'শ্রদ্ধা'-শব্দকে আভিধানিক শব্দমালার সাহায্যে বুঝা যায় না। 'শ্রীমদ্ভাগবত' বা 'গোবিন্দভাষ্যে'র আনুগত্যময়ী সেবার পরিবর্ত্তে উহাদিগকে আভিধানিক ও আকস্মিক শব্দের সমষ্টি মনে করিয়া জড়মেধার সাহায্যে আয়ত্ত করিতে গেলে উহারা ঐরূপ আধ্যক্ষিক ব্যক্তিকে বঞ্চিতই করিয়া থাকেন। আবার আভিধানিক শব্দমালাকে নিজের ভোগের বস্তু জ্ঞান করিলেও আমাদের অসুবিধা হইবে। অধোক্ষজবস্তুতে অক্ষজ-বিচার প্রয়োগ করিতে গেলেই মায়ার কার্য্য হইয়া পড়ে। "মীয়তে অনয়া ইতি মায়া।" ভগবান্ আমাদের দ্বারা পরিমিত হইবার বস্তু নহেন। শ্রদ্ধার উদয় না হইলে জীব কনিষ্ঠাধিকারেও পৌঁছিতে পারে না। শ্রীবিগ্রহে কাঠ-পাথরবুদ্ধি, শ্রীগুরুবৈষ্ণবে মনুষ্যবুদ্ধি, 'অহংমমভাব' এবং নিজকে ভোগ্য জানিবার পরিবর্ত্তে ভোক্তৃজ্ঞান থাকিলে অর্চ্চন হয় না। যিনি শ্রদ্ধার সহিত অর্চ্চন করেন, অর্থাৎ শ্রীগুরুপাদপদ্মে যাঁহার অচলা ভক্তি আছে, তাঁহারই অর্চ্চন হইয়া থাকে।

নামই বীজস্বরূপ। অসম্প্রসারিত নামই বীজ ও সম্প্রসারিত নামই রূপ, গুণ, পরিকর-বৈশিষ্ট্য ও লীলারূপে প্রকাশিত। অতএব 'নাম' বলিতে—'নাম নাম', রূপ-নাম', 'গুণ-নাম', 'পরিকর-বৈশিষ্ট্য-নাম' ও 'লীলা-নাম'।

নিজে সত্যে প্রতিষ্ঠিত না হ'লে নিৰ্ভীক-সত্য প্রচার করা যায় না। বাহিরে বৈরাগ্যের অভিনয় ও অন্তরে পূর্ণ সম্ভোগবাদরূপ কপটতা মহাপ্রভুর শিক্ষা নহে। নাম-সংকীর্ত্তন-প্রভাবেই স্মরণ হয়। পূর্ণ-প্রস্ফুটিত নামই অষ্টকালীয় নিত্যলীলা। নামকীর্ত্তনমুখে স্মরণ না হইলে নামীর সাক্ষাৎকার ও সেবালাভ হয় না। নামরূপ কলিকা স্বয়ম্ফুট হইতে হইতেই রূপাদি চিন্ময়রূপ বিকশিত হন, পুষ্পের সৌরভের ন্যায় স্ফুটিত কলিকায় কৃষ্ণের চতুঃষষ্টি গুণ-সৌরভ অনুভূত হয়। নামকুসুম পূর্ণ-প্রস্ফুটিত হইলে কৃষ্ণের অষ্টকালীয়া চিন্ময়ী নিত্যলীলা প্রকৃতির অতীতা হইয়াও জগতে উদিতা হন।

যিনি মহাপ্রভুর শিক্ষা অকপটভাবে প্রচার করিবেন, তাঁহার সুবিধা হইবে। যিনি কীর্ত্তন পরিত্যাগ করিয়া কেবল অর্চ্চন করিবেন, বসিয়া বসিয়া নাক টিপিবেন, তিনি হয় ভোগী, না হয় ত্যাগী হইয়া যাইবেন। শ্রীমন্মহাপ্রভু সকলকে কীর্ত্তন করিতে বলিয়াছেন। গুরুর কার্য্য করিতে পারিলেই সুবিধা হইবে। কেবল শিষ্য (?) হইয়া জগৎ হইতে চলিয়া গেলেই সুবিধা হইবে না। যেমন আমরা স্মৃতির বচনে শুনিতে পাই যে, সংসারে প্রবিষ্ট হইয়া পুত্রোৎপাদন করিতে না পারিলে তাহাকে নরকভোগ করিতে হয়, সেইরূপ কৃষ্ণের সংসারে প্রবিষ্ট হইয়া পুত্রোৎপাদন অর্থাৎ গোত্রবর্দ্ধন

বা কীর্ত্তন না হইলে আপনারাও ভোগী ও ত্যাগীর ন্যায় মহাপ্রভুর কৃপা হইতে বঞ্চিত হইবেন। নিষ্কিঞ্চন না হইলে হরিকীর্ত্তন হয় না।

অনর্থনিবৃত্তি করিতে করিতেই যেন আমাদের দিন ফুরাইয়া না যায়, অর্থ-প্রবৃত্তিও দরকার। অর্থে প্রবৃত্তি না হওয়া পর্য্যন্তই অনর্থনিবৃত্তির প্রয়োজন। অর্থ-প্রবৃত্তি হইলে অনর্থনিবৃত্তি গৌণ হইয়া পড়ে, অর্থপ্রবৃত্তি মুখ্য হয়। কেবল পরোপদেশে পণ্ডিত হইলেই হইবে না, নিজেও অগ্রসর হওয়া আবশ্যক, আচারবান্ হওয়া আবশ্যক। নিজে অকপট-ভজনের মূলে কতটা চলিয়াছেন, তাহাও দেখিতে হইবে।

শ্রীচৈতন্যদেব সকলকে দয়া করিয়া সর্ব্বদা হরিনাম কীর্ত্তন করিতে বলিয়াছেন। কোন সময় হরিনাম করিতে হইবে না, এরূপ নহে—'হরিঃ সদা কীর্ত্তনীয়ঃ।' শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন,—শ্রীকৃষ্ণের কীর্ত্তন সর্ব্বদা জয়যুক্ত হউন। কীর্ত্তন শ্রবণ করিলে কীর্ত্তন আরম্ভ হয়, কীর্ত্তন করিলে স্মরণ হয়। কীর্ত্তনকারী যখন হরিকথা কীর্ত্তন করেন, তখন হরিকথা স্মরণে আসে।

আমরা কৃষ্ণ কি জিনিষ, তাহা জানি না। তাই কৃষ্ণ নিজ সর্ব্বশক্তি কৃষ্ণনামে অর্পণ করিয়া শ্রীনামরূপে জগতে অবতীর্ণ। গৌণ নামে শব্দ ও শব্দীর মধ্যে কিছু ভেদ আছে, কিন্তু মুখ্য নামে শব্দ ও শব্দী অভেদ। নামগ্রহণে যোগ্যতার বিচার নাই, কিন্তু ঠাকুরের পূজায় যোগ্যতার বিচার আছে, যেমন দীক্ষা গ্রহণ করিতে হইবে, স্নান করিতে হইবে, ইত্যাদি। দেশগত বিচার, কালগত বিচার ও পাত্রগত বিচার হরিকীর্ত্তন-সম্বন্ধে নাই। কীর্ত্তন উচ্চৈঃস্বরেই বিধেয়। হরিকথা উচ্চৈঃস্বরে কীর্ত্তন না করিয়া বাচালতায় পঞ্চমুখ হইলে কালসর্পের কবলে কবলিত হইতে হয়। যিনি উচ্চৈঃস্বরে কীর্ত্তন করেন, তিনি দানবীর, তিনি পরহিংসা করেন না। যিনি মৌনী হইয়া থাকেন, কিন্তু কৃষ্ণকীর্ত্তন করেন না, তাঁহার অব্যক্ত বাগ্‌বেগ নিজের ও পরের অমঙ্গল সাধন করে। তিনি মনে মনে বিষয়চিন্তা করেন; তিনি আত্মহিংসক ও পরহিংসক। তাই মহাপ্রভুর উপদেশ—সর্ব্বদা কীর্ত্তন কর। যাঁহারা সেই কীর্ত্তন শ্রবণ করিবেন, তাঁহারা যদি তোমার বন্ধু হন, তাহা হইলে তোমার ভুল কীর্ত্তন সংশোধিত করিবেন। কপটতা ও প্রতিষ্ঠাকামনা হৃদয়ে থাকিলে লোকে তথাকথিত মৌনধর্ম্ম অবলম্বন করে। "বকঃ প্রমধার্ম্মিকঃ।" কপটতার দ্বারা চালিত হইয়া যাঁহারা মৌনধর্ম্ম অবলম্বন করে, তাঁহারা অকস্মাৎ কোন পাপ করিয়া বসে। মৌনী ও ধ্যানী হইয়া নিজের স্বার্থ পোষণের জন্য তাহারা অপরের দ্রোহ আচরণ করে। হরিকথা কীর্ত্তন না হইলে জগতে কুধর্ম্মই অধিকতর প্রবল হইবে।

হরিকথা-প্রসঙ্গ

শ্রীভগবান্ অধোক্ষজতত্ত্ব। তিনি কাহারও ইন্দ্রিয়তর্পণের বস্তু নহেন। আমরা আমাদের অনিচ্ছা ও অজ্ঞানবশতঃই ভগবান্‌কে দর্শন করিতে পারি না। ভগবানের কৃপা যাঁহার প্রতি বর্ষিত হয়, একমাত্র তিনিই তাঁহাকে দর্শনের অধিকারী হন। তাঁহার কৃপার প্রতি নির্ভরতা ছাড়িয়া পুরুষাভিমানে ভোগবুদ্ধি লইয়া তাঁহাকে দর্শন করিতে গেলে ভগবদ্দর্শনের পরিবর্ত্তে মায়া-দর্শনই হইয়া থাকে। রজস্তমোগুণ-তাড়িত ব্যক্তির কখনও ভগবদ্দর্শন হয় না। যতদিন আমরা ভোগবুদ্ধি পরিত্যাগ করিয়া বিশুদ্ধসত্ত্বে অবস্থিত হইতে না পারিব, ততদিন পর্য্যন্ত আমাদের হৃদয়ে ভগবৎ-প্রাকট্য হয় না। একটি হৃদয়ে দুইটি প্রভু বা দুইটি চিন্তা একসঙ্গে থাকিতে পারে না। আমাদের অপেক্ষা বহুগুণে শ্রেষ্ঠ ব্রহ্মার ন্যায় ব্যক্তিও নিজের অক্ষজদর্শনে ভগবান্‌কে মাপিতে গিয়া বিফলমনোরথ হইয়াছিলেন। করুণাময় ভগবান্ তাঁহার প্রতি কৃপাপরবশ হইয়া তৎসমীপে উদিত হইয়া বলিয়াছিলেন,—"আমি স্বরূপতঃ যে পরিমাণ ও সত্তাবিশিষ্ট এবং যে যে গুণ ও লীলা-বিশিষ্ট, তুমি সেইসকল বিষয়ের যথাযথ অনুভব আমার কৃপায় সর্ব্বতোভাবে প্রাপ্ত হও।"

যাবানহং যথা-ভাবো যদ্রূপগুণকর্ম্মকঃ।
তথৈব তত্ত্ববিজ্ঞানমস্তু তে মদনুগ্রহাৎ॥

এখানে 'মদনুগ্রহাৎ'-শব্দটী বিশেষভাবে প্রণিধানযোগ্য। ভগবত্তত্ত্ব-বিজ্ঞান লাভ করিতে হইলে ভগবদনুগ্রহই একমাত্র কারণ। ভোগবুদ্ধিরহিত হইয়া অনন্যচিত্তে ভগবদ্দর্শনের যত্ন করিলেই ভগবৎকৃপা-লাভের অধিকারী হওয়া যায়। ভগবদনুগ্রহ ব্যতীত অদ্বয়জ্ঞানে উপলব্ধি হয় না। শ্রৌত-পথ অতিক্রম করিয়া কেহ কখনও ভগবজ্‌জ্ঞান লাভ করিতে পারে না। ভক্তের সেবাবৃত্তিতে অবস্থানই ভগবজ্জ্ঞান-লাভের নিদর্শন।

শ্রীমদ্ভাগবত সর্ব্ববেদান্তসার—শ্রীব্রহ্ম-সূত্রের অকৃত্রিম ভাষ্য।

সর্ব্ববেদান্তসারং যদ্‌ব্রহ্মাত্মৈকত্ব-লক্ষণম্।
বস্ত্বদ্বিতীয়ং তন্নিষ্ঠং কৈবল্যৈক-প্রয়োজনম্॥

শ্রীমদ্ভাগবত শ্রীকৃষ্ণনিষ্ঠ অর্থাৎ শ্রীকৃষ্ণে নিষ্ঠার বিষয়ই ইহার আদি, মধ্য ও অন্ত্য—সর্ব্বত্রই কীর্ত্তিত হইয়াছে। শ্রীকৃষ্ণে নিষ্ঠাই অভিধেয় বা উপায়। কৈবল্যই জীবের একমাত্র প্রয়োজন। 'কৈবল্য'-শব্দে মুক্তি নহে, শ্রীল শ্রীজীব গোস্বামিপ্রভু বলিয়াছেন,—কৈবল্যশব্দে প্রোজ্ঝিতকৈতব অর্থাৎ মোক্ষাদি-কামনারহিত প্রেমলক্ষণা ভক্তি। তদ্ব্যতীত জীবের অন্য কোন প্রয়োজন নাই বা থাকিতে পারে না। কৃষ্ণপ্রেম ব্যতীত অন্য বস্তুর প্রয়োজনীয়তা ক্ষণিক, তাৎকালিক ও নশ্বর।

সাময়িক প্রসঙ্গ

উৎকলে প্রচার

শ্রীচৈতন্যমঠের অন্যতম প্রচারক শ্রীপাদ যাদবানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীমায়াপুরে কয়েকদিন অবস্থান করিয়া পরমারাধ্যতম পতিতপাবন শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপাশীর্ব্বাদ শিরে ধারণপূর্ব্বক কয়েকজন ব্রহ্মচারিসহ উৎকল-প্রদেশে শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গের বাণী-প্রচারের জন্য গমন করিয়াছেন। প্রচারকগণ গত ১০ই জ্যৈষ্ঠ, ২৪শে মে, শনিবার-দিবস জলেশ্বরে অবতরণ করিয়া তথায় কয়েকটী গ্রামে শ্রীচৈতন্যবাণী প্রচার করেন।

জলেশ্বরে প্রচারকার্য্য শেষ করিয়া প্রচারকগণ তথা হইতে বস্তা নামক স্থানে গমন করেন। গত ২৭শে মে, মঙ্গলবার সন্ধ্যায় শ্রীযুত কৃষ্ণচন্দ্র সাউ মহাশয়ের গৃহে গমন করিয়া ভক্তিশাস্ত্রীজী শ্রীচৈতন্যভাগবত হইতে গৃহস্থের কর্ত্তব্যাকর্ত্তব্য ও শ্রীমন্মহাপ্রভু গৃহে অবস্থানকালে প্রত্যেক জীবের মঙ্গলের জন্য যাহা শিক্ষা দিয়া গিয়াছেন, সেইসমস্ত বিষয় প্রায় ২ ঘণ্টা যাবৎ পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে বিভিন্ন মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

গত ২৮শে মে, ১৪ই জ্যৈষ্ঠ, বুধবার-দিবস প্রচারকগণ ময়ূরভঞ্জ-রাজ্যের বড়ান-পুর-নামক গ্রামে উপস্থিত হন। ঐ দিবস সন্ধ্যায় গ্রামের মধ্যস্থ শিব-মন্দিরের প্রাঙ্গণে ভক্তিশাস্ত্রীজী শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীমন্মহাপ্রভুর পূর্ব্ববঙ্গে শুভবিজয়, তথায় শ্রীতপনমিশ্রের আগমন ও মিলন বিষয়ে উৎকল-ভাষায় বিশেষভাবে ব্যাখ্যা করেন। ব্রহ্মচারীজী প্রসঙ্গক্রমে 'গৃহে স্বতন্ত্রভাবে বহু শাস্ত্রাদি আলোচনার দ্বারা ভগবদ্ভক্তি লাভ হইতে পারে না, ভগবদ্ভক্তি লাভ করিতে হইলে স্বতন্ত্রতা ত্যাগ করিয়া সাধু-মহাজনের শ্রীচরণে প্রপন্ন হইতে হইবে এবং তাঁহাদের আজ্ঞানুবর্ত্তী হইতে হইবে, তবেই জীবের মঙ্গল হইতে পারে',—ইত্যাদি বিষয় প্রায় ২ ঘণ্টা যাবৎ উৎকল ভাষায় সকলকে বুঝাইয়া দেন। প্রচারক-গণের নিকট পাঠ শ্রবণ করিবার জন্য গ্রামের বহু লোক আগমন করিয়াছিলেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

গত ২৯শে মে, ১৫ই জ্যৈষ্ঠ, বৃহস্পতি-বার প্রচারকগণ শালদিয়া-নামক গ্রামে শ্রীচৈতন্যমঠের অনুগত শ্রীযুত রুদ্রনারায়ণ জেনা মহাশয়ের গৃহে উপস্থিত হন। ঐ দিবস সন্ধ্যায় তাঁহার গৃহে ভক্তিশাস্ত্রীজী শ্রীচৈতন্য-ভাগবত হইতে শ্রীমন্মহাপ্রভুর শিষ্যগণসহ গয়া তীর্থে গমন প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন। ব্রহ্মচারীজী প্রসঙ্গক্রমে গয়ায় গমনপথে মন্দারে শ্রীমধুসূদন দর্শন, শ্রীমন্মহাপ্রভুর জ্বরাক্রান্ত হইবার অভিনয় ও বিপ্রপাদোদক-পান—এই কয়েকটী বিষয় লইয়া বদ্ধজীবের অনেক শিক্ষণীয় বিষয় গ্রামবাসীদিগকে বুঝাইয়া দেন। পাঠ-শ্রবণার্থ গ্রামের বহু লোক আগমন করিয়াছিলেন। পাঠের আদি ও অন্তে বিভিন্ন মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

মেদিনীপুরে প্রচার

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিকেতন সাগর মহারাজ কতিপয় ব্রহ্মচারী সহ মেদিনীপুর-জেলার সবং ও পটাশপুর প্রভৃতি অঞ্চলের বিভিন্ন স্থানে শ্রীচৈতন্যমহাপ্রভুর বাণী প্রচার করিতেছেন।

গত ১৯শে বৈশাখ স্বামীজী সবং-অঞ্চলের ত্রিপুর-গ্রামের শ্রীযুত সাধুচরণ দাসাধিকারী মহাশয়ের গৃহে উপস্থিত হইয়া হরিকথা-কীর্ত্তন করেন। তৎপর দিবস তথাকার জমিদার শ্রীযুক্ত পুলিনবিহারী ভৌমিক মহোদয়ের সাদর আহ্বানে স্বামীজী তাঁহার গৃহে উপস্থিত হন এবং সন্ধ্যায় শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠে বহু শিক্ষিত ব্যক্তি উপস্থিত ছিলেন। স্বামীজী উক্ত-গ্রামে প্রায় এক সপ্তাহকাল হরিকথা-কীর্ত্তন করেন।

তথা হইতে প্রচারকগণ বড় সাহাড়া-গ্রামে চারিদিন ও মালপাড়গ্রামে দুইদিন হরিকথা প্রচার করিয়া সবিনাসপুর-গ্রামের শ্রীযুত কাঙ্গালচরণ দাসাধিকারী ও শ্রীযুত তারকচরণ দাসাধিকারী মহোদয়গণের গৃহে অবস্থানপূর্ব্বক হরিকথা কীর্ত্তন করেন। তথা হইতে স্বামীজী গত ১২ই জ্যৈষ্ঠ বিষ্ণুপুর-গ্রামাঞ্চলে প্রচারার্থ গমন করেন।

পাটনায় প্রচার

আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখামঠ পাটনা শ্রীগৌড়ীয়মঠের অন্যতম সেবক শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু কতিপয় ব্রহ্মচারী সহ গত ২৩শে [illegible] পাটনা-মঠ হইতে বাঢ়-নামক টাউনে গমন পূর্ব্বক তথায় শ্রীমন্মহাপ্রভুর বাণী কিছুদিন পাঠ, কীর্ত্তন ও [illegible] প্রচার করেন। তথাকার উকিল, মোক্তার পর্য্যন্ত সকলেই হরিকথা শ্রবণ করিয়াছেন।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীমধুসূদন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক—শ্রীনবকৃষ্ণ দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশচীবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীঠাকুরপ্রসাদ ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীজগন্নাথ দাস ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীরামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ কালনা (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ কালনা (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীমহৎকৃপা ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীনবদ্বীপ গৌড়ীয়মঠ
রাইডাঙ্গা (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅদ্বয়ানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধবগৌড়ীয়মঠ
বারদী, পোঃ বারদি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীদীনদয়াল ব্রজবাসী

গদাই গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদবাস্তুবিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাণ্ডাংবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীউদ্ধারণ দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা মথুরা
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেষশায়ী
পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গগ্রহ ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীধন্বন্তরি দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ভুবনকুণ্ডা, পোঃ চিতকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাডব্রোক রোড, হল্যাণ্ড পার্ক
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅভয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীযতিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	৮০	।৴০	।৴০	।০
" " ইঞ্চি	২৲	১।০	১।০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ স্রোতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিকারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান —শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ বিভিন্ন পদ্যানুবাদসহ মায়াপুর শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কনসেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

বিভাগীতা প্রসিদ্ধ মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ পাণ্ডিত্যের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর ভিক্ষা মাত্র ৬৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব গ্রন্থ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ৷৹ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

					শনিবার	শনিবার ব্যতীত অন্য দিন		
কলিকাতা ছাঃ	৪-৫৬	৬-২১	৭ ১৪	১৩-১৬	১৫-১৬	১৬-২৬	১৭-৫৩	২০ ২৬
দমদম	৪-৫৬	৬-৩১	৭ ২৮	১৩ ২৯	.	.....	১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯ ১৮	১৪ ৫০	১৬-৪৮	১৮-০১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ	.. ..	.		৯-৩১	..	....	. ..	.... .
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৯	৮-৪০	১০-৬	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-১৬	১৪ ৫০	১৭-৪০		২০-৩০		
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১১-২৫	১৮-১৫		২১-৫		
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫-৩৩	১৮-২৩		২১-১৩		

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম "	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
" ছাঃ	১২ ৫৬
শান্তিপুর পৌঃ	১৩ ২৪
(বদল) ছাঃ	১৩-৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩৩

ডাউন

					শনিবার ব্যতীত অন্য দিন	শনিবার		
নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪		৯-১২		১৬-৩	১৬-৩১	১৮-৩৮	
মহেশগঞ্জ "	৬-২৩		৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৭		৯-৫৫		১৬-৪৬	১৭ ১৪	১৯-২১	
(বদল) ছাঃ	৩-৩১	৭-১০	৮-৫২	১১-২৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪ ১০	৭-৪৬	৯-২৫	১২ ৭	১৫-৪৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	.	..	....	.	১৫-৫৬	১৭-৫২	.	.. ..
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১ ২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬	২১-৪০	২৩ ১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪-১
মহেশগঞ্জ "	১৪-১০
কৃষ্ণনগর পৌঃ	১৪-৪৪
ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷৹ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। প্রয়াগ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত মদনলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণান্তিকে স্বদেশ তথা বহির্দেশ প্রদেশসমূহের বহু প্রতিষ্ঠিত পণ্ডিত ও মনস্বী সত্যানুসন্ধিৎসুগণ যে সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাঁহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগবিরুদ্ধসিদ্ধান্তখণ্ডনে ও শুদ্ধভক্তি সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী, গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৮৹ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——::০::——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস

১০১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি ক্রমশঃ অধিক। নিতান্ত পুরাতন প্লীহা সংযুক্ত কামলা এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৷৶০ দশ আনা, বড় বোতল ১৶০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

ঠিকানা—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা।
বেহালা, ২৪ পরগণা

টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

Regd. No C. 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক সংবাদপত্র

১৬শ খণ্ড] শ্রীমায়াপুর,—২৮শে জ্যৈষ্ঠ, ১৩৪৮ ; ১১ই জুন, ১৯৪১, বুধবার [৮১তম সংখ্যা

শ্রীশ্রীশ্রুতিরত্নমালা
—:০:—
শ্রীল নারায়ণদাস ভক্তি-সুধাকর এম-এ সঙ্কলিত।
এই গ্রন্থ কথাসার, বিস্তৃত ভূমিকা ও সূচীসহ অতি সুন্দর রূপে প্রকাশিত হইয়াছে। ঈশ, কেন, কঠাদি দ্বাদশ উপনিষদের অভিনব সংস্করণ ভিক্ষা মাত্র ১৷৹ টাকা।
প্রাপ্তিস্থান —
মধুবা প্রিণ্টিং ওয়ার্কস,
পোঃ—ওয়ারী, ঢাকা

শ্রীচৈতন্যদেব
—:০:—
স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য-মহাপ্রভুর জীবনী ও শিক্ষার কথা সুন্দরভাবে ইহাতে লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট কাগজে সুন্দর বাঁধাই।
৩য় সংস্করণ, ভিক্ষা ১৷৹
প্রাপ্তিস্থান -
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

বিবিধ-সংবাদ

—::[০]::—

মার্কিণ সেনাদলকর্ত্তৃক বিমান কারখানা পরিচালনার আয়োজন

আমেরিকার প্রেসিডেন্টের সেক্রেটারী মিঃ আর্লী গত ৭ই জুন রিপোর্টারগণকে বলিয়াছেন যে, মার্কিণ সেনাদল যাহাতে নর্থ আমেরিকান এভিয়েশান ফ্যাক্টরী দখল করিয়া লইয়া ধর্ম্মঘটী শ্রমিকগণের কার্য্য নিজেরাই চালাইতে পারে, তদনুরূপ আদেশপত্রে প্রেসিডেন্টের স্বাক্ষর দিবার জন্য সমস্ত কিছু ঠিক করিয়া রাখা হইয়াছে। প্রেসিডেন্ট তাঁহার সপ্তাহশেষের নৌ-বিহার শেষ করিয়া আসিবার পূর্ব্বে শ্রমিকেরা যদি কাজে পুনরায় যোগদান না করে, তবে তাহাদিগকে তিনি ভর্ৎসনা করিবেন।

ধর্ম্মঘটীরা যদি গত ৭ই জুন কাজে যোগ না দেয়, তাহা হইলে সোমবার প্রেসিডেন্টের ঘোষণার দ্বারা গভর্ণমেণ্ট নর্থ আমেরিকান এভিয়েশান কর্পোরেশন হাতে লইবেন—এই খবর এক উচ্চপদস্থ সরকারী কর্মচারী সত্য বলিয়া সমর্থন করিয়াছেন। উক্ত কর্ম্মচারী বলেন যে, সমর ও নৌবিভাগ এবং উৎপাদন বিভাগ ধর্ম্মঘট সম্পর্কে নির্দ্দিষ্ট কর্ম্মপন্থা অবলম্বনের জন্য পীড়াপীড়ি করিতেছেন, কারণ ধর্ম্মঘটের ফলে বৃটেন ও মার্কিণ যুক্তরাষ্ট্রের যে সকল অর্ডার আছে, সেগুলি বিলম্বিত হইতেছে।

—

দুইশত ইতালীয় বন্দী

গত ৭ই জুন ইতালীতে বলা হইয়াছে, সিরিয়ায় উল্লেখযোগ্য কিছু ঘটে নাই।

আবিসিনিয়া—প্রাকৃতিক অসুবিধা ও প্রতিকূল আবহাওয়া উপেক্ষা করিয়া পূর্ব্ব ও পশ্চিম আফ্রিকার যে সেনাদল জিমার দিকে অগ্রসর হইতেছে, তাহারা আমোনদী অতিক্রম করিয়া আবার্ণ্ট অধিকার করিয়াছে। তাহারা এক হাজার ইতালীয়কেও বন্দী করিয়াছে। যে আফ্রিকান সৈন্যদল সমুদ্র দিকে অগ্রসর হইতেছে, তাহারাও সাফল্যের সহিত আবো নদী অতিক্রম করিয়াছে। প্রত্যুষে আক্রমণ চালাইবার পর তাহারা উক্ত নদী অতিক্রম করে। ঐ আক্রমণের সময় তাহারা ইতালীয়দের ১৮টি কামান হস্তগত করে ও এক হাজার ইতালীয়কে বন্দী করে। শত্রুপক্ষ একটি পাল্টা আক্রমণ চালাইয়াছিল, কিন্তু তাহা প্রতিহত করা হয় এবং সেই সময় শত্রুপক্ষের যথেষ্ট ক্ষতি হয়। ইরাকের অবস্থা শান্তিপূর্ণ আছে।

নাইরোবীর সংবাদে প্রকাশ, বৃটিশ সৈন্যদল দুই স্থানে আমোনদী অতিক্রম করিয়াছে বলিয়া যে সংবাদ ইতালীতে ঘোষণা করা হইয়াছে সেই কার্য্য উক্ত সৈন্যদের পক্ষে বিশেষ সহজসাধ্য ছিল না। আবার্ণ্টঅঞ্চলে উক্ত নদীর প্রস্থ প্রায় ৫০ ফিট এবং উহার একটি উপত্যকার পার্শ্ববর্ত্তী স্থান ইতালীয়দের অধিকারে ছিল। ইতালীয়গণ এই সুবিধা বিশেষভাবে গ্রহণ করিয়াছিল এবং তাহারা সুবিধাজনক ঘাঁটিসমূহে কামান ও মেসিনগান বসাইয়াছিল। কিন্তু বৃটিশ ও আফ্রিকান সৈন্যদল এই সমস্ত বিঘ্ন উপেক্ষা করিয়া অগ্রসর হয়। এই অঞ্চলে ইতালীয়দের সমস্ত আত্মরক্ষা ঘাঁটি তাহারা অধিকার করে।

—

জাপ বিমান হইতে অগ্নিবোমা বর্ষণ

চুংকিং'এর সহরতলীসমূহকে সম্পূর্ণরূপে ভস্মসাৎ করিবার জন্য জাপানী বিমানপোতসমূহ শুক্রবার অপরাহ্নে বৃষ্টির ন্যায় অবিরামভাবে অগ্নিউদ্গারক বোমাবর্ষণ করিয়াছে। চুংকিং সহরের পশ্চিম তোরণের নিকটবর্ত্তী বহু দোকানপাট ও ঘর-বাড়ী সম্পূর্ণরূপে বিধ্বস্ত হইয়াছে এবং বৃটিশ দূতাবাসের নিকটস্থ ইয়ং উইমেনস্ ক্রিশ্চিয়ান এসোসিয়েশনের গৃহনাগারটি অগ্নিদগ্ধ হইয়াছে। বৃহস্পতিবার রাত্রের শোচনীয় দুর্ঘটনার জন্য যে সকল কর্ম্মচারী দায়ী, সংবাদপত্রসমূহ তাহাদের প্রতি শাস্তিবিধান দাবী করিতেছে। ঐ রাত্রিতে একটি সুড়ঙ্গের মধ্যে আশ্রয়গ্রহণকারী শত শত লোক শ্বাসরোধ হইয়া মৃত্যুমুখে পতিত হইয়াছে।

—

বিমান-আক্রমণসম্পর্কে সতর্কতা

চট্টগ্রামে ব্যাপকভাবে বিমানআক্রমণ সতর্কতামূলক ব্যবস্থা অবলম্বন করা হইতেছে। এই উদ্দেশ্যে চট্টগ্রাম সহর ও সহরতলীকে পাঁচটি মিউনিসিপ্যাল ওয়ার্ড ও পাহাড়তলী অনুসারে ৬টি সাব এরিয়ায় বিভক্ত করা হইয়াছে। প্রত্যেকটি সাব এরিয়াকে আবার ৬টি সেকটারে বিভক্ত করা হইয়াছে। সম্পূর্ণ হাসপাতালের ব্যবস্থাসহ পাঁচটি দল গঠন করা হইয়াছে। হাসপাতাল ও মেডিকেল প্রতিষ্ঠানসমূহ উক্ত পরিকল্পনায় অংশ গ্রহণ করিতেছে। বিমানআক্রমণ-সঙ্কেতধ্বনি ব্যবস্থা করা হইতেছে এবং জনসাধারণ যাহাতে বিমান-আক্রমণ সঙ্কেতধ্বনির সহিত পরিচিত হইতে পারে, সেই উদ্দেশ্যে বিভিন্ন সিনেমায় বিমানআক্রমণ-সঙ্কেতধ্বনির রেকর্ড শুনান হইতেছে। বিমান আক্রমণের সময় জনসাধারণের কর্ত্তব্য সম্বন্ধে শিক্ষা দিবার জন্য শীঘ্রই এখানে একটি বিমান আক্রমণের মহড়া হইবে।

—

মধ্যপ্রদেশে শ্রমিক ধর্ম্মঘট

এই প্রদেশে আগামী ২৬শে জুন কাপড়ের কলের শ্রমিকদের যে সাধারণ ধর্ম্মঘট হইবে বলিয়া প্রস্তাব করা হইয়াছে, সেই সম্পর্কে ভবিষ্যৎ কর্ম্মপন্থা নির্দ্ধারণের উদ্দেশ্যে আগামী ১২ই জুন তারিখে নাগপুরে সম্প্রতি আকোলায় গঠিত কর্ম্মপরিষদের এক বৈঠক হইবে বলিয়া জানা গিয়াছে। শ্রমিকনেতৃগণ মনে করেন যে আকোলা, বুরহানপুর, হিঙ্গনঘাট প্রভৃতি অঞ্চল হইতে এই সম্পর্কে সমর্থন পাওয়া যাইবে। আগামী ১৩ই জুন বিভিন্ন কেন্দ্রে শ্রমিকদের দাবী প্রচারের উদ্দেশ্যে কয়েকটি সভা অনুষ্ঠিত হইবে বলিয়াও স্থিরীকৃত হইয়াছে।

—

মাদ্রাজ কর্পোরেশনের উপনির্ব্বাচন

মাদ্রাজ কর্পোরেশন কাউন্সিলে উপ-নির্ব্বাচনে কংগ্রেসমনোনীত প্রার্থী ডাঃ টি কৃষ্ণরাও, শ্রীযুত সত্যমল ভেঙ্কটরমন, মিঃ কন্দোপপার, এস কে নারায়ন আয়ার এবং কৃষ্ণ আয়ার বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্ব্বাচিত হইয়াছেন। প্রতিপক্ষ আজ মনোনয়নপত্র প্রত্যাহার করেন। স্বতন্ত্রপ্রার্থী শ্রীযুত টি সুব্বারাও নাইডুও বিনা বাধায় নির্ব্বাচিত হইয়াছেন।

৯টি বিভাগে কংগ্রেস প্রার্থীদের প্রতিদ্বন্দ্বিতা করিতে হইবে। আগামী ৩০শে জুন নির্ব্বাচন হইবে।

—

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিয়োগীপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং পরিপক্ব লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। ৮৫২ বিরাট আকার ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্রও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য মানবীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩৭ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সাজান সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর, জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্ত্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গ্রথিত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তন্ত্রমঞ্জরী' টীকা আহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা গ্রন্থের আলেখ্য ভূমিকা ও সূচীসহ অদ্ভুতপূর্ব্ব সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৶০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,

শ্রীযুক্ত সুশান্তিরঞ্জন দাস এম-এ, বি-এল্,

পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোড়শী আকারে ৬৯৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—৩৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

EROTIC PRINCIPLE & UNALLOYED DEVOTION

পরমপূজ্যপাদ শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী প্রভু প্রণীত। সম্প্রতি এই গ্রন্থের একটী নূতন সংস্করণ শ্রীশ্রীগুরুবর্গের ইচ্ছায় পুনঃ প্রকাশিত হইয়াছে। গ্রন্থের আকার পূর্ব্ব সংস্করণ অপেক্ষা বৃহৎ ও সুন্দর হইয়াছে। এই গ্রন্থে বহু অমূল্য উপদেশ আছে।

শুদ্ধভক্তিগ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪০
২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
৩। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৲
৪। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; ৩য় খণ্ড -৸০
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। বাদশ আলবার ॥০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয় গৌরব ।৵০
২১। গৌড়ীয়সাহিত্য ।৵০
২২। ভজন রহস্য ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী-টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল মাধ্বভাষ্য ॥০
২৭। দুর্গমসঙ্গমনী ভগবৎ তত্ত্ব (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৵০ বাঁধা ৸০)
৩০। দ্বীপ-দিগ্দর্শন ৵০
৩১ সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৵০
৩৭। ঐ প্রমাণ খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৴১০
৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা ৸০
৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২৷০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক ৴১
৪৬। অর্চ্চনকণ ৴১০
৪৭। সদাচারস্মৃতিঃ ৴১০
৪৮। কল্যাণকল্পতরু ৴১
৪৯। অর্চ্চনকণ ৴
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬
৫১। ব্রহ্মসংহিতা ।
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৴০
৬০। সাংখ্যবাণী ৴০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২॥০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ॥০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ॥০
৬৫। সটীকা-শিক্ষাষ্টকম্ ।০
৬৬। গুরুস্তবম্ ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৵০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ ৴০
৬৯। সারার্থবর্ষিণী ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥০
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ॥০
৭২। নামভজন ৴০
৭৩। বেদাস্ ইটস্ মরফলজী এণ্ড অণ্টলজি ॥০
৭৪। রিলেটিভ ওয়ার্ল্ডস্ ।৵০
৭৫। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০
৭৬। বৈষ্ণবীজম্ ॥০
৭৭। বোম্বাই গৌড়ীয়মঠ ইন ব্রীফ ৴০
৭৮। দি ভাগবত ।০
৭৯। এপ্রোচ টু প্রিন্সিপাল এণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ।০
৮০। ব্রহ্মসংহিতা ॥০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৬৲
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০
৮৫। সাধনপথ ॥০
৮৬ কল্যাণকল্পতরু ৴১০
৮৭। গীতাবলী ৴১০
শরণাগতি ৴০
৮৯। শ্রীসচ্চিদানন্দবাণী ।৵০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ॥০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ॥০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

সজ্জার কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু-গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃতি তাৎপর্য্যসহ প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্য পাঠ্য।

প্রাপ্তিস্থান
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রার্থনা এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৮০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ | ২ বামন, গৌরাব্দ ৪৫৫, ২৮শে জ্যৈষ্ঠ, বঙ্গাব্দ ১৩৪৮, ১ই জুন ই° ১৯৪১, বুধবার | ৮১৩ম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২ বামন, ভূত অনিরুদ্ধ, গৌরাব্দ ৪৫৫

যৎকিঞ্চিৎ

——:(*)•:——

কোন গৃহস্থের অনেক স্ত্রী থাকিলে তাহারা যেমন সকলেই স্বামীকে নিজের দিকে টানিয়া ব্যতিব্যস্ত করে, তদ্রূপ ইন্দ্রিয়-সকল দেহাভিমানী অজিতেন্দ্রিয় পুরুষকে ভিন্ন-ভিন্ন বিষয়ে আকর্ষণপূর্ব্বক বিব্রত করিয়া তুলে। জিহ্বা রসের প্রতি, তৃষ্ণা জলের প্রতি, উপস্থ স্ত্রী-সঙ্গের প্রতি, উদর আহার্য্য বস্তুর প্রতি, কর্ণ শব্দের প্রতি, চঞ্চল চক্ষু রূপের প্রতি এবং নাসিকা ঘ্রাণের প্রতি জীবকে আকর্ষণ করিয়া থাকে; সুতরাং অজিতেন্দ্রিয় পুরুষ কাহার অভিলাষ পূরণ করিবে, কোন্‌দিকে যাইবে—কিছুই স্থির করিতে না পারিয়া মুহ্যমান হইয়া পড়ে। এক পত্নীর অভিলাষ পূরণ করিতে গেলে আর এক পত্নী তাহাকে অস্থির ও অতিষ্ঠ করিয়া তুলে। সুতরাং পুরুষাভিমানীর ইন্দ্রিয়তর্পণরূপ সুখভোগ দূরে থাকুক, দুর্ভোগ-ভোগ বা দুঃখের অন্ত থাকে না।

এই ছয়টী সপত্নীকে অত্যাহার, প্রয়াস, প্রজল্প, নিয়মাগ্রহ, জনসঙ্গ ও লৌল্য—এই ছয়টী দোষ বলিয়াও ব্যাখ্যা করা যাইতে পারে, অথবা বাক্যের বেগ, মনের বেগ, ক্রোধের বেগ, জিহ্বার বেগ, উদরের বেগ ও উপস্থের বেগ—এই ছয় বেগের প্রতীক বলিয়াও ধরা যাইতে পারে। শোক, মোহ, জরা, মৃত্যু, ক্ষুধা ও পিপাসা—এই ষড়ূর্ম্মিকেও ষট্‌পত্নীর সহিত তুলনা করা যায়। অজিতেন্দ্রিয় ব্যক্তি ষড়্‌রিপু, ষড়্‌বেগ ষড়্‌দোষ, ষড়ূর্ম্মি বা ছয়প্রকার দেহধর্ম্মের দ্বারা বিক্ষিপ্ত হইয়া অতি কষ্টের সহিত জীবন যাপন করে। যাঁহারা এই ষড়্‌বেগ দমন করিতে পারেন, তাঁহারা গোস্বামী। কর্ম্মী, জ্ঞানী, যোগী—কেহই এই রিপুর তাড়না হইতে নিষ্কৃতি পায় না। ভগবদ্ভক্তের কৃপাপ্রাপ্ত ব্যক্তিগণ এই ষড়্‌রিপুর প্রতি অন্তরে অনুরাগ ও বাহ্যে ক্রোধের অভিনয় না দেখাইয়া তাহাদিগকে কৃষ্ণসেবায় নিযুক্ত করিবার কৌশল জানেন। তাই তাঁহারা কামকে কামদেব কৃষ্ণের সেবায়, ক্রোধকে ভক্তদ্বেষিজনে, লোভকে সাধুসঙ্গে হরিকথায়, মোহকে ইষ্টলাভের জন্য ব্যাকুলতায়, মদকে কৃষ্ণগুণগানে নিযুক্ত করেন। তাঁহারা জিহ্বাকে হরিকথা-কীর্ত্তন বা ভগবৎপ্রসাদ-সেবনে, তৃষ্ণাকে হরিকথামৃত-পানে, কর্ণকে হরিকথা-শ্রবণে, চক্ষুকে হরিগুরুবৈষ্ণবের শ্রীপাদপদ্মের সৌন্দর্য্য-দর্শনে, নাসিকাকে কৃষ্ণনির্ম্মাল্য-আঘ্রাণে এবং মনকে কৃষ্ণ-পাদপদ্ম-চিন্তায় নিযুক্ত করেন। তাঁহারা সর্ব্বক্ষণ কৃষ্ণকথা-কীর্ত্তনদ্বারা অব্যক্ত ও ব্যক্ত বাক্যবেগ দমন, মনের দ্বারা সর্ব্বদা হরিসেবা-চিন্তন-প্রভাবে মনের বেগ দমন, ভক্তদ্বেষীর প্রতি ক্রোধ করিয়া ক্রোধের বেগ দমন, প্রপঞ্চজয়কারক ভগবৎপ্রসাদ-রস আস্বাদন করিয়া জিহ্বার বেগ দমন, কেবলমাত্র হরিসেবার্থ দেহরক্ষার জন্য বৈষ্ণবোচ্ছিষ্ট গ্রহণ করিয়া উদরবেগ দমন এবং আপনাদিগের পুরুষাভিমান দমন করিয়া গুরুবর্গের বাস্তবকিঙ্কর-অভিমানে যাবতীয় অনর্থের বেগ দমন করিয়া থাকেন।

ব্রহ্মাণ্ড ভ্রমণ করিতে করিতে কোন ভাগ্যবানের কৃষ্ণ ও বৈষ্ণবকৃপারূপ সুকৃতিফলে সদ্গুরুচরণাশ্রয় লাভ হয়। সদ্গুরুর কৃপায় শ্রবণফলে সম্বন্ধজ্ঞানের উপলব্ধি ও শ্রদ্ধা বা ভক্তিলতার বীজ হৃদয়ে প্রকাশিত হয়। সেই বীজকে অঙ্কুরিত করিতে হইলে মালীর ন্যায় ভক্তিলতার বীজে শ্রীগুরুপাদপদ্ম হইতে শ্রবণ কীর্ত্তন-জল অনুক্ষণ সেচন করিতে হয়। অনর্থযুক্তাবস্থায়ও হরিকথা-শ্রবণ কীর্ত্তনরূপ ভজন করিতে করিতে অনর্থমুক্তাবস্থা লাভ হয়। অনর্থমুক্তাবস্থায় শ্রবণ কীর্ত্তন-ভজন সুষ্ঠুরূপে সাধিত হয়। তখন রাগময়ী ভক্তির আশ্রয়ে কৃষ্ণমাধুর্য্যে চিত্ত আকৃষ্ট হইতে থাকে। ব্রহ্ম ও পরমাত্মার ঐশ্বর্য্যে শুদ্ধ ভক্তিলতার আশ্রয়যোগ্যতা নাই। ব্রহ্ম-লোকে ভক্তিলতার আশ্রয় নাই। যাঁহারা ব্রহ্মলোকের জ্যোতির্ম্ময়তায় আত্মহারা হইয়া পড়েন, তাঁহারা আর পরব্যোমের সন্ধান পান না। তাঁহাদের ভক্তিলতার বীজ অঙ্কুরিত হইতে না পারিয়া শুষ্কতা লাভ করে, কারণ, তাঁহারা শ্রবণকীর্ত্তন-জলসেচনকে সাময়িক ও ভক্তিলতাকে কল্পনা মনে করেন। ব্রহ্মলোক অতিক্রম করিয়া পরব্যোম বা বৈকুণ্ঠধাম। যখন সাধকের ভক্তিলতার বীজ ক্রমে ক্রমে শ্রবণকীর্ত্তনাদি-জলসেচন-প্রভাবে অঙ্কুরিত হইয়া ঊর্দ্ধে আরোহণ করিতে থাকে, তখন যদি কোন নিষ্কপট বিষ্ণুভক্তের চরণে নিন্দাদি অপরাধ উপস্থিত হয়, তাহা হইতে লতার মূলশাখা বৃদ্ধিপ্রাপ্ত না হইয়া ভোগবাঞ্ছা, মোক্ষবাঞ্ছা, জড়ীয় সম্মান বা প্রতিষ্ঠার আশা, নিষিদ্ধাচার, কপটতা, জীবহিংসা ও জড়ীয় বিষয়লাভেচ্ছা প্রভৃতি উপশাখাগুলিই বৃদ্ধি পাইয়া থাকে। বৈষ্ণবাপরাধ মত্তহস্তীর ন্যায় লতাকে সমূলে উৎপাটিত করিয়া দেয়, তাহাতে সমস্ত পরিশ্রম পণ্ড হইয়া যায়। অতএব সাধকের সর্ব্বপ্রথমেই উপশাখা ছেদন অর্থাৎ দুঃসঙ্গ-পরিত্যাগের ব্যবস্থা করা আবশ্যক। দুঃসঙ্গ না করিলে অসৎসঙ্গ পরিত্যাগ করা যায় না, ইহা যেন সাধকমাত্রেই মনে রাখেন।

নিখিল চেতনের কৃষ্ণসেবাধর্ম্ম অনুস্যূত আছে। মহাভাগবতের শ্রীমুখে কৃষ্ণসংকীর্ত্তন শ্রবণ প্রত্যেক আত্মার আবশ্যক। কৃষ্ণনামেরই চেতনময় স্বরূপে নিত্যসিদ্ধ কৃষ্ণপ্রেম প্রকটিত হইতে পারে। কৃষ্ণপ্রেম উদিত হইলে হিংসাদ্বেষাদি আর থাকে না। তখন সকলে উদ্ভাস্বররূপে কৃষ্ণনামে উন্মত্ত হইয়া পড়ে। সেইজন্যই কলিযুগপাবনাবতারী শ্রীমন্মহাপ্রভু সকলেরই উদ্দেশ্যে ও উপদেশে একমাত্র কৃষ্ণ-কীর্ত্তনই নির্দ্দেশ করিয়াছেন। ইহাই ভাগবতধর্ম্ম। কীর্ত্তনাখ্যা ভক্তি স্বতন্ত্রা ও স্বপ্রকাশ। পশুপক্ষী পর্য্যন্ত দেহধারী জীবেরও হরিকীর্ত্তনে অধিকার আছে। সাধুসঙ্গ প্রভাবে সকলেরই সেই সৌভাগ্য লাভ হইতে পারে। রামায়ণ মহাভারতাদি গ্রন্থে [illegible] ভগবানের [illegible] উদাহরণ। শ্রীমন্মহাপ্রভুও ঝাড়িখণ্ডের পথে পশুপক্ষী-কীটপতঙ্গ—সকলকে দিয়াই কৃষ্ণকীর্ত্তন করাইয়াছিলেন।

অতীতযুগে ভগবানের সঙ্গে [illegible] করিতে [illegible] প্রভৃতি [illegible] বৈকুণ্ঠে [illegible] অবতীর্ণ হইয়া [illegible] কীর্ত্তন করেন, তখন তাহার শ্রীচরণে প্রণত হইয়া তাঁহার শ্রীমুখে বৈকুণ্ঠ [illegible] বৈকুণ্ঠাবস্থানে আত্মকীর্ত্তন [illegible] অন্য কোন বাঞ্ছা নাই, এই অপূর্ব্ব সুযোগ বা আত্মদান [illegible] করিবার জন্যই নিরন্তর হরিকীর্ত্তনকারী

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু-অন্তর্য্যামিরূপে শিখান আপনে॥

বৈষ্ণবাচার্য্যের অবতার। যাঁহারা মঙ্গলকামী, তাঁহারাই অপ্রাকৃত বৈষ্ণবগণের নির্দ্দেশ পালন করিয়া থাকেন অর্থাৎ বৈষ্ণবাচার্য্যের কীর্ত্তন শ্রবণমুখে তাঁহার কৃপা গ্রহণ করেন; কিন্তু যাঁহারা অত্যন্ত দুর্ভাগা, তাঁহারা বৈষ্ণবাচার্য্যের [illegible] প্রতি বিমুখ হইয়া [illegible] হন।

কারণ [illegible] শুদ্ধির পাত্র। কৃষ্ণ বিনা [illegible] কথা চীৎকার করা। [illegible] তাহার চীৎকার [illegible] থাকে। প্রকৃত পুনঃ পুনঃ [illegible] প্রকৃতির কাম-ক্রিয়া করে। [illegible] আনন্দ বোধ করে, যাহারা [illegible] তাঁহাদের বহু জানিত পুণ্য ব্যক্তিগণ বৈষ্ণবাচার্য্যের অনুগ্রহ [illegible] ও তাঁহার কৃপা গ্রহণ করিতে পারেন না।

বৈষ্ণবগণের মতে বাঞ্ছাপূর্ত্তির—প্রাকৃতজন। সাধারণ কখনই বৈষ্ণব হইতে পারেন না। যাহারা শুদ্ধ—যাহারা তামসিক রাজসিক, তাহারা নির্গুণ বিষ্ণুর উপাসনা পরিত্যাগ করিয়া [illegible] দেবতার উপাসনা করিয়া থাকে। আর্ত্তাদি [illegible] কর্ম্মযুক্ত হইয়া ভগবানে ভক্তি আচরণ করেন। যে পর্য্যন্ত তাহাদের কামরূপ কষায় দূর না হয়, সে পর্য্যন্ত তাহারা স্বাভাবিকঃ বহির্ম্মুখ। কামী হইয়াও যাহারা ভগবৎ-স্বরূপকে আশ্রয় করে, তাহারা বহির্ম্মুখতাকে প্রশ্রয় দেয় না। করুণাময় ভগবান্ স্বয়ং কৃপা করিয়াই তাহাদের কাম দূর করিয়া থাকেন। যাঁহারা ভগবদ্বহির্ম্মুখ হইয়া অজ্ঞানতাবশতঃ শীঘ্র ফল পাইবার জন্য সেই সেই কামফলদাতা দেবতাগণের উপাসনা করে, তাহারা বিশুদ্ধসত্ত্বস্বরূপ ভগবানকে ভালবাসে না। যাহারা নিজ-সুখের জন্যই ব্যস্ত, তাহারা ভগবানকে ভাল-বাসিবে কি করিয়া? ভগবানকে ভালবাসার পথে—ভক্তির পথে নিষ্কামতাই প্রধান অঙ্গ। সচ্চিদানন্দস্বরূপ শ্রীকৃষ্ণই একমাত্র পরমেশ্বর। তাঁহা হইতে স্বতন্ত্র অন্য দেবতা নাই। ভগবান্ শ্রীকৃষ্ণ স্ব-স্বরূপে সর্ব্বদা অপ্রাকৃত সচ্চিদানন্দ প্রপঞ্চাতীত তত্ত্ব। প্রপঞ্চ মধ্যে [illegible] ভগবানের [illegible] দেবতাগণ অপ্রাকৃত দেবতা বলিয়া উপাসনা করে। দেবতাগণ কেহই স্বতন্ত্র পরমেশ্বর নহেন, তাঁহারা জগদীশ্বরের দাস। যাঁহারা দেবতাগণকে [illegible] বলিয়া অর্চ্চন করেন, তাঁহাদের অন্তর বৈধ অর্থাৎ ইহারা [illegible]। যাঁহারা ঐসকল দেবতাগণকে স্বতন্ত্র ভগবান্ বলিয়া উপাসনা করেন, তাঁহারা অবিধিপূর্ব্বক যজন করিয়া থাকেন। এতদ্বিষয়ে তাঁহাদের নিত্যমঙ্গল লাভ হয় না।

সেবা আত্মার বৃত্তি। তাহা দেহমনের ধর্ম্ম নহে। সেবা স্বাভাবিকী, অপ্রতিহতা। সৌভাগ্যক্রমে গুরুবৈষ্ণবকৃপায় জীবের এই সেবাবৃত্তি প্রকাশিত হয়। সেবাপ্রবৃত্তি বা সেবার প্রবল স্রোতের নিকট কোন প্রতিবন্ধকই নিজ অস্তিত্ব সংরক্ষণ করিতে পারে না। ইহারই নাম জীব ভক্তিযোগ। সেবা-দিকের কৃষ্ণাভিমুখিনী প্রগতিকে রুদ্ধ করিবার শক্তি কাহারও নাই। প্রকৃত সেবক সেব্যের নিকট পৌঁছিবেই, ইহা ধ্রুবসত্য। অন্তরাগমনী সেবার বাধা কিছুই করিতে পারে না, উপরন্তু সেবোৎসাহ বাড়াইয়াই দেয়। তবে যেখানে সেবা আত্মার অনুস্থ হইয়াছে, সেখানে আত্মবৃত্তি সম্প্রকাশিত না হওয়ায় দেহমনের আবরণ বা অন্যাভিলাষ সেবা-ভাবকে রুদ্ধ করিয়া দিতে পারে। সদ্গুরু-চরণাশ্রয়ের অভিনয় করিবার পরও—সেবাভিমানের দীক্ষায় দীক্ষিত হইবার পরও এইরূপ সেবাশৈথিল্য উপস্থিত হইতে পারে। যেখানে প্রকৃত সহজ আত্মবৃত্তির উদয় হয় নাই, সেইখানে সাময়িকভাবে কখনও সেবায় উৎসাহ এবং কিছুক্ষণ পরে পুনরায় নিরুৎসাহ আসিয়া পড়ে। সেইজন্যই বুদ্ধিমান সাধক ভাগ্যক্রমে হৃদয়ক্ষেত্রে সেবানুশীলন প্রাপ্ত হইয়াও যদি সতত সাবধান ও সজাগ না থাকেন—সতত এক টি শুদ্ধবৈষ্ণবসঙ্গের অভিনিবিষ্ট না থাকেন—অনুক্ষণ সদ্গুরু সেবানুশীলক বৈষ্ণবের সঙ্গে পরিবেষ্টিত করিয়া না রাখিতে পারেন, তাহা হইলে অনর্থগ্রস্ত হইয়া, শিষ্টাচার, কুটিনাটী, জীবহিংসা, লাভ, পূজা, প্রতিষ্ঠা ও ভুক্তি মুক্তি বাঞ্ছা আসিয়া সেবোৎসাহকে রুদ্ধ করিয়া দিবে। সাধারণ সাধক ত' দূরের কথা, জীবন্মুক্তদশার সম্মুখে উপস্থিত হইয়া ও হরিগুরুবৈষ্ণবচরণে অপরাধ বা কোনপ্রকার ভুক্তি-মুক্তি-বাসনাদ্বারা অভিভূত হইলে তাঁহারও সেবাপ্রগতি রুদ্ধ হইতে দেখা যায়।

নিজের সেবাপ্রবৃত্তি বৃদ্ধি পাইতেছে, না হ্রাস হইতেছে, তাহা মঙ্গলাকাঙ্ক্ষী সাধক-মাত্রেরই প্রত্যহ পরীক্ষা করিয়া দেখা উচিত। যদি সেবাপ্রবৃত্তি উত্তরোত্তর বর্দ্ধিত না হয়, তাহা হইলে তাহার সাময়িক নিরুৎসাহভাব ক্রমে ক্রমে তাহাকে সেবাবিমুখ করিয়া ফেলিবে। সুতরাং সেবায় নিরুৎসাহ বা হতাশা ভাবটী সাধকের পক্ষে বড়ই আশঙ্কা-জনক। প্রতি মুহূর্ত্তে শ্রীগুরুকৃপায় শ্রবণ-কীর্ত্তনজল সেবাপ্রবৃত্তিকে সমৃদ্ধ করিতে না পারিলে সাধকের পরিত্রাণ নাই। পারিতেছি না বলিয়া চুপ করিয়া বসিয়া থাকিলে মায়া ছাড়িবে না। কারণ, তটস্থ অবস্থায় কেহ থাকিতে পারে না। যেখানে কৃষ্ণাধীনতার প্রতি ঔদাসীন্য, সেখানে মায়াধীনতা স্বাভাবিক হইয়া পড়িবেই। সেইজন্য সাধক সর্ব্বদা আপনার উপর তীক্ষ্ণদৃষ্টি রাখিয়া—গুরু-বৈষ্ণবের তীক্ষ্ণদৃষ্টির নিকট পরীক্ষিত হইয়া সর্ব্বক্ষণ সেবার মধ্যে জীবনযাপন করিবেন। মুহূর্ত্ত মাত্রও যেন সেবায় নিরুৎসাহভাব হৃদয়ে উদিত হইয়া আমাদিগকে সেবাবিমুখ না করে, এবিষয়ে সাধক সর্ব্বক্ষণ সজাগ থাকিবেন। সাধুসঙ্গের দ্বারা সেবাপ্রবৃত্তি বর্দ্ধিত হয়, আর অসৎসঙ্গ বা অনিত্যবস্তুর ধ্যানের বা চিন্তার দ্বারা সেবাবিরক্তির ভাব হৃদয়ে স্থান পাইয়া থাকে। অতএব যাঁহারা মঙ্গল চান, তাঁহারা সেবায় যাহাতে নিরুৎসাহ না আসে, এরূপ অবস্থা বা সঙ্গের মধ্যে বাস করিবেন।

আমরা শ্রীভক্তিসন্দর্ভগ্রন্থ পাঠে জানিতে পারি সাক্ষাৎ ভক্তি দূরে থাকুক, ভক্ত্যাভাস দ্বারাও সর্ব্বপাপ ক্ষয় হয় ও বিষ্ণুপদ-প্রাপ্তি ঘটে। বৃহন্নারদীয় পুরাণে বর্ণিত আছে যে, মদিরাপানে উন্মত্ত হইয়া বোকিল ও মানী স্ত্রী-পুরুষ দণ্ডের অগ্রভাগে পুরাতন বস্ত্র ধারণপূর্ব্বক এক জীর্ণ বিষ্ণুমন্দিরে নৃত্য করায় তাহাদের ধ্বজারোপণ-ব্রতের ফলপ্রাপ্তিতে বিষ্ণুপদ লাভ হইয়াছিল। এইরূপ ব্যাধাহত ও কুক্কুরমুখাত্রাণ কোন পক্ষীর পলায়নচ্ছলে ভগবন্মন্দির-পরিক্রমণ ফলের প্রাপ্তিনিবন্ধন অবশেষে বিষ্ণুপদপ্রাপ্তি ঘটিয়াছিল। কোথাও কোথাও ভক্ত্যাভাসে মহাভক্তির প্রাপ্তিও ঘটিয়া থাকে। যথা বৃহন্নৃসিংহ-পুরাণে কথিত আছে যে, মহাভক্ত প্রহ্লাদের পূর্ব্বজন্মে বেশ্যার সহিত বিবাদকালে দৈবক্রমে শ্রীনৃসিংহচতুর্দ্দশীতে উপবাস ও রাত্রি জাগরণ ঘটিয়াছিল। ভক্ত্যাভাসের কথা দূরে থাকুক, অপরাধরূপে আপাত প্রতীয়মান হইয়াও ভক্ত্যাভাসের মহাপ্রভাব দৃষ্ট হয়; যথা বিষ্ণুধর্ম্মোত্তরে ভগবন্মন্দিরে আশ্রয়কারী কোন বিপ্রের প্রতি জনৈক রাক্ষসের উক্তি—"হে ব্রাহ্মণ, আমি তোমাকে ভক্ষণ করিতে আসিয়াছি বটে, কিন্তু তোমার অঙ্গস্থিত রক্ষামন্ত্রদ্বারা নিজে শিগু (অস্থির) হইতেছি এবং তৎসংস্পর্শে আমার মনে যথার্থই এই ভাব উপস্থিত হইয়াছে; সেই রক্ষামন্ত্র কি, তাহা জানি না এবং উহার মূল আশ্রয় কি, তাহাও জানি না। তথাপি উহার সঙ্গ প্রাপ্ত হইয়া আমার অত্যন্ত নির্ব্বেদ লাভ হইয়াছে। বিষ্ণুধর্ম্মোত্তরাদিতে উদাহৃত আছে, একদা একটি স্ত্রী-মূষিক শ্রীভগবন্-মন্দিরস্থ দীপের তৈল পানকালে দীপবর্ত্তিটী টানিয়া তুলিতে গিয়া দীপটি হঠাৎ সম্যগ্-রূপে প্রজ্বলিত হইয়া উঠিলে উহার মুখদাহ-ফলে মৃত্যু ঘটিয়াছিল এবং মৃত্যুর পর সে রাজত্ব লাভ করিয়া শ্রীভগবন্মন্দিরে দীপদানাদি লক্ষণাময়ী ভক্তিনিষ্ঠা প্রাপ্ত হইয়া অন্তিম পরমপদ লাভ করিয়াছিল। এইরূপ ব্রহ্মাণ্ডপুরাণে জন্মাষ্টমী-মাহাত্ম্যে উক্ত আছে যে, জন্মাষ্টমী-ব্রতকারিণী এক দাসীর (কুলটার) সহিত অসৎসঙ্গ সত্ত্বেও এক ব্যক্তি জন্মাষ্টমীব্রতের ফল লাভ করিয়াছিল।

শ্রীশ্রীল প্রভুপাদের হরিকথামৃত

—::•::——

হরিভজন কাহাকে বলে, তাহা জগতের লোককে বুঝাইয়া দিতে হইবে। শ্রীমন্মহাপ্রভুর দানের কথা প্রত্যেককে জানাইতে হইবে। মহাপ্রভু জানাইলেন,—লোককে কৃষ্ণকথা দিবে। তাহাদিগকে মায়ার কথা দিলে ঐসকল জীব কেবল ভোগ ও ত্যাগে প্রমত্ত থাকিবে।

শ্রীমন্মহাপ্রভু কৃষ্ণপ্রেম দান করিয়াছেন বলিয়া তিনি মহাবদান্য। তিনি সর্ব্বজীবৈক-পিতা।

শ্রীমন্মহাপ্রভু কি দান করিয়াছিলেন? কেন তিনি মহাবদান্য? তিনি সর্ব্বাপেক্ষা অধিক দাতা, যেহেতু তিনি হরিকীর্ত্তন করিতে শিক্ষা দিয়াছেন, কৃষ্ণপ্রেম দান করিয়াছেন, কৃষ্ণকথামৃত বিলাইয়াছেন। শ্রীহরিকীর্ত্তন করিলে যাহারা শ্রবণ করে, তাহাদেরও প্রচুর মঙ্গল হয়, ইহাই বদান্যতার শ্রেষ্ঠ আদর্শ। হরিকথা প্রথমে গুরুমুখে শ্রুত হইলে তবে কীর্ত্তন হয়। হে জীব! হরিকথা সর্ব্বক্ষণ কীর্ত্তন কর, ত্যাগপন্থী হইয়া—নির্জ্জনভজনের ছলনায় চুপ করিয়া বসিয়া থাকিলে অমঙ্গল হইবে। যাহারা হরি-কীর্ত্তন করে না, তাহাদের সর্ব্বনাশ হইবে। যাহারা হরিকীর্ত্তন না করিয়া নামাপরাধ করে এবং চেঁচামেচি করিয়া চিত্তশুদ্ধি করে, তাহারা নির্ব্বিশেষবাদী ঠুঁটোরাম হইয়া থাকিবে। থিয়েটার, সিনেমা, টকি, গ্রামোফোন, ভাড়াটিয়া কথক, পাঠক, বক্তা, পণ্ডিত অথবা বৈরাগ্য ও ভক্তি ব্যতীত ইতর বিচারযুক্ত ব্যক্তির সঙ্গ ও কথা শ্রবণ করিলে হরিকথা শ্রবণ হয় না। ইহারা কেহই হরিকথা জানে না। প্রাকৃত সহজিয়ারা বিষয়কথা ও হরিকথাকে এক মনে করে। কৃষ্ণভজন বড় জিনিষ। যিনি কৃষ্ণের কৃপা লাভ করিয়াছেন, শ্রীহরি তাঁহার সর্ব্বস্ব হরণ করিয়াছেন।

যিনি আপাত সুখদুঃখে বিচলিত হন না, যিনি কৃষ্ণকীর্ত্তন করেন, তাঁহার ইতর-চিন্তা আসিতে পারে না। রোগের চিন্তা করিতে হইবে না। হরিসেবা না করিলে রোগ হয়।

হরিকথা বলাই জীবের প্রতি শ্রেষ্ঠ দয়া। কৃষ্ণকীর্ত্তন হইলে কৃষ্ণের ইন্দ্রিয়তর্পণ হয়। কীর্ত্তন বলিলে নাম, রূপ, গুণ, লীলা ও পরিকরবৈশিষ্ট্যের কথা বুঝিতে হইবে। কৃষ্ণনাম ও অন্য শব্দকে এক মনে করা নামাপরাধ। হরিভজনের প্রতিকূল জিনিষগুলি সর্ব্বদা বর্জ্জনীয়। ভজনের অনুকূল ছয়টী গুণ অর্জ্জন করা একান্ত আবশ্যক।

সাধুগুরুর মুখে ২৪ ঘণ্টা কৃষ্ণকথা শ্রবণ করিতে হইবে। কৃষ্ণকথা কীর্ত্তন করিলে

'সাধুসঙ্গ', 'সাধুসঙ্গ'—সর্ব্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়॥

২৪ ঘণ্টাই কৃষ্ণের স্মরণ হইবে। বহির্ম্মুখ গৃহমেধীরা বুঝিয়া উঠিতে পারে না, কি করিয়া ২৪ ঘণ্টা হরিভজন হয়।

'আমার সর্ব্বাপেক্ষা মঙ্গল কি করিয়া হইবে'—এই চিন্তা যাহার মনে উদিত হয়, তাহারই ভজন হইবে।

বৈরাগী ও আসক্ত হইলে হরিভজন হইবে না। কীর্ত্তন করিব না—এইরূপ বিচার করিলে অসৎ হইতে হইবে এবং অবশেষে সর্ব্বনাশ হইবে।

প্রতিষ্ঠাশা অতি ভীষণ জিনিষ, উহা ত্যাগ করা বড় কঠিন। সব ত্যাগ করা যায়, কিন্তু ওটা ত্যাগ করিতে পারা যায় না। সর্ব্বক্ষণ হরিকথা আলোচিত হউক, সর্ব্বত্র হরিকীর্ত্তনে মুখরিত হউক। যে-সে স্থানে বা যে-কোন ব্যক্তির নিকট হরিকথা শ্রবণ করিলে মঙ্গল হইবে না, শুদ্ধবৈষ্ণব শ্রীগুরুপাদপদ্ম হইতে নাম গ্রহণ করিতে হইবে—হরিকথা শ্রবণ করিতে হইবে। এই মনুষ্যজন্ম হারাইলে যে পুনরায় মনুষ্যজন্ম পাইব, তাহার নিশ্চয়তা নাই। এইজন্য মহাজনগণ বলিয়াছেন,—'নরতনু ভজনের মূল।'

যাঁহারা সত্য-সত্য হরিসেবক—অনুক্ষণ হরিসেবারত, তাঁহাদিগের প্রতি অসূয়া না করিয়া তাঁহাদের আনুগত্য করিলেই আমরা ভগবানের প্রসাদ লাভ করিতে পারিব। হরিজনের প্রসাদেই হরিপ্রসাদ লাভ হয়, হরিজনের অপ্রসাদে জীবের কোনও প্রকারেই মঙ্গললাভ হইতে পারে না।

ব্রজবাসীর অনুগত হইয়া চব্বিশঘণ্টা ব্রজেন্দ্রনন্দনের নামগুণাদি কীর্ত্তন করিতে করিতে ব্রজে বাসই সমস্ত উপদেশের সার। সেইরূপ মহাপুরুষ মথুরা-জেলা বা যে জেলাতেই থাকুন না কেন, তাহাতে তাঁহার ব্রজবাসের অসুবিধা হয় না। 'ব্রজ্'-ধাতুর অর্থ চলা। তিনি সর্ব্বদা চলিতেছেন—কৃষ্ণেন্দ্রিয়তর্পণের পথে। ব্রজবাসীর অনুগত হইয়া শ্রীনামের ভজন না করিলে মায়ার সংসার হইয়া যাইবে। আর ব্রজবাসীর আনুগত্যে কৃষ্ণসংসার লাভ হইবে। যদি সব সময়েই কৃষ্ণভজন না হয়, তাহা হইলে ব্রজবাসীর আনুগত্য হইতে খারিজ হইয়া যাইতে হইবে।

পরমশ্রদ্ধাসহকারে গুরুসেবা করিলে মঙ্গল লাভ হয়। লৌকিক বিচারে যে জগদ্দর্শন, তাহাতে অমঙ্গল ভরা। পুরু-দুঃখ-দুঃখ জগতে কেবল কষ্ট পাইবার জন্যই মনুষ্যের যাবতীয় চেষ্টা। ভগবৎসেবা-বিমুখের জন্যই মায়ার এই বিধান। যাঁহারা জগৎসৌখ্যে ব্যস্ত হন, তাঁহারা অমঙ্গল বরণ করেন। মনুষ্যের সেবাবিমুখতাক্রমে এই বিচার আসে। তাহা হইতে পরিত্রাণ পাওয়া দরকার। চৌদ্দভুবন অমঙ্গলের ভূমিকা। যিনি দ্রষ্টা, তাঁহার লোকও তদ্রূপ। তাহাতে কৃষ্ণসেবা-বিকাশের বাধা আসে। কোথা হইতে এই অমঙ্গল আসে? কৃষ্ণসেবা-রাহিত্য হইতে সচ্চিদানন্দবস্তু-বিবেকের অভাব হইলে—কৃষ্ণচৈতন্যসেবা-বঞ্চিত হইলেই এই দুর্দ্দশা। ভোগভূমিকায় প্রভুসূত্রে ভোগ করার বুদ্ধি প্রবল। তাহাতে সেব্যের অমল পাদপদ্মশোভা-সন্দর্শনের বিচার হয় না।

আমি কর্ত্তা—এই অভিমান প্রবল হইয়াছে। এই বিচার হইতে কিরূপে নিস্তার হইবে? "আদৌ গুরুপাদাশ্রয়ঃ"—এই বিধিকে অনুসরণ করিয়া অগ্রসর হইতে হইবে। অন্য বস্তুকে যে ভোগ বা ত্যাগ করার বিচার আসিয়াছে, তাহা গর্হণ করা কর্ত্তব্য। যাহারা আশ্রমধর্ম্মে অবস্থিত, তাহাদের ক্রিয়াকলাপ বহির্জ্জগতের চিন্তা-স্রোতে আবদ্ধ। তাহারা অবিবেচনার রাজ্যে অগ্রসর। তজ্জন্যই অখিলরসামৃতমূর্ত্তি কৃষ্ণ-পাদপদ্ম-সেবাবিচার নষ্ট হইয়া গিয়াছে। আমরা রিপুর বশ হইয়া বিশ্বদর্শনে ব্যস্ত হইয়াছি, ইহা হইতে উদ্ধারের উপায় গুরুপাদপদ্মসেবা। তাঁহার কাজ ৬০ দণ্ডকাল কৃষ্ণপাদপদ্ম সেবা করা। যিনি বিশ্বদর্শন করেন, তিনি ভোগী। যিনি ভোগ ত্যাগ করিয়া নির্ব্বিশেষ-বিচারপর হইয়া নিজত্ব স্থাপন করেন, তাঁহার গুরুপাদপদ্ম আশ্রয় হয় নাই। ব্যাস-গুরুর শ্রীচরণাশ্রয় ত্যাগ করিয়া অহংগ্রহোপাসনার দুর্ব্বুদ্ধি যাঁহাদের, তাঁহাদের মৌখিক গুরুপাদাশ্রয়। প্রত্যেক ইন্দ্রিয় হৃষীকেশের সেবায় নিযুক্ত না করিয়া বুভুক্ষাধারা অমঙ্গলই বরণ করিব, ইহা ভোগীর বিচার। যাহাতে কৃষ্ণ সন্তুষ্ট হইবেন, সেইরূপ বিচার তাঁহাদের নাই। আমরা বর্ত্তমানে সেবাবিমুখ হইয়া এ জগতে আসিয়াছি। সকলে আমার ইন্দ্রিয়তর্পণ করুক—এই বিচার প্রবল, কেহ আমাদের ইন্দ্রিয়তর্পণে ব্যাঘাত করিলে 'সে বড় খারাপ লোক।' এ দুর্গতির হাত হইতে উদ্ধারের উপায় শ্রীগুরুপাদাশ্রয়। লঘুর অন্য কাজ আছে।

শ্রীকৃষ্ণ-সংকীর্ত্তনই একমাত্র কার্য্য। তাহার দ্বারা সাতপকার মঙ্গললাভ হয়। চিত্তদর্পণ মলিন থাকিলে কর্ম্মজ্ঞানকাণ্ডে প্রবেশ হইবে। যাহাতে বিষয় প্রতিফলিত হইতেছে, সেই চিত্ত কলুষিত। শ্রীকৃষ্ণ-সংকীর্ত্তনে তাহা মার্জ্জিত হইবে।

শ্রীকৃষ্ণ—শ্রীরাধাগোবিন্দ, তাঁহার সংকীর্ত্তন—"বহুভির্মিলিত্বা যৎ কীর্ত্তনং তদেব সঙ্কীর্ত্তনম্।" বেশী ভজনশীল আমাদের অভাব পূরণ করিয়া দেন, এইজন্য একত্রে কীর্ত্তন। অর্চ্চন নিজে নিজে করা হয়, অপরে দেখে না, কিন্তু কীর্ত্তন অপরের কাণে নিনাদিত হয়, সেই বাক্য শুনিয়া শ্রীগুরুদেব বা তাঁহার অনুগত ব্যক্তিগণ আমাদের ত্রুটী সংশোধন করিয়া দেন। কীর্ত্তনের মধ্যে বিশ্বের সংযোগ আসিলে—ভোগ্য বা ত্যাজ্য কথার সঙ্গে মিশ্রিত হইলে শুদ্ধবৈষ্ণবগণ সেই অমঙ্গল হইতে রক্ষা করেন। যাঁহারা প্রত্যেক ক্রিয়ায় হরিভজন করেন, তাঁহাদের সঙ্গে থাকিলেই চিত্ত মার্জ্জিত হয়, এই পুরু-দুঃখ-দুঃখ বিশ্বের ভোগী বা ত্যাগিসূত্রে যে অবিচার আসে, তাহার হাত হইতে ত্রাণ হয়। সর্ব্বতোভাবে শতকরা ১০০ অংশ সেবা না করিলে তাঁহার বিচার গ্রহণ করিব না।

জীব যথার্থ সদ্গুরুর আনুগত্যে চেতন রাজ্যের পরমোন্নতি লাভ করিতে পারে। হরিসেবাফলে প্রাকৃত-অভিমান-রহিত হইলে জীবের গোলোকপ্রাপ্তি হয়। জীব কৃষ্ণের ভেদাংশ হইলেও জাগতিক খণ্ডিত ভেদাংশ নহে। জীব নিষ্কপট সেবাফলে মুক্তগণের এমন কি নিত্যমুক্তগণের সমপর্য্যায়ভুক্ত হইতে পারেন। তখন এই সংসারের কথা মনে থাকে না। জীবমাত্রই প্রথমে শুদ্ধভক্ত হউন, আর অন্তরঙ্গ ভক্তগণ ভাবরাজ্যে উন্নতিলাভ করুন। কর্ম্মমিশ্রা ভক্তির কথা অতিক্রম করিয়া শুদ্ধভক্তির কথা আলোচ্য। কামনাতাড়িত ব্যক্তি কৃষ্ণের প্রতি প্রথমে কর্ম্মার্পণ-যোগ শিক্ষা করে।

আমরা লঘু হইতে লঘু, তদপেক্ষাও লঘু, আর শ্রীগুরুপাদপদ্ম—যিনি বৃহতের সেবা করেন, তিনি বৃহৎ হইতে বৃহৎ, তদপেক্ষাও বৃহৎ। শ্রীগুরুদেব মুকুন্দপ্রেষ্ঠ। তিনি কৃষ্ণের সর্ব্বশ্রেষ্ঠ সেবা করেন ব'লে কৃষ্ণের প্রিয়তম। ভগবানের যাবতীয় প্রিয়জনের মধ্যে আমার মঙ্গলদাতা গুরুদেব সর্ব্বাপেক্ষা অধিক প্রিয়তম। গোস্বামি ষট্ক—যাঁ'রা ব্রজে বাস ক'রেছিলেন, তাঁ'দের বিচারে পাই,—কৃষ্ণই একমাত্র বিষয়, আর সকলেই আশ্রয়। বিষয় ও আশ্রয়ের যোগে লীলা সংঘটিত হয়। শ্রীগুরুপাদপদ্ম সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ। শ্রীগুরুপাদপদ্মকে আশ্রয়জাতীয় ভগবদ্বিচার ক'রতে হ'বে।

প্রচার-প্রসঙ্গ

বালেশ্বরে

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণব রাজ সভার অন্যতম প্রচারক শ্রীপাদ মাধবানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপাদেশে কতিপয় ব্রহ্মচারী সহ বালেশ্বর অঞ্চলে প্রচারার্থ গমন করেন।

গত ১০ই জ্যৈষ্ঠ প্রচারকগণ বালেশ্বর জেলার চূড়ামণিপুর-গ্রামে উপস্থিত হন এবং জনৈক শ্রদ্ধালু ব্যক্তির গৃহে ভক্তিশাস্ত্রীজী শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শিক্ষাষ্টক পাঠ করেন। পাঠের আদি ও অন্তে মহাজন-পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়। তৎপরদিবস নহলোরা-গ্রামে গমন করিয়া তথায় হরিকথা কীর্ত্তন করেন।

গত ১২ই জ্যৈষ্ঠ প্রচারকগণ নন্ত্রানিবাসী শ্রীযুত হরিচরণ দাসাধিকারী মহোদয়ের বাড়ীতে গমন করিয়া শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীনিত্যানন্দ প্রভুর অতিথি-সৎকার-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন। তৎপর দিবসও ঐ গ্রামে শ্রীযুত কৃষ্ণচরণ সাউ মহাশয়ের বাড়ীতে শ্রীচৈতন্যভাগবত পাঠ হয়। তাঁহারা তথা হইতে গমন করিয়া গত ১৪ই জ্যৈষ্ঠ নহরমপুর-গ্রামের শ্রীশিবমন্দিরে শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীতপনমিশ্রের সাধ্য-সাধনতত্ত্ব জিজ্ঞাসা-প্রসঙ্গ পাঠ করেন।

প্রচারকগণ তথা হইতে গমন করিয়া নাগডিহা-গ্রামনিবাসী শ্রীযুত মদননারায়ণ দাসাধিকারী মহাশয়ের বিশেষ আগ্রহাতিশয্যে তাঁহার বাড়ীতে একদিন অবস্থান করিয়া শ্রীমন্মহাপ্রভুর গয়াযাত্রা-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন।

তাঁহারা গত ১৬ই জ্যৈষ্ঠ উক্ত গ্রামনিবাসী শ্রীযুত পাণিগ্রাহী মহাশয়ের গৃহে এবং ১৮ই তারিখে ঝিকরাবাসী শ্রীযুত মাগুণীচরণ দাস এবং ২০শে জ্যৈষ্ঠ তারিখে জামালপুর গ্রামনিবাসী শ্রীযুত রামহরি বেরা মহাশয়ের গৃহে শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। প্রত্যেক দিন পাঠের আদিতে ও অন্তে মহাজন পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

তথা হইতে প্রচারকগণ কটক-শ্রীসচ্চিদানন্দমঠে গমন করেন। তাঁহাদের শীঘ্রই পুরী-অঞ্চলে যাইবার কথা আছে।

পাটনায়

গত ২৩শে মে, শুক্রবার আকর-মঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা পাটনা-শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ পরমারাধ্য-তম শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে পাটনা-জেলার বাড় নামক স্থানে হরিকথা-প্রচারার্থ গমন করেন। তাঁহারা তত্রস্থ শ্রীযুত বিশেশ্বর প্রসাদ উকিল মহোদয়ের গৃহে গমন করেন। শ্রীযুত বিশেশ্বর বাবুর সত্যাগ্রহে তাঁহার গৃহে দুইদিবস শ্রীমদ্ভাগবত হইতে শ্রীপ্রহ্লাদ-উপাখ্যান পাঠ ও হিন্দি ভাষায় ব্যাখ্যা হয়। পাঠে বহু উকিল, মোক্তার ও শিক্ষিত ভদ্রমহোদয়গণ উপস্থিত ছিলেন।

গত ২৪শে মে, শনিবার সন্ধ্যায় শ্রীযুত রাজেন্দ্রপ্রসাদ, উকিল মহোদয়ের গৃহে "শ্রীচৈতন্যদেব ও নামসংকীর্ত্তন"-সম্বন্ধে ঘণ্টাধিককাল হিন্দিভাষায় বক্তৃতা হয়। সভায় বহু লোক উপস্থিত ছিলেন। বক্তৃতার আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

গত ২৬শে মে, সোমবার শ্রীযুত বিশেশ্বর প্রসাদ, উকিল মহোদয়ের অনুরোধে তাঁহার গৃহে "জীবের শিক্ষা"-সম্বন্ধে দেড় ঘণ্টাকাল হিন্দিভাষায় বক্তৃতা হয়। বক্তৃতার আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

শুদ্ধভক্ত-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক—শ্রীঅবধূতবিহারী দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভাববিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীবঙ্কবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীঠাকুরগোপাল ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
স্থানঃ শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

প্রভুকুল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীজগন্নাথ দাস ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীরামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীমহৎকৃপা ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাজিদা (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

শ্রীকৃষ্ণকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
[illegible]পুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীরাধাকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুঁড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেশনাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীউমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীদীনদয়াল ব্রজবাসী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
[illegible]বাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদয়াল বনবিহারী বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাশাং বিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীইন্দুপদ দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা মথুরা
সেবক—শ্রীরাধাচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেষশায়ী
পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মান্দ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেটা, মান্দ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মান্দ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরানুগ্রহ ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীযদুমণি দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিকলিগ্রা, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ডুমুরকুণ্ডা, পোঃ চিতকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাঙ্কেষ্টার রোড, ষ্টাউড. গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅভয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ. পি)
সেবক—শ্রীভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীযতিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	॥০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	১॥০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অৰ্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসের প্রতি ইঞ্চি	৬৲	৪॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অৰ্দ্ধ কলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৫৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫৹, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি পাঞ্চপূর্ব্বকমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মধুবা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১৷০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ৷৲ টাকা।

প্রাপ্তিস্থান—মধুবা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ বিভিন্ন পদ্যানুবাদসহ মায়াপুর শ্রীযোগপীঠমঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬॥০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ শরণাগতির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশ্লোক। তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রাঞ্জলার্থ তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল শ্লোক বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই পণ্ডিত লাভবান হইতে পারেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৯৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রত্ন-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ॥০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

					শনিবার	শনিবার ব্যতীত অন্য দিন		
কলিকাতা ছাঃ	৪-৫৬	৬-২১	৭-১৪	১৩-১৬	১৫-১০	১৬-২৬	১৭-৫০	২২-২৬
দমদম "	৪-৫৬	৬-৩০	৭-২৮	১৩ ২৯	..	..	১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯-১৮	১৪ ৫০	১৬-৫৮	১৮-৩১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ	..		৯-৩৪	..		.	. .	. ..
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৯	৮-৪০	১০-৬	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-১৬	১৪ ৫০	১৭-৪০		২০-৩০		
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১৫-২৫	১৮-১৫		২১-৫		
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫০	১০-৫৯	১৫-৩৩	১৮-২০		২১-১৩		

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১-৬
দমদম " ১১-১৮
রাণাঘাট পৌঃ ১২-৫১
" ছাঃ ১২-৫৬
শান্তিপুর পৌঃ ১৩-২৪
(বদল) ছাঃ ১৩ ৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ ১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ ১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ ১৫-৩৩

ডাউন

					অন্য দিন	শনিবার	শনিবার ব্যতীত	
নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪		৯-১২		১৬-৩	১৬-৩১	১৮ ৩৮	
মহেশগঞ্জ "	৬-২৬		৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৭		৯-৫৫		১৬-৪৬	১৭-১৪	১৯-২১	
(বদল) ছাঃ	৬-৩১	৭-১০	৮-৫২	১১-১৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪-১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৪৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	. ..	.. ..	... .	.	১৫-৫৬	১৭ ৪২	.	.....
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১ ২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯ ২৬	২১-৪০	২৩ ১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ ১৪-১
মহেশগঞ্জ " ১৪-১০
কৃষ্ণনগর পৌঃ ১৪-৪৪
ছাঃ ১৫-৩৯
শান্তিপুর পৌঃ ১৬-২৭
(বদল) ছাঃ ১৮-৩১
রাণাঘাট পৌঃ ১৮-৫৯
" ছাঃ ১৯-২৭
কলিকাতা পৌঃ ২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ কুঞ্জবিহারী বিদ্যাভূষণ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷৹ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পত্র শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নবদ্বীপ বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের সহস্রাধিক পণ্ডিত ও মনীষী সজ্জনবৃন্দ যে সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগবিরুদ্ধসিদ্ধান্তখণ্ডনে ও তদনুরূপ সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৷৹ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা 'দৈনিক নদীয়া-প্রকাশ' ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি এত বেশী অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৷৷৹ দশ আনা, বড় বোতল ১৷৹ আঠার আনা। প্যাকিং ও ডাক খরচ স্বতন্ত্র

ঠিকানা—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
বেহালা, ২৪ পরগণা

টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

Regd. No C. 1544

শ্রী শ্রীভক্তিরত্নমালা
—:০:—
শ্রীল নারায়ণদাস ভক্তি-সুধাকর এম-এ সঙ্কলিত।
এই গ্রন্থ বর্ণমালায়, বিস্তৃত ভূমিকা ও সূচীসহ অতি সুন্দর রূপে প্রকাশিত হইয়াছে। ঊণ, ফেন, বর্ঠাদি বাদশ উপনিষদের অতিকথ সংগ্রহ
ভিক্ষা মাত্র ১।০ টাকা।
প্রাপ্তিস্থান—
মহুয়া প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—ওয়ারী, ঢাকা

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীচৈতন্যদেব
—:০:—
স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য-মহাপ্রভুর জীবনী ও শিক্ষার কথা সুন্দরভাবে ইহাতে লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট কাগজে সুন্দর বাঁধাই।
৩য় সংস্করণ : ভিক্ষা ১।০
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

১৬শ খণ্ড] শ্রীমায়াপুর,—২৯শে জ্যৈষ্ঠ, ১৩৪৮ ; ১২ই জুন, ১৯৪১, বৃহস্পতিবার [৮০তম সংখ্যা

বিবিধ-সংবাদ

—::[০]::—

অষ্ট্রেলিয়ান সৈন্যগণকে আশ্বাসদান

প্রধানমন্ত্রী মিঃ মেঞ্জিস শুক্রবারে মেলবোর্ণে এক বক্তৃতায় প্রতিশ্রুতি দেন যে, ভবিষ্যতে অষ্ট্রেলিয়ান সৈন্যেরা যথা প্রাচ্যে যে সকল যুদ্ধ করিবে, তাহাতে যথাসম্ভব বেশী বৃটিশ বিমানদ্বারা সৈন্যগণকে সমর্থন দেওয়া হইবে।

ওয়েলিংটনে নিউজিল্যাণ্ডের প্রধান মন্ত্রী মিঃ ফ্রেজার এক মফঃস্বিবিরে ক্রীট প্রত্যাগত নিউজিল্যাণ্ড সৈন্যগণের নিকট এক বক্তৃতায় প্রতিশ্রুতি দেন যে, পরবর্ত্তী লড়াইতে নিউজিল্যাণ্ড সৈন্যগণকে বিমানবহরের যথোপযুক্ত সাহায্য দেওয়া হইবে।

উত্তর পাড়ায় চিতাবাঘ

সম্প্রতি উত্তর পাড়ায় (হুগলী) একটি চিতাবাঘের আবির্ভাব হয়। বাঘটি কিঞ্চিদধিক পাঁচ ফুট লম্বা। বাঘটি দুইজন লোককে জখম করে। আহত ব্যক্তিদ্বয়কে চিকিৎসার জন্য হাসপাতালে প্রেরণ করা হয়।

উত্তরপাড়ার জমিদার ও মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান শ্রীযুক্ত লোকনাথ মুখার্জ্জি এই সংবাদ পাইয়া বাঘটির গতিবিধির উপর নজর রাখেন। অবশেষে তিনি বালী হাডের কারখানার নিকট বাঘটিকে রাইফেলের গুলীর আঘাতে হত্যা করেন।

ভূগর্ভে জলাধার নির্ম্মাণ

বিমান আক্রমণের ফলে কলিকাতা সহরে অগ্নিকাণ্ড ঘটিলে তাহা নিভাইবার জন্য যাহাতে অপরিশ্রুত জলের অভাব না হয়, তজ্জন্য ব্যবস্থাস্বরূপে বাঙ্গলা সরকার সহরের বিভিন্ন অঞ্চলে ভূগর্ভে ১৩০টি জলাধার নির্ম্মাণের এক পরিকল্পনা মঞ্জুর করিয়াছেন। প্রত্যেক জলাধারে প্রায় আট হাজার গ্যালন জল থাকিবে এবং এইসকল জলাধার নির্ম্মাণে প্রায় সাড়ে এগার লক্ষ টাকা ব্যয় হইবে।

বাঙ্গলা সরকার কলিকাতা কর্পোরেশনকে কলিকাতা ফায়ার ব্রিগেডের চীফ অফিসারের সহিত পরামর্শক্রমে উপস্থিত ছয়টি জলাধার নির্ম্মাণ করিতে অনুরোধ করিয়াছেন। কলিকাতা ফায়ার ব্রিগেডের চীফ অফিসারই এই পরিকল্পনার উদ্ভাবক। অবশিষ্ট ১২৪টি জলাধারের জন্য বাঙ্গলা সরকার স্থানের তালিকা দিতে কর্পোরেশনকে অনুরোধ করিয়াছেন।

গবর্ণমেণ্ট কর্পোরেশনকে জানাইয়াছেন যে, পরিকল্পনার সমগ্র ব্যয় গবর্ণমেণ্ট বহন করিবেন।

দেশরক্ষার তোড়জোড়

দেশরক্ষাসম্পর্কে পরামর্শদানের জন্য একটি বিভাগীয় কমিটী গঠনের সিদ্ধান্ত ঘোষণা করা হইয়াছে। এইরূপ জানা গিয়াছে যে, কেন্দ্রীয় ব্যবস্থা পরিষদের দলপতি স্যার মহম্মদ জাফরুল্লা খাঁ ও রাষ্ট্রীয় পরিষদের দলপতি স্যার গিরিজাশঙ্কর বাজপেয়ীকে এইরূপ অনুরোধ করা হইয়াছে যে, বিভিন্ন দলের পক্ষ হইতে এই কমিটিকে প্রতিনিধি মনোনয়নের জন্য তাঁহারা যেন আইনসভার বিভিন্ন দলের দলপতিদের সহিত যোগাযোগ রক্ষা করেন। মোট ১০জন সদস্য লইয়া এই কমিটি গঠিত হইবে। তন্মধ্যে কেন্দ্রীয় ব্যবস্থা পরিষদ হইতে ৪ জন সদস্য লওয়া হইবে। ভারতের জঙ্গীলাট এই কমিটির চেয়ারম্যান হইবেন এবং কেবলমাত্র বে-সরকারী সদস্যেরাই কমিটিতে স্থান পাইবেন। জঙ্গীলাট যখন আহ্বান করিবেন, তখনই এই কমিটীর বৈঠক বসিবে, তবে এইরূপ স্থির হইয়াছে যে, সাধারণতঃ এক অধিবেশনের পর তিন মাস না গেলে এই কমিটীর বৈঠক বসিবে না। প্রত্যেক অধিবেশনেই জঙ্গীলাট যুদ্ধসম্পর্কে একটি বিবৃতি দিয়া বৈঠকের উদ্বোধন করিবেন। কেন্দ্রীয় আইনসভার উভয় পরিষদের সদস্যগণ কর্ত্তৃক এই কমিটির সদস্য নির্ব্বাচন করা হইবে। আইন সভার অধিবেশন সাপেক্ষভাবে যথাসম্ভব শীঘ্র এই কমিটি গঠনের জন্য ব্যবস্থা করা হইতেছে।

অষ্ট্রেলিয়ার সংবাদ নিয়ন্ত্রণসম্পর্কে কড়াকড়ি

এখানে ঘোষিত হইয়াছে যে, জাতীয় নিরাপত্তা আইন সংশোধন করিয়া সংবাদনিয়ন্ত্রণের ব্যবস্থা আরও কঠোর করা হইয়াছে। সংশোধিত আইনে গবর্ণমেণ্টকে যে সংবাদপত্রের সম্পাদক মুদ্রাকর কিংবা প্রকাশক একাধিকবার সংবাদ নিয়ন্ত্রণের আদেশ অমান্য করিয়াছেন, সেই সংবাদপত্র প্রকাশ নিষিদ্ধ করিবার ক্ষমতা দেওয়া হইয়াছে। কোন সংবাদ প্রকাশ নিষিদ্ধ হওয়ার পর উহা প্রকাশিত হইলে গবর্ণমেণ্ট এই ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন।

জার্ম্মাণী ও তুরস্কের মধ্যে বাণিজ্যচুক্তি

জানা গেল যে, জার্ম্মাণী ও তুরস্কের মধ্যে বাণিজ্য বৃদ্ধির উদ্দেশ্যে শীঘ্রই আর কাবার উভয় পক্ষের আলোচনা আরম্ভ হইবে।

গ্রীক দ্বীপগুলি হইতে বহু আশ্রয়প্রার্থী তুরস্কে আসিয়া পৌঁছিয়াছে। তুর্কী গবর্ণমেণ্ট তাহাদিগকে ভিতরে পাঠাইয়া দিতেছেন। সেখানে তাহারা জীবনধারণের মত অল্প পরিমাণ দৈনিক ভাতা পাইতেছে।

বাঙ্গালী বালকদের পুষ্টিকর খাদ্যাভাব

বাঙ্গালী বালকদের পুষ্টিকর খাদ্যাভাবের সমস্ত সম্পর্কে প্রেসিডেন্সী কলেজের অধ্যাপক এন. সি. বসু গবেষণা করিতেছেন। প্রকাশ, বাংলা গবর্ণমেণ্ট এই গবেষণার খরচা সম্পর্কে ১,৩০০৲ টাকা মঞ্জুর করিয়াছেন।

দেওলী বন্দীশিবিরে ৩০জন ধর্ম্মঘট

ইউনাইটেড প্রেস অনুসন্ধান করিয়া জানিতে পারিয়াছেন যে, দেউলী বন্দীশিবিরে নিরাপত্তা রক্ষার্থ কতিপয় আটক বন্দী যে অনশন ধর্ম্মঘট করিয়াছিলেন, তাহা প্রত্যাহৃত হইয়াছে।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলা প্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য, এম্ এ মহোদয়ের গৌরগবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। উত্তর্ক নিরাট অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্রও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য ধারণার দার্শনিক দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্ত্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে ব্যাখ্যাত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা ও পূর্ব্বের আলেখ্য ভূমিকা ও সূচীসহ অভূতপূর্ব্ব নবাবয়বে নব সংস্করণরূপে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,
শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম-এ, বি-এল,
পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষা ও অনুবাদ থাকিলেও শুদ্ধ গৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোড়শপেজী আকারে ৬৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—৩৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

EROTIC PRINCIPLE & UNALLOYED DEVOTION

পরমপূজ্যপাদ শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী প্রভু প্রণীত। সম্প্রতি এই গ্রন্থের একটী নূতন সংস্করণ শ্রীশ্রীগুরুদেবের ইচ্ছায় পুনঃ প্রকাশিত হইয়াছে। গ্রন্থের আকার পূর্ব্ব সংস্করণ অপেক্ষা বৃহৎ ও সুন্দর হইয়াছে। এই গ্রন্থে বহু অমূল্য উপদেশ আছে।

শুদ্ধভক্তিগ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪০
২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
৩। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৲
৪। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০
১৫। বৈষ্ণবসাহিত্যে নিত্য-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। মানস আভরণ ॥০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়সাহিত্য ।৵০
২২। ভজন রহস্য ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী-টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল মাধ্বভাষ্য ॥০
২৭। দুর্ব্বোধ্যরিকা অগসো ত্বঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৵০ বাঁধা ৸০)
৩০। দ্বীপ-দিগ্দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ⁄১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৶০
৩৭। ঐ প্রমাণ খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ⁄১০
৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা ৸০
৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২।০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক ⁄১০
৪৬। অর্চ্চনপদ্ধতি ⁄১০
৪৭। সদাচারস্মৃতিঃ ⁄১০
৪৮। কল্যাণকল্পতরু ⁄১০
৪৯। অর্চ্চনকণ ⁄০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ॥০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ⁄০
৬০। সাংখ্যবাণী ⁄০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২॥০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ৷০
৬৫। সটীকা শিক্ষাদশমূলম্ ।০
৬৬। তত্ত্বসূত্রম্ ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ ⁄০
৬৯। সারসংগ্রহনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥০
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ॥০
৭২। নামভজন ⁄০
৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অন্টলজি ।০
৭৪। রিলেটীভ ওয়ার্ল্ডস্ ।৵০
৭৫। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০
৭৬। বৈষ্ণবীজম্ ॥০
৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ⁄০
৭৮। দি ভাগবত ।০
৭৯। ইরোটিক প্রিন্সিপাল এণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ।০
৮০। ব্রহ্মসংহিতা ॥০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৫৲
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০
৮৫। সাধনপথ ॥০
৮৬ কল্যাণকল্পতরু ⁄১০
৮৭। গীতাবলী ⁄১০
শরণাগতি ⁄০
৮৯। প্রাসঙ্গিক প্রশ্নবাণী ।৵০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ॥০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ।০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

সজ্জন কল্যাণকল্পতরু

—•—

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু-গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃতি ভাষ্যসহ প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা সজ্জনমাত্রেরই নিত্য পাঠ্য।

প্রাপ্তিস্থান —
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর নদীয়া

শ্রীশ্রীস্তবরত্নমালা

—•—

বিবিধ স্তব ও প্রণতি [illegible] গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৫০ মাত্র।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ মন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ৩ বামন, গৌরাব্দ ৪৫৫, ২৯শে জ্যৈষ্ঠ, বঙ্গাব্দ ১৩৪৮, ১২ই জুন ইং ১৯৪১, বৃহস্পতিবার } ৮১তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৩ বামন, আদি কারণোদশায়ী, গৌরাব্দ ৪৫৫

সেবোন্মুখ শ্রোত্রই ভগবদ্দর্শনের নেত্র

—::•::—

শ্রীভগবান্ অধোক্ষজবস্তু। এ জগতের অভিজ্ঞতাদ্বারা মনোধর্ম্মী জীব তাঁহার সন্ধান পাইতে পারে না। ভগবানের নিজজনগণ যখন এ জগতে আসিয়া শ্রীহরির কথা বলেন, তখন প্রণত হইয়া তাঁহাদের শ্রীমুখে হরিকথা শ্রবণ করিতে করিতে সাধুসঙ্গকৃপায় শ্রবণাগ্রহে ভগবানের যে আত্মজ্ঞান লাভ হয়, তাহাই প্রকৃত দর্শন। হরিভক্তি-রাজ্যে শ্রীহরির পাদপদ্মে শ্রদ্ধা বা নিষ্ঠাই সকলের মূল। ভগবানের কৃপা হইলে তিনি শব্দরূপে এখানে আসিয়া উপস্থিত হন। শ্রবণ করিতে করিতে ভগবৎসম্বন্ধজ্ঞানের উদয়ে জীব সেবাপথের পথিক হয়। শব্দ বা শ্রবণই দর্শনকে নিয়মিত করে। ভগবচ্চরণে শরণাগত হওয়া বৃহচ্চেতনের আশ্রয় গ্রহণ করাই অণুচেতনের একমাত্র স্বভাব। স্বতন্ত্রতা বজায় রাখিয়া তর্কবিতর্ক করিতে গেলে বাস্তবসত্য ভগবানের সন্ধান কোনকালেই পাওয়া যাইবে না। আমরা যদি প্রত্যেকে নিজের সেবোন্মুখ ইন্দ্রিয়দ্বারা অকপটে ২৪ঘণ্টার মধ্যে ২৪ঘণ্টাই বাস্তববস্তু শ্রীভগবানের অনুশীলন করি, তাহা হইলে করুণাময় ভগবান্ আমাদের প্রতি সুপ্রসন্ন হইয়া আমাদিগকে কৃপা করিয়া দর্শন দান করিবেন।

সেবোন্মুখতাই মঙ্গললাভের একমাত্র যোগ্যতা ও উপায়। জড়ের কোনপ্রকার অভিজ্ঞতা চেতনকে দর্শন করিতে পারিবে না। চেতনের বৃত্তির দ্বারা—চেতনের চক্ষুর দ্বারাই চেতনের দর্শন হইবে। আমরা যে যেখানে আছি, সেখানে থাকিয়াও যদি চেতনকর্ণের দ্বারা অধোক্ষজের কথা শ্রবণ করি, তর্কপথ পরিত্যাগ করিয়া প্রণত হইয়া শ্রবণোন্মুখ কর্ণ প্রদান করি, যদি হরিকথা-শ্রবণার্থ প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবাবৃত্তি-সহকারে অকপটে সাধুর সম্মুখীন হই, তাহা হইলে আমাদের প্রকৃত মঙ্গল নিশ্চয়ই হইবে।

ভোগদর্শনই কুদর্শন এবং সেব্যদর্শনই সুদর্শন। ভোক্তৃ অভিমানে ভোগদর্শন এবং সেবকাভিমানে সেব্যদর্শন স্বাভাবিক। যিনি শিষ্য হন নাই—শ্রবণ করেন নাই, সেই কর্তৃত্বাভিমানী সেব্যদর্শন বা প্রভুদর্শন কি করিয়া করিবে? সেইজন্য ভগবদ্দর্শন করিতে হইলে নিরন্তর ভগবদ্দর্শনকারী, ভগবানের নিত্যপরিকর ও সঙ্গী শ্রীশ্রীগুরুপাদপদ্মের আশ্রয় সর্ব্বতোভাবে করিতে হইবে। অকপট শ্রীগুরুপাদপদ্ম-আশ্রয়কারীর নিকট বাস্তব সত্য অনায়াসে করায়ত্ত হয়। দুষ্ট-অভিমানে বা ভোক্তৃ অভিমানে যে দর্শন, তাহা ভোগদর্শন বা ভোগ ছাড়া আর কিছুই নয়। দৃশ্য-অভিমানে বা সেবকাভিমানে যে দর্শন, তাহাই প্রকৃত দর্শন ও সেবা। পুরুষাভিমানী কখনও পরমপুরুষ শ্রীকৃষ্ণের দর্শন পায় না। কৃষ্ণ-ভোগাভিমানী বা কৃষ্ণদাসাভিমানীই কৃষ্ণকৃপায় কৃষ্ণদর্শন লাভ করিয়া ধন্য হন।

নিজের বা সেবোন্মুখের শ্রবণ, কীর্ত্তন, দর্শন, স্পর্শন—সবই সেবা; আর দুষ্ট-অভিমান করিয়া যে শ্রবণ, কীর্ত্তন, স্মরণ ও দর্শনচেষ্টা, তাহা সবই অমঙ্গল—তাহা শুদ্ধ শ্রবণ-কীর্ত্তন-দর্শনাদি নহে। শ্রবণের পূর্ব্বে যে দর্শন, তাহা প্রকৃত দর্শন নহে। শ্রবণের [illegible] দর্শন বাধা মাত্র। ঐ বাধা দর্শনের দ্বারা অপসারিত হয় না। শ্রবণের দ্বারা সাক্ষাৎ শ্রবণের দ্বারাই অপসারিত হয়। শ্রবণফলে জীবের ভগবৎপাদপদ্মে আত্ম-সমর্পণের বুদ্ধি উদিত হয়। শ্রবণফলে যখন আত্মসমর্পণ হয়, তখনই সে শ্রবণ কীর্ত্তনাদি করিতে পারে। এই চর্ম্মচক্ষে বা [illegible] ভগবদ্দর্শন হয় না, শ্রদ্ধার বা ভক্তির দ্বারাই ভগবদ্দর্শন হইয়া থাকে। সাধুগুরুর শ্রীমুখ হইতে শ্রবণফলে জীব যখন সেবোন্মুখ হন, তখনই স্বপ্রকাশ অধোক্ষজবস্তু ভগবান্ শ্রীহরি তাঁহাদের সেবোন্মুখ নয়নের গোচরীভূত হন। শ্রবণফলে চিত্ত শুদ্ধ হইলে সেই শুদ্ধচিত্তে ভগবান্ আত্মপ্রকাশ করেন। শ্রবণফলে জীব মনোধর্ম্মের কবল হইতে নিষ্কৃতি পায় এবং ভগবানের প্রতি তাঁহার প্রীতির উদয় হয়। যাহারা শ্রবণ না করিয়াই দর্শন করিবার জন্য ব্যস্ত হয়, তাহাদের হৃদয়ে আত্মগৌরব পরিবর্ত্তে স্বেচ্ছাচারিতাই প্রবল হইয়াছে, জানিতে হইবে। ভগবদ্দর্শন নিজ স্বপ্রকাশ [illegible] নাই। ভগবদ্দর্শন ভগবানেরই সুখ হয়। ভগবানের না হইলে ভগবদ্দর্শন হয় না। ভগবানের আর্ত্তি-বিচারে প্রতিষ্ঠিত ব্যক্তিই ভগবানকে দর্শন করিতে পারেন। স্বতন্ত্রভাবের বশবর্ত্তী হইয়া যে ভগবদ্দর্শনচেষ্টা, তাহা ভগবদ্দর্শনে বাধা ছাড়া আর কিছুই নয়।

শ্রবণকারীর নিয়ম। নিয়মের শ্রবণ প্রভুর হৃদয়ে ধারণ ও প্রভুর স্বপ্রকাশন ছাড়া আর কিছুই নয়। শ্রবণ [illegible] ব্যাপার নয়। শ্রবণের [illegible] মূককে বাচাল করিতে পারে, অন্ধকে [illegible] করে, নির্জীবকে সজীব করে, [illegible]

[illegible]

([illegible])

[illegible]

কথামৃত প্র[illegible] [illegible] করিয়া পান করেন, তাঁহারা নিশ্চিত অন্তঃকরণকে পবিত্র করেন এবং শ্রীভগবানের পাদপদ্ম-সমীপে উপনীত হন।

জাগতিক পদার্থ দর্শনকে বিশ্বাস করা যায় না, [illegible] দেয়। [illegible] হই। [illegible] মনে [illegible] হয়। [illegible] দর্শন [illegible] সে তাহার [illegible] ভক্তিবলে [illegible] অন্তরে [illegible] ভগবদ্দর্শন [illegible] হিরণ্যকশিপু [illegible] বর্তমান। [illegible] জানিতে পারি, [illegible] দর্শন হয় না, [illegible] না করেন। [illegible] হিরণ্যকশিপু নর [illegible] দর্শন [illegible] না হওয়া দর্শন [illegible] শ্রীপ্রহ্লাদ [illegible] করিয়াছিলেন। [illegible] দর্শন [illegible] সেবোন্মুখ [illegible] ভগবদ্দর্শনের [illegible] সহিত [illegible] থাকে না।

মানবের [illegible] অন্তঃকরণ-শুদ্ধির জন্য ভগবানের [illegible] থাকে। অন্তঃকরণ শুদ্ধ অর্থাৎ নির্মল-যুক্ত হইলে ভগবানের রূপ[illegible] কথা শ্রবণ এবং তৎকালে [illegible] লাভ হয়। [illegible] প্রকৃত দর্শন হয়। শাস্ত্রবাক্যে বলিতে পাই,—"জীবের আত্মাকে দৃশ্য-অভিমানই তাহার পক্ষে শ্রেয়। প্রভু-অভিমানে জগৎকে ভোগাভিমান [illegible] লাভ হয়। জগতের প্রতি সেবাদৃষ্টি [illegible] অনুপাদেয়তা বা ভোগের [illegible] দিয়া সেবার বা অপ্রাকৃত প্রকটন অর্থাৎ কৃষ্ণসংসার ও গোলোকদর্শন [illegible] জীবের নিত্যকর্ম ও কৃষ্ণেন্দ্রিয়তর্পণ। একমাত্র পরমভক্ত ও পরমপুরুষ ভগবানের ভোগ্য দৃশ্য বা [illegible] মঙ্গল। শ্রীভগবান্ দৃশ্য নহেন, তিনি দ্রষ্টা। জীবের দ্রষ্টৃ-অভিমান পরিত্যাগ করিয়া যখন সম্পূর্ণভাবে ভগবানের দৃশ্য বা ভোগ্যরূপে আত্মবিচারগত অভিমান হয়, তখনই জীব সেবোন্মুখ প্রেমনেত্রে শ্রীভগবানের দর্শন লাভ করেন।

হরিকথা-প্রসঙ্গ

কৃষ্ণ নিশ্চয়ই কৃপা করিবেন,—এই কথা কেবল মৌখিকভাবে বলিলে আন্তরিক প্রশ্রয় দিয়া তাহাকে পরন্তু নির্ভরতা বা অকপট কৃপাপ্রার্থনা বলা যাইবে না। যে কৃপা চায়, সে সর্বক্ষণ কৃপালাভের জন্য উন্মুখ থাকে, ইহাই কৃপা ভিক্ষুর লক্ষণ। কৃপাভিক্ষু কখনও স্বতন্ত্রতার অন্ধকারে করে না। [illegible] যে, স্বতন্ত্রতাই হরিবিমুখতা বা [illegible] সে সর্বক্ষণ গুরুবর্গের [illegible] থাকিয়া তাঁহাদের অধীনতাকেই পরম [illegible] স্বাধীনতা বলিয়া মনে করে। সেবোন্মুখ বা রূপোন্মুখ না হইলে কি সেবা বা কৃপা পাওয়া যায়? যে কৃপাপ্রার্থী ব্যক্তি সেবায় উদাসীন, সে কপট বা কৃপাগ্রহণে অনধিকারী। অতএব অকাতরে নিরপেক্ষ [illegible] শুদ্ধবৈষ্ণবগণের কৃপা-[illegible] নাই। তাঁহাদের কৃপা [illegible] সর্বক্ষণই বর্ষিত হইতেছে। [illegible] কথা,—শুধু [illegible] আশিসেই [illegible] হইবে না, কৃপাই চাই। তাঁহাদের [illegible] না থাকিলেও আমরা কৃপা চাই না। না চাহিলে কৃপা কি করিয়া পাইব? [illegible] সেবোন্মুখতা, সেইখানেই প্রকৃত [illegible] তিনি যে পরিমাণে সেবোন্মুখ, তিনি সেই পরিমাণে কৃপাধিকারী। সেবোন্মুখতাহীন কৃপা প্রার্থনার কোন মূল্য নাই। কৃপাভিক্ষাকারীদেরই সাধনাগ্রহ বা প্রকৃষ্ট সাধনচেষ্টা থাকিবেই। নিজের প্রকৃত যত্ন এবং ভগবানের কৃপা—এই উভয়ের যোগাযোগ হইলেই জীব উদ্ধার লাভ করিতে পারে। ভগবৎকৃপানিরপেক্ষ হইয়া কেবল নিজ সাধনচেষ্টা দ্বারা কোন জীব উদ্ধার লাভ করিতে পারে না, তদ্রূপ সাধনচেষ্টা পরিত্যাগপূর্বক কেবল কপটতা করিয়া মুখে কৃপাপ্রার্থনা অর্থাৎ জাড্য, অলসতা বা সেবাবিমুখতাদ্বারা কেহ মুক্তিলাভ করিতে পারে না। যিনি কৃপা চান, তিনি অবশ্যই সাধন করিবেন অর্থাৎ সেবাপ্রবৃত্তিবিশিষ্ট হইবেন। সেইরূপ সেবাপ্রবৃত্তিবিশিষ্ট ব্যক্তিই সেবাপ্রবৃত্তিকে প্রচুর কৃপা উপলব্ধি করিতে পারিবেন। শরণাগতই কৃপা পায়। শরণাগত সেবার সুবিধানের জন্য সর্বক্ষণ ব্যস্ত। শরণাগত অলস নহেন, তিনি সর্বক্ষণ সজাগ ও সেবাতৎপর। তাঁহার সেবা-তৎপরতা ও সেবা-দক্ষতার নিকট কর্মবীরগণেরও দক্ষতা ও কর্মোৎসাহ হার মানিয়া থাকে। আমরা মুখে কৃপা চাই বটে, কিন্তু আমাদের সেইরূপ অকপট শরণাগতি, সাধুগুরু-শাস্ত্রবাক্যে অচল, অটল, স্থির বিশ্বাস এবং কৃপা ও সেবাপ্রাপ্তির জন্য ব্যাকুলতা ও তৎপরতা কোথায় যে আমরা কৃপা পাইব?

আমরা যদি সময় থাকিতে কাজ গুছাইয়া না লই, তাহা হইলে আমাদের সুবিধা হইবে না। কালবিলম্ব না করিয়া এই মুহূর্ত হইতেই আমাদের দাসী হওয়া দরকার—'আমি সেবক, আমার সেবাধর্ম, ভগবৎসেবা ব্যতীত আমার আর অন্য কোন কার্য নাই'—এই বিচারে সুদৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হওয়া দরকার। সুযোগ একবার হারাইলে তাহা পুনরায় পাওয়া খুব কঠিন। প্রভুত্ববুদ্ধি লইয়া প্রভুসেবা করিবার পরিবর্তে ভৃত্য হইয়া প্রভুসেবা করিবার বুদ্ধি আমাদের হউক, তাহা হইলেই সেবা লাভ করিয়া আমাদের জীবন সার্থক হইবে। 'আমি কৃষ্ণের দাস'—এই বিশ্বাস আমাদের হউক, তাহা হইলে আর দুঃখ থাকিবে না। নিরন্তর হরিনাম কীর্তনকারীর কোন বিপদ্ নাই। কৃষ্ণনামে রুচি হইলে আর বন্ধন থাকিবে না। কৃষ্ণনামে রুচিই ভক্তি, কৃষ্ণনামে অরুচিই অভক্তি বা বন্ধন। 'আমি কৃষ্ণের'—একথা সর্বক্ষণ মনে থাকিলে আর কোনও অসুবিধা নাই। এই কথাটী ভুলিলেই সর্বনাশ। এই ভুলটাই সমস্ত দুঃখের মূল। এই ভুল যাহার আছে, তাহার সর্বস্ব ভুল। 'আমি কৃষ্ণের'—এই অভিমান যাহার আছে, তাহার ভুল থাকিতে পারে না। যেখানে ভুল বা ভ্রম, সেখানে কৃষ্ণ-দাসাভিমান নাই। কৃষ্ণদাসাভিমান ও ভ্রম যুগপৎ থাকিতে পারে না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ গাহিয়াছেন,—

(জীব) কৃষ্ণদাস, এ বিশ্বাস
করলে ত' আর দুঃখ নাই।
(যায়) সকল বিপদ্, ভক্তিবিনোদ
বলেন, যখন ও-নাম গাই॥

'কৃষ্ণনাম করি হবে ঘুচবে বন্ধন।'

আমি যদি অকপটে শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করি, তাহা হইলে নিশ্চয়ই আমি ভাগবত-ভাব বীজ—সুদৃঢ় বিশ্বাসরূপ শ্রদ্ধা লাভ করিতে পারিব এবং গুরুর আদর্শ সেবকের সেবা দেখিবার সৌভাগ্য আমার নিশ্চয়ই লাভ হইবে। গুরুবৈষ্ণব যেভাবে ভগবানের সেবা করেন, সেইভাবে সেবা করিলে ভগবানের সেবা হইবে। নিরন্তর ভগবৎসেবারত গুরুবৈষ্ণবের সেবার সাহায্য করিতে পারিলে আমরাও সেবক-শ্রেণীভুক্ত হইতে পারিব। তখন আমার গুরুদেব ও তাঁহার বন্ধু সাধুগণ আমার সেব্য—এইরূপ বুদ্ধি উদয় হইবে। তখন বুঝিবার সৌভাগ্য হইবে যে, শ্রীগুরুপাদপদ্ম ও তাঁহার বন্ধুগণ এই জগতের বস্তু নহেন এবং সেই প্রপঞ্চাতীত আত্মীয় সজ্জনগণ ব্যতীত আমার বান্ধব আর কেহ নাই। এই সাধুগণের সঙ্গ হইলে অনায়াসেই ভগবানকে লাভ করা যাইবে। ভজনাঢ্য ব্যক্তির সঙ্গ হইলেই মঙ্গল হয়। ভজনে বাধা উপস্থিত হইলে আত্মঘাতী হইতে হয়। হরিকথা শ্রবণে অনাসক্তাই ভজনের প্রধান বাধা। শ্রীগুরুবৈষ্ণবের কৃপাবলে ভজনের বাধা বাস্তবিক অপসারিত হয়। ভজনের বাধা বাস্তবিক অপসারিত হইলে সুবিধা হয়। কৃষ্ণ ব্যতীত বিশ্বের—ত্রিজগতের অন্য কোনও বস্তুর সহিত আমার সম্বন্ধ নাই—কৃষ্ণসম্বন্ধে অকৃত্রিম ও স্বাভাবিকভাবেই নিখিল বস্তুর সহিত আমার সম্বন্ধ—এই সম্বন্ধজ্ঞান সাধুগুরুর কৃপায় প্রত্যেকেরই লাভ হওয়া দরকার; নতুবা ভজনে অগ্রসর হওয়া যাইবে না।

ভোগের পথে প্রথমমুখে কোন বিপদ্ বা অসুবিধা দেখা যায় না, কিন্তু ভগবদ্ভক্তি বা ভগবৎসেবার কথা—নিত্যমঙ্গলের কথা যেখানে, সেখানে প্রতি পদে বিপদ্ বা অসুবিধা আসিয়া নিরুৎসাহিত করিবার চেষ্টা করে। সুকৌশলী বুদ্ধিমান্ সাধক সেই বাধা দেখিয়া ভীত হইবেন না, পরন্তু সেইগুলিকে পরীক্ষা বা কৃপা জানিয়া অধিকতর উৎসাহের সহিত সেবায় অগ্রসর হইবেন। সেবার বাধাগুলি সেবককে উত্তরোত্তর সেবাপথে সহায়তা করিবার জন্য আসিয়াছে, ইহা অকপট সেবকগণ স্পষ্টই বুঝিতে পারেন। সেইজন্য বিপদে ও সম্পদে সর্বাবস্থায় তাঁহারা সহিষ্ণুতার মূর্তবিগ্রহ ভক্তিবিনাশকারী শ্রীগুরুপাদপদ্মকে দৃঢ়ভাবে আঁকড়াইয়া ধরেন। ভক্তগণ ভগবানের জন্য সবই করিতে পারেন। এই জগতে অখিল-চেষ্টাবিশিষ্ট ভক্তগণের সঙ্গলাভেই ভগবানের সেবালাভ হয়। ভক্তগণ ভগবানের সেবাকেই সার করিয়াছেন, সেবাই তাঁহাদের জীবাতু, সেবাই তাঁহাদের সত্তা, সেবাই তাঁহাদের প্রাণ। ভক্তগণ ভগবানের সেবার জন্যই—ভগবানের সুখের জন্যই ভগবানের সেবা করেন। প্রভুকে দিয়া নিজেদের সেবা করাইয়া লইবার দুর্বুদ্ধি তাঁহাদের নাই। এ জগতের ছোট-বড়, ধনি-দরিদ্র, পণ্ডিত-মূর্খ সকলেই ভগবানের সেবা ও ভক্তের সেবা ভুলিয়া নিজেদের সুখানুসন্ধান করিতেছে—ন্যূনাধিক সকলেই নিজের প্রচার করিবার জন্য ব্যস্ত হইয়াছে। আমরা যদি সদ্গুরুপাদপদ্মের অনুসরণ করিয়া ঐরূপ ব্যক্তিগণের পদানুসরণ করি, তাহা হইলে আমাদের সদ্গুরুর নিকট আসা হইয়াছে কি? যিনি বা যাঁহারা ইহলোকের, পরলোকের, দেহগেহাদিসুখের, সিদ্ধির, এমন কি, মহাজনের মহামূল্য মুক্তিরও অপেক্ষা করেন না, সেইরূপ মহাপুরুষগণের নিকট আসিয়াও আমরা কি কনক-কামিনী-প্রতিষ্ঠারূপ তাঙ্গা বিড়ম্বনার জন্যই লালায়িত হইব? যাঁহারা স্বভাবে—ভাবে ভাবে জন্মজন্মান্তরে অনুক্ষণ ভগবানের সেবা করেন, সেই ভগবৎপ্রিয় সাধুগণের চিত্তবৃত্তির অনুসরণ কি আমরা করিব না? যে লোভপ্রবৃত্তি কোন বাধা মানে না, সেই অপ্রাকৃত সেবাপ্রবৃত্তি কি আমাদের হৃদয়ে জাগিবে না? যে ভক্তগণ ভগবানের সেবার জন্য সর্বক্ষণ ব্যস্ত, তাঁহাদের সেবা প্রীতি ও আদরের সহিত করিবার জন্য চিত্ত কি তাঁহাদের প্রতি ব্যগ্রভাবে ধাবিত হইবে না? আমরা কি

'সাধুসঙ্গ', 'সাধুসঙ্গ'—সর্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্বসিদ্ধি হয়।

শ্রীগুরুবৈষ্ণব-ভগবানের সহজ প্রীতির আকর্ষণে পড়িয়া প্রাণপণে তাঁহাদের শ্রীচরণে শরণ হইতে পারিব না? তাঁহাদের অসমোর্দ্ধ ব্যক্তিত্বের নিকট আমাদের ক্ষুদ্র ব্যক্তিত্ব কি কোনদিন আকৃষ্ট ও প্রণত হইবে না? আমরা কি তাঁহাদিগকে পর ভাবিয়া দেহসুখেই প্রমত্ত থাকিব? ক্ষণিক ইন্দ্রিয়সুখের লোভ ছাড়িতে না পারিয়া কি আমরা পরমানন্দময় ভগবৎসেবালাভে বঞ্চিত হইব? ভগবান্ প্রেমবাধ্য হইয়া যাঁহাদের সেবা করেন, সেই কৃষ্ণমনোহরণকারী ভক্তগণকে কি আমাদের আপনজ্ঞান হইবে না? শ্রৌতপন্থীই সিদ্ধিলাভ করিবেন, এই কথা পুনঃ পুনঃ শ্রবণ করিয়াও কি আমি শ্রৌতপথ আশ্রয় করিব না? গুরুর হাত দিয়াই ভগবান্ বরাভয়প্রদ প্রেমভক্তি প্রদান করেন, যাঁহাদের ভাগ্যে শ্রেয় আছে, তাঁহারাই এই সুযোগ পান,—এই কথা সাধুমুখে শুনিয়াও কি শ্রীগুরুপাদপদ্মকে কৃষ্ণপ্রেষ্ঠজ্ঞানে সাদরে, সানন্দে হৃদয়ে স্থান দিব না? অনিত্যের সহিত যে সংশ্রব, তাহার নামই দুঃসঙ্গ। দেহ ও মনের দ্বারা সেই দুঃসঙ্গ হয়। এই দুঃসঙ্গ ছাড়িয়া দিলে আকর্ষক কৃষ্ণের সাক্ষাৎ আকর্ষণে পড়া যায়,—এসকল পরমমঙ্গলময়ী কথা শুনিয়াও কি দুঃসঙ্গ ত্যাগ করিয়া সৎসঙ্গের জন্য আমরা চেষ্টাবিশিষ্ট হইব না?

——

শ্রীশ্রীল প্রভুপাদের হরিকথা

——:(*):——

যাহা হইতে ইন্দ্রিয়জ্ঞানাতীত বা অধোক্ষজ শ্রীকৃষ্ণে শ্রবণাদি-লক্ষণা ফলাভিসন্ধানরহিতা ঐকান্তিকী, স্বাভাবিকী, নিরপেক্ষ ভক্তি হয়, তাহাই মানবগণের সর্ব্বশ্রেষ্ঠ ধর্ম। সেই ভক্তিবলে অনর্থ উপশান্ত হইয়া আত্মা সম্যগ্‌রূপে প্রসন্নতা লাভ করে।

কৃষ্ণ অধোক্ষজবস্তু। জড় ইন্দ্রিয়ভোগ্য ব্যাপার দ্বারা বা মিশ্রাভক্তি দ্বারা সেই অধোক্ষজ ভগবান্‌কে প্রীত করা যায় না। অন্তরে ও বাহিরে সমান হইয়া হরিভজন না করিলে অধোক্ষজ বিষ্ণুর কৃপা পাওয়া যাইবে না। বাহিরে এই স্থূল শরীরের উপর কারচুপি বা সাজসজ্জা করা নিজের ভোগমাত্র, তাহা কখনও ভগবানের সেবা নহে। মনের ধর্ম সঙ্কল্প ও বিকল্প। ঐ মনোধর্মে আস্থিত হইয়া যাহা কিছু করা যায়, তাহা আত্মধর্ম ভক্তি নহে। কৃষ্ণ জড়জগতের চিন্তা ও বিচারে আবদ্ধ জীবকে কখনও নিজেকে ভোগ করিতে দেন না। কৃষ্ণ কখনও ভোগ্যবস্তু নহেন, তিনি নিত্য সেব্যবস্তু।

এই সংসারে মনুষ্যজাতির মধ্যে যত বড় বড় কথা আছে, ভগবদ্ভক্তগণ উহাদের কাণাকড়িও মূল্য দেন না। যাহারা হরিভজন করিতে আসিয়া বহির্ম্মুখ জনসমাজের নিকট প্রতিষ্ঠা অর্জ্জন করিবার জন্য গণমত পোষণ করে, আপনাদিগকে বড় মনে করে, অপরের উপর আধিপত্য করে এবং উত্তম-উত্তম বেষভূষার জন্য লালায়িত হয়, তাহারা দম্ভ করিয়া শরীরের পূজা করিতে পারে, কিন্তু হরিভজনের বিপরীত রাস্তায় চালিত হইয়া আত্মবিনাশ বরণ করে।

বৈষ্ণব প্রত্যেক জীবকে কৃষ্ণের অধিষ্ঠান জানিয়া জীবের স্বরূপদর্শনে গুরুজ্ঞানে সম্মান করিয়া থাকেন। তিনি কখনও অহঙ্কারবিমূঢ় হইয়া হীনজ্ঞানে কোন জীবকে অবজ্ঞা করেন না বা উদ্বেগ দেন না।

যাহারা প্রাকৃত অহঙ্কারবিমূঢ়, তাহারা হরিভক্তের চরণে অপরাধী, তাহাদের অহমিকা থাকা অবধি হরিভজন হয় না। হরিভজন কাহাদের হয়? শ্রীরাধিকা ও তাঁহার সখী গোপীগণ, কৃষ্ণের মাতাপিতা, কৃষ্ণের সখাগণ কৃষ্ণের দাসদাসীগণ ও ইঁহাদের সেবকগণেরই ভজনে অধিকার আছে, কৃষ্ণ তাঁহাদের হস্তগত হইয়াছেন। মহাভাগবত জগতে ভেদদর্শন করেন না, সর্ব্বত্রই তাঁহাদের গোলোকপ্রতীতি এবং সর্ব্বভূতে চিদ্বিলাসী ইষ্টদেবের দর্শন হয়।

সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট বৈষ্ণব কাহারও দোষ দর্শন করেন না। মহাভাগবতের বিচারে নিখিল বিশ্ব কৃষ্ণসেবায় ব্যস্ত, আর আমিই কেবল হরিভজন করিতেছি না—এই বিচার প্রবল হয়।

অকিঞ্চন হরিভক্তের মধ্যে সর্ব্ব সদ্‌গুণ বিরাজিত। অপরদিকে রথের ন্যায় অভক্তের মন দশ ইন্দ্রিয়রূপ দশ অশ্ব দ্বারা দশদিকে অর্থাৎ বাহিরের দিকে সর্ব্বক্ষণ আকৃষ্ট হইতেছে। ইন্দ্রিয়রূপ অশ্বগুলি সর্ব্বক্ষণ আমাদের মনোরথকে বাহিরের বস্তুর দিকে বলপূর্ব্বক আকর্ষণ করিতেছে। আমরা বিরূপের দ্বারা মোহগ্রস্ত হওয়ায় আমাদের আত্মরূপ অথবা শ্রীরূপাভিন্ন শ্রীগুরুপাদপদ্মের নখশোভার দর্শন হইতে বঞ্চিত হইয়াছি। অতএব শ্রীরূপ গোস্বামী প্রভুর পদনখশোভা দর্শন করিবার জন্য যোগ্যতা লাভ করা দরকার, নতুবা কখনও জগদ্দর্শনস্পৃহা নিবৃত্ত হইবে না।

হরিবিমুখ কর্ম্মিগণ দুরাশাবশে ভোগে প্রমত্ত হয় এবং অন্ধকর্ত্তৃক চালিত অন্ধের ন্যায় বিপন্ন হইয়া উরুদামে অথবা বিপুল বন্ধনে আবদ্ধ হইয়া পড়ে। ইন্দ্রিয়সকল যদি হৃষীকেশের সেবায় নিযুক্ত হয়, তাহা হইলেই সুবিধা হইবে। রূপ, রস, গন্ধ, শব্দ, স্পর্শ—ইহা ভোগ্যা স্ত্রীর ন্যায় পুরুষাভিমানী হরিবিমুখ জীবকে সর্ব্বক্ষণ টানিতেছে। ভোগ্য বিষয়রূপ স্ত্রীলোক সকল থাকে থাকুক, কিন্তু আমার কর্ত্তব্যই হইতেছে,—আমার মনকে সহস্র ঝাঁটা মারিতে মারিতে ঐপ্রকার বিষয়-ভোগ-কার্য্য হইতে নিরস্ত করা। সর্ব্বাগ্রে যোষিৎসঙ্গ বা ভোগ্যদর্শন বন্ধ করিতে হইবে। স্ত্রী বা পুরুষদেহধারী মানবমাত্রেই—জীবমাত্রই ভগবানের দাস দাসী, আর আমি কি করিয়া তাহাদিগকে ভোগ করিতেছি? স্বয়ং কৃষ্ণভোগ্য হইয়া অপর কৃষ্ণভোগ্যকে ভোগ করা—তদুপরি প্রভুত্ব অসম্ভব ব্যাপার। সেইজন্য সর্ব্বপ্রথমে যাহারা এই বিপদকে আহ্বান করে, তাহাদিগের সঙ্গ পরিত্যাগ করিলে শ্রীরাধাকৃষ্ণের পদনখশোভা দেখিতে পাইব। সেই পদনখশোভা দর্শন করাই চক্ষুর একমাত্র সার্থকতা।

শ্রীকৃষ্ণ বা তাঁহার অবতারগণের, এমন কি, তাঁহার পার্ষদগণের চিদ্দেহ কোন জীবভোগ্য নহে। অপ্রাকৃত কামদেবে ঘৃণ্য জড় কামুকতা কখনও আরোপিত হইতে পারে না। ভগবদ্দেহকে ভোগ করিবার দুর্ব্বুদ্ধি হইলে, মূল আশ্রয়বিগ্রহকে উল্লঙ্ঘন করিয়া বিষয়বিগ্রহকে সেবা করিবার পরিবর্ত্তে ভোগ করিবার যত্ন করিলে আত্মবিনাশ অনিবার্য্য। ত্রেতাযুগে রাবণের ভগিনী শূর্পণখা সীতাদেবীর সম্মুখে শ্রীরামচন্দ্রের প্রতি কামুকতা প্রকাশ করিলে এবং তৎকর্ত্তৃক প্রত্যাখ্যাত হইয়া শ্রীরাম-সেবক লক্ষ্মণের নিকট কামজর্জ্জরিতা হইয়া গমন করিলে তিনি উহার নাক কাণ কাটিয়া তদনুষ্ঠিত কর্ম্মের যোগ্য ফল প্রদান করেন। সীতাদেবী একপত্নীব্রতধর ভগবান্ শ্রীরামচন্দ্রের স্বরূপশক্তি, নিত্যাহ্লাদিনী ও সেবিকা। তাঁহাতে শ্রীরামচন্দ্রের প্রীতিবাঞ্ছারূপ নিত্যদাস্যপ্রেম বর্ত্তমান। আর শূর্পণখা রাক্ষসী হইয়া সুন্দরী রমণীর বেশধারণপূর্ব্বক শ্রীরামচন্দ্রের সেবার পরিবর্ত্তে তাঁহাকে ভোগ করিতে গিয়াছিল; কিন্তু লক্ষ্মণের নিকট উহার এই কপটতা ধরা পড়িল, তিনি উহার নাসাকর্ণ ছেদন করিয়া উহার যথার্থ স্বরূপ দেখাইয়া দিলেন। শ্রীগুরুপাদপদ্ম রামানুজ লক্ষ্মণের ন্যায় ধর্ম্মধ্বজী কপট গৌরভোগিগণের কপটতা ধরাইয়া দেন এবং তাহাদিগকে ইষ্টদেবের নিকট হইতে বহুদূরে নিক্ষেপ করেন।

গুরুসেবার ন্যায় এমন মঙ্গলপ্রদকার্য্য আর নাই। সকল আরাধনা অপেক্ষা ভগবানের আরাধনা বড়, ভগবানের আরাধনা অপেক্ষা গুরুপাদপদ্মের সেবা বড়,—এই প্রতীতি সুদৃঢ় না হওয়া পর্য্যন্ত আমাদের সংসর বা গুরুদেবের আশ্রয়ের বিচার হয় না—আমরা আশ্রিত, তিনি আমাদের পালক, এই বিচার হয় না। যখন আমরা মনে করি, অন্যপ্রকার আকর হ'তে আমাদের মনোবাঞ্ছা পূরণ হ'বে, তখন আমরা মহান্ত পুরুষবিশেষে গুরুতত্ত্ব দর্শন করি না।

শ্রীগুরুদেব মর্ত্ত্য নহেন, তিনি অমর বস্তু,—নিত্যবস্তু। গুরুপাদপদ্ম নিত্য, তাঁর সেবক নিত্য, তাঁর সেবা নিত্য, সুতরাং কত আশা-ভরসা আমাদের—মরণ ব'লে কোন জিনিষ আমাদের নেই।

গুরুবৈষ্ণবের অনুকরণ করিতে নাই। সর্ব্বদাই অনুসরণ করা দরকার। শ্রীগুরুদেবের সেবার উপকরণসকলেও গুরুবুদ্ধি করিতে হইবে। শ্রীগুরুদেবকে নিজের মত অনর্থগ্রস্ত মর্ত্ত্য মানববুদ্ধি করিলে চিরতরে নরকে যাইতে হইবে। আমি যদি গুরুদেবের ব্যবহৃত ঘরে প্রবেশ করিয়া নিজের ভোগের জন্য রান্না আরম্ভ করি, তাঁহার গৃহের মার্জ্জনাদি সেবা ও তাহা সযত্নে সংরক্ষণ না করি, তাহা হইলে আমার সর্ব্বনাশ হইবে।

যে ব্যক্তি কৃষ্ণভজন করে না, কৃষ্ণেতর বস্তু তাহাকে গ্রাস করে। প্রভুর আসন গ্রহণ করিতে গেলেই কর্ম্মকাণ্ডে প্রবর্ত্তিত হয়।

আমরা কর্ম্মী বা জ্ঞানী নহি। আমরা হরিদাসগণের পাদত্রাণবাহী। ভক্ত হইতে হইলে শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করিতে হইবে। তাঁহার ভজন একান্ত আবশ্যক। শ্রীগুরুপাদপদ্মে আত্মসমর্পণ করিয়া দীক্ষার সঙ্গে কৃষ্ণভজন আরম্ভ হয়।

অপ্রাকৃত দেহ ব্যতীত কৃষ্ণভজন হয় না। প্রাকৃত স্থূল সূক্ষ্ম দেহ ব্যতীতও চিন্ময় অপ্রাকৃত দেহ আছে। স্থূল দেহ মনও জড়-ভাব মিশ্রিত। বিচার করিতে আসিলে পৃথক্—এই দুই নির্ব্বিশেষবাদী জাতীর পক্ষে শোভা পায়। [illegible] এরূপ বিচার নহে। অতএব স্বরূপবিনাশের প্রয়োজন নাই।

দুরবস্থা হইতে মুক্ত হইয়া যখন ভগবানের দিকে অগ্রসর হই, অর্থাৎ শ্রীগুরুপাদপদ্মের আশ্রয়ে কৃষ্ণভজনে নিযুক্ত হই, তখন অনর্থনিবৃত্তি হয়। শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করিলে কৃষ্ণভজন হয়। কৃষ্ণভজন না করিলে [illegible] উদয় হয় অর্থাৎ কৃষ্ণবিস্মৃতি [illegible] অভাবে আমরা অশান্ত হইয়া পড়ি।

কৃষ্ণের ইন্দ্রিয়তর্পণের বিরোধী কোন ব্যক্তিরই কৃষ্ণরাজ্যে প্রবেশাধিকার নাই। আমরা আমাদের উপর কাহাকেও টেক্কা দিতে দিব না, কাহাকেও আমাদের উপর প্রভুত্ব বিস্তার করিতে দিব না। একমাত্র বিষ্ণু ও তাঁহার ভক্ত বৈষ্ণবগণই আমাদের উপর [illegible] করিবেন। তাঁহারা [illegible] হরি [illegible] টেক্কা দিতে দিব না। বিষ্ণু ও বৈষ্ণবের সহিত আমাদের সম্বন্ধ করি, তবে নিষ্কপটভাবে আমাদের উপর প্রভুত্ব বিস্তার করিয়া ফেলিয়াছ জানিতে হইবে।

——

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী কৃষ্ণনন্দন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৩১১৫
সেবক—শ্রীপরমানন্দ দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীসনাতন দাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রী ... ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীবংশীবদন দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রী ... ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রী ... ব্রহ্মচারী

অপ্রকট কুঞ্জ পুস্তকাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীজগন্নাথ দাস ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধর মঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীরামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ কালনগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ কালনগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রহ্মচারী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীমহৎকৃপা ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপরদাস দাসাধিকারী

শ্রীকুলিয়া-কুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক শ্রী ... সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
পোঃ অম্পুর, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

বাগবাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীউমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীদীনদয়াল ব্রজবাসী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবনারায়ণ ... বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাসাধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিজীবন দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগলাঝোরা রোড, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীমাধবচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীইন্দ্রমণ দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনন্দচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা মথুরা
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
সেবাশ্রম
পোঃ হোডোল, জেলা গুড়গাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রাকৃতদাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবনোয়ারী দাস অধিকারী

অর্চ্চাশ্রম
(ভগবৎ কুপাপ্রাপ্তিক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাপ্রার্থিক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরচন্দ্র ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্‌ঘনানন্দ ব্রহ্মচারী

দীপাকুটী
সেবক—শ্রীবসন্ত দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর পুরী
সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিকলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাণ্ডবাঁধ (বর্দ্ধমান
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ডুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং ডিউটেন ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাঙ্কেষ্টার রোড, উাউড্ গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১।১।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীসদানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅভয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীযতিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	॥০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	১॥০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪॥০
" সিকি কলম	১৩৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৷৷০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart-এর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মণুয়া প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মণুয়া প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ টীকা পদ্যানুবাদসহ সম্প্রতি শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরেই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবনচরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ শরণাগতির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রাঞ্জল অনুবাদ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূলশ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রভৃতি মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ৷৷০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

					শনিবার ব্যতীত			
					শনিবার	অন্ত দিন		
কলিকাতা ছাঃ	৪-৪৬	৬-২১	৭ ১৪	১৩-১৬	১৫-১০	১৬-১৬	১৭-৫০	২২ ২৬
দমদম "	৪-৫৬	৬-৩১	৭ ২৮	১৩ ২৯	......	....	১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯-১৮	১৪ ৫০	১৬-১৮	১৮-০১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ	. ..	. ..	৯-৩১	..	..	..	....	.. ..
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৯	৮-৪০	১০-৬	১৫-১৮	১৭-৩১	১৯-১৫	২০ ২০	১-১০

লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-১৬	১৪ ৫০	১৭-৪০	২০-৩০
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১০-২৪	১৮-১৫	২১-৫
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫-৩৩	১৮-২৩	২১-১৩

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম "	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
" ছাঃ	১২-৫৬
শান্তিপুর পৌঃ	১৩-২৪
(বদল) ছাঃ	১৩ ৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩০

ডাউন

					শনিবার ব্যতীত			
					অন্ত দিন	শনিবার		
নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪		৯-১২		১৬-৩	১৬-৩১	১৮-৩৮	
মহেশগঞ্জ "	৬-২৩		৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৭		৯-৫৫		১৬-৫৬	১৭ ১৪	১৯-২১	
(বদল) ছাঃ	৮-০১	৭ ১০	৮-৫২	১১-২৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০ ৪৬
রাণাঘাট পৌঃ	৪ ১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৪৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	....	.. .	. ..	...	১৫-৫৬	১৭-৪২	..	.... .
দমদম			১১-৪		১৭ ৩৬	১৯-৯	২১ ২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬	২১-৪০	২৩ ১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪ ১
মহেশগঞ্জ "	১৪-১০
কৃষ্ণনগর পৌঃ	১৪-৪৪
ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৸০ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্য জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত স্বদেশ তথা বিদেশের প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনস্বী সজ্জন-বৃন্দগণ যে সমস্ত প্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগবিরুদ্ধসিদ্ধান্তদলনে ও শুদ্ধভক্তি সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা—৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———::•::———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখানহইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৸০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

:—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
বেহালা, ২৪ পরগণা

Regd. No C. 1544

শ্রীশ্রী কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু-গ্রন্থ 'পত্রিকা'-নামক বিশুদ্ধ আকারে প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুলপ্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৮০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ৫ বামন, গৌরাব্দ ৪৫৫, ৩০শে জ্যৈষ্ঠ, বঙ্গাব্দ ১৩৪৮; ১৪ই জুন ইং ১৯৪১, শনিবার { ৮৩-৮৪তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৫ বামন, অব্যয় ক্ষীরোদশায়ী, গৌরাব্দ ৪৫৫

শ্রীমুকুন্দ দত্ত

——::o::——

ভগবদ্ভক্তের পূত জীবনচরিত-আলোচনা-দ্বারা জীবের চিত্তশুদ্ধি ও কৃষ্ণে ভক্তি হয়। ভক্তগণ বাঞ্ছাকল্পতরু, তাঁহারা মহা-মহাবদান্য। তাঁহাদের আদর্শানুসরণ, সঙ্গ ও কৃপা ব্যতীত জীবের মঙ্গললাভের অন্য কোন উপায় নাই। সেইজন্যই করুণাময় ভগবান্ তৎকৃপাবাহন ভক্তগণকে জগতে প্রেরণ করেন। ভক্তই ভগবানের যথাসর্ব্বস্ব এবং ভগবান্ও ভক্তের জীবনস্বরূপ। এই ভক্তের কথা শ্রবণ, কীর্ত্তন ও পুনঃ পুনঃ আলোচনা করিবার সুপ্রবৃত্তি আমাদের হৃদয়ে জাগ্রত হউক। শ্রীভগবান্ বলিয়াছেন,—

ভক্ত বই আমার দ্বিতীয় আর নাই।
ভক্ত মোর পিতামাতা, বন্ধু-পুত্র-ভাই॥
যদ্যপি স্বতন্ত্র আমি, স্বতন্ত্র বিহার।
তথাপিহ ভক্তবশ স্বভাব আমার॥

শ্রীমুকুন্দ দত্ত ঠাকুর শ্রীগৌরাঙ্গের নিজজন—নিত্যসিদ্ধ পার্ষদ। শ্রীমুকুন্দ দত্ত ঠাকুর ও শ্রীবাসুদেব দত্ত ঠাকুর—ইঁহারা দুই ভ্রাতা। ইঁহারা চট্টগ্রাম জেলার ছনহরা গ্রামে আবির্ভূত হন। এই গ্রাম গৌরভক্ত শ্রীল পুণ্ডরীক বিদ্যানিধি প্রভুর শ্রীপাট মেখলা-গ্রাম হইতে দশক্রোশ দূরে অবস্থিত। শ্রীচৈতন্যচরিতামৃতে শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু লিখিয়াছেন,—

শ্রীমুকুন্দ দত্ত-শাখা—প্রভুর সমাধ্যায়ী।
যাঁহার কীর্ত্তনে নাচে চৈতন্য গোসাঞি॥
বাসুদেব দত্ত প্রভুর ভৃত্য মহাশয়।
সহস্রমুখে যাঁ'র গুণ কহিলে না হয়॥
জগতে যতেক জীব, তা'র পাপ লঞা।
নরক ভুঞ্জিতে চাহে জীব ছাড়াইয়া॥

শ্রীগৌরগণোদ্দেশদীপিকাতেও পাই,—

ব্রজে স্থিতৌ গায়কৌ যৌ মধুকণ্ঠ-মধুব্রতৌ।
মুকুন্দবাসুদেবৌ তৌ দত্তৌ গৌরাঙ্গ-
গায়কৌ॥

ব্রজে যিনি মধুকণ্ঠ-নামক গায়ক, তিনিই গৌরাবতারে আমাদের নিকট শ্রীমুকুন্দ দত্ত ঠাকুর নামে পরিচিত। নিজভক্ত এই শ্রীমুকুন্দের সহিত শ্রীমন্মহাপ্রভু নানাভাবে লীলাবিলাস করিয়াছেন। বিদ্যাশিক্ষাকালে সহপাঠী শ্রীমুকুন্দ দত্তের সহিত শ্রীমন্মহাপ্রভু ন্যায়ের ফাঁকি লইয়া ঝগড়া করিতেন। গয়া হইতে প্রত্যাগত কৃষ্ণপ্রেমোন্মত্ত শ্রীমন্মহাপ্রভুকে শ্রীমুকুন্দ ভাগবত-শ্লোক পড়িয়া শুনাইতেন। শ্রীমুকুন্দের চেষ্টাতেই তৎসঙ্গী শ্রীল গদাধর পণ্ডিত গোস্বামী প্রভু শ্রীল বিদ্যানিধি প্রভুর নিকট দীক্ষিত হন। শ্রীবাসঅঙ্গনে শ্রীমুকুন্দ ঠাকুর কীর্ত্তন করিলে শ্রীমন্মহাপ্রভু নৃত্য করিতেন। 'সাত-প্রহরিয়া-ভাব'-প্রকাশ-কালে ইনি 'অভিষেক' গাহিয়াছিলেন। শ্রীচন্দ্রশেখর গৃহে প্রভুর লক্ষ্মীবেশে নৃত্যলীলায় প্রথমে ইনি গান ধরিয়াছিলেন। স্বীয় সন্ন্যাস-গ্রহণলীলার কথা শ্রীনিত্যানন্দ প্রভুকে বলিবার পর শ্রীমন্মহাপ্রভু শ্রীমুকুন্দের গৃহে উপস্থিত হইয়া সকল কথা বলিলে শ্রীমুকুন্দ প্রভুকে আরও কিছুদিন নবদ্বীপে কীর্ত্তন-লীলা করিবার জন্য অনুরোধ করিয়াছিলেন। তিনি প্রতি বর্ষে ভক্তগণসহ গৌড়দেশ হইতে প্রভুদর্শনের জন্য নীলাচলে যাইতেন। এই শ্রীমুকুন্দ ঠাকুরের অপার মহিমার কথা শ্রীমন্মহাপ্রভু স্বমুখে, তন্নিজজন শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু শ্রীচৈতন্যচরিতামৃতে এবং শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর শ্রীচৈতন্যভাগবতে বিশেষ-ভাবে কীর্ত্তন করিয়াছেন।

ভক্তের কথা আলোচনা দ্বারা ভক্তের সঙ্গ হয়। ভক্তের সঙ্গপ্রভাবে জীবের যাবতীয় ভগবদ্বিমুখতা ও ভক্তবিমুখতা নষ্ট হয়। ভক্তের শরীর চিন্ময়। ভক্ত ভগবৎসেবায় প্রীতিযুক্ত। তিনি যে-কোন বংশে জন্ম-গ্রহণ করুন না কেন, তাহাতে তাঁহার ভক্তির কিছু ক্রটী হয় না। ভক্ত হৃদয়-মন্দিরে ভগবান্কে ধারণপূর্ব্বক ভাবের সহিত হৃদয়ভবনে সর্ব্বক্ষণ হৃদয়-দেবতার সেবা করেন। ভক্তের সঙ্গ ও ভক্তের উচ্ছিষ্ট-ভোজনেই জীবনের সাফল্য। বৈষ্ণবশ্রেষ্ঠ শ্রীল হরিদাস ঠাকুর শ্রীমন্মহাপ্রভুর পাদপদ্মে প্রার্থনা জানাইয়াছেন,—

তোমার চরণ ভজে যে-সকল দাস।
তা'র অবশেষ যেন হয় মোর গ্রাস॥
সেই সে ভজন মোর হউ জন্ম-জন্ম।
সেই অবশেষ মোর—ক্রিয়াকুলধর্ম্ম॥
তোমার স্মরণহীন পাপজন্ম মোর।
সফল করহ দাসোচ্ছিষ্ট দিয়া তোর॥
শচীর নন্দন, বাপ! কৃপা কর মোরে।
কুকুর করিয়া মোরে রাখ ভক্তঘরে॥

শ্রীল মুরারিগুপ্ত প্রভুও এইরূপভাবে বর প্রার্থনা করিয়াছিলেন,—

যে-তে ঠাঁই প্রভু কেনে জন্ম নাহি মোর।
তথাই তথাই যেন স্মৃতি হয় তোর॥
জন্ম-জন্ম তোমার যে সব প্রভু,—দাস।
তা'-সবার সঙ্গে যেন হয় মোর বাস॥
তুমি প্রভু, মুঞি দাস—ইহা নাহি যথা।
হেন সত্য কর প্রভু, না ফেলিহ তথা॥

শ্রীমুকুন্দ দত্ত ঠাকুরের ন্যায় শ্রীচৈতন্য-ভাগবতগণের উচ্ছিষ্টভোজী কুকুর হইতে পারি, বৈষ্ণবের উচ্ছিষ্টভোজনই যেন আমার নিত্য কাম্য হয়। বৈষ্ণবের উচ্ছিষ্টভোজী পদবী ব্রহ্মাদিরও পরমারাধ্য ব্যাপার। জানি না, এই সৌভাগ্য আমার কবে হইবে। যদি ভাগ্য ভুজরূপে একদিনও ভক্তের সঙ্গে আমাদের বাস হয়, ভক্ত যদি কৃপা করিয়া অতি অল্প সময়ের জন্যও কাহারও সহিত বাক্যালাপ করেন, তাহা হইলে তাহারও ভগবৎচরণ প্রাপ্তি অনিবার্য্য। সেইরূপ সুদুর্ল্লভ ভক্তের সঙ্গ পাইয়াও আমরা বঞ্চিত হইতেছি, সুতরাং আমাদের দুর্দৈবের কি আর শেষ আছে?

শ্রীবাস-অঙ্গনে শ্রীমন্মহাপ্রভু সাতপ্রহরিয়া ভাব প্রকাশ করিয়া সমস্ত ভক্তগণকে বর প্রদান করিতেছেন, কিন্তু তিনি শ্রীমুকুন্দকে ডাকিতেছেন না বলিয়া শ্রীমুকুন্দও প্রভুর সম্মুখে আসিতে পারিতেছেন না। প্রভু আজ কত লোককে কৃপা করিলেন—বর দিলেন, আর যিনি অনুক্ষণ প্রভুকে কীর্ত্তন শ্রবণ করান, যিনি পরম মহান্ত বলিয়া ভক্তজগতে খ্যাত, তাঁহার প্রতি আজ প্রভুর এইরূপ ভাব কেন? ইহা দেখিয়া ভক্তগণ সকলেই ব্যথিত হইলেন। অবশেষে শ্রীবাস মহাপ্রভুকে বলিলেন,—"প্রভো, মুকুন্দ কি অপরাধ করিয়াছে যে, তাহাকে আজ তুমি সম্মুখে আসিতে দিতেছ না? আমরা জানি, মুকুন্দ তোমার প্রিয় ভক্ত, আমাদের সকলের প্রাণ। মুকুন্দের গান শ্রবণ করিয়া কাহার চিত্ত না বিগলিত হয়? মুকুন্দ ভক্তিপরায়ণ ও সর্ব্বদিকে সাবধান। যদি মুকুন্দের কোন অপরাধ থাকে, তবে তাহাকে শাস্তি প্রদান কর। নিজ ভৃত্যকে কেন দূরে পরিত্যাগ করিতেছ? তুমি মুকুন্দকে না ডাকিলে মুকুন্দ তোমার সম্মুখে আসিতে সাহস করিতেছে না। তুমি মুকুন্দকে তোমার সম্মুখে ডাক মুকুন্দ তোমার ভক্ত, তোমার

রূপ দর্শন করুক।" শ্রীমন্মহাপ্রভু বিপ্রশুভক শ্রীবাসের এই কথায় তাঁহার নিজভক্ত শ্রীমুকুন্দকে উপলক্ষ্য করিয়া জগৎকে শিক্ষা দিলেন,—

—হেন বাক্য কভু না বলিবা।
ও বেটার বাক্য মোর কভু না মানিবা॥
'খড় লয়, জাঠি লয়', পূর্ব্বে যে শুনিলা।
ওই বেটা সেই হয়, কেহ না চিনিলা॥
ক্ষণে দন্তে তৃণ লয়, ক্ষণে জাঠি মারে।
ও খড়জাঠিয়া বেটা না দেখিবে মোরে॥
(চৈঃ ভাঃ)

শ্রীবাস পণ্ডিত মুকুন্দের সম্বন্ধে শ্রীমন্মহাপ্রভুর নিকট নানাপ্রকার সুপারিশ করিলে লীলা অবতারী শ্রীমন্মহাপ্রভু জগতে পবিত্র সম্বন্ধ মর্য্যাদা-স্থাপনার্থ শ্রীবাসকে বলিলেন, মুকুন্দের প্রতি প্রেম করিবার জন্য শ্রীবাস যেন আর মহাপ্রভুকে অনুরোধ না করেন, কারণ শ্রীবাসের অনুরোধ ব্যর্থ হইবে, কারণ, মুকুন্দ কোন সময় দন্তে তৃণ ধারণ করিয়া দীন দৈন্য প্রকাশ করেন, আবার কোন সময় লাঠি মারে। ইহা এক হাতে পায় ও আর এক হাতে গলায় দিবার আদর্শের ন্যায়। ইহা স্বার্থবাদী বা সমন্বয়বাদীর আদর্শ। স্বার্থবাদী যখন যাহাতে সুবিধা পায়, তখন সেই পক্ষেই আসক্ত হয়। যখন সুবিধা না পায়, তখন মহাপ্রভুর আনুগত্য করে, আবার অন্য সময় মহাপ্রভুর শিক্ষার বিরুদ্ধ মায়াবাদীদের প্রশ্রয় দিয়া মহাপ্রভুর বক্ষে শেল প্রদান করে। এইরূপ ভক্তি-বিরোধী কপটীর ভগবদ্দর্শনে অধিকার নাই, ইহা জানাইবার জন্যই লোকশিক্ষার্থে লোকশিক্ষক ভগবান্ স্বীয় অন্তরঙ্গ নিজ ভক্তের দ্বারা এই শিক্ষা প্রচার। মহাপ্রভু পাপী, চোর, দস্যুকে উদ্ধার করেন, জগাই-মাধাইয়ের মঙ্গল করেন, দাবী সন্ন্যাসীকে কৃপা করিবার জন্য তাঁহার গৃহে গমন পর্য্যন্ত করেন, কিন্তু কপটী মায়াবাদিগণ লোকভক্তিমান্ হইলেও তাঁহারা মহাপ্রভুর কৃপা বা দর্শন পান না। মহাপ্রভুর নিকট বা ভক্তিরাজ্যে কৈ স্থান নাই। সেই কপটী ও অপরাধিগণ ভক্তিরাজ্যের বাহিরেই বিচরণ করে।

মুকুন্দ বাহির হইতে মহাপ্রভুর সকল কথাই শুনিতে পাইলেন। মহাপ্রভু মুকুন্দকে দর্শন প্রদান করিলেন না শুনিয়া মুকুন্দ মরমেবেদনাই জর্জরিত হইলেন। শ্রীমুকুন্দ মনে মনে চিন্তা করিতে লাগিলেন, আমি আমার পূর্ব্বের কথা জানি না। এইরূপ অপরাধ আচরণ করিয়া আমার জীবন রাখিতে পারি নাই। ভক্তিসম্পদ তাঁহার। তাঁহার সমান বা তাঁহা হইতে উচ্চ আর কেহ নাই। যেমন ভগবান্ শ্রীকৃষ্ণের অসমোর্দ্ধ, তেমনি তাঁহার শ্রীচরণাশ্রিত ভক্তিও অসমোর্দ্ধা। শুদ্ধভক্তির নিত্যই ভক্তি। আমি সেই ভক্তির মাহাত্ম্য স্বীকার করি নাই, সুতরাং আমি মহাপাপী। আমি যখন মহাপ্রভুর দর্শন পাইব না, তখন আর এই শরীরও রাখিব না। অপরাধী শরীর আমি আজই পরিত্যাগ করিব—এইরূপ চিন্তা করিয়া শ্রীমুকুন্দ শ্রীবাসকে বলিলেন,—শ্রীবাস, তুমি মহাপ্রভুকে জিজ্ঞাসা কর, আমি কি কোনদিনই দর্শন পাইব না?—এই কথা বলিতে বলিতে তিনি অঝোরনয়নে ক্রন্দন করিতে লাগিলেন। ভক্তগণও মুকুন্দের দুঃখে দুঃখিত হইয়া ক্রন্দন করিতে লাগিলেন। মুকুন্দের কোনও কালে মহাপ্রভুর দর্শন হইবে কি না, এ কথা প্রভুর নিকট জিজ্ঞাসা করিলে প্রভু বলিলেন, কোটি জন্ম পরে মুকুন্দের নিশ্চয়ই দর্শন-সৌভাগ্য লাভ হইবে। মহাপ্রভুর মুখে কোটি জন্ম পরে প্রভুর দর্শন লাভ হইবে শুনিয়া মুকুন্দের অত্যন্ত আনন্দ হইল। যেহেতু ভগবদ্ভক্তগণের বিচারে মায়াবাদিগণের নিত্য বিনাশ সংঘটিত হয় এবং কোনদিনই তাহারা ভক্তির অধিকারী হইবে না—এই ব্যবস্থার অধীন হইতে হইল না জানিয়াই মুকুন্দের পরম সুখ হইল। তিনি শ্রীগৌরসুন্দরের অপার করুণা স্মরণ করিয়া প্রেমবিহ্বলচিত্তে উদ্দণ্ড নৃত্য আরম্ভ করিলেন। দর্শনপ্রাপ্তি নিশ্চয়ই ঘটিবে—এই কথা শ্রবণ করিয়া মুকুন্দের আনন্দ আর ধরে না।

ভগবান্ প্রেমবাধ্য। ভক্ত প্রেমের দ্বারা ভগবান্‌কে এরূপ বাধ্য করিতে সমর্থ হন যে, তিনি ভগবানের অভিপ্রায় পরিবর্ত্তন করিতেও সর্ব্বদাই পারগ। মহাপ্রভু বলিলেন, —"মুকুন্দ, আমার অসামান্য শক্তিও তোমার প্রীতির নিকট পরাজয় লাভ করিল। তুমি ভগবানের নিত্য সেবায় নিযুক্ত হইয়াছ। তাৎকালিক অসৎসঙ্গফলে তোমার নিত্য বৃত্তি ভুলিয়া গিয়াছিল, সেইজন্যই তোমার সম্প্রদায় ঘটিয়াছিল। সমন্বয়বাদ ভগবৎসেবা-স্মৃতির পরমশত্রু। সমন্বয়বাদী গুরুব্রুবের সঙ্গের ন্যায় কুসঙ্গ আর কিছুই নাই। ভগবানের ঐকান্তিক সঙ্গপ্রভাবে তোমার অভক্তিপথে অনিত্য রুচি পরিবর্ত্তিত হইয়া ভক্তিপথে নিত্য রুচি উদিত হইয়াছে, সুতরাং তোমার আর ভগবদ্বিমুখতা থাকিতে পারে না। 'তুমি ভগবদ্ভক্তি লাভ করিবে'—এই বর আমি তোমাকে দিলাম। তোমার অপরাধ দূরে রহিল পুনঃ পাপির কাল কোটিজন্ম অবসান হইয়াছিল, কিন্তু তোমার তীব্র সেবাপ্রবৃত্তি আমার নির্দ্দিষ্ট কাল নিমেষমাত্রে অতিক্রম করিবার শক্তি লাভ করিল—তোমার শক্তির দ্বারা আমার শক্তি বিজিত হইল। মুকুন্দ, তুমি সর্ব্বদা ভগবৎ-কীর্ত্তন করিয়া থাক, সেইজন্য তোমার সহিত আমার নিত্যসম্বন্ধ। তবে যে তোমাকে কোটিজন্ম পরে দর্শন দিব বলিয়াছিলাম, তাহা রহস্য-মাত্র। তুমি আমার অত্যন্ত প্রিয়, সেইজন্য তোমার সহিত পরিহাস করা আমার স্বভাব।"

স্বয়ং ভগবান শ্রীমন্মহাপ্রভুর বাক্য অব্যর্থ —এইরূপ সুদৃঢ় বিশ্বাস থাকায় শ্রীমুকুন্দ ভগবানের কৃপা লাভ করিয়াছিলেন। শ্রীমন্মহাপ্রভু কৃপাপূর্ব্বক দর্শন প্রদান করিলে শ্রীমুকুন্দ বলিলেন,—"আমি সেবারহিত ও মন্দভাগা, এতজ্জন্য কায়মনোবাক্যে ভক্তির প্রাধান্য স্বীকার করি নাই। ভক্তি সুখময় বস্তু। ভক্তিহীন আমি তোমাকে দেখিলেই কি সুখ পাইব? দুর্য্যোধন বিশ্বরূপ দর্শন, নরেন্দ্রগণ বিদর্ভ-নগরে শ্রীকৃষ্ণ-দর্শন, হিরণ্যাক্ষ ও হিরণ্যকশিপু শ্রীবরাহদেব ও শ্রীনৃসিংহদেবকে দর্শন করিয়াও ভক্তিহীনতা-বশতঃ ভগবদ্দর্শন পায় নাই। কিন্তু কুব্জা, যজ্ঞনারী, পুলিন্দী এবং মালাকার— ইঁহারা সকলেই ভক্তিযোগে ভগবানের দর্শন পাইয়াছিলেন। ভক্তি বিনা কেহই ভগবদ্দর্শনের ফললাভ করিতে পারে না। ভগবদ্দর্শন অল্পভাগ্যফলে ঘটে না। রজকের কোটী কোটী জন্ম গিয়াছিল। বহু জন্মের পর ভগবদ্দর্শন পাইয়াও সেবোন্মুখ না হওয়ায় ভগবদনুগ্রহ লাভ করিতে পারে নাই। অভক্তগণ ভগবানের দর্শনলাভ করিলেও তাঁহার অনুগ্রহ লাভ করিতে পারে না, তজ্জন্য দর্শন লাভ করিলেও দর্শনসুখ তাহাদের ভাগ্যে ঘটে না। যে সেবাপ্রবৃত্তিবর্জ্জিত, তাহার ভগবদ্দর্শন বৃথা হয়। সেবোন্মুখ ব্যক্তি ব্যতীত অপরের ভগবদ্দর্শনে ভক্তি-সুখোদয়ের সম্ভাবনা হয় না। তাহারা ভগবানে প্রীতি না করায় সেবাবুদ্ধির অভাবে দর্শনপ্রাপ্তির বাস্তবফল নিত্যসুখ লাভ করিতে অসমর্থ হয়। জীব নিজ অহঙ্কার-বুদ্ধির দ্বারা ভগবৎসেবায় প্রবৃত্ত হইতে পারে না। ভগবানের অনুকম্পাই জীবের সেবোন্মুখতার একমাত্র কারণ। শাস্ত্র বলিয়াছেন,—

রজকেও দেখিল—মাগিল তা'র ঠাঞি।
তথাপি বঞ্চিত হৈল যা'তে প্রেম নাঞি॥
আমা দেখিবারে সেই কত তপ কৈল।
কত কোটি দেহ সেই রজক ছাড়িল॥
পাইলেক মহাভাগ্যে মোর দরশন।
না পাইল সুখ, ভক্তিশূন্যের কারণ॥
ভক্তিশূন্য জনে মুঞি না করি প্রসাদ।
মোর দরশন-সুখ তা'র হয় বাদ॥
ভক্তিস্থানে অপরাধ কৈলে ঘুচে ভক্তি।
ভক্তির অভাবে ঘুচে দরশন-শক্তি॥
মুই সত্য করিয়াছোঁ আপনার মুখে।
মোর ভক্তি বিনা কোন কর্ম্মে কিছু নহে॥
ভক্তি না মানিলে হয় মোর মর্ম্ম-দুঃখ।
মোর দুঃখে ঘুচে তা'র দরশনসুখ।
ধনে, কুলে, পাণ্ডিত্যে চৈতন্য নাহি পাই॥
কেবল ভক্তির বশ চৈতন্য গোসাঞি॥
(চৈঃ ভাঃ মধ্য ১০ম)

শ্রীমুকুন্দ দত্ত ঠাকুর ভগবৎপার্ষদ। তাঁহার কোন অপরাধ বা ভক্তির অভাব থাকিতে পারে না। তাঁহার কৃপা ও সঙ্গফলে লোকের ভক্তি হয়। লোক-শিক্ষা কল্পেই মহাপ্রভু তাঁহার ভক্তের সহিত এই লীলা। আমরা যেন শ্রীমন্মহাপ্রভুর এই লীলার মহতী শিক্ষাটী লাভ করিয়া" ভগবান্ ও ভক্তের শ্রীচরণে সতত প্রণত থাকিতে পারি, ইহাই প্রার্থনা।

বিরহ-মহোৎসব

গত ৯ই জুন, সোমবার আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠে পরম আরাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপাদেশে শ্রীগৌরাঙ্গের নিজজন ভজনানন্দী শ্রীল মুকুন্দ দত্ত ঠাকুরের তিরোভাব-মহোৎসব সংকীর্ত্তনমুখে সুসম্পন্ন হইয়াছে। সাক্ষাৎ চেতনে চেতনে যে আকর্ষণ, তাহাই প্রেম, আর জড়ে জড়ে আকর্ষণের নাম কাম। যেখানে পরস্পরের সহিত আকর্ষণ, সেইখানেই বিরহ স্বাভাবিক। আকৃষ্টই আকৃষ্ট হয়, আকর্ষক আকৃষ্টকেই আকর্ষণ করেন। ভক্তি শ্রীকৃষ্ণকে আকর্ষণ করে। রুচি বা আসক্তি হইতে কৃষ্ণ ক্রমশঃ আকৃষ্ট হইতে থাকেন, তখনই শুদ্ধ শুদ্ধভক্তি হয়। সাধুগুরু-সঙ্গে রুচিবৃদ্ধির সঙ্গে-সঙ্গেই কৃষ্ণবশকারিতা আরম্ভ হয়। যেখানে ভক্তি সেখানে ভোগবুদ্ধি বা সম্ভোগের কোন কথা নাই। ভক্তি বিরহময়ী। সেবোন্মুখ জনগণ শুদ্ধ চেতনময়ী সেবা-প্রবৃত্তিতে প্রত্যেক বস্তুকে দ্রষ্টা, পরিচালক বা সেব্যরূপে দর্শন করেন। তাই ভগবদ্ভক্ত শ্রীপ্রহ্লাদ স্ফটিকস্তম্ভকে হিরণ্যকশিপুর ন্যায় ইন্দ্রিয়ের ভোগ্যরূপে দর্শন না করিয়া— স্ফটিকস্তম্ভরূপী জড়বস্তুরূপে দর্শন না করিয়া তাহাকে বিভু বিষ্ণুসম্বন্ধজ্ঞানে বাসুদেব-সংজ্ঞায় সংজ্ঞিত করিয়াছিলেন। শ্রীল প্রভুপাদও প্রায়ই বলিতেন, প্রাচীর যখন রূপ দেখাইবেন, তখনই আমরা তাঁহার রূপ দেখিতে পাইব।

এ জগতের বিরহ দুঃখময়। এখানকার বিরহের পাত্র, বিরহী ও বিরহ—এই তিন বস্তুর মধ্যে অত্যন্ত ভেদ আছে, কিন্তু অপ্রাকৃত জগতে তাহা নহে। সেখানে বিরহ সেবার পরাকাষ্ঠা। বিরহ অত্যন্ত প্রগতিশালী। বিরহের মধ্যে আকর্ষণ বিশেষ-রূপে অনুভূত হয়। ভক্তমাত্রেই কৃষ্ণকার্ষ্ণ-বিরহী। বিপ্রলম্ভই বিরহ। শ্রদ্ধাই বিরহ-রসময়ী ভক্তির বীজ। যে হৃদয়ে বিরহ আছে, সে হৃদয়ে অন্য কোন কামনা-বাসনা বা কৃষ্ণকার্ষ্ণ ব্যতীত অপরের প্রতি নির্ভরতা নাই। কৃষ্ণকার্ষ্ণ-বিরহ-কাতরতাই দৈন্য। কৃষ্ণকার্ষ্ণ-বিরহিগণ নিজেকে দীন মনে করেন। কৃষ্ণকার্ষ্ণ বিরহকাতরতারূপ দৈন্যই তাঁহাদের একমাত্র ধন বা সম্পত্তি। এই বিরহদৈন্যে বিভূষিত হইয়া বিরহিগণ 'হরে কৃষ্ণ', 'হরে কৃষ্ণ' বলিয়া অনুক্ষণ কীর্ত্তন ক্রন্দন করেন। 'নাম কীর্ত্তনই' প্রকাশিত হয়।

বিরহ-বিভাবিত জনই তৃণাদপি সুনীচ। যে হৃদয়ে বিরহ নাই, সেখানে আবার তৃণাদপি সুনীচতা কোথায়? শ্রীগৌরসুন্দর বলিয়াছেন—

প্রেমধন বিনা ব্যর্থ দরিদ্র জীবন।
দাস করি' বেতন মোরে দেহ'
প্রেমধন॥

যে জীবনে কৃষ্ণসেবাসুখতৎপরতা নাই, সেই সেবাবঞ্চিত জীবন দারিদ্র্যময় ও ব্যর্থ। সেইজন্যই শ্রীমন্মহাপ্রভু বলিতেছেন,—"হে কৃষ্ণ, আমাকে তোমার 'দাস' করিয়া তাহার বেতনস্বরূপ প্রেমধন প্রদান কর।"

দীন অর্থাৎ বিরহকাতর না হইতে পারিলে হরিভজন হইবে না। কৃষ্ণবিরহী ভগবদ্ভক্তগণের অন্য কথা ভাল লাগে না। বিরহে কৃষ্ণকথাই তাঁহাদের জীবাতুস্বরূপ, তাই তাঁহারা সর্ব্বদা কৃষ্ণের কথা শ্রবণ করিতে, কীর্ত্তন করিতে বা আলোচনা করিতে ভালবাসেন এবং তাহাতেই রত থাকেন। সেইজন্যই কৃষ্ণবিরহিণী গোপীগণ বলিয়াছেন,—

তব কথামৃতং তপ্তজীবনং কবিভিরীড়িতং
কল্মষাপহম্।
শ্রবণমঙ্গলং শ্রীমদাততং ভুবি গৃণন্তি তে
ভূরিদা জনাঃ॥
(ভাঃ ১০.৩১।৯)

হে কৃষ্ণ, যে সকল লোক এই পৃথিবীতে বিরহতাপিত ব্যক্তিগণের জীবাতুস্বরূপ, অপ্রাকৃত রসিকগণের আরাধিত বিরহদুঃখ-বিনাশক, বিরহ-তাপিতজনের কর্ণরসায়নস্বরূপ, সর্ব্বশক্তিসমন্বিত তোমার কথামৃত বিতরণ করেন, তাঁহারাই প্রকৃত প্রস্তাবে মহাবদান্য। হরিকথা-বিতরণকারীর ন্যায় সর্ব্বশ্রেষ্ঠ দাতা আর কোথাও নাই।

বিরহই ভজন, বিরহীই ভক্ত। কৃষ্ণ-বিরহীর হৃদয়ে প্রত্যেক বস্তুই কৃষ্ণ-বিরহের উদ্দীপনা জানিয়া দেয়। পরপুরুষে আসক্ত রমণী যেরূপ গৃহকর্ম্মসমূহে ব্যগ্রতা ও সুপটুতা প্রকাশ করিয়াও অন্তঃকরণে নূতন সঙ্গরস আস্বাদন করিয়া থাকে, তদ্রূপ কৃষ্ণ-বিরহী ভক্তগণ বাহিরে অন্যরূপে প্রতিভাত হইয়াও বাহিরে বহির্ম্মুখ লোকবঞ্চনা করিয়া অন্তরে নবনবায়মানভাবে কৃষ্ণ-কামবর্দ্ধনের চেষ্টা করিয়া থাকেন। অন্তর না দেখিয়া বাহ্য আকারমাত্র দেখিলে বৈষ্ণবকে চেনা বা তচ্চরণে শরণাগত হওয়া যাইবে না, পরন্তু তাঁহাদের নিন্দায় প্রমত্ত হইয়া নরকের পথে প্রধাবিত হইতে হইবে। সেবাবঞ্চিত মনোধর্ম্মীর স্তুতি ও নিন্দা—সকলই মনোধর্ম্ম বা নিজের ইন্দ্রিয়তর্পণকামনার অভিব্যক্তি মাত্র। যে তাহার ইন্দ্রিয়তর্পণ করে, তাহাকেই সে 'ভাল' বলে। ইহাই তাহার ভালমন্দের মাপকাঠি; সুতরাং মনোধর্ম্মীর 'ভাল'রও মূল্য নাই, 'মন্দ'এও মূল্য নাই। এই মনোধর্ম্মী জীব কৃষ্ণকার্ষ্ণ-বিরহের কথা ধারণাও করিতে পারে না। যে মায়িক বস্তু লইয়া ব্যস্ত, সে মায়াতীত বস্তুর সন্ধান কি করিয়া পাইবে? বিরহীর সঙ্গ-প্রভাবেই এই বিরহাগ্নি প্রজ্বলিত হয়। কিন্তু বিরহের বাস্তবতায় যেখানে বিশ্বাস নাই, সেখানে বিরহীর সঙ্গ কি করিয়া হইবে? এই কৃষ্ণকার্ষ্ণের বিরহ ব্যথা প্রতি ঘণ্টা, প্রতি মিনিট, প্রতি সেকেণ্ডে যাঁহার যতটা উপলব্ধি হইবে, তিনি কৃষ্ণের ও কার্ষ্ণগণের সাক্ষাৎ উপলব্ধি ততটা করিতে পারিবেন। এই বিরহ যাঁহাতে চব্বিশঘণ্টা উপলব্ধির বিষয় হয়, তজ্জন্য শ্রীমন্মহাপ্রভু সংকীর্ত্তন-ধর্ম্মের প্রচার করিয়াছেন। বিরহ-ব্যথিত হৃদয়েই কৃষ্ণকার্ষ্ণের স্ফূর্ত্তি হয়। যাঁহার হৃদয়ে যত হরি, হরিজন ও হরিধামের স্ফূর্ত্তি হয়, তিনি ততই শ্রীহরির কৃপা লাভ করিতেছেন। যেখানে অনুকূল কৃষ্ণানুশীলন বা কৃষ্ণসেবা স্ফূর্ত্তি নাই, সেখানে শ্রীগুরুগৌরাঙ্গের কৃপাও হয় নাই জানিতে হইবে।

হরিকথা-প্রসঙ্গ

আমি সম্পূর্ণরূপে অযোগ্য হইলেও কৃষ্ণ-কৃপাকাঙ্ক্ষারূপ আমার একটী কৃত্য আছে। যিনি যত অযোগ্য, ভগবানের কৃপা তাঁহার প্রতি তত অধিক পরিমাণে বর্ষিত হয়। নিজে রূপবান্ না হইলে—অকিঞ্চন বা কাঙ্গাল না হইলে ভগবদ্রূপ দর্শন করা যায় না। বাহিরের রূপ দেখিয়া গুরুবৈষ্ণব-ভগবান্ সন্তুষ্ট হন না। শ্রীরূপানুগত্যে থাকিয়া স্বরূপের রূপ প্রকাশিত হইলে সেই সেবাময় রূপ দেখিলেই শ্যামসুন্দর শ্রীহরিনাম ও পরম সুন্দর শ্রীগৌরসুন্দরের সুন্দর সেবকগণের সুখ হয়। আমার অযোগ্যতাই বড় ভরসা, আর ভরসা—'আমার প্রভুর প্রভু শ্রীগৌরাঙ্গ-সুন্দর।'

জগতে মায়ার কথা—ভোগের কথা খুব প্রবলভাবে চলিতেছে। হরিকথায় লোকের আদৌ উৎসাহ বা রুচি নাই; সুতরাং লোকের মঙ্গল কি করিয়া হইবে? আমরা আমাদের ভাগ্যের দোষে গুরুবৈষ্ণব-ভগবানের দর্শন পাইয়াও দর্শন-বঞ্চিত হইতেছি। সর্ব্বক্ষণ হরিনাম করা দরকার। অনর্থ থাকাকালে হরিনাম হয় না। সেইজন্য অনর্থমুক্ত হইবার জন্য সর্ব্বাগ্রে যত্ন করা উচিত। ভগবানকে নিষ্কপটে ডাকিলেই জীবের অনর্থ-মুক্তি হয়, অন্য কোন উপায় নাই। অনর্থযুক্ত ব্যক্তির নামে আগ্রহ হয় না, অনর্থযুক্ত ব্যক্তির 'নাম' ভাল লাগে না। নাম করিতে করিতেই অনর্থনিবৃত্তি হয়, নামাপরাধ করিতে করিতে অনর্থনিবৃত্তি হয় না। অনর্থনিবৃত্তি হইলে ভগবানের রূপ, গুণ, লীলা স্বয়ংই শুদ্ধচিত্তে প্রকাশিত হন।

দর্শনই সঙ্গ, দর্শনই সেবা। যেখানে যোষিদ্দর্শন বা ভোগ্যদর্শন, সেইখানেই যোষিৎসঙ্গ বা ভোগ। আর যেখানে নিষ্কপট সেবারূপে দর্শন, সেইখানেই সেবা। সর্ব্বত্র সেবাদর্শন না হইলে ভোগ্য-দর্শন বা স্ত্রী-সঙ্গের হস্ত হইতে নিষ্কৃতি পাওয়া যাইবে না। পিত্রাভিমানে পুত্র দর্শন, স্ত্রী-অভিমানে পুরুষ-দর্শন এবং পুরুষ-অভিমানে স্ত্রীদর্শন হয়। সেবক অভিমানে স্ত্রীদর্শন বা ভোগ্যদর্শনের কোন কথা নাই। ভোগ্যদর্শনেই বন্ধন হয়। এই বন্ধন হইতে রক্ষা পাইবার একমাত্র উপায় সেবক-অভিমানে প্রতিষ্ঠিত হওয়া, নিজেকে কৃষ্ণের দাস বলিয়া জানা।

আমাদের সর্ব্বপ্রথমে সম্বন্ধযুক্ত হওয়াই আবশ্যক। সম্বন্ধের পরে অভিধেয় অর্থাৎ আমাদের যাহা কর্ত্তব্য, তাহার নির্ণয় ও তদনুষ্ঠান। সম্বন্ধ ও অভিধেয় পরস্পর অবিচ্ছেদ্য সম্বন্ধবিশিষ্ট। সম্বন্ধ ব্যতীত অভিধেয় নির্ণয় হয় না, আবার অভিধেয়-যাজন ব্যতীত সম্বন্ধ দৃঢ় হয় না। যেমন, কোন বালিকা বিবাহের পরে যদি পতিগৃহে গমন না করে এবং তথায় গমন করিয়াও পতিসেবা না করে, তাহা হইলে তাহার পতির সঙ্গে আসক্তি বা সম্বন্ধ হয় নাই, জানিতে হইবে। যখন ভার্য্যা পতিগৃহের কার্য্যগুলি প্রাণপণে আপনার বোধে করিতে থাকে,—নানাপ্রকার অভাব-অসুবিধা, রোগ শোক অগ্রাহ্য করিয়াও পতিগৃহের যাবতীয় কার্য্য দৃঢ়তা, আসক্তি ও রুচির সহিত অনুষ্ঠান করে, তখনই পতির সহিত তাহার যথাযথ সম্বন্ধ হইয়াছে, বুঝা যায়। পতির সুখই সতীর প্রয়োজন। নিজের সকল স্বার্থ সর্ব্বতোভাবে পরিত্যাগ করিয়া ভগবৎ-প্রীতির অনুসন্ধানই ভক্তের মুখ্যলক্ষ্য।

বিবাহের পূর্ব্বে কোন বালিকা পতিগৃহের কার্য্যাদি করিবার জন্য ব্যস্ত হয় না। পতির সহিত কিরূপে সম্বন্ধ হইবে সর্ব্বাগ্রে বালিকার ও বালিকার অভিভাবকগণের তদ্বিষয়েই চেষ্টা ও যত্ন দেখা যায়। আগে পতির সহিত সম্বন্ধ, তারপরে পতির সেবা। পতির সহিত সম্বন্ধ স্থাপন না করিয়া অর্থাৎ পতি ঠিক না করিয়া বার বনিতার ন্যায় সযত্নে গৃহকার্য্য করারও কোন মূল্য নাই। পতির সহিত সম্বন্ধ হইবার পূর্ব্বে বালিকার যে গৃহকার্য্যের অভিনয়, তাহা পুতুলখেলা-মাত্র। তদ্দ্বারা জ্ঞানহীনা বালিকার সাময়িক-ভাবে মানসিক সন্তোষ হইলেও তাহা প্রকৃত প্রস্তাবে পতির সেবা নহে। সুতরাং আমাদের প্রত্যেকেরই সর্ব্বাগ্রে সম্বন্ধ স্থাপিত হওয়া দরকার। এই সম্বন্ধ সাময়িক বন্ধন বা অনিত্য বন্ধনের ন্যায় দুঃখপ্রদ নহে, পরন্তু পরমসুখপ্রদ। বন্ধনেই দুঃখ হয়, সম্বন্ধে দুঃখের লেশমাত্রও নাই। শাস্ত্র বলিয়াছেন,—

কৃষ্ণদাস-অভিমানে যে আনন্দসিন্ধু।
কোটি-ব্রহ্মসুখ নহে তা'র একবিন্দু॥

আমি কৃষ্ণের দাস—ইহাই সম্বন্ধ। এতদ্ব্যতীত আর কাহারও সহিত আমার সম্বন্ধ নাই, কৃষ্ণের সম্বন্ধে অপরের সহিত সম্বন্ধ। কৃষ্ণকে বাদ দিয়া যেখানে অন্যের সম্বন্ধ পাতাইবার চেষ্টা, তাহা ভোগের বন্ধন ছাড়া আর কিছুই নহে। ভগবানই আমাদের নিত্যপতি, তাঁহার সহিতই আমাদের নিত্যসম্বন্ধ। শ্রীগুরুদেব আমাদিগকে সেই পতির সহিত সম্বন্ধ করিয়া দেন—ভগবানই যে আমাদের প্রভু ও পতি এই সম্বন্ধের কথা আমাদিগকে জানাইয়া দেন।

সতী ও অসতীর কার্য্যকলাপ বাহিরে দেখিতে এক হইলেও উভয়ে আকাশ-পাতাল ভেদ আছে। সতীর সকল কার্য্যই পতির জন্য, আর অসতীর যা' কিছু সমস্তই নিজের জন্য। ভক্ত ও অভক্তের মধ্যেও এইরূপ পার্থক্য আছে। জগদ্গুরু শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর শ্রীমদ্ভাগবতের টীকায় ভগবৎ-সম্বন্ধযুক্ত ভক্ত এবং ভগবদ্বিমুখ অভক্তের আচরণের পার্থক্য এইভাবে দেখাইয়াছেন,—'লোক নিদ্রাভঙ্গ প্রভাত হইতে আরম্ভ করিয়া মূত্র পুরীষোৎসর্গ, মুখ-প্রক্ষালন, দন্তধাবন, স্নান দর্শন, শ্রবণ ও কথনাদি ব্যাপার বিষয়সুখ-ভোগের জন্যই করিয়া থাকেন এবং কর্ম্মকাণ্ডরত ব্যক্তিগণও দেবাপদেবীর পূজার জন্য তত্তৎকার্য্য করেন। ভগবদ্ভক্তগণও তদ্রূপ সেই সেই কার্য্য সেইরূপভাবে ভগবৎসেবার জন্যই করেন। তাঁহাদের মূত্র পুরীষোৎসর্গ হইতে শ্রবণ কথনাদি যাবতীয় দৈনন্দিন ব্যাপার ভক্ত্যঙ্গরূপেই পর্য্যবসিত হয়।" সুতরাং দেখা গেল, সম্বন্ধজ্ঞানযুক্ত ভগবদ্ভক্ত বাহ্যদৃষ্টিতে অভক্তের ন্যায় যাবতীয় কার্য্যই করিয়া থাকেন। তাঁহাদের বাহ্যানুষ্ঠানে কোন পার্থক্য না থাকিলেও অন্তর্নিষ্ঠা ও উদ্দেশ্যে আকাশ পাতাল ভেদ বর্ত্তমান। সম্বন্ধজ্ঞানযুক্ত ব্যক্তি ভগবৎ-প্রীতি বা সেবার উদ্দেশ্যেই সকল কার্য্য করেন, আর অভক্তগণ নিজের সুখের জন্যই সকল কার্য্য করিয়া থাকে।

সৎসঙ্গ ছাড়া গতি নাই। সাধুর সঙ্গ লাভ করিতে না পারিলে কৃষ্ণে মতি কিছুতেই হইবে না। শ্রীগুরুদেবই সৎ-শিরোমণি। সুতরাং মঙ্গলাকাঙ্ক্ষী প্রত্যেকেরই সর্ব্বপ্রথমে সদ্গুরুর পাদাশ্রয় লাভ করিবার জন্য ভগবানের সমীপে ব্যাকুলভাবে নিষ্কপটে কাতর প্রার্থনা জানান দরকার। তাহা হইলে অন্তর্যামী ভগবান্ আমাদের আর্ত্তি ও ব্যাকুলতা দেখিয়া আমাকে স্ব-পদে স্থাপিত করিবার জন্য আমার নিকট মহান্ত গুরু প্রেরণ করেন, নতুবা আমরা নিজের দুর্ব্বল, বিদ্ধ-বুদ্ধি ও নিজের মনঃকল্পনার পশ্চাৎ [illegible] ভগবানকে সম্যক্ দর্শন লাভ করিতে পারিব না। ভগবান্ শ্রীভগবানের উপর সম্পূর্ণরূপে নির্ভর করিতে না পারিলে যে বাক্য আমার মন যোগাইয়া কথা বলিতে পারে, তাহাকেই গুরু মনে করিয়া ভ্রান্ত হইব। তখন 'আমার ভিতরে কোন এই

বুদ্ধি বা কপটতা নাই'—বাস্তজ্ঞানে আমি এইরূপ ভাবিলেও আমাকে বঞ্চিত হইতে হইবে। ভগবানের প্রতি যেখানে নিষ্কপটতা নাই, সেখানে হরিসেবার পরিবর্তে প্রচ্ছন্ন ইন্দ্রিয়তর্পণানুসন্ধান থাকিবেই। আমি যদি স্বতন্ত্র থাকিয়া ভগবানের উপর নির্ভর না করিয়া নিজে নিজে সাধুর অনুসন্ধান করিতে যাই, তাহা হইলে লোকের কৃত্রিম হাবভাব, লোকরঞ্জন চরিত্র, কার্যদক্ষতা, [illegible], প্রাকৃত পাণ্ডিত্য, স্নেহময় মনোহর কথা, সুমিষ্টালাপ, লোকসংগ্রহার্থ ব্যবহার ও বৈষ্ণবোচিত গুরুসম্প্রদায়ে দৃঢ়তা প্রদর্শন, বক্তৃতা, কথকতা ও মায়া-[illegible] প্রভৃতি লোকভুলানো ব্যবহার দেখিয়া তাঁহাকে মহাভাগবত, পরম বৈষ্ণব মনে করিব এবং ঐরূপ [illegible] আদর্শ-রূপে বরণ করিয়া শুদ্ধভক্ত হইতে চিরতরে বিচ্যুত হইব। তবে একটা কথা—যিনি নিষ্কপটে সত্য সত্যই ভগবানের ইন্দ্রিয়তর্পণ চা'ন, শ্রীভগবান্ মহান্তগুরুরূপে তাঁহার নিকট আবির্ভূত হন, ইহাই ভরসা। কৃষ্ণৈক-শরণাগতিই সাধুর স্বরূপ-লক্ষণ—এ কথা যেন সর্বক্ষণ মনে থাকে। কৃষ্ণের উপর ভার দিলে তিনি নিশ্চয়ই রক্ষা করিবেন, নতুবা ঠকিতে হইবে।

ভক্তের দর্শনে প্রাকৃত স্ত্রী পুরুষ বা রক্তমাংস দর্শন নাই। তাঁহাদের দর্শনই সুদর্শন। তাঁহারা জানেন, পুরুষ বা স্ত্রী স্বরূপের অভিমান নহে, স্বরূপে সকলেই নিত্য কৃষ্ণদাস। সুতরাং সেই সম্বন্ধজ্ঞান লাভ করিয়া নিরন্তর ভগবদ্-ভজনেই সকলের প্রবৃত্ত থাকা উচিত। ভক্তের জীবনচরিতে জীবনের দৈনন্দিন ঘটনায়, প্রতি কার্যে প্রতি পদবিক্ষেপে শাস্ত্রের সার শিক্ষা পাওয়া যায়। কৃষ্ণৈকপ্রাণতাই ভক্তের জীবাতু, নিরন্তর কৃষ্ণগুণগানই তাঁহার শিক্ষার চরম ফল; কায়মনোবাক্যে কৃষ্ণকার্যের জন্য অখিল চেষ্টা বা কৃষ্ণকার্যাধীনতাই তাঁহার প্রকৃত স্বাধীনতা, কায়, মন, বাক্য, গৃহ, আত্মীয়স্বজন, বিদ্যা, বুদ্ধি, পাণ্ডিত্য ও অর্থ অর্থাৎ সমস্ত দ্রব্য ও যোগ্যতা সমস্ত কৃষ্ণকার্যের সেবায় নিযুক্ত রাখাই তাঁহাদের সত্তা, অসৎসঙ্গ ত্যাগই তাঁহাদের শৌর্য, পতি বা পত্নী কৃষ্ণভজনের কণ্টকস্বরূপ না হইয়া সর্বতোভাবে সকলের কৃষ্ণসেবার সহায়তায় তাঁহাদের সার্থকতা, আত্মশ্লাঘা, পরনিন্দা, পরচর্চা, কনককামিনী-প্রতিষ্ঠাকাঙ্ক্ষা, কলহপ্রিয়তা, স্বতন্ত্রতা ও গ্রাম্যকোলাহল সর্বতোভাবে পরিত্যাগ করিয়া কৃষ্ণকোলাহল ও হরিনাম শ্রবণ-কীর্তন বৈষ্ণবধর্মই তাঁহাদের সংযম ও ধৈর্য। হরিকথাই তাঁহাদের জীবন। ভক্ত স্ত্রী-দেহধারীই হউন বা পুরুষদেহধারীই হউন, সকলেরই চিত্ত একতাৎপর্যপর—কৃষ্ণেন্দ্রিয়-তর্পণময়।

যাঁহারা শ্রীগীতার বাণী বিশ্বাস করেন, তাঁহারা জানেন, মর্ত্য পতিলোক বা ইন্দ্রপুরী স্বর্গ আমাদিগকে আত্মকল্যাণ প্রদান করিতে পারে না। ব্রহ্মলোক হইতে সমস্ত লোকই অনিত্য। তদবস্থান হইতে লোকের পুনরাবর্তন হয়। বিদুষী মৈত্রেয়ীকে মহর্ষি যাজ্ঞবল্ক্য বলিয়াছেন,—"অয়ি মৈত্রেয়ি, পতির সুখের জন্য পতি কখনও পত্নীর প্রিয় হন না, পরন্তু আত্মসুখের জন্যই পতি পত্নীর প্রিয় হইয়া থাকেন। ভার্যার সুখের জন্য ভার্যা ভর্তার প্রিয় হন না, কিন্তু আত্মসুখের জন্যই ভর্তার প্রিয় হইয়া থাকেন।" এই ত' জগতের প্রিয়ত্বের বহর। অথচ এই লইয়াই আমরা ব্যস্ত, এমনই আমাদের দুর্দৈব।

শ্রীশ্রীল আচার্য্যদেবের হরিকথা

——:(*)•:——

আমার ব্যক্তিগত নিত্য ও নিষ্কপট অভিমান যদি শ্রীল কবিরাজ গোস্বামী প্রভুর কথিত পরিচয়-অনুসারে না হয়, তাহা হইলে আমার মত দুর্ভাগা আর কাহারও নাই। প্রত্যেক গুরুবৈষ্ণবের দাসানুদাসের এই অভিমানই থাকা দরকার। এরূপ নিষ্কপটভাবে অমানী-মানদ, তৃণাদপি সুনীচ ও তরুর ন্যায় সহিষ্ণু না হ'লে হরিকীর্তন করবার যোগ্যতা হ'তে পারে না। প্রত্যেক জীবের স্বরূপেই এই অভিমান অনুস্যূত র'য়েছে। বাস্তবিকপক্ষে সমস্ত সম্মান, সমস্ত মর্যাদা, সমস্ত গৌরব,—বিশ্বের মানবজাতি যাহা দিতে পারে ও যাহা দিতে পারে না—বিশ্বের কথা দূরে থাকুক, ইহার ঊর্ধ্বতন দেশ পরব্যোমেরও যে সম্মান বা মর্যাদা, যাঁ'র নিকট অতি তুচ্ছীকৃত হয়, পরব্যোমের ঊর্ধ্ব পুর এবং পুরেরও ঊর্ধ্বতন গোলোকের যে মর্যাদা, যে সম্মান আমার শ্রীগুরুপাদপদ্মকে দিয়ে স্বয়ংরূপও ধন্যাতিধন্য হন, সেই সমস্ত সম্মান ও মর্যাদার প্রাপক একমাত্র আমার গুরুপাদপদ্ম। এই গুরুপাদপদ্ম একমাত্র আমার নিত্যারাধ্য—প্রত্যেক সেবকের নিত্যারাধ্য।

কলি-শব্দের অর্থ বিবাদ। যেখানে ছুটো তরফ, ছুটো পার্টি, বাদী-বিবাদী, আসামী-ফরিয়াদী—এই প্রতিদ্বন্দ্বিতার হেতু যেখানে নাই—যেখানে দীনতা, বস্তুকে দৃশ্য জ্ঞান না ক'রে সেব্যজ্ঞান, যেখানে বস্তুর চেতনতা স্বপ্রকাশ, যেখানে বস্তুকে মাপা যায় না, যেখানে প্রতিহত আত্মপ্রাপিত বিষয় দর্শন, এইরূপ স্বরূপের অভিমান যেখানে নিত্যানিবৃত্ত, সেখানে প্রকৃত বৈষ্ণবতা, গুরুত্ব ও আচার্যত্ব। প্রকৃত গুরু বা আচার্য কখনও কাহাকেও নিজের অপেক্ষা ছোট মনে করেন না তিনি শিষ্য করেন না, গুরুর বৈভবরূপেই সকলকে দর্শন করেন। "এই যে বৈষ্ণবধর্ম - সবারে প্রণতি।" ইহা শ্রীচৈতন্যলীলার ব্যাস আমাদিগকে জানিয়ে'ছেন। এই "সবারে" ব'লতে "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম।" সবার মধ্যে স্বয়ংরূপের বিচিত্রতা ও তদ্রূপবৈভবের বিচিত্রতা দর্শন—প্রকৃতির অন্তর্গত বিচিত্রতা দর্শন নহে। যেখানে পরিমাপ ক'রবার প্রবৃত্তি নাই,—এমন যে স্বপ্রকাশ নিত্যচেতনের বিচিত্র বিলাস দর্শন, তাহাই বৈষ্ণবদর্শন। সর্বত্র স্বরূপ ও তদ্রূপবৈভবদর্শনই বৈষ্ণবধর্ম, এখানে যে দর্শনকারী, তিনি আপনাকে দ্রষ্টা বা পরিমাপকারী বা আপনাকে হৃষীকচালক জ্ঞান করেন না। তাঁহার নিজের স্থূল বা সূক্ষ্ম—সমস্ত ইন্দ্রিয়ের একমাত্র পরিচালক হৃষীকেশের পরিচালনায়ই প্রমত্ত। তাঁহার কখনও নিজেকে গুরু, বৈষ্ণব, গোস্বামী, পরমহংসজ্ঞান থা'কতে পারে না। এই তৃণাদপি সুনীচতা যাঁ'র হ'য়েছে, তিনি হরিকীর্তন ক'রতে পারেন।

বৈষ্ণবধর্মের ইহাই রহস্য যে, কখনও কোনপ্রকার অন্যের পূজা, সম্মান বা সেবা গ্রহণ করতে নাই। যিনি নিজেকে গুরু, গোস্বামী, বৈষ্ণব, অপরের পূজার্হ, অপরের মাননীয়—এইরূপ জ্ঞান বা বোধ কর্'বেন, তিনি সমস্ত সম্মানের প্রাপক যে ভগবান্ ও তৎপ্রিয়তম গুরুদেব, তাঁহাদিগকে বঞ্চনা ক'রে নিজে মালিকদের বস্তু মাঝপথে আত্মসাৎ করায় নিরয়গামী হ'বেন। কোন সদ্গুরুপদাশ্রিত ব্যক্তিই পৃথিবীর কাহারও নিকট হ'তে মর্যাদা, সম্মান বা সেবা গ্রহণ ক'রবেন না। শ্রীগুরুপাদপদ্মের মহিমাই শ্রবণ করা যায়, নিজ মহিমা শ্রবণ করা বৈষ্ণবধর্মের বিরুদ্ধ ব্যাপার। যে শ্রীগুরুপাদপদ্মের মহিমা শ্রবণ না ক'রে নিজের বাহাদুরী শ্রবণ ক'রবে, সে ত' নরকে যা'বে—সে ত' মধ্যপথে দস্যুবৃত্তি করবে। যাঁ'র গৌরব গৌরব, তাঁ'রই মহিমা পূর্ণতমভাবে হৃদয় অধিকার না ক'রলে তন্মধ্যে এক কণিকাও নিজের ভাগ বসা'লে তা'কে বৈষ্ণবতা হ'তে চ্যুত হ'তে হ'বে। অহঙ্কার-বিমূঢ়াত্মা হ'লে ইন্দ্রিয়দ্বারা বস্তুকে পরিমাপ ক'রার প্রবল পিপাসা থাকে। তখন দ্বন্দ্ব, ভেদ, মিলনের অভাব অবশ্যম্ভাবী। যখন দ্রষ্টা, কর্তা বা পরিমাপকারীর অভিমান পরিত্যাগ ক'রে বাস্তব-স্বরূপ—বস্তু যা, তা' দর্শন ক'রবার জন্য নিজেকে দৃশ্যসূত্রে—সেবকসূত্রে পরিচিত করি, বস্তুর চেতনতাকে আক্রমণ না ক'রে, বস্তুর চেতনতাকে পূর্ণভাবে সংরক্ষণ ক'রে একান্ত শরণাগত হ'য়ে যে সেবোন্মুখতা দর্শন করি, তা'কেই সুদর্শন বা ভগবদ্দর্শন বলে। সেই দর্শনে ভেদ থা'কতে পারে না। "দ্বিতীয়াদ্ বৈ ভয়ং ভবতি।"—ইহাই শ্রুতির বাণী। যিনি ইন্দ্রিয়ের কাঠগড়ার আসামী হন না, সেই অধোক্ষজ বস্তুর ভূমিকায়ই মিলন সম্ভব। সেখানে প্রতিদ্বন্দ্বিতার—যা'র নাম কলি, তর্ক, বিবাদ বা দ্বিতীয়প্রতীতি—অবকাশ ব্যতীত দ্বিতীয় দর্শন নাই। সেই পরিপূর্ণতম স্বরাট্ ও স্বাধীন স্বেচ্ছাচারিতার ইঙ্গিতস্বরূপে আমার বিশুদ্ধ-চেতন যেখানে আত্মপ্রকাশ করে, তাহাই বিকুণ্ঠভূমিকা। দ্বিতীয়প্রতীতির ভূমিকা—যেখানে দ্বন্দ্ব ও বিরোধ আছে, তাহাই কুণ্ঠভূমিকা। বিকুণ্ঠ-ভূমিকায় শ্রীহরি-গুরুবৈষ্ণবের সহিত proper adjustment বা মিলন হয়। শ্রীগুরুপাদপদ্মই ভগবৎ-সেবানন্দের Transparent medium. সেই গুরুপাদপদ্মের মধ্য দিয়াই ভগবদ্দর্শন হয়। শ্রীগুরুপাদপদ্মকে আবৃত ক'রে নিজের বাহাদুরী অস্বচ্ছ ও আবৃত দর্শন।

চক্ষু দিয়ে যা' দে'খতে ভাল লাগে, কাণ দিয়ে যা শুন্'তে ভাল লাগে, যা'তে নাসিকার তৃপ্তি হয়, যা'তে জিহ্বার লাম্পট্য হয়, যা'তে ত্বকের সুখানুভব হয়, সেইসকল প্রেয়ঃ অর্থাৎ নিজের সুখ-তাৎপর্য আবরণ-রূপে এসে বাস্তববস্তুর সহিত আমাদিগকে সমসূত্রে গ্রথিত করতে দেয় না—আমাদিগকে আবৃত ও বিক্ষিপ্ত ক'রে দেয়। এই আবরণ ও বিক্ষোভ করবার শক্তি মায়ার। প্রত্যেক অণু-পরমাণু আমাদের ইন্দ্রিয়গ্রাহ্য হওয়ায়, ইন্দ্রিয়ের দ্বারা প্রমেয় হওয়ায়, বাস্তববস্তুর নিকট একটা যবনিকা এনে দিয়ে'ছে। যেখানে সচ্চিদানন্দ বস্তুর সহিত সমভূমিকায় অবস্থান নাই, সেখানেই দ্বন্দ্ব বা মিলনের অভাব। সকলেই নিজস্বরূপে প্রতিষ্ঠিত হ'য়ে সকলেরই একমাত্র আরাধ্য ও জিজ্ঞাস্য অসমোর্ধ্ব তত্ত্বের সন্ধান যা'তে পেতে পারি, তজ্জন্য একান্তভাবে শরণাগত হওয়া একান্ত কর্তব্য।

এলাহাবাদে প্রচার

গৌড়ীয়মিশনের অন্যতম প্রচারক উপদেশক পণ্ডিত শ্রীপাদ রূপবিলাস ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী বিদ্যার্ণব বি-এ মহোদয় গত ১লা জুন গয়া হইতে এলাহাবাদ শ্রীরূপগৌড়ীয়-মঠে প্রত্যাবর্তন করিয়া ঐ দিবস অপরাহ্ণে উক্ত নগরের জিরো রোডস্থিত বাবু মহাবীর-প্রসাদ সুপারিন্টেণ্ডেণ্ট মহোদয়ের সাদর আহ্বানে তদীয় বাসভবনে উপনীত হইয়া তাঁহাদের নিকট শ্রীগৌড়ীয়মঠবাসীর প্রাত্যহিক কৃত্য ও গৃহস্থগণের সহিত তাঁহাদের সম্বন্ধবিষয়ে হিন্দিভাষায় কিছুক্ষণ হরিকথা আলোচনা করেন। কিছুক্ষণ আলোচনার ফলে উক্ত ভদ্র মহোদয় বিশেষ আকৃষ্ট হন এবং যাহাতে পরে ও নিয়মিতরূপে এই আত্মতত্ত্ব সমবেত-ভাবে আলোচিত হয়, তজ্জন্য তিনি তৎক্ষণাৎ স্থানীয় আরও [illegible] সজ্জনগণকে আহ্বান করাইয়া ব্রহ্মচারীজীর সহিত পরামর্শ করত মধ্যে মধ্যে সভা করিয়া শ্রীচৈতন্যবাণী আলোচনার ব্যবস্থা করেন এবং এরূপ মিলনের উপকারিতার কথা উপলব্ধি করিয়া আনন্দ প্রকাশ করেন।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅবধূত ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক—শ্রীঅনন্তবাসুদেব দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীঠাকুরপ্রসাদ ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীকমলনিধি ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীজগন্নাথ দাস ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীধামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীমহৎকৃপা ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রফুল্লদাস দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
জালালপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগোপাল ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধবগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীদীনদয়াল ব্রজবাসী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
মৃত্যুঞ্জয়বাজার, পোঃ ময়মনসিংহ
১২। শ্রীগোবিন্দচন্দ্র মিশ্র
১৩। শ্রীকৃষ্ণবন্ধু ব্যানার্জ্জী

———

মার্কিণ নারীর অপূর্ব্ব বীরত্ব

সম্প্রতি একজন মহিলা বৈমানিক রাজকীয় বিমানবাহিনীর জন্য একটি লকহিড হুডসন শ্রেণীর পর্য্যবেক্ষক বোমারু বিমান আটলাণ্টিকের উপর দিয়া উড়াইয়া আনিয়া ইংলণ্ডে পৌঁছাইয়া দিয়াছেন। ইহার নাম মিস্ জ্যাকালীন কক্‌রেন। পারিবারিক জীবনে ইনি মিসেস ফ্লয়ড্ অড্‌লাম নামে পরিচিত। ইনি নিউইয়র্কে বাস করেন। মহিলাদের মধ্যে ইনিই সর্ব্বপ্রথম বোমারু বিমানে আটলাণ্টিক পাড়ি দিলেন।

বৃটেনে বাসকালে মিস্ কক্‌রেন অবিসামরিক বিমানবাহিনীতে নিযুক্ত মহিলাদের বিমান পারাপারের কার্য্য বিশেষভাবে পর্য্যবেক্ষণ করিবেন।

———

ভারতীয় সেনানীর বীরত্ব

ব্যক্তিগত সাহসিকতা ও সুদক্ষ পরিচালনার জন্য সুবাদার নওয়াব খানকে ভারতীয় ডিষ্টিংগুইস্‌ড্ সার্ভিস মেডেল দেওয়া হইয়াছে। বারাটুর যুদ্ধে মাত্র ৯০ জন সৈন্য লইয়া ইনি অধিকতর শক্তিশালী শত্রুবাহিনীর আক্রমণ প্রতিহত করেন।

———

সিরিয়ায় ভারতীয় সৈন্যের বীরত্ব

সিরিয়ার যুদ্ধে ভারতীয় সৈন্যবাহিনী যে অংশ গ্রহণ করিয়াছে তাহা বিশেষ উল্লেখযোগ্য। ১৪৮নং পাহাড়টির রক্ষীদের পিছন হইতে আক্রমণ করিবার উদ্দেশ্যে একটি ভারতীয় দল জেবেল দ্রুজ ঘুরিয়া শাংরাইয়ার দিকে অগ্রসর হইতে থাকে। ঐ সময়ে স্বাধীন ফরাসী বাহিনী ট্যাঙ্ক ও পদাতিক সৈন্য লইয়া সম্মুখ হইতে হইতে আক্রমণ চালায়। এই চালটি সাফল্যমণ্ডিত হয় এবং ঘাঁটিটি দখল হয়।

ঠিক এই সময়ে আরও একটি আক্রমণ চলে। কুনেৎত্রার পথের দামাস্কাসের নিকটায় ভিশি সৈন্যবাহিনীর অনেকগুলি ট্যাঙ্ক আসিয়া জড় হয়। স্বাধীন ফরাসী বাহিনীর ট্যাঙ্কের সহায়তায় একটি ভারতীয় ও একটি ব্রিটিশ সৈন্যদল তাহাদের হটাইয়া দেয়।

ইতোমধ্যে ভারতীয় সৈন্যেরা দামাস্কাসের পশ্চিমে মেজ নামক স্থানের বিমানঘাঁটিটি আক্রমণ আরম্ভ করিয়া দেয় এবং অনতিবিলম্বেই ইহা দখল করিয়া বসে। এক সময় দামাস্কাসের দুর্গগুলি হইতে তাহাদের উপর গোলা বর্ষিত হইতে থাকে। কিন্তু ভারতীয় সৈন্যেরা শত্রুর কারখানার উপর গোলা নিক্ষেপ করিয়া ইহাদের সকল গোলাগুলি জ্বালাইয়া দেয়। অতঃপর শত্রুপক্ষ নিরস্ত্র হয়। সিরিয়া অভিযানে ভারতীয় সৈন্যেরা সর্ব্বত্রই বিশেষ কৃতিত্ব প্রদর্শন করিয়াছে।

———

ইরাক-প্যালেষ্টাইন রাজপথ

জেরুজালেম হইতে ইণ্ডিপেণ্ডেণ্ট ফ্রেঞ্চ নিউজ এজেন্সী সংবাদ পাইয়াছেন যে ট্রান্সজর্ডানের মধ্য দিয়া ইরাক এবং প্যালেষ্টাইনের মধ্যে স্বাভাবিক যানবাহন চলাচল পুনরায় আরম্ভ হইয়াছে।

———

লণ্ডনে মিঃ রোনাল্ড ক্যাম্বেল

যুগোশ্লাভিয়ার ভূতপূর্ব্ব বৃটিশ রাজদূত মিঃ রোনাল্ড ক্যাম্বেল ইতালীতে প্রায় পাঁচ মাস আটক থাকিবার পর ইংলণ্ডে আসিয়া পৌঁছিয়াছেন; তিনি পররাষ্ট্র দপ্তরে যাইয়া মিঃ ইডেনের সহিত সাক্ষাৎ করিয়াছেন।

———

আসাম বিশ্ববিদ্যালয়-বিল

আগামী জুলাই মাসের প্রথম সপ্তাহে আসাম বিশ্ববিদ্যালয় বিলের সিলেক্ট কমিটির অধিবেশন হইবে। উক্ত অধিবেশনে উপস্থিত থাকিবার জন্য আলিগড় বিশ্ববিদ্যালয়ের ভাইস চান্সেলার ডাঃ স্যার জিয়াউদ্দিন আহম্মদ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলার ডাঃ আর সি মজুমদারকে আমন্ত্রণ করা হইয়াছিল, তাঁহারা আমন্ত্রণ গ্রহণ করিয়াছেন।

ডাঃ শ্যামাপ্রসাদ মুখার্জ্জি ও স্যার আজিজুল হক সিলেক্ট কমিটিতে উপস্থিত থাকিবেন বলিয়া ইতঃপূর্ব্বেই জানাইয়াছেন।

———

বেলজিয়াম বিশ্ববিদ্যালয়ের উপাধি

কলিকাতা বিশ্ববিদ্যালয় বেলজিয়াম বিশ্ববিদ্যালয়ের উপাধিগুলি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাধিগুলির সমতুল্য বলিয়া ধরিয়া লইতে অক্ষমতা জ্ঞাপন করিয়াছেন।

———

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের সংস্কৃতের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক বিংশতীতিপ্রবিষ্ট মহামহোপাধ্যায় আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম-এ মহোদয়ের স্রোতগবেষণা এবং পণ্ডিত লেখনীর অমৃত ফল আস্বাদন করুন একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। ৮৩২ বিরাট্ আকারে ও অদ্বিতীয় গ্রন্থ নানাচিত্রও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনামূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সংস্কৃত শব্দসমূহের সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, আয়নাপাট্টা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

[illegible] ভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের [illegible] অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্ত্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে ভাষিত ও শ্রীপাদ বাদবেন্দ্র যতি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা ও বর্ণের আলোক্য ভূমিকা ও সূচীসহ অদ্ভূতপূর্ব্ব সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণরূপে গৌড়ীয় মিশনকর্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵৹ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,

শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম-এ, বি-এল,

পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম সন্নিবেশিত হইয়াছে। সত্য সুধীবৃন্দগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সঙ্গত ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—৩৲ মাত্র। প্রাপ্তিস্থান - শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

বিজ্ঞাপন

'মেডিকেল ডিগ্রী' সংগ্রহ করুন

অ্যালোপ্যাথিক হোমিওপ্যাথিক, ইউনানী,

হিকমৎ প্রভৃতি পরীক্ষা ঘরে বসিয়া দিন।

বিনা খরচে প্রস্পেক্টাস ফ্রী। ইংরাজী কিম্বা

উর্দু ভাষায় পত্র ব্যবহার করিবেন।

প্রিন্সিপ্যাল এ ন্ড ইণ্ডিয়ান

মেডিক্যাল কলেজ

আগ্রা সিটী

শুদ্ধভক্তিগ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪০

২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲

দশম স্কন্ধ— ৯৲

৩। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৲

৪। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত ৯৲

সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

১ম খণ্ড—৸৹; ২য় খণ্ড—১৲; তৃতীয় খণ্ড—৸৹ ৪র্থ খণ্ড—৸৹

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী

১ম খণ্ড—৸৹, ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸৹

৭। শ্রীচৈতন্যদেব ১।৹

৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।৹

৯। জৈবধর্ম্ম ২৲

১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸৹

১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয়-সংস্করণ) ॥৹

১৫। বৈষ্ণবসাহিত্যে নিরহ-তত্ত্ব ।৹

১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸৹

১৭। চৈতন্যোপনিষদ্ ।৹

১৮। বালক আদর ॥৹

১৯। তত্ত্ববিবেক ।৹

২০। গৌড়ীয়-গৌরব ।৶৹

২১। গৌড়ীয়সাহিত্য ।৶৹

২২। ভজন রহস্য ॥৹

২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲

২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ১৲

২৫। গীতা (চক্রবর্ত্তী-টীকাসহ) ১৲

২৬। গীতার কেবল মাধ্বভাষ্য ॥৹

২৭। মুক্তিফলটীকা দশশ্লোকঃ (সানুবাদ) ২৲

২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)

২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৶৹ বাঁধা ৸৹)

৩০। দ্বীপ-দিগ্দর্শন ৶৹

৩১ সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৶৹

৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥৹

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸৹

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶৹

৩৫। গীতমালা ৴১৹

৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৶৹

৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶৹

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।৹

৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।৹

৪০। শরণাগতি ৶৹

৪১। গীতাবলী ৴১৹

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸৹

৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২।৹

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা

৪৫। নবদ্বীপশতক ৴১৹

৪৬। অর্থপঞ্চক ৴১৹

৪৭। সদাচারস্মৃতিঃ ৴১৹

৪৮। কল্যাণকল্পতরু ৴১৹

৪৯। অর্চ্চনকণ ৶৹

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৯৲

৫১। ব্রহ্মসংহিতা ॥৹

৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।৹

৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸৹

৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।৹

৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।৹

৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶৹

৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।৹

৫৮। শ্রীভুবনেশ্বর ৶৹

৫৯। সিদ্ধান্তদর্পণ ৴৹

৬০। সাংখ্যবাণী ৴৹

৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২॥৹

৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৯৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।৹

৬৪। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।৹

৬৫। সটীকা শিক্ষাদশমূলম্ ।৹

৬৬। তত্ত্বসূত্রম্ ।৹

৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶৹

৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ ৴৹

৬৯। সারাংশবর্ণনম্ ৶৹

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥৹

৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ॥৹

৭২। নামভজন ৴৹

৭৩। বেদান্ত ইটস্ মরফলজি এণ্ড অন্টলজি ॥৹

৭৪। রিলেটীভ ওয়ার্ল্ডস ।৶৹

৭৫। লাইফ এ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ॥৹

৭৬। বৈষ্ণবীজম্ ॥৹

৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴৹

৭৮। দি ভাগবত ।৹

৭৯। ব্রহ্মো টক প্রিন্সিপাল এণ্ড আনয়্যালয়েড ডিভোশন ।৹

৮০। ব্রহ্মসংহিতা ॥৹

৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲

৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ২৲

৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸৹

৮৫। সাধনপথ ॥৹

৮৬ কল্যাণকল্পতরু ৴১৹

৮৭। গীতাবলী ৴১৹

শরণাগতি ৴৹

৮৯। প্রাসঙ্গিক নববাণী ।৶৹

৯০। শ্রীগৌড়ীয়বাণী ।৹

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ॥৹

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

সজ্জন কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক নিজকৃত ভাষ্যসহ প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৵০

প্রাপ্তিস্থান -
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৷৹ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ | ১৩ বামন, গৌরাব্দ ৪৫৫, ১৮ই আষাঢ়, বঙ্গাব্দ ১৩৪৮, ২রা জুলাই ইং ১৯৪১, বুধবার | ৯২৩ম সংখ্যা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৩ বামন, ভূত আনন্দ গৌরাব্দ ৪৫৫

পুরশ্চরণ

— :০:(০):০: —

মন্ত্রসিদ্ধির জন্যই শাস্ত্রে পুরশ্চরণের ব্যবস্থা দেখা যায়। শ্রীনাম-মহামন্ত্রে তাদৃশ পুরশ্চরণবিধির অপেক্ষা করিতে হয় না। একবার শ্রীনামের উচ্চারফলে যখন পুরশ্চর্য্যাদির প্রাপ্য সমফল লাভ ঘটে, তখন শ্রীনামের পুরশ্চরণের অপেক্ষা নাই। কিন্তু শুদ্ধনাম অনর্থযুক্ত জিহ্বায় উচ্চারিত হন না। এইজন্যই শ্রীনারদাদি ঋষিগণ এবং শ্রীল শ্রীজীব গোস্বামিপাদ দেহাদি-সম্বন্ধে কদর্য্যশীল বিক্ষিপ্তচিত্ত ব্যক্তিগণের দেহাভিনিবেশ সঙ্কোচকরণার্থ নারদপঞ্চরাত্রাদিপ্রোক্ত পাঞ্চরাত্রিক দীক্ষার অবশ্য-কর্ত্তব্যতা নির্ণয় করিয়াছেন। শ্রীমন্মহাপ্রভুও স্বয়ং শ্রীমুখে বলিয়াছেন,—

> কৃষ্ণমন্ত্র হৈতে হ'বে সংসার-মোচন।
> কৃষ্ণনাম হৈতে পাবে কৃষ্ণের চরণ॥
>
> (চৈঃ চঃ)

কৃষ্ণনাম অসীম শক্তিসম্পন্ন। ভগবান্ স্বীয় সর্ব্বশক্তি কৃষ্ণনামে নিহিত রাখিয়াছেন। আবার মন্ত্রও নামাত্মক বটে। কিন্তু মন্ত্র ও মহামন্ত্র শ্রীনামে যে লীলাবৈচিত্র্য আছে, তাহা আমরা শ্রীমন্মহাপ্রভুর উপদিষ্ট বাক্য হইতেই জানিতে পারি। অর্থাৎ শ্রীমন্ত্রে যে সম্প্রদান-বাচক এবং প্রাকৃত অহঙ্কার-নিষেধক চতুর্থী বিভক্তি ও নমঃ-শব্দের প্রয়োগ আছে, সেই মন্ত্ররূপ-প্রভাবে জীব সংসারমুক্ত অর্থাৎ কৃষ্ণচরণে শরণাগতি-প্রভাবে অনর্থমুক্ত হন, তখন মুক্তকুলের উপাস্যমান স্বয়ংপ্রকাশ শুদ্ধনাম সেই সমর্পিতাত্মা শুদ্ধচিত্ত অনর্থমুক্ত পুরুষের সেবোন্মুখ-জিহ্বায় স্বয়ং নৃত্য করিতে থাকেন। তিনি তখন শ্রীনামপ্রভুর কৃপায় নামী কৃষ্ণের শ্রীচরণকল্পবৃক্ষ হইতে প্রেমফল প্রাপ্ত হন।

শ্রীনাম স্বয়ংই পরিপূর্ণ শক্তিসম্পন্ন। তিনি শক্তিমত্তত্ত্ব—সাক্ষাৎ কৃষ্ণ, সুতরাং শ্রীনামের শক্তিবৃদ্ধির জন্য পুরশ্চরণের অপেক্ষা করে না, তবে অনর্থযুক্ত জীব যে মন্ত্র উচ্চারণ করেন, সেই মন্ত্রের উচ্চারণাদির মধ্যে যে সমস্ত ব্যবধান থাকে, সেই সকল ব্যবধান দূর করিয়া মন্ত্রসিদ্ধির জন্যই পুরশ্চরণের ব্যবস্থা। পুরশ্চরণাদি অনুষ্ঠান 'ফলদায়ক' বা 'বীর্য্যদায়ক' প্রভৃতি বাক্য সাধকনিষ্ঠ অর্থাৎ উহা সাধক ও মন্ত্রস্বরূপের মধ্যে যে ব্যবধান, তাহা দূর করিয়া সাধককে মন্ত্রের দ্বারা নামের চরণে আত্মসমর্পণ করিতে শিক্ষা প্রদান করেন। এইজন্যই পুরশ্চরণসম্পন্ন মন্ত্র 'ফলদায়ক' বলিয়া কীর্ত্তিত হইয়াছেন। শ্রীল সনাতন গোস্বামী প্রভু স্বয়ং নিত্যসিদ্ধ ভগবৎপার্ষদ হইয়াও জীব-শিক্ষার্থ নীচসঙ্গী, নীচজাতি, বিষয়মগ্ন, অনর্থযুক্ত জীবের অভিনয় করিয়া কৃষ্ণমন্ত্রে পুরশ্চরণাদির দ্বারা শ্রীচৈতন্য-চরণে আত্মসমর্পণই মন্ত্রসিদ্ধি ইহা জানাইয়াছেন। শ্রীচৈতন্যচরিতামৃতে আমরা পাই—

> শ্রীরূপ-সনাতন রহে রামকেলি-গ্রামে।
> প্রভুরে মিলিয়া, গেলা আপন-ভবনে॥
> দুই ভাই বিষয়-ত্যাগের উপায় সৃজিল।
> বহু ধন দিয়া দুই ব্রাহ্মণে বরিল॥
> কৃষ্ণমন্ত্রে করাইল দুই পুরশ্চরণ।
> অচিরাৎ পাইবারে চৈতন্যচরণ॥

• • • •

> এক কৃষ্ণনামে করে সর্ব্বপাপ ক্ষয়।
> নববিধা ভক্তি পূর্ণ নাম হৈতে হয়॥
> দীক্ষা-পুরশ্চর্য্যাবিধি অপেক্ষা না করে।
> জিহ্বাস্পর্শে আচণ্ডালে সবারে উদ্ধারে॥
> অনুষঙ্গফলে করে সংসারের ক্ষয়।
> চিত্ত আকর্ষিয়া করে কৃষ্ণে প্রেমোদয়॥

জগদ্গুরু শ্রীল শ্রীরূপ গোস্বামী প্রভুও শ্রীপদ্যাবলীতে এই শ্লোকটী উদ্ধার করিয়াছেন,—

> আকৃষ্টিঃ কৃতচেতসাং সুমনসামুচ্চাটনং চাংহসা
> মাচণ্ডালমমূকলোকসুলভো বশ্যশ্চ মুক্তিশ্রিয়ঃ।
> নো দীক্ষাং ন চ সৎক্রিয়াং ন চ পুরশ্চর্য্যাং মনাগীক্ষতে
> মন্ত্রোঽয়ং রসনাস্পৃগেব ফলতি শ্রীকৃষ্ণনামাত্মকঃ॥

[বহু-সুকৃত সাধুদিগের চিত্তের আকর্ষণ-স্বরূপ, পাপনাশক, চণ্ডাল হইতে আরম্ভ করিয়া সকল লোকের সুলভ, মুক্তিরূপ ঐশ্বর্য্যের বশকারী,—এবম্ভূত শ্রীকৃষ্ণনাম-স্বরূপ এই মহামন্ত্র রসনাস্পর্শমাত্রেই ফলদান করে, দীক্ষাদি সৎকার্য্য বা পুরশ্চরণ এ সকলকে কিঞ্চিৎমাত্রও অপেক্ষা করে না।]

শ্রীনাম স্বয়ংই প্রভু-কৃষ্ণ বলিয়া সম্পূর্ণ নিরপেক্ষ। শ্রীকৃষ্ণনাম বদ্ধ ও মুক্ত উভয়েরই আদরণীয়। অর্থাৎ বদ্ধজন কৃষ্ণনামগ্রহণে পাপকর্ম্মজাল হইতে মুক্ত হন, আবার মুক্ত হইয়াও শুদ্ধকৃষ্ণনাম গ্রহণ করিতে পারেন। নাম-মন্ত্রে শব্দসামান্যবুদ্ধি করিলে নরকে অনাহূত হয়। পাঞ্চরাত্রিক মন্ত্র অপ্রাকৃত জ্ঞানের উদয় করিয়া প্রাকৃত অভিনিবেশ ধ্বংস করে। কৃষ্ণাভিন্ন কৃষ্ণনাম সাক্ষাৎ মহামন্ত্র হওয়ায় কোন পাঞ্চরাত্রিক বিধানের অনুগত নহেন। শ্রীহরিভক্তিবিলাস পুরশ্চর্য্যা সম্বন্ধে বলিয়াছেন,—

> পূজা ত্রৈকালিকী নিত্যং জপস্তর্পণমেব চ।
> হোমব্রাহ্মণভুক্তিশ্চ পুরশ্চরণমুচ্যতে॥
> গুরোর্লব্ধস্য মন্ত্রস্য প্রসাদেন যথাবিধি।
> পঞ্চাঙ্গোপাসনা সিদ্ধ্যৈ পুরশ্চৈতদ্বিধীয়তে॥

অর্থাৎ প্রাতঃ, মধ্যাহ্ন ও সায়াহ্ন—এই ত্রিকালে নিত্য পূজা, নিত্য জপ, নিত্য তর্পণ, নিত্য হোম ও নিত্য ব্রাহ্মণ ভোজন—এই পঞ্চাঙ্গকে 'পুরশ্চরণ' বলে। গুরুর প্রসাদক্রমে প্রাপ্ত মন্ত্রের সিদ্ধির জন্য প্রথমেই পঞ্চাঙ্গোপাসনার বিধান, এইজন্যই ইহা পুরশ্চরণ নামে কথিত।

> বিনা যেন ন সিদ্ধঃ স্যান্মন্ত্রো বর্ষশতৈরপি।
> কৃতেন যেন লভতে সাধকো বাঞ্ছিতং ফলম্॥
> পুরশ্চরণসম্পন্নো মন্ত্রো হি ফলদায়কঃ।
> অতঃ পুরস্ক্রিয়াং কুর্য্যাৎ মন্ত্রবিৎ সিদ্ধিকাঙ্ক্ষয়া॥
> পুরস্ক্রিয়া হি মন্ত্রাণাং প্রধানং বীর্য্যমুচ্যতে।
> বীর্য্যহীনো যথা দেহী সর্ব্বকর্ম্মসু ন ক্ষমঃ।
> পুরশ্চরণহীনো হি তথা মন্ত্রঃ প্রকীর্ত্তিতঃ॥

যে পুরশ্চরণ না করিলে শতবর্ষ জপ করিলেও মন্ত্র সিদ্ধ হয় না এবং যে পুরশ্চরণ করিলে সাধক বাঞ্ছিতফল লাভ করিতে সমর্থ হয়, সেই পুরশ্চরণ সম্পন্ন মন্ত্রই ফলদায়ক। অতএব মন্ত্রবিৎ সাধক সিদ্ধিকামনা করিয়া পুরশ্চরণ করিবে। যদিও রহস্যমন্ত্র-সকলের পুরশ্চরণ না হয়, তবে হোমেতেই কি, জপেতেই কি? অথবা মন্ত্রবিষয়ে বহু পরিশ্রমের প্রয়োজন কি? পুরশ্চরণই মন্ত্র প্রধান বীর্য্য বলিয়া উক্ত হইয়াছে। বীর্য্যহীন দেহী (জীব) যেমন সকল কার্য্যে অক্ষম, পুরশ্চরণহীন মন্ত্রও তদ্রূপ সকল কার্য্যে অক্ষম বলিয়া কীর্ত্তিত হয়।

পুরশ্চরণের প্রকার বহুবিধ। এই পুরশ্চরণের কথা শ্রীহরিভক্তিবিলাসগ্রন্থের ১৭শ

বিলাসে বিস্তৃতভাবে লিখিত আছে। মন্ত্রগণাদি শুদ্ধভাবে হইবার জন্যই পুরশ্চরণের ব্যবস্থা। গুরুসেবাই পুরশ্চরণ, কেবলমাত্র গুরুপ্রসাদের দ্বারাই পুরশ্চরণ সিদ্ধ হয়। যথা,—

অথবা দেবতারূপং গুরুং ধ্যাত্বা
প্রতোষয়েৎ।
তস্য চ্ছায়ানুসারী স্যাদ্ভক্তিযুক্তেন চেতসা।
গুরুমূলমিদং সর্ব্বং তস্মান্নিত্যং গুরুং
ভজেৎ।
পুরশ্চর্য্যাবিহীনোঽপি মন্ত্রী সিধ্যেন্ন সংশয়ঃ॥
যথা সিদ্ধরসস্পর্শাৎ তাম্রং ভবতি কাঞ্চনম্।
সন্নিধানাদ্ গুরোরেবং শিষ্যো বিষ্ণুময়ো
ভবেৎ॥
(হঃ ভঃ বিঃ)

অর্থাৎ পুরশ্চরণের প্রকারান্তর বলিতেছেন,—শ্রীগুরুদেবকে স্বকীয় ইষ্ট-দেবতাজ্ঞানে চিন্তন পূর্ব্বক তাঁহার সন্তুষ্টি সম্পাদন করিবে এবং ভক্তিযুক্তচিত্তে শ্রীগুরুদেবের ছায়ানুগামী হইয়া অবস্থান করিবে। পুরশ্চর্য্যাদি সমস্তই গুরুমূলক। সুতরাং নিত্য শ্রীগুরুদেবের সেবা করিবে। পুরশ্চরণাদিহীন হইলেও গুরুসেবাতৎপর মন্ত্রী সিদ্ধিলাভ করিবেন, এ বিষয়ে কোন সংশয় নাই। যেমন সিদ্ধরসস্পর্শে তাম্র স্বর্ণতা প্রাপ্ত হয়, তদ্রূপ শিষ্যও গুরুসমীপে অবস্থান করিলে বিষ্ণুময় হইয়া থাকেন।

শুদ্ধ ভজন

শুদ্ধ শ্রদ্ধা হইতে শুদ্ধ ভজন হয়। যেখানে হৃদয়ে ভগবানের প্রতি সম্পূর্ণ নির্ভরতা, সেইখানেই শুদ্ধভজনের কথা। জীব যখন নিশ্চিন্তভাবে জানিতে পারেন যে, মায়িক সংসার কারাগৃহ সুতরাং হেয় এবং কর্ম্মকাণ্ড, জ্ঞানকাণ্ড ও যোগাদি প্রক্রিয়া আমার স্বীয় স্বভাবকে নিশ্চয়রূপে জানিতে পারে না, তখন কৃষ্ণভক্তির প্রতি পূর্ব্বে যাহা কিছু হয়, তাহা দৃঢ়তার সহিত বর্দ্ধন করিয়া কৃষ্ণই আমার একমাত্র রক্ষাকর্ত্তা ও প্রতিপালক—ইহা দৃঢ়বিশ্বাস করত কৃষ্ণেচ্ছার অনুগত ও অকিঞ্চনভাবে কৃষ্ণচরণে শরণাগত হন। বিশুদ্ধ শ্রদ্ধার ইহাই লক্ষণ। সম্বন্ধ-জ্ঞান হইতে অনন্য কৃষ্ণভক্তিতে শ্রদ্ধা অর্থাৎ দৃঢ়বিশ্বাস হয়। হরিভজন করিতে হইলে ঐকান্তিক হওয়া চাই। জীবের স্ব-স্বরূপ উদয় করাইবার চেষ্টার সহিত ভজন করা আবশ্যক। যদি কেহ শুদ্ধভজন করিতে চান, তবে তিনি ভজন ব্যতীত অন্য কোন অভিলাষ রাখিবেন না। সেবাপরাধ ও নামাপরাধ হইতে সাবধান থাকিবেন। জ্ঞানকর্ম্মাদিবিনির্ম্মুক্ত হইয়া সর্ব্বেন্দ্রিয় দ্বারা আনুকূল্যে কৃষ্ণানুশীলনই ভক্তির স্বরূপ-লক্ষণ। ইহারই নাম শুদ্ধা ভক্তি। কোনপ্রকার ভোগ বা মোক্ষ-বাঞ্ছারূপ কপট বা অপরাধ থাকিলে সাধন করিলেও প্রেম উৎপন্ন হয় না।

ভক্তির ত্রিবিধ অবস্থা—সাধনাবস্থা, ভাবাবস্থা ও প্রেমাবস্থা। শ্রদ্ধাপূর্ব্বক শ্রবণ-কীর্ত্তনাদি করিতে করিতে অনর্থসকল যতই হ্রাস পাইতে থাকিবে, ততই শ্রদ্ধাবৃদ্ধি ক্রমশঃ পরিস্ফুট হইয়া নিষ্ঠা, রুচি, আসক্তি, ভাব বা রতিনামে পরিচিত হন। সাধন ভক্তি হইতেই ভাবভক্তি বা রতির উদয় হয়। রতি গাঢ় হইলে প্রেমভক্তি হয়। প্রেম আবার যত গাঢ়তর হইতে থাকে, ততই স্নেহ, মান, প্রণয়, রাগ, অনুরাগ, ভাব ও মহাভাব পর্য্যন্ত উন্নত হয়। শান্তরতি, দাস্যরতি, সখ্যরতি, বাৎসল্যরতি ও মধুর-রতি—এই পঞ্চবিধ। এই পঞ্চ মুখ্য ভক্তি-রস স্থায়ীভাবে ভক্তের হৃদয়ে অবস্থিত থাকে। হাস্য, অদ্ভুত, বীর, করুণ, রৌদ্র, বীভৎস ও ভয় এই সপ্তবিধ গৌণরস কারণ উপস্থিত হইলে ভক্তহৃদয়ে আগন্তুকরূপে উদিত হইয়া মুখ্যরসের পুষ্টিবিধান করিয়া লীন হয়। কৃষ্ণরতি দুইপ্রকার—ঐশ্বর্য্যজ্ঞানমিশ্রা ও কেবলা। বৈকুণ্ঠ, দ্বারকা ও মথুরায় ঐশ্বর্য্য-মিশ্রা ভক্তি। এইজন্যই তথায় প্রেম সঙ্কুচিত, কিন্তু গোকুলে ঐশ্বর্য্যহীন কেবলা রতির প্রবর্ত্তক শ্রীকৃষ্ণ লীলাপরাকাষ্ঠাহেতু আশ্রয়ণীয়।

আমরা অনেক সময় অনেক পরিশ্রম করিয়া সাধন-ভজন করি বটে, কিন্তু ত আমাদের কোন সুফল উদয় হয় না। ইহার কারণানুসন্ধানে জানা যায় যে, শুদ্ধভজন না হওয়াই ইহার একমাত্র কারণ। শুদ্ধভজন করিলে তৎফলে শুদ্ধা ভক্তি লাভ হয় এবং শুদ্ধা ভক্তির ফলে ভগবানের সাক্ষাৎকার লাভ হইয়া থাকে। এতদ্ব্যতীত অন্য কোন উপায়ে ভগবৎপাদপদ্মপ্রাপ্তি ঘটে না। শ্রীমদ্ভাগবত বলিয়াছেন,—

ভক্ত্যাহমেকয়া গ্রাহ্যঃ শ্রদ্ধয়াত্মা
প্রিয়ঃ সতাম্।
ন সাধয়তি মাং যোগো ন
সাংখ্যং ধর্ম্ম উদ্ধব।
ন স্বাধ্যায়স্তপস্ত্যাগো যথা ভক্তির্মমোর্জ্জিতা॥

শাস্ত্রালোচনা, তীক্ষ্ণবুদ্ধি প্রভৃতি দ্বারা কেহ কখনও ভগবানকে লাভ করিতে পারে না। যাঁহারা ভগবানের শরণাপন্ন হন, তাঁহাকে যাঁহারা স্বীয় প্রভু বলিয়া বরণ করেন, ভগবান্‌ও তাঁহাদের নিকট আত্মবিক্রয় করেন। কেবল শাস্ত্র পড়িয়া বা সিদ্ধান্ত শুনিয়া কেহ ভগবৎকৃপা লাভ করিতে পারে না। সুতরাং জ্ঞানকর্ম্ম-প্রয়াস পরিত্যাগপূর্ব্বক ভগবানের শরণাপন্ন হওয়াই শুদ্ধভজনের মূল।

অনর্থযুক্তাবস্থা ও অনর্থমুক্তাবস্থা—এই দুই অবস্থায় ভজন হয়। ভজনে যতদিন অনর্থ থাকে, ততদিন ভজন অল্পবিস্তর অশুদ্ধ থাকে। সাধুসঙ্গে ভজন করিতে করিতে সাধুকৃপায় অনর্থ নিবৃত্ত হইলে ভজন শুদ্ধ হয়। জীবের অনর্থ চারিপ্রকার—স্বরূপভ্রম, অসত্তৃষ্ণা, হৃদয়দৌর্ব্বল্য ও অপরাধ। জীব স্বরূপতঃ কৃষ্ণদাস—ইহা না জানাই স্বরূপভ্রমরূপ প্রথম অনর্থ। এই অনর্থফলে নানারূপ উৎপাত আসিয়া উপস্থিত হয় বলিয়া ভজন শুদ্ধ হয় না। জীব কৃষ্ণের দাস, কৃষ্ণ জীবের প্রভু, বিশ্ব বিশ্বনাথের সেবার উপকরণ—এই তত্ত্বজ্ঞান না হইলে জীবের অস্থিরতা যায় না। জ্ঞানিগণ শুষ্কবৈরাগ্য, শাস্ত্রচর্চ্চা প্রভৃতি উপায় অবলম্বন পূর্ব্বক চিত্তশুদ্ধির আশা করেন। কিন্তু কৃষ্ণভক্তি না থাকায় তাঁহাদের মঙ্গল হয় না।

জ্ঞানী জীবন্মুক্ত-দশা পাইনু করি মানে।
বস্তুতঃ বুদ্ধি শুদ্ধ নহে কৃষ্ণভক্তি বিনে॥

যোগিগণ যম-নিয়ম আসন-প্রাণায়াম-সহকারে আত্মা-পরমাত্মার সংযোগ সাধন করেন, কিন্তু তাঁহারাও ভগবান্ শ্রীকৃষ্ণকে লাভ করিতে পারেন না। কর্ম্মিগণ কর্ম্ম-মার্গে নানা দেবদেবীর উপাসনা করিয়াও তাঁহাকে লাভে অসমর্থ হন। তাই শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন,—

জ্ঞান কর্ম্ম-যোগধর্ম্মে নহে কৃষ্ণবশ।
কৃষ্ণবশ হেতু এক—কৃষ্ণপ্রেমরস॥
কর্ম্মনিন্দা, কর্ম্মত্যাগ সর্ব্বশাস্ত্রে কহে।
কর্ম্ম হৈতে প্রেমভক্তি কৃষ্ণে কভু নহে॥

কর্ম্মজ্ঞানাদি পরিত্যাগ করিয়া সম্বন্ধজ্ঞানের সহিত ভজন করিলে শুদ্ধভজন হয়। জীব কৃষ্ণের দাস, কৃষ্ণ জীবের প্রভু, প্রেমই জীবের প্রয়োজন, প্রেমবলে কৃষ্ণলাভ হয় এবং ভক্তিফলেই প্রেম উৎপন্ন হয়—এই রূপ জ্ঞানই শুদ্ধসম্বন্ধাভিধেয়-প্রয়োজন জ্ঞান।

স্বরূপজ্ঞান না থাকিলে হরিভজন হয় না। 'হে কৃষ্ণ, আমি তোমার'—এই কথা একবার বলিয়া যে শরণগ্রহণ করে, তাঁহাকে কৃষ্ণ উদ্ধার করেন। শ্রীনামের এত কৃপা! শ্রীনামের ন্যায় শ্রীধামও বড় করুণাময়। শ্রীধাম আশ্রয় করিয়া ভজন করিলে ভজনে শীঘ্র উন্নতি হয়। কপট বা ভণ্ডামি থাকিলে শ্রীধাম আশ্রয় দেন না। কোনপ্রকার ফল-কামনার নামই কপট। সরল হইতে হইবে—অসঙ্গ হইতে হইবে—নিরপেক্ষ হইতে হইতে হইবে। সেবাকাম ব্যতীত অন্য কামনারহিত ব্যক্তিই নিরপেক্ষ, অসঙ্গ বা সরল। সর্ব্বক্ষণ গুরুবর্গের সহিত যুক্ত থাকা দরকার, নতুবা ভজন হইবে না। প্রাকৃত অভিমানই দম্ভ। দম্ভ ও কুটিলতা যদি না থাকে, তাহা হইলে সর্ব্বক্ষণ গুরু-বর্গের সহিত যুক্ত থাকা যায়। অভিনিবেশ বা শরণাগতিই কৃপার লক্ষণ। কৃপা হইলেই শ্রদ্ধা বা রুচি বাড়িবে। শ্রদ্ধা বা রুচি যদি না বাড়ে, তাহা হইলে কৃপার সহিত যোগযুক্ত হইতেছি না, বুঝিতে হইবে। নিজ হৃদয়কে পরীক্ষা করিয়া বেশ বুঝিতেছি যে কৃপা ত' পাই নাই। এখন উপায় কি? কাঁদিয়া কাঁদিয়া শ্রীগুরুনিত্যানন্দকে জানানই এই বিপদ্ হইতে নিষ্কৃতি পাইবার একমাত্র উপায়। যাহার কেহ নাই, তাঁহার নিত্যানন্দ প্রভু আছেন। তিনি দীনের বন্ধু—কাঙ্গালে একমাত্র আশ্রয়। যদি কাঙ্গাল হওয়া যায়, তবেই তাঁহাকে অন্তরের সহিত ডাকা যায়, নতুবা অন্য প্রার্থনা আসিয়া বাধা দেয়। শ্রীধাম, শ্রীভাগবত, শ্রীতুলসী, শ্রীগঙ্গা, শ্রীবৈষ্ণব—এই সকল তদীয় বস্তুর আশ্রয় করিতে হইবে। ইঁহাদের কৃপার আভাসেই মঙ্গল হইবে, যদি কুটিলতা না থাকে। এত কথা শুনিয়াও আমরা অকপটে কৃপা চাহিতে পারি না কেন বা আমাদের ভজনে উন্নতি হয় না কেন? ভজনে অগ্রসর হওয়া বা কৃপা চাওয়া চেতনের স্বভাব বা ধর্ম্ম। যেখানে উহা বাধাপ্রাপ্ত হইতেছে, সেখানে হয় মোহ, না হয় কৌটিল্য আছে। শ্রীনামের কাছে কাঁদিয়া কাঁদিয়া নিরন্তর হরিনাম করিলে শ্রীনামের কৃপায় সকল অসুবিধা কাটিয়া যাইবে। অনিত্য বস্তুর চিন্তা দ্বারা মোহ আসে। সৎসঙ্গ ও সৎচিন্তা দ্বারা ইহা হইতে নিষ্কৃতি হয়। সাধুসঙ্গ দ্বারা মঙ্গল হয় সত্য, কিন্তু সাধু চিনিব কি করিয়া? শ্রীগুরুদেব কি কৃপা করিয়া সাধু চিনাইয়া দিবেন? সাধুগুরুর কৃপাতেই সাধু চিনা যায়। শরণাগত না হইলে সাধুকে চেনা যায় না। সাধুর চরণে শরণাগত ব্যক্তিই সাধুকে চিনিতে পারেন। শ্রীশ্রীল আচার্য্য-দেবও বলিয়াছেন—শ্রীগুরুদেব ত' নিজেই সাধু—ভক্তশ্রেষ্ঠ। তাঁহাকে যদি বঞ্চনা না করি, তবে তিনি বঞ্চনা করিবেন না। আমি যদি অকপটে সেবা চাই, তবে সেবা পাইবই। কৃষ্ণকে দিতে পারেন বলিয়াই ত' তিনি গুরু। আমার যদি শরণাগতি থাকে, তাহা হইলে তিনি নিশ্চয়ই কৃষ্ণকে দিবেন। নিজকে দীন বলিয়া উপলব্ধি হইলে কৃপা পাওয়া যাইবে। শ্রীগুরুদেব ত' কৃষ্ণকে দিবার জন্যই—কৃপা করিবার জন্যই প্রস্তুত, কৃপা করাই ত' তাঁহার স্বভাব।

জীবের দ্বিতীয় অনর্থ অসত্তৃষ্ণা। অসত্তৃষ্ণা বহুবিধ। ভগবানের সেবা ব্যতীত যা কিছু বাঞ্ছা সবই অসত্তৃষ্ণা। অসত্তৃষ্ণা থাকিলে কোনক্রমেই ভজন শুদ্ধ হয় না। ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষবাঞ্ছা সবই অসত্তৃষ্ণা।

ভুক্তি-মুক্তি আদি বাঞ্ছা যদি মনে হয়।
সাধন করিলে প্রেম উৎপন্ন না হয়॥
অজ্ঞানতমের নাম কহিয়ে কৈতব।
ধর্ম্ম অর্থ-কামবাঞ্ছা আদি এই সব॥
তার মধ্যে মোক্ষবাঞ্ছা কৈতব প্রধান।
যাহা হৈতে কৃষ্ণভক্তি হয় অন্তর্দ্ধান॥

সামান্য প্রতিষ্ঠাশা বা ভোগলালসার বশবর্ত্তী হইয়া জীব কপটী হইয়া পড়ে। সেই সমস্ত দুরাশা বা ছাই-পাশের আশা ত্যাগ না করিলে শুদ্ধভজন কি করিয়া হইবে? প্রতিষ্ঠাশা চণ্ডালিনী যতদিন হৃদয়ে নৃত্য করে, ততদিন পবিত্র-স্বভাবা প্রেমদেবী তথায়

কিরূপে আসিবেন? অতএব বহুযত্নে ঐ কুআশা হৃদয় হইতে দূর করা কর্ত্তব্য। প্রতিষ্ঠা-বিষ্ঠা স্পর্শ না করাই ভাল—ইহাই শ্রীল সনাতন গোস্বামী প্রভুর উপদেশ।

হৃদয়দৌর্ব্বল্যই জীবের তৃতীয় অনর্থ। অসত্তৃষ্ণাবশতঃ জীব অসদ্বিষয়ে এইরূপ অভিনিবিষ্ট হইয়া পড়ে যে, সে কোনক্রমে ভক্তিসাধক কার্য্যগুলিকে আদর করিতে পারে না, ইহাই তাহার হৃদয়দৌর্ব্বল্য। এই অনর্থের ফলে অসৎসঙ্গে নানারূপ অসদালোচনা, কুটিনাটী ও বহির্ম্মুখাপেক্ষা প্রভৃতি বহু উৎপাতের সৃষ্টি হয়। হৃদয়দৌর্ব্বল্যজাত কুটিনাটী হইতে বৈষ্ণবে জাতিবুদ্ধিরূপ অপরাধ উপস্থিত হয়। নিজের জাতি বিদ্যা বা অন্যান্য অভিমানের ফলে বৈষ্ণব-অবজ্ঞা, তচ্ছবর্ণাশ্রিত ও তৎপদাশ্রয় প্রাপ্য হয় না। বৈষ্ণবে প্রীতির পরিবর্ত্তে অশ্রদ্ধা দিন দিন বৃদ্ধি হইয়া জীবকে অধঃপাতিত করে, তাহাতে ভজনচেষ্টা একেবারেই বিনষ্ট হয়।

কুটিনাটী ত্যাগ না করিলে কিছুতেই সেবাসুখ পাওয়া যায় না। হৃদয়দৌর্ব্বল্য-বশতঃ অনেক সময় ভজনপ্রতিকূল ক্রিয়া বা সঙ্গ ত্যাগ করা যায় না, অসৎকার্য্যে বা অসৎসঙ্গে ভক্তিদেবীর প্রতি অপরাধ জন্মে, তাহাতে ভজন বন্ধ হয়। অতএব বলবান্ সাধুর সঙ্গপ্রভাবে হৃদয়দৌর্ব্বল্য ত্যাগ করিয়া ভজনে উৎসাহ প্রকাশ এবং নিরপেক্ষতা রক্ষা করাই শুদ্ধভজনের সহায়। শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন,—

যত্নাগ্রহ বিনা ভক্তি না জন্মায় প্রেমে।
নিরপেক্ষ না হৈলে ধর্ম্ম না যায় রক্ষণে ॥

অপরাধই চতুর্থ অনর্থ। স্বরূপভ্রম হইতে অসত্তৃষ্ণা এবং অসত্তৃষ্ণার ফলে হৃদয়দৌর্ব্বল্য জন্মে। হৃদয়দৌর্ব্বল্য বৃদ্ধিপ্রাপ্ত হইয়া অপরাধে পরিণত হয়। অপরাধ জন্মিলে বহু সাধনেও ফল হয় না। সুতরাং বৈষ্ণবাপরাধ, সেবাপরাধ ও নামাপরাধ হইতে সকলেরই বিশেষ সাবধান থাকা দরকার। শাস্ত্র বলেন,—

সুখে ভব তারিতে যাহার চিত্ত ধরে।
সেজন কেবলমাত্র কৃষ্ণনাম করে ॥
বিনি কৃষ্ণনামে ভাই গতি নাহি আন।
বিনি কৃষ্ণ না ভজিলে নাহি পরিত্রাণ ॥
হেন কৃষ্ণনাম যদি লয় বহুবার।
তবু যদি প্রেম নহে, নহে অশ্রুধার ॥
তবে জানি তাহাতে অপরাধ প্রচুর।
কৃষ্ণনাম-বীজ তাহে না হয় অঙ্কুর ॥

অপরাধ পরিত্যাগ করিয়া কৃষ্ণনাম-শ্রবণ-কীর্ত্তন করিলে নামের ফলে প্রেমলাভ হয়। অন্যাভিলাষ, অন্য দেবপূজা ও স্বাধীন জ্ঞানকর্ম্ম-প্রয়াস পরিত্যাগ পূর্ব্বক অপরাধ-শূন্য হইয়া নাম করিতে পারিলেই শুদ্ধভজন হয় এবং শুদ্ধভজনের ফলস্বরূপ কৃষ্ণপ্রেম উদিত হয়। কৃষ্ণপ্রেম উদিত হইলেই কৃষ্ণসাক্ষাৎকার লাভ হইয়া থাকে।

———

শ্রীল প্রভুপাদের হরিকথা

——::[•]::——

বৈষ্ণবের দাস বলিয়া পরিচয় দিতে গিয়া আমাদের যে অহঙ্কারের উদয় হয়, তাহা হইতেও পরিত্রাণ পাওয়া আবশ্যক। যাঁহাদের হৃদয়ে "আমি বৈষ্ণব" এই বিচার আছে, তাঁহারা বৈষ্ণব নহেন। তাঁহাদের শ্রীগুরুপাদপদ্মশোভা দর্শন করিবার সৌভাগ্য হয় না। কেহ যদি মনে করেন, শ্রীগুরুদেব যখন বলিয়াছেন—"আমি অত্যন্ত অধম, আমি নীচজাতি, অধম চণ্ডাল মুঞি" তখন তাঁহার সত্যবাক্যে নিশ্চয়ই বিশ্বাস স্থাপন পূর্ব্বক আমিও তাঁহাকে "অধম চণ্ডাল", "নীচজাতি" প্রভৃতি বলিব বা মনে করিব। এইরূপ অক্ষজবিচার অনেকেরই হৃদয় অধিকার করায় উঁহারা বৈষ্ণব ও গুরুবর্গের স্বরূপদর্শনে বঞ্চিত হইয়া মহারৌরবের পথে চলিয়াছে।

যিনি শ্রীভগবান্ ও শ্রীগুরুদেবে অচলা শ্রদ্ধাবিশিষ্ট, তাঁহারই হৃদয়ে পরমার্থ-বিষয়ক সত্যবাক্য প্রকাশিত হয়। শ্রীগুরুদেব শ্রদ্ধাযুক্ত ব্যক্তিকে অর্থ প্রদান করেন, শ্রদ্ধাহীন ব্যক্তিকে বঞ্চনা করেন। কারণ, তত্ত্ববিচারী ব্যক্তির সেই সেই বিষয়ে যোগ্যতা আছে। শ্রীমদ্ভাগবত বলেন যে, অধোক্ষজ-সেবা ব্যতীত জীবের আর মঙ্গলের কোনও পথ নাই। "পরমসেব্যবস্তুর সেবা আমার গুরুদেব ব্যতীত আর কেহই করিতে পারেন না"—এই উপলব্ধির অভাব যেখানে, সেখানেই মানবজ্ঞান অন্য প্রকারের। যাঁহারা অন্য কথায় প্রমত্ত আছেন তাঁহাদের মঙ্গলের সম্ভাবনা কোথায়?

শ্রীভগবান্ অধোক্ষজ বস্তু। তাঁহার সেবা ব্যতীত জীবের আর শ্রেষ্ঠধর্ম্ম নাই বা হইতে পারে না। "অধোক্ষজ বস্তুর সেবা" কথাটীতেই গোলমাল বাধিতেছে। প্রকৃত গুরুর নিকট প্রকৃতপক্ষে গমন না করিয়া "আমরা গুরুর নিকট দীক্ষালাভ করিয়াছি" এই কপট অভিমান হইতেই যাবতীয় অনর্থ উপস্থিত হইয়াছে। শ্রীগুরুদেবের নিকট দীক্ষা অর্থাৎ দিব্যজ্ঞান লাভ করিবার পর ইতর-বিষয়ে অভিনিবেশ কি প্রকারে থাকিতে পারে? আত্মম্ভরি ব্যক্তিগণই সত্য সত্য গুরুর নিকট না গিয়া অর্থাৎ দিব্যজ্ঞান লাভ বা সম্বন্ধজ্ঞানযুক্ত না হইয়াই গুরুর নিকট দীক্ষা লাভ করিয়াছি—এইরূপ নিরর্থক-বাক্য বলিয়া থাকে। আমরা গুরু-দেবকে 'গুরু'জ্ঞান না করিয়া কার্য্যতঃ আমাদের শিষ্য বা শাসন-যোগ্য বস্তুতে পরিণত করি, নিজ ভোগ্য বা অক্ষজ-জ্ঞানগম্য মনে করিয়া বৈষ্ণবাপরাধে পতিত হই। আমরা "দীক্ষা লাভ করিয়াছি" মনে করিয়া ইন্দ্রিয়তৃপ্তির জন্য ব্যস্ত হই ও মাদকদ্রব্যাসক্তি, মৎস্য, মাংস, দ্যূত, পান স্ত্রী, সুনা, প্রতিষ্ঠা ও অর্থসংগ্রহের স্পৃহা আমাদিগকে নাকে দড়ি দিয়া চতুর্দ্দিকে ঘুরাইতে থাকে।

"আত্মার নিত্য বৃত্তি" সম্বন্ধে আলোচনা করিতে হইলে আমাদিগকে সর্ব্বপ্রথমে "আত্মা" কাহাকে বলে তদ্বিষয়ে অভিজ্ঞান লাভ করা আবশ্যক। "আত্মা" শব্দের অর্থ "আমি"। এই 'আত্মা' বা 'আমি'র বিচার করিতে গিয়া প্রথমমুখে বহির্জগতের জীবের বিচার এই হয় যে, এই পরিদৃশ্যমান ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোমনির্ম্মিত স্থূলদেহই "আমি"। 'স্থূলদেহ-ই আমি' ইহা অনুভূতিতে আসিলে আমরা স্থূলশরীরকে নানা-প্রকারে সাজাইয়া থাকি, ভাল খাওয়া-দাওয়া থাকার জন্য ব্যস্ত হই। "শরীরমাদ্যং খলু ধর্ম্ম সাধনম্" ইহাই তখন আমাদের বৃত্তি বা ধর্ম্ম হইয়া পড়ে।

যখন আমরা কেবলমাত্র স্থূল শরীরকেই 'আমি' মনে না করিয়া স্থূলশরীরের মধ্যে যে একটু চেতনের বৃত্তি আছে অর্থাৎ স্থূল শরীর ও সূক্ষ্মশরীরের মিশ্রভাবকে বা চিদাভাসকে যখন আমাদের 'আত্মা' বলিয়া মনে হয়, তখন আমরা সূক্ষ্মশরীরকেই 'আমি' বলিয়া বিচার করি এবং নানাপ্রকার বাহ্য-ক্রিয়াকলাপাদির দ্বারা সূক্ষ্মশরীরের উন্নতি-বিধানকল্পে যত্ন করিয়া থাকি। তখন আমাদের বিচার উপস্থিত হয়—কেবল নিজ স্থূলশরীরেই 'আমিত্ব' আবদ্ধ না রাখিয়া ঐ 'আমিত্ব'কে কিছু বিস্তার করা যাউক। তখন আমরা ভাবি, জগৎ বিশাল করা কর্ত্তব্য, পরোপকারব্রত, জগদ্বাসীর স্থূলশরীরের উপকার, স্থূলশরীরের সেবা-শুশ্রূষা ও রক্ষার জন্য দাতব্যচিকিৎসালয়, সেবাশ্রম প্রভৃতি খোলা আবশ্যক, সমাজসংস্কার করা কর্ত্তব্য, দেশের স্বাধীনতা লাভ দরকার, সত্যকথা বলা কর্ত্তব্য, পাঁচটা লোককে খাওয়ান-দাওয়ান একটা ভাল কাজ, সামাজিক বিধি বিধান করা কর্ত্তব্য, অশান্তি নিবারণ করা আবশ্যক, নীতিপরায়ণ হওয়া উচিত, সূক্ষ্ম-শরীরের উন্নতি, পরিপুষ্টি এবং তোষণের জন্য বিদ্যাভ্যাস, কাব্য, ব্যাকরণ, অলঙ্কার বা শাস্ত্রাদির আলোচনা আবশ্যক—এইরূপ নানা-প্রকার ক্রিয়াকলাপ তখন আমাদের বৃত্তি বা স্বভাব হইয়া পড়ে। যখন আমরা স্থূল ও সূক্ষ্মশরীরকেই 'আত্মা' বলিয়া মনে করি, তখন ঐ সকল ক্রিয়াকলাপই আমাদের নিত্য বৃত্তি বলিয়া মনে হয়। কিন্তু শ্রুতি ও তদনুগ স্মৃত্যাদি শাস্ত্রে স্থূল ও সূক্ষ্ম-শরীর 'আত্মা' বলিয়া উল্লিখিত হয় নাই।

স্থূল ও সূক্ষ্মশরীর দুইটী উপাধি বা 'অনাত্মবস্তু'। আত্মা—অবিনাশী, অপরি-বর্ত্তনশীল, দেহ ও মন পরিবর্ত্তনশীল। মনের ধর্ম্মে পরস্পর বিবাদ বিসম্বাদ ও প্রণয় বিরাজিত। স্বার্থসিদ্ধি অর্থাৎ ইন্দ্রিয়-তর্পণের ব্যাঘাত হইলেই বিবাদ এবং ইন্দ্রিয়তর্পণের ব্যাঘাত না হইলেই প্রণয়। প্রতিমুহূর্ত্তে আমরা দেহ এবং মনের পরিবর্ত্তন লক্ষ্য করি। প্রতিমুহূর্ত্তে দেহ-পরমাণুসমূহ পরিবর্ত্তিত হইতেছে। নবপ্রসূত শিশুর দেহ, পঞ্চমবর্ষীয় বালকের দেহ, যুবার দেহ, প্রৌঢ়ের দেহ, বৃদ্ধের দেহ পরস্পর পৃথক্। আমাদের মনের অবস্থাও প্রতিমুহূর্ত্তে পরিবর্ত্তিত হইতেছে। প্রাতঃকালের মন, মধ্যাহ্নের মন, প্রদোষের মন, রাত্রিকালের মন এবং নিশীথের মনের অবস্থায় পরস্পর ভেদ। এই স্থূল ও সূক্ষ্ম উপাধিদ্বয় 'আমি'-বস্তুকে আবরণ করিয়া আর কিছু প্রদর্শন করিতেছে। আমরা যদি ধান্যক্ষেত্রে ধান্যের সহিত সম্বর্দ্ধিত শ্যামাঘাস ও মুস্তক প্রভৃতি আগাছা-গুলিকে দূর হইতে 'ধান্যক্ষেত্র' বলিয়া নির্দ্দেশ করি, তাহা হইলে উহার দ্বারা যথার্থ বস্তুর নিরূপণ হইল না। ধান্যক্ষেত্র হইতে আগাছা উৎপাটন করিলে উহাকে 'ধান্যক্ষেত্র' বলিবার সার্থকতা হইবে।

অচেতন ও চেতনের বৃত্তির একত্র সমাবেশ হওয়া বর্ত্তমানে মিশ্রচেতন ভাবকে আমরা অনেক সময় আমি বলিয়া মনে করি, কিন্তু চেতন স্বতঃকর্ত্তৃত্ব-ধর্ম্ম-বিশিষ্ট। যদি মনই আমি হই, তাহা হইলে ত' মন—'আমি যাহা নই' তাহা আমাকে মনে করাইতেছে কেন? মন ত' চেতনের আলোচনা করে না, মন ত' সর্ব্বদা অচেতন-বস্তুদর্শনে নিজকে নিযুক্ত করিয়া রাখে। মন—কেবল চেতন-ধর্ম্ম-বিশিষ্ট নহে, অচেতন-ধর্ম্মের সহিত সম্যক্ সংমিশ্রণে কেবলচেতন-ধর্ম্মযুক্ত বস্তুদর্শনে অসমর্থ। "আত্মা কখনও অনাত্মার অনুশীলন করে না। আত্মবস্তু—নিত্যবস্তু, অপরিণামী বস্তু। মনই যদি আত্মা বা নিত্যবস্তু হইত, তাহা হইলে আমি এক সময় মূর্খ, এক সময়ে পণ্ডিত, এক সময়ে নিদ্রিত, এক সময় জাগরিতই বা হই কেন? আত্মার ত' কখনও অচেতন বৃত্তি নাই।

আত্মার বৃত্তি একমাত্র পরমাত্মার অনুশীলন। আত্মবৃত্তিতে অন্য কোন প্রকার ব্যাপার নাই। চেতনের বৃত্তি বা ধর্ম্মের অপব্যবহারহেতু পরমাত্মা ব্যতীত অন্যবস্তুতে মনোভিনিবেশ আমাদের আত্মার বৃত্তি সুপ্ত হইয়া রহিয়াছে। 'আত্মার বৃত্তি সুপ্ত' - এ কথাও ঠিক নয়। কারণ চেতনের বৃত্তি কখনও সুপ্ত থাকে না।

বিষ খাইয়া মরিয়া যাওয়া অনেক গুণে শ্রেষ্ঠ, তথাপি বিষয়ী ও যোষিৎসঙ্গীর সঙ্গ করা ভাল নহে। যাহারা হরিসেবক নহে, তাহারাই যোষিৎসঙ্গী। ভোগপ্রবৃত্তি বিষয় গ্রহণই যোষিৎসঙ্গ। হরিসেবা বিমুখ বিষয়ীর মঙ্গলের জন্য তাঁহাদের নিকট ভিক্ষা মাধুকরী গ্রহণ বিষয়িসঙ্গ বা যোষিৎসঙ্গ নহে। যাঁহারা বিষয়ী ও যোষিৎসঙ্গ করিয়া হরিসেবা পরিত্যাগ করেন তাহারা তাঁহাদের প্রচ্ছন্ন যোষিৎসঙ্গ ও বিষয়সঙ্গই হইয়া থাকে।

———

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীমধুসূদন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৭১১৫
সেবক—শ্রীভারতবর্দ্ধন দাস ভক্তিশাস্ত্রী বি এল

শ্রীযোগপীঠ শ্রীমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকুঞ্জবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীচৈতন্য ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীবঙ্কবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীহরেরাম ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অপূর্ব্ব কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীমহৎকৃপা ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীধামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅনুগানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
লোকনাথপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়-আসন
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুঁড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীদীনদয়াল ব্রজবাসী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশ্রবদবান্ধবশ্রীবিগ্রহ বিদ্যারত্ন বি এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীভক্তিভূষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাপাংবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরাসিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীচৈতন্যশরণ দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা মথুরা
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেখশাখী
পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণধাম বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীযদুমণি দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাজবাঁধ, বর্দ্ধমান
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ভুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাঙ্কেষ্টার রোড, হাউড্ গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা।
সেবক—শ্রীগৌরেন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুশ রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅভয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরাবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীভক্তিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীমনীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতি লাইনে	।০	।৶০	।৶০	।০
" " ইঞ্চি	২৲	১।০	১।০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতি ইঞ্চি	৬৲	৪।০
সিকি কলম	১৫৲	১২৲
অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান - শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক আখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্র সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা।

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ বঙ্গানুবাদসহ মায়াপুর শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ শরণাগতির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ॥০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

					শনিবার ব্যতীত			
					শনিবার	অন্য দিন		
কলিকাতা ছাঃ	৪-৫৬	৬-২১	৭-১৪	১৩-১৬	১৫-১৬	১৬-৫৬	১৭-৫৬	২০ ২৬
দমদম „	৪-৫৬	৬-৩১	৭-২৮	১৩ ২৯		...	১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯-১৮	১৪ ৫০	১৬-৭৮	১৮-৩১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ	..	..	৯-৩১	..	...	.	...	.
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৯	৮ ৪০	১০-৬	১৫-৭৮	১৭-৩১	১৯-১৫	২০ ২০	১-১০

লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-১৬	১৪ ৫০	১৭-৪০	২০-৩০
মহেশগঞ্জ ”	৭ ৪৫	১০-৫১	১১-২৫	১৮-১৫	২১-৫
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫ ৩৩	১৮-২৩	২১-১৩

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম”	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
” ছাঃ	১২-৫৬
শান্তিপুর পৌঃ	১৩-২৪
(বদল) ছাঃ	১৩ ৪২ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩৩

ডাউন

					শনিবার ব্যতীত			
					অন্য দিন	শনিবার		
নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪		৯-১২		১৬-৭	১৬-৩১	১৮-৩৮	
মহেশগঞ্জ ”	৬-২৩		৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৭		৯-৫৫		১৬-৪৬	১৭-১৪	১৯-২১	
(বদল) ছাঃ	৩-৩১	৭-১০	৮-৫২	১১-২৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪-১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৭৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	..	..	...		১৫-৫৬	১৭-৪২		.
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১ ২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-২৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯ ২৬	২১-৪০	২৩-১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪ ১
মহেশগঞ্জ ”	১৪-১০
কৃষ্ণনগর পৌঃ	১৪-৭৪
ছাঃ	১৫-৩২
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫২
” ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভি সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। স সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভি সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথ প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারা জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণ সকলেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মঠবাসী সভ্যবৃন্দ যে সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগবিরুদ্ধসিদ্ধান্তদলনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রা গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ ঐ সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——::•::——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্র ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর, হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্র হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখানহইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নাম প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র বলিয়াই ইহার কাটতিও অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয়। ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকা স্বতন্ত্র

:—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

বেহালা, ২৪ পরগণা

টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

Regd No. C. 1544

শ্রীশ্রীভক্তিরত্নমালা
—:০:—
শ্রীল নারায়ণদাস ভক্তি-সুধাকর এম-এ সঙ্কলিত। এই গ্রন্থ কথাসার, বিস্তৃত ভূমিকা ও সূচীসহ অতি সুন্দর-রূপে প্রকাশিত হইয়াছে। ঈশ, কেন, কঠাদি দ্বাদশ উপনিষদের অভিনব সংস্করণ ভিক্ষা মাত্র ১৷৷০ টাকা।
প্রাপ্তিস্থান—
মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—ওয়ারী, ঢাকা

দৈনিক নদীয়াপ্রকাশ

'THE DAILY NADIA PRAKASH'

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীচৈতন্যদেব
—:০:—
স্বয়ং ভগবান শ্রীচৈতন্য-মহাপ্রভুর জীবনী ও শিক্ষার কথা সুন্দরভাবে ইহাতে লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট কাগজে সুন্দর বাঁধাই।
৩য় সংস্করণ : ভিক্ষা ১৷৷০
প্রাপ্তিস্থান
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

১৬শ খণ্ড] শ্রীমায়াপুর,—১৯শে আষাঢ় ১৩৪৮ ; ৩রা জুলাই, ১৯৪১, বৃহস্পতিবার [১০০তম সংখ্যা

বিবিধ-সংবাদ

——:০:(০):০:——

ভৈরব ষ্টেশনে ট্রেণ-দুর্ঘটনা

গত ২২শে জুন রাত্রিতে আসাম বেঙ্গল রেলওয়ের ভৈরব ষ্টেসনে অসতর্কভাবে এঞ্জিন চালাইবার ফলে একটি যাত্রীবাহী গাড়ীর বহু যাত্রী আহত হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। এই দুর্ঘটনার ফলে ব্রাহ্মণবাড়ীয়ার প্রবীণ মোক্তার মৌলবী নাজিরউদ্দিন আহম্মদও গুরুতরভাবে আহত হইয়াছেন। তিনি এখন ব্রাহ্মণবাড়ীয়া হাসপাতালে অবস্থান করিতেছেন।

———

উত্তর কলিকাতায় দুর্ঘটনা

গত বৃহস্পতিবার বেলা বারোটায় বড়বাজার অঞ্চলের রাজা উডমণ্ড ষ্ট্রীটস্থ একটি বাড়ীর অংশ ধ্বসিয়া যাওয়ার ফলে ঐ বাড়ীর ২৮ বৎসর বয়স্ক একটি যুবক আহত হইয়াছে। যুবকটি পাঞ্জাবী বলিয়া প্রকাশ। স্থানীয় পুলিশ এই সংবাদ পাইয়া অবিলম্বে ঘটনাস্থলে উপস্থিত হয় ও আহত ব্যক্তিকে মেয়ো হাসপাতালে স্থানান্তরিত করে। কিন্তু কিছুক্ষণ পরই সে মারা যায়।

———

দোকান বন্ধ রাখার দিনের পরিবর্ত্তন

নিম্নলিখিত মর্ম্মে একখানি ইস্তাহার প্রকাশিত হইয়াছে।

"১৯৪১ সালের বঙ্গীয় দোকান কর্ম্মচারী আইনের ৯নং ধারায় বিধান করা হইয়াছে যে, প্রত্যেক দোকানদারকে ফরম 'এ' অনুযায়ী এক বিজ্ঞপ্তিতে তাঁহাদের দোকান সপ্তাহে কোন্ দিন অর্দ্ধ দিবস ও কোন্ দিন সম্পূর্ণরূপে বন্ধ থাকিবে উহা দোকানের কোন প্রকাশ্য স্থানে টাঙ্গাইয়া রাখিতে হইবে এবং এই বিজ্ঞপ্তির একখানি নকল বঙ্গীয় দোকানসমূহের চীফ ইন্সপেক্টরের নিকট প্রেরণ করিতে হইবে। তিন মাসের মধ্যে দোকান বন্ধ রাখার দিনের কোন পরিবর্ত্তন করা চলিবে না এবং তিন মাস পরে এই সম্পর্কে কোন পরিবর্ত্তন করা হইলে উহা অবিলম্বে চীফ ইন্সপেক্টরকে জানাইতে হইবে। দোকানদারদের অবগতির নিমিত্ত জানান যাইতেছে যে, যাঁহারা দোকান বন্ধ রাখার দিনের কোনরূপ পরিবর্ত্তন করিবেন, মাত্র তাঁহাদিগকে পুনরায় চীফ ইন্সপেক্টরকে দোকান বন্ধ রাখার দিন জানাইতে হইবে। যাঁহারা কোনরূপ পরিবর্ত্তন করিবেন না তাঁহাদের নূতন করিয়া আর চীফ ইন্সপেক্টরকে কিছু জানাইতে হইবে না।

———

বালীগঞ্জে মোটর-দুর্ঘটনা

গত বুধবার বিকালে সাদার্ণ এভিনিউ ও লেক রোডের সংযোগস্থলে এক ভীষণ মোটর দুর্ঘটনা হইয়া গিয়াছে। এই দুর্ঘটনায় মিঃ ডি পি খৈতানের পত্নী ও শান্তিনিকেতনের অধ্যাপক ক্ষিতিমোহন সেনের কন্যা শ্রীমতী রেণু দাসগুপ্ত আহত হইয়াছেন।

মিঃ খৈতানের পত্নীর আঘাত অত্যন্ত গুরুতর। তাঁহার মাথার খুলি এবং অংসাস্থি ভাঙ্গিয়া গিয়াছে। শ্রীমতী দাসগুপ্ত মাথায় আঘাত পাইয়াছেন।

বিকালে শ্রীমতী দাসগুপ্ত তাঁহার তিন কন্যাসহ এক আত্মীয়ের বাড়ী হইতে ফিরিতেছিলেন। গাড়ীখানি যখন উক্ত সংযোগস্থলে মোড় দিতেছিল, তখন মিসেস খৈতানের গাড়ীর সহিত ধাক্কা লাগে। এই গাড়ীখানি টালিগঞ্জ হইতে আসিতেছিল. উহার ফলে মিসেস খৈতানের গাড়ীখানি উল্টাইয়া যায়। শ্রীমতী দাসগুপ্তের গাড়ীখানির খুব ক্ষতি হয়য়াছে। মিসেস খৈতানের গাড়ীর ড্রাইভার সামান্য আহত হয়য়াছে। শ্রীমতী দাসগুপ্ত ও তাঁহার দুই কন্যা আহত হইয়াছে। ড্রাইভারও আহত হইয়াছে। মিসেস খৈতানকে অজ্ঞান-অবস্থায় মন্ত্রী নবাব মোশারফ্ হোসেনের গাড়ীতে তাঁহার বাড়ীতে লইয়া যাওয়া হয়। শ্রীমতী দাসগুপ্ত ও তাঁহার কন্যাগণকে শম্ভুনাথ হাসপাতালে লইয়া যাওয়া হয়। তথা হইতে তাঁহাদিগকে বাড়ীতে লইয়া আসা হয়।

———

সন্তরণের সময় জলমগ্ন

মেসার্স কাওয়াজী এণ্ড সন্স-এর ছোট তরফের অংশীদার মিঃ হীরজিভাই ফকিরজী কাওয়াজী বাথ দ্বীপের সাগরে জলমগ্ন হয়য়াছেন।

মৃতের বয়স ৩৫ বৎসর হইয়াছিল। অন্য দুইটি সঙ্গীর সহিত বাথ দ্বীপের সাগরে সন্তরণ করিবার সময় তিনি স্রোতে ভাসিয়া যান। তাঁহার বন্ধুদ্বয়ের উদ্ধার-চেষ্টা সত্ত্বেও তিনি রক্ষা পান নাই।

———

মৌলবীবাজারে উপর্য্যুপরি তিনবার বন্যা

মৌলবীবাজার অঞ্চলে ক্রম ধরে তিনবার বন্যার ফলে চাষীদের দুর্দ্দশা চরমে উঠিয়াছে। তাহারা তিনবার চাষ করিয়া হাতে পাতে যা ছিল সবই শেষ করিয়াছে। বর্ত্তমানে অনেকেই দুইবেলা আহার করিতে পারিতেছে না। জল উঠার ফলে সমস্ত রাস্তাঘাট একেবারে বন্ধ। কোন প্রকার যানবাহন চলাচল করিতে পারিতেছে না। ইহাতে মোটর গাড়ীর মালিকগণ বিশেষ ক্ষতিগ্রস্ত হইয়াছে।

———

কতকগুলি প্রাচীন প্রস্তর মূর্ত্তি

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের আশুতোষ মিউজিয়াম সম্প্রতি উত্তরবঙ্গের বিভিন্ন স্থান হইতে কতকগুলি মূল্যবান প্রত্নতাত্ত্বিক প্রস্তরমূর্ত্তি সংগ্রহ করিতে সমর্থ হইয়াছেন। এগুলির মধ্যে "গরুড় বিষ্ণু" মূর্ত্তি অন্যতম। মূর্ত্তিটি ৩ ফিট এক ইঞ্চি দীর্ঘ এবং ১ ফুট ৮ ইঞ্চি প্রস্থ। এইরূপ মূর্ত্তি বাঙ্গলাদেশে দুষ্প্রাপ্য। পণ্ডিতগণ এই মূর্ত্তিখানি খ্রীষ্টীয় নবম শতকের বলিয়া স্থির করিয়াছেন। "গৌরী পার্ব্বতী' মূর্ত্তিখানির মধ্যস্থলে পার্ব্বতীদেবী দণ্ডায়মানা এবং নিম্নদিকে উভয় পার্শ্বে কলাগাছের উপরে "গণেশ" ও "স্কন্দের" চিত্র অঙ্কিত রহিয়াছে। এই মূর্ত্তিখানি একাদশ শতকের। 'নবমাতৃকা" মূর্ত্তিখানিও একাদশ শতকের বলিয়া স্বীকৃত হইয়াছে। এই তিনখানি মূর্ত্তিই দিনাজপুর জেলার পল্লীঅঞ্চল হইতে সংগৃহীত।

রাজসাহী ভোলানাথ হিন্দু একাডেমীর সহকারী হেড মাষ্টার শ্রীযুক্ত প্রসন্নকান্ত সান্যাল মহাশয়ের নিকট হইতে উপহারস্বরূপ প্রাপ্ত 'বামন অবতারের' মূর্ত্তিখানিও খুব দুষ্প্রাপ্য—এখানি একাদশ শতকের।

করাচীতে বিমান-দুর্ঘটনা

করাচী হইতে প্রায় পঞ্চাশ মাইল দূরে ঝিম্পির নামক স্থানে একটি বিমান ধ্বংস হয়য়াছে। দুইজন বৈমানিক চালক আহত হইয়াছে। আহত ব্যক্তিদ্বয়কে করাচীতে লইয়া আসা হইয়াছে।

———

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলা প্রবিষ্ট মহামহোপদেশক আচার্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম-এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং পরিপক্ব লেখনীর অমৃত ফল আস্বাদ। করুণা একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। ৮২।৮ বিরাট আকারের এ অদ্বিতীয় গ্রন্থ নানা ৬১৭ বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্ত্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গ্রথিত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা ঠাকুরের আলেখ্য ভূমিকা ও সূচীসহ অদ্ভুতপূর্ব্ব সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণরূপে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৶০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;
শ্রীযুক্ত সুশান্তরঞ্জন রায় এম-এ, বি-এল,
পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—২৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

বিজ্ঞাপন

'মেডিকেল ডিগ্রী' সংগ্রহ করুন

অ্যালোপ্যাথিক হোমিওপ্যাথিক, ইউনানী,
বিষয়াদি প্রভৃতি পরীক্ষা ঘরে বসিয়া দিন।
বিনা খরচে প্রস্পেক্টাস ফ্রী। ইংরাজী কিম্বা
উর্দ্দু ভাষায় পত্র ব্যবহার করিবেন।

প্রিন্সিপ্যাল ওল্ড ইণ্ডিয়ান
মেডিক্যাল কলেজ
আম্বালা সিটি

শুদ্ধভক্তিগ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪০
২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
৩। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৭৲
৪। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০
৯। জৈবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয়-সংস্করণ) ॥০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। দ্বাদশ আলবর ॥০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৶০
২১। গৌড়ীয়সাহিত্য ।৶০
২২। ভজন রহস্য ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী-টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল মাধ্বভাষ্য ॥০
২৭। যুক্তিমল্লিকা গুণসৌরভঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৶০ বাঁধা ৸০)
৩০। দ্বীপ-দিগ্দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৶০
৪১। গীতাবলী ৵১০
৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা ৸০
৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২।০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক ৵১০
৪৬। অর্থপঞ্চক ৵১০
৪৭। সদাচারস্মৃতিঃ ৵১০
৪৮। কল্যাণকল্পতরু ৵১০
৪৯। অর্চ্চনকণ ৴০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ॥০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। সূক্ষ্মার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৴০
৬০। সাংখ্যবাণী ৴০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২॥০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ॥০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৫। সটীকা-শিক্ষাদশমূলম্ ।০
৬৬। তত্ত্বসূত্রম্ ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ ৴০
৬৯। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥০
৭১। এ কিউ ওয়ার্ড্স্ অন বেদান্ত ॥০
৭২। নামভজন ৴০
৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অণ্টলজি ॥০
৭৪। রিলেটীভ ওয়ার্ল্ড্স্ ।৶০
৭৫। লাইফ য়্যাণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০
৭৬। বৈষ্ণবীজম্ ॥০
৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴০
৭৮। দি ভাগবত ।০
৭৯। ইবোরাটক প্রিন্সিপাল এণ্ড আনয়্যালয়েড ডিভোশন ।০
৮০। ব্রহ্মসংহিতা ॥০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৬৲
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০
৮৫। সাধনপথ ॥০
৮৬ কল্যাণকল্পতরু ৵১০
৮৭। গীতাবলী ৵১০
শরণাগতি ৴০
৮৯। শ্রীসচ্চিদানন্দবাণী ।৶০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ॥০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ।০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

সত্যের কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অপূর্ব্ব কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিস্তৃত ভাষ্যসহ প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৵০

প্রাপ্তিস্থান — শ্রীযোগপীঠ-শ্রীমন্দির পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও পদ্যাদি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৸০ মাত্র

প্রাপ্তিস্থান— শ্রীযোগপীঠ-শ্রীমন্দির পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ২৯ বামন, গৌরাব্দ ৪৫৫, ১৯শে আষাঢ়, বঙ্গাব্দ ১৩৪৮; ৩রা জুলাই ইং ১৯৪১, বৃহস্পতিবার { ১০০তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৪ বামন, আদি কায়লোদশায়ী গৌরাব্দ ৪৫৫

দশমূল-নির্য্যাস

(ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুর বিরচিত)

——::০::——

আম্নায়ঃ প্রাহ তত্ত্বং হরিমিহ পরমং
সর্ব্বশক্তিং রসাব্ধিং
তদ্ভিন্নাংশাংশ্চ জীবান্ প্রকৃতি-কবলিতান্
তদ্বিমুক্তাংশ্চ ভাবাৎ।
ভেদাভেদ প্রকাশং সকলমপি হরেঃ
সাধনং শুদ্ধভক্তিং
সাধ্যং তৎপ্রীতিমেবেত্যুপদিশতি জনান্
গৌরচন্দ্রঃ স্বয়ং সঃ॥

সেই শ্রীগৌরচন্দ্রকে আমি ভজন করি, যিনি এইপ্রকার শিক্ষা দিয়াছেন। শিক্ষার প্রকার-এই যে, আম্নায় অর্থাৎ বেদই একমাত্র প্রমাণ। সেই বেদ আমাদিগকে নয়টি প্রমেয়-অর্থাৎ বিষয় শিক্ষা দেন।

প্রথম বিষয়ঃ শ্রীহরিই একমাত্র পরম-তত্ত্ব। নবজলদকান্তি সচ্চিদানন্দ-বিগ্রহ শ্রীকৃষ্ণই হরি-শব্দের বাচ্য। উপনিষদ্‌গণ যাঁহাকে ব্রহ্ম বলেন, তিনি শ্রীহরির চিদ্বিগ্রহের প্রভামাত্র। শ্রীকৃষ্ণ হইতে তিনি পৃথক্ তত্ত্ব নন। যোগিগণ যাঁহাকে পরমাত্মা বলেন, তিনি শ্রীহরির সেই অংশ, যাঁহার ঈক্ষণে অর্থাৎ দৃষ্টিমাত্রে প্রকৃতি এই চরাচর বিশ্ব সৃষ্টি করিয়াছেন। সুতরাং শ্রীহরিই একমাত্র প্রভু এবং ব্রহ্মাদি সকলেই তাঁহার দাস।

দ্বিতীয় বিষয়ঃ—সেই শ্রীহরি সর্ব্বশক্তি-সম্পন্ন। হরি হইতে অভিন্ন হরির একটি অচিন্ত্য পরা শক্তি আছেন। তিনি অন্তরঙ্গারূপে চিচ্ছক্তি, বহিরঙ্গারূপে মায়াশক্তি এবং তটস্থা-রূপে জীবশক্তি। চিচ্ছক্তিদ্বারা বৈকুণ্ঠাদি তত্ত্ব, মায়াশক্তিদ্বারা অনন্তকোটি ব্রহ্মাণ্ড এবং জীবশক্তিদ্বারা অনন্তকোটি জীব সৃষ্টি করিয়াছেন। সেই পরা শক্তির সন্ধিনী, সম্বিৎ ও হ্লাদিনীরূপ তিনটি প্রভাব।

তৃতীয় বিষয়ঃ—সেই শ্রীকৃষ্ণ হরিই অখিল-রস-সমুদ্র। শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর —এই পঞ্চবিধ রস। সকল রসের মধ্যে মধুর রসই সর্ব্বশ্রেষ্ঠ। শ্রীকৃষ্ণের ব্রজলীলায় সেই মধুর-রসের বিশুদ্ধভাবে নিত্য অবস্থান। চতুঃষষ্টি গুণে শ্রীকৃষ্ণ দেদীপ্যমান; যথা— (১) সুরম্যাঙ্গ, (২) সর্ব্বসল্লক্ষণযুক্ত, (৩) সুন্দর, (৪) মহাতেজা, (৫) বলবান্, (৬) কিশোরবয়সযুক্ত, (৭) বিবিধ অদ্ভুত-ভাষাজ্ঞ, (৮) সত্যবাক্, (৯) প্রিয়বাক্যযুক্ত, (১০) বাক্‌পটু, (১১) সুপণ্ডিত, (১২) বুদ্ধিমান্, (১৩) প্রতিভাযুক্ত, (১৪) বিদগ্ধ, (১৫) চতুর, (১৬) দক্ষ, (১৭) কৃতজ্ঞ, (১৮) সুদৃঢ়ব্রত, (১৯) দেশ-কাল-পাত্রজ্ঞ, (২০) শাস্ত্রদৃষ্টিযুক্ত (২১) শুচি, (২২) বশী, (২৩) স্থির, (২৪) দমনশীল, (২৫) ক্ষমাশীল, (২৬) গম্ভীর, (২৭) ধৃতিমান্, (২৮) সম, সৌম্যচরিত, (২৯) বদান্য, (৩০) ধার্ম্মিক, (৩১) শূর, (৩২) করুণ, (৩৩) মানদ, (৩৪) দক্ষিণ, (৩৫) বিনয়ী, (৩৬) লজ্জাযুক্ত, (৩৭) শরণা-গত-পালক, (৩৮) সুখী, (৩৯) ভক্তবন্ধু, (৪০) প্রেমবশ্য, (৪১) সর্ব্ব-শুভঙ্কারী, (৪২) প্রতাপী, (৪৩) কীর্ত্তিমান্, (৪৪) লোকানুরক্ত, (৪৫) সাধুদিগের সমাশ্রয়, (৪৬) নারীমনোহারী, (৪৭) সর্ব্বারাধ্য, (৪৮) সমৃদ্ধিমান্, (৪৯) শ্রেষ্ঠ ও (৫০) ঐশ্বর্য্যযুক্ত—এই পঞ্চাশটি গুণযুক্ত। এই পঞ্চাশটি গুণ বিন্দু-বিন্দুরূপে সর্ব্বজীবে আছে, কিন্তু পরিপূর্ণ-সমুদ্ররূপে কৃষ্ণে বর্ত্তমান। এই পঞ্চাশের উপর আর পাঁচটি মহাগুণ কৃষ্ণে পূর্ণরূপে আছে এবং অংশে শিবাদি দেবতায় বর্ত্তমান। (১) সর্ব্বদা স্বরূপসংপ্রাপ্ত, (২) সর্ব্বজ্ঞ, (৩) নিত্যনূতন; (৪) সচ্চিদানন্দঘনীভূতস্বরূপ, (৫) অখিল-সিদ্ধি-বশকারী অতএব সর্ব্ব-সিদ্ধিনিষেবিত। পরব্যোমনাথ নারায়ণাদিতে আর পাঁচটী গুণ বর্ত্তমান আছে, তাহা কৃষ্ণেও পরিপূর্ণভাবে থাকে, কিন্তু শিবাদি-দেবতা কিম্বা জীবে সে গুণ নাই। (১) অবিচিন্ত্যমহাশক্তিত্ব, (২) কোটি-ব্রহ্মাণ্ড-বিগ্রহত্ব, (৩) সকল অবতার-বীজত্ব, (৪) হতশত্রু সুগতিদায়কত্ব, (৫) আত্মারাম-গণের আকর্ষকত্ব—এই পাঁচটি গুণ নারায়ণা-দিতে থাকিলেও কৃষ্ণে অদ্ভুতরূপে বর্ত্তমান। এই ষাটগুণের অতিরিক্ত আর চারিটি গুণ কৃষ্ণে প্রকাশিত আছে, তাহা নারায়ণেও প্রকাশিত হয় নাই। (১) সর্ব্ব-লোকের চমৎকারিণী-লীলাকল্লোলসমুদ্র, (২) শৃঙ্গার-রসের অতুল্য-প্রেমশোভাবিশিষ্ট প্রেষ্ঠমণ্ডল, (৩) ত্রিজগতের চিত্তাকর্ষী মুরলীগীতগানকারী, (৪) যাহার সমান ও শ্রেষ্ঠ নাই এবংবিধ রূপ-সৌন্দর্য্য, যাহা চরাচরকে বিস্মাপিত করিয়াছে। এই চতুঃষষ্টি গুণে শ্রীকৃষ্ণ নিখিলরসামৃতসমুদ্রস্বরূপ।

চতুর্থ বিষয়ঃ—পূর্ব্বে তিনটি বিষয়ে ভগবত্তত্ত্ব সূচিত হইয়াছে। চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ বিষয়ে জীবতত্ত্ব কথিত হইতেছে। চতুর্থে জীবের স্বরূপ-বিচার। জীব সেই হরির পরা শক্তির তটস্থ বিক্রমে মহাদীপ হইতে অনন্ত ক্ষুদ্র দীপের উৎপত্তির ন্যায় বিভিন্নাংশরূপে প্রকটিত হইয়াছে। জীব চিৎস্বরূপ ও চিদ্ধর্ম্মবিশিষ্ট হইলেও অত্যন্ত ক্ষুদ্র ও পরাধীন। পরাধীনস্বভাববশতঃ কৃষ্ণবিমুখ হইলে মায়ার বশতাপন্ন হয়। ঈশ্বর ও জীবে ভেদ এই যে, উভয়েই চিৎস্বরূপ বটে, কিন্তু স্বভাবতঃ যিনি বিভু, মায়ার প্রভু এবং মায়া যাঁহার নিত্যদাসী, তিনি ঈশ্বর। মুক্ত অবস্থাতেও যিনি স্বভাবতঃ মায়ার বশযোগ্য ও অণু, তিনি জীব। কৃষ্ণাধীন থাকিলে তিনি মায়া হইতে মুক্ত থাকেন। শুদ্ধজীব চিদ্বিগ্রহবিশিষ্ট, তাহাতে পূর্ব্বোক্ত পঞ্চাশটি গুণ বিন্দু বিন্দুরূপে আছে। গুণসকল চিন্ময়। শুদ্ধজীবে মায়িক ধর্ম্ম বা গুণ নাই।

পঞ্চম বিষয়ঃ—জীব কৃষ্ণরূপ সূর্য্যের কিরণ-কণ। অতি ক্ষুদ্রতাবশতঃ তিনি পরতন্ত্র। কৃষ্ণের পরতন্ত্র থাকিলে তাঁহার ক্লেশ থাকে না এবং পরমানন্দ ভোগ হয়। নিজ ভোগবাঞ্ছাক্রমে কৃষ্ণবহির্ম্মুখ হইলে তিনি মায়াবদ্ধ হইয়া মায়ার দুর্নিবার কর্ম্মচক্রে পড়িয়া জড়জগতে মায়িক সুখদুঃখ ভোগ করেন। মায়ার কর্ম্মচক্র পুণ্য পাপ, সুখ-দুঃখ ও উচ্চ নীচ অবস্থাজনক। তদ্দ্বারা কখন স্বর্গাদি-লোক লাভ ও কখন নরকাদি ভোগ— চৌরাশি লক্ষ যোনিতে ভ্রমণ হয়।

ষষ্ঠ বিষয়ঃ—মায়ার চক্রে বদ্ধ হইলেও জীব স্বভাবতঃ চিৎস্বরূপ, সুতরাং মায়ামুক্ত হইবার যোগ্য, কোন মায়িক কার্য্যের দ্বারা মুক্তি লাভ করিতে পারে না। সুতরাং পুণ্যজনক কোন শুভ কর্ম্মদ্বারা মায়ামোচন সম্ভব হয় না। আমি জীব—চিৎকণ এবং মায়া আমার পক্ষে হেয়, এরূপ জ্ঞানমাত্র হইলেও জ্ঞানযোগদ্বারা মায়া হইতে মুক্ত হয় না। নির্জ্জন গুপ্ত এবং লুপ্তপ্রায় কৃষ্ণদাস্যভাব উদয়ের সঙ্গে সঙ্গেই মুক্তিরূপ

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু-অন্তর্যামিরূপে শিখা'ন আপনে॥

অবান্তর ফল উপস্থিত হয়। নিজ স্বভাব উদয়েই মায়াপরাধীন-স্বভাব ক্রমক্রমে দূর হয়। নিজ স্বভাব অতঃস্থ লুপ্তপ্রায়, তাহাকে কে জাগ্রত করে? কর্ম্ম, জ্ঞান ও বৈরাগ্য চেষ্টা তাহা করিতে পারে না, সুতরাং যাঁহার কোন উপায়ক্রমে স্ব-স্বভাব জাগ্রত হইয়াছে, তাঁহার সঙ্গ প্রভাবেই জীবের সুপ্তপ্রায় স্ব-স্বভাব জাগ্রত হইতে পারে। এই বিষয়ে দুইটি ঘটনার প্রয়োজন। যিনি স্ব-স্বভাব জাগ্রত করিতে চেষ্টা করেন, তিনি পূর্ব্ব জন্মার্জ্জিত সুকৃতিক্রমে কিয়ৎপরিমাণ শরণাপত্তিলক্ষণ শ্রদ্ধা লাভ করেন, ইহাই একটি ঘটনা। সেই সুকৃতিবলে তাঁহার কোন উদ্বুদ্ধ সাধুসঙ্গ হয়, ইহাই দ্বিতীয় ঘটনা। তাঁহাকে কেবল সাধু বলা যায়—যিনি কোন ভাগ্যে অল্প সাধুসঙ্গে নিজ স্বভাবকে জাগ্রত করিতে পারিয়াছেন। সাধুসঙ্গে হরিনামাদির অনুশীলন হইতে হইতে স্বভাবের ক্রম পোষণ হয়। প্রেম যে পরিমাণে উদিত হইতে থাকে, সেই পরিমাণে মুক্তি আমরা স্বয়ং আনুষঙ্গিক ফলরূপে উপস্থিত হয়।

সপ্তম বিষয়ঃ—প্রথম হইতে ষষ্ঠ বিষয় পর্য্যন্ত সংক্ষেপে ভাল না হইলে সপ্তম বিষয় উদিত হয়। সম্বন্ধ জ্ঞানের প্রভাব এই সপ্তম বিষয়। জিজ্ঞাসু জীব এই প্রশ্ন করেন,—(১) আমি কে? (২) আমি কাহার? (৩) এই বিশ্বের সহিত আমার সম্বন্ধ কি? এই তিনটি বিষয়ের সুষ্ঠুরূপে আলোচনা করিয়া দেখিতে পান যে জীবরূপ জীব অণুচৈতন্য ও কৃষ্ণের নিত্যদাস এবং আবার জগৎ সেই কৃষ্ণের ভেদাভেদ-প্রকাশ। কৃষ্ণই একমাত্র সম্বন্ধ। বিবর্ত্তবাদাদিকে নিরর্থক ও অবৈদিক। কৃষ্ণের অচিন্ত্য-শক্তিক্রমে জগৎ এবং জীব সেই তাঁহা হইতে নিত্য পৃথক্ ও অপৃথক্। এই জড়ব্রহ্মাণ্ড অবশ্য নিত্য অবস্থান নয়, ইহা কারাগৃহ মাত্র। এই জ্ঞান হইতে অনন্য কৃষ্ণে শ্রদ্ধা অর্থাৎ দৃঢ় বিশ্বাস হয়।

অষ্টম বিষয়ঃ—সম্বন্ধ-জ্ঞান হইয়াছে, অনন্যভক্তিতে সংসারক্ষয়ে শ্রদ্ধা হইল, এখন কি করিলে কৃষ্ণ প্রাপ্ত হন—এই চিন্তা করিয়া সদ্গুরুর নিকট সদুপায় জিজ্ঞাসা করেন। শ্রদ্ধালু ব্যক্তিকে ভক্তির অধিকারী জানিয়া সদ্গুরু তাঁহাকে শুদ্ধভক্তি শিক্ষা দেন। তাহার লক্ষণ এই,—

অন্যাভিলাষিতাশূন্যং জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতম্।
আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুত্তমা॥
(ভঃ রঃ সিঃ ১।১।৯)

আনুকূল্যের সহিত সচ্চিদানন্দস্বরূপ শ্রীকৃষ্ণের নাম, রূপ, গুণ ও লীলার অনুশীলনই উত্তমা অর্থাৎ শুদ্ধা ভক্তি। জীবনের সমস্ত ক্রিয়া, সম্বন্ধ ও ভাবকে ভজনের অনুকূল করিয়া কৃষ্ণের অনুশীলনই কর্ত্তব্য। সুতরাং ভজনের প্রতিকূল ক্রিয়া, সম্বন্ধ ও ভাব বর্জ্জনপূর্ব্বক জীবনযাত্রা নির্ব্বাহ করিতে করিতে ভজন করাই আনুকূল্যভাব। ইহাতে ভজন ক্রিয়ায় একটু নির্বিঘ্নতা মাত্রের প্রয়োজন। জীবের স্ব-স্বরূপ উদয় কালের চেষ্টার সহিত ভজন করা আবশ্যক। ভজন নিয়ত হইবে, এই চরণে তাহাতে ভক্ত্যাবৃত্তি ব্যতীত অন্য কোন অভিলাষ রাখিবে না। সুতরাং ভোগবাঞ্ছা ও মোক্ষবাঞ্ছা পর্য্যন্ত পরিত্যাগের প্রয়োজন। জীবননির্ব্বাহে জ্ঞান-চেষ্টা ও কর্ম্ম-চেষ্টা আবশ্য হইবে, কিন্তু কর্ম্ম ও জ্ঞানের সেই সেই অঙ্গ, যাহা শুদ্ধভক্তিকে আবরণ করে, তাহা সাবধানে পরিত্যাগ করিবে। নির্ভেদ-ব্রহ্মজ্ঞান ও ভক্তিলক্ষণশূন্য কর্ম্ম হইতে বিরত থাকা উচিত।

শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, পাদসেবা, অর্চ্চন, বন্দন, দাস্য, সখ্য ও আত্মনিবেদন-ভেদে ভক্তির অঙ্গ নয় প্রকার। আবার, ঐ সকল অঙ্গের মুখ্য মুখ্য প্রত্যঙ্গ লইয়া রূপ গোস্বামী চতুঃষষ্টিধা বিভাগ করিয়া উক্ত করিয়াছেন। তাহার মধ্যে কতকগুলি বিধি-লক্ষণ এবং কতকগুলি নিষেধ লক্ষণ। বিধি-গণের মধ্যে হরিনাম, হরিধামে বাস, ভাগবত শ্রবণ, হরিজন-সেবা ও হরিভক্তি শাস্ত্রচর্চ্চা—এই পাঁচটি মুখ্য। অপরাধ-বর্জ্জন, দুষ্টের সহিত অবৈষ্ণবসঙ্গ-ত্যাগ, আপনার ওজস্বিমান বৃদ্ধি করিবার জন্য বহু শিষ্য না করণ, বহু গ্রন্থের কলাভ্যাস ও ব্যাখ্যান বর্জ্জন, লাভালাভে বিষাদ হর্ষ ত্যাগ, শোক-মোহাদির বশবর্ত্তী না হওয়া, অন্য দেব ও শাস্ত্র নিন্দা না করা, বিষ্ণু বৈষ্ণব-নিন্দা শ্রবণ না করা, গ্রাম্যকথা-ভাবে গ্রাম্যবার্ত্তার অবলম্বন না করা ও প্রাণিমাত্রে উদ্বেগ না দেওয়া—এই দশটি নিষেধ পালন করা নিতান্ত আবশ্যক। কৃষ্ণ-নাম-রূপ-গুণ-লীলার কীর্ত্তনাদি অঙ্গ সকল ভক্তগণ অপেক্ষা শ্রেষ্ঠ। এই প্রকার সাধন ভক্তিকে শাস্ত্র আজ্ঞাক্রমে সাধিত হইলে বৈধী ভক্তি বলা যায়। দৃঢ় শ্রদ্ধার সহিত সাধিত সাধিতে ভাবভক্তির উদয় হয়। সাধনভক্তি আর এক প্রকার আছে, তাহা অসাধারণ, তাহাকে রাগানুগা ভক্তি বলে। ব্রজবাসিদিগের শ্রীকৃষ্ণ প্রতি রাগময়ী ভক্তি স্বতঃসিদ্ধা। তাহা দেখিয়া কোন সুকৃত ব্যক্তি তাহার অনুকরণ লোভবশে প্রবৃত্ত হন। তাহার সাধনভক্তিকে রাগানুগা ভক্তি বলা যায়। ইহাতে শাস্ত্রযুক্তির অপেক্ষা নাই। একমাত্র লোভ-ই তাহার কারণ। এই দুই প্রকার সাধনভক্তিই অভিধেয়-তত্ত্ব।

নবম বিষয়ঃ—প্রয়োজনরূপ কৃষ্ণপ্রেমই নবম বিষয়। শ্রদ্ধা-সহকারে অনন্যভক্তির অনুশীলন করিতে করিতে অথবা ব্রজবাসীর ভাবের অনুগতিপূর্ব্বক সাধিতে সাধিতে কৃষ্ণাবশে ভাবোদয় হয়। তখন বৈধ-সাধনের চেষ্টাময় অনুশীলন ভাবে মিশ্রিত হইয়া সমস্ত চেষ্টাই ভাবময়ী হয়। সেই ভাব অধিকারিভেদক্রমে শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর রসাশ্রিত প্রেমদশা প্রাপ্ত হয়। শান্তরস হয় হইতে দূরে থাকে, রসের দাস্যপ্রেম হইতে রসের প্রক্রিয়া। রতি উন্মাদময় ভাব-বিশেষ, তাহাতে কৃষ্ণে অনন্ত মমতা সংযুক্ত হইলে তাহা প্রেম হয়; এই রসের নাম দাস্যরস। দাস্যরসে সম্ভ্রম প্রচুররূপে থাকে। সেই মমতাতে সম্ভ্রমশূন্য বিশ্রম্ভ অর্থাৎ বিশ্বাসের উদয় হইলে তাহা প্রণয় নাম প্রাপ্ত হয়, ইহার নাম সখ্যরস। এই রস যদি আন্তরিক স্নেহ সংযুক্ত হয়, তবে তাহাকে বাৎসল্য রস বলা যায়। বাৎসল্যের সব সমস্ত গুণ অভিসারময় হইলে তাহাই শৃঙ্গার-রসের রূপ ধারণ করে। শৃঙ্গার-রস সর্ব্বোপরি রস-শিখর। ব্রজে আশ্রিত হইয়া রাধাকৃষ্ণের কোন সখীজনের অনুগত পাল্যদাসী সেবা করাই এই রসের আস্বাদন। কৃষ্ণ সচ্চিৎস্বরূপ এবং তাঁহা হইতে অভিন্ন তত্ত্ব আনন্দই শ্রীমতী রাধিকা। পূর্ণানন্দময়ী রাধিকার সখীগণ তাঁহার কায়ব্যূহ, সুতরাং কায়ব্যূহ। সেই সখীগণ পরা শক্তির কায়ব্যূহ হওয়াতে তাঁহারা স্বরূপশক্তিগত তত্ত্ব। সেবক। প্রয়োজন তত্ত্ব বদ্ধ জীব নিম্নপদ হইতেই সেই সখীদিগের পরিচারিকা বা পরিগণিত হন এবং রাধাকৃষ্ণ-সেবানন্দ-সুখ নিত্য সম্ভোগ (অনুভব) করেন, ইহাই জীবের চরম প্রয়োজন। ইহাই চিত্তত্ত্বের পরম বিচিত্র ভাব। নির্ভেদ-ব্রহ্মস্বরূপ মুক্তিতে এরূপ বিচিত্রানন্দ নাই। শ্রীরূপ-গোস্বামি-পাদের ক্রম যথা,—

আদৌ শ্রদ্ধা ততঃ সাধুসঙ্গোঽথ ভজনক্রিয়া।
ততোঽনর্থনিবৃত্তিঃ স্যাত্ততো নিষ্ঠা রুচিস্ততঃ।
অথাসক্তিস্ততো ভাবস্ততঃ প্রেমাভ্যুদঞ্চতি।
সাধকানাময়ং প্রেম্ণঃ প্রাদুর্ভাবে
ভবেৎ ক্রমঃ॥
(ভঃ রঃ সিঃ ১।৪।১০)

স্যাদ্ দৃঢ়েয়ং রতিঃ প্রেমা প্রোদ্যন্ স্নেহঃ
ক্রমাদয়ম্।
স্যান্মানঃ প্রণয়ো রাগোঽনুরাগো ভাব
ইত্যপি॥
বীজমিক্ষুঃ স চ রসঃ স গুড়ঃ খণ্ড এব সঃ।
সা শর্করা সিতা সা চ সা যথা স্যাৎ
সিতোৎপলা॥
(উজ্জ্বল, স্থায়িভাব প্রঃ ৪৪)

প্রথমে শ্রদ্ধা, শ্রদ্ধা হইতে সাধুসঙ্গ, সাধুসঙ্গ হইতে ভজনক্রিয়া, ভজনক্রিয়া হইতে সমস্ত অনর্থনিবৃত্তি, অনর্থনিবৃত্তি হইতে রুচি আসক্তি ও ক্রমে ভাবোদয় হয়, ভাব হইতে প্রেম। ভাবের অন্য নাম-রতি। রতি গাঢ় হইলে প্রেম; প্রেম বৃদ্ধিক্রমে স্নেহ, মান, প্রণয়, রাগ, অনুরাগ ও মহাভাব পর্য্যন্ত উদিত হয়। ইক্ষু, রস, গুড়, খণ্ড, শর্করা সিতা ও সিতোৎপল যেরূপ ক্রমে সুস্বাদু হয়, প্রেমের প্রক্রিয়াও সেইরূপ।

শ্রীশ্রীচৈতন্যমহাপ্রভু রূপ, সনাতন প্রভৃতিকে যে শিক্ষা দিয়াছিলেন, তাহাই দশমূল। এই ক্ষুদ্র গ্রন্থ সেই দশমূলের নির্য্যাস। যিনি শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা গ্রহণ করিয়া শুদ্ধবৈষ্ণব হইতে ইচ্ছা করেন তিনি প্রথমেই দশমূল-নির্য্যাস সেবন করিবেন। শ্রীগুরুদেব তাঁহাকে এই নির্য্যাসের মধ্যে সকল তত্ত্বই সংক্ষেপে দেখাইয়া দিবেন। শ্রদ্ধাক্রমে গুরুপাদাশ্রয়, গুরুচরণ হইতে ভজনশিক্ষা; ভজনদ্বারা সকল অনর্থনিবৃত্তি; তবে নিষ্ঠাদিক্রমে ভাবের উদয় হয়। ভজনের প্রথমাঙ্গই—দশমূল-সেবন। দশমূল-নির্য্যাস পান করাইয়া গুরুদেব শিষ্যের পঞ্চসংস্কার করিবেন। দশমূল-পানানন্তর ভজন না করিলে অনর্থনিবৃত্তি হইবে না। অনর্থ চারি প্রকার অর্থাৎ স্বরূপভ্রম, অসত্তৃষ্ণা, অপরাধ ও হৃদয়দৌর্ব্বল্য। জীব নিজের স্বরূপকে ভুলিয়া অন্য রূপের অভিমানে মায়িক হইয়া পড়িয়াছেন, সুতরাং স্বরূপভ্রম প্রথমেই দূর হওয়া আবশ্যক। স্বরূপভ্রম একদিনে যায় না, অতএব কৃষ্ণানুশীলনের সঙ্গে সঙ্গে ক্রমে দূর হয়। 'আমি কৃষ্ণদাস'—এই অভিমানই জীবের স্বরূপজ্ঞান। এই অভিমানের সহিত কৃষ্ণানুশীলনই প্রকৃত কৃষ্ণানুশীলন। গুরু-কৃপায় স্বরূপজ্ঞানোদয় হয়। শিষ্য বিশেষ যত্ন করিয়া আত্মস্বরূপ অবগত হইবেন, নতুবা প্রথম অনর্থ দূর হইবে না। প্রথম অনর্থ যত পরিমাণে দূর হইতে থাকিবে, অসত্তৃষ্ণারূপ দ্বিতীয় অনর্থও তাহার সঙ্গে তত পরিমাণে দূর হইবে। জড়দেহের নিদ্রা-পিপাসাই অসত্তৃষ্ণা। স্বর্গসুখ, ইন্দ্রিয়সুখ, ধন জন-সুখ—সকলই অসত্তৃষ্ণা। স্বীয় স্বরূপ যত স্পষ্ট হইবে, ইতরাসক্তি বৈরাগ্যও সেই পরিমাণে আশু হইবে। সঙ্গে সঙ্গে নামাপরাধ-গুলি হইতে বিশেষ যত্ন করা আবশ্যক। নামাপরাধ পরিত্যাগপূর্ব্বক নাম করিতে করিতে প্রেমধন অতি শীঘ্রই লাভ হয়। অসত্য, ইতর বিষয়ের বশীভূততা, লোকাদির দ্বারা চিত্তবিভ্রম, কুতর্কের দ্বারা শুদ্ধভক্তি হইতে চালিত হওয়া, সমস্ত জীবনীশক্তি কৃষ্ণানুশীলনে অর্পণ করিতে কার্পণ্য, জাতি, ধন, বিদ্যা, জন, রূপ ও বলের অভিমান দৈন্য-স্বভাব অস্বীকার, স্বার্থপ্রবৃত্তি বা উপদেশ দ্বারা পরিচালিত হওয়া, কুসংস্কার-শোধনে অশক্ত, ক্রোধ, মোহ, মাৎসর্য্য, অসহিষ্ণুতাজনিত দয়া পরিত্যাগ, প্রতিষ্ঠাশা ও শাঠ্যদ্বারা বৃথা বৈষ্ণবাভিমান, কনক, কামিনী ও ইন্দ্রিয়-সুখাভিলাষে অন্য জীবের প্রতি অত্যাচার—এই প্রকার কার্য্য সকলই হৃদয়দৌর্ব্বল্য হইতে উদিত হয়। দশমূলকে সিদ্ধান্ত বলিয়া যিনি হেলা করিবেন, তাঁহার কৃষ্ণভক্তি কখনই সুষ্ঠু হইবে না। শ্রীগুরুর নিকট অধিকারী শিষ্য উপস্থিত হইলে শ্রীশ্রীচৈতন্য-সম্প্রদায়ে পঞ্চসংস্কার দিবার পূর্ব্বে এই গ্রন্থ শিষ্যকে পাঠ করান আবশ্যক। ইহা হইলে আর অনুপযুক্ত লোক শ্রীমন্মহাপ্রভুর নির্ম্মল সম্প্রদায়কে দূষিত ও কলঙ্কিত করিতে পারিবে না।

'সাধুসঙ্গ', 'সাধুসঙ্গ' সর্ব্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়॥

শ্রীল প্রভুপাদের হরিকথা

——::[•]::——

ষড়্‌রিপুকে প্রভু সাজাইয়া এ হেন কর্ম্ম ই যাহা আমরা করি নাই। কিন্তু এত দীর্ঘ কাল উহাদের অকপট সেবা করিয়াও মনিবের মন পাইলাম না। আমার হয় না। এতদিন কার্য্যের পরেও আমাকে অবসর পর্য্যন্ত দিতেছেন না। ! আমার আজ বুদ্ধির উদয় । আমি আর রিপুগণকে প্রভু তাহাদের সেবা করিব না। হে আমাকে সেবকত্বে গ্রহণ কর। সেবকাভিনয়ে বাহ্য জগতের যে করিয়াছিলাম, তাহা আর করিব না।

জীব যখন নিষ্কপটে শ্রীভগবান আত্ম-জ্ঞাপন করেন, তখন শ্রীভগবান্ গুরুরূপে আবির্ভূত হন। মহাপ-র নিকট দিব্যজ্ঞান লাভ না করিলে কেহ ক্ষজ সেবাধিকার প্রাপ্ত হইতে পারেন । আবার অধোক্ষজ সেবা ব্যতীত প্রসাদ লাভ অসম্ভব। অক্ষজবস্তুর মনেন্দ্রিয়ের তর্পণ হয় আত্মপ্রসাদ হয় না। উৎকৃষ্ট ভাগবত সর্ব্বভূতে দর্শন করেন কিন্তু ভেদদর্শন না।

ভজনশীল প্রাপ্তসেবা ব্যক্তির শোক, মোহ নাই। যখন "অহং মম" বুদ্ধি দ্বারা করিবার মত্ততা এবং হরিনাম (?) তেমন করিয়া লইলেই হ'ল—এইরূপ তর্পণমূলক বিচার উপস্থিত হয়, তখনই ক, ভয়, মোহ দ্বারা জীব আচ্ছন্ন হইয়া ক। অপরাধযুক্ত নামের ফল ত্রিবর্গ । শ্রীগুরুদেবের নিকট হইতে যাঁহারা (?) জ্ঞান লাভ করেন নাই, তাঁহারা পরাধকে নাম বলিয়া ভ্রম করেন। শ্রীনামের দ্বারা ওলাউঠা নিবারণ সাংসারিক মঙ্গলাদি করাইবার ইচ্ছুক তাহারা নামাপরাধী। দের মুখে শ্রীনাম উচ্চারিত হন না। সময় নামাভাস পর্য্যন্ত হইতে । শাস্ত্রে দশবিধ নামাপরাধের উল্লেখ আছে। নামাপরাধী যে করেন তাহা আত্মা কখনও করেন না, উহা দ্বারা দেহ ও তর্পণ হয়। শুদ্ধ নামাশ্রয় ব্যক্তির অভিনিবেশ বা জাড্য নাই।

নিত্যকৃষ্ণদাস বৈষ্ণবের কৃষ্ণসেবা ব্যতীত কোনও চেষ্টা নাই। কৃষ্ণবিস্মৃত জীবের দেহাত্মাভিমান উদিত হয়। তখন আমি নিত্যকৃষ্ণদাস' এই কথা গিয়া স্থূল ও লিঙ্গদেহে আমি-বুদ্ধি করিয়া মায়ার দাস্য করিতে ধাবিত স্বরূপতঃ বৈষ্ণব হইলেও নিজেকে বুদ্ধি করিবার যোগ্যতা তাহাতে । হৃদয়ের লুপ্ত সিদ্ধভাবকে উন্মুখ ইন্দ্রিয়দ্বারা সাধন করিয়া সিদ্ধভাবে পরি-স্ফুটিত করিতে হয়। জাতরতি ব্যক্তি পাঁচপ্রকার রতিবিশিষ্ট হইয়া স্বারসিকী রতিদ্বারা বিষয়বিগ্রহ শ্রীকৃষ্ণসেবা করিয়া থাকেন। ধর্ম্ম, অর্থ, কামাদিলাভের জন্য যে ঈশ্বরারাধনার অভিনয় তাহা কৃষ্ণসেবা নহে। অর্থকামী ব্যক্তি গণেশের সেবা, ধর্ম্মকামী ব্যক্তি সূর্য্যের উপাসনা, কামকামী ব্যক্তি শক্তির উপাসনা এবং মোক্ষকামী ব্যক্তি শিবোপাসনা করিয়া থাকেন।

দেবগণকে খাজাঞ্চি করিয়া নিয়া তাঁহাদের দ্বারা সেবা করাইয়া নিবার চেষ্টা হইতেই পঞ্চোপাসনার উৎপত্তি। কিন্তু কৃষ্ণসেবা তাদৃশ নহে। কৃষ্ণসেবা অপ্রাকৃত কামদেবের সেবা—শুদ্ধচেতনের অস্মিতার দ্বারা ভগবানের পাদপদ্মের নিত্যা অহৈতুকী অপ্রতিহতা সেবা। শ্রীকৃষ্ণসেবা অপ্রাকৃত দেহের কার্য্য। আরোপের দ্বারা বা অস্থাশ্চর্য্যিত কাল্পনিক মনোময় দেহদ্বারা শ্রীকৃষ্ণসেবার কথা গোস্বামিপাদগণ বলেন নাই। ইহজগতের স্থূল ও লিঙ্গদেহের দ্বারা অপ্রাকৃত বস্তুর সেবা হয় না। যখন আমাদের অপ্রাকৃত দেহ দ্বারা অপ্রাকৃত বস্তুর সেবা হইতে থাকে, তখনই বাহ্যদেহে তাহার স্পন্দনক্রিয়া দেখিতে পাওয়া যায়। সম্বন্ধজ্ঞানবিশিষ্ট অপ্রাকৃত দেহের দ্বারা যখন আমরা শ্রীকৃষ্ণসেবা করিবার জন্য ব্যস্ত হই তখন আমাদের বাহিরের দেহও মায়ার পূজা না করিয়া সদা বৈকুণ্ঠনামগ্রহণে উৎসাহিত হয়।

বাহ্য-জগতের প্রতীতি প্রবল থাকিতে আমরা যে ভক্তিযাজন করিতেছি বলিয়া অভিমান করি, তাহা নিরর্থক। আমার কি লেশমাত্রও ভগবানের জন্য অনুরাগ হইয়াছে? একবার নিষ্কপট অন্তরাত্মাকে জিজ্ঞাসা করিলে হয়। ইহা দ্বারা বলা হইতেছে না যে ভজনের ক্রম ছাড়িয়া দিতে হইবে। বলা হইতেছে যে, অধিকারানুযায়ী ক্রমপন্থানুসারে অগ্রসর হইতে হইবে।

সদ্গুরুর শ্রীচরণাশ্রয় ব্যতীত আমাদের ভজনক্রিয়া বা অনর্থনিবৃত্তির সম্ভাবনা নাই। অনর্থনিবৃত্তি না হইলে শ্রীকৃষ্ণসেবায় নৈরন্তর্য ও রুচি প্রভৃতি উপস্থিত হইতে পারে না। যে দিন আমরা সেবকবিগ্রহ শ্রীগুরুদেবকে চৈতন্যদেবের সহিত অভিন্ন উপলব্ধি করিতে পারিব, সেইদিনই শ্রীগৌরসুন্দরের সেবা লাভ হইবে—সেইদিন আমরা শ্রীরাধাগোবিন্দের নিভৃত-সেবা আমাদের বিভিন্ন আত্মবৃত্তিতে করিতে থাকিব। ব্রহ্মানুসন্ধান পথও আমাদের নিকট অকিঞ্চিৎকর ও অপ্রয়োজনীয় বোধ হইবে।

শ্রীমন্মহাপ্রভু শুদ্ধভক্তের পরিচয় বলিয়াছেন,—নিজেকে বৈষ্ণব মনে করা বৈষ্ণবতা নহে, ভগবদ্ভক্তগণের দাসানুদাস হওয়াই বৈষ্ণবতা। বৈষ্ণবের নিকট দৈন্যপ্রার্থনা ও আত্মনিবেদন করিতে হইবে। সম্বন্ধজ্ঞানের সহিত হরিভজন করিতে হইবে। বৈষ্ণবের অনুকরণ না করিয়া বৈষ্ণবের সদাচার গ্রহণ করিতে হইবে। নিজের জন্য স্বয়ংই করিয়া খাইব—এরূপ মনে করা কোন বৈষ্ণবসেবকের উচিত নয়। বৈষ্ণবদিগের জন্য রন্ধন করিতে হইবে। অজ্ঞানবশতঃ বা অহমিকা হেতু নিজেকে গুরুবুদ্ধি করিলে মহাপরাধ হইবে। নিজের জন্য অন্যের সেবাগ্রহণ করা কর্ত্তব্য নয়।

হরিভজন করিলেই বৈরাগ্য আপনি আসিবে। কৃত্রিমভাবে বৈরাগ্য করিবার কোন আবশ্যকতা নাই। বৈরাগীর উচিত মাধুকরীর দ্বারা জীবন নির্ব্বাহ করা। "ন নির্ব্বিণ্ণো নাতিসক্তো ভক্তিযোগোঽস্য সিদ্ধিদঃ।" অতি-বৈরাগী বা অতি ভোগী কখনও কৃষ্ণসেবক নহে। গৃহস্থগণও গুরু-স্থানীয় তবে প্রকৃত অর্থাৎ বৈষ্ণব গৃহস্থ হওয়াই দরকার। গৃহস্থ ভক্তের নাম করিয়া জাতি-গোস্বামীগিরি চালান উচিত নহে। মহাভাগবতের অবস্থা না হওয়া পর্য্যন্ত উহার অনুকরণ করা অত্যন্ত বিপজ্জনক। মহাভাগবতের ক্রিয়াকলাপ অল্পজ্ঞানে মাপিতে নাই। শ্রীল গৌরকিশোরদাস বাবাজী মহারাজ বলিতেন—'জাতিগোস্বামী বৈষ্ণব নয়।" গ্রাম গুরু—ইহা যে বলিবে সে কখনও বৈষ্ণব হইতে পারে না। আবার বৈষ্ণবগুরুর কার্য্য না করিলেও সর্ব্বনাশ হইবে। মহাভাগবতের অনুকরণ করার অর্থ নিজের সর্ব্বনাশ বরণ। সাধকগণের মধ্যে কনিষ্ঠাধিকারিগণ মধ্যমাধিকারীর এবং মধ্যমাধিকারিগণ মহাভাগবতের অনুসরণ করিবে।

প্রাকৃতসহজিয়ারা নিজদিগকে গোপী বলিয়া প্রচার করিতে চায়। কিন্তু শ্রীজীব গোস্বামী প্রভুকে অবহেলা করিয়া এবং তাঁহার বিরুদ্ধে কল্পিত গল্প সৃষ্টি করিয়া নরকগামী হয়।

সকলের মূল মালিক বিষ্ণু, সেই বিষ্ণুরই পরতত্ত্বস্বরূপ যে স্বয়ংরূপ কৃষ্ণ, তাঁর অত্যন্ত প্রেষ্ঠ—তদীয় বস্তু শ্রীগুরুপাদপদ্ম। গুরুদেব আমাকে সামান্য বস্তু ক'রে তাঁ'র যা কিছু সেবার কাজ ক'রাচ্ছেন।— এইরূপ বিচারই বৈষ্ণবদাসগণের। আবার শ্রীগুরুপাদপদ্মের প্রেমসেবার বশ স্বয়ং ভগবান্। তাঁকে ছেড়ে—অর্থাৎ সেই পরিচালক, প্রেরক, নিয়ামক, পূর্ণচেতন, স্বতন্ত্র বৃহৎ বস্তু বা স্বেচ্ছাময় বস্তু। যদি তিনি পারেন তিনি, এমন অবাঞ্ছিত অনুগত না হ'য়ে আমি বড় দ্রষ্টা, বাহাদুর, আমার প্রতিষ্ঠা চাই, বাহাদুরী চাই—যেখানে এইরূপ প্রবৃত্তি প্রবল, সেখানে গৌড়ীয়মঠ নাই—সেটা বিষয়ীর আড্ডা। রজস্তমোগুণ তাড়িত কতকগুলি লোক থেকে পরস্পর অপস্বার্থ নিয়ে কোন্দল ক'রে অবান্তর লাভ করে। সেখানে থাকে প্রাণহীন শব—অন্তঃসারহীন কাঠামো, সেখানে আমরা আসি না, কোন লোকেই যেন না আসেন।

—

সাময়িক প্রসঙ্গ

——

দিল্লীতে শ্রীভক্তিবিনোদবিরহোৎসব

শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা নই-দিল্লীস্থ শ্রীগৌড়ীয়মঠে গত ২৪শে জুন রবি-বার দিবস গৌরনিজজন পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ভক্তি [illegible] পুরী গোস্বামী ঠাকুরের পূর্ণানুগত্যে এ কালের যুগে শুদ্ধভক্তির পুনঃ মূলপ্রবর্ত্তক শ্রীল ভক্তি-বিনোদঠাকুরের সপ্তাধিকশত বার্ষিক বিরহ-মহোৎসব সংকীর্ত্তনমুখে সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। সেই দিবস ঊষাকাল হইতে শ্রীবিগ্রহগণের মঙ্গলারাত্রিক, শ্রীগুরুপাদপদ্মের অর্চ্চন, পঞ্চতত্ত্ব ও মহাজনপদাবলী কীর্ত্তনান্তে "চৈতন্য" গ্রন্থ পারায়ণ আরম্ভ হয়। মধ্যাহ্ন ভোগারাত্রিক কীর্ত্তনকালে বহু লোকের সমাগম হয়। অপরাহ্নে [illegible] মঠের অন্যতম সম্পাদক ও প্রচারক উপদেশক শ্রীমদ্ অপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী প্রভু অনেকক্ষণ হরিকথা আলোচনা করেন। সান্ধ্য আরাত্রিক কীর্ত্তন, পঞ্চতত্ত্ব ও মহাজনপদাবলী কীর্ত্তনান্তে একটি ধর্ম্ম সভার অধিবেশন হয়। [illegible] মহোদয় ও মহিলা সভায় যোগদান করেন। [illegible] শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের [illegible] ও [illegible] তাঁহার [illegible] বিশদভাবে বর্ণন করেন। [illegible] উপস্থিত ভদ্র-মহোদয় ও ভদ্রমহিলাগণকে বিচিত্র মহা-প্রসাদ বিতরণ করা হয়।

——

লক্ষ্ণৌ শ্রীগৌড়ীয়মঠে শ্রীবিগ্রহ-প্রতিষ্ঠা

আগামী ১২শে আষাঢ় ১৩৬৮ (ইং জুলাই ১৯৬১) [illegible] শ্রী প্রভুর [illegible] সম্পাদক আচার্য্যবর্য্য [illegible] প্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের [illegible] লক্ষ্ণৌ শ্রীগৌড়ীয়মঠে [illegible] শ্রীগৌরকিশোর কীর্ত্তনমুখে [illegible] শ্রীশ্রীগৌরসুন্দর ও শ্রীশ্রীরাধা-[illegible] শুভ প্রতিষ্ঠা হইবেন। [illegible] পুনঃ পুনঃ [illegible] মহারাজ আগামী ২৮শে আষাঢ় [illegible] হরিকথা [illegible] শ্রীমদ্ভাগবত [illegible] প্রভৃতি দ্বারা [illegible] বনিতা-নির্ব্বিশেষে সকলের আমন্ত্রণ জানান হইতেছে।

——

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
শ্রীধাম নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীমধুসূদন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ২১১৫
সেবক—শ্রীকুঞ্জবিহারী বিদ্যাভূষণ ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগপীঠ মায়াপুর মঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগুরুবিলাস অধিকারী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীহরেরাম ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
পুরাতন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমদনমোহন ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলরূপা ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীরামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাজিদা (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীকৃষ্ণানন্দ দেবাধিকারী

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
কুলিয়াপাহাড়পুর, পোঃ হাসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
চাকদহ পাল্পাড়া, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠাসন
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীদীনদয়াল ব্রজবাসী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদাসবিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীমদনমোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিভোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাশাংবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীর সিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনন্দগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীব্রজপতি দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা মথুরা
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেখুপারা
পোঃ ভোজোয়াল, জেলা গুরুদাসপুর (পাঞ্জাব)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীরাধাবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগেন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুঞ্জ
সেবক—শ্রীহনুমান দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাখরাবাদ, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীপ্রেমবিলাস ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাজবাঁধ, বর্দ্ধমান
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ঝুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীজয়প্রাণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং ডিউটন ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ গ্ল্যাডষ্টোন রোড, উইম্বলডন
লণ্ডন, এস্ ডব্লিউ ১৯
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৩১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুশ রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীজয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পণ্ডিতাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরাবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীহরিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীনন্দগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

—:(:০:):—

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ৩ দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য
...বাদের প্রতি লাইনে	॥০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	১॥০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

মাসে প্রতি ইঞ্চি	৬৲	৪॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা-গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সু-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্র সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ হিন্দি পদ্যানুবাদসহ মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—(:০:)—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

—::০::—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭॥০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬॥০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট্ গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ শরণাগতির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ॥০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

শনিবার ব্যতীত

					শনিবার	অন্য দিন		
কলিকাতা ছাঃ	৪-৪৬	৬-২১	৭-১৯	১৩-১৬	১৫-১৬	১৬-১৬	১৭-৫৩	২২-২৬
দমদম ,,	৪-৫৬	৬-৩১	৭-২৮	১৩ ২৯	. ...	......	১৮-৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯-১৮	১৪ ৫০	১৬-৪৮	১৮-৩১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ	.....	.....	৯-৩৩	.	.....	......	......	.....
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৯	৮-৭০	১০-৬	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-১৬	১৪ ৫০	১৭-৪০			২০-৩০	
মহেশগঞ্জ ”	৭ ৪৫	১০-৪১	১০-২৫	১৮-১৫			২১-৫	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫-৩৩	১৮-২৩			২১-১৩	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম ”	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
” ছাঃ	১২ ৫৬
শান্তিপুর পৌঃ	১৩-২৪
(বদল) ছাঃ	১৩ ৪২ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩৩

ডাউন

শনিবার ব্যতীত

					অন্য দিন	শনিবার		
নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪		৯-১২		১৬-৩	১৬-৩১	১৮-৩৮	
মহেশগঞ্জ ”	৬-২৩		৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৭		৯-৫৫		১৬-৫৬	১৭-১৪	১৯-২১	
বদল) ছাঃ	৬-৩১	৭-১০	৮-৫২	১১-১৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪-১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৫৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	. ..	......	......	. ..	১৫-৫৬	১৭-৪২	.	.....
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১ ২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬	২১-৪০	২৩ ১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪-১
মহেশগঞ্জ ”	১৪-১০
কৃষ্ণনগর পৌঃ	১৪ ৪৪
ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
” ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৬

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি. সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভি সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি. সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভি সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্য জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণা বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মঠবাসী সজ্জনসম্প্রদায় যে সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ-রূপানুগবিরুদ্ধসিদ্ধান্তদলনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতি গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যে সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা—৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———::০::———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকা ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস

১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশি হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপ বলিয়াই ইহার কাটতিও অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না ছোট বোতল ৸০ দশ আনা, বড় বোতল ১৶০ আঠার আনা। পাইকারী স্বতন্ত্র

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
বেহালা, ২৪ পরগণা

সত্যার্থ কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃত তাৎপর্যসহ প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৵০

প্রাপ্তিস্থান -
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

Regd No. C. 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুলপ্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৷৹ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ২৬ বামন, গৌরাব্দ ৪৫৫, ২১শে আষাঢ়, বঙ্গাব্দ ১৩৪৮, ৫ই জুলাই ইং ১৯৪১, শনিবার { ১০১-১০২তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৬ বামন, অব্যয় ক্ষীরোদশায়ী গৌরাব্দ ৪৫৫

অনন্যভক্ত

— :•:(•):•:——

যিনি অন্য উপায় সকলকে পরিত্যাগ করিয়া একমাত্র শ্রীকৃষ্ণনামকেই সর্ব্বতোভাবে আশ্রয় করিয়াছেন, তিনিই অনন্তভক্ত। কৃষ্ণসেবাই আমার জীবনে, মরণে, শয়নে স্বপনে একমাত্র কৃত্য—এরূপ সুদৃঢ় বিশ্বাস বা নিশ্চয় ধারণা তাঁহার আছে। হরিনাম ব্যতীত আর ধর্ম্ম নাই—গতি নাই, ইহা তিনি জানেন। তাই তিনি হরিনামকেই একান্তভাবে আশ্রয় করেন। অনন্তভক্ত ঐকান্তিক। তিনি সৎ। যিনি ভগবান্ শ্রীকৃষ্ণকে অনন্যভাবে ভজন করেন, তিনিই সাধু। তাঁহাকে অসাধু কল্পনা করিলে অপরাধ হয়। অন্য-উপাসনা রহিত ভগবৎ-উপাসনারত ব্যক্তিই অনন্য। ভক্ত সদাচারী হইলে ত' সৎশব্দবাচ্য হইবেনই, এই বিষয়ে কোন্ কথাই নাই; পরন্তু দুরাচার পুরুষও অনন্যকৃষ্ণপরায়ণ হইলে সৎ বা সাধুশব্দ-বাচ্য হইতে পারেন। অনন্যত্ব-হেতুই ভক্তের শ্রেষ্ঠত্ব। ভগবদাশ্রিত পুরুষের পাপকর্ম্মে প্রবৃত্তিই হয় না, যদিই বা দৈবাৎ কোনরূপে কোন প্রবৃত্তি উপস্থিত হয়, তাহা হইলেও ভগবানের অনুক্ষণ স্মরণেই আনুষঙ্গিকভাবে প্রায়শ্চিত্তও সিদ্ধ হইয়া থাকে। প্রমাণশিরোমণি গ্রন্থচক্রবর্ত্তী শ্রীমদ্-ভাগবতও বলিতেছেন,—

> স্বপাদ-মূলং ভজতঃ প্রিয়স্য
> ত্যক্তান্যভাবস্য হরিঃ পরেশঃ।
> বিকর্ম্ম যচ্চোৎপতিতং কথঞ্চিদ্
> ধুনোতি সর্ব্বং হৃদি সন্নিবিষ্টঃ॥
> (ভাঃ ১১।৫।৪২)

যিনি অনন্যভাবে ভগবানের পদকমল-যুগলের আরাধনা করেন, তাদৃশ প্রিয়জনের হৃদয়ে কথঞ্চিৎ বিরুদ্ধ কর্ম্ম উপস্থিত হইলেও তদীয় হৃদয়স্থিত শ্রীহরিই তৎসমূহ বিনষ্ট করিয়া থাকেন।

শ্রীশ্রীল প্রভুপাদও বলিয়াছেন,—"পার্থিব সকল কর্ত্তব্যকর্ম্ম ও বিচার পরিত্যাগপূর্ব্বক যাঁহারা ভগবানের পদসেবায় নিযুক্ত থাকেন, সেই সকল হরিপ্রিয় জনগণের হৃদয়ে বিবেকরূপে অবস্থিত হইয়া ভগবান্ তাঁহাদের যাবতীয় পাপ-প্রবৃত্তি বিনাশ করেন। বদ্ধজীব ইতরচেষ্টাবিশিষ্ট হইয়া অনুক্ষণ পাপে নিমগ্ন হইবার যোগ্যতা লাভ করেন, কিন্তু সর্ব্বতোভাবে প্রপন্ন জীবগণের হৃদয়ে প্রবিষ্ট হইয়া ভগবান্ও তাঁহাদিগকে বিপরীত বুদ্ধি হইতে রক্ষা করেন। তাঁহারা পার্থিব ভোগপ্রবৃত্তি-চালিত হইয়া দুষ্ক্রিয়াসক্ত হন না। যদিও তাঁহাদিগের কখনও কখনও পতিত হইবার উপক্রম দেখা যায়, তথাপি ভগবান্ তাঁহাদিগকে পাপে ডুবিয়া যাইতে দেন না।"

স্বয়ংভগবান্ শ্রীকৃষ্ণ গীতায় বলিয়াছেন,—

> অপি চেৎ সুদুরাচারো ভজতে
> মামনন্যভাক্।
> সাধুরেব স মন্তব্যঃ সম্যগ্ ব্যবসিতো
> হি সঃ॥

শ্রীভগবান্ বলিতেছেন,—"যিনি আমাকে অনন্যচিত্ত হইয়া ভজন করেন, তিনি যদি সুদুরাচারও হন, তথাপি সাধু বলিয়াই মান্য।" এই শ্লোকের টীকায় শ্রীল শ্রীধরস্বামিপাদও বলিতেছেন, "মানব অন্য দেবতার প্রতি ভক্তি না করিয়া যদি পরমেশ্বর আমাকেই (শ্রীকৃষ্ণকেই) ভজন করেন, তাহা হইলে তাঁহাকে সাধুশ্রেষ্ঠ বলিয়া মনে করিবে। যেহেতু তাঁহার উদ্যম উত্তম। 'পরমেশ্বরের সেবার দ্বারাই আমি কৃতার্থ হইব'—তিনি এইপ্রকার সুন্দর অধ্যবসায় করিয়াছেন।"

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ উপরিউক্ত শ্লোকের ব্যাখ্যায় লিখিয়াছেন,—"হে অর্জ্জুন, আমার অনন্যভক্তের কখনও পাপপ্রবৃত্তি হয় না। নামানুশীলনরূপ একটী চিদ্দীপ্তি আমার অনন্তভক্তের হৃদয়ে সর্ব্বদা জাগরূক থাকে। জড়গত পাপ তাহার ভয়ে প্রবিষ্ট হইতে পারে না। যদি কোন ঘটনাক্রমে হঠাৎ পাপক্রিয়া হয় এবং সে পাপ যদিও ধর্ম্মশাস্ত্রমতে সুদুরাচার বলিয়াও কথিত হয়, তথাপি আমার অনন্যভক্তের নিন্দা করিবে না। কেন না,—

> ক্ষিপ্রং ভবতি ধর্ম্মাত্মা শশ্বচ্ছান্তিং
> নিগচ্ছতি।
> কৌন্তেয় প্রতিজানীহি ন মে ভক্তঃ
> প্রণশ্যতি॥

হে অর্জ্জুন, যে ব্যক্তি আমার প্রতি অনন্যভক্তি লাভ করিতেছে, তাহার চরিত্রে কেবল দুই প্রকারে কিছু কিছু পাপ দেখা যাইতে পারে। প্রথম প্রকার এই যে, বিশেষ ভাগ্যক্রমে কোন জীবের সাধুসঙ্গে রুচি হইল, কিন্তু তৎপূর্ব্ব হইতে তাহার কোন একটি পাপসংসর্গ ছিল - অবৈধ স্ত্রীসঙ্গ, মৎস্য-মাংসাহার, আসবসেবা প্রভৃতির মধ্যে কোন একটি চিরনিবদ্ধ পাপ ছিল। অনন্যভক্তি উদয় হইবার সঙ্গে সঙ্গেই অন্য সব পাপপ্রবৃত্তি গেল, কিন্তু ঐ চিরনিবদ্ধ পাপটি যাইতে কিছুকাল বিলম্ব করে। অনন্য-ভক্তি হইয়াছে অর্থাৎ অন্যোপায় সকলকে তুচ্ছ করিয়া একমাত্র শ্রীকৃষ্ণনামের আশ্রয় লইয়াছেন। ঐ চিরনিবদ্ধ পাপটী যাইতে যাইতেও যাইতে চাহে না, কিছুদিন থাকে। যেকাল পর্য্যন্ত নির্ম্মূল না হয়, সে পর্য্যন্ত সেই অনন্যভক্তকে তন্নিবন্ধন অবজ্ঞা করিবে না। দ্বিতীয় প্রকার এই যে, অনন্য-ভক্ত সমস্ত পাপ হইতে দূরে থাকিয়া আমার ভজন করেন। তথাপি জড়দেহ সঙ্গে কখনও কোন গতিকে রোগীর অমেধ্যসংযুক্ত ঔষধ-সেবনের ন্যায় কোন পাপক্রিয়া ঘটিতে পারে। এই পাপ অস্থায়ী, কেন না, প্রবৃত্তি-গত নহে। সুতরাং এই দুই প্রকার পাপ হইতে আমার অনন্যভক্ত অতি শীঘ্রই আমার ভক্তিকৃপায় শুদ্ধ স্বভাব হইয়া পাপ হইতে শান্তিলাভ করেন। হে কৌন্তেয়, আমার অনন্যভক্ত কখনও নষ্ট হইবে না।

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ শ্রীমদ্ভগবদ্-গীতার রসিকরঞ্জন নামক ভাষাভাষ্যে লিখিয়াছেন,---যিনি আমাকে অনন্যচিত্ত হইয়া ভজন করেন, তিনি সুদুরাচার হইলেও তাঁহাকে সাধু বলিয়া মানিবে, যেহেতু তাঁহার ব্যবসায় সর্ব্ব-প্রকারে সুন্দর। 'সুদুরাচার' শব্দার্থ ভাল করিয়া বুঝিবে। বদ্ধজীবের আচার দুইপ্রকার,-সাম্বন্ধিক ও স্বরূপগত। শরীররক্ষা, সমাজ-রক্ষা ও মনের উন্নতি সম্বন্ধে যত প্রকার শৌচ, পুণ্য, পুষ্টিকর ও অভাবনিবারী আচার অনুষ্ঠিত হয়, সে সমস্তই সাম্বন্ধিক। শুদ্ধজীবস্বরূপ আত্মার আমার প্রতি যে চিৎকার্য্যরূপ ভজন আচার আছে, তাহা জীবের স্বরূপগত, তাহার অন্য নাম অমিশ্রা বা কেবলা ভক্তি। বদ্ধদশায় জীবের কেবলা ভক্তিও সাম্বন্ধিক আচারের সহিত অনিবার্য্য সম্বন্ধ রাখে। বদ্ধজীবের অনন্য-ভজনরূপ ভক্তি উদিত হইলেও দেহ থাকাকাল পর্য্যন্ত সাম্বন্ধিক আচার অবশ্যই থাকিবে। ভক্তি উদিত হইলে জীবের

ইতররুচি থাকে না। যে পরিমাণে কৃষ্ণরুচি সমৃদ্ধ হয়, সেই পরিমাণে ইতররুচি শিথিল হইতে থাকে, নিতান্ত নিঃশেষ না হওয়া পর্য্যন্ত কখনও কখনও ইতররুচি বল-প্রকাশপূর্ব্বক কদাচার অবলম্বন করে, কিন্তু অতি শীঘ্রই তাহা কৃষ্ণরুচির দ্বারা দমিত হইয়া যায়। ভক্তির উন্নত-সোপানারূঢ় জীবদিগের মধ্যেও পতিসম্ভব। তাঁহাতে যদিও উক্ত পদাক্রম দুরাচার, এমন কি, সুদুরাচার (পরহিংসা, পরদ্রব্যহরণ, পরদার-গমন, যাহাতে সাধক ভক্তের রুচি হইতে পারে না, তাহা) কদাচিৎ লক্ষিত হয়, তাহাও আশুনাশ্য এবং তদ্দ্বারা প্রবল প্রবৃত্তি-রূপা ভক্তি দূষিত হয় না—ইহাই জানিবে। কোন কোন সরল-ভক্তের পূর্ব্বে মৎস্যাদি ভোজন এবং পূর্ব্ব সংগৃহীত পরদার সম্বন্ধাদি লক্ষ্য করিয়াও তাঁহাদিগকে অসাধু জ্ঞান করিবে না। হে কৌন্তেয়, আমার অনন্যভক্ত কখনই নষ্ট হইবে না। প্রথমতঃ তাঁর 'নিসর্গ' ও 'ঘটনা' বশতঃ তাঁহার স্বভাব মন্দ থাকিলেও ঐ অবস্থাদি শীঘ্র পরমেশ্বরকৃপা হরিভক্তিদ্বারা বিদূরিত হইবে। তিনি জীবের নিত্যধর্মরূপ স্বরূপগত আত্মধর্মনিষ্ঠ হইয়া পাপপুণ্য-বন্ধন হইতে ভাবজনিত পরমা শান্তি লাভ করিবেন। হে পার্থ, অন্ত্যজ ম্লেচ্ছগণ ও বেশ্যাদি পতিতা স্ত্রী-সকল, তথা বৈশ্য, শূদ্র প্রভৃতি নীচবর্ণস্থ নরগণ আমার অনন্যভক্তিকে বিশেষরূপে আশ্রয় করিলে অবিলম্বে পরা গতি লাভ করে। আমার ভক্তিমার্গাশ্রিত ব্যক্তিদিগের মধ্যে জাতিবর্ণাদি সম্বন্ধী কোন প্রকার প্রতিবন্ধক নাই। অন্ত্যজ জাতিগণও আমার বিশুদ্ধ-ভক্তির অধিকারী এবং তাহাদের সংসর্গস্থ পাপাচার তাহাদের পক্ষে প্রতিবন্ধক হইতে পারে না, কেননা ভক্তির আবির্ভাবে চিত্তের সমস্ত পাপপ্রবৃত্তি অতি শীঘ্রই প্রশমিত হয়।"

পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবও একদিন হরিকথা-প্রসঙ্গে বলিয়াছিলেন,—দ্বাদশ-বৈষ্ণবের অন্যতম ধর্ম্মরাজ যমের সভায় গীতার ঐ শ্লোকের একটী সংশয় ভঞ্জনার্থ এক সভা আহূত হইয়াছিল। শিব-ব্রহ্মাদি দেবতাবৃন্দ সেই সভায় এই শ্লোকের সংশয় মীমাংসা করিবার জন্য উপস্থিত হইয়াছিলেন। অনন্যভাক্ অর্থাৎ কৃষ্ণে যাঁহার অনন্যভক্তি আছে। 'অপি'—যদি, 'চেৎ'—ও অর্থাৎ যদিও তিনি 'সুদুরাচার' অর্থাৎ নিকৃষ্ট বা ভয়ঙ্কর দুষ্ট আচারবিশিষ্ট হন, তথাপি তাঁহাকে সাধু বা যথার্থ মনে করিতে হইবে, যেহেতু তিনি সম্যগ্ব্যবসিত, অর্থাৎ সম্যক্ প্রযত্নশীল, একনিষ্ঠ বা ঐকান্তিক। তিনি শীঘ্রই ধর্ম্মাত্মা হন ও নিত্য শান্তি লাভ করেন। "ঐকান্তিক ভক্তকে শাস্ত্রই ধার্ম্মিক হইতে বলা হইল কেন? যিনি ধর্ম্মের শেষফল ঐকান্তিকতা বা অনন্যভজন-পরায়ণতা লাভ করিয়াছেন, যিনি ভগবান্‌কে বশ করিয়াছেন, তাঁহার কি ধর্ম্ম অর্থাৎ সুনীতি বা শান্তির অভাব আছে? অনন্য-ভক্ত কি অধার্ম্মিক ও 'অশান্ত?'" যমরাজের সভায় সকলেই এই প্রশ্ন করিলেন। গীতার উপদেষ্টা পার্থসারথি শ্রীকৃষ্ণ উপদেশ প্রদান করিয়া বলিয়াছেন,—ঐকান্তিক ভক্ত যদি সুদুরাচারও হন, তথাপি তাঁহাকে সাধুই মানিতে হইবে। কিন্তু সংশয় এই যে, সাধু কিরূপে অধর্ম্মাত্মা, অশান্ত হন? দেবতাগণের এই সংশয় শিব, ব্রহ্মা, নারদ, যম, কেহই মীমাংসা করিতে পারিলেন না। শ্রীমদ্ ভক্তিবিনোদ ঠাকুর তথায় যদৃচ্ছাক্রমে উপস্থিত হইয়াছিলেন। শ্রীল ঠাকুর তথায় উপস্থিত হইবামাত্রই শিব, ব্রহ্মা, নারদাদি বৈষ্ণববৃন্দ ও দেবতাগণ নিজ নিজ আসন হইতে উত্থিত হইয়া শ্রীল ঠাকুর ভক্তিবিনোদকে অভ্যর্থনা করিলেন, কেননা, অপ্রাকৃত ব্রজবাসী সাক্ষাৎ স্বরূপার অন্তরঙ্গ, কেশ-বেশাদির অগম্যা গোপীশিরোমণির নিজজন আগমন করিয়াছেন। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদকে দর্শন করিয়া সকলে তাঁহার নিকট তাঁহাদের সংশয় জ্ঞাপন করিলেন। ঠাকুর শ্রীল ভক্তিবিনোদ তখন যেভাবে ঐ সংশয় নিরসন করিয়াছিলেন, সেই তাৎপর্য্য শ্রীল প্রভুপাদ "দৃষ্টৈঃ স্বভাবজনিতৈর্বপুষশ্চ দোষৈঃ" শ্লোকের অনুবৃত্তিতে প্রকাশ করিয়াছেন। "অনন্যভজনকারীর লোক-দেখান দুরাচারত্বে বঞ্চিত না হইয়া যিনি তাঁহার সাধুত্ব দর্শন করেন, সেইরূপ দর্শন-কারী শীঘ্রই ধর্ম্মাত্মা হইয়া পরমা শান্তি লাভ করিতে পারেন। অনন্যভজনকারীকে গুরুজ্ঞান ও নিজেকে শিষ্যজ্ঞান করিয়া যিনি অনন্যভজনকারীকে মায়া-জগতের সুনীতির ও দুর্নীতির মাপকাঠির আসামী করেন না, তাঁহারই শীঘ্র সাধুত্ব লাভ হয়।" এই ব্যাখ্যা শ্রবণ করিয়া স্বয়ং-রূপার নিজজন ঠাকুর ভক্তিবিনোদকে ব্রহ্মাদি দেবতাগণ সংশয়শূন্য হইয়া প্রণাম করিয়াছিলেন।

পাপ ও পুণ্য দুইই কর্ম্ম। জীব যখন বহির্ম্মুখতা পরিত্যাগ করিয়া কৃষ্ণোন্মুখ হন, তিনি তখন পাপ-পুণ্যের অতীত হন। তখন কৃষ্ণদাস্যই নিত্য স্বধর্ম্মরূপে উদিত হয়। বহির্ম্মুখ জীবের পক্ষে পাপের প্রায়শ্চিত্ত আছে। প্রায়শ্চিত্ত কাম্য কর্ম্ম-কাণ্ডান্তর্গত। কৃষ্ণোন্মুখ ব্যক্তির কর্ম্মাধিকার থাকে না। শ্রীমদ্ভাগবত বলিয়াছেন,—

তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত ন নির্ব্বিদ্যেত যাবতা।
মৎকথা-শ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন
জায়তে॥

যে পর্য্যন্ত জীবের নির্ব্বেদ না জন্মে অথবা হরিকথা-শ্রবণাদিতে নিরুপাধিক শ্রদ্ধা না জন্মে, সে পর্য্যন্ত জীব অবশ্য কর্ম্মানুষ্ঠান করিবে। হরিকথায় শ্রদ্ধা হইলে আর কর্ম্মানুষ্ঠান করিবে না। যে সকল ক্রিয়া হরিভক্তির অনুকূল, তাহা অঙ্গীকার এবং প্রতিকূল হইলে তাহা পরিত্যাগ করিতে হইবে। এইরূপ ভক্ত্যুন্মুখী ক্রিয়াসকল কর্ম্মকাণ্ডের অন্তর্গত নহে, বস্তুতঃ তাহারা কর্ম্মনাশক ভক্ত্যঙ্গ মধ্যে গণ্য। ভক্তগণ কৃষ্ণৈকনিষ্ঠ। তাঁহাদের জীবনে পাপের উদয় হয় না। তবে কখনও কাহারও ঘটনাক্রমে কোন পাপ ঘটিয়া উঠিতে পারে। তাহা বিনা প্রায়শ্চিত্তে প্রশমিত হয়। সেরূপ দৈবাৎ আগত পাপ দৃষ্টি করিয়া কোন বৈষ্ণবের নিন্দা করিলে নামাপরাধ হয়। চিত্তে পাপ-প্রবৃত্তি নাই, কিন্তু হঠাৎ কোন ঘটনাক্রমে যে সামান্য পাপ উদয় হয়, তাহাতে বৈষ্ণবতা দূর হয় না। অনন্যভক্তি হইলে আর কর্ম্ম-প্রবৃত্তি কখনই থাকে না। কেবল পাপক্রিয়া কিয়ৎ পরিমাণে থাকিতে পারে, তাহা অল্পদিনস্থায়ী। আবার তাহাও দিন দিন দুর্ব্বল হইয়া খর্ব্ব হয়।

শ্রীনাম ত' দূরের কথা, নামাভাসেই সমস্ত পাপ নষ্ট হয়। এক কৃষ্ণনামে যত পাপ হরণ করে, কোটিজন্মেও পাপী তত পাপ করিতে পারে না। এই কথা শুনিয়া নামের বলে কেহ পাপ করে, তবে সে অপরাধী, তাহার কোনকালেও হরিনাম হইবে না। অপরাধের সহিত নাম লইলে নাম হয় না। নামবলে পাপবুদ্ধি যেন আমাদের কাহারও না হয়—ইহা নামাপরাধ। নামাশ্রয়ের পর ইচ্ছাপূর্ব্বক পাপ করার ন্যায় অপরাধ আর নাই। যাঁহার পাপপ্রবৃত্তি আছে, তিনি অনন্য-শ্রদ্ধার সহিত নামাশ্রয় করেন নাই। পাপকার্য্যে আসক্তি থাকিলে নামে আসক্তি হইতে পারে না। আসক্তি একটী অনন্য-প্রবৃত্তিবিশেষ, হয় তাহা কৃষ্ণে হইবে, নতুবা অসদ্বিষয়ে হইবে। কৃষ্ণে যাঁহার নিষ্কপট শ্রদ্ধা, তাঁহার নিষ্ঠা, রুচি ও আসক্তি কৃষ্ণে অনন্যরূপে অবশ্য হইবে। কৃষ্ণে আসক্তি হইলে কি পাপ-পুণ্য-বিষয়ে কাহারও প্রবৃত্তি থাকে?

অনন্য-ভক্তের চরণে অপরাধ হইলে আর নিস্তার নাই। অনাদর হইতে অপরাধ বা নিন্দা প্রভৃতি আসে। নিন্দকের কখনও হরিভজন হইবে না। ভূতবিদ্বেষ অপেক্ষা ভক্তনিন্দা আরও খারাপ। ভক্তনিন্দা বা ভক্তের প্রতি অনাদর ত' দূরের কথা, সাধারণ জীবকেও অবজ্ঞা ও নিন্দা করিলে বা তাহার প্রতি দ্বেষ ও হিংসা করিলে সর্ব্বভূতান্তর্য্যামী ভগবান্ শ্রীহরি সেই নিন্দকের পূজা, বন্দনা প্রভৃতি কিছুই গ্রহণ করেন না। বিষ্ণু-নিন্দা, বৈষ্ণব বা ভক্তি-পথাশ্রিত ব্যক্তির নিন্দার ত' কথাই নাই, সাধারণ জীব ও দেবতাগণের নিন্দা করিলেও ভক্তিরাজ্য হইতে পতন হয়। বৈষ্ণবগণ অদোষদর্শী। কৃষ্ণসম্বন্ধি-দর্শনই অদোষ-দর্শন, নির্দ্দোষদর্শন, সুদর্শন বা গুণদর্শন। সেই অদোষদর্শিগণের শিষ্য হইতে হইলে দোষদর্শন, প্রাকৃতদর্শন, জড়দর্শন, ভোগ্য-দর্শন বা কুদর্শন ছাড়িতেই হইবে। 'আমি ভগবানের'—এই চেতনের অভিমান না জাগিলে দ্রষ্টৃ-অভিমান বা দোষদর্শন ঘুচিবে না। বৈষ্ণবগণ গুণগ্রাহী। তাঁহাদের ভৃত্য হইতে হইলে গুণগ্রাহী হইতে হইবে। ভ্রমর যেমন প্রতি পুষ্প হইতে মধু সংগ্রহ করে, কিন্তু কোন পুষ্পে আসক্ত হয় না বা পুষ্পের কীটাদির দিকে লক্ষ্য করে না, সেইরূপ জীবমাত্রেরই গুণ গ্রহণ করিতে হইবে, তাঁহার বহির্ম্মুখপ্রভাবে প্রভাবান্বিত হইতে হইবে না। স্বরূপদর্শন বা কৃষ্ণদর্শনে দোষ নাই। যেখানে জড়দর্শন ও তটস্থদর্শন বা দ্বিতীয়াভিনিবেশ, সেইখানেই দোষ বা নিন্দার কথা। সুতরাং জড়াভিনিবেশ ও তটস্থাভিনিবেশ পরিত্যাগ করিয়া সাধুগুরুর ব্যক্তিত্বের নিকট সম্পূর্ণ-ভাবে আত্মনিবেদন করিতে হইবে, তাহা হইলেই মঙ্গল হইবে।

ভগবান্ প্রত্যেক জীবের অন্তরে অবস্থিত। জীবকে অবজ্ঞা করিলে তদ্দ্বারা ভগবান্‌কে অবজ্ঞা করা হয়। নিজ-হৃদয়ে ও সর্ব্বভূতে ভগবান্ আছেন, ইহা সর্ব্বক্ষণ মনে রাখিতে হইবে। ইহা ভুলিয়া গেলে কৃষ্ণবিমুখ বদ্ধজীব ও কৃষ্ণোন্মুখ ভক্তের প্রতি অনাদর জ্ঞাত বা অজ্ঞাতসারে হইয়া পড়িবেই। প্রতি জীবের অন্তর্যামিরূপে শ্রীকৃষ্ণকে দর্শন না করিয়া কেবল অর্চ্চন করিলে তদ্দ্বারা পরিশ্রমই সার হইবে। যাহারা সর্ব্বভূতে আদর করিয়া সকলেই শ্রীভগবানের দ্বারা চালিত—এ-বিচারে লোকপরম্পরা-জাত শ্রদ্ধার সহিত শ্রীমূর্ত্তির পূজা করেন, তাঁহারাই কনিষ্ঠভাগবত। আর সর্ব্বভূতে যাহার আদর নাই, সেরূপ ব্যক্তি যে অর্চ্চনাদি করে, তাহা বিড়ম্বনা বা ভণ্ডামীমাত্র। তৃণ-গুল্ম হইতে আরম্ভ করিয়া সর্ব্বতোভাবে শরণাগত জীব পর্য্যন্ত কাহারও কোন রূপ নিন্দা বা অপমান করিলে শ্রীকৃষ্ণ কোন দিনই সেইরূপ দাম্ভিকের পূজা গ্রহণ করেন না কেন না, সর্ব্বভূতে শ্রীকৃষ্ণ অধিষ্ঠিত আছেন। শ্রীকপিলদেব বলিতেছেন,—'যে ব্যক্তি নিজের ও পরের পৃথক্ পৃথক্ উদর ও দেহ আছে দেখিয়া পরস্পরের মধ্যে ভেদবুদ্ধি করে, বস্তুতঃ আমার অধিষ্ঠানভূত অপরকে আত্মসম দর্শন করে না, সুতরাং ক্ষুধিত ব্যক্তিকে দেখিয়াও যে ব্যক্তি কেবলমাত্র নিজের উদরাদিই পোষণ করে, সেই ভেদদর্শন গভীর মৃত্যুরূপী হইয়া আমি নিদারুণ ভয় অর্থাৎ সংসার বিধান করিয়া থাকি। অতএব মিশ্রভাবে অভেদদর্শন-পূর্ব্বক অর্থাৎ সর্ব্বভূতে সমদৃষ্টি-সম্পন্ন হইয়া সর্ব্বভূতে অবস্থিত আমাকে দান ও মানের দ্বারা পূজা করা কর্ত্তব্য। দুঃখিত প্রার্থীকে যথাশক্তি দান এবং বাক্যে·

সামর্থ্যভাবে তাহাদিগকে সম্মান দিতে হইবে।

বৃক্ষ, পিপীলিকা, কুকুর, হস্তী, দুরাচার ও পাপী সকলের মধ্যেই শ্রীভগবান্ অধিষ্ঠিত আছেন, এইরূপ উপলব্ধি করিয়া নিজের ন্যায় পরেরও মঙ্গল অনুসন্ধানকেই শ্রীল শ্রীজীব গোস্বামিপ্রভু 'সমদর্শন' বলিয়াছেন। প্রত্যেক জীবের প্রতি সহানুভূতিসম্পন্ন হইতে হইবে, নিজের ন্যায় তাহারও উপকার করিতে হইবে। তবে শ্রীভগবানের ভক্তকে অধিক ভাবে সম্মান করিতে হইবে। কেন না, তাঁহাতে ভক্তিবৃত্তি বা ভগবৎসম্পর্ক অধিক পরিস্ফুট হইয়াছে। অন্য জীবের প্রতি যোগ্যতানুসারে যথাশক্তি আদর করিতে হইবে। শ্রীভগবান্ বিষ্ণুই অন্তর্যামী ঈশ্বর-রূপে জীবহৃদয় পরিদর্শনপূর্ব্বক প্রবিষ্ট আছেন, ইহা জানিয়া সকলকেই সম্মানপূর্ব্বক প্রণাম করিবে—ইহাই শাস্ত্রাদেশ।

'জীবে সম্মান দিবে জানি কৃষ্ণ-অধিষ্ঠান'—এই বিচারেই ভক্ত ভূতাদর করিয়া থাকেন। ভূতাদরের মধ্যে কোনরূপ ভোগ্যবুদ্ধি নাই। সকল বস্তুতেই শ্রীকৃষ্ণসম্পর্ক ও কৃষ্ণ-অধিষ্ঠান দর্শন করিয়া শ্রীকৃষ্ণাজ্ঞা-পালন বা কৃষ্ণেন্দ্রিয়তর্পণই ভূতাদরের মুখ্য-তাৎপর্য্য। যাঁহারা প্রাথমিক উপাসক, অর্থাৎ যাঁহারা লৌকিক-শ্রদ্ধাযুক্ত হইয়া উপাসনা করেন, তাঁহারা সর্ব্বভূতে আদর অবশ্যই করিবেন। ইহা তাঁহাদের পক্ষে বিধি। এই বিধিলঙ্ঘন করিলে তাঁহাদের কোনদিনই মঙ্গল হইবে না। যাঁহারা শ্রদ্ধাবান্ সাধক, তাঁহাদের সর্ব্বত্রই ভগবানের বৈভব স্ফূর্ত্তি হইয়া থাকে বলিয়া সর্ব্বভূতের প্রতি আদর তাঁহাদের স্বতঃই সিদ্ধ হয়। যাঁহাদের সর্ব্বত্র ইষ্টস্ফূর্ত্তি—যাঁহারা সকল বস্তুকেই ভগবানের সম্পর্কে দর্শন করেন—ইষ্টদেবের সেবোপকরণ বলিয়া জানেন, তাঁহারা সকল বস্তুকেই গুরুজ্ঞানে সম্মান করেন।

বৈষ্ণবপ্রবর শ্রীল বৃন্দাবনদাস ঠাকুরও শ্রীচৈতন্যভাগবতে লিখিয়াছেন,—

বৈষ্ণবহিংসার কথা সে থাকুক দূরে।
সহজ জীবেরে যে অধম পীড়া করে॥
বিষ্ণু পূজিয়াও যে প্রজার পীড়া করে।
পূজাও নিষ্ফলে যায়, আর দুঃখে মরে॥
সর্ব্বভূতে আছেন শ্রীবিষ্ণু, না জানিয়া।
বিষ্ণুপূজা করে অতি প্রাকৃত হইয়া॥
এক হস্তে যেন বিপ্রচরণ পাখালে।
আর হস্তে ঢেলা মারে মাথার, কপালে॥
এ সব লোকের কি কুশল কোন ক্ষণে।
হইয়াছে, হইবেক? বুঝ ভাবি' মনে॥
বড় পাপ হয় প্রজা-জনেরে হিংসিলে।
তার শতগুণ হয় বৈষ্ণব নিন্দিলে॥

কৃষ্ণকার্ষ্ণ ব্যতীত যিনি অন্যের আশ্রিত নহেন, তিনিই অনন্য। একান্ত কৃষ্ণাশ্রিতই অনন্য বা ঐকান্তিক। অনন্যত্ব বা ঐকান্তিকতার অভাবে জীব বহু বিষয়ে আসক্ত হইয়া ব্যভিচারী হইয়া পড়ে। ঐকান্তিকতাই আচার। ব্যভিচার তাহার বিপরীত। ঐকান্তিকতা বা অনন্যত্বের মধ্যে ব্যভিচার থাকিতে পারে না। অনন্যভক্তের দোষ-দ্রষ্টাই দোষী। অনন্যভক্ত দোষী নহেন, তিনি নির্দ্দোষ।

সাধুদোষ-দ্রষ্টা যেই কৃষ্ণ-আজ্ঞা ত্যজি।
গর্ব্বে ভক্তিভ্রষ্ট হৈয়া মরে অধো মজি॥

———

শ্রীশ্রীল আচার্য্যদেবের উপদেশ

——::•::——

সমস্ত অনবদ্য নৈবেদ্যের গ্রাহক শ্রীভগবান্ ও তৎপ্রিয়তম শ্রীগুরুদেব, কিন্তু অন্য কেহ যদি মাঝ পথে তাহার গ্রাহক হন, তবে সে ব্যক্তি চোর। নিজেকে বৈষ্ণবজ্ঞান ক'রে গুরুদেবের প্রাপ্য সম্মান—পূজাদি গ্রহণের অধিকার কা'রো নাই। সেই গুরুদেব পঞ্চপ্রকারে তাঁ'র আরাধ্যের সেবা করেন। তিনি মধুররতিতে বার্ষভানবীরূপে কান্ত ব্রজেন্দ্রনন্দনের, বৎসলরসে নন্দ যশোদা-রূপে, সখ্যরতিতে শ্রীবলদেব-সুবলাদিরূপে, দাস্যরতিতে রক্তক-পত্রক-চিত্রকাদিরূপে, শান্তরতিতে গো-বেত্র-বিষাণ-বেণু প্রভৃতি রূপে নন্দীশ্বরপতিসুতের সেবা করেন।

বৈষ্ণবগণের সুখে দুঃখে সুখী দুঃখী হইয়া যাঁহারা সর্ব্বতোভাবে সর্ব্বাবস্থায় সর্ব্বাত্মসমর্পণপূর্ব্বক নিষ্কপট ঐকান্তিক অনুরাগের সহিত হরিভজন করেন, তাঁহারাই প্রকৃত মিশনের সেবক। এখনও পর্য্যন্ত সমর্পণের চালনা আরম্ভ করা হয় নাই। চালনা আরম্ভ হইলে কাহার কতটা হরি-ভজনে অকপট অনুরাগ আছে বুঝা যাইবে। আমরা বহু অন্যাভিলাষীকে চাহি না। অকপট হরিভজনকারী একটী হইলেই যথেষ্ট। জাগতিক বহির্ম্মুখ লোকের বাহবা সংগ্রহ করা প্রচারের শেষ-প্রয়োজন বা প্রচারের আদর্শ যাঁহারা মনে করেন, তাঁহারা প্রভু-পাদের পাদপদ্মে উপনীত হন নাই। দায়িত্ব গ্রহণ করিয়া অর্থাৎ বৈষ্ণবসেবার প্রতি তীব্র লক্ষ্য রাখিয়া মিশনের সেবা না করা পর্য্যন্ত কাহারও প্রকৃত হরিভজন আরম্ভ হইবে না। হরিভজনের অর্থই সম্পূর্ণ বৈষ্ণবসেবার প্রতি তীব্র লক্ষ্য রাখা। দূরে দূরে থাকিয়া কিংবা সুযোগ-সুবিধামত ছাড়া-ছাড়া-ভাবে মিশনের দুই একটা কায করিয়া দিব—এরূপ-বিচারে গুরুসেবা হইবে না। হরিভজনের প্রাত্যহিক progress এর tangible result চাই।

আনুগত্য বর্জ্জন করিয়া যে মোড়লী করিবার চেষ্টা বা প্রয়াস তাহা হরিসেবার প্রতি বিদ্রোহাচরণ। যিনি যতটা গুরু-বৈষ্ণবের আনুগত্যপূর্ব যত্নাগ্রহ দেখাইবেন, তাঁহার ততটা অধিক হরিভজন হইবে। সঙ্ঘ দ্বারা হরিসেবার বৃদ্ধি হৃদয়ে জাগরুক হওয়া আবশ্যক। কেহ কেহ বলিতে পারেন "কৃষ্ণই যখন সকল বিধান করিবেন, কৃষ্ণই যখন তাঁহার ভক্তের রক্ষাকর্ত্তা, তখন আমরা কৃষ্ণকার্ষ্ণসেবার জন্য বৃথা চেষ্টা করিলে কি হইবে"—এরূপ বিচার অকিঞ্চিৎকর। বজ্রাঙ্গজী জানিতেন যে, অসুর রাবণ অপ্রাকৃত জগন্মাতা সীতাদেবীকে স্পর্শ করা দূরে থাকুক, কখন দর্শনও করিতে পারে না। তথাপি হনুমানজী সীতাদেবীর উদ্ধারের জন্য কি অপূর্ব্ব অপরিসীম চেষ্টাই না করিয়াছিলেন। গুরুবৈষ্ণবসেবা করিলেই নিরপরাধে হরিনামগ্রহণে রুচি হইবে। সঙ্গে সঙ্গে তত্ত্ববিচার বা সিদ্ধান্তশ্রবণে শ্রদ্ধা ও রুচি উত্তরোত্তর বৃদ্ধি পাইবে। ভজনের প্রবৃত্তি ভক্তগণসমূহে পরস্পর পৃথক্ বুদ্ধি করিতে হইবে না। বহির্ম্মুখ জনের মত কিছু শুদ্ধভক্তি-প্রচারের metre নহে। সত্য সত্য নিষ্কপট প্রাণ কতটা সেবোন্মুখ হইল, কতটা সত্যকে বরণ করিল, আচরণে ও বাস্তবজীবনে পালন করিল, তাহাই প্রচারের মাপকাঠি। হরিভজনের জন্য আমাদের আর্ত্তি কোথায়? আমরা বেশ পরিতৃপ্তির সহিত মায়ার সংসার করিতেছি। গুরুসেবায় অন্ত আঁঠা না হইলে—গুরুপাদপদ্মের সেবকগণের সহিত নিজেকে identify না করিলে হরিভজন হইবে না। কৃষ্ণ যখন কৃপা করেন, মায়ার সংসার যখন ক্ষয়োন্মুখ হয়, তখনই কৃষ্ণভজন হয়। সর্ব্বতোভাবে শরণাগতকেই কৃষ্ণ আপন করিয়া লন।

"আকারাদপি ভেতব্যং স্ত্রীণাং বিষয়িণামপি"। যতক্ষণ আকার-দর্শন আছে, ততক্ষণই ভয়। যেখানে আকারদর্শন নাই, সেখানে ভয় নাই। "স্ত্রী" শব্দের অর্থ বিস্তারশীল অর্থাৎ জড়জগতের প্রত্যেক বস্তুই স্ত্রী বা যোষিৎ বা ভোগ্যা। ভোগ্যা কাহার?—বিষয়ীর। জগতের সকলপ্রাণীই বিষয়ী। বিষয়ী অর্থাৎ জগতে বিস্তারশীল বা স্থিতিশীল বস্তুতে যাহার অভিনিবেশ বা ভোগবুদ্ধি আছে।

স্ত্রী-জাতিকে ঘৃণা করিয়া কেহই কখনও তাহার হাত হইতে রক্ষা পাইতে পারে না। মাতা, স্ত্রী, ভগ্নী অথবা কন্যা—এই চারিভাবে স্ত্রী-দেহধারী জীবের সহিত অপরের সম্বন্ধ হয়। ইহার যে কোনওরূপে মায়া আসিয়া গ্রাস করিবেই। কেবল দ্বেষ বা হেয় জ্ঞান করিতে গেলে আসক্তি আরও বৃদ্ধি পাইবে। ঘৃণা রাগেরই অপর রূপ। রাগ অপেক্ষা ঘৃণাতে আরও বেশী অভিনিবেশ হইয়া থাকে। আকার দর্শন করিতে গেলেই এই রাগ অথবা ঘৃণা আসিয়া উপস্থিত হয়। কেবল নারীদেহ নহে যে কোনও বস্তুরই আকার দেখিতে যাইব, তাহাই ভোগ্যা বা যোষিদ্রূপে মায়ার কর্ম্মচারী হইয়া দাঁড়াইবে। স্ত্রী-জাতির এক রূপকে ঘৃণা করিতে গেলে অন্য রূপ আসিয়া গ্রাস করিবে। সমস্ত স্ত্রী জাতিকে ঘৃণা বা উপেক্ষা করিতে গেলে ব্যতিরেকচিন্তার ফলে যোষিৎসঙ্গী অবশ্যই হইতে হইবে। আকার-দর্শনেই হেয়, অনুপাদেয় বিচার আছে। দ্বৈতজ্ঞানেই ভালমন্দ-বিচার। আকারদর্শন বা দ্বৈতজ্ঞান গেলে বিষয় বা যোষিদ্দর্শন হইতে ছুটী পাওয়া যায়। পুরুষোত্তমের শক্তি ও বিলাসের সেবা হইবার আকাঙ্ক্ষা যত জাগিবে, ততই অদ্বয়জ্ঞানের কৃপায় দ্বৈতজ্ঞান বা আকারদর্শন দূর হইবে।

বাজে কথা বলা খারাপ। এর বেশীরভাগই হইতেছে গ্রাম। গ্রাম্যকথা বলিবার অভ্যাস অত্যন্ত হানিকর। শ্রীনামের প্রতি যাঁহাদের রুচি থাকে, হরিকথা, হরিনামে যাঁহাদের টান হইয়াছে, তাঁহারা হরির শ্রবণ-কীর্ত্তনই শুনিতে ভালবাসেন। যাহাদের সংসারের প্রতি টান, তাহারা ঐ কথা ছাড়া আর কিছু শুনিতেই চায় না। সংসারের কথা লইয়া থাকা ত' ঠিক নহে। হরিভজন যাঁহারা করেন, তাঁহাদের কোনকথাই বাজে কথা নহে।

মনটা অনেক সময় নানাপ্রকার বদমাইসি করে, প্রলোভন দেখায়, বঞ্চনা করে, হতাশ হইয়া পড়ি, কি করিব কিছুই কূলকিনারা পাই না। সেই সময় জীবন সর্ব্বস্ব শ্রীগুরু-বর্গের নাম প্রাণের আর্ত্তির সহিত, চোখের জল ফেলিতে ফেলিতে যদি স্মরণ করা যায়, তাহা হইলে তাঁহারা পথ দেখাইবেন। সমস্ত সমস্যার সমাধান বা মীমাংসা তাঁহারা করিয়া দিবেন।

গৌর-নিত্যানন্দের কৃপা যাঁহার প্রতি যতটা হইবে, তাঁহার জগতের মঙ্গল হউক, এইরূপ বিচার হইবে। অর্থাৎ নিজের দীনতা ও অমানি মানদভাব এবং সহিষ্ণুতা ও পরদুঃখদুঃখিতা হৃদয়ে প্রকাশিত হইবে। কেবল অবরাবরৃত্তি শেষ কথা নহে, অর্ধপ্রবৃত্তি প্রয়োজন। কেবল বাড়ীর task লিখিলেই বিদ্যার্জ্জন হইবে না, higher class এর কথা জানা দরকার, তবে ত' task লিখিবার কায করিয়া যাইবে।

Dovetailed বা সমন্বিত না হইলে সেবা হয় না। মহাভাগবতাধিকারই proper adjustment বা dovetailed অবস্থা। উন্নত বা শেষ্ঠের দিকে লক্ষ্য রাখা দরকার। সম্পূর্ণ শরণাগত হওয়ার জন্য দৃঢ়প্রতিজ্ঞ হওয়া প্রয়োজন। ছোটর দিকে তাকাইতে হইবে না, aimটা খুব উচ্চ হইলেই মঙ্গল।

পরমারাধ্য শ্রীল প্রভুপাদের এবং তাঁহার অনুগতজনগণের সেবা'র জন্য তীব্র আকাঙ্ক্ষা অনুভূত হওয়া সর্ব্বাপেক্ষা অধিক এবং একমাত্র প্রয়োজনীয়। সেবাপ্রাপ্ত না হইলে তজ্জন্য ব্যাকুলতা (লোভ) সেবালাভের একমাত্র উপায়।

———

প্রচার-প্রসঙ্গ

——ঃ[•]ঃ——

শ্রীপুরুষোত্তমমঠের বার্ষিক-মহোৎসব

পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের পূর্ব্বাশ্রমগত ও ত্রিদণ্ডিপাদ শ্রীল ... সাগর মহারাজের নিরানন্দে শ্রীপুরুষোত্তম-মঠের বার্ষিক মহোৎসব নিরন্তর হরি-সংকীর্ত্তনমুখে সুষ্ঠুভাবে সম্পন্ন হইয়াছে। এতদুপলক্ষে ত্রিদণ্ডি ... সাগর মহারাজ, শ্রীপাদ ... ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী, শ্রীপাদ অনাদিকৃষ্ণ ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী ও শ্রীপাদ মহাপুরুষদাস ভক্তিশাস্ত্রী প্রভু প্রমুখ প্রচারকগণ শ্রীপুরুষোত্তমমঠে ... হইয়াছিলেন। ... হইতে শ্রীপাদ ... ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী প্রভুও আসিয়াছিলেন। শ্রীমঠে প্রাতে শ্রীচৈতন্যভাগবত, মধ্যাহ্নে শ্রীমদ্ভাগবত ও সন্ধ্যারাত্রিকের পর শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা হইয়াছে। ... সাগর মহারাজ প্রায় সর্ব্বক্ষণই হরিকথা কীর্ত্তন করিয়াছেন।

স্নানযাত্রার দিন অপরাহ্নকালে সকলে মিলিত হইয়া শ্রীগৌড়ীয়মঠে উপনীত হইয়া সংকীর্ত্তনমুখে বার্ষিক মহোৎসব সুষ্ঠুভাবে সম্পন্ন করেন। এতদুপলক্ষে এক বিরাট নগর-সংকীর্ত্তনবাহিনী বিচিত্র পতাকাদি লইয়া গ্রামের সর্ব্বত্র পরিভ্রমণ করেন।

গত ১০ই আষাঢ় মঙ্গলবার শ্রীপুরুষোত্তম মঠে ঠাকুর শ্রীভক্তিবিনোদের অপ্রকট-মহামহোৎসব সুষ্ঠুভাবে সম্পন্ন হইয়াছে। ভোর ৪॥• ঘটিকার সময় একটী সংকীর্ত্তনবাহিনী বহির্গত হইয়া টোটা গোপীনাথ, যমেশ্বর টোটা, সার্ব্বভৌমের বাটী, শ্রীগম্ভীরা, ভক্তিকুটী, সিদ্ধবকুল ও ঠাকুর হরিদাসের সমাধিক্ষেত্র পরিক্রমান্তে শ্রীমঠে প্রত্যাবর্ত্তন করেন।

অপরাহ্ণ ৩ ঘটিকায় একটী সভার আয়োজন হয়। ঠাকুরের আলেখ্য সুগন্ধি-পুষ্পমাল্যে বিভূষিত হইয়া অন্যান্য গুরু-বর্গের আলেখ্য সহ উচ্চমঞ্চে বিরাজিত ছিলেন। গুরুবন্দনা, গুরুপরম্পরা, পঞ্চতত্ত্ব কীর্ত্তনান্তে বিরহাত্মক বিভিন্ন মহাজন পদাবলী কীর্ত্তন হয়। অতঃপর উপদেশক শ্রীপাদ মহাপুরুষদাস ভক্তিশাস্ত্রী, শ্রীপাদ গৌরাঙ্গ ... ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী, শ্রীপাদ ... ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী ও ত্রিদণ্ডিপাদ শ্রীল ভক্তিবৈভব সাগর মহারাজ পর পর বক্তৃতা-প্রসঙ্গে ঠাকুরের অসমোর্দ্ধ মহিমার কথা কীর্ত্তন করেন। বক্তৃতার পর সমাগত বহু ভদ্রলোক ও ভদ্রমহিলাকে মহাপ্রসাদ প্রদান করা হয়।

পরদিবস ১১ই আষাঢ়, বুধবার শ্রীমঠ হইতে একটী নগরসংকীর্ত্তন-শোভাযাত্রা বাহির হইয়া বিভিন্ন স্থান পরিক্রমান্তে শ্রীল প্রভুপাদের আবির্ভাবস্থলীতে দণ্ডবৎ-প্রণাম করিয়া শ্রীগুণ্ডিচামন্দিরের বহিঃপ্রাঙ্গণে উপনীত হন। সেখানে কীর্ত্তন হইতে থাকে। শ্রীল সাগর মহারাজের আদেশে শ্রীপাদ মহাপুরুষদাস ভক্তিশাস্ত্রী প্রভু গুণ্ডিচা-মার্জ্জন-প্রসঙ্গ অবলম্বনে একটী নাতিদীর্ঘ বক্তৃতা প্রদান করেন। অতঃপর সকলে মন্দিরাভ্যন্তরে প্রবেশ করিয়া কীর্ত্তনমুখে গুণ্ডিচা মার্জ্জন ও প্রক্ষালন করেন। রাত্রে শ্রীচৈতন্যচরিতামৃত হইতে গুণ্ডিচামার্জ্জন বা ধোওয়া-পাখলা-লীলা-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা হয়।

রথযাত্রা উপলক্ষে গৌড়দেশ হইতে ও উড়িষ্যা-অঞ্চল হইতে বহু গৃহস্থ ভক্ত সপরিবারে শ্রীপুরুষোত্তমমঠে আসিয়া সমবেত হইয়াছিলেন। শ্রীমঠ সর্ব্বক্ষণ হরিকীর্ত্তনে মুখরিত ছিল।

গত ১২ই আষাঢ়, বৃহস্পতিবার রথযাত্রা-দিবস প্রাতঃকালে বিচিত্র পতাকা, চামর, ছত্র, খোল-করতালসহ ত্রিদণ্ডিস্বামী শ্রীল ভক্তিবৈভব সাগর মহারাজকে অগ্রণী করিয়া ব্রহ্মচারী ও গৃহস্থ ভক্তগণপরিবৃত এক বিরাট সংকীর্ত্তনবাহিনী উচ্চ-কীর্ত্তন করিতে করিতে শ্রীজগন্নাথদেবের রথের সম্মুখে উপনীত হইয়া আত্মহারাভাবে অবিশ্রান্তভাবে মহামন্ত্র, পঞ্চতত্ত্ব ও মহাজনগণের গীতিসমূহ কীর্ত্তন করেন। শ্রীজগন্নাথ, শ্রীবলরাম ও শ্রীসুভদ্রা রথে আরোহণ পূর্ব্বক শ্রীগুণ্ডিচা অভিমুখে বিজয়কালে শ্রীল সাগর মহারাজকে অগ্রণী করিয়া মঠসেবকগণ সমস্ত রাস্তায় উচ্চ-সঙ্কীর্ত্তন করিতে করিতে অগ্রসর হইতে থাকেন। শ্রীপাদ অনাদিকৃষ্ণ ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীমন্মহাপ্রভুর রথাগ্রে নৃত্য-কীর্ত্তন-প্রসঙ্গটী মূল-গায়করূপে বহুক্ষণ কীর্ত্তন করিতে থাকেন। কর্ত্তৃপক্ষগণ হইতে মাননীয় ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট মহোদয় স্বতঃপ্রণোদিত হইয়া শ্রীপুরুষোত্তমমঠের সেবকবৃন্দকে আশাতীতভাবে আহ্বান ও সম্বর্দ্ধনা করিয়া রথের সন্নিকটে সর্ব্বাগ্রে দণ্ডায়মান হইয়া নির্ব্বিঘ্নে কীর্ত্তন করিবার সুযোগ প্রদান করেন। এবার রথযাত্রা-দিবসে বৃষ্টি ছিল না, অথচ আকাশ মেঘাচ্ছন্ন থাকায় রৌদ্রেরও উত্তাপ প্রখর ছিল না। অন্যান্যবার অপেক্ষা এবার যাত্রীসমাগম অনেক বেশী। পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপাদৃষ্টিপ্রভাবে উৎসবটী অনির্ব্বচনীয়ভাবে সাফল্যমণ্ডিত হইয়াছে।

উৎসব অন্তে সেবকগণ ভুবনেশ্বর ত্রিদণ্ডিগৌড়ীয়মঠে উপনীত হইয়া বার্ষিক উৎসব সম্পন্ন করেন। এতদুপলক্ষে বিচিত্র-পতাকাদিসহ এক বিরাট নগরসংকীর্ত্তন-বাহিনী শ্রীমন্দির পরিক্রমান্তে শ্রীমঠ হইতে বহির্গত হইয়া বিভিন্নপথ, মেঘাসন, গৌরীকুণ্ড, শ্রীঅনন্তবাসুদেবের মন্দির ও বিন্দুসরোবর হইয়া পুনরায় শ্রীভুবনেশ্বর-মন্দিরে উপনীত হন। শ্রীমন্দির-পরিক্রমা অন্তে চত্বরে দণ্ডায়মান হইয়া সেবকগণ উচ্চসংকীর্ত্তন করিতে থাকেন। শ্রীপাদ অনাদিকৃষ্ণ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীচৈতন্যভাগবত হইতে একাম্রকানন ও শ্রীভুবনেশ্বরের প্রসঙ্গটী খোল-করতালযোগে কীর্ত্তন করেন ও বক্তৃতামুখে বিষয়টী প্রাঞ্জলভাবে সর্ব্বসাধারণকে বুঝাইয়া দেন। মধ্যাহ্নে সকলকেই বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হইয়াছিল।

———

দিনাজপুর জেলায়

আকর-মঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা দার্জ্জিলিং শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ মালদহ, বক্ষট প্রভৃতি স্থানে শ্রীমন্মহাপ্রভুর কথা প্রচারপূর্ব্বক রাইগঞ্জ নামক স্থানে উপস্থিত হইয়া স্থানীয় মহারাণী স্নেহলতা-হলে ও ১৩ই জুনে যথাক্রমে দুই দিবস মনুষ্য-জীবনের কর্ত্তব্য সম্বন্ধে বক্তৃতা ও শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। স্থানীয় সজ্জনগণের আগ্রহে তথায় বিভিন্নস্থানে আরও কয়েক-দিন শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা হয়। স্থানীয় সার্কেল অফিসার, উকীল, রাজকর্ম্মচারী, স্কুলের শিক্ষক প্রভৃতি বক্তৃতা ও পাঠে যোগদান করিয়াছিলেন। প্রচারকগণ তথা হইতে মালিমপুরনামক গ্রামে উপস্থিত হইয়া তথায় শ্রীযুত যোগেশচন্দ্র সাহা মহাশয়ের সাদর আহ্বানে তাঁহার গৃহে শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীসাক্ষিগোপাল-প্রসঙ্গ ও রায়রামানন্দ-সংবাদ পাঠ ও ব্যাখ্যা করেন। প্রত্যহ পাঠে বহু সজ্জনব্যক্তি যোগদান করিয়াছিলেন।

———

লক্ষ্ণৌতে

পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপায় লক্ষ্ণৌ-শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ গত ২৫ জুন সোমবার সন্ধ্যায় পণ্ডিত শ্রীযুত গঙ্গাচরণ বাজপাই মহাশয়ের সাদর আহ্বানে লক্ষ্ণৌ গুইন-রোডস্থ তাঁহার বাসভবনে গমন করেন। শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের জয়ধ্বনি-মুখে গুরুবৈষ্ণববন্দনা, পঞ্চতত্ত্ব ও বিভিন্ন মহাজন-পদাবলী-কীর্ত্তনান্তে মঠসেবক শ্রীপাদ নেত্রানন্দ ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীমদ্ভাগবত হইতে শ্রীপ্রহ্লাদ মহারাজের উপাখ্যান পাঠ ও নিখিলমানবের প্রতি শ্রীপ্রহ্লাদ মহারাজের অমূল্য উপদেশ এবং অসুর বালকগণের প্রতি তাঁহার শিক্ষা অতি প্রাঞ্জল হিন্দিভাষায় ব্যাখ্যা করেন। মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তনান্তে সভা ভঙ্গ হয়। শ্রীযুত বাজপাই মহাশয় শ্রদ্ধালু ভদ্রলোক। তিনি শ্রীগৌড়ীয়-মঠের কথা শুনিয়া আকৃষ্ট হইয়াছেন।

গত ১৩ই জুন মঠের সেবকবৃন্দ শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গের বাণী-প্রচারার্থ বেরেলী সহরে গমন করেন। উপদেশক শ্রীপাদ নেত্রানন্দ ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী, ভক্তিসুন্দর প্রভু শ্রীশ্রীমন্-মহাপ্রভুর বিমলপ্রেমধর্ম্মের কথা এবং শ্রীগৌড়ীয়মঠের আদর্শময় প্রচার-বৈশিষ্ট্য সম্বন্ধে তথায় বহু বিশিষ্ট শ্রদ্ধালু সজ্জনের সহিত আলোচনা করেন। নিম্নে তাঁহাদের নাম প্রদত্ত হইল—

পণ্ডিত আর, এস, শর্ম্মা প্রফেসার; বাবু বলবীর দয়াল, কনট্রাক্টর; বা... সিয়ারামজী, হেড ক্লার্ক, গুডস্ অফিস; ডা... নিরঞ্জনী প্রসাদ এম-বি, বি-এস্; ডাঃ এইচ, ডি, মুখার্জ্জি, এইচ, এম, বি, ডাঃ ... এম, গুহ; মিঃ এ, সি, দত্ত, প্রিন্সিপ্যাল বেরিলি কলেজ, বাবু গোবিন্দ প্রসাদজী উকিল; বাবু গোপেশ্বর প্রসাদজী, উকিল বাবু শাশ্বত প্রসাদজী, উকিল, মিঃ দয়াচাঁদ জৈন, পুলিশ ইন্‌স্পেক্টর, মিঃ আর, এন, ঘো... ইত্যাদি।

———

কভুরে

শ্রীমন্মহাপ্রভুর নিজজন ও বিষ্ণুপাদ পরমহংস-শিরোমণি অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ভক্তি-প্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের পূর্ব্বাশ্রমগত আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা শ্রীরামানন্দ-গৌড়ীয়মঠের সেবকবৃন্দ গত ২২শে ও ২৩শে জুন তারিখে কভুরের সন্নিকটস্থ আরিপল্লি গ্রামের শ্রীযুক্ত বাবু চাও বেঙ্কট-রমণ নামীয় জনৈক সম্ভ্রান্ত ব্যক্তির সাদর আহ্বানে তদীয় বাসভবনে গমনপূর্ব্বক শ্রীচৈতন্যচরিতামৃত হইতে ব্যাধ-নারদ-সংবাদ পাঠ ও ব্যাখ্যা করেন। শ্রোতৃধারায় নিত্যত্ব ও সদ্‌গুরু-চরণাশ্রয়ের প্রয়োজনীয়তা প্রভৃতি বহু বিষয় আলোচিত হয়। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন করা হইয়াছিল। স্থানীয় বহু সম্ভ্রান্ত ব্যক্তি পাঠে যোগদান করেন।

———

পাটনায়

শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা পাটনা-শ্রীগৌড়ীয়মঠের কতিপয় সেবক গত ৭ই জুন শনিবার অপরাহ্ণে য়্যাডভোকেট শ্রীযুত বজেশ্বরীপ্রসাদ ভক্তিভাস্কর, ভক্তিশাস্ত্রী বি-এল মহোদয়ের সহিত পাটনা হইতে প্রায় ৬৫ মাইল দূরে হাতিদা নামক স্থানে শ্রীগুরু-গৌরাঙ্গের বাণী প্রচারার্থ গমন করেন। প্রচারকগণ শ্রীযুত রুক্মিণীপ্রসাদ সিং জমিদার মহোদয়ের গৃহে উপস্থিত হইলে তথায় একটি সভার আয়োজন হয়। গুরুবৈষ্ণববন্দনা, পঞ্চতত্ত্ব ও মহাজনপদাবলী কীর্ত্তনান্তে শ্রীযুত ব্রজেশ্বরী প্রসাদজী কিছুক্ষণ যাবৎ শ্রীগৌড়ীয়-মঠের পরিচয়, প্রচারের উদ্দেশ্য ও বৈশিষ্ট্য প্রভৃতি বিষয় সম্বন্ধে কিছুক্ষণ বক্তৃতা প্রদান করিলে শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারী ভক্তি-শাস্ত্রী প্রভু প্রায় একঘণ্টাকালযাবৎ শ্রীগৌড়ীয় মঠের সিদ্ধান্ত, শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা, শ্রীনাম-মাহাত্ম্য প্রভৃতি বিষয়ে হিন্দিভাষায় একটী বক্তৃতা প্রদান করেন।

গত ৮ই জুন রবিবার সন্ধ্যায় পুনরায় তথায় শ্রীমদ্ভাগবত ৭ম স্কন্ধ হইতে শ্রীপ্রহ্লাদ-উপাখ্যান পাঠ ও হিন্দিভাষায় ব্যাখ্যা হয়।

———

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীমধুসূদন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক—শ্রীভববন্ধচ্ছিদ দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশুভবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীচৈতন্যচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীব্রজবিহারী অধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীহরেরাম ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীমহৎকৃপা ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীধামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউভাঙ্গা (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠাসন
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুঁড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীদীনদয়াল ব্রজবাসী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদনান্তনিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগলাবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপাবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীইন্দ্রসখ দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা মথুরা
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেষশায়ী
পোঃ হোডোল, জেলা গুড়গাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিত্যানন্দদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ কৃপাভিনির্দ্ধেক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিনির্দ্ধেক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রিয় ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীঘনশ্যাম দাসাধিকারী

বিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিকলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাণবাঁধ, বর্দ্ধমান
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ভুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবশরণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাক্সেষ্টার রোড, হাইড্ গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅদ্বয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ. পি)
সেবক—শ্রীভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীপ্রেসঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস
সেবক—শ্রীসুরেশ্বর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীমনীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের পূর্ব্বপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক বিশালীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম এ মহোদয়ের গৌড়ীয় গবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া এক ধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। ইহাতে বিরাট্ আকারের অদ্বিতীয় মানচিত্র ও বিচিত্র চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনামূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড ৩৩শ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়াপাট্টা, মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্ত্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে ব্যাখ্যাত ও শ্রীপাদ বাদরায়ণ বলদেব বিদ্যাভূষণ-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা ও রূপের আলেখ্য ভূমিকা ও সূচীসহ অদ্ভুতপূর্ব্ব সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণরূপে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ,
শ্রীযুক্ত ভূপতিরঞ্জন রায় এম-এ, বি-এল,
পুরাণপল্টন, পোঃ রমণা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম সন্নিবেশিত হইয়াছে। সত্য সুধীবৃন্দগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—২৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

বিজ্ঞাপন

'মেডিকেল ডিগ্রী' সংগ্রহ করুন

আয়ুর্ব্বেদিক, হোমিওপ্যাথিক, ইউনানী,
বিজ্ঞান প্রভৃতি পরীক্ষা ঘরে বসিয়া দিন।
বিনা খরচে প্রস্পেক্টাস ফ্রী। ইংরাজী কিম্বা
উর্দু ভাষায় পত্র ব্যবহার করিবেন।

প্রিন্সিপ্যাল অফ ইণ্ডিয়ান
মেডিক্যাল কলেজ
আম্বালা সিটী

শুদ্ধভক্তিগ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) — ৪০
২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
৩। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) — ৲
৪। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত — ৬৲
সরস্বতী জয়শ্রী (অবাঁধা) — ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০ , ২য় খণ্ড—১৲ ; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব — ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা — ১।০
৯। জৈবধর্ম্ম — ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার — ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত — ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) — ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) — ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) — ৷৷০
১৫ বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত-তত্ত্ব — ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব — ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ — ।০
১৮। বাদশ আলবার — ৷৷০
১৯। তত্ত্ববিবেক — ।০
২০। গৌড়ীয়-গৌরব — ।৵০
২১। গৌড়ীয়সাহিত্য — ।৵০
২২। ভজন রহস্য — ৷৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) — ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) — ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী-টীকাসহ) — ১৲
২৬। গীতার কেবল মাধ্বভাষ্য — ৷৷০
২৭। দুঃসঙ্গমালিকা ভক্তসৌঃ (সানুবাদ) — ২৲
২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ৸৵০ বাঁধা ৸০)
৩০। দ্বীপ-দিগ্দর্শন — ৵০
৩১ সাধনপথ (তৃতীয় সংস্করণ) — ।৵০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস — ৷৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা — ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) — ৵০
৩৫। গীতমালা — /১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) — ৶০
৩৭। ঐ প্রমাণ খণ্ড — ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ — ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ — ।০
৪০। শরণাগতি — ৵০
৪১। গীতাবলী — /১০
৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা — ৸০
৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) — ২।০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক — /১০
৪৬। অর্থপঞ্চক — /১০
৪৭। সদাচারস্মৃতিঃ — /১০
৪৮। কল্যাণকল্পতরু — /১০
৪৯। অর্চ্চনকণ — /০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) — ৬৲
৫১। ব্রহ্মসংহিতা — ৷৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) — ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ — ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় — ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী — ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ — ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) — ।০
৫৮। শ্রীভুবনেশ্বর — ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ — /০
৬০। সাংখ্যবাণী — /০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল — ২।০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ — ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ — ৷৷০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ — ।০
৬৫। সটীকা-শিক্ষাষ্টকম্ — ।০
৬৬। উজ্জ্বলক্রম্ — ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ — ৶০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ — /০
৬৯। সারসংবর্ণনম্ — ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ — ৷৷০
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত — ৷৷০
৭২। নামভজন — /০
৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অন্টলজী — ৷৷০
৭৪। রিলেটিভ ওয়ার্ল্ডস্ — ।৵০
৭৫। লাইফ এ্যাণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু — ৷৷০
৭৬। বৈষ্ণবীজম্ — ৷৷০
৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং — /০
৭৮। দি ভাগবত — ।০
৭৯। ইশো টক প্রিন্সিপাল এণ্ড আনরিভিলেড ডিভোশন — ।০
৮০। ব্রহ্মসংহিতা — ৷৷০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা — ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু — ৬৲
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য — ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি — ৸০
৮৫। সাধনপথ — ৷৷০
৮৬ কল্যাণকল্পতরু — /১০
৮৭। গীতাবলী — /১০
শরণাগতি — /০
৮৯। শ্রীসচ্চিদানন্দবাণী — ৸৵০
৯০। শ্রীগৌড়ীয়বাণী — ৷৷০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি — ৷৷০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত — ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	৷০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১৷০	১৷০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

মাসে প্রতি ইঞ্চি	৬৲	৪৷০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৴৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, গ্রন্থখানি শাস্ত্রযুক্তিপূর্ণ দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান -শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মহুয়া প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক ন্যায়, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু ... সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১৷০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মহুয়া প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ হিন্দি পদ্যানুবাদসহ মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭৷০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬৷০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ সেবাশক্তির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডাবলক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ৷৷০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

					শনিবার	শনিবার ব্যতীত অন্য দিন		
কলিকাতা ছাঃ	৪-৩৬	৬-২১	৭-১৯	১০-১৬	১৫-১০	১৬-২৬	১৭-৫৩	২২-২৬
দমদম	৪-৫৬	৬-৩১	৭-২৮	১০ ২৯	...	...	১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯-১৮	১২ ৫০	১৬-৪৮	১৮-০১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ	.....	.....	৯-৩৩	...	.....	.....	.....	...
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৯	৮-৪০	১০-৬	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-১৬	১৪ ৫০	১৭-৪০		২০-৩০		
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১৫-২৫	১৮-১৫		২১-৫		
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫-৩৩	১৮-২৩		২১-১৩		

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১-৬
দমদম " ১১-১৮
রাণাঘাট পৌঃ ১২-৫১
" ছাঃ ১২ ৫৩
শান্তিপুর পৌঃ ১৩ ২৪
(বদল) ছাঃ ১৩ ৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ ১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ ১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ ১৫-৩৩

ডাউন

					শনিবার ব্যতীত অন্য দিন	শনিবার		
নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪		৯-১২		১৬-৩	১৬-৩১	১৮ ৩৮	
মহেশগঞ্জ "	৬-২৩		৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৭		৯-৫৫		১৬-৪৬	১৭-১৪	১৯-২১	
(বদল) ছাঃ	৬-০১	৭-১০	৮-৫২	১১-১৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪-১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৪৪	১৭-৫০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	.....	.....	.....	.....	১৫-৫৬	১৭-৫২	.....	.....
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১-২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬	২১-৪০	২৩-১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ ১৪-২
মহেশগঞ্জ " ১৪-১০
কৃষ্ণনগর পৌঃ ১৪-৪৪
ছাঃ ১৫-৩৯
শান্তিপুর পৌঃ ১৬-২৭
(বদল) ছাঃ ১৮-৩২
রাণাঘাট পৌঃ ১৮-৫৯
" ছাঃ ১৯-২০
কলিকাতা পৌঃ ২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৸০ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পত্র শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৸০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৸০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্য জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণ-ভক্তিসর্ব্বস্ব দেশ তথা বহেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনস্বী সজ্জনগণ যে সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগবিরুদ্ধসিদ্ধান্তখণ্ডনে ও তদনুরূপ সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষায় একমাত্র উপায় বলিলেও ইহার অত্যুক্তি অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৸০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

:—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
বেহালা, ২৪ পরগণা

টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

Regd No. C. 1544

শ্রীশ্রীশ্রুতিরত্নমালা

শ্রীল নারায়ণদাস ভক্তি-সুধাকর এম-এ সঙ্কলিত। এই গ্রন্থ কথাকায়, বিস্তৃত ভূমিকা ও সূচীসহ অতি সুন্দর-রূপে প্রকাশিত হইয়াছে। ঈশ, কেন, কঠাদি দ্বাদশ উপনিষদের অভিনব সংস্করণ ভিক্ষা মাত্র ১৷০ টাকা।

প্রাপ্তিস্থান —
মধুর। প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ- -ওয়ারী, ঢাকা

দৈনিক নদীয়াপ্রকাশ

'THE DAILY NADIA PRAKASH'

শ্রীচৈতন্যদেব

—:o:—

স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য-মহাপ্রভুর জীবনী ও শিক্ষার কথা সুন্দরভাবে ইহাতে লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট কাগজে সুন্দর বাঁধাই।

৩য় সংস্করণ · ভিক্ষা ১৷০
প্রাপ্তিস্থান
শ্রীযোগপীঠ শ্রীমন্দির,
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক সংবাদপত্র

১৬খণ্ড] শ্রীমায়াপুর,—২৩শে আষাঢ়, ১৩৪৮, ৭ই জুলাই ইং ১৯৪১, সোমবার। [১০৩তম সংখ্যা

বিবিধ-সংবাদ

——:o:(o):o:——

ভূগোল সংক্রান্ত পাঠ্য পুস্তক

ভার্সাই সন্ধির পর যেরূপে বিভিন্ন রাজ্যের পুনর্গঠন হইয়াছিল বাঙ্গলার ভৌগোলিক পাঠ্য-পুস্তকসমূহের মানচিত্রে তাহাই অনুসরণ করিতে ও দেখাইতে হইবে। এইরূপ জানা গিয়াছে যে, বাঙ্গলার জনশিক্ষা-বিভাগের ডিরেক্টর এই মর্ম্মে এক ইস্তাহার জারী করিয়া জানাইয়াছেন যে, এই বৎসর বেঙ্গল টেক্সট বুক কমিটির নিকটে দাখিল করার উদ্দেশ্যে ভূগোল সম্বন্ধে যে সকল পাঠ্য পুস্তক রচনা করা হইবে, তাহাতে ভার্সাই সন্ধির পর বিভিন্ন দেশ ও জাতির যেরূপ অবস্থা দাঁড়াইয়াছিল, তাহা দেখাইয়া মানচিত্র অঙ্কিত করিতে হইবে। তিনি আরও জানাইয়াছেন যে, বর্ত্তমান যুদ্ধের সময়ে যে সকল পরিবর্ত্তন ঘটিয়াছে তৎসম্বন্ধে ইতোমধ্যে অন্যান্য যে সকল পরিবর্ত্তন সাধিত হইয়াছে তাহা অবশ্য ঐরূপ পুস্তকে উল্লেখ করিতে হইবে। তিনি আরও জানাইয়াছেন যে, যে সকল দেশের সীমারেখার পরিবর্ত্তন ঘটিয়াছে, তাহাদের সম্পর্কে প্রত্যেকটি মানচিত্রের নীচে এই মর্ম্মে পাদটীকা দিতে হইবে যে, ভার্সাই সন্ধিতে বিভিন্ন দেশের যেরূপ সীমারেখা নির্দ্দিষ্ট হইয়াছিল, মানচিত্রে তাহাই প্রদর্শিত হইল।

———

মালয়ের ভারতীয় ছাত্রদের শিক্ষা-সমস্যা

মালয়ের কেন্দ্রীয় ভারতীয় সমিতির সভাপতি মালয়প্রবাসী উপযুক্ত ভারতীয় ছাত্রগণ যাহাতে আহার ও বাসস্থান ফ্রি পাইতে পারে, তাহাদিগকে সেইরূপ সুবিধা-দানের জন্য ভারতীয় বিশ্ববিদ্যালয়সমূহের নিকট অনুরোধ জানাইয়াছেন। কারণ মালয়প্রবাসী ভারতীয়গণের অবস্থা এরূপ সচ্ছল নহে যে, তাহারা স্বদেশে আসিয়া নিজ নিজ ব্যয়ে শিক্ষা লাভ করিতে পারে।

———

বিহারে জেলা ও লোকাল বোর্ড সভ্যদের পদত্যাগ

মানভূম ডিষ্ট্রিক্ট বোর্ডের ভাইস চেয়ারম্যান শ্রীযুত সমরেন্দ্রনাথ ওঝা, পুরুলিয়া লোকাল বোর্ডের ভাইস চেয়ারম্যান শ্রীযুত শ্যামাকিঙ্কর ভট্টাচার্য্য, ধানবাদ লোকাল বোর্ডের ভাইস চেয়ারম্যান শ্রীযুত হরিপ্রসাদ আগরওয়ালা ও মানভূম ডিষ্ট্রিক্ট বোর্ডের সভ্য শ্রীযুত দেবেন্দ্রনাথ তেওয়ারী পদত্যাগ করিয়াছেন।

———

পৃথিবীর প্রথম সঙ্গীতজ্ঞ রাষ্ট্রপতি পেডারুইস্কির বিস্ময়কর জীবনকাহিনী

মঃ ইগনেস পেডারুইস্কির মৃত্যুতে জগতের একজন শ্রেষ্ঠ গুণীর তিরোভাব ঘটিল। তিনি জগদ্বিখ্যাত পিয়ানোবাদক ও সুরশিল্পী ছিলেন। পোল্যাণ্ডের অন্যতম শ্রেষ্ঠ দেশপ্রেমিক হিসাবেও তাঁহার নাম চিরস্মরণীয় হইয়া থাকিবে। গত মহাযুদ্ধের সময় পোল্যাণ্ডের সাহায্যার্থে অর্থসংগ্রহের জন্য তিনি পৃথিবীর সর্ব্বত্র সঙ্গীতানুষ্ঠান করিয়া বেড়াইয়াছিলেন। যুদ্ধের পর তিনি পোল্যাণ্ডের প্রথম প্রধান মন্ত্রীর পদে অধিষ্ঠিত হন; তিনি শান্তি-সম্মেলনে পোল্যাণ্ডের প্রতিনিধিত্ব করিয়াছিলেন। এক বৎসরকাল তিনি প্রধান মন্ত্রীপদে নিযুক্ত ছিলেন। কিন্তু পোলিশ গভর্ণমেণ্ট জার্ম্মাণীর সহিত একটি চুক্তি সম্পাদন করায় তিনি ইহাকে গণতান্ত্রিক নীতির পরিপন্থী বিবেচনা করিয়া অবসর গ্রহণ করেন। পেডারুইস্কির ন্যায় একজন সঙ্গীতজ্ঞকে প্রধান মন্ত্রীর পদে নিযুক্ত করিয়া পোলিশ জাতি তাহাদের সংস্কৃতিক উৎকর্ষের পরিচয় দিয়াছিলেন। পেডারুইস্কি ছাড়া পোল্যাণ্ডের আরও কয়েকজন কৃতী সন্তানও জগদ্বিখ্যাত হইয়াছেন। সুবিখ্যাত সঙ্গীতবিদ শপাঁ, প্রসিদ্ধ ঔপন্যাসিক কনরাড, জগদ্বিখ্যাত মহিলা বৈজ্ঞানিক রেডিয়ম-আবিষ্কর্ত্রী মাদাম কুরী প্রভৃতি অনেকে পোল্যাণ্ডেরই লোক।

———

বোম্বাইয়ে প্রবল বারিবর্ষণ

যে বন্যার ফলে গত ৩০শে জুলাই রেল, টেলিফোন, টেলিগ্রাফ ও রাস্তার যোগাযোগ নষ্ট হওয়ায় বোম্বাই সমগ্র ভারত হইতে বিচ্ছিন্ন হইয়া পড়িয়াছিল, তৎসম্পর্কে উন্নতি সাধিত হইয়াছে। বন্যার ফলে রেলওয়ে লাইনের পাঁচটি স্থান ভগ্ন হওয়ায় বি বি সি আই রেলওয়ে লাইনে ট্রেন চলাচলে বাধা হইয়াছে। ইহার ফলে দিল্লী হইতে গত ২রা জুলাই বোম্বাইয়ে যে ফ্রণ্টিয়ার মেল পৌঁছিবার কথা ছিল, তাহা বোম্বাই সেণ্ট্রাল ষ্টেশনে না পৌঁছিয়া ভিক্টোরিয়া টার্মিনাসের দিকে চালান হইতেছে।

অবিরাম বৃষ্টিপাতের ফলে বোম্বাই প্রদেশে গুরুতর বন্যা হওয়ায় যে ধ্বংসলীলা সাধিত হইয়াছে, জনৈক উচ্চপদস্থ রেলওয়ে কর্ম্মচারী তাহা বর্ণনা করেন। পুণা ও অন্যান্য স্থান হইতে ২৬নং পুণা প্যাসেঞ্জার ট্রেণে করিয়া যে ছয় শত যাত্রী বোম্বাই যাইতেছিল, তাহাদিগকে ঐ দিবস দ্বিপ্রহরে অম্বরনাথের নিকটে নামাইয়া দেওয়া হয়। এই সকল নিরাশ্রয় যাত্রীকে বোম্বাইতে আনিবার জন্য রেলওয়ে কর্ত্তৃপক্ষ একখানি স্পেশাল ট্রেণের বন্দোবস্ত করেন। ট্রেণে করিয়া দুর্গত যাত্রীদিগকে খাদ্য প্রেরণ করা হয়।

গত ২রা জুলাই সন্ধ্যায় বোম্বাই হইতে যে পাঞ্জাব ও কলিকাতা মেইল ছাড়িয়াছিল এবং বি বি এণ্ড সি আই রেলওয়ে লাইনে সরাইয়া লওয়া হইয়াছিল, ঐ লাইনে বন্যা হওয়ায় উহাদিগকে বুলসারের নিকটে থামিতে হয় এবং অনুরূপভাবে বি-বি এণ্ড সি আই-লাইনে যে জি-আই পি মেলসমূহ চলিতেছিল, সেগুলিকেও বরোদার নিকটে থামিতে হয়। পরদিবস সন্ধ্যায় যে সকল মেইল ট্রেণের বোম্বাই ত্যাগ করার কথা ছিল সেইগুলি জি-আই-পি রেলওয়ের একটি মাত্র লাইনে চলিবে। লাইনের একস্থান ভগ্ন হওয়ায় ঐ দিবস রাত্রে সন্ধ্যার ট্রেণ চলাচলও বাধাপ্রাপ্ত হয়। ৩১নং ডাউন লাইন্স প্যাসেঞ্জার ট্রেণটি বাতিল করা হয়।

আমেদাবাদ হইতে প্রাপ্ত সংবাদে জানা যায় যে, গত দুইদিন যাবৎ গুজরাট কাথিয়াবাড়েরও সর্ব্বত্র প্রবল বারিবর্ষণ হইয়াছে। বিভিন্ন স্থানে টেলিগ্রাফ ও টেলিফোনের যোগাযোগে বাধার সৃষ্টি হয়। আপ ও ডাউন গুজরাট মেইলসমূহকে সুরাটে থামিতে হয়। ট্রেণগুলি বরোদা অতিক্রম করিতে অক্ষম হয়। সুরাটে গত ২৪ ঘণ্টার মধ্যে ২০ ইঞ্চি বারিপাত হইয়াছে। রাজপথসমূহ জলপ্লাবিত হইয়া গিয়াছে এবং নিম্ন স্থানসমূহ ক্ষুদ্র হ্রদের আকার ধারণ করিয়াছে। পার্শ্ববর্তী গ্রাম সমূহ সুরাট সহর হইতে বিচ্ছিন্ন হইয়া পড়িয়াছে। গত ৫০ বৎসরের মধ্যে সুরাটে এইরূপ বৃষ্টিপাত হয় নাই। প্রবল বারিবর্ষণের ফলে কতকগুলি চালাঘর ও বাড়ীর ছাদ পড়িয়া গিয়াছে ও বৃক্ষসমূহ ভূমিসাৎ হইয়াছে।

———

শ্রীচৈতন্য [illegible]

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

[illegible] কটক [illegible] অধ্যাপক নিশিকান্ত [illegible] মহামহোপাধ্যায় [illegible] সম্প্রদায়-বৈষ্ণব [illegible] প্রাচ্য ও পাশ্চাত্য [illegible] তুলনা মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সমাধান [illegible] পৃষ্ঠা [illegible] (Foreword), [illegible] গোস্বামী [illegible] (Prefaces), [illegible] (Contents) ও [illegible] Index (Glossary) সহ [illegible] মূল্য ৩১০ [illegible] টাকা। প্রাপ্তিস্থান [illegible] গৌড়ীয়মঠ, [illegible] শ্রীগৌড়ীয়মঠ, [illegible], শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের ব্যাখ্যা শ্রীমন্মধ্বাচার্য্য [illegible] শ্লোকাকারে [illegible] সংক্ষেপে [illegible] ও [illegible] 'অণুভাষ্য' টীকা [illegible] তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য [illegible] মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

[illegible] শ্রীল [illegible] ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'বিবৃতি' টীকা [illegible] ভূমিকা ও [illegible] শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত [illegible] গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর [illegible] পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীযুক্ত [illegible]

[illegible] পোঃ রমণা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

[illegible] শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ [illegible] শ্রীবিশ্বনাথ [illegible] ইংরাজী অনুবাদ [illegible] প্রকাশ [illegible] কঠিন শ্লোকসমূহের [illegible]

[illegible] ১৬৮ পৃষ্ঠায় [illegible] সম্পূর্ণ [illegible] গৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

[illegible]

[illegible] সংগ্রহ করুন

[illegible]

শুদ্ধভক্তিগ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র)	৪০
২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত—	২৮৲
দশম স্কন্ধ—	৯৲
৩। অপ্রকাশিত বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাধা)	৲
৪। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত	৬৲
সংস্করণ (অবাধা)	৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী ১ম খণ্ড ৸০; ২য় খণ্ড—১৲, তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০	
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী ১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড	৸০
৭। শ্রীচৈতন্যদেব	১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা	১।০
৯। বৈষ্ণবদর্শন	২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার	২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত	২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা)	১৲
[illegible] নামচিন্তামণি (১ম সংস্করণ)	৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ)	।০
১৫। বৈষ্ণবসাহিত্যে [illegible]	।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব	৸০
১৭। চৈতন্যোপনিষদ্	।০
১৮। [illegible]	॥০
১৯ [illegible]	।০
২০। গৌড়ীয় গৌরব	।৵০
২১। গৌড়ীয়গীতিকা	।৵০
২২। ভজন রহস্য	॥০
২৩। [illegible] ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)	১৲
২৪। গীতা (বিদ্বদ্রঞ্জন-টীকা সহ)	১৲
২৫। গীতা (১ম ও [illegible] টীকাসহ)	১৲
২৬। গীতার কেবল [illegible]	॥০
২৭। মুক্তি[illegible] (সানুবাদ)	২৲
২৮। [illegible] (সানুবাদ)	
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাধা ।০০ বাঁধা ৸০)	
৩০। [illegible]	৶০
৩১ সাধনপথ (তৃতীয় সংস্করণ)	৶০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস	॥০
৩৩। নবদ্বীপধাম মাহাত্ম্য	৸
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা)	৶০
৩৫। গীতমালা	৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট)	৶০
৩৭। ঐ প্রমাণ খণ্ড	৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ	।
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ	।০
৪০। [illegible]	৶০
৪১। গীতাবলী	৴১০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা	৸০
৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র)	২০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা	
৪৫। নবদ্বীপশতক	৴১০
৪৬। [illegible]	৴১০
৪৭। [illegible]	৴১০
৪৮। কল্যাণকল্পতরু	৴১০
৪৯। [illegible]	।০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে)	৬৲
৫১। ব্রহ্মসংহিতা	॥০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ)	।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ	৸০
৫৪। [illegible] বিনির্ণয়	।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী	।০
৫৬। [illegible] ও [illegible]	৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ)	।০
৫৮। শ্রীভুবনেশ্বর	৶০
৫৯। [illegible]	৴০
৬০। সাংখ্যবাণী	৴০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল	২॥০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ	৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্	॥০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী [illegible]	।০
৬৫। সটীকা [illegible]	।০
৬৬। [illegible]	।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্	৶০
৬৮। গৌড়ীয়[illegible]	৴০
৬৯। [illegible]	৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ	॥০
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত	॥০
৭২। [illegible]	৴০
৭৩। [illegible] এণ্ড [illegible]	॥০
৭৪। [illegible]	।৵০
৭৫। লাইফ য়্যাণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু	॥০
৭৬। বৈষ্ণবীজম্	॥০
৭৭। [illegible] গৌড়ীয়মঠ [illegible]	৴০
৭৮। [illegible]	।০
৭৯। [illegible] এণ্ড [illegible]	।০
৮০। ব্রহ্মসংহিতা	॥০
৮১। [illegible]	২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু	২৲
৮৩। [illegible]	১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। [illegible]	৸০
৮৫। [illegible]	১০
৮৬ কল্যাণকল্পতরু	৴১০
৮৭ গীতাবলী	৴১০
[illegible]	৴০
৮৯। [illegible]	।৵০
৯০। [illegible]	॥০

[illegible] ভাষায় প্রকাশিত

৯১। [illegible]	॥০

[illegible] ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত	২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুলপ্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

সত্বর কল্যাণকল্পতরু

—•—

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃত ভাষ্যসহ প্রকাশিত হইয়াছেন। ইহাতে তত্ত্ব ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৵০

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ-শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীস্তবরত্নমালা

—•—

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৸০ মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ-শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ২৮ বামন, গৌরাব্দ ৪৫৫, ২৩শে আষাঢ়, বঙ্গাব্দ ১৩৪৮, ৭ই জুলাই ইং ১৯৪১, সোমবার { ১০৩ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৮ বামন, সর্ব্বশ্রেষ্ঠ সর্ব্বাদ গৌরাব্দ ৪৫৫

শ্রীজগন্নাথ আচার্য্য

——::•::——

আমরা আজ যে মহাপুরুষের অতিমর্ত্ত্য চরিতালোচনার আশা পোষণ করিতেছি, তিনি গৌরপার্ষদ বৈষ্ণবসার্ব্বভৌম শ্রীল জগন্নাথদাস বা অতিবাড়ী জগন্নাথদাস নহেন। তিনি শ্রীচৈতন্যচরিতামৃতে কাঠকাটা জগন্নাথদাস নামে পরিচিত। ইনি ঢাকা জেলার অন্তর্গত বিক্রমপুর পরগণায় কাঠকাটা (কাঠাদিয়া) গ্রামে আবির্ভূত হন। ১৪০১ শকাব্দীয় বৈশাখমাসে শ্রীনৃসিংহ-চতুর্দ্দশী তিথিতে ঠাকুর শ্রীজগন্নাথ আচার্য্য ঢাকা বিক্রমপুরে আবির্ভূত হইয়া প্রকটলীলায় প্রায় শেষকাল পর্য্যন্ত এই স্থানেই বাস করেন। শ্রীগৌরগণোদ্দেশদীপিকাগ্রন্থ-পাঠে জানা যায় যে, ঠাকুর শ্রীজগন্নাথ আচার্য্য গোস্বামী প্রভু শ্রীরূপচিন্তার দ্বিতীয় সখী শ্রীতিলকিনীর অবতার। ইনি শ্রীকৃষ্ণলীলায় শ্রীললিতাদি অষ্টসখীর অনুগতা চতুঃষষ্টি সখিগণের অষ্টাদশ সখী। এদিকে তিনি শ্রীগৌরাঙ্গলীলায় চতুঃষষ্টি মহান্তের অষ্টাদশ মহান্ত। তিনি মহাপ্রভুর নিত্যসঙ্গী, নিত্যসিদ্ধ ভগবৎপার্ষদ।

শ্রীসূর্য্যদাস সঙ্কলনকৃত 'জোগনির্ণয়-শাখানির্ণয়ে' দেখা যায়,—

"ততঃ স্ফুটিয়া সুখাক্ত যে মহাতো
জগতি খ্যাত।
জগন্নাথাখ্যদাসস্তু ঠকুরো জগদীশ্বরঃ॥"

শাখানির্ণয়ামৃতেও পাওয়া যায়,—

"বন্দে জগন্নাথদাসং কাষ্ঠকাটেতি বিশ্রুতম্।
যত্নং যেন থৈপুরে চ শ্রীমাধবলম্॥"

ইনি শ্রীগৌরাঙ্গের অন্তরঙ্গ-পার্ষদ শ্রীল গদাধর পণ্ডিত গোস্বামি-প্রভুর শিষ্য বা শাখান্তর্গত। শ্রীচৈতন্যচরিতামৃতে,—

শ্রীগদাধর পণ্ডিত-উপশাখা মহোত্তম।
তাঁর শাখাগণ কিছু করি যে গণন॥
শাখা-শ্রেষ্ঠ ধ্রুবানন্দ, শ্রীধর ব্রহ্মচারী।
ভাগবতাচার্য্য, হরিদাস ব্রহ্মচারী॥
অনন্ত আচার্য্য, কবিদত্ত, মিশ্র নয়ন।
গঙ্গামন্ত্রী, মামু ঠাকুর, কণ্ঠাভরণ॥
ভূগর্ভ গোসাঞি, আর ভাগবত দাস।
যেই দুই আসি' কৈল বৃন্দাবনে বাস॥
বাণীনাথ ব্রহ্মচারী—বড় মহাশয়।
বল্লভচৈতন্যদাস—কৃষ্ণপ্রেমময়॥
শ্রীনাথ চক্রবর্ত্তী, আর শ্রীউদ্ধব দাস।
জিতামিত্র, কাষ্ঠকাটা-জগন্নাথদাস॥
শ্রীহরি আচার্য্য, দাস পুরিয়াগোপাল।
কৃষ্ণদাস ব্রহ্মচারী, পুষ্পগোপাল॥
শ্রীহর্ষ, রঘুমিশ্র, পণ্ডিত লক্ষ্মীনাথ।
বঙ্গবাটী-চৈতন্যদাস, শ্রীরঘুনাথ॥
অমোঘ পণ্ডিত, হস্তিগোপাল, চৈতন্যবল্লভ।
যদু গাঙ্গুলি আর মঙ্গল বৈষ্ণব॥
চক্রবর্ত্তী শিবানন্দ সদা ব্রজবাসী।
মহাশাখা-মধ্যে তেঁহো সুদৃঢ় বিশ্বাসী॥
পণ্ডিতের গণ সব,—ভাগবত ধন্য।
প্রাণবল্লভ—সবার শ্রীকৃষ্ণচৈতন্য॥

পূর্ব্বকালে বিক্রমপুরে মহারাজ বল্লালসেনের রাজধানী ছিল। বল্লালসেনের পরে তৎপুত্র লক্ষ্মণসেন পিতৃসিংহাসন প্রাপ্ত হন। লক্ষ্মণসেনের প্রধান মন্ত্রী হলায়ুধ ভট্টাচার্য্য রাজধানীর মধ্যেই কাঠকাটা-গ্রামে বাসবাটী নির্ম্মাণ করেন। এই হলায়ুধ ভট্টাচার্য্যের পুত্র চন্দ্রশেখর বাচস্পতি; চন্দ্রশেখরের পুত্র রত্নাকর মিশ্র, রত্নাকরের দুই পুত্র—সর্ব্বানন্দ ও প্রকাশানন্দ। এই সর্ব্বানন্দের পুত্রই ঠাকুর শ্রীজগন্নাথ আচার্য্য। শ্রীজগন্নাথ আচার্য্য অতি অল্প বয়সেই মাতৃপিতৃহীন হওয়ায় পিতৃব্যের অধীনে লালিত-পালিত হন। ইনি শিশুকাল হইতেই বিষ্ণুপরায়ণ ও সদাচারসম্পন্ন ছিলেন। পিতৃব্যের আদেশে যৌবনে তিনি অধ্যয়ন আরম্ভ করেন। অধ্যয়ন তাঁহার ভাল লাগিত না, তথাপি গুরু ও পিতৃব্যের শাসনে অধ্যয়ন করিতেন। তিনি ভগবৎবিরহকাতর হইয়া সর্ব্বদা কেবল নির্জ্জনে থাকিয়া কি জানি কি চিন্তা করিতেন। তাঁহার হৃদয়ে ভগবৎ-বিরহানল প্রজ্বলিত হওয়ায় আহার, বিহার ও অধ্যয়নে কিছুতেই তাঁহার রুচি নাই, কেবল চকিতের ন্যায় ইতস্ততঃ ছুটাছুটি করিয়া বেড়াইতে লাগিলেন এবং অল্পাত্ম, ছোটবড় জনসাধারণের ভবনে যাইয়া অতি বিনীতভাবে বলিতে লাগিলেন—"তোমরা সকলে আমার প্রভুর ভজন কর। আমার প্রভু অখিলনাথ, চিন্তামণি, দীনবন্ধু; তাঁহার অমন্দোদয়-দয়ার বিচার কর"।

শ্রীজগন্নাথ এই সকল ধর্ম্মতত্ত্ব উপদেশ ও হরিকথা এরূপ গম্ভীরভাবে বলিতেন যে, তাৎকালিক প্রধান প্রধান পণ্ডিতগণ তাঁহার সহিত বিরুদ্ধ তর্ক-বিতর্ক করিয়া তাঁহাকে পরাজয় করিতে পারিতেন না। কে যেন ঠাকুর জগন্নাথের রসনাগ্রে বসিয়া শাস্ত্রযুক্তি-সম্মত ভক্তিসিদ্ধান্ত বলিয়া দিতেন। ফলতঃ ঠাকুর শ্রীজগন্নাথ বিনা অধ্যয়নে এইরূপ শাস্ত্রবিৎ হইয়াছিলেন যে, প্রধান প্রধান পণ্ডিতগণও তাঁহার সহিত তর্ক করিয়া পরাভূত হইতেন। তাঁহার এই পাণ্ডিত্য-প্রতিভার জন্য সাধারণ-জনসমাজেও তিনি পণ্ডিত জগন্নাথ আচার্য্য বলিয়া অভিহিত হন। বিক্রমপুরের তাৎকালিক পণ্ডিতসমাজেও তিনি বৈদগ্ধ্য-সম্পন্ন একজন প্রধান পণ্ডিত বলিয়া যথেষ্ট সম্মান পাইলেন কিন্তু এত প্রতিষ্ঠা পাইয়াও তাঁহার কিছুতেই তৃপ্তি হইল না। তিনি সর্ব্বদা উন্মত্তের ন্যায় ইতস্ততঃ বিচরণ এবং 'হা নাথ', 'হা রমণ', 'হা কৃষ্ণ' বলিয়া উচ্চৈঃস্বরে রোদন করিতে করিতে প্রভুর অন্বেষণ করিতে লাগিলেন। তাঁহার কাতরতা দেখিয়া একদিন ভক্তবৎসল ভগবান্ শ্রীজগন্নাথকে স্বপ্নযোগে দর্শন দান করিয়া বলিলেন,—"জগন্নাথ, আমি শ্রীনবদ্বীপে অবতীর্ণ হইয়া সম্প্রতি সন্ন্যাসলীলা আবিষ্কারপূর্ব্বক শান্তিপুরে অবস্থান করিতেছি। তুমি কাল বিলম্ব না করিয়া আমার নিকট আগমন কর।" ঠাকুর শ্রীজগন্নাথ শয্যা হইতে সহসা উত্থিত হইয়া হইয়া 'প্রভু দাঁড়াও', 'প্রভু দাঁড়াও', 'হা নাথ', 'হা রমণ', 'হা কৃষ্ণ' বলিয়া উচ্চৈঃস্বরে ক্রন্দন করিতে করিতে শ্রীপাট শান্তিপুরাভিমুখে গমন করিতে লাগিলেন। কথিত আছে, তাঁহার পিতৃব্য ভ্রাতুষ্পুত্রের প্রতি স্নেহপরবশ হইয়া তাঁহার অনুসন্ধানে বহির্গত হইলেন। ইহাতে আশ্চর্য্যের বিষয় এই যে, শ্রীপাট শান্তিপুরে গমন করা পর্য্যন্ত ঠাকুর শ্রীজগন্নাথের সহিত তাঁহার পিতৃব্যের আর দেখা হইল না। তাঁহার পিতৃব্য যেখানে অতিথি হইতেন, সেখানে জিজ্ঞাসা করিয়া জানিতেন যে, ঠাকুর জগন্নাথও গত রজনীতে অথবা তাহার পূর্ব্ব রজনীতে সেই গৃহে অতিথি হইয়াছিলেন, তথায় 'হা নবদ্বীপনাথ', 'হা ব্রজনাথ,' 'হা প্রাণনাথ' বলিয়া সমস্ত রাত্রি উচ্চৈঃস্বরে রোদন করিয়াছেন এবং অনাহারে থাকিয়া ব্রাহ্মমুহূর্ত্তে গাত্রোত্থানপূর্ব্বক তথা হইতে প্রস্থান করিয়াছেন। এই প্রকারে ঠাকুর শ্রীজগন্নাথ শ্রীপাট শান্তিপুরে উপস্থিত হইয়া শ্রীমন্মহাপ্রভুর

অনুমত্যানুসারে শ্রীল গদাধর পণ্ডিত গোস্বামী প্রভুর শ্রীচরণাশ্রয় করিলেন এবং শ্রীল পণ্ডিত গোস্বামী প্রভুর আদেশানুসারে পূর্ববঙ্গে হরিকথা প্রচার করিতে লাগিলেন।

ঠাকুর শ্রীজগন্নাথ শ্রীপুরুষোত্তম নামক শ্রীবিগ্রহের আদেশে কাটাদিয়া গ্রাম হইতে 'পুরোর পাব' নামক গ্রামে শ্রীমন্দির নির্মাণ করেন। উহা হইতে শ্রীল গোস্বামীর শ্রীবিগ্রহের সহিত উদ্ধৃত কাটাদিয়ার নিকটবর্তী আড়িয়ল গ্রামে নদীর তীরবর্তী হইতে এক জমিদার ভাল পাইয়া বাস করিতে লাগিলেন। ইহার পরে শ্রীগোপীমাধব জীউ আড়িয়ল গ্রামে গোস্বামীগণ কর্তৃক পূজিত হইতেছেন। শ্রীজগদ্বন্ধু আড়িয়াল উক্ত গ্রামে মহাশয় আদিশূর আনীত বিপ্রবংশধর মধ্যে কান্যকুব্জীয় যজুর্বেদী মহর্ষি দক্ষ কাশ্যপগোত্র বাস করেন। এক গৌড়দেশীয় কায়স্থ দলপতি বসু ছিলেন।

শ্রীভক্তিবিনোদোপদেশ

পূর্ব পূর্ব জন্মের সুকৃতিবলে 'সাধুসঙ্গ' শ্রীমুখ হইতে হরিকথা শ্রবণানন্তর হরিনামে যে দৃঢ় বিশ্বাস জন্মে, তাহাই 'শ্রদ্ধা'। শ্রদ্ধার উদয় হইতে হইতে একটু শরণাপত্তির উদয় হয়। 'শ্রদ্ধা' ও 'শরণাগতি' প্রায় একই তত্ত্ব। জ্ঞান ও কর্ম প্রয়োজন সিদ্ধির উত্তম উপায় নয়, ভক্তিই একমাত্র নিশ্চিত উপায়,—এই সুদৃঢ় শাস্ত্র-বিশ্বাসের সহিত অনন্যভক্তি প্রতি যে চিত্তবৃত্তি, তাহারই নাম শ্রদ্ধা। অনেক শ্রদ্ধা ও ভক্তিকে এক বলিয়া মনে করেন, বস্তুতঃ তাহা নয়। শ্রীভক্তিরসামৃতে শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভু লিখিয়াছেন, "শ্রদ্ধা ন ভক্ত্যঙ্গম্। কিন্তু কর্মণ্যধিকারিতা [illegible]। 'শ্রদ্ধা' হি শাস্ত্রার্থবিশ্বাসঃ। শাস্ত্রার্থশ্চ [illegible] [illegible] তাদৃশঃ শ্রদ্ধাবাঞ্ছিত [illegible]।" অর্থাৎ শ্রদ্ধা ভক্তির অঙ্গ নয়। [illegible] ভক্তির অধিকারী ব্যক্তির কর্মাধিকার নিবারক বিশেষণ মাত্র। শাস্ত্রার্থে বিশ্বাসের নাম শ্রদ্ধা। শাস্ত্রার্থ [illegible] শরণাগত না হইলে [illegible] ভয়, উপায় [illegible] হইলে আর [illegible] নাই। অতএব শ্রদ্ধা [illegible] শরণাগতির [illegible] লক্ষিত হয়।

শ্রীকৃষ্ণ [illegible] কোন উপায়েই [illegible] নাই। [illegible] জানি সেই [illegible] এই দৃঢ়বিশ্বাসের নাম শ্রদ্ধা, [illegible] প্রাপ্ত। [illegible] শ্রদ্ধা নাই। [illegible] তাহারা [illegible] প্রকারে [illegible]

'কৃষ্ণ আমাকে নিশ্চয়ই রক্ষা করিবেন,' এই বিচারটী শরণাপত্তির তৃতীয়াঙ্গ। শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে বলিয়াছেন,—"কৌন্তেয় প্রতিজানীহি ন মে ভক্তঃ প্রণশ্যতি"। হে কৌন্তেয়, তুমি আমার এই প্রতিজ্ঞা সকলকে জানাও যে, আমার ভক্ত কখনও নাশ হইবে না। কর্ম্মী ও জ্ঞানিগণ আপনাপন বলে আপনাকে রক্ষা করিবে কিন্তু আমার ভক্ত পদস্খলিত হইলেও আমি তাঁহার রক্ষাকর্ত্তা। শরণাগত ভক্ত এই কথায় দৃঢ়বিশ্বাস করেন।

শ্রীকৃষ্ণই আমার একমাত্র পালয়িতা এরূপ বুদ্ধিই শরণাপত্তির চতুর্থ অঙ্গ। অন্য মনুষ্য আমাকে পালন করেন বা আমি অর্জ্জন করিয়া আপনাকে পালন করি—এই বুদ্ধি সাতিশয় নিন্দ্য। কৃষ্ণ অনুগ্রহ না করিলে কেহ আমাকে পালন করিবেন না এবং আমিও ধন অর্জ্জন করিতে পারিব না। অতএব কৃষ্ণ-ব্যতীত আমার আর কেহ পালনকর্ত্তা নাই।

আত্মনিবেদনই শরণাগতির পঞ্চমাঙ্গ। আমি কর্ত্তা নই, আমি যত কিছু 'আমার' বলিয়া বলি, সমস্তই কৃষ্ণের, আমি কৃষ্ণের সংসারের দাস মাত্র, কৃষ্ণের ইচ্ছাই প্রধান, আমার স্বতন্ত্র ইচ্ছা নির্দ্দোষ, কৃষ্ণেচ্ছার অনুগত থাকাই আমার স্বভাব। সুতরাং দেহ, গেহ, সকল, পুত্র ও ব্যক্তিতে 'আমি ও আমার' বলিয়া যাহা ছিল, তাহা আমি শ্রীকৃষ্ণে অর্পণ করিলাম। আর, হইতে আমি, আমার নাই—কৃষ্ণের। এই বুদ্ধির নাম—আত্মনিবেদন।

আর্ত্তি বা দৈন্যই শরণাগতির ষষ্ঠাঙ্গ। আমি মায়াবদ্ধ জীব; নিজ কর্ম্মদোষে সংসারে নানাক্লেশ ভোগ করিতেছি। আমি অতি তুচ্ছ, পতিত, কৃপানিধি কৃষ্ণের নিত্যদাস হইয়া তাঁহার চরণাম্বুজ-বিস্মৃতিবশতঃ আমার কর্ম্মচক্রে পড়িয়া এত ক্লেশ। আমার ন্যায় দুর্ভাগা আর কে আছে? আমি সকল অপেক্ষা হীন, দীন ও অকিঞ্চন।

দুর্ভাগ্যে [illegible] ভজনে কেবল দৃঢ়তা ও [illegible]। 'অঙ্গকার [illegible] স্বীকার করি—কৃষ্ণ হইতে বিশেষ সাবধান হইব'—এইরূপ দৃঢ় সেবা [illegible] কারণে, কখনই মঙ্গল হয় না। যে বিষয়টী ভজনবাধক বোধ হইবে, উপেক্ষাপূর্ব্বক তাহা, অনুষ্ঠান করিয়া তখনই তাহা ত্যাগ করিবে। দুঢ়তার অভাব হইলে [illegible] একপদও অগ্রসর হওয়া যাইবে না।

ভগবদ্বিমুখ, পুণ্যবান, ও পাপী—ইহারা সকলেই ভগবৎসান্নিধ্য-প্রাপ্ত পাপী বাক্তি 'স্বরূপ' বলিয়া জানিতে হইবে। [illegible] বলিতেই সঙ্গ করিবে। একান্ত [illegible] পরিত্যাগ করিবে [illegible] 'সুখ'। পুত্রাদি, গৃহাদি দ্রব্য, অলঙ্কার-বস্ত্রে, অর্থে, স্ত্রী-পুত্রাদির শরীরে, নিজ শরীরে, ভোজ্যবস্তুতে, বৃক্ষ-পশু প্রভৃতিতে লোকের নৈসর্গিক আসক্তি আছে। এই, প্রভৃতি ভাবগুলি পরিত্যাগ করিবার বিশেষ যত্ন করা উচিত।

শ্রীল রামানুজাচার্য্য বলিয়াছেন,—"গুরুর প্রতি অপরাধী, ক্রূর ব্যক্তিগণকে কখনও দেখিবে না। বৈষ্ণব ও বৈষ্ণবে যাঁহারা একনিষ্ঠ, এরূপ পুরুষদিগের সহিত কলহ করিবে না। দেহাভিমানী ব্যক্তির সহিত কখনও সহবাস করিবে না। ভক্তদেব, বৈষ্ণব ও ভগবানের গৃহের দিকে পাদ-প্রসারণ পূর্ব্বক কখনও নিদ্রা যাইবে না।"

কোন জীবকেই অবজ্ঞা করিবে না। অবজ্ঞা করিলে, নিজের অহঙ্কার বৃদ্ধি হয়, অকিঞ্চনতা-বুদ্ধি খর্ব্ব হইয়া যায়—চিত্ত আর ভক্তিপীঠ হইবার যোগ্য থাকে না। নিন্দা-সহজাত জীবের মুক্তি এবং মাৎসর্য্যই জীবের বন্ধন। পরদুঃখে দুঃখী এবং পরসুখে সুখী হওয়ার নাম মাৎসর্য্য। পরনিন্দা সর্ব্বতোভাবে পরিত্যাগ করা ভক্তিসাধকের কর্ত্তব্য। আমরা বৈরাগী নহি, আমরা অনুরাগী। জগৎ কর্ম্মীর পক্ষে বন্ধনক্ষেত্র, ভক্তের পক্ষে ভক্তি-সাধনক্ষেত্র।

আদরের সহিত অনুশীলনই 'উৎসাহ'। যদি ভজনপ্রারম্ভে উৎসাহ থাকে এবং ঐ উৎসাহ শিথিল না হইয়া পড়ে, তবে আর কখনও নামভজনে উদাসীনতা, আলস্য বা বিক্ষেপ আসিতে পারে না। সুতরাং উৎসাহই সকল ভজনের সহায়। ভজনক্রিয়া উৎসাহময়ী হইলে অতি অল্পদিনে অনিত্যতা ধর্ম্ম পরিত্যক্ত হইয়া নিষ্ঠা অবস্থাকে লাভ করে।

শ্রদ্ধা শব্দে বিশ্বাস বটে, কিন্তু উৎসাহই শ্রদ্ধার প্রাণ। উৎসাহহীন শ্রদ্ধার কোন প্রকার ক্রিয়া হয় না। অনেকেই মনে করেন, তাঁহারা ঈশ্বরে শ্রদ্ধা করিবেন, কিন্তু তাঁহাদের উৎসাহ না থাকায় শ্রদ্ধার ফল পান না।

সাধন-সময়ে যে কাল-বিলম্ব হয়, তাহাতে অধৈর্য্য হওয়া কোন কোন ব্যক্তি সাধন হইতে বিচ্যুত হন। অতএব কর্ম্মের আশা করিয়াও যে ব্যক্তি ধৈর্য্য অবলম্বন করেন, তাঁহারই ফলপ্রাপ্তি হয়। কৃষ্ণ আমাকে অদ্য না হউক, শত বৎসর বা কোন জন্মে অবশ্য কৃপা করিবেন, আমি দৃঢ়তাপূর্ব্বক তাঁহার চরণ আশ্রয় করিব, কখনই ছাড়িব না। এইরূপ ধৈর্য্য ভক্তসাধকগণের নিতান্ত বাঞ্ছনীয়।

অন্যায়পূর্ব্বক পরচর্চ্চা অতীব ভক্তিবিরোধী। অনেকেই আত্মপ্রতিষ্ঠা স্থাপন করিবার জন্য পরচর্চ্চা করিয়া থাকেন। কোন কোন লোক স্বভাবতঃ অন্যের প্রতি বিদ্বেষ-পূর্ব্বক তাহার চরিত্র লইয়া চর্চ্চা করেন। এই সকল বিষয়ে যাঁহারা ব্যস্ত হন, তাঁহাদের চিত্ত কখনও কৃষ্ণপাদপদ্মে স্থির হইতে পারে না। পরচর্চ্চা সর্ব্বতোভাবে ত্যাগ করা ভক্তিসাধকের কর্ত্তব্য।

কাম ও প্রেম

(শ্রীনিতাইদাস ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী)

দৈবী মায়া বিমোহিত জীব জড়কাম-কেই প্রেম বলিয়া মনে করে। জগতে বদ্ধজীবের মধ্যে কি ধনী, কি নির্ধন, কি বিদ্বান, কি মূর্খ, যুবক, বালক, প্রৌঢ়, বৃদ্ধ একটী লোকও খুঁজিয়া পাওয়া যাইবে না যিনি "কাম"রোগগ্রস্ত নহেন। ঐ রোগ যে, পূর্ব্বে ছিল না, হঠাৎ আক্রমণ করিল, এরূপ নহে। কোন কোন সন্তান যেরূপ পূর্ব্বজন্মের মাতৃকুক্ষি হইতেই রোগগ্রস্ত হইয়া ভূমিষ্ঠ হইয়া কষ্ট পাইতে পাইতে মৃত্যুমুখে পতিত হয়, তদ্রূপ মায়ামুগ্ধ জীব আমরা মুক্ত হইয়া এ-জগতে আসিয়াছিলাম এরূপ নহে, পরন্তু রোগাক্রান্ত হইয়াই এ সংসারে পতিত হইয়াছি। ভগবদ্বিমুখ হওয়াতে এই মহা-ব্যাধি দ্বারা আক্রান্ত হইয়াছি। সেদিন কোন ধনবান্, উচ্চ-শিক্ষিত, কোন উচ্চ-ইংরাজী বিদ্যা-লয়ের অধ্যক্ষ এক বৃদ্ধলোকের সহিত ২।৩ ঘণ্টা ধর্ম্মসম্বন্ধে আলোচনা হইয়াছিল। আলোচনার সময় কাম ও প্রেম সম্বন্ধেও কথা হইতেছিল। এমন সময় তিনি এই দেখুন বলিয়া হঠাৎ উঠিয়া গিয়া গোড়ঘরে দেওয়ালে টাঙ্গান একটী বালিকার চিত্র আনিয়া সামনে ধরিয়া বলিলেন—"Can you show me even a Sannyasi's eyes full of love like this?" এবং আরও বলিয়াছিলেন, "I love this picture; so I have kept it hanging before me." জগতের লোকের ইহাই প্রেমের ধারণা—'মনের ভাব দেখান হইতেছে, সেখানে আপাততঃ শারীরিক ক্লেশ স্বীকার করিতে হইলেও তাহা বরিব এবং তাহাই প্রেম।" কাম যে কোন পুরুষ ও স্ত্রীদেহধারীর মিলনে হেয় ভাবকেই বলে তাহা নহে, শাস্ত্র স্থূল-সূক্ষ্মশরীরের সুখের জন্য সমস্তীয় চেষ্টাকেই কাম বলিয়াছেন। শ্রীমদ্ভগবদ্গীতায় দেখিতে পাই, ধনঞ্জয় শ্রীঅর্জ্জুন আমাদের কল্যাণের জন্য জিজ্ঞাসা করিলে শ্রীভগবান্ বলিয়াছেন,—

কাম এষ ক্রোধ এষ রজোগুণসমুদ্ভবঃ।
মহাশনো মহাপাপ্মা বিদ্ধ্যেনমিহ বৈরিণম্॥
(গীঃ ৩।৩৭)

অর্থাৎ রজোগুণ হইতে সমুদ্ভূত এই দুষ্পূরণীয় এবং অত্যন্ত উগ্র কাম ও ক্রোধই প্রেমমার্গের শত্রু বলিয়া জানিবে। এখন প্রশ্ন হইতেছে,—তাহা হইলে কি এই ভীষণ ব্যাধি হইতে রক্ষা পাইবার কোনও উপায় নাই? নিশ্চয়ই আছে;—

কাম-ক্রোধের দাস হঞা তার লাথি খায়।
ভ্রমিতে ভ্রমিতে যদি সাধুবৈদ্য পায়॥
তাঁর উপদেশ-মন্ত্রে পিশাচী পলায়।
কৃষ্ণভক্তি পায়, তবে কৃষ্ণ নিকট যায়॥

কৃষ্ণ ভুলি সেই জীব অনাদি-বহির্ম্মুখ।
অতএব মায়া তারে দেয় সংসারাদি-দুঃখ॥
কৃষ্ণবহির্ম্মুখ হঞা ভোগবাঞ্ছা করে।
নিকটস্থ মায়া তারে জাপটিয়া ধরে॥
(চৈঃ চঃ)

সদ্‌গুরুই এই হৃদরোগের মূলকারণ নিরূপণ করিতে পারেন। তিনি বলেন, অবিদ্যা বা কৃষ্ণবিস্মৃতিই রোগের মূলকারণ। আর রোগের প্রধান লক্ষণ—

আত্মেন্দ্রিয়প্রীতি-বাঞ্ছা তারে বলি কাম।
কৃষ্ণেন্দ্রিয়প্রীতি-ইচ্ছা ধরে প্রেম নাম॥
কামের তাৎপর্য্য নিজসম্ভোগ কেবল।
কৃষ্ণসুখ তাৎপর্য্য মাত্র প্রেম ত' প্রবল॥
(চৈঃ চঃ)

কেহ যদি অতুল ঐশ্বর্য্য, কনক, কামিনী, প্রতিষ্ঠা ত্যাগ করত বনে বা [illegible] কঠোর উপবাসী নির্জ্জন হন, অথবা দক্ষ-চিন্তায় মগ্ন থাকে, তথাপি সচ্চিদানন্দবিগ্রহ শ্রীগৌরসুন্দরের শ্রীনামবাসের অপ্রাকৃত দৃষ্টির নিকট কাহারও পলাইবার উপায় নাই। তিনি আমাদিগকে কৃপাপূর্ব্বক জানাইয়া দিয়াছেন—ঐ সকল ধর্ম্ম-অর্থ-কাম-ত্যাগিগণের হৃদয়েও কৃষ্ণেন্দ্রিয়প্রীতিবাঞ্ছা না থাকায় তাহা সকল আত্যন্তিক দুঃখনিবৃত্তিরূপ মোক্ষও কাম ছাড়া আর কিছুই নহে এবং তাহা সাধারণ ভুক্তি-ভোগিগণের কামনা হইতেও আগ্রহ ভাকর বলিয়া প্রধান কৈতব নামে শাস্ত্রে উক্ত হইয়াছে। এক রোগগ্রস্ত ব্যক্তি অপর রোগীর রোগ দূর করিতে পারে না। কেন না সে নিজেই রোগের তাড়নায় ব্যস্ত, নিজের রোগের নির্ণয় করিতেও পারিতেছে না। সদ্বৈদ্যের লক্ষণ হইতেছে—তিনি স্বয়ং সর্ব্বদা রোগ মুক্ত, বজ্রাদপি কঠোর এবং কুসুম হইতেও কোমল। তিনি নিষ্কপট মঙ্গলাকাঙ্ক্ষীর মনোবাসনা ছেদনে একটুও কুণ্ঠিত হন না। তিনি সদ্বৈদ্যরাজ বলিয়া অসতের আদৌ প্রশ্রয় দেন না। রোগী কুপথ্য বাঞ্ছা করিলেও তিনি তাঁহার প্রশ্রয় দেন না।

সদ্‌গুরু স্বয়ং সর্ব্বক্ষণ জাগ্রত বলিয়া শিষ্য বা শাসিত হইবার নিষ্কপট ইচ্ছাপোষণ কারী শরণাগত ব্যক্তিকে জাগ্রত করিয়া দেন।

সম্বন্ধজ্ঞানের উদয়ের পূর্ব্বে শ্রীভগবান ও তাঁহার ভক্তের সেবারূপা সুকৃতি সঞ্চিত হইলে তৎকালে সংসারমোচনের কাল উপস্থিত হয় এবং তৎকালে সাধুবৈদ্য বা সদ্‌গুরুর শ্রীপাদপদ্মাশ্রয় লাভ ঘটে।

তাতে কৃষ্ণ ভজে, করে গুরুর সেবন।
মায়াজাল ছুটে, পায় কৃষ্ণের চরণ॥
(চৈঃ চঃ)

শ্রীগুরুবৈষ্ণব এই জগতের লোক নহেন। তাঁহারা গুণাতীত, ভগবৎপার্ষদ — শ্রীভগবান্ হইতে অভিন্ন। সুতরাং তাঁহারা বদ্ধজীবের ন্যায় রোগগ্রস্ত নন। সেই গুণাতীত অপ্রাকৃত শ্রীগুরুবৈষ্ণবের কৃপালাভ করিলে তাঁহারা কৃপাপূর্ব্বক ত্রিগুণময়ী মায়ার বন্ধন খুলিয়া দেন। তখন নির্গুণ জীব শ্রীশ্রীহরি-গুরু-বৈষ্ণবসেবানন্দে নিমগ্ন হওয়ায় কাম-ক্রোধাদির আবার ভয় কোথায়? কৃষ্ণপ্রেষ্ঠ শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মে আত্ম নিবেদন ব্যতীত অন্য কোনও উপায়েই কাম-ক্রোধের হস্ত হইতে উদ্ধারলাভ হয় না।

শ্রীধামে চাতুর্ম্মাস্যব্রত

আগামী কল্য ২৯ বামন, ২৪শে আষাঢ়, ৮ই জুলাই মঙ্গলবার গৌরপার্ষদ শ্রীশ্রীসনাতন গোস্বামী প্রভুর অপ্রকট-তিথিতে পূর্ব্বাহ্ণে শ্রীগৌরধামবাসী ভক্তগণ পরমারাধ্যতম পরমহংসকুলচূড়ামণি গৌরজন ও বিষ্ণুপাদ শ্রীল আচার্য্যদেবের আনুগত্যে হরিসংকীর্ত্তনমুখে চাতুর্ম্মাস্যব্রত আরম্ভ করিবেন। এই চাতুর্ম্মাস্যব্রত ব্রহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থ ও সন্ন্যাসী এবং ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র—এই চতুর্ব্বর্ণাশ্রমী সকলেরই ব্রত। এই চাতুর্ম্মাস্য-ব্রত পালন করিলে শ্রীকৃষ্ণ অত্যন্ত সন্তুষ্ট হন। কৃষ্ণসুখবিধানপর চাতুর্ম্মাস্যব্রত নিজসুখ ভোগ ত্যাগের বিধান পুরাণাদিতে আছে। শুদ্ধভক্তগণেরই ইহাতে অবহেলা করা উচিত নহে। শ্রীধামবাসী বা শ্রীমঠবাসীর ত' কথাই নাই, যাঁহারা গৃহধর্ম্ম পালন করেন, তাঁহারাও অন্ততঃ চারিমাসকাল ব্রহ্মচারীর ন্যায় ভোগত্যাগ করিয়া ভক্তসঙ্গে বাস করত হরিকথা নিরন্তর শ্রবণকীর্ত্তন এবং গুরুবৈষ্ণব-ভগবানের সেবা করিবেন। শ্রীগৌড়ীয় ভক্তগণ রথযাত্রার পূর্ব্বে শ্রীনীলাচলে শ্রীগৌরপাদপদ্মে প্রত্যেক বৎসরই গমন করিয়া তথায় চাতুর্ম্মাস্যব্রত চারিমাসকাল অবস্থান করিতেন, এ কথা আমরা শ্রীচৈতন্যচরিতামৃতে দেখিতে পাই।

শ্রীভগবান্ বর্ষার চারিমাসকাল শয়ন করেন। এই শয়নকালে কৃষ্ণসেবাবৃদ্ধির জন্য চাতুর্ম্মাস্য ব্রত পালন করা সকলের পক্ষে কর্ত্তব্য। 'আমি শ্রীকৃষ্ণের দাস'—এই অভিমানে যিনি চাতুর্ম্মাস্যব্রত অনুষ্ঠান করিবেন, তাঁহার অভীষ্ট-সিদ্ধি হইবে—তিনি কৃতকৃতার্থ হইবেন, সন্দেহ নাই। শুদ্ধ দাসাভিমান হইতে চাতুর্ম্মাস্যব্রত-পালনরূপ সেবা সুষ্ঠু হয়। শ্রীল গোপালভট্ট গোস্বামী প্রভু বলিয়াছেন,—যাঁহারা হরি-কীর্ত্তন করিয়া চাতুর্ম্মাস্য-ব্রত পালন না করেন, সেই সকল ব্যক্তি মূর্খ ও জীবন্মৃত।

যিনি চারিমাস কাল নিয়মসেবা-পালনে অসমর্থ, তিনি কেবল কার্ত্তিক মাসেই বিশেষ-ভাবে নিয়মসেবা পালন করিবেন। ইহা অসমর্থের পক্ষে অনুকল্পবিধানমাত্র। সমর্থ-পক্ষে হরিসেবায় আলস্যপরায়ণ হইয়া চাতুর্ম্মাস্যের প্রতি অনাদর করিলে শ্রীভগবৎপ্রীতিলাভ হয় না। চাতুর্ম্মাস্যে ভোগ ত্যাগ করিয়া নিরন্তর হরিসংকীর্ত্তন ও হরিগুরু-বৈষ্ণবের সেবাই কর্ত্তব্য।

চাতুর্ম্মাস্যে শ্রাবণে শাক, ভাদ্রে দধি, আশ্বিনে দুগ্ধ এবং কার্ত্তিকমাসে আমিষ বর্জ্জনীয়। রথযাত্রাদির ক্ষৌরকার্য্যাদিও এই হরিশয়নের চারিমাসকাল [illegible] নাই। সর্ব্বতোভাবে হরি[illegible] চাতুর্ম্মাস্য ব্রত পালনের [illegible]। চাতুর্ম্মাস্যে মীন, বরবটী, মাষকলাই, পুঁই-শাক, কলমীশাক, পটল, বেগুন, সিম, লাউ ও অন্যান্য বিলাসদ্রব্য গ্রহণ নিষেধ।

পাটনায় প্রচার

আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা পাটনা শ্রীগৌড়ীয়মঠের সেবকগণ হাজিপুর নামক স্থানে উপস্থিত হইয়া তথায় বিভিন্নস্থানে হরিকথা-কীর্ত্তন করেন।

গত ৯ই জুন সোমবার খেকাবা [illegible] ভেড় বুকিংক্লার্ক শ্রীযুত বাবু রামচন্দ্রপ্রসাদ জীর চেষ্টায় তথায় একটী বক্তৃতার আয়োজন হয়। সন্ধ্যা ৭॥০ ঘটিকার সময়ে বন্দনা ও কীর্ত্তনান্তে শ্রীপাদ [illegible] ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু প্রায় দেড় ঘণ্টা কাল "সনাতন-ধর্ম্ম" সম্বন্ধে হিন্দী-ভাষায় একটী বক্তৃতা প্রদান করেন। সভায় বহু শিক্ষিত ভদ্রমহোদয় ও মহিলা উপস্থিত ছিলেন।

গত ১০ই জুন হাজিপুর [illegible] শ্রীযুত [illegible] সিং মহোদয়ের গৃহে শ্রীমদ্ভগবদ্গীতা পাঠ ও হিন্দিভাষায় ব্যাখ্যা হয়। পাঠান্তে বহু মহাজন পদাবলী কীর্ত্তন ও মহামন্ত্র হয়।

গত ১১শে জুন বুহস্পতিবার পাটনা-[illegible] অবস্থান শ্রী[illegible] প্রধান [illegible] গোস্বামী প্রভুর তিরোভাব-তিথি যথারীতি হরিসংকীর্ত্তনমুখে পালন করা হয়। সন্ধ্যারতিক কীর্ত্তনান্তে শ্রীপাদ [illegible] প্রভু [illegible] হইতে শ্রীল [illegible] গোস্বামী প্রভুর মাহাত্ম্য ও তাঁহার চরিত্র, তাঁহার গৌরপ্রেমের কথা, কৃষ্ণকর্ণামৃত প্রভৃতি বিষয়ে বক্তৃতা কীর্ত্তন করেন।

গত ২৪শে জুন মঙ্গলবার পরমারাধ্যতম পরিব্রাজকাচার্য্য শ্রীমদ্ভক্তি[illegible] কাছে [illegible] পাটনা [illegible] প্রভু ও শ্রীশ্রীভক্তিবিনোদ ঠাকুরের অপ্রকট মহোৎসব [illegible] পাঠ কীর্ত্তনমুখে সুচারুরূপে সম্পন্ন হইয়াছেন।

প্রত্যহ মঙ্গলারতিকালে [illegible] কীর্ত্তনান্তে [illegible] "[illegible] সাগর" প্রভৃতি কীর্ত্তনের পর "[illegible] শ্রীভক্তিবিনোদ", "[illegible] নাম [illegible]" ও "[illegible] শ্রীকৃষ্ণবিনোদ" গ্রন্থ পাঠ হয়।

[illegible] একটী সভার [illegible] শ্রীধাম [illegible] প্রেমদাতা [illegible] শ্রীনাম [illegible] কথা। [illegible] প্রবন্ধ [illegible] প্রভু [illegible] শ্রীমদ্ভাগবত [illegible] তাঁহারা [illegible] কাল [illegible] সভা [illegible] মুক্তি [illegible] করেন।

[illegible] মঙ্গলারতি [illegible] উচ্চকীর্ত্তনান্তে শ্রীপাদ [illegible] বৃদ্ধ হইতে "[illegible]" বিষয়ে পাঠ ও ব্যাখ্যা করেন।

[illegible] পাটনা [illegible] কীর্ত্তন [illegible] জানার [illegible] নবীগোপাল [illegible] আপ্রাকৃতিকতা [illegible] ও মহাজন পদাবলী [illegible] বিষয়ে [illegible] দাবলী কীর্ত্তন হয়।

বিরহ-সংবাদ

[illegible] শাখা [illegible] শ্রীমঠে [illegible] প্রতিষ্ঠান [illegible] সম্পন্ন হইয়াছে। [illegible] গুরুবৈষ্ণববন্দনা, [illegible] ও "[illegible]" [illegible] শ্রীল [illegible] বিষয়ে কথা আলোচনা করেন। [illegible]

[illegible] কীর্ত্তন করা [illegible]।

[illegible] করিয়াছেন। [illegible] তাঁহার হরিকথা [illegible] করেন।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅবধান ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক—শ্রীঅবধচন্দ্র দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগপীঠ মায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভক্তিবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীহরেরাম ব্রহ্মচারী

কাজির সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

আনন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীমহৎকৃপা ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীধামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

ঋতুদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রদ্যুম্ন দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅদ্বৈতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠাসন
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুঁড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীদীনদয়াল ব্রজবাসী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
বুড়বাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীবিশ্বম্ভরবিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীভক্তিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাথাংবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরাসং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনন্দগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমলয়ীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীহরিজন দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন-মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা মথুরা
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেখপাড়া
পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৩৫নং হনুমান রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণধাম বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভূর, গুয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীযদুনাথ দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাখরাবাদ, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিকলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাণীবাঁধ, বর্দ্ধমান
সেবক—শ্রীকালীশু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ঘুঘুডাঙ্গা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ক্যাভেণ্ডার রোড, চাউন গ্রীন
লণ্ডন, এস্ ৩
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৩।৩, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা।
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
শঙ্করেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅনঙ্গগোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীভক্তিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীব্রহ্মসংবানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীসনীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতি লাইনে	॥০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	১॥০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

তিন মাসের প্রতি ইঞ্চি	৬৲	৫॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৮৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা [illegible], বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয় রচিত বিভিন্ন অবতারগণকে বিশদ গৌড়ীয়বেদান্ত ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, গ্রন্থখানি দশটি অধ্যায়ে বিভক্ত। তাহাতে বহু চিত্র (charts) দ্বারা অবতারী হইতে অবতারগণের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান - শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্র সহিত প্রকাশিত হইয়াছে। [illegible] ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা।

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ [illegible] শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর। [illegible] সংলগ্ন বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিকে খোলা। শিক্ষকগণ [illegible] ও [illegible]। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে [illegible] বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। [illegible] ও [illegible] পাঁচ মাস [illegible] শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ১।০ এবং [illegible] শ্রেণী হইতে ১ম শ্রেণী মাত্র ১৸০ টাকা। এই বিদ্যালয়ের [illegible] ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছে। গত [illegible] ১৯৪০ সালে পর পর [illegible] বৎসর [illegible] বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর ছাত্রগণের জন্য [illegible] ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবনচরিত, সিদ্ধান্ত [illegible] সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব [illegible] বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর [illegible] শিক্ষা ও [illegible] সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। [illegible] মহোপদেশক [illegible] লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—
[illegible] ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক [illegible] ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, [illegible] তাঁহার অপ্রকটের পূর্ব্বে [illegible] এই অপূর্ব [illegible] সম্পাদিত করিয়া তাঁহার [illegible] প্রদান করিয়াছেন। গীতার [illegible] যে মৌলিকত্ব, ভক্তিরহস্য ও বৈশিষ্ট্য [illegible] প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের [illegible] সমূহ, প্রত্যেক শ্লোকের [illegible] শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তীপাদের [illegible] শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা [illegible] প্রকৃতিবাদ [illegible] অনুবাদ [illegible] বুঝিতে পারিবেন, সন্দেহ নাই। [illegible] আকারের [illegible] সুন্দর পুস্তক এই গ্রন্থটি [illegible] ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ৷৹ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই. বি রেলে কালকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

					শনিবার	অন্ত দিন	শনিবার ব্যতীত	
কলিকাতা ছাঃ	৪-৫৯	৬-২১	৭-১৪	১৩-১৬	১৫-১৬	১৬-৫৩	১৭-৫৩	২০ ২৬
দমদম „	৪ ৫৬	৬ ৩১	৭-২৮	১৩ ২৯	.	.	১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পোঃ	৬-১২	৭ ৫৮	৯ ১৮	১৪ ৫০	১৬ ৪৮	১৮-৩১	১৯ ৩৩	০-২৫
(বদল) ছাঃ	.		৯-৩১					....
কৃষ্ণনগর পোঃ	৬-৫৯	৮-৪০	১০ ৬	১৫ ৩৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭ ১০	১০-.৬	১৪ ৫০	১৭-৪০		২০-৩০		
মহেশগঞ্জ „	৭ ৪৫	১০-৫১	১ -২৫	১৮-১৫		২১-৫		
নবদ্বীপঘাট পোঃ	৭-৫৩	১০-৫৯	১৫-৩৩	১৮-২১		২১ ১৩		

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম „	১১-১৮
রাণাঘাট পোঃ	১২-৫১
„ ছাঃ	.২ ৫৬
শান্তিপুর পোঃ	১৩ ২৪
(বদল) ছাঃ	১৩ ৪২ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পোঃ	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পোঃ	১৫ ৩৩

ডাউন

						অন্ত দিন	শনিবার ব্যতীত শনিবার	
নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪		৯-১২		১৬-৩	১৬ ৩১	১৮ ৩৮	
মহেশগঞ্জ „	৬-২৩		৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পোঃ	৬-৫৭		৯-৫৫		১৬-৪৬	১৭ ১৪	১৯-২১	
(বদল) ছাঃ	৫-৩১	৭-১০	৮ ৫২	১১-২৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পোঃ	৪ ১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৪৫	১৭-৩০	২০ ৩	২১-১৯
(বদল) ছাঃ	.	....	.. ..	. .	১৫-৫৬	১৭-৪২	.	...
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১ ২৬	২২-৫৮
কলিকাতা পোঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯ ২৬	২১-৪০	২৩ ১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩ ১
মহেশগঞ্জ „	১৪-১০
কৃষ্ণনগর পোঃ	১৩ ৪৪
ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পোঃ	১৮-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পোঃ	১৮-৫৯
„ ছাঃ	১৯-২০
কলিকাতা পোঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ কুঞ্জবিহারী বিদ্যাভূষণ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৸০ টাকা মাত্র।

২। ভাগবত - তিব্বতীয় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। গয়া শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৸০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্য জগদ্‌গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত বঙ্গদেশ তথা অন্যান্য প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মহাবাদী সত্যান্বেষিগণ যে সমস্ত প্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগ-বিরুদ্ধসিদ্ধান্তখণ্ডনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——::০::——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়ার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণবায় যুবক, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতিও অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
বেহালা, ২৪ পরগণা

সজ্জন-তোষণী কল্যাণকল্পতরু
শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিস্তৃত ভাষ্যসহ প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষীমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৵০
প্রাপ্তিস্থান
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

Regd No. C. 1544

দৈনিক নদীয়া-প্রকাশ
THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশ্রীস্তবরত্নমালা
বিভিন্ন স্তব ও গীত [illegible] গ্রন্থে সুন্দর অক্ষরে [illegible] ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৸০ আনা
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১২শ বর্ষ } . শ্রীধর, গৌরাব্দ ৪৫৫, ২৫শে আষাঢ়, বঙ্গাব্দ ১৩৪৮, ৯ই জুলাই ইং ১৯৪১, বুধবার { ১০৮-১০২ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১ শ্রীধর ৫৬ অনিরুদ্ধ গৌরাব্দ ৪৫৫

হরিকথা-প্রসঙ্গ

শ্রীনামই আদি ও সর্ব্বশ্রেষ্ঠ স্বরূপ। হরিনামই সকল উপাসনার মূল। হরিনাম সর্ব্বাপেক্ষা বীর্য্যবান্। হরিনাম স্বরূপ-শক্তিমান্। বিগ্রহবিগ্রহ কৃষ্ণের শব্দাবতার শ্রীনামের অনুশীলন নিরন্তর করিতে হইবে। এই শ্রীনামের অনুশীলনের মধ্যে আশ্রয়-বিগ্রহের আনুগত্য আছে। আশ্রয়-বিগ্রহের আনুগত্য ছাড়া কখনও বিষয়বিগ্রহের সেবা লাভ হয় না। আশ্রয়বিগ্রহানুগত্য দ্বারাই আশ্রয়বিগ্রহ-প্রেমবশ বিষয়বিগ্রহ ধরা দেন। শ্রীনামই শ্রীগোপীজন। শ্রীনামই অপ্রাকৃত কামদেব, পুষ্পবান্ বা অনঙ্গ।

যেখানে স্বরাটের দাস্যের প্রতি বিমুখতা, সেখানে নিজের ইন্দ্রিয়ের দাস্য বা অন্যান্য রিপুর দাস্য স্বাভাবিক। শাস্ত্রজ্ঞবৈষ্ণব দাস্য এত বড় জিনিষ যে, ব্রহ্মা-শিব পর্য্যন্ত এই গুরুদাস্যের জন্য পাগল। শ্রীশিব তাঁহার গুরু শ্রীসঙ্কর্ষণকে অনুক্ষণ কণ্ঠে ধারণ করেন। এই সঙ্কর্ষণ আবার কৃষ্ণদাস্যের জন্য লালায়িত। তিনি শত দেহে নানাভাবে শ্রীকৃষ্ণের সেবা করিয়া থাকেন। অধিক কি, যিনি বৈষ্ণব-শিরোমণি [illegible] বিগ্রহ শ্রীবৃষভানুনন্দিনী পর্য্যন্ত [illegible] কিঙ্করী অভিমান করিয়া থা[illegible]

লক্ষ্মীপতি শ্রীনারায়ণ পর্য্যন্ত শ্রীকৃষ্ণ-স্বরূপের দাস্যের জন্য উৎকণ্ঠিত।

কৃষ্ণদাসাভিমান নির্ম্মল চেতনের অপ্রাকৃত বৃত্তি। ইহা মানসিক উত্তেজনা বা কল্পনা নহে। ইহাই জীবের অপ্রাকৃত নিত্যসিদ্ধ অভিমান। এই দাসাভিমানই জীবের প্রকৃত স্বাধীনতা বা স্বরূপের অবস্থান। ভগবদ্দাসাভিমান ত' দূরের কথা, ভগবদ্দাসাভিমানের আভাসেও যে মঙ্গল হয়, অন্য কোন কিছুর দ্বারা তাহার শতাংশের একাংশও হয় না। এই দাস্য অন্যাভিলাষ-শূন্য। যেখানে শুদ্ধদাসাভিমান, সেইখানেই শুদ্ধভক্তি। শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, বন্দনাদি এ সবই দাস্য।

কৃষ্ণভক্তের ভক্তগণের কখনও বিনাশ নাই। শ্রীল প্রভুপাদের শ্রীপাদপদ্মে সর্ব্বদা ধূলিরূপে সংশ্লিষ্ট থাকিতে পারিলে তাহার কখনও চ্যুতি নাই। আশ্রয়বিগ্রহ শ্রীগুরুপাদ-পদ্মের সেবাই আমাদের জীবনে মরণে সর্ব্বস্ব হউক। সাধুসঙ্গে অনুক্ষণ শ্রীনামের শ্রবণ-নিয়মিত দর্শন-ঘ্রাণ-স্বাদন-স্পর্শযুক্ত হইয়া ব্রজে সর্ব্বক্ষণ অবস্থান করিবার সৌভাগ্য আমাদের হউক।

আশ্রয়বিগ্রহ-সমাশ্লিষ্ট-বিষয়-বিগ্রহই শ্রীহরিনাম। শ্রীনামই পরমেশ্বর। পরমেশ্বরের কৃপা ব্যতীত দুর্ব্বল জীব দুস্তর ভবসমুদ্র পার হইতে পারে না। ভগবানই আমাদের নিয়ন্তা, পাতা ও ত্রাতা। ভগবৎ-সাম্মুখ্য ব্যতীত ভগবদ্বৈমুখ্য কাটে না। বিমুখতাই বদ্ধতা, আর ভগবদানুগত্য বা ভগবদুন্মুখতাই মুক্তি বা স্বরূপাবস্থিতি। ভক্তি ব্যতীত ভগবান্‌কে আর কিছুই সুখ দান করিতে পারে না। শ্রীনাম অপ্রাকৃত, তিনি কখনই ইন্দ্রিয়গ্রাহ্য নন। তবে যে শ্রীনাম জিহ্বায় প্রকাশিত হন, সে কেবল আত্মার অপ্রাকৃত আনন্দ উপভোগোপযোগী ইন্দ্রিয়ে স্ফূর্ত্তিমাত্র। ভক্ত যে সময় আত্মার অপ্রাকৃত জিহ্বায় কৃষ্ণনাম উচ্চারণ করেন, তখন উচ্চারিত শব্দতত্ত্ব প্রাকৃত জিহ্বায় আবির্ভূত হইয়া নৃত্য করিতে থাকেন। শ্রীনাম পরমমধুর। অপরাধ থাকার জন্য শ্রীনামে আমাদের রুচি হয় না। যাঁহারা অপরাধশূন্য হইয়া শ্রীনামের উচ্চারণ করেন, তাঁহাদের হৃদয়েই অপ্রাকৃত শ্রীহরিনামের উদয় হয়। প্রাকৃত জিহ্বায় কৃষ্ণনামের জন্ম হয় না। কৃষ্ণসাক্ষাৎকার না হওয়া পর্য্যন্ত সাধক নিরন্তর হরিনাম করিবেন। সিদ্ধির পরও শ্রীহরিনাম নিত্য নবনবায়মানভাবে আস্বাদনীয়। অজাতপক্ষ পক্ষিশাবক যেমন জননীকে দেখিবার আশা করে, বৎস ক্ষুধার্ত্ত হইয়া যেমন মাতৃস্তন্য পান করিবার জন্য প্রতীক্ষা করে, শ্রীনামগ্রহণকালে আমাদের চিত্তবৃত্তিও সেইরূপ ভগবদ্দর্শন-লালসায় ব্যগ্র হউক। কেহ কেহ শ্রদ্ধাযুক্ত হইয়া হরিনাম করেন, আবার শ্রদ্ধাবিহীন লোকও হরিনাম করিতে করিতে সশ্রদ্ধ হইয়া পরে শ্রীনাম করিবার সৌভাগ্য পান।

শ্রীনাম ভোক্তা ও দ্রষ্টা। তিনি কাহারও ভোগ্য বা দৃশ্য নহেন। শ্রীনাম বিশ্বনাথ—জগন্নাথ। শ্রীনাম নন্দলাল। তাঁহার মত দাতা, তাঁহার মত সুন্দর আর কেহ নাই। শ্রীনাম সাক্ষাৎ শ্রীকৃষ্ণ। শ্রী + কৃষ্ণ —শ্রীকৃষ্ণ। 'শ্রী' অর্থে লক্ষ্মী—শ্রীরাধিকা। শ্রীকৃষ্ণ বলিতে শ্রীরাধিকার সহিত মিলিত শ্রীব্রজেন্দ্রনন্দন। সকলে মিলিত হইয়া যে কীর্ত্তন, তাহাই সংকীর্ত্তন। সম্যক্ কীর্ত্তন—নিরপরাধে কায়মনোবাক্যে সর্ব্বতোভাবে কীর্ত্তনও সংকীর্ত্তন। শ্রীকৃষ্ণসংকীর্ত্তনই সর্ব্বশ্রেষ্ঠ অভিধেয়। শ্রবণ ও স্মরণাদি সবই কীর্ত্তনের অঙ্গ। ভগবানের নাম, রূপ, গুণ, পরিকরবৈশিষ্ট্য ও লীলা এই পাঁচটী বস্তুই শ্রীনাম। কৃষ্ণবিস্মৃতিই মৃত্যু। কৃষ্ণ-স্মৃতিই জীবের জীবন। কৃষ্ণকীর্ত্তনদ্বারাই কৃষ্ণস্মরণ হয়। সুতরাং নিরন্তর হরিকীর্ত্তন ব্যতীত জীবের মায়ামোহ নাশ হয় না। [illegible] সেই মুহূর্ত্তে [illegible] মায়া [illegible] গ্রাস করে। সংকীর্ত্তনমুখে [illegible] হওয়া দরকার। [illegible] দিগ্বিদিক [illegible] হইবে না। অকপটে কৃষ্ণকে ডাকাই ভক্তি। বাস্তবিক অন্তর হইতে ডাকিলে ভগবান্ নিশ্চয়ই সাড়া দিবেন—[illegible] দিবেন। কৃপা গ্রহণ করিবার যোগ্যতা সকলেরই আছে। অল্প বা বিশেষ হইলা কৃপা [illegible] হয়। অতএব [illegible] নিরপেক্ষ হওয়া এবং [illegible] অল্প। [illegible] না হইলে সংসঙ্গ করা যায় না।

বিষয়কে কৃষ্ণসেবার উপকরণ জ্ঞান করিতে পারিলে বিষয়ের মধ্যে থাকিয়াও বিষয়ভোগ হয় না। যাঁহার [illegible], তিনি বিষয়ের মধ্যে থাকিয়াও [illegible] [illegible]

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু-অন্তর্য্যামিরূপে শিখান আপনে॥

করিয়া চলিতে পারিবে আর [illegible] ভয় বা হতাশার কোন কথা নাই। কপট ও [illegible] থাকিয়া চলিবে না। কোনপ্রকার কাম-কামনার নামে কপট। অকিঞ্চন না হইলে কিছুই হইবে না। কিছু [illegible] পাওয়া যায় না।

[illegible] সেবা [illegible] দেখা [illegible] না। [illegible] কীর্ত্তন [illegible] হয় না। [illegible] হইয়া [illegible] ভাবের। [illegible] কাম-আশা [illegible] নহে। [illegible] হরিনাম [illegible] কর। [illegible] হরিনামে [illegible] হয়। [illegible] জীবের অবস্থা [illegible] বহির্ম্মুখ। যে কখনও ভগবৎ-সাক্ষাৎ [illegible]। শ্রীঅদীন-ভক্ত। [illegible] এবং [illegible] শক্তির মধ্যে [illegible] হইবে যাহার [illegible] স্বরূপানুভূতি হয়। [illegible] ভোগ করিতে করিতে যখন [illegible] ভাবে [illegible] বিশ্বাস বা [illegible] লাভ হয় তখন স্বরূপ-শক্তি হ্লাদিনী [illegible] অধিকার [illegible] শ্রীরূপানুগ সম্বন্ধ প্রণালী [illegible] যখন কীর্ত্তন হয়, তখন কীর্ত্তন-[illegible] হইয়া থাকে। [illegible] হয়। এই শ্রীনাম-কীর্ত্তন [illegible] কথা [illegible]। [illegible] দর্শন [illegible] হয়। [illegible] থাকে। [illegible] কৃপা [illegible] জানিবেন [illegible]। [illegible]

[illegible] সাধন ভজন [illegible]। [illegible] হইবে। [illegible] মাত্র হইয়া থাকে [illegible]। [illegible]

[illegible] হইতে [illegible]। [illegible] ভক্তির সার হয়। ভোগস্পৃহা পরিত্যাগ করিলে কৃষ্ণসেবায় প্রবৃত্তি হয়। শ্রীকৃষ্ণ-সংকীর্ত্তন দ্বারাই এই শ্রেয়োলাভ হয়। ভক্তিদ্বারাই ভক্তি হয়। শ্রবণ সহিত পরিকীর্ত্তন ব্যতীত কীর্ত্তনই শুদ্ধভক্তি প্রকটিত হয়।

[illegible] স্বতঃ প্রকাশ। তাহার [illegible] স্বরূপশক্তি [illegible]। শ্রবণ-প্রসঙ্গে [illegible] ভগবৎকথা বিলাসকারিণী বিপ্রলম্ভ-মায়া আস্বাদন পরা। শ্রবণ কীর্ত্তনাদি সাধন [illegible] উদিত হইলে ভাবের [illegible] প্রাকৃত দেহত্রয় নষ্ট হইয়া তাহার [illegible] চিন্ময় প্রকটিত হয়। [illegible] কাহার কাহারও মধুর-রসাস্বাদন [illegible] প্রকটিত হয়। স্বরূপশক্তিই [illegible]। মধুররসাশ্রিত [illegible] সে ভাগ্য লাভ করিতে পারে। নিজ শরীর ত্যাগ হইলে জীবন্মুক্ত হয়। [illegible] ভগবৎসেবার [illegible] অনবচ্ছিন্ন [illegible] থাকে এবং [illegible] আস্বাদন করে। শ্রীকৃষ্ণসংকীর্ত্তনের দ্বারা [illegible] যে কেবল নিত্যতা লাভ করে, তাহা নহে, পরন্তু তাহার [illegible] লাভ হয়। কীর্ত্তন-প্রভাবে জীবের সমস্ত মলিনতা বিদূরিত হইয়া যায়। সাধুসঙ্গে শ্রবণ-কীর্ত্তন করিতে করিতে জড়ের আনন্দ ছাড়িয়া যায়। কৃষ্ণোন্মুখ [illegible] লাভ করিয়া ধন্য হন।

প্রাকৃত অভিমান [illegible]। সাধু [illegible] অন্তর অন্যের কথা বাহিরে [illegible] কপটতা। বস্তু ও কপটতার [illegible] চিন্তা [illegible] থাকে। [illegible] অন্তরায়। [illegible] হইতে [illegible] পূজা [illegible] হয়। বাহিরে লোকদেখান ভক্তি [illegible] অন্তরে [illegible] ইহাই কপটতা। 'অন্তরে বাহিরে সম ব্যবহার' সেখানে নাই। কপটতা হইতে [illegible] হয়। [illegible] সরলতা আর দাম্ভিক [illegible] দীনতা। [illegible] সরলতা ও অকিঞ্চনতা [illegible] নাই।

দেহাত্মবুদ্ধিই দাম্ভিকতা। দেহে আত্মবুদ্ধি, দেহে [illegible] অভিনিবেশ থাকিলে সরলতা [illegible] আসিবে না। [illegible] অভিনিবেশ [illegible], সেখানে আত্মার [illegible] অভিনিবেশ নাই। দেহ যদি আত্মার [illegible] ইহা সার্থকতা [illegible]। দেহ যদি না [illegible] নিযুক্ত থাকে, তবে উহা আবরণ। [illegible] চিৎ [illegible] ভক্তি প্রকাশ পায়। [illegible] দীন বলিয়া মনে হইলে [illegible] [illegible] সহিত [illegible] হইবার ইচ্ছা না থাকে। মনে কি করিয়া হইবে?

দীন কাঙ্গাল অকিঞ্চন হইয়া দীনবন্ধু, অনাথশরণ, কাঙ্গালের ঠাকুর শ্রীভগবানের চিন্তায় নিরন্তর মগ্ন থাকিতে হইবে। যদি সর্ব্বক্ষণ সেইরূপ মগ্ন না থাকা যায়, তাহা হইলে অসৎসঙ্গ আসিয়া উপস্থিত হইবে।

যেখানে ভগবান্ ও ভগবদ্ভক্তের প্রতি [illegible] নাই, অথচ বিশ্বের প্রতি আসক্তি, বড় হওয়ার ইচ্ছা, পুরুষাভিমান, বিষয় বাসনা বা ঐশ্বর্য্য ভক্তগণের মধ্যে [illegible] আছে, সেখানে ভক্তি হইবে না। পুরুষাভিমান থাকিলে শ্রীপুরুষোত্তমের সেবা করা যায় না।

স্বরূপশক্তির আনুগত্য দ্বারাই ভগবৎ-সান্নিধ্য লাভ হয়। শ্রীগুরুপাদপদ্মই স্বরূপ-শক্তি। শ্রীকৃষ্ণ স্বরূপশক্তিমান্—গুরুতত্ত্ব বা গুরুদাস। বহিরঙ্গা শক্তির সহিত যোগযুক্ত হইলে বড় অভিমান হয়, শরণাগতি হয় না। আত্মনিবেদন ও কার্পণ্য শরণাগতির লক্ষণ। দীন না হইলে ভগবানের কৃপা পাওয়ার জন্য চিত্ত ব্যাকুল হয় না। দৈন্যের অভাবে বড় অভিমান বা বিশ্বের উপর প্রভুত্ব করিবার অভিমান আসিয়া জীবকে আচ্ছন্ন করে।

কৃষ্ণকথা ছাড়া গতি নাই। সাধু [illegible] ভগবানের পৃথক্ পরিচয় নাই। [illegible] মুক্ত। [illegible] হইতে ছুটি পাওয়ার সময় হইলে পরওয়ানা আসে। সংসার যখন ক্ষয়োন্মুখ হয় তখনই সাধুদর্শন হয়। সাধু দর্শন হইলে বাসনা-কষায় থাকে না—পবিত্রতা লাভ হয়। সাধু চরিত্রের পটে ভগবচ্চিন্তা—ভগবৎসেবা করেন। সাধু [illegible] চান না, তিনি কেবল ভগবৎসুখই চান। এই সাধুর আকর্ষণ [illegible] না হইলে আকর্ষণ হয় না। চিত্ত অন্য কিছুর দ্বারা আকৃষ্ট হইলে ভাল হইবে না। আত্মনিবেদন বা শরণাগতিই কৃপার লক্ষণ। শ্রদ্ধা বা রুচি যদি না বাড়ে তাহা হইলে কৃপা পাইতেছি না বুঝিতে হইবে। এইরূপ অবস্থা যদি হয়, তবে কাঙ্গাল হইয়া সর্ব্বক্ষণ কাঁদিয়া কাঁদিয়া শ্রীগুরু-বৈষ্ণব-ভগবানকে ডাকিতে হইবে। যদি কুটিলতা না থাকে, আন্তরিক সরলতা থাকে, তবে উঁহাদের কৃপা আশীর্ব্বাদ লাভ হইয়া যাইবে।

শ্রবণে চিত্তশুদ্ধি হয়—কামাদি কষায় বা পুরুষাভিমান নষ্ট হয়। শ্রবণ করিতে হইলে নম্র হইবে। বিমুখ হইয়া শ্রবণ করিলে মঙ্গল হয় না। শ্রদ্ধাযুক্ত অন্তঃকরণে সাধুর নিকট ভগবানের কথা শুনিলেই মঙ্গল হয়। শ্রবণ সাক্ষাৎ ভক্তি, ইহা অর্পণ নয়। অর্পিত হওয়ার বা আত্মনিবেদনের পর শ্রবণ হয়। শ্রবণ করিলে ভগবানের সুখ হয়—আমার নয়। শ্রবণ-কীর্ত্তন ভগবানের সুখ হইলেই ভক্তি।

— —

শ্রীল প্রভুপাদের হরিকথা

যে সকল আমাদিগকে হরিসেবা হইতে বঞ্চিত করিতে চাহে, তাহারা ভক্তরাজ প্রহ্লাদের কথিত স্বজনাখ্য-দস্যু, তাহাদের মোহে পড়িয়া হরি-গুরুবৈষ্ণবের সেবার উপলব্ধি আসিয়া জীবকে ধামবাস হইতে বঞ্চিত করে। যে শ্রীধামের একটি রেণু-কণের মূল্য ত্রিলোকের সমগ্র ঐশ্বর্য্যের বিনিময়ে সংগৃহীত হয় না, সেই ধামে প্রাকৃতবুদ্ধি করিয়া ধামবাসের ছলনায় ইন্দ্রিয়-তর্পণ কখনও ধামবাস নহে। কত ভাগ্য-ফলে গুরুকৃষ্ণপ্রসাদে শ্রীধামে আসিবার সৌভাগ্য হয়। প্রজল্পেই সময় কাটাইলে এই সৌভাগ্যকে অবজ্ঞা করা হইবে। সুতরাং সর্ব্বক্ষণ হরিকথা আলোচনা ও হরিসম্বন্ধীয় বিষয়ের অনুশীলন কর্ত্তব্য। ভগবৎপ্রসঙ্গের অনুশীলনেই শ্রীমন্দিরের অপ্রাকৃত সৌন্দর্য্য উপলব্ধির বিষয় হয়। শ্রীধামের বৈদ্যুতিক আলোকমালাকে ভোগদর্শনের পরিবর্ত্তে সেবাদর্শন হওয়া আবশ্যক। ইহারা আমার দর্শনেন্দ্রিয়ের ও মনের তৃপ্তিসাধন করিবে এই বিচার হইতেই অসুবিধার কথা আসিয়া গেল। হরিকথার শ্রবণ, কীর্ত্তন ও স্মরণ নৈরন্তর্য্য না থাকিলে ভোগবিচার আমাদিগকে গ্রাস করিবে, আমরা প্রকৃতপক্ষে মসগুল হইয়া ধামবাসের বিচার হারাইব, গ্রামবাস করিয়া বসিব, নানা অসুবিধায় পড়িব। সেবাবুদ্ধি-রহিত নৈতিকরুচির কোন মূল্য নাই।

যে কাল পর্য্যন্ত আমরা অপূর্ণের দিকে আকৃষ্ট থাকি, যে কাল পর্য্যন্ত আত্মম্ভরিতা, অহঙ্কার—'কর্ত্তার' অভিমান প্রবল থাকে, ততদিন পূর্ণের দিকে অভিযান করিতে পারি না। ভগবানের অনুগ্রহ না হইলে প্রকৃত দর্শন হয় না। যাঁহাদের কৃপায় আমাদের সকলের সর্ব্বপ্রকার মঙ্গল ঘটে, তাঁহাদের কৃপা আশীর্ব্বাদ ব্যতীত আমাদের অন্য কোন উপায় নাই। যে জাতি যতটা জড়ের মধ্যে পড়ে, সে জাতির ততটা ঈশ্বরের আলোচনা, সত্যের আলোচনা, পারমার্থিক আলোচনার সুবিধা হয়। [illegible] পরমার্থ রাজ্যের অনুকূল না করিয়া—তাহার স্বরূপ না জানিয়া যাহারা কেবল ভোগের অনুশীলনায় ধাবিত হয়, তাহারা কোনদিন দুঃখের আত্যন্তিক নিবৃত্তি করিতে পারে না।

শ্রীহরিনাম ও ভগবান্ হরি একই বস্তু জানিবেন। শ্রীনামগ্রহণ ও ভগবানের সাক্ষাৎকার—দুই একই জানিবেন। শ্রীহরিনাম প্রভু মুক্তজনের উপাস্য হয়। শ্রীচৈতন্য-চরিতামৃত, শ্রীচৈতন্যভাগবত, প্রার্থনা, প্রেম-ভক্তিচন্দ্রিকা, কল্যাণকল্পতরু প্রভৃতি সাধু-গ্রন্থসমূহ পাঠ করিবেন। আদৌ গুরুপূজা, দ্বিতীয়তঃ গৌরাঙ্গপূজা, তৃতীয়তঃ কৃষ্ণপূজার বিধান।

সর্ব্বদা হরিগুরুবৈষ্ণবসেবা করিলে জীব সংসার হইতে অবসর পায়, নতুবা বিষয় আসিয়া গ্রাস করে। শ্রদ্ধার সহিত সর্ব্বক্ষণ হরিনাম করিবেন। শ্রদ্ধা না হইলেও যত্নের সহিত সর্ব্বদা হরিনাম করিবেন, ভগবান্ পরমদয়ালু, অবশ্যই কোন না কোনদিন তাঁহার দয়া হইবে।

ভক্ত এবং ভগবানের কথা পড়িতে পড়িতে আমাদের সকল অভাব দূরে যাইবে। ফলের জন্য ব্যস্ত না হইয়া ধৈর্য্য ও দৃঢ়তার সহিত ভজন করুন। ভগবানও নিশ্চয়ই চুপ্ করিয়া বসিয়া থাকিবেন না। যাঁহার নাম, ধাম, শ্রীবিগ্রহ অবশ্যই তাঁহার ফল প্রদান করেন। হরিসেবার নামই ভক্তি। কৃষ্ণনাম উচ্চারণকেই ভক্তি বলিয়া জানিতে পারিবেন। শ্রীগৌরসুন্দর পরীক্ষার জন্য আমাদিগকে নানা অভাবে ও সঙ্কটে মধ্যে ফেলিয়া নানাপ্রকারে পরীক্ষা করেন। সেই সকল পরীক্ষার উত্তীর্ণ হওয়া জীবের ভাগ্যের উপর নির্ভর করে। শ্রীগৌরহরি দয়া প্রকাশ পূর্ব্বক অবতীর্ণ হইয়া নিত্যসত্য চারিদিকে জানাইয়াছেন। যাঁহারা নিষ্কপটভাবে হরিগুরুপাদপদ্ম আশ্রয় করিয়াছেন, তাঁহাদের কোনদিনই বিপথে গমনকারিগণের ভ্রমময় বাক্যে শ্রদ্ধা উদিত হয় না। দুর্ভাগা জীবই কপটবাক্য শুনিয়া নাশ হয়।

বহির্ম্মুখের কথা আলোচনা না করাই উচিত। কৃষ্ণনাম করিলে সর্ব্বপ্রকার দুঃসঙ্গ আপনা হইতে কর্পূরের ন্যায় দূরীভূত হইবে। সর্ব্বক্ষণই চৈতন্যকথাতে যেন আমাদের চিত্তবৃত্তি ধাবিত হয়। জগতে সকল ব্যক্তিই যে হরির সেবক, তা জানিতে চেষ্টা করুন।

ঐকান্তিক ভগবদ্ভক্ত ভগবানের যাবতীয় বিধান অবনত মস্তকে স্বীকার করেন। ভগবানের ব্যবস্থায় চঞ্চলতা প্রকাশ করিলে তাঁহাতে শ্রদ্ধার অভাব ও নিজের অস্থিরতার প্রমাণিত হয়। ভগবদ্ভক্ত ভগবৎকৃপা আপাতদৃষ্টিতে দণ্ড বা নিষ্ঠুরতা বলিয়া প্রতীয়মান হউক কিম্বা সম্পদযুক্তই হউক, তৎপ্রতি দৃষ্টি না করিয়া ঐকান্তিকভাবে শ্রীভগবানেই শরণাপন্ন থাকেন। জাগতিক কোনপ্রকার অসুবিধা তাঁহাকে শরণাগত হইতে—কৃষ্ণকে গোপ্তৃত্বে বরণ হইতে বিন্দুমাত্রও চ্যুত করিতে পারে না।

ভগবানের বিধানে অসন্তোষ বা চঞ্চলতা প্রকাশ করিলে নিজের অমঙ্গলই বরণ করা হয়। শরণাগত ব্যক্তি ভগবানের বিধানে সন্তুষ্ট হইয়া অনুক্ষণ হরিসেবা ব্যতীত অন্য কোন বিচার নাই। ঐকান্তিক ভগবদ্ভক্ত কর্ম্মফলবাধ্য নহেন। কিন্তু তিনি নিজে দৈন্যক্রমে জানেন যে, আমি কর্ম্মফল-ভোগ করিতেছি। কৃষ্ণবস্তুটী ত্রিভুবনকে আকর্ষণ করেন। বাস্তব-বস্তুই আকর্ষক। তিনি কাহাকে আকর্ষণ করেন? চুম্বক লৌহকে আকর্ষণ করে, কিন্তু কাঠকে আকর্ষণ করে না। তদ্রূপ সেবা ভগবান্ সেবোন্মুখ ও সেবককেই আকর্ষণ করেন। সেবার মধুরতাতে সেবোন্মুখ ও সেবকগণ আকৃষ্ট হন। সেই আকর্ষক বস্তুর এমন শক্তি আছে, যাহা দ্বারা তিনি আকৃষ্টকে টানিয়া লইয়া যান। মধ্যস্থলে বা পথে বাধা পড়িলে অর্থাৎ আবরণ ও বিক্ষেপ বা অন্য হেতু ও ব্যবধান ঘটিলে আকর্ষণ কম হয়। ব্যবধান বা পথে আকৃষ্ট যদি অন্য কোন শক্তির দ্বারা আকৃষ্ট হয়, অর্থাৎ বঞ্চিত হয়, তাহা হইলে মূল আকর্ষণ হইতে বিচ্যুত হয়।

একদিকে বন্ধন বা বন্ধন-মূলক সংসারের আকর্ষণ, অন্যদিকে ভক্তির আকর্ষণ। এ জগতে রূপ, রস, গন্ধ, শব্দ, স্পর্শ আকর্ষক বস্তু আমার অতি নিকটে আছে। অবিদ্যা বশতঃ তাহাদের দ্বারা আকৃষ্ট হই। যাই। সেজন্যই হরিকথা অনবরত শ্রবণ করিতে থাকিলেই তবে ঐ নিকটস্থ শত্রু হইতে রক্ষা পাইতে পারিব। কৃষ্ণের কথা যতই অনুশীলন হইবে, ততই আমাদের ভোক্তৃত্বভাব দূর করিয়া তিনি আমাদিগকে আকর্ষণ করিবেন।

আমাদের equilibrium নষ্ট হইয়া গিয়াছে। আমরা শ্রেয়কে ত্যাগ করিয়া প্রেয়কে বরণ করিতেছি। আমি যখন নিজকে অভাবগ্রস্ত মনে করি, তখন অভাব আমার উপর প্রভুত্ব বিস্তার করে। অতএব আমি প্রেয়স্কামী হইয়া পণ্ডিত বান্ধব পরিত্যাগ করিয়া বাধক বন্ধুকেই আদর করিব। ভোক্তা হইতে গেলে গৃহ আমাকে সুখ দিবার পরিবর্ত্তে ক্লেশই দেন। অভিভাবক গৃহব্রতকে ইন্দ্রিয়গণ সংকীর্ণ চতুর্দ্দিকে আকর্ষণ করিয়া জ্বালাতন ঘটায়। স্বাভাবিক সম্বন্ধজ্ঞান বিষ্ণুর সেবাই আমাদের একমাত্র কৃত্য। এই শ্রেয়োগ্রহণই বুদ্ধিমত্তা। আমরা এই নির্ব্বোধ যে, ভগবান্ বিষ্ণুকে সর্ব্বদেবতা অপেক্ষা শ্রেষ্ঠ জানিয়া, আত্মার নিত্য ধর্ম্ম লাভ করার উপায় জানিয়াও তাঁহার সেবা আমরা কিছুতেই করি না।

ভগবদ্ভক্ত যে পথে গমন করিয়া ভগবৎসেবা পাইয়াছেন, আমি তাঁহার সেই পথই নিরন্তর অনুসরণ করিব। আমি ভগবদ্ভক্তের অনুগমনের চেষ্টা করিব। স্বয়ং ভগবানের সেবা অপেক্ষা তদীয় সেবকের সেবা অধিক লাভজনক। তদীয় সেবাতেই আমাদের অধিকতর সুবিধা হয়। শুদ্ধবৈষ্ণবের সেবা করাই আবশ্যক। তাঁহাদের সেবা করিলে পাতকী জীবের উদ্ধার হয়। বৈষ্ণবসেবা কি? বিষ্ণুসেবা ব্যতীত বৈষ্ণব আর কিছু করেন না। তাঁহার সেবা করার অর্থ—তাঁহাকে কৃষ্ণসেবায় সহায়তা করা। বৈষ্ণবকে বাদ দিয়া নিজে নিজে কৃষ্ণসেবা করিবার বাঞ্ছিকতা করিলে অসুবিধাই হয়।

—•—

কনিষ্ঠ ও মধ্যম

——::•::——

আত্মসুখ যাঁহার নাই, তিনিই বৈষ্ণব। অকিঞ্চন হইলেই সেই বৈষ্ণবের দাস হওয়া যায়। এই বৈষ্ণবের দয়া যাঁহার প্রতি হয়, তাঁহাকে বিশ্বের কোন বস্তু বা ব্যক্তি টলাইতে পারে না। বৈষ্ণব অসঙ্গ হইয়া জগদ্দর্শন করেন। জগতের প্রতি তাঁহার অভিনিবেশ নাই। তাঁহার সহিত মায়ার সঙ্গ বা সম্বন্ধ নাই। ভজনে আত্মসুখবাদ নাই। ভজনকারীর স্বার্থেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছা না থাকায় তিনি বৈরাগ্যবান্। ভক্তের কিঞ্চনতা নাই। তিনি নিরপেক্ষ ও ভগবচ্চরণে শরণাগত। ভক্তকে হনন করা, নিন্দা করা, দ্বেষ করা, অভিনন্দন না করা, ভক্তের প্রতি ক্রোধ প্রকাশ করা এবং ভক্তদর্শনে হৃষ্ট না হওয়া—এই ছয়টী অপরাধ হইতে জীবের মহাপতন হয়। মহদপরাধ ভজনের প্রধান অন্তরায়। মহত্তর প্রতি অনাদর বা অবজ্ঞার ন্যায় অপরাধ আর নাই। কোন ভজনপ্রয়াসীর এই অপরাধ যেন না হয়। বৈষ্ণবাপরাধ সম্বন্ধে স্কন্দপুরাণ বলিয়াছেন,—

হন্তি নিন্দতি বৈ দ্বেষ্টি বৈষ্ণবান্নাভিনন্দতি।
ক্রুধ্যতে যাতি নো হর্ষং দর্শনে পতনানি ষট্॥

নামাপরাধ

নামাপরাধ দশবিধ। (১) সাধুনিন্দা—যাঁহারা ঐকান্তিকভাবে নামাশ্রয় করিয়াছেন, তাঁহাদের নিন্দা বা দ্বেষ করা। সাধু কেবল নামতত্ত্বই জানেন, জ্ঞান, যোগ প্রভৃতি কিছুই জানেন না—এইরূপ মনে করিয়া তাঁহাদিগকে অবহেলা করিলে অপরাধ হয়। সাধুকে অসাধু এবং অসাধুকে সাধু মনে করাও সাধুনিন্দা। (২) দেবান্তরে স্বতন্ত্রজ্ঞান, অর্থাৎ শ্রীকৃষ্ণ স্বয়ং-ভগবান্, অন্যান্য দেব-দেবী তাঁহার সেবক। কৃষ্ণকে ভজন করিলে অন্যান্য দেব-দেবীর সেবা হয়, এইরূপ বিশ্বাস না করিয়া শিবাদি দেবতাকে স্বতন্ত্র-ঈশ্বরবুদ্ধি—নামাপরাধ। শ্রীকৃষ্ণই স্বরাট্ লীলাপুরুষোত্তম, সকল ঈশ্বরের ঈশ্বর ও সর্ব্বকারণ কারণ। আধিকারিক দেবতাগণ মর্ত্ত্য মানব হইতে শ্রেষ্ঠ হইলেও তাঁহারা ঈশ্বরকোটি নহেন। দেবগণের জন্ম ও ধ্বংস আছে, কিন্তু ভগবান্ বিষ্ণু অজ, নিত্য, সনাতন ও নিত্যচৈতন্যানন্দময় বিগ্রহ। সুতরাং বিষ্ণুর সহিত অন্যান্য দেবতাকে সমান মনে করা অন্যায় ও অপরাধ। (৩) গুর্ব্ববজ্ঞা—কৃষ্ণপ্রেষ্ঠ শ্রীগুরুপাদপদ্মে মর্ত্ত্য-বুদ্ধি অর্থাৎ মরণশীল মানববুদ্ধি। কৃষ্ণ যাঁহার বশীভূত, সেই শ্রীগুরুদেবকে সর্ব্ব-প্রকারে সেব্যময় নিয়ামক ও শাসকরূপে বরণ করিয়া তাঁহার পূর্ণানুগত্যে বিশ্রম্ভসেবা স্বীকার করত শ্রীনামের অনুশীলন করিতে হইবে। শ্রীগুরুদেবের শাসন ও আনুগত্য পরিত্যাগ করিয়া তাঁহার সেবা হইতে দূরে থাকিয়া বা স্বকপোল-কল্পনামূলে তাঁহার সেবার ভাণ করিয়া লক্ষ লক্ষবার নামাক্ষর উচ্চারণ করিলেও তাহা গুর্ব্ববজ্ঞাপরাধ হইবে। শ্রীগুরুদেব জন্ম-মৃত্যু বা ক্ষুধাতৃষ্ণার অতীত বস্তু। তিনি মাদৃশ পতিতের উদ্ধার-কর্ত্তা। দ্রষ্টাভিমানে গুরুদর্শন হয় না। গুরুকৃপায় গুরুদর্শন হয়। নিজেকে বিষ্ণুর দৃশ্য বলিয়া উপলব্ধি হইলেই গুরুদর্শন বা ভগবদ্দর্শন হয়। যেখানে মাপিয়া লইবার দুর্ব্বুদ্ধি বা কুদর্শন, সেইখানেই অপরাধ। যদি মনে করা যায়, শ্রীগুরুদেব নামশাস্ত্রে বিশেষ অভিজ্ঞ কিন্তু অন্য সাধন-বিষয়ে কিছু জানেন না, তাহা হইলে অপরাধ হইবে। সকল কর্ম্মের চরম ফল—নামতত্ত্বলাভ, তাহা যাঁহার হইয়াছে, তাঁহার অন্য কিছুই প্রয়োজন নাই, কিছু জানিতেও তাঁহার বাকী নাই। গুরুদেব কেবল ভগবত্তত্ত্ব ও ভক্তিতত্ত্বের কথাই জানেন, অন্য কিছুই জানেন না, এইরূপ মনে করাও গুরুর চরণে অপরাধ। শ্রীগুরুদেব সর্ব্বজ্ঞ। শ্রীগুরুদেবের ইচ্ছাই শ্রীকৃষ্ণের ইচ্ছা। শ্রীগুরুদেবের ইচ্ছা ও শ্রীকৃষ্ণের ইচ্ছা পৃথক্ মনে করা গুরুদেবের চরণে অপরাধ। Krishna does what Gurudev asks Him to do কৃষ্ণ গুরুর প্রেমবাধ্য। শ্রীল প্রভুপাদের নিজজন শ্রীল ভক্তিরক্ষক প্রভু শ্রীব্যাসপূজার অভিনন্দনে লিখিয়াছেন,—"O, my Divine Master, Krishna does what You ask Him to do • • I can find a special satisfaction in always consciously imploring Your help. I feel helpless when I do not do so." (৪) শ্রুতি-শাস্ত্রনিন্দা—বেদ ও বেদানুগশাস্ত্রের নিন্দা ও তাহাদের মধ্যে ভেদদৃষ্টি নামাপরাধ। (৫) হরিনামে অর্থবাদ অর্থাৎ হরিনামের মাহাত্ম্যকে অতিস্তুতিজ্ঞান। (৬) হরিনামের অর্থান্তর কল্পনা বা হরিনামকে অনিত্য কাল্পনিক মনে করাও একটী নামাপরাধ। রাম, কৃষ্ণ, হরি প্রভৃতি নাম কল্পিত—ভগবানের নাম, রূপ, গুণ, লীলাদি নাই, এইরূপ মনে করা অপরাধ। (৭) নাম-বলে পাপবুদ্ধি—নাম করিলে পাপ থাকিবে না, অথবা নাম করিতে করিতে ক্রমশঃ শুদ্ধ চিত্ত হইয়া আর পাপে রুচি থাকিবে না, আপাততঃ স্বার্থের জন্য একটী পাপ করিয়া লই, এইরূপ নামের ভরসায় যে পাপ করা যায়, তাহা বড় কঠিন অপরাধ। (৮) অন্য কোন শুভকর্ম্মের সহিত শ্রীনামের সমতা নামাপরাধ। অনবধান বা প্রমাদও অপরাধ। নামে অনবধান অর্থাৎ ঔদাসীন্য, জাড্য ও বিক্ষেপ থাকিলে অপরাধ হয়। নামগ্রহণ-কালে নামের প্রতি উদাসীন হইয়া মুখে নাম ও মনে নানারূপ বিষয়চিন্তা করাই ঔদাসীন্য। নামগ্রহণে অরুচি এবং কতক্ষণে সংখ্যানাম শেষ হইবে, এইরূপ মনে করিয়া বারংবার জপমালায় গ্রন্থির প্রতি কটাক্ষপাত প্রভৃতি জাড্যের লক্ষণ। প্রতিষ্ঠাশা বা শাঠ্য-বশবর্ত্তী হইয়া নাম-গ্রহণই বিক্ষেপ। (৯) অশ্রদ্দধানে নামোপদেশ অপরাধ। কিন্তু তাই বলিয়া হরিনামে বিমুখ ব্যক্তিকে হরিনামের যথার্থ তাৎপর্য্য ও মাহাত্ম্য শ্রবণ করাইয়া শ্রীনামের প্রতি উন্মুখ করা অপরাধ নহে। একমাত্র তাহাই করিতে হইবে। কিন্তু যাহারা অশ্রদ্ধ ও শ্রীনামাচার্য্যের বিদ্বেষী, তাহাদিগকে জোর করিয়া নামোপদেশ দিতে গেলে অপরাধ হইবে। (১০) শ্রীনামের অদ্ভুত মাহাত্ম্য শ্রবণ করিয়াও 'আমি' ও 'আমার' এইরূপ দেহাত্মবুদ্ধিবশতঃ শ্রীনামভজনে প্রবৃত্ত না হওয়াই দশম অপরাধ। ইহা সর্ব্বাপেক্ষা কঠিন। এই অপরাধটী জীব শীঘ্র পরিত্যাগ করিতে পারে না। সাধুগুরু-কৃপায় ইহা নষ্ট হয়। দেহাত্মবোধ হইতে সাধুনিন্দারূপ সর্ব্বপ্রধান ও সর্ব্বপ্রথম অপরাধের উদয় হয়। এই দশবিধ নামাপরাধ পরিত্যাগ করিয়া কৃষ্ণনাম-শ্রবণকীর্ত্তন করিলে নামের ফলে প্রেমলাভ হয়।

সেবাপরাধ

সেবাপরাধ অসংখ্যপ্রকার—

(১) যান অর্থাৎ শিবিকাদিযোগে অথবা পদে পাদুকা প্রদানপূর্ব্বক ভগবদ্গৃহে গমন।

মায়াকে পিছনে রাখি কৃষ্ণ পানে চায়। ভজিতে ভজিতে কৃষ্ণপাদপদ্ম পায়॥

(২) ভগবৎপ্রীত্যর্থে অনুষ্ঠিত যাত্রা (রথাদি) প্রভৃতি উৎসব না করা। (৩) শ্রীবিগ্রহকে প্রণাম না করা। (৪) উচ্ছিষ্টলিপ্ত গাত্রে অথবা অশুচি অবস্থায় শ্রীবিগ্রহের বন্দনাদি। (৫) একহস্তে প্রণাম। (৬) শ্রীবিগ্রহের সম্মুখে প্রদক্ষিণ। (৭) শ্রীবিগ্রহের সম্মুখে পাদ-প্রসারণ। (৮) পর্য্যঙ্ক-বন্ধন অর্থাৎ শ্রীবিগ্রহের অগ্রে হস্তদ্বয় দ্বারা জানুদ্বয় বন্ধনপূর্ব্বক উপবেশন। (৯) শ্রীবিগ্রহের সম্মুখে শয়ন। (১০) শ্রীমূর্ত্তির সম্মুখে ভোজন। (১১) শ্রীমূর্ত্তির অগ্রে মিথ্যাভাষণ। (১২) উচ্চৈঃস্বরে কথা বলা। (১৩) পরস্পর চিত্রকথার আলোচনা। (১৪) রোদন। (১৫) কলহ। (১৬) কাহারও প্রতি নিগ্রহ। (১৭) কাহারও প্রতি অনুগ্রহ। (১৮) সাধারণের প্রতি নিষ্ঠুর বাক্য ব্যবহার। (১৯) লোমকম্বল আবরণ দিয়া সেবাকার্য্যাদি করা। (২০) শ্রীমূর্ত্তির সম্মুখে পরনিন্দা। (২১) পরস্তুতি। (২২) অশ্লীল বাক্য ব্যবহার। (২৩) অপান-বায়ু পরিত্যাগ। (২৪) সামর্থ্য থাকিতে অল্প উপচারে অথবা অল্প ব্যয়ে পূজা ও উৎসবাদি করা। (২৫) অনিবেদিত বস্তু গ্রহণ। (২৬) যে সময়ে যে ফল বা শস্যাদি উৎপন্ন হয়, সেই কালে তাহা অর্পণ না করা। (২৭) সংগৃহীত দ্রব্যের অগ্রভাগ অন্যকে প্রদান করিয়া অবশিষ্টাংশ ভগবান্‌কে প্রদান। (২৮) শ্রীমূর্ত্তির দিকে পৃষ্ঠ করিয়া উপবেশন। (২৯) শ্রীমূর্ত্তির সম্মুখে অন্যকে অভিবাদন। (৩০) গুরুদেবের অগ্রে স্তবাদি না করিয়া মৌনভাবে অবস্থান। (৩১) গুরুদেবের অগ্রে নিজের প্রশংসা। (৩২) দেবতা-নিন্দা। (৩৩) রাজান্ন ভক্ষণ। (৩৪) অন্ধকার গৃহে শ্রীমূর্ত্তি স্পর্শ করা। (৩৫) বিনা বাদ্যে শ্রীমন্দিরের দ্বার উদ্ঘাটন। (৩৬) বিধি উল্লঙ্ঘন করিয়া স্বেচ্ছাচারে শ্রীহরির উপাসনা। (৩৭) কুক্কুর-দৃষ্ট দ্রব্য দ্বারা নৈবেদ্য দান। (৩৮) পূজাকালে মৌনী না থাকা। (৩৯) পূজাকালে মলত্যাগার্থ গমন। (৪০) অগ্রে গন্ধমাল্য প্রদান না করিয়া ধূপ প্রদান। (৪১) অযোগ্য পুষ্পে পূজা। (৪২) দন্তধাবন না করিয়া পূজা। (৪৩) স্ত্রীসম্ভোগান্তে পূজা। (৪৪) রজঃস্বলা স্ত্রী-স্পর্শপূর্ব্বক পূজা। (৪৫) দীপ স্পর্শপূর্ব্বক পূজা। (৪৬) শব স্পর্শপূর্ব্বক পূজা। (৪৭) রক্তবর্ণ, নীলবর্ণ, অধৌত, অপরের বস্ত্র এবং মলিন বস্ত্র পরিধানপূর্ব্বক পূজা। (৪৮) মৃত দর্শনান্তে পূজা। (৪৯) পূজাকালে অপান বায়ু পরিত্যাগ। (৫০) ক্রোধ করিয়া শ্রীহরির স্পর্শ ও সেবা করা। (৫১) শ্মশানে গমন করিয়া (৫২) ভুক্ত দ্রব্য জীর্ণ না হইতে (৫৩) কুসুম্ভশাক (নাটাকরঞ্জ) ও (৫৪) পিণ্যাক অর্থাৎ হিঙ্গু ভক্ষণ করিয়া সেবা করা। (৫৫) তৈলমর্দ্দন করিয়া শ্রীমূর্ত্তির স্পর্শ ও সেবা। (৫৬) ভগবৎপ্রতিপাদিত শাস্ত্রে অনাদর করিয়া তৎপ্রতিপাদক অন্য শাস্ত্রের প্রবর্ত্তন। (৫৭) শ্রীবিগ্রহের সম্মুখে তাম্বুল চর্ব্বণ। (৫৮) এরণ্ড পত্রস্থ পুষ্পদ্বারা পূজা করা। (৫৯) আসুরিক-কালে ভগবৎপূজা। (৬০) পীঠ অথবা ভূমিতে উপবেশনপূর্ব্বক পূজা করা। (৬১) স্নানকালে বাম হস্ত দ্বারা শ্রীমূর্ত্তি স্পর্শ। (৬২) পর্য্যুষিত অথবা যাচিত পুষ্পের দ্বারা অর্চ্চন। (৬৩) পূজাকালে নিষ্ঠীবন ত্যাগ। (৬৪) আমি বড় পূজক,—এই অভিমান। (৬৫) তির্য্যক্‌পুণ্ড্র ধারণ। (৬৬) পাদধৌত না করিয়া শ্রীমন্দিরে প্রবেশ। (৬৭) অবৈষ্ণব-পাচিত অন্ন শ্রীভগবানে নিবেদন। (৬৮) অবৈষ্ণবের সম্মুখে শ্রীমূর্ত্তি পূজা। (৬৯) বিঘ্ন-বিনাশনের পূজা না করিয়া পূজা। (৭০) কাপালিককে দর্শন করিয়া পূজা। (৭১) নখস্পৃষ্টজলে শ্রীমূর্ত্তির স্নান। (৭২) ঘর্ম্মাক্ত দেহে পূজা। (৭৩) নির্ম্মাল্য উল্লঙ্ঘন। (৭৪) ভগবানের নাম দ্বারা শপথ।

শ্রীল প্রভুপাদের হরিকথা

তদীয়কে অস্বীকার ও অবজ্ঞা করিলে সর্ব্বনাশ হয়। ভগবৎসেবা কনিষ্ঠাধিকার, আর তদীয় সেবাই মধ্যমাধিকার। বিষ্ণুর সেবা অপেক্ষা তদীয়ের সেবা আরও বড়। যদি আমরা—বাহিরের দিকে অর্থাৎ বেষেই 'বৈষ্ণব' হই, তাহা হইলে কনিষ্ঠাধিকার হইতেও নীচে চলিয়া যাইব। তদীয়ের অবহেলা করিলে কনিষ্ঠাধিকার হইতেও পতন হইবে। কিন্তু যদি তদীয় বৈষ্ণবের অনুসরণ করি, তাহা হইলেই মধ্যমাধিকারে উন্নতি হইবে।

মহাভাগবতই উত্তম বৈষ্ণব। তাদৃশ বৈষ্ণবের পূজা ব্যতীত জীবের কিছুতেই সুবিধা হইবে না। কোটী কোটী জন্ম বেদাধ্যয়নের পর বৈষ্ণব হওয়া যায়। সাধারণ বৈদান্তিকগণ বুঝিতে পারে না যে, কি করিয়া কোটী কোটী বৈদান্তিকের মধ্যে একজন শুদ্ধ বিষ্ণুভক্ত হ'ন। বিষ্ণুভক্তি লাভ হইলে আর পুনর্জন্ম হয় না। ঐকান্তিক না হইলে পূর্ণমাত্রায় বিষ্ণুসেবা হয় না। তদীয়-পূজা না হইলে ঐকান্তিক হওয়া যায় না।

বিষয়-গ্রহণ করার অর্থই আত্মবঞ্চিতা বা অহঙ্কার-বিমূঢ়াত্মতা। কৃষ্ণনামগ্রহণের পূর্ব্বেই মন্ত্রগ্রহণ ও মন্ত্রদ্বারা অর্চ্চার উপাসনাই কৃত্য। অর্চ্চামূর্ত্তির উপাসনা না করিলে সংসার-নাশ হইবে না। কর্ম্মাধীন গৃহব্রত ব্যক্তিগণকে সৎপথের—গুরুভক্তিপথের পথিক করিবার জন্যই অর্চ্চনের ব্যবস্থা। গৃহব্রতগিরি না ছাড়িলে—সর্ব্বস্ব কৃষ্ণসেবায় অর্পণ না করিতে পারিলে কৃষ্ণনাম হয় না। বদ্ধজীবের হরিনাম হয় না। অর্চ্চনের সমাপ্তি না হইলে হরিনাম হয় না। অর্চ্চনাধিকার হইতে ভজনাধিকার আরও উচ্চকথা। শুদ্ধ অর্চ্চনের দ্বারা ক্রমশঃ নাম-ভজনের প্রতি গাঢ় শ্রদ্ধা হয় অর্থাৎ অর্চ্চা-বিগ্রহের সেবা-ফলে হরিনামে রুচি হয়।

যিনি একবারও মনে করেন—'হে কৃষ্ণ, আমি তোমার সেবা করিব, তুমিই একমাত্র আশ্রয়' সেইরূপ ব্যক্তিরই সুবিধা হইয়া থাকে।

কৃষ্ণ তোমার হঙ বলি বলে একবার।
মায়াবন্ধ হৈতে কৃষ্ণ তাঁরে করেন পার॥

নিজের শোধিত হৃদয়কে বৃন্দাবন জানিয়া সর্ব্বক্ষণ কৃষ্ণসেবা করিব, তাহা হইলে আর গৃহব্রতধর্ম্ম থাকিবে না।

অপ্রাকৃত দেহ ব্যতীত শ্রীকৃষ্ণের ভজন হয় না। 'পরমহংসের আশ্রয় করা' অর্থে—ভক্তিমান্ হওয়া বুঝায়। ভগবদ্ভক্তে সব সুবিধা হয়। কর্ম্ম, জ্ঞান ও অন্যাভিলাষ থাকিলে ভক্তিপথাবলম্বনের ভাণ করিলেও অসুবিধা হইবে। অভাবের রাজ্যে থাকিলে কোনই সুবিধা হইবে না। ভাবের রাজ্যে পৌঁছিতে পারিলে কৃষ্ণসেবানন্দের উৎস প্রবাহিত হইবে।

স্থূলরাজ্য হইতে মুক্ত হইয়া যখন ভাবরাজ্যের দিকে অগ্রসর হই অর্থাৎ শ্রীগুরুপাদপদ্মের আশ্রয়ে কৃষ্ণভজনে নিযুক্ত হই, তখন অনর্থনিবৃত্তি হয়। শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করিলে কৃষ্ণভজন হয়।

সাধুকে সেব্যবস্তু জানিতে হইবে। সাধুর উপর গুরুগিরি করিতে হইবে না। সাধুর প্রকৃষ্ট সঙ্গ হইলে শ্রদ্ধা, রতি ও ভক্তির উদয় হয়। গুরু বৈষ্ণবের নিকট unconditional surrender করিতে হইবে। সাধুকে সেবা করিতে না পারিলে কাহারও সুবিধা হইবে না। আমরা যদি শ্রীগুরুপাদপদ্মের বুদ্ধিশক্তি কম আছে, মনে করি অথবা তাঁহাকে মতিচ্ছন্ন মনে করি, তাহা হইলে আমাদেরই মতিচ্ছন্ন হইবে। একমাত্র গুরুসেবকের নিকটই শাস্ত্রার্থ স্ফূর্ত্তি লাভ করে।

অপ্রাকৃত শব্দের শ্রবণের ফলেই অপ্রাকৃত বস্তুর অনুসন্ধান-স্পৃহার উদয় হয়। হরিকথা শ্রবণের জন্য সময় দিতে হইবে। শ্রীগুরুমুখপদ্মবিনিঃসৃত বাণী প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবাবৃত্তির সহিত নিরন্তর শ্রবণ করিতে হইবে। গুরুদেবের কৃপা হইলেই সর্ব্বার্থসিদ্ধি হইবে। শ্রীগুরুকৃপাই ভগবানের কৃপা। শ্রীগুরুদেবের কৃপা ব্যতীত জীবের গত্যন্তর নাই। যিনি ভগবানের সেবা করিতেছেন, তাঁহার সেবা করিলেই সব সুবিধা হইয়া যাইবে। এ সকল কথা মুখে জানিলেই হইবে না, অন্তরের সহিত জানিতে হইবে।

শ্রীগুরুপাদপদ্ম আমাদিগকে শ্রেষ্ঠ নাম প্রদান করেন। সেই বৈকুণ্ঠ-নামই আমাদিগকে অপ্রাকৃত রাজ্যে লইয়া যায়। বৈকুণ্ঠ-শব্দ হইতে বৈকুণ্ঠশব্দের ভেদ নাই। কৃষ্ণনাম ও কৃষ্ণমন্ত্র যাহা শ্রীগুরুদেব অনুগত শিষ্যকে প্রদান করেন, তাহার আলোচনা হইলে শ্রীগুরুপাদপদ্মের মহিমার দর্শন হয়। যে কাল পর্য্যন্ত জগতে মর্ত্ত্যবুদ্ধি থাকিবে, সেকাল পর্য্যন্ত হরিনামের মহিমা বুঝা যাইবে না। একমাত্র কৃষ্ণনামই শ্রেষ্ঠ। একমাত্র কৃষ্ণকথাই মূল্যবান্। গোলোকের পাথেয় সংগ্রহ করিতে হইলে কৃষ্ণকথাই সম্বল। কৃষ্ণকথা ব্যতীত অন্য কোন কথার কাণাকড়িও মূল্য নাই।

রেঙ্গুণে প্রচার

গত ২২।৬।৪১ তারিখে রেঙ্গুণ ৬৪০ নং ষ্ট্রীট নিবাসী শ্রীযুক্ত রামমোহন সাহা মহাশয়ের ভবনে রেঙ্গুণ শ্রীগৌড়ীয়মঠের কতিপয় সেবকসহ শ্রীপাদ রেবতীরমণদাস ব্রহ্মচারী ভক্তিনিশ্চয় ভক্তিশাস্ত্রী গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের আনুগত্যে শ্রীচৈতন্য-ভাগবত হইতে সঙ্কীর্ত্তনপিতা শ্রীগৌরনিত্যানন্দ প্রভুর আবির্ভাবলীলারহস্য-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন। সমাগত শ্রোতৃবৃন্দ হরিকথা-শ্রবণ করিয়া আনন্দিত ও বিশেষ উপকৃত হন। প্রতিদিন নানা স্থান হইতে বহু ব্যক্তি শ্রীমঠে সমাগত হইয়া পরিব্রাজকমুখে তাঁহার নিকট হরিকথা শ্রবণ করিতেছেন।

গত ১৪।৬।৪১ তারিখে শ্রীগৌরাঙ্গের অন্তরঙ্গ-পার্ষদ শ্রীল গদাধর পণ্ডিত গোস্বামী প্রভু ও নিত্যলীলাপ্রবিষ্ট সচ্চিদানন্দ ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের তিরোভাব-তিথিপূজা পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যপাদপদ্মের আনুগত্যে রেঙ্গুণ শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ সংকীর্ত্তনমুখে সম্পন্ন করিয়াছেন।

উক্ত দিবস ব্রাহ্মমুহূর্ত্ত হইতে শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীজীউর মঙ্গলারাত্রিক, উষঃকীর্ত্তন, শ্রীগুরুবন্দনা, গুরুপরম্পরা, গুর্ব্বষ্টক, শ্রীগুরুচরণপদ্ম, পঞ্চতত্ত্ব ও বিবিধ মহাজন পদাবলী কীর্ত্তনান্তে শ্রীভক্তিবিনোদ-বাণীবৈভব গ্রন্থ পারায়ণ আরম্ভ হয়। মধ্যাহ্নে শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের বিবিধ শিক্ষা ও উপদেশাবলী আলোচনা হয়।

অপরাহ্ণে শ্রীবিগ্রহ ও শ্রীল ঠাকুরের সুবৃহৎ আলেখ্যার্চ্চা বিবিধ সুগন্ধ পুষ্পমাল্য ও বিচিত্র বস্ত্রাদি দ্বারা সুসজ্জিত করা হয়। গৌড়ীয় শতবর্ষপূর্ত্তি আবির্ভাব-সংখ্যা হইতে সচ্চিদানন্দ ঠাকুর শ্রীল ভক্তিবিনোদের অলৌকিক অতিমর্ত্ত্য চরিত্র ও গুণাবলী কীর্ত্তিত হয়। অতঃপর সমাগত শ্রোতৃবৃন্দকে শ্রীমহাপ্রসাদ বিতরণ করা হয়। সন্ধ্যারাত্রিকের পর পুনরায় বিবিধ মহাজনপদাবলী এবং মহামন্ত্র কীর্ত্তন হয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর নদীয়া
সেবক — শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার [illegible]
সেবক — [illegible]

শ্রী[illegible] মঠ শ্রী[illegible]
পোঃ [illegible], নদীয়া
সেবক শ্রী[illegible] ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক — শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক — শ্রী[illegible] দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক — শ্রী[illegible] ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
[illegible] শ্রীমায়াপুর, [illegible] (নদীয়া)
সেবক শ্রী[illegible] ব্রহ্মচারী

[illegible] কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক — শ্রী[illegible] ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক — শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধর মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক — শ্রী[illegible] অধিকারী

সার্ব্বভৌম গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক — শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক — শ্রী[illegible] ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক — শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক — শ্রী[illegible]দাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
ভালুকা (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক — শ্রী[illegible]দাস দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক — শ্রী[illegible]

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক — শ্রী[illegible]গোপাল ব্রহ্মচারী

[illegible]মঠ
[illegible]পুর, পোঃ [illegible] (নদীয়া)
সেবক — শ্রী[illegible] ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক — শ্রীহরিকিশোর ব্রজবাসী

[illegible] গৌড়ীয়মঠাসন
সেবক — শ্রী[illegible] ব্রহ্মচারী

পুঁড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক — শ্রী[illegible] দাসাধিকারী

[illegible] গৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক — শ্রী[illegible] ব্রহ্মচারী

গোপালজীউমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক — শ্রী[illegible] ব্রজবাসী

গদাই গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটি ঢাকা
সেবক — শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
[illegible] পোঃ ময়মনসিংহ
সেবক শ্রী[illegible] বিদ্যারত্ন বি, এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক শ্রী[illegible]দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা কামরূপ (আসাম)
সেবক — শ্রী[illegible] দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পালাংবিন্দু, দার্জ্জিলিং
সেবক — শ্রী[illegible]গোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক — শ্রী[illegible] দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ [illegible], পাটনা
সেবক — শ্রী[illegible] ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক — শ্রী[illegible]গোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় [illegible] বেনারস সিটি
সেবক — শ্রী[illegible]চৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক — শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার সীতাপুর (ইউ পি)
সেবক — শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক — শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রী[illegible]চৈতন্যমঠ
পুরাণমণ্ডল, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক — শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক — শ্রী[illegible] দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক — শ্রী[illegible]দাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক — শ্রী[illegible] দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক — [illegible] [illegible]লোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক — শ্রী[illegible] দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা মথুরা
সেবক শ্রী[illegible] দাস

গোষ্ঠবিহারী মঠ
(শাখা)
পোঃ [illegible], জেলা গুর্গাঁও (পাঞ্জাব)
সেবক — শ্রী[illegible] দাস বাবাজী

[illegible] গৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব
সেবক — শ্রী[illegible]গোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড নিউ দিল্লী
সেবক — শ্রী[illegible]দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
[illegible] রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক — শ্রী[illegible]দাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেটা মাদ্রাজ
সেবক — শ্রী[illegible]সুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, গোদাবরী, মাদ্রাজ
সেবক — শ্রীউপেন্দ্র[illegible] দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক — শ্রী[illegible] দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ কৃপাভিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক — শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)
পুরী
সেবক — শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক — শ্রীগৌরা[illegible] ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক — শ্রী[illegible]ানন্দ ব্রহ্মচারী

লালাকুটী
সেবক — শ্রী[illegible] দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক — শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক — শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক — শ্রী[illegible] ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক — শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক — শ্রী[illegible] ব্রহ্মচারী

[illegible] প্রপন্নাশ্রম
পোঃ [illegible], বর্দ্ধমান
সেবক — শ্রী[illegible] ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ডুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক — শ্রী[illegible] ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন
সেবক — শ্রী[illegible]বিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ [illegible] রোড, উড্ গ্রীন
লণ্ডন এন্ [illegible]
সেবক — কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা।
সেবক — শ্রী[illegible]গোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড লক্ষ্নৌ, ইউ-পি
সেবক — শ্রী[illegible]ানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক — শ্রী[illegible]গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক — শ্রী[illegible] দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক — পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক — শ্রী[illegible]ভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক — শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
সেবক — শ্রীযতিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতি লাইনে	।০	।৵০	।৶০	।০
" " ইঞ্চ	২৲	১।০	১।০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতি ইঞ্চি	৬৲	৪।০
সিকি কলম	১৫৲	১২৲
অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বার্ষিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ রচিত বিভিন্ন অবতার সম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) সহায়তায় অবতারগণের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার মূল্য ছয় আনা।

প্রাপ্তিস্থান শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মধুয়া প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক আখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্র সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১৷০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ৲ টাকা

প্রাপ্তিস্থান—মধুয়া প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ বিশদ পদ্যানুবাদসহ মায়াপুর শ্রী গৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রী . . . ায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও অভিজ্ঞতাবিদ। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৩৩৯ এবং ১৩৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য বনভোজনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবনচরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব নৈতিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য মহাপ্রভুর গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থখানি শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নরহরি ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব অভিনব সর্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ পাণ্ডিত্যের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রাঞ্জল, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা ঐ টীকার সরল ব্যাখ্যা, মূল শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে সন্নিবেশিত পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ॥০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই. বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

					শনিবার ব্যতীত			
					শনিবার	অন্য দিন		
কলিকাতা ছাঃ:	৪-৫৬	৬-২১	৭-১৪	৩-১৬	১৫-১৬	১৬/৬	১৭-৫৩	২২ ১৬
দমদম "	৪-৫৬	৬-৩১	৭-২৮	১৩ ২৯	...	...	১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ:	৬-১২	৭ ৫৮	৯-১৮	১৪ ৫০	১৬ ৪৮	১৮-৩১	১৯-৩৫	০-২৫
(বদল) ছাঃ:	.	.	–	৯-৩১	.	.	.	..
কৃষ্ণনগর পৌঃ:	৬ ৫৯	৮-৪০	১০-৬	১৫-৫৮	১৭-৩১	১৯-১৫	২০ ২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ:	৭-১০	১০-৬	১৪ ৫০	১৭-৪০		২০-৩০		
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১১-২৫	১৮-১৫		২১-৫		
নবদ্বীপঘাট পৌঃ:	৭-৫৩	১০-৫৯	১৫ ৩৩	১৮-২৩		২১-১৩		

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ:	১১-৬
দমদম "	১১-১৮
রাণাঘাট পৌঃ:	১২-৪১
" ছাঃ:	.২ ৫৬
শান্তিপুর পৌঃ:	১৩-২৪
(বদল) ছাঃ:	১৩ ৪১ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ:	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ:	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ:	১৫ ৩৩

ডাউন

					শনিবার ব্যতীত			
					অন্য দিন	শনিবার		
নবদ্বীপঘাট ছাঃ:	৬-১৪		৯-১২		১৬-৩	১৬-৩১	১৮-৩৬	
মহেশগঞ্জ "	৬-২৩		৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ:	৬-৫৭		৯-৫৫		১৬-৫৬	১৭ ১৪	১৯-২১	
(বদল) ছাঃ:	৬-৩১	৭-১০	৮ ৫২	১১-২৬	১৫-৪	১৬ ৫৮	১৯-২৮	২০ ৪৬
রাণাঘাট পৌঃ:	৪-১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৫৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ:	...	..			১৫-৫৬	১৭-৪২		...
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১ ১৬	২২-৫৮
কলিকাতা পৌঃ:	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬	২১-৪০	২৩ ১৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ:	১৪-১
মহেশগঞ্জ "	১৪-১০
কৃষ্ণনগর পৌঃ:	১৪-৪৪
ছাঃ:	১৫-৩৯
শান্তিপুর পৌঃ:	১৬-২৭
(বদল) ছাঃ:	১৮-৩১
রাণাঘাট পৌঃ:	১৮-৫৯
" ছাঃ:	১৯-২০
কলিকাতা পৌঃ:	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১॥০ টাকা মাত্র।

২। ভাগবত—ভিজিগাপাত্তনে একমাত্র পারমার্থিক মাসিক পত্র। গয়া শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি, এ, সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবনিধান অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্য জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনস্বী সজ্জনগণের সহিত যে সমস্ত পারমার্থিক কথা হইয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগ-বিরুদ্ধসিদ্ধান্তখণ্ডনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস

১।১।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাট তিও অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৸০ দশ আনা, বড় বোতল ১৷০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

:—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা;
বেহালা, ২৪ পরগণা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

Regd No. C. 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১২শ বর্ষ } ৪ শ্রীধর, গৌরাব্দ ৪৫৫, ২৮শে আষাঢ়, বঙ্গাব্দ ১৩৪৮, ১২ই জুলাই ইং ১৯৪১, শনিবার { [illegible] সংখ্যা

স ভাষ্য কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিস্তৃত ভাষ্যসহ প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষীমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৵০

প্রাপ্তিস্থান
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ॥০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-মন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৪ শ্রীধর অবাস্তর ক্ষীরোদশায়ী গৌরাব্দ ৪৫৫

শ্রীভগবান্ আচার্য্য

শ্রীভগবান্ আচার্য্য শ্রীমন্মহাপ্রভুর নিত্যসিদ্ধ পার্ষদ। ইনি হালিসহরবাসী ছিলেন। ইনি স্বয়ং পরমবৈষ্ণব, সুপণ্ডিত, আঢ্য, বৈরাগ্যবান্, শ্রীচৈতন্যচরণে একান্ত ভাবে শরণাগত, অত্যন্ত উদার ও সরল ছিলেন। ইঁহার পিতা শতানন্দ খাঁন যেমন ভয়ানক বিষয়ী ছিলেন, অপর দিকে ইঁহার অনুজ গোপাল ভট্টাচার্য্য মায়াবাদী ছিলেন। শ্রীভগবান্ আচার্য্য বাহ্যদৃষ্টিতে খঞ্জ ছিলেন। শ্রীগৌরগণোদ্দেশদীপিকা গ্রন্থে পাই—"আচার্য্যো ভগবান্ খঞ্জঃ কলা গৌরস্য কথ্যতে"। ইনি স্বীয় গৃহ পরিত্যাগ করিয়া নীলাচলে শ্রীমন্মহাপ্রভুর পাদপদ্মে অবস্থান করিয়াছিলেন। ইঁহার ভুবনমঙ্গল চরিত্রে সাধক জীবের অনেক শিক্ষার বিষয় আছে।

শ্রীভগবান্ আচার্য্যের পিতা ও ভ্রাতা উভয়েই বুভুক্ষু ও মুমুক্ষু অর্থাৎ হরিবিমুখ হইলেও শ্রীভগবান্ আচার্য্য পরম-বৈষ্ণব। সুতরাং বৈষ্ণবতা যে বংশগত ব্যাপার নহে, তাহা স্পষ্টই দেখা যাইতেছে। যবনকুলে আবির্ভূত শ্রীহরিদাস, কুঁইমালীকুলে উদ্ভূত শ্রীঝড়ু ঠাকুর, সুবর্ণবণিককুলে প্রকটিত শ্রীউদ্ধারণ ঠাকুর, পশুকুলে আবির্ভূত শ্রীহনুমানজী, পক্ষিকুলে আবির্ভূত শ্রীগরুড়, দৈত্যকুলে আবির্ভূত শ্রীপ্রহ্লাদ প্রভৃতি ভক্তগণ ইহারই সাক্ষ্য দিয়াছেন ও দিতেছেন। বৈষ্ণবতা আত্মার ধর্ম। ইহা শৌক্র বিচারে বা পিতৃত্বের মধ্যে অর্থাৎ পিতা হইতে পুত্রে সঞ্চারিত হয় না। চিন্ময় কখনও অচিন্ময় দ্বারা পরিবর্দ্ধিত বা সঙ্কুচিত হয় না। কুল বা বংশ বৈষ্ণবের বৈষ্ণবতার কারণ নহে। পূর্ব্বাদ্রি সূর্য্যোদয়ের কখনও কারণ নহে।

শ্রীভগবান্ আচার্য্য বাহ্যদৃষ্টিতে খঞ্জ ছিলেন। এখানে প্রশ্ন হইতে পারে,—যাঁহার দেহ চিদানন্দময় সেই গৌরপার্ষদ শ্রীভগবান আচার্য্যে খঞ্জত্ব প্রভৃতি দোষ কিরূপে থাকিতে পারে? কর্ম্মফলবাধ্য জীবই পূর্ব্ব-জন্মের দুষ্কর্ম্মের ফলভোগ করিবার জন্য নানাপ্রকার পীড়া বা বপুগত দোষ লইয়া জগতে জন্মগ্রহণ করে। ভগবানের ভক্ত ত' আর কর্ম্মফলবাধ্য হইয়া জগতে আসেন না। তবে তাঁহার ঐরূপ বপুগত দোষ উপস্থিত হইল কেন? পাছে অভক্ত-সম্প্রদায় ভক্তের বপুগতদোষ প্রাকৃত ভোগময়ী দৃষ্টিতে দর্শন করিয়া সাধুকে অসাধু বুদ্ধি করে, অথবা পাছে মর্ত্ত্যবুদ্ধি-ক্রমে তাঁহাদিগকে নিজের সহিত সমান জ্ঞান করিয়া তাঁহাদের চরণে অপরাধ করে এবং প্রকৃত ভক্তের কৃপা হইতে বঞ্চিত হয়, তজ্জন্যই শ্রীমন্মহাপ্রভু তাঁহার ভক্তের দ্বারা এই লীলা প্রদর্শন করিলেন। শ্রীভগবান্ শ্রীকৃষ্ণচন্দ্রও অসুরমোহন ও ভক্তাবিষ্কার জন্য সর্ব্বকারণকারণ ও সর্ব্বেশ্বর হইয়াও ক্ষুধা, তৃষ্ণা, ক্লেশ, নিদ্রা প্রভৃতি অষ্টাদশ প্রকার যাহা জীবে পরিলক্ষিত হয়, তাহা অঙ্গীকার করিবার অভিনয় প্রদর্শন করিয়াছিলেন। শ্রীল রূপ গোস্বামী প্রভু জানাইয়াছেন,—

> দৃষ্টৈঃ স্বভাবজনিতৈর্বপুষশ্চ দোষৈঃ
> ন প্রাকৃতত্বমিহ ভক্তজনস্য পশ্যেৎ।
> গঙ্গাম্ভসাং ন খলু বুদ্বুদফেনপঙ্কৈ-
> র্ব্রহ্মদ্রবত্বমপগচ্ছতি নীরধর্ম্মৈঃ॥

এই জগতে অবস্থিত ভক্তদেহের নীচত্ব, কর্কশতা, আলস্যাদি স্বাভাবিক দোষ, অথবা কদর্য্য বর্ণ, পীড়া ও কুৎসিত প্রভৃতি বপুর্দোষ কখনও প্রাকৃতদৃষ্টিতে দেখিতে নাই। যেমন নীরধর্ম্মরূপ প্রাকৃত বুদ্বুদ, ফেন, পঙ্ক ও নালীর আবর্জনা দ্বারা ব্রহ্মদ্রব অর্থাৎ অপ্রাকৃত কদাপি পরিত্যাগ করেন না বা ঐরূপ ব্রহ্মদ্রবময়ী গঙ্গার মহিমা খর্ব্ব হয় না, তদ্রূপ আত্মস্বরূপাত্মক বৈষ্ণবগণ জড়দেহের অস্থায়ী বিকার বা জন্মদোষের দ্বারা পারমার্থিক দূষিত হন না। শ্রীগঙ্গাজল যেরূপ নিত্যপবিত্র অপ্রাকৃত বস্তু, উহাতে ফেনাদি দৃষ্ট হইলেও যেমন উহা কখনও অপবিত্র হয় না, পরন্তু বিশ্বকে পবিত্র করিয়া থাকে, তদ্রূপ বৈষ্ণবও নিত্য পবিত্র এবং তাঁহার দেহ অপ্রাকৃত। সেই বৈষ্ণবদর্শনে আত্মা পবিত্র হইয়া থাকে। অভক্ত দৃষ্টি সেই অপ্রাকৃত বস্তুতে [illegible] দোষ দর্শন করে, তাহা বস্তুর [illegible] দোষ, পরন্তু [illegible] কোন দোষ স্পর্শ করে নাই। [illegible] যাঁহারা প্রাকৃতদৃষ্টিতে শুদ্ধবৈষ্ণবে কোন দোষ দর্শন করেন তাঁহারা [illegible] কালে [illegible] হইবেন।

দ্বাদশ আলোয়ারের অন্যতম শ্রীশঠকোপ শূদ্রকুলে আবির্ভূত হইলেও ব্রাহ্মণকুলে উদ্ভূত মহাত্মা শ্রীযামুনমুনি শ্রীশঠকোপকে এই ভাবে নমস্কার করিয়াছেন;—

> মাতা পিতা যুবতয়স্তনয়া বিভূতিঃ
> সর্ব্বং যদেব নিয়মেন মদন্বয়ানাম্।
> আদ্যস্য নঃ কুলপতের্বকুলাভিরামং
> শ্রীমত্তদঙ্ঘ্রিযুগলং প্রণমামি মূর্দ্ধ্না॥

[illegible] প্রথম আচার্য্য শ্রীশঠকোপ [illegible] পাদপদ্মকে [illegible] প্রণাম করিয়াছি। অতএব [illegible] শ্রী [illegible] ঐশ্বর্য্য [illegible] ঐ [illegible] শ্রীপাদপদ্ম।

শ্রীশঠকোপমুনি [illegible] জন্ম [illegible]। ইঁহার [illegible] নাম কারী এবং মাতার নাম [illegible]। ইঁন [illegible] করিতেন। [illegible] প্রভৃতি [illegible] শিষ্যপরম্পরাক্রমে [illegible] আবির্ভূত [illegible] মধুরকবি [illegible] নাম রাখেন 'মারন্' [?]। তাঁহারা [illegible] [illegible] কলা, মারান বা পরাঙ্কুশ বলা হয়। [illegible] শ্রীযামুনমুনি [illegible] নিজ [illegible] পূর্ব্বের [illegible] উপলক্ষ [illegible] করিয়াছিলেন [illegible] শ্রীশঠকোপের আর এক নাম বকুলাভরণ। [illegible]

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু-অন্তর্যামিরূপে শিখান আপনে॥

ব্রাহ্মণের গুরু। শুধু ব্রাহ্মণই বা বলি কেন, নারায়ণপার্ষদ শ্রীশঙ্করাদি দেবতাগণেরও পূজ্য।

শ্রীযামুনাচার্য্যও বলিয়াছেন—

তব দাস্যসুখৈকসঙ্গিনাং ভবনেম্বস্ত্বপি
কীটজন্ম মে।
ইতরাবসথেষু মাস্মভূদপি মে জন্ম
চতুর্মুখাত্মনা॥

হে ভগবন্, আপনার এক বৈষ্ণবের গৃহে আমার কীটজন্মও লাভ, কিন্তু অবৈষ্ণবের গৃহে সাক্ষাৎ ব্রহ্ম-শরীরেও অবস্থান করিতে আমি ইচ্ছা করি না।

শ্রীরামানুজাচার্য্যও বলিয়াছেন,—

বৈষ্ণবানাং ভজন্নাম নিন্দাপয়ানি যানি চ।
দৃষ্ট্বা তান্যপকারাণি জানন্নো ন
বদেৎ ক্বচিৎ।
তেষাং দোষান্ বিহায়াশু গুণা এব
প্রকীর্ত্তয়েৎ॥

(লোকানাম ও কোমলশ্রদ্ধ লোকের হিতের জন্য) বৈষ্ণবদিগের জন্ম, নিন্দা ও আদিম পাপাদি জানা থাকিলেও দম্ভ করিয়া নিন্দার উদ্দেশে কখনও লোকের নিকট সে সকল কথা বলিবে না। বৈষ্ণবের আপাত-প্রতীয়মান দোষগুলি পরিত্যাগ করিয়া গুণাবলী কীর্ত্তন করিবে।

দাম্ভিক কখনও বৈষ্ণব-দর্শন করিতে পারে না। সাত্ত্বিক অহঙ্কার, রাজসিক অহঙ্কার ও তামসিক অহঙ্কার - এই তিন প্রকার অহঙ্কার। প্রাকৃত অভিমানই দম্ভ বা অহঙ্কার। পুরুষাভিমান বা কর্তৃত্বাভিমানই প্রাকৃত অভিমান। শ্রীহরিগুরু-বৈষ্ণবের দাস অভিমানই অপ্রাকৃত অভিমান বা শুদ্ধ-অভিমান। চেতনের একটা না একটা অভিমান থাকিবেই। অপ্রাকৃত অভিমান না আসিলে প্রাকৃত অভিমান কি করিয়া যাইবে? কৃষ্ণকার্ষ্ণের প্রতি অনাদর বা অবিচারই অপরাধ। আপনজ্ঞানে আন্তরিকতার সহিত মনোযোগসহকারে সেবা করিতে করিতেই সেবকাভিমানরূপ অপ্রাকৃত অভিমান প্রবল হয়। তাহা না হইলে ভগবৎসেবা হয় না। ভোক্তার ভোগ্যের প্রতি এবং ভোগ্য বা সেবকের ভোক্তা বা সেব্যের প্রতি মমতা হয়। মমতার সঙ্গেই তন্ময়তা আসে। কিন্তু তন্ময়, ঐকান্তিক বা শরণাগত সাধুকে যদি আমার মত দেখি, তাহা হইলে ভগবৎসেবা বা অসচ্চেষ্টা আমাদের হৃদয় অধিকার করিয়া আমাদিগকে জন্ম-জন্মান্তর নিষ্পেষিত করিবে।

শ্রীভগবান্ আচার্য্য শ্রীগৌরপার্ষদ। সুতরাং তিনি নিন্দার ও নিন্দক। কোনপ্রকার দোষ তাঁহাকে স্পর্শ করিতে পারে না। লোকশিক্ষার্থ তিনি যাহাও একটী লীলা করিয়াছিলেন তাহা এই - শ্রীভগবান্ আচার্য্যের অনুজ একজন মায়াবাদী ছিলেন। একদা আচার্য্যের অনুজ গোপাল ভট্টাচার্য্য কাশীতে মায়াবাদী গুরুর নিকট বেদান্ত অধ্যয়ন করিয়া নীলাচলে শ্রীভগবান্ আচার্য্যের সন্নিধানে আসিয়া উপনীত হন। শ্রীভগবান্ আচার্য্য অনুজকে শ্রীমন্মহাপ্রভুর সহিত সাক্ষাৎ করাইবার জন্য যেন বিশেষ ব্যগ্র হইয়া মহাপ্রভুর নিকট লইয়া যান। মহাপ্রভু কৃষ্ণাপরাধী মায়াবাদীকে দেখিয়া অন্তরে সুখী হইতে পারিলেন না। পরন্তু শ্রীভগবান্ আচার্য্যের সম্বন্ধে প্রীতির আভাস মাত্র প্রদর্শন করিলেন।

আচার্য্য তাহারে প্রভুপদে মিলাইলা।
অন্তর্যামী প্রভু চিত্তে সুখ না পাইলা॥
আচার্য্য সম্বন্ধে বাহ্যে করে প্রীত্যাভাস।
কৃষ্ণভক্তি বিনা প্রভুর না হয় উল্লাস।
(চৈঃ চঃ)

আর একদিন শ্রীভগবান্ আচার্য্য গৌড়ীয়ের সম্রাট্ শ্রীল স্বরূপদামোদর গোস্বামী প্রভুকে বলিলেন,—

বেদান্ত পড়িয়া গোপাল আইসাছে এথানে।
সবে মেলি' আইস শুনি 'ভাষ্য' ইহার স্থানে॥

শ্রীল স্বরূপদামোদর প্রভু ভগবান্ আচার্য্যের এই কথা শ্রবণ করিয়া আচার্য্যের প্রতি প্রেমক্রোধ প্রকাশ করিয়া বলিলেন,—

বুদ্ধি ভ্রষ্ট হৈল তোমার গোপালের সঙ্গে।
মায়াবাদ শুনিবারে উপজিল রঙ্গে॥
বৈষ্ণব হঞা যেবা শারীরক-ভাষ্য শুনে।
সেব্য-সেবক-ভাব ছাড়ি' আপনারে 'ঈশ্বর'
মানে॥
মহাভাগবত, কৃষ্ণ প্রাণধন যার।
মায়াবাদ শ্রবণে চিত্ত অবশ্য ফিরে তাঁ'র॥

শ্রীভগবান্ আচার্য্য স্বীয় কৃষ্ণনিষ্ঠার শ্লাঘা জানাইয়া শ্রীল স্বরূপদামোদর প্রভুকে জানাইলেন,—

আচার্য্য কহে,—আমা সবার কৃষ্ণনিষ্ঠ চিত্তে।
আমা সবার মন ভাষ্য নারে ফিরাইতে॥

কিন্তু শ্রীল স্বরূপদামোদর প্রভু শুদ্ধভক্তের হৃদয়-বিদারক মায়াবাদের অর্থ নিরূপণ করিয়া আচার্য্যকে বলিলেন,—

স্বরূপ কহে,—তথাপি মায়াবাদ শ্রবণে।
'চিৎ ব্রহ্ম মায়া মিথ্যা' এই মাত্র শুনে॥
জীবাজ্ঞান—কল্পিত, ঈশ্বরে—সকল অজ্ঞান।
যাহার শ্রবণে ভক্তের ফাটে মন-প্রাণ॥

শ্রীল স্বরূপের এই কথা শুনিয়া শ্রীভগবান্ আচার্য্য যেন লজ্জা ও ভয়ে মিয়মাণ হইলেন এবং তাঁহার আর বাক্য স্ফূর্ত্তি হইল না। তিনি অন্য একদিন গোপালকে দেশে পাঠাইলেন।

ভক্তের প্রত্যেক লীলার মধ্যে যেন আমরা শিক্ষাটী গ্রহণ করি, নতুবা অপরাধফলে সর্ব্বনাশ হইবে। আমরা অনেক সময় হরিভজন করিতে আসিয়াও পূর্ব্ব-ইতিহাস ভুলিতে পারি না। কেহ বা পিতা, কেহ বা ছোট ভাই, কেহ বা স্ত্রী পুত্র-আত্মীয়-স্বজন, কেহ বা পাড়া-পড়শী বা পূর্ব্বসঙ্গীকে 'আমি যে ধর্ম্মপথ অবলম্বন করিয়াছি, সেই ধর্ম্মপথে তাঁহারাও আসুক' এইরূপ শুভানুধ্যানের নাম করিয়া তাঁহাদের প্রতি পূর্ব্বাসক্তি প্রদর্শন করিয়া থাকি। এইরূপ সঙ্কল্প উত্তম হইলেও কোমলশ্রদ্ধের ইহাতে অনেক সময়ই অসুবিধা হয়, এমন কি, ভজনরাজ্য হইতে বিচ্যুতিও ঘটিয়া থাকে। নিজে দৃঢ় ভিত্তিতে সংস্থাপিত না হইয়া জ্যেষ্ঠ ভ্রাতা, মাতা-পিতা, ভাই-বন্ধু, স্ত্রী বা আত্মীয়স্বজনকে আমার পথের পথিক করিতে গিয়া, আমি যতটুকু ধর্ম্মপথে অগ্রসর হইয়াছিলাম সেইটুকু হইতেও সরিয়া পড়ি। অপরিপক্কাবস্থায় অপরের মঙ্গল করিতে গিয়া অপরের মঙ্গল করা দূরে থাকুক, নিজেই অমঙ্গলে পতিত হই। তাই গুরুবৈষ্ণবগণ আমাদের পূর্ব্বসঙ্গিগণের বহির্ম্মুখতা বা ভক্তিবিরোধিনী চেষ্টা দেখিয়া বাহ্যে প্রীত্যাভাস প্রদর্শন করিলেও অন্তরে উল্লসিত হন না, কারণ তাঁহারা অন্তর্যামী। তাঁহারা বুঝিতে পারেন যে, এই সকল আত্মীয়স্বজন-নামধারী ব্যক্তি হরিকথা-শ্রবণ করিতে আসেন নাই, পরন্তু তাঁহাদের যে আত্মীয়স্বজনটী হরিসেবোন্মুখ হইয়াছেন, সম্ভবতঃ তাঁহাকে সেবা হইতে বিচ্যুত করাইবার জন্য সুযোগ খুঁজিয়া বেড়াইতেছে। গুরুবৈষ্ণব আমাদের স্বজনাখ্য দস্যুগণের প্রবৃত্তি বুঝিয়া আমাদিগকে সেই বহির্ম্মুখসঙ্গ হইতে সর্ব্বতোভাবে রক্ষা করেন। ইহাই তাঁহাদের পরমকৃপা। মায়াক্রান্ত হইয়া আমরা অনেক সময় এইরূপ প্রকৃত শুভাকাঙ্ক্ষী গুরুবৈষ্ণবকে আমাদের ইন্দ্রিয়তর্পণের প্রতিকূল কার্য্য করিতে দেখিয়া অন্তরে অসন্তুষ্ট হইলেও তাঁহারা আমাদের ভবিষ্যৎ মঙ্গলের জন্যই যত্নবান্ থাকেন।

গুরু ও বৈষ্ণব নিত্যকাল অদ্বয়জ্ঞানের আলিঙ্গিতবিগ্রহ। তাঁহারা অদ্বয়জ্ঞানে প্রতিষ্ঠিত। তাঁহাদের কথাই শ্রুতি বা বেদ। তাঁহাদের কথা অজ্ঞান জীব শ্রবণ করিলে তাঁহাদের মঙ্গল হইবে। অপরের পরামর্শ শ্রবণ করিবার তাঁহাদের আবশ্যকতা নাই। বেদান্তবেদ্য পুরুষ যাঁহার করতলগত, সেই জগদ্গুরু আচার্য্য বা বৈষ্ণবগণের জ্ঞানের কিছুমাত্র অভাব আছে বা তাঁহাদের কাহারও কোন বাক্য, উপদেশ, মতামত বা মন্তব্য শুনিবার কিছু প্রয়োজনীয়তা থাকিতে পারে—এইরূপ বুদ্ধি যেন ভক্তিপথের পথিকগণের কখনও উদিত না হয়, তজ্জন্যই শ্রীমন্মহাপ্রভুর ভগবান্ আচার্য্যের দ্বারা ঐরূপ লীলা-প্রকাশ।

শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু শ্রীচৈতন্যচরিতামৃতে লিখিয়াছেন,—

পুরুষোত্তমে প্রভুপাশে ভগবান্ আচার্য্য।
পরম-বৈষ্ণব তেঁহো সুপণ্ডিত আর্য্য॥
সখ্যভাবাক্রান্ত-চিত্ত, গোপ অবতার।
স্বরূপ গোসাঞি সহ সখ্য ব্যবহার॥
একান্তভাবে আশ্রিয়াছেন চৈতন্যচরণ।
মধ্যে মধ্যে প্রভুর তেঁহো করেন নিমন্ত্রণ॥
ঘরে ভাত করি করেন বিবিধ ব্যঞ্জন।
একলে গোসাঞি লঞা করান ভোজন॥
তাঁর পিতা বিষয়ী বড় শতানন্দ খাঁন।
বিষয়-বিমুখ আচার্য্য—বৈরাগ্যপ্রধান॥

এই শ্রীভগবান্ আচার্য্যই তাঁহার গৃহে শ্রীমন্মহাপ্রভুর ভোজনার্থ ছোট হরিদাসকে শ্রীমাধবীদেবীর নিকট তণ্ডুল আনয়নের জন্য প্রেরণ করিয়াছিলেন।

বৈষ্ণব-সঙ্গ

(শ্রীরাধাগোবিন্দ কাব্যপুরাণব্যাকরণতীর্থ)

বিষ্ণুর জনই বৈষ্ণব। বৈষ্ণবই কৃষ্ণ বা বিষ্ণুর বিলাস। এক অদ্বয়জ্ঞানবস্তু ব্রজেন্দ্রনন্দন কৃষ্ণই স্বয়ং বিষয়বিগ্রহরূপে সেব্য, আর আশ্রয়বিগ্রহরূপে সেবক। কৃষ্ণ শক্তিমান্, আর বৈষ্ণব তাঁহার শক্তি। কৃষ্ণের যত লীলাবিলাস, সকলই বৈষ্ণবকে লইয়া। কৃষ্ণ আনন্দময় হইয়াও হ্লাদিনীর অনুগত ভক্তের ভক্তিরসের চিরাকাঙ্ক্ষী। ভক্তের সেবা কৃষ্ণকে নব-নব-ভাবে সুখের সাগরে নিমজ্জিত করে। ভক্ত কৃষ্ণ ব্যতীত কিছুই জানেন না আর কৃষ্ণও ভক্ত ব্যতীত কিছু জানেন না। এজন্যই স্বয়ং ভগবান্ বলিয়াছেন—"মদ্ভক্তপূজাভ্যধিকা সর্ব্বভূতেষু মন্মতিঃ।" "আমার ভক্তের পূজা—আমা হৈতে বড়। সেই প্রভু বেদে ভাগবতে কৈলা দঢ়॥" (চৈঃ ভাঃ আ ১৮) বৈষ্ণব কৃষ্ণের হৃদয়ের ধন। বৈষ্ণবকে কৃষ্ণ মস্তকে রাখেন। ভগবান্ নিজে বলেন—"সাধবো হৃদয়ং মহ্যং সাধূনাং হৃদয়ন্ত্বহম্। মদন্যত্তে ন জানন্তি নাহং তেভ্যো মনাগপি॥" বৈষ্ণবই সাধু। কারণ, বৈষ্ণবই কৃষ্ণপাদপদ্মে নির্ব্যলীক হইয়া সর্ব্বতোভাবে শরণাগত। কৃষ্ণৈকশরণাগতিই সাধুর লক্ষণ। অভক্ত কখনই বৈষ্ণব বা সাধু নহে। অভক্ত অসতের বা মায়ার আশ্রিত, আর ভক্ত একমাত্র সৎস্বরূপ কৃষ্ণের স্বরূপশক্তির আশ্রিত। কর্ম্মী, জ্ঞানী, যোগী, অন্যাভিলাষী—সকলেই অভক্ত সুতরাং অসাধু। অভক্তগণ ভক্ত ও ভগবানের প্রতি মৎসর বলিয়া অসাধু। নির্ম্মৎসর সাধুগণ যে নিরীশ্বর জ্ঞান-কর্ম্মাদির গর্হণ করেন, তাহা জীবে দয়ারই পরিচয়। নতুবা চিজ্জড়সমন্বয়বাদ-প্রচার দ্বারা উদারম্মন্য বঞ্চকগণ মৎসরতাবশতঃ আত্মবঞ্চনা ও জগদ্বঞ্চনা করিয়া জগতের অশেষ ক্লেশ উৎপাদন করে। বৈষ্ণব স্বয়ং-প্রকাশবস্তু, তাঁহাকে লোকমনোরঞ্জন করিয়া জগতের মতানুসারে 'বড়' হইতে হয় না। বৈষ্ণব পূর্ণতম ভগবানের সেবক বলিয়া তাঁহার আসন নিত্যকাল অতি উচ্চে সুপ্রতিষ্ঠিত। বৈষ্ণব অকিঞ্চন বা নিষ্কাম, আর ভুক্তি-মুক্তি-সিদ্ধি-কামী—সকলেই সকিঞ্চন বা সকাম। বৈষ্ণবই সার-

গ্রাহী, যেহেতু তিনি কৃষ্ণপ্রেমিক। বৈষ্ণব নিখিল বিশ্বের সম্পদ, ভূষণ ও গৌরব। যে স্থানে বৈষ্ণব, সেস্থানেই মহাতীর্থ—সেস্থানেই বৃন্দাবন। বৈষ্ণবের হৃদয় গোবিন্দের বিশ্রামস্থল। বৈষ্ণবই প্রকৃষ্ট পণ্ডিত, কারণ, তিনি দেহাত্মবুদ্ধিরহিত এবং বন্ধমোক্ষবিৎ। বৈষ্ণব কৃষ্ণের সর্বগুণেই বিভূষিত। শ্রীসনাতনশিক্ষায় শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন,—

সর্ব মহা গুণগণ বৈষ্ণব শরীরে।
কৃষ্ণভক্তে কৃষ্ণের গুণ সকলি সঞ্চারে॥
যস্যাস্তি ভক্তির্ভগবত্যকিঞ্চনা
সর্বৈর্গুণৈস্তত্র সমাসতে সুরাঃ।
হরাবভক্তস্য কুতো মহদ্গুণা
মনোরথেনাসতি ধাবতো বহিঃ॥
(ভাঃ ৫।১৮।১২)

সেই সব গুণ হয় বৈষ্ণবলক্ষণ।
সব কহা না যায়, করি দিগ্দরশন॥
কৃপালু, অকৃতদ্রোহ, সত্যসার, সম।
নিদোষ, বদান্য, মৃদু, শুচি, অকিঞ্চন॥
সর্বোপকারক, শান্ত, কৃষ্ণৈকশরণ।
অকাম, নিরীহ, স্থির, বিজিতষড়্গুণ॥
মিতভুক্, অপ্রমত্ত, মানদ, অমানী।
গম্ভীর, করুণ, মৈত্র, কবি, দক্ষ, মৌনী॥
(চৈঃ চঃ ম ২২।৭৮-৭৭)

বৈষ্ণবঠাকুর পতিতপাবন, কৃপাসমুদ্র, সেবকবৎসল ও আশ্রিতের সর্বাভীষ্টপ্রদাতা। অভিন্নব্রজেন্দ্রনন্দন শ্রীগৌরসুন্দর সর্বাবতারের আকর ও স্বয়ং অবতারী হইয়াও ভক্তভাব অঙ্গীকারপূর্বক স্বভক্তিরস আস্বাদন করিয়াছিলেন। প্রেমাবতারবিগ্রহ শ্রীগৌরসুন্দর অনন্ত পাতকী জনকে উদ্ধার করিয়াছেন। তিনি স্বীয় এবন সম্প্রদায়ের প্রতি কৃপা প্রকাশ করিয়া তাহাদিগকে কৃষ্ণপ্রেমে উন্মত্ত করিয়াছিলেন। শ্রীনিত্যানন্দ প্রভু সেবাবিগ্রহ বৈষ্ণবাধিরাজরূপে পতিতপাবনশিরোমণির লীলা করিয়াছেন। তিনি নবদ্বীপে জগাই-মাধাই এবং সর্বস্ব মূর্খ, নীচ, পতিতকে পর্যন্ত কৃষ্ণনাম-প্রেম প্রদান করিয়া উদ্ধার করিয়াছেন। শ্রীল হরিদাসঠাকুর পতিতপাবন নামাচার্যরূপে পতিতা বেশ্যাকেও উদ্ধার করিয়াছিলেন। গৌরপার্ষদ শ্রীল বাসুদেব দত্ত ঠাকুর জগতের নিখিল লোকের পাপভার লইয়া সর্বজীবের ভবরোগ দূর করিবার জন্য শ্রীমন্মহাপ্রভুর পাদপদ্মে নিবেদন জানাইয়াছিলেন। মহাবদান্য কৃষ্ণপ্রেমপ্রদাতা শ্রীগৌরসুন্দরের অনুগত জনগণ তদপেক্ষা অধিক দয়া বিতরণ করিয়া মহামহাবদান্য নামে পরিচিত হইয়াছেন। বর্তমান যুগে প্রভুপাদ শ্রীল জগন্নাথদাস গোস্বামী প্রভু, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ, শ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভু, শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভু ও শ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুর মহাবদান্যতা প্রকাশপূর্বক জগতে অনন্দ দয়া বিতরণকার্য, আপামর নর নারী ও মহাপ্রসাদ বিতরণকার্য কে না অবগত আছেন? বর্তমানযুগের এই আচার্যগণের জগজ্জীবের প্রতি অহৈতুকী করুণাময় দয়ার কথা মাদৃশ নরাধম আর কি বলিবে? যিনি যে পরিমাণে নিষ্কপট ও শরণাগত হইয়াছেন, তিনিই সেই পরিমাণে তাঁহাদের কৃপা বরণ করিয়া ধন্য হইয়াছেন। এই সকল নিত্যসিদ্ধ মহাপুরুষগণের, এমন কি তাঁহাদের নিষ্কপট দাসানুদাসগণের সঙ্গ যাঁহার ভাগ্যে ঘটিয়াছে, তিনিই চৈতন্যচরণকমলে উন্মত্ত হইয়াছেন। বর্তমান যুগে শ্রীমদ্ভক্তিবিনোদধারা ব্যতীত কুত্রাপি বৈষ্ণবসঙ্গ লভ্য নহে। শ্রীনিত্যানন্দাভিন্ন শ্রীশ্রীল আচার্যপাদপদ্ম "প্রেম-প্রচারণ ও পাষণ্ডদলন" লীলার নিত্যই ঐ ধারার নিত্যানন্দ পতিতপাবনী লীলা প্রকাশ করিতেছেন।

শ্রীশুদ্ধ বৈষ্ণব-ভগবান্ নিত্যকাল এই জগতে বিচরণ করেন। তাঁহারা স্ব-প্রকাশ বস্তু। দুর্ভাগা ও অপরাধী জীব ব্যতীত যে কোন নিষ্কপট ব্যক্তিমাত্রই অর্থাৎ সাধুবা ক্রমমাত্রই তাঁহাদের সঙ্গ ও সেবা লাভ করিয়া থাকেন। "যাদৃশী ভাবনা যস্য" এই ন্যায়ানুসারে যাহার যেপ্রকার স্বভাব ও অভিলাষ সে সেই প্রকার সঙ্গ ও ফল লাভ করিয়া থাকে। সুখী, কর্মী, জ্ঞানী অন্যাভিলাষী যেরূপ উত্তম মধ্যম করিয়া একান্ত ভ্রমণ করে, ভক্তিপিপাসু ব্যক্তিও সেইরূপ ভক্তের সম্বন্ধলাভ করিয়া অভীষ্ট প্রাপ্ত হইয়া বৈকুণ্ঠে বিচরণ করেন। শাস্ত্রে ত্রিবিধ বৈষ্ণবের তারতম্য নিরূপিত আছে। কিন্তু স্ব স্ব অধিকারানুসারেই বৈষ্ণবের দর্শন ও সঙ্গ লাভ হয়। নিজ অধিকারের উন্নতি, দিব্যজ্ঞান ও অপ্রাকৃত বৈষ্ণবপাদপদ্মের অহৈতুকী কৃপা হইলেই বৈষ্ণবপাদপদ্মেরও যথা দর্শন হয়। উত্তম, মধ্যম ও কনিষ্ঠ—ত্রিবিধ বৈষ্ণবের লক্ষণ যাহা স্বয়ং শ্রীগৌরসুন্দর বলিয়া গেন, তাহা এই,—

শাস্ত্রযুক্তি নাহি জানে দৃঢ়, শ্রদ্ধাবান্।
'উত্তম', 'মধ্যম', 'কনিষ্ঠ'—শ্রদ্ধা-অনুসারী॥
শাস্ত্রযুক্ত্যে সুনিপুণ দৃঢ়শ্রদ্ধা যাঁর।
'উত্তম-অধিকারী' সেই তারয়ে সংসার॥
শাস্ত্রযুক্তি নাহি জানে দৃঢ়, শ্রদ্ধাবান্।
'মধ্যম অধিকারী' সেই মহা-ভাগ্যবান্॥
যাহার কোমল শ্রদ্ধা, সে 'কনিষ্ঠ' জন।
ক্রমে ক্রমে তিঁহো ভক্ত হইবে 'উত্তম'॥
(চৈঃ চঃ ম ২২ ৬৪-৬৭)

মধ্যমাধিকার হইতেই বৈষ্ণবসঙ্গ ও বৈষ্ণবসেবা-লাভ হয়। কারণ, কনিষ্ঠাধিকারী বৈষ্ণবাবৈষ্ণব চিনেন না। তাঁহার শ্রদ্ধা কোমলা বা প্রাকৃতী। মধ্যমাধিকারী বৈষ্ণবের দুরাচার পরিহার করত অপ্রাকৃত বিচারে প্রতিষ্ঠিত হইয়াছেন। তিনি কেবল অর্চায় সেবায় অভিনিবিষ্ট না হইয়া অন্তর্যামীর সেবায় রতিবিশিষ্ট হন। মধ্যমাধিকারী বৈষ্ণবাবৈষ্ণব-বিচারের কালে মনোধর্মের আশ্রয় গ্রহণ করেন না, তিনি শ্রীমদ্ভাগবতকে যথার্থ রাখেন, শ্রৌতবাণীর অনুসরণ করেন এবং অন্তর্যামীর অকপট নির্দেশ পালন করেন। আবার, এ মধ্যমাধিকারী হইতে কনিষ্ঠের কাছে, মধ্যম ও উত্তম—সকলেই শ্রেষ্ঠ, কারণ মধ্যম অধম, মাৎসর্য ও প্রতিষ্ঠা থাকে না। কনিষ্ঠাধিকারী যখন হইতেও উত্তম-মধ্যম নাই জানেন, বৈষ্ণবসেবা না করেন, তিনি কৃষ্ণের সাক্ষাৎ অর্চাবিগ্রহে বিশ্বাসপরায়ণ হইয়া শ্রীবিগ্রহে [illegible] করেন। কনিষ্ঠাধিকারী বৈষ্ণবাপরাধী না হন। কিন্তু, বৈষ্ণবাপরাধী যে কোন আশ্রমে থাকুন না কেন, সে পতিত। কনিষ্ঠ যদি মধ্যমাধিকারীর শ্রীবিগ্রহের অর্চন করা এবং মধ্যমাধিকারী যদি উত্তমাধিকারীর শ্রীবিগ্রহের অর্চন না করেন তবে তাঁহাদের পতন হয়।

ছয়প্রকার বৈষ্ণবের সঙ্গ হয়। শ্রীল রূপগোস্বামী প্রভু 'উপদেশামৃতে' বলিয়াছেন,—

দদাতি প্রতিগৃহ্ণাতি গুহ্যমাখ্যাতি পৃচ্ছতি।
ভুঙ্‌ক্তে ভোজয়তে চৈব ষড়্‌বিধং
প্রীতিলক্ষণম্॥

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ উক্ত শ্লোকের পদ্যানুবাদে গাহিয়াছেন,—

হরি হে!
দান প্রতিগ্রহ, মিথো গুপ্ত কথা,
ভক্ষণ, ভোজন দান।
সঙ্গের লক্ষণ, এই ছয় হয়,
ইহাতে ভক্তির প্রাণ॥
তত্ত্ব না বুঝিয়ে, জ্ঞানে বা অজ্ঞানে,
অসতে এ সব করি।
ভক্তি হারাইনু, সংসারী হইনু,
সুদূরে রহিলে হরি॥
কৃষ্ণভক্ত জন, এ সঙ্গ-লক্ষণ,
আদরে করিবে সবে।
ভক্তি মহাদেবী, আমার হৃদয়
আসনে বসিবে তবে॥
(শরণাগতি)

ত্রিবিধ বৈষ্ণবের প্রতি আচরণ-সম্বন্ধে শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর বলিয়াছেন,—

কনিষ্ঠে আদর, মধ্যমে প্রণতি,
উত্তমে শুশ্রূষা শুন॥
যে যেন বৈষ্ণব, চিনিয়া লইয়া,
আদর করিবে যবে।
বৈষ্ণবের কৃপা, যাহে সর্বসিদ্ধি,
অবশ্য পাইবে তবে॥
(কল্যাণকল্পতরু)

বৈষ্ণবের পরইহকাল-ফলে [illegible] যে রূপ দ্রুত অনর্থনিবৃত্তি ও চিৎপরিপুষ্টি লাভ হয়, অন্য কোন সাধন দ্বারা সেরূপ হয় না। এইজন্যই ধন্যবাদ তাহার উক্ত [illegible] শ্রীল নারদ নরোত্তম বলিয়াছেন,—"[illegible] মন, আনন্দিত অনুক্ষণ, [illegible] কৃষ্ণপদসঙ্গ।" শ্রীমদ্ভাগবতে শ্রীভগবান উদ্ধবকে বলিতেছেন,—

সতাং প্রসঙ্গান্মম বীর্যসংবিদো
ভবন্তি হৃৎকর্ণরসায়নাঃ কথাঃ।
তজ্জোষণাদাশ্বপবর্গবর্ত্মনি
শ্রদ্ধা রতির্ভক্তিরনুক্রমিষ্যতি॥
(ভাঃ ৩।২৫।২৫)

[illegible]
[illegible]।
[illegible]
[illegible]॥

[illegible] থাকে, [illegible]। তাঁহার [illegible], তাহার [illegible] হয় [illegible] করিয়া [illegible]। [illegible] কারণ অনুসন্ধান [illegible] মধুর চরণে [illegible] ইহার [illegible] কাহারও [illegible] আমাদের [illegible] বস্তুতঃ [illegible]। আমরা [illegible],— "[illegible]" [illegible] আমরা [illegible] জন্য [illegible] তবিষয়ে [illegible] হইবে? [illegible] পুরু- [illegible] হইবে [illegible]। "[illegible] বৈষ্ণব- [illegible] তৎপ্রতি [illegible], আমি [illegible] [illegible] হইবে [illegible] দর্শন হয় [illegible] [illegible] এই [illegible] করিয়া ধন্য করিবেন। [illegible] — [illegible] [illegible] ॥

পঞ্চসংস্কার

আমরা শাস্ত্রে তাপ, পুণ্ড্র, নাম, মন্ত্র ও যাগ—এই পঞ্চসংস্কার দ্বারা দীক্ষিত ভক্তগণের কথা [illegible]। [illegible] বিরুদ্ধ [illegible] নামে [illegible] হরিনামের অর্থ [illegible] আশ্রয় [illegible] অন্তরায়, [illegible] উদ্দেশ্য [illegible] নামের উদ্দেশ্য [illegible] মাত্র। [illegible] ধারণ করা উচিত।

সত্য। জীব [illegible] পরীক্ষা সময়ে [illegible] প্রাপ্ত হয়। [illegible] পূর্ণ হইলে [illegible] বিষ্ণু [illegible] দ্বারা [illegible] থাকা কাল [illegible] বিধান করেন। [illegible] আছে "[illegible], তিনি [illegible] প্রাপ্ত হন।" [illegible] দ্বারাদের [illegible] যায়। কিন্তু স্বয়ং ভগবান্ [illegible] চন্দনাদি [illegible] হরিনাম [illegible] করিয়াছেন।

হরিদাস [illegible] নাম [illegible] বলা হয়। [illegible] শ্রীমন্মহাপ্রভু [illegible] করিয়া [illegible] শিষ্যকে [illegible] সমুদ্র [illegible] করেন। [illegible] পঞ্চসংস্কারের ব্যবস্থা দেখা যায়। যথা—

তাপঃ পুণ্ড্রং তথা নাম মন্ত্রো

যাগশ্চ পঞ্চমঃ।

অমী হি পঞ্চ সংস্কারাঃ পরমৈকান্তিহেতবঃ॥

তাপ, পুণ্ড্র, নাম, মন্ত্র ও যাগ এই পাঁচটিকে পঞ্চসংস্কার বলে। এই পঞ্চসংস্কার অর্চনমার্গীয় [illegible] বিশ্বাসে মহাত্মা [illegible] দের হেতু। [illegible] উপদেশে পাই—দীক্ষিত ব্যক্তির [illegible] দ্বাদশাঙ্গে [illegible] নাম, মন্ত্র [illegible] যাগ অর্থাৎ [illegible] অধিকার—[illegible] শাস্ত্র ও পূর্বাচার্য্যগণ [illegible] বিধি [illegible] প্রবর্ত্তন করিয়াছেন। [illegible] ও গোস্বামিপাদগণও [illegible] প্রচার করিয়াছেন। পারমার্থিক [illegible] সংস্কারক [illegible] ও [illegible] স্বরূপ।

[illegible] উদয় [illegible] সম্বন্ধ [illegible] দ্বারা [illegible]

[illegible] ভোগ করিয়া থাকেন। "ভীষণ সংসার-সমুদ্রে পতিত হইয়া আমি বড়ই ক্লেশ পাইতেছি, হে দীননাথ! তুমি আমাকে কৃপা করিয়া তোমার পাদপদ্মের ধূলিসদৃশ করিয়া গ্রহণ কর, আমার আর কেহ নাই"—এরূপ অনুতাপ করিতে করিতে শিষ্য শ্রীগুরুচরণে পতিত হন। এরূপ অনুতপ্ত ব্যক্তি ব্যতীত আর কেহ দীক্ষাদানের অধিকারী নহেন, ইহা [illegible] জন্য শ্রীগুরুদেব [illegible] পরীক্ষা করেন। [illegible] শ্রীচৈতন্যদেব [illegible] শিষ্যের দেহ অঙ্কিত করিতে [illegible] দিয়াছেন। অনুতপ্ত অধিকারী জীবকে [illegible] প্রদান করিবেন। অনুতাপকারী [illegible] জ্ঞান দ্বারা অনুতাপকে স্থায়ী করা আবশ্যক। স্থায়ী অনুতাপ দেখিলে [illegible] দান [illegible] এই সময়ে শিষ্যের [illegible] তাহাকে একটি [illegible] নাম দেওয়া উচিত। [illegible] মন্ত্র দিতে হইবে। মন্ত্রের [illegible] শিষ্যকে সম্বন্ধ-শিক্ষা করাইবেন। সংসার সম্বন্ধযুক্ত জীবকে কৃষ্ণ সম্বন্ধে [illegible] করাইবার জন্য শালগ্রাম-প্রভৃতি [illegible] পঞ্চসংস্কার। পঞ্চম [illegible] দ্বিবিধ—[illegible] ও চরম। [illegible] পঞ্চ [illegible] শ্রীরঘুনাথদাস গোস্বামী প্রভু শ্রীমন্মহাপ্রভু এই সরল উপদেশ দিয়াছেন,—

গ্রাম্যকথা না শুনিবে, গ্রাম্যবার্ত্তা

না কহিবে।

ভাল না খাইবে, আর ভাল না পরিবে॥

অমানী মানদ কৃষ্ণনাম সদা লবে।

[illegible] মানসে করিবে॥

[illegible] প্রথম দুই পংক্তিতে [illegible] উপদেশ। শেষ দুই পংক্তিতে [illegible] ও [illegible] উপদেশ। অমানি মানদভাবে কৃষ্ণনামগ্রহণই [illegible] [illegible] এই [illegible]

বৈষ্ণব ত্রিবিধ—কনিষ্ঠ, মধ্যম ও উত্তম। [illegible] মধ্যম ও [illegible] উত্তম [illegible] হইয়াছে। [illegible] শ্রী [illegible] গোস্বামী প্রভু [illegible] করিয়াছেন,—"[illegible] ভাগবতঃ প্রিয় [illegible] ত্রিবিধ [illegible]

তাপাদি পঞ্চসংস্কারী নবেজ্যাকর্ম্মকারকঃ।

অর্থপঞ্চকবিদ্ বিপ্রো মহাভাগবতঃ স্মৃতঃ॥

মধ্যমস্তু—

তাপঃ পুণ্ড্রং তথা নাম মন্ত্রো যাগশ্চ পঞ্চমঃ।

অমী হি পঞ্চসংস্কারাঃ পরমৈকান্তিহেতবঃ॥

তত্র কনিষ্ঠস্তু—

শঙ্খচক্রাদ্যূর্দ্ধপুণ্ড্রধারণাদ্যাত্মলক্ষণম্।

তন্নমস্করণঞ্চৈব বৈষ্ণবত্বমিহোচ্যতে॥

ভাগবতমতে মানসদিগের মহাভাগবত-লক্ষণ (ভাঃ ১১।২।৪৫)—

সর্ব্বভূতেষু যঃ পশ্যেদ্ভগবদ্ভাবমাত্মনঃ।

ভূতানি ভগবত্যাত্মন্যেষ ভাগবতোত্তমঃ॥

অথ মানসী শুবিশেষণ মধ্যমভাগবত-লক্ষণ (ভাঃ ১১।২।৪৬)—

ঈশ্বরে তদধীনেষু বালিশেষু দ্বিষৎসু চ।

প্রেমমৈত্রীকৃপোপেক্ষা যঃ করোতি স মধ্যমঃ॥

অথ ভগবদর্চ্চাচরণরূপেণ কনিষ্ঠ-লক্ষণ (ভাঃ ১১।২।৪৭)—

অর্চ্চায়ামেব হরয়ে পূজাং যঃ শ্রদ্ধয়েহতে।

ন তদ্ভক্তেষু চান্যেষু স ভক্তঃ প্রাকৃতঃ স্মৃতঃ॥

[illegible] বিবর্জ্জিতে।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরাদিশাখার অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্ত-বিগ্রহ পরমারাধ্যতম জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণান্তিকে নানাদেশ তথা বিদেশের প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মহাত্মা সত্যানুসন্ধিৎসুগণ যে সমস্ত প্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগ-বিরুদ্ধ-মত-খণ্ডনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণভক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীর নিত্যসেবনীয়।

ভিক্ষা—দশ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস

১৷৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর, হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়া পাচন

সর্ব্বজনপ্রিয় জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি ক্রমশঃ অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

:—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা :

বেহালা, ২৪ পরগণা

টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

Regd No. C 1544.

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৬খণ্ড] শ্রীমায়াপুর,—৫ই শ্রাবণ, ১৩৪৮, ২১শে জুলাই ইং ১৯৪১, সোমবার [১১৫তম সংখ্যা

শ্রীশ্রীশ্রুতিরত্নমালা
—:০:—
শ্রীল নারায়ণদাস ভক্তি-সুধাকর এম-এ সঙ্কলিত। এই গ্রন্থ কণ্ঠহার, বিস্তৃত ভূমিকা ও সূচীসহ অতি সুন্দর রূপে প্রকাশিত হইয়াছে। ঈশ, কেন, কঠাদি দ্বাদশ উপনিষদের অভিনব সংস্করণ ভিক্ষা মাত্র ১৷০ টাকা।
প্রাপ্তিস্থান —
মহুয়া প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—ভাদী, ঢাকা

শ্রীচৈতন্যদেব
—:০:—
স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য মহাপ্রভুর জীবনী ও শিক্ষার কথা সুন্দরভাবে ইহাতে লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট কাগজে সুন্দর বাঁধাই।
৩য় সংস্করণ ; ভিক্ষা ১৷০
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

বিবিধ-সংবাদ

—:০:(০):০:—

ঝটিকা বিধ্বস্ত অঞ্চলে সরকারী সাহায্য

নোয়াখালি ও বাখরগঞ্জ জেলায় ঘূর্ণিবাত্যার পরক্ষণেই বাঙ্গলার জনস্বাস্থ্য বিভাগের ডিরেক্টর তথাকার দুর্গতদের চিকিৎসার ব্যবস্থা করেন। বরিশালের ম্যাজিষ্ট্রেট ও জেলা-বোর্ডের সহযোগিতায় স্যানিটারী ইন্সপেক্টর ও ঝটিকা-বিধ্বস্ত অঞ্চলের জন্য নিযুক্ত ডাক্তারগণকে লইয়া চিকিৎসা-কেন্দ্র খোলার জন্য তিনি ঢাকা সার্কেলের জনস্বাস্থ্য বিভাগের সহকারী ডিরেক্টর ডাঃ এস, এম, হককে অবিলম্বে বরিশাল যাইতে নির্দেশ প্রদান করেন। তিনি নিজেও গত ৩০। জুন বরিশাল গমন করেন। বরিশাল ও নোয়াখালি জেলা-বোর্ডের চেয়ারম্যানকে ঝটিকা-প্রপীড়িত অঞ্চলের জন্য যথাক্রমে ২৫ ও ১০ জন স্যানিটারী ইন্সপেক্টর নিয়োগের জন্য অনুরোধ করা হয়। জুন মাসের প্রথমভাগে নোয়াখালি জেলায় ৫টি চিকিৎসক ও স্বাস্থ্যপরিদর্শকদলকে দুর্গতদের চিকিৎসার জন্য ঘূর্ণিবাত্যা-বিধ্বস্ত অঞ্চলে যাইতে আদেশ প্রদান করা হয়। পরে আরও ১০ জন স্যানিটারী ইন্সপেক্টর এবং মেডিক্যাল ইউনিট প্রেরিত হয়। জুন মাসের শেষ পর্য্যন্ত বাখরগঞ্জ এবং নোয়াখালি জেলার ঝটিকা-বিধ্বস্ত অঞ্চলের জন্য গভর্ণমেন্ট ৫০টি ঔষধালয় এবং স্যানিটারী ইউনিট মঞ্জুর করেন। তন্মধ্যে বাখরগঞ্জে ৩০টি এবং নোয়াখালিতে ৭টি কাজ করিতেছেন। মোট ১০০ জন ডাক্তার এবং স্যানিটারী ইন্সপেক্টরের ব্যবস্থাও করা হয়। ইহাদের মধ্যে ৩৫ জন ডাক্তার এবং স্যানিটারী ইন্সপেক্টরকে সংক্রামক ব্যাধি নিবারণের জন্য বাখরগঞ্জ জেলায় এবং ৩০ জনকে নোয়াখালি জেলায় পাঠান হইয়াছিল। পুকুর-ইন্দারার দূষিত পানীয় জল বিশোধনের জন্য বাখরগঞ্জে ১০০ হন্দর ব্লিচিং পাউডার এবং ২২৭ মণ বাখারীচুণ দেওয়া হয়। নোয়াখালি জেলার জন্য ৫০ হন্দর ব্লিচিং পাউডারের অর্ডার দেওয়া হইয়াছে। বর্তমান মাসের প্রথমভাগেই উহা পাওয়া যাইবে। নোয়াখালি এবং বাখরগঞ্জের জন্য আরও সাহায্যের আয়োজন করা হইয়াছে। জুলাই মাসের ২ তারিখে গভর্ণমেণ্ট ঝটিকা-বিধ্বস্ত জেলাসমূহের জন্য অতিরিক্ত আরও ১৪০০০৲ মঞ্জুর করিয়াছেন। ঝটিকার অব্যবহিত পরেই বাঙ্গলার প্রধানমন্ত্রী মাননীয় এ, কে ফজলুল হক বাখরগঞ্জ পরিদর্শন করিয়া আসিয়াছেন। রাজস্ব-বিভাগের মাননীয় মন্ত্রী মহোদয়ও তথায় গিয়াছিলেন। বিগত ৬ই জুলাই মাননীয় স্যার বি, পি সিংহ রায় এবং রাজস্ব সেক্রেটারী মিঃ বি, আর, সেন, আই, সি, এস, নোয়াখালী যাত্রা করিয়াছেন।

পেসোয়ারে বাস-দুর্ঘটনা

প্রাণ্টাঙ্ক রুদ্ধ ডাক বাংলোর নিকটে বিপরীত দিক হইতে দ্রুত আগত দুইখানি বাসের মধ্যে সংঘর্ষের ফলে ৮ জন আরোহী নিহত হইয়াছে এবং ২০ জন আহত হইয়াছে। বাস দুইখানি চূর্ণবিচূর্ণ হইয়া গিয়াছে। নিহতদের মধ্যে ৩ জন স্ত্রীলোক ছিল। আহত ব্যক্তিদিগকে হাঁসপাতালে স্থানান্তরিত করা হয়। মৃতদেহগুলি শবব্যবচ্ছেদের জন্য প্রেরিত হয়। হতাহত ব্যক্তিদের নাম ও ঠিকানা সংগ্রহের চেষ্টা হইতেছে। পুলিশ এই দুর্ঘটনা সম্পর্কে তদন্ত করিতেছে।

ভাঙ্গাচুরা লোহার ব্যবহার

ভাঙ্গাচুরা লোহা হইতে বর্তমানে ভারতবর্ষে ব্যবসায়িক প্রথায় ইস্পাত প্রস্তুত হইতেছে। ইহা দ্বারা রেলওয়ে সমূহের আবশ্যকীয় স্প্রীং ইস্পাতের চাহিদা মিটান সম্ভব হইবে। এতকাল উহা বিদেশ হইতেই আমদানী হইত।

ভারতের নানাস্থান হইতে যে-সকল ভাঙ্গাচুরা লোহা সংগৃহীত হইতেছে, তাহা হইতে ইস্পাত প্রস্তুতের জন্য বিশেষ ধরণের চুল্লী (ও পেনহার্থ ফারনেস) বসাইবার ব্যবস্থাও হইতেছে।

অনাহারের জ্বালায় আত্মহত্যা

গত ২০শে জুন তারিখে বরিশালের গোয়াল-ভাঙ্গা গ্রামের গওর আলি সেরনিয়াবের স্ত্রী (২০) দারুণ ক্ষুধার জ্বালায় উদ্বন্ধনে আত্মহত্যা করিয়াছে। ঝড় বন্যার অনুগামী দুর্ভিক্ষ ও মহামারী দিনদিনই বিশেষভাবে আত্মপ্রকাশ করিতেছে। কলেরা আরম্ভ হইয়াছে।

---

৭ বৎসরের বালকের মুণ্ডচ্ছেদ

আসাম উপত্যকার দায়রা জজ জুরীদের অভিমত গ্রহণ করিয়া নরহত্যার অপরাধে দুর্কোর আসামী ফাকরের প্রতি প্রাণদণ্ডের আদেশ দিয়াছেন।

অভিযোগে প্রকাশ, ইমাম আলি নামে ৭ বৎসর বয়স্ক এক বালক কতকগুলি শাকসজী লইয়া আসামীর পুত্রের সহিত ঝগড়া করিতেছিল বলিয়া আসামী বালকটির মস্তক ছেদন করিয়াছিল।

সিঁড়ি হইতে পতনের ফলে মৃত্যু

কলিকাতায় বোসপাড়া ষ্ট্রীটের সন্তোষকুমার গাঙ্গুলী (১৬) তাহাদের বাড়ীর সিঁড়ি হইতে পড়িয়া যাওয়ার ফলে মারা গিয়াছে। এইরূপ প্রকাশ, সন্তোষকুমার যখন দোতলায় উঠিতেছিল সেই সময় সে সিঁড়ি হইতে পড়িয়া গিয়া সংজ্ঞাহীন হইয়া পড়ে। তাহাকে এম্বুলেন্সযোগে হাসপাতালে প্রেরণ করা হইলে তাহাকে মৃত অবস্থায় দেখা যায়।

সরবরাহবিভাগের উদ্যম

পিয়াজ, পীচ, ফুলকপি, বাঁধাকপি, শালগম প্রভৃতি শুষ্ক করিয়া রাখা যায় কি না সরবরাহ-বিভাগ সম্প্রতি সে সম্পর্কে অনুসন্ধান করিতেছেন। ঐ সকল সব্জীর মরশুমের সময় নির্ভরযোগ্য ব্যবসায়ীকে পরীক্ষামূলক ভাবে অর্ডার দেওয়ার ব্যবস্থা হইয়াছে।

মোটর চলাচলের সীমা নির্দ্ধারণ

৩৫ মাইল স্থান লইয়া মোটরলরী ও বাস চলাচলের বিভিন্ন অঞ্চল নির্দ্ধারণের জন্য ভারত সরকার সম্ভবতঃ আইনের ব্যবস্থা অবলম্বন করিবেন। সিমলায় যানবাহন পরামর্শ পরিষদের যে বৈঠক হইবে তাহাতে এই বিষয়ে আলোচনা হইবে। যানবাহন ও পূর্ত্তবিভাগের মন্ত্রী মহারাজা জিন্দুর, নবাব এই বৈঠকে বাঙ্গলার প্রতিনিধিত্ব করিবেন। যানবাহন-বিভাগের সেক্রেটারী ও স্পেশ্যাল রোড ফাণ্ড অফিসারও বৈঠকে যোগদান করিবেন।

ঢাকায় মোটর দুর্ঘটনা

গত ২৯শে জুন মোটর বাস ও ট্রেনের এক সংঘর্ষের ফলে জনৈক সৈনিকের মৃত্যু ঘটিয়াছে। আরও জানা গিয়াছে, বাসের মালিক জীবনচন্দ্র দত্ত এবং তাঁহার ভ্রাতুষ্পুত্র ঐ দুর্ঘটনায় গুরুতর আহত হইয়াছেন।

— —

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্ এ মহোদয়ের শ্রৌতপন্থাবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। ইহাতে বিরাট আকার ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সমন্বয় আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকৃত শ্লোকাকারে অতি সংক্ষেপে উদ্ধৃত ও শ্রীপাদ মাধবেন্দ্র বন্দি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা ও বর্ণের আলেখ্য ভূমিকা ও সূচীসহ অভূতপূর্ব্ব নয়নাভিরাম নব সংস্করণরূপে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,

শ্রীযুক্ত সুপাঁরঞ্জন দাস এম-এ, বি এল,

পুরাণপল্টন, পোঃ রমণা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকার্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোড়শপেজী আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—৩৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

বিজ্ঞাপন

'মেডিকেল ডিগ্রী' সংগ্রহ করুন

আয়ুর্বেদিক হোমিওপ্যাথিক, ইউনানী,

ফিকশাস্ত্র প্রভৃতি পরীক্ষা ঘরে বসিয়া দিন।

বিনা খরচে প্রস্পেক্টাস লউন। ইংরাজী কিম্বা

উর্দু ভাষায় পত্র ব্যবহার করিবেন।

প্রিন্সিপাল ওরিয়েন্টাল ইন্ডিয়ান

মেডিক্যাল কলেজ

আম্বালা সিটী

শুদ্ধভক্তিগ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪৲

২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲

দশম স্কন্ধ— ৯৲

৩ ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৲

৪। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী ১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী ১ম খণ্ড—৸০ , ২য় খণ্ড—১৲ , ৩য় খণ্ড—৸০

৭। শ্রীচৈতন্যদেব ১।০

৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০

৯। বৈষ্ণবধর্ম্ম ২৲

১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০

১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত-তত্ত্ব ।০

১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০

১৭। চৈতন্যোপনিষদ্ ।০

১৮। যামুন আচার্য্য ॥০

১৯। তত্ত্ববিবেক ।০

২০। গৌড়ীয় গৌরব ।৶০

২১। গৌড়ীয়সাহিত্য ৸৶০

২২। ভজন রহস্য ॥০

২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲

২৪। গীতা (বলদেব-টীকা সহ) ১৲

২৫। গীতা (চক্রবর্ত্তী টীকাসহ) ১৲

২৬। গীতার কেবল মাধ্বভাষ্য ॥০

২৭। মুক্তিমল্লিকা ভগসোত্রঃ (সানুবাদ) ২৲

২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)

২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৶০ বাঁধা ৸০)

৩০। দ্বীপ-দিগ্দর্শন ৶০

৩১ সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৶০

৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥০

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০

৩৫। গীতমালা ৵১০

৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৶০

৩৭। ঐ প্রমাণ খণ্ড ৶০

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০

৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০

৪০। শরণাগতি ৶০

৪১। গীতাবলী ৵১০

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০

৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২॥০

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা

৪৫। নবদ্বীপশতক ৵১০

৪৬। অর্চ্চপঞ্চক ৵১০

৪৭। সদাচারস্মৃতিঃ ৵১০

৪৮। কল্যাণকল্পতরু ৴১০

৪৯। অর্চ্চনপদ্ধতি ৴০

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৩৲

৫১। ব্রহ্মসংহিতা ।০

৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০

৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০

৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০

৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০

৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০

৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০

৫৮। শ্রীভুবনেশ্বর ৶০

৫৯। সিদ্ধান্তদর্পণ ৴০

৬০। সাংখ্যবাণী ৴০

৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২।০

৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৩৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০

৬৪। সিদ্ধান্ত-সরস্বতী বিজয়ঃ ।০

৬৫। সটীকা শিক্ষাদশমূলম্ ।০

৬৬। তত্ত্বত্রয়ম্ ।০

৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০

৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ ৴০

৬৯। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ।০

৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ॥০

৭২। নামভজন ৴০

৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অন্টলজি ।০

৭৪। রিলেটিভ ওয়ার্ল্ডস্ ।৶০

৭৫। লাইফ য়্যাণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০

৭৬। বৈষ্ণবীজম্ ॥০

৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴০

৭৮। দি ভাগবত ।০

৭৯। হবোঁ টক প্রিন্সিপাল এণ্ড আনরিয়ালেড ডিভোশন ।০

৮০। ব্রহ্মসংহিতা ॥০

৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲

৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৭৲

৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০

৮৫। সাধনপথ ।০

৮৬ কল্যাণকল্পতরু ৵১০

৮৭। গীতাবলী ৵১০

শরণাগতি ৴০

৮৯। শ্রীসচ্চিদানন্দবাণী ।৶০

৯০। শ্রীগৌড়ীয়বাণী ।০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ।০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

সত্যের কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃত ভাষ্যসহ প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৶০

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৮০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ { ১৩ শ্রী. গৌরাব্দ ৪৫৫, ৫ই শ্রাবণ, বঙ্গাব্দ ১৩৪৮ ২১শে জুলাই ইং ১৯৪১, সোমবার { ১১৫ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৩ শ্রীধর সর্ব্বশিব সর্ব্বগ গৌরাব্দ ৪৫৫

শ্রীগৌরীদাস পণ্ডিত

——::*::——

শ্রীগৌরীদাস পণ্ডিত ব্রজের দ্বাদশ-গোপালের অন্যতম 'শ্রীসুবল সখা'। ইনি শ্রীনিত্যানন্দেশ্বরী শ্রীবসুধা-জাহ্নবার পিতা শ্রীসূর্য্যদাস সরখেলের কনিষ্ঠ ভ্রাতা। ইঁহার পূর্ব্বনিবাস মুড়াগাছা ষ্টেশনের কিছুদূরে শালিগ্রামে ছিল। পরে তিনি গঙ্গাতীরে বাস করিবার জন্য অম্বিকা-কালনায় আগমন করেন। তাঁহার পিতার নাম শালিগ্রাম-বাসী শ্রীকংসারি মিশ্র। শ্রীকংসারি মিশ্রের ছয় পুত্র (১) দামোদর, (২) জগন্নাথ, (৩) সূর্য্যদাস সরখেল, (৪) গৌরীদাস পণ্ডিত, (৫) কৃষ্ণদাস সরখেল, (৬) নৃসিংহচৈতন্য। শ্রীকংসারি মিশ্রের জ্ঞাতি-বংশীয়গণের কেহ কেহ এখনও শালিগ্রামে বাস করেন। শ্রীগৌরীদাস পণ্ডিত ও তাঁহার শিষ্য শ্রীহৃদয়চৈতন্যের কোন বংশ নাই। কেহ কেহ বলেন, যাঁহারা আছেন, তাঁহারা শ্রীগৌরীদাস পণ্ডিত বা শ্রীহৃদয়চৈতন্যের শিষ্য-শাখাবংশ।

শান্তিপুরের অপরপারে শ্রীভাগীরথীর তীরে বর্দ্ধমান জেলায় শ্রীগৌরীদাস পণ্ডিতের শ্রীপাট অম্বিকা-কালনা—ইহা একটী মহা-কুমা ও ক্ষুদ্র সহর। শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু শ্রীচৈতন্যচরিতামৃতে লিখিয়াছেন,—

শ্রীগৌরীদাস পণ্ডিতে প্রেমোদ্দণ্ড ভক্তি।
কৃষ্ণপ্রেমা দিতে, নিতে, ধরে মহাশক্তি॥
নিত্যানন্দে সমর্পিল জাতি-কুলপাঁতি।
শ্রীচৈতন্য-নিত্যানন্দে করি' প্রাণপতি॥

শ্রীচৈতন্যভাগবতেও পাই,—

গৌরীদাস পণ্ডিত পরম ভাগ্যবান।
কায়মনোবাক্যে নিত্যানন্দ যাঁর প্রাণ॥

শ্রীগৌরীদাস পণ্ডিতের জ্যেষ্ঠপুত্র—(বড়) বলরাম এবং কনিষ্ঠ—রঘুনাথ। রঘুনাথের পুত্র—মহেশ পণ্ডিত ও গোবিন্দ, কন্যা—অন্নপূর্ণা।

শ্রীগৌরীদাস পণ্ডিতের সাড়ে বাইশ শাখার কথা শুনা যায়। যথা- (১) শ্রীনৃসিংহচৈতন্য, (২) কৃষ্ণদাস, (৩) বিষ্ণু-দাস, (৪) (বড়) বলরামদাস, (৫) গোবিন্দ, (৬) রঘুনাথ, (৭) বড় গঙ্গাদাস (৮) আড়িয়া গঙ্গারাম, (৯) যাদবাচার্য্য, (১০) হৃদয়চৈতন্য (১১) চাঁদ হালদার, (১২) মহেশ পণ্ডিত, (১৩) মুকুট রায়, (১৪) ভাতুয়া গঙ্গারাম, (১৫) আউলিয়া চৈতন্য, (১৬) কালিয়া কৃষ্ণদাস, (১৭) পাতুয়া গোপাল, (১৮) বড় জগন্নাথ, (১৯) নিত্যানন্দ, (২০) ভাবি, (২১) জগদীশ, (২২) রাইয়া কৃষ্ণদাস, (২২॥০) অন্নপূর্ণা।

শুনা যায়, শ্রীনিত্যানন্দেশ্বরী শ্রীজাহ্নবা-দেবী শ্রীধাম-বৃন্দাবনে গিয়া স্বীয় খুল্লতাত শ্রীগৌরীদাস পণ্ডিতের সমাধি দেখিয়া ক্রন্দন-লীলা প্রদর্শন করিয়াছিলেন।

একদিন শ্রীগৌরসুন্দর গঙ্গা পার হইয়া অম্বিকায় শ্রীগৌরীদাস পণ্ডিতের নিকট আগমন করিয়া বলিলেন,—"আমি শান্তিপুর গমন করিয়াছিলাম। শান্তিপুরের নিকটবর্ত্তী হরিনদী-গ্রামে আসিয়া তথা হইতে নৌকা-যোগে আসিয়াছি। আমি নিজেই বৈঠা বাহিয়া তোমার নিকট আসিয়াছি, তুমি এই বৈঠাটী গ্রহণ কর এবং বিশ্ববাসী জীবগণকে ভবনদী পার কর।" এই বলিয়া শ্রীমহাপ্রভু তাঁহাকে নদীয়া লইয়া যান এবং নিজ-হস্তলিখিত একখানি গীতা-গ্রন্থ প্রদান করেন। কিছুদিন পর অম্বিকায় আসিয়া শ্রীগৌরীদাস পণ্ডিত সর্ব্বদাই শ্রীমহাপ্রভুর প্রদত্ত শ্রীগীতা পাঠ করিতে থাকেন।

শুনা যায়, শ্রীমন্মহাপ্রভুর স্বহস্তলিখিত গীতা এবং শ্রীহস্তবাহিত বৈঠা অদ্যাপি শ্রীমন্দিরে বর্ত্তমান। ভক্তবৎসল শ্রীগৌরসুন্দর শ্রীগৌরীদাস পণ্ডিতকে শ্রীগৌর-নিত্যানন্দ-শ্রীবিগ্রহ প্রকাশ করিয়া ভাবসেবা প্রকাশ করিবার আদেশ করেন। তদনুসারে শ্রীগৌরীদাস পণ্ডিত শ্রীমন্মহাপ্রভুর আজ্ঞামত শ্রীগৌরনিত্যানন্দ-শ্রীমূর্ত্তি প্রকাশ করিয়া নানাপ্রকারে ভাব-সেবা করিতে থাকেন। সেবাইতগণ বলেন, শ্রীগৌরীদাস পণ্ডিতের সেই শ্রীগৌরনিত্যানন্দ-শ্রীবিগ্রহ অদ্যাপি শ্রীগৌরীদাস পণ্ডিতের শ্রীপাটে বিরাজ করিতেছেন।

শ্রীগৌরীদাস পণ্ডিতের দেবালয়ের প্রবেশপথে একটী অপূর্ব্ব তেঁতুলবৃক্ষ আছে। ঐ তেঁতুলবৃক্ষের তলে শ্রীমন্মহাপ্রভু ও শ্রীগৌরীদাস পণ্ডিতের সম্মিলন হইয়াছিল বলিয়া প্রকাশ। শ্রীমন্দিরটী শ্বেতপ্রস্তর-মণ্ডিত এবং গৃহের তিনটী প্রকোষ্ঠে শ্রীশ্যামরায়-দাস, শ্রীরাধাগোবিন্দ, শ্রীগৌরনিত্যানন্দ-শ্রীবিগ্রহ, শ্রীজগন্নাথ, শ্রীবলরাম ও শ্রীরাম সীতা প্রভৃতি শ্রীবিগ্রহগণ আছেন। শ্রীগৌরীদাস পণ্ডিতের দেবালয়ের পশ্চিমদিকে শ্রীসূর্য্যদাস পণ্ডিতের দেবালয় ও কিছুদূরে কালনার প্রসিদ্ধ শ্রীভগবানদাস বাবাজীর আশ্রম। এই স্থানে সিদ্ধ মহাত্মা শ্রীভগবানদাস বাবাজী মহাশয়ের শ্রীনামব্রহ্মের সেবা একটী ক্ষুদ্র মন্দিরে বিদ্যমান আছেন।

শ্রীভগবানদাস বাবাজী মহাশয়ের বিষ্ণুদাস-বাবাজী-নামক জনৈক শিষ্য রূপার পাত দিয়া উক্ত ষোলনাম-বত্রিশ অক্ষর মুড়িয়া দিয়াছেন। এই শ্রীমন্দিরের, পশ্চাতে উত্তর দিকে শ্রীভগবানদাস বাবাজী মহাশয়ের সমাধি-মন্দির, সম্মুখে একটী কামরাঙ্গা বৃক্ষ। যেস্থানে বর্ত্তমানে সমাধি, সেই কুটীরে বাসয়াই শ্রীল বাবাজী মহাশয় ভজন করিতেন। কামরাঙ্গাতলাতেও একটী প্রস্তরের পিড়ার উপর তিনি অনেক সময় বসিয়া হরিনাম করিতেন। সমাধির পূর্ব্বপার্শ্বে একটী পাতালকূপ বা ইন্দারা আছে। তাহা এরূপ-ভাবে নির্ম্মিত যে, তাহাতে নামিয়া স্নান করা যায়। শ্রীল ভগবানদাস বাবাজী মহাশয় তাহাতে স্নান করিতেন।

শ্রীকৃষ্ণদাস সরখেল শ্রীগৌরীদাস পণ্ডিত ও শ্রীসূর্য্যদাস পণ্ডিতের কনিষ্ঠ ভ্রাতা। ইনি শ্রীনিত্যানন্দের বিবাহানিবাস বাসরে বড়গাছি হইতে শালগ্রামে যান।

শ্রাবণী শুক্লা দ্বাদশী তিথিতে শ্রীগৌরীদাস পণ্ডিতের তিরোভাব মহোৎসব অনুষ্ঠিত হয়।

শ্রীভক্তিরত্নাকরে বর্ণিত আছে,—

গৌরীদাস পণ্ডিত পরম ... ময়।
শ্রীসুবলচন্দ্র যেঁহো ... ॥
সরখেল সূর্য্যদাস পণ্ডিত ... ।
তাঁ'র ভ্রাতা গৌরীদাস পণ্ডিত প্রচার॥
শালিগ্রাম হৈতে কেহ ... কহিয়া।
গঙ্গাতীরে কৈলা বাস অম্বিকা আসিয়া॥
একদিন শান্তিপুর হৈতে গৌররায়।
গঙ্গাপার হৈয়া আইলেন অম্বিকায়॥
পণ্ডিতে কহয়ে— "শান্তিপুর ... ।
হরিনদী গ্রামে আসি' নৌকায় চড়িয়॥
গঙ্গা পার হৈনু—নৌকা বাহিয়া বৈঠায়।
এই সেই বৈঠা—এবে দিলাম তোমায়॥
ভবনদী হৈতে পার করহ জীবে"।
এত বলি' আলিঙ্গন কৈলা পণ্ডিতেরে॥
পণ্ডিত লৈয়া প্রভু গেলা নদীয়ায়।
করিলেন যত অতি অদ্ভুত লীলায়॥
কে কহিতে পারে গৌরচন্দ্রের চরিত।
পণ্ডিতে দিলেন আপনার গীতা পুঁথি॥

কিছুদিনে পণ্ডিত জানিয়া অধিকারী।
প্রভুরেও গীতাপাঠ করান সদায়॥
প্রভুর শ্রীহস্তের অক্ষর গীতাখানি।
যতনে যে সুখ তাহা কহিতে না জানি॥
প্রভুদত্ত গীতা, বৈঠা প্রভু-সন্নিধানে।
অত্যাশ্চর্য অধিকার দেখে ভাগ্যবানে॥
সদা মত্ত নিতাই চৈতন্য-গুণগানে।
নিতাই-চৈতন্য বিনা অন্য নাহি জানে॥
পণ্ডিতের মন জানি' প্রভু গৌরহরি।
একদিন পণ্ডিতে কহয়ে যত্ন করি॥
—"নবদ্বীপ হৈতে নিম্বকাষ্ঠ আনাইবে।
মোর প্রাণ সম মোরে নির্ম্মাণ করিবে"॥
শুনিয়া পণ্ডিত অতি উল্লসিত হৈলা।
যত্নে দারুবিগ্রহ নির্ম্মাণ করাইলা॥
যে নির্ম্মাণ কৈল সে প্রভুর কৃপাপাত্র।
আপনে প্রকট হৈলা, অন্যের ছলমাত্র॥
দেখিয়া অদ্ভুত মূর্ত্তি পণ্ডিত উদার।
হৈল অধৈর্য্য নেত্রে ধারা অনিবার॥
লোক শাস্ত্র-মতে শ্রীবিগ্রহে শুভক্ষণে।
অভিষেক করি' বসাইলা সিংহাসনে॥
একদিন নিতাই-চৈতন্য প্রেমাবেশে।
মন্দ মন্দ হাসিয়া কহয়ে গৌরীদাসে॥
তোমার যে রীত তা' জানিনু সুজনা।
সেথায় বিহরে তুমি না জান আপনা॥
"অহে সখা সুবল! সে সব নাহি মনে?
যে কৌতুক যমুনাপুলিন গোচারণে॥"
ঐছে কত কহি' দুই প্রভু প্রেমধাম।
হৈল শ্যাম-শুক্ল-রূপ কৃষ্ণ-বলরাম॥
শিঙ্গা, বেত্র, বেণু, শিখিপুচ্ছ বিভূষণ।
কিবা গোপবেশ-শোভা অতি ভুবনমোহন॥
দেখি' গৌরীদাস হৈলা আত্মবিস্মরিত।
সেই ভাবে মত্ত, কে বুঝিবে এনা রীত॥
প্রভুর ইচ্ছায় স্থির হৈলা কতক্ষণে।
নিতাই-চৈতন্য চাঁদ দেখে সিংহাসনে॥
একদিন গৌরীদাস করিয়া রন্ধন।
দুই বন্ধু প্রতি কহে—করহ ভোজন॥
পণ্ডিতের ঐছে মৃদু বচন শুনিয়া।
না করে ভোজন—রহে মৌনী হইয়া॥
দেখিয়া প্রভুর ভাব পণ্ডিত ঠাকুর।
কিছু ক্রোধাবেশে কহে বচন মধুর॥
—"বিনা ভক্ষণেতে যদি সুখ পাও মনে।
তবে মোরে রন্ধন করাহ কি কারণে?"
এত কহি গৌরীদাস রহে মৌন ধরি।
হাসি' প্রভু পণ্ডিতে কহয়ে ধীরি ধীরি॥
—"অন্নে সমাধান নহে তোমার রন্ধন।
অন্নাদি করহ বহু প্রকার ব্যঞ্জন॥
নিবেদ না মান—এত খাইতে না পারি।
অনায়াসে যে হয় তাহাই সর্ব্বোপরি॥"
গৌরীদাস কহে—"ঐছে কভু না করিব।
এক শাক সিদ্ধ-পক্ব করি' খুয়াইব॥"
পণ্ডিতের কথা শুনি' দুই প্রভু হাসে।
করয়ে ভোজন, কিছু কহয়ে উল্লাসে॥
—"এ অপূর্ব্ব শাক পাক কৈলা কোন মতে।
হইলাম তৃপ্ত এক শাক-ভক্ষণেতে॥"
ঐছে প্রশংসিয়া দোঁহে করয়ে ভোজন।
পণ্ডিত সে রঙ্গ দেখি' জুড়ায় নয়ন॥

নৈষ্কর্ম্ম্য

——::[•]::——

কলিকালের অজ্ঞানান্ধ জীবগণকে দিব্য-আলোক প্রদান করিবার জন্য এক অভূতপূর্ব্ব সনাতন-পুরাণসূর্য্যের উদয়ের কথা আমরা শাস্ত্রে জানিতে পারি। এই সূর্য্য পুরাণ অর্থাৎ পুরাতন, খণ্ডকালাতীত—সনাতন। এই বালার্ক সর্ব্বপ্রথমে অষ্টনয়ন চতুর্ম্মুখের দৃষ্টি আকর্ষণ করেন। তৎপরে এই পুরাণার্ক দ্বিনয়ন দেবর্ষি নারদের নয়নগোচর হয়। অনন্তর শ্রীবেদব্যাস এই অদ্ভুত সূর্য্যের দর্শন পান। তৎপরে পরমহংসকুলচূড়ামণি শ্রীশুকদেব এই সূর্য্যকে দর্শন করেন। শ্রীশুকদেবের পর মহাভাগবতবর শ্রীসূত গোস্বামী ও শ্রীপরীক্ষিতাদি ভাগবতগণ ইঁহার সন্ধান পান। এই সূর্য্যালোকের প্রভাবে সংসার-জলধি মধ্যে একটি অমূল্য রত্ন পাওয়া গিয়াছে। নৈষ্কর্ম্ম্যই সেই অমূল্য বস্তু। শ্রীমদ্ভাগবতে পাই,—

কৃষ্ণে স্বধামোপগতে ধর্ম্মজ্ঞানাদিভিঃ সহ।
কলৌ নষ্টদৃশামেষঃ পুরাণার্কোঽধুনোদিতঃ॥
(ভাঃ ১।৩।৪৩)

শ্রীকৃষ্ণ অধোক্ষজ বস্তু। তিনি সম্বিৎ-শক্তিমান্ কেবল অদ্বয়জ্ঞান। তাঁহাতেই সকল নিত্যধর্ম্ম অবস্থিত। তিনি আনন্দের একমাত্র সংবেদ্য। সেই অধোক্ষজ বস্তু প্রাপঞ্চিক দৃষ্টির বহির্ভূত হইলে কলিহত জনগণ অক্ষজদর্শনে ভোগময় অন্ধকারে নিপতিত হইয়াছিল। তাহাদের অক্ষজ-জ্ঞান-প্রবৃত্তিরূপ অন্ধকার অপনোদনকল্পে কৃষ্ণপ্রাকট্যরূপ এই শ্রীভাগবতসূর্য্য উদিত হইয়াছেন। শ্রীমদ্ভাগবত সর্ব্বমঙ্গলালয়, সর্ব্বশ্রেষ্ঠ ও কৃষ্ণতুল্য। ইনি স্বতঃপ্রকাশ। শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভু এই পুরাণার্কের বিষয় উল্লেখ করিয়া বলিতেছেন—"অকতারূপকেণ তদ্বিনা নান্যেষাং সম্যগ্বস্তু-প্রকাশকত্বমিতি প্রতিপদ্যতে।" অর্থাৎ শ্রীমদ্ভাগবতকে সূর্য্যের সহিত রূপক করায় অন্যান্য ক্ষীণালোকময় খদ্যোৎপ্রতিম শাস্ত্রের যে সম্যগ্রূপে বস্তু প্রকাশ করিবার ক্ষমতা নাই ইহাই প্রতিপাদিত হইতেছে। এই শ্রীমদ্ভাগবত সুপুরাতন সনাতন বস্তু। কারণ, ইনি অনাদির আদি সনাতন পুরুষ শ্রীঅচ্যুতের শ্রীমুখনিঃসৃত। ইনি বেদান্তভাস্করেরও প্রকাশক বলিয়া পুরাণ। ইনি "পূরণাৎ পুরাণম্" এই ন্যায়ানুসারে অকৃতজ্ঞানীর বেদের অভাবের পূরক বলিয়া 'পুরাণ', সুতরাং ইহাও বেদ। যাহা বেদ নয়, তাহা দ্বারা বেদের পূরণ অসম্ভব। সুবর্ণবলয়ের কোন অংশ পূরণের প্রয়োজন হইলে সীসকের দ্বারা তাহা কোনপ্রকারেই পূরণ হইতে পারে না। এই পুরাণার্ক বেদান্তভাস্কর ও ভারত-সূর্য্য হইতেও কোটিগুণ সমুজ্জ্বল ও তাহাদের যথার্থ স্বরূপপ্রকাশক। বহু বহু ক্ষুদ্র সূর্য্য এই দিব্য সূর্য্যের আভায় প্রকাশিত হইয়াছেন। শ্রীহংসভাষ্য, বাসনা-ভাষ্য, সম্বন্ধোক্তি, বিদ্বৎকামধেনু, তত্ত্বদীপিকা, ভাবার্থদীপিকা, পরমহংসপ্রিয়া, ভাগবত-তাৎপর্য্য, পদরত্নাবলী, সিদ্ধান্তপ্রদীপ, বৈষ্ণবতোষণী, ভাগবতচন্দ্রিকা, ক্রমসন্দর্ভ, সারার্থদর্শিনী প্রভৃতি বহু বহু কিরণ এই ভাগবতার্ক হইতে নিঃসৃত হইয়া জীবের চিত্ত-গুহাকে আলোকিত করিতেছে। শাস্ত্র আরও বলিতেছেন,—

পরমার্থ তত্ত্ববস্তু জানি ভাগবতে।
তাপত্রয় বিমোচন হয় যাহা হৈতে॥
আর নানা শাস্ত্র যদি করিয়ে শ্রবণ।
তবু কি বাঁধিতে পারি চিত্তে নারায়ণ॥
শুনিবার ইচ্ছা মাত্র ভাগবত করি।
সেইক্ষণে চিত্তে কৃষ্ণ বাঁধিবারে পারি॥
হরিকথা বিনে ভাগবতে নাহি আন।
হরিকথা-লীলা যা'র অমৃত নিদান॥
দান করে যেবা ভাদ্র পৌর্ণমাসী দিনে।
হেম-সিংহযুক্ত ভাগবত মহাদানে॥
সে পায় পরমগতি ভব-বিমোচনে।
ভাগবত-সম শাস্ত্র নাহি ত্রিভুবনে॥
ভাগবত যাবৎ সাক্ষাতে নাহি দেখে।
অন্য শাস্ত্র তাবত ভকতগণ রাখে॥
শ্রীভাগবত বেদ-বেদান্তের সার।
মহা-ভাগবত-সম শাস্ত্র নাহি আর॥
পড়িলে শুনিলে কিবা করিলে বিচার।
ভক্তিযুক্ত হৈয়া নর হয় ভবপার॥

শ্রীল সূত গোস্বামী প্রভু বলিয়াছেন,—

শ্রীমদ্ভাগবতং পুরাণমমলং
যদ্বৈষ্ণবানাং প্রিয়ং
যস্মিন্ পারমহংস্যমেকমমলং
জ্ঞানং পরং গীয়তে।
যত্র জ্ঞানবিরাগভক্তিসহিতং
নৈষ্কর্ম্ম্যমাবিষ্কৃতং
তচ্ছৃণ্বন্ সুপঠন্ বিচারণপরো
ভক্ত্যা বিমুচ্যেন্নরঃ॥

এই অদ্ভুত ভাগবতার্ক বা ভাগবত-ভানু যে অভূতপূর্ব্ব নৈষ্কর্ম্ম্যের কথা জানাইয়াছেন, তাহার সন্ধান অনেকেই পান নাই। এই নৈষ্কর্ম্ম্য মহারত্নটী একমাত্র ভাগবত-জীবন ভক্তভাগবত বা শ্রীচৈতন্যভাগবতগণেরই সর্ব্বাঙ্গে অলঙ্কৃত দেখিতে পাওয়া যায়। এই নৈষ্কর্ম্ম্যের সন্ধান লাভ হইলে জীবের আর অভাব বলিয়া কোন কিছু থাকে না। আমরা যেন নিশ্চেষ্ট হইয়া অলস জীবনযাপনকে নৈষ্কর্ম্ম্য মনে না করি। জগতের বহির্ম্মুখ কর্ম্মপ্রমত্ততা ও কর্ম্ম-প্রবণতাকে নিষেধ করিয়া কৃষ্ণার্থে অখিলচেষ্ট হইবার জন্য উপদেশই প্রকৃত নৈষ্কর্ম্ম্য। কৃষ্ণার্থে অখিল-চেষ্টাই নৈষ্কর্ম্ম্য। এই নৈষ্কর্ম্ম্যের সম্বন্ধে জগদ্গুরু শ্রীল রূপগোস্বামী প্রভু বলিয়াছেন.— "যিনি কায়, মন ও বাক্যের দ্বারা নিখিল অবস্থায় শ্রীহরির তোষণার্থ চেষ্টা করিয়া থাকেন, তিনিই জীবন্মুক্ত।" এইরূপ জীবন্মুক্ত পুরুষই নৈষ্কর্ম্ম্যপদে অধিষ্ঠিত। নৈষ্কর্ম্ম্য অর্থে ভক্তি। কৃষ্ণভক্তই নিষ্কাম।

কৃষ্ণভক্ত নিষ্কাম—অতএব শান্ত।
ভুক্তি মুক্তি সিদ্ধিকামী সকলই অশান্ত॥

নৈষ্কর্ম্ম্যই পরমা শান্তি। যেখানে নৈষ্কর্ম্ম্য বা ভক্তি নাই, সেখানে শান্তিও নাই। চিন্তারাহিত্য যেরূপ নিশ্চিন্তাবস্থা নহে, পরন্তু দুঃখচিন্তারহিত হইয়া সুখময়ী চিন্তাযুক্ততাই যেমন নিশ্চিন্তাবস্থা, সেইরূপ আত্মেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছারূপ ভোগ কামরহিত হইয়া কৃষ্ণেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছারূপ কামনাযুক্ত হওয়াই নিষ্কামতা। সেইজন্যই বলিতেছি, কৃষ্ণসেবা-কামনাই নৈষ্কর্ম্ম্য। এই নৈষ্কর্ম্ম্যবস্তুই জীবের পরম প্রয়োজন।

শ্রীশ্রীভক্তিসিদ্ধান্তবাণী

— :•:(•):•:——

মনই ভোক্তৃরূপে কার্য্য করে। এই ভোগবৃত্তি আত্মবৃত্তি-ধ্বংসকারক। কৃষ্ণের নাম-রূপ-গুণ-লীলা নিত্য। কৃষ্ণ সম্পূর্ণ চেতনময়। স্বয়ংরূপ কৃষ্ণই পরতত্ত্ব-বস্তু। ভগবদ্বস্তুই সৎ। আত্মা কখনও ভোগের জন্য ব্যস্ত হয় না। বদ্ধ মনই মনে করে যে, কৃষ্ণপাদপদ্মে কিছু ভোগের বস্তু আছে। ভগবানের পাদপদ্ম চিন্ময়—আমাদের ভোগের উপকরণ নয়।

কৃষ্ণই আনন্দ। তাঁহাতে পূর্ণানন্দ আছে। তিনি পূর্ণানন্দময়বিগ্রহ। আনন্দ-প্রধান আত্মার ধর্ম্ম। মনে যখন আনন্দের প্রয়াস হয়, তখনই আমরা ভোগময় ব্যাপারে উপস্থিত হই। একমাত্র কৃষ্ণদর্শনেই কৃষ্ণ সেবা নিতান্ত প্রয়োজনীয় বলি ধারণা হয়।

যতদিন পর্য্যন্ত আমরা নানা বিচারে আবদ্ধ হইয়া ভোগবাঞ্ছা করি, ততদিন মনে করি যে, জড়েন্দ্রিয় দ্বারা প্রপঞ্চ ভোগ করা যায়। কিন্তু প্রপঞ্চ আমাদের ভোগ্যবস্তু নহে। যেদিন চিদানন্দ নিরন্তর নিরবচ্ছিন্ন তৈলধারার ন্যায় উপস্থিত হইবে, সেইদিনই কৃষ্ণপাদপদ্মে সম্যগ্ভাবে বন্ধন হইবে।

প্রত্যেক জীবহৃদয়ে জীবপ্রভু বিষ্ণু আছেন। সেই জীবপ্রভুকে উদ্বেগ দেওয়া কোন মতেই উচিত নহে। কোন প্রাণীকে হীনজ্ঞানে অথবা অনবধানতঃ কষ্ট দেওয়া ও অবজ্ঞা করা উচিত নহে। নিজের অন্তঃস্থিত প্রভুর প্রতি সেবোন্মুখ হইয়া বাস করা কর্ত্তব্য। আব্রহ্মস্তম্ব পর্যন্ত সকলকে বিষ্ণুর সেবকজ্ঞানে নমস্কার করা কর্ত্তব্য। ক্ষুদ্রাদপি ক্ষুদ্র জীবের হৃদয়েও ভগবান্ আছেন। ভগবানের প্রতি সেবাবিমুখ হওয়ার ফলেই ইহারা lower creation হইয়াছে।

জীব আত্মবিস্মৃত হইয়া নিজেই 'কর্ত্তা' সাজিয়া পড়েন। তখন ভূতোদ্বেগ অথবা শ্রীগোবিন্দের সেবক বৈষ্ণবগণের উপর প্রভুত্ব বিস্তার করিবার ইচ্ছা হয়। কৃষ্ণদাস-জীবকে উদ্বেগ প্রদান করিলে কৃষ্ণসেবা হয়

না। লৌকিক শ্রদ্ধানুসারে যিনি অর্চ্চামূর্ত্তিতে হরিপূজা করেন, কিন্তু হরিভক্ত ও হরির অধিষ্ঠানস্বরূপ অন্য জীবকে শ্রদ্ধা ও দয়া করেন না, তিনি কনিষ্ঠ।

ভগবানের সেবকগণ তাঁহার সেবকের সেবা করেন। হরিসেবাবিমুখগণ গুরুদাস হয়েন। এই মায়িক জগতে, এই বিবাদের যুগে হরিকথা ব্যতীত ইতর কথার প্রাবল্যই অধিক। সুতরাং আমাদের জীবনের শেষ মুহূর্ত্ত পর্য্যন্ত এই বিবদমান জগতে ভগবান্ অনন্তের কথা প্রচার করিয়া যাওয়া কর্ত্তব্য। শ্রীগুরুদেবের কৃপা হইলে এবং কৃপাপ্রার্থী নিষ্কপট হইলে সেই জীব মায়ামুক্ত হইয়া তাঁহাকে লাভ করেন।

আমি ভগবানের সেবা করিলাম, অতএব উহার বিনিময়ে তাঁহার নিকট কিছু আদায় করিয়া লইব—ইহা নারকীয় বিচার। ভগবানের নিকট হইতে সেবা গ্রহণ করিতে হইবে না, তাঁহাকে সেবা নিবেদন করিতে হইবে। লোক নাস্তিক হইয়া অন্নবায়ু-পোষাক-পরিচ্ছদ প্রভৃতি বস্তুরূপে ভগবানের সেবা গ্রহণ করিতেছে। ইতর জন্তুগুলিও ভগবানের সেবার জন্য সৃষ্ট হইয়াছে। পশুগুলিকে আমাদের সেবায় নিযুক্ত করিলে ভগবানের প্রতি অবজ্ঞা করা হয়।

ভগবৎপ্রেষ্ঠ ব্যতীত ভগবানের সন্ধান কেহই দিতে পারেন না। ভগবদ্ভক্ত শ্রীগুরুপাদপদ্ম ভগবানের শ্রেষ্ঠ সেবক, ভগবানের পরম প্রিয়পাত্র। ভগবান্ও তাঁহার সেবা করেন। ভগবানের কৃপা হইলে ভক্তভাগবত ও গ্রন্থভাগবতের সহিত সাক্ষাৎকার হয়। শ্রীগুরুপাদপদ্মের কৃপায় ভগবান্ কি বস্তু, তাহা শ্রৌতপথে জানিতে পারি।

ভক্ত হইতে হইলে শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করিতে হইবে। তাঁহার ভজন একান্ত আবশ্যক। শ্রীগুরুপাদপদ্মে আত্মসমর্পণ করিয়া দীক্ষার সঙ্গে গুরুভজন আরম্ভ হয়।

মহাভাগবতের নিকট গিয়া তাঁহার সেবায় ছলনা করিতে গেলে তিনি আমার অন্যায় কার্য্য সমর্থন করিবেন—এইরূপ বিচার মূর্খতামাত্র। কনিষ্ঠাধিকারী থাকিতে মহাভাগবতাভিমান নিরয়প্রাপক দম্ভমাত্র। নিজে কাঁচা চাউল অর্থাৎ অপক্ব বা সাধকাবস্থায় থাকিয়া কুড়ান ভাত অর্থাৎ পরিপক্ব বা সিদ্ধের অভিমান করিতে হইবে না। সাধনভক্তি ব্যতীত ভাবভক্তি হয় না। সাধনভক্তাবস্থায় চিত্তদর্পণ-মার্জ্জনাদি-কার্য্য করিতে হয়। কনিষ্ঠাধিকারের অর্চ্চন পরিত্যাগ করিতে হইবে না। যাঁহারা সেবাগতপ্রাণ, তাঁহাদের বিবিক্তি একান্ত দরকার।

যাঁহারা পরমার্থী, তাঁহারা গৌড়ীয় ও নদীয়াপ্রকাশ প্রত্যহ পড়িবেন ও আলোচনা করিবেন। তোতাপাখীর বুলির মত হরিনামাক্ষর উচ্চারণ করিলে বহু জন্মেও কোন সুবিধা হইবে না। যাহারা আচার্য্যসেবকে বরণ করিবে না, তাহারা চিরতরে অমঙ্গলের গর্ত্তে পড়িয়া যাইবে। মৎসরতা দ্বারা হরিসেবা হয় না। যাহারা হরিভজনে বাধা দিবে, তাহারা ক্রমশঃ অধঃপতিত হইবে। যাহারা গৌড়ীয়মঠের প্রচারকার্য্যে বাধা দিবে, তাহাদের ভোগবুদ্ধি বৃদ্ধি হইয়া মৃত্যুযন্ত্রণা ভোগ করিতে হইবে।

কনিষ্ঠাধিকারী অর্চ্চার প্রতি প্রাকৃতভাবমিশ্রিত যে পূজাবিধান করে, উহা তদীয় ভক্তের আনুগত্যে না হইলে যথার্থ মঙ্গল আবাহন করে না। ভগবান্ হইতেও ভক্তের পূজা বড়, ইহা কনিষ্ঠাধিকারী বুঝিতে পারে না বলিয়াই শ্রীবিগ্রহপূজায় যতটা আর্ত্তি প্রকাশ করে, শুদ্ধ ভক্তের সেবায় ততটা করে না। শ্রীমূর্ত্তি কনিষ্ঠভক্ত বা প্রাকৃত ভক্তের নিকট এক তরফা বিচার প্রদর্শন করে। সাধকের পক্ষে শুদ্ধবৈষ্ণবের সাক্ষাৎ সঙ্গ ও তৎফলে হরিকথা-শ্রবণাদির দ্বারা যে মঙ্গল উদয় হয়, প্রাকৃতবুদ্ধিবিশিষ্ট হইয়া বহু জন্ম অর্চ্চনের দ্বারাও তাহা হয় না। শ্রীগুরুবৈষ্ণব কথাদ্বারা যে ভাব প্রকাশ করেন, শ্রীবিগ্রহ কৃপাপূর্ব্বক দর্শন দিয়াও তাহা করেন না। যিনি অন্তর্যামী ভগবান্, তিনিও আমাদের সহিত কথা বলেন না।

ঈশ্বরতত্ত্বের অর্চ্চা আমাদের উপাস্য। অর্চ্চার সেবায় ভূতশুদ্ধি প্রয়োজন। শ্রীবিগ্রহকে যদি physical কিছু মনে করা যায়, তাহা হইলে ভূতশুদ্ধি হয় নাই বুঝিতে হইবে। অর্চ্চনকারী অর্চ্চাবিগ্রহের সেবা করেন। তিনি ভূতশুদ্ধি ও প্রোক্ষণ করেন। 'প্রোক্ষণ' বলিতে এই বুঝায়, যে ইন্দ্রিয়গ্রাহ্য জিনিষ সেবার বাধা দেয়, তাহা নিবৃত্ত করিতে হইবে। প্রোক্ষণ অর্থাৎ জলের দ্বারা ধুইয়া ফেলা—impurity দূর করা। আমাদের ধারণা—অর্চ্চা inanimate, কিন্তু যিনি অর্চ্চা তিনি জড় নহেন। শ্রীগুরুদেব intermediateরূপে আমাকে সাহায্য করেন। অর্চ্চা, অর্চ্চক ও উপাসকএর মধ্যস্থলে guideএর কথা শুনিয়া আমাদের একটা বাধা উপস্থিত হইয়াছে। যদি অর্চ্চা ও অর্চ্চকের স্বরূপজ্ঞান না থাকে, তাহা হইলে বিগ্রহপূজা ছেলেপিলের পুতুল-খেলা হইয়া যাইবে। ভাল করিয়া বেদান্তের 'শ্রীভাষ্য' ও 'গোবিন্দভাষ্য' না পড়িলে গোবিন্দের পূজা হয় না। পুতুলপূজার দরকার নাই, কিন্তু ভগবানের পূজার দরকার আছে।

প্রত্যেক জীবের হরিসেবা ব্যতীত অন্য কোন কর্ত্তব্য নাই। ভগবানকে ষোল আনা সেবাপ্রদান করাই ভক্তের কর্ত্তব্য। কর্ম্মকাণ্ডিগণ প্রভুর সেবা নিজেরা গ্রহণ করে। ভক্তি না থাকিলে ভগবানকে বঞ্চনা করিয়া আমরা নিজেই জগৎ ভোগ করি। কর্ম্মকাণ্ডে অনুষ্ঠানকালে নিজেই ফলভোক্তা সাজিয়া আমরা অন্যের উপর প্রভুত্ব করি।

লক্ষ্ণৌএ হরিকথা

ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তর-শতশ্রী শ্রীশ্রীমদ্ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের কৃপাদেশে লণ্ডন-শ্রীগৌড়ীয়মঠের প্রবীণতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ গোস্বামী মহারাজ গভর্ণিংবডির সহকারী সম্পাদক শ্রীপাদ ভববন্ধচ্ছিদ্ ভক্তিসৌরভ বি-এল, গভর্ণিংবডির মেম্বর শ্রীপাদ ব্রজেশ্বরী প্রসাদ ভক্তিভাস্কর (এ্যাড্ভোকেট পাটনা হাইকোর্ট), প্রমুখ বহু ভক্তবৃন্দ সমভিব্যাহারে গত ১৩ই জুলাই রবিবার ৮-৮৫ মিনিটের সময় আপ পাঞ্জাব-এক্সপ্রেসে লক্ষ্ণৌতে শুভবিজয় করেন। পথিমধ্যে পাটনা, কাশী প্রভৃতি ষ্টেশনে ভক্তগণ পুষ্পমাল্যাদি দ্বারা শ্রীল মহারাজকে সম্বর্দ্ধনা করেন।

শ্রীল মহারাজের শুভাগমনের পূর্ব্ব হইতেই লক্ষ্ণৌ শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ ও সহরের বিশিষ্ট ভদ্রমণ্ডলী বিচিত্রবর্ণের পতাকা সহ সংকীর্ত্তন-সহযোগে ষ্টেশনে উপস্থিত ছিলেন। শ্রীল মহারাজ ট্রেণ হইতে অবতরণ করিলে উপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীল মহারাজের গলদেশ পুষ্পমাল্যে বিভূষিত করেন ও শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের জয়ধ্বনি সহকারে শ্রীল মহারাজকে অভ্যর্থনা করেন। তৎপর লক্ষ্ণৌ শ্রীগৌড়ীয়মঠসেবক উপদেশক শ্রীপাদ নেত্রানন্দ ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী, ভক্তিসুন্দর প্রভু উপস্থিত ভদ্রমহোদয়গণের সহিত শ্রীল মহারাজের পরিচয় করাইয়া দেন। তখন ভদ্রমণ্ডলীর পক্ষ হইতে প্রত্যেকেই দণ্ডবৎ প্রণাম করিয়া শ্রীল মহারাজের গলদেশে পুষ্পমাল্য প্রদান করেন। অতঃপর ষ্টেশন হইতে বিচিত্রবর্ণের পতাকা সহ সংকীর্ত্তন-শোভাযাত্রা-সহকারে সুসজ্জিত মোটরে শ্রীল মহারাজ লক্ষ্ণৌ শ্রীগৌড়ীয়মঠ-প্রাঙ্গণে উপস্থিত হন।

অতঃপর শ্রীমঠে এক বিরাট সভার অধিবেশন হয়। শ্রীল তীর্থ গোস্বামী মহারাজের নির্দ্দেশমতে প্রথমে উপদেশক পণ্ডিত শ্রীপাদ রূপবিলাস ব্রহ্মচারী বিদ্যার্ণব, ভক্তিশাস্ত্রী, বি-এ মহোদয় শ্রীশ্রীগুরুবৈষ্ণবের গুণমহিমা-কীর্ত্তনমুখে একটী বক্তৃতা প্রদান করেন। তৎপরে পাটনা হইতে আগত শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু ও শ্রীপাদ ব্রজেশ্বরীপ্রসাদ ভক্তিভাস্কর প্রভু কিছুক্ষণ হিন্দিভাষায় হরিকথা কীর্ত্তন করেন। অনন্তর শ্রীল তীর্থ গোস্বামী মহারাজ ইংরাজী ভাষায় উপস্থিত ভদ্রমণ্ডলীর সমক্ষে বিমল বৈষ্ণবধর্ম্মের কথা কীর্ত্তন করেন। তাঁহার শ্রীমুখে সুসিদ্ধান্তপূর্ণ হরিকথা-শ্রবণে সকলেই পরমানন্দিত হন। সভায় বহু গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন। তন্মধ্যে নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নাম প্রদত্ত হইল।

পণ্ডিত শ্রীযুক্ত বাবুরাম অগ্নিহোত্রী; শ্রীযুক্ত রামচরণ নাগ (এ্যাডভোকেট), মিঃ জি, এল, কপুর, শ্রীযুক্ত গদাধর বাজপাই (এ্যাডভোকেট); শ্রীযুক্ত জিতেন্দ্রনাথ গাঙ্গুলী, সেক্রেটারী লক্ষ্ণৌ হরিসভা-কামটী, মিঃ ইউ, এন, বিশ্বাস, মিঃ শিবপদ শ্রীবাস্তব রেলওয়ে কণ্ট্রোলার ই, আই, আর; শ্রীযুক্ত বাবু পরমেশ্বরী দয়াল, জমিদার; মিঃ এইচ, এন, টণ্ডন, ইঞ্জিনীয়ার, শ্রীযুক্ত নলিনীবিহারী হালদার; শ্রীযুক্ত দুর্গাদাস প্রামাণিক (রেলওয়ে অফিসার); বাবরীর শেঠ জয়নারায়ণ, সীতাপুর।

এতদ্ভিন্ন শ্রীল মহারাজ মঠসেবকগণের নিকট অনর্গল হরিকথা কীর্ত্তন করিতেছেন। প্রত্যহ প্রাতে ও সন্ধ্যায় তাঁহার দর্শনপ্রার্থী শ্রদ্ধালু ভদ্রমহোদয়গণের নিকট তিনি হরিকথা কীর্ত্তন করিতেছেন। লক্ষ্ণৌয়ের টাউন হলে ও বিভিন্ন স্থানে বক্তৃতার আয়োজন হইতেছে। তাঁহার শুভাগমনে লক্ষ্ণৌ একটা বেশ সাড়া পড়িয়াছে। তথায় শ্রীবিগ্রহ-প্রতিষ্ঠার পর তাঁহার দিল্লী, [illegible], এলাহাবাদ, কাশী, গয়া প্রভৃতি শুদ্ধভক্তিমঠসমূহে গমনপূর্ব্বক শ্রীমন্মহাপ্রভুর বাণী প্রচার করিবার কথা আছে।

শ্রীসচ্চিদানন্দমঠের বার্ষিক উৎসব

গত ২৯শে আষাঢ় রবিবার শ্রীল গোপালভট্ট গোস্বামী প্রভুর বিরহ বাসরে কটক শ্রীসচ্চিদানন্দমঠের পঞ্চদশ দিবসব্যাপী উৎসব পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে সংকীর্ত্তনমুখে সম্পন্ন হইয়াছে। উৎসবকালে মধ্যে মধ্যে নগরসঙ্কীর্ত্তন বাহির হইয়া সহরের সর্ব্বত্র পরিভ্রমণ করিয়াছেন। প্রায় প্রত্যহই সন্ধ্যারাত্রিকান্তে ত্রিদণ্ডিস্বামী শ্রীল ভক্তিবৈভব সাগর মহারাজ ও মধ্যে মধ্যে উপদেশক শ্রীপাদ মহাপুরুষদাস ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করিয়াছেন। মধ্যাহ্নে হট্টগোষ্ঠী-ক্লাসে প্রায়ই উপদেশক শ্রীপাদ যতিশেখর ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী ও মধ্যে মধ্যে অন্যান্য সেবকগণ 'গৌড়ীয়', 'নদীয়াপ্রকাশ', শ্রীল ভক্তিসুধাকর প্রভুর পদাবলী ইত্যাদি আলোচনা করিয়াছেন। ভোরে মঙ্গলারাত্রিকান্তে শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা হইয়াছে।

গৌরপার্ষদ শ্রীল গোপালভট্ট গোস্বামী প্রভুর বিরহ-বাসরে সাধারণ মহা মহোৎসব সম্পন্ন হইয়াছে। বহু ভক্ত, সজ্জন ও ভদ্রমহিলা-পরিবৃত সভাতে সন্ধ্যারাত্রিকান্তে শ্রীল ভক্তিবৈভব সাগর মহারাজ মর্ম্মস্পর্শী ভাষায় গৌড়ীয়বৈষ্ণবগণের ভজনের গূঢ়রহস্য, 'উৎসব' শব্দের প্রকৃত তাৎপর্য্য, বর্ত্তমান বিশ্বের শোচনীয় দুরবস্থা ও বাস্তবশান্তিলাভের একমাত্র উপায় এবং শ্রীচৈতন্যমহাপ্রভুর অসমোর্দ্ধদানের মহিমা প্রায় ১॥ ঘণ্টারও অধিককাল কীর্ত্তন করিয়াছেন।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকুঞ্জবিহারী ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক—শ্রীঅনন্তবাসুদেব দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগপীঠ মায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকৃষ্ণবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীচৈতন্যচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শঙ্করনাম ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলানন্দ ব্রহ্মচারী

অনুকূল কৃপালু-লীলাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীসঙ্কীর্ত্তন দাসাধিকারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীধামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ স্বরূপগঞ্জ নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
লোকনাথপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠাসন
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুঁড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশ-পরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীরামলক্ষ্মণ ব্রহ্মচারী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদত্তগুরুবিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাশাংবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীমতগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১১ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপাবলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীকৃষ্ণপ্রেম দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিতাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা মথুরা
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেষশায়ী
পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৩৫নং হনুমান রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, কয়েট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীকুঞ্জবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীবহুগুণ দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিকলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অম্বার্ষি গৌড়ীয়মঠ
পোঃ অম্বার্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ চাকতাই, বর্দ্ধমান
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ভুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাক্টোর রোড, ইউড্ গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

লক্ষ্ণৌ গৌড়ীয়মঠ
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুশ রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅরবিন্দগোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরাবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীযতিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১৷০	১৷০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪৷০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতার-সম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মধুমা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মধুমা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ হিন্দি পদ্যানুবাদসহ মাত্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর —গঙ্গার সন্নিকট বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর ৩টি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য মহাপ্রভুর গ্রন্থ শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ প্রতিভার পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অন্যান্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অতুলনীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলাংশ ও শেষে প্রত্যেক শ্লোকের মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গানুবাদ তাহার পরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল শ্লোকের ব্যাখ্যান প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে সন্নিবিষ্ট হইয়াছে। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। ডবল ক্রাউন ১৬ পেজি আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। উত্তম বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হওয়ার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ৷৹ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

শনিবার ব্যতীত
শনিবার অন্য দিন

কলিকাতা ছাঃ ৪-৫৬ ৬-২১ ৭-১৪ ১৩-১৬ ১৫-১৩ ১৬-২৬ ১৭-৫৩ ২২ ২৬
দমদম ৪-৫৮ ৬-৩১ ৭-২৮ ১৩ ২৯ .... ১৮ ৫ ২২-৪৬
রাণাঘাট পৌঃ ৬-১২ ৭ ৫৮ ৯ ১৮ ১৪ ৫০ ১৬ ৪৮ ১৮-৩১ ১৯-৩৩ ০-২৫
(বদল) ছাঃ ৯-৩১
কৃষ্ণনগর পৌঃ ৬ ৫৯ ৮-৪৭ ১০-৩ ১৫-০৮ ১৭-৩১ ১৯-১৫ ২০ ২০ ১-১০
লাইট রেল (বদল) ছাঃ ৭-১০ ১০-১৬ ১৪ ৫০ ১৭-৪০ ২০-৩০
মহেশগঞ্জ " ৭ ৪৫ ১০-৫১ ১৫-২৫ ১৮-১৫ ২১-৫
নবদ্বীপঘাট পৌঃ ৭-৫৩ ১০-৫৯ ১৫-৩৩ ১৮-২৩ ২১-১৩

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১-৬
দমদম " ১১-১৮
রাণাঘাট পৌঃ ১২-৫১
" ছাঃ ১২ ৫৬
শান্তিপুর পৌঃ ১৩-২৪
(বদল) ছাঃ ১৩ ৪১ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ ১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ ১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ ১৫-৩০

ডাউন

শনিবার ব্যতীত
অন্য দিন শনিবার

নবদ্বীপঘাট ছাঃ ৬-১৪ ৯-১২ ১৬-৩ ১৬-৩১ ১৮-৩৬
মহেশগঞ্জ " ৬-২৩ ৯-২১ ১৬-১২ ১৬-৪০ ১৮-৪৭
কৃষ্ণনগর পৌঃ ৬-৫৭ ৯-৫৫ ১৬-৪৬ ১৭-১৪ ১৯-২১
(বদল) ছাঃ ৬-৩১ ৭-১০ ৮-৫১ ১১-১৬ ১৫-৪ ১৬ ৫৬ ১৯-২৮ ২০-৪৬
রাণাঘাট পৌঃ ৪ ১০ ৭-৪৩ ৯-২৫ ১২ ০ ১৫-৪৫ ১৭-৩০ ২০-৩ ২১-১৯
(বদল) ছাঃ .... ১৫-৫৬ ১৭-৪২ .....
দমদম ১১-৪ ১৭-৩৬ ১৯-৯ ২১-২৬ ২২-৫৮
কলিকাতা পৌঃ ৬-১৩ ৯-২১ ১১-১৬ ১৩ ৫০ ১৭-৪৬ ১৯-২৬ ২১-৪০ ২৩ ১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ ১৪-১
মহেশগঞ্জ " ১৪-১০
কৃষ্ণনগর পৌঃ ১৪-৪৪
ছাঃ ১৫-৩৯
শান্তিপুর পৌঃ ১৬-২৭
(বদল) ছাঃ ১৮-৩১
রাণাঘাট পৌঃ ১৮-৫৯
" ছাঃ ১৯-২০
কলিকাতা পৌঃ ২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৸০ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পত্র শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নরহরি বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৸০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-বৈষ্ণবনিলয়ের অপ্রাকৃত বৈষ্ণবের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মঠবাসী সত্যানুসন্ধিৎসুগণ যে সমস্ত পারমার্থিক প্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগাবরবসিদ্ধান্তগগনে ও ভাগবত সিদ্ধান্তাকাশে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণভক্তিবরণ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা—৷৹ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর, হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের



ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষায় একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত জ্বরাদি এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৸০ দশ আনা, বড় বোতল ১৷৹ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
বেহালা, ২৪ পরগণা

টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

Regd No. C 1544.

শ্রীশ্রীশ্রুতিরত্নমালা
—:০:—
শ্রীল নারায়ণদাস ভক্তি-
সুধাকর এম-এ সঙ্কলিত।
এই গ্রন্থ কণ্ঠাগ্র, বিস্তৃত
ভূমিকা ও সূচীসহ অত্যুজ্জ্বল
রূপে প্রকাশিত হইয়াছে।
ঈশ, কেন, কঠাদি বাদশ
উপনিষদের সর্ব্বজন সংস্করণ
ভিক্ষা মাত্র ১॥০ টাকা।
প্রাপ্তিস্থান—
মজুমদার প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—ওয়ারী, ঢাকা

দৈনিক নদীয়াপ্রকাশ

'THE DAILY NADIA PRAKASH'

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীচৈতন্যদেব
—:০:—
স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য-
মহাপ্রভুর জীবনী ও শিক্ষার
কথা সুন্দরভাবে ইহাতে
লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট
কাগজে সুন্দর বাঁধাই।
৩য় সংস্করণ; ভিক্ষা ১॥০
প্রাপ্তিস্থান
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

১৬খণ্ড] শ্রীমায়াপুর,—৬ই শ্রাবণ, ১৩৪৮, ২২শে জুলাই ইং ১৯৪১, মঙ্গলবার [১১৬তম সংখ্যা

বিবিধ-সংবাদ

——:০:(০):০:——

জার্ম্মাণীর নূতন রণকৌশল

রাশিয়া তাহার রিজার্ভ হইতে সৈন্য ও অস্ত্র-শস্ত্র আনিয়া যুদ্ধক্ষেত্রে নিয়োজিত করিবার পূর্ব্বেই হয়ত জার্ম্মাণী রাশিয়ান ব্যূহের কোন একটি দুর্ব্বল অংশে এমন দুর্দ্দমনীয় চাপ দিবে যে তাহা প্রতিরোধ করা রাশিয়ার পক্ষে সম্ভব হইবে না। তাহা হইলেই জার্ম্মাণী রাশিয়ার সমতল ভূমিতে প্রবেশ করিবে। জার্ম্মাণীর উদ্দেশ্যও যে ইহাই, তাহাতে সন্দেহ নাই। রাশিয়ার পর্য্যবেক্ষণকারী বিমানগুলিকে জার্ম্মাণী তাড়া করিয়া হটাইয়া দিয়াছে। কাজেই জার্ম্মাণ লাইনের পিছনে কোন্‌খানে যে কি যোগাড়-যন্ত্র চলিতেছে, রাশিয়ার পক্ষে তাহাও জানিবার উপায় নাই। কোন্‌খানে বেশী সৈন্য জড় করা হইয়াছে, তাহা জানিতে পারিলে রাশিয়াও সেই অনুযায়ী তাহা প্রতিরোধের জন্য যথা স্থানে সৈন্য ও যুদ্ধোপকরণ যোগাবেশ করিতে পারে।

জার্ম্মাণী বুঝিতে পারিয়াছে যে, রাশিয়ার প্রতিরোধ-ক্ষমতা বিধ্বস্ত করিতে না পারিলে তাহাদের মর্য্যাদা নষ্ট হইবে; কাজেই এই জুলাই মাসটা তাহার সামরিক প্রতিষ্ঠার পক্ষে একটা এস্পার-ওস্পারের প্রশ্ন। যদিও শেষ পর্য্যন্ত জার্ম্মাণী রাশিয়ার ব্যূহ ভেদ করিয়া অগ্রসর হইতে সক্ষম হয়, উহার জন্য তাহাকে যথেষ্ট মূল্য দিতে হইবে। ইতোমধ্যেই জার্ম্মাণীর জনসাধারণ বিশেষ করিয়া মেয়েরা রাশিয়ার যুদ্ধে তাহাদের ক্ষতির পরিমাণ দেখিয়া শঙ্কিত হইয়া উঠিয়াছে। গতবৎসর, গ্রীস ও ক্রীটের যুদ্ধে জার্ম্মাণ কর্ত্তৃপক্ষ তাহাদের প্রকৃত ক্ষতির পরিমাণ সম্পর্কে ভুয়া খবর দিয়াছে কিন্তু এবার কর্ত্তৃপক্ষ তাহাদের সরকারী রিপোর্টে যতই কেন না মিথ্যা খবর দেউক, প্রত্যহ গাড়ী বোঝাই হইয়া যেরূপ বহুসংখ্যক আহত সৈন্য জার্ম্মাণী ও অধিকৃত হাসপাতালে আনীত হইতেছে, তাহাতে হতাহতের প্রকৃত অবস্থা গোপন রাখা আর সম্ভব নহে। দেশের জনসাধারণের মনে উৎসাহ বজায় রাখিতে হইলে জার্ম্মাণীর পক্ষে এখন যেমন করিয়াই হউক রাশিয়ার যুদ্ধে জয়লাভ করা প্রয়োজন। সেজন্যই সে মরিয়া হইয়া সমস্ত শক্তি প্রয়োগ করিতেছে।

— —

রুশ সৈন্যের গরিলা যুদ্ধ

রুশ সৈন্যের খণ্ড খণ্ড দল যে গরিলা যুদ্ধ করিতেছে তাহাতে চলাচল ও যোগাযোগ রক্ষার ব্যাপারে জার্ম্মাণীর বিশেষ অসুবিধা ঘটিতেছে। রুশ সৈন্যদের পক্ষে এইরূপ গরিলা যুদ্ধ খুব সামান্য ব্যয়সাপেক্ষ, গোলা-বারুদ ইহাতে খুব বেশী খরচ হয় না এবং এইরূপ ক্ষুদ্র ক্ষুদ্র দল অনেক দিন ধরিয়া যুদ্ধ চালাইতে পারিবে বলিয়াই মনে হয়।

চলাচলের রাস্তা পাহারা দেওয়া ও ঐ সকল গরিলা যোদ্ধৃদের নিঃশেষ করিতে জার্ম্মাণীর অনেক সৈন্য মোতায়েন রাখিতে হয়। ইহা অত্যন্ত ব্যয়সাপেক্ষ। ছোট ছোট দল সহজেই কোন একস্থানে লুকাইয়া আত্মরক্ষা করিতে পারে এবং গরিলা আক্রমণ চালাইতে সংখ্যাধিক্যেরও কোন আবশ্যক করে না।

———

ফরাসী নৌবহর ও উপনিবেশের ভবিষ্যৎ

এডমিরাল ডার্লা যে হিটলারের সঙ্গে নূতন একটি সন্ধি স্থাপনের চেষ্টায় আছে, তাহার সংবাদ লণ্ডনস্থ স্বাধীন ফরাসীদের নিকট ফাঁস হইয়া গিয়াছে। সন্ধির মতলব এইরূপ,—আলসাস লরেনের জার্ম্মাণীতে অন্তর্ভুক্তি ফ্রান্স স্বীকার করিয়া লইবে। ইংলিশ চ্যানেলের কয়েকটি ফরাসী নৌ-ঘাঁটি জার্ম্মাণী আনির্দ্দিষ্টকালের জন্য দখলে রাখিবে।

ফরাসী উপনিবেশের উৎপাদন জার্ম্মাণীর নেতৃত্বে উভয়ে মিলিতভাবে ব্যবহার করিবে। ফরাসী নৌবহর উভয়ের বৈদেশিক স্বার্থ রক্ষণাবেক্ষণ করিবে। ফরাসী কলকারখানাগুলি জার্ম্মাণীর কর্ত্তৃত্বে চলিবে।

ফ্রান্সের যে অংশ বে-দখল হইবে, তাহার ক্ষতিপূরণ হিসাবে তাহাকে বেলজিয়ামের ওয়ালুন অঞ্চল দেওয়া হইবে। ইঙ্গ-জার্ম্মাণ যুদ্ধে ফরাসীর নিরপেক্ষ থাকিবার ও অধিকার থাকিবে।

কিন্তু ফরাসী নৌবহর যদি জার্ম্মাণীর স্বার্থরক্ষায় ব্যবহৃত হয়, তবে ফ্রান্স এই যুদ্ধে নিরপেক্ষ থাকিতে পারিবে না বলিয়াই স্বাধীন ফরাসীদের ধারণা।

———

আমেরিকায় রাশিয়ার জয়কামনা

আমেরিকায় সর্ব্বশেষ যে 'গ্যালপ পোল' (জনসাধারণের ভোট গ্রহণ) লওয়া হইয়াছে, দেখা যায় যে, শতকরা ৭২ জন জার্ম্মাণীর বিপক্ষে রাশিয়ার জয়কামনা করে। কারণ তাহাদের ধারণা যে, রাশিয়া যদি জয়লাভ করে, তবে সে কখনও আমেরিকা আক্রমণ করিতে আসিবে না। কিন্তু জার্ম্মাণী জিতিলে সে তাহার পরেই আমেরিকা আক্রমণ করিবে।

'গ্যালপ পোলের' এই ফলাফল হইতে বুঝা যাইতেছে যে, ইঙ্গ-রাশিয়ান যোগাযোগের ফলে আমেরিকা ব্রিটেনকে আর আগের মত সাহায্য করিবে না বলিয়া জার্ম্মাণী যে আশা করিতেছিল, তাহা সম্পূর্ণ অলীক। আমেরিকা কর্ত্তৃক আইসল্যাণ্ড দখল ও এই 'গ্যালপপোলের' ফলাফলের দ্বারা আমেরিকার ভবিষ্যৎ কার্য্যের আভাষ পাওয়া যাইতেছে।

— —

তুর্কী পত্রিকাদের মত পরিবর্ত্তন

অল্প দুইচারিটি ছাড়া তুরস্কের সকল পত্রিকাই রুশ-জার্ম্মাণ যুদ্ধ-সম্পর্কে তাহাদের মত বদলাইয়াছে। সরকারী পত্রিকা 'উলুস' এর সম্পাদক ফলে রিফকি আতাকী দশদিন মাত্র আগে লিখিয়াছিলেন যে, জার্ম্মাণী যতই ককেসাসের এলাকার নিকটবর্ত্তী হইবে, রাশিয়ার প্রতিরোধক্ষমতা ততই হ্রাস পাইবে। কিন্তু এখন তিনি লিখিয়াছেন—রাশিয়ানরা যদি ষ্টালিনের স্বেচ্ছাবিনাশ-নীতি পুরাপুরি অনুসরণ করিতে পারে, তবে উহাই হয়ত যুদ্ধের জয়পরাজয় নির্দ্ধারণ করিবে।

———

বুলগেরিয়ায় অসন্তোষ

বুডাপেষ্ট হইতে যে সকল সংবাদ আসিতেছে, তাহাতে দেখা যায়, ইতালীর নয়া ব্যবস্থার কতকগুলি বিষয় সম্পর্কে বুলগেরিয়ায় তীব্র অসন্তোষ দেখা দিয়াছে। খুব সম্ভব ইহার বিরুদ্ধে প্রতিবাদ ও অসন্তোষ জানাইবার জন্য শীঘ্রই রাজা বরিশ বুলগেরিয়ার পার্লামেন্টের একটি বিশেষ অধিবেশন আহ্বান করিবেন।

———

বুখারেষ্টে রেল-দুর্ঘটনা

বুখারেষ্ট ও জাসির পথে দুইটি সৈন্যবাহী ট্রেণ লাইনচ্যুত হওয়ায় ফলে ঐ দুই স্থানের মধ্যে চলাচল বন্ধ হইয়াছে। সোভিয়েট প্যারাস্যুট বাহিনী গোপনে লাইন সরাইয়া ফেলাতেই এই দুর্ঘটনা ঘটিয়াছে বলিয়া অনেকে মনে করিতেছেন।

———

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম এ মহোদয়ের স্রোতস্বগবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া এতদ্দেশের দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। ৮৭০ বিরাট অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায় আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সাজ্জত সুবৃহৎ সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গুম্ফিত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা ও বিবৃতি আলেখ্য ভূমিকা ও সূচীসহ অদ্ভুতপূর্ব্ব নক্সাদপূর্ণ নব সংস্করণরূপে গৌড়ীয় মিশনকর্তৃক প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৶০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,
শ্রীযুক্ত সুধাংশুরঞ্জন দাস এম-এ, বি-এল্,
পুরাণপল্টন, পোঃ রমণা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যা প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—২৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

বিজ্ঞাপন

'মেডিকেল ডিগ্রী' সংগ্রহ করুন

আয়ুর্ব্বেদিক হোমিওপ্যাথিক, ইউনানী,
ডিকশাস্ত্র প্রভৃতি পরীক্ষা ঘরে বসিয়া দিন।
বিনা খরচে প্রস্পেক্টাস লউন। ইংরাজী কিম্বা
উর্দু ভাষায় পত্র ব্যবহার করিবেন।

প্রিন্সিপ্যাল ডল্ড ইণ্ডিয়ান
মেডিক্যাল কলেজ
আম্বালা সিটী

শুদ্ধভক্তিগ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪৲
২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
৩। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৲
৪। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০
৯। জৈবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। দ্বাদশ আলবার ॥০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৶০
২১। গৌড়ীয়সাহিত্য ॥৶০
২২। ভজন রহস্য ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী-টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল মাধ্বভাষ্য ॥০
২৭। মুক্তাফলটীকা ভগবৎসৌন্দর্য্য (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৶০ বাঁধা ৸০)
৩০। দ্বীপ-দিগ্দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ⁄১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৶০
৩৭। ঐ প্রমাণ খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৶০
৪১। গীতাবলী ⁄১০
৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা ৸০
৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২।০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক ⁄১০
৪৬। অর্থপঞ্চক ⁄১০
৪৭। সদাচারস্মৃতিঃ ⁄১০
৪৮। কল্যাণকল্পতরু ।⁄১০
৪৯। অর্চ্চনকণ ⁄০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ॥৶০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ⁄০
৬০। সাংখ্যবাণী ⁄০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২।০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৫। সটীকা-শিক্ষাষ্টকম্ ।০
৬৬। তত্ত্বসূত্রম্ ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ ⁄০
৬৯। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥০
৭১। এ কিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ॥০
৭২। নামভজন ⁄০
৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অন্টলজি ।০
৭৪। রিলেটিভ ওয়ার্ল্ডস্ ॥৶০
৭৫। লাইফ য়্যাণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০
৭৬। বৈষ্ণবীজম্ ॥০
৭৭। বোম্বাই গৌড়ীয়মঠ টিড্ ভুইং ⁄০
৭৮। দি ভাগবত ।০
৭৯। ইস্রোটিক প্রিন্সিপাল এণ্ড আনয়্যালয়েড ডিভোশন ।০
৮০। ব্রহ্মসংহিতা ॥০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৭৲
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০
৮৫। সাধনপথ ॥০
৮৬। কল্যাণকল্পতরু ⁄১০
৮৭। গীতাবলী ⁄১০
শরণাগতি ⁄০
৮৯। শ্রীসচ্চিদানন্দবাণী ॥৶০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ॥০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ।০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৩৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

সত্যান্ত কল্যাণকল্পতরু

=•=

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিস্তৃত ভাষ্যসহ প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৵০

প্রাপ্তিস্থান –

শ্রীযোগপীঠ-শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুলপ্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশ্রীস্তবরত্নমালা

=•=

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৸০ মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ-শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ৪ শ্রীধর, গৌরাব্দ ৪৫৫ . ৬ই শ্রাবণ, বঙ্গাব্দ ১৩৪৮ ২২শে জুলাই ইং ১৯৪১, মঙ্গলবার { ১১৬ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৪ শ্রীধর ত্রয়োদশী গৌরাব্দ ৪৫৫

শ্রীতুলসীদেবী

——::•::——

দর্শন করিলে যিনি নিখিল পাপরাশি বিনষ্ট করেন, স্পর্শ করিলে যিনি দেহ পবিত্র করেন, প্রণাম করিলে যিনি রোগ প্রভৃতি বিনষ্ট করেন, জলসেচন করিলে যিনি যমভয় নিবারণ করেন, রোপণ করিলে যিনি ভগবান্ শ্রীকৃষ্ণে আসক্তি বিধান করেন এবং ভগবৎ-চরণে অর্পণ করিলে যিনি প্রেমভক্তি প্রদান করেন, সেই শ্রীতুলসীদেবী আমাদের সকলেরই প্রণম্যা ও সেবনীয়া। দৃষ্ট, স্পৃষ্ট, ধ্যাত, কীর্ত্তিত, প্রণমিত, শ্রুত, রোপিত, সেবিত এবং নিত্য পূজিত হইলে শ্রীতুলসী নিত্যমঙ্গল প্রদান করিয়া থাকেন। যে ব্যক্তি উক্ত নবপ্রকারে শ্রীতুলসীদেবীর সেবা করেন, তিনি নিত্যকাল হরিগৃহে বাস করেন। পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেব বলিয়াছেন,—"শ্রীতুলসী গুরুদেব—বৃন্দারাণী, একমাত্র তাঁহারই কৃপায় বৃন্দাবনে প্রবেশের অধিকার পাওয়া যায়। শ্রীতুলসী কৃষ্ণপ্রিয়া ও গুরুপাদপদ্ম বলিয়া আমরা তাঁহাকে কণ্ঠে ধারণ ও তাঁহার আনুগত্যে হরিনাম গ্রহণ করিয়া থাকি। শ্রীকৃষ্ণপাদপদ্মপরাগ-বিভূষিত শ্রীতুলসীর এমনিই মহিমা যে, তাহা আত্মারাম চতুঃসনেরও আত্মারামত্ব ছাড়াইয়া শ্রীকৃষ্ণ-পাদপদ্মে আকৃষ্ট করে।"

শ্রীতুলসী—ভক্তির বস্তু। তিনি বার্ষভানবী-স্বভাব। তিনি কৃষ্ণপ্রিয়া। এই কৃষ্ণপ্রিয়াকে লঙ্ঘন করিয়া যাহারা কৃষ্ণসেবা করিতে যায়, তাহাদের চেষ্টা বিফল হয়। যাহারা বৃক্ষমাত্র-জ্ঞানে কৃষ্ণপ্রিয়া তুলসীকে ভক্তির অনুকূলসঙ্গ জ্ঞান করে না, তাহাদের শিক্ষার জন্যই শ্রীগৌরসুন্দর কেশবপ্রিয়া তুলসীর সঙ্গ করিবার লীলাভিনয় করিয়াছিলেন। যথা শ্রীচৈতন্য-ভাগবতে,—

বৈষ্ণব, তুলসী, গঙ্গা, প্রসাদের ভক্তি।
তিঁহো সে জানেন, অন্যে না ধরে সে শক্তি॥
তুলসীর ভক্তি এবে শুন মন দিয়া।
যেরূপে কৈলেন লীলা তুলসী লইয়া॥
এক ক্ষুদ্র-ভাণ্ডে দিব্য মৃত্তিকা পূরিয়া।
তুলসী দেখেন সেই ঘটে আরোপিয়া॥
প্রভু বলে—আমি তুলসীরে না দেখিলে।
ভাল নাহি বাসোঁ যেন মৎস্য বিনে জলে॥
যবে চলে সংখ্যানাম করিয়া গ্রহণ।
তুলসী লইয়া অগ্রে চলে একজন॥
পশ্চাতে চলেন প্রভু তুলসী দেখিয়া।
পড়য়ে আনন্দধারা শ্রীঅঙ্গ বহিয়া॥
সংখ্যা নাম লইতে যে স্থানে প্রভু বৈসে।
তথাই রাখেন তুলসীরে প্রভু পাশে॥
তুলসীরে দেখেন, জপেন সংখ্যানাম।
এ ভক্তিযোগের তত্ত্ব কে বুঝিবে আন॥
পুনঃ সেই সংখ্যানাম সম্পূর্ণ করিয়া।
চলেন ঈশ্বর সঙ্গে তুলসী লইয়া॥
শিক্ষাগুরু নারায়ণ যে করায়েন শিক্ষা।
তাহা যে মানয়ে, সেই জন পায় রক্ষা॥

শাস্ত্র আরও বলিয়াছেন,—তুলসীহীন পূজা পূজা নহে, তুলসীহীন স্নান স্নান নহে, তুলসীহীন ভোজন ভোজন নহে, তুলসীহীন পান পান নহে। শ্রীহরি কখনও তুলসীরহিত পূজা গ্রহণ করেন না। অতএব তুলসীর অভাব ঘটিলে তদীয় কাষ্ঠ তাঁহার অঙ্গে স্পর্শ করাইবে, তাহার অভাব হইলে তুলসীনাম উচ্চারণ করিয়া শ্রীকৃষ্ণ-পূজা করিবে। যে ব্যক্তি তুলসীপত্র গ্রহণ করিয়া অন্য দেবতার পূজা করে, সে ব্রহ্মহত্যা ও গোহত্যা পাপে লিপ্ত হয়। শ্রীকৃষ্ণকে সর্ব্বদা তুলসীপত্রযুক্ত নৈবেদ্য প্রদান করিবে। শ্রীতুলসী কৃষ্ণবল্লভা। শ্রীতুলসীর প্রতি শ্রীহরির অত্যন্ত প্রীতি। পর্য্যুষিত পুষ্প, পর্য্যুষিত জল বর্জ্জন করিবে, কিন্তু তুলসীপত্র ও গঙ্গাজল পর্য্যুষিত হইলেও বর্জ্জন করিবে না। যিনি সুগন্ধি, পরিষ্কৃত, অখণ্ডিত তুলসীপত্র দ্বারা একবার মাত্র শ্রীকৃষ্ণের পূজা করেন, গোপনীয়ই হউক কিম্বা অগোপনীয়ই হউক, তাঁহার সমস্ত পাপ যমরাজ মার্জ্জন করেন। যে ব্যক্তি প্রতিদিন তুলসীপত্র দ্বারা শ্রীহরির অর্চ্চন করে, তাহার সমস্ত মহাপাতক পর্য্যন্ত বিনষ্ট হয়। ধার্ম্মিকই হউক কিম্বা অধার্ম্মিকই হউক, যে ব্যক্তি তুলসীদল দ্বারা শ্রীহরির অর্চ্চনা করে, তাহার আর নরকগমন হয় না। তুলসী বিরচিত মাল্য দ্বারা বিষ্ণুপূজাই সংসাররূপ অন্ধকূপে নিপাতিত মানবগণের উদ্ধারের একমাত্র কারণ। যে সকল মানব সমঞ্জরী-তুলসীপত্র দ্বারা বিষ্ণুর পূজা করেন, ধরাতলে কলিযুগে তাঁহারাই ধন্য। জীব যে-কাল পর্য্যন্ত যত্নপূর্ব্বক তুলসীর দ্বারা বিষ্ণুর আরাধনা না করে, সে-কাল পর্য্যন্ত সে পাতকময় পথে পরিভ্রমণ করে। যাঁহারা তুলসীবৃক্ষ আরোপণ পূর্ব্বক তাঁহার পত্রদ্বারা ভগবানের অর্চ্চন করেন, তাঁহারা সালোক্য বৈকুণ্ঠলোকে অবস্থান করেন। তুলসী দ্বারা ভগবদর্চ্চনকারীকে যমদূতগণ স্পর্শ করিতে পারে না, বিষ্ণুদূতগণ তাঁহাকে বৈকুণ্ঠধামে লইয়া যান। যিনি স্নান না করিয়া তুলসীপত্র ছেদনপূর্ব্বক অর্চ্চন করেন, তিনি অপরাধী হন এবং তাঁহার সমস্ত কর্ম্ম নিষ্ফল হয়। যাঁহারা তুলসীক্ষেত্রে শালগ্রাম অর্চ্চনের জন্য প্রতিদিন তুলসীচয়ন করেন, তাঁহাদের কুলপরম্পরা ধন্য এবং ধরণীতে তুলসী বর্ত্তমান থাকায় ধরণীও ধন্যা। বৈষ্ণবগণ দ্বাদশীতে কদাচ তুলসীচয়ন করেন না। যে দ্বাদশীতে তুলসীচয়ন করে, তাহার নরক হয়।

শ্রীতুলসীদেবী বৃন্দাবনের Gate-Keeper শ্রীতুলসী বৃক্ষ নহেন। তিনি কৃষ্ণের স্বরূপ-শক্তি। প্রত্যেক ভজনপ্রয়াসীর তুলসীর সেবা করা দরকার। দণ্ডবৎ-প্রণাম, পরিক্রমা ও জলদান প্রভৃতির দ্বারা শ্রীতুলসীর সেবা করিয়া তাঁহার প্রীতিবিধান করিতে হয়। তুলসী সন্তুষ্ট হইলে হরিনামের কৃপা হয়। সর্ব্বদা তুলসীকে কাছে কাছে রাখা দরকার। শ্রীতুলসীর নিকট বসিয়া শ্রীচৈতন্যভাগবত পাঠ ও হরিনাম করা ভাল। সর্ব্বক্ষণ তুলসীর নিকট থাকিলে, তাঁহার নিকট আর্ত্তি-বিজ্ঞপ্তি জানাইলে কৃপাভিক্ষা করিলে তিনি কৃপা করেন। গৌরধামে বাসপূর্ব্বক নিরন্তর শ্রীনামের কৃপা-প্রার্থনা মুখে হরিনাম গ্রহণ, তুলসীর সেবা ও শ্রীচৈতন্যভাগবত পাঠ করিলে অবশ্যই মঙ্গল হইবে। ইহাই গুরুবর্গের উপদেশ। আমরা শ্রীচৈতন্যভাগবত-পাঠে শ্রীমন্মহাপ্রভুর তুলসীসেবা লীলা-প্রসঙ্গের কথা শুনিতে পাই,—

নিরবধি তুলসী করেন সেবন।
[illegible]॥
[illegible]।
[illegible]॥
[illegible]।
[illegible]॥
[illegible] গোবিন্দ-পূজন।
[illegible] করিতে ভোজন॥

শ্রীমন্মহাপ্রভুর নিজজন শ্রীশ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—"[illegible] বৈষ্ণবনিন্দক ব্যক্তি ভগবানকে [illegible] তুলসী [illegible] অর্পণ না করিলে ভগবান্ বিষ্ণু তাহা গ্রহণ করেন না, কেন না, তুলসী—নিন্দুক-বিদ্বেষী।

তাঁহার মঞ্জরীস্বরূপ; সুতরাং কেশবের অতি-প্রিয়। বার্ষ্যাচার্য্যের তুলসীমঞ্জরীর সহযোগে অষ্টাক্ষর শ্রীগোবিন্দবিগ্রহের অর্চ্চন বিধেয়। শাস্ত্রাচার্য্য মহর্ষির দ্বারা সেবার বিষ্ণুবিগ্রহের অর্চ্চন বিধি-ব্যবস্থা [illegible] বৈষ্ণবদের পক্ষে বিহিত। শ্রীগৌরসুন্দর এসময়ে ভক্তরূপ অবতীর্ণ হইয়া [illegible] অর্চ্চনের আদর্শ [illegible] বা [illegible] শ্রীগোবিন্দ অর্থাৎ শ্রীকৃষ্ণের শুদ্ধ পূজা করিলেন। এই প্রণালী দ্বারা পর সেবক-পরম্পরায় আদর্শ স্থাপন করিলেন। নিত্য-কৃষ্ণের মহান্ [illegible]। প্রত্যেক গৃহস্থ বৈষ্ণব এইরূপ আদর্শের অনুসরণ করিয়া ভগবান্ শালগ্রামের অর্চ্চন করিবেন এবং সেবাপরাধশূন্য হইয়া শ্রদ্ধা ও দীনতার সহিত গ্রহণ করিবেন"।

শ্রীতুলসী হরির অত্যন্ত প্রিয়া। শঙ্করের সেবকের জন্য তুলসীদল [illegible] দেখা যায়। শ্রীমহাপ্রসাদ যেরূপ বিষ্ণুর [illegible] শ্রীহরির সেবার নিমিত্ত [illegible] গ্রহণ না [illegible] তদ্রূপ জানিতে হইবে। ভোগবুদ্ধিসহকারে শ্রীমহাপ্রসাদ-ভোজনের ন্যায় ভোগবুদ্ধিতে পরিচালিত হইয়া তুলসী-[illegible] বিশেষ অপরাধজনক। শ্রীহরিভক্তিবিলাসে বলেন,—তুলসীদল ভোজন করিলে দেহাবসানে পাপীরও সদ্গতি লাভ হয়। গঙ্গা ও যমুনার শুক্ল ও কৃষ্ণবর্ণ জল যেরূপ সর্ব্বপাপ হরণ করিয়া থাকে, তদ্রূপ তুলসীদল ভক্ষণ দ্বারা নিখিল পাপক্ষয় হয়। অমৃত হইতে সমুদ্ভূতা ধাত্রী ও বিষ্ণুপ্রিয়া তুলসীকে স্মরণ, কীর্ত্তন, চিন্তন ও ভক্ষণ করিলে তাঁহারা সর্ব্বাভীষ্ট পূরণ করিয়া থাকেন। যে ব্যক্তি কদাপি কিছুমাত্র সৎকার্য্য সঞ্চয় করে নাই, অথচ মহাপাপিষ্ঠ হইয়াছে, সেবোন্মুখ বুদ্ধিতে তুলসী ভক্ষণ করিলে তাহারও মঙ্গল হয়। তুলসীচর্ব্বণের কথা শাস্ত্রে বর্ণিত আছে। শ্রীচৈতন্যচরিতামৃতে পাই,—

তুলসী সেবন করে, চর্ব্বণ উপবাস।
ইন্দ্রিয়দমন হৈল, প্রেমের প্রকাশ॥

ভোগবুদ্ধিতে তুলসী গ্রহণ করিলে তুলসীর অঙ্গে আঘাত করিবার চেষ্টা হয়, কিন্তু সেবাবুদ্ধির সহিত তুলসী চর্ব্বণ করিলে তুলসীর কৃপায় কৃষ্ণপ্রেম লাভ হয়। তুলসী কৃষ্ণবল্লভা, তাঁহাকে কৃষ্ণসেবাতেই নিযুক্ত করিবেন। কৃষ্ণসেবা ব্যতীত নিজস্বার্থপথে তুলসী ব্যবহার করিলে তুলসীর চরণে অপরাধ নিশ্চয় [illegible] হইবে। সর্দ্দি-জ্বরাদি রোগের প্রতিষেধকরূপে জীবের ইন্দ্রিয়তর্পণের জন্য তুলসীর ব্যবহার তুলসীর চরণে অপরাধ। শ্রীহরি ও গুরু-তর্পণের জন্য তুলসীকে মালারূপে গ্রথিত করা দোষাবহ নহে, পরন্তু ভক্তিবৃদ্ধিকর। তুলসীমালার দ্বারা শ্রীবিষ্ণুর পূজা ভবান্ধকূপে পতিত ব্যক্তিগণের উদ্ধারের সেতু। কি নীরস, কি সরস যে কোনরূপ তুলসীকাষ্ঠ বা তুলসীপত্র গৃহে বর্ত্তমান থাকিলে কলিকালেও তথায় পাপ সঞ্চারিত হইতে পারে না। তুলসীর পত্র, পুষ্প, ফল, কাষ্ঠ, বল্কল, শাখা, পল্লব, অঙ্কুর, মূল ও মৃত্তিকা সকলই বিশুদ্ধ। বিষ্ণুর সেবার্থ বা বিষ্ণুর ভোগার্থ সর্ব্বভাবেই তুলসী ব্যবহৃত হইতে পারেন।

'তুলসী শাপগ্রস্ত হইয়া বৃক্ষ হইয়াছেন' প্রভৃতি মতবাদ বহির্ম্মুখ বঞ্চনাময়। ভগবান্ বিষ্ণু। ভগবদ্ভক্ত বৈষ্ণবের জন্মকর্ম্ম প্রভৃতি বিমুখমোহনপর উক্তিগুলির দ্বারা শুদ্ধ-বৈষ্ণবগণ বঞ্চিত হন না। শ্রীতুলসীদেবী পার্থিব বৃক্ষ নহেন। শ্রীশালগ্রাম, শ্রীতুলসী, শ্রীগঙ্গা প্রভৃতি বিষ্ণুবৈষ্ণববস্তু বৈকুণ্ঠে নিত্য বিরাজমান। জীবের মঙ্গলের জন্য তাঁহারা তাঁহাদের সেই বৈকুণ্ঠ-বিচিত্রতার সহিত জগতে অবতীর্ণ হন। শুদ্ধবৈষ্ণবানুগত্যে সেবোন্মুখ হৃদয়ে তাঁহাদের সেবা করিলে তাঁহাদের স্বরূপোপলব্ধি ও কৃপালাভ হয়। নতুবা তাঁহাদিগকে প্রাকৃত-বস্তু-জ্ঞানে দর্শন করিয়া বঞ্চিত ও নরকপথগামী হইতে হয়।

তুলসী, গঙ্গা, গুরু ও বৈষ্ণব—ইঁহারা অপ্রাকৃত। ইঁহাদের মধ্যে জড় ভেদ নাই। গঙ্গা ও তুলসীর সেবা করিলে গুরুবৈষ্ণবে প্রীতি ও হরিকথারূপী হরির প্রতি রুচি হয়। আবার সাধুসঙ্গে হরিকথাশ্রবণের ফলেই গঙ্গা, তুলসী প্রভৃতি তদীয় বস্তুতে অহৈতুকী প্রীতি বর্দ্ধিত হইতে থাকে। গুরু-বৈষ্ণব-সেবাফলে তুলসী দেখিয়া প্রাণ জুড়ায়, গঙ্গার বাতাস স্পর্শ হইবামাত্র জিহ্বায় শুদ্ধ হরিনাম আসে। হরিকথায় রুচিই হরি-ভজনের মূল। হরিকথায় রুচি ব্যতীত কোন কিছুরই মূল্য নাই। আবার হরিকথায় রুচির নামে সেবায় অলসতা, অন্যমনস্কতা, উদাসীনতা প্রভৃতি শ্রদ্ধা বা রুচির লক্ষণ নহে। 'শ্রদ্ধা' বা 'রুচি' না হইলে শ্রবণ হয় না। শ্রবণ না হইলে অনর্থনিবৃত্তি হয় না। শ্রবণ কীর্ত্তন সাধনভক্তি—স্বরূপসিদ্ধা ভক্তি! হরিকথায় যাহার রুচি নাই, সে পশু অথবা পশু হইতেও অধম পশুর ব্যাধ। তাহার বাঁচিয়াও লাভ নাই, মরিলেও নরকযন্ত্রণা। অতএব তাহার জীবন-মরণ ভয়াবহ।

শ্রীতুলসী কৃষ্ণবল্লভা, বৈষ্ণবী ও আশ্রয়-বিগ্রহ। শ্রীতুলসী আমাদের শ্রীগুরুদেব। তিনি আশ্রয়জাতীয় ভগবদ্বিগ্রহ বা আশ্রয়জাতীয়া তদীয়া। শ্রীতুলসীদেবী—অংশিনী শ্রীরাধিকার অংশস্বরূপা। তিনি নিরন্তর শ্রীরাধার পাদপদ্মসেবাই বাঞ্ছা করেন, তাঁহার অন্য কোন অভিলাষ নাই। শ্রীতুলসীদেবী আমাদের গুরুস্বরূপা—আমাদের পরমারাধ্যা। শক্তিমত্তত্ত্ব শ্রীগৌর-নিত্যানন্দ-অদ্বৈত প্রভুর শ্রীচরণে শ্রীতুলসী নিত্য-বিরাজিতা। শক্তিমত্তত্ত্বের শ্রীচরণে চন্দন-তুলসীর দ্বারা জীবগণ ভক্তিবৃদ্ধির জন্য নিত্যকাল পূজা করিয়া থাকেন। কিন্তু আশ্রয়বিগ্রহ বা শক্তিতত্ত্ব শ্রীবাস ও শ্রীগদাধরের শ্রীপাদপদ্মে তুলসী প্রদত্ত হইবে না। শ্রীমতীর চরণেও তুলসী প্রদত্ত হইবে না। কোন বৈষ্ণব শ্রীতুলসীদেবীকে অর্থাৎ এক কৃষ্ণশক্তিকে অপর কৃষ্ণশক্তির অর্থাৎ শ্রীবৃষভানুনন্দিনীর শ্রীচরণে প্রদান করিতে পারেন না, করিলে অপরাধ হইবে। তবে তাঁহাদের শ্রীহস্তে তুলসী প্রদত্ত হইতে পারে।

——

হরিকথা-প্রসঙ্গ

——::[॰]::——

পুরুষাভিমান থাকিলে শ্রীপুরুষোত্তমের সেবা করা যায় না। স্বরূপশক্তির আনুগত্য ও সঙ্গ দ্বারা ভগবৎসঙ্গ লাভ হয়। শ্রীভগবৎ-পাদপদ্মে শরণাগত না হইলে হরিভজন হইবে না। যেখানে স্বরূপশক্তির আনুগত্যের পরিবর্ত্তে মায়াশক্তি বা বিয়োগমায়ার প্রতি অভিনিবেশ, সেইখানেই প্রাকৃত-অভিমান বা বড় হইবার আকাঙ্ক্ষা প্রবল। দেহাত্মবুদ্ধিরূপ জড়াহঙ্কার পরিত্যাগ বা আত্মনিবেদনই নমস্কার। আত্মনিবেদন ও কার্পণ্য শরণাগতির লক্ষণ। সাধুগণ দীনবৎসল। দীন কৃপা পাইবেই। যেখানে দীনতা নাই, সেখানে বিশ্বের উপর প্রভুত্ব করিবার দাম্ভিকতা আছেই।

কৃপা ছাড়া গতি নাই। সাধু ব্যতীত ভগবানের কৃপার পৃথক্ পরিচয় নাই। ভগবৎকৃপার মূর্ত্তি সাধুকে বাদ দিয়া কেহ কখনও ভগবৎসাক্ষাৎকার পাইতে পারে না। সেই সাধুগণের অগ্রণী বা সাধুগণের সর্ব্বশ্রেষ্ঠ হইতেছেন আমাদের শ্রীগুরুপাদপদ্ম। শ্রীগুরু-পাদপদ্ম নিত্যানন্দ-মূর্ত্তি। শ্রীগৌরসুন্দর তাঁহারই প্রেমবাধ্য। তিনি গৌরকৃষ্ণ-ধনে ধনী। তাঁহার ধন তিনিই অপরকে দিতে পারেন, অন্যের ক্ষমতা নাই। শ্রীগুরুদেব ও তাঁহার কিঙ্করগণের সেবা করিলেই শ্রীগৌরসুন্দর আনন্দিত হন ও কৃপা করেন। শ্রীগুরুদেবকে হৃদয়দেবতা ও একমাত্র জীবন ও আশ্রয় বলিয়া জানিতে না পারিলে কৃষ্ণ-ভজন সুদূরপরাহত। শ্রীগুরুপাদপদ্মে সর্ব্বাত্মসমর্পণই সকল মঙ্গলের মূল। এতদ্ব্যতীত প্রেমে যাইবার আর দ্বিতীয় রাস্তা নাই।

সাধুসঙ্গে শ্রবণ-কীর্ত্তন করিলে ভবসিন্ধু অনায়াসেই পার হওয়া যায়। শ্রদ্ধা-ভক্তির সহিত হরিকথা-সুধাপানে লোক যেরূপ শুদ্ধ হয়, অন্য কোন কিছুর দ্বারা সেরূপ শুদ্ধ হয় না। গঙ্গাস্নান ও হরিকথামৃতপানে জীব শুদ্ধচিত্ত হইয়া অতি সহজে ভগবান্‌কে হৃদয়ে ধারণ করিতে পারেন। শাস্ত্র বলিয়াছেন,—

এক নদী তোমার অমৃত-কথাময়ী।
আর নদী পদনীর বহে গঙ্গা হই॥
তিন লোক পাপ হরে দোঁহার শকতি।
দুই তীর্থে স্নান করে ভক্ত মহামতি॥
শ্রুতিযোগে স্নান করি' এক তীর্থজলে।
অঙ্গসঙ্গে আর তীর্থে স্নান, পান করে॥
এইরূপে দুই তীর্থে করে পার্থ-পার।
মহাভাগবত হয় বিমল গোসাঁই॥

আমি কামুক—বিবিধ কামের দ্বারা প্রপীড়িত ও বিষয়লম্পট, অসচ্চিন্তা-পরায়ণ, নানা দোষে দুষ্ট এবং মহা-অপরাধী। এইরূপ নরাধম বিশ্বে আর কেহ নাই। তথাপি হে কৃষ্ণ তুমি দীনবৎসল, পতিতের বন্ধু ও অদোষ-দর্শী জানিয়া তোমার শ্রীচরণে শরণ লইতেছি। আমি নিজে নিজে অনেক যত্ন করিলাম কিন্তু সব ব্যর্থ হইল। এখন তুমিই একমাত্র ভরসা। ইহাই অকপট কৃপাভিক্ষুর চিত্তবৃত্তি।

দৈন্যের মূর্ত্তবিগ্রহ শ্রীল রূপগোস্বামিপ্রভু লিখিয়াছেন,—

অহং কনককেতকীকুসুমগৌর দুষ্টঃ ক্ষিতৌ
ন দোষলবদর্শিতা বিবিধদোষপূর্ণেঽপি তে।
অতঃ প্রবণয়া ধিয়া কৃপণবৎসল ত্বাং ভজে
শচীসুত মযি প্রভো কুরু মুকুন্দ মন্দে কৃপাং॥

হে সুবর্ণকেতকীকুসুম গৌর! হে দীনবৎসল! এই ধরাতলে আমি কাম-ক্রোধাদি অশেষ দোষদূষিত। কিন্তু বিবিধদোষ-পরিপূর্ণ জনে তোমার আদৌ দোষদৃষ্টি নাই বলিয়া দৃঢ়বিশ্বাসে তোমার ভজনা করিতেছি। অতএব হে শচীনন্দন! হে মুকুন্দ! হে প্রভো! এই মন্দজনের প্রতি অনুগ্রহ প্রকাশ কর। আমি সকল-দোষে দোষী হইলেও শ্রীগুরুবৈষ্ণব-ভগবান্ অদোষদর্শী, আমি পরমশোচ্য হইলেও তাঁহারা পরম-করুণাময়, ইহাই একমাত্র ভরসা। অন্তর হইতে এ কথাটী বহির্গত হইলে মঙ্গল অনিবার্য্য। শ্রীমন্মহাপ্রভুর নিজজন শ্রীশ্রীল ঠাকুর ভক্তিবিনোদও বলিয়াছেন,—

তোমাদের কৃপা পাই, এরূপ যোগ্যতা নাই,
যদিও আমার ব্রজবনে।
তুঁহে মহাকৃপাময়, জানি' কৈনু পদাশ্রয়,
কৃপা কর এ অধম জনে॥
কেবল অযোগ্য নহি, অপরাধী আমি হই,
তথাপি করহ কৃপা দান।
লোকে কৃপাবিষ্ট জন, ক্ষমে অপরাধগণ,
তুমি তুঁহে মহাকৃপাবান্॥

নিবেদিতাত্মাই কৃষ্ণকে পায়। কৃষ্ণের হইয়াও যে নিজেকে কৃষ্ণের বলিয়া জানিল না, সে কৃষ্ণকে পাইবে কি করিয়া? যদি কৃষ্ণকে পাইতে চাও তাহা হইলে অকিঞ্চন, শরণাগত ও নিবেদিতাত্মা হও, ইহাই গুরু-বৈষ্ণবের আদেশ ও উপদেশ।

নিজের স্বতন্ত্র চেষ্টাশূন্যতা, নিজের সাধন-সাধ্যসমূহ তাঁহাতেই সমর্পণ করা এবং তাঁহার সেবার জন্যই একমাত্র চেষ্টাময় হওয়া, শ্রীহরিগুরুবৈষ্ণবের ইচ্ছার একান্ত অনুগত থাকা এবং স্বীয় ইচ্ছাকে তদধীন করা আত্ম-নিবেদনের লক্ষণ। নিজের দেহ হইতে শুরু আত্মা পর্য্যন্ত ভগবৎসন্তোষবিধানের জন্য যে অর্পণ, তাহাই আত্মনিবেদন। আত্ম-সমর্পণে নিজেকে কৃষ্ণভোগ্য বিচার হয় বলিয়া তিনি নিজেকে এ জগতের কোন বস্তু

'সাধুসঙ্গ 'সাধুসঙ্গ' সর্ব্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়॥

বা ব্যক্তির ভোক্তা এবং নিজেকে কোন বস্তু বা ব্যক্তির ভোগ্য মনে করেন না। আত্ম-নিবেদনে বিক্রীত পশুর বিচার জন্য অধিকার করে। তখন আর নিজের জন্য কোন চিন্তা থাকে না এবং তিনি কায়মনোবাক্যে কৃষ্ণকার্য্য ব্যতীত কাহারও সুখবিধানে নিযুক্ত হন না। নবেদিতাত্মের সমস্ত ভার শ্রীশ্রীগৌরাঙ্গ গ্রহণ করেন। অহংতা ও মমতার আস্পদ দেহ হইতে যাহা কিছু আছে, তাহা যখন শ্রীভগবানের শ্রীপাদপদ্মে অর্পিত হয়, তাঁহার সুখ ভিন্ন কখন অন্য কিছু কৃত্য থাকে না, তখন কৃষ্ণ তাঁহাকে আত্মসম করিয়া লন। 'করে আত্মসম' অর্থে করে অধোক্ষজ বা অপ্রাকৃত।

আত্মা অর্থে দেহ ও দেহী দুইই হয়। সুতরাং আত্মনিবেদন অর্থে দেহনিবেদন ও দেহী-নিবেদন, উভয়ই বুঝায়। যেখানে দেহসমর্পণ, সেখানে বিক্রীত পশুর ন্যায় দেহ-রক্ষণাবেক্ষণের জন্য নিজের কোন ব্যস্ততা নাই। সেখানে দেহ ভগবান্ ও ভক্তের সেবায় নিযুক্ত। আর যেখানে দেহী-রূপ আত্মার সমর্পণ, সেখানে আমি যেখানে যে অবস্থায় থাকি না কেন, আমি তোমার দাস—আমি তোমার পদধূলি, এই অভিমান প্রবল হয়।

নিবেদিতাত্ম শরণাগত। শরণাগতি ও আত্মনিবেদনের মধ্যে বৈশিষ্ট্য এই যে, শ্রীভগবানকে রক্ষাকর্ত্তারূপে বরণই শরণাগতি, আর নিজের আত্মাকে শ্রীভগবানের আয়ত্ত বা অধীন করাই আত্মনিবেদন। শাস্ত্র বলিতেছেন,—

তবাস্মীতি বদন্ বাচা তথৈব মনসা বিদন্।
তৎস্থানমাশ্রিতস্তন্বা মোদতে শরণাগতঃ॥
ত্বাং প্রপন্নোঽস্মি শরণং দেবদেবং জনার্দ্দনম্।
ইতি যঃ শরণং প্রাপ্তস্তং ক্লেশাদুদ্ধরাম্যহম্॥

হে ভগবন্, "আমি আপনার হইলাম" যে ব্যক্তি বাক্যদ্বারা আপনার স্থান আশ্রয় করেন, সেই শরণাগত ব্যক্তিই আনন্দানুভব করিতে পারেন।

শ্রীনৃসিংহদেব বলিয়াছেন,—তুমি দেব-দেব, তুমি জনার্দ্দন, তোমার শরণ গ্রহণ করিলাম,—এই বলিয়া যে ব্যক্তি আমার শরণাগত হয়, আমি তাহাকে ক্লেশ হইতে উদ্ধার করিয়া থাকি।

যে জীব ভগবানের প্রতি সর্ব্বভার অর্পণ করিয়াছেন, তিনি স্বচ্ছচিত্তে শয়ন করিয়া থাকেন। যাঁহারা কর্ম্ম, মনঃ ও বাক্য দ্বারা শ্রীহরির শরণ গ্রহণ করিয়াছেন, যম তাঁহাকে শাসন করেন না ও তাঁহারা মুক্তিফলভোগী হইয়া থাকেন।

শ্রীপরমেশ্বরী দাস

শ্রীনিত্যানন্দৈকপ্রাণ শ্রীপরমেশ্বরী ঠাকুর ব্রজলীলায় দ্বাদশ গোপালের অষ্টম 'শ্রীঅর্জ্জুন' সখা। আটপুরে শ্রীল পরমেশ্বরী ঠাকুরের শ্রীপাট। হাওড়া-আমতা রেল-লাইনের চাপাডাঙ্গা-শাখায় আটপুর-ষ্টেশনের নিকটে আটপুর গ্রাম। পূর্ব্বে ইহার বিশখালা নাম ছিল। শ্রীপরমেশ্বরীদাসকে কেহ কেহ শ্রীপরমেশ্বর-দাসও বলিয়া থাকেন। যথা বৈষ্ণববন্দনায়—

"পরমেশ্বরদাস ঠাকুর বন্দিব সাবধানে।
শৃগালে লওয়ান নাম সংকীর্ত্তনস্থানে॥"

শ্রীচৈতন্যচরিতামৃতে শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু লিখিয়াছেন—

পরমেশ্বর দাস—নিত্যানন্দৈকশরণ।
কৃষ্ণভক্তি পায়, তাঁরে যে করে স্মরণ॥

শ্রীচৈতন্যভাগবতে লিখিত আছে,—
নিত্যানন্দ জীবন পরমেশ্বর দাস।
যাঁহার বিগ্রহে নিত্যানন্দের বিলাস॥
কৃষ্ণদাস, পরমেশ্বরদাস—দুই জন।
গোপভাবে হৈ হৈ করে সর্ব্বক্ষণ॥
পুরন্দর পণ্ডিত, পরমেশ্বরী দাস।
যাঁহার বিগ্রহে গৌরচন্দ্রের প্রকাশ॥
সত্বরে যাইয়া আগেন সেইক্ষণে।
প্রভু দেখি' প্রেমযোগে কান্দে দুইজনে॥

শ্রীপরমেশ্বরী দাস কিছুদিন খড়দহে ছিলেন। শ্রীজাহ্নবা-দেবীর সঙ্গে ইনি খেতরী-মহোৎসবে যোগদান করিয়াছিলেন। শ্রীজাহ্নবামাতার আদেশে ইনি আটপুরে 'শ্রীরাধা-গোপীনাথ' বিগ্রহ প্রতিষ্ঠা করেন।

ঈশ্বরীর মনোবৃত্তি কে বুঝিতে পারে।
শ্রীপরমেশ্বরী দাসে কহে ধীরে ধীরে॥
"তথা আটপুর গ্রাম শীঘ্র করি' যাহ।
তথা রাধাগোপীনাথ-সেবা প্রকাশহ"॥
ঈশ্বরী-আজ্ঞায় শ্রীপরমেশ্বরী-দাস।
রাধা-গোপীনাথসেবা করিল প্রকাশ॥
শ্রীঈশ্বরী গমন করিলা সেইখানে।
হইল যে উৎসব তা' দেখিল ভাগ্যবানে॥

শুনা যায়, শ্রীমন্দিরের সম্মুখে বহুল ছায়া-পূর্ণ একস্থানে দুইটী বকুলবৃক্ষ, পৃথক্ একটী কদম্ববৃক্ষ এবং তদুভয়ের মধ্যপ্রদেশে শ্রীপরমেশ্বরী ঠাকুরের সমাধি ও তদুপরি শ্রীতুলসীমঞ্চ সুশোভিত। যে বকুলবৃক্ষদ্বয় শ্রীল পরমেশ্বরী ঠাকুরের সম ছিল, তাহাদেরই শাখা হইতে বর্ত্তমানের বৃক্ষদ্বয় উৎপন্ন হইয়াছে বলিয়া প্রবাদ। প্রতি বৎসর কদম্ব-বৃক্ষে একটী ফুল হয়। তদ্দ্বারা শ্রীবিগ্রহের শ্রীচরণ-পূজা হয়।

শ্রীল পরমেশ্বরী ঠাকুরের সময় একটী বৃক্ষে ফুল ও অপর বৃক্ষে ফল হইত, এইরূপ কিংবদন্তী প্রচলিত আছে।

শ্রীল পরমেশ্বরী ঠাকুর বৈদ্যকুলে আবির্ভূত হন। তাঁহার ভ্রাতৃবংশীয়গণ বর্ত্তমানে শ্রীপাটের সেবায়েৎ। বৈশাখী পূর্ণিমায় শ্রীল পরমেশ্বরী ঠাকুরের তিরোভাব-মহোৎসব হয়।

শ্রীশ্রীভক্তিসিদ্ধান্তবাণী

ভজনশিক্ষাপ্রদাতা নিত্যানন্দাভিন্ন গুরু-পাদপদ্মই শ্রীগৌরের অন্তরঙ্গ নিজজন। সেই গুরুনিত্যানন্দের অন্তরঙ্গ-সেবাফলে শিষ্যের সর্ব্বার্থসিদ্ধি হইয়া থাকে। নাম বা শব্দ প্রাকৃত ও অপ্রাকৃত উভয় জগৎ ব্যাপিয়া রহিয়াছে। নাম দ্বিবিধ—সকুণ্ঠ ও বৈকুণ্ঠ। জীবের ইন্দ্রিয়াধীন বিচারে যে নামাক্ষর-গ্রহণের অভিনয় হয়, তাহা সকুণ্ঠ নাম। জীব নিজেকে ভগবান্ বা শ্রীনামের অনন্য অধীন, আশ্রিত বা সেবক বলিয়া জানিলে তাঁহার নিকট বৈকুণ্ঠনাম উদিত হন। এ জড় জগতে চিত্তবৃত্তিকে অবাধিত রাখিয়া ভোক্তৃভোগ্যবিচারে যে নামাক্ষরানুশীলনের অভিনয় তাহা প্রাকৃত শব্দানুশীলন মাত্র।

শিষ্যের বেদশ্রবণের পূর্ব্বে কর্ণসংস্কারের কথা শাস্ত্রে নির্দ্দিষ্ট রহিয়াছে। সেই কর্ণবেধ প্রাকৃত কর্ণে ছিদ্র করিলেই সাধিত হয় না। কীর্ত্তনকারী শ্রীগুরুদেবের মুখনিঃসৃত নাম-শ্রবণে কর্ণবেধ হয়। শ্রবণের পর কীর্ত্তন হয়। বৈকুণ্ঠনাম যাঁহার কর্ণে প্রবেশ করেন, তিনি বৈকুণ্ঠকীর্ত্তন আরম্ভ করেন। যিনি শ্রীগুরুপাদপদ্মে শরণাগত হইয়া নিরন্তর কীর্ত্তনাখ্যা ভক্তি যাজন করেন, তাঁহার কীর্ত্তন বা সেবাপ্রগতি কখনও স্তব্ধীভূত হয় না। যাহারা সুষ্ঠুভাবে নিরন্তর শ্রবণ করে না, বা যাহাদের অন্তঃকরণাদি নিয়মিত হয় না, তাহাদের কীর্ত্তন বা চেঁচামেচি কিছু-দিন পরে স্তব্ধীভূত হইয়া যায়।

যাহাদের হৃদয় জড়াসক্তিতে কঠিন হইয়া গিয়াছে, তাহারা কিছুতেই অঘদমন শ্রীকৃষ্ণের নাম শুদ্ধভাবে উচ্চারণ করিতে পারে না। কিন্তু যদি আমরা সত্য-সত্যই শ্রীগুরুমুখে হরিনাম শ্রবণ করি, তাহা হইলে শ্রীনামপ্রভু আমাদিগকে নিশ্চয়ই পাগল করিবেন। তিনি অকপট কৃপা করিলেই শ্রীহরিকীর্ত্তন মুখ দিয়া প্রবলবেগে বাহির্গত হইবেন। কৃষ্ণনাম কর্ণে, মুখে ও মনে অনুশীলন করিবার জন্য পাণ্ডিত্য, তপস্যা, বৈরাগ্যাদি সাধনশ্রম আবশ্যক করে না। বৈকুণ্ঠনাম কর্ণে প্রবেশ করিলে সেবোন্মুখ জীব স্থির থাকিতে পারে না এবং তাহার যাবতীয় অনর্থ বা অজ্ঞান দূর হইয়া যায়।

নিন্দাদির পরাধীন ব্যক্তি কৃষ্ণনাম কীর্ত্তন করিতে পারে না। কৃষ্ণে প্রীতি না হইলে কৃষ্ণনামে অপরাধ হইবেই। মধ্যমাধিকারীর অবস্থা হইতে শুদ্ধনামের স্ফূর্ত্তি হইতে থাকে। মধ্যম অধিকারী বৈষ্ণবসেবায় রত থাকেন। মধ্যম অধিকারীর সদসৎ, নিত্যানিত্য ও আনন্দ নিরানন্দবিবেক বা বৈষ্ণব-অবৈষ্ণবের বিচার উপস্থিত হয়।

মহাপ্রভুর নির্দ্দেশানুসারে তৃণ হইতেও সুনীচ, তরু হইতেও সহিষ্ণু হইয়া হরিনাম করিতে হইবে। কপটী হইতে হইবে না—কপটের সহিত আঁকুপাকু ভাব দেখাইলে কোন সুবিধা হইবে না তাহাতে প্রতিষ্ঠা আরও অধিকতরভাবে আক্রমণ করিবে। কৃষ্ণ-ভজনে কৃত্রিমতার স্থান নাই। সরলান্তঃকরণে নিরন্তর সংকীর্ত্তন করিতে হইবে। নির্জ্জন-ভজনের চেষ্টায় পদে-পদে অসুবিধা। হরিকথা কীর্ত্তন করিলে অপরেও শুনিতে পাইবে। সুতরাং কীর্ত্তনে আত্মমঙ্গল ও শ্রবণকারীর মঙ্গল—নিজের উপকার ও পরোপকার যুগপৎ হইয়া থাকে। কীর্ত্তনে নিজেরও শ্রবণ হইয়া থাকে। সুতরাং কীর্ত্তনে ত্রিবিধভাবে হরিসেবা হইয়া থাকে—কীর্ত্তনে হরিসেবা, নিজের শ্রবণে হরিসেবা, অপরকে শ্রবণের সুযোগদানে হরিসেবা। কীর্ত্তন-প্রভাবেই স্মরণ হইয়া থাকে। সুতরাং স্মরণের হরিসেবাও ঐ সঙ্গে হয়। সব সময়েই কীর্ত্তন চাই। অন্যান্য ভক্ত্যঙ্গ যাজন করিতে হইলেও কীর্ত্তন-সংযোগেই করিতে হইবে।

অসৎসঙ্গ সম্পূর্ণরূপে পরিত্যাগ করিয়া নিরন্তর ভগবৎপ্রসঙ্গ শ্রবণ ও কীর্ত্তন করিতে হইবে। বৈষ্ণবাপরাধ হইতে সতর্ক হইতে হইবে। আমি পাকা বৈষ্ণব, আমি বৈষ্ণবকে চিনিতে পারি, এইপ্রকার অহঙ্কার যখন হয়, তখন ভজন হইতে বিচ্যুতি ঘটে।

শ্রীগুরু-কৃপা ও শ্রীকৃষ্ণ-কৃপা পৃথক্ নহে। গুরুদেব কৃষ্ণভজন-ব্যতীত কামান্তর-রহিত। আর কৃষ্ণও তাঁহার প্রেষ্ঠজনের সেবাব্যতীত আর কাহারও সেবা অঙ্গীকার করেন না। সকলের সকল সেবা গুরুদেব-কর্ত্তৃকই কৃষ্ণের চরণে নিবেদিত হয়। যাঁহাকে নিত্য সেবা করিতে হইবে, তিনি এক্কাপ্তবাসী নহেন। শ্রীগুরুদেব এক্কাপ্তবাসী জীববিশেষ নহেন। তিনি পতিত জীবগণের উদ্ধারকল্পে কৃষ্ণেচ্ছায় প্রপঞ্চে অবতরণ করিয়া ভাগ্যবান্ জীবকে ভক্তিলতার বীজ প্রদান করেন। কৃষ্ণের প্রসাদ তাঁহা দ্বারাই জীবের নিকট উপস্থিত হয়। শ্রদ্ধা ও সাধুসঙ্গের ফলে হৃদয়ক্ষেত্র কর্ষিত হয়। তাহাতে ভক্তিলতা বীজ উপ্ত হইলে নিরন্তর শ্রবণ-কীর্ত্তনরূপ জলধারা হৃদয়ক্ষেত্রে সিক্ত করিবার ফলে লতার বৃদ্ধি সাধিত হইবে। আমরা ভুক্তি মুক্তি-স্পৃহারূপ আগাছা এবং বৈষ্ণবাপরাধ মত্তহস্তী হইতে বিশেষ সতর্ক থাকিয়া নিরন্তর শ্রবণকীর্ত্তনরত হইলে লতা ক্রমশঃ বৃদ্ধিপ্রাপ্ত হইয়া অচিরেই কৃষ্ণচরণ-কল্পবৃক্ষ আশ্রয় করিবে।

'আমি কর্ত্তা হইয়া শ্রবণ করিব, দর্শন করিব, কীর্ত্তন করিব, স্মরণ করিব ও তপস্যা করিব' প্রভৃতি কর্ম্মের বিচার—অমঙ্গলের বিচার। যখন নিজ কর্ত্তৃত্বাভিমান পরিত্যাগপূর্ব্বক সকল কর্ম্মের যাবতীয় চেষ্টা ভগবানের সেবায় প্রতি নিযুক্ত হয়, তখনই সুবিধা হইবে। আমি কার্য্য হইয়া গিয়াছি—এই বিচার অবৈষ্ণবতা।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভগবান ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক—শ্রীঅবধূতচিত্ত দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভক্তিবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীহরেরাম ব্রহ্মচারী

কাজির সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীসঙ্কীর্ত্তন দাসাধিকারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীধামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

স্বর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠাসন
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধবগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীরামলক্ষ্মণ ব্রহ্মচারী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদেবশ্রীবিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা; কামরূপ (আসাম)
সেবক—শ্রীপরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগলাবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপাবনদাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরিপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমদনবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীইন্দ্রদেব দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন-মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা মথুরা
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেষশায়ী
পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং রহমান রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভূর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলবরনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবাপনাবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
আলবরনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীযদুমণি দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁখবাজার, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাণীবাঁধ, বর্দ্ধমান
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ভুমুরকুণ্ডা, পোঃ চিৎকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাঙ্কেষ্টার রোড, হাউড গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৬।১, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

লক্ষ্নৌ গৌড়ীয়মঠ
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্নৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅরবগোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

ব্যাসবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীঅখিলেশ্বর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

———

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৴০	।৴০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	১॥০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অৰ্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসেই প্রতি ইঞ্চি	৬৲	৪॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অৰ্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ টিকা পদ্যানুবাদসহ নাম্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান পবিত্র স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। বেতন ও সেসনচার্য প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ১।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৸০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য মহাপ্রভুর গ্রন্থ শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিতাদি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ শরণাগতির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের প্রারম্ভে সংস্কৃত বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গানুবাদ তাহার পাঠগুলি তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল শ্লোকের বঙ্গানুবাদ পত্রিত বহু বিষয় এর সহকারে বর্ণিত হইয়াছে। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে উৎকৃষ্ট বোর্ডের আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রত্ন-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ৷৹ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

					শনিবার ব্যতীত			
					শনিবার	অন্য দিন		
কলিকাতা ছাঃ	৪-৪৬	৬-২১	৭-১৪	১৩-১৬	১৫-১৩	১৬-৫৬	১৭-৫৩	২২-২৬
দমদম „	৪-৫৬	৬-৩১	৭-২৮	১৩ ২৯	......	......	১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯-১৮	১৪ ৫০	১৬-৪৮	১৮-৩১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ	....	.....	৯-৩৩	..	.....	.. .	.....	..
কৃষ্ণনগর পৌঃ	৬-৭১	৮-৪০	১০-৬	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ			৭-১০	১০-১৬	১৪ ৫০	১৭-৪০	২০-৩০	
মহেশগঞ্জ "			৭ ৪৫	১০-৫১	১৫-২৫	১৮-১৫	২১-৫	
নবদ্বীপঘাট পৌঃ			৭-৫৩	১০-৫৯	১৫-৩৩	১৮-২০	২১-১৩	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১-৬
দমদম" ১১-১৮
রাণাঘাট পৌঃ ১২-৫১
" ছাঃ ১২ ৫৬
শান্তিপুর পৌঃ ১৩-২৪
(বদল) ছাঃ ১৩ ৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ ১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ ১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ ১৫-৩০

ডাউন

					শনিবার ব্যতীত			
					অন্য দিন	শনিবার		
নবদ্বীপঘাট ছাঃ		৬-১৪	৯-১২		১৬-৩	১৬-৩১	১৮-৩৮	
মহেশগঞ্জ "		৬-২৩	৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ		৬-৫৭	৯-৫৫		১৬-৪৬	১৭-১৪	১৯-২৬	
(বদল) ছাঃ	৪-৩১	৭-১০	৮-৫২	১১-১৬	১৫-৪	১৬-৫৬	১৯-৪৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৫ ১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৪৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	....	.....	......	....	১৫-৫৬	১৭-৪২	......	.....
দমদম			১১-৪		১৭-০৬	১৮-৯	২১-২০	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৮-২৬	২১-৪০	২৩-১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ ১৪-১
মহেশগঞ্জ " ১৪-১০
কৃষ্ণনগর পৌঃ ১৪-৪৪
ছাঃ ১৫-৩৯
শান্তিপুর পৌঃ ১৬-২৭
(বদল) ছাঃ ১৮-৩১
রাণাঘাট পৌঃ ১৮-৫৯
" ছাঃ ১৯-২৭
কলিকাতা পৌঃ ২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷৹ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পত্র শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত কুঞ্জলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সংকলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবনিধান অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণোদ্দেশে বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মহাজ্ঞানী সত্যানুসন্ধিৎসুগণ যে সকল প্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তময় সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগাবরস্বসিদ্ধান্তস্থাপনে ও তদ্বিরুদ্ধ সিদ্ধান্তখণ্ডনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৸৹ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক-পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখানহইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি ক্রমশঃই অধিক। পিলায়, লীভা সংযুক্ত জ্বরে এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৸৹ দশ আনা, বড় বোতল ১৷৹ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

ঠিকানা—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
বেহালা, ২৪ পরগণা

টেলিগ্রাম—শ্রীবার শ্রীমায়াপুর

Regd No. C 1544.

শ্রীশ্রীগীতিরত্নমালা
—।০ঃ—
শ্রীল বক্তসনাতন ভক্তি-
সর্বস্ব প্রকৃত সঙ্কলিত।
এই গ্রন্থ তত্ত্বসার, দ্রিত্ব,
বৃত্তিভাঃ ও হরীনাম মন্ত্র মুখব
রূপে প্রকাশিত হইয়াছে।
ঈশ, কেন, কঠাদি দ্বাদশ
উপনিষদের অভিনব সংস্করণ
ভিক্ষা মাত্র ১।০ টাকা।
প্রাপ্তিস্থান—
নদীয়া প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—নবদ্বীপ, ঢাকা

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীচৈতন্যদেব
—।০ঃ—
স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য-
মহাপ্রভুর জীবনী ও শিক্ষার
কথা সুন্দরভাবে ইহাতে
লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট
কাগজে সুন্দর বাধাই।
৩য় সংস্করণ ; ভিক্ষা ১॥০
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

১৬খণ্ড] শ্রীমায়াপুর,—৭ই শ্রাবণ, ১৩৪৮, ২৩শে জুলাই ইং ১৯৪১, বুধবার [১১৭তম সংখ্যা

বিবিধ-সংবাদ

—:•-(•):•:—

কলিকাতায় এ আর পি স্কুল

কলিকাতায় ভারত সরকারের এ আর পি স্কুলের উদ্বোধন হইয়াছে। এই স্কুলে বিভিন্ন প্রাদেশিক সরকার এবং কয়েকটি শিল্প প্রতিষ্ঠান ও জনহিতকর প্রতিষ্ঠানের এ আর পি, অফিসার ও ইনস্ট্রাক্টরদিগকে ট্রেনিং দেওয়া হইবে। মেজর ই কে ইভেন্স এই স্কুলের ডিরেক্টর এবং ক্যাপ্টেন প্লেফোর্ড ও মিঃ বীরচান্দনী ও মিঃ গুরের শিক্ষক নিযুক্ত হইয়াছেন।

মেজর ইভেন্স এক উদ্বোধনী বক্তৃতা দিয়া প্রথম পাঠ (এ আর পি অফিসারদিগের) আরম্ভ করেন। তিন সপ্তাহকাল এই প্রথম পাঠ চলিবে। বাঙ্গলা, বিহার, বোম্বাই, মাদ্রাজ, পাঞ্জাব, সীমান্তপ্রদেশ, আসাম, সিন্ধু ও যুক্তপ্রদেশ হইতে ৩১ জন অফিসার বর্তমানে ট্রেনিং গ্রহণ করিতেছেন। রেলওয়ে বোর্ডের একজন এ আর পি অফিসারও এই সঙ্গে ট্রেনিং গ্রহণ করিতেছেন।

———

ফ্রান্সে রাশিয়ার অর্থ বাজেয়াপ্ত

ভিসি গভর্ণমেন্ট ফ্রান্সে রাশিয়ার সরকারী ও বে-সরকারী যে-সকল অর্থ ছিল, তাহা বাজেয়াপ্ত করিবার আদেশ দিয়াছে। ১৯১৭ সালে রাশিয়ার যে অর্থ ফ্রান্সে গচ্ছিত রাখা হইয়াছিল এবং ১৯৩১ সালে উভয়দেশের মধ্যে বাণিজ্যের ফলে ফ্রান্সের নিকট রাশিয়ার যে পাওনা দাঁড়াইয়াছিল তাহাও বাজেয়াপ্ত করার হুকুম হইয়াছে। ফ্রান্সের ভিসিতে ও প্যারিসে যে-সকল রাশিয়ান অধিবাসী বাস করিতেছেন, তাহারা এই হুকুমের ফলে সর্বস্বান্ত হইলেন।

ভিসির সরকারী মহল দৃঢ় প্রতিবাদ করিয়া বলিতেছে যে, তাহারা জার্মাণীর চাপে পড়িয়া কিছু করে নাই। কিন্তু ব্রিটেনের প্রতি সহানুভূতিসম্পন্ন ও ডি গলের অনুরক্ত ব্যক্তিদিগকে কঠোরভাবে দমনের চেষ্টা শীঘ্রই সুরু হইবে বলিয়া আশঙ্কা করা যাইতেছে।

———

আমেরিকার প্রতি গোয়েবলসের উষ্মা

গোয়েবলস্ আমেরিকার বিরুদ্ধে যথাসাধ্য প্রচারকার্য চালাইয়া যাইতেছে। তাহার রেডিওর প্রচারকর্মীরা আমেরিকা সম্পর্কে রীতিমত বেসামাল হইয়া পড়িয়াছে। তাহাদের প্রচারকার্যের ধরণ দেখিয়া মনে হয়, আমেরিকা যুদ্ধে নামিয়া পড়িয়াছে ইহা তাহারা ধরিয়া লইয়াছে। সেদিন একজন রেডিওতে আমেরিকা কর্তৃক আইসল্যাণ্ড দখলের উল্লেখ করিয়া বলিয়াছেন জার্মাণী যখন সমস্ত পৃথিবীর শত্রু (রাশিয়ার) সহিত লড়িতেছে রুজভেল্ট ও তাহার ইহুদী পরামর্শদাতারা সেই সময়েই জার্মাণীকে পিছন হইতে ছুরিকাঘাত করিয়াছে।"

———

কাজের সময় পরিবর্তন

বাঙ্গলার জনস্বাস্থ্য-বিভাগ কাজের সময় পরিবর্তনের যে প্রস্তাব উত্থাপন করিয়াছেন, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ তৎসম্পর্কে মতামত প্রদান করিতে যাইয়া বলিয়াছেন যে, অন্ততঃ গ্রীষ্মকালে এই ধরণের পরিবর্তন অনায়াসেই কার্যকরী হইতে পারে। বিশ্ব-বিদ্যালয়-কর্তৃপক্ষ ইহাও জানাইয়াছেন যে, সমুদয় স্কুল, কলেজ, সরকারী আফিস, ব্যাঙ্ক প্রভৃতি একযোগে নূতন ব্যবস্থার যোগ না দিলে কোনই কাজ হইবে না। বিশ্ববিদ্যালয়ের এই অভিমত বাঙ্গলা সরকারের জনস্বাস্থ্য বিভাগে প্রেরণ করা হইয়াছে।

———

দক্ষিণ দিকে জাপানের লক্ষ্য ইন্দোচীন

সংবাদদাতার ভাবে প্রকাশ,

এই মাসের শেষের দিকে জাপান যুদ্ধে নামিতে পারে এমন একাধিক লক্ষণ দেখা যাইতেছে। রাশিয়ার সাইবেরিয়া প্রদেশে আক্রমণ করিবার জন্য জার্মাণী জাপানকে উস্কাইতেছে। কিন্তু রাশিয়া পূর্বাঞ্চলে যথেষ্ট সৈন্য মোতায়েন রাখিয়াছে, জাপান রাশিয়া আক্রমণ করিলে তাহাকে অত্যন্ত কঠিন সংগ্রাম করিতে হইবে। জাপানী গভর্ণমেন্টের খুব প্রভাবশালী একদল মনে করে যে, দক্ষিণে ইন্দোচীনের দিকে অগ্রসর হওয়াই বুদ্ধিমানের কাজ। ঐ পথেই সব চেয়ে কম প্রতিরোধ ঘটিবার সম্ভাবনা। তাহা ছাড়া রবার, লৌহ ও আর অন্যান্য যে সকল জিনিষ জাপানের পক্ষে অত্যন্ত প্রয়োজন, তাহাও ঐদিকে পাওয়ার সম্ভাবনা। ইন্দোচীনের বন্দর ও পোতাশ্রয়গুলি দখল করিতে পারিলে ফিলিপাইন, উত্তর বোর্ণিও এবং মালয় জাপানী নৌবহর ও বিমান-বাহিনীর আক্রমণ এলাকার মধ্যে আসিবে।

———

মাধ্যমিক শিক্ষাবিল

এইরূপ জানা গিয়াছে যে, মাধ্যমিক শিক্ষা বিল সম্পর্কে বিবেচনা করার জন্য বঙ্গীয় ব্যবস্থা-পরিষদ যে সিলেক্টকমিটি নিয়োগ করিয়াছিলেন, তাঁহাদের সুপারিশসমূহ পরীক্ষা করার জন্য বাঙ্গলা গভর্ণমেন্ট একটি বিশেষজ্ঞ কমিটি নিয়োগের সিদ্ধান্ত করিয়াছেন। উক্ত কমিটিতে অন্যান্য সভ্যগণের সহিত নিম্নোক্ত ব্যক্তিবর্গ থাকিবেন :—স্যার যদুনাথ সরকার, দুইটি বিশ্ববিদ্যালয়ের (কলিকাতা ও ঢাকা) দুইজন ভাইসচ্যান্সেলার ও ডাঃ জেঙ্কিন্স। তাঁহারা সিলেক্ট কমিটির সুপারিশ সম্পর্কে সাধারণ প্রতিষ্ঠানসমূহের অভিমত প্রার্থনা করিবেন। এই সম্পর্কে শীঘ্রই একটি ঘোষণা করা হইবে।

———

দেশপ্রিয় সেনগুপ্ত মেমোরিয়াল

গত ২৬শে জুন কলিকাতা বিশ্ব-বিদ্যালয়ের আশুতোষ বিল্ডিংসে ডাঃ বি-এন বড়ুয়ার অফিস কক্ষে চট্টগ্রাম ইউনিয়নের (কলিকাতা) উদ্যোগে গঠিত দেশপ্রিয় মেমোরিয়াল কমিটির প্রথম অধিবেশন হইয়াছে। প্রাথমিক আলোচনার পর স্থির হইয়াছে যে, শ্রীযুক্ত সুখেন্দুবিকাশ সেনগুপ্ত কমিটির সম্পাদকরূপে কার্য করিবেন এবং ব্যাঙ্কে দেশপ্রিয় সেনগুপ্ত মেমোরিয়াল ফাণ্ড একাউণ্ট নামে একটি হিসাব খোলা হইবে। সাহনগর শ্মশানঘাটে দেশপ্রিয়ের স্মৃতিস্তম্ভ নির্মাণ করিবার উদ্দেশ্যে অর্থ সংগ্রহ করিবার প্রস্তাব হইয়াছে।

———

আসামে নূতন সৈনিকদল গঠন

আসাম প্রদেশের অধিবাসীদিগের মধ্য হইতে লোক সংগ্রহ করিয়া তথায় নূতন একটি সৈনিকদল গঠন করা হইয়াছে। নবগঠিত সৈনিকদলের শুভ কামনা করিয়া আসামের গভর্ণর একটি বাণী প্রেরণ করিয়াছেন।

———

রাশিয়ার যুদ্ধে জার্মাণীর শক্তিক্ষয়

জার্মাণ নিয়ন্ত্রিত প্যারিস বেতার ঘাঁটি হইতে গত ১৪ তারিখে স্বীকার করা হইয়াছে যে পোলাণ্ড, ফ্রান্স, বাল্টিক ও ক্রিটের যুদ্ধ অপেক্ষা রাশিয়ার যুদ্ধে তাহাদের সামান্য কিছু বেশী ক্ষতি হইয়াছে।

———

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভব চার্য্য, এম্‌-এ মহোদয়ের গৌড়গবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। ইহাতে বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefa·es), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্ত্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গ্রথিত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা ও বর্ণের আলেখ্য ভূমিকা ও সূচীসহ অভূতপূর্ব্ব সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণরূপে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম-এ; বি-এল,

পুরাণপল্টন, পোঃ রমণা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম সন্নিবেশিত হইয়াছে। সাধু সুধী-ছাত্রগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোড়শাংশী আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—২৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

বিজ্ঞাপন

'মেডিকেল ডিগ্রী' সংগ্রহ করুন

আয়ুর্ব্বেদিক হোমিওপ্যাথিক, ইউনানী,

ডিগ্রীর প্রভৃতি পরীক্ষা ঘরে বসিয়া দিন।

বিনা খরচে প্রস্পেক্টাস ফ্রী। ইংরাজী কিম্বা

উর্দু ভাষায় পত্র ব্যবহার করিবেন।

প্রিন্সিপাল ওল্ড ইণ্ডিয়ান

মেডিক্যাল কলেজ

আম্বালা সিটী

শুদ্ধভক্তিগ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪৲

২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲

দশম স্কন্ধ— ৯৲

৩। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৲

৪। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী

১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; ৩য় খণ্ড—৸০

৭। শ্রীচৈতন্যদেব ১।০

৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০

৯। জৈবধর্ম্ম ২৲

১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) [illegible]

১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০

১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০

১৭। চৈতন্যোপনিষদ্ ।০

১৮। বাদশ আলবর ॥০

১৯। তত্ত্ববিবেক ।০

২০। গৌড়ীয়-গৌরব ।৶০

২১। গৌড়ীয়সাহিত্য ।৶০

২২। ভজন-রহস্য ॥০

২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲

২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ১৲

২৫। গীতা (চক্রবর্ত্তী-টীকাসহ) ১৲

২৬। গীতার কেবল মার্থভাষা ॥০

২৭। দুঃসঙ্গমালিকা গৌরগৌরেঃ (সানুবাদ) ২৲

২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)

২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ৸৶০ বাঁধা ৸০)

৩০। দ্বীপ-দিগ্‌দর্শন ৶০

৩১ সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৶০

৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥০

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০

৩৫। গীতমালা ৴১০

৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৵০

৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০

৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০

৪০। শরণাগতি ৶০

৪১। গীতাবলী ৴১০

৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা ৸০

৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২॥০

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা

৪৫। নবদ্বীপশতক ৴১০

৪৬। অর্থপঞ্চক ৴১০

৪৭। সদাচারস্মৃতিঃ ৴১০

৪৮। কল্যাণকল্পতরু ৴১০

৪৯। অর্চ্চনকণ ৴০

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲

৫১। ব্রহ্মসংহিতা ।০

৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০

৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০

৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০

৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০

৫৬। তাৎপর্য্য ও ভক্তিপথ ৵০

৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০

৫৮। শ্রীভুবনেশ্বর ৵০

৫৯। সিদ্ধান্তদর্পণ ৴০

৬০। সাংখ্যবাণী ৴০

৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২।০

৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যচন্দ্রোদয় [illegible] ।০

৬৪। সিদ্ধান্ত-সরস্বতী বিশিষ্টঃ ।০

৬৫। সটীকা-শিক্ষাদশমূলম্ ।০

৬৬। তত্ত্বত্রয়ম্ ।০

৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৵০

৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ ৴০

৬৯। সারাংশবর্ণনম্ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥০

৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ।০

৭২। নামভজন ৴০

৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অন্টলজি ॥০

৭৪। রিলেটিভ ওয়ার্ল্ডস্ ।৶০

৭৫। লাইফ যাণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০

৭৬। বৈষ্ণবীজম্ ॥০

৭৭। বোয়াট গৌড়ীয়মঠ টিচ [illegible] ৴০

৭৮। দি ভাগবত ।০

৭৯। ইস্রো টিক প্রিন্সিপাল এণ্ড আনরিপাল্ডে ডিকোশন ।০

৮০। ব্রহ্মসংহিতা ॥০

৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲

৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ২৲

৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০

৮৫। সাধনপথ ॥০

৮৬ কল্যাণকল্পতরু ৴১০

৮৭। গীতাবলী ৴১০

শরণাগতি ৴০

৮৯। শ্রীসচ্চিদানন্দবাণী ।৶০

৯০। শ্রীগৌড়ীয়বাণী ।০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ।০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রী[illegible]

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুলপ্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

সজ্জন কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিস্তৃত তাৎপর্য্যসহ প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৵০

প্রাপ্তিস্থান - শ্রীযোগপীঠ-শ্রীমন্দির পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীস্তবরত্নমালা

[illegible] স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৵০ মাত্র

প্রাপ্তিস্থান— শ্রীযোগপীঠ-শ্রীমন্দির পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ | ৫ শ্রীধর, গৌরাব্দ ৪৫৫, ৭ই শ্রাবণ, বঙ্গাব্দ ১৩৪৮ ২৩শে জুলাই ইং ১৯৪১, বুধবার | ১১৭ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৫ শ্রীধর বৃত অনিরুদ্ধ গৌরাব্দ ৪৫৫

শ্রীনাম

অশোক, অভয়, অমৃতাধার শ্রীনাম—নন্দলাল। এই কৃষ্ণ বা নাম আমার গুরুর বাধ্য। এই গুরুর কৃষ্ণই আমাকে কৃপা করিবেন। স্বরূপশক্তির সহিত স্বরূপ-শক্তিমানের অবিচ্ছেদ্য সম্বন্ধ। গুরুপাদপদ্ম—স্বরূপশক্তি। শ্রীনাম আমার প্রভুর প্রভু—মহাপ্রভু। নামরূপে কৃষ্ণ এ জগতে আসিয়াছেন। শ্রীনামের মধ্যেই সব আছেন। শ্রীনাম প্রথমে অর্চ্চা। জড়বদ্ধ জীবের নিকট সর্ব্বাপেক্ষা স্থূলভাবে যে নামের প্রকাশ, তাহাই অর্চ্চা। শ্রীনাম অখিলরসামৃতমূর্ত্তি। শ্রীনামই জীবের জীবন। শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন,—

হর্ষে প্রভু কহেন, শুন স্বরূপ-রামরায়।
নামসংকীর্ত্তন কলৌ পরম উপায়॥
সংকীর্ত্তনযজ্ঞে কলৌ কৃষ্ণ আরাধন।
সেই ত' সুমেধা পায় কৃষ্ণের চরণ॥
নামসংকীর্ত্তনে হয় সর্ব্বানর্থ-নাশ।
সর্ব্বশুভোদয় কৃষ্ণে প্রেমের উল্লাস॥
সংকীর্ত্তন হৈতে পাপ-সংসার নাশন।
চিত্তশুদ্ধি, সর্ব্বভক্তিসাধন-উদ্গম॥
কৃষ্ণ-প্রেমোদ্গম, কৃষ্ণপ্রেম-আস্বাদন।
কৃষ্ণপ্রাপ্তি, সেবামৃত-সমুদ্রে মজ্জন॥

ভগবানের দয়ার তুলনা নাই। আমাকে নিরাশ্রয় দেখিয়া পরমকারুণিক ভগবান্ মুখ্য-গৌণভেদে বহু নাম প্রকট করিয়াছেন। হরি, কৃষ্ণ, গোবিন্দ, রাধারমণ, গোপীজনবল্লভ, গোপাল, নন্দলাল, রাধানাথ, মদনমোহন, শ্যামসুন্দর, মাধব, যশোমতীনন্দন, বাসুদেব, রাম, নৃসিংহ, অনন্ত, বিষ্ণু, নারায়ণ প্রভৃতি মুখ্য নাম এবং ব্রহ্ম, পরমাত্মা, নিয়ন্তা, পাতা, স্রষ্টা, মহেন্দ্র প্রভৃতি গৌণ নাম। কৃষ্ণের মুখ্যনামই কেবল প্রেমদানে সমর্থ। হরি-কৃষ্ণনামাদি-কীর্ত্তনে জীব কৃষ্ণধামে গমন করেন। আর কৃষ্ণের গৌণনাম হইতে পুণ্য ও মোক্ষরূপ ফলোদয় হয়।

কলিহত জীবের নামে নিষ্কপট বিশ্বাস হইলেই নামে অধিকার হয়।

যুগধর্ম্ম হরিনাম অনন্ত প্রভাব।
যে করে আশ্রয়, তার সর্ব্বলাভ হয়॥
কৃষ্ণনাম, ভক্তসেবা সতত করিবে।
কৃষ্ণপ্রেমলাভ তার অবশ্য হইবে॥

যাঁহার মুখে একটী হরিনাম উদিত, স্মরণ-পথগত বা শ্রোত্রমূল প্রাপ্ত হয়, তাহা শুদ্ধবর্ণেই উক্ত হউক বা ব্যবধানযুক্ত অশুদ্ধ-বর্ণেই উক্ত হউক, ব্যবধানরহিতই হউক, অথবা খণ্ডোচ্চারিতই হউক, নামগ্রহীতাকে অবশ্যই উদ্ধার করিবে। শ্রীনামের এত মহিমা। কিন্তু যদি সেই নামাক্ষর দেহ, দ্রাবিণ, জনতা, লোভ, পাষণ্ডরূপ অপরাধ মধ্যে পতিত হয়, তাহা হইলে শীঘ্র ফলজনক হয় না। শ্রীল সনাতন গোস্বামী প্রভু "নামৈকং যস্য বাচি" শ্লোকের টীকায় বলিয়াছেন,—"বাচি গতং প্রসঙ্গাদ্ বাঙ্মধ্যে প্রবৃত্তমপি, স্মরণপথগতং কথঞ্চিন্মনঃস্পৃষ্টমপি, শ্রোত্রমূলং গতং কিঞ্চিৎ শ্রুতমপি। * * তথাপি তারয়ত্যেব—সর্ব্বেভ্যঃ পাপেভ্যো-ঽপরাধেভ্যশ্চ সংসারাদপ্যুদ্ধারয়ত্যেবেতি সত্যমেব, কিন্তু নামসেবনস্য মুখ্যং যৎ ফলং, তন্ন সদ্যঃ সম্পাদয়তে। তথা দেহভরণাদ্যর্থমপি নামসেবনেন মুখ্যং ফলমাশু ন সিধ্যতীত্যাহ—তচ্চেদিতি। তন্নাম চেৎ যদি দেহাদিমধ্যে নিক্ষিপ্তং—দেহভরণাদ্যর্থমেব বিনিযুক্তং, তদাপি ফলজনকং ন ভবতি কিম্? অপি তু ভবত্যেব, কিন্তু অত্র ইহ শীঘ্রং ন ভবতি, কিন্তু বিলম্বেনৈব ভবতীত্যর্থঃ।"

ভগবান্ শ্রীনামে সর্ব্বশক্তি অর্পণ করিয়াছেন। শক্তি দিলেন না, দিয়াছেন এরূপ নয়। শ্রীনাম সর্ব্বশক্তিমান্, শ্রীনামে সর্ব্বৈশ্বর্য্য আছে। তবে মূঢ়লোক ও আধ্যাত্মিকগণকে বুঝাইবার জন্য সর্ব্বশক্তি দেওয়ার কথা শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন। ভগবান্ ও তাঁহার নাম একই সমান। সর্ব্বশক্তি অর্থে ঐশ্বর্য্য ও মাধুর্য্য সবই নামের মধ্যে আছে। ইহাই শুদ্ধভক্তের উপদেশ।

চণ্ডালও যদি একবার হরিনাম শ্রবণ করে, তাহা হইলে সে সংসার হইতে মুক্ত হয়। শাস্ত্র বলিয়াছেন,—"কৃষ্ণনাম নিখিল-বেদকল্পবল্লিকার উত্তম ফলস্বরূপ। ইহা অতি সুমধুর এবং পরমমঙ্গলময়। হে বৎস, তুমি ঋক্, যজুঃ বা সামবেদ ইহাদের কোনটীও অধ্যয়ন না করিয়া নিরন্তর একমাত্র কীর্ত্তনীয় 'গোবিন্দ' এই হরিনাম কীর্ত্তন করিবে। যাহারা ভগবৎ কীর্ত্তনকে অবজ্ঞা করিয়া অন্যত্র গমন করে, তাহারা ঘোর নরকে গমন করিয়া থাকে। শ্রদ্ধা বা হেলায় হরি কীর্ত্তিত হইলেই জীবকে উদ্ধার করিয়া থাকেন।" শ্রীভগবান্ আরও বলিয়াছেন—"যাহারা আমার নাম কীর্ত্তন করিয়া সংসার হইতে থাকে, আমি সত্য করিয়া বলিতেছি যে, সত্যসত্যই তাহারা আমাকে ক্রয় করিয়া থাকে।

গীত্বা চ মম নামানি বিচরেন্মম সন্নিধৌ।
ইতি ব্রবীমি তে সত্যং ক্রীতোঽহং
তস্য চার্জ্জুনঃ॥

কৃচ্ছ্র-স্নানাদি-সাধনে কাল দেশ-পাত্রাদির নিয়ম বর্ত্তমান। কিন্তু ভগবন্নাম-স্মরণে কোন নিয়ম নাই। কি ভোজন, কি শয়ন, কি নিদ্রা, কি শুচি, কি অশুচি সর্ব্বাবস্থায় সকল হরিনাম করিবার বিধান করিয়াছেন। ইহাতে কালাকালের কোন বিচার নাই। শাস্ত্র বলিয়াছেন,—

খাইতে শুইতে যথা তথা নাম লয়।
দেশ, কাল, নিয়ম নাহি, সর্ব্বসিদ্ধি হয়॥
প্রভু কহে—কহিলাম এই মহামন্ত্র।
ইহা জপ গিয়া সবে করিয়া নির্ব্বন্ধ॥
ইহা হৈতে সর্ব্বসিদ্ধি হইবে সবার।
সর্ব্বক্ষণ বল ইথে বিধি নাহি আর॥
কি শয়নে, কি ভোজনে কিবা জাগরণে।
অহর্নিশ চিন্ত কৃষ্ণ বলহ বদনে॥
কৃষ্ণময় হৈতে হবে সংসার মোচন।
[illegible] পাবে কৃষ্ণের চরণ॥
কলিকালে নামরূপে কৃষ্ণ-অবতার।
নাম হৈতে হয় সর্ব্ব জগৎ-নিস্তার॥
নাম বিনা কলিকালে নাহি আর ধর্ম্ম।
সর্ব্বমন্ত্রসার নাম এই শাস্ত্রমর্ম্ম॥
[illegible] কর শ্রবণ-কীর্ত্তন।
[illegible] তবে কৃষ্ণ-প্রেমধন॥
কলিযুগধর্ম্ম হয় নাম-কীর্ত্তন।
চারি যুগে চারি ধর্ম্ম জীবের কারণ॥
অতএব কলিযুগে নামযজ্ঞ সার।
আর কোন ধর্ম্ম কৈলে নাহি হয় পার॥
[illegible]
[illegible]
[illegible]
কৃষ্ণ [illegible] কৃষ্ণের স্মরণে॥
[illegible] কৃষ্ণ [illegible] করি'।
মনে [illegible] মুখে বল 'হরি'॥
[illegible] হরি।
[illegible] তরি॥

কলিযুগ-অবতার শুন সাবধানে।
কলিযুগে কেবল তাহার সংকীর্ত্তনে॥
ধন্য কলিযুগ যাতে কেবল কীর্ত্তন।
সর্ব্বধর্ম্মফল-প্রাপ্তি হয় সাধুজনে॥
এই সে পরম সত্য জানিব সমাজে।
যেন তেন মতে হরিসংকীর্ত্তন করে॥
যাহা হৈতে শান্তি হয়, দুঃখ দূরে যায়।
হরির কীর্ত্তন বিনা গতি নাহি আর॥

শ্রীনাম বড় দয়াল। কিন্তু তথাপি আমার এখনও রুচি হয় না, আমার তাহাতে অনুরাগ হইল না। নামাপরাধ বা দোষবিশেষতাই দুর্দ্দৈব। ভগবদ্বহির্ম্মুখ জীব ভক্তিভাগ্যহীন, মায়ানির্ম্মিত বিশ্বে নানাবিধ বিষয়-ব্যাপারে বদ্ধ। ভগবৎসেবাকার্য্যের চেষ্টা সে আদৌ করে না। কর্ম্ম জ্ঞানাদি দ্বারা জীবের নিত্যমঙ্গল লাভ হয় না জানিয়া প্রভু অপার করুণাবশতঃ স্বীয় স্বরূপশক্তির হ্লাদিনী সারভূতা শক্তি জীবহৃদয়ে প্রকট করিবার জন্য তদীয় উপায়-স্বরূপ শ্রীনামরূপে বিশ্বে প্রকটিত হইয়াছেন। শ্রীনাম মাহাত্ম্য শ্রবণ না করিয়া শ্রীনাম জপ করিলেও নামাপরাধ থাকিলে জীবের তাহাতে লাভ অনুরাগ হয় না। সুতরাং ভাগ্যবান্ জীবগণের সদ্গুরুর নিকট শ্রীনাম গ্রহণ করিয়া সর্ব্বদা নামাপরাধ পরিত্যাগপূর্ব্বক নিরন্তর নাম-কীর্ত্তন করাই কর্ত্তব্য। সানুরাগে অপরাধের বিষয় অবগত হইয়া আর অপরাধ না করিয়া ব্যাকুলভাবে আবশ্যক নিরন্তর হরিনাম করিলে জীব অপরাধ হইতে মুক্ত হইয়া শ্রীনামকৃপা লাভ করিতে পারেন।

শ্রীনামই সাধন, শ্রীনামই সাধ্য। শ্রীনামই উপায়, শ্রীনামই উপেয়। শ্রীনামই সম্বন্ধ, শ্রীনামই অভিধেয়, শ্রীনামই প্রয়োজন—শ্রীনামই সম্বন্ধ, কৃষ্ণ নিকট আনন্দ, প্রয়োজন। শ্রীকৃষ্ণনামই কৃষ্ণের পরম দান। জড় জগতে হরিনামের জন্ম হয় নাই। জীব শুদ্ধস্বরূপে অবস্থিত হইয়া তাহার চিন্ময়শরীরে শ্রীনামকীর্ত্তনের অধিকারী হয়। জড়েন্দ্রিয় দ্বারা শুদ্ধনাম কীর্ত্তন হয় না। কিন্তু হ্লাদিনী-কৃপায় স্ব-স্বরূপের যে সময়ে ক্রিয়া হয়, তখনই তাহার নামোদয় হয়। কৃষ্ণনাম ব্যতীত জীবের আর ধন নাই, গতি নাই। শুদ্ধ জীব সিদ্ধাবস্থাতে বৈকুণ্ঠে সর্ব্বদা হরিনাম গান করিয়া থাকেন। জীবনটী কৃষ্ণনামময় করাই শ্রীমন্মহাপ্রভুর উপদেশ। শ্রীমূর্ত্তির চরণে অপরাধ হইলে নামাশ্রয়ে তাহা নষ্ট হয়। হরিনাম নিরন্তর কীর্ত্তিত হইবে। শাস্ত্র বলিয়াছেন,—

হরের্নাম হরের্নাম হরের্নামৈব কেবলম্।
কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা॥
কলিকালে নামরূপে কৃষ্ণ অবতার।
নাম হৈতে হয় সর্ব্বজগৎ-নিস্তার॥
দার্ঢ্য লাগি 'হরের্নাম' উক্তি তিনবার।
জড় লোক বুঝাইতে পুনঃ 'এব' কার॥
'কেবল' শব্দে পুনরপি নিশ্চয়-করণ।
জ্ঞান-যোগ-তপ-আদি কর্ম্ম-নিবারণ॥
অন্যথা যে মানে, তার নাহিক নিস্তার।
নাহি, নাহি, নাহি তিন উক্ত 'এব'-কার॥
তৃণ হৈতে নীচ হঞা সদা লবে নাম।
আপনি নিরভিমানী, অন্যে দিবে মান॥
তরুসম সহিষ্ণুতা বৈষ্ণব করিবে।
ভর্ৎসন-তাড়নে কারে কিছু না বলিবে॥
কাটিলেহ তরু যেন কিছু না বলয়।
শুকাইয়া মৈলে তবু, জল না মাগয়॥
এইমত বৈষ্ণব কারে কিছু না মাগিবে।
অযাচিত বৃত্তি, কিম্বা শাক-ফল খাবে॥
সদা নাম লবে, যথা-লাভেতে সন্তোষ।
এইমত আচার করে ভক্তিধর্ম্মপোষ॥

বিভিন্ন শাস্ত্র শ্রীনাম-মহিমা বিশেষভাবে কীর্ত্তন করিয়াছেন। যেমন মৃগ সিংহের শব্দ শুনিয়া পলায়ন করে, সেইরূপ অবশেও হরির নামকীর্ত্তন করিলে সমস্ত পাপ নরলোককে তৎক্ষণাৎ পরিত্যাগ করে। কৃষ্ণ, হরি, গোবিন্দ প্রভৃতি নাম উচ্চারণ করিবামাত্র একটী পাপসমূহ গৌণভাবে নষ্ট হয়। শ্রীমুখে নামকীর্ত্তনদ্বারা ছয় রিপুর ভয় ও বিশেষ দমন হয় এবং উহাই আত্মজ্ঞান উৎপত্তি হইবার মূলীভূত কারণ।

যাঁহার মুখে 'কৃষ্ণ' এই মঙ্গলময় নাম বিরাজমান, তাঁহার কোটী-কোটি মহাপাতক ভস্মীভূত হইয়া যায়। যে ব্যক্তি সর্ব্বদা 'কৃষ্ণ' 'কৃষ্ণ' বলিয়া আমাকে স্মরণ করে, জল ভেদ করিয়া পদ্মের উদ্ভবের ন্যায় ভগবান্ তাহাকে নরক হইতে উদ্ধার করেন। যিনি 'কৃষ্ণ, কৃষ্ণ' এই নাম জপ বা পাঠ করেন, তিনি ইহলোক পরিত্যাগ করিয়া বৈকুণ্ঠে গমন করেন। শ্রীহরির নামসমূহ সর্ব্বদা কীর্ত্তন করা উচিত। শ্রীনাম-কীর্ত্তনে শুচি ও অশুচির বিচার নাই। যেহেতু, শ্রীনামকীর্ত্তনকারী অপবিত্র ব্যক্তিকেও পবিত্র করেন। কোন যবন শূকরের দন্তাঘাতে বিদ্ধ হইয়া 'হারাম', 'হারাম' শব্দ বার বার উচ্চারণ করিয়া যখন মুক্তিদশা প্রাপ্ত হইয়াছে, তখন শ্রদ্ধাপূর্ব্বক নাম করিলে যে নিশ্চয়ই পরম মুক্তি লাভ হয়, তাহাতে আর কথা কি? যাঁহার মুখে 'রাম' 'রাম' এই নাম গুণন করেন, তাঁহার বদনই মহাতীর্থ ও বিশুদ্ধক্ষেত্র। তাঁহার সমস্ত অভিলাষ পূর্ণ হয়। যে ব্রাহ্মণ ক্ষুধা, তৃষ্ণা ও প্রস্থানাদি সময়ে সর্ব্বদা শ্রীনামকীর্ত্তন করেন, অধোক্ষজ ভগবান্ নিশ্চয়ই তাঁহার প্রতি প্রীত হন। পাপহরণে হরিনামের যত শক্তি আছে, পাতকী ব্যক্তি তত পাপ করিতে পারে না।

এক কৃষ্ণনামে পাপীর যত পাপক্ষয়।
তত ভ্রম সেই পাপী করিতে না পারয়॥
এক কৃষ্ণনামে যত পাপ হরে।
পাপীর সাধ্য নাই তত পাপ করে॥

শ্রীনামের মাহাত্ম্য অতি অদ্ভুত। নাম উচ্চারণ করিবামাত্রই মানবগণ পরমপদ প্রাপ্ত হন। ভগবানের কথা শ্রবণ ও কীর্ত্তন এবং তাঁহার ধ্যান, পূজা অথবা সমাদর করিলে তিনি হৃদ্দেশে অবস্থিত হইয়া নরগণের অযুত জন্মের অশুভ বা অমঙ্গলরাশি ধ্বংস করেন। পতিত, স্খলিত, ভগ্ন, সর্পাদির দ্বারা দষ্ট, অগ্নির দ্বারা তপ্ত ও অস্ত্র-শস্ত্রাদির দ্বারা আহত হইয়া যিনি হরি এই নামটী অবশেও বলেন, তিনি যাতনা পাইবার যোগ্য হন না। প্রাতঃকালে বিষ্ণুর নাম যে সে প্রকারে পাঠ, ধ্যান ও জপ করিলে নরগণ মুক্ত হন। শ্রীনামকীর্ত্তন ত' দূরের কথা, ভগবানের নাম শ্রবণ, উচ্চারণ ও স্মরণাদি করিবার বাসনা করিলে পাপসমূহ ভয়ে কম্পিত হয় এবং জীবগণের পাপপুণ্য-লেখন-কার্য্যে অতিনিপুণ চিত্রগুপ্ত যমরাজের দণ্ডভয়ে ভীত হইয়া আপনাকে পাপী ও জ্ঞানহীন লেখক বিবেচনা করত পূর্ব্বে পাপাত্মাদিগের শ্রেণীমধ্যে উল্লিখিত ব্যক্তিগণের নাম খাতা হইতে কর্ত্তন করিয়া দিবার জন্য অতিশয় ব্যগ্র অর্থাৎ নরুণ ধারণ করেন এবং যক্ষ আনন্দিত হইয়া নামগ্রহণেচ্ছু ব্যক্তিকে সম্মান করিবার জন্য মধুপর্ক আয়োজনে উদ্যত হন।

অতীত ও বর্ত্তমানকালে কৃত এবং ভবিষ্যৎকালে করা হইবে যে সকল পাপ, তাহা সমস্তই গোবিন্দ-নামকীর্ত্তন রূপ অনল দ্বারা শীঘ্র দগ্ধ হইয়া যায়। মদ্যপায়ী অথবা ব্যাধিগ্রস্ত ব্যক্তিও বাসুদেবের নামকীর্ত্তনের দ্বারা নিশ্চয়ই মুক্ত অবস্থা প্রাপ্ত হয় এবং মহাবিষ্ণু সর্ব্বদা তাহার প্রতি প্রসন্ন থাকেন। মহাপাপিষ্ঠ ব্যক্তিও নিরন্তর হরিকীর্ত্তনের দ্বারা শুদ্ধচিত্ত হইয়া বিশ্বকে পবিত্র করিয়া থাকে। মহাব্যাধিগ্রস্ত ও রাজভয়ে ভীত ব্যক্তিও নারায়ণ-নাম কীর্ত্তন করিয়া নির্ভয় হন। মহাপ্রসাদ, গোবিন্দ ভগবন্নাম ও বৈষ্ণবের প্রতি অল্পপুণ্যবান্ ব্যক্তিদিগের বিশ্বাস কখনই হয় না। ভগবানের নাম কীর্ত্তন ও স্মরণ করিলে মানসপীড়া ও শারীরিকপীড়া নষ্ট হইয়া যায়। প্রাণত্যাগকালে বিবশ হইয়া ভগবন্নাম উচ্চারণ করিলেও জীব পাপমুক্ত হইয়া ভগবান্‌কে লাভ করিতে পারেন। অবিচ্ছিন্ন তৈলধারার ন্যায় ব্রহ্মচিন্তা দ্বারা ব্রহ্ম-সাক্ষাৎকার লাভ করিয়াও যে প্রারব্ধ-কর্ম্ম ভোগব্যতীত বিনষ্ট হয় না, শ্রীনাম স্ফুর্ত্তিমাত্রেই তাহা ধ্বংস করিয়া থাকেন।

শ্রীনাম সাক্ষাৎ কৃষ্ণ। নামীর শ্রীচরণে অপরাধ হইলে শ্রীনাম তাহা ক্ষমা করেন, শ্রীনামের এত দয়া! নিরন্তর হরিনাম করিলে মঙ্গল নিশ্চয়ই হইবে, ইহা সকল শাস্ত্রই তারস্বরে কীর্ত্তন করিয়াছেন। তাঁহার অপার মহিমা ও গুণের কথা কেহ বলিয়া শেষ করিতে পারে না। অন্য লোক ত' দূরের কথা, শ্রীঅনন্তদেবও অনন্তরূপে অনন্তকাল ধরিয়া তাঁহার মহিমা কীর্ত্তন করিয়া পার বা অন্ত পান না। আমরা তন্মধ্যে দুই একটী আলোচনা করিয়া আত্মশোধন করিলাম মাত্র।

শ্রীধনঞ্জয় পণ্ডিত

— :•:(•):•:——

শ্রীনিত্যানন্দ-পার্ষদ শ্রীধনঞ্জয় পণ্ডিত দ্বাদশগোপালের অন্যতম শ্রীবসুদাম সখা। শ্রীচৈতন্যভাগবতে লিখিত আছে,—

ধনঞ্জয় পণ্ডিত মহান্ত বিলক্ষণ।
যাঁহার হৃদয়ে নিত্যানন্দ অনুক্ষণ॥

ইঁহার নিবাস কাটোয়ার নিকট শীতল-গ্রামে। তথাকার প্রাচীন মন্দিরের ভিত্তি এখনও বর্ত্তমান আছে। জনৈক শ্রদ্ধালু ব্যক্তি শ্রীবিগ্রহের একটী পাকা গৃহ নির্ম্মাণ করাইয়া দিয়াছেন। শ্রীমন্দিরে প্রবেশ-পথের বাম দিকে একটী তুলসীবেদী আছে, উহাই শ্রীধনঞ্জয় পণ্ডিতের সমাধি-বেদী। শ্রীমন্দিরে শ্রীধনঞ্জয়-সেবিত শ্রীগোপীনাথ, শ্রীশ্রীনিতাই-গৌর এবং শ্রীদামোদর-বিগ্রহ আছেন। দেবালয় হইতে অনদূরে একটী বাগানে শ্রীবিগ্রহ লইয়া গিয়া প্রতিবর্ষে মাঘমাসের মাঝামাঝি তিরোভাব-উৎসব হয়। কেহ কেহ বলেন, শ্রীধনঞ্জয় পণ্ডিতের প্রকৃত জন্মস্থান—চট্টগ্রাম জেলার জাড়গ্রামে। ইনি তথা হইতে শীতলগ্রামে ও সাচড়াপাচড়া-গ্রামে শ্রীবিগ্রহ-সেবা প্রকাশ করেন।

কথিত আছে, ইনি কিছুদিন নবদ্বীপে মহাপ্রভুর সহিত সংকীর্ত্তন করিয়া শীতল-গ্রামে প্রত্যাবর্ত্তন করেন এবং তথা হইতে শ্রীবৃন্দাবনধাম-দর্শনে গমন করেন। বৃন্দাবন যাইবার পূর্ব্বে বর্ত্তমান মেমারী-ষ্টেশনের তিন ক্রোশ দক্ষিণে অবস্থিত সাচড়াপাচড়া গ্রামে কিছুকাল অবস্থান পূর্ব্বক তথায় স্বীয় সহযাত্রী শিষ্যকে শ্রীসেবা প্রকাশ করিতে অনুমতি দিয়া তিনি বৃন্দাবনে গমন করেন। এইজন্য সাঁচড়াপাঁচড়া-গ্রামকে ও লোকে "ধনঞ্জয়ের পাট" বলিয়া থাকেন। অধুনা এই গ্রামে শ্রীধনঞ্জয় পণ্ডিতের কোন নিদর্শনই নাই। কিন্তু শীতলগ্রামেই তাঁহার প্রধান শ্রীপাট। বৃন্দাবন হইতে প্রত্যাবর্ত্তন পূর্ব্বক স্থান জলন্দি গ্রামে দেবসেবা করেন এবং তথা হইতে পুনরায় শীতল গ্রামে আসিয়া শ্রীগৌরাঙ্গ-দেবের সেবা প্রকাশ করেন। শ্রীধনঞ্জয়ের বংশ নাই। শ্রীসঞ্জয় নামে তাঁহার এক ভ্রাতা ছিলেন। ইঁহার পুত্রের নাম শ্রীরামকানাই ঠাকুর। শ্রীসঞ্জয়ের শ্রীপাট জলন্দি-গ্রামে। শ্রীসঞ্জয়ের বংশধরগণ এখনও জলন্দি-গ্রামেই বাস করিতেছেন। তথায় শ্রীরাধাগোবিন্দের সেবা আছে। বর্ত্তমান বোলপুরের অতি নিকট সুলুকগ্রামে শ্রীরামকানাইয়ের শ্রীপাট। কেহ কেহ বলেন, শ্রীসঞ্জয় শ্রীধনঞ্জয়ের শিষ্য ছিলেন। শ্রীচৈতন্যচরিতামৃতে দেখিতে পাই,—

নিত্যানন্দ-প্রিয়ভৃত্য পণ্ডিত ধনঞ্জয়।
অত্যন্ত বিরক্ত, সদা কৃষ্ণপ্রেমময়॥

জয়বিজয়

——::•::——

বৈকুণ্ঠের দ্বারপাল জয়বিজয় পরমভাগবত দিগম্বর সনকাদি মুনিগণকে ভগবদ্দর্শনে বাধাপ্রদান করিয়া তাঁহাদের ক্রোধ উৎপাদন করেন এবং তাঁহাদের অভিশাপে বৈকুণ্ঠ হইতে ভ্রষ্ট হইয়া অসুরযোনি প্রাপ্ত হন। ক্রমে তিন জন্মে ইঁহারাই হিরণ্যাক্ষ-হিরণ্যকশিপু, কুম্ভকর্ণ রাবণ এবং দন্তবক্র-শিশুপালরূপে আবির্ভূত হইয়াছিলেন। এস্থলে সংশয় এই যে, ভগবৎপার্ষদ জয়-বিজয়ের বৈকুণ্ঠ হইতে পতন কিরূপে সম্ভব হইতে পারে? আত্মারাম সনকাদি মুনিগণেরই বা কি প্রকারে ক্রোধ উৎপন্ন হইল? এই সন্দেহ নিরাকরণার্থ পূর্ব্ব পূর্ব্ব মহাজনগণ যেরূপ সুসিদ্ধান্ত স্থাপন করিয়াছেন, তাহা বিবৃত হইল।

শ্রীল শ্রীধরস্বামিপাদ বলেন,—"যদিও আত্মারাম সনকাদি ঋষিগণের ক্রোধ সম্ভবপর হয় না, ভগবৎপার্ষদ জয়বিজয়ের ব্রাহ্মণগণের প্রতি প্রাতিকূল্যাচরণ এবং ভগবানেরও স্বভক্তগণের প্রতি উপেক্ষা, তথা বৈকুণ্ঠগত ভক্তগণের পুনর্জন্ম অসম্ভব, তথাপি ভগবানের সৃষ্টিকরণেচ্ছার ন্যায় কখনও যুদ্ধ করিবার ইচ্ছা উদিত হইয়াছিল। কিন্তু তুল্যবলশালী ভগবৎপার্ষদ ব্যতীত অন্য মর্ত্ত্যজীবের বল অল্প, আবার পার্ষদগণের বল তুল্য হইলেও তাঁহাদের ভগবানের প্রতি প্রাতিকূল্যভাব হইতে পারে না। এই কারণবশতঃ তিনি আত্মারাম মুনিগণের ক্রোধ উৎপাদনপূর্ব্বক তাঁহাদের শাপচ্ছলে স্বপার্ষদ জয়বিজয়কে প্রাতিকূল্য-ভাবান্বিত করিয়া যুদ্ধকৌতুক সম্পন্ন করিতে হইবে—এইরূপ বিবেচনা করিয়াছিলেন। অর্থাৎ শ্রীনারায়ণ যুদ্ধকৌতুক অনুভব করিবার জন্যই জয়বিজয়কে পৃথিবীতে প্রেরণ করাইয়াছিলেন। তুল্য প্রতিদ্বন্দ্বী না হইলে যুদ্ধ হয় না। পার্ষদ ব্যতীত ভগবানের তুল্যও কেহ হইতে পারে না। তজ্জন্য ভগবান্ জয়বিজয়কে অবতীর্ণ করাইলেন। অসুর-ভাবাপন্ন না হইলে শ্রীভগবানের সহিত প্রতিদ্বন্দ্বিতা অসম্ভব বলিয়া শাপচ্ছলে তাঁহাদিগকে অসুরদেহে প্রবিষ্ট করাইয়া আবির্ভূত করাইলেন।"

শ্রীরামানুজাচার্য্যের অন্যতম শ্রীপাদ বীররাঘব লিখিয়াছেন,—"এই দুই জন দ্বারপাল পরব্যোমবাসী নিত্যসিদ্ধ ভগবৎপরিকরগণের তুল্য হইলেও বিশেষ সুকৃতিবলেই দ্বারপালাধিকার লাভ করিয়াছেন, অর্থাৎ ইঁহারা সাক্ষাৎ ভগবৎপরিজন নহেন; সুতরাং ভগবদভিপ্রায়ও অবগত নহেন। নতুবা ভগবদ্ভক্তে প্রাতিকূল্য-ভাব-বিহীনতা ও প্রবেশনিবারণ-ভাবশূন্যতাহেতু সাক্ষাৎ ভগবৎ-পরিকরগণের পূর্ব্বোক্ত নিত্যজ্ঞানক্রিয়ৈশ্বর্য্যাদি প্রমাণবলে ভগবানের অভিপ্রায় জানিবার ক্ষমতা সিদ্ধ হইতেছে। বিশেষতঃ ভগবদুদ্দেশক অনুষ্ঠানবিশেষ হইতেও ভগবানের অনুচরত্ব লাভ হয়, যেমন অনন্ত ও গরুড় ব্যতীত নাগ ও পক্ষী-জাতীয় বহু ভক্ত বর্ত্তমান, সেইরূপ সুকৃতি-বশে বহু জীব নিত্যসিদ্ধ না হইয়াও ভগবৎ-পরিজন-তুল্যরূপতা প্রাপ্ত হইয়াছেন। এ স্থলেও পূর্ব্বকাণ্ড (শ্রীমদ্ভাগবত ৩।১৫।১৪ শ্লোকে) "যে বৈকুণ্ঠে বিষ্ণুতুল্য পুরুষগণ বাস করেন, যাঁহারা ফলাকাঙ্ক্ষারহিত নিষ্কামধর্ম্ম দ্বারা বিষ্ণুর আরাধনা করেন'—এই বাক্য সাধারণভাবে বৈকুণ্ঠবাসীর কথা বলিয়াছেন এবং ৩২ শ্লোকে "সুমহতী পরি-চর্য্যার ফলে এই বৈকুণ্ঠে আগমনকারী সাধু-দিগের মধ্যে থাকিয়া তোমাদের স্বভাব এরূপ বিরুদ্ধ হইল কেন?" এই বাক্যেও জয়বিজয় যে নিত্যসিদ্ধ ভক্ত নহেন, কিন্তু কোনও বিশেষ সুকৃতিবলেই বৈকুণ্ঠের দ্বারপালত্ব লাভ করিয়াছিলেন, তাহা জানা যায়। বৃহদ্ভাগবতামৃতে ২।৪।১৯৪ শ্লোকে শ্রীল সনাতন গোস্বামিপ্রভুর টীকায়ও 'ইঁহারা সাধনসিদ্ধ, নিত্যসিদ্ধ নহেন'—এইরূপ বাক্যের উল্লেখ আছে। আর অষ্টম স্কন্ধ (৮।২১।১৬) নন্দ, সুনন্দ জয়, বিজয়, প্রবল, বল, কুমুদ, বিষ্বক্সেন, গরুড় প্রভৃতি পার্ষদবর্গ মধ্যে যে জয়বিজয়ের উল্লেখ আছে, তাঁহারা বামনদেবের পার্ষদ এবং পূর্ব্বোক্ত শাপাভিভূত জয়বিজয় হইতে ভিন্ন, ইহাও নিশ্চিত। শাপাভিভূত জয়বিজয়ের সহিত বামনদেবের পার্ষদ জয়বিজয় একই ব্যক্তি—এরূপ সিদ্ধান্ত যথার্থ নহে। কেন না, কৃষ্ণাবতারে শাপগ্রস্ত জয়বিজয়ের মোচন হয়। বামনাবতারে আবার তাঁহাদেরই পার্ষদত্ব প্রাপ্তি সিদ্ধ নহে, অর্থাৎ অসম্ভব বলিয়া ঐ অনুমান সঙ্গত নহে। অতএব ত্রিপাদবিভূতিবর্ত্তী যে সকল নিত্যসিদ্ধ ভগবৎ-পার্ষদ আছেন, এই শাপগ্রস্ত জয়বিজয় তাঁহাদের হইতে ভিন্ন অন্য জীব।

শ্রীল জীব গোস্বামিপাদ শ্রীকৃষ্ণসন্দর্ভ ১৪৫ অনুচ্ছেদে বলিয়াছেন,—কারণ-দেশাবিপাত শিশুপাল-দন্তবক্র পূর্ব্বে বৈকুণ্ঠনাথের দ্বারপাল জয়বিজয় ছিলেন। (ভাগবত ৭।১।৩৪ শ্লোকে) প্রাকৃত দেহ-ইন্দ্রিয়-প্রাণহীন বৈকুণ্ঠপুরবাসিগণের প্রাকৃত দেহসম্বন্ধ কিরূপে হইতে পারে, যুধিষ্ঠিরের এই প্রশ্নানুসারে জানা যায় যে, তাঁহারা অপ্রাকৃত দেহবিশিষ্ট। সাধুগণের অপ্রাকৃত দেহের ন্যায় তাঁহাদের দেহেরও বিনাশ নাই, তাহা ভগবানের নিজ উক্তি হইতেই জানা যায়। ভগবান্ নিজাশ্রিত দ্বারপালদ্বয়কে বলিলেন,—"তোমরা মর্ত্ত্যলোকে গমন কর। তোমরা ভীত হইও না। তোমাদের মঙ্গললাভ হউক। উত্তরার গর্ভে পরীক্ষিতের অবস্থান-কালে আমি (ভগবান্ শ্রীকৃষ্ণ) তাঁহাকে রক্ষা করিবার জন্য অশ্বত্থামার ব্রহ্মাস্ত্র যেরূপ বিফল করিয়াছিলাম, সেইরূপ জয়বিজয়কেও ব্রহ্মশাপরূপ ব্রহ্মাস্ত্র খণ্ডনে সমর্থ হইয়াও আমি তাহা খণ্ডন করিলাম না।" ভগবানের এই উক্তি অনুসারে জানা যায় যে, জয়বিজয় সনকাদির শাপচ্ছলে কেবল শ্রীভগবানের লীলার নিমিত্তই পৃথিবীতে অবতীর্ণ হইয়াছিলেন। পাদ্মোত্তরখণ্ডের গদ্যানুসারে জানা যায় যে, শ্রীহরি নিজ ভক্তচিত্তবিনোদনের জন্য এবং যুদ্ধাদি ক্রীড়া-নিমিত্ত তাঁহার অঘটনঘটনকারিণী ইচ্ছায় জয়বিজয়ের স্বভাবসিদ্ধ অণিমাদি ঐশ্বর্য্যাত্মক পরম জ্যোতির্ম্ময় দেহ পার্থিব গুণময় দেহে তিনবার প্রবিষ্ট করাইয়াছিলেন।

"তাবত্র ক্ষত্রিয়ৌ জাতৌ মাতৃ-
স্বস্রাত্মজৌ তব।
অধুনা শাপনির্ম্মুক্তৌ কৃষ্ণচক্রহতাংহসৌ॥"
(ভাঃ ৭।১।৪৫)

শ্রীনারদ যুধিষ্ঠিরকে বলিলেন,—সেই জয়বিজয় তোমার মাতৃষ্বসা (যুধিষ্ঠিরমাতা কুন্তীর ভগ্নী শ্রুতশ্রবার) গর্ভে ক্ষত্রিয়রূপে জন্মগ্রহণ করিয়াছিল। কৃষ্ণচক্রে তাহাদের পাপ হত হওয়ায় তাহারা এখন শাপনির্ম্মুক্ত। এই শ্লোকের টীকায় শ্রীধর স্বামিপাদ লিখিয়াছেন,—"কৃষ্ণচক্রেণ হতম্ অংহো যয়োঃ তৌ। তয়োঃ পাপমেব হতং ন তু তাবিত্যর্থঃ॥" অর্থাৎ "কৃষ্ণচক্রে হত হইয়াছিল পাপ যাহাদের, সেই জয়বিজয় পার্ষদদ্বয়ের।" এই বাক্যে তাঁহাদের পাপই হত হইয়াছিল, তাঁহারা হত হন নাই, ইহাই তাৎপর্য্য।

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর (শ্রীমদ্ভাগবত ৩।১৬।২৬ শ্লোকের) টীকায় এরূপ সিদ্ধান্ত করিয়াছেন,—

(ভগবান্ কহিলেন,) 'হে বিপ্রগণ! আপনারা যে আমার পরমভক্ত জয়বিজয়ের প্রতি অভিশাপ প্রদান করিয়াছেন, তাহা আমারই কৃত। আমি এই পরমভক্তদ্বয়ের অসুরভাব সিদ্ধ করিবার নিমিত্তই আপনা-দিগকে বৈকুণ্ঠে আনিয়া শুদ্ধসত্ত্ববিগ্রহ দ্বারপালদ্বয়কে পরমভক্ত আপনাদের প্রতি প্রাতিকূল্যাচরণে প্রবৃত্ত করিয়া এবং আত্মারাম-চূড়ামণি আপনাদের ক্রোধোদ্দীপক করিয়া আপনাদের দ্বারা শাপ প্রদান করাইয়াছি। এস্থলে আমার পার্ষদদ্বয়ের অথবা আপনাদের কোনও অপরাধ নাই। (সনকাদি ঋষিগণ কহিলেন, হে ভগবন্) আপনি ভক্তবৎসল, সুতরাং এই ভক্তদ্বয়ের প্রতি এতাদৃশ দুঃখপ্রদানে প্রবৃত্তি আপনার কিরূপে হইল?

(তদুত্তরে ভগবান্ কহিলেন,) হে বিপ্রগণ, আপনারা সর্ব্বজ্ঞ, অতএব সকলই জানেন, আমার বলা বাহুল্য মাত্র। জয়-বিজয়ের প্রেমবিজৃম্ভিত কোন প্রকার ইচ্ছা-বিশেষই ইহার কারণ। (তাঁহারা আমার নিকট প্রার্থনা করিয়াছিলেন,) হে প্রভুবর! আপনি দেবতাগণেরও অধিদেব বৈকুণ্ঠ নাথ, মর্ত্ত্যলোকের সামর্থ্য অতি অল্প, আমরা যদি আপনার প্রতিকূল না হই, তাহা হইলে আপনার যুদ্ধসুখ হইবে না। অতএব আমাদিগকে কোনপ্রকারে প্রতিকূল ভাবান্বিত করিয়া যুদ্ধসুখ অনুভব করুন। আপনার স্বতঃ পরিপূর্ণতাতে আমরা আপনার অণুমাত্র ন্যূনতাও সহ্য করিতে পারি না। অতএব আপনি স্বীয় ভক্তবাৎসল্যগুণ খর্ব্ব করিয়াও অস্মদ্‌গণ কিঙ্করদ্বয়ের প্রার্থনা পূর্ণ করুন। ভগবদ্ভক্তগণের চিত্তবিনোদনার্থ ভগবানেরও ঐকালে ঐ প্রকার বাসনা উদয় হইয়াছিল।

——

শ্রীশ্রীভক্তিসিদ্ধান্তবাণী

যে সকল লোক বড় হইয়া পড়িয়াছে, পণ্ডিত হইয়াছে, তাহাদের নিকট তাহাদের কল্যাণের জন্য যাইব না, ভিক্ষা করিয়া খাইব। যাঁহারা ভগবানের কথা শুনিবেন, সেই সকল ব্যক্তি নিতান্ত দরিদ্র হইলেও তাঁহাদের নিকটই যাইব। রাস্তায় শুইয়া থাকিব, তথাপি বিষয়ীর ঘরে যাইব না। ভিক্ষা করিবার সময় যদি লোক গালাগালি দেয়, সেই গালাগালি খাইয়া আসিব, তথাপি ধনগর্ব্বিতদিগের সঙ্গ করিব না। ভগবদ্ভক্ত সর্ব্বত্রই ভগবানের করুণা লক্ষ্য করিয়া থাকেন। রোগাদিতে আক্রান্ত হইলেও তাঁহারা ভগবানের করুণা ব্যতীত আর কিছু দেখেন না। ঐ অবস্থায়ও তাঁহাদের রোগনিবৃত্তির জন্য প্রার্থনা নাই, ঐ অবস্থায়ও তাঁহারা সেবার প্রার্থনা করিয়া থাকেন। কোন অবস্থায়ই তাঁহারা সেবা ব্যতীত থাকিতে পারেন না।

আমরা কেবল এই জগতের মাত্র কয়েকটা দিনের জন্যই দেহ লইয়া ব্যস্ত। কিন্তু এই জীবনটার পরে কি আছে, আমাদের নিত্য জীবনের কি কৃত্য, তদ্বিষয়ে একটুও চিন্তা করি না। সাধারণ মনুষ্যজাতির জড়াসক্ত-স্রোতে বহুপ্রকার ধর্ম্মের আলোচনা করে, তাহা প্রকৃতপ্রস্তাবে সবই ছলধর্ম্ম। আমরা অগ্রসর হইতেছি কিম্বা আরও পশ্চাতে পড়িয়া যাইতেছি, তাহার একটা তুলনামূলক বিচার হওয়া প্রয়োজন। মনোধর্ম্মী সকলেরই গতি সত্যের বিপরীত দিকে। পুরাতন, শাস্ত্র-মত, চিন্তাশীলদের কল্পিত মত, তাদের সহস্র সহস্র মতবাদ মনোধর্ম্ম দ্বারা মীমাংসা হইয়া যাইতে পারে না। শাস্ত্রদাতার কৃপাশক্তিলাভের একমাত্র উপায় শুদ্ধভক্তের বিন্দু-মাত্র সৌভাগ্য ও মাধুর্য্যের উদয়।

একটা বিরক্ত ব্যক্তি মানুষকে delude করিতেছে। ভগবানের কথা আলোচনা করিলে আর উহার খোসায় পড়িতে হইবে হইবে না। বিশ্বকে ভগবৎসেবক দেখিলে আর কোন দুঃখ থাকিবে না। কৃষ্ণানুশীলনের অভাবে জীবের অমঙ্গল হইতেছে।

——

... পুঞ্জ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅপ্রমেয় ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার,
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক—শ্রীঅনন্তবাসুদেব দাস ভক্তিশাস্ত্রী বি-এস

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীসুন্দরবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরেরাম ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলানলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীজনার্দ্দন ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীসঙ্কীর্ত্তন দাসাধিকারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীরামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপরেশদাস দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

... ... পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠাসন
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধবগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীরামলক্ষ্মণ ব্রহ্মচারী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদবাশ্রুবিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগলাবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনন্দগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীহেমসদন দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা মথুরা
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেষশায়ী
পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড, নিউদিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বো ম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা মাদ্রাজ
সেবক—শ্রী... দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবাগানবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
আলবরনাথ, পোঃ ব্রহ্মাগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীযদুনাথ দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিকলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপু
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাণবাধ, বর্দ্ধমান
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ডুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাঙ্কেষ্টার রোড, ষ্টাউড্ গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

লক্ষ্ণৌ গৌড়ীয়মঠ
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅভয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীভক্তিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীঅনীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম ও দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।०	।⁄०	।⁄०	।०
" " ইঞ্চি	২৲	১।०	১।०	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১৫৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারের প্রতি ইঞ্চি	৬৲	৪।०
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸०
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫০, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান —শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

ময়ূরা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।० এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—ময়ূরা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ হিন্দি পদ্যানুবাদসহ মায়াপুর শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।० আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।० এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।० টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৩৩৯ এবং ১৩৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ পাণ্ডিত্যের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মুখশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রাঞ্জল, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ॥০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি, রেলে কালকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

শনিবার ব্যতীত — শনিবার, অন্ত দিন

কলিকাতা ছাঃ	৪-৪৬	৬-২১	৭-১৪	১৩-১৬	১৫-১৩	১৬-৫৬	১৭-৫৬	২০-২৬
দমদম "	৪-৫৬	৬-৩১	৭-২৮	১৩ ২৯	......	......	১৮-৫	২২-৪১
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯-১৮	১৪ ৫০	১৬-৪৮	১৮-৩১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ	......	.	৯-৩১	......	......	......	......	......
কৃষ্ণনগর পৌঃ	৬-৫১	৮-৪০	১০-৬	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০

লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-১৬	১৪ ৫০	১৭-৪০	২০-৩০
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১৫-২৫	১৮-১৫	২১-৫
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫-৩৩	১৮-২৩	২১-১৩

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম "	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
" ছাঃ	১২-৫৬
শান্তিপুর পৌঃ	১৩-২৪
(বদল) ছাঃ	১৩ ৪২ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩৩

ডাউন

শনিবার ব্যতীত — অন্ত দিন, শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪	৯-১২	১৬-৩	১৬-৩১	১৮-৩৮
মহেশগঞ্জ "	৬-২৩	৯-২১	১৬-১২	১৬-৪০	১৮-৪৭
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৭	৯-৫৫	১৬-৪৬	১৭-১৪	১৯-২১

বদল) ছাঃ	৬-৩১	৭-১০	৮-৫১	১১-১৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪-১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৪৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	......	......	......	......	১৫-৫৬	১৭-৪২	......	......
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১-২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬	২১-৪০	২৩-১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪-১
মহেশগঞ্জ "	১৪-১০
কৃষ্ণনগর পৌঃ	১৪-৪৪
ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১॥০ টাকা মাত্র।

২। ভাগবত—ভিজিগাপাটমের একমাত্র পারমার্থিক মাসিক পত্র। তথা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর ভক্তিতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবিধায়ক অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্‌গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনীষী সজ্জনবৃন্দের সহিত যে সমস্ত পারস্পরিক কথোপকথন হইয়াছিল, তাঁহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগবিরুদ্ধসিদ্ধান্তখণ্ডনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবর্য্যের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সংস্কারাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৬০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখানহইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি শতগুণ অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৸৹ দশ আনা, বড় বোতল ১৶৹ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

:—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা;

বেহালা, ২৪ পরগণা

টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

Regd No. C 1544.

শ্রীশ্রীপ্রার্থনামালা
—:০:—
শ্রীল নারায়ণচাঁদ ভক্তি-
সুধাকর এম-এ সংকলিত।
শ্রীশ্রীগুরু কৃপালাভ, বিস্তৃত
ভূমিকা ও সূচীসহ অতি সুন্দর
রূপে প্রকাশিত হইয়াছে।
ঈশ, কেন, কঠাদি দ্বাদশ
উপনিষদের অভিনব সংস্করণ
ভিক্ষা মাত্র ১।০ টাকা।
প্রাপ্তিস্থান—
মহুয়া প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—ওয়ারী, ঢাকা

দৈনিক নদীয়াপ্রকাশ

'THE DAILY NADIA PRAKASH'

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীচৈতন্যদেব
—:০:—
স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য-
মহাপ্রভুর জীবনী ও শিক্ষার
কথা সুন্দরভাবে ইহাতে
লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট
কাগজে সুন্দর বাঁধাই।
৩য় সংস্করণ, ভিক্ষা ১।০
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

১৬খণ্ড] শ্রীমায়াপুর;—৮ই শ্রাবণ, ১৩৪৮, ২৪শে জুলাই ইং ১৯৪১, বৃহস্পতিবার [১১৮তম সংখ্যা

বিবিধ-সংবাদ

——:০:(০):০:——

ইতিহাসের সর্ব্বাধিক লোকক্ষয়ী যুদ্ধ

ইকনমষ্ট সংবাদদাতা লিখিয়াছেন,—

এখানকার জার্ম্মাণ সরকারী কর্ম্মচারীরা এক্ষণে স্বীকার করিতেছেন যে, হিটলার পূর্ব্বে যতসৈন্য রুশ যুদ্ধে নিয়োজিত করিবেন ভাবিয়াছিলেন রুশ সৈন্যদের কঠোর প্রতিরোধের ফলে বর্ত্তমানে তাহা অপেক্ষা অধিক সৈন্য নিয়োগ করিতে হইতেছে। "ডাজ-কর্ণার ভুয়েষ্ট নাক্রিখেন" পত্রিকার বড় হরপে হেড লাইন দেওয়া হইয়াছে, ষ্ট্যালিন লাইন ম্যাজিনো লাইন অপেক্ষা অধিকতর দুর্ভেদ্য।

জার্ম্মাণদের মতে বর্ত্তমানে ইতিহাসের সর্ব্বাধিক লোকক্ষয়ী যুদ্ধ চলিতেছে. জার্ম্মাণের পূর্ব্বপরিকল্পিত প্রোগ্রামের তুলনায় জার্ম্মাণ অগ্রগতি অনেক পিছনে পড়িয়া আছে, ইহা ঢাকিবার জন্য ইকনমের জার্ম্মাণ প্রচারকেরা রটাইতেছে যে, রাশিয়া খুব বীরত্বের সহিত বাধা দিতেছে, অবশ্য জার্ম্মাণীর জয়লাভ সম্পর্কেও খুব রটনা করা হইতেছে।

কিন্তু রাশিয়ার কর্তৃপক্ষ বলেন একমাত্র মিনস্ক ও স্মোলেনস্কের মধ্য ছাড়া জার্ম্মাণী আর কোথাও রুশ সৈন্যের ব্যূহ ভেদ করিতে পারে নাই। পশ্চিম দিক্ হইতে দশলক্ষ সৈন্য মস্কো সহরকে পাহারা দিতেছে বলিয়া জার্ম্মাণীর তরফ হইতে যে সংবাদ রটিয়াছে তাহা অন্যসূত্রেও সমর্থিত হইতেছে বলিয়াও আশা রাখে। ইতোমধ্যেই জার্ম্মাণী ইউক্রেণের জাতীয়দলের মধ্য হইতে এমন সব ভবিষ্যৎ ভাবেদার রাষ্ট্রগঠনের লোক স্থির করিয়া রাখিয়াছে, যাহারা জার্ম্মাণীর হাতে পুতুল মাত্র হইয়া থাকিবে। জনৈক আমেরিকান সংবাদদাতা বলেন, জার্ম্মাণীর এই সকল রাষ্ট্রগঠনের সমুদয় ব্যবস্থা, এমন কি দপ্তরের কাগজ, পেন্সিল, শীলমোহর পর্য্যন্ত ঠিক করিয়া রাখিয়াছে। জার্ম্মাণ বেতার-ঘাঁটি হইতে ঘোষণা করা হইতেছে যে, জার্ম্মাণী ইউক্রেণের বিরুদ্ধে লড়িতেছে না, তাহারা সোভিয়েট শাসন বিনষ্ট করিয়া ইউক্রেণের জনসাধারণের ব্যক্তিগত অধিকার প্রতিষ্ঠা করিতে চায়।

———

জাপানের পরবর্ত্তী লক্ষ্য কি?

জাপানের পররাষ্ট্র নীতি স্বভাবতঃই বহু সমস্যাকীর্ণ হইয়াছিল, জাপ-রুশ মৈত্রীর ফলে তাহা আরও বৃদ্ধি পাইল। কারণ জাপান যদি কোন সময়ে পূর্ব্বদিকে রাশিয়াকে আক্রমণ করে, তবে সঙ্কটজনক অবস্থার উদ্ভব হইতে পারে। তবে নাৎসী মহলে যাহারা ভিতরকার খবর রাখেন, তাঁহাদের ধারণা জাপানের পরবর্ত্তী চাল হইবে পূরাপূরি ইন্দোচীন দখল। ইহাতে বেশী সৈন্য নিয়োজিত করিবার প্রয়োজন নাই। জার্ম্মাণী ইহা ঘটিলেই খুব খুসী হইবে. কারণ জাপান যুদ্ধে নামিলে আমেরিকার নৌবহর প্রশান্ত মহাসাগরেই আটক থাকিতে বাধ্য হইবে।

———

জার্ম্মাণীতে ইস্তাহার বিলি

ষ্ট্যালিনের বক্তৃতার জার্ম্মাণ, হাঙ্গেরিয়ান, ও ফিনিস ভাষায় অনুবাদ করিয়া বিমান-পোতের সাহায্যে ও অন্যান্য উপায়ে শত্রু-সৈন্যের মধ্যে বিতরণ করা হইয়াছে। প্রায় ১ কোটি পুস্তিকা এই ভাবে বিতরণ করা হইয়াছে; জার্ম্মাণ ভাষায় অনুদিত পুস্তিকারই সংখ্যাই পঞ্চাশ হাজার।

জার্ম্মাণী পরিত্যাগী একজন বৈমানিক ও একজন অর্দ্ধপ্রৌঢ় ব্যক্তির আবেদনও মুদ্রিত আকারে জার্ম্মাণ সৈন্যদের মধ্যে বিতরণ করা হইয়াছে। হিটলারের বিরুদ্ধে বহু ব্যঙ্গচিত্রও যুদ্ধক্ষেত্রে সৈন্যদের হাতে পৌঁছাইয়া দেওয়া হইয়াছে। তাহা ছাড়া জার্ম্মাণ ভাষায় "সৈনিকের বন্ধু" ও রুমানিয়া ভাষায় "জন সাধারণের ভাষা" নামক দুইটি সংবাদ পত্র সৈন্যদের নিকট প্রচার করা হইতেছে। রাশিয়ার লাল ফৌজের মুখপত্র "রেডষ্টার" পত্রিকায় প্রকাশ যে, জনৈক বন্দী জার্ম্মাণ সৈন্যের কথাবার্ত্তায় ইহা স্পষ্ট বুঝা গিয়াছে যে, এই সকল প্রচার কার্য্যের ঈপ্সিত ফল ফলিতেছে।

———

জার্ম্মাণীর প্রচার কার্য্য

জার্ম্মাণ সৈন্যবাহিনীর আক্রমণের সঙ্গে সঙ্গে রাশিয়ার যুদ্ধে জার্ম্মাণ প্রচারকার্য্যও জোর চলিয়াছে। জার্ম্মাণ বেতার ঘাঁটি হইতে রাশিয়ার জনসাধারণকে বলা হইতেছে, তাহারা যেন ষ্ট্যালিনের বিরুদ্ধে বিদ্রোহ করে। বেগতিক দেখিলে খাদ্যদ্রব্য ও কলকারখানা নষ্ট করিবার জন্য ষ্ট্যালিন যে আবেদন করিয়াছে, তাহাতে যেন কেহ কর্ণপাত না করে। যাহারা ঐরূপ প্রচেষ্টায় বাধা দিবে তাহাদিগকে "মুক্তি" দেওয়া হইবে বলিয়া প্রতিশ্রুতি দেওয়া হইতেছে। সঙ্গে সঙ্গে আবার ভীতিপ্রদর্শনও চলিতেছে। যদি তাহারা গভর্ণমেণ্টের আজ্ঞা পালন করে, তবে কঠোর শাস্তি দেওয়া হইবে বলিয়া জানাইতেছে। পাছে ১৮১২ সালের পুনরাবৃত্তি ঘটে এজন্য জার্ম্মাণী বিশেষ চিন্তিত হইয়া পড়িয়াছে তাহাতে সন্দেহ নাই। যাহারা গরিলা যুদ্ধে অংশ গ্রহণ করিবে তাহাদিগকে লক্ষ্য করিয়া ঘোষণা করা হইতেছে যে পোল্যাণ্ডে জার্ম্মাণীর ক্ষতি করিতে যাহারা গোপনে চেষ্টা করিয়াছে, তাহাদিগকে কিরূপ শাস্তি দেওয়া হইয়াছে রাশিয়ার জন সাধারণ যেন তাহা স্মরণ রাখে। ইউক্রেণে জার্ম্মাণ প্রচারকার্য্য শক্তিপ্রদর্শন অপেক্ষা পুরস্কারের লোভই বেশী দেখাইতেছে। জার্ম্মাণী এখানে পঞ্চমবাহিনী গড়িয়া তুলিতে পারিবে।

———

রোভনো অঞ্চলে জার্ম্মাণ বাহিনী বাধাপ্রাপ্ত

জার্ম্মাণ যান্ত্রিকবাহিনী মস্কোর পথে তাহাদের প্রচলিত রীতি অনুসারেই চলিতেছে। একবার অগ্রসর হইতে আরম্ভ করিলে তাহারা আর পশ্চাদ্দিকে তাকায় না—পশ্চাৎবর্ত্তী বাহিনীর সহিত তাহাদের সংযোগ বিচ্ছিন্ন হইতে থাকিলেও এ বিষয়ে তাহারা লক্ষ্যই রাখে না। বর্ত্তমানে তাহাদের এইরূপ সংযোগ রক্ষিত হইয়াছে কিনা স্পষ্ট করিয়া বলা যায় না।

রোভনো অঞ্চল সম্বন্ধে জার্ম্মাণ ইস্তাহারে যে সকল সংবাদ প্রকাশিত হইয়াছে, তাহা পাঠ করিলে মনে হয়, জার্ম্মাণ বাহিনী এ অঞ্চলে বিশেষ সুবিধা করিতে পারে নাই। লাল ফৌজ এ অঞ্চলে বিশেষ তীব্র প্রতি-আক্রমণ চালাইয়াছে, এইরূপ আভাসও পাওয়া যাইতেছে।

———

রুমানিয়ার জনসাধারণের মনোভাব

রুমানিয়ার জনসাধারণ সরকারী দলের রাশ যুদ্ধে যোগদান সম্পর্কে মোটেই আশান্বিত নহে। রুমানিয়ার গভর্ণমেণ্ট বেসারাবিয়া পুনরুদ্ধার ও ওডেসা দখল করার কথা বলিয়া জনসাধারণকে এই যুদ্ধে উৎসাহিত করিবার চেষ্টা করিতেছেন বটে, কিন্তু জনসাধারণের মনোভাব অন্যরূপ। তাহারা আগে শান্তি-স্থাপন ও জার্ম্মাণদের হাত হইতে নিস্তার পাইলেই বাঁচে।

———

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম-এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। ইহাতে বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ নানাচিত্রও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গ্রথিত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা ও বর্ণের আলেখ্য ভূমিকা ও সূচীসহ অভূতপূর্ব্ব সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণরূপে গৌড়ীয় মিশনকর্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,
শ্রীযুক্ত সুধাংশুরঞ্জন নাথ এম্-এ, বি-এল্,
পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—২৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

বিজ্ঞাপন

'মেডিকেল ডিগ্রী' সংগ্রহ করুন

আয়ুর্ব্বেদিক হোমিওপ্যাথিক, ইউনানী,
চিকিৎসা পদ্ধতি পরীক্ষা ঘরে বসিয়া দিন।
বিনা খরচে প্রস্পেক্টাস লউন। ইংরাজী কিম্বা
উর্দ্দু ভাষায় পত্র ব্যবহার করিবেন।

প্রিন্সিপ্যাল ওল্ড ইণ্ডিয়ান
মেডিক্যাল কলেজ
আম্বালা সিটি

শুদ্ধভক্তিগ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪৲
২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
৩। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৲
৪। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০
৯। জৈবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। বাবণ আস্থর ॥০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয় গৌরব ।৵০
২১। গৌড়ীয়সাহিত্য ।৵০
২২। ভজন রহস্য ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী-টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল মাধ্বভাষ্য ॥০
২৭। মুকুন্দমালিকা স্তোত্রঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৵০ বাঁধা ৸০)
৩০। দ্বীপ-দিগ্দর্শন ৵০
৩১ সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা /১০
৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য (ছোট) ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী /১০
৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা ৸০
৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২॥০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক /১০
৪৬। অর্থপঞ্চক /১০
৪৭। সদাচারস্মৃতিঃ /১০
৪৮। কল্যাণকল্পতরু /১০
৪৯। অর্চ্চনকণ /০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৯৲
৫১। ব্রহ্মসংহিতা ॥০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ /৭
৬০। সাংখ্যবাণী /০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২॥০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৯৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৫। সটীকা শিক্ষাদশমূলম ।০
৬৬। তত্ত্বসূত্রম্ ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ /০
৬৯। নামসংকীর্ত্তনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥০
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ॥০
৭২। নামভজন /০
৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অণ্টলজি ॥০
৭৪। রিলেটীভ ওয়ার্ল্ডস্ ।৶০
৭৫। লাইফ য়্যাণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০
৭৬। বৈষ্ণবীজম্ ॥০
৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং /০
৭৮। দি ভাগবত ।০
৭৯। ইত্রো টক প্রিন্সিপাল এণ্ড আনম্যালয়েড ডিভোশন ।০
৮০। ব্রহ্মসংহিতা ॥০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৪৲
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০
৮৫। সাধনপথ ॥০
৮৬ কল্যাণকল্পতরু /১০
৮৭। গীতাবলী /১০
শরণাগতি /০
৮৯। শ্রীসচ্চিদানন্দবাণী ।৶০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ॥০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ॥০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীল প্রভুপাদের হরিকথা

—— :•:(•):•:——

হরি সকলের প্রভু, আর সকলেই তাঁহার সেবক। হরিকথা শ্রবণ করাও তাঁহার সেবা। যে সকল কথা জগতের ব্যবহারের অঙ্গ, তাহার নাম হরিকথা নহে। হরিকথাকীর্ত্তনকারী গুরু আর শ্রবণকারী শিষ্য। হরিকথা শুনিবে কে?—শুদ্ধসত্ত্বগুণবিশিষ্ট ব্যক্তি। যাঁহারা শুনিতে দ্বিধাবোধ করিবে, তাহাদের নিকট হরিকথা কীর্ত্তন করিলে তাহাদের কিছু মঙ্গল হইবে না। শুনিতে কৌতূহল হওয়া দরকার। বৃথা সময় নষ্ট করার প্রয়োজন হইলে অন্য চিন্তাস্রোত আসিবে। আমরা যদি অতি সৌভাগ্যবান্ হই, তবেই শুদ্ধ হরিকথার অনুসন্ধান করিব। যে দিন ভগবৎকথা আলোচনার সুযোগ না হয়, সেইদিনই দুর্দ্দিন; মেঘাচ্ছন্ন দিন দুর্দ্দিন নহে।

সাধুসঙ্গ কায়িক, বাচনিক ও মানসিক এই তিনপ্রকারে হইয়া থাকে। কর্ণদ্বারা সাধুর উপদেশ শ্রবণ, শরীর দ্বারা সাধুসেবা, মনদ্বারা তাঁহাদের কথা মনন ও চরণ-চিন্তন এবং বচনদ্বারা সাধুর গুণকীর্ত্তন ও সাধুমুখশ্রুত বাণীর কীর্ত্তন করিতে হইবে। প্রথমে নামকীর্ত্তন। নাম বলিলে রূপ বুঝায় না। রূপসম্বন্ধী নাম কীর্ত্তন হইলে রূপকীর্ত্তন হইবে। এইরূপে ক্রমে গুণ-নামকীর্ত্তন, পরিকর-বৈশিষ্ট্য-নামকীর্ত্তন, লীলানাম-কীর্ত্তন আসিবে। তখন নামরূপ-গুণ-লীলা পূর্ণমাত্রায় উদিত হইবে। কাহার নিকট শ্রবণ করিতে হইবে? যিনি মুক্তপুরুষ, তাঁহার নিকট। যাঁহার অনর্থনিবৃত্তি হয় নাই, যিনি নিজোদরতর্পণার্থ ভাগবতকে উপজীবিকা করিয়াছেন, তাঁহার মুখে কখনও ভাগবতকথা কীর্ত্তন হয় না, তাহা শ্রবণ করিলে ফল বিপরীতই হইবে।

লক্ষ্ণৌএ শ্রীবিগ্রহ-প্রতিষ্ঠা

শ্রীমন্মহাপ্রভুর নিজজন পতিতপাবন-শিরোমণি জগদ্‌গুরু ও বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের অহৈতুকী ভুবনমঙ্গলময়ী কৃপায় ও গৌড়ীয়মিশনের গভর্ণিংবডির সেবোদ্যোগে লক্ষ্ণৌ শ্রীগৌড়ীয়মঠে গত ১৬ই জুলাই, ৩২শে আষাঢ়, বুধবার নিত্যলীলা-প্রবিষ্ট শ্রীল লোকনাথ গোস্বামী প্রভুর বিরহতিথিতে মহাসংকীর্ত্তনমুখে শ্রীশ্রীগৌর-সুন্দর ও শ্রীশ্রীগান্ধর্ব্বিকাগিরিধারীজীউ শ্রীঅর্চ্চাবতাররূপে প্রকটিত হইয়াছেন। শ্রীবিগ্রহ-প্রাকট্যোৎসবের জন্য গৌড়ীয়-মিশনের পরিচালকসমিতি হইতে ভারপ্রাপ্ত ত্রিদণ্ডিপ্রবর শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ গোস্বামী মহারাজ গত ১৩ই জুলাই লক্ষ্ণৌএ শুভবিজয় করিয়া হরিকথা কীর্ত্তন করেন।

ঐ দিবস গুরুবৈষ্ণববন্দনা, পঞ্চতত্ত্ব ও বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তন হইলে শ্রীচৈতন্যভাগবত-পারায়ণ আরম্ভ হয়। শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ গোস্বামী মহারাজ শ্রীভক্তিরত্নাকর গ্রন্থ হইতে শ্রীল লোকনাথ গোস্বামী প্রভুর বিষয় পাঠ করেন। সমস্ত দিন হরিকীর্ত্তন ও হরিকথা আলোচনা হইতে থাকে। সন্ধ্যায় শ্রীপাদ ব্রজেশ্বরী-প্রসাদ ভক্তিভাস্কর প্রভু, উপদেশক শ্রীপাদ রূপবিলাস ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু বক্তৃতা-মুখে হরিকথা কীর্ত্তন করিলে শ্রীল তীর্থ-গোস্বামী মহারাজ শ্রীবিগ্রহ প্রতিষ্ঠার তাৎপর্য্য শ্রীবিগ্রহপ্রতিষ্ঠাকারী শ্রীগুরুপাদপদ্মের মহিমার কথা বক্তৃতামুখে কীর্ত্তন করেন। ঐ দিবস রাত্রিতে বহু ব্যক্তিকে বিচিত্র মহা-প্রসাদ বিতরণ করা হয়।

গত ১৭ই জুলাই শ্রীল তীর্থ গোস্বামী মহারাজকে অগ্রণী করিয়া একটী বিরাট্ নগরসংকীর্ত্তন শোভাযাত্রা বহির্গত হইয়াছিল।

গত ১৮ই জুলাই শুক্রবার লক্ষ্ণৌএর কান্যকুব্জ কলেজে শ্রীল মহারাজ সনাতন ধর্ম্ম সম্বন্ধে একটী বক্তৃতা প্রদান করেন। শ্রীল মহারাজের শ্রীমুখে বীর্য্যবতী হরিকথা শ্রবণ করিয়া শ্রোতৃবৃন্দ আকৃষ্ট হন। ঐ দিবস সন্ধ্যায় শ্রীল মহারাজ কতিপয় ভক্তসহ শ্রীচৈতন্যবাণী-প্রচারার্থ দিল্লী অভিমুখে রওনা হন।

শ্রীল লোকনাথ গোস্বামী প্রভু

——::[•]::——

শ্রীল লোকনাথ গোস্বামী প্রভু শ্রীমন্মহা-প্রভুর একান্ত নিষ্কিঞ্চন বিরক্ত পার্ষদ গোস্বামিগণের অন্যতম। যদিও শ্রীচৈতন্য-চরিতামৃতে মাত্র একটীবার শ্রীল লোকনাথ প্রভুর নামমাত্র দৃষ্ট হয়, তথাপি তাঁহার নিষ্কিঞ্চনতা ও ভজনপ্রবীণতার কথা শুদ্ধ-ভক্তমাত্রেই অবগত আছেন। একান্ত-বিরক্ত শ্রীলোকনাথ প্রভু অতিশয় দৈন্যবশতঃ তাঁহার নিজ চরিত্র শ্রীচৈতন্যচরিতামৃতাদি-গ্রন্থে বর্ণন করিতে নিষেধ করিয়া থাকিবেন। এইজন্যই আমরা তাঁহার চরিত্র বা ভজন-চেষ্টার বিষয়ে কোন পরিচয় শ্রীচৈতন্য-চরিতামৃত বা শ্রীচৈতন্যভাগবতে দেখিতে পাই না। শ্রীভক্তিরত্নাকর ও শ্রীনরোত্তম-বিলাস প্রভৃতি গ্রন্থে শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয়ের চরিত্র-প্রসঙ্গে শ্রীলোকনাথ প্রভুর নিষ্কিঞ্চন ও বিরক্ত আদর্শ চরিত্রের কথা দেখিতে পাই।

শ্রীল লোকনাথ প্রভুর পূর্ব্বাশ্রমের বাসস্থান যশোহরের অন্তর্গত তালখড়ি গ্রামে এবং তৎপূর্ব্বে কাঁচনাপাড়ায় ছিল। ইঁহার পিতার নাম শ্রীপদ্মনাভ ভট্টাচার্য্য। ইঁহার একমাত্র অনুজ প্রগল্ভ। শ্রীমন্মহাপ্রভুর আজ্ঞায় শ্রীলোকনাথ প্রভু ব্রজমণ্ডলে বাস করিয়া একান্ত নিষ্কিঞ্চনভাবে ভজনে মগ্ন থাকেন। তিনি ব্রজমণ্ডলের দ্বাদশবনের অন্যতম খদির-বনে ভজন করিতেন। তিনি নিষ্কিঞ্চন ভজনানন্দীর আদর্শ প্রদর্শন করিয়া দৈন্যবশতঃ কাহাকেও শিষ্য করিতে ইচ্ছুক ছিলেন না। খেতুরীর রাজকুমার, নৈষ্ঠিকব্রহ্মচর্য্য-ব্রতলীলা ধৃক্ শ্রীল নরোত্তম ঠাকুর শ্রীল লোকনাথ গোস্বামী প্রভুর ব্রজবাসকালে তাঁহার বহু সেবা ও অকপটে তাঁহার কৃষ্ণসেবায় সহায়তা করিয়া শ্রীলোকনাথের বিশেষ প্রীতি আকর্ষণ করেন। তাই শ্রীনরোত্তমের অনুপম ঐকান্তিকতায় শ্রীলোকনাথ একমাত্র শ্রীল ঠাকুর মহাশয়কে তাঁহার প্রথম ও শেষ শিষ্য বলিয়া গ্রহণ করিয়াছিলেন।

শ্রীল ঠাকুর মহাশয় শ্রীল লোকনাথ গোস্বামী প্রভুর আদেশে খেতুরীতে গিয়া তথায় ভগবৎসেবা প্রকাশ করেন। শ্রীল নরোত্তম ঠাকুর নিত্যসিদ্ধ গৌরজন। শ্রীল লোকনাথ গোস্বামী প্রভু খদিরবনে ভজন করিতে করিতে নিত্যলীলায় প্রবেশ করেন। তথায় শ্রীলোকনাথ প্রভুর সমাধি আছে।

গৌড়ীয়মিশনের সেবাইত এর মোকর্দ্দমা

(প্রাপ্ত)

জগদ্‌গুরু ও বিষ্ণুপাদ আচার্য্যবর্য্য শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী মহারাজ ১নং বিবাদী ও গৌড়ীয়মিশনের সেক্রেটারী মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ ২নং বিবাদীর বিরুদ্ধে বিগত ১৯৪০ সনের ২রা ডিসেম্বর তারিখে বাবু পরমানন্দ ও বাবু কুঞ্জবিহারী সাহা বাদীদ্বয় মহামান্য হাইকোর্টে এক স্বত্বের মোকদ্দমা উপস্থিতক্রমে জানাইয়াছেন যে, শ্রীচৈতন্যমঠের শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারী-শ্রীবিগ্রহ-গণ গৌড়ীয়মিশনের যাবতীয় সম্পত্তির একমাত্র স্বত্বাধিকারী এবং প্রভুপাদ শ্রীল ভক্তি-সিদ্ধান্ত-সরস্বতী গোস্বামিমহারাজ তদীয় ১৯২৩ সনের ১৮ই মে তারিখের সম্পাদিত উইল দ্বারা উক্ত বাদীদ্বয় ও ১নং বিবাদীকে উক্ত শ্রীবিগ্রহগণের সেবাইত নিযুক্ত করিয়া গিয়াছেন।

উক্ত মোকদ্দমা-সংক্রান্ত গৌড়ীয়মিশনের যাবতীয় সম্পত্তি রক্ষণাবেক্ষণ জন্য একজন রিসিভার আদালত কর্ত্তৃক নিযুক্ত হওয়ার প্রস্তাব উপস্থিত হইলে গৌড়ীয়মিশন একটী প্রগতিশীল সম্ভ্রান্ত প্রতিষ্ঠান, জগতের পারমার্থিক কল্যাণকার্য্যে নিযুক্ত আছেন এবং ভারতের সর্ব্বত্র ও বিলাতে পঞ্চাশ মঠ পরিচালিত হইতেছে জানিয়া মহামান্য হাইকোর্টের সুযোগ্য বিচারপতি বাহিরের কোন ব্যক্তিকে রিসিভার নির্ব্বাচন না করিয়া বাদীর সম্মতিমতে গৌড়ীয়মিশনের প্রেসিডেণ্ট ও আচার্য্য শ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরকে বিগত ২৩.৭.৪১ তারিখে রিসিভার নিযুক্ত করিয়াছেন। যে মহাপুরুষের আনুগত্য বরণ করিয়া এই প্রতিষ্ঠানটী জগতের প্রকৃত কল্যাণ-সাধনের প্রয়াস পাইতেছে, তাঁহার কৃপাকটাক্ষে রিসিভারের কার্য্য যে অতি সুন্দররূপে পরিচালিত হইবে, তাহাতে কোন সন্দেহ নাই। মহামান্য হাইকোর্টের এইরূপ সুনির্ব্বাচন ভূয়সী প্রশংসার যোগ্য, সন্দেহ নাই।

গৌড়ীয়মিশনের সেক্রেটারী (২নং বিবাদী) উক্ত মোকদ্দমায় এক দরখাস্ত দাখিল করিয়া জানাইয়াছেন যে, শ্রীল প্রভুপাদের পত্রাদির উইলের মর্ম্মানুসারে বাদীদ্বয় এখনও সেবাইত নিযুক্ত হয় নাই। অতএব তিনি প্রার্থনা করিয়াছেন যে, উক্ত বিষয় বিচারের জন্য এক 'ইস্যু' ধার্য্য করা হউক। এই বিষয় বিগত ৮.৭.৪১ তারিখে শুনানীর সময়ে উপস্থিত হইলে বাদি-পক্ষের ব্যারিষ্টার মিঃ এস্. দাস (বুদ্ধবাবুর জামাতা) সম্মুখের টেবিলে বহু আইনের পুঁথি সাজিয়া ও তাহা ঘাটিয়া প্রচার করেন যে, বাদিগণ শ্রীল প্রভুপাদ-কর্ত্তৃক মৌখিকভাবে সেবাইত নিযুক্ত হয়, তাহা বহু দলিলে উল্লিখিত এবং উইলেও তাহা প্রচারিত হইয়াছে। কিন্তু মহামান্য হাইকোর্টের সুবিজ্ঞ বিচারপতি যখন উক্ত কৌঁসুলীকে জিজ্ঞাসা করিলেন,—"আপনার উক্তিসমূহ বাদীর আরজির কোন্ দফায় লিপিবদ্ধ হইয়াছে?" তাহাতে সেই কৌঁসুলীটী নানা অগাধ জলে পড়িয়া হাবুডুবু খাইতে লাগিলেন, কোন স্থানে দাঁড়াইবার সুবিধা না পাইয়া অবশেষে বলিতে বাধ্য হইলেন—'Then, my Lord, I shall amend the plaint'. অর্থাৎ আমি আরজীটী পরিবর্ত্তন করিয়া নিব। তাঁহার এরূপ অবস্থা দর্শনে ও বক্তৃতা-ভঙ্গী শ্রবণে আদালতে উপস্থিত তাঁহার সমবয়স্ক ব্যারিষ্টারগণ হাস্য সংবরণ করিতে পারেন নাই। এমন সময় সেইদিনের জন্য আদালত উঠিয়া গেলে উক্ত কৌঁসুলী সাহেব হাঁফ ছাড়িয়া বাঁচিলেন। তৎপরদিন সেই বুদ্ধিমান্ যুবকটী আর এইরূপ [illegible] পথে অগ্রসর হন নাই, তৎপরিবর্ত্তে এক সুযোগ্য ব্যারিষ্টার উপস্থিত হইয়া শ্রীল প্রভুপাদ সেবাইতগণকে মৌখিকভাবে নিযুক্ত করিয়া-ছেন উপর্যুক্ত কথা আরজিতে সংশোধন করা নিতান্ত প্রয়োজন, [illegible] নিকট নিবেদন জ্ঞাপন করেন। তদনুসারে আদালত বাদি-পক্ষের প্রার্থিত আরজি সংশোধন-দরখাস্ত দাখিল। জজ দশদিনের সময় মঞ্জুর করেন এবং বর্ত্তমান মোশনের খরচ বাদি-গণ বিরুদ্ধে ডিক্রি প্রদান করেন।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীস্বধবন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক—শ্রী ভবদ্ধিছদ দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগপীঠ মায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশুভাবদাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রী অদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীব্রজ...চারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরেরাম ব্রহ্মচারী

কাজির সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলানন্দ ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীসঙ্কীর্ত্তন দাসাধিকারী

শ্রীগৌরগদাধর মঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীধামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅনুভানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠাসন
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধবগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীরামশরণ ব্রহ্মচারী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদবান্ধববিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাশাংবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসভাগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরাসং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীচন্দ্রশশ দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন-মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা মথুরা
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেষশায়ী
পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
আলবরনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাশ্রয় ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীযদুমণি দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁধগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাণীবাঁধ, বর্দ্ধমান
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ডুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাঙ্কেষ্টার রোড, ষ্টাউড গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১০।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

লক্ষ্ণৌ গৌড়ীয়মঠ
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুশ রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅভয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরাবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীবক্তিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

———

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীমনীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

সজ্জন কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিস্তৃত ভাষ্যসহ প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৵৹

প্রাপ্তিস্থান -
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৮০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ৬ শ্রীধর, গৌরাব্দ ৪৫৫, ৮ই শ্রাবণ, বঙ্গাব্দ ১৩৪৮ ২৪শে জুলাই ইং ১৯৪১, বৃহস্পতিবার { ১১৮ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৬ শ্রীধর আদি কারণোদশায়ী গৌরাব্দ ৪৫৫

শ্রীনামকীর্ত্তন

মনোধর্ম্মবশতঃ অনেকে মনে করেন যে, স্মরণ মুখ্য ভজন। কিন্তু শ্রীমন্মহাপ্রভু ও গোস্বামিগণের সিদ্ধান্তানুসারে শ্রীনাম-কীর্ত্তনই মুখ্য ভজন। শ্রীনামসংকীর্ত্তনই ভক্তির মধ্যে শ্রেষ্ঠতম। স্মরণাদি কীর্ত্তন বা শ্রীনামকীর্ত্তনেরই অধীন। কীর্ত্তন ছাড়িয়া পৃথগ্‌ভাবে স্মরণাদিচেষ্টা জড়-প্রতিষ্ঠা-সম্ভার সংগ্রহ মাত্র। শ্রীনামকীর্ত্তন সদ্য প্রেমসম্পত্তি-দানে সমর্থ। শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু বলিয়াছেন,—

ভজনের মধ্যে শ্রেষ্ঠ নববিধা ভক্তি।
কৃষ্ণপ্রেম, কৃষ্ণ দিতে ধরে মহাশক্তি॥
তার মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ নাম-সংকীর্ত্তন।
নিরপরাধে নাম লৈলে পায় প্রেমধন॥

শ্রীনাম জীবের একমাত্র সাধ্য ও সাধন। শ্রীনামকীর্ত্তন ব্যতীত পরমপ্রয়োজন-লাভের অন্য কোন উপায় নাই—নাই—নাই। সংকীর্ত্তন বা উচ্চকীর্ত্তন-দ্বারা একাধারে স্বার্থপরতা ও পরার্থপরতা সিদ্ধ হয়। যাঁহাদের কর্ণে উচ্চ-কীর্ত্তনের ধ্বনি প্রবিষ্ট হয়, তাঁহারাও মঙ্গল লাভ করেন; আর কীর্ত্তনকারীরও একাধারে হরিনাম কীর্ত্তন, শ্রবণ ও স্মরণ হয়। শ্রীভগবান্ অর্জ্জুনকে বলিয়াছেন,—

মচ্চিত্তা মদ্গতপ্রাণা বোধয়ন্তঃ পরস্পরম্।
কথয়ন্তশ্চ মাং নিত্যং তুষ্যন্তি চ রমন্তি চ॥
তেষাং সততযুক্তানাং ভজতাং
প্রীতিপূর্ব্বকম্।
দদামি বুদ্ধিযোগং তং যেন মামুপযান্তি তে॥
(গীঃ ১০।৯-১০)

পণ্ডিতগণ আমাতে চিত্ত ও প্রাণ সম্যগ্‌রূপে অর্পণপূর্ব্বক মদ্গতচিত্ত ও মদ্গতপ্রাণ হইয়া পরস্পর ভাব-বিনিময় ও আমার কথা কীর্ত্তনপূর্ব্বক সন্তোষ ও আনন্দ লাভ করেন। যাঁহারা শ্রবণ-কীর্ত্তনাদি ভক্তিযোগ দ্বারা সতত আমাতে যুক্ত হইয়া প্রীতিপূর্ব্বক আমার ভজন করেন, আমি তাঁহাদিগকে বুদ্ধিযোগ প্রদান করিয়া থাকি, তদ্দ্বারা তাঁহারা আমার পরানন্দধাম লাভ করেন।

কীর্ত্তন-প্রভাবে শ্রবণ, কীর্ত্তন ও স্মরণরূপ ত্রিবিধ ভক্ত্যঙ্গ যুগপৎ সাধিত হয় বলিয়া চিত্ত সহজে ভগবৎপাদপদ্মে সংলগ্ন হইয়া থাকে। শ্রীমদ্ভাগবত বলিতেছেন,—

শৃণ্বতঃ শ্রদ্ধয়া নিত্যং গৃণতশ্চ স্বচেষ্টিতম্।
নাতিদীর্ঘেণ কালেন ভগবান্ বিশতে হৃদি॥
(ভাঃ ২।১০।৫)

যিনি শ্রীহরির সুমঙ্গলময়ী কথা শ্রদ্ধাপূর্ব্বক নিত্য শ্রবণ ও কীর্ত্তন করিয়া থাকেন, ভগবান্ অচিরকালমধ্যেই সেই ভক্তের স্বপ্রযত্ন-ব্যতীত স্বয়ং তাঁহার হৃদয়ে আসিয়া উপস্থিত হন।

'আমি ভগবানের নিত্যদাস'—এইরূপ ভগবানের সহিত সম্বন্ধই স্মৃতি। সাধুসঙ্গে সংকীর্ত্তন-প্রভাবেই ইহা লাভ হয়। শ্রবণ-কীর্ত্তনরত ভক্তগণ ভক্তিকে নিজায়ত্ত বলিয়া গণনা করেন না; পরন্তু প্রভুর মহা-প্রসাদ বলিয়াই জানেন। তাঁহারা কৃপার প্রতি সম্পূর্ণ নির্ভরশীল। তাঁহারা জানেন, শ্রবণ বা কীর্ত্তন সবই ভগবৎ-কৃপাসাপেক্ষ। নিজচেষ্টায় কেহ কখনও ভগবান্‌কে দর্শন করিতে সমর্থ হয় না। শ্রীহরির কৃপাতেই জীব ভগবদ্দর্শন লাভ করিয়া ধন্য হন। সংকীর্ত্তনমুখেই জীবের ভগবদ্দর্শন লাভ হইয়া থাকে। ভগবানের প্রসাদ হইতে সেবোন্মুখ-জিহ্বায় সংকীর্ত্তন প্রকাশিত হইয়া থাকে। নিজ-পৌরুষবলে উহা কখনও সাধিত হয় না। ভগবৎপ্রসাদে কোন বিঘ্নই ভক্তের কিছু করিতে পারে না। সেবোন্মুখ ব্যক্তির ভজনের বিঘ্নসমূহ ভগবৎ-কৃপাতেই বিদূরিত হয়। শ্রীল সনাতন গোস্বামী প্রভু লিখিয়াছেন,—

বিচিত্রলীলা-রস-সাগরস্য
প্রভোর্বিচিত্রাৎ স্ফুরিতাৎ প্রসাদাৎ।
বিচিত্র-সংকীর্ত্তন-মাধুরী সা
ন তু স্বযত্নাদিতি সাধু সিদ্ধম্॥
(বৃঃ ভাঃ)

এক শ্রীনামসংকীর্ত্তনের দ্বারাই নববিধা ভক্তি সাধিত হয়। কলিযুগের লোকের চিত্তবৃত্তি সর্ব্বদাই বাহ্যবিষয়ে প্রধাবিত। সত্যে চতুষ্পাদ ধর্ম্ম ছিল, লোকের চিত্ত সত্যে প্রতিষ্ঠিত থাকায় অধোক্ষজবস্তুর ধ্যান অতি সহজেই হইত। কিন্তু একপাদ মাত্র ধর্ম্মবিশিষ্ট কলিযুগে ধ্যান সম্ভবপর নহে। তাই শ্রীমদ্ভাগবত বলিতেছেন,—

কৃতে যদ্ধ্যায়তো বিষ্ণুং ত্রেতায়াং
যজতো মখৈঃ।
দ্বাপরে পরিচর্য্যায়াং কলৌ তদ্ধরিকীর্ত্তনাৎ॥
(ভাঃ ১২।৩।৫২)

শ্রীবিষ্ণুপুরাণেও উক্ত হইয়াছে,—

ধ্যায়ন্ কৃতে যজন্ যজ্ঞৈস্ত্রেতায়াং
দ্বাপরেঽর্চ্চয়ন্।
যদাপ্নোতি তদাপ্নোতি কলৌ সংকীর্ত্ত্য
কেশবম্॥

সত্যযুগে বিষ্ণুর ধ্যানের দ্বারা, ত্রেতাযুগে যজ্ঞদ্বারা এবং দ্বাপরে পরিচর্য্যা-দ্বারা যাহা লাভ হইত, কলিতে একমাত্র হরিকীর্ত্তন-দ্বারাই তাহা লভ্য হয়।

শ্রীল সনাতন গোস্বামিপ্রভু শ্রীবৃহদ্‌ভাগবতামৃতে লিখিয়াছেন,—

জয়তি জয়তি নামানন্দরূপং মুরারে-
র্বিরমিতনিজধর্ম্ম-ধ্যান-পূজাদিযত্নম্।
কথমপি সকৃদাত্তং মুক্তিদং প্রাণিনাং যৎ
পরমমমৃতমেকং জীবনং ভূষণং মে॥

শ্রীকৃষ্ণের আনন্দস্বরূপ শ্রীনাম জযযুক্ত হউন। শ্রীনাম সর্ব্বোৎকর্ষতার সহিত বিরাজ করুন। শ্রীনাম-উচ্চারণ দ্বারা বর্ণাশ্রমাদি ধর্ম্ম, ধ্যান ও পূজাদির যত্ন সর্ব্বতোভাবে নিরাকৃত হয়। কোন প্রকারে নাম একবার উচ্চারিত হইলেও অর্থাৎ নামাভাস হইলেও প্রাণিগণের সম্বন্ধে তাহা মুক্তিপ্রদ হয়। শ্রীনাম পরম অমৃতস্বরূপ এবং তাহা একমাত্র আমার জীবন ও ভূষণ।

শ্রীল শ্রীধরস্বামিপাদ বলিতেছেন,—

জ্ঞানমস্তু তুলিতঞ্চ তুলায়াং
প্রেম নৈব তুলিতং তু তুলায়াম্।
সিদ্ধিরেব তুলিতাত্র তুলায়াং
কৃষ্ণনাম তুলিতং ন তুলায়াম্॥

জ্ঞান ও সিদ্ধি এই দুই বস্তু তৌলদণ্ডে মাপা হইয়াছে, কিন্তু কৃষ্ণনাম ও কৃষ্ণপ্রেম এই দুই বস্তু এখনও তুলিত হয় নাই অর্থাৎ কৃষ্ণনাম ও কৃষ্ণপ্রেম পরিমেয় বস্তু নহেন, তাহারা অনন্ত ও মানব-জ্ঞানের অতীত। এই কৃষ্ণনাম ও কৃষ্ণপ্রেমের তুলনা আর কোথাও কিছুই নাই। শ্রীল-শ্রীধরস্বামিপাদ আরও বলিতেছেন,—"হে ভগবন, যদিও তোমার অঙ্গের প্রভাস্বরূপ নির্গুণ ব্রহ্ম সর্ব্বদা সর্ব্বত্র বিরাজিত আছেন, তথাপি তিনি সংসার বৃক্ষের একটীমাত্র পত্রও ছিন্ন করিতে সমর্থ হন না, কিন্তু হে প্রভো!

স্বর্ণকালের জন্যও যদি তোমার নাম জিহ্বাগ্রস্ত হন, তাহা হইলে ঐ নাম পাপাবধূক কেসমূলে উৎপাটিত করিয়া দেন, অতএব তোমার অঙ্গপ্রতঙ্গ অপেক্ষা তোমার সাক্ষাৎ আত্মস্বরূপ শ্রীনামই শ্রেষ্ঠ ও একান্ত সেব্য।

স্বয়ং ভগবান্ শ্রীমহাপ্রভু বলিয়াছেন,—

বল কৃষ্ণ, ভজ কৃষ্ণ, লহ কৃষ্ণনাম।
অহর্নিশ শ্রীকৃষ্ণচরণ কর ধ্যান ॥
যাবৎ আছয়ে প্রাণ, দেহে আছে শক্তি।
তাবৎ করহ কৃষ্ণপাদপদ্মে ভক্তি ॥
কৃষ্ণ মাতা, কৃষ্ণ পিতা, কৃষ্ণ প্রাণধন।
চরণে ধরিয়া বলি—কৃষ্ণে দেহ' মন ॥
বল কৃষ্ণ, ভজ কৃষ্ণ, লও কৃষ্ণনাম।
কৃষ্ণ বিনু কেহ কিছু না ভাবিহ আন ॥

ঋগ্বেদ বলিতেছেন,—

ওঁ আহস্য জানন্তো নাম চিদ্বিবিক্তন্।
মহস্তে বিষ্ণো সুমতিং ভজামহে ॥

হে বিষ্ণু, তোমার নাম চিৎস্বরূপ, অতএব তাহা স্বপ্রকাশরূপ। এই নামের উচ্চারণাদিমাহাত্ম্য সম্যক্ না জানিয়া, তাহা আভাসেও অবগত হইয়া যদি কেহ তোমার নাম উচ্চারণ করেন তাহা হইলেও তিনি তোমার তত্ত্ব অবগত হন শুধু অবগত হওয়াই বা বলি কেন, ঐ নাম উচ্চারণ হইতেই জীব পরমপদ লাভ করিয়া থাকেন।

শ্রীপ্রহ্লাদ মহাশয় বলিতেছেন,—

নামোচ্চারণ-মাহাত্ম্যং শ্রূয়তে মহদদ্ভুতম্।
যদুচ্চারণ-মাত্রেণ নরো যায়াৎ পরং পদম্ ॥

কোন নামপরায়ণ ভক্ত বলিতেছেন,—

স্বর্গার্থীয়াব্যবসিতিরসৌ দীনয়ত্যেব লোকান্
মোক্ষাপেক্ষা জনয়তি জনং কেবলং
ক্লেশভাজম্।
যোগাভ্যাসঃ পরমবিরসস্তদৃশৈঃ কিং
প্রয়াসৈঃ
সর্ব্বং ত্যক্তা মম তু রসনা কৃষ্ণকৃষ্ণেতি
রৌতু ॥

শ্রীনামকীর্ত্তনকারী ভক্তগণ নিরন্তর হরিনামানুকীর্ত্তনে মত্ত থাকিয়া সমস্ত বিশ্বকে শ্রীনামকীর্ত্তনের উপদেশ দিতেছেন। শুধু ভক্তগণ কেন, মৃদঙ্গ-করতাল প্রভৃতি বাদ্যযন্ত্রগুলিও ভগবানের সেবা করিতে উপদেশ দিয়া থাকেন। মৃদঙ্গ আমাদিগকে উপদেশ-দানে বলিতে থাকেন,—

যেষাং শ্রীমদ্-যশোদাসুতপদকমলে নাস্তি
ভক্তির্নরাণাং
যেষামাভীরকন্যা-প্রিয়কথনে নানুরক্তা
রসজ্ঞা।
যেষাং শ্রীকৃষ্ণলীলা-ললিতগুণকথা-সাদরৌ
নৈব কর্ণৌ
ধিক্ তান্ ধিক্ তান্ দিগেতান্ কথয়তি
নিতরাং কীর্ত্তনস্থো মৃদঙ্গঃ ॥

শ্রীমান্ যশোদানন্দন শ্রীকৃষ্ণের চরণকমলে যে সকল ব্যক্তির ভক্তি নাই, "ধিক্ তান্"—তাহাদিগকে ধিক্। গোপীপ্রিয় শ্রীকৃষ্ণের গুণকীর্ত্তনে যাহাদের জিহ্বা আসক্ত নহে, "ধিক্ তান্"—তাহাদিগকে ধিক্। যাহাদের কর্ণ শ্রীকৃষ্ণের লীলাকথা-শ্রবণে অনুরক্ত নহে, "দিগ্ এতান্"—ইহাদিগকে ধিক্। কীর্ত্তনকালে মৃদঙ্গ এই কথাই বলিয়া থাকেন।

করতাল বাদ্যচ্ছলে বলিয়া থাকেন,—

মৃত্যুং জয়েয়ং শমনং জয়েয়ং তৎ
কিঙ্করাংশ্চাপি সুখং জয়েয়ম্।
শ্রুত্বেতি দূরাৎ করতালশব্দং সংকীর্ত্তনং তে
খলু নোপযান্তি ॥

"মৃত্যুকে জয় করিব, শমনকে জয় করিব এবং তাঁহার কিঙ্করগণকে জয় করিব"—করতালের এই শব্দ দূর হইতে শুনিয়া মৃত্যু, শমন ও তাঁহাদের কিঙ্করগণ সংকীর্ত্তনকারীর নিকটে আসিতে পারে না।

জগদ্গুরু শ্রীল প্রভুপাদগোস্বামিপ্রভু বলিয়াছেন,—"কলিযুগে স্বভাবতঃই অতি দরিদ্র জীবগণের মধ্যে কীর্ত্তনাখ্যা ভক্তি স্বয়ং আবির্ভূত হইয়া অনায়াসেই তাঁহাদিগকে পূর্ব্ব পূর্ব্ব যুগোচিত মহা মহা সাধনলভ্য সমস্ত ফলই প্রদানপূর্ব্বক কৃতার্থ করিয়া থাকেন, যেহেতু কলিযুগে এই সংকীর্ত্তনদ্বারাই ভগবানের বিশেষ সন্তোষ জন্মে। এস্থলে কলিযুগ মাহাত্ম্য-বর্ণনপ্রসঙ্গে কীর্ত্তনেরই গুণোৎকর্ষ অর্থাৎ সর্ব্বশ্রেষ্ঠ গুণবর্ণন অভিপ্রেত, যেহেতু কেবলমাত্র এই কীর্ত্তনাখ্যা ভক্তিবিষয়েই কাল-দেশাদি-নিয়ম নিষিদ্ধ হইয়াছে। অতএব সর্ব্বযুগেই শ্রীকৃষ্ণ কীর্ত্তনাখ্যা ভক্তির সামর্থ্য সমান, কিন্তু কলিযুগে স্বয়ং ভগবান্ কৃপাপূর্ব্বক তাহা গ্রহণ (প্রচারার্থ স্বীকার) করিয়াছেন; এই নিমিত্ত কীর্ত্তনের সেই সকল প্রশংসা স্থাপিত হইয়াছে। অতএব কলিযুগে যদি অন্যান্য (নব প্রকার বা চতুঃষষ্টি প্রকার বা সহস্র প্রকার) ভক্তি অনুশীলন করিতে হয়, তাহা হইলে সেই কীর্ত্তনের সহযোগেই যে সেই সকল ভক্তি সাধন করিবে, ইহাই কথিত হইয়াছে। সুমেধা অর্থাৎ পণ্ডিতগণ কলিযুগে সংকীর্ত্তনপ্রধান যজ্ঞ (ক্রিয়া)-দ্বারা ভগবানের আরাধনা করিয়া থাকেন। তন্মধ্যে (অনধিকারীর রূপ-গুণ-পরিকর-লীলা-কীর্ত্তনাদির নিমিত্ত অবৈধ অক্ষরাদি সংযোগপূর্ব্বক গান অপেক্ষা) কেবল স্বতন্ত্র শুদ্ধনাম-কীর্ত্তনই অতিশয় প্রশস্ত। কেবলমাত্র হরিনাম, হরিনাম এবং হরিনামই কর্ত্তব্য, এতদ্ভিন্ন কলিযুগে আর অন্য কোন গতি নাই, নাই, নাই" ইত্যাদি শ্লোকেও এই কথা প্রমাণিত হইয়াছে, অর্থাৎ এই শ্লোকোক্ত দৃঢ় প্রমাণ-সমূহ কেবলমাত্র শুদ্ধনামকীর্ত্তনেরই পরম প্রয়োজনীয়তা প্রদর্শন করিতেছেন।

শাস্ত্র বলিতেছেন,—

(১) যে ভাগবতোত্তম, যিনি শত শত পূর্ব্ব জন্মে সম্যগ্রূপে বাসুদেবের অর্চ্চন করিয়াছেন, তাঁহার মুখেই শ্রীহরির নামসমূহ নিত্যকাল বিরাজমান থাকেন।

(২) শ্রবণকীর্ত্তনকারী ভক্তের স্মরণ-প্রযত্নের আবশ্যক নাই। শ্রবণ-কীর্ত্তনের অধীনই স্মরণ।

(৩) অন্তঃকরণ-শুদ্ধির জন্য প্রথমতঃ নাম শ্রবণই অপেক্ষণীয় (আবশ্যক)। নাম-শ্রবণ ফলে অন্তঃকরণ শুদ্ধ হইলে পর শ্রীরূপ-বিষয়ক কথা-শ্রবণদ্বারা শ্রীরূপের উদয়-যোগ্যতা লাভ হয়। সম্যগ্ভাবে শ্রীরূপের উদয় হইলে শ্রীগুণ সকলের স্ফূর্ত্তি সম্যগ্রূপে সম্পন্ন হয়। শ্রীগুণের স্ফূর্ত্তি হইলে পরিকরগণের বৈশিষ্ট্যহেতু সেবকের সিদ্ধপরিচয়-বৈশিষ্ট্য উদিত হয়। অতঃপর নাম, রূপ, গুণ ও পরিকর, এই সমুদায়ের সম্যক্ স্ফূর্ত্তি হইলে লীলার স্ফূর্ত্তিও যে সম্যগ্ভাবে সম্পন্ন হইয়া থাকে, এই অভিপ্রায়েই সাধনক্রম লিখিত হইল। কীর্ত্তন এবং স্মরণ-বিষয়েও এইরূপ ক্রম জানিবে।

(৪) অনন্তর কীর্ত্তনাদি দ্বারা অন্তঃকরণ শুদ্ধ হইলে "হে নৃপ, বিরক্ত, অকুতোভয়াভিলাষী যোগী ব্যক্তিগণও হরিনামই অনুক্ষণ কীর্ত্তন করিয়া থাকেন" ইত্যাদি বচনানুসারে নামকীর্ত্তন পরিত্যাগ না করিয়াই স্মরণ কর্ত্তব্য।

(৫) বেদ-পুরাণাদি পাঠ, কথা, গীত, স্তুতি প্রভৃতি ভেদে বহুপ্রকার কৃষ্ণকীর্ত্তনের মধ্যে কৃষ্ণের নাম-সংকীর্ত্তনই মুখ্য, কেননা, একমাত্র নামসংকীর্ত্তনই অবিলম্বেই কৃষ্ণে প্রেমসম্পদ্ আবির্ভাব করাইতে স্বয়ং অর্থাৎ অন্য-নিরপেক্ষ হইয়াই সমর্থ। এইজন্যই ধ্যানাদি হইতেও নামসংকীর্ত্তনের শ্রেষ্ঠতা নামসংকীর্ত্তনই সর্ব্ববিধ ভক্তিমধ্যে শ্রেষ্ঠতম, সজ্জনগণ ইহাই নিশ্চয় করিয়াছেন।

(৬) জিহ্বা দ্বারা প্রেম-সহযোগে ভক্তিভরে স্বপ্রিয় শ্রীকৃষ্ণের নামামৃত—যাহা সম্যগ্রূপে অনিবার আস্বাদিত হয়, সেই নামামৃত আস্বাদনের কোন তুলনা নাই, কেই বা তাঁহার মহত্ত্ব বর্ণন করিতে পারে?

(৭) শ্রীনামামৃত একটী ইন্দ্রিয়ে আবির্ভূত হইয়া স্বীয় মধুর রসে সমগ্র ইন্দ্রিয়কে প্লাবিত করিয়া থাকে।

(৮) নিজের এবং পরের অর্থাৎ কীর্ত্তনকারীর ও শ্রোতার হর্ষপ্রদ নাম সংকীর্ত্তন সাক্ষাদ্রূপে বাগিন্দ্রিয়েই উদিত হইয়া থাকে। অতএব প্রভুর ধ্যান হইতেও নামসংকীর্ত্তনই শ্রেষ্ঠ।

(৯) শ্রীকৃষ্ণের নামসংকীর্ত্তনই পরমাকর্ষক মন্ত্রের ন্যায় প্রেমসম্পত্তির বলিষ্ঠ ও শ্রেষ্ঠ সাধন বলিয়া উক্ত হইয়াছে। অহো! নামসংকীর্ত্তনকে শ্রেষ্ঠ সাধনই বা বলি কেন? রসিকজন নামসংকীর্ত্তনকেই ভক্তির 'ফল' বলিয়া বিচার করেন, কারণ, ভগবানে প্রেমসম্পত্তি আবির্ভাব করাইতে সর্ব্বদা 'নামসংকীর্ত্তন'ই অব্যর্থ। তজ্জন্য নামসংকীর্ত্তনকেই 'সাধ্য' বলিয়া নির্ণয় করিয়াছেন। কোন কোন রসজ্ঞ পুরুষগণ নামসংকীর্ত্তনকেই প্রেমের স্বরূপ বলিয়া বিচার করেন। নামসংকীর্ত্তনই কৃষ্ণে প্রেম-প্রাচুর্য্যের সদুৎকৃষ্ট লক্ষণ। যেহেতু নিজ ইষ্টের নামসংকীর্ত্তন হৃদয়ের আর্ত্তির সহিত প্রেমের জন্যই স্ফূর্ত্তিপ্রাপ্ত হয়। অতএব নামসংকীর্ত্তন ও প্রেমের পরস্পর কার্য্য-কারণতা-সম্বন্ধহেতু অভেদই সিদ্ধ হইল।

(১০) বর্ষাকালে মেঘ বিনা চাতককুলের আর্ত্তস্বরে 'প্রিয়', 'প্রিয়' এইরূপ আহ্বানের ন্যায় এবং রাত্রিকালে পতিবিরহবিধুরা কুররী ও চক্রবাকীবর্গের ন্যায় ভক্তসকল বিরহজ প্রেমের সহিতই নামসংকীর্ত্তন করিয়া থাকেন। অর্থাৎ পরম আর্ত্তিসহকারে বিচিত্র-মধুরগাথা-প্রবন্ধে ভগবানের নাম-সংকীর্ত্তনই কর্ত্তব্য।

(১১) মহাপ্রভুর ধ্যান পরোক্ষেই যুক্তিযুক্ত হয়। সাক্ষাতে ধ্যান যুক্তিযুক্ত হয় না, পরন্তু সংকীর্ত্তন অপরোক্ষ ও পরোক্ষ সর্ব্বদাই যুক্তিযুক্ত হইয়া থাকে।

(১২) শ্রীভগবানের সর্ব্বশোভা-সম্পত্তিত-সংযুক্ত 'শ্রীনাম' নিজবিগ্রহ হইতেও তাঁহার অতিশয় প্রিয়, কেননা, শ্রীনাম সর্ব্বকালে, সর্ব্বস্থানে, সর্ব্বশাস্ত্রে নিজমহিমা-প্রাচুর্য্যের সহিত প্রকাশমান। শ্রীনাম অধিকারী, অনধিকারী অপেক্ষা করে না বলিয়াই 'ভুবনমঙ্গল' নামে অভিহিত হন। যেহেতু উহা সুখোপাস্য অর্থাৎ জিহ্বাগ্র-মাত্র-দ্বারাই শ্রীনামের সেবা করা যায়। ঐ শ্রীভগবন্নাম—সরস অর্থাৎ মধুরাক্ষরময় অথবা সচ্চিদানন্দ রসময় কিম্বা অশেষ রসের সহিত বর্ত্তমান শৃঙ্গারাদি নবরসের মধ্যে ভক্তি ও প্রেমরসে তথা বিরহ ও সঙ্গমে স্ফূর্ত্তি পাইয়া থাকে বলিয়া শ্রীনাম 'সরস' অথবা রস অর্থাৎ আত্মার সাহজিক রাগের সহিত বর্ত্তমান বলিয়া সরস; কারণ, শ্রীনাম অব্যর্থরূপে আশু ভগবৎপ্রেম সম্পাদন করিয়া থাকেন এবং স্বসেবক নিখিল জনেরই অনুরাগ জন্মাইয়া থাকেন, কিম্বা রস' অর্থাৎ বীর্য্য-বিশেষ বা পরম শক্তিমত্তার সহিত বর্ত্তমান বলিয়া শ্রীনাম 'সরস' কিম্বা অখিল দীনজন-নিস্তারকারক বা পরম মধুর বলিয়া 'সরস', অতএব শ্রীনামের সমান অন্য কিছুই নাই।

পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেব বলিয়াছেন—"হরিনামকীর্ত্তন কেবল প্রধান ভজন নহে, তাহা একমাত্র ভজন—একমাত্র ভজন—একমাত্র ভজন। হরিনামকীর্ত্তন is the direct service of Absolute Supreme Lord—পরাৎপর সচ্চিদানন্দবিগ্রহের সাক্ষাৎ সেবা। সাধুসঙ্গে হরিনাম-শ্রবণ-কীর্ত্তন করাই একমাত্র কার্য্য, জীবের পক্ষে অন্য কোন কার্য্যই নাই। হরিনামের কৃপাতেই সব হইবে, আমরা কেবল সেই কৃপার প্রার্থী হইব।"

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	॥০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	১॥০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

তিমাসেই প্রতি ইঞ্চি	৬৲	৪॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতার-সম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এ গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সু-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১৷০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ হিন্দি পদ্যানুবাদসহ মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকট বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। পোষাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭৷০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬৷০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু-গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ গবেষণার পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অবর্ণনীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। ডবল ক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

					শনিবার	শনিবার ব্যতীত অন্ত দিন		
কলিকাতা ছা:	৪-৫৬	৬-২১	৭-১৪	১৩-১৬	১৫-১৬	১৬-৫৬	১৭-৫৩	২২-২৬
দমদম „	৪-৫৬	৬-৩১	৭-২৮	১৩ ২৯	.. ..	.	১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌ:	৬-১২	৭ ৫৮	৯-১৮	১৪ ৫০	১৬-৭৮	১৮-৩১	১৯-৩৩	০-২৫
(বদল) ছা:	.. ..	......	৯-৩১	.....	. ..	.....	.. .	......
কৃষ্ণনগর পৌ:	৬-৫৯	৮-৪০	১০-৩	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০
লাইট রেল (বদল) ছা:		৭-১০	১০-১৬	১৪ ৫০	১৭-৪০		২০-৩০	
মহেশগঞ্জ "		৭ ৪৫	১০-৫১	১৫-২৫	১৮-১৫		২১-৫	
নবদ্বীপঘাট পৌ:		৭-৫৩	১০-৫৯	১৫-৩৩	১৮-২৩		২১-১৩	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছা: ১১-৬
দমদম" ১১-১৮
রাণাঘাট পৌ: ১২-৫১
" ছা: ১২-৫৬
শান্তিপুর পৌ: ১৩-২৪
(বদল) ছা: ১৩ ৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌ: ১৪-৩০
মহেশগঞ্জ ছা: ১৫-২৫
নবদ্বীপঘাট পৌ: ১৫-৩৯

ডাউন

					অন্ত দিন	শনিবার ব্যতীত শনিবার		
নবদ্বীপঘাট ছা:		৬-১৪	৯-১২		১৬-৩	১৬-৩১	১৮-৩৮	
মহেশগঞ্জ "		৬-২৩	৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌ:		৬-৫৭	৯-৫৫		১৬-৪৬	১৭-১৪	১৯-২১	
বদল) ছা:	৬-৩১	৭-১০	৮-৫২	১১-১৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌ:	৪ ১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৪৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছা:	. ..	... .	......	......	১৫-৫৬	১৭-৪২	.	....
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১ ২৬	২২-৫৮
কলিকাতা পৌ:	৬-১৬	৯-২১	১২-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬	২১-৪০	২৩-১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছা: ১৪-১
মহেশগঞ্জ " ১৪-১০
কৃষ্ণনগর পৌ: ১৪ ৪৪
ছা: ১৫-৩৯
শান্তিপুর পৌ: ১৬-২৭
(বদল) ছা: ১৮-৩১
রাণাঘাট পৌ: ১৮-৫৯
" ছা: ১৯-২০
কলিকাতা পৌ: ২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

২। ভাগবত—তিনিকাতার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পত্র শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর ভক্তিতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণান্তিকে বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মঠবাসী সত্যানুসন্ধিৎসুগণ যে সমস্ত প্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে গ্রথিত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগাবরূদ্ধসিদ্ধান্তসদনে ও তদনুরূপ সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১।১, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতিও অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৸৵০ দশ আনা, বড় বোতল ১৶০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

ঠিকানা—১১নং উষ্টোডিজি রোড, কলিকাতা
বেহালা, ২৪ পরগণা

[illegible] কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃত ভাষ্যসহ প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৵০

প্রাপ্তিস্থান
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুলপ্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

Regd No. C 1544

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এ গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৸০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ৮ শ্রীধর, গৌরাব্দ ৪৫৫, ১০ই শ্রাবণ, বঙ্গাব্দ ১৩৪৮ ২৬শে জুলাই ইং ১৯৪১, শনিবার { ১১৯-২০ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৮ শ্রীধর অবতার ক্ষীরোদশায়ী গৌরাব্দ ৪৫৫

শ্রীমহেশ পণ্ডিত

——::•::——

শ্রীকৃষ্ণের সুহৃদসখা শ্রীবলদেব প্রভু যখন নবদ্বীপ-লীলায় ব্রজের নিজ অন্তরঙ্গ সখাগণ সঙ্গে শ্রীমন্মহাপ্রভুর নিত্যসঙ্গীরূপে শ্রীশ্রীনিত্যানন্দ-নাম-রূপ-গুণ-পরি ক র-লীলা-বৈশিষ্ট্য প্রকট করেন, তখন সেই ব্রজলীলার সখা বা গোপালবর্গ শ্রীনিত্যানন্দ প্রভুর পরমপ্রিয় পার্ষদ দ্বাদশগোপাল নামে অভিহিত হন। শ্রীল মহেশ পণ্ডিত সেই দ্বাদশ গোপালের অন্যতম ব্রজের মহাবাহু সখা। শ্রীমহেশ পণ্ডিত নিত্যানন্দের গণ। শুনা যায়, শ্রীল মহেশ পণ্ডিত শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর সহিত পানিহাটী-মহোৎসবে উপস্থিত ছিলেন এবং উৎসবান্তে শ্রীল নিত্যানন্দপ্রভুর সহিত দ্বাদশ গোপালের অন্যতম শ্রীল উদ্ধারণ দত্ত ঠাকুরের শ্রীপাট সপ্তগ্রামে গমন করিয়াছিলেন। শ্রীল ঠাকুর বৃন্দাবন শ্রীচৈতন্যভাগবতে শ্রীমহেশ পণ্ডিত সম্বন্ধে একস্থানে লিখিয়াছেন,—

"মহেশ পণ্ডিত অতি পরম মহান্ত।"

শ্রীল কবিরাজ গোস্বামী প্রভুও শ্রীচৈতন্যচরিতামৃতে শ্রীমহেশ পণ্ডিতের প্রেমোল্লাস বর্ণন করিয়া বলিয়াছেন,—

মহেশ পণ্ডিত ব্রজের উদার গোপাল।
ঢক্কাবাদ্যে নৃত্য করে প্রেমে মাতোয়াল॥

শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয় যখন খড়দহে আগমন করিয়াছিলেন তখন শ্রীমহেশ পণ্ডিত সেই স্থানে উপস্থিত ছিলেন।

কেহ কেহ বলেন, শ্রীল মহেশ পণ্ডিত শ্রীল জগদীশ পণ্ডিতের কনিষ্ঠ ভ্রাতা। শ্রীজগদীশ, শ্রীহিরণ্য ও শ্রীমহেশ—তাঁহারা এই তিন ভ্রাতা। শ্রীজগদীশ জ্যেষ্ঠ, শ্রীহিরণ্য—মধ্যম ও শ্রীমহেশ—কনিষ্ঠ। শ্রীজগদীশ পণ্ডিত পূর্ব্ববঙ্গে গৌহাটী-অঞ্চলে আবির্ভূত হন। ব্রজে যিনি চন্দ্রহাস-নামক রসনিপুণ নৃত্যকলাভিজ্ঞ ছিলেন, তিনিই গৌরলীলায় শ্রীজগদীশ পণ্ডিত। তাঁহার পিতার নাম শ্রীকমলাক্ষ। শ্রীজগদীশের মাতা-পিতা উভয়েই বিষ্ণুভক্তিপরায়ণ গৃহস্থ ছিলেন। মাতা-পিতা অপ্রকট হইলে স্বীয় ভার্য্যা দুঃখিনী ও ভ্রাতা মহেশকে সঙ্গে লইয়া স্বীয় জন্মভূমি পরিত্যাগ করেন এবং গঙ্গাতীরে বাস ও বৈষ্ণবসঙ্গে কাল কাটাইবার জন্য শ্রীমায়াপুরে শ্রীজগন্নাথ মিশ্রের গৃহের নিকটে আসিয়া বাস করেন। শ্রীমন্মহাপ্রভু বাল্যলীলায় শ্রীজগদীশ পণ্ডিতের গৃহ হইতে একাদশী-দিবস বিষ্ণু-নৈবেদ্য আনাইয়া গ্রহণ করিয়াছিলেন। শ্রীগৌরসুন্দর শ্রীজগদীশকে হরিনাম-প্রচারের জন্য নীলাচলে যাইতে আদেশ করেন। শ্রীজগদীশ পণ্ডিত শ্রীমন্মহাপ্রভুর আদেশে নীলাচলে নাম-প্রচারের কালে শ্রীজগন্নাথদেবের নিকট প্রার্থনাফলে শ্রীজগন্নাথদেবের শ্রীমূর্ত্তি লইয়া আসিয়া চাকদহ থানার অধীন গঙ্গাতীরস্থ যশড়াগ্রামে শ্রীবিগ্রহ প্রতিষ্ঠা করেন। প্রবাদ আছে যে, শ্রীজগদীশ পণ্ডিত শ্রীপুরুষোত্তম হইতে এই জগন্নাথমূর্ত্তি যশড়াগ্রামে একটী যষ্টিতে বহন করিয়া লইয়া আসেন। অদ্যাপি একটী যষ্টি শ্রীজগদীশ পণ্ডিতের "জগন্নাথ-বিগ্রহ-আনা' যষ্টি বলিয়া যশড়ার সেবায়েত-গণ কর্ত্তৃক প্রদর্শিত হইয়া থাকে।

শ্রীগৌরনিত্যানন্দপ্রভু সপার্ষদে দুইবার যশড়াগ্রামে শুভাগমন-পূর্ব্বক সংকীর্ত্তনবিহার, হরিকথা-কীর্ত্তন ও মহামহোৎসব করিয়াছিলেন বলিয়া কথিত আছে। শ্রীজগদীশ পণ্ডিত গৃহস্থ-লীলাভিনয় করিয়াছিলেন। তাঁহার এক পুত্রের নাম শ্রীরামভদ্র গোস্বামী। এই যশড়া-গ্রামে কালনার সিদ্ধ শ্রীভগবানদাস বাবাজী মহাশয় কিছুকাল ভজন করিয়াছিলেন। আমাদের আলোচ্য শ্রীল মহেশ-পণ্ডিতকে কেহ কেহ এই শ্রীজগদীশ পণ্ডিতের ভ্রাতা বলেন বটে, কিন্তু তদ্বিষয়ে প্রামাণিক গ্রন্থে কোন উল্লেখ না থাকায় ঐরূপ উক্তির সত্যতা বিচার্য্য। শ্রীচৈতন্য-চরিতামৃতে শ্রীল জগদীশ পণ্ডিত সম্বন্ধে লিখিত আছে—

শ্রীজগদীশ পণ্ডিত হয় জগৎপাবন।
কৃষ্ণপ্রেমামৃত বর্ষে যেন বর্ষা ঘন॥

পূর্ব্বে জিরাটের পূর্ব্বপারে মসিপুর বা মশীপুর নামক স্থানে শ্রীমহেশ পণ্ডিতের বাস ছিল। কিন্তু মসিপুর গঙ্গাগর্ভগত হওয়ায় সেস্থান হইতে সুখসাগরের নিকট-বর্ত্তী বেলডাঙ্গায় শ্রীমহেশ পণ্ডিতের প্রতিষ্ঠিত শ্রীবিগ্রহ কিছুকাল ছিলেন, পরে গঙ্গার ভাঙ্গনে বেলডাঙ্গাও ভগ্ন হইলে শ্রীবিগ্রহ-গণকে পালপাড়ায় আনয়ন করা হয়। তদবধি 'পালপাড়া-পাট' নাম চলিয়া আসিতেছে। ১৩৩৪ বঙ্গাব্দের প্রথম কয়েকমাস পরে শ্রীমহেশ পণ্ডিতের শ্রীপাট চাকদহের নিকট-বর্ত্তী কাঠালপুলি-গ্রামে স্থানান্তরিত হয়। শ্রীপাটের সেবা সুষ্ঠুরূপে না হওয়ায় শ্রীগৌড়ীয়মঠাচার্য্য ও বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ১৩৩৮ বঙ্গাব্দের ১৩ই আষাঢ় শ্রীল মহেশ পণ্ডিতের শ্রীপাটের সেবাভার গ্রহণ করেন। এখন বর্ত্তমান গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য ও বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের অনুগত সেবকমণ্ডলী চাকদহ কাঠালপুলি-গ্রামে শ্রীল মহেশ পণ্ডিতের শ্রীপাটের সেবা সুষ্ঠুভাবে করিতেছেন। বর্ত্তমানে নবনির্ম্মিত মন্দিরে শ্রীবিগ্রহগণ বিরাজিত থাকিয়া সেবিত হইতেছেন।

চক্রদহ শব্দের অপভ্রংশ হইতে চাকদহ শব্দ উৎপন্ন হইয়াছে। এই চক্রদহ শ্রীগৌর-নিত্যানন্দ ও তৎপার্ষদগণের পদাঙ্কবক্ষিত মহাপুণ্যময় স্থান। চক্রদহের প্রাচীন ইতি-হাসও ইহার পবিত্রতা প্রমাণ করে, কিন্তু সর্ব্বোপরি শ্রীগৌরনিত্যানন্দ ও তৎপারিষদ-গণের পদরেণু বক্ষে ধারণ করিয়া চক্রদহ সর্ব্বতীর্থ-শিরোমণি হইয়াছেন। শ্রীল শ্রীনিবাসাচার্য্য প্রভু যখন নবদ্বীপ-পরিক্রমা করিতেছিলেন, তখন শ্রীঈশান বলিয়াছেন,—

ভরদ্বাজ মুনি সমুদ্রাদি তীর্থ হৈতে।
আইলেন চক্রদহে গঙ্গা-সমীপেতে॥
এবে চক্রদহে লোক 'চাকদা' কহয়।

(ভঃ রঃ)

পরমারাধ্যতম শ্রীশ্রীল প্রভুপাদ শ্রীল মহেশ-পণ্ডিতের শ্রীপাটে শুভাগমন করিয়া শ্রীপাট-প্রবেশোৎসব উপলক্ষে যে সকল হরিকথা কীর্ত্তন করিয়াছিলেন, তন্মধ্যে আমরা দুই একটী উদ্ধৃত করিতেছি,—

"ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ—এই চতুর্ব্বর্গের জন্য প্রপঞ্চে যে চেষ্টা আছে, তাহাতে শ্রীল মহেশ পণ্ডিত আবদ্ধ ছিলেন না। তিনি অপ্রাকৃত চতুর্থ পেশ পরম ছিলেন। তিনি পরতত্ত্ববিচারে পারঙ্গত ও শ্রীনিত্যানন্দ প্রভুর দ্বাদশ জন ভৃত্যের মধ্যে একজন প্রধান ভৃত্য। ধর্ম্মহীন মানুষ ধর্ম্মের জন্য, অর্থহীন অর্থের জন্য, অপূর্ণকাম কামনার পরিপূরণের জন্য, অমুক্ত মুক্তির জন্য লালায়িত। কিন্তু এই সকল তুচ্ছবস্তু অনুক্ষণ দাসদাসীর ন্যায় তাঁহার সেবা-

আবার্য্য অবনে বত্তর করত ধর্ম পরিত্যাগ করিয়া থাকি। শ্রীহরিগুরুবৈষ্ণব নিত্যবস্তু জীবও নিত্যবস্তু। জীবের দেহ অনিত্য, পরিণামশীল ও বিকারযোগ্য, কিন্তু শ্রীগুরুবৈষ্ণবভগবানের দেহ ও দেহী একই বস্তু। তাহা পরিণামশীল বা বিকারযোগ্য নহে। তবে যে আমরা আমাদের ন্যায় তাঁহাদের দেহ-ত্যাগাদি-ধর্ম দেখিতে পাই, তাহা নটের অভিনয়ের ন্যায়। তাহাতে বাস্তবতা নাই: আমাদের প্রশ্ন হয় যে, শ্রীহরিগুরুবৈষ্ণবের দেহত্যাগাদি প্রত্যক্ষভাবে দেখিতে পাওয়া যায়, অথচ তাহাতে বাস্তবতা নাই বলিয়া আমরা স্বীকার করিব কেন? তদুত্তর এই যে, আমরা যে বস্তু প্রত্যক্ষভাবে দেখিতে পাই না, তাহার বাস্তবতা শব্দের দ্বারা উপলব্ধি করি। যেরূপ বিলাতে যুদ্ধ হইতেছে, তাহা আমরা প্রত্যক্ষ দেখিতে পাইতেছি না; কিন্তু শব্দের দ্বারা তাহা আমরা জানিতে পারিতেছি এবং তাহার সত্তা বিষয়ে নিঃসন্দেহ হইয়া তাহার আলোচনায় প্রবৃত্ত হইতেছি। তদ্রূপ শ্রুতি-শাস্ত্র ও মহাজনগণ শ্রীহরিগুরুবৈষ্ণব সম্বন্ধে যাহা বলিতেছেন অর্থাৎ শব্দদ্বারে তাঁহাদের রূপ, গুণ, লীলা ও পরিকর-বৈশিষ্ট্যাদি বিষয়ে আমরা অভিজ্ঞান লাভ করিতে পারি। এই শ্রুতিশাস্ত্র বা মহাজনবাক্যে আমাদের শ্রদ্ধা বা বিশ্বাস নাই, তাই আমরা বৈকুণ্ঠবস্তুর বাস্তবতার অভিজ্ঞান হইতে বঞ্চিত হই। বস্তুর প্রকৃত সত্তা বিষয়ে প্রত্যক্ষজ্ঞানের দ্বারা আমরা প্রতি মুহূর্তেই প্রতারিত হইতে পারি, কিন্তু শ্রুতির অনুগত হইলে বস্তুর সত্তা বিষয়ে কোন সংশয় বা সন্দেহ আমাদের হৃদ্দেশ অধিকার করিতে পারে না। মূল-কথা অনুগত বা শরণাগত হওয়া। শ্রদ্ধা না হইলে কখনও শরণাগতি হয় না। তাই মহাজন বলিয়াছেন, 'সকল ছাড়িয়া ভাই, শ্রদ্ধাদেবীর গুণ গাই, যাঁ'র কৃপা ভক্তি দিতে পারে'। শ্রীপ্রহ্লাদ মহারাজও শ্রীনৃসিংহ-দেবের স্তব করিয়া বলিয়াছেন,—

মন্যে ধনাভিজনরূপতপঃশ্রুতৌজ-
স্তেজঃপ্রভাববলপৌরুষবুদ্ধিযোগাঃ।
নারাধনায় হি ভবন্তি পরস্য পুংসো
ভক্ত্যা তুতোষ ভগবান্ গজযূথপায়॥
(ভাঃ ৭।৯।৯)

অর্থাৎ আমার মনে হয়, ধন, সৎকুলে জন্ম, দেহের সৌন্দর্য্য, তপস্যা, পাণ্ডিত্য, ইন্দ্রিয়নৈপুণ্য, তেজঃ (কান্তি), প্রভাব, শরীর বল, পৌরুষ (উদ্যম), প্রজ্ঞা এবং অষ্টাঙ্গযোগ এই দ্বাদশ গুণও পরমপুরুষের আরাধনার যোগ্য হয় না, যেহেতু গজযূথ-পতির ভক্তিতেই ভগবান্ তুষ্ট হইয়াছিলেন। (অর্থাৎ দীন ব্যক্তির শ্রদ্ধাই ভগবদারাধনার যোগ্য।)

শ্রদ্ধা ও সংশয় দুইটী বিপরীত বৃত্তি। একের অধিষ্ঠানে অন্যের আধিপত্য থাকিতে পারে না। শ্রদ্ধা ভক্তিপথের আলোক-বর্ত্তিকা, আর সংশয় আত্মার বিনাশকারী। শ্রীশ্রীগুরুবৈষ্ণবপাদপদ্মে প্রকৃত শ্রদ্ধা না হওয়া পর্য্যন্তই আমাদের সংশয় ও সন্দেহের কবলে পতিত হইবার যোগ্যতা থাকে। তাই শ্রীশ্রীহরি-গুরুবৈষ্ণব চরণে আমাদের একান্ত প্রার্থনা—আমাদের অন্তরে বাস্তব শ্রদ্ধা প্রতিষ্ঠিত হউন।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দি গৌড়ীয়-মিশন

(১৮৬০ সালের ২১ আইন-মতে রেজিষ্টিকৃত)

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজ-সভা
শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার,
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

বিপুল-সম্মান-পুরঃসর নিবেদন—

আগামী ১৮ই শ্রাবণ, ৩রা আগষ্ট রবিবার হইতে ১৯শে ভাদ্র ৫ই সেপ্টেম্বর শুক্রবার পর্য্যন্ত দি গৌড়ীয়-মিশনের গভর্ণিংবডির সেবা-উদ্যোগে শ্রীগৌড়ীয়মঠের শ্রীসারস্বত-শ্রবণ-সদনে বার্ষিক হরিস্মরণ-মহোৎসব-উপলক্ষে অখিল-লোক-মঙ্গলের জন্য মাসাধিক-কালব্যাপী শ্রীভগবান্ ও তদীয় ভক্তগণের আবির্ভাব-তিথিপূজা কীর্ত্তনমুখে অনুষ্ঠিত হইবে। এতদুপলক্ষে শ্রীমঠে প্রত্যহ শ্রীচৈতন্যচরিতামৃত ও শ্রীমদ্ভাগবত পাঠ, ব্যাখ্যা, শ্রীভাগবত-ধর্ম-বিবর্দ্ধিনী বক্তৃতা, শ্রীহরিসংকীর্ত্তন ও ইষ্টগোষ্ঠী হইবে।

মহাশয়, কৃপা করিয়া সবান্ধবে মহোৎসবে যোগদান করিলে গভর্ণিংবডির সভ্যবর্গ পরমানন্দিত হইবেন। নিবেদন ইতি—

শ্রীশ্রীহরিজনকিঙ্কর
শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ
সেক্রেটারী, গভর্ণিংবডি

উৎসব-পঞ্জী

১৮ই শ্রাবণ, ৩রা আগষ্ট, রবিবার শ্রীপবিত্রারোপণী একাদশীর উপবাস।

১৯শে শ্রাবণ, ৪ঠা আগষ্ট সোমবার শ্রীল রূপ গোস্বামিপ্রভুর ও শ্রীল গৌরীদাস পণ্ডিত গোস্বামিপ্রভুর তিরোভাবোৎসব শ্রীকৃষ্ণের পবিত্রারোপণোৎসব।

২২শে শ্রাবণ ৭ই আগষ্ট, বৃহস্পতিবার শ্রীশ্রীবলদেব প্রভুর আবির্ভাবোৎসব।

৩০শে শ্রাবণ, ১৫ই আগষ্ট, শুক্রবার শ্রীশ্রীকৃষ্ণের জন্মাষ্টমী-ব্রতোপবাস।

৩১শে শ্রাবণ, ১৬ই আগষ্ট, শনিবার শ্রীনন্দোৎসব।

১লা ভাদ্র, ১৮ই আগষ্ট, সোমবার শ্রীঅন্নদা একাদশীর উপবাস।

১০ই ভাদ্র, ২৭শে আগষ্ট, বুধবার দি গৌড়ীয়মিশনের আচার্য্যবর্য্য শ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের আবির্ভাব তিথি-উপলক্ষে শ্রীশ্রীগুরুপূজা-মহোৎসব, শ্রীঅদ্বৈত-শক্তি শ্রীসীতাদেবীর আবির্ভাব।

১২ই ভাদ্র, ২৯শে আগষ্ট, শুক্রবার শ্রীললিতা সপ্তমী।

১৩ই ভাদ্র, ৩০শে আগষ্ট, শনিবার শ্রীশ্রীরাধাষ্টমী-ব্রত।

১৬ই ভাদ্র, ২রা সেপ্টেম্বর, মঙ্গলবার শ্রীপার্শ্বৈকাদশী ও শ্রীপদ্মা একাদশীর উপবাস। শ্রীশ্রবণা-দ্বাদশীর উপবাস ও শ্রীবামনদ্বাদশী-ব্রত।

১৭ই ভাদ্র, ৩রা সেপ্টেম্বর, বুধবার দি গৌড়ীয়মিশনের মূলপুরুষ ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের অধিক-শততম-বর্ষপূর্ত্তি-প্রকট-মহোৎসব।

সাধারণ মহা-মহোৎসব

১৮ই ভাদ্র, ৪ঠা সেপ্টেম্বর বৃহস্পতিবার শ্রীল হরিদাস ঠাকুরের বিরহ-মহোৎসব ও শ্রীঅনন্তচতুর্দ্দশী-ব্রত।

১৯শে ভাদ্র, ৫ই সেপ্টেম্বর শুক্রবার শ্রীবিশ্বরূপ-মহোৎসব ও শ্রীভাগবত-মহোৎসব। প্রৌষ্ঠপদী পৌর্ণমাসী। সংকীর্ত্তনমহোৎসব-পূর্ণাহুতি।

প্রাত্যহিক অনুষ্ঠান*

উষঃকালে—মঙ্গলারাত্রিক ও অরুণোদয়-সংকীর্ত্তন।

পূর্ব্বাহ্নে—শ্রীমদ্ভাগবত-পারায়ণ, ভক্তিগ্রন্থ-ব্যাখ্যা ও সংকীর্ত্তন।

মধ্যাহ্নে—ভোগারাত্রিক-সংকীর্ত্তন ও শ্রীমহাপ্রসাদ সম্মান।

অপরাহ্নে—ভক্তিগ্রন্থালোচনা, ইষ্টগোষ্ঠী ও সদাচার-শিক্ষা।

সন্ধ্যায়—সন্ধ্যারাত্রিক-কীর্ত্তন, শ্রীচৈতন্যচরিতামৃত-ব্যাখ্যা বা পরমার্থ-বিবর্দ্ধিনী বক্তৃতা।

রাত্রিতে—সংকীর্ত্তন, মহাপ্রসাদ-সম্মান ও ইষ্টগোষ্ঠী।

*বৈধানুরোধে ও উপবাস-দিবসে এই তালিকা পরিবর্ত্তন-যোগ্য।

রংপুরে প্রচার

গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের আনুগত্যে গৌড়ীয়মিশনের অন্যতম প্রচারক উপদেশক শ্রীপাদ অনাদিকৃষ্ণ ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী কয়েকজন ব্রহ্মচারী-সহ গত ৩রা জুলাই ১৯শে আষাঢ়, বৃহস্পতিবার কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে রওনা হইয়া ৫ই জুলাই, ২১শে আষাঢ় শনিবার শ্রীশুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী-প্রচারার্থে রংপুর সহরনিবাসী জমিদার শ্রীযুক্ত ভবতারণ লাহিড়ী এম-এ, বিএল মহাশয়ের বাটীতে গমন করেন।

গত ২৩শে আষাঢ় ৭ই জুলাই সোমবার হইতে স্থানীয় ধর্ম্মসভাহলে যথাক্রমে মানব-জীবনের কর্ত্তব্য, সনাতনধর্ম্ম ও শ্রীচৈতন্যদেবের শিক্ষা-সম্বন্ধে শাস্ত্রযুক্তিমূলে ভক্তিশাস্ত্রীজী ৩টি বক্তৃতা প্রদান করেন। ২৬শে আষাঢ় বৃহস্পতিবার দিবস স্থানীয় শ্রীযুক্ত হরেন্দ্র-বাবুর আগ্রহে হরিসভা-প্রাঙ্গণে শ্রীমদ্ভাগবত হইতে শ্রীপ্রহ্লাদ মহারাজের শিক্ষা ও ছায়া-চিত্রে শ্রীগৌরাঙ্গলীলা-প্রদর্শনমুখে সুযুক্তিমূলে বক্তৃতা প্রদান করা হয়।

২৯শে আষাঢ় ১৩ই জুলাই রবিবার স্থানীয় জমিদার ও হিন্দুমহাসভার সেক্রেটারী শ্রীযুক্ত বাবু সুরেন্দ্রনাথ রায়চৌধুরী মহাশয়ের আগ্রহাতিশয্যে প্রচারকগণ তাঁহার বাসভবনে উপস্থিত হইয়া তথায় শ্রীমদ্ভাগবত হইতে শ্রীপরীক্ষিৎ মহারাজের উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করেন। প্রত্যহ সভার আদ্যন্তে শ্রীহরিসংকীর্ত্তন হইয়াছিল। সভায় প্রত্যহ বহু শিক্ষিত ও সজ্জনবৃন্দ উপস্থিত হইতেন। তন্মধ্যে কয়েকজনের নাম উল্লেখযোগ্য।

শ্রীযুক্ত ভবতারণ লাহিড়ী এম-এ, বি-এল, শ্রীযুত দীনতারণ লাহিড়ী এম্-এ প্রফেসার; শ্রীযুত প্রকাশ চন্দ্র চৌধুরী বি-এল, শ্রীযুত গুরুগোবিন্দ রায়, মার্চ্চেন্ট; শ্রীযুত চিত্তরঞ্জন রায়, হেডক্লার্ক, শ্রীযুত সুধীনচন্দ্র রায়, (উকিল); শ্রীযুত পরেশচন্দ্র ব্যানার্জি, (নাজির); শ্রীযুত সরযূপ্রসাদ শর্ম্মা, (হেড প্রাগ্রাম, হিন্দি স্কুল)।

মায়াকে পিছনে রাখি কৃষ্ণপানে চায়। ভজিতে ভজিতে কৃষ্ণপাদপদ্ম পায়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী অন্দবন-ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক—শ্রীকুঞ্জবিহারী দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগপীঠ শ্রীমায়াপুর শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভক্তিবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরেরাম ব্রহ্মচারী

কাজির সমাধি-পাট
বল্লালদীঘির শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীকমলনিধি ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীসঙ্কীর্ত্তন দাসাধিকারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীধামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীজগবান্দাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,

কলিকাতা।

সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

লক্ষ্ণৌ গৌড়ীয়মঠ

পরমেশ্বরী দয়াল বিল্ডিং

লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি

সেবক — শ্রী[illegible]নন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ

নন্দনকানন, চট্টগ্রাম

সেবক—শ্রীঅদ্বয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস

বহরমপুর (গঞ্জাম)

সেবক—শ্রীকৈলাসানুগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,

শ্রীমায়াপুর (নদীয়া)

সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,

নিমসার (ইউ, পি)

সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন

সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

সেবক—শ্রীযতিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য

চিকিৎসালয়

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

———

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	৷৹	।৵৹	।৵৹	।৹
" " ইঞ্চি	২৲	১৷৹	১৷৹	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

	সংবাদের পৃষ্ঠায়	বিজ্ঞাপনের পৃষ্ঠায়
প্রতিবারের প্রতি ইঞ্চি	৬৲	৪৷৹
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸৹
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারগণের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান —শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১৷৹ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ ভিন্ন পদ্যানুবাদসহ মায়াপুর শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।৹ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭৷৹ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬৷৹ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট্ গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থ শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ পাণ্ডিত্যের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অনির্ব্বচনীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে মোটা অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রাঞ্জল তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র-সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অপূর্ব্ব রত্ন-সম্পুট। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা ১।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই. বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

শনিবার ব্যতীত — শনিবার / অন্য দিন

কলিকাতা ছাঃ	৪-৮৩	৬-২১	৭-১৪	১৩-১৬	১৫-১৩	১৮-২৩	১৭-৫৩	২২-২৬
দমদম "	৪-৫৬	৬ ৩১	৭ ২৮	১৩ ২৯	..		১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-০২	৭ ৫৮	৯ ১৮	১৪ ৫০	১৬-৪৮	১৮-৩১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ	.	.	৯-৩১		.	...	..	. .
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৯	৮ ৭০	১০-৭	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ		৭ ১০	১০-০৬	১৪ ৫০	১৭-৪০		২০-৩০	
মহেশগঞ্জ "		৭ ৪৫	১০-৫১	১১-২৫	১৮ ১৫		২১-৫	
নবদ্বীপঘাট পৌঃ		৭ ৫৩	১০-৫৯	১৫ ৩৩	১৮-২৯		২১-১৩	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম "	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
" ছাঃ	১২ ৫৬
শান্তিপুর পৌঃ	১৩ ২৪
(বদল) ছাঃ	১৩ ৪১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩৩

ডাউন

শনিবার ব্যতীত — অন্য দিন / শনিবার

নবদ্বীপঘাট ছাঃ		৬-১৪	৯-১২		১৬-৩	১৬-৩১	১৮-৩৮	
মহেশগঞ্জ "		৬-২৩	৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ		৬-৫৭	৯-৫৫		১৬-৬৬	১৭-১৪	১৯-২১	
(বদল) ছাঃ	৬-৩১	৭-১০	৮ ৫২	১১-১৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪ ১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৪৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	. .	.	.	.	১৫-৫৭	১৭-৪২		....
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১ ২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৫৬	১৯-২৬	২১-৪০	২৩ ১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪-১
মহেশগঞ্জ "	১৪-১০
কৃষ্ণনগর পৌঃ	১৪-৭৫
ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা, শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর ভক্তিতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণান্তিকে সমদেশ তথা সমস্তের প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনীষী সত্যানুসন্ধিৎসুগণ যে সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগবিরুদ্ধসিদ্ধান্তখণ্ডনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———::•::———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতিও অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৸৹ দশ আনা, বড় বোতল ১৷৹ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

:—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা:

বেহালা, ২৪ পরগণা

টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

Regd No. C 1544

শ্রীশ্রীশ্রুতিরত্নমালা
—:০:—
শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর এম-এ সঙ্কলিত। এই গ্রন্থ কথাসার, বিস্তৃত ভূমিকা ও সূচীসহ অতি সুন্দর রূপে প্রকাশিত হইয়াছে। ঈশ, কেন, কঠাদি দ্বাদশ উপনিষদের অভিনব সংস্করণ ভিক্ষা মাত্র ১৷৷০ টাকা।
প্রাপ্তিস্থান —
মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—ভবানী, ঢাকা

দৈনিক নদীয়াপ্রকাশ

'THE DAILY NADIA PRAKASH'

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক সংবাদপত্র

শ্রীচৈতন্যদেব
—:০:—
স্বয়ং ভগবান শ্রীচৈতন্য-মহাপ্রভুর জীবনী ও শিক্ষার কথা সুন্দরভাবে ইহাতে লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট কাগজে সুন্দর বাঁধাই।
৩য় সংস্করণ ; ভিক্ষা ১৷৷০
প্রাপ্তিস্থান
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

১৬খণ্ড] শ্রীমায়াপুর,—১৩ই শ্রাবণ, ১৩৪৮, ২৯শে জুলাই ইং ১৯৪১, মঙ্গলবার [১২২তম সংখ্যা

বিবিধ-সংবাদ

—:০:(০):০:—

ভারতে মার্কিণ দূত নিযুক্ত

প্রেসিডেণ্ট রুজভেল্ট মিঃ টমাস মারে উইলসনকে ভারতে মার্কিণ কমিশনার নিযুক্ত করিয়াছেন। প্রথম শ্রেণীর রাষ্ট্র ব্যতীত অন্যান্য দেশে যে প্রতিনিধি থাকেন, মিঃ উইলসন সেই পদাধিকারী (মিনিষ্টার) হইবেন।

মিঃ উইলসন ১৮৮১ সালে টেনেসীতে জন্মগ্রহণ করেন। তিনি অবিবাহিত। ইতঃপূর্ব্বে তিনি তুলার ব্যবসা, ব্যাঙ্কিং ও কৃষিকার্য্য করিয়াছেন। তিনি ১৯২১-২২ সালে মাদ্রাজে কন্সাল এবং ১৯২২-২৩ সালে বোম্বাইতে কন্সাল জেনারেল ছিলেন। ১৯৩৭ সাল হইতে তিনি সিডনীতে কন্সাল জেনারেল ছিলেন। ১৯৪০ সালে তিনি কলিকাতায় কন্সাল জেনারেল নিযুক্ত হন।

মার্কিণ যুক্তরাষ্ট্র ইতোমধ্যে কানাডা, অষ্ট্রেলিয়া ও দক্ষিণ আফ্রিকার সহিত সরাসরি রাষ্ট্রনৈতিক সম্পর্ক স্থাপন করিয়াছে। শীঘ্রই নিউজিল্যাণ্ডের সহিত অনুরূপ সম্পর্ক স্থাপন করিবে বলিয়া মনে হয়।

—

রেঙ্গুণ হইতে ভারতীয় প্রতিনিধি দলের ভারতযাত্রা

স্যার জি, এস, বাজপাই ও ভারতীয় প্রতিনিধিদলের অন্যান্য সদস্যগণ ভারত অভিমুখে রওনা হইয়া গিয়াছেন। প্রবল বৃষ্টি সত্ত্বেও ব্রহ্মদেশের প্রধানমন্ত্রী ইউস ও অন্যান্য মন্ত্রিগণ বিদায়কালে উপস্থিত ছিলেন।

—

পরলোকে বিশ্ববিখ্যাত পিয়ানোবাদক

এক সপ্তাহ রোগভোগের পর বিশ্ববিখ্যাত পিয়ানোবাদক এবং পোল্যাণ্ডের অন্যতম খ্যাতনামা রাজনীতিবিদ ইগ্নাস জ্যান পাদেরেফস্কির মৃত্যু হইয়াছে।

মিঃ পাদেরেফস্কি ১৮৬০ খৃষ্টাব্দে পোল্যাণ্ডের পোডোলিয়া প্রদেশের অন্তর্গত ক্রিয়োলোকায় জন্মগ্রহণ করেন। অল্পবয়সেই তিনি বিস্ময়কর সঙ্গীতপ্রতিভার পরিচয় দেন। 'ওয়ারশ' ও 'বার্লিনে' অধ্যয়নের পর তিনি শিক্ষকের পদ গ্রহণ করেন। ১৮৮৪ খৃষ্টাব্দে ভিয়েনায় গিয়া তিনি লেসেটিজস্কির নিকট সঙ্গীত বিদ্যাশিক্ষা সম্পূর্ণ করেন। ২৭ বৎসর বয়সে তিনি ভিয়েনায় প্রথম প্রকাশ্যে সঙ্গীত বিদ্যার পরিচয় দেন এবং সঙ্গে সঙ্গে তাঁহার খ্যাতি সমগ্র ইউরোপে ছড়াইয়া পড়ে। ২১ বৎসর বয়সে তাঁহার প্রথমা পত্নীর মৃত্যু হইয়াছিল। ১৮৯৯ খৃষ্টাব্দে তিনি ব্যারনেস ডি রোজেন নাম্নী একজন সুন্দরী অভিজাত মহিলাকে বিবাহ করেন। ১৯৩৪ সালে তাঁহার দ্বিতীয়া পত্নীরও মৃত্যু হয়। ১৮৯১ খৃষ্টাব্দে আমেরিকায় গিয়া পাদেরেফস্কী তাঁহার অপূর্ব্ব কলা-নৈপুণ্যের পরিচয় দেন। মঃ পাদেরেফস্কী শুধু সঙ্গীতবিশারদই ছিলেন না, তাঁহার একনিষ্ঠ দেশপ্রেমও সকলের দৃষ্টি আকর্ষণ করিয়াছিল। মহাযুদ্ধের সময় পোল্যাণ্ডের সাহায্যের জন্য তিনি এক বিরাট সমিতি গঠন করেন এবং প্যারিস, লণ্ডন ও নিউইয়র্কে নিজের সঙ্গীত বিদ্যার পরিচয় দিয়া বহু অর্থ সংগ্রহ করেন। স্বাধীন পোল্যাণ্ড রাষ্ট্র গঠনের জন্য তিনি যে প্রচারকার্য্য চালান, তাহা প্রেসিডেণ্ট উইলসনের উপর বিশেষ প্রভাব বিস্তার করে। গত মহাযুদ্ধ বাধিবার পর তিনি নিজে উদ্যোগী হইয়া কানাডায় ২০ হাজার পোলকে সামরিক শিক্ষাদানের ব্যবস্থা করেন। যুদ্ধের পর প্রধানতঃ তাঁহারই চেষ্টায় স্বাধীন পোলিশ রাষ্ট্র গঠিত হয় এবং মিঃ পাদেরেফস্কি উক্ত রাষ্ট্রের প্রধান মন্ত্রী ও পররাষ্ট্র সচিবের পদ গ্রহণ করেন। তিনি নূতন গণতন্ত্রের প্রেসিডেণ্টও নির্ব্বাচিত হন। বিস্ময়কর দক্ষতার পরিচয় দিয়া তিনি নূতন পোলিশ রাষ্ট্রকে শক্তিশালী করিয়া তোলেন এবং সর্ব্বত্র শান্তি ও শৃঙ্খলা স্থাপন করেন। কিন্তু রাজনীতির জটিল ঘূর্ণাবর্ত্তে পড়িয়া প্রতিভাশালী দেশপ্রেমিক ও সঙ্গীতজ্ঞের বেশী দিন রাষ্ট্রশাসন করিতে হয় নাই। সোভিয়েটের সহিত আপোষ-রফার চেষ্টা করায় মার্শাল পিলসুড্স্কি তাঁহার তীব্র বিরোধিতা করেন, ফলে ১৯১৯ সালের নভেম্বর মাসে তিনি পদত্যাগ করিতে বাধ্য হন। ১৯২১ সালে রাজনীতির সংস্রব ত্যাগ করিয়া তিনি ক্যালিফোর্ণিয়ায় উপস্থিত হন। খুব বড় রাজনীতিবিদ্ না হইলেও মঃ পাদেরেফস্কী যে স্বাধীন পোল্যাণ্ডের অন্যতম স্রষ্টা সে বিষয়ে সন্দেহ নাই। যাহা হউক, আমেরিকায় গিয়া তিনি পুনরায় সঙ্গীত চর্চ্চায় মনোনিবেশ করেন। এই সময় কবি কালিদাসের 'শকুন্তলা' অবলম্বনে 'শকুন্তলা' নামে একটি গীতি নাট্য রচনা করেন।

— —

গ্যাস যুদ্ধ কি আসন্ন ?

ষ্টকহলমের একটি পত্রিকার বার্লিনের সংবাদদাতার খবরে প্রকাশ যে, সেখানে সকলেই আশা করেন ১লা আগষ্টের মধ্যেই রাশিয়ান যুদ্ধ শেষ হইবে। ষ্টকহলমের অপর একটি পত্রিকার অভিমত এই যে, বার্লিনে অনেকে মনে করেন রাশিয়ার যুদ্ধে শেষ পর্য্যন্ত বিষাক্ত গ্যাসের ব্যবহার সুরু হইবে। কারণ রাশিয়া যে জার্ম্মাণীর বিরুদ্ধে গ্যাস ব্যবহার অভিযোগ করিয়াছে তাহা রাশিয়া-কর্তৃক অদূর-ভবিষ্যতে গ্যাস ব্যবহার করিবার একটা ছুতা মাত্র। তবে জার্ম্মাণী মনে করে যে, রাশিয়া যদি গ্যাস ব্যবহার আরম্ভ করে, তবে জার্ম্মাণী ভীত হইবে না। কারণ কি ভাবে গ্যাসের জবাবে গ্যাস ব্যবহার করিতে হয় তাহা জার্ম্মাণীর জানা আছে।

—

নানাস্থানে কলেরার প্রকোপ

বহরমপুর সহরে ব্যাপকভাবে কলেরা রোগের প্রাদুর্ভাব হইয়াছে। গত সপ্তাহে ৩৬ জন কলেরায় আক্রান্ত হয়। তন্মধ্যে ৪ জন মারা গিয়াছে। এ সপ্তাহে নূতন আক্রমণ হয় নাই।

মেদিনীপুর সহরে বেশ কলেরার উপদ্রব হইয়াছে। কয়েকদিনে এই সহরে ৫।৬ জন কলেরা রোগীর মৃত্যু হইয়াছে এবং প্রায় ২৫।৩০ জন রোগী এখনও বিভিন্ন পাড়ায় আছে। মিউনিসিপালিটি হইতে কলেরার টীকা দেওয়া হইতেছে। কলের জল হওয়া অবধি মেদিনীপুরে এরূপ ব্যাপকভাবে আর কখনও কলেরার আক্রমণ হয় নাই।

রামপুরহাটে পুনরায় কলেরার প্রকোপ ভীষণ আকারে দেখা দিয়াছে। রামপুরহাট সহরের উত্তরাঞ্চলের তিনজন অধিবাসী ঐ রোগে মারা গিয়াছে। এক্ষণে উক্ত অঞ্চলে বিশেষ সাবধানতা অবলম্বন করা হইতেছে।

—

পাঁচজন লোকের সলিল সমাধি

গত ২১শে জুলাই রাঁচী হইতে ৪৬ মাইল দূরে কোয়েল নদীতে প্রবল স্রোতের মুখে পড়িয়া একখানি নৌকা-ডুবি হয় এবং পাঁচজন লোকের সলিলসমাধি হয়। নৌকাখানিতে নয়জন লোক মধ্যে চারিজন সাঁতার কাটিয়া প্রাণে বাঁচিয়াছে।

—

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্শা কলেজের ইতিহাসের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম-এ মহোদয়ের গৌতগবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। ইহাতে বিবিধ আলেখ্য ও জাতীয় গ্রন্থাবলীচয় বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় দার্শনিক দর্শনের সহিত তুলনা করে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত বিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্ত্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গ্রথিত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তন্ত্রমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'অণিকা'টীকা ও বহুবর্ষের আলেখ্য ভূমিকা ও সূচীসহ অভূতপূর্ব্ব নবকলেবরে নব সংস্করণরূপে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,

শ্রীযুক্ত সুশান্তরঞ্জন দাস এম-এ, বি-এল,

পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষ অধ্যায়ের সারমর্ম্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোড়শপেজী আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—২৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

বিজ্ঞাপন

'মেডিকেল ডিগ্রী' সংগ্রহ করুন

আধুনিক হোমিওপ্যাথিক, ইউনানী, বিজ্ঞানসম্মত পদ্ধতি পরীক্ষা ঘরে বসিয়া দিন। বিনা খরচে প্রস্পেক্টাস ফ্রী। ইংরাজী কিম্বা উর্দ্দু ভাষায় পত্র ব্যবহার করিবেন।

প্রিন্সিপাল ডন্ড ইত্তিহাদ

মে ডিকাল কলেজ

আম্বালা সিটী

শুদ্ধভক্তিগ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪৲

২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲

দশম স্কন্ধ— ৯৲

৩। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাধা) ৲

৪। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲

সরস্বতী জয়শ্রী (অবাধা) ৪৲

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী

১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; ৩য় খণ্ড—৸০

৭। শ্রীচৈতন্যদেব ১।০

৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০

৯। জৈবধর্ম্ম ২৲

১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০

১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০

১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০

১৭। চৈতন্যোপনিষদ্ ।০

১৮। দ্বাদশ আলবার ॥০

১৯। তত্ত্ববিবেক ।০

২০। গৌড়ীয়-গৌরব ।৵০

২১। গৌড়ীয়সাহিত্য ।৵০

২২। ভজন রহস্য ॥০

২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲

২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ১৲

২৫। গীতা (চক্রবর্ত্তী-টীকাসহ) ১৲

২৬। গীতার কেবল মাধব ভাষ্য ॥০

২৭। মুক্তিফলটীকা গুণসৌরভঃ (সানুবাদ) ২৲

২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)

২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাধা ॥৵০ বাঁধা ৸০)

৩০। দ্বীপ-দিগ্দর্শন ৵০

৩১ সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৵০

৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥০

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০

৩৫। গীতমালা ৴১০

৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৶০

৩৭। ঐ প্রমাণ খণ্ড ৶০

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০

৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০

৪০। শরণাগতি ৵০

৪১। গীতাবলী ৴১০

৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা ৸০

৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২॥০

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা

৪৫। নবদ্বীপশতক ৴১০

৪৬। অর্থপঞ্চক ৴১০

৪৭। সদাচারস্মৃতিঃ ৴১০

৪৮। কল্যাণকল্পতরু ৴১০

৪৯। অর্চ্চনকণ ।০

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲

৫১। ব্রহ্মসংহিতা ।০

৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০

৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০

৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০

৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০

৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০

৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০

৫৮। শ্রীভুবনেশ্বর ৶০

৫৯। সিদ্ধান্তদর্পণ ৴০

৬০। সাংখ্যবাণী ৴০

৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২॥০

৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ॥০

৬৪। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০

৬৫। সটীকা-শিক্ষাদশমূলম্ ।০

৬৬। তত্ত্বসূত্রম্ ।০

৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৵০

৬৮। গৌড়ীয়মঠস্য পঞ্চাচারঃ ৴০

৬৯। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥০

৭১। এ কিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ॥০

৭২। নামভজন ৴০

৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অণ্টলজি ॥০

৭৪। রিলেটিভ ওয়ার্ল্ডস্ ।৵০

৭৫। লাইফ য়্যাণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০

৭৬। বৈষ্ণবীজম্ ॥০

৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴০

৭৮। দি ভাগবত ।০

৭৯। ইস্যো টক প্রিন্সিপাল এণ্ড আনরিয়ালেজ ডিভোশন ।০

৮০। ব্রহ্মসংহিতা ॥০

৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲

৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ২৲

৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০

৮৫। সাধনপথ ॥০

৮৬ কল্যাণকল্পতরু ৴১০

৮৭। গীতাবলী ৴১০

শরণাগতি ৴০

৮৯। শ্রীসচ্চিদানন্দবাণী ।৵০

৯০। শ্রীগৌড়ীয়বাণী ॥০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ॥০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুলপ্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

সজ্জনতোষণী কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিস্তৃত ভাষ্যসহ প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৷/০

প্রাপ্তিস্থান

শ্রীযোগপীঠ-শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৫০ মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ-শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৪শ বর্ষ } ১১ শ্রীধর, গৌরাব্দ ৪৫৫, ১৩ই শ্রাবণ, বঙ্গাব্দ ১৩৪৮ ২৯শে জুলাই ইং ১৯৪১, মঙ্গলবার { ১২২ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১১ শ্রীধর স্বাপু প্রভু শ্রী গৌরাব্দ ৪৫৫

হরিকথা-প্রসঙ্গ

——::[*]::——

শ্রীহরিনামই জীবের জীবন। নন্দলাল শ্রীহরি—শ্রীনাম। তিনি গোপীজনবল্লভ—রাধানাথ। নামাচার্য্য শ্রীগুরুদেবের শ্রীমুখে শ্রদ্ধাপূর্ব্বক শ্রীহরিনাম শ্রবণ করিয়া নিরপরাধে তাহা কীর্ত্তন করিতে হইবে। তৃণাদপি সুনীচ, তরুর ন্যায় সহিষ্ণু, অমানী ও মানদ হইয়া সর্ব্বক্ষণ হরিনাম করিতে হইবে,—ইহাই শ্রীমন্মহাপ্রভুর আদেশ ও উপদেশ। নিরন্তর হরিনাম না করিলে হরিসাক্ষাৎকারের আশা নাই। যেখানে নিরন্তর হরিচিন্তা, সেখানে অন্য চিন্তার অবকাশ কোথায়? শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন,—

তৃণাদপি সুনীচেন তরোরপি সহিষ্ণুনা।
অমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ॥

জীব কৃষ্ণদাস—শ্রীনামের কিঙ্করানুকিঙ্কর। শ্রীনাম ও শ্রীনামসর্ব্বস্ব ভক্তগণ ব্যতীত অপর কাহারও সহিত জীবের কোন সম্পর্ক নাই। 'আমি কৃষ্ণের দাস' ইহা জানিতে পারিলেই জীবের সমস্ত অসুবিধা কাটিয়া যায়। জড়বিষয় জীবের প্রয়োজন হয়, কিন্তু কৃষ্ণবহির্ম্মুখতাবশতঃ বিষয়াকাঙ্ক্ষাই জীবের দুর্দ্দশা। কৃষ্ণকৃপায় যতদিন আমার সংসারনিবৃত্তি না হয়, ততদিন 'আমি কৃষ্ণের'—এই কৃষ্ণসম্বন্ধ জানিয়া যুক্তবৈরাগ্য অবলম্বনপূর্ব্বক জীবনযাত্রোপযোগী বিষয় আমাকে স্বীকার করিতে হইবে। অভাব-রোগ-শোকজনিত দুঃখ এবং স্বাস্থ্য-বল-বিত্তাদি-জনিত সুখরূপ প্রারব্ধকর্ম্মের ফল আমাকে ভোগ করিতেই হইবে। চিৎস্বরূপ আমার তদ্বিষয়ে কিছুই দরকার নাই,—ইহা জানিয়া দৈন্যের সহিত "হে কৃষ্ণ, হে গৌরহরি, আমি কবে তোমাদের শুদ্ধদাস্য লাভ করিতে পারিব" বলিয়া ক্রন্দন করিতে করিতে ভগবান্‌কে ডাকিলে এবং এইরূপ দীনহীন কাঙ্গাল হইয়া জীবন-যাপন করিলে করুণাময় শ্রীকৃষ্ণ নিশ্চয়ই কৃপা করিবেন। দীন না হইলে কৃপা পাওয়া যাইবে না। দীনকেই ভগবান্ দয়া করেন। নিজেকে পতিত বলিয়া জানাই দৈন্য। দৈন্যই ভক্তের ভূষণ। ভক্তগণ উত্তম হইয়াও আপনাকে তৃণাধম বলিয়া জ্ঞান করেন। বিষয়-বিরক্তিজনিত দৈন্য, নির্ম্মৎসরাশঙ্কতা দয়া, মিথ্যাভিমান-শূন্যতা এবং সকলকে যথাযোগ্য সম্মান-দান এই চারিটী গুণ ভক্তমাত্রেরই আছে। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বলিয়াছেন,—

কৃষ্ণ-অধিষ্ঠান সর্ব্বজীবে জানি সদা।
করবি সম্মান সবে আদরে সর্ব্বদা॥
দৈন্য, দয়া, অন্যে মান, প্রতিষ্ঠা-বর্জ্জন।
চারিগুণে গুণী হই' করহ কীর্ত্তন॥

হৃদয়ে সর্ব্বদা দৈন্য থাকা চাই। আমি কৃষ্ণদাস, অকিঞ্চন—আমার কিছুই নাই, কৃষ্ণই আমার সর্ব্বস্ব। আমার মত পতিত, অযোগ্য, নরাধম, অপরাধী ও হতভাগ্য কেহ নাই, আমি সকল অপেক্ষা দীনহীন ও অকিঞ্চন—ইহাই দৈন্য। দীন কখনও নিজ বল-ভরসার দাম্ভিকতা রাখেন না। তিনি সর্ব্বক্ষণ বলেন,—

কর্ম্ম নাই, জ্ঞান নাই, কৃষ্ণভক্তি নাই।
তবে বল কিরূপে ও শ্রীচরণ পাই॥
ভরসা আমার মাত্র করুণা তোমার।
অহৈতুকী সে করুণা বেদের বিচার॥

কৃপাই দীনের আশা ভরসা, তাঁহার অন্য কোন সহায়-সম্বল নাই।

আমরা অপরাধী জীব সত্য, কিন্তু যদি আমরা শ্রীনামকে সাক্ষাৎ কৃষ্ণ জানিয়া কাতর-ভাবে ব্যাকুলপ্রাণে তাঁহাকে ডাকি, তাহা হইলে নিশ্চয়ই তিনি সাড়া দিবেন। আহ্বানের মধ্যে ভেজাল থাকিলে সাড়া পাওয়া যাইবে না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ গাহিয়াছেন,—

নাম-নামী ভেদ নাই বেদের বচন।
তবু নাম নামী হৈতে অধিক করুণ॥
কৃষ্ণ-অপরাধী যদি নামে শ্রদ্ধা করি'।
প্রাণ ভরি' ডাকে নাম "রাম, কৃষ্ণ, হরি"॥
অপরাধ দূরে যায় আনন্দ-সাগরে।
ভাসে সেই অনায়াসে রসের পাথারে॥
বিগ্রহ-স্বরূপ বাচ্যে অপরাধ করি'।
শুদ্ধনামাশ্রয়ে সেই অপরাধে তরি॥
ভকতিবিনোদ মাগে শ্রীরূপচরণে।
বাচক-স্বরূপ নামে রতি অনুক্ষণে॥

ভক্ত তৃণাদপি সুনীচ। এ জগতের তৃণেরও 'আমি এ জগতের তৃণ' বলিয়া জাগতিক অভিমান আছে, কিন্তু ভক্তের জাগতিক কোন অভিমান নাই, তিনি ভগবদ্দাসাভিমানী। জাগতিক অভিমান—বিচারের অভিমান বা ভোক্তাভিমান, তাহা যথার্থ অভিমান নহে। আমি এ জগতের নহি, আমি জগদীশের কৃপাশ্রিত এই অভিমানই তৃণাদপি সুনীচতা। ভক্ত আপনাকে জগতের শিষ্য এবং সর্ব্বাপেক্ষা হীন জানেন। তিনি প্রত্যেক পরমাণু ও প্রত্যেক অণুতে ভাবে কৃষ্ণের অবস্থান জানিয়া কোন বস্তুকে নিজাপেক্ষা ক্ষুদ্র জ্ঞান করেন না। শ্রীনাম-কীর্ত্তনকারী ভক্ত জগতের কাহারও নিকট কিছুরই প্রার্থী নহেন। অপরে তাঁহার হিংসা করে। তিনি কাহারও প্রতিহিংসা করেন না, উপরন্তু হিংসাকারীর মঙ্গলকামনা করেন। ভক্ত বৃক্ষের ন্যায়ও সহিষ্ণু। বৃক্ষ যেরূপ ছেদনকারীকে কিছু না বলিয়া তাহাকে ছায়া ও ফলদান করিয়া তাহার উপকার করে, তদ্রূপ ভক্ত কাহারও আক্রমণে অসন্তুষ্ট না হইয়া শত্রু মিত্র সকলেরই উপকার করিয়া থাকেন। কারণ, তিনি নির্ম্মৎসর। ভক্ত জীবকাতর, সুতরাং জীবের প্রতি দয়া-প্রকাশ তাহার পক্ষে স্বাভাবিক। যিনি শুদ্ধ হরিনাম করেন, তাহার জীবের প্রতি দয়া আছেই। আমার সঙ্গী জীবগণের কিরূপে ভগবানে রতি হইবে, তাঁহারা মায়াবদ্ধ হইয়া পুত্র-কলত্রাদি অনিত্য বিষয় লইয়া ত্রিতাপ কষ্ট পাইতেছে, তাহাদের অনর্থ খুব বেশী থাকায় ভগবানে বিবেক হইতেছে না, আশা পাপে হইয়া তাহারা ভুলক্রমে তুচ্ছ ভোগপ্রদ ও ক্ষুদ্র স্বার্থরূপ অন্বেষণ করিতেছে। তাহাদের অমঙ্গলদর্শন ও ... কি করিয়া ঘুচিবে, এইরূপ চিন্তা করে। দয়ালু ভক্ত সকলের নিকট হরিকথা বলেন এবং সকলকে হরিনাম করিতে উপদেশ দেন। সাদৃশ অপরাধী তাহার প্রতি তাহাদের দয়া।

ভক্ত অমানী। ধন, জন, জাতি ও ... অভিমান। ভক্তের ... অভিমান নাই। তিনি জগতের ... সম্মানাদি চান না। তিনি ... অহঙ্কার ... ও ... সর্ব্বক্ষণ ... করেন।

ভক্ত মানদ। তিনি ... যথাযোগ্য সম্মান দান করিয়া থাকেন। তিনি নিজে মান চান, তিনি মানদ হইতে পারেন না। প্রতিষ্ঠাকাঙ্ক্ষী কি অপরকে মান দিতে ... কৃষ্ণদাস

জানিয়া কাহারও হিংসা বা প্রতিহিংসা করেন না। তিনি মধুরবাক্যে সর্ব্বক্ষণ কৃষ্ণকার্ষ্ণ-গুণ-কীর্ত্তন করিয়া সকলের মঙ্গল বিধান করেন। তিনি ব্রহ্মা ও ব্রহ্মা-শিবাদি দেবতাগণকে বৈষ্ণব সংজ্ঞায় সম্মান দান করিয়া তাঁহাদের নিকট হরিভক্তি প্রার্থনা করেন এবং শুদ্ধভক্তগণের সর্ব্বতোভাবে সেবা করেন। [illegible] হইয়াই [illegible] হরিনাম কীর্ত্তন করিতে হইবে।

নাম-কীর্ত্তনকারী সাধনভক্তির স্বরূপ এবং সাধকের কামনা কি, তাহা শ্রীমন্মহাপ্রভু নিম্নলিখিত শ্লোকে জানাইয়াছেন,—

ন ধনং ন জনং ন সুন্দরীং
কবিতাং বা জগদীশ কাময়ে।
মম জন্মনি জন্মনীশ্বরে
ভবতাদ্ ভক্তিরহৈতুকী ত্বয়ি॥

হে জগদীশ, হে জগন্নাথ প্রাণনাথ, আমি ধন, জন বা সুন্দরী কবিতা কামনা করি না, জন্মে জন্মে আপনার প্রতি আমার অহৈতুকী ভক্তি হউক, ইহাই প্রার্থনা।

শুদ্ধভক্তের জগতের প্রতি ঔদাস্য এবং ধন জনাদি লাভের বিষয়ে প্রাপ্ত বৈরাগ্য বা ঔদাসীন্য স্বাভাবিক। ভক্ত যে ভগবদ্দাস্য ছাড়া ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ কিছুই চান না, তাহা এই শ্লোকে স্পষ্টীকৃত হইয়াছে। ভগবদ্দাস্য-কাম বা কৃষ্ণেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছা ব্যতীত ভক্তের অন্য কোন বাঞ্ছা থাকিতে পারে না। কৃষ্ণসুখবাঞ্ছা ব্যতীত অন্য কামনা যাঁহার আছে, তিনি শুদ্ধভক্ত নহেন। কৃষ্ণার্থে অখিল চেষ্টাযুক্ত হওয়াই ভক্তের লক্ষণ। যেখানে অন্যাভিলাষ ও কর্ম্মজ্ঞানের আবরণ আছে, তাহাকে শুদ্ধা ভক্তি বলা যায় না। তাহা ভক্ত্যাভাস মাত্র। আবার দুর্ব্বাসনা থাকিলে তাহা অপরাধ মধ্যে গণ্য। তাই ভক্ত দৈন্যভরে দাস্য-ভক্তিই প্রার্থনা করিয়া থাকেন।

ধন, জন নাহি মাগোঁ কবিতা সুন্দরী।
'শুদ্ধভক্তি' দেহ' মোরে কৃষ্ণ কৃপা করি'॥
তোমার নিত্যদাস মুঞি তোমা পাসরিয়া।
পড়িয়াছোঁ ভবার্ণবে মায়াবদ্ধ হঞা॥
কৃপা করি' কর মোরে পদধূলি-সম।
তোমার সেবক করোঁ তোমার সেবন॥

'ধন' বলিতে বর্ণাশ্রমনিষ্ঠ ধর্ম্ম-ধন, ঐহিক-পারত্রিক জড়সুখকর অর্থধন এবং দুর্গশিরগত ইন্দ্রিয়সুখকর কামধন বুঝায়। 'জন' বলিতে স্বপরিবারগণ স্ত্রী পুত্র দাস-দাসী-প্রজা-বন্ধুবান্ধবাদি বুঝায়। 'সুন্দরী কবিতা' বলিতে সামান্য বিদ্যা বা জড়-পাণ্ডিত্যই লক্ষিতব্য। অসামান্য বা অলৌকিকী বিদ্যাই ভক্তি। যদ্দ্বারা কৃষ্ণে মতি হয়, তাহাই বিদ্যা। এতদ্ব্যতীত সবই অবিদ্যা। ভক্ত ধন, জন, সুন্দরী কবিতা অর্থাৎ কনক-কামিনী-প্রতিষ্ঠা চান না। তিনি প্রতি জন্মে কৃষ্ণে অহৈতুকী ভক্তি বা শুদ্ধদাস্য প্রার্থনা করেন। জন্ম-মরণ-রূপ জড়-যন্ত্রণানিবৃত্তি কৃষ্ণেচ্ছাধীন ও জীব-চেষ্টার অতীত বলিয়া ভক্তের সংসার-নিবৃত্তিরূপ মোক্ষকামনা নাই। সেই-জন্যই তিনি বলিতেছেন জন্মে জন্মে যেন আমার তোমাতে প্রীতি ভক্তি থাকে। কৃষ্ণেচ্ছায় আপনা হইতেই সংসার-নিবৃত্তি হইয়া যায়। ভক্ত সেবা ছাড়া আর কিছু চান না। ভগবানের সেবার জন্যই তিনি সেবা করেন। ভক্তি অহৈতুকী। [illegible] ব্যবধানরহিতা চিৎস্বভাবাশ্রিতা কৃষ্ণানন্দরূপা শুদ্ধা সেবা। অকিঞ্চনা অনিমিত্তা নামক অহৈতুকী ভক্তি। ইহাই আমাদের প্রার্থনীয় হওয়া উচিত।

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ গাহিয়াছেন,—

প্রভু, তব পদযুগে মোর নিবেদন।
নাহি মাগি দেহসুখ, বিদ্যা, ধন, জন॥
নাহি মাগি স্বর্গ, আর মোক্ষ নাহি মাগি।
না করি প্রার্থনা কোন বিভূতির লাগি'॥
নিজ কর্ম্মগুণদোষে যে যে জন্ম পাই।
জন্মে জন্মে যেন তব নামগুণ গাই॥
এইমাত্র আশা মম তোমার চরণে।
অহৈতুকী ভক্তি হৃদে জাগে অনুক্ষণে॥
বিষয়ে যে প্রীতি এবে আছয়ে আমার।
সেই মত প্রীতি হউক চরণে তোমার॥
সম্পদে বিপদে থাকুক তাহা সমভাবে।
দিনে দিনে বৃদ্ধি হউক নামের প্রভাবে॥
পশুপক্ষী হ'য়ে থাকি স্বর্গে বা নিরয়ে।
তব ভক্তি রহু ভক্তিবিনোদ হৃদয়ে॥

গুরুসেবকের অমঙ্গল নাই

সদ্‌গুরুর কৃপা ব্যতীত ভগবানের কৃপা পাওয়া যায় না। শ্রীগুরুদেব কৃষ্ণকৃপার মূর্ত্তবিগ্রহ। কৃষ্ণ-কৃপার প্রয়োজন হইলে তৎস্বরূপাবতার শ্রীগুরুপাদপদ্মে সর্ব্বতোভাবে আত্মনিবেদন করিয়া তাঁহাকে হৃদয়মধ্যে বন্ধন করাই কৃপাপ্রাপ্তির একমাত্র উপায়। ভগবানের নিত্য সেবা যাঁহারা করেন, তাঁহারাই সাধু। এই সাধুগণের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ শ্রীগুরুপাদপদ্ম। সর্ব্বশ্রেষ্ঠ সেবকই ভগবানের সর্ব্বশ্রেষ্ঠ।

যাঁহার নিষ্কপট গুরুসেবাবৃত্তি আছে, তিনিই হরিভজন করেন, তিনিই বৈষ্ণব, তিনিই সর্ব্বশ্রেষ্ঠ। মহতের সেবকও মহৎ। শ্রীগুরুদেব বৈষ্ণব-সম্রাট্। তাঁহাকে কেন্দ্র করিয়াই সকলের সকল প্রকার বৃত্তি হরিভজনে নিযুক্ত হয়। মূল সম্বন্ধ শ্রীগুরুপাদপদ্মের সহিত। আমি শ্রীগুরুপাদপদ্মের অতি অযোগ্য দাসানুদাসানুদাস—প্রত্যেক মঙ্গলপ্রার্থীর এই সম্বন্ধ ঠিক থাকা প্রয়োজন। অযোগ্য হইলেও আমি শ্রীগুরুপাদপদ্মেরই ধূলি। তাঁহাকে ছাড়া এই বিশ্বের কাহারও সহিত আমার কোন সম্বন্ধ নাই, তবে তাঁহার সেবার জন্য—সুখের জন্য—মনোহভীষ্ট-পূরণের জন্য সকলের সহিত সম্বন্ধ রাখিব, সকলের সেবা করিব, সঙ্গ করিব—এই বিচার সর্ব্বক্ষণ শ্রীগুরুপাদপদ্মের নগণ্য ভৃত্যানুভৃত্যগণের হৃদয়ে দেদীপ্যমান থাকে।

শ্রীগুরুপাদপদ্মের সেবা করিলেই মানবজীবনের সকল কর্ত্তব্য কৃত হয়—এই কথায় যাঁহার সুদৃঢ় বিশ্বাস নাই, তাঁহার মঙ্গললাভ সুদূরপরাহত। গুরুসেবা করিলে আর কাহারও কিছু করিতে বাকী থাকে না। নিষ্কপট গুরুসেবক বাহ্যে যত সাময়িক অনর্থযুক্তরূপেই প্রতিভাত হউন, তাঁহার মঙ্গল অনিবার্য্য। শ্রীগুরুপাদপদ্মে যদি নিষ্কপট অচলা শ্রদ্ধা-বিশ্বাস থাকে, শ্রীগুরুপাদপদ্মের সেবাই আমার ইহজন্মের এবং জন্মজন্মান্তরের একমাত্র কৃত্য—একথা যদি সহজভাবে উপলব্ধির বিষয় হয়, তাহা হইলে তাঁহার মঙ্গললাভ অনিবার্য্য। মঙ্গলময়ের সন্ধান যিনি পাইয়াছেন—যিনি মঙ্গল চান, তাঁহার সাময়িকভাবে বাধা উপস্থিত হইলেও কিছুই করিতে পারে না। সর্ব্বক্ষণ গুরুধ্যান, গুরুজপ, গুরু পাদপদ্মচিন্তায় বিভোর থাকিলে অনর্থ আর বাধা দিতে পারিবে না। গুরুসেবকের অনিবার্য্য মঙ্গল সম্বন্ধে শ্রীমদ্ভাগবত বলিতেছেন,—

বাধ্যমানোঽপি মদ্ভক্তো বিষয়ৈরজিতেন্দ্রিয়ঃ।
প্রায়ঃ প্রগল্ভয়া ভক্ত্যা
বিষয়ৈর্নাভিভূয়তে॥

[যদিও আমার ভক্ত অজিতেন্দ্রিয় হইয়া বিষয়ের বশীভূত হন, তথাপি নিষ্কপট ভক্তির প্রভাবে তিনি কখনও বিষয়ে মগ্ন হন না।]

শাস্ত্র বলেন —

কামক্রোধাদিকং যদ্যদাত্মনোঽনিষ্টকারণম্।
এতৎ সর্ব্বং গুরৌ ভক্ত্যা
পুরুষো হ্যঞ্জসা জয়েৎ॥

[আত্ম-অহিতকর যে কাম-ক্রোধাদি অনর্থ তাহা সকলই শ্রীগুরুপাদপদ্মের ভক্তি-প্রভাবে পুরুষ তৎক্ষণাৎ জয় করিতে পারেন।]

হরিসেবাই গুরুসেবা—গুরুসেবাই হরি-সেবা। শ্রীগুরুদেব ভগবদভিন্ন-বিগ্রহ। শ্রীগুরু-দেব—আশ্রয়জাতীয় তত্ত্ব, শ্রীকৃষ্ণ—বিষয়-জাতীয় তত্ত্ব, শ্রীগুরুদেব—সেবক-ভগবান্, শ্রীকৃষ্ণ—স্বয়ং-ভগবান্, সেব্য-ভগবান্। শ্রীগুরুদেব স্বয়ংপ্রকাশ, শ্রীকৃষ্ণ স্বয়ংরূপ, শ্রীগুরুদেব মুকুন্দপ্রেষ্ঠ। গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর বলিয়াছেন,—

সাক্ষাদ্ধরিত্বেন সমস্তশাস্ত্রৈ-
রুক্তস্তথা ভাব্যত এব সদ্ভিঃ।
কিন্তু প্রভোর্যঃ প্রিয় এব তস্য
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্॥

নিখিল শাস্ত্র যাঁহাকে সাক্ষাৎ শ্রীহরির অভিন্নবিগ্রহরূপে কীর্ত্তন করিয়াছেন এবং সাধুগণও যাঁহাকে সেইরূপেই চিন্তা করিয়া থাকেন, তথাপি যিনি ভগবানের একান্ত প্রেষ্ঠ সেই শ্রীগুরুপাদপদ্মকে আমি বন্দনা করি।

সেবোন্মুখতাই মঙ্গললাভের একমাত্র যোগ্যতা। সেবোন্মুখ না হইলে মঙ্গলের আশা নাই। সেবোন্মুখ হইবার বাধা ভগবানের ভক্তের সঙ্গ ও তৎকৃপাবলেই বিদূরিত হয়। শ্রীগুরুপাদপদ্মের আনুগত্য বাদ দিয়া অন্যান্য সাধনপ্রণালী অবলম্বনে মঙ্গললাভ হয় না। গুর্ব্বানুগত্যের দ্বারাই সকলসিদ্ধি করতলগত হয়। গুরুসেবকের—হরিভক্তের কোন-কালেই বিনাশ নাই। হরিভজন করিতে করিতে—গুরুসেবা করিতে করিতে যদি কোন ব্যক্তি অপক্কদশায় স্খলিত হয় বা মৃত্যু মুখে পতিত হয়, তথাপি তাঁহার কোন অমঙ্গল ঘটে না। পরজন্মে তিনি পুনরায় হরি-ভজনের সুযোগ পাইবেন। ভক্তিপথে যতটুকু অগ্রসর হইয়া থাকা যায়, ততটুকুই মঙ্গল। শ্রীমদ্ভাগবত বলিয়াছেন,—

ত্যক্ত্বা স্বধর্ম্মং চরণাম্বুজং হরে-
র্ভজন্ন পক্কোঽথ পতেত্ততো যদি।
যত্র ক্ব বাভদ্রমভূদমুষ্য কিং
কো বার্থ আপ্তোঽভজতাং স্বধর্ম্মতঃ॥

(ভাঃ ১।৫।১৭)

[নিত্য-নৈমিত্তিক কর্ম্ম অথবা বর্ণাশ্রমধর্ম্ম পালন পরিত্যাগ করিয়া হরিপাদপদ্ম-ভজন-করিতে করিতে পরে অসিদ্ধাবস্থায়ও যদি ভজন হইতে কোনপ্রকারে ভ্রষ্ট অথবা মৃত্যু হয়, তথাপি কর্ম্মে অনধিকার হেতু আশঙ্কা করিতে হইবে না। যেহেতু যে কোন অবস্থায়, এমন কি নীচ যোনিতেও থাকুন না কেন, সেই ভক্তিরসিকের কখনও কোন অমঙ্গল হয় কি? অর্থাৎ সেবাবাঞ্ছা থাকায় তাহার কোনও অমঙ্গল হয় না, পরন্তু ভজনহীন ব্যক্তিগণের ভক্তিশূন্য স্বধর্ম্ম-পালনের দ্বারা কোন্ প্রয়োজনই বা সিদ্ধ হয়?]

শ্রীল প্রভুপাদ বলিয়াছেন—"প্রাপঞ্চিক নিত্যনৈমিত্তিক কর্ম্ম বা বর্ণাশ্রমপালন পরিত্যাগ ক'রে আত্মবৃত্তি ভক্তিতে প্রবিষ্ট হ'য়েও যদি কোন ব্যক্তি প্রপঞ্চে থাকাকালে দুর্ভাগ্যক্রমে ভজন-পরিপাকের পূর্ব্বেই ভজন হ'তে কোন প্রকারে ভ্রষ্ট বা মৃত্যুগ্রস্ত হয়, তথাপি আংশিক স্বরূপোদ্বোধন জন্য অগ্নিস্ফুলিঙ্গের ন্যায় সেবাবাঞ্ছা থাকায় তা'র কোন অমঙ্গল হয় না, আর যা'রা হরিকথা শ্রবণ করে নাই বা ভজনহীন—ঐরূপ ব্যক্তিগণের ভক্তিশূন্য আনিত্য অজ্ঞানমিশ্র নিরবচ্ছিন্নানন্দাধানময় স্বধর্ম্ম-পালনের দ্বারা কোন নিত্য প্রয়োজনই সিদ্ধ হয় না।"

শ্রীভগবান্ অর্জ্জুনকে বলিয়াছেন —

সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।
অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি
মা শুচঃ॥

(গীতা)

শ্রীভগবান্ গীতায় বলিয়াছেন যে, "আমার প্রতি ভক্তি দ্বারাই সকলই সম্পন্ন হইবে—এই দৃঢ় বিশ্বাসের সহিত বিশিষ্ট দাসত্ব ত্যাগ করিয়া একমাত্র আমাকেই আশ্রয় কর। এইরূপে থাকিলে তোমার কর্ত্তব্যত্যাগের জন্য পাপ হইবে বলিয়া দুঃখ করিও না। যেহেতু একমাত্র আমাকেই আশ্রয়কারী তোমাকে সর্ব্বপ্রকার পাপ হইতে আমিই মুক্ত করিব।"

শ্রীগুরুবৈষ্ণবের সঙ্গ লাভ হইলে—তাঁহাদের শুভদৃষ্টির মধ্যে পড়িতে পারিলে জীব দেহ-সংক্রান্ত সমস্ত বিষয় বিস্মৃত হয়। দেহ ও দেহের বিস্তৃতিস্বরূপ আত্মীয়-স্বজনাদিতে মমত্ববুদ্ধিরূপ যে দেহাত্মবোধ, ইহা শ্রীগুরুনিত্যানন্দের কৃপা ব্যতীত কিছুতেই বিনষ্ট হয় না। শ্রীমদ্ভাগবত বলিয়াছেন,—

তে ন স্মরন্ত্যতিতরাং প্রিয়মীশ মর্ত্ত্যম্
যে চান্বদঃ সুতসুহৃদ্গৃহবিত্তদারাঃ।
যে ত্বব্জনাভ ভবদীয়পদারবিন্দ-
সৌগন্ধলুব্ধহৃদয়েষু কৃতপ্রসঙ্গাঃ॥
(ভাঃ ৪।৯।১২)

হে পদ্মনাভ, যাঁহারা ভবদীয়পদারবিন্দ-সৌগন্ধে লুব্ধ-হৃদয় মহাত্মগণের প্রকৃষ্ট সঙ্গ করেন তাঁহারা নিরতিশয় প্রিয় এই দেহকে এবং তৎসম্বন্ধি পুত্র, সুহৃৎ, গৃহ, বিত্ত এবং কলত্র, ইহাদের কিছুই চিন্তা করেন না।

শ্রীগুরুপাদপদ্মকে কেন্দ্র করিয়াই আমাদের সকল কাজ করিতে হইবে। আমাদের প্রত্যেক পদবিক্ষেপে, ভ্রমণে, জাগরণে, শয়নে, তীর্থভ্রমণে, সকল কার্য্যকালে অনুক্ষণ যদি শ্রীগুরুপাদপদ্ম-স্মৃতি হৃদয়ে বর্ত্তমান না থাকে, তাহা হইলে অন্যান্য লঘু বস্তু আমাদিগকে আকর্ষণ করিবে, আমরা নিশ্চয়ই বিপথগামী হইব। তখন আমরা এ জগতের রূপদর্শনে, মধুর বাক্য শ্রবণে, সুঘ্রাণ গ্রহণে, সুস্বাদু আহার করিতে এবং কোমল বস্তু স্পর্শ করিতে দৌড়াইব, ইন্দ্রিয় সকল তখন বিষয়ের প্রতি প্রবলভাবে আকর্ষণ করিয়া অমঙ্গলের পথে টানিয়া যাইবে। একমাত্র রক্ষাকর্ত্তা শ্রীগুরুবৈষ্ণবের কৃপা ব্যতীত আর মঙ্গলের উপায় নাই—নাই—নাই। যাহার সাক্ষাৎ ভগবৎ-প্রকাশস্বরূপ শ্রীগুরুপাদপদ্মে অসতী মর্ত্ত্যবুদ্ধি আছে, তাহার সমস্ত চেষ্টাই বিফলে যায়। নিষ্কপট গুরুসেবাফলে অচিরেই প্রেমফল জন্মে। কিন্তু কপটী হইলে উত্তরোত্তর সংসারেই আসক্ত হইতে হয়। গুরুর পাদাশ্রিত জনের অমঙ্গল হইতেই পারে না। প্রকৃত গুরুসেবকের গুরুসেবায় যদি সমস্ত জগৎ বাধা দেয় তাহা হইলেও তাহাতে তিনি কিঞ্চিন্মাত্র বিচলিত হন না।

শ্রীপুরুষোত্তমদাস

শ্রীপুরুষোত্তমদাস দ্বাদশ গোপালের অন্যতম 'দাম' নামক সখা। ইনি বৈদ্যবংশোদ্ভূত শ্রীসদাশিব কবিরাজের পুত্র। শ্রীসদাশিব কবিরাজ ব্রজের শ্রীচন্দ্রাবলী। শ্রীসদাশিব কবিরাজের পিতা শ্রীকংসারি সেন। কৃষ্ণলীলায় ইনি ব্রজের শ্রীরত্নাবলী সখী। শ্রীপুরুষোত্তমদাসের অপর নাম শ্রীনাগর-পুরুষোত্তম। শ্রীপুরুষোত্তমের পুত্র শ্রীকানুঠাকুর শ্রীভগবানের পরমভক্ত। কেহ কেহ বলেন, শ্রীকংসারিসেনের নিবাস গুপ্তিপাড়ায় ছিল। কিন্তু অধুনা তথায় তাহার কোন চিহ্ন দেখিতে পাওয়া যায় না। যাহা হউক, ইঁহাদের ন্যায় চারিপুরুষ ধরিয়া সিদ্ধ গৌরভক্ত অত্যন্ত বিরল।

শ্রীচৈতন্যচরিতামৃত ও শ্রীচৈতন্যভাগবতে পাই,—

শ্রীসদাশিব কবিরাজ—বড় মহাশয়।
শ্রীপুরুষোত্তমদাস—তাঁহার তনয়॥
আজন্ম নিমগ্ন নিত্যানন্দের চরণে।
নিরন্তর বাল্যলীলা করে কৃষ্ণসনে॥
তাঁর পুত্র মহাশয় শ্রীকানু ঠাকুর।
যাঁর দেহে রহে কৃষ্ণ-প্রেমামৃতপুর॥
(চৈঃ চঃ)

সদাশিব কবিরাজ মহা-ভাগ্যবান্।
যাঁর পুত্র শ্রীপুরুষোত্তমদাস নাম॥
বাহ্য নাহি পুরুষোত্তমদাসের শরীরে।
নিত্যানন্দ-চন্দ্র যাঁর হৃদয়ে বিহরে॥
(চৈঃ ভাঃ)

শ্রীদেবকীনন্দনের বৈষ্ণববন্দনাতেও দেখা যায়,—

শ্রীকংসারি সেন বন্দোঁ সেন শ্রীবল্লভ।
সদাশিব কবিরাজ বন্দোঁ একমনে।
নিরন্তর প্রেমোন্মাদ বাহ্য নাহি জানে॥
ইষ্টদেব বন্দোঁ শ্রীপুরুষোত্তম নাম।
কে কহিতে পারে তাঁর গুণ অনুপাম॥

শ্রীপুরুষোত্তম ঠাকুরের শ্রীপাট পূর্ব্বে চাকদহ ও শিমুরালি ষ্টেশন হইতে সমদূরবর্ত্তী সুখসাগরে ছিল। প্রথমে বেণডাঙ্গা গ্রাম ধ্বংস হইলে সুখসাগরে শ্রীপুরুষোত্তম ঠাকুরের শ্রীবিগ্রহগণ আনীত হন। পরে তাহাও গঙ্গাগর্ভজাত হইলে ঐখানে শ্রীজাহ্নবামাতার যে গাদি ছিল, সেই গাদির শ্রীবিগ্রহগণের সহিত শ্রীপুরুষোত্তম ঠাকুরেরও শ্রীবিগ্রহ সাহেবডাঙ্গা বেড়িগ্রামে আনীত হন। বেড়িগ্রামও ধ্বংস হইলে শ্রীজাহ্নবা-মাতার গাদির শ্রীবিগ্রহসমূহের সহিত শ্রীপুরুষোত্তম ঠাকুরের শ্রীবিগ্রহ প্রায় ৫০।৬০ বৎসর যাবৎ চান্দুড় গ্রামে আছেন। এই চান্দুড় গ্রাম শিমুরালি ষ্টেশন হইতে এক মাইল দূরে অবস্থিত। পুরাতন সুখসাগর নদীগর্ভজাত হওয়ায় নূতন সুখসাগর এই চান্দুড় গ্রাম হইতে তিন চারি মাইল দূরে, কালীগঞ্জের দক্ষিণে অবস্থিত।

শ্রীনিত্যানন্দ প্রভুর [illegible] দেবীর ভক্ত [illegible] শ্রীদেবকী[illegible] ([illegible]) [illegible] মতে শ্রীনিত্যানন্দ প্রভুর, কাহারও মতে শ্রীজাহ্নবা-দেবীর এবং কাহারও মতে এই শ্রীপুরুষোত্তম ঠাকুরের শিষ্য ছিলেন। বৈষ্ণববন্দনা-লেখক শ্রীদেবকীনন্দন দাস যে ইঁহারই শিষ্য ছিলেন, তদ্বিষয়ে বৈষ্ণববন্দনায় স্পষ্ট উল্লেখ আছে।

কিংবদন্তী এই যে, গঙ্গার পূর্ব্বতীরে সুখসাগর নামক গ্রামে শ্রীপুরুষোত্তম ঠাকুরের বাস ছিল। শ্রীপুরুষোত্তমের পত্নীর নাম 'জাহ্নবা' ছিল। ঠাকুর কানাইয়ের আবির্ভাবের পরেই শ্রীজাহ্নবা অপ্রকট হন। শ্রীনিত্যানন্দ প্রভু শ্রীপুরুষোত্তমের পত্নী-বিয়োগের কথা শুনিয়া শ্রীপুরুষোত্তমের গৃহে শুভাগমন করেন এবং তাঁহার পুত্রকে স্বীয় ভবন খড়দহে লইয়া যান।

শুনা যায়, শ্রীপুরুষোত্তম দাসের পুত্র শ্রীকানুঠাকুর বাঙ্গালা ৯৪২ সালে আষাঢী শুক্লা দ্বিতীয়ায় বৃহস্পতিবারে রথযাত্রার দিনে আবির্ভূত হন। শিশুকাল হইতে ঠাকুর কানাইয়ের কৃষ্ণভক্তি-পরায়ণতা দেখিয়া শ্রীনিত্যানন্দ প্রভু তাঁহার নাম 'শিশু-কৃষ্ণদাস' রাখেন। 'শিশুকৃষ্ণদাস' পঞ্চমবর্ষ বয়সে ঈশ্বরী শ্রীজাহ্নবা-মাতার সহিত শ্রীবৃন্দাবন-ধামে গমন করেন। শ্রীল শ্রীজীব গোস্বামী প্রমুখ নিত্যসিদ্ধ ব্রজবাসিগণ শিশুকৃষ্ণদাসের ভাবাদি দর্শনে তাঁহাকে 'ঠাকুর কানাই' নাম প্রদান করেন। জনশ্রুতি আছে যে, বৃন্দাবনে ঠাকুর কানাই যখন কীর্ত্তনানন্দে বিহ্বল হইয়া নৃত্য করিতেছিলেন, তখন তাঁহার দক্ষিণ পদের একটী নূপুর পদ হইতে অন্তর্হিত হইয়া যায়। ঠাকুর কানাই তখন বলেন,—'যে স্থানে এই নূপুর পতিত হইয়াছে, আমি সেই স্থানে বাস করিব'। যশোহর জেলার বোধখানা নামক গ্রামে ঐ নূপুর পতিত হইয়াছিল বলিয়া শুনা যায়। তদবধি ঠাকুর কানাইয়ের বোধখানায় আসিয়া বাস। এই বোধখানাই শ্রীকানু ঠাকুরের শ্রীপাট। কেহ কেহ শ্রীকানু ঠাকুরকে দ্বাদশ-গোপালের অন্যতমও বলেন। শ্রীকানু ঠাকুর খেতুরীর উৎসবে শ্রীজাহ্নবাদেবী ও শ্রীবীরচন্দ্র প্রভুর সহিত তথায় উপস্থিত ছিলেন।

ভগবদ্ভক্ত হরিদাসগণের পরমপবিত্র অতিমর্ত্ত্য জীবনচরিত আলোচনাতেই জীবনের সাফল্য। ভক্তের অযোগ্য কিঙ্করাধিকঙ্কর-সূত্রে তদনুশীলনই আমাদের কৃত্য হউক। শ্রীল বৃন্দাবনদাসঠাকুর শ্রীচৈতন্য-ভাগবতে লিখিয়াছেন,—

হরিদাস-স্মৃতি-বর শুনে যেই জন।
অবশ্য মিলিবে তাঁ'রে কৃষ্ণপ্রেমধন॥
এ বচন মোর নহে, সর্ব্বশাস্ত্রে কয়।
ভক্তাখ্যান শুনিলে কৃষ্ণেতে ভক্তি হয়॥
মহাভক্ত হরিদাসঠাকুর জয় জয়।
হরিদাস স্মরণে সর্ব্বপাপক্ষয়॥

শ্রীল প্রভুপাদের হরিকথা

[illegible] লঘু। আর গুরুপাদপদ্ম যিনি কৃষ্ণের সেবা করেন, তিনি বৃহৎ হইতেও বৃহৎ, [illegible]ও বৃহৎ। শ্রীগুরুদেব মুকুন্দপ্রেষ্ঠ। তিনি কৃষ্ণের সর্ব্বশ্রেষ্ঠ সেবা করেন ব'লে কৃষ্ণের প্রিয়তম। ভগবানের যাবতীয় প্রিয়গণের মধ্যে আমার মন্ত্রদাতা [illegible] সর্ব্বাপেক্ষা অধিক প্রিয়তম। শ্রীগুরুপাদপদ্ম আশ্রয়জাতীয় প্রকাশ। কেহ মনে না করেন, তিনি বা আশ্রয়বিগ্রহ বা বিষয়-বিগ্রহ। অনর্থযুক্ত অবস্থায় ও অনর্থমুক্ত অবস্থায় শ্রীগুরুদেবের দর্শনভেদ আছে। অনর্থযুক্তাবস্থায় ভোগতাৎপর্য্যে দর্শন ও অনর্থমুক্তাবস্থায় সেবাদর্শন। শ্রীগুরুপাদপদ্ম যে প্রকার সেবা করেন, [illegible] সেই প্রকার বিচার থাকবে। আমি একদিকে ভগবান আর গুরুপাদপদ্মের [illegible] তা' হ'লে [illegible] হ'য়ে গেল।

ব্রহ্মা-শিবাদি সকলেই শ্রীমদ্বৃন্দাবনের [illegible] কীর্ত্তন ক'রেছেন। এখানকার টেঁটু গাছ, পিপুল গাছ, গরু, [illegible] কোনটাই সাধারণের ভোগ্য পদার্থ নহে। হৃদয় যাঁদের বিষয়স্পৃহারহিত হ'য়েছে, তাঁহারাই পরম অসুবিধাগুলিকে সুবিধা মনে করেন অর্থাৎ সব কৃষ্ণসেবার অনুকূল ক'রে নেন।

ব্রজে এসে কোথায় সুবিধা হ'বে কিন্তু তা' না ক'রে ধামাপরাধ ও নামাপরাধকেই ধামবাস ও নামভজন মনে কর্‌ছি। একে ত' গুরুপাদপদ্মের কথা শুন্‌বার আদৌ রুচি নাই—হরিকথা শুনে যেটুকু রুচি হ'বে, সেইটুকুও বন্ধ ক'রে দাও, কপাট বন্ধ ক'রে দাও, কপাট বন্ধ ক'রে [illegible] ভজন কর—হরিকথা-শ্রবণ কীর্ত্তনের প্রতি [illegible] ক'রে দাও। আউলবাউলাদির এই মত আজকাল প্রচ্ছন্নরূপে ভক্তসমাজে প্রতিষ্ঠালাভ ক'রেছে।

যে কয়টা দিন জীবন আছে, সেই শেষ কয়টা দিন যদি হরিভক্ত [illegible] তা' হ'লেই সুবিধা হ'বে। [illegible] আদর্শ নয়, জাগতিক পাণ্ডিত্য আমাদের আদর্শ নয়, জাগতিক কুলীন আমাদের আদর্শ নয়, জাগতিক রূপবান [illegible] আদর্শ নয়। আমরা [illegible]

মায়াকে পিছনে রাখি কৃষ্ণপানে চায়। ভজিতে ভজিতে কৃষ্ণপাদপদ্ম পায়॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীমধুসূদন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ

১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার

কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৭১১৫

সেবক—শ্রীমদনমোহন দাস ভক্তিশাস্ত্রী বি-এ

শ্রীযোগপীঠ মায়াপুরপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীকৃষ্ণবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর নদীয়া

সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

কাজির সমাধি পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

সেবক—শ্রীমঙ্গলানন্দ ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ সুখদ কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

সেবক—শ্রীসনাতন দাসাধিকারী

শ্রীগৌরাঙ্গ মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

সেবক—শ্রীধনঞ্জয় অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)

সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর নদীয়া

সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ

পোঃ কৃষ্ণনগর, নদীয়া

সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীনবদ্বীপ গৌড়ীয়মঠ

রাউতারা (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর, নদীয়া

সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

শ্রীকৃষ্ণকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

সেবক—শ্রীঅনুভবানন্দ সেবাবিলাস

ভাগবত আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)

সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠাসন

সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুঁড়া গৌড়ীয়মঠ

পোঃ পুঁড়া, চব্বিশ পরগণা

সেবক—শ্রীঅনন্তনাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা

সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ

পোঃ কমলাপুর, ঢাকা

সেবক—শ্রীরামলক্ষ্মণ ব্রহ্মচারী

গদাই-গৌরাঙ্গমঠ

পোঃ বালিয়াটী (ঢাকা)

সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ

নুতনবাজার, পোঃ ময়মনসিংহ

সেবক—শ্রীশিববিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া, আসাম

সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাগলাঝোরা রোড, দার্জ্জিলিং

সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি

সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ

পোঃ মিঠাপুর, পাটনা

সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

সেবক—শ্রীগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ

৮।১৭ বড় গন্ধীবাসং, বেনারস সিটি

সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা।

সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

সেবক—শ্রীনন্দগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড মথুরা

সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ

সেবক—শ্রীইন্দ্রদমন দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী

সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়

গোবর্দ্ধন, মথুরা

সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ

বর্ষাণা মথুরা

সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ

শেষশায়ী

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

সেবক—শ্রীসনাতনগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ

৪৫নং হনুমান রোড, নিউ দিল্লী

সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং

বোম্বে নং ২৬

সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ

রায়পেটা, মাদ্রাজ

সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ

পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ

সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)

সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম

(ভগবৎ-কৃপাভিবন্ধক)

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী

সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম

(ভগবৎ-কৃপাভিবন্ধক)

পুরী

সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

সেবক—শ্রীগৌরাঙ্গবিগ্রহ ব্রহ্মচারী

ভক্তিকুটী

স্বর্গদ্বার

সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী

সেবক—শ্রীযদুনাথ দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ

বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা

সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

সেবক—শ্রীরসিকমোহন ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ

চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম

পোঃ রাজবাঁধ, বর্দ্ধমান

সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ

ডুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)

সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ

৩০১ নং লিউটস ষ্ট্রীট, রেঙ্গুণ

সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ

৪৪ ল্যাঙ্কেষ্টার রোড, ষ্টাউড্ গ্রীন

লণ্ডন, এন্ ৪

সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১।১।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,

কলিকাতা।

সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

লক্ষ্ণৌ গৌড়ীয়মঠ

পরমেশ্বরী দয়াল বিল্ডিং

লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি

সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ

নন্দনকানন, চট্টগ্রাম

সেবক—শ্রীঅদ্বয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস

বহরমপুর (গঞ্জাম)

সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,

শ্রীমায়াপুর (নদীয়া)

সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,

নিমসার (ইউ, পি)

সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন

সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

সেবক—শ্রীযতিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য

চিকিৎসালয়

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীবনগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত

শ্রীনদবিহারী ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

—::০::—

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	৷৹	৷৵৹	৷৵৹	৷৹
" " ইঞ্চি	২৲	১৷৷৹	১৷৷৹	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসের প্রতি ইঞ্চি	৬৲	৪৷৷৹
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷৷৹
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রপুষ্পমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান – শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১৷৹ এবং ২য় খণ্ডের ভিক্ষা ৷৲ টাকা

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ হিন্দি পদ্যানুবাদসহ মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—(:০:)—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

—::০:—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭৷৹ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬৷৹ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৭০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রদের জন্য ফ্রীস্টুডেন্টসসিপের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার অসাধারণ পাণ্ডিত্যের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অতুলনীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। ডবল ক্রাউন ১৬ পেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আদর হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ॥০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ — শনিবার ব্যতীত

					শনিবার	অন্য দিন		
কলিকাতা ছাঃ	৪-৫৬	৬-২১	৭-১৪	১৩-১৬	১৫-১৩	১৬-১৬	১৭-৫৬	২২ ২৬
দমদম "	৪-৫৬	৬-৩৩	৭-২৮	১৩ ২৯	..	..	১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯ ১৮	১৪ ৫০	১৬ ৪৮	১৮-৩১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ	. .	. ৯-৩১			. .		.	. ..
কৃষ্ণনগর পৌঃ	৮ ২৯	৮ ৪০	১০-৩	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০ ২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-১৬	১৪ ৫০	১৭-৪০			২০-৩০	
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১৫-২৫	১৮-১৫			২১-৫	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫-৩৩	১৮-২৩			২১-১৩	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম "	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
" ছাঃ	১২ ৫৬
শান্তিপুর পৌঃ	১৩-২৪
(বদল) ছাঃ	১৩ ৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩৩

ডাউন — শনিবার ব্যতীত

						অন্য দিন	শনিবার	
নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪		৯-১২		১৬-৩	১৬-৩১	১৮-৩৮	
মহেশগঞ্জ "	৬-২৩		৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৭		৯-৫৫		১৬ ৪৬	১৭ ১৪	১৯-২১	
(বদল) ছাঃ	৫-৩১	৭-১০	৮-৫২	১১-২৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪ ১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৫৫	১৭-৩৬	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ		.	.		১৫-৫৬	১৭-৪২		...
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১-২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৫৬	১৮-২৬	২১-৪০	২৩ ১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪-১
মহেশগঞ্জ "	১৪ ১০
কৃষ্ণনগর পৌঃ	১৪-৪৪
ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫১
" ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১॥০ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। প্রয়াগ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরববিধায়ক অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণান্তিকে বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনস্বী সজ্জনবৃন্দ যে সমস্ত প্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগাবরুদ্ধসিদ্ধান্তখণ্ডনে ও তদনুরূপ সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৮০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতিও অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

:—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা।

বেহালা, ২৪ পরগণা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

Regd No. C 1544

সজ্জনতোষণী কল্যাণকল্পতরু

'শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিশিষ্ট'-নামক বিস্তৃত তাৎপর্যসহ প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৵০

প্রাপ্তিস্থান -
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৷০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৬শ বর্ষ } ১৩ শ্রীধর, গৌরাব্দ ৪৫৫, ১৫ই শ্রাবণ, বঙ্গাব্দ ১৩৪৮ ৩০শে জুলাই ইং ১৯৪১, বৃহস্পতিবার { ১২৩২৪ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৩ শ্রীধর আদি কারণোদশায়ী গৌরাব্দ ৪৫৫

শ্রীউদ্ধারণ দত্ত ঠাকুর

——::[*]::——

শ্রীনিত্যানন্দ প্রভুর পার্ষদ শ্রীল উদ্ধারণ দত্ত ঠাকুর দ্বাদশগোপালের অন্যতম সুবাহু সখা। ইনি জীবমঙ্গলের জন্য শ্রীমন্নিত্যানন্দ প্রভুর নিত্যসঙ্গিরূপে সুবর্ণবণিক্‌কুলে আবির্ভূত হইয়াছিলেন। হুগলী জেলার অন্তর্গত ত্রিশবিঘা ষ্টেশনের নিকটবর্ত্তী সরস্বতী নদীর তটস্থিত সপ্তগ্রামে তাঁহার বসতি ছিল। ষড়্‌গোস্বামীর অন্যতম শ্রীল রঘুনাথ দাস গোস্বামী প্রভুর প্রকটভূমি শ্রীকৃষ্ণপুর হইতে এই সপ্তগ্রাম এক মাইলের কিছু বেশী হইবে। শ্রীচৈতন্যচরিতামৃত ও শ্রীচৈতন্যভাগবতে পাই,—

মহাভাগবতশ্রেষ্ঠ দত্ত উদ্ধারণ।
সর্ব্বভাবে সেবে নিত্যানন্দের চরণ।
(চৈঃ চঃ)

উদ্ধারণ দত্ত মহা-বৈষ্ণব উদার।
নিত্যানন্দসেবায় যাঁহার অধিকার॥
কতদিন থাকি নিত্যানন্দ খড়দহে।
সপ্তগ্রাম আইলেন সর্ব্বগণ সহে॥
উদ্ধারণ দত্ত ভাগ্যবন্তের মন্দিরে।
রহিলেন তথা প্রভু ত্রিবেণীর তীরে॥
কায়মনোবাক্যে নিত্যানন্দের চরণ।
ভজিলেন অকৈতবে দত্ত উদ্ধারণ॥
নিত্যানন্দ-স্বরূপের সেবা-অধিকার।
পাইলেন উদ্ধারণ, কিবা ভাগ্য তার॥
জয় জয় নিত্যানন্দ-স্বরূপ ঈশ্বর।
জয় জয় উদ্ধারণো তাঁহার কিঙ্কর॥
যতেক বণিক্‌কুল উদ্ধারণ হৈতে।
পবিত্র হইল, দ্বিধা নাহিক ইহাতে॥
বণিক্ তারিতে নিত্যানন্দ-অবতার।
বণিকেরে দিলা প্রেমভক্তি-অধিকার॥
সেই সপ্তগ্রামে আছে সপ্তঋষি-স্থান।
জগতে বিদিত সেই 'ত্রিবেণীঘাট' নাম॥
সেই গঙ্গাঘাটে পূর্ব্বে সপ্তঋষিগণ।
তপ করি' পাইলেন গোবিন্দচরণ॥
তিন দেবী সেই স্থানে একত্র মিলন।
জাহ্নবী, যমুনা, সরস্বতীর সঙ্গম॥
প্রসিদ্ধ ত্রিবেণী ঘাট সকল ভুবনে।
সর্ব্বপাপক্ষয় হয় যাঁ'র দরশনে॥
(চৈঃ ভাঃ)

শুনা যায়, সপ্তগ্রামে শ্রীল উদ্ধারণ দত্ত ঠাকুরের প্রতিষ্ঠিত ও স্বহস্ত-সেবিত শ্রীমন্মহাপ্রভুর ষড়্‌ভুজমূর্ত্তি, তাঁহার দক্ষিণে শ্রীনিত্যানন্দ ও বামে শ্রীগদাধর বিরাজিত আছেন। শ্রীরাধাগোবিন্দ-মূর্ত্তি, শ্রীশালগ্রাম ও সিংহাসন বেদীর নিম্নে শ্রীউদ্ধারণ দত্ত ঠাকুর মহাশয়ের শ্রীআলেখ্য অর্চ্চিত হইতেছেন। প্রায় পঞ্চাশ বৎসর পূর্ব্বে তথায় শ্রীল উদ্ধারণ দত্ত ঠাকুরের দারুময়ী শ্রীমূর্ত্তি বিরাজিত ছিলেন। সেই শ্রীমূর্ত্তি এখন সপ্তগ্রাম-শ্রীপাটে নাই। কেহ কেহ বলেন, শ্রীউদ্ধারণ ঠাকুরের পূর্ব্বের শ্রীমূর্ত্তি ও ঠাকুরের সেবিত শ্রীশালগ্রাম হুগলী-বাশিগ্রামে আছেন।

শ্রীল উদ্ধারণ ঠাকুর কাটোয়া হইতে দেড়মাইল উত্তরে 'নৈহাটী' গ্রামের রাজার দেওয়ান ছিলেন। দাঁইহাট ষ্টেশনের নিকটে অদ্যাপি ঐ রাজবংশগণের প্রাসাদের ভগ্নাবশেষ দৃষ্ট হয়। ঠাকুর রাজকার্য্য উপলক্ষে যে স্থানে বাস করিতেন, তাহা আজও উদ্ধারণপুর নামে অভিহিত। ঠাকুরের প্রতিষ্ঠিত এখানকার শ্রীগৌরনিতাই-বিগ্রহও অন্যত্র নীত হইয়াছে বলিয়া কথিত। এই স্থানের মন্দিরের পশ্চিমে, কাহারও মতে শ্রীবৃন্দাবনে ঠাকুরের সমাধি বর্ত্তমান। কাহারও মতে ঠাকুরের পিতার নাম—শ্রীকর, মাতার নাম—শ্রীভদ্রাবতী এবং পুত্রের নাম—শ্রীনিবাস।

মদীয় শ্রীগুরুদেব নিত্যলীলা-প্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ সপার্ষদে শ্রীশ্রীগৌড়মণ্ডল-পরিক্রমাকালে বাঙ্গালা ১৩৩১ সালের ১৮ই মাঘ শনিবার শ্রীল উদ্ধারণ দত্ত ঠাকুরের শ্রীপাট সপ্তগ্রামে শুভবিজয় করিয়া তথায় শ্রীল উদ্ধারণ ঠাকুরের মহিমা অনর্গল কীর্ত্তন করেন। তন্মধ্যে আমরা দুই একটী কথার পুনরাবৃত্তি করিতেছি,—

"শ্রীল নিত্যানন্দ প্রভু সমস্ত ভক্ত-বৈভবের মালিক। শ্রীগৌরসুন্দর যখন শ্রীনিত্যানন্দ প্রভুকে উদারধর্ম্ম প্রচার করিবার জন্য গৌড়সাম্রাজ্যে প্রেরণ করেন, তখন শ্রীল উদ্ধারণ ঠাকুর শ্রীনিত্যানন্দগণের প্রধান গুপ্তস্বরূপ ছিলেন। ইনি অবর ব্রাত্য বৈশ্যকুলে আবির্ভূত হইলেও সেই কুলের পরিচয়ে পরিচিত হইতে পারেন না, অথবা সেই জাতির অন্তর্গত নহেন। অর্থাৎ ঠাকুর মহাশয় সুবর্ণবণিক্ নহেন। বৈষ্ণবে জাতিবুদ্ধি করিয়া তাঁহাকে সুবর্ণবণিক্ বুদ্ধি করিলে অনন্ত রৌরবে গমন করিতে হইবে। তিনি ব্রজের শ্রীবলদেবের সখা। তিনি সাধারণ গোয়ালাও নহেন, তিনি শ্রীনন্দনন্দনের নিত্যসঙ্গী চিন্ময় দুধ-বেচা গোয়ালা।

বিষ্ণু ও বৈষ্ণবে কোন ভেদ নাই। কেবল উভয়ে নিত্য সেব্য-সেবক-সম্বন্ধ—একজন বিষয়তত্ত্ব আর একজন আশ্রয়তত্ত্ব। সাক্ষাৎ শ্রীবাসাদি ভক্তবৃন্দ বলিতে যাহা বুঝায় শ্রীল উদ্ধারণ ঠাকুরকে তাহাই বুঝিতে হইবে। আমরা অনেক সময় ভগবদ্ভক্ত-গণকে—নিত্যপারিকর বৈকুণ্ঠবস্তুসমূহকে মায়িক বুদ্ধি দ্বারা—অক্ষজজ্ঞান দ্বারা মাপিতে গিয়া অপরাধ করিয়া বঞ্চিত হইয়া পড়িয়া থাকি—ভগবদ্ভক্তও যেন আমাদের ন্যায় কর্ম্ম-ফলবাধ্য জাতির অন্তর্গত।

যাঁহারা শ্রীগৌরসুন্দরের অনন্য সেবক—যাঁহারা সত্য সত্য হরিভজন করেন, তাঁহারাই শ্রীনিত্যানন্দ প্রভুর আলিঙ্গিত-বিগ্রহ এবং প্রকৃত বংশোদ্ভূত। বৈষ্ণবকে অবৈষ্ণবের সমান জ্ঞান করার ন্যায় মহাপরাধ আর নাই। পূর্ব্বজন্মের পাপফলে মানুষ অবরকুলে জন্মগ্রহণ করে। কিন্তু তাই বলিয়া শ্রীউদ্ধারণ প্রভু পাপফলে নীচকুলে উদ্ভূত হন নাই। শ্রীল উদ্ধারণ প্রভু মাটীর উদ্ধারণ পাত্র নহেন। শ্রীল ঠাকুর মহাশয়কে আমরা অক্ষজজ্ঞানে মাপিতে গেলে বঞ্চিত হইব।

ভগবানের সখা ও চতুর্ভুজ নারায়ণে তত্ত্বগত কোন ভেদ নাই, কেবল লীলাগত ও রসগত তারতম্য আছে। শ্রীগুরুদেব অভিন্ন নিত্যানন্দস্বরূপ। আমার গুরুদেব সাক্ষাৎ নিত্যানন্দ প্রভু। আমার গুরুদেব যাঁহাকে গুরুদেব বলিয়াছেন, তিনি আমার গুরুদেবের নিকট নিত্যানন্দাভিন্ন-স্বরূপ। আমার পরম-গুরুদেব যাঁহাকে তাঁহার গুরুদেব বলিয়াছেন, তিনি আমার পরম-গুরুদেবের নিকট অভিন্ন-নিত্যানন্দস্বরূপ। বৈষ্ণবগণ সকলেই শ্রীনিত্যানন্দপ্রভুর বিভিন্ন প্রকাশ। কিন্তু যাঁহারা আমার গুরুদেব নিজমুখে কখনও বলেন নাই যে,—'আমি নিত্যানন্দ'। তিনি সর্ব্বদাই শ্রীগৌরসুন্দরের দাস—গৌরচন্দ্রের মনোভীষ্ট-সেবাকারী বলিয়াই অভিমান করেন। কিন্তু আমি যদি আমার অত্যন্ত দুর্ভাগ্যবশতঃ কোনও দিন কর্ণে শুনিতে পাই যে, আমার

গুরুদেব শ্রীনিত্যানন্দস্বরূপ নহেন, সেইদিন আমি নিশ্চয়ই জানিব যে, আমার গুরুদেব আমাকে অনন্ত অনর্থবিস্তারে পরিত্যাগ করিয়াছেন। যে পাষণ্ড আমার শ্রীগুরুদেবকে নিত্যানন্দ ভিন্ন অন্য কিছু বলেন, সেই প্রকার পাষণ্ডের সহিত আমার যেন স্বপ্নেও সাক্ষাৎ কার না হয়।"

[illegible] একটি [illegible] মণ্ডপ আছে। [illegible] শ্রীনিত্যানন্দ প্রভু এই স্থানে শুভাগমন করেন, তখন শ্রী[illegible] একটী [illegible] প্রভুর জন্য [illegible] ছিলেন। [illegible] বৃক্ষ [illegible]। পতিতপাবন শ্রীনিত্যানন্দ প্রভু শ্রী[illegible] ঠাকুরকে [illegible] বাধক বৃক্ষ কাটেন নাই। কোনও সম্প্রদায়ে [illegible] পতিত [illegible] করিতে পারেন না। [illegible] পুত্র [illegible] সেই উচ্ছিষ্ট গ্রহণ করিয়া জীবনধারণ করেন।

—

শ্রীশ্রীআচার্য্যবাণী

—:○:—

পরদোষে সদ্‌গুণ [illegible] কর্ত্তব্য। যাঁহারা অকপটে [illegible] প্রবিষ্ট হইয়াছেন, তাঁহাদিগকে [illegible] হইবে না। এই পথে [illegible] নীচ [illegible], বংশগত [illegible] স্বাভাবিক দোষ কিম্বা [illegible], পীড়া [illegible] দোষদৃষ্টি [illegible] ভক্তজনের [illegible] বিচার করিতে হইবে না। কনিষ্ঠ, মধ্যম, উত্তম—তিন প্রকার ভক্তেরই [illegible] অপ্রাকৃত [illegible] দর্শন করিতে হইবে না। তবে [illegible] তাঁহাদিগের [illegible] হইবে।

[illegible] বৈষ্ণব নয়, [illegible] —[illegible]। [illegible] চেষ্টা। [illegible] শ্রী[illegible] [illegible] হইবে। [illegible] নহে। [illegible]

হইবে। যিনি ভজনবিজ্ঞ ও যাঁহার অন্য দর্শন অর্থাৎ কোথাও লঘুদর্শন নাই, সর্ব্বত্র গুরুদর্শন, সেই পূর্ণ শরণাগত মহাভাগবতের সর্ব্বত্র অদ্বয়জ্ঞানের স্ফূর্ত্তি হইয়াছে। তিনি সর্ব্বোত্তম, সর্ব্বগুরু হইয়াও আপনাকে অতি হীন ও লঘু অভিমান করেন। তিনি অমায়িক, তাঁহার দম্ভজনিত কোনও দর্শন নাই, সুতরাং তিনি কৃষ্ণের অতি প্রিয়পাত্র। তাঁহার নিকট হইতে শ্রবণ করিতে হইবে। যাঁহার নিরন্তর শিষ্য অভিমান আছে, তিনিই গুরুপদবাচ্য।

অন্তর অন্তরে প্রবেশ না করিলে শিষ্য হওয়া যায় না। সেখানে অকপট সেবা [illegible] অন্তরের কথা জানা যায়। যেমন প্রাকৃত জগতে মা অনেকটা শিশুর অন্তরের কথা জানেন, মাতা শিশু পুত্রের অন্তরের কথা জানেন। অপ্রাকৃত জগতে ইহাই নিত্য [illegible] যে, তিনি সেবাপ্রভাবে [illegible] অন্তরের কথা জানেন। যেমন [illegible] অন্তরের কথা জানিয়া "[illegible]" [illegible] বাঁধিয়া ছিলেন।

শ্রীভক্তিবিনোদ সম্প্রদায়ে দীক্ষিত হইলে [illegible] দীক্ষিত ব্যক্তিকে গুরু [illegible], এমন কি, গুরুদেব পর্য্যন্ত 'প্রভু' বলিয়া সম্বোধন করেন। [illegible] 'প্রভু' ত' একমাত্র শ্রীনিত্যানন্দ প্রভু। শ্রীভক্তিবিনোদ সম্প্রদায়ে সদ্যোদীক্ষিত ব্যক্তিকেও 'প্রভু' বলিয়া সম্বোধন করিবার কারণ এই যে, সেখানে বক্তা মানদধর্ম্মাশ্রয়ী হইয়া নিজেকে 'ছোট' অভিমান করেন, অর্থাৎ 'তিনি সেবা আরম্ভ করিয়াছেন, আমি করিতে পারি নাই' বা 'গুরুর সেবক হইতে বাঞ্ছা আমার' - এই বিচারে বক্তা [illegible] ব্যক্তিকে মান দান করিয়া থাকেন।

ভগবৎকৃপা - অহৈতুকী। সেবোন্মুখতা বা শরণাগতিই কৃপা-লহরী। যাঁহারা কৃপার পথ পরিত্যাগ করিয়া কৃত্রিম সাধনের দ্বারা ভগবানের রাজ্যে প্রবেশ করিতে চাহেন, তাঁহারা কখনও মায়া হইতে উদ্ধার লাভ করিতে পারেন না। [illegible] প্রতি শরণাগত হইলে, অর্থাৎ [illegible] নিষ্কপটে আত্মনিবেদন করিলেন, তাঁহার উপর [illegible] ভগবৎকৃপা বর্ষিত হইবে। ভগবানের নিত্য স্বভাবে সর্ব্বদাই অহৈতুকী কৃপা-বিতরণ। কর্ম্মীর চক্ষে অদৃষ্ট বা 'অদৃষ্ট'-বাদ নহে, এবং সংসার অমঙ্গলমুখ হইবার [illegible] ভগবৎকৃপা, শ্রদ্ধা ও সাধুসঙ্গ লাভে বঞ্চিত থাকে। শরণাগতের অন্তরে [illegible], প্রাকৃত-বর্জ্জনের মধ্যে যে [illegible], তাহা ভগবানের [illegible]। মুক্তপুরুষগণেই প্রকৃত [illegible] অপ্রাকৃত [illegible]।

শ্রীতুলসী গুরুদেব, বৃন্দারাণী; একমাত্র তাঁহারই কৃপায় বৃন্দাবনে প্রবেশের অধিকার পাওয়া যায়। তুলসী কৃষ্ণপ্রিয়া ও গুরুপাদপদ্ম বলিয়া আমরা তাঁহাকে কণ্ঠে ধারণ ও তাঁহার আনুগত্যে হরিনাম গ্রহণ করিয়া থাকি। কৃষ্ণপাদপদ্মপরাগ-বিভূষিত তুলসীর এমনই মহিমা যে, তাহা আত্মারাম চতুঃসনেরও আত্মারামত্ব ছাড়াইয়া কৃষ্ণপাদপদ্মে আকৃষ্ট করে।

শরণাগতির প্রতি বিরাগবিশিষ্ট হইয়া—গৃহব্রত-ধর্ম্ম বা ত্যাগব্রতধর্ম্মের খুঁটি বজায় রাখিয়া যদি কেবল হরিনাম গ্রহণের ছলনা করা যায়, তবে তদ্দ্বারা নামে রুচি বা লোভ হইবে না, অবিদ্যারূপ পিত্ত বিনষ্ট হইবে না, নামের স্বাদ পাওয়া যাইবে না। আদৌ অন্বয়ের প্রতি শ্রদ্ধা শরণাগতি। শরণাগত হইয়া সেবা কর। অবিদ্যারূপ যে 'গদ' অর্থাৎ রোগ তাহাকে বিনাশ করে, অবিদ্যারূপ মূল রোগের বীজকে ধ্বংস করিয়া দেয় যে নামের আভাসমাত্র, সেই চিদ্‌ঘনস্বরূপ নামপ্রভু ও তাঁহার গোকুল-মহোৎসবময়ী যে লীলা, শরণাগত হইয়া তাহার সেবা করিলে চরম পরম মঙ্গল লাভ হয়।

যিনি শরণাগত হইয়া নামপ্রভুর আশ্রয় গ্রহণ করেন, শ্রীনাম প্রভু বলপূর্ব্বক সেই নামগ্রহণকারীর সর্ব্বনাশ করেন—অবিদ্যারূপ ভোগ্য লক্ষণময় 'সর্ব্ব'কে আভাসের বিক্রমেই নাশ করিয়া দেন। অবিদ্যারূপ রোগের মূলবীজ হননকারী বলিয়া হস্তা। ইহা নামপ্রভুর অবান্তর বিক্রমপ্রকাশ। আর সাক্ষাদ্‌ভাবে তাঁহার বিক্রম এই যে, তিনি ক্রমবর্দ্ধমান গোবিন্দের সেবায় পৌছাইয়া দেন। শ্রীনামপ্রভুর আশ্রয় ব্যতীত কখনও অবিদ্যার মূল বিদূরিত হইতে পারে না।

অর্থপ্রবৃত্তি যত হইবে, তত অনর্থনিবৃত্তি হইতে থাকিবে। অনর্থ—ঋণজাতীয় আর সাধুসঙ্গে ভজন - ধনজাতীয়। কৃষ্ণেন্দ্রিয়তর্পণ-কামনাই ধন, সেই ধন যত বৃদ্ধি পাইবে, ততই পুরুষাভিমানরূপ ঋণ কমিতে থাকিবে। প্রথমে ধনজাতীয় বস্তুর কৃপা বা বাস্তববস্তুর অবতরণ, আগে ঋণ দূর করিবার চেষ্টা নহে। পূর্ব্বে কৃপার বরণ বা শরণাগতি। এ জন্য আদৌ গুরুপাদাশ্রয়। ধনের আগমে ঋণ যত কমিতে থাকিবে, তত ধন বর্দ্ধিত হইবে ও আর করিবার জন্য আগ্রহ হইবে।

আগে শ্রবণ, তৎপরে সুকীর্ত্তন। অনুকীর্ত্তনই সুকীর্ত্তন বা সম্যক্‌কীর্ত্তন বা সঙ্কীর্ত্তন। সুকীর্ত্তন বা সংকীর্ত্তন একাকী বা নির্জ্জনে নহে, সাধুর সঙ্গে। বহু আশ্রয়ের সহিত মিলিত হইয়া যে কীর্ত্তন, তাহাই সংকীর্ত্তন। 'সুকীর্ত্তন' শব্দ শুদ্ধ কীর্ত্তন অর্থাৎ অপরাধশূন্য কীর্ত্তন এই অর্থ হইবে। অপরাধযুক্ত কীর্ত্তন পরিত্যাগ করিলে আভাস কীর্ত্তন ও তৎপরে সংকীর্ত্তন বা শুদ্ধ কীর্ত্তন হয়। কীর্ত্তনের পর স্মরণ হয়। বস্তুর যৎকিঞ্চিৎ অনুসন্ধানের নাম—'স্মরণ', সর্ব্ববিষয় হইতে চিত্ত আকর্ষণপূর্ব্বক সাধারণভাবে এক বিষয়ে মনোনিবেশের নাম—'ধারণা', বিশেষভাবে রূপাদিচিন্তনের নাম—'ধ্যান', অবিচ্ছিন্ন তৈলধারার ন্যায় স্মরণের নাম ধ্রুবানুস্মৃতি আর কেবলমাত্র ধ্যেয়ের স্ফূর্ত্তির নামই সমাধি। শরণাগতির যত পুষ্টতা হইবে, ততই অপরাধের নির্ম্মুক্ত হইবে। যে পর্য্যন্ত রসের প্রতি রুচি না হইতেছে, সে পর্য্যন্ত শুদ্ধনাম কীর্ত্তন বা উপদেশামৃতের নির্ম্মল উপদেশ পূর্ণভাবে পালন করিবার যোগ্যতা হয় না।

স্বরূপের জাগরণে যখন শ্রীনামপ্রভুর প্রতি সম্বন্ধজ্ঞানের উদয় হয় এবং শ্রীনামপ্রভুও যখন নামোচ্চারণকারীকে প্রিয়জন জ্ঞান করেন তখনই নামকীর্ত্তনকালে নামের সুমধুর উপদ্রব বা নিরঙ্কুশ প্রভুত্বের অত্যাচার উপলব্ধির বিষয় হয়। অত্যন্ত আপনজনের নিকটই শ্রীনামপ্রভু স্বীয় প্রতাপ বা চাঞ্চল্য প্রকাশ করেন। এই উপদ্রব অত্যন্ত মধুর। উহা চিত্তে সুধাবর্ষণ করেন। স্বীয় বিচিত্র বিলাস অনুভব করাইয়া নামগ্রহণকারীকে একান্ত আপনার নিজের একচেটিয়া বা নিজের সম্পত্তিজ্ঞানে নানাপ্রকারে তাহার সহিত রঙ্গ করিয়া যে স্বীয় প্রতাপ দেখান, উহা নামগ্রহণকারীকে আনন্দসিন্ধুতে নিমজ্জিত করে। নামপ্রভুর এতাদৃশ উপদ্রব সিদ্ধিকালেই লাভ হয়। তখনই শ্রীনামের রসস্বরূপ উপলব্ধি হয়—রসের আস্বাদন হইতে থাকে। ইহা ভাবরাজ্য অতিক্রম পূর্ব্বক প্রেমের স্তরে পৌঁছিলেই সম্ভব হয়, তাহার পূর্ব্বে নহে। প্রেমের রাজ্যে অবস্থান হইলেই শ্রীনামের বিলাস দর্শন বা রসাস্বাদন সম্ভব হয়।

কৃষ্ণ—মদনমোহন, পঞ্চশরের দ্বারা শক্তিগণকে আকর্ষণ করেন। যখনই জীব সাধুসঙ্গ করেন, তখনই কৃষ্ণ বাণ ছুঁড়িয়াছেন, জানিতে হইবে। জীবের হৃদয় স্পর্শ করা পর্য্যন্ত জীব শ্রদ্ধা, সাধুসঙ্গ, ভজনক্রিয়া, অনর্থনিবৃত্তি, নিষ্ঠা, রুচি, আসক্তি পর্য্যন্ত স্তর অতিক্রম করেন। অর্থাৎ জীবের কেবল target স্পর্শ করা মাত্র। রক্তপাত বা বিদ্ধ করা পরে। রক্তপাত মানে অশ্রু-ভাবাদ। একই ভক্তির বিভিন্ন অবস্থা। সাধনাবস্থায় অর্থাৎ আসক্তি পর্য্যন্ত শ্রদ্ধা অর্থাৎ ভক্তি শ্রদ্ধারূপা। ভাবোদয়ে রতির উদয়। ভাবভক্তি রতিরূপা। প্রেমকেই 'ভক্তি' বলা যায়। প্রেম ভক্তিরূপা।

কৃষ্ণের অনুরাগিজন কৃষ্ণকে দিতে পারেন। কৃষ্ণের নাম, রূপ, গুণ, পরিকর ও লীলাদির দ্বারা যাঁহাদের চিত্ত সর্ব্বদা আকৃষ্ট তাঁহারাই কৃষ্ণানুরাগী। যাঁহাদের পুরুষাভিমান নাই, কৃষ্ণযোষিদভিমান আছে, কৃষ্ণসর্ব্বস্ব তাঁহারাই ব্রজবাসী।

———

ভক্তির আশ্রয়ভূমিকা

—::[*]::—

ব্রহ্মাণ্ড ভ্রমণ করিতে করিতে কোন ভাগ্যবানের অর্থাৎ ভক্তিপ্রদা কৃষ্ণ ও বৈষ্ণবকৃপারূপ সুকৃতিফলে সদ্‌গুরুর চরণাশ্রয়লাভ হয়। সদ্‌গুরুর কৃপায় শ্রবণরূপে সম্বন্ধজ্ঞানের উপলব্ধি ও শ্রদ্ধার অঙ্কুর বা ভক্তিলতার বীজ হৃদয়ে প্রকাশিত হয়। সেই বীজকে অঙ্কুরিত করিতে হইলে মালীর ন্যায় ভক্তিলতার বীজে শ্রীগুরুপাদপদ্ম হইতে শ্রবণকীর্ত্তন-জল অনুক্ষণ সেচন করিতে হয়। অনর্থযুক্তাবস্থায়ও হরিকথা-শ্রবণ-কীর্ত্তনরূপ ভজন করিতে করিতে অনর্থমুক্তাবস্থা লাভ হয়। অনর্থমুক্তাবস্থায় শ্রবণকীর্ত্তন-ভজন সুষ্ঠুরূপে সাধিত হয়। তখন রাগময়ী ভক্তির আশ্রয়ে কৃষ্ণমাধুর্য্যে চিত্ত আকৃষ্ট হইয়া থাকে। ব্রহ্ম ও পরমাত্মার ঐশ্বর্য্যে শুদ্ধভক্তিলতার আশ্রয়যোগ্য স্থান নাই।

স্বরূপবিস্মৃত জীব ব্রহ্মাণ্ডবিচারের অন্তর্গত সদসৎকর্ম্মের দ্বারা বিচালিত হইয়া উচ্চাবচ যোনি স্বীকার পূর্ব্বক এই চতুর্দ্দশ লোকে গমনাগমন করিয়া থাকে। দান, ধ্যান, তপস্যা, কৃচ্ছ্র সাধন, ব্রহ্মচর্য্য, সন্ন্যাস প্রভৃতি দ্বারা মহঃ, জন, তপঃ, সত্যাদি ঊর্দ্ধলোক লাভ হয় বটে, কিন্তু সেই সকল ব্রহ্মাণ্ডান্তর্গত হওয়ায় ঐ সকল হইতে পুনরাবৃত্তি অবশ্যম্ভাবী। "আব্রহ্ম-ভুবনাল্লোকাঃ পুনরাবর্ত্তিনোঽর্জ্জুন" প্রভৃতি গীতার বাক্যই তাহার প্রমাণ। ব্রহ্মাণ্ড ও চিজ্জগতের মধ্যগত পরিখারূপে ব্রহ্মলোকের নিম্নে চতুর্দ্দিকে বেষ্টন করিয়া বিরজা বা কারণ-সমুদ্র রহিয়াছে। বিরজায় সমস্ত গুণ অর্থাৎ ত্রিগুণের সূক্ষ্মাবস্থা সাম্যভাব লাভ করে। বিরজা বা কারণ-সমুদ্রে কারণোদকশায়ী প্রথম পুরুষাবতার। কারণ-সমুদ্রে ভাসমান অনন্ত ব্রহ্মাণ্ডের অন্তর্যামী, সহস্রমস্তক, সহস্রচক্ষু, সহস্রপদ গর্ভোদকশায়ী দ্বিতীয় পুরুষাবতার। গর্ভোদকশায়ীর নাভিপদ্ম হইতে ব্রহ্মা ও ভ্রূভঙ্গী হইতে শিবের উৎপত্তি। কারণ-সমুদ্রের পরে নির্ব্বিশেষ জ্যোতির্ম্ময় ধাম ব্রহ্মলোক। ব্রহ্মলোকে ভক্তিলতার আশ্রয়স্থান নাই। যাঁহারা ব্রহ্মলোকের জ্যোতির্ম্ময়তায় আত্মহারা হইয়া পড়েন, তাঁহারা আর পরব্যোমের সন্ধান পান না। তাঁহাদের ভক্তিলতার বীজ অঙ্কুরিত হইতে না পারিয়া শুষ্কতা লাভ করে। কারণ, তাঁহারা শ্রবণ-কীর্ত্তন-জলসেককে সাময়িক ও ভক্তিলতাকে ক্ষণজীবী মনে করেন। ব্রহ্মলোক অতিক্রম করিয়া পরব্যোম বা বৈকুণ্ঠধাম। তথায় মর্য্যাদা-ভাবময় গৌরব-সখ্যার্দ্ধ, দাস্য ও শান্ত—এই আড়াইটী রসের একমাত্র পূজ্য বিষয়—শ্রীনারায়ণ। পরব্যোমে বা বৈকুণ্ঠে বিভিন্ন বিভিন্ন অবতারাবলীর পৃথক্ পৃথক্ প্রকোষ্ঠ আছে। লক্ষ্মী, গরুড়, বিষ্বক্‌সেন, সীতা এবং বৈকুণ্ঠের সর্ব্বোচ্চ স্তরে রুক্মিণী, সত্যভামাদির প্রকোষ্ঠ। পুরুষোত্তম, অযোধ্যা প্রভৃতি পরব্যোমের অন্তর্গত উন্নত প্রদেশ দ্বারকা। যাঁহারা নিম্ন হইতে গোলোক দর্শন করেন, তাঁহারা গোলোকের নিম্নার্দ্ধ মাত্র দর্শন করিতে পারেন। শান্ত, দাস্য, সখ্যার্দ্ধ বা গৌরবসখ্য পর্য্যন্ত তাঁহাদের দৃষ্টির সীমা। কিন্তু যাঁহারা উপরিভাগে গোলোক দর্শন করেন, তাঁহারা শেষার্দ্ধ পর্য্যন্তও দেখিতে পান। বিশ্রম্ভসখ্য, বাৎসল্য ও মধুর এই উন্নত আড়াই প্রকার রসও তাঁহাদের দৃষ্টিতে উপনীত হয়। বৈকুণ্ঠ বা পরব্যোমের উপরে ঊর্দ্ধতমধাম—গোলোক। তথায় বিশ্রম্ভভাবময় মধুর, বাৎসল্য, সখ্য, দাস্য ও শান্ত—এই পাঁচটী রসের একমাত্র সেবা-বিষয়—শ্রীকৃষ্ণ।

কৃষ্ণের বিভূতি চতুষ্পাদ। তন্মধ্যে চিজ্জগতে তিনপাদ বিভূতি এবং জড়জগতে একপাদ বিভূতি। একপাদ বিভূতিতে চৌদ্দভুবনাত্মক মায়িক বিশ্ব। বৈকুণ্ঠে ঐশ্বর্য্য প্রবল, নারায়ণচন্দ্রই তথায় রাজরাজেশ্বর। অনন্ত চিদ্বিভূতি দ্বারা তথায় তিনি পরিসেবিত। বৈকুণ্ঠে ভগবানের স্বকীয় রস। শ্রী, ভূ, লীলাশক্তিগণ স্বকীয়া স্ত্রীরূপে নারায়ণের সেবা করিতেছেন। স্বকীয়া পুরবনিতা অর্থাৎ দ্বারকার মহিষীগণ যথাস্থানে সেবাতৎপর। ব্রজ, গোকুল, বৃন্দাবন প্রভৃতি স্থান শ্রীমথুরা-মণ্ডলের অন্তর্গত। মাথুরমণ্ডল ও গোলোক অভেদতত্ত্ব। যাঁহাকে গোলোক বলা যায়, তাহাই প্রকটলীলায় প্রপঞ্চান্তর্বর্ত্তী মথুরাধাম, অপ্রকটলীলায় গোলোক। গোলোকস্থ বিশ্রম্ভ-শান্তের আশ্রয় গো, বেত্র, বিষাণ, বেণু, যামুনতট, বংশী, কদম্ব প্রভৃতি এবং একমাত্র বিষয়—ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণ। বিশ্রম্ভভাবময় দাস্যের আশ্রয়—রক্তক, পত্রক, চিত্রক, বকুল প্রভৃতি এবং বিষয়—একমাত্র নন্দনন্দন শ্রীকৃষ্ণ। বিশ্রম্ভভাবময় সখ্যের আশ্রয়—শ্রীদাম, সুদাম, দাম, বসুদাম, স্তোককৃষ্ণ প্রভৃতি এবং একমাত্র বিষয়—শ্রীনন্দকুমার। বিশ্রম্ভভাবময় বাৎসল্যের আশ্রয়—নন্দ, যশোমতী, উপানন্দ প্রভৃতি এবং একমাত্র বিষয়—শ্রীনন্দগোপাল। পারকীয় মধুর রসের আশ্রয়—শ্রীমতী রাধিকা ও ব্রজবনিতাগণ এবং একমাত্র বিষয়—নন্দনন্দন শ্রীকৃষ্ণ।

অনর্পিতচর কৃষ্ণপ্রেম-প্রদাতা শ্রীগৌরসুন্দর ভক্তিলতায় আরোহণের সীমাপরাকাষ্ঠার কথা জগতে জানাইয়াছেন,—

বৈকুণ্ঠাজ্জনিতো বরা মধুপুরী তত্রাপি
রাসোৎসবাদ্
বৃন্দারণ্যমুদারপাণিরমণাত্তত্রাপি গোবর্দ্ধন।
রাধাকুণ্ডমিহাপি গোকুলপতেঃ প্রেমামৃত-
প্লাবনাৎ
কুর্য্যাদস্য বিরাজতো গিরিতটে সেবাং
বিবেকী ন কঃ॥'

শ্রীকৃষ্ণের জন্মনিবন্ধন ঐশ্বর্য্যময় পরব্যোম বৈকুণ্ঠ হইতে অচিন্ত্য অজত্বের বিপরীত দর্শনপ্রকাশকারী মথুরা শ্রেষ্ঠ, মথুরামণ্ডলের মধ্যে রাসোৎসবানন্দন বৃন্দাবন শ্রেষ্ঠ, সেই শ্রীবৃন্দাবন মধ্যে শ্রীকৃষ্ণের বিবিধ কামকেলি-স্থান বলিয়া শ্রীগোবর্দ্ধন শ্রেষ্ঠ, গোবর্দ্ধনের সন্নিকটস্থ শ্রীকৃষ্ণের প্রেমামৃতের পূর্ণতম প্লাবনক্ষেত্র বলিয়া শ্রীরাধাকুণ্ড শ্রেষ্ঠ। শ্রীগোবর্দ্ধন-প্রান্তে বিরাজমান এই শ্রীরাধাকুণ্ডের সেবা কোন্ ভজনবিজ্ঞ কৃষ্ণভক্ত না করিয়া থাকেন?

যখন সাধকের ভক্তিলতার বীজ ক্রমে ক্রমে শ্রবণ-কীর্ত্তনাদি জলসেচন-প্রভাবে অঙ্কুরিত হইয়া ঊর্দ্ধে আরোহণ করিতে থাকে, তখন যদি কোন নিষ্কপট বিষ্ণুভক্তের চরণে নিন্দাদি অপরাধ উপস্থিত হয়, তাহা হইলে লতায় মূলশাখা বৃদ্ধিপ্রাপ্ত হয় না, ভোগবাঞ্ছা, মোক্ষবাঞ্ছা, জড়ীয় সম্মান ও প্রতিষ্ঠার আশা, নিষিদ্ধাচার, কপটতা, জীবহিংসা-প্রবৃত্তি, জড়ীয় বিষয়লাভেচ্ছা প্রভৃতি উপশাখাগুলি বৃদ্ধি পাইতে থাকে। বৈষ্ণবাপরাধ—মত্তহস্তীর ন্যায় লতাকে সমূলে উৎপাটিত করিয়া ফেলে। তাহাতে সমস্ত পত্র শুষ্ক হইয়া যায়। অতএব সাধকের সর্ব্বপ্রথমে উপশাখা ছেদন অর্থাৎ দুঃসঙ্গ পরিত্যাগের ব্যবস্থা করা আবশ্যক। তাহা হইলেই ক্রমে ক্রমে লতা কৃষ্ণচরণ-কল্পবৃক্ষে আরোহণ করিয়া প্রপক্ক প্রেমফল প্রদানপূর্ব্বক শ্রবণকীর্ত্তন-জলসেচনকারী মালীকে পরিতৃপ্ত করিতে পারে।

ব্রহ্মাণ্ড ভ্রমিতে কোন ভাগ্যবান্ জীব।
গুরুকৃষ্ণপ্রসাদে পায় ভক্তিলতা-বীজ॥
মালী হঞা করে সেই বীজ আরোপণ।
শ্রবণ-কীর্ত্তনজলে করয়ে সেচন॥
উপজিয়া বাড়ে লতা ব্রহ্মাণ্ড ভেদি' যায়।
বিরজা, ব্রহ্মলোক ভেদি' পরব্যোম পায়॥
তবে যায় তদুপরি গোলোক-বৃন্দাবন।
কৃষ্ণচরণ-কল্পবৃক্ষে করে আরোহণ॥
তাঁহা বিস্তারিত হঞা ধরে প্রেমফল।
ইঁহা মালী সেচে নিত্য শ্রবণ-কীর্ত্তনাদি জল॥
যদি বৈষ্ণবাপরাধ উঠে হাতীমাতা।
উপাড়ে বা ছিণ্ডে তার শুখি যায় পাতা॥
তাতে মালী যত্ন করি করে আবরণ।
অপরাধ হস্তীর যৈছে না হয় উদ্গম॥
কিন্তু যদি লতার সঙ্গে উঠে উপশাখা।
ভুক্তি-মুক্তিবাঞ্ছা যত অসংখ্য তার লেখা॥
নিষিদ্ধাচার, কুটিনাটি, জীবহিংসন।
লাভ-পূজা-প্রতিষ্ঠাদি যত উপশাখাগণ॥
সেকজল পাঞা উপশাখা বাড়ি' যায়।
স্তব্ধ হঞা মূলশাখা বাড়িতে না পায়॥
প্রথমেই উপশাখা করয়ে ছেদন।
তবে মূলশাখা বাড়ি যায় বৃন্দাবন॥
প্রেমফল পাকি' পড়ে মালী আস্বাদয়।
লতা অবলম্বি' মালি কল্পবৃক্ষ পায়॥
তাঁহা সেই কল্পবৃক্ষের করয়ে সেবন।
সুখে প্রেমফলরস করে আস্বাদন॥
এই ত' পরম ফল পরমপুরুষার্থ।
যাঁর আগে তৃণতুল্য চারি পুরুষার্থ॥

—

শ্রীল সুন্দরানন্দ প্রভুর বক্তৃতা

(শ্রীমাধব-গৌড়ীয়মঠ, ২১।৩।৪৮)

অদ্য পরমারাধ্যতম জগদ্‌গুরু পরমহংস ও বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী মহারাজের জগন্মঙ্গলময়ী শ্রীকৃষ্ণান্বেষণ-লীলার একটি স্মারক তিথি। আমরা সম্ভোগবাদ-প্রমত্ত, কনক কামিনী-প্রতিষ্ঠাশা মায়ামৃগের অন্বেষণে বড় দুর্গত জীব। এই যে জগদ্‌ভোগ করিবার দুর্দ্দমনীয়া পিপাসা, যাহা জন্মজন্মান্তর ধরিয়া আমাদের উপর আধিপত্য করিতেছে, সেই দুর্গতি হইতে উদ্ধার করিবার জন্য পরম কৃপা বিস্তারপূর্ব্বক শ্রীআশ্রয়বিগ্রহ ও বিষয়বিগ্রহগণ কখনও দীক্ষাগুরুরূপে, কখনও বা শিক্ষাগুরুরূপে, কখনও বা স্বয়ং শ্রীবিষয়বিগ্রহ হইয়াও শ্রীআশ্রয়বিগ্রহের লীলা প্রকটনপূর্ব্বক সন্ন্যাসলীলা আবিষ্কার করিয়া থাকেন। পূর্ণতম শ্রীবিষয়বিগ্রহ হইয়াও সাধক-ভক্তের ন্যায় লীলাভিনয় শ্রীগৌরলীলারই বৈশিষ্ট্য। পূর্ণতম শ্রীবিষয়বিগ্রহ পরিমুক্ত-প্রগ্রহ সম্ভোগ-চেষ্টা বিপলম্ভের দ্বারা আচ্ছাদিত হইয়া ঐ লীলা প্রকাশিত হন।

বিষয়বিগ্রহ শ্রীগৌরসুন্দরের সন্ন্যাস-লীলা-প্রকটনের কি আবশ্যক ছিল? পরমহংসশ্রেষ্ঠগণের গুরুবর্গ যে শ্রীশ্রীশিবব্রহ্মাদি, তাঁহারা যাঁহার শ্রীপদনখার্চ্চন করিবার জন্য সর্ব্বদা লালায়িত, সেই শ্রীভগবানের সাধকোচিত সন্ন্যাসলীলাপ্রকটনের কি আবশ্যক ছিল? অথবা পরমহংসগণের শ্রীগুরুপাদপদ্ম শ্রীল মাধবেন্দ্র পুরী, শ্রীল ঈশ্বর পুরী প্রভৃতি নিত্যসিদ্ধ মহাপ্রেমিকগণের সন্ন্যাসলীলা প্রকাশ করিবারই বা কি প্রয়োজন ছিল? এই সকল শ্রীবিষয়বিগ্রহ ও শ্রীআশ্রয়বিগ্রহের সন্ন্যাসলীলা দর্শনে সুরিগণেরও বুদ্ধি বিমোহিত হইয়াছে। প্রাচীন ও অর্ব্বাচীন বৈদান্তিক, নৈয়ায়িক, দিগ্বিজয়ী সার্ব্বভৌম পণ্ডিতগণেরও চিত্ত-বিভ্রম উপস্থিত হয়। অদ্বিতীয় বৈদান্তিক ও নৈয়ায়িক কাশীবাসী সন্ন্যাসিগণেরও সম্মানিত শ্রীবাসুদেব সার্ব্বভৌম শ্রীগৌরসুন্দরের সন্ন্যাসলীলায় বিমোহিত হইয়াছিলেন,—

ভট্টাচার্য্য কহে,—'ইঁহার প্রৌঢ়-যৌবন।
কেমনে সন্ন্যাস-ধর্ম্ম হবেক রক্ষণ॥
নিরন্তর ইঁহাকে বেদান্ত শুনাইব।
বৈরাগ্য-অদ্বৈত-মার্গে প্রবেশ করাইব॥
কহেন যদি, পুনরপি যোগপট্ট দিয়া।
সংস্কার করিয়ে উত্তম-সম্প্রদায়ে আনিয়া॥'

(চৈঃ চঃ)

শ্রীসার্ব্বভৌম ভট্টাচার্য্যের ন্যায় পরম সদাচার-পরায়ণ, শ্রীক্ষেত্র সন্ন্যাসী, সর্ব্বশাস্ত্রবিৎ পণ্ডিতেরই যখন স্বয়ং শ্রীভগবানের প্রতিও এইরূপ আপাতিক চিন্তাস্রোতের উদয় হইয়াছিল, অথবা যখন শ্রীল মাধবেন্দ্র

মায়ারে পিছনে রাখি' কৃষ্ণপানে চায়। ভজিতে ভজিতে কৃষ্ণপাদপদ্ম পায়॥

পুরীর সন্ন্যাসলীলার তাৎপর্য্য বুঝিতে না পারিয়া তাঁহার শিষ্যনামধারী সন্ন্যাসী রামচন্দ্র পুরীর শ্রীগুরুদেবের ও শ্রীগৌরাঙ্গের প্রতি আধ্যক্ষিক বিচার উপস্থিত হইয়াছিল, তখন অর্ব্বাচীন, পাষণ্ডী যে-সকল অবৈদ-পদ্ধতি ব্যক্তি জগতে বিচরণ করিতেছে, তাহাদের যে শ্রীবিষয় ও শ্রীআশ্রয়বিগ্রহের সন্ন্যাসলীলার দ্বারা মুগ্ধ ও বঞ্চিত হইতে হইবে, ইহাতে আর আশ্চর্য্য কি ?

আমাদের শ্রীগুরুপাদপদ্ম পরমহংসমুকুট-মৌলি জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ তাঁহার শ্রীআচার্য্যলীলা প্রকট করিবার বহু বৎসর পরে সন্ন্যাসলীলা বিস্তার করেন। সন্ন্যাস-লীলা প্রকাশ করিবার পূর্ব্বে যিনি আচার্য্যের কার্য্য করিয়াছিলেন, তিনি কি তখন অর্থাৎ তাঁহার ব্রহ্মচারি-লীলায় শ্রীগুরুপদবাচ্য ছিলেন না, সন্ন্যাসী হইয়াই কি তিনি পরে বড় হইয়া গেলেন ? অথবা সন্ন্যাস-আশ্রম, যাহা বদ্ধ ও মুমুক্ষু জীবের আরাধ্য, তাহাই কি ভাগবত পরমহংসগণের ভূষণস্বরূপ বা শ্লাঘ্যবস্তু ?

নিত্যসিদ্ধ আশ্রয়বিগ্রহগণের সন্ন্যাসলীলা সাধক জীবের সন্ন্যাস চেষ্টার মত নহে, বাহ্যাকৃতিতে এক হইলেও অন্তরে সম্পূর্ণ পৃথক্। বীর বা বিবিৎসা-সন্ন্যাস দূরে থাকুক, নরোত্তম বা বিদ্বৎ-সন্ন্যাস অপেক্ষাও নিত্যসিদ্ধ গুরুবর্গের সন্ন্যাস-লীলায় আরও অনেক বড় কথা আছে। তাই শ্রীমন্মহাপ্রভু বলিয়াছিলেন,—

প্রভু বলে,—"শুন সার্ব্বভৌম মহাশয়।
'সন্ন্যাসী' আমারে নাহি জানিহ নিশ্চয় ॥
কৃষ্ণের বিরহে মুঞি বিক্ষিপ্ত হঞা।
বাহির হইনু শিখা-সূত্র মুড়াইয়া ॥
'সন্ন্যাসী' করিয়া জ্ঞান ছাড়' মোর প্রতি।
কৃপা কর' যেন মোর কৃষ্ণে হয় মতি ॥"
(চৈঃ ভাঃ)

শ্রীশ্রীগৌরসুন্দর সন্ন্যাস-লীলা প্রকটন করিয়া শ্রীমদ্ভাগবতের ত্রিদণ্ডিভিক্ষুর গীতি গান করিতে করিতে বলিয়াছিলেন,—

পরাত্মনিষ্ঠা মাত্র বেষ-ধারণ।
মুকুন্দ-সেবায় হয় সংসার-তারণ ॥
সেই বেষ কৈল এবে বৃন্দাবনে গিয়া।
কৃষ্ণ-নিষেবন করি নিভৃতে বসিয়া ॥
(চৈঃ চঃ)

শ্রীকৃষ্ণবিরহে বিক্ষিপ্তাবস্থারূপ যে অতিশয় দৈন্য অর্থাৎ বিপ্রলম্ভোন্মাদ, তাহাই আমাদের নিত্যসিদ্ধ গুরুবর্গের চরিতে সন্ন্যাস-লীলারূপে প্রকাশিত হইয়াছে। অভীষ্ট প্রীতির পাত্রকে না পাইয়া অথবা তাঁহার সেবায় অতৃপ্ত হইয়া এজগতেও অনেকে বলিয়া থাকেন,—'আমি যোগী হইয়া চলিয়া যাইব, এদেশে আর থাকিব না।" প্রাকৃত বিরহই যখন ভোগীকে 'যোগী' করিয়া দেয়, তখন অপ্রাকৃত বিরহ যে তাহা অপেক্ষা কোটি কোটি গুণ অনবদ্য তীব্রতা প্রকাশ করিবে, ইহাতে আর আশ্চর্য্য কি ? আশ্রয়বিগ্রহগণের অন্তরে অতিমর্ত্ত্য বিরহের যে অপ্রাকৃত অনবদ্য আগ্নেয়গিরি প্রজ্বলিত রহিয়াছে, তাহাই বাহিরে সময় সময় শ্রীকৃষ্ণান্বেষণলীলাময় সন্ন্যাসাদির মধ্যে প্রকাশিত হয়। তাঁহারা সেই লীলা প্রকট করিয়া সর্ব্বজীবকে শ্রীকৃষ্ণান্বেষণ করিতে আহ্বান ও আকর্ষণ করেন। শ্রীআশ্রয়বিগ্রহের ভাব-অঙ্গীকারকারী স্বয়ং শ্রীভগবান্ বলেন,—

অহমেব ক্বচিদ্ব্রহ্মন্ সন্ন্যাসাশ্রমমাশ্রিতঃ।
হরিভক্তিং গ্রাহয়ামি কলৌ পাপহতান্নরান্ ॥
(চৈঃ চঃ আঃ ৩।৮২ সংখ্যা-ধৃত
উপপুরাণবচন)

হে ব্রহ্মন্! কোন বিশেষ কলিযুগে আমি সন্ন্যাসাশ্রম আশ্রয়-পূর্ব্বক পাপহত মানবগণকে হরিভক্তি গ্রহণ করাইব।

আমরা স্থবির, প্রস্তর, জড় হইয়া গিয়াছি। যেমন অচেতন ঘড়িতে চাবি দিলে তাহা কিছুক্ষণ চলে, আবার দম ফুরাইয়া গেলেই উহার সাময়িক কর্ম্ম-তৎপরতা স্তব্ধ হইয়া যায়, আমাদের হরিভক্তির অভিনয়ও সেইরূপ। দম-দেওয়া ভক্তির (?) নাট্য কতক্ষণ থাকে, আর উহার মূল্যই বা কি? যাহা স্বভাব হইতে, অনুরাগ হইতে প্রকটিত না হয়, তাহা সাময়িক একটু বাধা-বিপত্তি বা বিপদ-আপদে কর্ম্ম-তৎপরতা হারাইয়া ফেলে। আর যাহা প্রকৃত স্বভাব ও অনুরাগোত্থ বৃত্তি, তাহা বাধা-বিপত্তির দ্বারা আরও উচ্ছলিত ও সুতীব্র হইয়া উঠে। জগতে যে-সকল অসুবিধা ও বাধা বিপত্তি প্রতিনিয়ত আমাদের সম্মুখীন হইতেছে, তাহা শ্রীকৃষ্ণের পরমকৃপার নিদর্শন। তোতাপাখীর মত ইহা মুখে আবৃত্তি করিয়া বলা এক কথা, আর অন্তরে অনুভব করিয়া সেই কৃপার বায়ুতে পাল তুলিয়া দিয়া শ্রীহরিভজনের জীবন-তরী ভাসাইয়া দেওয়া আর এক কথা। যাঁহারা সত্য সত্যই শ্রীহরি-ভজন করেন, তাঁহাদের নিকট প্রতিকূল বলিয়া কোন অবস্থা নাই, সমস্তই তাঁহাদের ভজনের অনুকূল। শ্রীশ্রীল আচার্য্যদেব সন্ন্যাসলীলা প্রকট করিবার অব্যবহিত পূর্ব্বে 'গৌড়ীয়ে' যে পত্রটী প্রেরণ করিয়াছিলেন, তন্মধ্যে এই বিচারের পূর্ণ সাক্ষ্য পাওয়া যায়,—"কৃষ্ণের বড়ই কৃপা ও আমার পরম-সৌভাগ্য যে, যাহাদের গতি কোন কালেই নাই—এতাদৃশ নিত্যস্বার্থভ্রষ্ট ও অসত্যে অভিনিবিষ্ট ব্যক্তিগণ-কর্ত্তৃকও আমার মত * * জীবাধম দুঃসঙ্গজ্ঞানে পরিত্যক্ত হওয়ায় পুরস্কারস্বরূপ হরিভজনের অপূর্ব্ব দুর্লভ সুযোগ পাইয়াছে। * * "নূনং মে ভগবাংস্তুষ্টঃ সর্ব্বদেবময়ো হরিঃ। যেন নীতো দশামেতাং নির্ব্বেদশ্চাত্মনঃ প্লবঃ।" "তত্তেঽনু-কম্পাং সুসমীক্ষমাণো ভুঞ্জান এবাত্মকৃতং বিপাকম্। হৃদ্বাগ্বপুর্ভির্বিদধন্নমস্তে জীবেত যো মুক্তিপদে স দায়ভাক্ ॥"—ইত্যাদি ভক্ত-ভাগবত ও গ্রন্থভাগবতের বাণীই অদ্য ও নিত্যকাল আমার হৃদয়ের অন্তঃস্থল হইতে আরাধ্যরূপে প্রকাশিত হইয়া আমার অনুসরণীয় পন্থা সুস্পষ্টভাবে নির্দ্দেশ ও উপদেশ করিতেছেন।"

শ্রীগৌরসুন্দরের লীলায়ও দেখিতে পাওয়া যায় যে, পড়ুয়া, পাষণ্ডী, হিন্দু, এমন কি, শ্রীনবদ্বীপের যে-সকল ব্যক্তিকে উচ্চ সংকীর্ত্তনাদির দ্বারা সংকীর্ত্তন-পিতা শ্রীগৌরহরি কৃপাবিতরণ করিবার জন্য ব্যস্ত ছিলেন, তাহারাও শ্রীমন্মহাপ্রভুর বিরুদ্ধে বিধর্ম্মী কাজির নিকট অভিযোগ, শ্রীগৌরসুন্দরের সম্বন্ধে নানা-প্রকার কুৎসা-রটনা ও সর্ব্বপ্রকারে বিরুদ্ধাচরণ করিতে ত্রুটী করে নাই। কিন্তু সেই সকল প্রতিকূল অবস্থাও হরিভজনকারীর নিকট পরম অনুকূল,—এই শিক্ষা বিস্তার করিবার জন্য শ্রীগৌরসুন্দর সন্ন্যাসলীলা প্রকট করিয়াছিলেন। এক দুর্ম্মতি বিপ্র শ্রীমন্মহাপ্রভুর কীর্ত্তনে অধিকার না পাইয়া শ্রীমন্মহাপ্রভুকে "তোমার সংসার-সুখ বিনষ্ট হউক"—এই বলিয়া শাপ দিয়াছিলেন। কিন্তু মহাপ্রভুর সেই বিপ্রের শাপ শুনিয়া পরম উল্লাস হইয়াছিল।

প্রতিকূল অবস্থা যত অধিক হয়, প্রকৃত হরিভজনকারীর ভজনের স্পৃহা ততটা দৃঢ় এবং অগ্নি-পরীক্ষায় পরীক্ষিত হইয়া হেমদগ্ধ সুবর্ণের ন্যায় ততটা অধিক প্রোজ্জ্বল হইয়া উঠে। ইহা সাধারণ নিষ্কপট সাধকেও দেখিতে পাওয়া যায়, নিত্যসিদ্ধ ভগবৎসেবকগণের কথা আর কি ?

শ্রীশ্রীল আচার্য্যদেবের শ্রীমুখে শ্রবণ করিয়াছি যে, শ্রীগৌড়ীয়বৈষ্ণবের কৌপীন-গ্রহণের তাৎপর্য্য পুরুষাভিমান পরিত্যাগ পূর্ব্বক গোপীর অনুচরীগণের গণে গণিত হওয়া। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের শরণাগতিতে—

ছোড়ত পুরুষাভিমান।
কিঙ্করী হইনু আজি কান ॥
বরজ বিপিনে সখী-সাথ।
সেবন করবুঁ রাধানাথ ॥

অথবা শ্রীল ঠাকুর মহাশয়ের 'প্রার্থনা'য়—

বাবটে আমার কবে এ পাণি-গ্রহণ হবে,
বসতি করিব কবে তায়।
সখীর পরমশ্রেষ্ঠ, যে তাঁহার হয় প্রেষ্ঠ,
সেবন করিব তাঁ'র পায় ॥

—যে উপদেশ-রহস্য আছে, তাহাই গৌড়ীয়বৈষ্ণবের কৌপীন-গ্রহণের রহস্য। অনুকূল শ্রীকৃষ্ণানুশীলনে অর্থাৎ শ্রীআশ্রয়-বিগ্রহের অনুচরীগণের শ্রীপাদারেণুর অনুসরণপূর্ব্বক শ্রীকৃষ্ণেন্দ্রিয়-তোষণই গৌড়ীয়-গণের সাধ্যবস্তু।

শ্রীভক্তিকল্পতরুর প্রথম অঙ্কুর, শ্রীশৃঙ্গার-রসতরুর মূল শ্রীকৃষ্ণপ্রেমপুর, শ্রীমাধবেন্দ্রপুরী হইতেই শ্রীকৃষ্ণের বিচ্ছেদগত ভজন শ্রীমন্মধ্ব গৌড়ীয়-সম্প্রদায়ে বিস্তারিত হইয়াছে।

"অয়ি দীনদয়ার্দ্র নাথ হে মথুরানাথ
কদাবলোক্যসে ॥"

—শ্রীল মাধবেন্দ্রপুরীপাদের এই শ্লোক হইতে বিপ্রলম্ভাত্মক ভজনের শ্রীপুরীধারা গাঙ্গোত্রী-ধারার ন্যায় শ্রীগৌড়ীয়-ভজন জগতে প্রকাশিত হইয়াছেন। শ্রীপুরীধারা শ্রীভক্তি-বিনোদ-ধারার সহিত সখীত্বপ্রাপ্ত হইয়া শ্রীচৈতন্য-সরস্বতীর বন্যা প্রকট করিয়াছেন। সেই শ্রীচৈতন্যবাণীর আবির্ভাব-স্থান শ্রীপুরী—শ্রীপুরুষোত্তমের শ্রীপুরী, শ্রীপুরুষোত্তমের শ্রীক্ষেত্র। পুরীতেই শ্রীচৈতন্যবাণী আবির্ভাব-লীলা প্রকাশ করিয়াছেন শ্রীভক্তিসিদ্ধান্তবাণী তাঁহারই 'গণেশ' শ্রীশ্রীল আচার্য্যদেবের লেখনীমুখে ও জন্মশ্রীক্ষেত্রে প্রকাশিত হইয়াছেন। অভিন্ন শ্রীমথুরাপুরী শ্রীযোগমায়াপুরীতে শ্রীশ্রীগৌর-কৃষ্ণের আবির্ভাব। অতএব 'পুরী' নামটীর অনেক সার্থকতা আছে। শ্রীমথুরার প্রতি ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামিপ্রভুর এত টান কেন? 'মথুরানাথ' নাম উচ্চারণ করিতে শ্রীল মাধবেন্দ্র পুরী প্রভু বিপ্রলম্ভপ্রেমে বিহ্বল হইতেন। শ্রীশ্রীপুরী-ভক্তিবিনোদ-ধারায় শ্রীকৃষ্ণের বিচ্ছেদগত ভাবই স্বাভাবিক ভজন বলিয়া গৃহীত হইয়াছে। শ্রীল মাধবেন্দ্র পুরীপাদ হইতে সেই স্বাভাবিক ভজন-রহস্য অবতীর্ণ হইয়া শ্রীশ্রীভক্তিবিনোদ-গৌর-সরস্বতী সুধাসরিৎ-পরম্পরায় শ্রীভক্তিপ্রসাদ পুরীপাদ পর্য্যন্ত প্রকটিত রহিয়াছেন।

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী মহারাজের মহাবদান্যময়ী সন্ন্যাস-লীলার তাৎপর্য্য আমাদের ন্যায় ক্ষুদ্র জীব কি করিয়া অবধারণ করিবে? সাধকজীবের বৈরাগ্য ও নিত্যসিদ্ধ গুরুবর্গের বৈরাগ্য-লীলায় আকাশপাতাল পার্থক্য আছে। শ্রীকৃষ্ণ-বিরহে বিক্ষিপ্ত হইয়া তাঁহারা যে-সকল চেষ্টা করেন, আধ্যক্ষিক চর্ম্মচক্ষু তাহা সম্পূর্ণ অন্যরূপে দর্শন করিয়া থাকে। শ্রীশ্রীল আচার্য্যদেবের শ্রীপদরেণুগণের নিকট এই প্রার্থনা যে, তাঁহার এই অতিমর্ত্ত্য শ্রীকৃষ্ণ-অনুসন্ধানলীলা আমাদিগকে নিরন্তর পালন করুন।

শ্রীচৈতন্যমঠে কীর্ত্তন

শ্রীধাম মায়াপুরস্থ আকর মঠরাজ শ্রীচৈতন্যমঠে প্রত্যহ প্রাতে, মধ্যাহ্নে ও সন্ধ্যায় শ্রীচৈতন্যভাগবত, শ্রীগৌড়ীয় ও শ্রীনদীয়া-প্রকাশ এবং শ্রীউপদেশামৃত ও অন্যান্য শ্রীচৈতন্যচরিতামৃতাদি ভক্তিগ্রন্থ পাঠ ও ব্যাখ্যা হইতেছে।

এতদ্ব্যতীত ভক্তগণ ইষ্টগোষ্ঠীমুখেও হরিকথা আলোচনা করিতেছেন।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক —শ্রীভক্তবান্ধব ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক —শ্রীকুঞ্জবিহারী দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভক্তবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরেরাম ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক —শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল-কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীসঙ্কীর্ত্তন দাসাধিকারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীধামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅদ্ভুতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠাসন
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীরামশরণ ব্রহ্মচারী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
মৃত্তনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবরবান্ধববিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাপাংবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক— শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীইন্দ্রপতি দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা, মথুরা
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেখপুরা
পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক— শ্রীগোবিন্দদাস বাবাজী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক— শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীযদুমণি দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁপগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাজবাঁধ, বর্দ্ধমান
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ঝুমুরকুঠা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনমালী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাঙ্কেষ্টার রোড, হাউড্ গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১০।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক— শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

লক্ষ্ণৌ গৌড়ীয়মঠ
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক— শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅরবিন্দগোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্‌
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীযতিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের হাউরাদের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। ইহাই বিরাট্ অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্রও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্ত্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গুম্ফিত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা শ্রবণের আলেখ্য ভূমিকা ও সূচীসহ অভূতপূর্ব্ব সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;
শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্,
পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ।- গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—২৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

বিজ্ঞাপন

'মেডিকেল ডিগ্রী' সংগ্রহ করুন

আয়ুর্ব্বেদিক, হোমিওপ্যাথিক, ইউনানী,
হিকমাত প্রভৃতি পরীক্ষা ঘরে বসিয়া দিন্।
বিনা খরচে প্রস্পেক্টাস ফ্রী। ইংরাজী কিম্বা
উর্দু ভাষায় পত্র ব্যবহার করিবেন।

প্রিন্সিপ্যাল ওরিয়েন্টাল
মেডিক্যাল কলেজ
আম্বালা সিটি

শুদ্ধভক্তিগ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪৲
২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
৩। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৲
৪। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲, তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০
৯। জৈবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিষয়-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। বাদন আদর্শ ॥০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়সাহিত্য ।৵০
২২। ভজন রহস্য ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী-টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল মাধ্বভাষ্য ॥০
২৭। মুক্তিমল্লিকা ভগবৎসেবাঃ (সানুবাদ)২৲
২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৵০ বাঁধা ৸০)
৩০। দ্বীপ-দিগ্দর্শন ৶০
৩১ সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য (ছোট) ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৶০
৪১। গীতাবলী ৵১০
৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা ৸০
৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২।০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক ৵১
৪৬। অর্চ্চনকণ ৵১০
৪৭। সদাচারস্মৃতিঃ ৵১০
৪৮। কল্যাণকল্পতরু ৵১০
৪৯। অর্চ্চনকণ ৴০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ॥০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৴০
৬০। সাংখ্যবাণী ৴০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২॥০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ॥০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৫। সটীকা-শিক্ষাদশমূলম্ ।০
৬৬। তত্ত্বসূত্রম্ ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ ৴০
৬৯। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥০
৭১। এ ভিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ॥০
৭২। নামভজন ৴০
৭৩। বেদান্ত ইট্স্ মরফলজী এণ্ড অণ্টলজি ॥০
৭৪। রিলেটিভ ওয়ার্ল্ডস্ ।৵০
৭৫। লাইফ এ্যাণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০
৭৬। বৈষ্ণবীজম্ ॥০
৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴০
৭৮। দি ভাগবত ।০
৭৯। ইরো টক প্রিন্সিপাল এণ্ড আনরাভেল্ড ডিভোশন ।০
৮০। ব্রহ্মসংহিতা ।০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৬৲
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০
৮৫। সাধনপথ ॥০
৮৬ কল্যাণকল্পতরু ৵১০
৮৭। গীতাবলী ৵১০
শরণাগতি ৴০
৮৯। শ্রীসচ্চিদানন্দবাণী ।৵০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ॥০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ।০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম ও দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	৷৹	।৵৹	।৵৹	।৹
" " ইঞ্চি	২৲	১৷৹	১৷৹	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪৷৹
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸৹
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয় রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১৷৹ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ বিশদ পদ্যানুবাদসহ মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।৹ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—“ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্”—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।৹ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।৹ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থ শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। ৭৫ খানি চিত্র এবং শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ পাণ্ডিত্যের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অতুলনীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের বর্ণনীয় বিষয় তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রাঞ্জল অনুবাদ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। ডবল ক্রাউন সাইজ সাত শত পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রেমানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব ধাম-সম্পদ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ॥০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

					শনিবার ব্যতীত			
					শনিবার	অন্য দিন		
কলিকাতা ছাঃ	৪-৫৬	৬-২১	৭-১৪	১৩-১৬	১৫-১৬	১৬-১৬	১৭-৫৬	২২-২৬
দমদম "	৪-৫৬	৬-৩১	৭ ২৮	১৩ ২৯	. ...	......	১৮-৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯ ১৮	১৪ ৫০	১৬-৪৮	১৮-৩১	১৯-৩৩	০-২৫
(বগুলা) ছাঃ	..	.	৯-৩১				.	.
কৃষ্ণনগর পৌঃ	৬-৪৯	৮-৪০	১০-৬	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০
লাইট রেল (বগুলা) ছাঃ		৭-১০	১০-.৬	১৪ ৫০	১৭-৪০		২০-৩০	
মহেশগঞ্জ "		৭ ৪৫	১০-৫১	১০-২৫	১৮-১৫		২১-৫	
নবদ্বীপঘাট পৌঃ		৭-৫৩	১০-৫৯	১৫-৩৩	১৮-২৩		২১-১৩	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৩
দমদম "	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
" ছাঃ	১২-৫৩
শান্তিপুর পৌঃ	১৩-২৪
(বগুলা) ছাঃ	১৩ ৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩৩

ডাউন

					শনিবার ব্যতীত			
					অন্য দিন	শনিবার		
নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪		৯-১২		১৬-৩	১৬-৩১	১৮-৩৮	
মহেশগঞ্জ "	৬-২৩		৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৭		৯-৫৫		১৬-৫৬	১৭-১৪	১৯-২১	
(বগুলা) ছাঃ	৬-৩১	৭-১০	৮-৫২	১১-১৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪-১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৪৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বগুলা) ছাঃ	..	..	..	. ..	১৫-৫৬	১৭-৪২	.	.....
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১-২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬	২১-৪০	২৩ ১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪-১
মহেশগঞ্জ "	১৪-১০
কৃষ্ণনগর পৌঃ	১৪-৪৪
ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বগুলা) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১॥০ টাকা মাত্র।

২। ভাগবত—ভিজিগাপত্তনের একমাত্র পারমার্থিক মাসিক পত্র। • পর শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত যদুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্য জগদ্‌গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মঠবাসী সত্যান্বেষীদিগকে যে সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগবিরুদ্ধসিদ্ধান্তদলনে ও তদনুরূপ সিদ্ধান্তস্থাপনে অপ্রতিম গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের শিক্ষাসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——::•::——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতিও অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৸৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

:—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা:

বেহালা, ২৪ পরগণা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

Regd No. C 1544

সচিত্র কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিস্তৃত ভাষ্যসহ প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৵০

প্রাপ্তিস্থান
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুলপ্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৮০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ১৫ শ্রীধর, গৌরাব্দ ৪৫৫, ১৭ই শ্রাবণ, বঙ্গাব্দ ১৩৪৮ ২রা আগষ্ট ইং ১৯৪১, শনিবার { ১২৫-২৬ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৫ শ্রীধর অব্যয় ক্ষীরোদশায়ী গৌরাব্দ ৪৫৫

শ্রীশ্রীধর পণ্ডিত

শ্রীশ্রীধর পণ্ডিত দ্বাদশগোপালের অন্যতম কুসুমাসব গোপাল। শ্রীধর নবদ্বীপবাসী কদলীকাননোপজীবী দরিদ্র বিপ্র। তিনি কৃষ্ণধনে ধনী হইয়াও,কৃষ্ণকে প্রেমের দ্বারা বশ করিয়াও দরিদ্র ব্রাহ্মণের লীলাভিনয় করিয়াছেন। তিনি অকিঞ্চন ও শরণাগতের মূর্ত্তবিগ্রহ। এরূপ কাঙ্গাল অকিঞ্চনের ন্যায় ধনী ও সুখী কেহ নাই। তিনি শ্রীগৌরনিত্যানন্দের নিত্যসঙ্গী ও লীলার সহায়ক। শ্রীগৌরনিত্যানন্দের নিত্যসিদ্ধ পরিকর শ্রীধরের কায়মনোবাক্যে ভগবৎসেবা ছাড়া অন্য কোন কৃত্য নাই। শ্রীমাধব অকিঞ্চনপ্রিয় ও ভক্তিপ্রিয়। দীন হীন কাঙ্গালই ভগবানের কৃপা পায়। ভক্তিপ্রিয় শ্রীমাধব কেবল ভক্তিদ্বারাই সন্তুষ্ট হন। জন্ম, ঐশ্বর্য্য, শ্রুত, শ্রী, সৎ-আচরণ, বয়স বা অন্য কোন কিছু দ্বারা ভগবানকে সন্তুষ্ট করা যায় না। সেইজন্যই শাস্ত্র বলিতেছেন,—

ব্যাধস্যাচরণং ধ্রুবস্য চ বয়ো
বিদ্যা গজেন্দ্রস্য কা,
কুব্জায়াঃ কিমু নাম রূপমধিকং
কিং তৎ সুদাম্নো ধনম্।
বংশঃ কো বিদুরস্য যাদবপতেরুগ্রস্য
কিং পৌরুষং
ভক্ত্যা তুষ্যতি কেবলং ন চ
গুণৈর্ভক্তিপ্রিয়ো মাধবঃ॥
(পদ্যাবলী)

ব্যাধের কি আচরণ ছিল, ধ্রুবেরই বা বয়স কত ছিল, বিদুরের কি বংশমর্য্যাদা ছিল, যদুপতি উগ্রসেনেরই বা কি পৌরুষ ছিল, কুব্জার কি অধিক রূপ ছিল এবং শ্রীসুদামা বিপ্রেরই বা কত ধন ছিল; অতএব ভক্তিপ্রিয় মাধব কেবল ভক্তি দ্বারাই তুষ্ট হন, পরন্তু ভক্তিহীন অসংখ্য গুণেও তুষ্ট হন না।

যাঁহার ইচ্ছায় সমুদ্র স্থল এবং স্থল সমুদ্র হয়, বজ্র তৃণবৎ এবং তৃণ বজ্রবৎ হয়, জল স্থল হয় এবং স্থল জল হয়, অগ্নি শীতল হয় এবং হিম অগ্নিত্ব প্রাপ্ত হয়, যাঁহার নিকট অসম্ভবও সম্ভব হয়, সেই অচিন্ত্যশক্তিসম্পন্ন ভগবানকে যিনি প্রেমে বশীভূত করিয়াছেন, তিনিই আমাদের নিত্যোপাস্য শ্রীশ্রীধর ঠাকুর। তিনি কৃপা করিয়া শক্তিবুদ্ধিহীন দীন আমাদিগকে আত্মসাৎ করিলে—আমাদিগকে তাঁহার নগণ্য পদধূলি জ্ঞান করিলে আমাদের জীবন সার্থক হইবে। শ্রীধরের ন্যায় ভক্তের কৃপাই ভগবানের কৃপালাভের একমাত্র অদ্বিতীয় উপায়। ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ যাঁহাদের সঙ্গ ও কৃপালাভের জন্য করযোড়ে অবস্থান করে, সেই ভক্তগণের পদধূলিতে অভিষিক্ত হইতে পারিলেই সেবারাজ্যে প্রতিষ্ঠিত হইতে পারা যায়। সুতরাং ভক্তের কৃপাই আমাদের একমাত্র সম্বল হউক। সেই ভক্ত ও ভগবানের শ্রীনামগুণকীর্ত্তনই আমাদের জন্ম জন্ম কাম্য হউক। হরিসন্তোষ নিমিত্ত অন্য কোন সাধন আমাদের দরকার নাই। শ্রীধর কবি বলিতেছেন,—

চতুর্ণাং বেদানাং হৃদয়মিদমাকৃষ্য হরিণা
চতুর্ভির্যদ্বর্ণৈঃ স্ফুটমঘটি নারায়ণপদং।
তদেতদ্গায়ন্তো বয়মনিশমাত্মানমধুনা
পুনীমো জানীমো ন হরিপরিতোষায় কিমপি॥
(পদ্যাবলী)

শ্রীকৃষ্ণ চারি বেদের হৃদয়াকর্ষণ পূর্ব্বক চারিটী বর্ণদ্বারা স্পষ্টভাবে নারায়ণ এই পদ যোজনা করিয়াছেন। আমরা নিরন্তর সেই নারায়ণ-নাম গান করিয়া সম্প্রতি আত্মাকে পবিত্র করিব; হরিসন্তোষ নিমিত্ত অন্য কোন সাধন জানি না।

ধন কুল-প্রতিষ্ঠায় কৃষ্ণ নাহি পাই।
কেবল ভক্তির বশ চৈতন্যগোসাঞি॥
জাতি, কুল, ক্রিয়া, ধনে কিছু নাহি করে।
প্রেমধন, আর্ত্তি বিনা না পাই কৃষ্ণেরে॥
(চৈঃ ভাঃ)

নিষ্কিঞ্চনা বয়ং শশ্বন্নিষ্কিঞ্চনজনপ্রিয়াঃ।
তস্মাৎ প্রায়েণ ন হ্যাঢ্যা মাং ভজন্তি
সুমধ্যমে॥
(ভাঃ ১০।৬০।১৪)

শ্রীকৃষ্ণ বলিতেছেন, আমরা স্বয়ং নিষ্কিঞ্চন এবং চিরকাল নিষ্কিঞ্চনপ্রিয়। তাই ধনিগণ প্রায়ই আমাদের সেবা করে না।

শ্রীধরের কৃপাভিখারী অকিঞ্চন ব্যক্তিই শ্রীধরের কৃপালাভ করিতে পারেন। সৎকুল, বিদ্যা, ধন, কীর্ত্তির দ্বারা যে গর্ব্বিত হইয়াছে, সেই অহঙ্কারী ব্যক্তি অকিঞ্চন ভক্তের ধন ভগবান্ শ্রীকৃষ্ণের নামকীর্ত্তন করিতে পারে না। কৃষ্ণ অকিঞ্চনগণেরই একমাত্র সম্পৎ এবং অকিঞ্চনগণও কৃষ্ণের একমাত্র সম্পৎ। যাহার কিছু ভোগ বাসনা আছে, ভগবান্ এরূপ ব্যক্তিরও অনুভবনীয় হন না। তিনি অকিঞ্চনের নয়নগোচর হন, সকিঞ্চন তাঁহাকে দেখিতে পায় না। যাহার চিত্তবৃত্তি ভোগ আসক্ত, সে ভোগ-ত্যাগাতীত ভক্তির কোন সন্ধানই পাইবে না। নিষ্কপট ব্যক্তি ভগবানের শ্রীচরণযুগলে জলমাত্র দান এবং শ্রীতুলসী দ্বারা সেবা করিয়া উত্তমগতি লাভ করেন। ভগবান্ যাঁহাকে দয়া করেন, তাঁহার ধনজনাদি সমস্ত [illegible] হরণ করিয়া থাকেন। আগতুক অভাব-অসুবিধা ভগবানের অকপট দয়ার নিদর্শন। শ্রীভগবান্ বলিয়াছেন,—

ব্রহ্মন্ যমনুগৃহ্ণামি তদ্বিশো বিধুনোম্যহম্।
যন্মদঃ পুরুষঃ স্তব্ধো লোকং মাঞ্চাবমন্যতে॥
(ভাঃ ৮।২২।২৪)

[হে ব্রহ্মন্! পুরুষ যে অর্থবশতঃ মত্ত ও স্তব্ধ হইয়া ত্রিজগৎ, এমন কি, জগৎপতি আমাকেও অবজ্ঞা করে, আমি যাহাকে অনুগ্রহ করি, তাহার তাদৃশ অর্থই হরণ করিয়া থাকি।]

জন্মকর্ম্মবয়োরূপবিদ্যৈশ্বর্য্যধনাদিভিঃ।
যদ্যস্য ন ভবেৎ স্তম্ভস্তত্রায়ং মদনুগ্রহঃ॥
(ভাঃ ৮।২২।২৬)

[সেই মানবজন্মে যদি কোন ব্যক্তির উত্তম জন্ম, কর্ম্ম, বয়স, রূপ, বিদ্যা, ঐশ্বর্য্য বা ধনাদির গর্ব্ব না হয়, তাহা হইলে উহাই তাহার প্রতি আমার অনুগ্রহ।]

ভক্তপদধূলি, ভক্তপদজল ও ভক্তভুক্ত অবশেষ এই তিনটীর দ্বারা সাধন [illegible] করা যায়, [illegible] হয়। এই তিনটী [illegible] একান্তিক [illegible] [illegible] ভগবানের ভক্তকে [illegible] পারিলে [illegible] শ্রীগঙ্গাও [illegible] করেন। [illegible] ভক্তের হৃদয়ে সর্ব্বদা বিরাজমান থাকায় ভক্তগণ [illegible] পবিত্র করিয়া থাকেন। ভক্তকে দর্শন করিলে দর্শনকারীর [illegible] সৌভাগ্যের উদয় হয়। ভক্তদর্শন বা সদ্গুরুদর্শন হইলে জীবের ভোগ-

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্য্যামিরূপে শিখান আপনে॥

পশারী বিদূরিত হইয়া সকল অনর্থ হইতে মুক্ত হন।

ভগবান্ শ্রীহরি শ্রীধরের সঙ্গে নিত্যকাল লীলাবিলাস করিয়া থাকেন। অকিঞ্চন ভক্ত শ্রীধরের হৃদয়ে ভগবান্ চিরদিনই বাঁধা আছেন। ভক্তের হৃদয়ই তাঁহার বিশ্রামস্থল বা বসতি। ভক্ত জানেন—ভগবান্ তাঁহারই, আর ভগবানও জানেন ভক্তই তাঁহার প্রাণ। ভক্ত ভগবানের সুখের জন্য ব্যস্ত এবং ভগবান্ও ভক্ত-সুখবিধানের জন্য সর্ব্বদা উদ্‌গ্রীব। ভক্ত ও ভগবান্ পরস্পর উভয়ে উভয়কে সুখ দিবার জন্য ব্যস্ত। কে কাহাকে কত বেশী সুখ দিতে পারেন, এই বিষয়ে সর্ব্বক্ষণ উভয়ের মধ্যে প্রতিযোগিতা চলিতেছে। ইহাতে ভক্তেরই জয় হইতেছে। সুতরাং ভক্ত শ্রীধর যে কত বড় জিনিষ, তাহা কি কেহ বর্ণন করিতে পারে? যাঁহার চেয়ে বড় আর কেহ নাই, যাঁহার সমানও কেহ নাই, সেই সর্ব্বাপেক্ষা 'বড়'কেও যিনি বশ করিয়াছেন, সেই 'বড়' যাঁহার অধীন, সেই বড় যাঁহাকে 'বড়' করিয়াছেন সেই ভক্ত কত বড়।

শ্রীধর কৃষ্ণৈকশরণাগত। তিনি সকল গুণে গুণী, তিনি সর্ব্বগুণালয়। ভগবান্ তাঁহার হৃদয় জুড়িয়া বসিয়া আছেন। তাই তাঁহার হৃদয়ে ভগবৎসেবা চেষ্টা ছাড়া আর অন্য কিছু নাই। সেবাতেই তাঁহার পরমানন্দ। তিনি স্বহস্তে রন্ধনাদি করিয়া ঠাকুরকে ভোগ লাগাইতেন এবং তৎপরে শ্রীগোবিন্দের প্রসাদান্ন দ্বারা শ্রীগঙ্গা, শ্রীতুলসী ও অন্যান্য দেবতাগণকে নিবেদন করিতেন। শ্রীধর যখন যৌবনের শেষ-সীমায় নীত, তখন শ্রীগৌরসুন্দর শ্রীমায়াপুরে শ্রীশচী-জগন্নাথ-গৃহে প্রকটিত হন। ইহার বহু পূর্ব্বেই শ্রীধরগৃহিণী ইহলোক ত্যাগ করেন। তাঁহার কোন সন্তানসন্ততি ছিল না। তিনি সর্ব্বক্ষণ উচ্চৈঃস্বরে হরিনাম-কীর্ত্তন করিতেন। রাত্রিতে পার্শ্ববর্ত্তী লোকের নিদ্রাভঙ্গ হওয়ায় তাহারা শ্রীধরের প্রতি যথেষ্ট অত্যাচার করিত। কিন্তু কৃষ্ণৈকশরণ সদা হাস্যময় শ্রীধর তাহাতে বিন্দুমাত্রও বিচলিত হন নাই। শ্রীধর বাহ্যদর্শনে দরিদ্র ব্রাহ্মণ। তাঁহাকে লোকে খোলাবেচা শ্রীধর বলিত। তিনি থোড়, কলা, মূলা, মোচা ইত্যাদি বিক্রয় করিয়া অতিকষ্টে জীবিকা-নির্ব্বাহ করিতেন। শ্রীগৌরসুন্দর যৌবনলীলায় এই শ্রীধরের দিকে আকৃষ্ট হইলেন। অধ্যাপক নিমাই শ্রীধরের সঙ্গে সকল সময় নানাপ্রকার রহস্য করিতেন। তিনি বলপূর্ব্বক শ্রীধরের থোড়-কলা-মূলা গ্রহণ করিতেন। তিনি প্রত্যহ শ্রীধরের খোলায় ভোজন করিতেন। শ্রীশচীমাতা শ্রীধরের থোড-কলা-মূলা প্রভৃতি পরমপ্রীতির সহিত রন্ধন করিয়া বিষ্ণুকে নিবেদন করিতেন এবং শ্রীশচীনন্দন ঐ সকল ভোজ্য আনন্দের সহিত ভোজন করিতেন।

শ্রীধর স্বভাবতঃ ব্রাহ্মণের প্রতি প্রগাঢ় শ্রদ্ধাবিশিষ্ট ছিলেন। তিনি নিমাই পণ্ডিতের ঔদ্ধত্যসত্ত্বেও তাঁহাকে নিবারণ করিতে সাহসী হইতেন না। তিনি ভাবিতেন, যদি বলপূর্ব্বকও ব্রাহ্মণ তাঁহার থোড়কলা ইত্যাদি গ্রহণ করেন, তদ্দ্বারা তাঁহার মঙ্গলই হইবে। সুতরাং তিনি স্বেচ্ছায় উহা তাঁহাকে বিনা-মূল্যে প্রদান করিতেন। শ্রীগৌরসুন্দর সেই-দিন হইতে প্রত্যহ বিনামূল্যে শ্রীধরের দ্রব্য গ্রহণ করিতেন। শ্রীধর বাহ্যলোকের দর্শনে দরিদ্র থাকিলেও তাঁহার দারিদ্র্যজন্য কোন ক্লেশবোধ ছিল না। শ্রীধরের মত সরল আস্তিক্য বুদ্ধি যাঁহার নাই, তিনি কখনই ব্রাহ্মণ নহেন। একদিন শ্রীমন্মহাপ্রভু শ্রীধরকে বলিলেন,—

প্রভু বলে—শ্রীধর, তুমি যে অনুক্ষণ।
হরি হরি বল, তবে দুঃখ কি কারণ॥
লক্ষ্মীকান্তে সেবন করিয়া কেনে তুমি।
অন্নবস্ত্রের দুঃখ পাও কহ দেখি শুনি॥
দেখ, এই চণ্ডী-বিষহরিরে পূজিয়া।
কে না খায়, পরে সব নাগরিয়া॥

(চৈঃ ভাঃ)

তদুত্তরে শ্রীধর বলিতেছেন,—

শ্রীধর বলেন—উপবাস ত' না করি।
ছোট হউক, বড় হউক, বস্ত্র দেখ পরি॥
রত্ন ঘরে থাকে, রাজা দিব্য খায় পরে।
পক্ষীগণ থাকে, দেখ বৃক্ষের উপরে॥
কাল পুনঃ সবার সমান হই' যায়।
সবে নিজ কর্ম্ম ভুঞ্জে ঈশ্বর-ইচ্ছায়॥

(চৈঃ ভাঃ)

শ্রীমন্মহাপ্রভু পুনরায় বলিতেছেন,—

প্রভু বলে, তোমার বিস্তর আছে ধন।
তাহা তুমি লুকাইয়া করহ ভোজন॥
তাহা মুঞি বিদিত করিমু কতদিনে।
তবে দেখ, তুমি লোক ভাণ্ডিবা কেমনে?

মহাভাগ্যবান্ শ্রীধর এইরূপে প্রভুর নিত্য সেবক ও একান্ত প্রিয়পাত্র হইলেন। নিত্যপ্রাণধন শ্রীগৌরসুন্দর তাঁহার হৃদয়-কন্দরে স্ফূরিত হইলেন। শ্রীগৌরসুন্দরের কৃপায় শ্রীধর সমস্ত বিষয় শ্রীকৃষ্ণসেবার আনুকূল্যবোধে শ্রীগোবিন্দ-সেবায় নিয়োগ করেন। এ জগতের সমুদয় বস্তুই শ্রীহরি-সেবার অনুকূল। কিন্তু তাহা আমরা সদ্‌গুরু-চরণাশ্রয় ব্যতিরেকে, সম্বন্ধজ্ঞানের অভাবে দেহমনের বিচার আনায় বিষয় বলিয়া ত্যাগ করিয়া বসি।

এইরূপে শ্রীধরের দিন চলিতে লাগিল। প্রত্যহই শ্রীধর বাজারে শ্রীভগবানের অযাচিত দর্শন পাইতে লাগিলেন। ভক্তের দুয়ারে ত' শ্রীভগবান্ নিত্যকালই বাঁধা, সেইজন্য অন্য কোন প্রয়োজন না থাকিলেও প্রত্যহই একবার করিয়া নিমাই পণ্ডিতকে বাজারে যাইয়া শ্রীধরের দোকানে দাঁড়াইতে হইত। একদিন শ্রীগৌরসুন্দর শ্রীবাসগৃহে বিষ্ণুখট্টায় বসিয়া মহাপ্রকাশলীলা প্রকাশ করিলেন।

মহাপ্রকাশ অর্থ এই যে, শ্রীগৌরসুন্দর অন্য দিবস অচৈতন্য অবস্থায় ভাবপ্রকাশ করিয়া বিষ্ণুখট্টায় বসিতেন এবং অতি অল্প সময় এই প্রকাশ থাকিত। কিন্তু এই দিন আর তাহা নহে। প্রভাতে এক প্রহরের সময় প্রকাশ হইয়া পরদিবস সূর্য্যোদয়কাল পর্য্যন্ত রহিলেন। সেইজন্য ইহাকে সপ্তপ্রহর প্রকাশ বা মহাপ্রকাশ বলে। সর্ব্বচিত্তহারী শ্রীগৌর-সুন্দর পরমশোভা ও তেজ বিস্তার করিয়া শ্রীবিষ্ণুসিংহাসনে উপবিষ্ট, আর ভক্তগণ সম্মুখে বসিয়া অন্তরে বাহিরে শ্রীমূর্ত্তি দর্শন করিয়া পরমানন্দে ভাসিতেছেন। সন্ধ্যায় শ্রীশচীদেবী আরতি করিলেন। শ্রীগৌর-সুন্দর সকল ভক্তকে বলিলেন—'শ্রীধরকে লইয়া এস'। এই শ্রীধর কে? সকলে পরস্পর পরস্পরের মুখ চাওয়া চাহি করিতে লাগিলেন। প্রভু বলিলেন,—"শ্রীধর পসারী আমার পরমভক্ত, প্রত্যহ আমার সুখসেবার জন্য থোড়, মোচা ও কলাপাত দিয়া থাকে।" তখন সকলে শ্রীধরের গৃহে ছুটিলেন। যাইয়া ডাকিতেছেন—"শ্রীধর উঠ, তোমাকে ভগবান্ ডাকিতেছেন, শীঘ্র এস।" রাত্রিকালে শ্রীধর উচ্চৈঃস্বরে শ্রীনামসংকীর্ত্তন করিতেন। প্রথমতঃ কোন উত্তর করিলেন না। তখন ভক্তগণ আরও উচ্চকণ্ঠে বলিলেন—'শ্রীধর শ্রীশচীগর্ভ-সিন্ধুতে ভগবান্ উদিত হইয়াছেন, শ্রীবাস-আচার্য্য গৃহে অদ্য প্রকাশিত হইয়া তোমাকে ডাকিতেছেন, শীঘ্র বাহিরে এস।" শ্রীধর চমকিত হইলেন। স্বয়ং ভগবান্ ডাকিতে-ছেন! যে অতি চঞ্চল পণ্ডিতটী প্রত্যহ বাজারে আসিয়াই সর্ব্বাগ্রে তাহার পসারীতে গিয়া থোড়, মোচা, কলাপাতা যাহা পাইতেন তাহা লইয়াই কাড়াকাড়ি করিতেন। শ্রীগয়াক্ষেত্র হইতে আসিয়া তিনি আর বাজারেও আসেন না বা তাঁহার দোকানে আর কাড়াকাড়িও করেন না। শ্রীধর আরও শুনিয়াছেন যে, তিনি পরমভক্ত ও ভব্য হইয়াছেন। আবার ইহাও শুনিয়াছেন যে, তিনি স্বয়ং কৃষ্ণ, সেই কৃষ্ণ তাঁহাকে ডাকিতেছেন, তাহাও আবার কোথায়?—বিদ্বজ্জন-পরিপূর্ণ শ্রীবাস-আচার্য্যের গৃহে। তৎকালীন নবদ্বীপ-সমাজে শ্রীধরের ন্যায় মূর্খ ও নীচ ব্যক্তির সেখানে কি স্থান হইতে পারে? যেখানে শ্রীমদ্ অদ্বৈতাচার্য্য, শ্রীবাস, শ্রীনরহরি, শ্রীপুরুষোত্তম আচার্য্য, শ্রীমুকুন্দ, শ্রীচন্দ্রশেখর আচার্য্য, শ্রীগদাধর পণ্ডিত প্রভৃতি বহু কৃতবিদ্য ভক্ত বিরাজমান, সেখানে শ্রীধর স্থান পাইবে কোন্ সাহসে? শ্রীধর ভীত হইয়া ইতস্ততঃ করিতেছেন, আবার প্রভু ডাকিতেছেন—এই আনন্দের আতিশয্যে শ্রীধর মূর্চ্ছা গেলেন। তখন ভক্তগণ বিলম্বের সময় নাই দেখিয়া শ্রীধরের মূর্চ্ছিত দেহই ধরাধরি করিয়া প্রভু-সমীপে উপস্থিত হইলেন। প্রভু ডাকিতে-ছেন—"শ্রীধর 'উঠ, দেখ আমি কে?" সেই স্নেহ-মধুরকণ্ঠে শ্রীধর চক্ষু মেলিলেন। দেখিলেন, সেই চঞ্চল নিমাইপণ্ডিতই বটে, যিনি প্রত্যহ কোন্দল করিয়া থোড় মোচা কলাপাত কাড়িয়া লইয়াছেন।"

দেখিতে দেখিতে সেই চঞ্চল নিমাই-পণ্ডিত পরমরমণীয় রসিকশেখর, ব্রজেন্দ্রতনয় হইলেন। শ্রীধর দেখিতেছেন কত শত ব্রহ্মা, কত শত শিব, কত শত ইন্দ্র, কত বায়ু, কত বরুণ, কত যম, কত চন্দ্র কত সূর্য্য, কত অগণিত ঋষি, কত ভক্ত তাঁহাকে বেষ্টন করিয়া যোড়করে স্তব করিতেছেন। শ্রীধর এই দৃশ্য দেখিয়া আবার বাহ্য হারাইবার উপক্রম করিলে শ্রীভগবান্ বলিতেছেন, "শ্রীধর, ভীত হইও না—এই আমার মূর্ত্তি দেখ। আমার দর্শন নিষ্ফল নহে। তুমি ধন জন অন্য যাহা কিছু ইচ্ছা কর, আমার নিকট বর মাগ, তোমার দুঃখ রহিবে না।" অশ্রুধারায় বক্ষপ্লাবিত করিয়া শ্রীধর বলিলেন—"প্রভো, আমি অতি মূর্খ, অধম, দীন, তোমার সঙ্গে কি করিয়া কথা কহিতে হয় জানি না, আমার দোষ লইও না। তোমার ত' দোষ নাই, তুমি ত' প্রত্যহই আমার কাছে পরিচয় দিয়াছ, বলিয়াছ—'আমি তুলসীর স্বামী, গঙ্গার প্রভু, আমাকে দাও না কেন?' আমি নিজ দোষে নিজেই ফাঁকিতে পড়িয়াছি। তখন আমি চিনি নাই।" প্রভু করুণায় বিগলিত হইয়া বলিতেছেন—'শ্রীধর তাহাতে দোষ কি? তুমি আমাকে চেন নাই কিন্তু আমি তোমাকে বরাবরই চিনি। শ্রীধর বলিলেন—"আমার খোলা-বেচা আজ সার্থক হইল। আমি থোড়-কলাপাতা দিয়া তোমার অভয়চরণ দর্শন পাইলাম।"

প্রভু তখন হাসিয়া বলিলেন,—"শ্রীধর, তোমার থোড়, পাতা ত' আমিই কাড়িয়া লইয়াছি। আমি জানি, ইহাতে আমার নিত্য-কাল অধিকার আছে এবং সেই অধিকার-বলেই আমি ভক্তদ্রব্য ঐরূপে জোর করিয়া লইয়া থাকি। এখন শোন—আর তোমাকে থোড়-মোচা বেচিতে হইবে না। আজ তোমাকে অষ্টসিদ্ধি দিতেছি, ইহাতে তোমার দারিদ্র্য ঘুচিবে।" তখন শ্রীধর বলিলেন,—"আমি সিদ্ধি লইয়া কি করিব? আমি মহাধন পাইয়াছি, তুচ্ছ সিদ্ধি লইব কেন?' প্রভু বলিলেন,—'তবে তোমার ধনৈশ্বর্য্য হউক, তাহাতে সুখে থাকিতে পারিবে।" তদুত্তরে শ্রীধর বলিলেন,—'ঐশ্বর্য্য আমার বাঞ্ছনীয় নহে, তাহার কারণ, তুমিই ত' সকল ধন হইতে প্রিয়।' তাহার পর মহাপ্রভু শ্রীধরকে পুনরায় বর প্রার্থনা করিতে বলায় শ্রীধর হাসিয়া বলিলেন,—'আমি অমৃত সাগরের নিকট আসিয়া বিষ খাইব কেন?' তখন মহাপ্রভু কৃত্রিম ক্রোধ দেখাইয়া বলিলেন,—'আমার দর্শন বৃথা যাইবে না। তোমাকে বর প্রার্থনা করিতেই হইবে।' তদুত্তরে শ্রীধর বলিলেন—'আমার ত' বরের কোন

আবশ্যক নাই, তবে যদি জোর করিয়া দাও তবে আমাকে এই বর দাও—এককালে যে চঞ্চল প্রভূতশক্তিসম্পন্ন ব্রাহ্মণকুমার প্রত্যহ আমার সহিত কোন্দল ও জোর করিয়া থোড়-মোচা কাড়িয়া লইতেন, আবার আজ যিনি স্বয়ং প্রকটিত হইয়া সর্ব্বসমক্ষে আমাকে নানা প্রলোভনে ভুলাইবার চেষ্টা করিতেছেন, তিনি যেন সেই চঞ্চলতা ও প্রলোভন দেখান পরিত্যাগ করিয়া এই অতি মূর্খ শ্রীধরের হৃদয়ে অচলভাবে তাঁহার রাতুল শ্রীচরণপদ্ম স্থাপন করেন।" ভক্তগণ সকলেই শ্রীধরের এই প্রার্থনা শুনিয়া তাঁহাকে ধন্য ধন্য করিয়া হরিধ্বনি করিতে লাগিলেন।

তখন ভগবান্ বলিলেন,—"শ্রীধর, আমি তোমাকে নানা প্রকার প্রলোভন দেখাইলাম, কিন্তু তুমি কিছুই লইলে না। এখন আমি তোমার বাঞ্ছিত বর দিতেছি, তুমি আমার নিত্যদাস, আমাতে তোমার প্রেম হউক।" ভগবানের শ্রীমুখনিঃসৃত এই বাক্য শ্রবণমাত্রই শ্রীধর 'ধন্য হইলাম', 'ধন্য হইলাম' বলিয়া ভূমিতে পড়িয়া মূর্চ্ছিত হইলেন।

মহাপ্রভু কাজীদলনদিবসে কাজী-উদ্ধার করিয়া সপার্ষদে শ্রীধরের অতি জীর্ণ কুটীরে উপস্থিত হইলেন। শ্রীধরের দ্বারের সম্মুখে এক অতি জীর্ণ লৌহপাত্রে জল ছিল। পিপাসার্ত্ত হইয়া গৌরভগবান্ সেই জল শ্রীধরের নিষেধ সত্ত্বেও পান করিয়া ফেলিলেন।

শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু শ্রীচৈতন্য-চরিতামৃতে শ্রীল শ্রীধর ঠাকুর সম্বন্ধে লিখিয়াছেন,—

খোলাবেচা শ্রীধর প্রভুর প্রিয়দাস।
যাঁহা সনে প্রভু করে নিত্য পরিহাস॥
প্রভু যাঁর নিত্য লয় থোড় মোচা ফল।
যাঁর ফুটা লৌহপাত্রে প্রভু পিলা জল॥

শ্রীগৌরাঙ্গের নিত্যসিদ্ধ পার্ষদ গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্য পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্‌-ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুর বাঙ্গলা ১৩৪৫ সালের ২২শে ফাল্গুন সোমবার শ্রীধাম-মায়াপুর শ্রীশ্রীধর-অঙ্গনের নব-নির্ম্মিত শ্রীমন্দিরে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-শ্রীবিগ্রহ ও শ্রীগৌরপাদ-পীঠ প্রতিষ্ঠা করিয়াছেন। শ্রীআচার্য্যানুগ সেবকবৃন্দ তথায় অবস্থান পূর্ব্বক নিয়মিতভাবে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের সেবা করিতেছেন। ঐ দিবস শ্রীশ্রীল আচার্য্যদেব তথায় বহুক্ষণ যাবৎ হরিকথা কীর্ত্তন করেন। তন্মধ্য হইতে আমরা দুই একটী কথা উদ্ধৃত করিতেছি—"শ্রীধর অঙ্গন গোষ্ঠ। শ্রীজগন্নাথ-ভক্তিবিনোদের বংশে যদি কোনদিন রতির লেশও উদিত হয়, তবেই এই শ্রীধর-অঙ্গনকে 'গোষ্ঠ' বলিয়া উপলব্ধি হইবে। শ্রীধর শ্রীনিত্যানন্দ-সখা দ্বাদশ-গোপালের অন্যতম। বাহ্যদৃষ্টিতে তিনি প্রাকৃত অর্থহীন, কিন্তু পরমার্থ-ধনে মহাধনী।

'গো' অর্থাৎ আশ্রিতবর্গ লইয়া 'গোষ্ঠ' বা 'গোষ্ঠী'। শ্রুতি বা উপনিষদ্‌গণ ব্রজের গাভী। বেদোজ্জ্বল বুদ্ধিরূপ পাণ্ডিত্যের শেফালী যাঁহার শ্রীপাদপদ্মনখাগ্রে অবস্থিত, সেই 'নন্দগোধন-রাখোয়ালা' পূর্ণ নিরঙ্কুশ-স্বেচ্ছাময় মহাপ্রভু স্বেচ্ছাচারিতা করিয়া থোড়-কলা-মূলারূপে শ্রীধরের হৃদয়টী কাড়িয়া লইয়াছেন। শ্রীগৌরসুন্দরের নিরঙ্কুশ ইচ্ছার সহিত শ্রীধরের হৃদয় খাপে খাপে মিশিয়া গিয়াছে। তাই নন্দদুলাল যেরূপ সখাগণের সহিত নর্ম্মপরিহাস করেন, শ্রীগৌরসুন্দরও সেইরূপ শ্রীধরের সহিত নর্ম্মপরিহাস করেন। নন্দের গৃহ হইতে কিছু দূরেই গোষ্ঠ। এস্থানেও তাই। শ্রীধরের সমস্ত সম্পত্তি শ্রীগৌরসুন্দর জোর-জবরদস্তি করিয়া গ্রহণ করিতেন। গৌরসুন্দরের নর্ম্মপরিহাস-পরিপাটী এই স্থানে অধিক প্রকাশিত হইয়াছে; অতএব এস্থানে যেন অবিরত গৌরনাম ও গৌরবাণী কীর্ত্তিত হন। কেবল শ্রীগৌর-পাদপদ্মের আনুষ্ঠানিক অর্চ্চন না করিলে নয়, এইরূপ যেন না হয়। অকিঞ্চনা ভক্তির দ্বারা প্রদীপ্ত অকিঞ্চন হইয়া যাহাতে এখানে আমরা সেবোন্মুখ গোষ্ঠীর সহিত হরিকীর্ত্তন করিতে পারি, এই সুযোগ যেন নিত্যকাল থাকে, ইহাই প্রার্থনা।"

———

শ্রীল প্রভুপাদের হরিকথা

——:•:(•):•:——

জড়চিন্তাপর বিশ্বতাপ সহ্য করতে না পেরে পালিয়ে যাওয়ায় যে বিরাগ, তা' ফল্গু—তুচ্ছ। কৃষ্ণসেবায় যা' না লাগে, তা'তে বৈরাগ্য ক'রতে হবে, তা'র আলোচনা ক'রব না। চেতনসেবায় যা' লাগবে তা' আদরের সহিত গ্রহণ ক'রব। নচেৎ "আধিক্যে ন্যূনতায়াঞ্চ চ্যবতে পরমার্থতঃ॥" অধিক বৈরাগ্য বা আসক্তি হ'লে সুবিধা হয় না। বিশ্বে যত দ্রব্য আছে, সে-সকল সেবাবিস্মৃত লোককে আকর্ষণ ক'রে নিজ-ভোগ্য জ্ঞান করায়। দিব্যজ্ঞান-প্রাপ্ত ব্যক্তির বিচারে ঐসকল কৃষ্ণভোগ্য। ভগবান্ হাত তুলে যা' দেবেন তাই জীবের প্রাপ্য। এটা না বুঝে অতিরিক্ত গ্রহণ ক'রলে অসুবিধা।

ফুল শুঁকব, চন্দনাসিক্ত হ'ব, পান খাব—এ সব বিচার ভোগী প্রাকৃত-সহজিয়া-দের। প্রাকৃত-সহজিয়ার রস-বিচারে অবুঝের বিচার। প্রসাদের অবমাননা ক'রো না, পান খেয়ে ফেল, বলদেব মধু পান করেন, সুতরাং আসব পান কর—এ বিচার ঠিক নয়। অবশ্য অদ্বৈত-নিত্যানন্দাদি পান খেয়েছেন, কিন্তু তাঁ'রা ঈশ্বরতত্ত্ব, আমরা ক্ষুদ্র জীব। অভ্যাসদোষে অধর্ম্ম ক'রলে চিত্ত স্থির থাকে না। অধর্ম্ম ক'রে ভগবৎসেবা হয় না।

ভগবৎসেবা আরম্ভ ক'রলে নির্ব্বুদ্ধিতাটা বুঝতে পারব। এখানের যা' বিচিত্রতা, তা' নিত্য বর্ত্তমান থাকে না। ইহজগতে আমাদের বাস্তব স্থান নাই। সুখ-দুঃখের ত্রাণ জন্য পরজন্ম স্বীকার ক'রতে হ'বে না। বহির্জ্জগতের পরিবর্ত্তনযোগ্য বস্তুতে আসক্ত হ'লে কষ্ট। যুক্তবৈরাগ্যের বিচারই ঠিক।

উরুক্রম-পাদপদ্ম-লাভে যত্নবিশিষ্ট না হওয়া পর্য্যন্ত ক্ষুদ্র বিষয়ে চেষ্টা থাকে। ভোগটা ত্যাগ করার জন্য বিরাগ নয়, কৃষ্ণেতর বিষয়ে বৈরাগ্য ক'রে কৃষ্ণে অনুরাগ হওয়া দরকার। বিধাতার স্থান পর্য্যন্ত নশ্বর। বিরিঞ্চিলোক পর্য্যন্ত অমঙ্গলজনক। কৃষ্ণানুশীলন ব্যতীত অন্য কাজে ব্যস্ততা অযোগ্যতারই পরিচয়। জগতের যে আশা, তাহা হ'তে বিচ্ছিন্ন হওয়া দরকার। ধাক্কার আগে সাবধান হওয়া দরকার। বুদ্ধিমান্ ব্যক্তি মহাজন পথে অগ্রসর হ'লে বস্তুকে জান্‌তে পারবেন।

আমরা অনেক কথা শুনি কিন্তু সেই কথা-গুলি আমাদের যোগ্যতা-অনুসারে গ্রহণ করতে নিজেদের অভাব থাক্‌লে সব কথা সব সময়ে বুঝা যায় না, অল্প সময়ে সকল কথা জানা যায় না। বহু গ্রন্থ, বহু দিবস এ সকল আলোচনা হ'চ্ছে, কিন্তু গ্রহণ করা দূরে থাকুক, অনেকের ইহাতে মনোনিবেশই হয় না। প্রাচীন কথা প্রয়োজনীয় হয় না। নূতন কথা জান্‌বার আকাঙ্ক্ষা হয়। পূর্ব্বের কথা না জানা থাক্‌লে সকল কথা বুঝে উঠতে পারা যায় না।

যোগ্যতা কর্ম্মরাজ্যে একপ্রকার, জ্ঞান-রাজ্যে একপ্রকার, আর ভক্তিরাজ্যে অন্য প্রকার। ভক্তিরাজ্যের যোগ্যতা 'তৃণাদপি সুনীচ' স্বভাবের দ্বারা জ্ঞাপিত হয়। ভক্তি-নদী—নিম্নগা। জড়জগতের লোকের যেরূপ কনক-কামিনী-প্রতিষ্ঠার দ্বারা গতি ও প্রেরণা লাভ হয়, ভক্তদের গতি সেরূপ নয়।

আমাদের মূল আচার্য্যপ্রবর শ্রীরূপ গোস্বামিপ্রভু আপনাকে কিরূপ দৈন্যমণ্ডিত ক'রেছেন। শ্রীরূপ গোস্বামিপ্রভু বরাক প্রভৃতি শব্দদ্বারা আপনার পরিচয় দিয়েছেন। 'আমি খুব বড় পণ্ডিত, খুব সাধু, খুব শ্রেষ্ঠ ব্যক্তি, খুব ভক্ত' এরূপ উক্তি তিনি করেন নাই। বরং তাঁ'র নিকট একটি কথা পাই,—

বিরচয় ময়ি দণ্ডং দীনবন্ধো দয়াং বা
গতিরিহ ন ভবত্তঃ কাচিদন্যা মমাস্তি।
নিপততু শতকোটিনির্ভরং বা নবাম্ভ-
স্তদপি কিল পয়োদঃ স্তূয়তে চাতকেন॥

আমার প্রভু আমাকে দণ্ডই প্রদান করুন, আর দয়াই প্রদর্শন করুন—উভয়ই তাঁ'র কৃপা। 'দণ্ডটি তাঁ'র দয়া নহে', এরূপ বিচার শিষ্যের বিচার নহে। আমার প্রভু অদ্বিতীয়, তিনি ব্যতীত আমার আর অন্য গতি নাই। পিপাসার্ত্ত চাতক জলের জন্য প্রার্থনা ক'রে থাকে; তা'র প্রতি নূতন জল বর্ষিত হউক অথবা শতকোটি বজ্রই পতিত হউক, তথাপি চাতক জলদকেই স্তব ক'রে থাকে, অপরের শরণাগত হয় না। আমরা ভগবদাশ্রিত। ভগবান্ আমাদিগের প্রতি দণ্ডবিধান করুন বা অনুগ্রহই করুন, এই নিগ্রহ ও অনুগ্রহ—সকলই তাঁ'র অনুগ্রহ। তিনি ব্যতীত এখন আমার অন্য কোন গতি নাই, যা'তে তাঁ'র সন্তোষের উদয় হয়, তা'তেই আমার সন্তোষ হউক। এই আচার্য্যবরের আনুগত্য যাঁ'রা স্বীকার ক'রেছেন, তাঁ'রাই মহাপ্রভুর কথা জগতে বল্‌তে পারেন।

শ্রীরূপ গোস্বামিপ্রভুর পদধূলি যদি হ'তে পারি, তা'হ'লে [illegible] জন্মগ্রহণ করি না কেন তা'তে ক্ষতি নাই। শ্রীরূপানুগ-গণের নিষ্কপট কিঙ্কর না হ'লে শ্রীরূপের পাদপদ্মে অনুরক্তি হৃদয়ে প্রকাশিত হয় না।

শ্রীরূপের কথার প্রচার হ'লেই শ্রীচৈতন্যের কথার প্রচার হ'বে। শ্রীরূপের আচার অনুসৃত হ'লেই শ্রীচৈতন্যের বাণী-প্রচারে আমরা যোগ্যতা লাভ ক'রবো। আচরণ রহিত প্রচার কপটতার অন্তর্গত। কর্ম্মবীর নিজ দম্ভ প্রকাশের জন্য জগতে যে [illegible] প্রকাশ ক'রে, তা' জগতে বহু-মানিত হ'লেও তাদের আত্মিক মঙ্গল হয় না। তাঁ'দের মুখে কখনও কখনও নিছা-ভক্তির দু'একটা কথা শুন্‌তে পাওয়া গেলেও প্রকৃত বিষয়ে তাঁ'দের জ্ঞান লাভ হয় নাই। আর ভগবদ্ভক্তি যাঁ'দের হ'য়েছে, তাঁ'দের সমস্ত বিষয়ে পূর্ণ জ্ঞান লাভ হ'য়েছে।

কর্ম্মের প্রাবল্য বা জ্ঞানের দ্বারা জ্ঞেয় বস্তুর সহিত পরিচিত হ'লে বাস্তবিক জীবের মঙ্গল নাই। পরমেশ্বরের সহিত যে সম্বন্ধজ্ঞান, তাহাতে পরেশানুভূতি। যাঁ'দের সেবা-প্রবৃত্তি আছে, তাদের মধ্যে সেইরূপ পরেশানুভূতি লাভ হয়। যে পরিমাণে সেব্যের মনোহভীষ্ট-পরিপূরণের চেষ্টা, সেই পরিমাণে অনুভূত ও অজ্ঞাত বিষয়ের [illegible] প্রতি বিরাগ উদিত হয়। "অমুক লোক জাগতিক বিষয়ে খুব বড় হ'য়েছেন ও হ'চ্ছেন সেই প্রকার আদর্শ আমিও গ্রহণ ক'রবো বা আমি সেরূপ বড় হ'ব,"—এরূপ বুদ্ধির প্রতি বিরাগ সঙ্গে সঙ্গে সেবকে প্রকাশিত দেখ্‌তে পাওয়া যায়। [illegible] আছে অমানী মানদ, যাহা অন্য কোন ব্যক্তিতে পাওয়া যায় না। [illegible] কেন না, [illegible] যাঁ'রা পাতক, মহাপাতক বা অপরাধ ক'রেছেন, তাঁ'দের অপেক্ষা বৈষ্ণব অনেক বেশী বুদ্ধিমান্। যখনই আমাদের মনে হয়, 'লোককে খুব দেখাই', তখনই বিষ্ণুভক্ত হ'তে অপসারিত হই। বৈষ্ণব-ভক্তির পরিমাণ অনুসারে বিষ্ণুভক্তির তারতম্য।

———

প্রশ্নোত্তর

— :০:(*):০:—

প্রঃ—'শ্রীভক্তিসন্দর্ভ' ও তাঁহার আকর কি ?

উঃ—'শ্রীভক্তিসন্দর্ভ'—'শ্রীভাগবত-সন্দর্ভ' বা নামান্তর 'ষট্‌সন্দর্ভে'র অন্তর্গত পঞ্চম সন্দর্ভ। (১) তত্ত্বসন্দর্ভ, (২) ভগবৎসন্দর্ভ, (৩) পরমাত্মসন্দর্ভ (৪) কৃষ্ণসন্দর্ভ, (৫) ভক্তিসন্দর্ভ ও (৬) প্রীতিসন্দর্ভ। তত্ত্ব, ভগবৎ, পরমাত্ম ও কৃষ্ণ এই চারিটী সন্দর্ভে সম্বন্ধজ্ঞান, ভক্তিসন্দর্ভে অভিধেয় ও শ্রীপ্রীতিসন্দর্ভে প্রয়োজন-তত্ত্ব নিরূপিত হইয়াছে। এই ছয়টী সন্দর্ভকে একত্রে 'শ্রীভাগবতসন্দর্ভ' বলা হয়। এই ভাগবতসন্দর্ভের আকররূপে শ্রীল জীব গোস্বামি-প্রভু শ্রীল গোপালভট্ট গোস্বামি-প্রভুর কারিকাগ্রন্থকে নির্দ্দেশ করিয়াছেন।

প্রঃ—এই কারিকা গ্রন্থ কি প্রকাশিত হইয়াছে ?

উঃ—শ্রীল সনাতন গোস্বামি-প্রভু দাক্ষিণাত্যে ও শ্রীল রূপগোস্বামি-প্রভু ব্রজে শ্রীগৌরসুন্দরের শ্রীমুখে শ্রীমদ্ভাগবতোক্ত যে সকল সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন-তত্ত্ব শ্রবণ করিয়াছিলেন, সেই শ্রীমদ্ভাগবত তাৎপর্য্য সংগ্রহ করিয়া তাঁহারা বহু ভক্তিগ্রন্থ রচনা করেন। শ্রীরূপ-সনাতনের সংগৃহীত শ্রীগৌরসুন্দরের সেই সকল সিদ্ধান্ত ও বিচার দাক্ষিণাত্যের কাবেরীতট-নিবাসী শ্রীবেঙ্কটভট্টের পুত্র শ্রীগোপালভট্ট গোস্বামি-প্রভু শ্রীরূপ-সনাতনের নিকট অধ্যয়ন-সূত্রে প্রাপ্ত করিয়াছিলেন। তাহাকেই তিনি পুনরায় সংগ্রহ করিয়া শ্রীল গোপালভট্ট গোস্বামি-প্রভু শ্রীরূপসনাতনের সন্তোষের জন্য এক কারিকা গ্রন্থ রচনা করেন।

প্রঃ—শ্রীল গোপালভট্ট গোস্বামি-প্রভুই যদি সন্দর্ভ রচনা করিয়া থাকেন তবে শ্রীল শ্রীজীবগোস্বামি প্রভু কেন আবার তাহা লিখিতে প্রবৃত্ত হইলেন ?

উঃ—সেই পূর্ব্বগ্রন্থ অর্থাৎ শ্রীল গোপালভট্ট গোস্বামি-প্রভু যে গ্রন্থ সঙ্কলন করিয়াছিলেন, তাহাতে কোথায়ও ক্রমে, কোথায়ও বিপর্য্যয়ক্রমে, কোথায়ও বা খণ্ডিতভাবে শ্রীভাগবতসিদ্ধান্ত সংগৃহীত ছিল। শ্রীল জীবগোস্বামি-প্রভু সেইসকল পর্য্যালোচনা করিয়া ক্রমনির্দ্দেশপূর্ব্বক 'শ্রীভাগবতসন্দর্ভ' রচনা করিয়াছেন।

প্রঃ—'সন্দর্ভ' কাহাকে বলে ?

উঃ—গ্রন্থন, রচনা, পরস্পর সঙ্গতি, সংগ্রহ, বিস্তার প্রভৃতি 'সন্দর্ভ' শব্দের পর্য্যায় শব্দ। এই গ্রন্থে শ্রীমদ্ভাগবতের সহিত সমস্ত সাত্বত-শাস্ত্রের সঙ্গতি নিরূপিত হইয়াছে।

প্রঃ—শ্রীভক্তিসন্দর্ভে কি কি বিষয় আলোচিত হইয়াছে ?

উঃ—ইহাতে প্রধানতঃ এই কয়টী মূল বিষয় আলোচিত হইয়াছে :—(১) কাহাকে ভক্তি করিব ? (২) কেন ভক্তি করিব ? (৩) কে ভক্তি করিবেন ? ও (৪) কাহাকে ভক্তি বলে ?

প্রঃ—'সম্বন্ধ' শব্দের অর্থ কি ?

উঃ—শাস্ত্র ও শাস্ত্র-প্রতিপাদ্য বস্তুর সহিত প্রতিপাদ্য ও প্রতিপাদক রূপ যে সংযোগ, সম্পর্ক, সংসর্গ বা Relation আছে, তাহারই নাম সম্বন্ধ। নিখিল শাস্ত্র যে বাস্তব-বস্তু-প্রতিপাদনের জন্য প্রবৃত্ত, সেই বস্তুই শাস্ত্রের প্রতিপাদ্য। সেই সম্বন্ধ তত্ত্ব পূর্ণ, সনাতন, পরমানন্দ-স্বরূপ ও পরতত্ত্বরূপে নিরূপিত হইয়াছে। এই সম্বন্ধ পর্য্যায় পরমতত্ত্ব ব্রহ্ম, পরমাত্মা ও শ্রীভগবান্—এই ত্রিবিধ আবির্ভাবে আবির্ভূত।

প্রঃ—ব্রহ্ম, পরমাত্মা ও ভগবান্ কি একই বস্তু অর্থাৎ একই বস্তুর বিভিন্ন নাম মাত্র, ইহাতে কি কোন ভেদ নাই ?

উঃ—ব্রহ্ম, পরমাত্মা ও শ্রীভগবান্ একই বস্তু বটে কিন্তু সাধকের প্রতীতিভেদে তাঁহাদের আবির্ভাবের অর্থাৎ প্রকাশের তারতম্য আছে। সেই পরমতত্ত্বের শক্তি ব্যতীত যে পরিচয়, তাহাই তাঁহার ব্রহ্মাবির্ভাব। জীবশক্তি ও মায়াশক্তি দ্বারা যে পরিচয় হয়, যে স্থানে স্বরূপশক্তির পরিচয় স্বল্প, তাহাই পরমাত্ম-প্রতীতি। আর যেখানে কেবল স্বরূপশক্তির পূর্ণ পরিচয়, তাহাই ভগবদাবির্ভাব। এই ত্রিবিধ আবির্ভাবের মধ্যে ভগবদাবির্ভাবই শ্রেষ্ঠ, কেননা, তাহাতে স্বরূপশক্তির পূর্ণ পরিচয় আছে। এজন্য ব্রহ্মাবির্ভাবকে অসম্যক্, পরমাত্মাবির্ভাবকে আংশিক ও ভগবদাবির্ভাবকে পূর্ণ প্রতীতি বলা হয়।

প্রঃ—যদি ভগবদাবির্ভাবকে শ্রেষ্ঠই বলা হইল, তাহা হইলে ব্রহ্ম-পরমাত্মা কি ভিন্ন বস্তু হইয়া পড়িলেন না ?

উঃ একই সূর্য্যকে বহুদূর হইতে দেখিলে কেহ জ্যোতিঃপুঞ্জমাত্র দর্শন করে, যাহাদের আর একটু জ্যোতির্ব্বিধা চক্ষু প্রসারিত না হয়, তাহারা পৃথক্ পৃথক্ রশ্মিযুক্তরূপে সূর্য্য দর্শন করিয়া থাকে, আবার সূর্য্যলোকবাসিগণ সূর্য্যমণ্ডলে অবস্থান করিয়া পরিপূর্ণ আকারবিশিষ্ট সূর্য্য দর্শন করিতে পারে। ইহা যেমন স্থান ও দ্রষ্টার দর্শনযোগ্যতারূপে একই বস্তুর ভিন্ন ভিন্ন প্রতীতি, তদ্রূপ একই অদ্বয়তত্ত্বের ভিন্ন ভিন্ন প্রতীতিই ব্রহ্ম, পরমাত্মা ও শ্রীভগবান্।

প্রঃ—ভগবদাবির্ভাবের মধ্যে কি পুনরায় প্রকাশের তারতম্য আছে ?

উঃ—ভগবদাবির্ভাবের মধ্যেও প্রকাশের তারতম্য আছে। শ্রীকৃষ্ণই পূর্ণতম ভগবদাবির্ভাব। ইহা 'শ্রীকৃষ্ণসন্দর্ভে' শ্রীল শ্রীজীবগোস্বামি-প্রভু বিশেষভাবে প্রদর্শন করিয়াছেন।

প্রঃ—'সম্বন্ধ' ও 'সম্বন্ধী' শব্দের মধ্যে পার্থক্য কি ?

উঃ—'সম্বন্ধ' শব্দের তাৎপর্য্য পূর্ব্বে উক্ত হইয়াছে। নিখিল শাস্ত্রের মুখ্য প্রতিপাদ্যরূপী অদ্বয়জ্ঞান পরমানন্দ-স্বরূপ বাস্তব-বস্তুতেই সম্বন্ধ আছে বলিয়াই সেই পরতত্ত্ব-বস্তুটি সম্বন্ধী।

প্রঃ—জীবশক্তি ও মায়াশক্তি দ্বারা পরমাত্মার যে পরিচয় হয়, সেই জীবশক্তি ও মায়াশক্তির পরিচয় কি ?

উঃ—পরমাত্মার বিভূতি গণনাকালে জীবসমূহকে তটস্থা শক্তি-রূপে ও মায়াকে বহিরঙ্গা আবরণী শক্তিরূপে গণনা করা হইয়াছে। জীব ভগবান্‌কে বিস্মৃত হওয়ায় সেই দোষে মায়া তাহার স্বরূপ আবরণ করিয়াছে। জীবের এই হরিবৈমুখ্যই মায়া-প্রবেশের ছিদ্রস্বরূপ।

প্রঃ—জীব ভগবানকে ভুলিয়া যাইবার পর তাহাকে মায়া আবরণ করিয়াছে। তাহা হইলে কি ঐসকল জীব কোনদিন ভগবানের সেবারত ছিল ?

উঃ—শ্রীল শ্রীজীবগোস্বামি-প্রভু বলিয়াছেন,—

"অনাদিপরতত্ত্বজ্ঞান-সংসর্গাভাবময়-তদ্বৈমুখ্য লব্ধচ্ছিদ্রয়া তন্মায়য়াবৃতস্বরূপজ্ঞানানাম্"

অর্থাৎ কোনদিনই নিত্যবহির্ম্মুখ জীবের ভগবৎস্মৃতি ছিল না। ইহারাই নিত্যবদ্ধ জীব। যাঁহারা নিত্যমুক্ত জীব, তাঁহারা অনাদিকাল হইতেই শ্রীভগবানের চরণে নিত্য উন্মুখ। কোনদিনই তাঁহাদের ভগবদ্-বিস্মৃতি ঘটে নাই।

প্রঃ—নিত্যবদ্ধ জীব কি অনন্তকালই বদ্ধ থাকিবে ?

উঃ—নিত্যবদ্ধ জীবের ভগবদনুভবের সংসর্গাভাব আছে। এজন্য সংসার-দুঃখ হইতে মুক্ত হইয়া ভগবদনুভব লাভ করিতে পারেন।

প্রঃ—'সংসর্গাভাব' কাহাকে বলে ?

উঃ—নৈয়ায়িকগণ দুই প্রকার অভাবের কথা উল্লেখ করিয়াছেন,—(১) অন্যোন্যাভাব ও (২) সংসর্গাভাব। সংসর্গাভাব—প্রাগভাব, ধ্বংসাভাব ও অত্যন্তাভাব ভেদে তিন প্রকার। জীবের পরতত্ত্বজ্ঞানের অভাবটিই প্রাগভাববিশেষ, অর্থাৎ ভগবানের অনুভবের অভাবটি পূর্ব্বে ছিল, পরে নষ্ট হইবার সম্ভাবনা আছে।

শ্রীযোগপীঠে কীর্ত্তন

শ্রীধাম মায়াপুরে গৌরগৃহ শ্রীমহাযোগপীঠে প্রত্যহ প্রাতে, মধ্যাহ্নে ও সন্ধ্যায় নিয়মিতভাবে পাঠ কীর্ত্তনাদি হইতেছে। উপদেশক পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী কাব্যপুরাণতীর্থ ও শ্রীপাদ হরিবিনোদ দাসাধিকারী প্রভু প্রমুখ ভক্তগণ পাঠ, কীর্ত্তন ও ইষ্টগোষ্ঠীমুখে হরিকথা আলোচনা করিতেছেন।

জলপাইগুড়িতে প্রচার

গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস ১০৮শ্রী শ্রীশ্রীমদ্ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের আনুগত্যে ও গভর্ণিংবডির নিয়ামকত্বে গৌড়ীয়-মিশনের অন্যতম প্রচারক উপদেশক শ্রীপাদ অনাদিকৃষ্ণ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী কতিপয় মঠসেবকসহ উত্তর বঙ্গের বিভিন্নস্থানে শ্রীচৈতন্যবাণী প্রচার করিতে করিতে গত ১৫ই জুলাই ৩১শে আষাঢ় মঙ্গলবার দিবস জলপাইগুড়ি নিবাসী হিন্দু মহাসভার সেক্রেটারী শ্রীযুক্ত নলিনীরঞ্জন ঘোষ এম-এ, বি-এল, মহাশয়ের আগ্রহে তথায় উপস্থিত হন।

গত ১লা শ্রাবণ, ১৭ই জুলাই বৃহস্পতিবার দিবস হইতে ৪ঠা শ্রাবণ রবিবার পর্য্যন্ত স্থানীয় যোগমায়া কালীবাড়ীতে যথাক্রমে শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা এবং সনাতন-ধর্ম্ম সম্বন্ধে ও ছায়াচিত্রে শ্রীকৃষ্ণলীলা-প্রদর্শন মুখে বক্তৃতা হয়। তৎপরদিবস স্থানীয় জমিদার শ্রীযুক্ত বীরেন্দ্র নাথ ঘোষ বি-এ, মহাশয়ের আগ্রহে প্রচারকগণ তদীয় বাসভবনে শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। গত ৬ই শ্রাবণ মঙ্গলবার দিবস ডিষ্ট্রিক্টবোর্ডের চেয়ারম্যান রায়বাহাদুর শ্রীযুক্ত জয়গোবিন্দ গুহ মহাশয়ের ভবনে শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীসনাতনশিক্ষা পাঠ ও ব্যাখ্যা হয়। পরদিবস হরিসভায় এবং তৎপর-দিবস শ্রীযুক্ত শ্রীনাথ চন্দ্র হোড় (উকিল) মহাশয়ের ভবনে শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা হয়। ১১ই শ্রাবণ রবিবার দিবস শ্রীযুক্ত ব্রজেন্দ্রনাথ দাসগুপ্ত মহাশয়ের ভবনে এবং তৎপর দিবস শ্রীযুক্ত উপেন্দ্রনাথ কর্ম্মকার (উকিল) মহাশয়ের ভবনে শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা হয়। প্রত্যহ সভায় বহু সজ্জনবৃন্দ উপস্থিত হইতেন। তন্মধ্যে কয়েক জনের নাম প্রদত্ত হইল।

শ্রীত্রৈলোক্যনাথ মৌলিক এম-এ, বি-এল, শ্রীনলিনীরঞ্জন ঘোষ এম-এ, বি-এল; শ্রীউপেন্দ্রনাথ কর্ম্মকার (উকিল), শ্রীনাথ চন্দ্র হোড় (উকিল), শ্রীগোবিন্দচন্দ্র সর্ব্বাধ্যক্ষ উকিল; শ্রীজিতেন্দ্রলাল গাঙ্গুলী (মোক্তার), শ্রীনগেন্দ্রনাথ দাস (ডেপুটি ম্যাজিষ্ট্রেট), ডাঃ তারাপদ সান্যাল এম-বি, জমিদার শ্রীধীরেন্দ্রনাথ ঘোষ বি-এ, শ্রীঅশ্বিনীকুমার মোদক (কবিরাজ), শ্রীযতীন্দ্রনাথ গাঙ্গুলী (হেড ক্লার্ক), শ্রীকামিনীকুমার নিয়োগী (সেক্রেটারী টি গার্ডেন), শ্রীপ্রমথনাথ গোস্বামী (ষ্টেশন মাষ্টার), শ্রীঅবিনাশচন্দ্র রায় উকিল, শ্রীজয়গোবিন্দ গুহ (রায় বাহাদুর চেয়ারম্যান ডিষ্ট্রিক্ট বোর্ড), শ্রীকুমুদিনী চন্দ্র চক্রবর্ত্তী এম-এ, বি-এল, (সম্পাদক জনমত পত্রিকা) প্রভৃতি।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রী ভবময় ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক—শ্রীভবরোগ্‌চ্ছেদ দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশুভবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীবংশীবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরেরাম ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রী[illegible]রাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীসঙ্কীর্ত্তন দাসাধিকারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীধামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীরসিকমোহন ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠাসন
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুঁড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীরামলক্ষ্মণ ব্রহ্মচারী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদবপুর্ব্বিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাপাংবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গন্ধর্বসিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমদন ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীইন্দ্রসেন দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা মথুরা
সেবক—শ্রী[illegible] দাস

গোষ্ঠবিহারী মঠ
শেখুপুরী
পোঃ কোড়োল, জেলা গুর্গাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিত্যানন্দদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রচরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীরাধারমণবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিক্ষুক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিক্ষুক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরবিগ্রহ ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্‌ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীবর্ত্তমান দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিড়লিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাজবাঁধ, বর্দ্ধমান
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ডুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০২ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাড্‌ব্রোক রোড, হল্যাণ্ড পার্ক
লণ্ডন, ডব্লু ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

লক্ষ্ণৌ গৌড়ীয়মঠ
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীব্রজগোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ
[illegible], নৈমিষারণ্য,
[illegible] (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী
শ্রীচৈতন্যমঠ দাতব্য

চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। ইহাই বিরাট্ অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়াপেট্টা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা ; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্ত্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গুম্ফিত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা ও বর্ণের আলেখ্য, ভূমিকা ও সূচীসহ অভূতপূর্ব্ব সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণরূপে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,
শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্,
পুরাণপল্টন, পোঃ রমণা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—২৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

বিজ্ঞাপন

'মেডিকেল ডিগ্রী' সংগ্রহ করুন

আয়ুর্ব্বেদিক, হোমিওপ্যাথিক, ইউনানী,
বিকশাস্ত্র প্রভৃতি পরীক্ষা ঘরে বসিয়া দিন্।
বিনা খরচে প্রস্পেক্টাস লউন। ইংরাজী কিম্বা
উর্দ্দু ভাষায় পত্র ব্যবহার করিবেন।

প্রিন্সিপ্যাল ওল্ড ইণ্ডিয়ান
মেডিক্যাল কলেজ
আম্বালা সিটী

শুদ্ধভক্তিগ্রন্থমালা

১ শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪৲
২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
৩। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৲
৪। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০ , ২য় খণ্ড—১৲ ; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০
৯। জৈবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। দ্বাদশ আলবর ॥০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৶০
২১। গৌড়ীয়সাহিত্য ।৶০
২২। ভজন রহস্য ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল মাধ্বভাষ্য ॥০
২৭। যুক্তিমল্লিকা গুণসৌরভঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৶০ বাঁধা ৸০)
৩০। দ্বীপ-দিগ্দর্শন ৶০
৩১ সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৶০
৪১। গীতাবলী ৴১০
৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা ৸০
৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২॥০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক ৴১০
৪৬। অর্থপঞ্চক ৴১০
৪৭। সদাচারস্মৃতিঃ ৴১০
৪৮। কল্যাণকল্পতরু ৴১০
৪৯। অর্চ্চনকণ ৴০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৴০
৬০। সাংখ্যবাণী ৴০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২॥০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ॥০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৫। সটীকা-শিক্ষাদশমূলম্ ।০
৬৬। তত্ত্বসূত্রম্ ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ ৴০
৬৯। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥০
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ॥০
৭২। নামভজন ৴০
৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অণ্টলজি ॥০
৭৪। রিলেটীভ ওয়ার্ল্ডস্ ।৶০
৭৫। লাইফ য্যাণ্ড প্রেসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০
৭৬। বৈষ্ণবীজম্ ॥০
৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴০
৭৮। দি ভাগবত ।০
৭৯। ইরোটিক প্রিন্সিপাল এণ্ড আনর্যালয়েড ডিভোশন ।০
৮০। ব্রহ্মসংহিতা ॥০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৬৲
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০
৮৫। সাধনপথ ॥০
৮৬ কল্যাণকল্পতরু ৴১০
৮৭। গীতাবলী ৴১০
শরণাগতি ৴০
৮৯। শ্রীসচ্চিদানন্দবাণী ।৶০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ।০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ।০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	॥০	।৶০	।৶০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	১॥০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

তিমাসেই প্রতি ইঞ্চি	৬৲	৪॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৬৮৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ; এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মহুয়া প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মহুয়া প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ হিন্দি পদ্যানুবাদসহ মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট্ গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার অশেষ শরণাগতের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রাঞ্জল অনুবাদ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ॥০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

					শনিবার ব্যতীত			
					শনিবার	অন্ত দিন		
কলিকাতা ছাঃ	৪-৫৬	৬-২১	৭-১৪	.৩-১৬	১৫-১৬	১৬-৫৬	১৭-৫৩	২২-২৬
দমদম	৪-৫৬	৬-৩১	৭-২৮	১৩ ২৯	. ..	...	১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯-১৮	১৪ ৫০	১৬-৭৮	১৮-৩১	১৯ ৩৩	০-২৫
(বদল) ছাঃ	...		. ৯-৩৫	..	.....	. . .	. .	.. ..
কৃষ্ণনগর পৌঃ	৬ ৫৯	৮-৪০	১০-৬	১৫-৩৮	১৭-৩১	১৯-১৪	২০-২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-১৬		১৪ ৫০	১৭-৪০		২০-৩০	
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১		১০-২৫	১৮-১৫		২১-৫	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯		১৫-৩৩	১৮-২০		২১-১৩	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম"	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
" ছাঃ	০২-৫৯
শান্তিপুর পৌঃ	১৩-২৪
(বদল) ছাঃ	১৩ ৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩৩

ডাউন

					শনিবার ব্যতীত			
					অন্ত দিন	শনিবার		
নবদ্বীপঘাট ছাঃ		৬-১৪	৯-১২		১৬-৩	১৬-৩১	১৮-৩৮	
মহেশগঞ্জ "		৬-২৩	৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ		৬-৫৭	৯-৫৫		১৬-৪৬	১৭-১৪	১৯-২৯	
বদল) ছাঃ	৩-৩১	৭-১০	৮-৫২	১১-২৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪-১০	৭-৪৯	৯-২৫	১২ ০	১৫-৪৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	...	.. ..	. .	.	১৫-৫৬	১৭-৪২	.	..
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১-২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬	২১-৪০	২৩ ১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪-১
মহেশগঞ্জ "	১৪ ১০
কৃষ্ণনগর পৌঃ	১৪-৪৪
ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৸০ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। গয়া শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণান্তিকে বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মঠবাসী সম্ভ্রান্তমান্যবর্গগণ যে সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগ'বরুদ্ধসিদ্ধান্তখণ্ডনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবর্য্যের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———::•::———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৷১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখানহইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতিও অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বাতল ১৶০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

:—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা:

বেহালা, ২৪ পরগণা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

Regd No. C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

সর্ব্বাঙ্গ কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃত ব্যাখ্যাসহ প্রকাশিত হইয়াছে। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৵০

প্রাপ্তিস্থান
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৫০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ১৮ শ্রীধর, গৌরাব্দ ৪৫৫ . ২০শে শ্রাবণ, বঙ্গাব্দ ১৩৪৮ ৫ই আগষ্ট ইং ১৯৪১, মঙ্গলবার { ১২৭-২৮ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৮ শ্রীধর স্থাণু প্রদ্যুম্ন গৌরাব্দ ৪৫৫

হরিকথা-প্রসঙ্গ

এজগতের বিদ্যা, বুদ্ধি, পাণ্ডিত্য, ক্রিয়াদাক্ষ্য প্রভৃতি সবই অযোগ্যতা। দীন, অকিঞ্চনই হরিভজনের যোগ্য। আমাদের দীনতা বা অকিঞ্চনতা নাই, প্রাকৃত অভিমান প্রচুর পরিমাণে আছে। সেইজন্যই বলিতেছি, হরিভজনে আমাদের নিজের কোনও যোগ্যতা নাই। আমরা সর্ব্ববিষয়ে অযোগ্য, অপরাধী ও মহাদোষী হইলেও শ্রীগুরু-বৈষ্ণব-ভগবান্ অদোষদর্শী ও করুণাময়, ইহাই ভরসা।

শরণাগত হওয়া চাই। কৃষ্ণ কৃপা করিয়া সাধুরূপে তাঁহার যে কৃপাদৃষ্টি পাঠাইয়া দেন, সেই সাধুর সঙ্গের দ্বারাই মঙ্গল হয়। শরণাগত না হইলে সঙ্গ হয় না। আবার অন্য আশা থাকিলে শরণাগত হওয়া যায় না। শ্রদ্ধা হইতেই সঙ্গ হয়। শ্রদ্ধা হইলে কর্ম্মজ্ঞানবাসনামূলে নিজের ইন্দ্রিয়তর্পণমূলা ক্রিয়া থাকিবে না, বহুধবাঞ্ছা থাকিবে না। ইহাই সাধুসঙ্গের ফল। কায়মনোবাক্যে সাধুর আনুকূল্য বিধান অর্থাৎ সাধুর সুখানুসন্ধান, সাধুতে অভিনিবেশ, সাধুর অন্তরে প্রবেশ, সাধুর স্মৃতি বা সাধুর আচরণ অনুসরণই সাধুসঙ্গ। অপরকেও উপাদেয় বলিয়া বোধ হইলে, পরমোপাদেয় বস্তু সাধুর সঙ্গ হইতেছে না, বুঝিতে হইবে। দুইটী একসঙ্গে থাকে না, হয় অসতের প্রতি চিত্ত ধাবিত হইবে, না হয় সতের দিকে নজর পড়িবে। যদি সাধুর অভিনিবেশ সহ কৃপাদৃষ্টির মধ্যে আসা যায়, তাহা হইলে মঙ্গল নিশ্চয়ই হইবে—মঙ্গল নিশ্চয়ই হইবে—মঙ্গল নিশ্চয়ই হইবে।

আগে অর্পণ, তাহার পরে ভক্তি। আগে শ্রদ্ধা, তাহার পরে সাধুসঙ্গ। শ্রদ্ধাবান্ই ভক্তির অধিকারী। অর্পণ ও সর্ব্বাত্মসমর্পণরূপ সহজ-শরণাগতি এক নহে। অর্পণ শুদ্ধা ভক্তি নহে, কারণ, উহাতে 'আমি অর্পণকারী' এইরূপ অভিমান বা অস্মিতা আছে। কর্ম্মার্পণরূপা ভক্তি কর্ম্মমিশ্রা ভক্তি, তাহা শুদ্ধভক্তি নহে, কিন্তু নিবেদিতাত্মাই শুদ্ধভক্ত। ভগবান্ নিবেদিতাত্মকে আত্মসম করিয়া লন। তখন তটস্থপ্রকটিত জীবের মায়া দ্বারা অভিভাব্যত্বের বিনাশ হয়, তখন আর তটস্থভাব থাকে না, পরন্তু স্বরূপশক্তির আনুগত্যে তদ্রূপবৈভবে অবস্থান হয়—প্রীতিধর্ম্মে অবস্থান হয়। এই আত্মনিবেদন দুই প্রকারে হয়। রতির সহিত ও রতির উদয়ের পূর্ব্বে। শ্রীরুক্মিণী দেবী রতির সহিত আত্মনিবেদন করিয়াছিলেন। আত্মনিবেদনের আদর্শ শ্রীবলি মহারাজ। বলির যে আত্মনিবেদন, তাহাও ভক্তির অস্ফুট অবস্থা বা preliminary stage সেবার প্রগাঢ়তার তারতম্যানুসারে আত্মনিবেদনের তারতম্য হয়। আত্মনিবেদনের পরাকাষ্ঠা দেখাইয়াছেন গোপীগণ। তাঁহাদের আত্মনিবেদনে কৃষ্ণেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছা ব্যতীত ব্যক্তিগত অন্য কোন প্রকার শুভাশুভ বা ধর্ম্মাধর্ম্মকামনা নাই।

আত্মনিবেদনের পর শ্রবণ হয়। শ্রবণ করা অর্থে শিষ্য হওয়া। শ্রদ্ধা বা দৃঢ়বিশ্বাস থাকিলে তবেই শিষ্য হওয়া যায়। শরণাপত্তি শ্রদ্ধার একটী লক্ষণ। শ্রদ্ধা না হইলে অভিধেয় হইবে না। আগে আত্মনিবেদন তারপর ভক্তি। এই ভক্তির মূলে সাধুসঙ্গ। নিজের দুর্ব্বলতা, দীনতা, অক্ষমতা, নিত্যমঙ্গলের জন্য প্রকৃত পিপাসা ও ক্ষুধা—যে ক্ষুধা পিপাসা জীবকে পৃথিবীর বা বিশ্বের ইন্দ্রিয়-ভোগ্য পদার্থের প্রতি নিস্পৃহ করায় অর্থাৎ সে সব আর ভাল লাগে না, এইরূপ নিষ্কপট তৃষ্ণা ভাগ্যক্রমে হৃদয়ে উদিত হইলে তবেই জীব সাধুসঙ্গের জন্য ব্যস্ত হন। তখনই নিজাপেক্ষা শ্রেষ্ঠ, ভগবজ্জ্ঞানে জ্ঞানী বা সেবায় লব্ধপ্রতিষ্ঠ কোন মহতের সঙ্গ করিবার জন্য অকপট আন্তরিক আর্ত্তি জাগে। ইহাই ভগবৎপ্রেমলাভের মূলবীজ বা সোপান।

ভক্তিলতা-বীজ শ্রদ্ধা ও লৌল্য—এই দুইপ্রকারে জীবের হৃদয়ে উপ্ত হয়। যাঁহারা ভগবান্কে সেবাদ্বারা বশ করিয়াছেন, এমন ভক্তগণের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ ব্রজবাসিগণের সেবার প্রতি যে লোভ, তাহা ভগবান্ বা ভগবদ্ভক্তের কৃপায় লাভ হয়। এইটি খুব বিরল। শ্রদ্ধাকেই সাধারণ জীবহৃদয়ে প্রকাশিত দেখা যায়। শ্রদ্ধা আত্মসমর্পণ-মূলা। শ্রদ্ধা থাকিলেই সাধুসঙ্গ হয়। সাধু মনুষ্য নহেন, তিনি ভগবানের জন। সেই সাধু শ্রবণগুরু, দীক্ষাগুরু, না হয় শিক্ষা-গুরু। সাধুই ভক্ত, সাধুই বৈষ্ণব। সাধুর কৃপা ছাড়া মঙ্গললাভ হয় না। ভগবৎসেবায় প্রতিষ্ঠিত ব্যক্তি ভগবৎকথা বলিয়া আমাদিগকে ভগবৎসেবায় প্রতিষ্ঠিত করিয়া থাকেন, অপরের সাধ্য নাই। মধ্যমাধিকারী ও উত্তমাধিকারী উভয়েই সাধু—উভয়েই শুদ্ধভক্ত। সাধুসঙ্গ হইলে ভজন-প্রবৃত্তি আসিবেই। প্রীতির সহিত সাধুর ভগবৎ-সেবা প্রবৃত্তির অকপট অনুসরণই সাধুসঙ্গ। যেখানে সঙ্গ, সেখানে প্রীতি বা রুচি আছেই। রুচি না থাকিলে সঙ্গ হয় না। শ্রদ্ধা বা প্রীতি না থাকিলে নিকটে থাকিয়াও সঙ্গ হয় না।

যদি হরিভজন করিতে চাই, তাহা হইলে সরলতা ও অকপট শ্রদ্ধা থাকা চাই, নতুবা কিছুই হইবে না। আত্মা-শব্দে দেহ ও দেহী—দুইই বুঝায়। স্থূল লিঙ্গ দেহ ও দেহী নিবেদন করা হইলে তবে শ্রীধামবাস হয়। ভণ্ডামি বা লোকবঞ্চনা-প্রবৃত্তি থাকিলে হরিভজন হইবে না। যদি হৃদয়ে ব্যাকুল আর্ত্তি-আগ্রহ জাগে, তবেই আমরা সাধুর পাদপদ্ম অনুসরণ করিবার জন্য দৃঢ়প্রতিজ্ঞ হইয়া সর্ব্বতোভাবে তাঁহাদের নিকট আত্ম-নিবেদন করিতে পারিব। আত্মনিবেদন করিলে তাঁহারা নিশ্চয়ই সঙ্গে লইবেন। যদি পূর্ণ শরণাগতির সহিত নিজেকে দম্ভ-অভিমান বা কৃষ্ণভোগ্য অভিমান করিতে পারি, আমি বড় দীন, অধম, কাঙ্গাল, পতিত পামর, সম্পূর্ণ অযোগ্য, সর্ব্বগুণ-বর্জ্জিত—এইরূপ ভাব যদি হৃদয়ে জাগে, তবেই কৃষ্ণপরিকর সাধুর সহিত সাক্ষাৎকার হইবে। ভগবান্ শরণাগত কর্ণে ও শরণাগত জিহ্বায় কৃপা করিয়া আসিবেন।

শ্রীচৈতন্যমঠ বা শ্রীগৌড়ীয়মঠ শ্রীব্রজ-ধাম—শ্রীনবদ্বীপধাম। শ্রীগৌড়ীয়মঠ বা শ্রীচৈতন্যমঠকে বাড়ী-ঘর মনে করা দুর্ভাগ্যের চরম। সমস্ত বিশ্বের লোক যদি বলে যে, সূর্য্য একটী থালার মত, তাহা হইলে কি সত্য হইবে? সত্য চিরকালই সত্য, তাহাকে কেহ পরিবর্ত্তন করিতে পারে না। শ্রীচৈতন্য-মঠ শ্রীচৈতন্যদেবের লীলাবিলাসক্ষেত্র। তাহা জগদন্তর্গত কোন বস্তুবিশেষ নহেন। সুতরাং শ্রীচৈতন্যমঠবাসী বা শ্রীগৌড়ীয়মঠবাসীই ব্রজ-বাসী বা শ্রীধামবাসী। শ্রীধামবাসী বা শ্রীব্রজবাসী বৈষ্ণবের কাছে যাইতে হইবে,

তাহা হইলে সব অসুবিধা কাটিয়া যাইবে—পাষণ্ড ও মূর্খতা চলিয়া যাইবে। সেবা আরম্ভ করিয়া দিলে প্রত্যেকেই পণ্ডিত হইতে পারিবে। যে যাহা বলে বলুক, সেদিকে কাণ না দিয়া সর্ব্বক্ষণ হরিসেবা করিলেই মঙ্গল হইবে। শ্রীভগবান্ অপ্রাকৃত শ্রীভাগবতরূপে আসিয়াছেন। অকপটে তাঁহার অনুসরণ করিলেই অজ্ঞানতা নিবারিত হইবে এবং সমস্তই বুঝা যাইবে।

শ্রৌতপথেই ভগবদ্দর্শন হয়, অন্যপথে ভগবদ্দর্শনের কোন কথা নাই। তাহা ভেল্কি, বুজরুকি বা কল্পনা মাত্র। ভক্তিই ভগবান্‌কে দেখায়—ভক্তিপথই শ্রৌতপথ। চেতন চুপ্ করিয়া বসিয়া থাকিতে পারিবে না, হয় ঊর্দ্ধগতি, না হয় অধোগতি, একটা গতি তাহার হইবেই। জ্ঞান একটা থাকিবেই—হয় জড়জ্ঞান, না হয় ব্রহ্মজ্ঞান, না হয় বৈকুণ্ঠজ্ঞান। জড়জ্ঞান হইতে ব্রহ্মজ্ঞান লাভ করা দরকার। কেবল ব্রহ্মজ্ঞান লাভ করা বা শুধু আলোক হইলেই হইবে না, বৈকুণ্ঠজ্ঞান লাভ করিতে হইবে—অভয় ও অমৃত হইতে হইবে।

ভূতশুদ্ধি না হইলে গুরুসেবা বা ভগবৎসেবা হইবে না। 'দাসোঽহং বাসুদেবস্য'—ইহাই ভূতশুদ্ধি। ভোগ বজায় রাখিয়া ভজন হইবে না। আমরা অযোগ্য ও অপরাধী বলিয়া হতাশার কিছু নাই। আমরা অযোগ্য ও অপরাধী বলিয়া দৈন্য প্রবল হইলেই হইল। সর্ব্বক্ষণ হরিনাম করিলেই সব অসুবিধা কাটিয়া যাইবে। শ্রীনামের ফল ফলিবেই—হয় বিলম্বে, না হয় অবিলম্বে। সুতরাং ধৈর্য্যধারণ করিয়া সর্ব্বক্ষণ কাতরভাবে হরিনাম করিতে হইবে। গৌরধাম অযোগ্যকেও যোগ্য করিয়া দেন, গৌরধামের এত করুণা। তিনি ভালমন্দ কিছু বিচার করেন না। তবে আমাদের দিক্ হইতে দয়া-গ্রহণের জন্য প্রস্তুত থাকা দরকার। দীনতা, নিরভিমানিতা যত বেশী হইবে, ততই কৃপা পাওয়া যাইবে। আর যত দাম্ভিকতা বা বাহাদুরী, ততই অসুবিধা। তীব্রভক্তি হইলে অন্য বাজে জিনিষ আসিলেও ছুটকাইয়া যাইবে। দেহে আত্মবুদ্ধি বা বিরক্ত করিয়া যাওয়াই কৃপার প্রথম পরিচয়। কৃপা হইলে 'অহং-মম'-ভাব, ভুক্তাভিমান বা দেহাত্মবুদ্ধি চলিয়া যাইবে। যাহার দেহাত্মবুদ্ধি আছে, তাহার প্রতি কৃপা হয় না। নিরভিমানী হইলে আর পোষাকের প্রতি আদর থাকে না। দেহ ত' পোষাকমাত্র। দেহ ত' আর দেহী নয়।

মায়াজয়ের উপায়

——::•::——

ভগবান্—মায়াধীশ, বিভু, পরমচৈতন্য, পরমেশ্বর, আর জীব মায়াবশযোগ্য, অণুচৈতন্য। অণুচৈতন্য মায়াবশীভূত জীব নিজের চেষ্টায় কখনও মায়াকে অতিক্রম করিতে পারে না। অণু যখন বিভুর আশ্রিত থাকে, লঘু যখন গুরুর আশ্রয়ে থাকে, তখন মায়া তাহাকে অভিভূত করিতে পারে না। গায়ের জোরে কেহ কখনও মায়াকে জয় করিতে পারে না। কর্ম্ম, জ্ঞান, যোগ, তপস্যা প্রভৃতি চেষ্টাদ্বারা মায়াজয় করিবার চেষ্টা গায়ের জোরের চেষ্টামাত্র। যাহারা ভগবানের অশরণাগত, দাম্ভিক, তাহারাই কৃত্রিম উপায়ে স্ব স্ব চেষ্টাবলে ভোগ্যজগৎ হইতে উদ্ধারলাভের প্রযত্ন করিয়া থাকে। ভগবানে শরণাগতি বা ভক্তি যাহার নাই, কর্তৃত্বের সম্পূর্ণ ভারটা যে ভগবান্‌কে দিতে পারে নাই বা যাহার দিবার ইচ্ছাও নাই, সে দাম্ভিক। শরণাগত অদাম্ভিক। শরণাগতই অকিঞ্চন। গুরুবৈষ্ণব ভগবানে শরণাগত জনই অকিঞ্চন, অদাম্ভিক, কর্তৃত্বাভিমান-লেশশূন্য। দাম্ভিক ভগবানের প্রসাদের পাত্র নহে। আর দীনের প্রতি দীনবন্ধু ভগবানের অজস্র কৃপা। দাসের আশা—'তোমার চরণতরী করিয়া আশ্রয়। ভবার্ণব পার হ'ব ক'রেছি নিশ্চয়॥' দাসের একমাত্র আশা ও আকাঙ্ক্ষার স্থল—ভগবানের শ্রীপাদপদ্মের অহৈতুকী কৃপা। অকিঞ্চন শরণাগত জন 'নিজবল-চেষ্টাপ্রতি' ভরসা ছাড়িয়া ভগবৎকৃপার প্রতি নির্ভরশীল। কিন্তু দাম্ভিক নিজবল-চেষ্টার প্রতি নির্ভর করে, তাই তাহার প্রতি ভগবানের কৃপা হয় না।

ভগবানে শরণাগতিহীন—ভক্তিহীন ব্যক্তি জগতে তিনি যত বড়ই হউন না কেন, ধর্ম্মবীর, কর্ম্মবীর, জ্ঞানবীর, তপোবীর বা যত বড়ই বিশ্ব-বিখ্যাত হউন না কেন, কেহই দুরত্যয়া মায়াকে অতিক্রম করিতে পারেন নাই বা পারেন না। অণুচেতনের সাধ্য নাই যে, সে বিভুচেতনের বহিরঙ্গা অঘটন-ঘটন-পটীয়সী মায়া জয় করিতে পারে। ভূতগ্রস্ত ব্যক্তি কখনও নিজচেষ্টায় ভূত ছাড়াইতে পারে না। ভূত ছাড়াইতে হইলে ওঝার প্রয়োজন। এজন্য মায়াপিশাচীগ্রস্ত জীবগণকে লক্ষ্য করিয়া ভবরোগবৈদ্য শ্রীল নরোত্তম ঠাকুর বলিয়াছেন,—

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়।
সাধুগুরুকৃপা বিনা না দেখি উপায়॥

ত্রিভুবনে এমন কোন বীর নাই, যিনি মায়ার হাত হইতে নিস্তার লাভ করিতে পারেন। বহুরূপিণী মায়া যে জীবকে কতভাবে মুগ্ধ করিতেছে তাহা মায়ামুগ্ধ থাকা অবস্থায় কেহ বুঝিতে পারে না। ইহা জানেন একমাত্র গুরুবৈষ্ণবগণ। সাধু-গুরুর কৃপাব্যতীত মায়ার হস্ত হইতে পরিত্রাণের আর দ্বিতীয় উপায় নাই।

যাহারা ভগবান্‌কে ভুলিয়া মায়া-কবলিত হইয়াছে, তাহাদের হৃদয় রিপুগণের রঙ্গভূমিতে পরিণত হইয়াছে। মায়াবদ্ধ জীব রিপুর তাড়নায় না করিতে পারে, এমন কোন কার্য্য নাই। তাহার বাক্যবেগ, মনোবেগ, ক্রোধবেগ, জিহ্বাবেগ, উদরবেগ ও উপস্থবেগ অত্যন্ত প্রবল। মায়াবদ্ধ জীব চক্ষুর্দ্বারা—রূপ, কর্ণদ্বারা—শব্দ, নাসিকা দ্বারা—গন্ধ, জিহ্বা দ্বারা—রস এবং ত্বকের দ্বারা—মৃদুতা, উষ্ণতা, কাঠিন্য ইত্যাদি ভোগ করিয়া থাকে। বদ্ধজীবের মন সর্ব্বদা রূপ-রসাদির আধার মায়ার প্রলোভনের ক্ষেত্র বিশ্বের অনুধাবনে রত। সে সর্ব্বদা ইন্দ্রিয়সুখ বা ভোগের অনুসন্ধানে চঞ্চল। এই চঞ্চল মনই বর্ত্তমানে জীবের চালক। মন সর্ব্বক্ষণই অনিত্যবস্তুর চিন্তায় ব্যস্ত। তাহাতে ভগবচ্চিন্তা হয় না। মন জগদ্ভোগে ব্যস্ত থাকায় তাহার কৃষ্ণসেবাচিন্তার সময় নাই। ভগবান্—ভোগপুরন্দর। তিনি সর্ব্বদা ভোগের অনুসন্ধান করেন আর জীবের অনুসন্ধের বস্তু একমাত্র সেবা। সেবা-কামনার পরিবর্ত্তে জীব যখনই ভোগাকাঙ্ক্ষা করে, তখনই সে মায়ার দাসত্ব করিতে বাধ্য হয়। তাহার পরিণাম—শাস্তি, দণ্ড, বন্ধন। তাহারা কৃষ্ণ পায় না। সেই মন হইতে ছুটী পাইতে হইলে শ্রীগুরুপাদপদ্মের আশ্রয়ানুগত্যই একমাত্র আবশ্যক।

অসদ্বিষয়ের মনন হইতে ছুটি করাইতে বা কৃষ্ণবিমুখ মনকে দণ্ড দিতে পারেন মন্ত্র। ভবরোগবৈদ্য শ্রীগুরুপাদপদ্ম মনোনিগ্রহের মন্ত্র প্রদান করেন। সেই মন হইতে অর্থাৎ ঐ প্রকার মনন বা চিন্তাধারা হইতে ছুটি পাইতে হইলে শ্রীগুরুপাদপদ্ম হইতে মন্ত্র গ্রহণ করিতে হইবে। শ্রীগুরুপাদপদ্ম হইতে প্রাপ্ত মন্ত্র জপ করিতে করিতে বিক্ষিপ্ত চিত্ত বশীভূত হইবে। মন্ত্রজপ-প্রভাবে চিত্ত শুদ্ধ হইবে। শুদ্ধচিত্তে ভগবান্ বাসুদেব নামরূপে আবির্ভূত হইবেন। তাহাই শুদ্ধসত্ত্ব-ভূমিকা। শুদ্ধসত্ত্ব-হৃদয়ই বসুদেব। শুদ্ধসত্ত্ব বসুদেবেই ভগবান্ বাসুদেব আবির্ভূত হন।

মনকে ভগবানের সেবায় লাগাইতে হইবে। মন যদি জগদ্ভোগের জন্য ব্যস্ত থাকে, তাহা হইলে হরিভজন হইবে না, কৃষ্ণে মতি হইবে না। সাধুসঙ্গে হরিকথা-শ্রবণই মনকে নিয়মিত করিবে।

মায়াবদ্ধ জীব নিজের চেষ্টায় যাহা অর্জ্জন করিতে পারে তাহাও মায়া। মায়া দ্বারা মায়া জয় করা যায় না। গুরুবৈষ্ণব ভগবানের অমায়ায় কৃপা দ্বারাই মায়া জয় হয়। 'সাধু-গুরুর কৃপার কাঙ্গাল হওয়া বা প্রকৃত শরণাগত হইবার যত্নই মায়াতিক্রমণের দিকে অভিযান। সাধুগুরুর অহৈতুকী কৃপার কাঙ্গাল হইলেই চিত্ত শরণাগতিময় হইবে—ভগবানে আত্মনিবেদন হইবে। যিনি কৃপার কাঙ্গাল তিনি নিজের চেষ্টায় মায়াকে জয় করিতে চাহেন না। তিনি কেবল ভগবানের শ্রীপাদপদ্মের সহিত যুক্ত হইবার জন্য অনুক্ষণ ব্যস্ত হন। কি করিয়া ভগবানের কৃপা লাভ করিব—এই চিন্তাই তিনি সর্ব্বক্ষণ করেন। কবে আমাকে কৃপা করিবেন—এই প্রার্থনাতেই তিনি অনুক্ষণ ব্যস্ত থাকেন। এই আর্ত্তি ও আকুলতা যত অধিক হয়, ততই অন্যান্য বহির্ম্মুখ চিন্তা—ভোগ্য-বস্তুর চিন্তা কমিতে থাকে, ততই কৃষ্ণ তাঁহাকে আত্মসাৎ করিতে থাকেন। কৃষ্ণ-পাদপদ্মের ধূলি অভিমান যদি সর্ব্বক্ষণ থাকে, তাহা হইলে ভোগ্যবস্তুর আকর্ষণে অর্থাৎ প্রকৃতির কবলে কবলিত হইবার আশঙ্কা থাকে না।

একদিকে যেরূপ গায়ের জোরে মায়া জয় করা যায় না, তদ্রূপ নিশ্চেষ্ট হইয়া বসিয়া থাকিলেও মায়া জয় করা যায় না। মায়া-গ্রাসের আশঙ্কায় কাতর ক্রন্দন আবশ্যক। ভগবানের সেবা করিতে পারিলাম না—জগতের অসৎ, অনিত্য বস্তু লইয়াই সর্ব্বক্ষণ ব্যস্ত থাকিলাম—জীবনসন্ধ্যা আগতপ্রায়, এই চিন্তাতেই সব সময় ভরপুর থাকিলে অন্য বাহ্যবিষয় আসিয়া আর বিচলিত করিতে পারে না। ভগবদনুকূল বিষয়ে চিত্তকে ধাবিত করিবার উপায়—কেবল বৈষ্ণবগণের, গুরুদেবের ও ভগবানের কৃপা প্রার্থনা। কৃপা-প্রার্থনায় হৃদয়ে স্বাভাবিক দৈন্যের উদয় হয়। কৃপা-প্রার্থনায় দৈন্য-বৃদ্ধির সঙ্গে সঙ্গে কৃপালাভের অন্তরায় দম্ভ আপনা হইতেই দূর হয়। ভক্তিরাজ্যে অনুকূল প্রতিকূল বিচার করিলে আমাদের চিত্তমালিন্য পরিহার করিবার চেষ্টা দৃঢ়তা লাভ করে। দুর্ব্বল জীব বলিয়া আমাদের পতনের আশঙ্কা আছে, কিন্তু অকপটে সাধু-গুরুর কৃপাপ্রার্থনা করিলে হৃদয়ে চিদ্বলের সঞ্চার হইয়া ভক্তিরাজ্যে বিচরণ করিবার প্রভূত বল লাভ হয়। সাধুগুরুর শাসন বা ব্যবস্থা অকপটে মানিয়া চলিতে পারিলেই সেই বল লাভ হয়। বলদেবের—বলবান্ সাধুগুরুর বলে বলীয়ান্ না হইলে কর্ম্মবীর, জ্ঞানবীর প্রভৃতির পরাক্রমে ভক্তি-পথে অবিচলিত অবস্থায় থাকা সম্ভবপর হইবে না।

যিনি মায়াজয় করিবার জন্য ব্যগ্র, তাঁহার হৃদয় সাধুগুরুবৈষ্ণবের কৃপার জন্য সর্ব্বদা অকপটে ক্রন্দন করিতে থাকে। তাঁহাকে জোর করিয়া বৈরাগ্য শিক্ষা দিতে হয় না। গুরুবৈষ্ণবের প্রতি অভিনিবেশ হওয়ায় অন্যান্য বস্তুর প্রতি বৈরাগ্য তাঁহার স্বাভাবিক হইয়াছে। তাঁহার হৃদয়ে অনুকরণ বা লোকদেখান তপস্যা স্থান পায় না। তিনি কৃপার জন্য সর্ব্বদা আর্ত্ত—উন্মত্ত। তাঁহার দেহস্মৃতি পর্য্যন্ত থাকে না। কৃপা ছাড়া তিনি আর কিছু বুঝেন না বা

জানেন না। কৃপালাভের জন্য সহজ আর্ত্তি তাঁহাকে সেবক করিয়া তোলে। তিনি যতই সেবা করিতে থাকেন, ততই কৃপালাভের জন্য তাঁহার আর্ত্তি বর্দ্ধিত হইয়া থাকে। শ্রীবৈষ্ণব দয়ার সাগর। এই কৃপাপ্রার্থনা বা তাঁহাদের কৃপাপ্রদানের শেষ নাই।

যিনি নিষ্কপটে এই কৃপার কাঙ্গাল হইয়াছেন, তাঁহার স্বাভাবিক তৃণাদপি সুনীচতা, তরু অপেক্ষা সহিষ্ণুতা, অমানিত্ব ও মানদত্ব লাভ হইয়াছে এবং তাঁহার জিহ্বাতেই শ্রীনামপ্রভু সর্ব্বদা নৃত্য করিতে থাকেন। যাঁহার হৃদয়ে শ্রীনামসূর্য্য উদিত হইয়া কীর্ত্তনাকারে জিহ্বা-প্রাঙ্গণে প্রকাশিত হইয়াছেন, তাঁহার মায়ান্ধকার থাকিবে কি করিয়া? 'যথা কৃষ্ণ তথা নাহি মায়ার অধিকার'। কৃষ্ণের জন্য স্বাভাবিক টান হইলেই মায়া আর থাকিবে না। ইহাই মায়াজয়ের সহজ উপায়।

শ্রীল প্রভুপাদের হরিকথা

——:•:(•):•:——

নিজের মান থাক্‌লেও গর্ব্বিত হ'তে হ'বে না। আর অপরের মান না থাক্‌লেও তাঁ'র প্রতি মানদ হ'তে হ'বে। পূর্ণ যোগ্যতা থাক্‌লেও দৈন্য, অমানিত্ব ও মানদত্ব লক্ষ্যের বিষয় থাকা উচিত। নিজে আচরণ ক'রে প্রচার না ক'র্‌লে লোকে সেই প্রচার গ্রহণ করে না। এজন্য গুরুতে, গোষ্ঠে, গুরু-গোষ্ঠীতে, বৈষ্ণবে, ব্রহ্মজ্ঞ—শ্রোত্রীয় ব্রাহ্মণগণে যথাযথ শ্রদ্ধা ও সম্মান প্রদর্শন ক'রে, দম্ভকে সর্ব্বতোভাবে পরিত্যাগ ক'রে হরিকথাশ্রবণকীর্ত্তনে রতিবিশিষ্ট থাক্‌তে হ'বে।

সর্ব্বদা 'তৃণাদপি সুনীচ' শ্লোকটি স্মরণ রাখতে হ'বে। সহিষ্ণু হ'তে হ'বে, নতুবা হরিকীর্ত্তন করা যা'বে না। দম্ভ থাক্‌লে দু'চার-জন বোকা লোক চাতরে প'ড়ে যে'তে পারে, কিন্তু আমার বা অপরের প্রকৃত মঙ্গল তা'তে হ'বে না। অচৈতন্যরাজ্যের লোক স্বভাবতঃই দাম্ভিক। তা'দের কাছে দাম্ভিক হ'য়ে প্রচার ক'র্‌লে তা'রা দাম্ভিকের কথা শুন্‌বে না। বরং তাতে তাদের দম্ভ আরও বেড়ে যাবে। প্রচারকও দম্ভের ফলে অমঙ্গলের চরম সীমায় উপনীত হ'বে। এই কথা আমরা সকলেই যেন সর্ব্বদা স্মরণ রাখি।

ইহ জগতের কথা অথবা যে সকল কথা আমরা সচরাচর শুন্‌তে পাই, সে সকল কথা শুন্‌বার পর কর্ণ ইন্দ্রিয় ব্যতীত অপর ইন্দ্রিয় দ্বারা সে সকল কথা সত্য কিনা, আমরা বিচার ক'রে থাকি। কিন্তু আমার গুরুদেব আমাকে যে সকল কথা বলেন, শ্রবণেন্দ্রিয় ব্যতীত অপর ইন্দ্রিয় দ্বারা সেই সকল কথা বুঝে নেওয়ার ক্ষমতা আমার নাই। বিষয়টী ইন্দ্রিয়জ জ্ঞানের অতীত ব'লে সেরূপ চেষ্টা করা বিড়ম্বনা মাত্র। ঐ প্রকার অনর্থক চেষ্টা দ্বারা সময় নষ্ট করা অন্যায়। তর্কপন্থা অবলম্বন ক'রে সে বিষয়ের কোনও সন্ধান ক'র্‌তে পা'র্‌বো না। তবে ইন্দ্রিয়জ্ঞানাতীত যে সকল কথা আমার গুরুদেবের মুখ হইতে কাণ দিয়ে শুনে থাকি, সে সকল কথা আমাকে প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবাদ্বারা জেনে নি'তে হ'বে।

প্রণিপাত মানে শ্রবণবিষয়ে কোনও প্রকারে অমনোযোগী না হওয়া অর্থাৎ সম্পূর্ণভাবে কাণ দিয়ে শুনা। পূর্ব্বে যে বিষয় আমার ইন্দ্রিয় দ্বারা বোধগম্য ছিল না, সে বিষয়টী আমি কর্ণ ইন্দ্রিয় ব্যতীত অন্য ইন্দ্রিয়ের সাহায্যে গ্রহণ ক'র্‌তে পারি না। যে বিষয়টী গুরুপাদপদ্ম হ'তে শ্রবণ ক'রেছি, তাহা শ্রবণ ব্যতীত অন্য উপায় দ্বারা জানা সম্ভব হয় না। প্রণিপাত ব্যতীত অন্য উপায়ে জান্‌বার উপায় নাই।

যে শব্দ আমার গুরুপাদপদ্মে পৌঁ'ছতে পারে, এমন শব্দ দ্বারা যে আমার বিজ্ঞাপ্য-বিষয়, তাহাই পরিপ্রশ্ন। যখন আমি প্রশ্ন করি, তখন আমার এরূপ অন্তর্নিহিত দুর্ব্বুদ্ধি থাকা উচিত নয় যে, আমি আমার প্রশ্নের উত্তর শুন্‌তে প্রস্তুত হ'ব না। সন্দেহবাদী হ'য়ে যে প্রশ্নের চেষ্টা, তাহা পরিপ্রশ্ন নয়। যাবতীয় বস্তুর মীমাংসকসূত্রে আমার যে অহঙ্কার, সেই অহঙ্কারের বশবর্ত্তী হ'য়ে কেবল যে প্রশ্নের ছলনা, তাহাও পরিপ্রশ্ন নয়। আর কেবল শ্রবণ কার্য্যটীই অবলম্বন ক'র্‌বার চেষ্টা পরিত্যাগ ক'রে যদি প্রশ্ন করি, তা' হ'লেও তা'কে (আমার প্রশ্নের প্রাপ্য-সিদ্ধান্ত) আপত্তিজনক জ্ঞানে আমার হৃদয়ে পুনঃ পুনঃ যে প্রশ্নের সঞ্চার ক'রাবে, সেইটীও পরিপ্রশ্ন নয়।

বেদান্ত-বিশ্রুত পরতত্ত্ব জ্ঞেয় বস্তুকে জানেন, প্রাকৃত রসনা না থাকিলেও তিনি কীর্ত্তন করিতে পারেন। প্রাকৃত চক্ষু না থাকিলেও তিনি নিখিল বস্তু দর্শন করেন। আমাদের জ্ঞান তাঁহাকে জ্ঞেয় বস্তুরূপে জেনে নিতে পারে না। আমাদের কর্ণ তাঁহার কথা শ্রবণ ক'র্‌তে পারে না। যখন এই সকল কথা আমি গুরুপাদপদ্ম হইতে শুনিতে পাই, তখনই আমার পরিপ্রশ্নের উদয় হয়।

যে শব্দ কৃষ্ণ ব্রহ্মার হৃদ্দেশে প্রতিধ্বনিত ক'রেছিলেন এবং যে শব্দ শ্রবণ ক'রে সেই শব্দের অনুকীর্ত্তন বা গানের দ্বারা ত্রাণলাভ করা যায়, সেই শব্দটীই আমি গুরুমুখ হ'তে শ্রবণ ক'রেছি। সেই শ্রবণটীর বিষয়ে পরিপ্রশ্ন মাত্র ক'র্‌তে হ'বে, তদ্বিষয়ে আর কিছু অধিক ক'র্‌বার সামর্থ্য আমার নাই। প্রণিপাত ব্যতীত অন্য কোন প্রকারে সেই শ্রুতবিষয়ের অভিজ্ঞান লাভ হয় না। শ্রবণ অর্থাৎ সেবাপ্রবৃত্তি ব্যতীত সেই বস্তুর অভিজ্ঞান কোন দিনই হ'তে পারে না। প্রণিপাত দ্বারাই শ্রবণাধিকার লাভ হয়—শ্রদ্ধাবৃত্তি দ্বারাই শ্রবণে অধিকার। তর্কের দ্বারা নির্দ্দিষ্ট বস্তু অপসারিত ক'র্‌বার দুর্ব্বুদ্ধি তখনই আমাদের হয়, যখন আমরা মনে করি, তর্কের দ্বারা আমরা বস্তুর অধিষ্ঠানকে নাড়াচাড়া ক'র্‌তে পার্‌ব। শ্রবণ করা ব্যতীত অদ্বয়জ্ঞান বস্তুসম্বন্ধে অন্য কোন প্রকার চেষ্টা ক'র্‌তে হ'বে না। অদ্বয়জ্ঞান বস্তু যখন স্বয়ং এসে যান, তখনই অদ্বয়জ্ঞানের সেবা ক'র্‌তে হ'বে। কেবল আমার পরিপ্রশ্ন ক'র্‌বার অধিকার মাত্র আছে,—"কি ক'রে সিদ্ধ হয়?" অদ্বয়জ্ঞান তত্ত্ববস্তু শব্দে কথিত হয়, সেখানে ভেদজ্ঞান ক'র্‌তে হ'বে না—সেখানে তাহাকে পুতুল মনে ক'র্‌তে হ'বে না। শ্রৌতবাক্য শুন্‌বার পর আমাদের যাবতীয় মেপে নেওয়ার ধর্ম্ম থেমে যায়। শ্রীগুরুদেব ভগবানের সহিত ভক্তিযোগের দ্বারা সম্বন্ধ করিয়া দেন, সেবা ক'র্‌বার ভার দিয়ে দেন। শ্রীগুরুদেব যোগ্যকে মন্ত্রের অর্থ বলেন, অযোগ্যকে বলেন না।

আচার্য্যের অনুগত হইয়া নিজেকে সেবায় নিযুক্ত করিতে হইবে। সাধুসঙ্গ, মথুরাবাস, শ্রীমদ্ভাগবত-শ্রবণ, নামকীর্ত্তন ও শ্রদ্ধায় শ্রীমূর্ত্তিসেবন—এই পাঁচের অল্প সঙ্গ হইলেই মঙ্গল হইবে, কিন্তু ইহার সকলগুলিরও অভিনয় হইলে মঙ্গল হইবে না। যদি আত্মসমর্পণ না করিয়া ঐ সকল কার্য্যের অনুকরণ করা যায় তবে অভিনয় মাত্র হইবে।

আমরা এমন কার্য্য করিব না—যাহা দ্বারা গুরু-বৈষ্ণবের সেবা না হয়। কখন জুতোবেগ দেওয়া উচিত নহে। ভগবানের সেবা করিলেই জীবে দয়া করা হয়। জীবকে হরিভজন করানই সর্ব্বোৎকৃষ্ট দয়া। নিজ সুখৈষণা প্রবল হইলে বিচার হয়—আমার হরিভক্তি বেশী হইয়াছে, আমার প্রতিষ্ঠা বেশী বাড়িয়াছে, সকলেই আমার অধীন, ইহার নাম বৈষ্ণবাপরাধ। বৈষ্ণবাপরাধে অমঙ্গল হইবে। এক বুঝিতে আর বুঝা এবং হরিভজন না করাই মূর্খতা।

অনুকরণ করিতে গিয়া বাবুগিরি শিখিবেন না। এই দেহপোষণের জন্য কেন অনর্থক অর্থব্যয় হইতেছে? এই পয়সা কড়ি থাকিলে মহাপ্রভুর প্রচারকার্য্যের অনেক সুবিধা হইবে—এইরূপ চিন্তা করা উচিত। আমাদের নিজেদের দীনভাবে থাকা উচিত। অন্যের দ্বারা হরিসেবার সম্ভাবনা থাকিলে তাঁহাকে যত্ন করিতে হইবে। বাবুগিরির প্রশ্রয় দেওয়া মোটেই উচিত নয়। অনুকরণের দ্বারা কখনও সুবিধা হইবে না। আনুকরণিকেরা বেশীক্ষণ টিকিতে পারে না। ভগবদ্ভক্তগণ বড়ই কঠিন ঠাঁই। তাঁহাদের অনুকরণ করিলে জীবের অব্যাহতি নাই।

———

শ্রীনামমহিমা

——:•:(•):•:——

প্রভু বলে, কৃষ্ণনামের মহিমা অপার।
কৃষ্ণ নিজে নাহি জানে, কি জানিব ছার॥
শাস্ত্রে যাহা শুনিয়াছি কহিব তোমারে।
বিশ্বাস করিয়া শুন যাবে ভবপারে॥
সর্ব্বপাপ প্রশমক সর্ব্বব্যাধিনাশ।
সর্ব্বদুঃখবিনাশন কলিবাধা হ্রাস॥
নারকী-উদ্ধার আর প্রারব্ধ খণ্ডন।
সর্ব্ব-অপরাধ-ক্ষয় নামে সর্ব্বক্ষণ॥
সর্ব্বার্থপ্রদাতা নাম সর্ব্বশক্তিময়।
জগৎ-আনন্দকারী নামের ধর্ম্ম হয়॥
নাম লঞা জগদ্বন্দ্য হয় সর্ব্বজন।
অগতির গতি নাম পতিতপাবন॥
সর্ব্বত্র সর্ব্বদা সেব্য সর্ব্বমুক্তিদাতা।
বৈকুণ্ঠ প্রাপক নাম হরিপ্রীতিদাতা॥
সর্ব্বপাপনাশ করা নামের এক ধর্ম্ম।
প্রথমে তাহাই সপ্রমাণ শুন মর্ম্ম॥
পাপী অজামিল দেখ, বিবশ হইয়া।
হরিনাম উচ্চারিল নারায়ণ বলিয়া॥
কোটি কোটি জন্মে পাপ করিয়াছে যত।
সে সকল হৈতে মুক্ত হইল সাম্প্রত॥
স্ত্রী রাজ-গো-ব্রাহ্মণ-ঘাতী মদ্যরত।
গুরুপত্নীগামী-মিত্রদ্রোহী-চৌর্য্যরত॥
এ সবের পাপ আর অন্য পাপচয়।
হরিনাম উচ্চারণে সব পরিষ্কৃত হয়॥
পাপ পুরস্কৃত হৈলে কৃষ্ণে হয় মতি।
এইরূপে নামে জীবের হয় ত' সম্পত্তি॥
কৃষ্ণনাম একবার উচ্চারিত যবে।
সর্ব্বপাপ হৈতে পাপী মুক্ত হয় তবে॥
অজ্ঞানে বা জ্ঞানে কৃষ্ণনামসংকীর্ত্তন।
সর্ব্বপাপ ভস্ম হয়, যথা কাষ্ঠ অগ্ন্যর্পণে॥
বর্ত্তমান পাপ আর পূর্ব্বজন্মার্জ্জিত।
ভবিষ্যতে হবে যাহা সে সকল হত॥
অনায়াসে হয় কৃষ্ণনাম-সংকীর্ত্তনে।
নাম বিনা বন্ধু নাহি জীবের জীবনে॥
হরিনামে যত পাপ নিহরণ করে।
তত পাপ পাপী কভু করিতে না পারে॥
কাঁদিয়া কাঁদিয়া ডাক শ্রীমধুসূদনে।
সর্ব্বপাপ নাশ করে শ্রীনামকীর্ত্তনে॥
নারকী কীর্ত্তন করে হরি কৃষ্ণ বলি'।
হরিভক্ত হঞা যায় দিব্যধামে চলি॥
শ্রদ্ধা করি নাম লৈলে অপরাধ কোটি।
ক্ষমা করে কৃষ্ণ যদি না থাকে কুটিনাটী॥
ইহাতে বিশ্বাস যার না হয় সে জন।
বড়ই দুর্ভাগা তার নাহিক মোচন॥
তীর্থযাত্রা-পরিশ্রমে কিবা ফল হবে।
হরেকৃষ্ণ নিত গানে সব ফল পাবে॥
শয়নে স্বপনে আর চলিতে বসিতে।
কৃষ্ণনাম করে যেই, পূজ্য সর্ব্বমতে॥
হরিনাম বিনা আর সহজ মুক্তিদাতা।
কেহ নাহি নিশ্চিত নামই জীবের ত্রাতা॥
এ ঘোর সংসারে যেন বিবশে হরে হরে।
মহামুক্ত হয়, ভয় তারে ভয় করে॥

যেন তেন প্রকারেতে লয় কৃষ্ণনাম।
তাকে প্রীতি করে কৃষ্ণ করুণানিদান ॥
কৃষ্ণনাম লয় যেই শ্রদ্ধা বা হেলায়।
নরমাত্র ত্রাণ পায় সর্ব্ববেদে গায় ॥
এরূপ মাহাত্ম্য নামের শুনিহ শ্রবণে।
সর্ব্বত্র সমান ফল নাহি হয় কেনে ॥
প্রভু বলে শ্রদ্ধা বিশ্বাস সকলের মূল।
বিশ্বাস অভাবে কেহ নাহি লভে ফল ॥
প্রভু বলে অন্তর্যামী নাম-ভগবান্।
বিশ্বাসানুসারে ফল করেন প্রদান ॥
নামের মহিমা পূর্ণ বিশ্বাস না করে।
নামের ফল নাহি পায় নামাপরাধে মরে ॥
নামেতে শরণাগতি সুদৃঢ় করিবে।
অনুক্ষণ নামবলে অপরাধ যাবে ॥
নামেই নামাপরাধ হইবেক ক্ষয়।
অপরাধ নাশিতে আর কারো শক্তি নয় ॥
যুগধর্ম্ম হরিনাম অনন্য শ্রদ্ধায়।
যে করে আশ্রয় তার সর্ব্বলাভ হয় ॥
যার শ্রদ্ধা হয় নামে সেই অধিকারী।
যার মুখে কৃষ্ণনাম সেই সে আচারী ॥
কৃষ্ণনাম ভক্তসেবা সতত করিবে।
কৃষ্ণপ্রেম লাভ তার অবশ্য হইবে ॥
পড়ি খসি ভগ্ন দষ্ট দগ্ধ বা আহত।
হএগ বিবশে বলে আমি হৈনু হত ॥
কৃষ্ণ হরি নারায়ণ নাম মুখে ডাকে।
যাতনা কখন আশ্রয় না করে তাহাকে ॥
মহাপাতকীও অহর্নিশ হরিনামে।
শুদ্ধ হএগ গণ্য হয় সুপংক্তিপাবনে ॥
আর্ত্ত বা বিষণ্ণ শিথিলমনা ভীত।
ঘোরব্যাধি-ক্লেশে আর নাহি দেখে হিত ॥
নারায়ণ হরি বলি' করে সংকীর্ত্তন।
নিশ্চয়ই বিমুক্তদুঃখ সুখী সেই জন ॥
সর্ব্বানর্থ নাশী হরিনামসংকীর্ত্তন।
ক্ষুধাতৃষ্ণাস্খলিতাদি বিপদনাশন ॥
ইহাতে সংশয় যথা, নিশ্চয় তথায়।
নামের বিক্রম কভু না হয় উদয় ॥
বিশ্বাসে নামের কৃপা, অবিশ্বাসে নয়।
এ এক রহস্য, ভক্ত জানহ নিশ্চয় ॥
শ্বপচ হইলেও দ্বিজশ্রেষ্ঠ বলি তারে।
যাহার জিহ্বাগ্রে কৃষ্ণনাম নৃত্য করে ॥
সর্ব্ব-অর্থদাতা হরিনাম-মহামন্ত্র।
সুকাশিয়া কহে যত বেদাগমতন্ত্র।
হরিনামবলে সর্ব্ব ষড়্বর্গদমন।
রিপুনাগ্রহণ আর অধ্যাত্মসাধন ॥
মুক্তি ত সামান্য ফল নামের নিকটে।
হেলায় করিলে নাম জীবের মুক্তি ঘটে ॥
নিরন্তর নাম কর তুলসী-সেবন।
অচিরাৎ পাবে তবে কৃষ্ণের চরণ ॥
মুক্তিহেতু তারকব্রহ্ম হয় রামনাম।
কৃষ্ণনাম পারক হএগ করে প্রেমদান ॥
কেহ বলে নাম হৈতে হয় পাপক্ষয়।
কেহ বলে নাম হৈতে জীবের মোক্ষ হয় ॥
হরিদাস কহেন, নামের এই দুই ফল নয়।
নামের ফলে কৃষ্ণপদে প্রেম উপজয় ॥

———

প্রচার-প্রসঙ্গ

——::[•]::——

উত্তর ভারতে

গৌড়ীয়মিশনের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিগ্রণী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ গোস্বামী মহারাজ গত ২২শে ও ২৩শে জুলাই অপরাহ্ণ ৭ ঘটিকায় নিউদিল্লীর টাউন-হলে ও ভালকটোরা ক্লাবে যথাক্রমে 'World crisis and its solution' (বিশ্বসমস্যা ও উহার সমাধান) এবং 'সনাতন-ধর্ম্ম' সম্বন্ধে দুইটি বক্তৃতা প্রদান করিয়াছিলেন। মিঃ ডি, এস্ সুন্দরম্ ও রায় বাহাদুর এন, কে, সেন সভার নেতৃত্ব করিয়াছিলেন।

শ্রীল মহারাজ কতিপয় মঠসেবক সহ ২৬শে জুলাই এলাহাবাদ শ্রীরূপ-গৌড়ীয়মঠে শুভাগমন করেন। ঐ দিবস দ্বিপ্রহরে শ্রীল মহারাজ মঠবাসী সেবকবৃন্দের নিকট বহুক্ষণ যাবৎ হরিকথা কীর্ত্তন করেন।

ঐ দিবস অপরাহ্ণ সাড়ে ছয় ঘটিকার সময় স্থানীয় হিন্দি-সাহিত্য-সম্মেলন-হলে এলাহাবাদ মিউনিসিপাল-বোর্ডের চেয়ারম্যান শ্রীযুক্ত রণেন্দ্রনাথ বসু এ্যাডভোকেট মহোদয়ের সভাপতিত্বে বহু বিদ্বজ্জনমণ্ডিত-সভায় শ্রীল মহারাজ 'Religion formal and practical' সম্বন্ধে ইংরাজী ভাষায় একটী গবেষণাময়ী বক্তৃতা প্রদান করেন। শ্রীল মহারাজের বক্তৃতা-শ্রবণে উপস্থিত সকলে পরমানন্দিত হইয়াছেন। সভার প্রারম্ভে ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হইয়াছিল।

গত ২৭শে জুলাই সন্ধ্যা ৭ ঘটিকার সময় শ্রীল মহারাজ এলাহাবাদ 'আনন্দ-লজ' নামক বিস্তৃত হলে যুক্তপ্রদেশের এ্যাড্ভোকেট-জেনারেল মিঃ নারায়ণ প্রসাদ আস্থানা এম-এ, এল-এল-ডি মহোদয়ের সভাপতিত্বে বহু প্রফেসর, এ্যাড্ভোকেট ও উচ্চ কর্ম্মচারিগণ-পরিবৃত সভায় "সনাতন-ধর্ম্ম" সম্বন্ধে ইংরাজী ভাষায় একটী হৃদয়-গ্রাহিণী বক্তৃতা প্রদান করেন। বক্তৃতা-প্রসঙ্গে শ্রীল মহারাজ সনাতন ধর্ম্ম কাহাকে বলে, চিৎশক্তি, জীবশক্তি ও মায়াশক্তির বিষয়, জীবের বদ্ধ ও মুক্তাবস্থার কথা, শ্রীল প্রহ্লাদ মহারাজের শরণাগতি, তটস্থ জীবের স্বতন্ত্রতার অপব্যবহারফলে ত্রিতাপভোগ, দেহাত্মবুদ্ধির কুফল, ভগবৎকৃপালাভের উপায়, আরোহ ও অবরোহবাদ, বৈকুণ্ঠ ও বিশ্ব সম্বন্ধে বহু কথা কীর্ত্তন করেন। তাঁহার শ্রীমুখে বীর্য্যবতী হরিকথা শ্রবণ করিয়া শ্রোতৃবৃন্দ পরমোপকৃত ও পরমানন্দিত হন।

———

উৎকলে

গৌড়ীয়মিশনের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীল ভক্তিবৈভব সাগর মহারাজ কতিপয় ব্রহ্মচারী সহ দক্ষিণ উৎকলে প্রচার করিতেছেন। ছত্রপুরে শ্রীল মহারাজ এক সপ্তাহ যাবৎ অবস্থান করিয়া শ্রীযুক্ত রাধাকান্ত পাত্রী বি-এ, বি-ই ডি ও শ্রীযুক্ত অভিরাম পট্টনায়ক মহোদয়ের সাদর আহ্বানে হরিকথা আলোচনা ও নগরসংকীর্ত্তন করিয়াছিলেন। তিনি প্রত্যহ শ্রীমদ্ যামুনাচার্য্য ও শ্রীকুলশেখরের স্তবাবলী পাঠ ও ব্যাখ্যা করিয়া সমাগত ভক্তবৃন্দের শ্রদ্ধা আকর্ষণ করিয়াছেন।

———

রসুলকুণ্ডায়

রসুলকুণ্ডাবাসী ভক্তবৃন্দের আগ্রহে শ্রীল সাগর মহারাজ কোদণ্ডা গ্রামে তিন দিবস অবস্থান করিয়া অজস্র হরিকথা কীর্ত্তন করিয়াছেন। যামি শ্রীকাশীনাথ পৃষ্টি মহাশয়ের উদ্যোগে তথায় একটী নগর-সঙ্কীর্ত্তন হইয়াছিল। যামি শ্রীযুক্ত কামরাজ পৃষ্টি মহাশয় তাঁহার নবনির্ম্মিত গৃহে হরিকথা ও সঙ্কীর্ত্তনের আয়োজন করিয়াছিলেন। গ্রামের বিশিষ্ট ব্যক্তিগণ তথায় উপস্থিত ছিলেন। শ্রীল মহারাজ সদ্গৃহস্থের আদর্শজীবন যাপন বিষয়টী প্রাঞ্জল ভাষায় বুঝাইয়া দিয়াছিলেন। তদনোয়াচা গ্রামনিবাসী ভক্তগণের আগ্রহে শ্রীল মহারাজ ভক্তের স্বরূপ, সাধুসঙ্গ, নাম-সংকীর্ত্তন, মথুরাবাস, ভাগবত-শ্রবণ, শ্রদ্ধায় শ্রীমূর্ত্তির সেবনের তাৎপর্য্য সরলভাবে বুঝাইয়া দেন। উক্ত দিবস রসুলকুণ্ডায় শ্রীযুক্ত কৃষ্ণমূর্ত্তি সেনাপতি মহাশয়ের উদ্যোগে একটী বিরাট নগরসংকীর্ত্তন হইয়াছিল। গোবরাবাসী ভক্ত শ্রীযুক্ত পুরুষোত্তম পট্টনায়ক মহাশয়ের উৎসাহে শ্রীল মহারাজ তথায় 'বর্ত্তমান যুগ ও শ্রীনাম-সংকীর্ত্তন' সম্বন্ধে আবেগভরে অনেকক্ষণ আলোচনা করিয়াছিলেন। সভার আরম্ভে ও শেষে মহাজনপদাবলী সুললিতস্বরে কীর্ত্তিত হইয়াছিল। রসুলকুণ্ডার টাউন ম্যাজিষ্ট্রেট মহোদয়ের হরিকথাশ্রবণাগ্রহ বিশেষ প্রশংসনীয়।

———

চট্টগ্রামে

গত ১৯শে জুলাই শনিবার শ্রীবিদ্যানিধি-গৌড়ীয়মঠের সেবকগণ চট্টগ্রামস্থ বাণ্ডেল রোডনিবাসী শ্রীযুত ভোলানাথ বল বি-এ মহোদয়ের আগ্রহাতিশয্যে তাঁহার গৃহে শ্রীমদ্ভাগবত হইতে শ্রীল প্রহ্লাদ মহারাজের উপদেশাবলীর কিয়দংশ পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদ্যন্তে মহাজন-পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হইয়াছিল।

গত ২০শে জুলাই রবিবার সদরঘাটস্থ শ্রীশ্রীরাজরাজেশ্বর ঠাকুরবাড়ীতে সাপ্তাহিক অধিবেশনে শ্রীবিদ্যানিধি-গৌড়ীয়মঠের সেবকগণ শ্রীচৈতন্যচরিতামৃত মধ্য ৯ম পরিচ্ছেদ হইতে শ্রীমন্মহাপ্রভুর সহিত তত্ত্ববাদী আচার্য্যের আলাপ-প্রসঙ্গ আলোচনা করেন। গত ২১শে জুলাই সোমবার নন্দনকানন-নিবাসী শ্রীযুত জ্যোতিষ চন্দ্র কর স্কুলমাষ্টার মহোদয়ের সাদর আহ্বানে শ্রীবিদ্যানিধিগৌড়ীয়মঠের সেবকগণ তাঁহার গৃহে শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীমন্মহাপ্রভুর সাতপ্রহরিয়া-ভাব-প্রসঙ্গের কিয়দংশ আলোচনা করেন। আদ্যন্তে হরিকীর্ত্তন হইয়াছিল।

গত ১৪ই শ্রাবণ বুধবার শ্রীবিদ্যানিধি-গৌড়ীয়মঠের সেবকগণ দেওয়ানবাজার-নিবাসী শ্রীযুত নির্ম্মলচন্দ্র লালা মহোদয়ের সাদর আহ্বানে তাঁহার গৃহে উপস্থিত হইয়া শ্রীচৈতন্যচরিতামৃত মধ্যলীলা নবম পরিচ্ছেদ হইতে শ্রীশ্রীমন্মহাপ্রভুর তীর্থ-পরিভ্রমণ-লীলা আলোচনা করেন। আদ্যন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হইয়াছিল।

———

শ্রীহট্টে

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক পণ্ডিত শ্রীপাদ নন্দগোপাল ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীহট্টের বিভিন্ন স্থানে প্রচারোদ্দেশ্যে বহির্গত হইয়া পাগলাগ্রামে প্রথমে উপস্থিত হন। তথাকার প্রচারকার্য্যাদি শেষ করিয়া প্রচারকগণ ৬ই জুলাই সুনামগঞ্জে উপস্থিত হন। তথায় ১১ই জুলাই শুক্রবার ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীচৈতন্যচরিতামৃত হইতে ক্ষীরচোরা-গোপীনাথ-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে শ্রীগুরুবৈষ্ণব-বন্দনা, মহাজনপদাবলী এবং মহামন্ত্র কীর্ত্তন হয়। শ্রীপাদ সত্যনারায়ণ দাসাধিকারী প্রভুও মধ্যে মধ্যে শ্রীচৈতন্যভাগবত, শ্রীমদ্ভাগবত এবং শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করেন।

সুনামগঞ্জের প্রচারকার্য্য শেষ করিয়া প্রচারকগণ ছাতকে শ্রীহরিকথা-প্রচারের জন্য গমন করেন।

———

নির্য্যাণ

গত ১০ই শ্রাবণ (১৩৪৮), ২৬শে জুলাই (১৯৪১) শনিবার শ্রীচৈতন্যমঠাশ্রিত গৃহস্থভক্ত, কটক শ্রীসচ্চিদানন্দ-মঠের ভূমিদাতা কটকসহরনিবাসী শ্রীযুক্ত চিন্তামণি দাস অধিকারী মহোদয় শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারী-জীউর সন্ধ্যারাত্রিকের সময় শ্রীহরিনাম শ্রবণ করিতে করিতে নিত্যধামে প্রয়াণ করিয়াছেন। তাঁহার জীবনের শেষমুহূর্ত্ত পর্য্যন্ত তিনি শ্রীগুরুবৈষ্ণবগণের আনুগত্যে থাকিয়া শ্রীহরিগুরুবৈষ্ণবের মনোঽভীষ্ট-পরিপূরণ-সেবায় নানাভাবে সাহায্য ও সহানুভূতি প্রদর্শন করিয়াছেন। তাঁহার বিরহে আমরা সকলেই দুঃখিত।

———

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅধদমন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক—শ্রীতীর্থবর্দ্ধিত দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগুরুবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরেরাম ব্রহ্মচারী

কাজির সমাধি-পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীসঙ্কীর্ত্তন দাসাধিকারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীধামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠাসন
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীরামলক্ষ্মণ ব্রহ্মচারী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদর্শনবিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাশাংবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীইন্দ্রসখ দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা, মথুরা
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেখপায়ী
পোঃ কোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভূর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীযদুমণি দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাজবাঁধ, বর্দ্ধমান
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ভুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীঅবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাঙ্কেষ্টার রোড, ষ্টাউড্ গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

লক্ষ্ণৌ গৌড়ীয়মঠ
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅদ্বয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীধৃতিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীমনীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

১

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং পরিপক্ব লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। ইহার বিরাট্ অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্তার ভূমিকাদ্বয় (Prefa.es), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়াপাট্টা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গুম্ফিত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা ভাবার্থের আলেখ্য, ভূমিকা ও সূচীসহ অভূতপূর্ব্ব সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণরূপে গৌড়ীয় মিশনকর্তৃক প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,
শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্,
পুরাণপল্টন, পোঃ রমণা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষা ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—২৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

বিজ্ঞাপন

'মেডিকেল ডিগ্রী' সংগ্রহ করুন

আয়ুর্ব্বেদিক, হোমিওপ্যাথিক, ইউনানী,
হিকমাত প্রভৃতি পরীক্ষা ঘরে বসিয়া দিন্।
বিনা খরচে প্রস্পেক্টাস ফ্রী। ইংরাজী কিম্বা
উর্দু ভাষায় পত্র ব্যবহার করিবেন।

প্রিন্সিপ্যাল এন্ড ইণ্ডিয়ান
মেডিক্যাল কলেজ
আম্বালা সিটী

শুদ্ধভক্তিগ্রন্থমালা

১ শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪
২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
৩। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৲
৪। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০
৯। জৈবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। বাদশ আলবর ॥০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৶০
২১। গৌড়ীয়সাহিত্য ।৶০
২২। ভজন রহস্য ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী-টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল মাধবভাষা ॥০
২৭। মুক্তিফলটীকা গুণসৌভগঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৶০ বাঁধা ৸০)
৩০। দ্বীপ-দিগ্দর্শন ৶০
৩১ সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ⁄১০
৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য (ছোট) ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৶০
৪১। গীতাবলী ⁄১০
৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা ৸০
৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২।০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক ⁄১০
৪৬। অর্থপঞ্চক ⁄১০
৪৭। সদাচারস্মৃতিঃ ⁄১০
৪৮। কল্যাণকল্পতরু ⁄১০
৪৯। অর্চ্চনকণ ⁄০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ॥০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ⁄০
৬০। সাংখ্যবাণী ⁄০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২।০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৫। সটীকা-শিক্ষাদশমূলম ।০
৬৬। তত্ত্বসূত্রম্ ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ ⁄০
৬৯। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥০
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ॥০
৭২। নামভজন ⁄০
৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অণ্টলজি ।০
৭৪। রিলেটিভ ওয়ার্ল্ডস্ ।৶০
৭৫। লাইফ য়্যাণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০
৭৬। বৈষ্ণবীজম্ ॥০
৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ⁄০
৭৮। দি ভাগবত ।০
৭৯। ইরোটিক প্রিন্সিপাল এণ্ড আনর্যালেডে ডিভোশন ।০
৮০। ব্রহ্মসংহিতা ॥০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৩৲
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০
৮৫। সাধনপথ ॥০
৮৬ কল্যাণকল্পতরু ⁄১০
৮৭। গীতাবলী ⁄১০
শরণাগতি ⁄০
৮৯। প্রাসঙ্গিক'নন্দবাণী ॥৶০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ॥০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ।০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
বিজ্ঞাপনে প্রতি লাইনে	॥০	I৵০	I৵০	I০
" " ইঞ্চি	২৲	১॥০	১॥০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

ভিমাসের প্রতি ইঞ্চি	৬৲	৪॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যায় ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ দয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক খ্যান, গল্প, প্রবাদ ও স্তায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের -বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু র সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ বিশদ পদ্যানুবাদসহ মায়াপুর শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭॥০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬॥০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ বিবাগুবাসী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রী শ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ শুদ্ধগীতার পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ।৹ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

					শনিবার ব্যতীত			
					শনিবার	অন্ত দিন		
কলিকাতা ছাঃ	৪-৪৬	৬-২১	৭-১৪	১৩-১৬	১৫-১৩	১৬-৫৬	১৭-৫৩	২২-২৬
দমদম "	৪-৫৬	৬-৩১	৭-২৮	১৩ ২৯	……	……	১৮-৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯-১৮	১৪ ৫০	১৬-৪৮	১৮-৩১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ	……	……	৯-৩৭	..	..	……	……	……
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৯	৮-৪০	১০-৬	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০

লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-১৬	১৪ ৫০	১৭-৪০	২০-৩০
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১৫-২৫	১৮-১৫	২১-৫
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫ ৩৩	১৮-২০	২১-১৩

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১-৬
দমদম " ১১-১৮
রাণাঘাট পৌঃ ১২-৫১
" ছাঃ ১২-৫৭
শান্তিপুর পৌঃ ১৩-২৪
(বদল) ছাঃ ১৩ ৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ ১৪-৩০
মহেশগঞ্জ ছাঃ ১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ ১৫-৩৩

ডাউন

			শনিবার ব্যতীত		
			অন্ত দিন	শনিবার	
নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪	৯-১২	১৬-৩	১৬-৩১	১৮-৩৮
মহেশগঞ্জ "	৬-২৩	৯-২১	১৬-১২	১৬-৪০	১৮-৪৭
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৭	৯-৫৫	১৬-৪৬	১৭-১৪	১৯-২১

(বদল) ছাঃ	৫-৩১	৭-১০	৮-৫২	১১-২৬	১৫-৪	১৬-৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪-১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৪৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	……	……	……	……	১৫-৫৬	১৭-৪২	.	……
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১-২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬	২১-৪০	২৩-১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ ১৪-১
মহেশগঞ্জ " ১৪-১০
কৃষ্ণনগর পৌঃ ১৪-৪৪
ছাঃ ১৫-৩৯
শান্তিপুর পৌঃ ১৬-২৭
(বদল) ছাঃ ১৮-৩১
রাণাঘাট পৌঃ ১৮-৫৯
" ছাঃ ১৯-২০
কলিকাতা পৌঃ ২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷৹ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত মঙ্গলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিরোমণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্য জগদ্‌গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণারবিন্দে বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মতবাদী সত্যানুসন্ধিৎসুগণ যে সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগাবরুদ্ধসিদ্ধান্তদলনে ও তদনুরূপ সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা—৸৹ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——::•::——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক নগরে অবস্থিত। এখানহইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতিও অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৸৹ দশ আনা, বড় বোতল ১৷৹ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা.

বেহালা, ২৪ পরগণা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

Regd No. C 1544

সত্যত কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃত ভাষ্যসহ প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৶০

প্রাপ্তিস্থান -
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুলপ্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৮০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ২০ শ্রীধর, গৌরাব্দ ৪৫৫ ; ২২শে শ্রাবণ, বঙ্গাব্দ ১৩৪৮ ৭ই আগষ্ট ইং ১৯৪১, বৃহস্পতিবার { ১২৯-৩০ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২০ শ্রীধর আদি কারণোদশায়ী গৌরাব্দ ৪৫৫

হরিকথা-প্রসঙ্গ

—::•::—

বস্তুতঃ জীব ভগবানের নিত্য কিঙ্কর। কৃষ্ণদাস জীব কৃষ্ণদাস্যে উদাসীন হওয়ায় দুস্পার ভয়ঙ্কর সংসারসমুদ্রে ডুবিয়া যাইতেছে। কৃষ্ণের দাস হইয়াও জীব অধুনা নিজ কর্ম্মদোষে বিষম ভবসাগরে পতিত। এই ভবসাগরে পতিত জীবকে নক্র-মকরাদি সদৃশ কামক্রোধাদি বহু শত্রু আক্রমণ করিতেছে। দুরাশা-দুশ্চিন্তা-তরঙ্গ উদিত হইয়া সর্ব্বক্ষণ তাহাকে প্রপীড়িত করিতেছে, কুসঙ্গরূপ প্রবাহের দ্বারা সে সর্ব্বক্ষণ প্রচালিত হইতেছে। এরূপ অবস্থায় সংসার-সাগরে কর্ম্ম, জ্ঞান, যোগ, তপস্যারূপ তৃণগুচ্ছকে ভাসমান দেখিয়া তদবলম্বনে ভবসমুদ্র উত্তীর্ণ হইতে চেষ্টা করায় তাহা নিষ্ফল হইতেছে। এমতাবস্থায় ভগবৎকৃপাই তাহার একমাত্র অবলম্বন। শ্রীগুরুকর্ণধারের শ্রীচরণাশ্রয় ব্যতীত তাহার আর বাঁচিবার উপায় নাই। ভগবৎকৃপা বিনা ভবসমুদ্রপারের অন্য কোন উপায় নাই জানিয়া জীব গুরুকৃপায় ভগবন্নাম-তরণী আশ্রয় করিতেছেন। কৃষ্ণ কৃপা করিয়া জীবকে স্বীয় পাদপদ্মের ধূলিসদৃশ বলিয়া স্বীকার করিলেই জীবের আচ্ছাদিত নিজবৃত্তি পুনঃ প্রকাশিত হইয়া পড়িবে। ভজন করিতে করিতে অনর্থনিবৃত্তির পর নৈরন্তর্য্য আসিবে। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বলিয়াছেন,—

কভু যদি সাধুসঙ্গে জানিতে সে পারে।
'আমি জীব কৃষ্ণদাস,' যায় মায়াপারে॥

মঙ্গলাকাঙ্ক্ষী জীবমাত্রেরই ইহা মনে রাখা দরকার,—

তোমার নিত্যদাস মুঞি তোমা পাসরিয়া।
পড়িয়াছোঁ ভবার্ণবে মায়াবদ্ধ হঞা॥
কৃপা করি' কর মোরে পদধূলি সম।
তোমার সেবক করোঁ তোমার সেবন॥

যুক্তি ও প্রীতি এক জিনিষ নহে। যেখানে প্রীতি, সেখানে যুক্তি বা বিতর্ক নাই। প্রীতি সহজ ও স্বাভাবিক। ভগবানের সহিত সম্বন্ধজ্ঞানের অভাব হইতে নানাপ্রকার যুক্তিজাল হৃদয়কে আবৃত করিয়া ফেলে। সেইজন্যই করুণাময় গুরুবর্গ যুক্তি-পাদুকা বা অশ্রদ্ধা-জুতা দূরে রাখিয়া শ্রীভক্তিমন্দিরে প্রবেশ করিতে বলিয়াছেন। শ্রীভক্তিদেবীর মন্দিরে স্বভাব ব্যতীত কৃত্রিমতার প্রবেশাধিকার নাই। যুক্তিতে প্রীতি নাই, প্রীতিতে যুক্তি নাই। প্রীতিতে আকর্ষণ আছে। প্রীতি চেতনের ধর্ম্ম বা স্বভাব।

কৃতজ্ঞতামূলা সে শ্রদ্ধা, যাহার অন্তরে যুক্তির প্রতি আসক্তি আছে, তাহা অত্যন্ত প্রাকৃত। যে প্রীতির নিকট বৈকুণ্ঠের ঐশ্বর্য্যমূলা ভক্তিও বহুমানিত হয় না, সেই প্রীতির নিকট শ্রীভগবানের প্রতি কৃতজ্ঞতা বা কর্ত্তব্যবুদ্ধি দ্বারা প্রণোদিত হইয়া শ্রদ্ধাপ্রদর্শন যে কত হেয়, তাহা সহজেই অনুমেয়। শ্রীহরিগুরুবৈষ্ণবে যাহার স্বাভাবিকী প্রীতি নাই, সেরূপ ব্যক্তিকে যুক্তি দ্বারা ভক্ত করা যায় না। শ্রীহরিগুরুবৈষ্ণবের সেবা যুক্তিমূলা শ্রদ্ধার উপর প্রতিষ্ঠিত হইলে তাহা কৃষ্ণপ্রীতিরূপ ফল অর্জ্জন করিতে পারে না, সেইজন্যই হরিকথায় যাহাদের রুচি নাই, শাস্ত্র তাহাদিগকে পশুঘাতী ব্যাধ বলিয়াছেন। হরিকথা সাক্ষাৎ হরি। হরিকথা-কীর্ত্তনকারীই সাধু। সাধুগণ ভগবানের জীবন এবং ভগবান্ সাধুগণের জীবন। হরি-হর একাত্মা। ভগবৎকৃপা হরিকথা-কীর্ত্তনকারী সাধুগণকে বাহন করিয়াই জীবে সঞ্চারিত হয়। সাধু ব্যতীত ভগবৎকৃপার পৃথক্ পরিচয় নাই। বিশ্বে সাধুই একমাত্র বান্ধব। সেই সাধুর প্রতি স্বাভাবিকী প্রীতি বা আপনজ্ঞান না হইলে যুক্তি বা যষ্টির দ্বারা কখনও তৎপ্রতি শ্রদ্ধা উৎপন্ন করা যায় না। যিনি ভগবান্‌কে বশ করিয়াছেন, সেই সাধু যে কত বড় জিনিষ, তাহা বলিবার সাধ্য আমাদের নাই। এই সাধুসম্বন্ধে শ্রীভগবান্ বলিতেছেন,—

পুত্র হঞা ব্রহ্মা প্রিয় নহে তত বড়।
আত্মা হঞা তেন প্রিয় না হয় শঙ্কর॥,
ভাই সঙ্কর্ষণ মোর তেন প্রিয় নহে।
লক্ষ্মীদেবী ভার্য্যা মোর বক্ষঃস্থলে রহে॥
নিজ মূর্ত্তি প্রিয় মোর নহে সাধুসম।
যেরূপ উদ্ধব তুমি মোর প্রিয়তম॥
নিরপেক্ষ শান্ত দান্ত বৈরবিবর্জ্জিত।
সমদরশন প্রেমযুত পরাহিত॥
তার পাছে পাছে আমি সদত বেড়াই।
কোন মতে তার যেন পদরেণু পাই॥
অকিঞ্চন সর্ব্বজীববৎসল মহান্ত।
জিতকাম প্রেমযুত কেবল সুশান্ত॥
এ সভে আমার নিজ সুখ অনুভায়।
অন্যে কি তাহার তত্ত্ব বিচারিলে পায়॥

হরিকথারূপী হরিই সাধুর প্রাণ। সাধু হরিকথা ছাড়া থাকিতে পারেন না। হরিকথায় তাঁহার সহজ আকর্ষণ বা রুচি। হরিকথা আকর্ষক, সাধু আকৃষ্ট—একজন সেব্য, অন্যজন সেবক। হরিকথায় যাহাদের প্রীতি নাই, তাহাদের সাধুতেও প্রীতি নাই। যাহাদের সাধুতে প্রীতি নাই, তাহাদের হরিকথায়ও প্রীতি নাই। যেখানে প্রীতি, সেখানে দোষদর্শন নাই। অদোষদর্শনই প্রীতির স্বভাব। Love is blind. যেখানে প্রীতি নাই, সেখানেই ছিদ্রানুসন্ধানের প্রবৃত্তি দেখা যায়। যুক্তিবাদী নির্দ্দোষ, নিষ্কলঙ্ক, নির্ম্মল শ্রীহরিগুরুবৈষ্ণবকেও দোষযুক্ত দেখে। সাধু অদোষদর্শী। তাঁহার ধর্ম্মই এই যে, তিনি অযোগ্যের অযোগ্যতা দেখেন না। তিনি কাহারও দোষদর্শন করেন না। তাঁহার কুদর্শন বা দোষদর্শন নাই। দোষদর্শী কখনও অদোষদর্শীর শিষ্য হইতে পারে না। যেখানে পরানুশীলনের পরিবর্ত্তে পরনিন্দা, পরচর্চ্চার স্পৃহা প্রবল, সেখানে অভক্তিই সাম্রাজ্য বিস্তার করিয়াছে, জানিতে হইবে। ভক্ত ও ভগবান্ উভয়ই পরমদয়ালু,—উভয়েই ঈশ্বর—একজন ঈশ্বর আর একজন পরমেশ্বর। একজন প্রভু আর একজন ভৃত্য।

ঈশ্বর-স্বভাব—ভক্তের না লয় অপরাধ।
অল্প সেবা বহু মানে আত্মপর্য্যন্ত প্রসাদ॥
ভৃত্যস্য পশ্যতি গুরূনপি নাপরাধান্
সেবাং কৃতামপি মনাগ্বহুধাভ্যুপৈতি।
আবিষ্করোতি পিশুনেষ্বপি নাভ্যসূয়াং
শীলেন নির্ম্মলমতিঃ পুরুষোত্তমোঽয়ম্॥

(ভঃ রঃ সিঃ)

[এই ভগবান্ পুরুষোত্তম—নির্ম্মলমতি, শীলতাদর্শের দ্বারা হনি ভৃত্যের গুরু অপরাধ-সকলও দৃষ্টি করেন না, অতি অল্পসেবাকে বহুজ্ঞান করেন এবং আত্মনিন্দাকারী খলের প্রতিও অসূয়া আবিষ্কার (প্রকাশ) করেন না।]

স্বাভাবিকী প্রীতির উদয় না হইলে শ্রীগুরুবৈষ্ণবভগবানের পদনখশোভা দর্শন হয়

না। যুক্তি দ্বারা সাময়িকভাবে চিত্ত কিছু স্থির হইলেও অন্তরে সংশয় বা সন্দেহ প্রায় উঁকিঝুঁকি মারিতে থাকে। সেখানে ভয়ে ভক্তি। ভয়ে কখনও ভক্তি হয় না। ভক্তিতে ভয় নাই। ভক্তি অভয়। ভয় ভক্তিকে ক্ষয় করে। ভক্তি ও ভীতি বিপরীত জিনিষ। সাধুতে প্রীতি না থাকিলে কেবল যুক্তিদ্বারা সাধুসঙ্গ ও হরিকথায় রুচি হয় না। যুক্তিবাদী সাধুর কথায় নানারূপ দোষারোপ করিয়া মঙ্গলময়ী হরিকথা শ্রবণ হইতে বঞ্চিত হয়। যেখানে সাধুগুরুতে প্রীতি, সেখানে আধ্যক্ষিকের যুক্তি কখনও অহৈতুকী শ্রদ্ধা ও প্রীতিকে বিনষ্ট করিতে পারে না।

অল্পপুণ্যবান্ ব্যক্তিগণই যুক্তিবাদী। তাহাদের প্রসাদে, শ্রীনামে, শ্রীবিগ্রহে ও শ্রীবৈষ্ণবে বিশ্বাস নাই। আমার সহজ বিশ্বাস নাই, তাই যুক্তি অবলম্বন করিয়া কোনরকমে বাঁচিয়া আছি, ইহা দুর্ভাগ্যের কথা। যুক্তি দ্বারা হৃদয় শুষ্ক হইয়া যায়। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বলিতেছেন,—

"Reason tells me God has no sorrow, but Love sees God in tears for those of His sons that are misled to evil. Reason tells me that the strict laws of God reward and punish me in a cold manner but Love reveals that God slackens His laws to the repentant soul! Reason tells me that with all his improvements, man will never touch the Absolute God, but Love preaches that on the conversion of the soul into a state of spiritual womanhood, God, unconditioned as He is, accepts an eternal marriage with the conditioned soul of man! Reason tells me that God is in Infinite space and time, but Love describes that the All Beautiful God is sitting before us like a respected relative and enjoying all the pleasures of society."

শ্রীরূপদেবের আনুগত্যকারিণী শ্রৌত-যুক্তিই স্বীকার্য্য। মনোধর্ম্মোত্থ কাল্পনিক অশ্রৌতযুক্তির কোন মূল্য নাই। যুক্তির শেষ নাই। যুক্তি কখনও শান্তি দিতে পারে না। তর্কের প্রতিষ্ঠা নাই। সাধুশাস্ত্র-গুরুবাক্য অতর্ক্য ও অপরিবর্ত্তনীয়। শ্রীভগবান্‌কে জানিতে হইলে স্বৈরিণী যুক্তিকে পরিত্যাগ করিয়া ভক্তিমাতার অনুগত হইতে হইবে ইহাই সাধুশাস্ত্রের আদেশ।

আধ্যক্ষিক নাস্তিক মনে করে যে, ভগবানের প্রতি নির্ভরশীল শাস্ত্রবাক্যে বিশ্বাসবান্ ভক্তগণ যুক্তির কোন ধার ধারেন না, কিন্তু কথা তাহা নয়। তাঁহারা ব্যভিচারিণী যুক্তিকে স্বীকার করেন না সত্য, কিন্তু তাঁহারা ভক্তির অনুগতা দাসীস্বরূপা পরিচারিকা যুক্তিকে বরণ করিয়া সত্যের পথে চলেন। যিনি শাস্ত্রযুক্তিতে সুনিপুণ ও দৃঢ়শ্রদ্ধ, তিনিই ভক্তোত্তম। 'শাস্ত্রযুক্তিতে সুনিপুণ' কথায় আগে যুক্তির পূর্ব্বে শাস্ত্র কথাটি আছে। এই যুক্তি ব্যভিচারিণী যুক্তি নয়, ইহা শ্রুতিবাক্যে বিশ্বাসকারিণী শ্রদ্ধাময়ী যুক্তি। ভক্তি যুক্তিহীন অন্ধবিশ্বাস নয়। ভক্তি শ্রৌতযুক্তি ছাড়া আর কিছুই নয়। শ্রৌতযুক্তির অপর নাম ভক্তি। শ্রীগুরুদেবের শাসনগ্রহণই নিত্য অঙ্গীকার, তাহাই শ্রৌতপথ বা ভক্তি। আর যেখানে লঘু হইয়া গুরুকে মাপিয়া লইবার চেষ্টা, সেইখানেই ব্যভিচারিণী যুক্তির পদাশ্রয়। সুতরাং সাধক যদি প্রকৃত আত্মমঙ্গল ইচ্ছা করেন, তাহা হইলে তিনি ব্যভিচারিণী যুক্তির আদর না করিয়া শ্রৌতপথ বা সেবোন্মুখতাকেই বরণ করিবেন। শ্রীসার্ব্বভৌম ভট্টাচার্য্য যুক্তিবাদী হইয়া শ্রীমন্মহাপ্রভুর স্বরূপ উপলব্ধি করিতে পারেন নাই। সেবোন্মুখতার ফলেই তিনি শ্রীমন্মহাপ্রভুর কৃপালাভ করিয়াছেন। শাস্ত্র বলেন,—

ঈশ্বরের কৃপালেশ হয় ত' যাহারে।
সেই ত' ঈশ্বরতত্ত্ব জানিবারে পারে॥

ভক্তির মধ্যে শ্রৌতযুক্তির পরাকাষ্ঠা আছে। আবার অন্য দিকে ভক্তির মধ্যে প্রাকৃত যুক্তি নাই। সম্বন্ধজ্ঞান নাই বলিয়াই আমাদের এত সংশয়, এত যুক্তির প্রশ্রয়। সম্বন্ধ হইলে যে শ্রদ্ধা হয়, তাহা অনুরাগ হইতে স্বাভাবিকভাবে হইয়া থাকে। যখন সম্বন্ধজ্ঞান থাকে না তখনই ভগবান্‌কে কি পাওয়া যায় ইত্যাদি প্রশ্ন আসে, তখন ভয় ও কর্ত্তব্যবোধ আসে। যাহাদের সম্বন্ধজ্ঞান আছে, তাহাদের ভক্তি কর্ত্তব্য বা শাসন দ্বারা প্রবর্ত্তিত হয় না, তাহা অনুরাগময়ী। মাতার পুত্রস্নেহ, সতীর স্বামীর প্রতি শ্রদ্ধা বা ভালবাসা সহজ। এ জগতে অনিত্য সম্বন্ধ দেখা যাইতেছে; ভগবানের সহিতও আমাদের একটা অতি উপাদেয় চেতনের সম্বন্ধ বা সংযোগ আছে। সেটী পরম সত্য। সেই সম্বন্ধ আছে বলিয়াই একটা স্বাভাবিক আকর্ষণ আছে। এই আকর্ষণই ভক্তের হৃদয়ে ভক্তিরূপে প্রকাশিত।

যাঁহাদের হৃদয়ে প্রীতির আবির্ভাব হইয়াছে, তাঁহারাই ভাগ্যবান্। প্রীতি দ্বারাই ভগবান্‌কে লাভ করা যায়। যুক্তি প্রীতিযুক্ত না হইলে ভগবানের নিকট পৌঁছিতে পারে না। অপরাধফলে জীবের যুক্তিতে অধিক আদর দেখা যায়। অপরাধফলে শ্রীহরিনাম ও হরিকথায় জীবের প্রীতি হয় না। যাহাতে শ্রীগুরুবৈষ্ণবভগবানে প্রীতির উদয় হয় তজ্জন্য সর্ব্বদা অকপটে তাঁহাদের অহৈতুকী করুণার প্রার্থী হইব।

শ্রীশ্রীভক্তিবিনোদোপদেশ

বৈষ্ণবধর্ম্ম জীবের নিত্যধর্ম্ম। জীবে দয়া বৈষ্ণবধর্ম্মের একটি প্রধান অঙ্গ। জীবের প্রতি দয়া বৈষ্ণবের একটি স্বভাব। যাঁহাতে এই স্বভাব লক্ষিত না হয়, তিনি সহস্র সহস্র বাহ্যচিহ্ন ধারণ করিলেও বৈষ্ণব হইতে পারেন না। জীবে দয়া, নামে রুচি ও বৈষ্ণব-সেবা—ইহাই মাত্র বৈষ্ণবের কর্ত্তব্য বলিয়া শ্রীশচীনন্দন সর্ব্বত্র শিক্ষা প্রচার করিয়াছেন। জীবকে কৃষ্ণোন্মুখ করাই বৈষ্ণবের প্রধান কার্য্য। যেস্থলে স্থূল-শরীরের রোগনিবৃত্তি বা ক্ষুন্নিবৃত্তি করাই প্রধান উদ্দেশ্য হয়, সেস্থলে বৈষ্ণবতা নাই; যেহেতু তদ্দ্বারা কেবল ক্ষণিক উপকার হয়, কিন্তু নিত্য উপকার হয় না। তবে যেখানে ঐসব কার্য্যের দ্বারা কৃষ্ণোন্মুখী প্রবৃত্তির সহায়তা করা যাইতে পারে, সেখানে তৎকার্য্যেও বৈষ্ণবের স্বতঃপ্রবৃত্তি হয়।

যদি প্রেম-সম্বন্ধ না থাকে, তবে দীর্ঘজীবন ও রোগশূন্যতা কেবল অনর্থের মূল। প্রত্যাহারক্রমে ইন্দ্রিয়সংযম সাধিত হইলেও যদি প্রেমাভাব হয়, তবে তাহাকে শুষ্ক ও তুচ্ছ বৈরাগ্য বলি। যেহেতু পরমার্থের জন্য ত্যাগ বা গ্রহণ উভয়ই তুল্য ফলপ্রদ। নিরর্থক ত্যাগ কেবল জীবকে পাষাণবৎ করিয়া ফেলে। কৃষ্ণৈকশরণ ব্যতীত অন্য সদ্গুণ হইলেও যে পর্য্যন্ত ভক্তিতে শ্রদ্ধা না হয়, সে পর্য্যন্ত ভক্তি হইবে না। কৃষ্ণভক্তি-বিহীন সদ্গুণসম্পন্ন জীবের জীবনও বিফল। কৃষ্ণভক্তির সঙ্গে সঙ্গে সর্ব্বজীবে দয়া, নিষ্পাপতা, সত্যসারতা, সমদর্শিত্ব, দৈন্য, শান্তি, গাম্ভীর্য্য, সরলতা, মৈত্রী, দক্ষতা, অসৎকথায় ঔদাসীন্য, পবিত্রতা, তুচ্ছকাম-ত্যাগ ইত্যাদি সকল গুণ সহজে উদয় হয়।

বৈষ্ণবধর্ম্ম ব্যতীত আর ধর্ম্ম নাই, অন্যান্য যতপ্রকার ধর্ম্ম জগতে প্রচারিত হইয়াছে বা হইবে, সমস্তই বৈষ্ণবধর্ম্মের সোপান বা বিকৃতি। সোপানস্থলে তাহাদিগকে যথাযোগ্য আদর করিবে, বিকৃতিস্থলে অহঙ্কাররহিত হইয়া নিজে ভক্তিতত্ত্ব আলোচনা করিবে, অন্য কোন পন্থাকে হিংসা করিবে না। যাহার যখন শুভদিন হইবে, সে অনায়াসে বৈষ্ণব হইবে, সন্দেহ নাই।

বৈষ্ণবধর্ম্ম জীবের সঙ্গে সঙ্গে উদিত হইয়াছে। ব্রহ্মা—প্রথম বৈষ্ণব। শ্রীমন্মহাদেব—বৈষ্ণব। আদি প্রজাপতিগণ সকলেই বৈষ্ণব। ব্রহ্মার মানসপুত্র শ্রীনারদ গোস্বামী বৈষ্ণব। যে জীবের প্রকৃতি যতদূর নির্গুণ, সে জীব ততদূর বৈষ্ণব। মহাভারত, রামায়ণ ও পুরাণ—এই সকল গ্রন্থই আর্য্যদিগের ইতিহাস।

আমি কে? এই জড় ব্রহ্মাণ্ডই বা কি এবং আমাদের পরস্পর সম্বন্ধই বা কি?—এই চারিটি প্রশ্নের সদর্থ পাইলে 'সম্বন্ধজ্ঞান' হয়। সম্বন্ধজ্ঞান লাভ-পূর্ব্বক কর্ত্তব্য কি, ইহা পরিজ্ঞাত হইয়া সেই কর্ত্তব্যাবলম্বনকেই সর্ব্বশাস্ত্রে 'অভিধেয়' বলিয়া জানিতে হইবে। সতর্কতার সহিত কৃষ্ণানুশীলন করিতে হয়—ইহার নামই 'অভিধেয়-তত্ত্ব'।

সাধন কার্য্যটী বদ্ধজীবের অস্বীকার করিলে হইবে না, পরন্তু যত্নসহকারে গ্রহণ করিতে হইবে। আদরপূর্ব্বক যে পরিমাণে সাধন করিবেন, সিদ্ধিও সেই পরিমাণে নিকটবর্ত্তী হইবে। ভক্তিযোগ দুই প্রকার। (১) শ্রবণ-কীর্ত্তনাদি মুখ্য ভক্তিযোগ এবং (২) কৃষ্ণে অর্পিত নিষ্কামকর্ম্মরূপ গৌণ ভক্তিযোগ। সর্ব্বভূতে দয়া করত দৃঢ়তার সহিত নিরন্তর হরিনাম আশ্রয় করাই পূর্ব্ব মহাজনদিগের ভজনপন্থা। অধিকার-নিষ্ঠার সহিত নামসংকীর্ত্তনই বৈষ্ণবধর্ম্ম।

বৈষ্ণবকৃপা ব্যতীত বৈষ্ণব হওয়া যায় না। ভগবচ্চরণে শরণাপত্তি ও আনুগত্য ব্যতীত আর কোন লক্ষণ দ্বারা ভক্তির ব্যাখ্যা হয় না। হরিনামকে সাধনশ্রেষ্ঠ জানিয়া একান্তভাবে নামাশ্রয় করত নামের কেবলমাত্র সাধকরূপেই অন্য অঙ্গগুলি স্বীকার করা যাইতে পারে। হরিনামই একমাত্র সাধন। অন্যান্য সাধনাঙ্গগুলি হরিনামেরই সহায়স্বরূপে গৃহীত হয়। সারগ্রাহী ধর্ম্ম অতি সরল অর্থাৎ অনেক শ্রমসাধ্য নহে। ইহাতে দুইটী বিষয় দৃষ্ট হয় অর্থাৎ অনুরাগ ও সচ্চরিত্র। অনুরাগের স্থল দুইটী মাত্র অর্থাৎ পরমেশ্বর ও জীব। পরমেশ্বরে পূর্ণাসক্তি ও জীবে ভ্রাতৃবৎ তুল্যানুরাগের প্রয়োজন।

সম্ভ্রম, ভয় ও শ্রদ্ধা—ইহারা বৈধী ভক্তিতে ক্রিয়া করে; কৃষ্ণলীলায় লোভ রাগানুগ ভক্তিতে ক্রিয়া করে। যেকাল পর্য্যন্ত রাগের উদয় না হয়, সেপর্য্যন্ত বিধিকে আশ্রয় করাই মানবগণের প্রধান কর্ত্তব্য।

সকল কার্য্যে সরল থাকিব—হৃদয়ে এক, ব্যবহারে অন্য—এইরূপ হইব না। ভক্তি-প্রতিকূলপক্ষের লোকগণকে কোন কৃত্রিম লক্ষণ দেখাইয়া প্রতিষ্ঠালাভে যত্ন করিব না। শুদ্ধভক্তিরই পক্ষপাত করিব, আর কোন প্রকার সিদ্ধান্তের পক্ষ সমর্থন করিব না। আমাদের হৃদয় ও ব্যবহার একই প্রকার হউক। শরীর-যাত্রার সমস্ত ব্যবহারে সাত্ত্বিক ব্যাপার স্বীকার করত ক্রমে ক্রমে রাজস-তামস-স্বভাব ও ধর্ম্মকে দূর করিতে হয়। সঙ্গে সঙ্গে শুদ্ধভক্তিযোগ দ্বারা ঐ সাত্ত্বিক ব্যাপার সকলকে নির্গুণ করিয়া ফেলিতে হয়। ভক্তিসাধন যত নির্মল হয়, ততই কৃষ্ণানুকম্পার উদয় হয়।

গৃহত্যাগী সঞ্চয় মাত্রই করিবেন না। প্রতিদিন ভিক্ষা দ্বারা শরীরযাত্রা নির্ব্বাহ করত ভক্তিসাধন করিবেন। দৈন্য ও সরলতার সহিত যিনি যত ভজন করিবেন,

কৃষ্ণকৃপায় তিনি ততই কৃষ্ণতত্ত্ব জানিবেন। অপ্রাকৃত জ্ঞান, ভক্তি ও ইতরবৈরাগ্য—ইহারা তিনজনেই সমানে বৃদ্ধিপ্রাপ্ত হয়। যে স্থলে তাহার ব্যতিক্রম দেখা যায়, সে স্থলে সাধনের মূলে দোষ আছে বলিয়া জানিতে হইবে। সর্ব্বত্র সাধুসঙ্গ ও গুরুকৃপা ব্যতীত বিপথ-পতন হইতে রক্ষা পাওয়া যায় না। স্বরূপভ্রম একদিনে যায় না, অতএব কৃষ্ণানুশীলনের সঙ্গে সঙ্গে ক্রমে ক্রমে দূর হয়। 'আমি কৃষ্ণদাস'—এই অভিমানই জীবের স্বরূপ-জ্ঞান। এই অভিমানের সহিত কৃষ্ণানুশীলনই প্রকৃত কৃষ্ণানুশীলন। গুরুকৃপায় সম্বন্ধ-জ্ঞানের উদয় হয়। শিষ্য বিশেষ যত্নে আত্মস্বরূপ অবগত হইবেন, নতুবা অনর্থ দূর হইবে না। কিয়ৎ পরিমাণে কাম যদি হৃদয়ে থাকে, তজ্জন্য দৈন্যের সহিত তাহাকে গর্হণ করিতে করিতে তাহা স্বীকারপূর্ব্বক নিষ্কপটে ভজন করিতে থাকিবে। অল্পদিনের মধ্যে ভগবান্ তোমার হৃদয়ে বসিয়া হৃদয়কে নিষ্কাম করত তোমার প্রীতি গ্রহণ করিবেন।

কেবল মুখে নামতত্ত্ব বিশ্বাস করিলে বা শাস্ত্রপাঠে অবগত হইলে কোন কাজ হয় না, কার্য্যে পর্য্যবসিত হইলেই ফল পাওয়া যায়। যাঁহারা নামমাহাত্ম্য অবগত হইয়াও নাম করেন না, তাঁহারা নিরপরাধী নহেন, অসৎ-সঙ্গজনিত হৃদয়দৌর্ব্বল্যবশতঃ, তাঁহাদের নামে রুচি হয় না, সে কারণ নামের নিকট তাঁহারা অপরাধী। সৎসঙ্গে অপরাধ ক্ষয় করিয়া সরলভাবে নামের আশ্রয় করাই শুভলক্ষণ। অপরাধ পরিত্যাগের সহিত যত্নসহকারে নাম করিলে অল্পদিনের মধ্যেই নাম সুখকর বোধ হয়। ক্রমশঃ সুখ এরূপ বৃদ্ধি হয় যে, নামকে আর ছাড়িতে ইচ্ছা হয় না, তখন সহজেই নামের একান্ত আশ্রয় হইয়া পড়ে। নাম গ্রহণের সময় নামের স্বরূপার্থ আদরে অনুশীলনপূর্ব্বক কৃষ্ণের নিকট সক্রন্দন প্রার্থনা করিতে করিতে কৃষ্ণকৃপায় ক্রমশঃ ভজনে উন্নতি হয়। এইরূপ না করিলে, কর্ম্মিজ্ঞানীদিগের ন্যায় সাধনে বহু জন্ম অতীত হইয়া যায়। সরল ভজনই কৃষ্ণপ্রসাদলাভের একমাত্র হেতু।

কৃষ্ণভক্তির অনুকূল যাহা হয়, তাহাই মাত্র অঙ্গীকার করিলে ভক্তির অনুশীলন হইবে এবং বিষয়বন্ধন ক্ষয় হইয়া পড়িবে।

চক্ষুকে ভক্তির অনুকূল করিতে হইলে শ্রীমূর্ত্তিদর্শন, বৈষ্ণবদর্শন, ভগবল্লীলাস্থানের বিবিধ শোভাদর্শন এবং লীলাপ্রতিকৃতি ইত্যাদি দর্শনব্রতই একমাত্র উপায়। যাহা কিছু চক্ষুর বিষয়ভূত হয়, তাহাতে ভগবৎ-সম্বন্ধ দর্শন করাই মূল প্রয়োজন।

কর্ণকে ভক্তির অনুকূল করিতে হইলে হরিকথা, ভক্তকথা ও হরিসম্বন্ধিনী বিষয়-কথার শ্রবণব্রতই একমাত্র উপায়।

ঘ্রাণকে ভক্তির অনুকূল করিতে হইলে শ্রীকৃষ্ণার্পিত তুলসী, পুষ্পচন্দন ও অন্যান্য সুগন্ধ দ্রব্যাদির ঘ্রাণ-গ্রহণব্রতই একমাত্র উপায়। যে কিছু গন্ধ গ্রহণ করিতে হয়, তাহা কৃষ্ণসম্বন্ধের সহিত গ্রহণ করা উচিত।

রসনাকে ভক্তির অনুকূল করিতে হইলে শ্রীকৃষ্ণপ্রসাদ ও ভক্তপ্রসাদ-সেবনব্রতই একমাত্র উপায়। প্রসাদ-সেবার সময় যেন ভোগসুখ মনে হয় না কেবল জীবননাথ শ্রীকৃষ্ণের ভোজনসুখই মনে পড়ে। প্রসাদ-সেবার স্থানে ভোগসুখ মনে করিলে আর অনুকূল ভাব থাকে না।

হস্তপদাদি ভক্তির অনুকূল করিতে হইলে তত্তৎ শরীর দ্বারা ভগবৎসেবা ও বৈষ্ণব-সেবাই একমাত্র উপায়।

———

স্বাস্থ্য

——::•::——

আত্মার স্বাস্থ্যেই দেহ-মনের স্বাস্থ্য। যাঁহার আত্মার স্বাস্থ্য খুব ভাল, সুস্থ, সবল তাঁহাদের দেহ-মনের খুব কম হইলেও বিশেষ ক্ষতি করিতে পারে না। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—"রোগের চিন্তা করিতে হইবে না। হরিসেবা না করিলে রোগ হয়।" হতভাগ্য আমরা অনেকে এ কথায় বিশ্বাস করিতে পারি না। আমাদের আত্মা এখন নিদ্রিত, মনই এখন আমাদের উপর আধিপত্য করিতেছে। তাই মনে হইতেছে—দেহ-মনের পরিচর্য্যা, দেহ-মনের তর্পণ করিলেই মানবজীবনের কর্ত্তব্য শেষ হইল।

পরমার্থ-পথের দ্বারে আসিয়াও আমরা অনেক সময় মনে করি, সর্ব্বাগ্রে দেহ-মনের পরিচর্য্যা করাই কর্ত্তব্য, বহির্ম্মুখ মনের যে দিকে রুচি অর্থাৎ যাহা প্রেয়, বহির্ম্মুখ দেহের যে দিকে গতি বা আকর্ষণ তদনুকূলে না চলিলে কিছুতেই চিত্তের স্থৈর্য্যলাভ হইবে না। সুতরাং বহির্ম্মুখ মনের রুচির দাস্য করিয়া—বহির্ম্মুখ দেহের পুষ্টিসাধন করিয়া আমরা আত্মার পথে অগ্রসর হইব। তখন বুঝিতে হইবে এখানেও বহির্ম্মুখ দেহ-মন আত্মার স্বার্থে ব্যাঘাত প্রদান করিয়া স্ব স্বার্থসাধনের চেষ্টা করিতেছে।

পরমার্থ-পথে চলিতে চলিতে অনেক সময় আমাদের মন অত্যন্ত বিমর্ষ, চঞ্চলতাগ্রস্থ, উৎসাহহীন এবং হতাশ হইয়া কি করা কিছুই স্থির করিতে পারে না, শরীর অসুস্থ বলিয়া বিবেচিত হয়। তখন যদি এই সকল রোগের মূল অনুসন্ধান করিতে যাই, তখন দেখিতে পাই যে, অন্তর্দর্শী না হইয়া বহির্দৃষ্টি প্রবল হওয়াতেই অসত্যকে সত্য, অনিত্যকে নিত্য বলিয়া ভ্রম হইতেছে। যখন বৈষ্ণব-বৈদ্যরাজ আমাদের অন্তর্দর্শী চিকিৎসকরূপে আমাদের অনর্থময় শরীরের ব্যবচ্ছেদ করিয়া ঐরূপ প্রতীয়মান অস্বাস্থ্যের নিদানটী আমাদের নিকট ধরিয়া দেন, তখন আমরা ধরিতে পারি, দেহমন আত্মাকে বঞ্চনা করিবার জন্য ঐরূপ অস্বাস্থ্যের ছদ্মবেশ গ্রহণ করিয়াছে। আত্মার অনুশীলনে আত্মার উদ্যম ও উৎসাহে জাড্য আনিবার অভিসন্ধিমূলে ঐরূপ অস্বাস্থ্যের আবরণে আবৃত হইয়াছে। ঐ অস্বাস্থ্যের উপসর্গগুলি কেবল অনর্থের প্রতীক মাত্র, উহা প্রকৃতপ্রস্তাবে দৈহিক অস্বাস্থ্য নহে, অনর্থময় জাড্য মাত্র। মন আত্মাকে বঞ্চনা করিবার জন্য ঐরূপ জাড্যের আবরণ দ্বারা আপনাকে বা তদনুগত দেহকে বহুরূপী সাজাইয়াছে।

পরমার্থ-পথে চলিতে চলিতে অনেক সময় আমরা আত্মাকে বঞ্চনা করিবার জন্য 'দেহ ও মনের স্বাস্থ্যই আত্মার স্বাস্থ্য'—এরূপ মনে করিয়া অসুস্থ মনের রুচিকর পথ্যকেই উৎকৃষ্ট 'পথ্য' বলিয়া প্রচার করি। পাছে বৈষ্ণব-বৈদ্যরাজ দ্বারা চিকিৎসিত হইলে তিনি আমার গুপ্ত ব্যাধিটী ধরিয়া ফেলেন কিম্বা আমার অপ্রীতিকর তিক্ত ঔষধ ব্যবহারের ব্যবস্থা প্রদান করেন তজ্জন্য তাঁহার নিকট গা ঢাকা দিবার অভিপ্রায়ে দেহের অস্বাস্থ্যের ছলনা করি। অধিকাংশ সময়েই দেখিতে পাওয়া যায়, এইরূপ দেহের অস্বাস্থ্যের ছলনার মধ্যে আমাদের মনের অস্বাস্থ্য এবং মনের অস্বাস্থ্যের মধ্যে আত্মার প্রকৃত স্বার্থ যে ভগবৎসেবা তাহার পথ রুদ্ধ করিবার অন্তর্নিহিত প্রবল চেষ্টা প্রচ্ছন্নভাবে লুক্কায়িত রহিয়াছে।

আত্মা যাঁহার সুস্থ অর্থাৎ সেবোন্মুখ, দেহমনের সাময়িক অস্বাস্থ্য কখনই তাঁহাকে তাঁহার আরাধ্যের সেবা হইতে ভ্রষ্ট করিতে পারে না। সুস্থ আত্মা অর্থাৎ সেবোন্মুখ আত্মা সর্ব্বদাই শরণাগত, দেহমনের সাময়িক পতনোন্মুখ অস্বাস্থ্যের মধ্যেও তিনি অন্তরে স্বীয় বিপদভঞ্জন ভগবচ্চরণে অভিনিবিষ্ট থাকেন এবং সাধারণ লোককে দেহমনের নশ্বরতার দৃষ্টান্ত প্রদর্শনমুখে আদর্শ বৈরাগ্য-শিক্ষা দেন। এই জন্যই শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর বলিয়াছেন,—

"যত দেখ বৈষ্ণবের ব্যবহার দুঃখ।
নিশ্চয় জানিহ সেই পরানন্দসুখ॥"

আত্মাকে বঞ্চনা করিবার প্রবৃত্তি বহির্ম্মুখ দেহমনের একটী নিসর্গ, যে কোন ছলে, যে কোন কৌশলে, যে কোন দৃষ্টান্তে, যে কোন আদর্শে আত্মাকে বঞ্চনা করাই যেন বহির্ম্মুখ দেহমনের কার্য্য হইয়া পড়িয়াছে। কখনও দৈহিক অস্বাস্থ্যের ছল করিয়া, কখনও আর্থিক অভাবাদির ছলনা দেখাইয়া, কখনও বা মানসিক অশান্তির কারণ প্রদর্শন করিয়া, কখনও আবার অবস্থা বৈগুণ্যের একটা ব্যাখ্যা বিবৃতি করিয়া আত্মার প্রকৃত স্বার্থে প্রতিবন্ধক আনাই দেহমনের নিসর্গ। এই নিসর্গ আবার বহির্ম্মুখ সম্প্রদায় ব্যক্তিগণের সঙ্গ ও পরামর্শে উত্তরোত্তর সমৃদ্ধ হইয়া থাকে। তখন ঐরূপ আপাতরুচির প্রতিবন্ধকরূপে প্রতীয়মান সৎসঙ্গকে দূরে রাখিবার জন্য প্রবল চেষ্টা উদিত হয় এবং ঐ চেষ্টাকে আবরণ করিবার জন্য অস্বাস্থ্যের মুখোস্ পরিধান করিতে দেখা যায়।

যাঁহারা প্রকৃত প্রস্তাবে আত্মমঙ্গল চাহেন—প্রকৃত প্রস্তাবে চির স্বাস্থ্য লাভ করিতে চাহেন, তাঁহাদের ঐরূপ সাময়িক অনর্থময় [illegible] সদ্বৈদ্যের কৃপায় দূরে নিক্ষেপ করিয়া সদ্বৈদ্যের ব্যবস্থিত ঔষধ ও পথ্য, সদ্বৈদ্যের [illegible] স্বাস্থ্যনিবাস অর্থাৎ সৎসঙ্গারামে বাস করা উচিত। স্বাস্থ্যনিবাস পরিত্যাগপূর্ব্বক অন্যত্র অবস্থান করিয়া সদ্বৈদ্যের [illegible] ঔষধ পথ্য ব্যবহার করিবার একটা প্রবৃত্তি অনেক সময় বহির্ম্মুখ দেহমনের [illegible] লক্ষিত হয়। প্রকৃত স্বাস্থ্যকামী [illegible] সাবধান থাকিবেন। স্বাস্থ্যনিবাসে বাস করিয়া [illegible] সেবন না করিয়া সদ্বৈদ্যের ব্যবস্থিত ঔষধ-পথ্যের মধ্যে [illegible] প্রয়োগে ধৃষ্টতা আসিয়া উপস্থিত হয়।

আমাদের সর্ব্বদা স্মরণ রাখিতে হইবে—আত্মার স্বাস্থ্যই দেহমনের স্বাস্থ্য। যাঁহার আত্মা [illegible], তাঁহার মন শান্ত। এই-জন্য মহাপ্রভু বলিয়াছেন,—

[illegible]—নিষ্কাম অতএব শান্ত।
ভুক্তি-মুক্তি সিদ্ধিকামী সকলই অশান্ত॥

যাঁহারা আত্মার স্বাস্থ্যের, আত্মার স্বরূপে অবস্থান, আত্মধর্ম্মের অনুশীলন পরিত্যাগ করিয়া কোথায় শান্তি, কোথায় শান্তি বলিয়া চীৎকার করিয়া বেড়ান, তাহাদের [illegible] আলেয়া বা মৃগ-তৃষ্ণার পশ্চাতে [illegible] বৃথা [illegible]। আত্মা যাঁহার সুস্থ অর্থাৎ [illegible], তাঁহার মন প্রসাদময়—উৎসাহময়—[illegible]। তাঁহার দেহ [illegible] ও সুস্থ।

তাঁহার মন আত্মার [illegible] করে না, তাহার মন আত্মার প্রকৃত স্বার্থ অনুসন্ধান করে, দেহ তাঁহার আনুকূল্য করে। [illegible] উভয় দেহ-মন আত্মার স্বার্থের আনুকূল্য করিয়া থাকে। [illegible] দেহমনের [illegible] হইয়া যায়, তখন [illegible] সমর্পিত হইয়া [illegible] থাকিয়া [illegible] হন। [illegible] বহির্ম্মুখ [illegible] তখন [illegible] কর্ত্তা [illegible] বুদ্ধিমত্তার [illegible] নাই। সুতরাং সদ্বৈদ্যের পদাশ্রিত [illegible] আত্মার স্বাস্থ্যের জন্য অনুকূল চেষ্টাই আমাদের একমাত্র [illegible] হওয়া আবশ্যক।

———

শ্রীল প্রভুপাদের হরিকথা

——::•::——

স্বয়ংরূপ-ভগবান্ শ্রীগৌরকৃষ্ণের স্বয়ং-প্রকাশ শ্রীহলধর বলদেব প্রভুই সন্ধিনীশক্তিমদ্-বিগ্রহ মূল সঙ্কর্ষণ এবং জীবপুঞ্জের প্রভু-স্বরূপ সমগ্র বিষ্ণুতত্ত্বের মূল আকরস্থানীয় প্রভু। শ্রীনিত্যানন্দ-সঙ্কর্ষণ প্রভু—স্বয়ং বিষ্ণুপরতত্ত্ব বস্তু, সুতরাং সমানধর্ম্মবশতঃ স্বয়ংরূপ শ্রীকৃষ্ণেরই প্রকাশবিশেষ অর্থাৎ সমগ্র চিৎসত্তা-বিস্তারিণী বা শুদ্ধসত্ত্বপ্রাকট্য-বিধায়িনী সন্ধিনীশক্তিমদ্বিগ্রহই শ্রীনিত্যানন্দ-বলরাম।

স্বয়ংরূপ শ্রীকৃষ্ণের অভিন্নপ্রকাশ শ্রীবলদেব প্রভুই মূল-সঙ্কর্ষণ, তিনিই মহা-সঙ্কর্ষণ, এবং কারণ-গর্ভ ক্ষীরসমুদ্রশায়ী পুরুষাবতারত্রয় ও সহস্রফণা (মুখ বা মস্তক) যুক্ত 'অনন্তদেব' বা শেষ—এই বিষ্ণুতত্ত্বসর্গের মূল আকর বা অংশী। স্বয়ং-প্রকাশবিগ্রহ বিগ্রহ হবার দরুণই বলদেব প্রভু অহুক্ষণ কৃষ্ণসেবারত থাকিয়া কৃষ্ণপ্রেমানন্দ বর্দ্ধন করেন।

নিত্য বিষয়বিগ্রহ স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণ এবং শ্রীবলদেব - মধুররসের আশ্রয়বিগ্রহ গোপীগণের ভোক্তৃস্বরূপে অবস্থিত হইবার যোগ্য। বদ্ধজীবের ন্যায় তাঁহাদিগের কোন অচিৎস্থূলভ দোষের কথা নাই অর্থাৎ প্রপঞ্চে নিত্যবদ্ধতত্ত্ব আশ্রয়জাতীয় জীবগণ আপনাদিগকে 'পুরুষ' বা ভোক্তাভিমানে যে স্ত্রীলোক বা প্রকৃতির সঙ্গ করে, তাহাই দূষণীয়। কিন্তু যাবতীয় বিষ্ণুতত্ত্বের মূল পুরুষ ভগবান্ শ্রীবলরাম স্বীয় রাসস্থলীতে যে ক্রীড়া করিয়া থাকেন, তাহাতে পাপক্লিষ্ট হেয়ত্বের বা অবৈধ ব্যবহারের কোনই সম্ভাবনা নাই।

শ্রীবলদেব প্রভু একান্তভাবে অহুক্ষণ কৃষ্ণানন্দবর্দ্ধনকারী। শ্রীবলদেবের বিষয়-বিগ্রহত্বে অধিষ্ঠান থাকিলেও তিনি আশ্রিত-লীলারই আদর্শ। তাঁহার আনুগত্যরত সেবোন্মুখ জীবের শুদ্ধসত্ত্বময়ী সেবোন্মুখী জিহ্বায় উচ্চারিত কৃষ্ণসেবাতাৎপর্য্যময়ী বাণীই শুদ্ধা সরস্বতী, আর নিত্যানন্দ-বলদেবানুগত্য পরিত্যাগপূর্ব্বক জীবের যে কৃষ্ণতোষণতাৎপর্য্যশূন্যা, অন্যেন্দ্রিয়তোষণপরা ইতর বাণী, তাহাই 'অসতী' বা 'দুষ্টা সরস্বতী' নামে প্রসিদ্ধা।

শ্রীবলদেব স্বয়ংপ্রকাশতত্ত্ব। কৃষ্ণচন্দ্র অখিল-রসামৃতসিন্ধু, সেই কৃষ্ণচন্দ্রের স্বয়ং-প্রকাশ-বিগ্রহ—অভিন্নবস্তু বলদেব, তিনিও 'ব্রজরাজকুমার' ব'লে প্রসিদ্ধ। ভগবান্ শ্রীকৃষ্ণে যে সকল কথা আছে, তাঁতেও তাই আছে, তবে তাঁকে কৃষ্ণ বলা হয় না, 'বলরাম' বলা হয়। নিখিল বিষ্ণুতত্ত্ব যাঁ' হ'তে প্রকাশিত হ'য়েছেন—দেবাসুরগণ যাঁ'র উপাসনা করেন, তিনিই স্বয়ং-প্রকাশবস্তু। সেই স্বয়ং-প্রকাশবিগ্রহ — বলদেব প্রভু। মহাবৈকুণ্ঠে বাসুদেব-সঙ্কর্ষণ-প্রদ্যুম্ন-অনিরুদ্ধ—এই চতুর্ব্যূহরূপে তিনিই প্রকাশিত আছেন—একই বস্তু চার প্রকারে প্রকাশিত। সেখানে স্বয়ং-প্রকাশবিগ্রহের রূপ পূর্ণ আছে। 'রূপ' শব্দের অর্থ—পূর্ণ, ভগ্নাংশ নয়। এই রূপবিশিষ্ট বস্তুই—সঙ্কর্ষণদেব - স্বয়ংরূপের বৈভব—যাঁ'র চারটি প্রকাশবিগ্রহ মহাবৈকুণ্ঠে প্রকাশিত। একই রূপ চার প্রকারে প্রকাশিত হ'লেও সেই চার বস্তু এক। বাসুদেব—প্রাভববিলাস, সঙ্কর্ষণ—বৈভব-বিলাস, প্রদ্যুম্ন—প্রাভব-প্রকাশ, অনিরুদ্ধ—বৈভব-প্রকাশ।

ভক্ত্যপ-বৈভবের কারণ—সঙ্কর্ষণ প্রভুর অংশ কারণার্ণবশায়ী—মহাবিষ্ণু। তিনি বৈকুণ্ঠ ও ব্রহ্মাণ্ডের কারণ—সকলের কারণ। বৈকুণ্ঠ ও ব্রহ্মাণ্ডের সৃষ্টিকর্ত্তা মহাবিষ্ণু সঙ্কর্ষণব্যূহ হ'তে নিঃসৃত হ'য়ে কারণ-সমুদ্রে কারণার্ণবশায়ীরূপে বিরাজিত। এই কারণ-শায়ী মহাবিষ্ণু হ'তে দ্বিতীয় পুরুষাবতার গর্ভোদকশায়ী নিঃসৃত—যাঁ'কে ঋক্সমূহ "সহস্রশীর্ষঃ পুরুষঃ" প্রভৃতি ব'লে স্তব ক'রেছেন—যোগিগণ যাঁ'কে পরমাত্মরূপে লক্ষ্য করেন—যিনি ভূমা, সর্ব্বব্যাপী—যাঁ'কে খণ্ডিত করা যায় না—যাঁ'র নাভিনালে জন্ম ও মরণের মূল—ব্রহ্মাণ্ডসৃষ্টি ও প্রলয়কারী হিরণ্যগর্ভ রুদ্রদেব আছেন।

পশু, পক্ষী, কীট, পতঙ্গ যে কোন অবস্থায় থাকি না কেন, তাঁ'র আনুগত্য ব্যতীত আমরা বলবিহীন হ'য়ে থাকব। যিনি সর্ব্বশক্তিমান্,—যাঁ'হ'তে মানব পূর্ণ বিচারশক্তি লাভ ক'রে কৃষ্ণদর্শনের সুযোগ প্রাপ্ত হন—যিনি সুরাসুরবন্দ্য—সকল বেদ যাঁ'কে স্থিরনিশ্চয় করতে পারে না, তিনিই বলদেব। তাঁ'রই বাহুবল হ'তে এই জগৎ প্রকাশিত হ'য়েছে। সেই বলদেব প্রভু একমাত্র পালনকারী—সকল মঙ্গলের মূল-বিধাতা, তাঁ'র মূলবস্তু কৃষ্ণ স্বয়ংরূপ, স্বয়ং-প্রকাশ বলদেব প্রভুর সেব্য। তিনি সখা, ভাই, শয়ন, ব্যজন, আবাহন, গৃহ, ছত্র, বস্ত্র, ভূষণ, আসন প্রভৃতিরূপে কৃষ্ণের সেবা করেন। বলদেব, বলভদ্র, বলরাম প্রভৃতি শব্দ দ্বারা তাঁ'র সকল প্রকারের বলের কথা বলা হ'য়েছে। তাঁ'র অন্তরঙ্গা শক্তি হ'তে বৈকুণ্ঠ, গোলোক ও বৃন্দাবনাদি প্রকাশিত হ'য়েছে। তাঁ'র বহিরঙ্গাশক্তি-প্রণাম এই জড়ব্রহ্মাণ্ড; তাঁ'র তটস্থা শক্তিপরিণতি—অনন্ত জীবগণ।

যে প্রভুর কিঞ্চিৎ বল পেলে এই জীবকুল তাঁ'র আনুগত্যে পারমার্থিক বলে বলীয়ান্ হন—কৃষ্ণসেবা লাভ করেন, সেই বলদেব প্রভু— সন্ধিনীশক্তিমদ্বিগ্রহ; কৃষ্ণচন্দ্র—সম্বিদ্বিগ্রহ; তিনি—জ্ঞাতা ও জ্ঞেয়, তন্মধ্যে সন্ধিনীশক্তি। সচ্চিদানন্দবস্তু—বলদেব প্রভু, সচ্চিদানন্দবস্তু—কৃষ্ণচন্দ্র, সচ্চিদানন্দবস্তু—বার্ষভানবী—এঁ'রা সকলেই সচ্চিদানন্দস্বরূপ। সর্ব্বশক্তিমান্ বলদেব প্রভুতে সকল বিরুদ্ধ-ধর্ম্মের সমাবেশ আছে। বলদেব প্রভু চেতন-ময় বলের প্রদানকারী। অচিৎএর নিকট হ'তে আমরা যে বল—যে জ্ঞান লাভ করি, তা' যিনি ধ্বংস করতে পারেন, তাঁ'র নিকট হ'তে সত্যের সন্ধান পাওয়া যায়। বলদেবের বলে বলীয়ান্ না হ'লে এ সমস্ত বল ব্যর্থ হ'য়ে যায়—ইন্দ্রাদি দেবতাবৃন্দের সমস্ত বল ব্যর্থ হ'য়ে গিয়েছিল, বলদেবের বল লাভ না করায়। মানবজ্ঞানে যা' জানা যায়, তা' সঙ্কীর্ণ—বলদেবের বলের কিঞ্চিৎ আভাসময় অংশমাত্র।

গৌরসুন্দর ব'লেছেন—'তৃণাদপি সুনীচ' হও, বৃক্ষের ন্যায় সহগুণসম্পন্ন হও, নিজের চেষ্টায় বলবান্ হ'বার দুর্বুদ্ধি না ক'রে যিনি বলদাতা, সেই বলদেব প্রভুর আশ্রয় গ্রহণ কর। যাঁ'র বল তিনি বলদেব প্রভু, কৃষ্ণচন্দ্র বলদেবের অনুগত জন কর্তৃক সেব্য হ'তে ইচ্ছা করেন। বলদেব প্রভুর অনুগ্রহ ব্যতীত কৃষ্ণসেবা পা'বার উপায় নেই। যাঁ'রা বলদেব প্রভুর সেবক হ'তে পারেন, তাঁরাই প্রকৃত পক্ষে বলবান্ হন। আমরা যদি অন্য কার্য্যে নিযুক্ত হ'য়ে যাই, তা' হ'লে বলদেব প্রভুর সেবা ক'রবার পরিবর্ত্তে আমরা নিজেদের সেবাপ্রার্থী হ'য়ে যাই।

আমরা মনুষ্যজন্ম পেয়েছি, জগতের কোটি কোটি লোকের কথা শুনছি, কিন্তু তা'রা মরবে, তা'দের চিত্তবৃত্তির পরিবর্ত্তন হ'বে। যিনি সর্ব্বশক্তিমান্—যাঁ'র আনুগত্যে আমাদের সর্ব্ব অমঙ্গল দূর হ'বে—নিত্যকাল যাঁ'র কৃপা আমাদের উপর বর্ষিত হ'বে, সেই বলদেব প্রভুর আশ্রয় আমরা গ্রহণ করব।

হরিভজনকারী ব্যতীত অন্য লোককে পরামর্শদাতা মনে করিলে খুবই অসুবিধা হইবে। আমরা যে কোন ব্যক্তিকে গুরু বলিব না। পিতামাতা যদি হরিভজন করেন তবে গুরু হইতে পারেন। যিনি আমাদের নিত্যমঙ্গল দিতে পারেন না তিনি গুরু নহেন।

শ্রীকৃষ্ণের মন্দির—সঙ্কর্ষণ বলদেবের অভিন্ন প্রকাশ। শ্রীবলদেব শয্যা, আসন, আবাস, ছত্র, উপাধান প্রভৃতি রূপদেহে শ্রীকৃষ্ণের সেবা করেন। জীবের হৃদয়ই—ভগবানের মন্দির। শ্রীমদ্ভাগবত বলেন—"প্রাভঙ্ক্তা জীবমন্দিরম্।" ভগবানের ধাম ও মন্দিরাদি স্বয়ং-প্রকাশতত্ত্বের সেবাকার্য্য। যাঁহারা শ্রীমন্দিরকে বিষ্ণু মনে করেন, তাঁহারাই আস্তিক। মন্দির কেহ ভাঙ্গিতে পারে না। তাহা ভোগের বস্তু। ভগবত্তার ব্যাপারসমূহ ভোগের সামগ্রী নহে। আধ্যক্ষিকের চক্ষুর্দ্বারা দৃষ্ট এবং কর্ণদ্বারা শ্রুত শ্রীবিগ্রহ ও বৈকুণ্ঠশব্দে জড়বস্তু ও শব্দসামান্য বুদ্ধি উপস্থিত হয়। মাপিয়া লইবার বুদ্ধিকে ভোগবুদ্ধি বলে। শ্রীমন্দির ও শ্রীবিগ্রহকে যাহারা প্রাকৃত মনে করে, তাহারা অন্ধ। দিব্যজ্ঞানলাভ না হইলে শ্রীবিগ্রহ-অর্চ্চন ও শ্রীমন্দির-দর্শনাদি কিছুই হয় না। অহঙ্কারের দ্বারা গঠিত মন্দির অন্যে ভাঙ্গিয়া দিতে পারে, কিন্তু অপ্রাকৃত মন্দিরকে অভক্তগণ স্পর্শই করিতে পারে না। ভূতশুদ্ধির দ্বারা পৌত্তলিকতা নিরস্ত হয়।

যাহারা পাপিষ্ঠ, তাহাদিগের মহাপ্রসাদ, গোবিন্দ, শ্রীনাম ও বৈষ্ণবে বিশ্বাস হয় না। বিষ্ণুনাম, শিবনাম ও গণেশ নাম এক নহে। অপরাধিগণের আপাতিক অনিত্যবস্তুতে বিশ্বাস হইয়া থাকে।

বিরাট

নগর-সংকীর্ত্তন-শোভাযাত্রা

——:•:(•):•:——

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার প্রচারকেন্দ্র কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠের বার্ষিক মহামহোৎসবোপলক্ষে আগামী ২৫শে শ্রাবণ, ১০ই আগষ্ট রবিবার অপরাহ্ণ সাড়ে চারি ঘটিকার সময় শ্রীমন্দির হইতে একটী বিরাট নগরসংকীর্ত্তন-শোভাযাত্রা বাহির হইবেন।

সংকীর্ত্তন-শোভাযাত্রা কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার ষ্ট্রীট, অপার চিৎপুর রোড, শোভাবাজার ষ্ট্রীট, ষ্ট্রাণ্ড রোড, নিমতলা ষ্ট্রীট, দরমাহাটা ষ্ট্রীট, ক্লাইভ ষ্ট্রীট, হ্যারিসন রোড, আপার চিৎপুর রোড, মুক্তারাম বাবু ষ্ট্রীট, চিত্তরঞ্জন এভিনিউ, বারাণসী ঘোষ ষ্ট্রীট, কর্ণওয়ালিস ষ্ট্রীট, বাগবাজার ষ্ট্রীট, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট হইয়া পুনরায় শ্রীগৌড়ীয়মঠে প্রত্যাবর্ত্তন করিবেন।

সকলের যোগদান প্রার্থনীয়।

শ্রীগৌড়ীয়মঠে

শ্রীশ্রীল আচার্য্যদেব

——::(•)::——

গৌড়ীয়বৈষ্ণবাচার্য্যবর্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুর ব্রজমণ্ডল হইতে কৃপা-পূর্ব্বক কলিকাতা শ্রীগৌড়ীয়মঠে শুভবিজয় করিয়া নিরন্তর হরিকথাকীর্ত্তন করিতেছেন। তাঁহার শ্রীচরণ দর্শন ও শ্রীমুখের বীর্য্যবতী হরিকথা-শ্রবণের সৌভাগ্য পাইয়া মঠবাসী ভক্তবৃন্দের আনন্দের আর সীমা নাই।

কলিকাতার বিভিন্নস্থান হইতে প্রত্যহ বহু সুকৃতিশালী ব্যক্তি শ্রীমঠে আগমন করত তাঁহার শ্রীপাদপদ্ম দর্শন ও শ্রীমুখনিঃসৃত হরিকথা শ্রবণ করিয়া অত্যন্ত আনন্দিত ও উপকৃত হইতেছেন।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅখণ্ডন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক—শ্রীঅবধবন্ধিত দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভক্তবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীহরেরাম ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীসঙ্কীর্ত্তন দাসাধিকারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীধামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅদ্ভুতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠাসন
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চাব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধবগৌড়ীয়মঠ
বারিক্ষা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীরামলক্ষ্মণ ব্রহ্মচারী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদবাদ্ববিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহনদাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগাংবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীব্রজনাথ দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিকেতন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা মথুরা
সেবক—শ্রীরাধারমণ দাস

গোষ্ঠবিহারী মঠ
সেবশায়ী
পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীযদুনাথ দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীবনমালীদাস ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাজবাঁধ, বর্দ্ধমান
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ঝুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাডেষ্টার রোড, হাউড্ গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

লক্ষ্ণৌ গৌড়ীয়মঠ
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅভয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
নজরপুর (পঞ্জাব)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীভাববিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীবাজিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

———

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভব-আচার্য্য, এম্ এ মহোদয়ের শৌক্রগবেষণা এবং পরিপক্ব লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একবারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে মগ্ন হউন। ইহাই বিরাট আকারে ও অদ্বিতীয় গ্রন্থ মান চরিত নিখিল চিন্ত-সম্মত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুরম্য মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সংস্কৃত শব্দার্থ সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়াপেট্টা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্ত্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে ব্যাখ্যাত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা ও বর্ণানুক্রমে ভূমিকা ও সূচীসহ অভূতপূর্ব্ব সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণরূপে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,

শ্রীযুক্ত স্বপ্নেশ্বরঞ্জন দাস এম-এ, বি-এল,

পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সামঞ্জস্য প্রদর্শিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোড়শপেজী আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—২৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

বিজ্ঞাপন

'মেডিকেল ডিগ্রী' সংগ্রহ করুন

আয়ুর্ব্বেদিক হোমিওপ্যাথিক, ইউনানী,

ডিকশান প্রভৃতি পরীক্ষা ঘরে বসিয়া দিন।

বিনা খরচে প্রস্পেক্টাস লউন। ইংরাজী কিম্বা

উর্দ্দু ভাষায় পত্র ব্যবহার করিবেন।

প্রিন্সিপ্যাল ওভ ইণ্ডিয়ান

মেডিক্যাল কলেজ

আম্বালা সিটি

শুদ্ধভক্তিগ্রন্থমালা

১ শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র)
২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
৩। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৲
৪। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲ ; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০
৯। বৈষ্ণবদর্শন ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। হাবণ আদর্শ ॥০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৴০
২১। গৌড়ীয়-সাহিত্য ।৶০
২২। ভজন রহস্য ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী-টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল মাধ্বভাষ্য ॥০
২৭। মুকুন্দমালা স্তোত্রম্ (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৴০ বাঁধা ৸০)
৩০। দ্বীপ-দিগ্দর্শন ৵০
৩১ সাধনপথ (তৃতীয় সংস্করণ) ৵০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৴১০
৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা ৸০
৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২।০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক ৴১০
৪৬। অর্থপঞ্চক ৴১০
৪৭। সদাচারস্মৃতিঃ ৴১০
৪৮। কল্যাণকল্পতরু ৴১০
৪৯। অর্চ্চনকণ ৴০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৴০
৬০। সাংখ্যবাণী ৴০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২॥০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ॥০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৫। সটীকা-শিক্ষাষ্টকম্ ।০
৬৬। তত্ত্বত্রয়ম্ ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৵০
৬৮। গৌড়ীয়মঠস্য প্রচয়ঃ ৴০
৬৯। সারাংশদর্শনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥০
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ॥০
৭২। নামভজন ৴০
৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অন্টলজি ॥০
৭৪। রিলেটিভ ওয়ার্ডস্ ।৶০
৭৫। লাইফ য্যাণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০
৭৬। বৈষ্ণবীজম্ ॥০
৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴০
৭৮। দি ভাগবত ।০
৭৯। টকোা টক প্রিন্সিপাল এণ্ড আনরাগাগড ভিজ্ঞোণন ।০
৮০। ব্রহ্মসংহিতা ॥০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ২৲
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০
৮৫। সাধনপথ ।০
৮৬ কল্যাণকল্পতরু ৴১০
৮৭। গীতাবলী ৴১০
শরণাগতি ৴০
৮৯। প্রাসঙ্গিক নবাণী ।৶০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ॥০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ।০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম ও দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৶০	।৶০	।০
" " ইঞ্চি	২৲	১।।০	১।।০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৭৲	৭৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪।।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৫৲	১৮৲
" এক কলম	৬০৲	৫০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৴৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা-গ্রন্থ; এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মধুবা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ জয়দেবী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক আখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সু-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। ঐ গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মধুবা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ জয়দেবী, মাণিকগঞ্জ, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ বিবিধ পদানুবাদসহ মায়াপুর শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয়-সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ শরণাগতির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। বহুর বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ৷৷০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

					শনিবার ব্যতীত			
					শনিবার	অন্ত দিন		
কলিকাতা ছাঃ	৪-৫৬	৬-২১	৭-১৪	১৩-১৬	১৫-১৬	১৬-৫৬	১৭-৫৩	২৪-২৬
দমদম "	৪-৫৬	৬-৩১	৭-২৮	১৩ ২৯	.. ..	... .	১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯-১৮	১৪ ৫০	১৬-৪৮	১৮-০১	১৯-৩৩	০-৫৫
(বদল) ছাঃ	... ..	. ..	৯-৩১	..	.. ..	... .	. ..	.....
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৯	৮-৪০	১০-৬	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-৬	১৪ ৫০	১৭-৪০			২০-৩০	
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১০-২৫	১৮-১৫			২১-৫	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫-৩৩	১৮-২০			২১-১৩	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম "	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
" ছাঃ	১২-৫৬
শান্তিপুর পৌঃ	১৩ ২৪
(বদল) ছাঃ	১৩ ৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩৩

ডাউন

					শনিবার ব্যতীত			
					অন্ত দিন	শনিবার		
নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪		৯-১২		১৬-৩	১৬-৩১	১৮-৩৮	
মহেশগঞ্জ "	৬-২৩		৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৭		৯-৫৫		১৬-৪৬	১৭-১৪	১৯-২১	
(বদল) ছাঃ	৬-৩১	৭-১০	৮-৫২	১১-১৬	১৫-৪	১৬-৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪ ১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৪৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	......	......	.....	. ....	১৫-৫৬	১৭-৪২	.. ..	......
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১-২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ২০	১৭-৪৬	১৯-২৬	২১-৪০	২৩-১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪-১
মহেশগঞ্জ "	১৪-১০
কৃষ্ণনগর পৌঃ	১৪-৪৪
ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷৷০ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পত্র শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাজ্জিকে বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মঠবাসী সত্যানুসন্ধিৎসুগণ যে সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগবিরুদ্ধসিদ্ধান্তদলনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৷৷০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৩১।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখানহইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৷৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

ঠিকানা—১১নং উইলিয়ম রোড, কলিকাতা

বেহালা, ২৪ পরগণা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

Regd No. C 1544 .

মহতাং কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃতি ভাষ্যসহ প্রকাশিত হইয়াছে। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৵০

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুলপ্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৮০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ২২ শ্রীধর, গৌরাব্দ ৪৫৫, ২৪শে শ্রাবণ, বঙ্গাব্দ ১৩৪৮ ১৬ই আগষ্ট ইং ১৯৪১, শনিবার { ১৩১-৩২ তম সংখ্যা

শ্রীধামে শ্রীল রূপ প্রভুর বিরহ-মহোৎসব

—— ::(*):: ——

গত ৪ঠা আগষ্ট, ১৯শে শ্রাবণ শ্রীমন্মহাপ্রভুর নিজজন জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংসকুলচূড়ামণি অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীল রূপ গোস্বামী প্রভুপাদ ও শ্রীনিত্যানন্দপার্ষদ শ্রীশ্রীল গৌরীদাস পণ্ডিত ঠাকুরের বিরহ-মহোৎসব নিত্যানন্দাভিন্নবিগ্রহ গৌরজন শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপাশীর্ব্বাদ ও আনুগত্যে গৌরজন্মস্থলী শ্রীধাম মায়াপুরস্থ শ্রীচৈতন্যমঠে নিরন্তর হরিসংকীর্ত্তনমুখে সুসম্পন্ন হইয়াছে।

এতদুপলক্ষে শ্রীধামবাসী ভক্তগণ শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের জয়ধ্বনি সহকারে উচ্চসংকীর্ত্তনমুখে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীজীউর মঙ্গলারাত্রিক সমাপ্ত করিলে শ্রীঅবিদ্যাহরণ নাট্যমন্দিরে গুরুবৈষ্ণববন্দনা, গুরুপরম্পরা, পঞ্চতত্ত্ব ও কৃপাপ্রার্থনাসূচক মহাজনপদাবলী কীর্ত্তন হয়। তৎপরে শ্রীল ঠাকুর হরিদাসের নিত্যলীলাপ্রবেশ-প্রসঙ্গ শ্রীচৈতন্যচরিতামৃত হইতে পাঠ ও ব্যাখ্যা হয়। পাঠের পর মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হইলে ভক্তগণ মৃদঙ্গ, করতাল, বিচিত্র বর্ণের নিশান, শঙ্খ, ঘণ্টা প্রভৃতি সহ উচ্চসংকীর্ত্তন করিতে করিতে শ্রীঅন্তর্দ্বীপ-পরিক্রমা করেন। নগর-সংকীর্ত্তন শ্রীচৈতন্যমঠে প্রত্যাবর্ত্তন করিলে শ্রীঠাকুরের ভোগারাত্রিক কীর্ত্তনমুখে সম্পন্ন হয়। তৎপরে পুনরায় গুরুবৈষ্ণব-বন্দনা, পঞ্চতত্ত্ব ও 'যে আনিল প্রেমধন করুণা প্রচুর' এই কীর্ত্তনটী কীর্ত্তন হইলে শ্রীচৈতন্যমঠের অন্যতম অকপট সেবক শ্রীপাদ অনন্ত ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু দৈন্যের সহিত শ্রীগুরুবৈষ্ণবভগবানের কৃপাভিক্ষা করিয়া গুরুবর্গের বাণীর অনুসরণে আমাদের নিত্যারাধ্য শ্রীরূপ গোস্বামিপ্রভুর অসমোর্দ্ধ মহিমা ও কৃপার কথা প্রায় এক ঘণ্টা কাল কীর্ত্তন করিয়া শ্রীগুরুগৌরাঙ্গের প্রীতিবিধান করেন।

আজ আমাদের একমাত্র আশ্রয়স্থল, একমাত্র আশাভরসা, আমাদের যথাসর্ব্বস্ব শ্রীশ্রীল রূপ গোস্বামিপ্রভুর বিরহ-তিথিপূজা-বাসর। শ্রীরূপ গোস্বামী প্রভু ও তদভিন্ন শ্রীশ্রীল প্রভুপাদ ও অন্যান্য গুরুবর্গের বিরহ-ব্যথা আমাদের যত উপলব্ধির বিষয় হইবে, ততই আমরা রূপের পথে—সেবার পথে অগ্রসর হইতে পারিব। শ্রীরূপ ও শ্রীরূপানুগ-গণের পদধূলি হওয়াই আমাদের চরম আকাঙ্ক্ষার বিষয়। জন্মে জন্মে শ্রীরূপ প্রভু ও শ্রীরূপানুগগণের পাদপদ্মের ধূলি বা কৈঙ্কর্য্যই আমাদের স্বরূপ—আমাদের সর্ব্বস্ব।

আজ শ্রীল রূপ প্রভুর অপ্রকট-তিথি। এই তিথিতে শ্রীগৌরসুন্দরের অভিন্ন-মূর্ত্তি সেবক-ভগবান্ শ্রীল রূপ গোস্বামী প্রভু অপ্রকটলীলা আবিষ্কার করিয়াছেন। তিনি গৌরকরুণা-শক্তি—করুণার মূর্ত্তবিগ্রহ। ভগবদ্ভক্তগণ গৌরবিহিত সংকীর্ত্তনমুখে এই তিথির আরাধনা করেন। এই তিথির নাম সুমেধ-তিথি অর্থাৎ এই তিথি সকল সুমেধারই বরণীয়া—স্মরণীয়া—বন্দনীয়া।

ভগবদ্ভক্তের বিরহ-ব্যথা প্রতিমুহূর্ত্তে, প্রতি ক্ষেত্রেও সর্ব্বক্ষণ যত আমাদের উপলব্ধি হইবে, ততই কৃষ্ণকার্ষ্ণের সাক্ষাৎসেবা উপলব্ধি হইবে। গুরুবর্গের বিরহ যাহাতে তীব্রভাবে উপলব্ধির বিষয় হয়, তজ্জন্য কীর্ত্তনক্রন্দনমুখে সর্ব্বক্ষণ গুরুবর্গের নিকট কৃপাভিক্ষা করিবার ব্যাকুলতা আমাদের হৃদয়ে জাগুক।

জীবের পক্ষে কৃষ্ণের বিচ্ছেদগত ভাবই—কৃষ্ণের বিরহই স্বাভাবিক ভজন। বিরহের মধ্যেই—সংকীর্ত্তনের মধ্যেই অনুক্ষণ কৃষ্ণ-কার্ষ্ণের সঙ্গলাভের সুযোগ হয়। বিরহই সেবার পরাকাষ্ঠা। বিরহই ভক্ত। বিরহের ন্যায় সেবায় প্রগতিশালিনী বস্তু দ্বিতীয় আর নাই। বিরহই জীবকে কৃষ্ণকার্ষ্ণের নিকট লইয়া যায়। বিরহই ভজন। বিরহ দৈন্য-ময়। কৃষ্ণকার্ষ্ণবিরহকাতরতাই ভক্তের দৈন্য। তদ্ব্যতীত আর কিছু দৈন্য নাই। সেইজন্য বিরহিগণ বিরহ-দৈন্যে বিভূষিত হইয়া সর্ব্বক্ষণ কীর্ত্তন-ক্রন্দন করেন। সেই বিরহের মূর্ত্তবিগ্রহ আমাদের নিত্যোপাস্য শ্রীশ্রীল রূপ গোস্বামী প্রভু। তাঁহার মত এত বড় মহাবদান্য ও গৌরকৃষ্ণের এত প্রিয় আর কেহ নাই। তাঁহার কথাই আমাদের জীবাতু হউক, তাঁহার কৃপাই আমাদের অনুক্ষণ স্মরণীয় হউক। বিরহিনী প্রণয়িনী যেরূপ প্রণয়াস্পদের বিরহে কাতরা হইয়া সর্ব্বদা তাঁহার কথাই স্মরণ করিতে, কীর্ত্তন করিতে ও আলোচনা করিতে ভালবাসেন, তদ্রূপ কৃষ্ণবিরহকাতর ভগবদ্ভক্তগণ অনুক্ষণ কৃষ্ণকথা-শ্রবণ-কীর্ত্তন ও আলোচনাদিতেই রত থাকেন। তাই কৃষ্ণবিরহিনী গোপীগণ বলিয়াছেন,—

> তব কথামৃতং তপ্তজীবনং কবিভিরীড়িতং
> কল্মষাপহম্।
> শ্রবণমঙ্গলং শ্রীমদাততং ভুবি গৃণন্তি তে
> ভূরিদা জনাঃ।
> (ভাঃ ১০।৩১।৯)

হে কৃষ্ণ! যে সকল লোক বিরহ-তাপিত ব্যক্তিগণের জীবাতুস্বরূপ অপ্রাকৃত রসিকগণের আরাধিত, বিরহ-জড়-দুঃখ-বিনাশক, বিরহতাপিতগণের 'কর্ণরসায়ন, সর্ব্বশক্তিসমন্বিত তোমার কথামৃত বিস্তার করেন, তাঁহারাই প্রকৃতপ্রস্তাবে মহাবদান্য। হরিকথামৃত বিতরণকারীর মত সর্ব্বশ্রেষ্ঠ দাতা আর কোথায়ও নাই।

শ্রীরূপ প্রভু আমাদের শ্রীগুরুদেব। শ্রীগৌরকৃষ্ণ তাঁহার প্রেমবাধ্য। তিনি আমাদের ন্যায় রক্তমাংসের পিণ্ডবিশেষ নহেন। তিনি সচ্চিদানন্দবিগ্রহ। তিনি শ্রীচৈতন্যের মনোঽভীষ্টের প্রচারক। তিনি যে সে ভক্ত নহেন, তিনি গৌরশক্তি—শ্রীকৃষ্ণের স্বরূপশক্তি। তিনি অবতার অর্থাৎ প্রপঞ্চাতীত ধাম হইতে প্রপঞ্চে অবতীর্ণ। সেই বাস্তববস্তু শ্রীরূপপাদপদ্মের আশ্রয় বিনা কোন দিন কেহ হরিভজন করিতে পারেন নাই বা পারিবে না। তিনি শুদ্ধসত্ত্ব। চিদচিদ্রাজ্যে যত জীব আছে, শ্রীরূপের আনুগত্য ব্যতীত কাহারও অন্য গতি নাই—শ্রীরাধাগোবিন্দপাদপদ্ম পাইবার আর অন্য উপায় নাই। শ্রীরূপ প্রভু অভিধেয় বা ভক্তিরসের আচার্য্য—ভক্তিরসামৃতের মূল মহাজন। তাঁহার ন্যায় শ্রীরাধাগোবিন্দের এত ঘনিষ্ঠ সেবক আর কেহই নাই। তিনি তাঁহার সেবামাধুর্য্যে পরমমাধুর্য্যময় শ্রীরাধা-গোবিন্দকে মুগ্ধ করিয়াছেন। তাঁহার সেবার মাধুর্য্যে শ্রীরাধাগোবিন্দের নয়ন-মন মুগ্ধ—আকৃষ্ট। আমাদের শ্রীগুরুদেবও শ্রীরূপের অভিন্নমূর্ত্তি। পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্য-দেব ও শ্রীশ্রীল প্রভুপাদ রূপানুগবর। শ্রীরূপের বা শ্রীরূপাভিন্নবিগ্রহ শ্রীশ্রীল আচার্য্য-দেবের পদধূলিই আমাদের সত্তা, ইহা উপলব্ধি না হইলে আমাদের মঙ্গল হইবে না। শ্রীগুর্ব্বানুগত্য ছাড়িলেই বিষম-দর্শন হইবে। যেখানে বিষমদর্শন সেইখানেই সংসার। সমদর্শীই অদোষদর্শী, দোষদর্শীই বিষমদর্শী। বিষমদর্শিগণ দাম্ভিক। তাঁহারা কর্ম্মী, জ্ঞানী, অন্যাভিলাষী। যেখানে দম্ভ, সেইখানেই বিষম। স্বরূপশক্তি যোগমায়ার সহিত বর্ত্তমান

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্য্যামিরূপে শিখান আপনে॥

যে নন্দ-নন্দন তাঁহাকেই 'সব' বলা হয়। সমদর্শন পড়ু-অভিমান নাই। হরিসেবোন্মুখগণ শুদ্ধ চেতনময়ী সেবাবৃত্তিতে সর্ব্বত্র শ্রীভাবাস্ফ অর্থাৎ আমার দ্রষ্টা, আমার পরিচালক, বিভু, ব্যাপক বিষ্ণু বা বিষ্ণুবৈভব দর্শন করিয়া থাকেন। তাঁহারা নিজকে রক্ষাভাগ্য বলিয়া জানেন। তাঁহারা শুদ্ধ কৃষ্ণসেবার প্রত্যেক কার্য্য বা প্রত্যেক স্থানে কৃষ্ণের প্রায় কৃষ্ণাধিষ্ঠান বিভুরূপে- সেবকরূপে -সেবাস্বরূপে -পরিচালক বা চেতনস্বরূপে দর্শন করেন। তাঁহাদের ভোগদর্শন নাই। যাঁহাদের ভোগদর্শন বা দুর্দর্শন আছে, তাঁহারা শ্রীরূপের শ্রীপাদপদ্ম-নখশোভা দর্শন করিতে পারেন না। দুর্দর্শন কখনও সুদর্শনের প্রকৃত লিপ্ত হইতে পারে না। বিরহই সৌন্দর্য্য, আর সম্ভোগই কদর্য্য। যে হৃদয়ে সম্ভোগের গন্ধের লেশমাত্রও আছে, সেখানে সোনা কোন কথা নাই, শ্রীরূপের সঙ্গ ও [illegible] নাই। শ্রীরূপানুগগণের মধ্যে ভোক্তাভিমান বা দর্শাভিমান থাকিতে পারে না। জীবের আপনাকে দৃশ্য-অভিমানই তাহার পক্ষে শ্রেয়ঃ। দ্রষ্টৃ অভিমান জগতকে ভোগ্যজ্ঞান বা ভোক্তৃ-অভিমানে অহঙ্কারের অমঙ্গল লাভ হয়। জগতের প্রতি সেবাদৃষ্টিতে অনুপাদেয়তা বা ভোগ্যত্ব দূরে গিয়া সেব্যত্ব বা অপ্রাকৃতত্ব প্রকটন অর্থাৎ কৃষ্ণসংসার বা গোকুল দর্শনে জীবের নিত্যমঙ্গল ও কৃষ্ণেন্দ্রিয়তর্পণ। একমাত্র পরম ভোক্তা ও পরম দ্রষ্টার ভোগ্য বা দৃশ্য হইলেই মঙ্গল। আমি দ্রষ্টা নহি—দৃশ্য, আমি ভোক্তা নহি—ভোগ্য, শ্রীরূপের কৃপাভিখারিগণ এই বিচারে প্রতিষ্ঠিত। এই বিচারের বিপরীত বিচার যেখানে, সেখানে শ্রীরূপানুগত্য নাই।

শ্রীরূপপ্রভু শ্রীমন্মহাপ্রভুর অন্তরঙ্গ প্রিয় সেবকগণের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ। শ্রীচৈতন্যের প্রিয়ত্ব, দয়িতত্ব, প্রেম শ্রীরূপ গোস্বামী প্রভুতে রূপ ধারণ করিয়াছেন। শ্রীরূপ শ্রীচৈতন্যমহাপ্রভুর অনুরূপ—দ্বিতীয় রূপ—নিজাত্মরূপ। শ্রীরূপই একমাত্র প্রেমসেবক্তা—অদ্বিতীয় অন্তরঙ্গ সেবক। তিনি শ্রীচৈতন্যের অন্তরের গূঢ় রহস্যবেত্তা। অদ্বয়জ্ঞানের প্রণয়মূর্ত্তি হ্লাদিনীশক্তি শ্রীমতী রাধিকা! সেই হ্লাদিনীশক্তি যাঁহার প্রেমসেবায় সম্পূর্ণ বশীভূতা, সেই পরমশ্রেষ্ঠা সেবিকাই গৌরলীলায় শ্রীরূপ গোস্বামী প্রভু। শ্রীরূপের আশ্রয় ব্যতীত যাবতীয় রূপ—কুরূপ বা বিরূপ। পরমমুক্তগণের শেষ যে প্রেমনিষ্ঠ মথুরাবাসী, ব্রজবাসী [illegible], তাঁহারাও শ্রীরূপের কৃপার দ্বারা লালিত হইবার জন্য ব্যাকুল। অতএব [illegible] গোস্বামী প্রভুর শ্রীপাদপদ্মের অনন্য কৃপা ব্যতীত মাদৃশ দীনহীন কাঙ্গাল [illegible] পতিত জীবগণের অন্য কোন গতি নাই গতি নাই—গতি নাই।

শ্রীসনাতন শ্রীরূপের সেবায় আকৃষ্ট, আবার শ্রীরূপ শ্রীসনাতনের সেবায় প্রমত্ত। শ্রীশ্রীজীব-রঘুনাথ শ্রীরূপের অনুগামী। শ্রীল সনাতন গোস্বামী প্রভু শ্রীরূপ প্রভুর শ্রীগুরুপাদপদ্ম হইয়াও নিজেকে শ্রীরূপের অনুগ বলিয়া পরিচয় প্রদানপূর্ব্বক শ্রীরূপানুগগণের অসমোর্দ্ধত্ব স্থাপন করিয়াছেন,—

নমশ্চৈতন্যচন্দ্রায় স্বনামামৃতসেবিনে।
যদ্রূপাগ্রহণাদ্ যস্য তেজে ভক্তিময়ং ভবঃ॥
(বৃঃ ভাঃ)

যাঁহার শ্রীরূপের আশ্রয় হইতে এই ব্যক্তি উদীয়া ভক্তি লাভ করিয়াছে, সেই স্বনামামৃতসেবী শ্রীচৈতন্যচন্দ্রকে নমস্কার।

শ্রীরূপপ্রভু শ্রীমন্মহাপ্রভুর নিজজন। শ্রীমন্মহাপ্রভুর প্রতি যেরূপ ভক্তি কর্ত্তব্য, তাহা হইতে একটুকু ন্যূন পরিমাণ যদি শ্রীরূপ-সনাতনাদি গুরুবর্গের প্রতি প্রদর্শন করি, তাহা হইলে আমাদের শুদ্ধভক্তিতে অধিকার হইবে না। শ্রীচৈতন্যমহাপ্রভু ও শ্রীরূপপ্রভু অভিন্ন। ষড়্‌গোস্বামীর মধ্যে শ্রীরূপ, শ্রীসনাতন ও শ্রীশ্রীজীব প্রভুত্রয় শ্রীচৈতন্যের সেনাপতি। শ্রীরূপ ও শ্রীরূপানুগগণের পদধূলি দ্বারা যে স্থান অধ্যুষিত হয়, সেই স্থান ব্রহ্মাদিরও দুর্লভ বস্তু। তাঁহাদের চিন্ময় পদরজে অভিষিক্ত না হইলে সেবায় প্রতিষ্ঠিত হওয়া যায় না। প্রাণহীন দেহের যেরূপ কোন মূল্য নাই, তদ্রূপ শ্রীরূপের আনুগত্য ব্যতীত জীবস্বরূপের কোন সার্থকতা নাই। আত্মেন্দ্রিয়প্রীতিবাঞ্ছা যেখানে, সেইখানেই কুরূপ আর কৃষ্ণেন্দ্রিয়প্রীতিবাঞ্ছা যেখানে, সেইখানেই শ্রীরূপের আনুগত্যফলে জীবের সার্থকতা।

শ্রীরূপপ্রভুর নিকট সকলেই ঋণী। যাঁহাকে লইয়া ভগবানের ভগবত্তা, তিনিই শ্রীরূপপ্রভু। শ্রীরূপের পূর্ণ আনুগত্য করিয়াও কেহ শ্রীরূপের ঋণ শোধ করিতে পারেন না। আমাদের শ্রীরূপানুগ গুরুবর্গ সকলেই শ্রীরূপ-রঘুনাথপদের আশা ও আকাঙ্ক্ষা করিয়া থাকেন। শ্রীরূপের অনুগত জনই সর্ব্বসম্পদের অধিকারী। শ্রীরূপের কৃষ্ণভজনময় অসমোর্দ্ধ দশ-যুক্ত বৈরাগ্য অতুলনীয়। তিনি শ্রীকৃষ্ণানুশীলনের পূর্ণ আদর্শ বিগ্রহ। তিনি সাধারণের চক্ষে শ্রীসনাতন গোস্বামী প্রভুর শিষ্য হইলেও শ্রীসনাতন প্রভু শ্রীগৌরসুন্দরের শ্রীরূপের কৃপাকাঙ্ক্ষা করেন। শ্রীরূপ গোস্বামী প্রভু কীর্ত্তনসম্রাট্। যাঁহার গুণ-মহিমার কথা স্বয়ং ভগবান্ অনন্তমুখে বলিয়া শেষ করিতে পারেন না, তাঁহার কথা আমরা কি বলিব। তাই গুরুবর্গের বাণীর অনুকীর্ত্তনমুখে কৃপাপ্রার্থনাই আজ এবং সর্ব্বক্ষণ ও জন্ম জন্মে আমাদের নিত্য কৃত্য। শ্রীরূপের দয়ার তুলনা নাই। তিনি সমস্ত বিশ্বকে দয়া করিবার জন্য প্রস্তুত। আমরা তাঁহার কৃপাগ্রহণের জন্য প্রস্তুত হইলেই হইল। যাঁহারা শ্রীরূপের আনুগত্য করেন, তাঁহাদের স্বাতন্ত্র্য ও আনুগত্য দ্বারা শ্রীরূপের আনুগত্য, সঙ্গ ও কৃপালাভ হইবে। প্রেমবিভাবিত সেবোন্মুখ নিষ্কপট দৈন্যময় চিত্তে শ্রীরূপ গোস্বামী প্রভুর শ্রীপাদপদ্ম দর্শন হইবে। আমাদের ভজন-পূজন, সর্ব্বস্ব ও ইহ পরকাল যখন শ্রীরূপ গোস্বামী প্রভুর পাদপদ্ম হইবে তখনই আমরা শ্রীচৈতন্যকে পূর্ণরূপে দেখিতে পাইব। আমাদের একমাত্র আশাবন্ধ—আমাদের একমাত্র আকাঙ্ক্ষা—আমাদের একমাত্র অভিলাষ—শ্রীরূপের পাদপদ্ম। আর আমাদের সহায়-সম্বল কিছুই নাই। শ্রীরূপপ্রভু ও শ্রীরূপানুগ গুরুবর্গের বিরহ-সিন্ধুর একবিন্দুও যেন আমার হৃদয়কে কখনও স্পর্শ করে, ইহাই শ্রীগুরু-বৈষ্ণব-ভগবানের নিকট করজোড়ে কাতর প্রার্থনা।

আদদানস্তৃণং দন্তৈরিদং যাচে পুনঃ পুনঃ।
শ্রীমদ্রূপপদাম্ভোজধূলিঃ স্যাং জন্মজন্মনি॥

হরিকথা-কীর্ত্তনের পর 'শ্রীকৃষ্ণচৈতন্যপ্রভু দয়া কর মোরে' ও মহামন্ত্র কীর্ত্তন হইলে শ্রীধামবাসী ভক্তগণ সকলেই শ্রীকৃষ্ণগৌরাঙ্গের জয়ধ্বনি সহকারে বিচিত্র মহাপ্রসাদ সম্মান করেন। অপরাহ্ণে প্রায় এক ঘণ্টাকাল শ্রীল গৌরীদাস পণ্ডিত প্রভুর অতিমর্ত্ত্য পূত চরিতকথা আলোচনামুখে তাঁহার শ্রীপাদপদ্মে কৃপাভিক্ষা করা হয়। সন্ধ্যার পূর্ব্বেও ভক্তগণ শ্রীমন্দিরে গুরুবর্গের কৃপার কথা কীর্ত্তন করেন। সন্ধ্যারাত্রিকের পর শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীরূপ প্রভুর শ্রীচরিতসুধা শ্রবণপুটে পান করিয়া ভক্তগণ পরমানন্দিত ও পরমোপকৃত হন।

পাঠের পর মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

শ্রীল প্রভুপাদের হরিকথা

শ্রীনামকীর্ত্তন হইতেই তাঁহার রূপ-গুণ পরিকর-লীলার স্ফূর্ত্তি হইবে। বৈকুণ্ঠনাম-কীর্ত্তনের ফলে বৈকুণ্ঠরূপ, বৈকুণ্ঠগুণ, বৈকুণ্ঠ-পরিকর ও বৈকুণ্ঠলীলার উদয় হইবে। অপ্রাকৃত কৃষ্ণনামের শ্রবণ-কীর্ত্তনে যে নৈষ্ঠিকী রুচি এবং তদনুশীলনে যে আনুকূল্যময়ী শুদ্ধ চিত্তবৃত্তি, তাহাই ভক্তি। কৃষ্ণনাম কর্ণে, মুখে ও মনে অনুশীলন করিবার জন্য পাণ্ডিত্য, তপস্যা, বৈরাগ্যাদি সাধনশ্রম আবশ্যক করে না। বৈকুণ্ঠনাম কর্ণে প্রবেশ করিলে সেবোন্মুখ জীব স্থির থাকিতে পারে না এবং তাহার যাবতীয় অনর্থ বা অজ্ঞান দূর হইয়া যায়। কৃষ্ণের নাম উচ্চারণকারী ব্যক্তি শ্রীনামের কৃপায় নিজের চক্ষু কর্ণ প্রভৃতি ইন্দ্রিয়কে সম্পূর্ণরূপে তুচ্ছবিষয় হইতে নিবৃত্ত করিয়া এবং একমাত্র শ্রৌতবাণীকে আশ্রয় করিয়া ভগবৎসেবারাজ্যে অগ্রসর হইবেন।

শ্রীনাম প্রাকৃত ইন্দ্রিয়গ্রাহ্য নহেন। ভগবানের স্বরূপ বা বিগ্রহ বা নামকে প্রকৃতির অধীন বলিয়া বিচার হওয়াতেই আমাদের দুর্দ্দৈব উপস্থিত হইয়াছে অর্থাৎ সংসার-বন্ধন হইয়াছে। বৈকুণ্ঠনামের শুদ্ধ-অনুশীলন ফলে জীবের অনাবৃত্তি বা প্রকৃত মোক্ষ লাভ হয়।

বৈকুণ্ঠশব্দই আমাদিগকে প্রাকৃত অনুভূতি হইতে মুক্ত করিয়া প্রেমাঞ্জনচ্ছুরিত ভক্তিবিলোচনের দ্বারা শ্রীনামের অপ্রাকৃত রূপদর্শন-সৌভাগ্য প্রদান করেন। [illegible] অপ্রাকৃত শব্দব্রহ্মের দ্বারা নিয়মিত বা শাসিত না হইয়া যদি রূপদর্শন করিতে চাই, তাহা হইলে প্রাকৃত রূপের মোহে আমাদের পুনরাবৃত্তি বা বন্ধন হইবে।

কীর্ত্তনকারী শ্রীগুরুদেবের মুখনিঃসৃত নামশ্রবণ কর্ণবেধ হয়। শ্রীনাম সেবোন্মুখের কর্ণরন্ধ্রে প্রবিষ্ট না হইলে অপ্রাকৃত রূপদর্শন হয় না। শ্রবণের পর কীর্ত্তন হয়। যিনি শ্রীগুরুপাদপদ্মে শরণাগত হইয়া নিরন্তর কীর্ত্তনাখ্যা ভক্তি যাজন করেন, তাঁহার কীর্ত্তন বা সেবাপ্রগতি কখনও স্তব্ধীভূত হয় না।

আমরা দৈনন্দিন কালের বিভাগে প্রাতঃ-সন্ধ্যা, মধ্যাহ্ন-সন্ধ্যা ও সায়ংসন্ধ্যা পাইয়া থাকি। দিবাভাগে পূর্ব্বাহ্ণ, মধ্যাহ্ন ও অপরাহ্ণ—ত্রিবিধ কাল। আমাদের জীবনের অপরাহ্ণ আগতপ্রায়। সুতরাং কৃষ্ণের কৃপা-লাভের জন্য যত্ন করা কর্ত্তব্য। বাল-বৃদ্ধযুবা-নির্ব্বিশেষে সকলেই মনে করিতে পারেন যে, জীবনের অপরাহ্ণ সমাগত। কারণ, জীবন কখন শেষ হইবে তাহার নিশ্চয়তা নাই। নিঃশ্বাসের বিশ্বাস নাই। সুতরাং এইক্ষণ হইতেই হরিভজন আরম্ভ করা কর্ত্তব্য। কেহ কেহ বলেন, জীবনের পূর্ব্বাহ্ণ ও মধ্যাহ্ন সংসারের ভোগসুখে কাটাইয়া অপরাহ্ণ হরিভজনের জন্য যত্ন করা যাইবে। আয়ুর যখন নিশ্চয়তা নাই—তখন জীবনকে পূর্ব্বাহ্ণ, মধ্যাহ্ন ও অপরাহ্ণ ত্রিবিধভাগে ভাগ করিলে কোন্ ভাগে কত বর্ষ আছে কেহ বলিতে পারেন কি? পরক্ষণেই কি হইবে কে বলিতে পারে? জীবনের যে নিমেষগুলি চলিয়া যাইতেছে জগতের যাবতীয় অর্থ একত্র করিলেও তাহার একটীকেও আর ফিরিয়া পাওয়া যাইবে না এই সকল লক্ষ্য করিয়া সুদুর্ল্লভ মনুষ্যজীবনে ক্ষণকালও হরিভজন না করিয়া ছাড়িয়া দেওয়া উচিত নহে।

যাঁহারা অসুস্থ হইয়া জীবন-সন্ধ্যায় দীর্ঘকাল শারীরিক যন্ত্রণা ভোগ করেন তাঁহাদের পক্ষে জাগতিক সুখের হেয়তা অনুভব দ্বারা হরিভজনের প্রয়োজনীয়তা লক্ষ্য করিবার বিশেষ সুযোগ আছে। এই সুযোগের সদ্ব্যবহারই বা আমরা কয়জন করি? প্রভাতের স্নিগ্ধ সমীরণ কি সর্ব্বক্ষণ থাকিবে? যে কোনও ক্ষণে বাতাস বন্ধ হইয়া অশেষ যন্ত্রণা দিতে পারে। ভজনের সুস্নিগ্ধ সময় হারাইলে ত্রিতাপের অগ্নিকুণ্ডে প্রাণবায়ুর অবসান হইবে।

জগতের প্রাণীমাত্রেই বৈষ্ণব। যাঁ'রা স্বতঃকর্তৃত্ব প্রকাশ কর্ত্তে পারেন, তাঁ'রা বৈষ্ণব, আর যাঁ'রা স্বতঃকর্তৃত্ব প্রকাশ ক'রতে পারে না, তাঁ'রাও বৈষ্ণব। এই সকল বৈষ্ণবের সেবা একমাত্র মূল—যাহাতে সকল বস্তু আশ্রিত, সেই পুরুষোত্তম বিষ্ণু।

এই জগতে কতকগুলি বস্তু চেতন ও কতকগুলি অচেতন। চেতন ও অচেতন, সকল বস্তুর নিমিত্ত-কারণ অনুসন্ধানে বিভিন্ন লোকের বিভিন্ন প্রকার মনোধর্ম্মগত মত দৃষ্ট হ'য়ে থাকে। আমরা সেই প্রকার মনোধর্ম্মগত কোন বিচার অবলম্বন না ক'রে, শ্রৌতবাণীর আশ্রয় গ্রহণ ক'রব।

আমরা দৈর্ঘ্য, দীর্ঘ, প্রস্থ ও উচ্চ ভাব বুঝতে পারি, কিন্তু বিষ্ণুবস্তু ত্রিগুণের অন্তর্গত তৃতীয় মানের বস্তুবিশেষ নন। বিষ্ণুবস্তুর বাইরের দিকে একটা চেহারা আছে, সেটা জড়েন্দ্রিয়জ্ঞানের ক্রীড়াপুত্তলিমাত্র। তাঁ'র হ্লাদিনী, সন্ধিনী ও সম্বিৎ—এই ত্রিবিধ শক্তি আছে। চতুর্থমান হ'তে ঊর্দ্ধ বৈচিত্র্য বিষ্ণুতে অবস্থিত বলে ত্রিগুণ-বিচারে আবদ্ধ ভাবমাত্র বিষ্ণু, এরূপ নয় বুঝতে হ'বে।

যে জিনিষটাকে ইহজগতে পাওয়া যায়, তাহা বৈরাগ্যবিশিষ্ট নয়। যদি বিষ্ণুকে ইহজগতে পাওয়া যে'ত, তা'হ'লে তাঁ'কে সমগ্র বৈরাগ্যের আধার বলা যেত না। তা' হ'লে তিনি 'অষ্টপাশবদ্ধ' আমাদেরই ন্যায় দেবমাত্র হ'তেন—কিন্তু তিনি মায়াধীশ। সমগ্র বৈরাগ্য তাঁ'র আশ্রিত। তাই তাঁর নাম অধোক্ষজ।

আমি যা' বুঝে উঠতে পারি, আমার যা' ভাল লাগে, আমাকে যে খোসামোদ করে, তা'কে আমি ভাল বলবো, তা' না হ'লে—তাকে বরখাস্ত ক'রবো—এটা প্রেয়ঃকামীর কথা, ভাগবতের কথা—শ্রেয়ের কথা—হরিতকীর মত। ভাগবতগণ এই শ্রেয়ঃকথা কীর্ত্তন ক'রে বেড়ান।

সকল কারণের কারণ কৃষ্ণ। তিনি ব্রহ্মের কারণ, পরমাত্মার কারণ—যাবতীয় বিষ্ণুতত্ত্বের কারণ। কৃষ্ণকে ইতিহাসের আগামী মনে করলে কৃষ্ণের অনুসন্ধান হ'ল না। জড় বিচারককে কৃষ্ণমায়ায় আচ্ছন্ন হ'য়ে যে'তে হয়। যত্ন ক'রে অহরহঃ কৃষ্ণপ্রেষ্ঠ মহাভাগবতের নিকট হরিকথা-শ্রবণ ছাড়া, তাঁ'র সেবা ছাড়া মঙ্গলের আর দ্বিতীয় উপায় নাই। বর্ত্তমানে, আমাদের নিত্যবৃত্তি বিকৃতরূপে বিভিন্ন বস্তুতে ছড়িয়ে প'ড়েছে।

ব্যভিচার বৃত্তিদ্বারা কখনও সেবা হয় না। সেবা জিনিষটা অব্যভিচারিণী, অহৈতুকী, অপ্রতিহতা আত্মবৃত্তি। বেদান্ত-বোধই হ'তে পারে না, গুরুপাদপদ্মের অব্যভিচারিণী সেবা ব্যতীত। ভগবদ্ভক্ত ব্যতীত কেহ গুরুই হ'তে পারেন না—এটা গোঁড়ামির কথা নয়, বাস্তবসত্য।

—

দুই একটী কথা

——::*::——

কাণের দ্বারা শ্রীগুরুসেবা, সাধুসেবা হয়। শ্রীকৃষ্ণ শব্দরূপে সেবা গ্রহণ করেন। শ্রীগুরু-মুখে শ্রীকৃষ্ণ শব্দরূপে আমাদের সেবা গ্রহণ করেন। আমি শ্রীকৃষ্ণের সেবাভিন্ন আর কিছুই করিব না—এই উদ্দেশ্যে শ্রীগুরুদেবের নিকট আত্মসমর্পণ করিতে হয় অর্থাৎ 'কৃষ্ণ আমি তোমার'—এই কথা বলিতে হয়। গুরুদেব তখন আমাকে কৃষ্ণসেবায় নিযুক্ত করেন। আমি যে সেবাই করি না কেন, আমার একমাত্র উদ্দেশ্য হইবে—শ্রীগুরুমুখে কৃষ্ণকথা শ্রবণ দ্বারা কৃষ্ণের সহিত সেবা সম্বন্ধ লাভ করা। এই সম্বন্ধ লাভ হইলে কৃষ্ণ আমার মুখে শব্দরূপে উদিত হইয়া আমার সেবা গ্রহণ করিবেন। শ্রীকৃষ্ণ একবার এইরূপভাবে আমার জিহ্বায় উদিত হইলে আমার সকল অজ্ঞান দূর হইয়া শ্রীকৃষ্ণ-পাদপদ্মের সেবায় ঐকান্তিকী মতি হইবে। তখন কৃষ্ণকথা শুনিবার জন্য আগ্রহ হইবে। সকল কার্য্য ও চিন্তার মধ্যে শ্রীগুরুমুখে যে কথা শুনিয়াছি, তাহাই স্মরণ হইবে। আমি কেন রান্না করিতেছি? কেন প্রসাদসেবা করিতেছি? কেন নিদ্রা যাইব? প্রাতে শয্যাত্যাগ করিয়া কেন শ্রীগুরুদেবের সম্বন্ধে চিন্তা করিব? তাঁহার সম্বন্ধে কিরূপ ভাবে চিন্তা করিব?—এই সব প্রশ্ন সর্ব্বদা মনে হইবে এবং যতক্ষণ পর্য্যন্ত ইহার ভাল উত্তর না পাওয়া যায় ততক্ষণ চিন্তা প্রবল থাকিবে। বক্তৃতা, পাঠ, কীর্ত্তন, শ্রবণের সময়েও এই সব চিন্তাই মনে উদয় হইবে। শ্রীগুরুদেবের নিকট যাইবার একমাত্র উদ্দেশ্য হইবে, তাঁহার শ্রীমুখে কৃষ্ণকথা শুনিবার জন্য। তিনি যখনই কোন কথা বলিতেছেন, তখনই শতকার্য্যের মধ্যেও মন তাঁহার কথা শুনিবার জন্য ব্যাকুল হইবে। শ্রীগুরুদেব সর্ব্বক্ষণ কৃষ্ণসেবায় নিযুক্ত আছেন। তাঁহার কত সেবাকার্য্য। আমার মত কীটাধমের জন্য তিনি কৃষ্ণসেবা ছাড়িয়া দিতে পারেন না। সে জন্য তাঁহার ভজনের অবকাশ সময়ে তিনি যদি দয়া করিয়া আমাকে কৃষ্ণকথা বলেন, তজ্জন্য আমি ধৈর্য্য অবলম্বন করিয়া সর্ব্বদাই তাঁহার শ্রীপাদপদ্মের নিকট নিষ্কপট-ভাবে অবস্থান করিব। ব্যস্ত হইয়া অন্য কার্য্যে দৌড়াদৌড়ি করিব না। অন্য কার্য্য খুব তাড়াতাড়ি সম্পন্ন করিব। যাহাতে তাঁহার নিকট অধিকক্ষণ কথা শুনিবার জন্য নিষ্কপটভাবে থাকিবার সৌভাগ্য হইতে পারে, ইহাই একমাত্র উদ্দেশ্য হইবে। শ্রীগুরুমুখে কৃষ্ণকথাই—শ্রীকৃষ্ণ। শ্রীকৃষ্ণের চরণে মতি হইলে মনুষ্যজীবন সার্থক হইবে। শ্রীগুরুসেবার দ্বারাই কৃষ্ণের সহিত সম্বন্ধ হইবে। কৃষ্ণের সঙ্গে সম্বন্ধ হইলে কৃষ্ণদাসগণের সঙ্গেও সম্বন্ধ হইবে। তখন তাঁহাদের সেবা লাভ হইবে।

হরিকথা শুনিবার জন্য শ্রীগুরুদেবের নিকট দুই চারি ঘণ্টা বসিয়া থাকিলে তাঁহাকে উদ্বেগ দেওয়া হইবে না। সেবা ব্যতীত অন্য উদ্দেশ্যে এক মিনিটের জন্যও তাঁহার নিকট গমন করিলে তাঁহাকে উদ্বেগ দেওয়া হয়। আমাকে তাঁহার নিকট নিষ্কপটে তাঁহার কথা শুনিবার জন্য যাইতে হইবে এবং তজ্জন্য সর্ব্বক্ষণ ধৈর্য্যের সহিত তাঁহার নিকট অবস্থান করিতে হইবে। অন্য সমুদয় উদ্দেশ্য পরিত্যাগ করিতে হইবে। অন্য উদ্দেশ্যে যদি তাঁহার নিকট গেলে কিংবা তাঁহার নিকট অবস্থান করিলে তাঁহাকে উদ্বেগ দেওয়া হয়, তজ্জন্য সেই রকম ভাবে তাঁহার নিকট যাইতে হইবে না, যাহাতে নিষ্কপটে তাঁহার নিকট সর্ব্বদা যাইতে পারা যায়, তজ্জন্য তাঁহার নিকট গিয়া তাঁহাকে জানাইতে হইবে। কৃষ্ণের সঙ্গে সম্বন্ধ হইলে 'আমি নিত্য কৃষ্ণদাস'—ইহা জানিতে পারা যাইবে। তখনই দেহাত্মবুদ্ধির হস্ত হইতে পরিত্রাণ পাওয়া যাইবে এবং অপ্রাকৃত দেহে শ্রীকৃষ্ণের নিত্যসেবা লাভ হইবে। কপটী ব্যক্তির সঙ্গ কখনও করিতে হইবে না। যাঁহারা কায়মনোবাক্যে নিষ্কপটে কৃষ্ণসেবা করিতে চান না, তাঁহারাই কপট। যাঁহারা মুখে মুখে কৃষ্ণসেবা করিতে চান, কিন্তু কাজের বেলা ঠিক তাহার বিপরীতভাবে চলেন এবং কখনও নিষ্কপটে শ্রবণ-কীর্ত্তনে যোগদান করেন না, কিম্বা অন্য অসদুদ্দেশ্যে শ্রবণ-কীর্ত্তনের আড়ম্বর করেন, তাঁহারাই কপট। তাঁহাদের সঙ্গ দুঃসঙ্গ-জ্ঞানে পরিত্যাগ করিতে হইবে। তাহা না করিলে কোমলশ্রদ্ধ ব্যক্তির শ্রদ্ধা নষ্ট হইয়া যাইবে।

ভগবজ্জ্ঞান লাভ করার মূল শুধু ভগবৎ-কৃপা ইহা উপলব্ধি না করা পর্য্যন্ত অনেক অসুবিধা উপস্থিত হয়। যুক্তিদ্বারা বুঝিতে গিয়া স্থির সিদ্ধান্তে উপনীত হইতে পারা যায় না। যুক্তি-বিচারকে যদি ভক্তির অনুগত করিয়া লওয়া যায়, তাহা হইলে সেই বিচারের আবশ্যকতা আছে। জগতের নিকট এই 'কৃপা' জিনিষটাই মূল্যহীন।

শুদ্ধভক্ত ভগবদ্ভজনকারীর নিবেদিত বস্তু ছাড়া প্রসাদ হয় না। দৃঢ়তাকেই আঁকড়াইয়া ধরা প্রয়োজন, নতুবা মায়ার আক্রমণে রক্ষা পাওয়া কঠিন। জগতের লোকের সঙ্গে আমাদের ভক্তিবৃত্তির প্রাতিকূল্য ভাবের দরকার নাই। হরিসেবার অনুকূল যতটুকু ভদ্রতা রাখা দরকার, সেটুকুই করিতে হইবে।

পথ দুইটী—শ্রেয়ঃপথ ও প্রেয়ঃপথ। একটী পরমমঙ্গলের পথ, অপরটী মহা অমঙ্গলের পথ। সৌভাগ্য, সুকৃতি অনুসারে এই দুইটী পথই জীব আশ্রয় করিয়া থাকে। বুদ্ধিমান্ ব্যক্তি এই দুই পথের কথা সম্যগ্‌ভাবে বিবেচনা করিয়া শ্রেয়ঃপথ আশ্রয় করেন। এই দুই পথের একটি মুক্তির কারণ, অপরটী বন্ধনের পথ। বিবেকহীন—বুদ্ধিহীন জনগণ প্রেয়ঃপথকেই পরম শ্রেয়-জ্ঞানে গ্রহণ করিয়া থাকে। যাঁহারা শ্রেয়ঃপন্থী—ভক্তপন্থী—স্বসুখবাঞ্ছাপরিত্যাগী ভগবৎ-সেবাভিলাষী, তাঁহাদের সর্ব্বপ্রকারের অনুষ্ঠানই ভগবানের সুখবিধানপর। এই অন্যাভিলাষশূন্য, অনন্যচিত্ত ভগবদ্ভক্তগণ একমাত্র ভগবৎসেবার জন্যই তাঁহাদের কায়মনোবাক্য নিযুক্ত করিয়া থাকেন, তাঁহার সেবা ব্যতীত অন্য কিছুই প্রার্থনা করেন না।

———

সেবা-প্রগতি

——::*::——

সেবাবৃত্তি নিরন্তর বর্দ্ধনশীল। সেবা নিরন্তর গত্যাত্মিকা— অপ্রাকৃতা ও গুণাতীতা। সেবা আত্মার বৃত্তি। আত্মা চেতন। চেতনের স্বভাবই গতিশীলতা আর জড়ের স্বভাব—গতিহীনতা। জড়ের যে কখনও কখনও গতিশীলতা প্রতীত হয়, তাহাও চেতনাভাসের সম্পর্কজনিত। প্রাচীন ন্যায়ের "লৌহ যৈছে অগ্নিশক্ত্যে করয় জারণ" বাক্য অথবা [illegible] ক্ষিতির আধ্যাত্মিকাই তাহার প্রমাণ। জড়ের স্বতন্ত্র গতিশীলতা নাই, চেতন বা চেতনাভাসের সংযোগেই জড়ের গতি লক্ষিত হয়।

জড় বা অচেতনের ধর্ম—জড়ভাব। দেহ-মন অচেতন। দেহমনের বৃত্তি—কর্ম্ম। কর্ম্ম পঞ্চভূতপ্রভাবে জড়ভাবযুক্ত হইয়াও চেতনাভাসের সম্পর্কজনিত সাময়িক গতিশীলতা লাভ করে। কর্ম্ম করিতে করিতে মানুষের বিরক্তি আসিবেই আসিবে। মানুষ একপ্রকার কর্ম্ম—একঘেয়ে ভাব লইয়া বহুদিন জীবন ধারণ করিতে পারে না—তৃপ্তি শান্তি পায় না। কর্ম্মপ্রবৃত্তির [illegible] কর্ম্মবৈচিত্র্যের একটা সাময়িক পরিবর্ত্তন থাকিতে অনেক সময় তৎক্ষণাৎ বিরক্তি উপস্থিত না হইলেও কোনদিন না কোনদিন [illegible] কর্ম্মে বিরক্তি উপস্থিত হয়। যদি কোন ভাগ্যক্রমে বৈষ্ণব-কৃপাবলে জীবের সেবাবৃত্তি বিকশিত হইয়া পড়ে, তখনই শ্রীচৈতন্যপাদপদ্ম সম্পর্কে সেবাস্রোত প্রবাহিত হইতে থাকে। অপ্রতিহত গতিতে সেবাপ্রবৃত্তি প্রত্যেক জীবেরই আছে। [illegible] তাহার প্রকাশ করা প্রয়োজন।

যাঁহার [illegible] সেবাস্রোত চালিত হইয়াছে, তাহার সেই অপ্রতিহত স্রোত [illegible] হইবার নহে। [illegible] মেরু-মন্দার হিমাদ্রি [illegible] কথা চতুর্দ্দশ ব্রহ্মাণ্ডের কোনপ্রকার প্রতিবন্ধকের পক্ষে তাহার সেই সেবাস্রোত রুদ্ধ করিতে পারে না। যদি সেই সেবা-সাগরের উচ্ছলিত তরঙ্গের সম্মুখ কোন প্রতিবন্ধকের পাহাড় মস্তক

সাধুসঙ্গ, 'সাধুসঙ্গ' সর্ব্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়॥

উন্নত করিয়া উপস্থিত হইবার চেষ্টা করে, তাহা হইলে সেই সেবনতৃষ্ণ লোকে উহা তৃণের ন্যায় পলিয়া যায়। আমরা সেবা-সিদ্ধগণের চরিত্রে এরূপ উদাহরণ লক্ষ্য করিবার সৌভাগ্য পাইয়াছি। কিন্তু যেখানে সেবাসিদ্ধি হয় নাই, সবার আপাদমস্তক আবৃত হইয়াছে, সেই স্থানে মায়ার্ধীন অনাবৃত ভাবে বিকশিত না হওয়ায় দেহমনের আবরণ সেবাকে স্তব্ধ করিয়া দিবার যোগ্যতা প্রকাশ করে। যেখানে কর্মাধিক বা জ্ঞানবিদ্ধ সেবাভাস দেখা যায়, সেখানে আচিরেই আভাসটী বিনষ্ট হইবার যোগ্যতা রাখে। গুরুপাদাশ্রয়ের অভাবে কর্ম্মবীর ও ব্রহ্ম-সেবকাভিমানের দীক্ষায় দীক্ষিত হইবার অভিনয়ের পরও এইরূপ সেবাস্তব্ধভাব উপস্থিত হইয়া থাকে।

অনেক সময় দেখিতে পাওয়া যায়—অনেক সেবাপর ব্যক্তি প্রথমযুগে যেন একটা প্রবল গৌরব লাভ করিয়া সেবার প্রদর্শন করিয়া সেবায় ঝাঁপাইয়া পড়ে। কিছুকাল এরূপ গতিশীলতা দেখাইবার পর তাহাতে আবার সেবাস্তব্ধভাব আসিয়া উপস্থিত হয়। তখন প্রারম্ভ সময়ের গতিশীলতা আর তাহাতে লক্ষিত হয় না। ক্রমে সেই ব্যক্তি নিরুৎসাহ ও স্তব্ধপ্রায় হইয়া পড়ে। যেখানে এইরূপ সাময়িক তরঙ্গায়িত ভাব ও তরঙ্গের অবসান লক্ষিত হয়, সেখানে জানিতে হইবে, প্রকৃত সহজ আত্মবৃত্তির উদয় হয় নাই। কর্ম্মফলের আপাত বিরাগ ও ত্যাগ তাহার হৃদয়ে সুখপ্রাপ্তির সাময়িক আকাশ-কুসুম আকাঙ্ক্ষা করিয়া তাহাকে ক্ষণিক উচ্ছ্বাস তরঙ্গে প্রণোদিত করিয়াছে মাত্র। সাময়িক উচ্ছ্বাসের উদ্গমন কিছুকালের মধ্যেই শান্ত হইয়া গেলে তাহার সেই সেবা-চেষ্টাভাসও স্তব্ধ হইয়া যায়। দেহমনের আবরণে আবৃত হইয়া তাহাতে যে সাময়িক উচ্ছ্বাসময় সেবাভাস লক্ষিত হইয়াছিল, তাহা উত্তেজনা হারাইয়া স্তব্ধভাব অবলম্বন করে।

কর্ম্মরাজ্য ব্রহ্মাণ্ডে ভ্রমণ করিতে করিতে কোন মহাভাগ্যবান্ জীবের যখন কর্ম্মের স্রোত অনাস্থা উপস্থিত হয়, তখন তিনি নিত্যা অপ্রতিহতা সেবালতিকার বীজ প্রাপ্ত হইবার জন্য কৃষ্ণপ্রেরিত কৃষ্ণপ্রেষ্ঠ শ্রীগুরুদেবের শ্রীপাদপদ্মে উপনীত হন। শ্রীগুরু-কৃষ্ণপ্রসাদে সেই সেবাবীজ হৃদয়ক্ষেত্রে আরোপিত হয়। তিনি নিত্য সেবার কথা শ্রবণকীর্ত্তনরূপ জলসেকের দ্বারা সেবাগতিশীলা সেবালতাকে সমৃদ্ধি করিতে থাকেন। সেই প্রগতিশীলা লতা কখনও তার হাতে নিশ্চেষ্ট হইয়া বাস্য থাকিতে পারে না। কর্ম্মের ধাম ব্রহ্মাণ্ড ভেদ করিয়া তাহার গতিশীলতা প্রকাশ করে। ক্রমে যেখানে মিশ্রসত্ত্ব, রজঃ ও তমোগুণের অনিত্য গতি বিগত হইয়াছে, সেই বিরজার জলনিধিতে লতা আসিয়া উপস্থিত হয়। বিরজাতে গতিশীলতার স্বচ্ছন্দক্রীড়া সম্ভব নহে বলিয়া বিরজা অতিক্রমণ পূর্ব্বক ব্রহ্মলোকে উপনীত হয়। নির্ব্বিশেষ ব্রহ্মলোকে সেবালতার গতিশীলতা স্তব্ধ হইবার সম্ভাবনা থাকায় এবং লতার আশ্রয়োপযোগী ও গতিশীলতা-বর্দ্ধনকারী বৃক্ষ না থাকায় সেবালতা ব্রহ্মলোক অতিক্রম করিয়া পরব্যোমে প্রবেশ করে। পরব্যোমের ঊর্দ্ধগোলোকে সেই লতা তাহার প্রগতিশীলতার নবনবায়মান প্রেরণা-প্রদানকারী কৃষ্ণচরণ কল্পবৃক্ষে আরোহণ করিয়া অফুরন্ত নিত্য গতিশীলতার সাম্রাজ্য আবিষ্কার করে।

যদি সেবাবীজের অঙ্কুরোদ্গম বা কিঞ্চিৎ বর্দ্ধমান অবস্থায় গুরুবৈষ্ণবচরণে অপরাধরূপ মত্তহস্তী মহাদুর্দ্দৈবক্রমে আসিয়া পড়ে, তাহা হইলে উহা কোমল অঙ্কুর ও ঈষৎ-বিকশিত লতিকাকে একেবারে মূলের সহিত উৎপাটন করিয়া দেয় এবং লতা শুষ্ক হইয়া অস্তিত্ব হারাইয়া ফেলে। সেবালতার বৃদ্ধি-কালে যদি কোনপ্রকারে লতার সহিত ভোগ কামনা, মোক্ষকামনা, নিষিদ্ধাচার, কপটতা, জীবহিংসা, আত্মভোগের জন্য ধনাদিপ্রাপ্তি বা তৎসংগ্রহের বাসনা লোকের নিকট হইতে পূজা পাইবার আশা বা প্রতিষ্ঠাপ্রিয়তা প্রভৃতি উপশাখাসমূহ উদিত হয়। তাহা হইলে সেইসকল পাওয়া উপশাখাগুলিই বর্দ্ধিত হইতে থাকে, মূল শাখাটী স্তব্ধ হইয়া যায় আর বাড়িতে পারে না।

সাধক হৃদয়-ক্ষেত্রে সেবালতার বীজ প্রাপ্ত হইলেও যদি সতত সাবধান না থাকেন—সতত নিষ্কপটে গুরুবৈষ্ণবসেবায় অভিনিবিষ্ট না থাকেন, অনুক্ষণ সৎসঙ্গে সেবা-প্রাণতার আগুন প্রজ্বলিত করিয়া না রাখিতে পারেন, তাহা হইলে অনর্থময় ঝাড় আসিয়া নিষিদ্ধাচার, কুটিনাটি, জীবহিংসা, লাভ পূজা-প্রতিষ্ঠা, ভুক্তি-মুক্তিবাঞ্ছায় সেবাপ্রগতিকে স্তব্ধ করিয়া দিবে। অধিক কি, জীবন্মুক্ত দশার সম্মুখে উপস্থিত হইয়াও হরিগুরুবৈষ্ণব-চরণে অপরাধ বা কোনপ্রকার ভুক্তিমুক্তি-কামনাধারা অভিভূত হইলে জীবের সেবা-গতিশীলতা স্তব্ধ হইবার দৃষ্টান্ত দেখা যায়—

জীবন্মুক্তা অপি পুনর্বন্ধনং যান্তি কর্ম্মভিঃ।
যদ্যচিন্ত্যমহাশক্তৌ ভগবত্যপরাধিনঃ॥

অচিন্ত্য মহাশক্তিসম্পন্ন শ্রীভগবানের নিকট অপরাধ হইলে জীবন্মুক্ত ব্যক্তিগণও তাঁহাদের কর্ম্মধারা পুনর্ব্বার বন্ধনই প্রাপ্ত হন। কিন্তু ভগবানে একান্ত নিষ্ঠাসম্পন্ন যোগিগণ কখনও কর্ম্মবাসনায় বিচলিত হন না।

ভুক্তিকামের ন্যায় মুক্তিকাম থাকিলেও সেবাবীজ সেই ক্ষেত্রে স্থায়িভাব লাভ করিতে পারে না। মুক্তিকামিগণ কোন কোন সময়ে সাময়িক সেবার ছলনা প্রদর্শন করিয়া বিমুক্ত অভিমানে সেবাগতিকে স্তব্ধ করিয়া ফেলেন। তাঁহারা বহু কৃচ্ছ্রসাধ্য কর্ম্মতপস্যায় তপস্বী হইয়া আপনাদিগকে 'জীবন্মুক্ত' কল্পনায় সেবাগতির অনাবশ্যকতা বোধ করেন। যে মুহূর্ত্তে তাঁহারা সেবা-স্তব্ধ-ভাবকে বরণ করেন, সেই মুহূর্ত্তে কর্ম্মতপস্যার শিখরদেশ হইতে পতিত হইয়া পাষাণসমাধি লাভ করেন। কিন্তু যাঁহারা ভক্তিলতিকার প্রগতিকে শ্রবণকীর্ত্তনজলে নিত্য নবনবায়মান সমৃদ্ধিতে বরণ করিতে থাকেন, তাঁহাদের সেবাবৃত্তি কোন দিনই স্তব্ধ হয় না।

কল্যাণকামী সাধক প্রত্যহ আত্ম-পরীক্ষা করিয়া দেখিবেন, তাঁহার সেবা-বৃত্তি গতিশীলতাপ্রাপ্ত হইতেছে, কি হ্রাস হইতেছে অথবা হ্রাস ও গতিশীলতার মধ্যবর্ত্তী স্তব্ধভাব অবলম্বন করিতেছে। সেবা-স্তব্ধভাব অনেকটা তটস্থভাবের ন্যায়। তটস্থাবস্থায় কাহারও অবস্থান হইতে পারে না। যদি সেবা প্রত্যাগতি পথে পরিচালিত না হয়, তাহা হইলে উহার সাময়িক স্তব্ধভাব ক্রমশঃ সেবা পরাক্ গতিতে অর্থাৎ ক্রমে ক্রমে একান্ত সেবাবিমুখতা পরিণতি লাভ করিবে। কাজেই সেবা-স্তব্ধতাবর্ত্তী সাধকের পক্ষে বড়ই আশঙ্কাজনক। প্রতিমুহূর্ত্তে সেবালতিকা শ্রীগুরুকৃষ্ণকৃপায় শ্রবণ-কীর্ত্তনজলসেকে সমৃদ্ধ, পল্লবিত বিকশিত ও পত্রপুষ্পাদিতে সুশোভিত না করিতে পারিলে সাধকের পরিত্রাণ নাই। সাধক সর্ব্বদা আপনার উপর তীক্ষ্ণদৃষ্টি রাখিয়া—গুরুবৈষ্ণবের তীক্ষ্ণদৃষ্টির নিকট পরীক্ষিত হইয়া সেবাগতির উত্তরোত্তর উন্নতির পথে বিচরণ করিবেন। মুহূর্ত্তের জন্যও যেন সেবাস্তব্ধভাব হৃদয়ে উদিত হইয়া সেবা-বিমুখতার দিকে গতিশীলতা আনিয়া না দেয়। সৎসঙ্গাবাসে বাসের একটী অমোঘ ফল এই যে, সেখানে সর্ব্বক্ষণ সেবাপ্রগতি ও সেবাবিরতির পরীক্ষার সুযোগ উপস্থিত হয়। বহির্ম্মুখসঙ্গে বা নির্জ্জনে বাসকারী ব্যক্তি সেবাগতির ও সেবাস্তম্ভের পরীক্ষার সুযোগ প্রাপ্ত হন না। অনেক সময়ে সেবা-শিথিলতাকে বা সেবার বিপরীত ভাবকে সেবা-গতিশীলতা ও সেবাস্থায়িভাব বলিয়া ভ্রান্ত হন। যাঁহারা আত্মার সর্ব্বাপেক্ষা অধিক স্বার্থ অনুসন্ধান করেন, তাঁহারা যাহাতে সেবাস্তব্ধভাব কখনও উদিত হইতে না পারে এরূপ পারিপার্শ্বিক অবস্থার মধ্যে নিরন্তর অবস্থান ও তদনুকূল বিষয়সমূহ গ্রহণ করিয়া সেবালতাকে উত্তরোত্তর সমৃদ্ধ করিবেন।

মানবজন্ম পাইয়াও যদি আমরা সাধু-গুরুর কৃপাভিষিক্ত হইয়া এই সেবাপ্রগতির পথে পরিচালিত হইতে না পারি, তাহা হইলে জন্মজন্মান্তর ধরিয়া ত্রিতাপ ভোগ করিতেই হইবে। গুরুকর্ণধারের আশ্রয়-গ্রহণ ভিন্ন আর কোন উপায় নাই।

বিশ্ববান্ধব শ্রীগৌড়ীয়মঠের প্রধান উদ্দেশ্যই সকলকে সেবাপ্রগতির পথে পরিচালন। সেই উদ্দেশ্যের জন্যই গৌড়ীয়মঠাচার্য্যের অনুক্ষণ সেবাসিদ্ধান্ত কীর্ত্তন।

চট্টগ্রামে প্রচার

গত ১লা আগষ্ট শুক্রবার শ্রীবিদ্যানিধি-গৌড়ীয়মঠের অন্যতম সেবক শ্রীপাদ ত্রিভুবন-মোহন ব্রহ্মচারীজী চট্টগ্রামের রেয়াজুদ্দিন লেনস্থ উকিল শ্রীযুত সুরেন্দ্রদাস মহাশয়ের আগ্রহাতিশয্যে তাঁহার গৃহে উপস্থিত হইয়া শ্রীচৈতন্য-চরিতামৃত মধ্যলীলা ৯ম পরিচ্ছেদ হইতে পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদ্যন্তে মহাজনপদাবলী-কীর্ত্তন হইয়াছিল।

গত ২রা আগষ্ট শনিবার ব্রহ্মচারীজী কয়েকজন মঠসেবকসহ চট্টগ্রাম মিলিটারী একাউণ্টেণ্ট শ্রীযুত রাজেন্দ্রকুমার বসুধর মহাশয়ের সাদর আহ্বানে তাঁহার গৃহে উপস্থিত হইয়া শ্রীচৈতন্য-চরিতামৃত মধ্যলীলা শ্রীসনাতনশিক্ষার কিয়দংশ পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদ্যন্তে হরিকীর্ত্তন হইয়াছিল।

গত ৩রা আগষ্ট রবিবার সদরঘাটস্থ শ্রীবাক্সরাজেশ্বর ঠাকুরবাড়ীর সাপ্তাহিক অধি-বেশনে শ্রীবিদ্যানিধি-গৌড়ীয়মঠের সেবকগণ উপস্থিত হইয়া শ্রীচৈতন্যচরিতামৃত মধ্য ১০ম পরিচ্ছেদএর কিয়দংশ আলোচনা করেন।

এতদ্ব্যতীত মঠে প্রত্যহ নিয়মিতভাবে প্রাতে, মধ্যাহ্নে ও সন্ধ্যায় যথাক্রমে শ্রীচৈতন্য-ভাগবত, 'গৌড়ীয়', নদীয়া-প্রকাশ শ্রীচৈতন্য-চরিতামৃত ও শ্রীমদ্ভাগবত আলোচিত হইতেছে।

দার্জ্জিলিংএ প্রচার

গত ২৯শে জুলাই মঙ্গলবার দার্জ্জিলিংএর পাবলিক্‌হলে শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক শ্রীপাদ অনাদিকৃষ্ণ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হইয়াছে।

গত ৩০শে জুলাই স্থানীয় নৃপেন্দ্রনারায়ণ পাবলিক হলে ব্রহ্মচারীজী 'সনাতনধর্ম্ম' সম্বন্ধে একটি গবেষণাপূর্ণ বক্তৃতা প্রদান করেন। উক্ত বক্তৃতায় বহু সম্ভ্রান্ত বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন। তন্মধ্যে কয়েকজনের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। শ্রীযুত মোহিনীমোহন ব্যানার্জ্জি সাবডেপুটি ম্যাজিষ্ট্রেট, বাবু যতীন্দ্রনাথ ঘোষ, মিউনিসিপাল একাউণ্টেণ্ট, বাবু হরিপদ সেন, ফরেষ্ট অফিসার, মিঃ মণীন্দ্রকুমার চক্রবর্ত্তী বেঙ্গল ফরেষ্ট অফিসার; বাবু বিনয়ভূষণ বোস ওভারসিয়ার; মিঃ বিপিনবিহারী চক্রবর্ত্তী ক্লার্ক; বাবু আঘোরী কর, রিটায়ার্ড হেডক্লার্ক, বাবু সুবোধচন্দ্র রায় ষ্টেনোগ্রাফার ডি, সি, অফিস; মিঃ পি, সি, চ্যাটার্জ্জি কোল মার্চেণ্ট, ডাঃ কে, সি, ব্যানার্জ্জি বি, এ; বাবু ধীরেন্দ্রনাথ বোস পোষ্টমাষ্টার, দার্জ্জিলিং, মিঃ এন্ মুখার্জ্জি ষ্টেশনমাষ্টার প্রভৃতি।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীমধুসূদন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক—শ্রীভববন্ধচ্ছেদ দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভক্তবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীজয়রাম ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীসঙ্কীর্ত্তন দাসাধিকারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীধামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠাসন
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীরামলক্ষ্মণ ব্রহ্মচারী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদবান্তবিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাশাংবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপাবলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীচন্দ্রসখ দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা মথুরা
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
সেবশারী
পোঃ কোড়োল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভূর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলবরনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিলাষক)
আলবরনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিবন্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গবিগ্রহ ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্‌ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীযদুমণি দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ,
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিকলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাজবাঁধ, বর্দ্ধমান
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ডুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভগবান ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৬০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যান্সেষ্টার রোড, ষ্টাউড গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

লক্ষ্ণৌ গৌড়ীয়মঠ
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅদ্বয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীযতিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

———

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীসনীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। ইহাই বিরাট্ অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্রও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা স্থলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সাজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মান্দ্রাজ গৌড়ীয়মঠ, রায়াপেট্টা, মান্দ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্ত্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গুম্ফিত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তন্ত্রমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা ভক্তগণের আলেখ্য ভূমিকা ও সূচীসহ অদ্ভুতপূর্ব্ব সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵৹ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,

শ্রীযুক্ত সুপারিরঞ্জন দাস এম-এ, বি-এল,

পুরাণপল্টন, পোঃ রমণা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোড়শপেজী আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—২৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

বিজ্ঞাপন

'মেডিক্যেল ডিগ্রী' সংগ্রহ করুন

আয়ুর্ব্বেদিক হোমিওপ্যাথিক, ইউনানী, হিকমত প্রভৃতি পরীক্ষা ঘরে বসিয়া দিন। বিনা খরচে প্রস্পেক্টাস ফ্রী। ইংরাজী কিম্বা উর্দ্দু ভাষায় পত্র ব্যবহার করিবেন।

প্রিন্সিপ্যাল ওল্ড ইণ্ডিয়ান
মেডিক্যাল কলেজ
আম্বালা সিটী

শুদ্ধভক্তিগ্রন্থমালা

১ শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪
২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
৩। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৲
৪। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸৹; ২য় খণ্ড—১৲; তৃতীয় খণ্ড—৸৹ ৪র্থ খণ্ড—৸৹
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸৹; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸৹
৭। শ্রীচৈতন্যদেব ১।৹
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ৯।৹
৯। জৈবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸৹
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥৹
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।৹
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸৹
১৭। চৈতন্যোপনিষদ্ ।৹
১৮। দ্বাদশ আল্বর ॥৹
১৯। তর্কবিবেক ।৹
২০। গৌড়ীয়-গৌরব ।৶৹
২১। গৌড়ীয়সাহিত্য ।৶৹
২২। ভজন রহস্য ॥৹
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী-টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল মাধ্বভাষ্য ॥৹
২৭। মুক্তিমঞ্জিকা জগন্মোক্ষঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৶৹ বাঁধা ৸৹)
৩০। দ্বীপ-দিগ্‌দর্শন ৶৹
৩১ সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৶৹
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥৹
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸৹
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶৹
৩৫। গীতমালা ৵১৹
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৶৹
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶৹
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।৹
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।৹
৪০। শরণাগতি ৶৹
৪১। গীতাবলী ৵১৹
৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা ৸৹
৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২।৹
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক ৵১৹
৪৬। অর্থপঞ্চক ৵১৹
৪৭। সদাচারস্মৃতিঃ ৵১৹
৪৮। কল্যাণকল্পতরু ৵১৹
৪৯। অর্চ্চনকণ ৵৹
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ॥৹
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।৹
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸৹
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।৹
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।৹
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶৹
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।৹
৫৮। শ্রীভুবনেশ্বর ৶৹
৫৯। সিদ্ধান্তদর্পণ ৵৹
৬০। সাংখ্যবাণী ৵৹
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২॥৹
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ॥৹
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।৹
৬৫। সটীকা-শিক্ষাধনমূলম ।৹
৬৬। তত্ত্বসূত্রম্ ।৹
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶৹
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ ৵৹
৬৯। সারাংশবর্ণনম্ ৶৹

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥৹
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ॥৹
৭২। নামভজন ৵৹
৭৩। বেদান্ত হটস্ মরফলজী এণ্ড অণ্টলজ ॥৹
৭৪। রিলেটীভ ওয়ার্ল্ডস্ ।৶৹
৭৫। লাইফ য্যাণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥৹
৭৬। বৈষ্ণবীজম্ ॥৹
৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ্ ফাইটিং ৵৹
৭৮। দি ভাগবত ।৹
৭৯। হরো টক প্রিন্সিপাল এণ্ড আনরিভেল্ড ডিভোশন ।৹
৮০। ব্রহ্মসংহিতা ॥৹
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৩৲
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸৹
৮৫। সাধনপথ ৷৹
৮৬ কল্যাণকল্পতরু ৵১৹
৮৭। গীতাবলী ৵১৹
শরণাগতি ৵৹
৮৯। শ্রীসচ্চিদানন্দবাণী ।৶৹
৯০। শ্রীগৌড়ীয়বাণী ।৹

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ।৹

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।।০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১।।০	১।।০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪।।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা-গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ বিশদ পদ্যানুবাদসহ মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট্ গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ শরণাগতির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিপদ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ৷৹ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

					শনিবার ব্যতীত			
					শনিবার	অন্য দিন		
কলিকাতা ছাঃ	৪-৫৫	৬-২১	৭-১৪	১৩-১৬	১৫-১৬	১৬-৫৬	১৭-৫৩	২২-২৬
দমদম "	৪-৫৬	৬-৩১	৭-২৮	১৩ ২৯	......	......	১৮-৫	২২-৪৩
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯-১৮	১৪ ৫০	১৬-৪৮	১৮-০১	১৯-৩৩	০-২৫
(বগুলা) ছাঃ	......	.. ..	৯-৩১	....	......	......	......	......
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৯	৮-৪০	১০-৬	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০

লাইট রেল (বগুলা) ছাঃ	৭-১০	১০-১৬	১৪ ৫০	১৭-৪০	২০-৩০
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১৫-২৫	১৮-১৫	২১-৫
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫-৩৩	১৮-২৩	২১-১৩

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম "	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৪১
" ছাঃ	১২-৫৩
শান্তিপুর পৌঃ	১৩-২৪
(বগুলা) ছাঃ	১৩ ৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩৩

ডাউন

			শনিবার ব্যতীত		
			অন্য দিন	শনিবার	
নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪	৯-১২	১৬-৩	১৬-৩১	১৮-৩৮
মহেশগঞ্জ "	৬-২৩	৯-২১	১৬-১২	১৬-৪০	১৮-৪৭
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৭	৯-৫৫	১৬-৪৬	১৭-১৪	১৯-২১

(বগুলা) ছাঃ	৫-৩১	৭-১০	৮-৫১	১১-১৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৪৪	১৭-৩০	২০-৬	২১-১৯
(বগুলা) ছাঃ	......	......	......	.....	১৫-৫৬	১৭-৪২	.....	......
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১-২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬	২১-৪০	২৩-১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪-১
মহেশগঞ্জ "	১৪-১০
কৃষ্ণনগর পৌঃ	১৪-৪৪
ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বগুলা) ছাঃ	১৮-৩৯
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৫

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷৹ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। প্রয়াগ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর ভক্তিতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্‌গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণান্তিকে বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনস্বী সত্যানুসন্ধিৎসুগণ যে সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগবিরুদ্ধসিদ্ধান্তদলনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৷৹ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

—::○::—

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখানহইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়ার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত জ্বরাদির এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৷৵৹ দশ আনা, বড় বোতল ১৷৵৹ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

ঠিকানা:—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

(বেলেঘাটা, ২৪ পরগণা)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

Regd No. C 1544

সত্যের কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু এবং 'প্রদীপ'-প্রাচক বিবৃত ভাষ্যসহ প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৷৴০

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুলপ্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৮০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ৫ হৃষীকেশ, গৌরাব্দ ৪৫৫ . ২৭শে শ্রাবণ, বঙ্গাব্দ ১৩৪৮ ১২ই আগষ্ট ইং ১৯৪১, মঙ্গলবার { ১৩৩-৩৪ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৫ হৃষীকেশ শ্রাণু প্রদ্যুম্ন গৌরাব্দ ৪৫৫

শ্রীল প্রভুপাদের হরিকথা

——::•::——

সাধুগণের একমাত্র কর্ত্তব্য—জীবের যে-সকল সঞ্চিত দুর্ব্বুদ্ধি আছে, তা' ছেদন ক'রে দেওয়া ; ইহাই সাধুদিগের অকৃত্রিম অহৈতুকী দয়া। দ্বি-হৃদয়তা প্রকাশ ক'রে জগতের লোক বাইরের দিকে একরকম কথা, ভিতরের দিকে অন্যরকম কথা পোষণ করে, আর দ্বিহৃদয়তাকেই উদারতা বা সমন্বয়ের ধর্ম্ম ব'লে প্রচার ক'রতে চায়। যাঁ'রা দ্বিহৃদয়তা প্রকাশ না ক'রে সরল হ'তে চান—সরলভাবে আত্মার বৃত্তি যাজন ক'রতে চান, তাঁ'দিগকে ঐ সকল দ্বিজিহ্ব ব্যক্তি'সাম্প্রদায়িক,' 'গোঁড়া' প্রভৃতি ব'লে থাকেন। যাঁরা সরল, আমরা তাঁদেরই সঙ্গ ক'রব—অপরের সঙ্গ ক'রব না। দুঃসঙ্গকে আমাদের সর্ব্বতোভাবে পরিবর্জ্জন ক'রতে হ'বে।

অনেকে সাধারণ বুদ্ধিকে (Common senseকে) সত্য মনে করেন। ভ্রম-প্রমাদ-যুক্ত গড্ডলিকার সাধারণ-বুদ্ধি মনোধর্ম্ম মাত্র, তা'তে আপেক্ষিক বা সাময়িক সত্যের একটা ছবি থাকতে পারে, কিন্তু উহা বাস্তবসত্য নহে। লোকের রজস্তমোতাড়িত বুদ্ধি অবিমিশ্র সত্ত্বগুণের কথা বুঝতে পারে না। একজন পায়স খাচ্ছে, আর একজন যদি সেখানে এসে বলে যে, আমার কিছু চুণ-সুরকি আছে, আপনি সেগুলি পরমান্নের মধ্যে মিশিয়ে পায়সের পূর্ণতা সম্পাদন ক'রে নিন, তা'হ'লে যেমন মিষ্টান্ন খাওয়ার ফল পাওয়া যায় না, উহার আস্বাদন নষ্ট হ'য়ে যায়, মুখে কাঁকর, চুণ প্রভৃতি লেগে গলা পুড়িয়ে দেয়—গলা বন্ধ ক'রে দেয়, তা'তে মানুষের মৃত্যু হয়, সেরূপ পরম নিরপেক্ষা, স্বতন্ত্রা, বিশুদ্ধা, নির্গুণা ভক্তির সহিত গুণজাত জগতের অন্যাভিলাষ, কর্ম্ম, জ্ঞান, যোগাদি-চেষ্টাকে যদি কেহ মিশিয়ে নিতে বলেন,—ভক্তির অসম্পূর্ণতা (?) সম্পূর্ণ ক'রবার পরামর্শ দেন, তা'হ'লে ঐরূপ ব্যক্তির পরামর্শও মিষ্টান্নে বিজাতীয় চুণ-সুরকি মিশ্রিত ক'রবার পরামর্শের ন্যায়।

আমরা যে-সকল কথা সাধুকে জানতে দেই না—গোপনে যে-সকল কথা রেখে দেই, প্রকৃত সাধু সে-সকল কথা আমাদের অন্তর থেকে বের ক'রে, তা'র উপর অস্ত্র প্রয়োগ করেন। 'সাধু' মানেই হ'চ্ছে—তিনি একটা খড়্গ হাতে নিয়ে যূপকাষ্ঠের নিকট দণ্ডায়মান র'য়েছেন—মানুষের যে ছাগের ন্যায় বাসনা, সেই বাসনাকে বলি দিবার জন্য দণ্ডায়মান আছেন, পরুষ-ভাষারূপ তীক্ষ্ণ খড়্গের দ্বারা। সাধু যদি আমার তোষামুদে হন, তা'হ'লে তিনি আমার অমঙ্গলকারী—আমার শত্রু। ভাগবতজীবন যা'র নয়, তা'র নিকট ভাগবত শোনা উচিত নয়। নিজ অপেক্ষা শ্রেষ্ঠ সাধুর সঙ্গ করাই কর্ত্তব্য।

কৃষ্ণ ব্যতীত ইতর বস্তুদর্শনই অবৈধ দর্শন। এ অবৈধদর্শনই আমাদের যত অমঙ্গল ও ভোগবুদ্ধি। এরূপ অবৈধদর্শনের অবস্থাটা কে'টে গেলে সত্যসত্যই কৃষ্ণকে দেখতে পাওয়া যায়। কৃষ্ণ—অখিলরসামৃতসিন্ধু। তিনি দ্বাদশ রসের আশ্রয়। পাঁচটা মুখ্য রস ও তৎপরিপোষক সাতটী গৌণরস কৃষ্ণেই পূর্ণভাবে সমন্বিত রয়েছে।

অচিৎএর সহিত যে সংশ্রব, তা'র নামই দুঃসঙ্গ। দেহ ও মনের দ্বারা সেই দুঃসঙ্গ হয়। এই দুঃসঙ্গ ছে'ড়ে দিলে আমাদের আকর্ষণীয় স্বরূপ আকর্ষক কৃষ্ণের সাক্ষাৎ আকর্ষণের সহিত মিলিত হয়। কৃষ্ণ কেবল-চেতনকে আকর্ষণ করেন।

'আমি'র বিচারের অন্দর-মহলে ঢুকবার পূর্ব্বে দু'টো ফটকে দু'টো দারোয়ান দাঁড়িয়ে রয়েছে, তারা 'আমি'র কাছে যেতে দিচ্ছে না। কৃষ্ণের অঙ্গগন্ধ কেন পাচ্ছি না? কৃষ্ণের পঞ্চমস্বর-মুরলী-নিনাদ কাণে আসছে না কেন? রাস্তার গোলমাল, জগতের কর্ম্ম-কোলাহল কাণে ঢুকছে কেন? বর্ত্তমান সময়ে আত্মা সুপ্ত থাকার জন্য এজেন্টহত্রে—ম্যানেজারহত্রে মাঝপথে মন ফাঁকি দিচ্ছে। মনোধর্ম্মজীবি আমাকে মন কুপরামর্শ দিয়ে প্রেয়ঃপথে নিযুক্ত ক'রছে। মনের মনিব—আত্মা, বাক্ হ'চ্ছে—ফোরম্যান, যেমন জুরীর ফোরম্যান থাকে। চেতনের বাক্ এক প্রকার আর অচেতনের বাক্ অন্য প্রকার। মনটা হ'চ্ছে—অনাত্মা।

যাঁ'র ভগবানে ভক্তি আছে তিনিই মনুষ্য। যাঁ'র ভগবানে ভক্তি নাই, তিনি ভোগী, ত্যাগী বা অন্যাভিলাষী। বিষয়-বিগ্রহ শ্রীভগবান্ ও আশ্রয়বিগ্রহ আমার শ্রীগুরু-পাদপদ্ম—এই দু'য়ের সম্মিলনে অসংখ্য বিপদের মস্তকের উপর দিয়ে চ'লে যেতে পা'রবো—সাফল্য আমাদের হস্তামলক হ'বে—শ্রীগুরু-পাদপদ্মের আশ্রিত সেবক কখনই বিচলিত হন না।

আমরা ভগবানের শরণাগত—বৈষ্ণবের শরণাগত। ভগবান্কে দেখতে পাওয়া যায় না—সুতরাং শ্রীচৈতন্যদেবের দাসগণের জুতা বইতে পারলেই কৃষ্ণানুভবের স্বরূপগত-প্রতীতি লাভ হ'বে।

জীব শব্দে—যাহার জীবন আছে। জীব—অজ, নিত্যকাল বর্ত্তমান। জীব সৃষ্টপদার্থ নহে। তাহার অবস্থাভেদ আছে। জীব তটস্থাশক্তিপরিণত বস্তু। জীব—বস্তু, অবাস্তব আকাশকুসুম নয়। তাঁর নিত্য কৃত্য—প্রভুর সেবা করা। জীবে স্বাতন্ত্র্য-ধর্ম্ম আছে। জীব নিত্যকাল বর্ত্তমান, নিত্য আনন্দ-প্রার্থী। যখন বহিরঙ্গা শক্তির দ্বারা গ্রস্ত হন, তখনই আনন্দের সন্ধান ভুলে যান। যখন জীব সেবন-ক্রিয়াশীল থাকেন না, তখন ভগবানের সেবাকার্য্য প্রকাশিত হয় না কিম্বা গৌণভাবে প্রকাশিত থাকে। যেমন গো, বেত্র, বিষাণ, বেণু প্রভৃতি। গো, বেত্র, বিষাণ, বেণু, বুঝতে পারেন না যে তাঁ'রা শ্রীভগবানেরই সেবা কর্'ছেন। তাঁ'দের শান্তরস। ভগবানের সেবা ব্যতীত শান্তি হয় না। কৃষ্ণ যে যন্ত্রের দ্বারা তাঁ'দিগকে পরিচালিত করেন, তাঁ'দ্বারা তাঁ'রা চালিত হ'য়ে সেবা ক'রছেন, ইহা বুঝতে পারেন না।

আমরা যখন বলদেব প্রভুর আনুগত্যে কার্য্য করি, তখন কৃষ্ণসেবা হয়। বলদেব প্রভুর একমাত্র কৃত্য কৃষ্ণসেবা। সেবক যখন সেব্যের দিকে অগ্রসর হন, তখন তাঁ'কে বলদেব প্রভুই সাহায্য করেন। বলদেব প্রভুর বল লাভ না করলে আধ্যক্ষিকতা প্রবল হ'য়ে নানারূপ মতবাদ সৃষ্ট হয়। বলদেব প্রভুর আনুগত্য করা—তাঁ'র নিকট হ'তে চিদ্বল সঞ্চয় করাই আমাদের একমাত্র কৃত্য। "নায়মাত্মা বলহীনেন লভ্যঃ।" সেই বলদেব প্রভুর বল ব্যতীত আমাদের কোন সম্বল নেই।

গুরুদেবের পাদপদ্ম আশ্রয় না করলে মঙ্গল হ'বে না। যে বলদেব প্রভু কায়মনো-বাক্যে কৃষ্ণসেবা করেন, তাঁ'র অনুগ্রহ পেলেই আমাদের মঙ্গল হয়।

———

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে॥

শ্রীকৃষ্ণদাস

——::[•]::——

মুসলমানবিজয়ের প্রাক্কালে রাজপুত-জাতি শৌর্য্যে, বীর্য্যে, প্রভাবে, প্রতিপত্তিতে, দেশপ্রেমে, আত্মত্যাগে যে আদর্শ প্রদর্শন করিয়াছেন, তাহা ভারতের ইতিহাসে অদ্বিতীয় ও অতুলনীয়। আমাদের আলোচ্য "কৃষ্ণদাস" এই রাজপুতজাতির মধ্যে প্রকট-লীলা আবিষ্কার করিয়াছেন। কিন্তু তাঁহার শৌর্য্য, বীর্য্য, প্রভাব, প্রতিপত্তি, দেশপ্রেম, আত্মত্যাগ, জাগতিক লাভালাভ—হিংসা-দ্বেষাদিবহুল নশ্বর কার্য্যে নিযুক্ত না হইয়া যথার্থ বিষয়ে শ্রীগুরুকৃষ্ণসেবায় প্রযুক্ত হইবার আদর্শ আবিষ্কার করিয়াছে। শ্রীকৃষ্ণদাস দেশত্যাগ ও আত্মত্যাগের যে আদর্শ প্রচার করিয়াছেন তাহাতে ঐ শব্দগুলির বিদ্বদ্রূঢ়ি ও সার্থকতা প্রচারিত হইয়াছে।

শ্রীমন্মহাপ্রভু শ্রীক্ষেত্রে রথযাত্রাদর্শনলীলা প্রকট করিয়া ঝারিখণ্ডপথে ব্যাঘ্র-ভল্লুক-হস্তী প্রভৃতি বন্য হিংস্র জন্তুসমূহকে কৃষ্ণ-নামে নৃত্য করাইয়া বারাণসীতে নিঃশঙ্ক চন্দ্রশেখরের সেবা স্বীকারপূর্ব্বক প্রয়াগপথে মথুরায় ও বৃন্দাবনে আসিয়া উপস্থিত হইলেন। মহাপ্রভু অক্রূরতীর্থে আসিয়া ভিক্ষা করেন এবং "তেঁতুলতলার" এক গাছে বসিয়া মধ্যাহ্ন পর্য্যন্ত সংখ্যানাম কীর্ত্তন করেন।

একদিন মহাপ্রভু "আমলিতলায়" উপবিষ্ট আছেন, এমন সময় যমুনার পরপারে গ্রামের অধিবাসী "কৃষ্ণদাস" নামক একজন রাজপুত গৃহস্থ কেশীঘাটে স্নান করিয়া কালীয়দহে যাইবার সময় 'আমলিতলায়' অকস্মাৎ মহাপ্রভুর জ্যোতির্ম্ময় শ্রীমূর্ত্তি ও প্রভুর অদ্ভুত প্রেমোন্মাদ দর্শন করিয়া চমৎকৃত হইলেন। কৃষ্ণদাস মহাপ্রভুর সমীপে আগমনপূর্ব্বক প্রভুকে দণ্ডবৎপ্রণাম করিলেন।

মহাপ্রভু জিজ্ঞাসা করিলেন,—"কে তুমি? কাঁহা তোমার ঘর?" কৃষ্ণদাস বলিতে লাগিলেন—"আমি গৃহস্থ পামর, জাতিতে রাজপুত, ওপারে আমার ঘর, আমার ইচ্ছা—বৈষ্ণবের কিঙ্কর হই। আমি আজ এক স্বপ্ন দেখিয়াছিলাম, সেই স্বপ্নের সাফল্যস্বরূপ প্রত্যক্ষ আপনার দর্শন লাভ করিলাম।"

মহাপ্রভু কৃষ্ণদাসকে কৃপাপূর্ব্বক আলিঙ্গন করিলেন। কৃষ্ণদাস প্রেমে বিহ্বল হইয়া কৃষ্ণনাম উচ্চারণপূর্ব্বক নৃত্য করিতে লাগিলেন। কৃষ্ণদাস মহাপ্রভুর সঙ্গে অক্রূরতীর্থে আগমন করিলেন এবং তথায় মহাপ্রভুর অবশেষ-পাত্র-প্রসাদ প্রাপ্ত হইলেন।

তদবধি কৃষ্ণদাস প্রভুর কমণ্ডলুবাহক, নিত্যকিঙ্কর ও নিত্যসঙ্গী হইয়াছেন,—

"প্রাতে প্রভুসঙ্গে আইলা জলপাত্র লঞা।
প্রভুসঙ্গে রহে গৃহ-স্ত্রী পুত্র ছাড়িয়া॥"

বৃন্দাবনে রোল উঠিল, তথায় পুনরায় কৃষ্ণ প্রকটিত হইয়াছেন। রাস্তায়, ঘাটে, লোকে ইহা গাহিয়া বেড়াইতে লাগিল। একদিন মহাপ্রভু অক্রূরতীর্থের ঘাটে বসিয়া বিচার করিতে লাগিলেন—এই ঘাটেই ঐশ্বর্য্যোপাসক অক্রূর স্বীয় অধিকারে বৈকুণ্ঠ-দর্শন আর মাধুর্য্যসেবক ব্রজবাসিবৃন্দ স্ব-স্ব অধিকারে গোলোকদর্শন করিয়াছিলেন। ইহা বিচার করিতে করিতেই মহাপ্রভু ব্রজবাসীর ভাবে জলে ঝম্পপ্রদানপূর্ব্বক জলাভ্যন্তরে নিমজ্জিত হইলেন। কৃষ্ণদাস রাজপুত ইহা দেখিয়া ক্রন্দন-চীৎকার করিয়া উঠিলেন। শ্রীবল্লভ ভট্টাচার্য্য তৎক্ষণাৎ আসিয়া জল হইতে মহাপ্রভুকে উত্তোলন করিলেন।

একদিকে অসম্ভব জনসঙ্ঘ, তদুপরি লোকের ভিক্ষাগ্রহ দৌরাত্ম্য, তাহাতে আবার প্রভুর সর্ব্বদা প্রেমাবেগদর্শনে ভীত হইয়া ভট্টাচার্য্য মহাপ্রভুকে বৃন্দাবন হইতে স্থানান্তরিত করিবার ইচ্ছায় মাঘস্নানপক্ষের ছলে গঙ্গাতটপথে মহাপ্রভুকে লইয়া প্রয়াগে আসিবার যুক্তি করিলেন।

মহাপ্রভুর সহিত পথজ্ঞ রাজপুত কৃষ্ণদাস, শ্রীল মাধবেন্দ্রপুরীর শিষ্য সানোড়িয়া বিপ্র, শ্রীবলভদ্র ভট্টাচার্য্য ও তৎসঙ্গী ব্রাহ্মণ চলিলেন। তাঁহারা নৌকা পার হইয়া গঙ্গাতীরের পথ ধরিলেন। যাইতে যাইতে মহাপ্রভু পথশ্রান্ত হইয়া সকলকে লইয়া এক বৃক্ষতলে উপবিষ্ট হইলেন। বৃক্ষের নিকটেই অনেকগুলি গাভী চরিতেছিল, তাহা দেখিয়া মহাপ্রভুর ব্রজলীলা স্মৃত উদ্দীপ্ত হইল। এমন সময় হঠাৎ জনৈক গোপ বংশীধ্বনি করায় মহাপ্রভুর ঐ স্থানে [illegible] প্রেম-মূর্চ্ছা উপস্থিত হইল। মহাপ্রভু অচেতন হইয়া ভূমিতে পড়িলেন, মুখে ফেনোদ্গম ও নাসা শ্বাসরুদ্ধ হইল।

মহাপ্রভু যখন পথিমধ্যে সেই বৃক্ষতলে তাঁহার চারিজন সঙ্গি-বেষ্টিত হইয়া অর্দ্ধদশায় নিমগ্ন আছেন তখন সেই পথ দিয়া দশজন অশ্বারোহী পাঠান যাইতেছিল। পাঠানগণ একজন সন্ন্যাসীকে মূর্চ্ছিত ও তাঁহার সন্নিকটে চারিজন ব্যক্তিকে উপবিষ্ট দেখিয়া বিচার করিল—নিশ্চয়ই এই চারিজন দস্যু এই সন্ন্যাসীকে ধুতুরা খাওয়াইয়া সন্ন্যাসীর প্রাণ লইয়াছে এবং সন্ন্যাসীর যে সকল সুবর্ণাদি মূল্যবান্ দ্রব্য ছিল, তাহা হরণ করিয়াছে। ইহা মনে মনে স্থির করিয়া পাঠানগণ মহাপ্রভুর সঙ্গী কৃষ্ণদাস রাজপুত, সানোড়িয়া ব্রাহ্মণ, বলভদ্র ভট্টাচার্য্য ও তৎসঙ্গী বিপ্রকে বাঁধিয়া ফেলিল এবং তাঁহাদিগকে কাটিয়া ফেলিবে, এইরূপ ভয় দেখাইতে লাগিল। বলভদ্র ভট্টাচার্য্য ও তৎসঙ্গী বিপ্র সহজেই ভয়ে কাঁপিতে লাগিলেন, কিন্তু কৃষ্ণদাস রাজপুত ও সানোড়িয়া মাথুর-ব্রাহ্মণ নির্ভয়ে উক্ত পাঠানগণকে আত্মপরিচয়াদি প্রদান করিতে লাগিলেন। তথাপি পাঠানগণ তাঁহাদের কথায় বিশ্বাস না করিয়া গৌড়ীয়া-গণকে 'দস্যু' ও 'ঠক্' বলিতে লাগিল। রাজপুত কৃষ্ণদাস বৈষ্ণবগণের প্রতি আক্রমণ সহ্য করিতে না পারিয়া তাঁহার শৌর্য্য প্রকাশ-পূর্ব্বক বলিলেন —"পাঠানগণ, সাবধান। তোমরা গৌড়ীয়াদ্বয়কে এইরূপ অন্যায়ভাবে আক্রমণ করিতে পার না। এই গ্রামেই আমার গৃহ। আমার হাতে দুইশত তুর্কসৈন্য ও একশত কামান আছে; এখনই হুকুম করিলে তাহারা এখানে আসিয়া পড়িবে এবং তোমাদিগকে হত্যা করিয়া তোমাদের 'ঘোড়া-পিড়া' সমস্তই লুটিয়া লইবে। "গৌড়ীয়া'—"বাটপাড়" নহে, তোমরাই বাটপাড়। তোমরাই তীর্থবাসীদিগের ধন লুণ্ঠন কর, আর তাঁহাদিগকে হত্যা করিতে চাও।"

কৃষ্ণদাস রাজপুতের এইরূপ তীব্র বাক্য শুনিয়া পাঠানগণের মনে সঙ্কোচ হইল। এমন সময় মহাপ্রভু অর্দ্ধবাহ্যদশা লাভ করিলেন; হুঙ্কার করিয়া উঠিয়া 'হরি,' 'হরি' শব্দ উচ্চারণ করিতে করিতে প্রেমাবেশে ঊর্দ্ধবাহু হইয়া উদ্দণ্ড নৃত্য আরম্ভ করিলেন। ইহা দেখিয়া-শুনিয়া পাঠানগণ ভয়ে তৎক্ষণাৎ প্রভুর ভক্ত চারিজনকে বন্ধন হইতে মুক্ত করিয়া দিল। মহাপ্রভু নিজ-গণের বন্ধন দেখিতে পাইলেন না।

মহাপ্রভু সম্পূর্ণ বাহ্যদশা লাভ করিলে পাঠানগণ মহাপ্রভুর প্রভাবে তাঁহার নিকট আসিয়া প্রণত হইল এবং ঐ চারিজন প্রভুকে ধুতুরা খাওয়াইয়া তাঁহার ধনবস্ত্রাদি হরণ করিবার উপক্রম করিয়াছিলেন—ইহা মহাপ্রভুকে জানাইল। মহাপ্রভু পাঠান-দিগকে বলিলেন,—ঐ চারিজন 'দস্যু' নহেন, তাঁহারা তাঁহার সঙ্গী। তিনি ভিক্ষুক সন্ন্যাসী, তাঁহার কোন ধনবস্তুই নাই। তিনি সময় সময় মৃগীব্যাধিতে রাস্তায় ঘাটে অচেতন হইয়া পড়েন বলিয়া এই চারিজন সর্ব্বক্ষণ তাঁহার সঙ্গে সঙ্গে থাকিয়া তাঁহাকে রক্ষা করেন। মহাপ্রভুর পাদপদ্মকৃপায় ঐ সকল পাঠানগণের দলপতি 'বিজলি খাঁ' মহাভাগবত বৈষ্ণব হইলেন এবং প্রভুর আদেশে সকল পাঠানই কৃষ্ণনাম-দীক্ষা গ্রহণ করিলেন।

সোরোক্ষেত্রে আসিয়া মহাপ্রভু গঙ্গাস্নান করিলেন এবং গঙ্গাতীরপথে প্রয়াগ যাইবার জন্য প্রস্তুত হইলেন। এই সময় মহাপ্রভু সানোড়িয়া বিপ্র ও কৃষ্ণদাস রাজপুতকে গৃহে ফিরিয়া যাইতে বলিলেন, কিন্তু তাঁহারা করযোড়ে প্রয়াগ পর্য্যন্ত প্রভুর অনুগমনার্থ প্রার্থনা জানাইলেন।

মহাপ্রভু প্রয়াগে আগমন করিয়া শ্রীবল্লভভট্টের ভিক্ষা-গ্রহণার্থ যে-কালে প্রয়াগের পরপারে আড়াইল-গ্রামে গমন করেন, তখন শ্রীরূপ-প্রভু ও রাজপুত-কৃষ্ণ-দাস মহাপ্রভুর সঙ্গিরূপে তথায় গমন করিয়া-ছিলেন এবং শ্রীল রূপ প্রভু এবং ও রাজপুত কৃষ্ণদাস উভয়েই তথায় মহাপ্রভুর অবশেষ প্রাপ্ত হইয়াছিলেন। ত্রিহুত-পণ্ডিত শ্রীরঘুপতি উপাধ্যায়ের সহিতও মহাপ্রভুর যে-সকল রসতত্ত্ব-প্রসঙ্গ হইয়াছিল, কৃষ্ণদাস তাহা শ্রবণ করিয়াছিলেন।

পাঠক! কৃষ্ণদাস রাজপুতের চরিত্র আলোচনায় আমরা কি শিক্ষা পাইলাম? মহাপ্রভু তাঁহার এক একজন ভক্তের দ্বারা জগতে কি প্রকার অভূতপূর্ব্ব শিক্ষা-সহস্র-ধারা প্রবাহিত করেন, তাহা বিচার করুন—বিচার করিতে করিতে চমৎকৃত হইবেন—চমৎকৃত হইতে হইতে সপার্ষদ শ্রীচৈতন্যপাদপদ্মে চিত্ত-ভৃঙ্গ গাঢ়ভাবে সংলগ্ন হইবে।

কৃষ্ণদাস রাজপুতের শৌর্য্যবীর্য্যের অবধি ছিল না—দুইশত তুর্ক সৈন্য, একশত কামানের অধিকারী যিনি, তাঁহার ধন, সম্মান, বৈভব কম নহে, কৃষ্ণদাসের স্ত্রীপুত্র ছিল। তিনি—আঢ্য ও প্রতিপত্তিশালী গৃহস্থ ছিলেন, কিন্তু তিনি মহাপ্রভুর কমণ্ডলুবাহক ভৃত্য হইবার জন্য—

"প্রভুসঙ্গে রহে গৃহ-স্ত্রী-পুত্র ছাড়িয়া।"

ইহাই কৃষ্ণদাসের প্রকৃত পরিচয়। কৃষ্ণদাস—কৃষ্ণের-দাস, কৃষ্ণদাস রাজপুত আরও সুন্দরতর ভাষায় "বৈষ্ণবকিঙ্কর।" কৃষ্ণ-দাস—গৃহের দাস, স্ত্রী-পুত্রের দাস নহেন, কিংবা দুইশত সৈন্য বা একশত কামান অথবা জাগতিক প্রতিষ্ঠা, আভিজাত্য, জাতি-কুল-ধন-রত্ন বা অধনের দাস নহেন। তাঁহার নিজেকে দুই শত সৈন্য ও এক শত কামানের মালিক বলিয়া পরিচয় প্রদান জাগতিক সৈন্যবল ও অস্ত্রবলদৃপ্ত কর্ম্মবীরের আস্ফালন নহে। তিনি শ্রীমন্মহাপ্রভুর সেবার জন্যই নিজেকে জাগতিক সৈন্যবল ও অস্ত্রবলশালী বলিয়া পরিচয় দিয়াছিলেন। তাঁহার ঐ সকল বস্তুর প্রভু হইবারও আকাঙ্ক্ষা-লেশ ছিল না। ঐ সকল বস্তুর প্রভুর অভিনয় বা দাসের অভিনয় অন্যগণও করিতে পারে, কিন্তু কৃষ্ণদাসের পরিচয় অদ্বিতীয়—অসমোর্দ্ধ—অপ্রাকৃত—অহৈতুক—অপ্রতিহত—অনাবিল।

কৃষ্ণদাস -'ফল্গু-বৈরাগী' নহেন, তিনি মর্কটের ন্যায় আয়ঃভোগ-পিপাসায় গৃহ-স্ত্রী-পুত্র ছাড়িয়া বনগমন করেন নাই। তিনি প্রভুর সঙ্গের জন্য—প্রভুর সেবার জন্য গৃহস্থ হইয়াও গৃহ-স্ত্রী-পুত্র ছাড়িয়াছিলেন। তাঁহার হরি-গুরু-বৈষ্ণব-সেবা-প্রীতি অতুলনীয়া। তিনিই প্রকৃত তৃণাদপি সুনীচ। কৃষ্ণার্থে অখিলচেষ্টা ও যুক্তবৈরাগ্যের আদর্শ তাঁহাতেই পূর্ণমাত্রায় দেদীপ্যমান ছিল।

ভক্ত ভোগীও নহেন ত্যাগীও নহেন—তিনি যুক্তবৈরাগী। ভোগত্যাগ ও ত্যাগ-ত্যাগই যুক্তবৈরাগ্য। ভক্ত কৃষ্ণসেবার জন্য স্বীয় ভোগসুখও ত্যাগ করেন আবার কৃষ্ণসেবার জন্য বিষয়ও গ্রহণ করেন, কিন্তু তিনি বিষয়কে বিষয়রূপে দর্শন না করিয়া কৃষ্ণসেবোপকরণরূপে দর্শন করিয়া থাকেন।

———

দুই একটী কথা

সত্য বস্তু একমাত্র হরিনাম। হরিনামের মধ্যেই সব আছে। হরিনামের মধ্যে ভগবদ্রূপ ও গুরুবর্গের রূপ আছে। নামে রুচি হওয়া দরকার। শ্রীনামে রুচি হইলে সংসারবন্ধন আনুষঙ্গিকভাবে ছিন্ন হইবে। নিরন্তর নামাশ্রয় ব্যতীত সংসারাসক্তি যাইবে না। অপরাধফলে নামে রুচি হয় না। যাঁহার নিকট অপরাধ হইয়াছে, তিনি ক্ষমা না করিলে আর কোন উপায় নাই। কাঁহার নিকট অপরাধ হইয়াছে যদি জানা না থাকে, তাহা হইলে একান্তভাবে শ্রীনামের আশ্রয় গ্রহণ করিতে হইবে। নিরন্তর শ্রীনাম গ্রহণ করিলে নামের কৃপায় সমস্ত অনর্থ দূরীভূত হইবে। হরিনামের নিরন্তর শ্রবণ-কীর্ত্তন-স্মরণ-প্রভাবে দুরারোগ্য ব্যাধি দেহাত্মবুদ্ধি ধ্বংস হইয়া যায়। সেইজন্য খুব উৎসাহের সহিত অর্থাৎ আদরের সহিত হরিনাম করিতে হয়। 'হে হরিনাম, তোমার কৃপা ছাড়া আমার আর গতি নাই। তুমি ছাড়া আমার আর কেহ নাই, তুমি নিজগুণে আমায় কৃপা কর' —এইরূপ চিত্তবৃত্তির সহিত অনুক্ষণ নাম করিলে নামের কৃপালাভ হইবে। শ্রীনাম সর্ব্বশক্তিমান্, তাঁহার নিকট কাঁদিয়া কাঁদিয়া জানাইলে তিনি নিশ্চয়ই আমাদের সমস্ত কথা শুনিবেন। হরিনামের কৃপাতেই সর্ব্বসিদ্ধি হইবে। শ্রীনামের প্রতি যাঁহার শ্রদ্ধা বা রুচি হয় অর্থাৎ যিনি সংগোপনে শ্রীনামের কৃপালাভের জন্য আর্ত্ত, আকুল হন, তিনি শীঘ্রই শ্রীকৃষ্ণসাক্ষাৎকার পান। আমি সকলের চেয়ে ছোট, আমি শ্রীগুরুবৈষ্ণবের পদধূলি, এইরূপ অভিমান বা দীনতা থাকিলে শ্রীহরিনামের কৃপালাভ হয়। কাঙ্গালের দীন-অভিমান। যত দীনতা আসিবে, যতই শরণাগতি আসিবে, ততই কৃপা লাভ হইবে। শরণাগত হওয়া অর্থাৎ বিধাতা শ্রীহরিনামের সকল বিধানকে অবনতমস্তকে স্বীকার করা। পরের আমার সব ভাল—গুরুর আমার সব ভাল—এই বিচার যাঁহার, তিনিই একান্ত শরণাগত। গুরুকৃষ্ণের প্রতি এইরূপ বিচার যাঁহার নাই—শ্রীনাম করিলেই সব করা হইয়া যায়, শ্রীনামের প্রতি এইরূপ সুদৃঢ়-বিশ্বাস যাঁহার নাই, তাঁহার প্রতি শ্রীনামের কৃপা হয় না।

কৃষ্ণের কৃপালাভ করিতে হইলে সর্ব্বক্ষণ কৃষ্ণকে মনে রাখিতে হইবে। কৃষ্ণকে ভুলিয়া কৃষ্ণকৃপা পাওয়া যায় না। যেখানে কৃষ্ণই নাই, সেখানে কৃষ্ণ কি করিয়া কৃপা করিবেন? সাধুসঙ্গে সর্ব্বক্ষণ কৃষ্ণকথা-শ্রবণকীর্ত্তন কৃষ্ণকে মনে রাখিবার উপায়। সাধুর শ্রীমুখে হরিকথা ও হরিনাম-মাহাত্ম্য শুনিতে শুনিতে হরিনামের প্রতি আদর ও সর্ব্বদা হরিনাম করিবার আগ্রহ হইবে। গুরুবৈষ্ণবের শ্রীমুখ-নিঃসৃতবাণী হরিনামস্ফূর্ত্তির পক্ষে সাহায্য করিয়া থাকেন। সাধুর শ্রীমুখনিঃসৃতবাণী শ্রবণ ও হরিনামগ্রহণের তাৎপর্য্য ভিন্ন নহে। হরিকথা ও হরিনাম অভিন্ন। হরিনামগ্রহণের সময় হরিকথা শুনিলে চিত্তের বিক্ষেপ হয় না। হরিকথা হরিনামের অধিক স্ফূর্ত্তি করাইয়া থাকে। সর্ব্বক্ষণ শ্রীনামের কৃপা-ভিক্ষা করিলে শ্রীনামই সকলপ্রকার সুবিধা করিয়া দিবেন। সর্ব্বশক্তিমান্ শ্রীনামের কৃপায় সকলপ্রকার অনর্থ ঘুচিয়া যায়। শ্রীশ্রীল আচার্য্যদেব বলিয়াছেন,—"হরিনামের নিকট কৃপা-প্রার্থনা করিতে করিতে জীব আর্ত্ত ও আকুল হইয়া উঠে। সেই আর্ত্তি ও আকুলতা যতই বৃদ্ধি পাইতে থাকে, ততই চিত্ত হরিনামে অধিকতর আকৃষ্ট হয়, আর জড় মনোধর্ম্ম থাকে না।

অনর্থের প্রাবল্য থাকায় হরিনামের স্ফূর্ত্তি হইতেছে না দেখিয়া শ্রীহরিনামের পথ পরিত্যাগ পূর্ব্বক কোনপ্রকার আরোহমার্গ স্বীকারের দ্বারা আশু ফল পাইবার চেষ্টায় ধাবিত না হইয়া বিশেষ ধৈর্য্য ও সহিষ্ণুতার সহিত গুরুবৈষ্ণবের আনুগত্যে হরিনাম গ্রহণে ধৈর্য্য, সাধুগণের প্রদর্শিত ও কথিত সেবার অনুশীলন, অসৎসঙ্গ ত্যাগ ও সাধুগণের সেবাময়ী বৃত্তির অনুসরণ—এই সকল হরিনাম গ্রহণের অনুকূল বিষয়।

আপনার পক্ষে যাহা প্রকৃত মঙ্গলকর, তাহা বিধান করিবার পরিপূর্ণ শক্তি শ্রীহরিনামের আছে। হরিনাম শ্রবণ, কীর্ত্তন করিতে করিতে যখন হরিনাম প্রভুর সেবা ও কৃপা-প্রার্থনা করিতে থাকিবেন, তখন দেখিবেন, আপনার চিত্ত তাঁহার সেবা করিবার জন্য কিরূপ চেষ্টাবিশিষ্ট হইয়া উঠিয়াছে, হরিনাম প্রভুর সেবার জন্য আপনি তখন অত্যন্ত চঞ্চল হইয়া উঠিবেন। মনে রাখিবেন—কৃষ্ণের সমস্ত শক্তি তাঁহার নামে নিহিত আছে। তথাপি হরিনামে রুচি হইতেছে না—বিশ্বাস হইতেছে না—শরণাগতি আসিতেছে না—ইহাই আমাদের দুর্দ্দৈব, অনর্থ বা অপরাধ। একমাত্র হরিকথা-শ্রবণ ও কীর্ত্তন ব্যতীত অন্য খুটি নাটির দিকে মন দিবার আমাদের সময় থাকিবে না, তবে সৌভাগ্যের উদয় হইবে।"

সর্ব্বক্ষণ হরিকথা শ্রবণ কীর্ত্তন ছাড়া আমাদের আর অন্য গতি নাই। শব্দই আমাদের যথাসর্ব্বস্ব। সেই শব্দানুশীলনই চেতনের অনুশীলন। সেই শব্দই শ্রীনাম—শব্দই হরিকথা। এই চেতনের অনুশীলন কেবল কর্ণের দ্বারাই সম্ভব। শব্দের শরণাগত হইতে হইবে—নিজেকে শব্দের আশ্রিত বলিয়া জানিতে হইবে এবং শব্দকেই রক্ষক ও পালক জানিয়া তচ্চরণে আত্মনিবেদন করত শব্দানুগত্যে নিরন্তর শব্দসঙ্গ-সেবার জন্য যত্ন করিতে হইবে। আবার শব্দসংস্পৃহা শব্দের নিত্যসঙ্গী কীর্ত্তন-প্রসঙ্গ-বিগ্রহ সাধুর কৃপা বা সঙ্গ ছাড়া হয় না। কর্ণের দ্বারাই সাধুর সঙ্গ হয়। শ্রবণই সাধুগুরুকৃপা-গ্রহণের একমাত্র পথ। সাধুর বাণীর সঙ্গই সাধুসঙ্গ। হরিকথারূপী গুরুর সঙ্গ না হইলে লঘুর সঙ্গ হইয়া যাইবে।

আমরা কেবল কৃপার প্রার্থী ছাড়া অন্য কিছুর প্রার্থী হইব না। সমস্ত বিশ্ব দুর্ভাগ্যবশতঃ যদি গুরুপাদপদ্ম ছাড়িয়া দেয়, তথাপি গুরুপাদপদ্মের নগণ্য ধূলিকণা আমি তাঁহাকে ছাড়া ত' দূরের কথা, তাহা স্বপ্নেও চিন্তায় আনিতে পারিব না। বিশ্ব আমার শ্রীগুরুপাদপদ্মকে যে ভাবে দেখে দেখুক, আমি কিন্তু তাঁহাকে সাক্ষাৎ নিত্যানন্দ জানিয়া সর্ব্বক্ষণ কায়মনোবাক্যে তাঁহার সেবাই করিব। আমি যতই অযোগ্য হই না কেন, তাঁহারই ত' ভৃত্য। সমস্ত বিশ্ব শত সহস্র বিপদের মধ্যে ফেলিতে পারে, কিন্তু শ্রীগুরুপাদপদ্মের নগণ্য ভৃত্যভৃত্যকে তাহারা কেশাগ্রও স্পর্শ করিতে পারিবে না—এইরূপ দৃঢ়তা আমাদের প্রত্যেকের লাভ হউক।

কৃষ্ণই একমাত্র রক্ষক। তৎপাদপদ্মে নির্ভরতাই রক্ষা পাইবার একমাত্র উপায়। জগতের বিদ্যা, বুদ্ধি, পাণ্ডিত্য, ঐশ্বর্য্য, বল-ভরসা কিছুই আমাদিগকে মৃত্যুর হস্ত হইতে রক্ষা করিতে পারিবে না। কৃষ্ণবিস্মৃতিই মৃত্যু। সুদর্শন বা সেবাদর্শনই এই কৃষ্ণবিস্মৃতিরূপ মৃত্যুর হস্ত হইতে রক্ষা পাইবার একমাত্র উপায়। জগতের প্রত্যেক বস্তুকে কৃষ্ণসেবার উপকরণরূপে দর্শনই সেবাদর্শন বা সুদর্শন। এতদ্ব্যতীত সবই ভোগদর্শন বা কুদর্শন। কুদর্শন বা কৃষ্ণবিস্মৃতিরূপ মৃত্যুর হস্ত হইতে রক্ষা পাইতে হইলে অমৃত সাধুগণের সঙ্গ ও কৃপা প্রার্থনাই একমাত্র উপায়।

গুরুবৈষ্ণবের শাসন বিশেষটা কৃপা। তাঁহারা যাহাকে আপন বলিয়া জানেন, তাঁহাকেই কৃপাশাসন করেন। নিজের জন বলিয়া গ্রহণ করিয়াছেন বলিয়াই ত' শাসন করেন। নিজের পুত্রকে পিতা শাসন করেন, পরের পুত্রকে কখনও শাসন করেন না। গুরুবৈষ্ণবের কৃপাশাসন তাঁহাদের স্নেহেরই আর একটা দিক্। স্নেহ বা প্রীতি কখন শাসনময়ী, আবার কখনও আদরময়ী। শরণাগত হইয়া আপনস্থানে চিন্তা করিলে ইহা স্পষ্টই বুঝা যায়। গুরুবর্গের শাসন-বাণী অকপটে গ্রহণ করিতে পারিলে মঙ্গল অবশ্যম্ভাবী।

শ্রীকৃষ্ণের চিন্তা অহর্নিশ হওয়া আবশ্যক। অহর্নিশ শ্রীকৃষ্ণকথা শুনিলে ও বলিলে, শ্রীকৃষ্ণজনের সঙ্গে শ্রীকৃষ্ণধামে অহর্নিশ বাস করিলে শ্রীকৃষ্ণ-চিন্তা, শ্রীকৃষ্ণাভিনিবেশ, শ্রীকৃষ্ণধারণা, শ্রীকৃষ্ণ-ধ্যান, শ্রীকৃষ্ণ-ধ্রুবানুস্মৃতি স্বাভাবিক হইয়া পড়ে, তখন ভোজন করিবার সময়ও শ্রীকৃষ্ণ-চিন্তা হয়, শয়নকালেও শ্রীকৃষ্ণচিন্তা হইতে থাকে, নিদ্রার মধ্যেও শ্রীকৃষ্ণ-চিন্তা হয়, নিদ্রা হইতে জাগরণের মুহূর্ত্তেও স্বাভাবিকভাবে শ্রীকৃষ্ণধ্যান ও অভিনিবেশ চিত্তসাম্রাজ্যকে অধিকার করিয়া রাখে। ইহা শ্রীনিত্যানন্দ প্রভুর কৃপায় হয়, কোনপ্রকার কৃত্রিম উপায়ে ইহা হইতে পারে না। শ্রীনিত্যানন্দগণের শ্রীপাদপদ্মে কাঁদিয়া কাঁদিয়া আর্ত্তি জানাইলে, শ্রীনিত্যানন্দাভিন্ন শ্রীগুরুপাদপদ্মের, শ্রীবৈষ্ণবের, শ্রীনামপ্রভুর অকপট সেবা করিলে শ্রীনিত্যানন্দের কৃপা-লাভ হয়, তখন অহর্নিশই শ্রীকৃষ্ণচিন্তা ও শ্রীকৃষ্ণধ্যান হৃদয়ে জাগরূক থাকে ও নিরন্তর শ্রীকৃষ্ণকীর্ত্তন স্ফূর্ত্তিপ্রাপ্ত হইতে থাকে।

আমরা এ জগতে আসিবার কালে সঙ্গে কিছু লইয়া আসি নাই এবং সঙ্গেও কিছু লইয়া যাইব না। যাঁহারা বুদ্ধিমান, তাঁহারা সংসারে আসক্ত না হইয়া একমাত্র শ্রীহরিনামকেই সম্বল করেন। যিনি শুদ্ধভাবে শ্রীহরিনাম গ্রহণ করিবেন, একমাত্র তাঁহারই ইহকাল ও পরকালে মঙ্গল হইবে।

প্রশ্নোত্তর

প্রশ্ন—অনাদি পরতত্ত্বজ্ঞানের অভাবে কি অনর্থ উদয় হয়?

উত্তর—তর্কপথে আদরই উহার প্রধান অনর্থ।

আত্মাপরিজ্ঞানময়ো বিবাদো
হ্যস্তীতি নাস্তীতি ভিদার্থনিষ্ঠঃ।
ব্যর্থোঽপি নৈবোপরমেত পুংসাং
মত্তঃ পরাবৃত্তধিয়াং স্বলোকাৎ॥
(ভাঃ ১১।২২।৩৪)

শ্রীভগবান্ শ্রীউদ্ধবকে বলিয়াছেন,—"আমি জীবমাত্রের পরম আশ্রয়। কিন্তু আমা হইতে বিমুখতাবশতঃ নিজ চেতনস্বরূপের অপ্রতীতি হেতু দেহাদি-অতিরিক্ত যে আত্মা আছে, এই নিত্যজ্ঞান এবং দেহাদি-অতিরিক্ত যে আত্মা আছেই নাই, এই প্রকার ভেদার্থনিষ্ঠ বিবাদ যদিও নিরর্থক, তথাপি বহির্ম্মুখতা থাকাকাল পর্য্যন্ত ঐ বিবাদের নিবৃত্তি হয় না।"

প্রঃ—এই বিবাদ বা তর্ক হইতে উদ্ধার পাইয়া ভগবৎস্বরূপ সম্পর্কে সুসম্বন্ধ অবস্থা কিরূপে লাভ হয়?

উঃ এই প্রাক্তন দুর্ব্বিপাক হইতে জীবকে উদ্ধার করিবার জন্য পরমকরুণাময় শাস্ত্রাবতার জগতে অবতীর্ণ। ইহার শ্রেষ্ঠ পথ। শাস্ত্রাবতার বলেন—(১) দুঃখভোগবৃত্তি ও (২) শরণাগতি।

প্রঃ সকলেই কি এই শাস্ত্রাবতারের কৃপায় উদ্ধার হইতে পারেন?

উঃ দুই প্রকার জীব সংসার দুঃখ হইতে মুক্ত হইয়া কৃতার্থ হন—(১) যে সকল জীব স্বাভাবিকভাবে পূর্ব্বজন্মের সংস্কারবশতঃ পরমার্থের অবধারণ যোগ্যতাবিশিষ্ট, আর (২) যে-সকল জীব এই জন্মে নিষ্কিঞ্চন

মহাপুরুষগণের সঙ্গফলে তাঁহাদের কৃপাদৃষ্টি লাভ করিতে পারেন। ইঁহারা উভয়েই সৌভাগ্যবান।

প্রঃ—মহতের কৃপাদৃষ্টি কি কোন কারণ বশতঃ হয়?

উঃ—তাঁহাদের [illegible] কৃপাদৃষ্টি অহৈতুকী [illegible], যেমন পূর্ব্ব জন্মে [illegible] না থাকিলেও নারদের ও [illegible] প্রতি [illegible] হইয়াছিল। [illegible] আবার পূর্ব্বসঞ্চিত সুকৃতি [illegible] কৃপা [illegible] হয়, যেমন [illegible] (পূর্ব্বজন্মে [illegible]) [illegible] শ্রীবাস [illegible] ও [illegible] অনুরোধ [illegible] অহৈতুকী [illegible] উপদেশ শ্রবণ করিয়াছিলেন।

প্রঃ [illegible] প্রকারের মধ্যে [illegible]?

উঃ [illegible] পূর্ব্বসঞ্চিত [illegible] উপদেশ [illegible] তাঁহাদিগের জন্য উপদেশাদির আর অপেক্ষা নাই। ঐ শ্লোক '[illegible]' শব্দ দ্বারা [illegible] অথবা [illegible] পাপ [illegible] ও [illegible] মহৎকৃপালাভের সৌভাগ্যবান্ জীবের কথাই উদ্দিষ্ট হইয়াছে। '[illegible]' শব্দ [illegible] বুঝায়। তাঁহাদের [illegible] উপদেশের শ্রবণও [illegible] নামা প্রকার বলের উদ্দীপক হয়, যেমন শ্রীপ্রহ্লাদ [illegible]।

বিরাট
নগর-সংকীর্ত্তন-শোভাযাত্রা

——:০:(*):০:——

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার প্রচারকেন্দ্র কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠের বার্ষিক [illegible] আগামী ২রশে শ্রাবণ, ১৭ই আগষ্ট রবিবার অপরাহ্ণ সাড়ে চারি [illegible] শ্রীমঠ হইতে একটী নগরসংকীর্ত্তন-শোভাযাত্রা বাহির হইবেন।

সংকীর্ত্তন শোভাযাত্রা কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার ষ্ট্রীট, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, [illegible] ষ্ট্রীট, সেন্ট্রাল এভিনিউ, মুক্তারাম বাবু ষ্ট্রীট, কর্ণওয়ালিস ষ্ট্রীট, বাগবাজার ষ্ট্রীট, ও কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট হইয়া পুনরায় শ্রীমঠে প্রত্যাবর্ত্তন করিবেন।

সকলের যোগদান প্রার্থনীয়।

[illegible] 'শ্রীরূপের শিক্ষা' বিষয়ে হরিকথা কীর্ত্তন করেন। অতঃপর [illegible] ও [illegible] গোস্বামীর [illegible] কীর্ত্তন হয়। তৎপরে সমাগত ভক্তবৃন্দকে মহাপ্রসাদ বিতরণ করা হয়। [illegible] দিবস বেলা ৮ ঘটিকার পর [illegible] শ্রীল [illegible] মহারাজ [illegible] সমাগত [illegible] শ্রীচৈতন্যচরিতামৃত [illegible] ব্যাখ্যা করিতেছেন। [illegible] প্রত্যহ [illegible] হরিকথা আলোচনা করিতেছেন। [illegible] সেবকগণ [illegible] শ্রীচৈতন্যভাগবত' পাঠ ও ব্যাখ্যা করিতেছেন। কলিকাতা সহরনিবাসী বহু বিশিষ্ট ভদ্রলোক ও মহিলা [illegible] উপস্থিত হইয়া হরিকথা-শ্রবণের সৌভাগ্য বরণ করিয়া ধন্য হইতেছেন।

শ্রীগৌড়ীয়মঠের উৎসবের ৩য় দিবসে গৌড়ীয়-আচার্য্য-ভাস্কর শ্রীশ্রীমদ্ভক্তিপ্রজ্ঞান [illegible] পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ভক্তিপ্রদীপ [illegible] গোস্বামী ঠাকুর [illegible] হইতে কলিকাতা শ্রীগৌড়ীয়মঠে শুভবিজয় করেন। [illegible] শ্রীপাদ [illegible] মহারাজ তাঁহাকে ষ্টেশন হইতে অভিনন্দন করিয়া লইয়া আসেন। লোকগণের প্রতি অহৈতুকী কৃপাবিস্তার করিয়া তিনি সর্ব্বক্ষণ মঙ্গলময় উপদেশ প্রদান করিতেছেন।

গত ২২শে শ্রাবণ শ্রীবলদেব-আবির্ভাব-তিথি দিবসে প্রাতে পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের অনেক আত্মমঙ্গলের কথা উপদেশ করেন। ইষ্টগোষ্ঠীতে মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার প্রভু সে সমস্ত কথার সার মর্ম্ম সকলকে বুঝাইয়া দেন। বেলা ৪ ঘটিকার সময়ে নিত্যানন্দাভিন্নবিগ্রহ শ্রীশ্রীল আচার্য্যদেব শ্রবণ-সদনে কৃপাপূর্ব্বক শ্রীভক্তিসন্দর্ভ গ্রন্থ হইতে ভক্তি ও শ্রীনামের মহিমা দেড় ঘণ্টা ধরিয়া ব্যাখ্যা করেন। শ্রীশ্রীবলদেবপ্রভুর আবির্ভাবতিথিতে মঠবাসী সেবকগণ উপবাসী থাকিয়া সর্ব্বক্ষণ শ্রবণ-কীর্ত্তনমুখে তিথিবরার আরাধনা করিয়াছেন।

শ্রীধামে শ্রীশ্রীবলদেবাবির্ভাব-উৎসব

গত ২২শে শ্রাবণ ৭ই আগষ্ট বৃহস্পতিবার শ্রীধাম-মায়াপুর শ্রীচৈতন্যমঠে শ্রীবলদেব-আবির্ভাবোৎসব [illegible] শ্রীবিগ্রহ গৌরজন [illegible]। আচার্য্যদেবের আনুগত্যে নিরন্তর হরি-সংকীর্ত্তনমুখে সুসম্পন্ন হইয়াছে।

এতদুপলক্ষে মঠসেবকগণ প্রাতঃকালে শ্রীগুরুগৌরাঙ্গের বিপুল ভক্তগণ সহকারে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারী-জীউর মঙ্গলারাত্রিক দর্শন করেন। তৎপরে [illegible], পঞ্চতত্ত্ব ও কৃপা প্রার্থনা [illegible] মহা [illegible] কীর্ত্তন হইলে পর শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীবলদেব প্রভুর [illegible] পাঠ ও ব্যাখ্যা করা হয়। অতঃপর কিছু সময় মহাজনপদাবলী কীর্ত্তন হইলে পর [illegible] ও [illegible] হইতে [illegible] [illegible] অবলম্বনে শ্রীবলদেব প্রভুর কৃপা ও মহিমার কথা [illegible] আলোচিত হয়। তৎপরে বেলা ১২ ঘটিকার সময় কীর্ত্তনমুখে [illegible] ভোগারাত্রিক সম্পন্ন হয়।

অপরাহ্নেও শ্রীচৈতন্যমঠবাসী ভক্তগণ শ্রীনদীয়াপ্রকাশ ও গৌড়ীয় হইতে শ্রীবলদেব প্রভুর কৃপার কথা বক্তৃতামুখে আলোচনা করেন।

সন্ধ্যারাত্রিকের পর শ্রীশ্রীগুরুবৈষ্ণব-বন্দনা, পঞ্চতত্ত্ব ও বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তন হইলে পর পণ্ডিত শ্রীপাদ নন্দকিশোর ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীনিত্যানন্দ-মহিমা ও শ্রীনিত্যানন্দাভিন্ন-বিগ্রহ পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের অহৈতুকী কৃপার কথা অনেকক্ষণ যাবৎ কীর্ত্তন করেন। পাঠের অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

তৎপর দিবস শ্রীধামবাসী ভক্তগণকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

এতদ্ব্যতীত শ্রীযোগপীঠ, শ্রীশ্রীবাসঅঙ্গন, শ্রীঅদ্বৈতভবন, শ্রীমুরারিগুপ্তের শ্রীপাট ও শ্রীশ্রীধরঅঙ্গনে পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যপাদপদ্মের কৃপা প্রার্থনামুখে শ্রীশ্রীবলদেব-আবির্ভাবোৎসব সম্পন্ন হয়।

শ্রীগৌড়ীয়মঠে উৎসব

——::০::——

গত ১৮ই শ্রাবণ সোমবার একাদশী তিথি হইতে কলিকাতা শ্রীগৌড়ীয়মঠের বার্ষিক [illegible]-মহামহোৎসব আরম্ভ হইয়াছে। এতদুপলক্ষে ভারতের বিভিন্নস্থানের শাখা-মঠ হইতে বৈষ্ণবগণ আসিয়া সমবেত হইয়াছেন। উক্ত দিবস বেলা [illegible] ঘটিকায় গয়া, কাশী, এলাহাবাদ ও মথুরা প্রভৃতি স্থানে প্রচার করিয়া ত্রিদণ্ডিপাদাগ্রণী শ্রীল তীর্থ গোস্বামী মহারাজ কতিপয় ব্রহ্মচারী সহ শ্রীমঠে উপনীত হইয়ার সঙ্গে সঙ্গে বহু সেবক সমক্ষে অনর্গলভাবে প্রায় দুই ঘণ্টাকাল হরিকথা কীর্ত্তন করেন। ঐ দিবস রাত্রে সন্ধ্যারাত্রিক অন্তে মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার প্রভু সারস্বত-শ্রবণসদনে শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করেন। উৎসবের দ্বিতীয় দিবস শ্রীরূপ গোস্বামী প্রভুর তিরোভাব দিবসে ত্রিদণ্ডিস্বামী শ্রীল তীর্থ গোস্বামী মহারাজ বহু সজ্জনপরিবৃত

পাটনায় প্রচার

ত্রিদণ্ডিপাদাগ্রণী শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ গোস্বামী মহারাজ লক্ষ্ণৌ, দিল্লী, মথুরা, এলাহাবাদ, কাশী, গয়া প্রভৃতি স্থানে শ্রীচৈতন্যবাণী প্রচার করিয়া গত ৩১শে জুলাই সকাল ৯ ঘটিকায় কতিপয় ব্রহ্মচারী সহ পাটনায় শুভবিজয় করিয়াছিলেন।

শ্রীল গোস্বামী মহারাজের অভ্যর্থনার্থে বহু শিক্ষিত ভদ্রমহোদয় ষ্টেশনে উপস্থিত হইয়াছিলেন। তাঁহারা শ্রীল গোস্বামী মহারাজকে মোটরযানে করিয়া পাটনা শ্রীগৌড়ীয়মঠে লইয়া আসেন। শ্রীল মহারাজ শ্রীমঠে উপস্থিত হইয়া সমাগত ভদ্রমহোদয় ও মহিলাগণের নিকট প্রায় ১ঘণ্টা যাবৎ অত্যন্ত আবেগভরে 'গুরুদেব, কৃপাবিন্দু দিয়া কর এই দাসে' এই কীর্ত্তনটী অবলম্বন করিয়া হরিকথা কীর্ত্তন করেন।

তিনি শ্রীমঠে ৩ দিবস অবস্থান করিয়া মঠসেবকবৃন্দ ও সমাগত শ্রোতৃবৃন্দের নিকট পারপর্য্যমুখে নিরন্তর বীর্য্যবতী হরিকথা কীর্ত্তন করিয়াছেন।

গত ৩১শে জুলাই গর্দ্দানিবাগস্থ "গেট-লাইব্রেরী ত" 'World crisis and our duty" সম্বন্ধে তিনি প্রায় ১ ঘণ্টা যাবৎ ইংরাজী ভাষায় একটী হৃদয়গ্রাহিণী গবেষণাপূর্ণ বক্তৃতা প্রদান করেন।

গত ১লা আগষ্ট বাঙ্গালীদের বাঁকিপুরস্থ হরিসভায় "সনাতনধর্ম্ম" সম্বন্ধে বাঙ্গলা ভাষায় আর একটী জ্ঞানগর্ভ বক্তৃতা প্রদান করেন। সভায় বহু ভদ্রমহোদয় ও ভদ্র-মহিলা উপস্থিত ছিলেন।

গত ২রা আগষ্ট সন্ধ্যায় শ্রীমঠে সমাগত শ্রোতৃবৃন্দের সমক্ষে শ্রীল গোস্বামী মহারাজ "Altruism and eternal good" সম্বন্ধে ইংরাজী ভাষায় একটী গবেষণাপূর্ণ বক্তৃতা প্রদান করেন।

বক্তৃতান্তে সমাগত শ্রোতৃবৃন্দকে মহাপ্রসাদ বিতরণ করা হয়। অতঃপর ২রা আগষ্ট রাত্রিতে কতিপয় ব্রহ্মচারী সহ শ্রীল মহারাজ কলিকাতাভিমুখে যাত্রা করেন।

কটকে প্রচার

গত ২রা আগষ্ট শনিবার দিবস কটক-প্রবাসী শ্রীযুক্ত ব্রজলাল লাভজী মহোদয় (গুজরাট নিবাসী, জুয়েলার) তাঁহার দুইজন সঙ্গী সহ কটক শ্রীসচ্চিদানন্দ-মঠে আগমন করেন। তিনি শ্রীবিগ্রহ-দর্শনান্তে মঠবাসিগণের নিকট প্রশ্নোত্তরমুখে প্রায় দুই ঘণ্টাকাল আগ্রহের সহিত শ্রীহরি-কথা শ্রবণ করিয়া বিশেষ আনন্দিত হন এবং শ্রীগৌড়ীয়মঠের প্রচারের প্রতি বিশেষ আকৃষ্ট হন।

ভ্রম-সংশোধন

গত ৯ই আগষ্ট ১৩১—৩২ সংখ্যা নদীয়া-প্রকাশের ১ম পৃষ্ঠা ৩য় কলম ৩৩ পংক্তিতে 'বিরহ-অড়-দুঃখ-বিনাশক' স্থলে 'বিরহ-অর-দুঃখ-বিনাশক' হইবে।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৪
সেবক—শ্রীকুঞ্জবিহারী দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভক্তিবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীবংশীবদন দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীহরেরাম ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীসঙ্কীর্ত্তন দাসাধিকারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীধামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

ঋতুদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুপাদ দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠাসন
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীরামলক্ষ্মণ ব্রহ্মচারী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদাস বিগ্রহ বিদ্যারত্ন বি এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাশাং বিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীচন্দ্রসখ দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিতাইচরণ দাস ব্রজবাসী

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা মথুরা
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেরশাহী
পোঃ কোসোম, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৪নং হনুমান রোড নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিলাষক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিলাষক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীযদুমণি দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরাসকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিকলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাজবাঁধ, বর্দ্ধমান
সেবক—শ্রীরবীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ঝুমুরকুড়া, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাক্সেষ্টার রোড, হাউড গ্রীন
লণ্ডন, এন ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা।
সেবক—শ্রীগোবর্দ্ধন ব্রহ্মচারী

লক্ষ্ণৌ গৌড়ীয়মঠ
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅভয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস
সেবক—শ্রীযাদবেশ্বর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম-এ মহোদয়ের শ্রেষ্ঠ গবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। ইহাই বিরাট্ অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩প অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-' Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়াপেট্টা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্ত্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গুম্ফিত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা ও বর্ণের আলেখ্য ভূমিকা ও সূচীসহ অভূতপূর্ব্ব নয়নাভিরাম নব সংস্করণরূপে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৶০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,
শ্রীযুক্ত সুপাইরঞ্জন রায় এম-এ, বি-এল্,
পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম্ম সন্নিবেশিত হইয়াছে। সত্য সুমন্দিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—৩৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

বিজ্ঞাপন

'মেডিকেল ডিগ্রী' সংগ্রহ করুন

আয়ুর্ব্বেদিক, হোমিওপ্যাথিক, ইউনানী,
চিকিৎসা পেত্রীত পরীক্ষা ঘরে বসিয়া দিন।
বিনা খরচ পেস্পেক্টাস ফ্রী। ইংরাজী কিম্বা
উর্দ্দু ভাষায় পত্র ব্যবহার করিবেন।

প্রিন্সিপ্যাল ওন্ড ইণ্ডিয়ান
মেডিক্যাল কলেজ
আম্বালা সিটী

শুদ্ধভক্তিগ্রন্থমালা

১ শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪
২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
৩। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৲
৪। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲, তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০
৯। জৈবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। শ্রীশ্রী আশ্রয় ॥০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৶০
২১। গৌড়ীয়সাহিত্য ।৵০
২২। ভজন রহস্য ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী-টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল মাধ্বভাষ্য ॥০
২৭। মুক্তিমল্লিকা ভগবৎস্তোত্রঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৶০ বাঁধা ৸০)
৩০। দ্বীপ-দিগ্দর্শন ৶০
৩১ সাধনপথ (তৃতীয় সংস্করণ) ৶০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য (ছোট) ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৶০
৪১। গীতাবলী ৵১০
৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা ৸০
৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২।০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক ৵১০
৪৬। অর্থপঞ্চক ৵০
৪৭। সদাচারস্মৃতিঃ ৵০
৪৮। কল্যাণকল্পতরু ৵১০
৪৯। অর্চ্চনকণ ৴০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ॥০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৴০
৬০। সাংখ্যবাণী ৴০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২॥০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ॥০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৫। সটীকা শিক্ষাদশমূলম্ ।০
৬৬। তত্ত্বসূত্রম্ ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ ৴০
৬৯। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ।০
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ॥০
৭২। নামভজন ৴০
৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অন্টলজি ।০
৭৪। রিলেটীভ ওয়ার্ল্ডস্ ।৶০
৭৫। লাইফ য্যাণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০
৭৬। বৈষ্ণবীজম্ ॥০
৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴০
৭৮। দি ভাগবত ।০
৭৯। হরো টক প্রিন্সিপাল এণ্ড আনয়ালয়েড ডিভোশন ।০
৮০। ব্রহ্মসংহিতা ॥০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৯৲
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০
৮৫। সাধনপথ ॥০
৮৬ কল্যাণকল্পতরু ৵১০
৮৭। গীতাবলী ৵১০
শরণাগতি ৴০
৮৯। শ্রীসচ্চিদানন্দবাণী ।৶০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ॥০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ।০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।৹	।৶৹	।৶৹	।৹
" " ইঞ্চি	২৲	১।৹	১৷৹	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অৰ্দ্ধ কলম	৮৲	৭৲	৭৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসেপ্রতি ইঞ্চি	৭৲	৪৷৹
" সিকি কলম	১৫৲	১২৲
" অৰ্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸৹
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যায় ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মহুয়া প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।৹ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মহুয়া প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ হিন্দি পদ্যানুবাদসহ মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র।৹ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭৷৹ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬৷৹ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য মহাপ্রভুর গ্রন্থে শ্রীমহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৮৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ শরণাগতির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রাঞ্জলার্থ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। বোর্ড বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ॥০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

					শনিবার	শনিবার ব্যতীত অন্য দিন		
কলিকাতা ছাঃ	৪-৪৬	৬-২১	৭-১৪	১৩-১৬	১৫-১৬	১৬-১৬	১৭-৫৬	২২-২৬
দমদম "	৪-৫৬	৬-৩১	৭ ২৮	১৩ ২৯	·		১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পোঃ	৬-১২	৭ ৫৮	৯-১৮	১৪ ৫০	১৬-০৮	১৮-০১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ	...	...	৯-৩১	...	.		.	.
কৃষ্ণনগর পোঃ	৬-৫৯	৮-৪০	১০-৬	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০ ২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-১৬	১৪ ৫০	১৭-৪০			২০-৩০	
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১১-২৫	১৮-১৫			২১-৫	
নবদ্বীপঘাট পোঃ	৭-৫৩	১০-৫৯	১৫-৩৩	১৮-২০			২১-১৩	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম "	১১-১৮
রাণাঘাট পোঃ	১২-৫১
" ছাঃ	১২ ৫৬
শান্তিপুর পোঃ	১৩-২৪
(বদল) ছাঃ	১৩ ৪২ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পোঃ	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পোঃ	১৫-৩৩

ডাউন

					শনিবার ব্যতীত অন্য দিন		শনিবার	
নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪		৯-১২		১৬-৩	১৬-৩১	১৮-৩৮	
মহেশগঞ্জ "	৬-২৩		৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পোঃ	৬-৫৭		৯ ৫৫		১৬-৪৬	১৭-১৪	১৯-২১	
বদল) ছাঃ	৬-৩১	৭-১০	৮-৫২	১১-১৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পোঃ	৪-১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৪৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	......	......	......	......	১৫-৫৬	১৭-৪২	.	..
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১-২৬	২২-৫৮
কলিকাতা পোঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬	২১-৪০	২৩ ১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪-১
মহেশগঞ্জ "	১৪-১০
কৃষ্ণনগর পোঃ	১৪-৪৪
ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পোঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পোঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-২০
কলিকাতা পোঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৸০ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। শ্রী... শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত ... বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খ প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্য জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনীষী সত্যানুসন্ধিৎসুগণ যে সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদ হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ-রূপানুগ-সিদ্ধান্তস্থাপনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্ব গৌরকৃষ্ণকীর্ত্তনস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যে সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——::০::——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৸০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

ঠিকানা—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
বেহালা, ২৪ পরগণা

টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

Regd No. C 1544

শ্রীশ্রীভক্তিরত্নমালা
—:০:—
শ্রীল নারায়ণদাস ভক্তি-
সুধাকর এম-এ সঙ্কলিত।
এই গ্রন্থ অনায়াসে, বিস্তৃত
ভূমিকা ও সূচীসহ অতি সুন্দর
রূপে প্রকাশিত হইয়াছে।
ঈশ, কেন, কঠাদি দ্বাদশ
উপনিষদের অভিনব সংস্করণ
ভিক্ষা মাত্র ১৷৹ টাকা।
প্রাপ্তিস্থান—
মহুয়া প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—ভারী, ঢাকা

দৈনিক নদীয়াপ্রকাশ

'THE DAILY NADIA PRAKASH'

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীচৈতন্যদেব
—:০:—
স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য-
মহাপ্রভুর জীবনী ও শিক্ষার
কথা সুন্দরভাবে ইহাতে
লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট
কাগজে সুন্দর বাঁধাই।
৩য় সংস্করণ ; ভিক্ষা ১৷৹
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

১৬খণ্ড] শ্রীমায়াপুর,—২৮শে শ্রাবণ, ১৩৪৮, ১৩ই জুলাই ইং ১৯৪১, বুধবার [১৩৫তম সংখ্যা

বিবিধ-সংবাদ

পরলোকে ডাঃ রবীন্দ্রনাথ ঠাকুর

বর্ত্তমানযুগের ভারতবর্ষের সর্ব্বশ্রেষ্ঠ কবি, দার্শনিক, দেশনেতা ও সর্ব্বদেশমান্য ডাঃ রবীন্দ্রনাথ ঠাকুর গত ৭ই আগষ্ট বৃহস্পতিবার দিবা ১২।১০ মিনিটের সময় সমগ্র ভারত-বাসীকে তথা সমগ্র দেশবাসীকে শোকসাগরে ভাসাইয়া অশীতিবর্ষ বয়সে ইহলোক পরি-ত্যাগ করিয়াছেন। আজ ভারতীয় সাহিত্য গগন হইতে যে উজ্জ্বল নক্ষত্র খসিয়া পড়িল তাহার স্থান সত্বর পূরণ হইবে কিনা সন্দেহ।

রাশিয়ায় নাৎসীদের দুইটি আক্রমণ ব্যর্থ

রাশিয়ার বিরুদ্ধে জার্ম্মাণী প্রথম যে দুইটি আক্রমণ চালাইয়াছে তাহা কিয়ৎপরিমাণে সফল হইলেও প্রধান উদ্দেশ্যসাধনে সমর্থ হয় নাই। রুশীয়দের সংঘবদ্ধ প্রতিরোধ চূর্ণ ও লেলিনগ্রাড, মস্কো এবং কিয়েভ অধিকার করিবার চেষ্টা ব্যর্থ হইয়াছে।

নাৎসী কর্ত্তারা এখন বুঝিতে পারিতেছেন, এ বৎসর আর একটির বেশী বড় আক্রমণ চালান সম্ভব হইবে না। কারণ, ইহার পরই বর্ষাকাল, তাহার পর শীত আরম্ভ হইবে। এই উভয় ঋতুই যুদ্ধ পরিচালনার পক্ষে অনুপযোগী ; এই সময়ে যুদ্ধ চালাইতে গেলে পরাজয় অসম্ভব নহে।

সুতরাং নাৎসীরা উভয় সঙ্কটে পড়িয়াছে। সময়ের স্বল্পতার কথা বিবেচনা করিলে তাহাদের অবিলম্বেই নূতন আক্রমণ আরম্ভ করিতে হয়। অথচ রাশিয়ার প্রতিরোধ-ব্যবস্থার কোনও দুর্ব্বল স্থান আবিষ্কার না করিতে পারিলে তাড়াতাড়ি আক্রমণ চালাইয়াও লাভ নাই। জার্ম্মাণীর তৃতীয় আক্রমণ ব্যর্থ হইলে পূর্ব্বসীমান্তে জার্ম্মাণীর পরাজয়ের কথা চিন্তা করিবার সময় আসিবে।

নূতন দূর পাল্লার এরোপ্লেন

বর্ত্তমান যুদ্ধ আরম্ভ হইবার সময়ে দুই-ইঞ্জিনবিশিষ্ট বোমারু বিমানগুলির পাল্লাই সবচেয়ে বেশী ছিল। সর্ব্বপ্রকার সমর-সরঞ্জাম লইয়া ইহা ৩,২০০ মাইল পর্য্যন্ত উড়িতে পারিত। বর্ত্তমানে যে সকল নূতন বিমান নির্ম্মিত হইতেছে তাহাদের পাল্লা আরো বৃদ্ধি করা হইয়াছে।

বিমান পোতের এই পাল্লা বৃদ্ধির ফল সুদূর প্রাচ্যে বিশেষরূপে অনুভূত হইবে বলিয়া মনে হয়। ম্যানিলায় যুক্তরাষ্ট্রের যে সকল বিমানপোত মোতায়েন আছে ইন্দোচীনের জাপানের ঘাঁটিগুলি তাহাদের আয়ত্তের মধ্যেই পড়িবে। অকল্যাণ্ড হইতে আরম্ভ করিয়া হংকং পর্য্যন্ত সমগ্র সমুদ্র-পথটি বোমারুবিমানের গণ্ডীর মধ্যেই পড়ে।

উত্তর আটলাণ্টিকেও এরোপ্লেনের পাল্লার বৃদ্ধির ফল অনুভূত হইবে। ব্রিটেন ও আমেরিকা সম্মিলিতভাবে ইউরোপ ও আমেরিকার মধ্যবর্ত্তী সমগ্র সমুদ্র-অঞ্চলের উপর টহল দেওয়ার ব্যবস্থা করিতে পারিবে। ইহাতে কনভয় রক্ষায় বিশেষ সুবিধা হইবে।

ব্রহ্মদেশের নিরাপত্তা

রয়াল অষ্ট্রেলিয়ান নৌবাহিনীর লেঃ কম্যাণ্ডার জে সি আর প্রাউড সম্প্রতি ব্রহ্ম-দেশ পরিদর্শন করিয়া তাঁহার অভিজ্ঞতার বর্ণনাপ্রসঙ্গে এক বেতার বক্তৃতায় বলেন যে, ব্রহ্মদেশের প্রতিরোধমূলক ব্যবস্থা এত সুপরিকল্পিত হইয়াছে যে, যে কোন আক্রমণ-কারীর পক্ষে ব্রহ্মদেশ আক্রমণ সাতিশয় কষ্টকর বলিয়া প্রতিপন্ন হইবে। বিমান-বাহিনী সম্পর্কে লেঃ প্রাউড্ বলেন যে, ব্রহ্ম-দেশের বিভিন্ন স্থানে নূতন বিমান ঘাঁটি নির্ম্মাণের প্রতি বিশেষ দৃষ্টি আরোপিত হইয়াছে। এই সকল বিমান ঘাঁটির জন্য ইতোমধ্যেই শক্তিশালী বোমারু ও জঙ্গী বিমানসমূহ আসিয়া পৌছিয়াছে।

তিনি বলেন, এই নূতন বিমান ঘাঁটিসমূহ নির্ম্মিত হইলে ভারতবর্ষ এবং মালয় হইতে রাতারাতি বিমানবাহিনী ব্রহ্মদেশে উপনীত হইবার ব্যবস্থা সম্পূর্ণ থাকিবে।

বিভিন্ন রাষ্ট্রে নাৎসী চর গ্রেপ্তার

ইউরোপ হইতে আমেরিকানদের দৃষ্টি অন্যত্র আকৃষ্ট করিবার উদ্দেশ্যে হিটলার দক্ষিণ আমেরিকায় তাহার গোপন কার্য্য-কলাপ বিশেষরূপে বৃদ্ধি করিয়াছে। কিন্তু এই পর্য্যন্ত তাহার উদ্দেশ্য কেবলই ব্যর্থ হইয়া আসিয়াছে। দক্ষিণ আমেরিকার ক্ষুদ্র ক্ষুদ্র যে সকল গণতন্ত্র নাৎসীদের ছোট খাট ব্লিৎজক্রিগের বিরুদ্ধে টিকিয়া থাকিবার আশা করিতে পারে না, তাহারাও যুক্তরাষ্ট্রের সহায়তার উপর ভরসা করিয়া হিটলারের অপচেষ্টায় বাধা প্রদান করিতেছে।

দক্ষিণ আমেরিকায় হিটলারের হাজার হাজার অনুচর আছে, ইহারাই গণ্ডগোল সৃষ্টির চেষ্টা করিতেছে। বোধ হয় প্রয়োজন হইলে ইহাদিগকে অস্ত্র ধারণ ও পশ্চিম গোলার্দ্ধের কোনও সুবিধাজনক ঘাঁটি আগলাইতে নির্দ্দেশ দেওয়া হইবে, যাহাতে পরে সেই স্থান হইতে হিটলার তাহার শেষ শত্রু আমেরিকাকে আক্রমণ করিতে পারে।

ল্যাটিন আমেরিকার অন্যতম প্রধান রাষ্ট্র। আর্জ্জেণ্টাইনই বর্ত্তমানে নাৎসীদের সর্ব্বাধিক প্রতিবন্ধকতা করিতেছে। আর্জ্জেণ্টাইন কংগ্রেসের বহু সদস্যই জার্ম্মাণীর সহিত সম্পর্কচ্ছেদের পক্ষে, শীঘ্রই এইরূপ কিছু করা হইবে বলিয়া মনে হয়।

নাৎসী-অনুকূল মনোভাবাপন্ন মেজর এলিয়াস বেলমোণ্ট বোলিভিয়াতে সম্প্রতি নাৎসীনীতিতে শাসন ক্ষমতা লাভের যে চেষ্টা করিয়াছিল তাহা সম্পূর্ণ ব্যর্থ হইয়াছে। বর্ত্তমানে তাহার নাৎসী অনুচরদের ধর পাকড় চলিতেছে।

কিউবায় ৮২ জন অ্যাকসিস অনুচর গ্রেপ্তার হইয়াছে। ইহাদের বিরুদ্ধে গুপ্তচর-বৃত্তির অভিযোগ আনা হইয়াছে। কলম্বিয়া হইতেও সম্প্রতি পিটর ফন্ বোয়াকফোর্ট নামক একজন জার্ম্মাণ চরকে বিতাড়িত করা হইয়াছে।

ব্রেজিল হইতেই সর্ব্বাপেক্ষা উদ্বেগজনক সংবাদ আসিতেছে। সেখানে জার্ম্মাণদের কনডর বিমান কোম্পানী এবং যুক্তরাষ্ট্রের প্যান-আমেরিকান এয়ার লাইন্স, ব্রেজিলের আভ্যন্তরীণ বিমান চলাচলের ভার পাইবার জন্য তুমুল প্রতিযোগিতা করিতেছে। কনডর লাইন ব্রেজিলের বিভিন্নস্থানে এক জার্ম্মাণ "প্রবণকার." চালান দিতেছে।

হস্তচালিত তাঁতের কম্বলের চাহিদা

ইণ্ডিয়ান ষ্টোর ডিপার্টমেণ্ট বিভিন্ন প্রদেশ ও দেশীয় রাজ্যগুলির শিল্প বিভাগের ডাইরেক্-টারদের নিকট হস্তচালিত তাঁতে প্রস্তুত কম্বল সরবরাহের জন্য প্রস্তাব আহ্বান করিয়াছেন। এই কম্বল ১৯৪২ সালের মার্চ্চ মাসের মধ্যে সরবরাহ করিতে হইতে হবে। স্মরণ থাকিতে পারে, ইতঃপূর্ব্বে ১৯৪১ সালের ৩০শে সেপ্টেম্বরের মধ্যে সরবরাহ করিতে হইবে এই অর্ডারে ইহাদের নিকট আরও তাঁতের কম্বল অর্ডার দেওয়া হইয়াছে।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয়ের স্রৌতগবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। ইহাই বিরাট্ আয়তন ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্রও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুর্লক্ষণাত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্ত্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গুম্ফিত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা ভাষায় বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা ভাবের আলেখ্য, ভূমিকা ও সূচীসহ অভূতপূর্ব্ব সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণরূপে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৶০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,

শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম-এ, বি-এল,

পুরাণপল্টন, পোঃ রমণা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৬৭৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—৫৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

বিজ্ঞাপন

'মেডিকেল ডিগ্রী' সংগ্রহ করুন

আয়ুর্ব্বেদিক, হোমিওপ্যাথিক, ইউনানী,

হেকমাত প্রভৃতি পরীক্ষা ঘরে বসিয়া দিন।

বিনা খরচে প্রস্পেক্টাস লউন। ইংরাজী কিম্বা

উর্দ্দু ভাষায় পত্র ব্যবহার করিবেন।

প্রিন্সিপ্যাল ওল্ড ইণ্ডিয়ান

মেডিক্যাল কলেজ

আম্বালা সিটী

শুদ্ধভক্তিগ্রন্থমালা

১ শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪

২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲

দশম স্কন্ধ— ৯৲

৩। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৲

৪। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲ সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী ১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী ১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০

৭। শ্রীচৈতন্যদেব ১।০

৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০

৯। জৈবধর্ম্ম ২৲

১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয়-সংস্করণ) ॥০

১৫। বৈষ্ণবসাহিত্যে বিষয়-তত্ত্ব ।০

১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০

১৭। চৈতন্যোপনিষদ্ ।০

১৮। দ্বাদশ আলবর ॥০

১৯। তত্ত্ববিবেক ।০

২০। গৌড়ীয়-গৌরব ।৵০

২১। গৌড়ীয়সাহিত্য ।৵০

২২। ভজন-রহস্য ॥০

২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲

২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ১৲

২৫। গীতা (চক্রবর্ত্তী-টীকাসহ) ১৲

২৬। গীতার কেবল অর্থভাষা ॥০

২৭। মুক্তিমাণিক্য ভবসৌধঃ (সানুবাদ) ২৲

২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)

২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৵০ বাঁধা ৸০)

৩০। দ্বীপ-দিগ্দর্শন ৶০

৩১ সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৶০

৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥০

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০

৩৫। গীতমালা /১০

৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য (ছোট) ৶০

৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০

৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০

৪০। শরণাগতি ৶০

৪১। গীতাবলী /১০

৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা ৸০

৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২।০

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা

৪৫। নবদ্বীপশতক /১০

৪৬। অর্চ্চনকণ /১০

৪৭। সদাচারস্মৃতিঃ /১০

৪৮। কল্যাণকল্পতরু /১০

৪৯। অর্চ্চনকণ /০

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲

৫১। ব্রহ্মসংহিতা ।০

৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০

৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০

৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০

৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০

৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০

৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০

৫৮। শ্রীভুবনেশ্বর ৶০

৫৯। সিদ্ধান্তদর্পণ /০

৬০। সাংখ্যবাণী /০

৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২॥০

৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০

৬৪। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০

৬৫। সটীকা-শিক্ষাষ্টকম্ ।০

৬৬। তত্ত্বসূত্রম্ ।০

৬৭। সান্দ্বাদ শিক্ষাষ্টকম্ ৶০

৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ /০

৬৯। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥০

৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ॥০

৭২। নামভজন /০

৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অণ্টলজি ।০

৭৪। রিলেটিভ ওয়ার্ডস্ ।৵০

৭৫। লাইফ য়্যাণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০

৭৬। বৈষ্ণবীজম্ ।০

৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴০

৭৮। দি ভাগবত ।০

৭৯। থিয়োরটিক প্রিন্সিপাল এণ্ড আনরীভলেড ডিভোশন ।০

৮০। ব্রহ্মসংহিতা ॥০

৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ৫৲

৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৬৲

৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০

৮৫। সাধনপথ ॥০

৮৬ কল্যাণকল্পতরু /১০

৮৭। গীতাবলী /১০

শরণাগতি /০

৮৯। শ্রীসজ্জনতোষণী ।৵০

৯০। শ্রীগৌড়ীয়বাণী ॥০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ।০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

সত্যান্ত কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিস্তৃত ভাষ্যসহ প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৵৹

প্রাপ্তিস্থান

শ্রীযোগপীঠ-শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৷৹ মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ-শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ৬ হৃষীকেশ, গৌরাব্দ ৪৫৫, ২৮শে শ্রাবণ, বঙ্গাব্দ ১৩৪৮ ১৩ই আগষ্ট ইং ১৯৪১, বুধবার { ১৫৫ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৬ হৃষীকেশ ভূত অনিরুদ্ধ গৌরাব্দ ৪৫৫

শ্রীবৈষ্ণবের বর্ণাশ্রম

(ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুর)

ভারতবর্ষীয় চাতুর্ব্বর্ণ্যস্থিত আর্য্যগণ চারিটী আশ্রমে অবস্থিত। এই আশ্রমবিভাগ বর্ণবিভাগের সহিত উৎপত্তি লাভ করিয়াছে। ব্রহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থ ও ভিক্ষু এই চারি আশ্রমের যে কোন একটীর অন্তর্ভুক্ত হইয়া বর্ণধর্ম্ম সংরক্ষিত হয়। যাঁহাদের বর্ণ আছে, পরিচয় আছে, তাঁহাদেরই আশ্রমের প্রয়োজন। বর্ণধর্ম্ম ও আশ্রমধর্ম্ম সামাজিক বিধানের অন্তর্গত। যাঁহারা সামাজিক বর্ণের ও আশ্রমের কিছু প্রতিষ্ঠা ও কল্যাণ আশা করেন, তাঁহাদের সর্ব্বতোভাবে প্রাচীন নিবদ্ধ বিধিনিষেধ পালন-বর্জ্জন দ্বারা সনাতন ধর্ম্ম রক্ষা করা কর্ত্তব্য।

সামাজিক মানবের দুইটী বৃত্তি উভয়ই সমাজের কল্যাণার্থ প্রযুক্ত হয়। সমাজে যাহাতে কোনপ্রকার অপ্রীতির উদয় না হয়, এরূপ উদ্দেশ্যে সামাজিক আর্য্যগণ বিধি, নিষেধ প্রভৃতি ব্যবস্থা করিয়াছেন। তাঁহাদের এই মূল উদ্দেশ্য সাধন করিতে যে সকল ব্যবস্থা ও আচার প্রতিপালিত হয়, তাহার ফলস্বরূপ স্বর্গাদি লাভ ও পুণ্যসঞ্চয়াদি গৌণ উদ্দেশ্যও ব্যবস্থাপিত হইয়াছে। মানবের কর্ম্মাত্মিকা বৃত্তির জন্য যজ্ঞাদি কর্ম্ম, পিত্রাদি তর্পণ, সংস্কারাদি আচার, ব্রত, পুণ্যতীর্থবাস, পবিত্র সলিলে স্নান প্রভৃতি বিধি ও জ্ঞানাত্মিকা বৃত্তির জন্য দেব-বিপ্রাদির পূজা, গুরুজনের সম্মান, আচারবানের জ্ঞানপ্রাপ্তি প্রভৃতি ধর্ম্মশাস্ত্রসমূহে নিবদ্ধ আছে। যাঁহারা এই বৃত্তিদ্বয়ের চরিতার্থতার বাসনায় আত্ম-সুখ, বন্ধত্ব প্রভৃতি নিবৃত্ত অভাব-সকলের প্রাপ্তিলোভে ক্রিয়া করেন তাঁহারা সমাজের শীর্ষস্থানীয়।

সমাজের অন্তরালে থাকিয়া শুষ্কজ্ঞানি-সম্প্রদায় বিপ্রান্ন ভোজন করত সমাজের উদ্দেশ্যসিদ্ধির সহায়তা করেন। যোগিসম্প্রদায় স্ব-স্ব অভাব সঙ্কোচ করিয়া সুখলাভ সম্ভবপর জানাইয়া সাংসারিক জীবগণের ত্যাগজনিত সুখভোগের আসক্তি বৃদ্ধি করেন। অন্যান্য সাম্প্রদায়িক দার্শনিকগণ স্ব-স্ব প্রক্রিয়ার দ্বারা সুখপ্রয়াসীকে আহ্বান করেন এবং ক্রিয়া-জনিত ফলে সুখী করিয়া সমাজের কল্যাণ করেন।

বর্ণধর্ম্মাশ্রিত ব্যক্তিগণের ন্যায় শ্রীবৈষ্ণবের ব্যবহারের সাদৃশ্য থাকিলেও তাঁহারা সমাজকে পোষণ করা বা তাহার কল্যাণের জন্য সহায়তা করা উদ্দেশ্য বলিয়া মনে করেন না। তাঁহাদের ক্রিয়া দ্বারা সমাজ পুষ্ট হউক বা সমাজের সর্ব্বনাশ হউক এ চিন্তা হৃদয়াকাশকে পূর্ণ করে না। শ্রীবৈষ্ণব বর্ণচতুষ্টয় ও আশ্রমচতুষ্টয়ের নিকট নিজের প্রতিষ্ঠা স্থাপন করিবার জন্য ব্যস্ত নন। তাঁহার ক্রিয়া বর্ণবিধি অতিক্রম করিল বা আশ্রম নিষেধ মানিল না এজন্য তিনি কাহারও নিকট সঙ্কোচিত নহেন, যেহেতু ভগবদ্-ভক্তি-বৃদ্ধির একমাত্র উদ্দেশ্যেই তাঁহার ক্রিয়াসমূহ ন্যস্ত। শ্রীবৈষ্ণব ব্রাহ্মণ বা ম্লেচ্ছ চণ্ডাল হউন একই কথা। গৃহস্থ হউন বা ভিক্ষু হউন তাহার গৌরব বা অগৌরব নাই। ভগবদ্ভক্তির জন্য শ্রীবৈষ্ণব নরকলাভ করুন বা স্বর্গলাভ করুন একই কথা। ভগবৎপ্রাপ্তিতেও তাঁহার যে প্রেম, ভগবদ্বিরহেও সে প্রেমের খর্ব্বতা নাই। শ্রীবৈষ্ণব কিছুই আশা করেন না। তাঁহার কিছুরই অভাব নাই। বদ্ধজীবের অভাব-বশেই তিনি অপ্রাপ্ত বিষয়ের উৎকর্ষে মুগ্ধ। প্রাপ্তি হইলেই তাঁহার চিরবাঞ্ছিত ব্রহ্মরূপ চমৎকারিতা হেয়ত্ব লাভ করে। লব্ধকামী মায়িক নিগড়ে নিতান্ত অস্থির। শ্রীবৈষ্ণবের তাহাতে ধৈর্য্যচ্যুতি নাই। শ্রীবৈষ্ণবের আবির্ভাব, ক্রিয়াকলাপ সমস্তই মায়িক কাম ফলপ্রসূ ক্রিয়াকারিগণের মত হইলেও বস্তুতঃ অত্যন্ত পৃথক্।

শ্রীবৈষ্ণবের সহিত বৈষ্ণবেতরের পার্থক্য নাই জানিয়া অনেকে শ্রীবৈষ্ণবকে তাঁহার বর্ণ জিজ্ঞাসা করেন ও সামাজিকগণের ন্যায় তাঁহাকে চারি আশ্রমের একটীর মধ্যে প্রোথিত করিবার চেষ্টা করেন। এ চেষ্টা নিতান্ত অবৈষ্ণবোচিত, সামাজিক চেষ্টা বিশেষ। পতিতপাবন, জগতের একমাত্র পরমগুরু শ্রীগৌরাঙ্গের চিন্ময় আবির্ভাবলীলা দর্শন করিলে আমাদের সর্ব্ব সংশয় বিদূরিত হয়। পরবিদ্যাশাস্ত্র বেদে লিখিত আছে, "ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ। ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরে॥" ভগবচ্চরিত্র দর্শন করিলে আমাদের সর্ব্ব সংশয়ের ছেদন হয়, কর্ম্মসকল ক্ষয়প্রাপ্ত হয়, হৃদয়গ্রন্থি ভেদ হইয়া সত্যের উপলব্ধি হয়। সদাচারপরায়ণ দশসংস্কারসম্পন্ন ব্রাহ্মণ ব্রহ্মসাক্ষাৎকার লাভ করিলেও পরাবর শ্রীকৃষ্ণচৈতন্যের চিন্ময় চরিত্র অবলোকন করিবার পূর্ব্বে সংশয়হীন হইতে পারেন না। শ্রীচৈতন্যচরিত্র পরাবর যিনি দর্শন করিয়াছেন তিনিই জানেন যে, শ্রীবৈষ্ণব ব্রাহ্মণ ক্ষত্রিয়, বৈশ্য বা শূদ্র নহেন, ব্রহ্মচারী, গৃহস্থ বানপ্রস্থ বা ভিক্ষু নহেন। তিনি ত্রৈগুণ্য হইতে পৃথক্—গোপীজনবল্লভের দাসানুদাস। তাঁহার আর স্বতন্ত্র পরিচয় নাই। আমি বদ্ধ বা মুক্ত ইত্যাদি অনিত্য মায়িক বিচার তাঁহাকে স্পর্শ করে না। ঘটাকাশ, মহাকাশ, রজ্জু-সর্প, প্রতিবিম্ব প্রভৃতি অনিত্য যুক্তিগুলির স্বরূপপ্রাপ্তির পর আর কোন প্রয়োজন থাকে না। আজকাল কতকগুলি ব্যক্তি শ্রীবৈষ্ণব শব্দকে এরূপ ঘৃণ্য ও বিপরীত অর্থ যোগ দ্বারা সামাজিক করিবার চেষ্টা করিয়া যেরূপ অবৈষ্ণবতাচরণ করিয়াছেন তাহা উল্লেখ করিতেও কষ্ট বোধ হয়। তাহারা মায়িক অনিত্য পরিচয়ে শ্রীবৈষ্ণববপু কলুষিত করিয়া সামাজিক প্রতিপন্ন হইবার প্রয়াস করিয়াছে মাত্র।

শ্রীহরিদাস ঠাকুরকে ব্রাহ্মণ করিবার চেষ্টা, শ্রীঈশ্বরপুরীকে শূদ্র বা ব্রাহ্মণ-বর্ণাভিধানে ভূষিত করিবার প্রয়াস ব্রাহ্মণ ব্যতীত অপর বর্ণের শ্রীবৈষ্ণবশিষ্যপ্রদানের অক্ষমতা বা ক্ষমতা প্রভৃতি স্থাপনের নিতান্ত অবৈষ্ণবোচিত সামাজিক উদ্দেশ্যবিশেষ। এই সকল উদ্দেশ্য ভক্তির সহায়তা করে নাই। অতএব শুদ্ধ বৈষ্ণবের এ সকল ক্রিয়া আদর্শীয় নহে। শ্রীবৈষ্ণবের মহিমা এটী স্মরণ করা কর্ত্তব্য যে, তিনি [illegible]—পরতন্ত্র, স্বাধীন নহেন। স্বাধীনতা তাহাতে সম্ভবপর নহে, যেহেতু তাহার স্বরূপে [illegible] তিনি কৃষ্ণদাস নাম করিয়াছেন। একথা যে বৈষ্ণবগণ [illegible] পূর্ব্বপক্ষ বিতর্ক [illegible] কেবল কৃত্রিম আত্মাপর্ণ কপটতাবশতঃ [illegible] নিকট বিক্রীত হইয়াছে। বস্তুতঃ [illegible] নিকট বিক্রয় করিয়া [illegible] সে ব্যক্তি আত্মপ্রতিষ্ঠালাভের

জন্য ব্যস্ত। কৃত্রিম কৃষ্ণদাস শ্রীবৈষ্ণব হইতে বহুদূরে অবস্থিত। তিনি প্রেমভক্তির সাধনের পরিবর্ত্তে কামের সাধনে অনিত্য দুঃখনিবৃত্তি করিতেছেন মাত্র। এই শ্রেণীর ব্যক্তির জন্যই সামাজিকগণ বিধিনিষেধ-সকল ব্যবস্থা করিয়াছেন।

অর্থ

অর্থ দুই প্রকার নিত্য ও অনিত্য। 'অনিত্য' অর্থ—বিষয়বৈভবে 'আমিত্ববুদ্ধি।' তাহা যদি কৃষ্ণসেবার উপকরণ না হয়, তবে তাহা অনর্থে পর্য্যবসিত হয় আবার তাহাই যদি কৃষ্ণসেবায় নিযুক্ত হয়, তবে তাহা দ্বারা আমরা গুণাতীত সাধ্যস্বরূপ পরম অর্থ বা শ্রেষ্ঠ অর্থ 'কৃষ্ণপ্রেমা' লাভ করিতে পারি। শাস্ত্র বলিয়াছেন, নিত্য অর্থ পাঁচ প্রকার,—

তাপাদি পঞ্চসংস্কারী নবেজ্যাকর্ম্মকারকঃ।
অর্থপঞ্চকবিদ্ বিপ্রো মহাভাগবতঃ স্মৃতঃ॥
(পদ্মপুরাণ)

তাপ, পুণ্ড্র, নাম, মন্ত্র ও যাগ—এই পঞ্চসংস্কার। শ্রবণ কীর্ত্তনাদি নববিধ ভক্ত্যঙ্গ কার্য্য এবং পঞ্চপ্রকার অর্থজ্ঞ ব্যক্তিই মহাভাগবত। সদ্গুরুচরণাশ্রয় ব্যতিরেকে আমরা এ সমস্ত কথা সম্যক্ উপলব্ধি করিতে পারি না। শ্রীল রামানুজ স্বামীর প্রশিষ্য শ্রীলোকাচার্য্য সংসারী জীবের তত্ত্বজ্ঞানোৎপত্তির জন্য নিত্য অর্থকে পাঁচ প্রকারে বিভাগ করিয়াছেন। যথা,—জীবের স্বরূপ, ঈশ্বরের পরস্বরূপ, পরমার্থস্বরূপ, উপায়স্বরূপ ও বিরোধিস্বরূপ। জীবের স্বরূপ আবার নিত্য, মুক্ত, বদ্ধ, কেবল ও মুমুক্ষুভেদে পাঁচপ্রকার। ঈশ্বরের পরস্বরূপ—পর, ব্যূহ, বিভব, অন্তর্যামী এবং অর্চ্চাবতারভেদে পাঁচপ্রকার। পুরুষার্থস্বরূপ—ধর্ম্ম, অর্থ, কাম, আত্মানুভব ও ভগবদনুভব—এই পাঁচপ্রকার। বিরোধিস্বরূপ—স্বরূপ, পরত্ব, পুরুষার্থ, উপায় ও প্রাপ্তিবিরোধী—এই পাঁচপ্রকার।

গৌড়ীয়-বেদান্তাচার্য্য শ্রীল বলদেব বিদ্যাভূষণ প্রভু গীতাভাষ্য হইতে নিত্য অর্থপঞ্চকের লক্ষণ এইরূপ নির্দ্দেশ করিয়াছেন, ১। পূর্ণচৈতন্য ঈশ্বর, ২। অণুচৈতন্য জীব। ৩। সত্ত্বরজস্তমোগুণত্রয়ের আশ্রয় প্রকৃতি বা মায়া। ৪। ত্রিগুণের প্রভাবশূন্য জড় দ্রব্য কাল, ৫। পুংপ্রযত্ননিষ্পাদ্য অদৃষ্টাদিশব্দবাচ্য—কর্ম্ম। ঈশ্বর, জীব, প্রকৃতি ও কাল—এই চারিটী তত্ত্ব নিত্য অবিনশ্বর, কর্ম্ম অনাদি হইলেও নশ্বর। জীব, প্রকৃতি, কাল—ঈশ্বরের অধীন। ঈশ্বর—গুণময়ী প্রকৃতি বা মায়ার অতীত তত্ত্ব। জীব স্বরূপতঃ মায়ামুক্ত হইলেও অণুত্বপ্রযুক্ত মায়াবশযোগ্য। শ্রীমন্মহাপ্রভুও বলিয়াছেন,—"মায়াধীশ, মায়াবশ ঈশ্বরে জীবে ভেদ।" জীব ও ঈশ্বরে নিত্য অচিন্ত্যভেদাভেদ-সম্বন্ধ বর্ত্তমান।

শ্রীল জীব গোস্বামিপাদ তাঁহার রচিত ভক্তিসন্দর্ভে হয়শীর্ষ পঞ্চরাত্র হইতে অর্থপঞ্চকের বিস্তৃত ব্যাখ্যার সামর্থ্য এইরূপ গ্রহণ করিয়াছেন। যথা,—ভগবান্, তাঁহার ধাম, তাঁহার দ্রব্য, তাঁহার মন্ত্র এবং জীবাত্মা। ১। সচ্চিদানন্দবিগ্রহ শ্রীকৃষ্ণই একমাত্র উপাস্য। ২। তাঁহার ধাম প্রকৃতির পরপারে শুদ্ধসত্ত্বময়, সর্ব্বভূতের আধার; সর্ব্বপ্রলয়বর্জ্জিত কোটিসূর্য্যচন্দ্রসম জ্যোতির্ম্ময় এবং সচ্চিদানন্দলক্ষণবিশিষ্ট। ৩। সেই স্থানে কল্পতরুসমূহ সর্ব্বভোগপ্রদ, তদুৎপন্ন দ্রব্যও সেইরূপ এবং তাহাতে হেয়াংশের অধিষ্ঠান না থাকায় তাহা অপ্রাকৃত রসস্বরূপ। ৪। তাঁহার মন্ত্র বাচ্য ও বাচকরূপে ভিন্ন দেখা গেলেও তত্ত্ববিদ্গণ উভয়ের অভেদই সিদ্ধান্ত করিয়াছেন। ৫। সাগরজলে বায়ুর সংযোগে তরঙ্গ হইতে যেরূপ কণিকা উত্থিত হয়, অথবা বৃহৎ বৃহৎ অগ্নিকুণ্ড হইতে যেরূপ স্ফুলিঙ্গ উত্থিত হয়, সেইরূপ সেবা ভগবানের লীলাপুষ্টি-বৈচিত্র্য-জন্য জীবস্বরূপবৈশিষ্ট্য প্রকটিত হয়। ভগবানের সহিত স্বীয় স্বতন্ত্র সেবকপরিচয়জ্ঞানবিশিষ্ট নিত্য চৈতন্যসত্তাকে জীবশক্তি কহে; ঐ জীব ভগবানের সহিত অচিন্ত্য ভেদাভেদতত্ত্বে বর্ত্তমান।

শ্রীকৃষ্ণের অনন্তশক্তির অন্যতম তটস্থা শক্তি হইতে চিজ্জগৎ ও জড়জগতের মধ্যবর্ত্তী উভয় জগতের সঙ্গযোগ্য একটী তত্ত্ব নিঃসৃত হইয়াছে, উহার নাম জীবতত্ত্ব। জীবের গঠন চিৎপরমাণু, তবে অণুত্ব-প্রযুক্ত মায়াবশযোগ্য। চিন্ময়ধর্ম্ম সম্বন্ধে জীব কৃষ্ণের অভেদপ্রকাশই এবং অণুচৈতন্য-ধর্ম্মবশতঃ বৃহচ্চৈতন্যস্বরূপ কৃষ্ণের ভেদপ্রকাশ, কৃষ্ণের সহিত জীবের ভেদাভেদপ্রকাশরূপ উভয়বিধ সম্বন্ধ নিত্য বর্ত্তমান। ভেদ ও অভেদ যুগপৎ সিদ্ধ। কৃষ্ণ—পূর্ণ স্বতন্ত্র, জীব—অণুস্বতন্ত্র। এই জীব তটস্থধর্ম্মক্রমে স্বীয় স্বতন্ত্রতার অপব্যবহারফলে গুণান্তর্গত হইয়া জড়ভোগে প্রমত্ত অবস্থায় মায়াবদ্ধ হয়।

"মায়াধীশ মায়াবশ, ঈশ্বরে জীবে ভেদ", আমি চিন্ময় সমুদ্রের চিন্ময় তরঙ্গ হইয়াও নিজ স্বতন্ত্রতাকে অবৈধভাবে নিয়োগ করার দরুণ মন রাজা হইয়া তাহার দ্বিতীয় সহোদর বুদ্ধিকে মন্ত্রীত্বে নিযুক্ত করত তৃতীয় ভ্রাতা অহঙ্কারকে সেনাপতিপদে বরণ করিয়া আমাকে মায়ার অনর্থসমুদ্রের বৈমুখ্যতরঙ্গে পরিণত করিয়াছে। মন দ্বারাই আমরা বদ্ধ হই, আবার সেবোন্মুখ হইলেই মুক্ত হইতে পারি।

মায়াগ্রস্ত জীব নিজে রাজা সাজিয়া সোহহংবাদী হইয়া কামভোগের প্রধান উপকরণ অর্থে প্রবলভাবে আসক্ত হইয়া পড়ে, অর্থাসক্তি তখন এত প্রবল হয় যে, বৈষ্ণব বা প্রকৃত সাধু আমাদিগের আসক্তির বস্তু যে অর্থ, তাহা কৃষ্ণসেবায় নিযুক্ত করিয়া আমাদিগকে বিষয়-বিষ্ঠাগর্ত্ত হইতে উদ্ধার করিতে চাহিলে সমস্ত ঐশ্বর্য্যের অধিপতি সেই কৃষ্ণাতিথ বস্তুকে আমরা সামান্য ধনের ভিক্ষুক মনে করি, অনেক সময় বলি, সাধুর আবার অর্থের দরকার কি? কিন্তু সাধু যে আমাকে কৃপা করিতে আসিলেন—আমার অর্থাসক্তির কিয়দংশ পরমার্থে নিয়োজিত করিতে আসিলেন তাহা অতি বদ্ধতার দরুণ মায়া আমাকে বুঝিতে দেয় না।

যাঁহার অর্থ তাঁহার সেবার উপকরণস্বরূপে গ্রহণ করিতে পারিলেই আমার ভোগবুদ্ধি দূর হইতে পারে, এতদ্ভিন্ন আর কোন উপায় নাই। আবার এই অর্থ ত্যাগ করিবার অধিকারও আমার নাই, ভোগ করিবার অধিকার ত' আমার নাইই। কৃষ্ণের ভোগ্যবস্তুতে ভোগবুদ্ধি করিলে অবিদ্যাগ্রস্ত হইয়া জন্মমরণ-মালায় জ্বালা গ্রহণ করিতে হইবে, যেহেতু শ্রীভগবান্ শ্রীমুখে অর্জ্জুনকে বলিয়াছেন,—"অহং হি সর্ব্বযজ্ঞানাং ভোক্তা চ প্রভুরেব চ।" এখানে 'হি' এবং 'এব' শব্দের দ্বারা বাক্যের নিশ্চয়তা প্রতিপাদিত হইয়াছে। অতএব, ভগবান্ পরম ব্রহ্ম পরমেশ্বর অনাদির আদি সর্ব্বকারণ শ্রীকৃষ্ণই সমস্ত বস্তুর ভোক্তা এবং প্রভু। হরিসম্বন্ধী বস্তুকে পরিত্যাগ করিলে তাহা শুষ্কবৈরাগ্যে পরিণত হইবে এবং উহা ভোগেরই প্রকারভেদ মাত্র। অতএব যুক্তভাবে সমস্ত বস্তুকে কৃষ্ণসেবার উপকরণরূপে গ্রহণ করিয়া তাঁহাতে সমর্পণপূর্ব্বক তদর্পিত বস্তুকে সেব্যভাবে যথাযোগ্য গ্রহণ করিতে হইবে। তজ্জন্য শ্রীল সনাতন গোস্বামী প্রভু জীবের কর্ত্তব্য নির্দ্দেশে বলিয়াছেন,—

প্রাপঞ্চিকতয়া বুদ্ধ্যা হরিসম্বন্ধিবস্তুনঃ।
মুমুক্ষুভিঃ পরিত্যাগো বৈরাগ্যং ফল্গু কথ্যতে॥
অনাসক্তস্য বিষয়ান্ যথার্হমুপযুঞ্জতঃ।
নির্ব্বন্ধঃ কৃষ্ণসম্বন্ধে যুক্তং বৈরাগ্যমুচ্যতে॥

আমার মত অনাদিবহির্ম্মুখ জীব মায়াগ্রস্ত হওয়ায় ইহা তাহার স্মৃতিতে উদয় হয় না এবং ইহার অর্থও তাহার বোধগম্য হয় না। কিন্তু ইহাই একমাত্র সনাতন পন্থা। 'অর্থ' শব্দে ধন, কনক, সারবস্তু, সুবিধা ইত্যাদি বুঝায়। আমরা কিন্তু যাহা অর্থ নহে অর্থাৎ অনর্থকে 'অর্থ' বলিয়া গ্রহণপূর্ব্বক নরকের প্রশস্ত পথে দ্রুতবেগে প্রধাবিত হইতেছি।

কৃষ্ণবিস্মৃত হইয়া আমরা পুত্রধন, স্ত্রী-ধন—এইরূপ বলি, কিন্তু কৃষ্ণবিমুখ, ভজনহীন পুত্র বা স্ত্রী কি প্রকৃত ধন? তাই মহাজন গাহিয়াছেন,—

গোরা পহুঁ না ভজিয়া মৈনু।
প্রেম-রতন-ধন হেলায় হারাইনু॥
অধনে যতন করি' ধন তেয়াগিনু।
আপন করমদোষে আপনি ডুবিনু॥
সৎসঙ্গ ছাড়ি কৈনু অসতে বিলাস।
তে কারণে লাগিল যে কর্ম্মবন্ধ-ফাঁস॥
বিষয় বিষম বিষ সতত খাইনু।
গৌর-কীর্ত্তনরসে মগন না হৈনু॥
কেন বা আছয়ে প্রাণ কি সুখ পাইয়া।
নরোত্তম দাস কেন না গেল মরিয়া॥

প্রকৃত ধনী

যিনি অকিঞ্চন, যাঁহার এ জগতের কিছু নাই তিনিই প্রকৃত ধনী। কারণ, তিনি কৃষ্ণধনের মহাজন।

জড়-জগতের অভিধানে আমরা 'অকিঞ্চন' শব্দের অর্থ এইরূপ পাই,—যাহারা দরিদ্র, অত্যন্ত অভাবগ্রস্ত, কপর্দ্দকশূন্য, তাহারাই অকিঞ্চন। যাহার কিছুই নাই, সেই ব্যক্তিই 'অকিঞ্চন' শব্দ-বাচ্য। কিন্তু পারমার্থিকগণের বিচার অনুসরণ করিলে আমরা দেখিতে পাই যে, সাধারণ প্রাকৃত বুদ্ধিতে যাহারা 'অকিঞ্চন' শব্দের উদ্দিষ্ট বিষয় হয়, তাহারাও প্রকৃতপক্ষে অকিঞ্চন নহে। পারমার্থিকগণ 'অকিঞ্চনতা' বলিতে যে-প্রকার 'নিঃস্বতা' বুঝিয়া থাকেন, ততটা নিঃস্ব এ জগতে কেহই নাই। জগতের বিচারে যাহার একেবারে কিছু নাই, সে অত্যন্ত দরিদ্র, নিঃস্ব পারমার্থিকের বিচারে তাহারও কিছু আছে, সে একেবারে নিঃস্ব নহে, সুতরাং সে 'অকিঞ্চন' শব্দ-বাচ্য হইতে পারে না।

যাহার কিছু নাই, সে অকিঞ্চন নহে, অথচ যাঁহার অনেক কিছু আছে, তিনি কাঙ্গাল—পারমার্থিকের বিচারের এই এক মহারহস্য।

অবশ্য পারমার্থিকের বিচারে ধনিমাত্রেই যে অকিঞ্চন, আর নির্ধনমাত্রেই অকিঞ্চন নহে, তাহা নহে। ধনশালিতা বা নির্ধনতা তাঁহাদের অকিঞ্চনতার standard নহে। পারমার্থিকের অকিঞ্চন, আর জড়জগতের বিচারের অকিঞ্চনের মধ্যে একটী পার্থক্য - সেইটি সহজেই নিরপেক্ষ সত্যান্বেষীমাত্রেরই দৃষ্টি আকর্ষণ করে। সেইটি হইতেছে, চিত্তবৃত্তির বিভিন্নতা। জড়জগতের অকিঞ্চন—অভাবগ্রস্ত; প্রার্থিত বস্তুর, আকাঙ্ক্ষিত বস্তুর প্রাপ্তি-কামনায় ব্যাকুল অথবা অপ্রাপ্তিজনিত শোকে ম্রিয়মাণ। পারমার্থিক যাঁহাকে অকিঞ্চন বলিয়া জানেন, তাঁহার চিত্তবৃত্তি কিন্তু একেবারেই ইহার বিপরীত। জড় জগতে যাহা একমাত্র কামনার বিষয়, তাহার অভাববোধ তাঁহাকে পীড়িত করে না, চতুর্দ্দশ ভুবনের মধ্যে কোন বস্তুই তাঁহার কাম্য নহে বলিয়া তাঁহার চিত্ত শান্ত, অনাকুল, তাঁহার শোক নাই, মোহ নাই, ভয়ও নাই। স্থূলদর্শনে তিনি কপর্দ্দকহীন, নিঃস্ব, তথাপি তিনি জড়জগতের অভাবগ্রস্ত ব্যক্তির সমশ্রেণীর নহেন; কারণ, তিনি সাধারণ অভাবগ্রস্তের ন্যায় অভাববোধে ক্লিষ্ট ও তাহার মোচনে চেষ্টাবিশিষ্ট নহেন। আবার স্থূলদর্শনে তিনি যদি অতুল

ঐশ্বর্য্য, বিলাস-ব্যসনের মধ্যেও থাকেন, তথাপি তিনি প্রাকৃত জগতের ধনিসম্প্রদায়ের সমপর্য্যায়ভুক্ত নহেন, কারণ তাঁহাদের ন্যায় তিনি ঐ সকল ঐশ্বর্য্যের অভিমানে অভিমানী নহেন।

জড় জগতের অকিঞ্চন—দরিদ্র, অভাবগ্রস্ত, সকলের উপহাস, অশ্রদ্ধা, নতুবা কাহারও নিকট বড় জোর অনুকম্পার পাত্র হইয়া থাকে। চেতন রাজ্যে কিন্তু সেরূপ বিচার নাই। চেতন রাজ্যের অকিঞ্চন দরিদ্র নহেন, তিনি মহাধনী, তাঁহার কোন অভাব নাই, তিনি সর্ব্বদাই ভাবাবস্থাপ্রাপ্ত। চেতনের রাজ্যে যিনি যত অকিঞ্চন, তাঁহার আসন তত ঊর্দ্ধে। অকিঞ্চনের ন্যায় এত ধন কাহার আছে? ষড়ৈশ্বর্য্যশালী, পূর্ণ জ্ঞান, পূর্ণানন্দ ও পরমমহত্ত্ববিশিষ্ট ভগবান্ যে অকিঞ্চন সেবকের হৃদয়ে প্রণয়-রজ্জু দ্বারা বদ্ধ হইয়া অবস্থান করিতেছেন, তাঁহার ধনের কি পরিমাণ হয়? কাঙ্গালের ঠাকুর যে তাঁহার নিকট অবরুদ্ধ হইয়া গিয়াছেন।'

ঐশ্বর্য্য, জন্ম, শ্রুত ও শ্রী—ইহাই জড়জগতের সম্পত্তি। এই জন্ম-ঐশ্বর্য্য-শ্রুত-শ্রীর অভাবেই জড়জগতের অকিঞ্চন সর্ব্বদা ক্লিষ্ট, আবার 'এই' চারিটীর মদেই জড়জগতের ধনী ব্যক্তি সর্ব্বদা মত্ত। এই অভাববোধজনিত ক্লেশ ও বিদ্যাবত্তার মত্ততা উভয়ই পারমার্থিক অকিঞ্চনতা-লাভের বিঘ্নস্বরূপ। জড়জগতে ধনী ও কাঙ্গাল, ঐশ্বর্য্যশালী ও অকিঞ্চন পরস্পর পৃথক্। কিন্তু চেতন রাজ্যের রহস্য এই যে, চেতন রাজ্যে যিনি যত অকিঞ্চন, তিনি তত বেশী ঐশ্বর্য্যবান্। অচ্যুতগোত্রে যিনি জন্মলাভ করিয়াছেন, সেই অকিঞ্চনের ন্যায় আভিজাত্য আর কাহার আছে? ব্রহ্ম—সর্ব্বাপেক্ষা বৃহৎ বস্তু। সেই বৃহত্ত্বের উপাসক বলিয়াই ব্রাহ্মণের বংশের বা কুলের এত মাহাত্ম্য। সেই বৃহত্তম বস্তু ব্রহ্ম যে সবিশেষ বিগ্রহ ভগবানের অসম্যগাবির্ভাব—অঙ্গচ্ছটা মাত্র, সেই ষড়ৈশ্বর্য্যপূর্ণ শ্রীভগবানের সেবকগোষ্ঠীতে যিনি জন্মগ্রহণ করিয়াছেন, তাঁহার জন্মমাহাত্ম্য আরও অধিক, যিনি প্রেমসম্পদ্ দ্বারা ষড়ৈশ্বর্য্যশালী শ্রীভগবান্কে চিরঋণী করিয়া রাখিয়াছেন সেই অকিঞ্চনের ঐশ্বর্য্যের কি তুলনা আছে? "সা বিদ্যা তন্মতির্যয়া" এই ভাগবত-বাক্যে বিদ্যার চরমোৎকর্ষ স্থাপিত হইয়াছে। সেই পরবিদ্যায় যিনি পারদর্শিতা লাভ করিয়াছেন, সেই অকিঞ্চনের মত পাণ্ডিত্য আর কাহার হইতে পারে? যিনি স্থাবর-জঙ্গম পর্য্যন্ত সমস্ত বস্তুকে স্বীয় রূপে আকৃষ্ট করিয়া তাহাদিগকে বিরুদ্ধধর্ম্মী করিয়া তুলেন, সেই "অসমানোর্দ্ধরূপশ্রীবিস্মাপিতচরাচর" স্বয়ং ভগবান্ কৃষ্ণচন্দ্র পর্য্যন্ত যাঁহার রূপ-মাধুর্য্যে মুগ্ধ হন, সেই অকিঞ্চনের রূপের ন্যায় রূপ আর কাহার আছে?

অকিঞ্চনের গৌরব সর্ব্বাপেক্ষা অধিক। সর্ব্বাপেক্ষা গুরু অর্থাৎ বৃহদ্বস্তু হইতেছেন ব্রহ্ম। সেই ব্রহ্ম যাঁহার অঙ্গকান্তি, সেই পুরুষোত্তম ভগবানের গুরুত্ব তদপেক্ষা অধিক। আবার সেই ভগবদ্বস্তু যাঁহার প্রেমে বশীভূত হন, সেই অকিঞ্চন ভক্তের গুরুত্ব তদপেক্ষাও অধিক। অকিঞ্চনতাই সর্ব্বাপেক্ষা ভারী, আবার অন্য বিচারে অকিঞ্চনতাই সর্ব্বাপেক্ষা লঘু। যে বস্তু যতটা লঘু হইবে, সেই বস্তু ততটাই ঊর্দ্ধে উঠিতে পারে। অকিঞ্চনের গতি চতুর্দ্দশ ব্রহ্মাণ্ডাত্মক দেবীধাম, তদুপরি বিরজা, তদুপরি ব্রহ্মলোক, তদুপরি পরব্যোম, সেই পরব্যোমের উন্নত প্রদেশ শ্রীকৃষ্ণলোক পর্য্যন্ত হইয়া থাকে, কাজেই অকিঞ্চনের গুরুত্ব যেরূপ অপরিমেয়, দীনতা সেইরূপই অপরিমেয়। কৃপানুগবর শ্রীগুরুপাদপদ্ম সর্ব্বাপেক্ষা ভারী; কারণ, সমস্ত ভগবত্তত্ত্বের মূল অংশী নন্দনন্দন অপেক্ষাও তিনি ভারী। কৃষ্ণেন্দ্রিয়প্রীতিবাঞ্ছারূপ প্রেমসম্পদ্ শ্রীগুরুদেবে পরিপূর্ণ-মাত্রায় বর্ত্তমান বলিয়া তিনি সর্ব্বাপেক্ষা ভারী, আবার আত্মেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছা তাঁহাতে লেশমাত্রও নাই বলিয়া তিনি সর্ব্বাপেক্ষা নিঃস্ব। এইজন্য শ্রীগুরুদেব—অকিঞ্চন-সম্রাট্।

অকিঞ্চনতার ন্যায় সম্পদ্ আর নাই। যিনি নিষ্কপটে এ কথা বলিতে পারেন—"যোগ্যতা-বিচারে, কিছু নাহি পাই, তোমার করুণা সার" তদপেক্ষা যোগ্যতর ব্যক্তি আর কেহ হইতে পারে না। যিনি কায়-মনোবাক্যে কৃপায় কাঙ্গাল হন, তিনি পরিপূর্ণ কৃপালাভ করিয়া থাকেন। "শ্রীগুরু-চরণে রতি না হৈল আমার" বলিয়া যিনি নিষ্কপটে ক্রন্দন করেন, "প্রেমধন-বিনা ব্যর্থ দরিদ্র জীবন।"—এই চিন্তা যাঁহার চিত্তকে আকুল করে, তাঁহার ন্যায় অনুরাগী—প্রেমিক জগতে বিরল। শ্রীশ্রীল আচার্য্যদেব বলিয়াছেন—"অকিঞ্চনেরই ভগবান। অকিঞ্চনের ঐশ্বর্য্য, ক্ষমতা, প্রতিষ্ঠা, রূপ, জ্ঞান ও বৈরাগ্যের তুলনা নাই। অনন্তকোটী ব্রহ্মাণ্ডের ঐশ্বর্য্য, বল, বীর্য্য, বুদ্ধিমত্তা বা পাণ্ডিত্য গুরুবর্গের ছিন্ন কৌপীনের একগাছি সূতার মূল্য দিতে পারে না।

অকিঞ্চনতাই স্বরূপের রূপ। অকিঞ্চনতা, দীনতা বা শরণাগতিই রূপশোভা। শ্রীগুরুদেবের কৃপায় অকিঞ্চনতা উদিত হইলেই শ্রীগুরুপাদপদ্মের—শ্রীরূপের শ্রীনামসেবা-সৌন্দর্য্য আমাদের অনুশীলনীয় হয়। অকিঞ্চনতার মধ্যেই তৃণাদপি সুনীচতা বর্ত্তমান। 'গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাস-দাসানুদাসঃ' বুদ্ধিই অকিঞ্চনতার উদ্বোধক।"

অকিঞ্চনই প্রকৃত ধনী। কারণ তিনি বাহিরে কৌপীনপরিহিত হইয়াও ষড়ৈশ্বর্য্যের মালিক নারায়ণের অংশী কৃষ্ণকেও বশ করিয়াছেন।

———

যৎকিঞ্চিৎ

——::[•]::——

হরিভজনের মূলে সাধুগুরুর আনুগত্য। জীবের স্বতন্ত্র ইচ্ছাশক্তির যথার্থ সদ্ব্যবহারই 'আনুগত্য'। এই আনুগত্য শ্রবণ-কীর্ত্তন-স্মরণময়। আনুগত্যের অপর নাম শরণাগতি। যেখানে আনুগত্য সেখানে শরণাগতি বা আত্মনিবেদন আছেই। আনুগত্যই দাস্য। অনুগতই দাস। গুরুবৈষ্ণবের আনুগত্য যিনি অকপটে স্বীকার করিয়াছেন তাঁহার কখনও কোন বিপত্তি হয় না। গুরুবৈষ্ণবের নিষ্কপট অনুগত ব্যক্তি কখনও কোন দ্বিধায় পতিত হন না। তাঁহার হৃদয়ে প্রতি মুহূর্ত্তে প্রত্যেক কার্য্যের সহজ সরল মীমাংসা স্ফূর্ত্তি-প্রাপ্ত হয়। অনুগতের হৃদয়ের বল খুব বেশী। অনুগত জানেন শ্রীগুরুপাদপদ্ম নিশ্চয়ই তাঁহাকে সেবা দিবেন। সেবালাভ হইবেই—এ বিষয়ে তিনি সুদৃঢ়নিশ্চয়। তবে সেবা বা কৃপালাভে বিলম্ব হইতেছে দেখিয়া তিনি অসহিষ্ণু বা চঞ্চল হন না অর্থাৎ সেবা বা কৃপার পথ পরিত্যাগ করেন না। বিলম্ব হইলে তাঁহার আশা নিরাশায় পরিণত হয় না। যত বিলম্ব হয় সেবা বা কৃপালাভের আশা তত অধিক বাড়ে, কৃপালাভের জন্য আর্ত্তি ও উৎকণ্ঠা তাঁহাকে আরও অধিক চঞ্চল করিয়া তুলে। কিন্তু এই চাঞ্চল্য সেবালাভের জন্য—এই চাঞ্চল্য সেবা বা কৃপালাভের আশার পরিপোষক। অনুগত সেবক আনুগত্যের পাত্র গুরুবৈষ্ণবের কৃপাময় স্বরূপ সম্পূর্ণ উপলব্ধি করিয়াছেন। সেইজন্য তাঁহার হতাশা বা নিরাশা নাই। গুরুবৈষ্ণবের কৃপাময় স্বরূপ সম্বন্ধে সংশয়াত্মা ব্যক্তি সর্ব্বদা নৈরাশ্যের মধ্যে কালযাপন করে। এই সংশয় ও নৈরাশ্য হরিভজনের প্রধান অন্তরায়। মহতের চরণে অত্যন্ত অপরাধফলে জীবের এইরূপ দুর্গতি লাভ হয়।

'আমি গুরুপাদপদ্মের দাস'—এই অভিমান সর্ব্বক্ষণ হৃদয়ে জাগ্রত রাখা দাম্ভিকতা নহে ইহাই প্রকৃত তৃণাদপি সুনীচতা। 'গুরুর আমি' ইহা শুদ্ধ অহং। এই অহং বা অভিমানে বন্ধন হয় না, বন্ধন মোচন হয়।

শ্রীগুরুনিত্যানন্দের কৃপায় সম্বন্ধজ্ঞান লাভ হয়—'আমি গোপীভর্ত্তা শ্রীকৃষ্ণের পদকমলের দাসের দাসানুদাস'—এই স্বরূপজ্ঞান লাভ হয়। শ্রীগুরুনিত্যানন্দ আমার প্রভু, আমি জন্ম জন্ম তাঁহার দাস—এই সম্বন্ধজ্ঞান যাহার হয় নাই সে ব্যক্তি হতভাগ্য। শ্রীগুরুনিত্যানন্দের কৃপা ব্যতীত জীবের আর অন্য গতি নাই। শ্রীনিত্যানন্দের কৃপা হইলে জীবের হৃদয় হইতে বিষয়বাসনা দূরীভূত হইয়া চিত্তদর্পণ মার্জ্জিত হইবে, ভবমহাদাবাগ্নি নির্ব্বাপিত হইবে।

———

গয়ায় প্রচার

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ গোস্বামী মহারাজ কাশীধামে শ্রীগুরুগৌরাঙ্গের বাণী প্রচার করিয়া কতিপয় ভক্তসহ গত ২৯শে জুলাই রাত্রি প্রায় ৮-৩০ ঘটিকার সময় গয়া শ্রীগৌড়ীয়মঠে শুভবিজয় করেন। মঠসেবকগণ ও কতিপয় বিশিষ্ট ব্যক্তি শ্রীল মহারাজকে ষ্টেশনে সাদর অভ্যর্থনা করেন। জমিদার রায় বাহাদুর কাশীনাথ সিং শ্রীল মহারাজকে নিজ মোটর গাড়ীতে করিয়া শ্রীমঠে লইয়া আসেন। শ্রীল মহারাজ শ্রীমঠে অবস্থানকালে মঠসেবক ও শ্রদ্ধালু সজ্জনগণের নিকট নিরন্তর হরিকথা কীর্ত্তন করেন।

শ্রীল মহারাজ গত ৩০শে জুলাই বুধবার অপরাহ্ণ ৬-৩০ ঘটিকার সময় স্থানীয় টাউন-হলে রায় বাহাদুর কাশীনাথ সিং মহোদয়ের সভাপতিত্বে 'যুগধর্ম্ম' সম্বন্ধে ইংরাজী ভাষায় এক নাতিদীর্ঘ বক্তৃতা প্রদান করেন। সভায় বহু বিশিষ্ট শ্রোতা উপস্থিত ছিলেন। তন্মধ্যে কতিপয় ব্যক্তির নাম নিম্নে প্রদত্ত হইল,—

শ্রীযুক্ত রামবিপ্রসাদ বর্ম্মা, ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়ার; শ্রীযুক্ত দশরথ লাল, অ্যাড্ভোকেট, প্রেসিডেণ্ট বার এসোসিয়েসন; শ্রীযুক্ত বৈদ্যনাথ প্রসাদ, ব্যাঙ্কার ও মিউনিসিপ্যাল কমিশনার, রায় বাহাদুর কাশীনাথ সিং, পণ্ডিত শ্রীযুক্ত গদাধর শর্ম্মা বৈদ্যরত্ন, শ্রীযুক্ত গৌরীশঙ্কর ডালমিঞা, পণ্ডিত শ্রীযুক্ত রাধারমণ শর্ম্মা শাস্ত্রী, সাহিত্যাচার্য্য মিউনিসিপ্যাল কমিশনার, শ্রীযুক্ত রামাশ্রয় রায় উকিল, শ্রীযুক্ত কৃষ্ণবল্লভ প্রসাদ নারায়ণ সিং, রমিবিঘার রাজা, শ্রীযুক্ত রামানুগ্রহ নারায়ণ সিং জমিদার, শ্রীযুক্ত রমাপ্রসাদ, ইন্স্পেক্টর অব স্কুলস্; শ্রীযুক্ত চারুচন্দ্র মজুমদার এম্-এ, শ্রীযুক্ত ত্রিগুণাচরণ মুখার্জ্জি বি-এ, শ্রীযুক্ত বিশ্বনাথ সাহাই, অবসরপ্রাপ্ত পুলিশ ইন্স্পেক্টর ইত্যাদি।

শ্রীমঠের সেবকগণ গত ৪ঠা আগষ্ট সোমবার শ্রীল রূপগোস্বামী প্রভুর অপ্রকট তিথিতে গৌড়ীয় ২০শ বর্ষ ২য় সংখ্যা হইতে "শ্রীশ্রীরূপানুগধারা" শীর্ষক প্রবন্ধটি পাঠ করেন। উক্ত প্রবন্ধ মধ্যে শ্রীরূপের অন্যতম অন্তরঙ্গ ভৃত্য শ্রীল শ্রীজীবগোস্বামী প্রভু শ্রীরূপগোস্বামী প্রভুর যে দৈন্যাত্মক স্তব করিয়াছেন, তাহা শ্রীরূপপ্রভুর কৃপাপ্রার্থনারূপে বিশেষভাবে আলোচিত হয়। রাত্রিতে উপদেশক পণ্ডিত শ্রীপাদ রূপ-বিলাস ব্রহ্মচারী বিদ্যার্ণব প্রভু শ্রীউপদেশামৃত গ্রন্থ হইতে শ্রীরূপপ্রভুর রচিত কয়েকটি শ্লোক পাঠ ও ব্যাখ্যা করেন। অতঃপর মহাজন-পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তনান্তে উপস্থিত শ্রোতৃবৃন্দকে মহাপ্রসাদ প্রদান করা হয়।

———

৭. শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রী…দমন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক — শ্রী… দাস ভক্তিশাস্ত্রী [illegible]

শ্রীযোগপীঠ-মায়াপুরপাঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রী…দাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রী…চরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক — শ্রী…বিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক — শ্রী… ব্রহ্মচারী

বাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক — শ্রীমঙ্গলানন্দ ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রী… দাসাধিকারী

শ্রীগৌরগদাধর মঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীরামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছা (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রদ্যুম্নদাস দাসাধিকারী

শ্রীকৃষ্ণকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রী…নন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠাসন
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুঁড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রী…নাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীউমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক — শ্রী… ব্রহ্মচারী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটি (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক —শ্রী… বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাণ্ডাবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গন্ধীবাগ, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীকৃপাবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনন্দগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রী… দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীচন্দ্রশেখর দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রী…নারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা মথুরা
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেষশায়ী
পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীশ্যামসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আশ্রাশ্রম
(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক— শ্রীগৌরাঙ্গপ্রিয় ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীহনুমান দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীসুধানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক— শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রী…লাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমদি গৌড়ীয়মঠ
পোঃ অমদি, মেদিনীপুর
সেবক — শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাজবাঁধ, বর্দ্ধমান
সেবক— শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ডুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং ডিউটস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ গ্ল্যাডেষ্টার রোড, হাউড গ্রীন
লণ্ডন, এন্‌ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্‌
১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

লক্ষ্ণৌ গৌড়ীয়মঠ
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রী…গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্‌
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্‌
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্‌
সেবক—শ্রীভক্তিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।৹	।৵৹	।৵৹	।৹
" " ইঞ্চি	২৲	১।৹	১।৹	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৭৲	৭৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৭৲	৪।৹
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৬৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸৹
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫৲, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা-গ্রন্থ; এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মধুবা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।৹ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মধুবা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ বিবৃতি-পদ্যানুবাদসহ মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।৹ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।৹ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।৹ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ শরণাগতির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ॥০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

						শনিবার ব্যতীত		
						শনিবার	অন্য দিন	
কলিকাতা ছাঃ	৪-৪৬	৬-২১	৭-১৪	১৩-১৬	১৫-১৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
দমদম	৪-৫৬	৬-৩১	৭-২৮	১৩ ২৯	...		১৮-৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯-১৮	১৪ ৫০	১৬ ৪৮	১৮-৩১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ	... ..	......	৯-৩১	.	..	. ..	.	.. .
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৯	৮-৪০	১০-৩	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০

লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-১৬	১৪ ৫০	১৭-৪০	২০-৩০
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১৫-২৫	১৮-১৫	২১-৫
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫-৩৩	১৮-২৩	২১-১৩

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম"	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
" ছাঃ	১২-৫৬
শান্তিপুর পৌঃ	১৩-২৪
(বদল) ছাঃ	১৩ ৪২ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩৩

ডাউন

শনিবার ব্যতীত

			অন্য দিন	শনিবার	
নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪	৯-১২	১৬-৩	১৬-৩১	১৮-৩৮
মহেশগঞ্জ "	৬-২৩	৯-২১	১৬-১২	১৬-৪০	১৮-৪৭
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৭	৯-৫৫	১৬-৪৬	১৭-১৪	১৯-২১

(বদল) ছাঃ	৫-৩১	৭-১০	৮-৫২	১১ ১৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪-১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৪৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	. ..	. ..	......	.. ..	১৫-৫৬	১৭-৪২		....
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১-২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬	২১-৪০	২৩ ১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪-১
মহেশগঞ্জ "	১৪-১০
কৃষ্ণনগর পৌঃ	১৪-৪৪
ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পত্র শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণান্তিকে বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মতবাদী সত্যানুসন্ধিৎসুগণ যে সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগবিরুদ্ধসিদ্ধান্তখণ্ডনে ও তদনুরূপ সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——::०::——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখানহইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতিও অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৷৷৴০ দশ আনা, বড় বোতল ১৷৴০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

বেহালা, ২৪ পরগণা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

Regd No. C 1544

শ্রীশ্রীজন্মাষ্টমী-সংখ্যা

সর্ব্বশ্রেষ্ঠ মঙ্গলাকাঙ্ক্ষী

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পৃথিবী'-বাসক নিয়ত ভাষ্যসহ প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৵৹

প্রাপ্তিস্থান —
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুলপ্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এ গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৸৹ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ৮ হৃষীকেশ, গৌরাব্দ ৪৫৫ . ৩০শে শ্রাবণ, বঙ্গাব্দ ১৩৪৮ ১৫ই আগষ্ট ইং ১৯৪১, শুক্রবার { ১৩৬-৩৭ তম সংখ্যা

শ্রীশ্রীল প্রভুপাদের উপদেশামৃত

কৃষ্ণাবির্ভাব তিথিবটী—প্রত্যেক জীব-হৃদয়ে যে শুদ্ধচেতনের ভাব আছে, তাহাতেই পূর্ণচেতনের পূর্ণপ্রকাশ। বিষ্ণুর যে মূল আকর-মূর্ত্তি, তাহাই 'শ্রীকৃষ্ণপাদপদ্ম'। শ্রীকৃষ্ণ নারায়ণের পরম কারণ। নারায়ণের কারণ —বলদেব, বলদেবের কারণ— শ্রীকৃষ্ণ। বর্ত্তমানে আমরা অচিদ্‌বিষয়ে অভিনিবিষ্ট আছি, যদি সেই অচিদ্‌ভাবটী সঙ্কুচিত করিতে পারি, তবে আমাদের মেপে নেওয়া ধর্ম্ম হইতে ছুটি হইবে। ভক্তের নিজস্ব সম্পত্তি কৃষ্ণ। কৃষ্ণভক্তই কৃষ্ণকে দিতে পারেন। কৃষ্ণের ভক্ত কৃষ্ণকে দ্বারে দ্বারে বিতরণ করেন, তাঁহারা এতবড় বদান্য। নিরন্তর যাঁহারা ভগবদুপাসনা করেন, তাঁহাদের আশ্রয়েই— —তাঁহাদের শ্রীহস্তদ্বারা উন্মীলিত চক্ষে আমাদের ভগবদ্দর্শন সম্ভব হয়। কৃষ্ণপ্রাপ্তি হওয়া মানে —জগৎ হইতে সম্পূর্ণ বিচ্ছিন্ন হওয়া। কৃষ্ণ—সকল প্রাপ্তির শেষ প্রাপ্তি।

সংকীর্ত্তনরূপী কৃষ্ণ নিতান্ত অযোগ্য ব্যক্তির হৃদয়েও অঘ-বক-পূতনা প্রভৃতি ধ্বংস করেন। কৃষ্ণসেবা ব্যতীত আর আমাদের অন্য কৃত্য নাই। নামসংকীর্ত্তন মানে—কৃষ্ণপ্রাপ্তি—স্থূল-সূক্ষ্ম শরীর ছাড়িয়া দেওয়া—জীবদ্দশায় মুক্তি—স্বরূপের সিদ্ধি। কৃষ্ণই পরম সত্য, কৃষ্ণই বাস্তববস্তু। কৃষ্ণই নিখিল প্রতিপাদ্য বিষয়। কৃষ্ণই একমাত্র বিষয়, কৃষ্ণই একমাত্র ভোক্তা।

ভগবান্ নিজেই নিজের সেবাশিক্ষা দিবার জন্য গুরুরূপে অবতীর্ণ হইয়াছেন। সাক্ষাৎ ভগবান্‌কে যেরূপ বিচার করিবে, গুরুদেবকেও সেইরূপ বিচার করিবে, কোন অংশেও কম মনে করিবে না। সকলের কর্ত্তব্য—ভগবানের ন্যায় গুরুকে জানা—পূজা করা—সেবা করা, যদি তাহা না করেন তবে শিষ্যস্থান হইতে ভ্রষ্ট হইয়া যাইবেন। মহান্ত গুরুদেবকে ভগবান্ হইতে অভিন্ন—ভগবানের প্রকাশমূর্ত্তি না বলিলে কোনদিন ভগবানের নাম মুখে উচ্চারিত হইবে না।

শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় কর্‌লে সেই বস্তুর অনুসন্ধান পাওয়া যায়—ব্রহ্মা-বরুণেন্দ্রাদিও যে বস্তুর অন্ত পান না। তিনি অখিল রসামৃতমূর্ত্তি, দ্বাদশরসে তাঁ'র সেবা হ'য়ে থাকে। তাঁ'র অবতারগণ পূর্ণরসের সেব্য নন। যিনি তাঁ'র সেবা করেন, তিনি শ্রীগুরুপাদপদ্ম।

সন্ধ্যায় শ্রীবিগ্রহের আরাত্রিকান্তে গুরু-বন্দনা, গুর্ব্বষ্টক, পঞ্চতত্ত্ব ও কৃপা-প্রার্থনাসূচক মহাজনপদাবলী কীর্ত্তনান্তে ব্রহ্মচারীজী প্রায় ১ ঘণ্টাকাল শ্রীল রূপগোস্বামী প্রভুর গুণমহিমা কীর্ত্তন করেন ও পরে [illegible] কীর্ত্তনান্তে মহামন্ত্র কীর্ত্তন করা হয়।

গত [illegible] শ্রাবণ ৭ই আগষ্ট বৃহস্পতিবার [illegible] ভবানী [illegible] অনুষ্ঠান [illegible] আবির্ভাবতিথি পালন করেন।

ঐ দিবস মঠসেবকগণ প্রাতে শ্রীবিগ্রহের মঙ্গলারাত্রিকের পর গুরুবন্দনা, গুরুপরম্পরা, পঞ্চতত্ত্ব ও মহাজন পদাবলী কীর্ত্তনান্তে শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন।

[illegible] খণ্ড গৌড়ীয় হইতে [illegible] ও [illegible] হইতে শ্রীবলদেব প্রভুর তত্ত্ব [illegible] আলোচনা করা হয়।

সন্ধ্যায় শ্রীবিগ্রহের আরাত্রিকান্তে গুর্ব্বষ্টক, পঞ্চতত্ত্ব, 'দশাবতার স্তোত্র' ও শ্রীমন্নিত্যানন্দ প্রভুর গুণমহিমাসূচক মহাজনপদাবলী কীর্ত্তনান্তে শ্রীপাদ বেদানন্দ ব্রহ্মচারীজী প্রায় ১ ঘণ্টাকাল শ্রীবলদেব প্রভুর গুণ-মহিমা কীর্ত্তন করেন।

———

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে॥

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ।

দৈনিক নদীয়া-প্রকাশ

গৌরাব্দ ৪৫৫, ১২ হৃষীকেশ স্থাণু প্রত্যূষ

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

——::০(•)::০——

ভক্তগণ ভগবৎসেবা ব্যতীত আর কিছু করেন না। সর্ব্বপ্রকার কার্য্যের মুখ্য উদ্দেশ্যই ভগবানের প্রীতি বা সন্তোষবিধান। পরিপূর্ণ আনন্দবিগ্রহ রসস্বরূপ শ্রীকৃষ্ণের আবির্ভাবোপলক্ষে যে সকল ভক্ত আনন্দ প্রকাশ করিয়া থাকেন, তন্মধ্যে শ্রীনন্দ সর্ব্বপ্রধান। 'নন্দ' শব্দের অর্থ আনন্দ। পরিপূর্ণ সচ্চিদানন্দবিগ্রহ শ্রীভগবান্ তাঁহার হৃদয়ে সর্ব্বদা বিশ্রাম করেন বলিয়া তিনিও আনন্দময়, এইজন্য তাঁহার নাম 'নন্দ'।

শ্রীকৃষ্ণ স্বীয় নিত্যধামে পঞ্চরসের বিষয়-বিগ্রহরূপে সেবিত হন। যখন তিনি শান্তরসের বিষয়, তখন তাঁহার আশ্রয়—গো, বেত্র, বিষাণ, বেণু, যমুনাপুলিন প্রভৃতি। ইঁহারা অজ্ঞাতভাবে শ্রীকৃষ্ণের সেবা করিতেছেন। ইঁহারা জানেন না—'আমরা কাঁহার সেবা করিতেছি।' শ্রীকৃষ্ণ গোচারণ করিতেছেন গাভী হইতে দুগ্ধ পাইতেছেন, বেত্রদ্বারা গাভী-পালকে তাড়ন করিতেছেন, কখনও বা বেণুবাদন করিতেছেন, কখনও যমুনার সৈকতরাশির উপরি পাদবিক্ষেপ করিয়া চলিতেছেন—তাঁহারা সকলেই শ্রীকৃষ্ণের ইন্দ্রিয়তৃপ্তির সহায়ক হইয়াছেন, কিন্তু তাঁহারা তাহা বুঝিতে পারিতেছেন না। জীবের যখন প্রাকৃত তৃষ্ণা-ত্যাগ হয় এবং 'কৃষ্ণ আছেন' এইরূপমাত্র অনুভূতি হয় তখন শান্তরস।

দ্বিতীয় রস—দাস্যরস, ইহাতে মমতা বিদ্যমান। 'আমি দাস ও ভগবান্ আমার নিত্য প্রভু' এবং প্রভুর ইন্দ্রিয়প্রীতির জন্য জীবাত্মার স্বাভাবিকী দাস্য-প্রবৃত্তি,—ইহাই দাস্যরসের লক্ষণ। দাস্যরসের আশ্রয়—রক্তক, পত্রক, চিত্রক, বকুল প্রভৃতি।

তৃতীয় রস-সখ্যরস। সখ্য দুই-প্রকার—গৌরব-সখ্য ও বিশ্রম্ভ-সখ্য। দাস্যরসে ও গৌরব-সখ্যে সম্ভ্রমরূপ কণ্টক বর্ত্তমান। সম্ভ্রমের স্বভাব এই যে, উহা বিষয়কে আশ্রয় হইতে কিঞ্চিৎ দূরে রাখে। বিশ্রম্ভ-সখ্যরসের রসিক গোপবালক সখাগণ কৃষ্ণের ঘাড়ে চড়িতে, কৃষ্ণকে নিজের উচ্ছিষ্ট ফল খাওয়াইতে, তাঁহার সঙ্গে মারামারি করিতে কোনও দ্বিধা বোধ করেন না। বড়ই আপনার ভাব।

আবার দাস্য হইতে সখ্য যেমন শ্রেষ্ঠ—সখ্য হইতে বৎসল রসও তদ্রূপ আরও শ্রেষ্ঠ। জগতেও দেখা যায়, সমস্ত সখাগণ অপেক্ষা পুত্রই অধিকতর প্রি[illegible] আনন্দোৎপাদক। নন্দ-যশোদা সেই বৎসলরসের রসিক। ঐশ্বর্য্যরসের বিষয়—শ্রীপতি নারায়ণ; আর মাধুর্য্যরসের পরম বিষয়—শ্রীকৃষ্ণ। ঐশ্বর্য্য-দ্বারা শিথিল প্রেমে কৃষ্ণের প্রীতি নাই; কেননা, ঐশ্বর্য্যরসের রসিকগণ বিচার করেন যে, বিশ্রম্ভভাব-দ্বারা বুঝি তাঁহাদের ভগবৎ-সেবা শ্লথ হইয়া পড়িবে। প্রকৃতপক্ষে তাহা নয়, বিশ্রম্ভসেবায় সেবার গাঢ়তা ও মমতার আস্পদের প্রতি আরও আপনার হইতে আপনার জ্ঞান অধিকতর বর্ত্তমান।

গোলোকে অদ্বয়জ্ঞান শ্রীকৃষ্ণই একমাত্র 'বিষয়' ও অনন্তকোটী জীবাত্মাই তাঁহার আশ্রয়। আশ্রয়গণ কিছু 'বিষয়' হইতে পৃথক্ বা দ্বিতীয় বস্তু নহেন, তাঁহারা—অদ্বয়জ্ঞান বিষয়েরই আশ্রয়। বস্তুত্বে 'এক' ও শক্তিত্বে 'বহু'—ইহাই বিষয় ও আশ্রয়ের মধ্যে সম্বন্ধ। অদ্বয়জ্ঞান বিষয়তত্ত্ব ব্রজেন্দ্রনন্দনে অনন্তকোটি জীবাত্মা আশ্রয়রূপে বিরাজমান থাকিলেও মূল আশ্রয়তত্ত্ব (বিগ্রহ)—পাঁচটী, মধুররসে শ্রীবৃষভানুনন্দিনী, বাৎসল্যরসে শ্রীনন্দ যশোদা, সখ্যরসে সুবলাদি, দাস্যরসে রক্তকাদি, এবং শান্তরসে গো, বেত্র, বেণু, কদম্ববৃক্ষ প্রভৃতি।

শ্রীমন্মহাপ্রভু—প্রভুগণেরও প্রভু, প্রভু-শব্দে—যিনি নিগ্রহ ও অনুগ্রহে সমর্থ। প্রভু কেবল অনুগ্রহই ক'রবেন, আর নিগ্রহ ক'রবেন না, তা' নয়; তিনি নিগ্রহও ক'রতে পারেন। যারা ভগবদ্বিমুখ, তা'দের নিগ্রহ ক'রে শোধনের জন্যই ভগবানের অবতার। বদ্ধজীবগণই তাঁর নিগ্রহযোগ্য এবং মুক্তগণই তাঁর অনুগ্রহের পাত্র। এখানে (প্রপঞ্চে) কুণ্ঠাধর্ম্ম আছে, নিত্যত্বের ও নিত্য আনন্দের অভাব আছে। এই অবরভূমিতে কেবল অমঙ্গল ও নিরানন্দের কথা। কিন্তু বরভূমি বৈকুণ্ঠে এই প্রকার নিগ্রহের কিছু কাথা নেই। তথায় কেবল নিত্য ও পূর্ণ আনন্দ বিরাজমান।

শ্রীনিত্যানন্দ ও শ্রীঅদ্বৈত—ইঁহারা প্রভু তত্ত্ব বা বিষ্ণুতত্ত্ব, নিত্যানন্দপ্রভুই মূল-সংকর্ষণ। তিনি চিৎ ও অচিৎ অনন্ত বিশ্বের মূল উপাদান ও নিমিত্তকারণ। মূল-সংকর্ষণের আদি চতুর্ব্যূহ হইতেই দ্বিতীয় চতুর্ব্যূহ—বাসুদেব, সংকর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধের প্রকাশ। অবতারী মূল-সংকর্ষণ হ'তেই সকল অবতারের উদয়। মূল-সংকর্ষণ হ'তেই চতুর্ব্যূহ ও তাঁ'দের প্রকাশতত্ত্ব কারণ-গর্ভ-ক্ষীরোদকশায়ীর উদয়। কারণোদক-শায়ীর যে দৃষ্টি, তাহাই উৎক্রমদৃষ্টি।

ভগবানের সেবা যা'রা না করে তা'দের বদ্ধাবস্থা। মুক্তগণের ভগবৎ-সেবা ব্যতীত অন্য কোনও কৃত্য নাই। শব্দের দ্বারাই পূর্ণ সেবা হয়। ইহজগতের সেবা জড়জগতের বস্তুর প্রতি হ'য়ে যায়। অবিমিশ্রভাবে ভগবৎ-সেবা একমাত্র কীর্ত্তনের দ্বারা হয়। প্রার্থনাও কীর্ত্তন।

———

বলদেবের বলই যথার্থ বল

——::[•]::——

বলহীন জীব পরাৎপরপুরুষকে লাভ করিতে পারে না। শ্রীগুরুপাদপদ্মই অভিন্ন-শ্রীবলদেব। যিনি গুরু-পদাশ্রয় করেন নাই, তিনি কৃষ্ণসেবা লাভ করিতে পারেন না। আগে শ্রীগুরু-পূজা। শ্রীকৃষ্ণাবির্ভাবের পূর্ব্বেই শ্রীবলদেবের আবির্ভাব।

আমরা বলহীন, হৃদ্দৌর্ব্বল্যরূপ অনর্থের কবলে কবলিত; তজ্জন্যই আমাদের হরি-ভজনে উৎসাহ, একাগ্রতা, ঐকান্তিকতা, নিষ্ঠা ও সমগ্র জীবনীশক্তিকে প্রয়োগ করিবার অকপট আন্তরিকতার অভাব লক্ষিত হইতেছে। নিজের চেষ্টায় ব্রহ্মাদি দেবতাও মায়া জয় করিতে পারেন নাই। আমাদের ন্যায় ক্ষুদ্রাতিক্ষুদ্র জীবের কথা আর কি? মায়ার সহিত যুদ্ধ করিয়া মায়াবশযোগ্য জীব জয়ী হইতে পারে না। মায়ার বিক্রম অনেক বেশী। একমাত্র মায়াধীশ শ্রীবলদেবের শ্রীপাদপদ্ম যদি বরণ করা যায়, তবেই তাঁহার বলে বলীয়ান্ হইয়া জীব মায়ার কবল হইতে আপনাকে রক্ষা করিতে পারে। মায়াধীশের শ্রীপাদপদ্মের রেণুগণের বল ব্যতীত অণুচৈতন্য জীব কিছুতেই অঘটন-ঘটন-পটীয়সী মায়ার কবল হইতে উদ্ধার লাভ করিতে পারে না। শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু বলিয়াছেন,—

ভক্ত-পদধূলি আর ভক্তপদ-জল।
ভক্তভুক্ত-শেষ,—এই তিন সাধনের বল॥
এই তিন সেবা হৈতে কৃষ্ণপ্রেমা হয়।
পুনঃ পুনঃ সর্ব্বশাস্ত্রে ফুকারিয়া কয়॥

গুরু-বৈষ্ণবের শ্রীপাদপদ্মের ধূলি, শ্রীচরণামৃত ও তাঁহার উচ্ছিষ্ট মহামহাপ্রসাদ,—এই তিনটি সাধনের বল। ঐ তিনটী বস্তুই অপ্রাকৃত। ঐ অপ্রাকৃত বস্তুকে প্রাকৃতবুদ্ধি লইয়া দর্শন করা যায় না। অনেকে বৈষ্ণবের পদধূলি, শ্রীচরণামৃত ও উচ্ছিষ্ট-সেবনের অভিনয় করিয়াও ভক্তদ্রোহী ও ভগবদ্দ্রোহী হইয়া পড়িয়াছে ও পড়িতেছে। শুদ্ধবৈষ্ণবের পূর্ণানুগত্য, তাঁহার শ্রীপাদপদ্মে সর্ব্বাত্ম সমর্পণ অর্থাৎ আধ্যক্ষিকতাকে সর্ব্বতোভাবে পরিবর্জ্জন করিয়া একমাত্র তাঁহার কৃপার কাঙ্গাল হওয়াই সাধন-রাজ্যে বল-লাভ। যিনি যতটা অকপটে কৃপা প্রার্থনা করেন, তিনি ততটা অধিক বল লাভ করিতে পারেন।

অনেক সাধক গুরুবৈষ্ণববিদ্বেষী নহেন, সত্যানুসন্ধিৎসু ও হরিভজন পিপাসুও বটেন, তথাপি ভজনরাজ্যে অগ্রসর হইতে পারেন না কেন? শুভেচ্ছা থাকিলেও অন্যাভিলাষ যায় না, দুঃসঙ্গ-ত্যাগ করিবার সঙ্কল্প থাকিলেও সেই সঙ্কল্প শেষ পর্য্যন্ত অটুটভাবে রক্ষা করিতে পারেন না, দেহ-গেহারামতার অকিঞ্চিৎকরতা বুঝিয়াও অবশে উহাদের কবলে কবলিত হইয়া পড়েন। সংসার হইতে নিবৃত্ত হইবার ইচ্ছা থাকিলেও কার্য্যতঃ তাহা করিয়া উঠিতে পারেন না; দুর্ব্বলতার যবনিকা আসিয়া শুভেচ্ছা ও সৎসঙ্কল্পসমূহকে আবরণ করিয়া ফেলে। সে সময় বলের প্রয়োজন—প্রাকৃত বল নহে, দৈহিক ও মানসিক বল নহে; চিদ্বল—শ্রীবলদেবের বল—শ্রীগুরুবৈষ্ণবের কৃপাবলই একমাত্র রক্ষা-কর্ত্তা হইতে পারে।

দেহবল ত' পাশবিক বলের মধ্যে গণ্য। উহা ভোগী কর্ম্মি-সম্প্রদায়ের আকাঙ্ক্ষার বিষয়। যাহারা "নায়মাত্মা বলহীনেন লভ্যঃ" এই বাক্যকে শরীর-চর্চ্চা, ব্যায়াম, প্রভৃতি প্রাকৃত দৈহিক বল-লাভের উত্তেজনামূলক বাক্যরূপে পর্য্যবসিত করিতে চাহে, তাহারা বঞ্চিত। তাহাদের কোনদিনই হরিভজন হইবে না। এইরূপ অনেক অন্যাভিলাষী নানাপ্রকার অন্যাভিলাষ চরিতার্থ করিবার জন্য শ্রীশ্রীগুরুবৈষ্ণবের পূজা ও আশ্রয়ের অভিনয় করিয়া থাকে। তাহারা ইতরবস্তু লাভ করিয়া বঞ্চিত হয়। যে মহাবীর বা বজ্রাঙ্গজীর কৃপালাভে অনায়াসে দুস্তরা মায়ার হস্ত হইতে উদ্ধার লাভ করা যায়, শ্রীরাম-চন্দ্রের শ্রীপাদপদ্মে অহৈতুকী ও ঐকান্তিকী রতি লাভ হয়, যে বল চতুর্দ্দশ ভুবনে, এমন কি ব্রহ্মলোকেও লাভ হইতে পারে না, সেই বৈকুণ্ঠ-বলের প্রার্থী না হইয়া বৈষ্ণববর বজ্রাঙ্গজীর নিকট দৈহিক ও পাশবিক বলের কামনা যে কি[illegible] মূর্খতা, তাহা বর্ণনাতীত।

দৈহিক বল কেন, মানসিক বলও মায়ার বলের সহিত অধিকক্ষণ যুঝিতে পারে না। কিছুক্ষণ যুদ্ধ করিয়াই ক্লান্ত হইয়া পড়ে ও মায়ার বিক্রমের নিকট আত্ম-সমর্পণ করে। স্ত্রী-পুত্রাদি পরিজন, দেহ ও গৃহের আরাম, কামিনীকাঞ্চন ইত্যাদি পরিত্যাগ করা কম মানসিক বল নহে। ইহা পৃথিবীর শতকরা নিরানব্বই জন লোকই পারে না; কিন্তু এত মানসিক বল সঞ্চয় করিয়াও অধোক্ষজ শ্রীবাসুদেব-বলদেবের সেবাবল লাভ করিতে না পারায় তাহারা মায়ার বলের নিকটই আত্মসমর্পণ করিয়া থাকে।

কর্ম্মী, জ্ঞানী, যোগি-সম্প্রদায়ের কথা আর কি, ভক্তের সজ্জা গ্রহণ করিয়া সদ্গুরু-পাদপদ্মের আশ্রয়ের অভিনয়, মাতা, পিতা, স্ত্রী, পুত্র, গৃহ, স্বজনাদি-পরিত্যাগের অভিনয়, ত্রিদণ্ড-সন্ন্যাসাদি-গ্রহণ ও ব্রহ্মচর্য্যাদিপালনের অভিনয়ে প্রচুর মানসিক বল সঞ্চয় করিয়াও শ্রীবলদেবের বলে অর্থাৎ শ্রীআচার্য্য বা শ্রীগুরুপাদপদ্মের বলের নিকট সর্ব্বতোভাবে আত্ম-সমর্পণ না করায় সেই সকল ব্যক্তিও বহুরূপিণী মায়ার বিক্রমের দ্বারা আক্রান্ত হইয়া পড়ে।

'আমি নিজের বলের দ্বারা, অধ্যবসায়ের দ্বারা মায়াকে জয় করিতে পারি, পারিয়াছি বা পারিব',—এইরূপ বিচার শ্রীবলদেবের কৃপাপ্রার্থীর বিচার নহে। যিনি যতটা শ্রীবলদেবের কৃপা লাভ করেন, তাঁহার হৃদয়ে ততটা দীনতা আত্ম-প্রকাশ করে; তাঁহার

কৃপা-প্রার্থনার বৃত্তি ততটা বৃদ্ধিপ্রাপ্ত হয়। সেই কৃপা-যাচ্ঞার বিরতি নাই, তাহা পদে পদে বৰ্দ্ধিতই হয়। বলদেবের বল অকৃত্রিম অহৈতুক দৈন্যের মধ্যে লাভ হয়, দাম্ভিকতার মধ্যে লাভ হয় না। শ্রীবলদেব ধেনুকাসুরকে বধ করেন। স্বরূপ-জ্ঞান-বিরোধ, [illegible] ও আধ্যক্ষিকতাই ধেনুকাসুরের প্রতীক। আর বলরাম বধ করেন—'প্রলম্ব'কে। ছদ্মবেশী মিছাভক্ত, ত্যাগী, সন্ন্যাসীর অভিনয়কারী ভণ্ডব্যক্তিগণ প্রলম্বের প্রতীক। শ্রীবলদেব বধ করেন—মুষ্টিকাদি মল্লকে। শৈলরাজ-সদৃশ মুষ্টিক মল্ল বলদেবের মুষ্টিপ্রহারে রক্তবমন করিতে করিতে ভূপাতিত হয়। শ্রীগুরুপদাশ্রিত ব্যক্তিগণ পর্ব্বতপ্রমাণ বিঘ্নরাশিকে অতি সহজে ভূপাতিত করিয়া দিতে পারেন। শ্রীবলদেব দ্বিবিদ বানরের বিনাশ-সাধন করেন। নরকাসুরের মিত্র মৈন্দ বানরের ভ্রাতা দ্বিবিদ সহস্রনাগ-স্বরূপ শক্তিসন্দিগ্রহ [illegible] বারুণী-পানোন্মত্ত বলদেবের প্রতি অবজ্ঞা প্রদর্শন করিয়াছিল। বলদেব মুষল ও লাঙ্গলের দ্বারা দ্বিবিদের কণ্ঠ ও বাহুমূলে প্রহার করিয়া উহাকে ভূপাতিত করেন। দ্বিবিদ-সদৃশ নির্বিশেষবাদী ব্যক্তিগণ আহুকবণিক চক্রবাদী হইয়া গুরু-বৈষ্ণবের প্রতি অবজ্ঞা, তাঁহার নিন্দা ও দ্রোহাচরণ করিয়া থাকে। শ্রীবলদেব-প্রভু কৃষ্ণদ্বেষী শিশুপালের বন্ধু রুক্মীকে দ্যূত-ক্রীড়ায় পাশাঘাতে বিনাশ করিয়া বিষ্ণুবৈষ্ণববিদ্বেষী ও তাহাদের সহচরগণ শ্রীবলদেবের দ্বারা কিরূপে বঞ্চিত হয়, তাহার আদর্শ লীলা প্রকট করেন। শ্রীবলদেব প্রভু তাঁহার তীর্থ-পর্য্যটন-লীলায় নৈমিষারণ্য-ক্ষেত্রে রোমহর্ষণ সূতকে বধ করিয়া 'গুরু-অবজ্ঞ' ন্যায়াবলম্বী শ্রীশ্রীগুরুবৈষ্ণব-পূজাবিমুখ ধর্ম্মধ্বজী দাম্ভিক বিষ্ণুপূজকের দাম্ভিকতা চূর্ণবিচূর্ণ করেন। অসুর মারণাদি-কার্য্য অংশী বলদেবে প্রবিষ্ট অংশের দ্বারাই সাধিত হয়। শ্রীবলদেব প্রভু সন্ধিনী-শক্তি-প্রভাবে নিত্যচিন্ময়ের নিত্য প্রাকট্য-বিধান, মহা-সঙ্কর্ষণ হইতে মহত্তের স্রষ্টা প্রকৃতির ঈক্ষণকর্ত্তা কারণার্ণবশায়ী পুরুষের আবিষ্কার এবং গর্ভোদশায়ী পুরুষ হইতে নানাবিধ লীলাবতার তথা ব্রহ্মা, অনিরুদ্ধ বিষ্ণু ও রুদ্রের প্রকাশ করিয়া অদ্বয়-জ্ঞানোপলব্ধির সন্ধান প্রদর্শন করিয়াছেন এবং "জ্যেষ্ঠ হইল সেবার কারণ" এই বাক্যের আদর্শ ও "কৃষ্ণের সমতা হৈতে বড় ভক্তপদ"—এই বাক্যের সার্থকতা প্রচার করিয়া থাকেন। শ্রীবলদেব প্রভু কৌরবগণের ঔদ্ধত্য-দর্পনে হস্তিনা-কর্ষণ করেন। তিনি—'মূলসঙ্কর্ষণ।' সঙ্কর্ষণরূপে তিনি জীবের হৃদয় কর্ষণ করিয়া থাকেন। গুরুদেবের কার্য্যই—কর্ষণকার্য্যরূপ কৃপা-বিতরণ—বৈধ-মার্গে কর্ষণ ও রাগমার্গে আকর্ষণ; লাঙ্গলের দ্বারা কর্ষণ ও বংশীর দ্বারা আকর্ষণ।

শ্রীবলদেব প্রভু—[illegible]

'অহঙ্কারে মত্ত [illegible], নিতাই [illegible],

[illegible] মত্তা [illegible]।

নিতাইর করুণা হবে, [illegible],

ধর নিতাইয়ের চরণ দুখানি॥

নিতাইয়ের [illegible], তাঁহার সেবক নিত্য,

নিতাই [illegible] প্রাণ।

অপ্রাকৃত [illegible] জীবের [illegible] নহে। সেই বলদেব প্রভুই কৃষ্ণের সম্বন্ধ প্রদাতা সন্ধিনী-শক্তিবিগ্রহ। তিনি [illegible] কৃষ্ণের সেবক—'গুরুদেব'।

[illegible] 'রাম', আর [illegible] 'সুভদ্র' নামে কথিত। তাঁহারই অংশ বৈকুণ্ঠে মহাসঙ্কর্ষণ এবং [illegible] শেষাবতার—তিনি [illegible] নামে খ্যাত। এই শ্রীসঙ্কর্ষণ [illegible] সহস্রফণ [illegible] পৃথিবীকে ধারণ করিয়া আছেন। [illegible] অবতার শেষ মহাত্মা। [illegible] মুনিগণ তাঁহাকে প্রভু হইতে [illegible] করেন। [illegible] মূল কারণ এই মহাবাণী [illegible]।

তিনি প্রাকৃত অনন্তগুণ কীর্ত্তন করিবার জন্য 'অনন্ত-দেব'। অতএব তিনি [illegible] শক্তির শক্তিবল, [illegible] পূজা [illegible]। বিশ্বের [illegible] একান্ত [illegible]। [illegible] বাহুবলের হেয়তা, নশ্বরতা ও তুচ্ছতা উপলব্ধি করিয়া কৃষ্ণ ভাজেন অনন্যস্মৃতি মহাত্মা শ্রীগুরুদেবের নিকট হইতে কৃষ্ণ-বলাদেবকে প্রাপ্ত হন, তাহা হইলেই [illegible] বলে বলীয়ান্ হইয়া পরমাশ্রয়স্বরূপ শ্রীকৃষ্ণে সন্ধান প্রাপ্ত হইবেন, সন্দেহ নাই। "নান্যঃ পন্থা বিদ্যতে অয়নায়।"

তাই অশোক-অভয়ামৃত-সেবনেচ্ছু নিষ্ঠাবসাধীর শ্রীগুরুনিত্যানন্দ বামপদাশ্রয়ের কথাই শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর গাহিয়াছেন,—

সংসারের পার হই' ভক্তির সাগরে।
যে ডুবিবে, সে ভজুক নিতাই চাঁদেরে॥
নিত্যানন্দ-চরণ ভজয়ে যে যে জনে।
সর্ব্ববিঘ্ন খণ্ডে তাহা সবার স্মরণে॥
যে চরণ চিন্তিলে আপদ নাহি আর।
সেইক্ষণে কোটী অপরাধীরও নিস্তার॥
নিত্যানন্দ প্রসাদে সে গৌরচন্দ্র জানি।
নিত্যানন্দ প্রসাদে সে বৈষ্ণবেরে চিনি॥
নিত্যানন্দ প্রসাদে সে নিন্দা যায় ক্ষয়।
নিত্যানন্দ প্রসাদে সে বিষ্ণুভক্তি হয়॥

দৃঢ়তা

হরিভজনে [illegible] ও দৃঢ়তা—[illegible] ও অহৈতুকী [illegible] দৈন্যের মধ্যে [illegible] আসিয়া থাকে [illegible] কখনও সংসার-[illegible] হইতে পারে না। [illegible] অপমান, [illegible] অভাবের [illegible] আসে না, আর তার সহিত [illegible] না। যখন [illegible] হইয়া [illegible] থাকে।

[illegible] আবির্ভূত হয়। [illegible] দিয়াছেন,—"[illegible] এই [illegible] বিষয়ের [illegible] সাধ্যেন হইল,—[illegible] করিলে কখনই মঙ্গল হয় না। [illegible] অবলম্বন করিবে তখনই তাহা [illegible] করিবে। দৃঢ়তাই সাধনের মূল। দৃঢ়তার অভাব হইলে সাধন [illegible] এক দিনও অগ্রসর হওয়া যাইবে না।"

শৈথিল্য ভক্ত্যাদি অর্থাৎ হরিভজনের অনুকূল কার্য্য [illegible] দৃঢ়তা [illegible] প্রাতিকূল্য-কার্য্যে [illegible] ভজনের [illegible] করে। দৃঢ়তা না থাকিলে কোনদিন [illegible] অগ্রসর হওয়া যায় না।

[illegible] দৃঢ়তা উপস্থিত হয় না। কোনপ্রকার [illegible] হৃদয়দৌর্ব্বল্য ও শৈথিল্যের নিকট আত্মসমর্পণ করিতে হয়। যাহারা [illegible] অর্থাৎ স্ত্রী পুত্রাদির প্রীতির জন্য কোন না কোন প্রকার [illegible] তাহাদের হৃদয়ে দৃঢ়তা আসে না। তাহারা কোনপ্রকার নানাবিধ জাগতিক অভাব-অভিযোগ বা [illegible] লৌকিক [illegible] পতিত হইলে দৃঢ়তার মূল স্বপ্ন হইতে ভ্রষ্ট হয়। তখনই দৃঢ়তার স্বপ্ন তাহাদের নিকট অলীকচিন্তামাত্রে পর্য্যবসিত হইয়া পড়ে।

শ্রীনিত্যানন্দ প্রভুর কৃপায় সাধক সামান্য একটু দৃঢ়তা রক্ষা করিতে পারিলে [illegible] সাহায্য [illegible]। তাঁহার [illegible] মিষ্টা পদার্থ [illegible]। দৃঢ়তা রক্ষা করিতে পারিলে। সমস্ত [illegible] নিরন্তর [illegible] গ্রহণ করিলে হৃদয়ে দৃঢ়তা [illegible] স্বাভাবিকী প্রীতির আবির্ভাব হয়।

প্রীতির অভাব হইলেই দৃঢ়তার অভাব [illegible] হয়। [illegible] প্রীতি [illegible] তাঁহার দৃঢ়তাও আছে। [illegible] তাহার [illegible] বিবেক- [illegible] শত শত [illegible] আদর্শ [illegible] এক- [illegible] না। কারণ, [illegible] হইয়াছে। সেই [illegible] তাহার [illegible] হইয়াছে,— [illegible]।

[illegible] দ্বারা [illegible], পাণ্ডিত, [illegible] হইবার [illegible] শ্রীচরণে দৃঢ়তা [illegible] হন নাই। [illegible]—

[illegible] প্রাণ।

[illegible] নাম।

[illegible] তাহা [illegible] হইয়াও [illegible] করেন [illegible] প্রীতি, [illegible] তাঁহার [illegible] আছে।

[illegible] দৃঢ়তা লাভ [illegible] প্রীতির [illegible] হয় নাই, সেই ব্যক্তির [illegible] কখনও দৃঢ়তা স্বাভাবিক ও স্থায়ী হয় না। [illegible] অনেক [illegible] দৃঢ়তা [illegible] দৃঢ়তা [illegible] কৃষ্ণ- [illegible] দৃঢ়তার [illegible] থাকে। ঐরূপ [illegible] দ্বারা [illegible] দৃঢ়তার [illegible] অভাব, [illegible] হরি-[illegible] স্বভাব, তাহাও [illegible] অনর্থ বা মোহ-বিশেষ।

দৃঢ়তা ও দীনতা দুইটী পৃথক্ নহে। যাঁহার হৃদয়ে দৃঢ়তা বিরাজিত, তাঁহার হৃদয় কঠিন, শুষ্ক নহে; কারণ, তাহাতে প্রচুর হরিলীলারস বিদ্যমান। প্রেমিকের হৃদয় কখনও কঠিন হইতে পারে না—তাহা দৈন্যে বিভূষিত। অতএব যাঁহার বাস্তব-সত্যে দৃঢ়তা আছে, তাঁহাতে প্রচুর পরিমাণে দীনতাও আছে।

শ্রীকৃষ্ণভজনের অনুকূল গ্রহণ ও প্রতিকূল বর্জ্জনের জন্য যে দৃঢ়তা, তাহাই মাৎসর্য্যহীন দৃঢ়তা। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ গাহিয়াছেন,—

"ভজনের বাধা, প্রতিকূল তাহা,
দৃঢ়ভাবে তেয়াগিব।"

প্রতিকূলবিষয়ত্যাগে শৈথিল্য বা কালবিলম্ব করিবার প্রবৃত্তি থাকিলে তাহা কোনদিন পরিত্যাগ করা যায় না। একঘণ্টা পরে হরিভজন করিব, এখন কিছু মায়ার ভজন করি,—এরূপ বিচার হৃদয়ে থাকিলে কখনও হরিভজন করা যায় না। এই মুহূর্ত্তেই শ্রীগুরুবৈষ্ণবের কৃপালাভ করিব, এক মুহূর্ত্তও বিলম্ব করিব না এরূপ দৃঢ়তা থাকিলে হরিভজন হয়।

যে ব্যক্তির দৃঢ়তা নাই, তিনি অপরকে যে-সকল উপদেশ প্রদান করেন, তাহা ধার-করা প্রাণহীন কথার ন্যায় নিজের ও পরের কাহারও কার্য্যকরী হয় না। সরাগ বক্তৃগণের দৃঢ়তা নাই। যাঁহার দৃঢ়তা আছে, তাঁহার আচরণও আছে। যে ব্যক্তির দৃঢ়তা নাই, সে ব্যক্তি কখনও আচার করিয়া প্রচার করিতে পারে না।

আলস্য ও ইতর বিষয়ের বশীভূততা, শোকাদিদ্বারা চিত্ত-বিভ্রম, কুতর্কের দ্বারা শুদ্ধভক্তি হইতে চালিত হওয়া, সমস্ত জীবনী-শক্তি কৃষ্ণানুশীলনে অর্পণ করিতে কার্পণ্য, জাতি, ধন, বিদ্যা, জন, রূপ ও বলের অভিমানে বৈষ্ণব-স্বভাব অস্বীকার, অধর্ম্ম-প্রবৃত্তি বা উপদেশের দ্বারা প্রচালিত হওয়া, কৃষ্ণ স্বার্থ-পোষণে অদয়, ক্রোধ-মোহ-মাৎসর্য্য-অসহিষ্ণুতাজনিত দয়া-পরিত্যাগ, প্রতিষ্ঠাশা ও শাঠ্যের দ্বারা বৃথা বৈষ্ণবাভিমান, কনক, কামিনী ও ইন্দ্রিয়-সুখাভিলাষে অন্য জীবের প্রতি অত্যাচার—এই প্রকার কার্য্যসকলই হৃদয়দৌর্ব্বল্য হইতে উদিত হয়। এই সকল হৃদয়দৌর্ব্বল্য পরিহার করিতে হইলে দৃঢ়তার একান্ত আবশ্যক। যে ব্যক্তি কেবল মুখে কৃপাপ্রার্থনা করে, অথচ দৃঢ়তার সহিত শ্রীশ্রীহরিগুরুবৈষ্ণবের কৃপা বরণ করে না, সেই ব্যক্তি কখনও হৃদয়দৌর্ব্বল্যের হস্ত হইতে নিষ্কৃতি পায় না। অনেক সময় সাধনে দৃঢ়তার হস্ত হইতে নিষ্কৃতি পাইবার জন্য আমরা মৌখিক কৃপাপ্রার্থী হই। সর্ব্বাভিলাষী ব্যক্তি দৃঢ়তাকে সর্ব্বাপেক্ষা অধিক ভয় করে। কারণ, হৃদয়ে দৃঢ়তার অভ্যুদয় হইলে অন্যাভিলাষসমূহ পরিত্যাগ করিতে হইবে।

বিরাট
নগর-সংকীর্ত্তন-শোভাযাত্রা

বিশ্ববিখ্যাত গৌড়ীয়মিশনের প্রচারকেন্দ্র কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠের শ্রীমন্দির হইতে আগামী ৭ই ভাদ্র ২৪শে আগষ্ট রবিবার অপরাহ্ণ ৪॥০ ঘটিকার সময় একটী নগরসংকীর্ত্তন-শোভাযাত্রা বাহির হইবেন।

নগরসংকীর্ত্তন-শোভাযাত্রা কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার ষ্ট্রীট, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, মাণিকতলা স্পার, আমহার্ষ্ট ষ্ট্রীট, হ্যারিসন রোড, আমহার্ষ্ট ষ্ট্রীট, বহুবাজার ষ্ট্রীট, কলেজ ষ্ট্রীট, কলেজ স্কোয়ারের চারিধার, কলেজ ষ্ট্রীট, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কর্ণওয়ালিস্ স্কোয়ারের চারিধার, বাগবাজার ষ্ট্রীট ও কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট হইয়া পুনরায় শ্রীগৌড়ীয়মঠে প্রত্যাবর্ত্তন করিবেন।

সকলের যোগদান প্রার্থনীয়।

শ্রীহরিভজনে দৃঢ়তা অপস্বার্থময়ী দৃঢ়তার ন্যায় মনের দম্ভবিশেষ নহে। হরিভজনে দৃঢ়তা স্বরূপশক্তির বৃত্তিবিশেষ। একমাত্র শ্রীশ্রীহরিগুরুবৈষ্ণবের কৃপায় অপরাধশূন্য নিষ্কপট চিত্তে সেই বৃত্তি প্রকাশিত হয়। নিরপরাধে সাধুসঙ্গাশ্রয়ে তাঁহার আদর্শ দর্শন ও অনুসরণ করিতে করিতে হৃদয়ে অপ্রাকৃত দৃঢ়তার আসন প্রতিষ্ঠিত হয় এবং কুবিষয়ে দৃঢ়তার গ্রন্থিগুলি শিথিল ও ছিন্ন হইয়া পড়ে। গৃহমেধী ও অন্যাভিলাষী দুর্জ্জন জীবের সঙ্গে থাকিলে অপ্রাকৃত-বিষয়ে দৃঢ়তা কিছুতেই উপস্থিত হয় না, বরং উহা আরও শিথিল হইয়া যায়। সুদৃঢ় শ্রদ্ধাবান্ উত্তমাধিকারী মহাভাগবতের সঙ্গ কিছুকাল করিলেই আমাদের অজ্ঞাতসারে চিত্তে যে দৃঢ়তা উপস্থিত হয়, তাহা অনেক সময় আমরা অনুভব করিতে পারি। কিন্তু সর্ব্বক্ষণ সাধুসঙ্গে অবস্থান না করায় সেই দৃঢ়তা সাময়িক হইয়া পড়ে। সর্ব্বক্ষণ সাধুসঙ্গ না থাকিলে কিছুতেই অসৎসঙ্গবর্জ্জন ও ভক্তি-প্রতিকূল বিষয়ত্যাগে দৃঢ়তা লাভ হয় না। অতএব অপ্রাকৃত দৃঢ়তা লাভ করিতে হইলে সর্ব্বক্ষণ সাধুসঙ্গে থাকিয়া সাধুর বর্ত্মানুবর্ত্তন করা একান্ত কর্ত্তব্য। মহাজনগণ বলিয়াছেন,—

অণিমাদি অষ্ট-ঐশ্বর্য্য সিদ্ধিসকলও যদি স্বয়ং আসিয়া হস্তামলক হয়, যদি সমস্ত দেবতাগণ দাসত্ব করিবার জন্য স্বয়ংও আসিয়া উপস্থিত হন, অধিক কি, যদি বা আমার এই দেহই চতুর্ভুজ হয়, তথাপি আমার চিত্ত ব্রজেন্দ্রনন্দন হইতে কিঞ্চিন্মাত্রও বিচলিত হইবে না।

আমি অন্য বাক্য বলিব না, অন্য কথা শ্রবণ করিব না, অন্য বিষয় চিন্তা করিব না, অন্য কোথায়ও গমন করিব না, অন্য দেবতার ভজনা করিব না বা আর অন্য কাহারও আশ্রয় গ্রহণ করিব না। জাগ্রদবস্থায়, এমন কি, স্বপ্নেও আমি শ্রীরাধাকান্ত-বিনোদ-কানন ব্যতীত অন্য কিছু অবলোকন করিব না।

ধ্যান-ধারণাদি অষ্টাঙ্গযোগ, শ্রুতিঅনুশীলন, নির্জ্জনবনে বাস, তীর্থপর্য্যটন প্রভৃতি দ্বারা শান্তিলাভ করিয়া বৈষ্ণবগণ শাস্ত্র-শ্রবণাদিদ্বারা বিশ্বাসিত নির্ভয়রূপ স্বরূপানুভূতি অর্থাৎ ব্রহ্ম-সাক্ষাৎকার করিয়া যদি সংসার হইতে মুক্ত হন হউন, কিন্তু আমরা কদম্ব-কুঞ্জের সমীপে উদয়শীল ইন্দীবরশ্রেণীতুল্য শ্যামলমূর্ত্তি শ্রীকৃষ্ণের শ্রীনামের সেবক, অতএব আমাদের লক্ষাবধি জন্ম হইলেও কোন ক্ষতি নাই।

বেদপরায়ণ মানবগণ, শাস্ত্রে অভিজ্ঞ ব্যক্তিগণ আমাকে মূঢ় বলেন বলুন, আমাকে পুনঃ পুনঃ ভ্রান্ত বলেন বলুন, বান্ধবগণ আমাকে মন্দ বলেন বলুন, সহোদর ভ্রাতৃগণ আমার প্রতি স্নেহ পরিত্যাগ করিয়া জড়বুদ্ধি বলেন বলুন, ধনিগণ আমাকে উন্মত্ত বলেন বলুন, বস্তুর স্বরূপনিশ্চয়ে কুশলী ব্যক্তিগণ আমাকে যথেচ্ছভাবে মহাদাম্ভিক বলেন বলুন, তথাপি আমার মন অল্পকালও শ্রীগোবিন্দের শ্রীপাদপদ্মস্পৃহা পরিত্যাগ করিতে সমর্থ হইতেছে না।

হে বাসুদেব, তুমি আমাকে পৃথিবীর আধিপত্যই প্রদান কর, অথবা দারিদ্র্যই প্রদান কর, নিত্য আমাকে বহু আদরই কর, অথবা অনাদরই কর; আমাকে বৈকুণ্ঠেই বাসস্থান দাও অথবা নরকেই স্থান দাও, তুমি ব্যতীত আমার আর অন্য কোন গতি নাই।

শ্রীহরির শ্রীচরণকমল ব্যতীত ইহসংসারে অন্য কোন সারবস্তু নাই, এইরূপ অকুণ্ঠিত-বুদ্ধিযুক্ত হইয়া যিনি ত্রৈলোক্যরাজ্যলাভের সম্ভাবনা থাকিলেও ভগবদ্গতচিত্ত দেবগণের একমাত্র আরাধ্য তদীয়চরণ-কমল হইতে ক্ষণার্দ্ধকালও বিচলিত হন না, তিনি উত্তম ভাগবত বলিয়া গণ্য হন।

আমার অনুচিত নিষিদ্ধ কর্ম্মই হউক, অথবা উচিত অর্থাৎ নিত্যনৈমিত্তিকাদি শাস্ত্রবিহিত কর্ম্মই হউক, তাহার বিহিতকরণে বা নিষিদ্ধকরণে কোনও হানি নাই, কেবল শ্রীভগবানে আমার দৃঢ়তর ভক্তিযোগ হউক, যেহেতু সর্পরাজ বিষ উদ্গীরণ করিয়া থাকেন এবং চন্দ্র অমৃত বর্ষণ করেন, তথাপি বৈষ্ণবরাজ শম্ভু নির্ব্বিশেষরূপে ঐ উভয়কেই ধারণ করিতেছেন।

দার্জ্জিলিংএ প্রচার

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তি-প্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের একান্ত আনুগত্যে দার্জ্জিলিং শ্রীগৌড়ীয়মঠের সেবক-বৃন্দ কার্সিয়াং নামক স্থানে শ্রীমন্মহাপ্রভুর কথা প্রচার করিতেছেন। গত ৫ই আগষ্ট মঙ্গলবার স্থানীয় প্রসিদ্ধ ডাক্তার শ্রীযুক্ত এস, কে, বিশ্বাস মহোদয়ের আগ্রহে তদীয় বাসভবনে শ্রীপাদ ব্রজগোপাল দাস ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু সন্ধ্যা ৭ ঘটিকা হইতে রাত্রি ৯ ঘটিকা পর্য্যন্ত শ্রীমদ্ভাগবত হইতে শ্রীকপিল-দেবহূতি-উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করেন।

গত ৬ই আগষ্ট পুনরায় উক্ত ডাক্তার মহোদয়ের ভবনে শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীসনাতনশিক্ষা বিশদভাবে পাঠ ও ব্যাখ্যা হয়। পাঠে বহু শিক্ষিত লোকের সমাগম হইয়াছিল। আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হইয়াছিল।

পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের একান্ত আনুগত্যে দার্জ্জিলিং শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ নিয়মিতভাবে প্রাতে ও সন্ধ্যায় শ্রীচৈতন্যভাগবত ও শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যামুখে শ্রীগুরুগৌরাঙ্গের অপার করুণার কথা কীর্ত্তন করিতেছেন এবং অপরাহ্ণে ইষ্টগোষ্ঠীমুখে শ্রীনদীয়া-প্রকাশ ও গৌড়ীয় আলোচনা হইতেছে। মঠসেবকগণ প্রত্যহ সহরের বিভিন্ন স্থানে যাইয়া শ্রীগৌড়ীয়মঠের প্রচার্য্য-বিষয় কীর্ত্তন করিতেছেন।

শ্রীধামে যাত্রিসমাগম

বন্যার জলবৃদ্ধি হওয়ায় প্রত্যহ শত শত যাত্রী শ্রীধামদর্শনার্থ আগমন করিতেছেন। শ্রীধামবাসী ভক্তবৃন্দ শ্রীধামদর্শনার্থ আগত যাত্রীগণের নিকট নিরন্তর শ্রীধামের মহিমা, শ্রীধাম ও শ্রীধামেশ্বর শ্রীগৌরসুন্দরের অপার করুণার কথা কীর্ত্তন করিয়া তাঁহাদিগকে হরিকথা-শ্রবণের অপূর্ব্ব সুযোগ প্রদান করিতেছেন। যাত্রীগণ শ্রীধামবাসী ভক্তগণের শ্রীমুখ হইতে হরিকথা শ্রবণ করিয়া পরম উপকৃত হইতেছেন।

বিশেষ দ্রষ্টব্য

গত ৩০শে শ্রাবণ শুক্রবার শ্রীশ্রীকৃষ্ণ-জয়ন্তী উপলক্ষে প্রেস বন্ধ থাকায় গত ৩১শে শ্রাবণ শনিবার শ্রীনদীয়াপ্রকাশ প্রকাশিত হন নাই।

ভ্রম-সংশোধন

গত ১৩৬-৩৭ সংখ্যা নদীয়াপ্রকাশের ৪র্থ পৃষ্ঠা ১ম কলম ১৮শ পংক্তিতে 'ত্রিদণ্ডিভাব' স্থলে 'নিদণ্ডভাব' এবং ১৯শ পংক্তিতে 'ত্রিদণ্ডভাবের' স্থলে 'নির্দ্দণ্ডভাবের' হইবে।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅখণ্ডন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক—শ্রীভববন্ধচ্ছিদ দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভক্তিবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীতাবিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরেরাম ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীসঙ্কীর্তন দাসাধিকারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীধামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউভারা (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠাসন
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধবগৌড়ীয়মঠ
মাহিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীরামলক্ষণ ব্রহ্মচারী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশ্রীবিদ্বদ্গঙ্গাবিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং গাঙ্গাংবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপাবলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীচন্দ্রসখ দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা, মথুরা
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেষশায়ী
পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভ ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীযদুমণি দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বালুবাজার, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকানন্দ ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাণীবাঁধ, বর্দ্ধমান
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ভুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাঙ্কেষ্টার রোড, টাউড্ গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগৌরেন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

লক্ষ্ণৌ গৌড়ীয়মঠ
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুশ রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅভয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরাবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীবার্ত্তশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

———

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের বিস্তৃত জীবনচরিত

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভূতপূর্ব প্রধান অধ্যাপক নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য এম এ মহোদয় ... কর্তৃক লিখিত। শ্রীমন্মহাপ্রভুর সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড ৬৩৯ পৃষ্ঠা। ঐ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবৃহৎ শব্দসূচী Index Glossary সহ প্রথম খণ্ড প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা, মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুর্দশাধ্যায়াত্মক ... শ্রীমন্মধ্বাচার্যকর্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে ... ও শ্রীপাদ ... 'তত্ত্বপ্রকাশিকা' টীকা ... মুদ্রিত। ... সর্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ও বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'অণিক' টীকা ... ভূমিকা ও সূচীসহ অভূতপূর্ব নয়নাভিরাম নব সংস্করণরূপে গৌড়ীয় মিশনকর্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,

শ্রীযুক্ত সুপ্রকাশরঞ্জন নাগ এম-এ, বি-এল্,

পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষা ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম সন্নিবেশিত হইয়াছে। সাধারণ পাঠকগণের বোধসৌকর্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যা ও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৬৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—৩৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

বিজ্ঞাপন

'মেডিকেল ডিগ্রী' সংগ্রহ করুন

আয়ুর্বেদিক হোমিওপ্যাথিক, ইউনানী, চিকিৎসা পদ্ধতি পরীক্ষা ঘরে বসিয়া দিন। বিনা খরচে প্রস্পেক্টাস লউন। ইংরাজী কিম্বা উর্দু ভাষায় পত্র ব্যবহার করিবেন।

প্রিন্সিপ্যাল ওল্ড ইণ্ডিয়ান

মেডিক্যাল কলেজ

আম্বালা সিটী

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

১	শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র)	
২।	প্রথম হইতে দশম স্কন্ধ পর্যন্ত—	২৮৲
	দশম স্কন্ধ—	৯৲
৩।	ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাধা)	৲
৪।	ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত সরস্বতী জয়শ্রী (অবাধা)	৬৲ / ৪৲
৫।	শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী ১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲, তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০	
৬।	শ্রীল প্রভুপাদের পত্রাবলী ১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲, ৩য় খণ্ড—৸০	
৭।	শ্রীচৈতন্যদেব	১।০
৮।	সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা	১।০
৯।	বৈষ্ণবমঞ্জুষা	২৲
১০।	গৌড়ীয় কণ্ঠহার	২৲
১১।	শ্রীচৈতন্যশিক্ষামৃত	২৲
১২।	শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা)	১৲
১৩।	হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ)	৸০
১৪।	সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ)	৷০
১৫।	বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব	।০
১৬।	ব্রাহ্মণ ও বৈষ্ণব	৸০
১৭।	চৈতন্যোপনিষদ্	।০
১৮।	শ্রাবণ আনন্দ	৷০
১৯।	তত্ত্ববিবেক	।০
২০।	গৌড়ীয়-গৌরব	।৵০
২১।	গৌড়ীয়সাহিত্য	।৵০
২২।	ভজন রহস্য	৷০
২৩।	শ্রীচৈতন্যচন্দ্রামৃতম ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)	১৲
২৪।	গীতা (শ্রীবলদেব-টীকা সহ)	১৲
২৫।	গীতা (চক্রবর্তী-টীকাসহ)	১৲
২৬।	গীতার কেবল মাধ্বভাষ্য	৷০
২৭।	মুক্তাফলটীকা গুণলেশসূচক (সানুবাদ)	২৲
২৮।	বেদান্তস্যমন্তকঃ (সানুবাদ)	
২৯।	প্রেমবিবর্ত (তৃতীয় সংস্করণ) (অবাধা ৷৵০ বাঁধা ৸০)	
৩০।	দ্বীপ-দিগ্দর্শন	৵০
৩১	সাধনপথ (তৃতীয় সংস্করণ)	৵০
৩২।	গোস্বামী শ্রীরঘুনাথ দাস	৷০
৩৩।	নবদ্বীপধাম-গ্রন্থমালা	৸০
৩৪।	ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা)	৵০
৩৫।	গীতমালা	⁄১০
৩৬।	নবদ্বীপধাম-মাহাত্ম্য (ছোট)	৵০
৩৭।	ঐ প্রমাণ খণ্ড	৵০
৩৮।	শ্রীনবদ্বীপভাবতরঙ্গ	।০
৩৯।	শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ	।০
৪০।	শরণাগতি	৵০
৪১।	গীতাবলী	⁄১০
৪২।	শ্রীব্রজমণ্ডল পরিক্রমা	৸০
৪৩।	শ্রীভক্তিরত্নাকর (সমগ্র)	২৷০
৪৪।	প্রেমভক্তিচন্দ্রিকা	
৪৫।	নবদ্বীপশতক	
৪৬।	অর্চনপদ্ধতি	⁄১
৪৭।	সদাচারস্মৃতিঃ	⁄১
৪৮।	কল্যাণকল্পতরু	
৪৯।	অর্চনকণ	
৫০।	বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে)	
৫১।	ব্রহ্মসংহিতা	
৫২।	মণিমঞ্জরী (সানুবাদ)	
৫৩।	গৌরকৃষ্ণোদয়ঃ	।
৫৪।	পুরুষার্থ বিনির্ণয়	
৫৫।	তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী	
৫৬।	ভারতবর্ষ ও ভক্তিপথ	
৫৭।	ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ)	
৫৮।	শ্রীভুবনেশ্বর	
৫৯।	সিদ্ধান্তদর্পণ	
৬০।	সাংখ্যবাণী	
৬১।	শ্রীচৈতন্যমঙ্গল	২৷০
৬২।	শ্রীভক্তিসন্দর্ভ	৬৲
	সংস্কৃত ভাষায় প্রকাশিত	
৬৩।	শ্রীচৈতন্যলীলামৃতসারঃ	
৬৪।	সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ	
৬৫।	সটীকা-শিক্ষাদশমূলম	
৬৬।	তত্ত্বত্রয়ম্	
৬৭।	সানুবাদ শিক্ষাষ্টকম্	
৬৮।	গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ	
৬৯।	সারাৎসারবর্ণনম্	
	ইংরাজী ভাষায় প্রকাশিত	
৭০।	রায় রামানন্দ	।
৭১।	এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত	
৭২।	নামভজন	
৭৩।	বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অণ্টলজি	
৭৪।	রিলেটিভ ওয়ার্ল্ডস্	।০
৭৫।	লাইফ য়্যাণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু	।
৭৬।	বৈষ্ণবীজম্	।
৭৭।	হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং	
৭৮।	দি ভাগবত	
৭৯।	টক প্রিন্সিপাল এণ্ড আনয়ালয়েড ডিভোশন	।
৮০।	ব্রহ্মসংহিতা	।
৮১।	শ্রীমদ্ভগবদ্গীতা	২
৮২।	শ্রীচৈতন্যমহাপ্রভু	৬৲
৮৩।	শ্রীকৃষ্ণচৈতন্য	১০৲
	উড়িয়া অক্ষরে প্রকাশিত	
৮৪।	শ্রীহরিনামচিন্তামণি	৸
৮৫।	সাধনপথ	৷
৮৬	কল্যাণকল্পতরু	⁄১
৮৭।	গীতাবলী	⁄১
	শরণাগতি	⁄
৮৯।	শ্রীসচ্চিদানন্দবাণী	৷৵
৯০।	শ্রীগৌড়ীয়বাণী	।০
	তামিল ভাষায় প্রকাশিত	
৯১।	শরণাগতি	৷
	তেলেগু ভাষায় প্রকাশিত	
৯২।	শ্রীচৈতন্যশিক্ষামৃত	২

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।॰	।৵॰	।৵॰	।॰
" " ইঞ্চি	২৲	১॥॰	১॥॰	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৬৲	৪॥॰
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ) ৯৲
ষাণ্মাসিক " ৫৲
ত্রৈমাসিক " ২৸॰
মাসিক " ১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতার-সম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সু-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্র সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।॰ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা।

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ বিস্তৃত পদ্যানুবাদসহ মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।॰ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।॰ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।॰ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট্ গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ শরণাগতির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ।৹ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

					শনিবার ব্যতীত			
					শনিবার	অন্য দিন		
কলিকাতা ছাঃ	৪-৫৬	৬-২১	৭-১৪	১৩-১৬	১৫-১০	১৬-৫৬	১৭-৫৯	২২-২৬
দমদম "	৪-৫৬	৬-৩১	৭-২৮	১৩ ২৯	·	·	১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯-১৮	১৪ ৫০	১৬-৪৮	১৮-৩১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ	..	..	৯-৩১					
কৃষ্ণনগর পৌঃ	৮-৫৯	৮-৪০	১০-৬	১৫-১৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-১৬	১৪ ৫০	১৭-৪০			২০-৩০	
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১১-২৫	১৮-১৫			২১-৫	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১১-১৩	১৮-২৩			২১-১৩	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১-৬
দমদম " ১১-১৮
রাণাঘাট পৌঃ ১২ ৫১
" ছাঃ ১২ ৫৬
শান্তিপুর পৌঃ ১৩ ১৪
(বদল) ছাঃ ১৩ ৪২ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ ১৪-৩০
মহেশগঞ্জ ছাঃ ১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ ১৫-৩৩

ডাউন

					শনিবার ব্যতীত			
					অন্য দিন	শনিবার		
নবদ্বীপঘাট ছাঃ		৬-১৪	৯-১২		১৬-৩	১৬-৩১	১৮-৩৮	
মহেশগঞ্জ "		৬-২৩	৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ		৮ ৫৭	৯-৫৫		১৬-৪৬	১৭-১৪	১৯-১১	
(বদল) ছাঃ	..-৩১	৭-১০	৮ ৫০	১১-১৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪ ১০	৭-৪৬	৯-২৫	১১ ০	১৫-৫৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	·	·			১৫-৫৬	১৭-৪২		...
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১-২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১২-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬	২১-৪০	২৩ ১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ ১৪-১
মহেশগঞ্জ " ১৫-১০
কৃষ্ণনগর পৌঃ ১৫-৪৪
ছাঃ ১৫-৩৯
শান্তিপুর পৌঃ ১৬-২৭
(বদল) ছাঃ ১৮-৩১
রাণাঘাট পৌঃ ১৮-৫৯
" ছাঃ ১৯-২০
কলিকাতা পৌঃ ২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, বাণ্মাসিক ১॥৹ টাকা মাত্র।

২। ভাগবত--হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। গয়া শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক; কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥৹ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥৹ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরাঙ্গিণধামে অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্য জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত বঙ্গদেশ তথা অন্যান্য প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মঠবাসী সত্যানুসন্ধিৎসুগণ যে সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ-রূপানুগাবরুদ্ধসিদ্ধান্তদলনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্ব গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৸৹ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——::•::——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৸৹ দশ আনা, বড় বোতল ১৵৹ আঠার আনা। পাইকারী স্বতন্ত্র

:—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
বেহালা, ২৪ পরগণা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

Regd No. C 1544

সত্যাপ্ত কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃত ভাষ্যসহ প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৵০

প্রাপ্তিস্থান -
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৸০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ১৪ হৃষীকেশ, গৌরাব্দ ৪৫৫, ৪ঠা ভাদ্র, বঙ্গাব্দ ১৩৪৮ ২১শে আগষ্ট ইং ১৯৪১, বৃহস্পতিবার { ১৪০--৪১ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ।

দৈনিক নদীয়া-প্রকাশ

৪৫৫ গৌরাব্দ, ১৪ হৃষীকেশ আদি কারণোদশায়ী

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

——::•(*)::•——

কৃষ্ণ সচ্চিদানন্দবিগ্রহ অর্থাৎ তিনি কালাধীন অসৎ, অচিৎ তত্ত্ব নহেন, তিনি নিত্য সদ্বস্তু, কাল তাঁহার অধীন। কাল-বিচারে তিনি অনাদি, ব্রহ্মের প্রতীতি বা ধারণা তাঁহার পরবর্ত্তিনী ধারণা।

তিনি—গোবিন্দ। সবিশিষ্ট চিদাকাশ পরমাত্মা ও নির্ব্বিশিষ্ট চিদাকাশ ব্রহ্মকেও যিনি পালন করেন, তিনি গোবিন্দ। তিনি চিৎ অর্থাৎ পরিপূর্ণ চেতনময়। অদ্বয়তত্ত্ব-বস্তু ভগবান্ শ্রীকৃষ্ণ মাপিয়া লইবার বস্তু নহেন। তাঁহাকে মাপিয়া লওয়া যায় না। কারণ তিনি মায়িক বস্তু নহেন। যাঁহাকে মাপিয়া লওয়া যায় না, সেই অদ্বয়তত্ত্বই জীবের অসম্যক্ প্রতীতিতে ব্রহ্ম, আংশিক প্রতীতিতে পরমাত্মা, পূর্ণ প্রতীতিতে বৈকুণ্ঠ বা শ্রীভগবান্।

কৃষ্ণচন্দ্র বলদেবের অনুগত-জন কর্ত্তৃক সেব্য হইতে ইচ্ছা করেন। যাঁ'রা বলদেবের সেবক হ'তে পারেন, তাঁ'রাই প্রকৃত পক্ষে বলবান্ হন। আমরা যখন বলদেব প্রভুর আনুগত্যে কার্য্য করি, তখনই কৃষ্ণসেবা হয়। সেবক যখন সেব্যের দিকে অগ্রসর হন, তখন তাঁ'কে বলদেব প্রভুই সাহায্য করেন। বলদেব প্রভুর আনুগত্য করা—তাঁ'র নিকট হ'তে চিদ্বল সঞ্চয় করাই আমাদের একমাত্র কৃত্য। বলদেব প্রভুই একমাত্র পালনকারী—সকল মঙ্গলের মূল-বিধাতা।

আর্ত্ত, জিজ্ঞাসু, অর্থার্থী ও জ্ঞানী—এই চতুর্ব্বিধ ব্যক্তি নিজ নিজ বৃত্তি পরিত্যাগ করলে ভক্ত হ'তে পারেন। চতুর্ব্বিধত্ব গ্রহণ ক'রে আত্মবঞ্চনা করা আমাদের কর্ত্তব্য নয়। ভগবৎ-কৃপাক্রমে ভগবদ্বস্তু প্রকাশিত হন। অক্ষজজ্ঞানে তাঁ'কে জান্‌তে পারা যায় না। বলদেব প্রভু ভিন্ন অন্য কেহ তাঁ'কে জানা'তে পারেন না।

সঙ্কল্প ও বিকল্প যেখানেই হয়, সেইখানেই মনোধর্ম্ম, একটা গ্রহণ করা হ'চ্ছে, আর একটা reject করা হ'চ্ছে। জন্ম, সাময়িক স্থিতি ও ভঙ্গময় এই জগৎ যে শক্তি দ্বারা পরিচালিত হ'চ্ছে, যে শক্তি বিবর্ত্ত আনয়ন ক'রে লোকের ভ্রমোৎপাদন করায়, সেই শক্তিই মায়া। মনোধর্ম্মে বহু মত, বহু পথ। কিন্তু আত্মধর্ম্মে রাজকীয় পথ, অব্যর্থ উপায়—একটীমাত্র। তা' শরণাগতির পথ—তা' প্রপত্তির পথ—তা' কেবলা ভক্তির পথ।

সাধু তাঁ'কেই বলে, যাঁ'র সংস্পর্শে আস্‌লে তিনি তাঁ'র বাক্যাস্ত্রের দ্বারা আমার সব বাদ্‌রামী ছাড়ি'য়ে দি'তে পারেন—আসক্তি—মনোধর্ম্ম সব ছিন্ন ক'রে দিতে পারেন। সাধুর কার্য্য হ'চ্ছে—বাস্তব বস্তুর সংস্পর্শে ২৪ ঘণ্টার মধ্যে ২৮ ঘণ্টা থাকা। প্রকৃত পরদুঃখদুঃখী সাধুর চিত্তবৃত্তি এই যে, একটা মানুষও যেন পালিয়ে না যায় সেবার রাজ্য থেকে।

সেবক ঐকান্তিক ইচ্ছা করলে, ব্যবহিত-রহিত সেবাবিধানে ব্যগ্রতা থাক্‌লে সেব্য ব'সে থাক্‌তে পারেন না, এগিয়ে আসেন। যদি বাস্তবিক আর্ত্তি-সহকারে কেহ ডাকে তবে তিনি চুপ করে ঘুমান না। ভক্তি ব্যতীত অভক্তির পথে অন্য জিনিষের প্রভু হ'বার চেষ্টা। ভোগবাসনা বশে যে কর্ত্তৃত্বাভিমান, তা ভক্তের কখনই থাকে না। সেটা ছেড়ে দিলে ভক্তি হয়। ভৃত্য বেশ বুঝ্‌তে পারে—সেবা ক'রছে। কিন্তু শাস্তবৃত্তির সেবক বুঝ্‌তে পারে না অথচ সেবা করে।

শ্রবণাভাবে শ্রদ্ধা হয় না। শ্রদ্ধা না হ'লে সাধুসঙ্গ হয় না। সংসারে কৃষ্ণ ভোক্তা—এই জ্ঞান হয়। গুরু সর্ব্বপূজ্য। তাঁ'র নিকট লঘু হ'তে হ'বে।

শ্রীগুরুদেবে মনুষ্যজ্ঞান হ'লে নরকে গমন করতে হ'বে। নিষ্কিঞ্চন মহাভাগবতের পাদপদ্ম-ধূলিকে সর্ব্বাপেক্ষা অধিক সম্মান না দেওয়া পর্য্যন্ত আমাদের অসুবিধা কিছুতেই যা'বে না। গুরুর নিকট সব সময়ই থাক্‌তে হ'বে। কার্ষ্ণজ্ঞান ও কৃষ্ণজ্ঞানই ভক্তি। যাঁ'রা মনোযোগ দিয়ে শ্রবণ করেন, তাঁ'দের আর প্রশ্ন ক'রবার প্রয়োজন হ'বে না—সকল কথারই উত্তর হ'য়ে যা'বে। গুরুপাদপদ্মে প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবাবৃত্তির সহিত অনুক্ষণ শ্রবণ-কীর্ত্তনের দ্বারা আমাদের আত্মধর্ম্ম ও শরণাগতি প্রকাশিত হয়।

ভগবদ্ভক্ত কা'কেও দুর্ব্বাক্য বলেন না। ভগবদ্ভক্তের বাক্যকে যাঁ'রা দুর্ব্বাক্য ব'লে শ্রবণ করেন, তাঁ'দেরই শ্রবণ-ভ্রান্তি ও দুর্ভাগ্য। ভগবদ্ভক্ত কখনও ভৃত্যগণকে উদ্বেগ দেন না, তাঁ'রা ভৃত্যমঙ্গলের জন্য যে ভর্ৎসনাদির আচরণ দেখান, তা' অনন্ত মঙ্গলের জনক। সাধুগণের সেবক সঙ্গ হ'লে ভগবানের বীর্য্য ও জগতের বৈশিষ্ট্যের কথা আমরা বুঝ্‌তে পারি। আমরা তখন সাধুগণের কথামত সেবা করতে করতে কৃষ্ণ সেবায় সুদৃঢ় বিশ্বাস ও প্রীতিলাভ করতে পারি।

প্রীতিই নিখিল জীবের চরম প্রয়োজন। হরিকথা-কীর্ত্তনই বিশ্রাম, তাহাতেই যাবতীয় শ্রম বা ক্লেশ বিনষ্ট হয়। কীর্ত্তন ছেড়ে মুহূর্ত্তের জন্য অপর চেষ্টা ভগবদ্বিমুখতা। মহাভাগবতগণ ও ভক্তগণ সকলেই সর্ব্বক্ষণ সর্ব্বতোভাবে হরিকথা কীর্ত্তন করেন। তাঁ'দের অন্য কোন কৃত্য নাই।

শব্দের আশ্রয়গ্রহণের প্রবৃত্তিবিশিষ্ট হওয়ার নামই শ্রদ্ধা। এই শ্রদ্ধার অর্থ এইরূপ—আমি ইহাতে অর্থাৎ এই শব্দের আশ্রয়গ্রহণে কখনও বিপথগামী হ'ব না, নিশ্চয়ই সুপথে যা'ব—এরূপ বিশ্বাস। এই বিশ্বাস বা শ্রদ্ধা হওয়া চাই—সাধু ও শাস্ত্রের কথায়।

আমি নিত্য সাধুর আশ্রয় ক'রব, সাধুর কথা শুনব,—এইরূপ দৃঢ় ও বিচার থাকা দরকার। কিন্তু সাধুর সভায় উপস্থিত অসাধুর কথায় শ্রদ্ধা না আগ্রহ যেন না হয় এবং পরন্তু সাধুর কথায়ও যেন উদাসীন না থাকি। সাধু অনুসন্ধানের ও সাধুর স্থানের জন্য চেষ্টা না করা—আলস্য বই আর কিছুই নয়। কিন্তু প্রকৃত সাধুর সঙ্গলাভার্থ যত্ন অবশ্য কর্ত্তব্য। সেইরূপ সাধুর সঙ্গপ্রাপ্তির জন্য ভগবানের নিকট কাতর নিবেদন ক'রতে হ'বে। অতএব ব্যাকুলতা ও অকপটতা থাকলে তাঁ'র কৃপায় সাধুসঙ্গ সুলভ হয়। [illegible] বাস্তব সাধুর সঙ্গ করা চাই। [illegible] সঙ্গ করা চাই। [illegible] কথা [illegible] হয় না। কৃষ্ণকথা [illegible] না, [illegible] কাছে যা'ব। [illegible] নাই। অনুকূল [illegible] পারে না।

আমাদের দীক্ষালাভ সেদিনই সম্পূর্ণ হয়—যে দিন আমরা নিজের [illegible] সম্পূর্ণরূপে, আংশিক নহে। [illegible] পদ্মের স্বতঃপ্রভার পরতন্ত্র করতে পারি।

— —

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে॥

আত্মনিবেদন

——:০:'(*):;০:——

হরিভজনের সর্ব্বপ্রধান কথা—আত্মনিবেদন। ভক্তির মূলে আছে শরণাগতি। সেই শরণাগতির স্বরূপলক্ষণ—শ্রীগুরুপাদপদ্মকে গোপ্তা—পালয়িতা বলিয়া বরণ। এই বরণকার্য্যের সঙ্গে সঙ্গে যে ব্যবস্থা আসে, তাহাই আত্মনিবেদন। বিশ্বাস বা শ্রদ্ধা আত্মনিবেদনের মূল ভিত্তি।

আত্মনিবেদন নির্ম্মল আত্মার সহজ, সরল ধর্ম্ম। অপস্বতন্ত্রতা বদ্ধজীবের পক্ষে যেরূপ সহজ, স্বাভাবিক, আত্মনিবেদন বা স্বীয় স্বতন্ত্রতা বিসর্জ্জন মুক্ত জীবাত্মার পক্ষে ততোঽধিক সহজ ও স্বাভাবিক। মুক্তাবস্থায় অত্যন্ত সহজ ও স্বভাবগত বলিয়াই এই আত্মনিবেদন ব্যাপারটিকে বদ্ধ অবস্থায় বড় কঠিন, বড় দুরূহ, বড় দুর্ব্বোধ্য বলিয়া মনে হয়।

আত্মনিবেদন যিনি করিয়াছেন, তাঁহার খুব বড় ভরসা।

আমার প্রভুর প্রভু শ্রীগৌরসুন্দর।
এ বড় ভরসা চিত্তে ধরি' নিরন্তর॥

প্রভুপদে আত্মনিবেদনের সঙ্কল্প পাঠ যিনি করিয়াছেন, প্রভুর নামসংকীর্ত্তন-যজ্ঞবেদীর সমীপে উপনীত হইবার জন্ম নামব্রহ্ম বা শব্দব্রহ্মবিদ্যার পারঙ্গতি-লাভের জন্ম যিনি সমিৎ আহরণ করিয়াছেন, সেই অকিঞ্চন শিষ্যের—সেবকের কত বড় ভরসা।

প্রেমে মত্ত নিত্যানন্দ কৃপা-অবতার।
উত্তম-অধম কিছু না করে বিচার॥
যে আগে পড়য়ে তারে করয়ে নিস্তার।
অতএব নিস্তারিল মো হেন দুরাচার॥

অকিঞ্চনের অন্য কোন ভরসা নাই। অকিঞ্চন—'আমার কোন যোগ্যতা আছে' এ বিচার করেন না; সুতরাং যখন তিনি দেখেন প্রভু নিত্যানন্দ যোগ্যতা-বিচার করেন না, আর প্রভুর প্রভু শ্রীগৌরসুন্দর প্রভুরই প্রেমবাধ্য, তখন তিনি কত ভরসা পান! কিন্তু অকিঞ্চনতা যাঁহাদের আগে নাই; 'আমাদের অনেক যোগ্যতা আছে,' এরূপ যাঁহাদের বিচার, যাঁহারা আত্মনিবেদনের মন্ত্রে দীক্ষালাভ করেন নাই, তাঁহাদের বিচার হয়—শারীরিক অথবা মানসিক কোনপ্রকার চেষ্টাদ্বারা ভক্তি বা গুরুগৌরাঙ্গের প্রসাদ লাভ করা সম্ভব।

অকিঞ্চন—অন্ততঃ অকিঞ্চন হইতে ইচ্ছুক অর্থাৎ যিনি সত্য সত্যই দাম্ভিকতা বিসর্জ্জন দিয়া আত্মনিবেদন করিতে চাহেন, তিনি যে কথায়, যে বিষয়ে অত্যন্ত ভরসা পান, আশা উৎসাহে সঞ্জীবিত হইয়া উঠেন, আত্মনিবেদনের রহস্যানভিজ্ঞ অশরণাগত ঠিক সেই কথায়ই, সেই বিষয়েই সকল আশা-ভরসা হারাইয়া নিরুৎসাহিত হইয়া পড়ে। শরণাগতির—আত্মনিবেদনের ইহাই চমৎকারিতা. ছোট রহস্য যে, দম্ভপরায়ণ, অপস্বতন্ত্রতাকামীর নিকট উহা বড়ই কঠিন—বড়ই দুর্জ্ঞেয় ব্যাপার।

দেহাত্মবুদ্ধি থাকিতে শ্রীগুরুগৌরাঙ্গের পাদপদ্মে আত্মনিবেদন হয় না। শ্রীগুরুগৌরাঙ্গের সেবার প্রতি রুচি হইলে আত্মনিবেদন সম্ভবপর হয়। যতক্ষণ শ্রীগুরুগৌরাঙ্গের সেবার প্রতি রুচি না হইতেছে, ততক্ষণ দেহ, আত্মীয়স্বজন অর্থাৎ সংসার, ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ, সুনাম, শান্তি, আরাম—কোন একটির উপর রুচি আছেই, কাজেই ততক্ষণ গুরুকৃষ্ণে আত্মনিবেদন কখনই সম্ভব হয় না। রুচি উদয়ের পূর্ব্বে বিধিই প্রবল থাকে। বিধি বা কর্ত্তব্যবুদ্ধি যতক্ষণ আধিপত্য করে, ততক্ষণ আত্মনিবেদন সুষ্ঠুভাবে হয় না। কাহারও প্রতি প্রীতি বা ভালবাসা থাকিলেই নিজের সর্ব্বস্ব ছাড়িয়া সম্পূর্ণ তাহার হইয়া যাওয়া যায়। রুচি প্রীতিরই প্রাগ্‌ভাব। রুচির আবির্ভাবে আপনা হইতেই আত্মনিবেদন হইয়া যায়, উহা শিখিতে বা শিখাইতে হয় না। গুরুগৌরাঙ্গের প্রতি রুচি হইলে আর নিজের একটা স্বতন্ত্র ইচ্ছা, বুদ্ধি বা চেষ্টা থাকে না, তখন গুরুগৌরাঙ্গের ইচ্ছাই আমার ইচ্ছা, তাঁহাদের সুখই আমার সুখ মনে হয়। তখন আর পৃথক্ সত্তাবোধ পর্য্যন্ত থাকে না। নিবেদিতাত্মার অভিমান—তিনি গুরুগৌরাঙ্গের শ্রীপাদপদ্মের ধূলি, গুরুগৌরাঙ্গের সত্তাতেই তাঁহার সত্তা, তাঁহাদের শ্রীপাদপদ্ম হইতে পৃথক্ কোন সত্তাই তাঁহার নাই। কাজেই তাঁহার সুখ-দুঃখ, তাঁহার যাবতীয় চেষ্টা—সমস্তই গুরুকৃষ্ণের সম্বন্ধেই হইয়া থাকে। তাঁহার স্বতন্ত্রতা লোপ পায় না, কিন্তু সেই অণুস্বতন্ত্রতা বিভু-স্বতন্ত্রতার সহিত সম্পূর্ণভাবে খাপে খাপে মিলিয়া সুন্দর সামঞ্জস্যপূর্ণ পরিস্থিতির উদ্ভাবন করে। প্রীতি ব্যতীত, আপনজ্ঞান—প্রিয়জ্ঞান ব্যতীত স্বীয় স্বতন্ত্রতা বিসর্জ্জন বা আত্মনিবেদন কখনই হয় না। 'আত্মনিবেদন করা উচিত'—এরূপ কর্ত্তব্যবুদ্ধি বা বিধি দ্বারা পরিচালিত হইয়া আত্মনিবেদন হয় না। শ্রীগুরুগৌরাঙ্গের সহিত আমাদের সম্বন্ধ—কর্ত্তব্য বা বিধির সম্বন্ধ নহে, তাঁহাদের সহিত আমাদের সম্বন্ধ—প্রীতির সম্বন্ধ। সেই প্রীতির সামান্য আবির্ভাবেই তাঁহাদের পাদপদ্মে আত্মনিবেদন আপনা হইতেই সহজভাবে হইয়া যায়।

আত্মনিবেদনের মূলে আছে শ্রদ্ধা বা বিশ্বাস। 'শ্রীগুরুগৌরাঙ্গ আছেন, তাঁহারা শরণাগতকে পালন করেন,'—ইহা দৃঢ়ভাবে জানিয়া তাঁহাদিগকে গোপ্তৃত্বে বরণ করিতে হইবে।

শরণাগতের জ্বলন্ত আদর্শ শ্রীল ভক্তিসুধাকর প্রভু বলিয়াছেন,—"আমি যদি শ্রীগুরুপাদপদ্ম হইতে আমার প্রত্যেক কার্য্যের জন্য প্রত্যক্ষভাবে প্রেরণা লাভ করিতে চাই, তাহা হইলে তাহা নিশ্চয়ই লাভ করিব। যতক্ষণ সেরূপ কোন প্রেরণা পাইব না, ততক্ষণ ব্যক্তিগতভাবে কোন কার্য্য করিতে সম্পূর্ণ বিরত থাকিব। যতক্ষণ গুরুপাদপদ্ম হইতে নূতন কোন সেবা-কার্য্যের প্রেরণা না পাইব, ততক্ষণ পর্য্যন্ত যে-সকল কার্য্যের জন্য পূর্ব্ব হইতেই তাঁহার নিকট হইতে ভারপ্রাপ্ত হইয়াছি, কেবলমাত্র সেই কার্য্যই করিতে থাকিব। পূর্ব্বের ভারপ্রাপ্ত কার্য্য বর্ত্তমানে সম্পাদন করিবার সময়ও তাঁহার প্রেরণার প্রতীক্ষা করিব। আমি শ্রবণ, কীর্ত্তন, দর্শন, আঘ্রাণ, আস্বাদন, স্পর্শন—কোন কিছুই করিব না, যতক্ষণ পর্য্যন্ত না সরাসরিভাবে গুরুপাদপদ্মের সহিত আমার যোগাযোগ স্থাপিত হইবে এবং যতক্ষণ পর্য্যন্ত কোন কার্য্যবিশেষের জন্য তাঁহার স্পষ্ট নির্দ্দেশ না পাইব। শ্রীগুরুদেব কৃপা করিয়া কোন্ কার্য্যে কৃষ্ণের প্রীতি হয়, তাহা আমাদিগকে উপলব্ধি করিবার শক্তি প্রদান করিবেন। গুরুপাদপদ্মের নির্দ্দেশ ব্যতীত আমি শ্রবণ-কীর্ত্তনাদি কোন কার্য্যই করিব না, এমন কি, পূর্ব্বেই যে সকল কার্য্য সম্পাদনের জন্য আদেশ পাইয়াছি, সেই কার্য্য করিবার সময়ও তাঁহার প্রেরণার প্রতীক্ষা করিব।"—ইহা আত্মনিবেদনের—স্বীয় স্বতন্ত্রতা বলি দিবার পরমোৎকৃষ্ট উপায়। আবার শ্রীগুরুপাদপদ্ম হইতে প্রত্যেক কার্য্যেই প্রত্যক্ষ প্রেরণা পাওয়া যায়, ইহা যিনি স্বয়ং দৃঢ়বিশ্বাস ও উপলব্ধি করেন, তিনিই ঐ প্রকার দৃঢ়তার সহিত বলিতে পারিয়াছেন—গুরুপাদপদ্মের প্রেরণা ব্যতীত আমি এক পাও চলিব না।

শরণাগতি ও শান্তি এক জিনিষ নহে। আমরা যদি মনে করি 'শ্রীগুরুপাদপদ্মের আশ্রয় গ্রহণ করিলে সংসারের দুঃখ-কষ্ট বা চিন্তা আর থাকে না, সুতরাং বেশ নিশ্চিন্তভাবে আরাম বা শান্তিলাভ করা যায়।'—আর এই শান্তিলাভের আশায় গুরুপাদপদ্ম আশ্রয়ের অভিনয়কে যদি আমাদের আত্মনিবেদন বলিয়া ধারণা হইয়া থাকে, তাহা হইলে আমরা অত্যন্ত ভুল করিয়াছি। শরণাগতিতে জাগতিক দুঃখনিবৃত্তিরূপ শান্তি নাই। শরণাগতেরও দুঃখ আছে, চিন্তা আছে, কিন্তু সেই দুঃখ বা চিন্তা ঋণ নহে, তাহা পরম সম্পদ্, তাহা প্রেমধনের বার্ত্তা বহিয়া আনে। "দুঃখ দূরে গেল, চিন্তা না রহিল" বলিবার পর শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বলিয়াছেন,—"তোমার সেবায়, দুঃখ হয় যত, সেও ত' পরম সুখ।" তবে সেই দুঃখের বৈশিষ্ট্য এই যে, তাহা সাংসারিক দুঃখনিবৃত্তিরূপ শান্তির মস্তকে নৃত্য করিয়া থাকে।

শরণাগতের নিজের জন্য চিন্তা নাই বটে, কিন্তু কি করিয়া তাঁহার প্রভুর সুখবিধান হইবে, এ চিন্তা তাঁহার অত্যন্ত অধিক। শরণাগতির ফলে স্বতন্ত্রতা লোপ পাইয়া জড়বৎ অবস্থা প্রাপ্ত হয় না, পরন্তু স্বতন্ত্রতার পূর্ণ বিকাশ হইয়া থাকে। তবে সেই স্বতন্ত্রতা গুরুকৃষ্ণের স্বতন্ত্রতার প্রতিদ্বন্দ্বী নহে, তাহা সম্পূর্ণ অনুকূল। আত্মনিবেদনের ফলে বুদ্ধি শুদ্ধ হয়। সেই শুদ্ধসত্ত্বে প্রত্যেক বিষয়ের সহজ, সরল সমাধান শ্রীগুরুগৌরাঙ্গের কৃপায় স্বতঃই স্ফূর্ত্তি পাইয়া থাকে। যেখানে প্রয়োজন বা কৃত্য হইতেছে শান্তি অর্থাৎ আমার ব্যক্তিগত সুখ, সেখানে ঐ প্রকার চিন্তাহীনতা প্রার্থনীয় হইতে পারে। কিন্তু উদ্দেশ্য যেখানে শ্রীগুরুগৌরাঙ্গের প্রীতি, সেখানে কি নিশ্চিন্ত হইয়া কোনপ্রকারে থাকা যায়? কি করিলে সেব্যের সুখবিধান হইবে, ইহাই ত' ভক্তের দিবারাত্রের চিন্তা এবং ঐ চিন্তাই তাঁহার চেতনতার বৈশিষ্ট্য। ঐ চিন্তা যদি না থাকে, তাহা হইলে আর জড় হইতে তাঁহার পার্থক্য কি রহিল? সেবক সেবাচিন্তা করিবেন, ইহা তাঁহার স্বাভাবিক ধর্ম্ম; ইহা দ্বারা গুরুকৃষ্ণের প্রতিকূলে স্বতন্ত্রতার আবাহন করা হইল, এরূপ আশঙ্কা করিতে হইবে না। গুরুবর্গের আদেশ ব্যতীত কোন কার্য্য করা উচিত নহে। গুরুগৌরাঙ্গের সাক্ষাৎ প্রেরণা পাওয়া দরকার। প্রতি পদক্ষেপে অতি সতর্ক, অতি তীক্ষ্ণ দৃষ্টিতে আত্মপরীক্ষা করা দরকার। প্রভু কখন কি চান—সেদিকে কত সুতীব্র দৃষ্টি রাখিতে হইবে, তবেই ত' প্রভুসেবা হইবে।

শ্রীগুরুপাদপদ্মে আত্মসমর্পণ করিবার পরও নিজ ভজনোন্নতির দিকে লক্ষ্য রাখা, তজ্জন্য চিন্তা ও চেষ্টা করা বা সেবাবিষয়ে কোন সমস্যা উপস্থিত হইলে তাহার জন্য চিন্তা করা যে প্রয়োজন—এ কথা আমাদের নিকট এত অদ্ভুত, এত অস্বাভাবিক, সামঞ্জস্যহীন বলিয়া মনে হয় কেন? ইহার মূলে আছে গুরুকৃষ্ণে প্রীতির অভাব। যে সংসারের নিকট আমরা সর্ব্বস্ব নিবেদন করিয়া বসিয়া আছি, তাহার জন্য যখন চিন্তা, পরিশ্রম করিতে হয়, তখন ত' তাহা অস্বাভাবিক মনে হয় না। সতী রমণী পতির নিকট আত্মসমর্পণ করিয়া কি নিশ্চিন্ত হইয়া থাকে? কি করিলে স্বামীর মনস্তুষ্টি হইবে, এই চিন্তায় সে কি সর্ব্বদাই অভিনিবিষ্ট থাকে না? চিন্তা হয় না কাহাদের? যাহারা অর্থাদির বিনিময়ে দৈহিক পরিশ্রম করিয়া থাকে, তাহারা প্রভুর ভালমন্দ চিন্তা করে না। প্রভুই মস্তিষ্ক পরিচালনা করেন, কর্ম্মচারিগণ কেবলমাত্র হুকুম তামিল করিয়াই নিশ্চিন্ত থাকে। প্রীতিহীনতাই এইরূপ নিশ্চিন্ততা আনে।

সত্যসত্যই যখন আমাদের আত্মনিবেদন সম্পূর্ণভাবে হয়, তখন চিন্তাশক্তিও নিবেদিত হয়, তাহা বাদ পড়ে না। অন্যান্য সেবোন্মুখ ইন্দ্রিয়ের সহিত তখন সেবোন্মুখ মস্তিষ্কও গুরুকৃষ্ণের সেবার জন্য অখিল চেষ্টাবিশিষ্ট হইয়া থাকে। এই অবস্থা কেবলমাত্র তখনই সম্ভব হয়, যখন গুরুকৃষ্ণে প্রীতি বা আপনজ্ঞান হয়। তৎপূর্ব্বে কেবল শুষ্ক তর্ক বা যুক্তিবিচারদ্বারা কি করিয়া শ্রীগুরুগৌরাঙ্গের সেবার উৎকর্ষ-

বিধানের জন্য চিন্তা ও চেষ্টা করাই বিবেকিতাঁখা—শরণাগত সেবকের সহজ, সরল, স্বাভাবিক ধর্ম হইতে পারে, ইহা ধারণা করিয়া লওয়া কখনও সম্ভবপর হয় না।

দুই একটী কথা

——::[*]::——

ভক্তির অনুষ্ঠানে ঔৎসুক্য, আদরের সহিত ভজনাঙ্গসমূহের অনুশীলনই উৎসাহ। "কৃষ্ণ আমাকে অদ্য বা শত বৎসর পরে বা কোন জন্ম-জন্মান্তরে অবশ্য কৃপা করিবেন, আমি তাঁহার শ্রীপাদপদ্ম কখনই ছাড়িব না" —এইরূপ সঙ্কল্পই ধৈর্য্য। ফলের আশা দৃঢ়রূপে হৃদয়ে ধারণ করিয়া যে ব্যক্তি সহিষ্ণুচিত্তে অপতিতভাবে ভজনাঙ্গসমূহের অনুশীলন করেন, তাঁহারই ফল-প্রাপ্তি হয়।

উৎসাহ ভজনের প্রাণ। ভক্তি-যাজনের প্রথম হইতেই অনুশীলনকারীর শ্রদ্ধা উৎসাহ-ময়ী হওয়া প্রয়োজন। উৎসাহ প্রমাদ বা অনবধানরূপ অনর্থ দূর করিয়া ভজনে নৈরন্তর্য্য আনয়ন করে। আবার উৎসাহ থাকা যেমন প্রয়োজন, ধৈর্য্য থাকাও সেইরূপ বিশেষ প্রয়োজন। ধৈর্য্য না থাকিলে ফল-লাভের আশা ক্রমশঃ দুরাশা হইয়া উঠে।

আমাদের এরূপ একটী প্রশ্ন সহসাই মনে জাগে যে, উৎসাহ ও ধৈর্য্য একই সময় অধিক দিন কি থাকিতে পারে? উৎসাহ ঔৎসুক্য, ব্যগ্রতা ও কর্ম্মতৎপরতা আনয়ন করে। ফল-প্রাপ্তির সম্ভাবনা খুব বেশী থাকিলেই উৎসাহ আসে। কিন্তু ধৈর্য্য তাহার বিপরীত। যেইখানে ফল-প্রাপ্তি বিলম্বে ঘটিবার সম্ভাবনা, সেখানেই ধৈর্য্যের কথা বলিয়াছেন। ফল যদি নিকটবর্ত্তী না হইয়া থাকে, তাহা হইলে উৎসাহ থাকে না। ধৈর্য্যে ব্যগ্রতা নাই, ব্যস্ততা নাই; উহাতে শান্তভাব আছে। সুতরাং ধৈর্য্য ও উৎসাহ অধিকদিন এক স্থানে কি করিয়া থাকিতে পারে?

এখানে আমরা একটি ভুল করি। উৎসাহ বলিতে কর্ম্ম-তৎপরতা এবং ধৈর্য্য বলিতে নিশ্চেষ্ট হইয়া অদৃষ্টের দোহাই দেওয়া বুঝায় না। বহির্ম্মুখ জনগণ স্বীয় মন অভিলাষ সিদ্ধির আশায় উৎফুল্ল হইয়া স্বীয় ভোগপর ইন্দ্রিয়-বৃত্তির সাহায্যে যে কর্ম্মের উদ্যম দেখায়, তাহা শ্রীল রূপ গোস্বামিপ্রভু-কথিত উৎসাহ নহে। আবার ভোগ্যবস্তুর দুর্ল্লভত্ব-দর্শনে হতাশ হইয়া অথচ তাহার লোভও ছাড়িতে না পারিয়া অথবা ইন্দ্রিয়-ক্লেশ-সহনে পরাঙ্মুখ হইয়া নিশ্চেষ্টভাবে আকস্মিক, অস্বাভাবিক-রূপে ফল-প্রাপ্তির স্বপ্ন দেখিবার নাম ধৈর্য্য নহে। এক কথায় বলিতে গেলে উৎসাহ পুরুষকার এবং ধৈর্য্য অদৃষ্টবাদের উপর কখনই প্রতিষ্ঠিত নহে। উহার মূল শরণাগতি।

বাস্তবিকপক্ষে ধৈর্য্য ও উৎসাহ হৃদয়ে স্থায়িভাবে অবস্থান করিতে পারে কখন? এই প্রশ্নের সমাধান করিবার জন্যই শ্রীল রূপ গোস্বামী প্রভু উৎসাহ এবং ধৈর্য্য এই দুইটি শব্দের মধ্যস্থলে 'নিশ্চয়' একটী শব্দ বলিয়াছেন। নিশ্চয় অর্থে সুদৃঢ় বিশ্বাস বা শ্রদ্ধা বুঝায়। এই শ্রদ্ধাই ভক্তির বীজ, শ্রদ্ধাই অঙ্গী বস্তু। শ্রদ্ধা থাকিলেই উৎসাহ এবং ধৈর্য্য যুগপৎ থাকা সম্ভব,—এইজন্য নিশ্চয় শব্দটীকে উৎসাহ এবং ধৈর্য্যের মধ্যস্থানে বলিয়াছেন। শ্রদ্ধাই সেই রজ্জু, যাহা দ্বারা আপাতবিরোধী দুইটী গুণ—উৎসাহ ও ধৈর্য্য, এক স্থানে বদ্ধভাবে অবস্থান করে।

নিশ্চয় কাহাকে বলে?

শ্রদ্ধা শব্দে বিশ্বাস কহে, সুদৃঢ় নিশ্চয়।
কৃষ্ণে ভক্তি কৈলে সর্ব্বকর্ম্ম কৃত হয়॥

কোন ভাগ্যে কোন জীবের সংসার ক্ষয়োন্মুখ হইলে সাধু-সঙ্গের প্রতি তাঁহার সামান্যাকারে শ্রদ্ধার উদয় হয়। তিনি প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবাবৃত্তি-সহকারে সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন-তত্ত্বের বিষয় সাধুর নিকট শ্রবণ করেন।

"ভজনীয় বস্তু কে? এই বিশ্ব কি? আমি কে? ভজনীয় বস্তুর সান্নিধ্যলাভ কি প্রকারে হইতে পারে এবং সান্নিধ্যলাভের পর কি ফলোদয় হয়?" ইহা শ্রবণ করিবার পর সেই বাক্যে যে দৃঢ়প্রতীতি জন্মে, তাহাই বিশ্বাস বা শ্রদ্ধা।

এই শ্রদ্ধা বা বিশ্বাস বা নিশ্চয়তাই ভজনের মূল। উৎসাহ এবং ধৈর্য্যের মূলে দৃঢ় বিশ্বাস থাকিলে উহা স্থায়ী এবং নিশ্চিত ফলদায়ক হয়। ভক্তিপথই ভগবৎপাদপদ্ম-লাভের একমাত্র উপায়, অন্য উপায় নাই—সাধুমুখে ইহা শ্রবণ করিয়া উহাতে যদি দৃঢ়তম বিশ্বাস জন্মে, তাহা হইলে ভক্তিসাধনে উৎসাহের অভাব বা শৈথিল্য কখনই আসে না। আবার ভগবৎপাদপদ্ম-লাভই জীবের একমাত্র অভীষ্ট, ইহা দৃঢ়রূপে জানিলে তাহার প্রাপ্তিতে বিলম্ব হইলেও ধৈর্য্যচ্যুতি কখনই ঘটে না। উৎসাহ এবং ধৈর্য্য কেবলমাত্র শ্রদ্ধা বা বিশ্বাস থাকিলেই থাকিতে পারে।

প্রকৃতপক্ষে বিশ্বাস না থাকিলে উৎসাহ-হীনতা বা ধৈর্য্যচ্যুতি সহজেই আসিয়া পড়ে। ইহা কেবলমাত্র পরমার্থসাধন-বিষয়ে নহে, পরন্তু যে কোনও ব্যবহারিক কার্য্যে এরূপ দেখা যায়। যেখানে প্রাপ্যবস্তু সর্ব্বপ্রকারেই বাঞ্ছনীয়, প্রার্থনীয়—এরূপ দৃঢ় বিশ্বাস নাই, অথবা সেই বস্তু লোভনীয় হইলেও আমি তাহা পাইবার উপযুক্ত কিনা, এরূপ সন্দেহের অবকাশ যেখানে আছে, অথবা যে পথ আমি অবলম্বন করিয়াছি, সেই পথই যে অভীষ্ট-লাভের একমাত্র পথ—এরূপ বিশ্বাস যেখানে নাই, সেখানে লোকে একটা সাময়িক অস্থির বিশ্বাস এবং কতকটা কৌতূহলের বশবর্ত্তী হইয়া কিছুক্ষণ চেষ্টা করিয়াই হতাশ হইয়া হাল ছাড়িয়া দেয়। পরীক্ষায় উত্তীর্ণ হইবার যোগ্যতা আমার নিশ্চয়ই আছে এবং এই প্রকারে অধ্যয়ন করিলে অবশ্যই উত্তীর্ণ হইব, এরূপ দৃঢ় ধারণা যে ছাত্রের আছে এবং পরীক্ষায় কৃতকার্য্য হইলে কিরূপ আনন্দলাভ হয়, তাহা যে জানে, সে অধ্যয়নের শ্রম-স্বীকারে পরাঙ্মুখ হইতেই পারে না। কিন্তু যেখানে নিজের যোগ্যতায় আস্থা নাই, কর্ম্ম-প্রণালীতে আস্থা নাই এবং প্রাপ্য বস্তুর প্রয়োজনীয়তা ও উপাদেয়ত্ব সম্বন্ধে যেখানে সংশয় বিদ্যমান, সেখানে প্রথম হইতেই উৎসাহের অভাব হইয়া থাকে। যে কোন সাময়িক কারণে উত্তেজিত হইয়া সেই কার্য্যে প্রবৃত্ত হইলেও সে কিছু দিনের মধ্যেই ধৈর্য্যচ্যুত হইয়া পড়ে।

পারমার্থিক অনুশীলনে আমাদের আশানুরূপ ফল লাভ না করিবার একমাত্র কারণই শ্রদ্ধার অভাব। ভজনক্রিয়া দুই প্রকার—নিষ্ঠিতা ও অনিষ্ঠিতা। শ্রদ্ধার সহিত সাধুসঙ্গে ভজন করিতে করিতে অল্পদিনেই নিষ্ঠার উদয় হয়, তখন ভজনক্রিয়া নিষ্ঠিতা হইয়া থাকে। নিষ্ঠার উদয় হইলে ব্যাঘাত উপস্থিত হইলেও ভজনকারী ভক্তিপথ হইতে বিচলিত হন না। নিষ্ঠা না থাকিলে ভজনক্রিয়া অনিষ্ঠিতা হয়। অনিষ্ঠিতা ভজনক্রিয়ায় প্রবৃত্তি একটা সাময়িক উত্তেজনা-বশেই হইয়া থাকে। অনিষ্ঠিত সাধক যাঁহারা, তাঁহারা যখন ভজনক্রিয়ায় প্রবৃত্ত হন, তখন সাধুর নিকট হইতে সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজনতত্ত্বের বিষয় শ্রবণ করিয়া তাহাতে দৃঢ়শ্রদ্ধ না হওয়ায় তিনি ভজনের প্রকৃত রহস্য কিছুই জানিতে পারেন না। জ্ঞাতসারেই হউক বা অজ্ঞাতসারেই হউক, প্রচ্ছন্নভাবেই হউক আর ব্যক্তভাবেই হউক, —শ্রৌত-জ্ঞানের অভাব থাকিলে বস্তুতত্ত্ব সম্বন্ধে যে কোন একটা কল্পিত ধারণা থাকিবেই। ঐরূপ ধারণার বশবর্ত্তী হইয়া যাঁহারা ভজনক্রিয়ায় প্রবৃত্ত হন, তাঁহাদের প্রথম কিছুকাল খুবই উৎসাহ থাকে। এই অবস্থাকে 'উৎসাহময়ী' বলে। কিন্তু কিছুকাল মধ্যেই যখন দেখা যায়, বস্তুপ্রাপ্তির লক্ষণ কিছু দেখা যাইতেছে না, তখন উৎসাহ মাঝে মাঝে ক্ষীণ হইতে থাকে। ইহার নাম 'ঘনতরলা' ভজনক্রিয়া। তারপর সেই সাধকপ্রতিম ব্যক্তির চিত্তে নানাপ্রকার চিন্তা আসিয়া উপস্থিত হয়। গৃহে থাকিয়া হরিভজনই শ্রেয়ঃ, অথবা গৃহত্যাগই শ্রেয়ঃ ইত্যাদি নানাপ্রকার সঙ্কল্পবিকল্প তাঁহার মনকে পীড়িত করিতে থাকে। এই অবস্থাকে 'ব্যূঢ়বিকল্পা' বলা যায়। ক্রমে তিনি স্থির করেন, তাঁহার পক্ষে গৃহবাসই প্রশস্ত, যেহেতু, অপক্বাবস্থায় গৃহত্যাগ করিলে তদ্দ্বারা বিপরীত ফল হইতে পারে। সূক্ষ্মভাবে ভগবৎপ্রীতিবাঞ্ছা অপেক্ষা স্বীয় দেহমনের তৃপ্তিই তাঁহার নিকট তখন অধিক আদর পাইতে থাকে। এই অবস্থাকে মহাজনগণ 'বিষয়-সঙ্গরা' নামে অভিহিত করিয়াছেন। ক্রমশঃ উৎসাহ দূর হইয়া শৈথিল্য উপস্থিত হয়। নিয়মিত-ভাবে নির্দ্দিষ্ট সেবাকার্য্য করা আর তাঁহার পক্ষে সম্ভবপর হয় না। এইরূপ অবস্থাকে 'নিয়মাক্ষমা' বলা হয়। অবশেষে তিনি লাভ, পূজা, প্রতিষ্ঠার তরঙ্গে তরঙ্গবেগে রঙ্গ করিতে থাকেন—এই অবস্থার নাম 'তরঙ্গরঙ্গিণী।' এরূপ ব্যক্তির মঙ্গললাভের আশা সুদূরপরাহত হইয়া পড়ে। মূল ভিত্তি যে বিশ্বাস, সেই বিশ্বাস না থাকায় এইরূপ দুঃখময় পরিণাম হইয়া থাকে।

এইজন্য নিশ্চয়তা বা সুদৃঢ় বিশ্বাসের প্রয়োজনীয়তা এত অধিক। বিষয়ীর বিষয়সংগ্রহে কি অদম্য উৎসাহ থাকে! বিষয় সংগ্রহ করিতে গিয়া কত ক্লেশ সহ্য করিতে হয়, কত উদ্যম বিফল হইয়া যায়; প্রকৃতির নিকট হইতে কতবার বিপুল পরাভব প্রাপ্ত হইয়াও বিষয়ীর বিষয়-সংগ্রহের প্রয়াস ত' একটুও খর্ব্ব হয় না তাহার ত' ধৈর্য্যবিচ্যুতি ঘটে না বা নৈরাশ্য আসে না! ইহার একমাত্র কারণ—সে মনে-প্রাণে বুঝিয়াছে, বিষয়টি বড় ভাল জিনিষ এবং সে ঐ ভালবস্তুর একমাত্র আস্বাদক। সুতরাং তাহার উদ্যম কি কখন হ্রাস পায়?

কৃষ্ণপাদপদ্ম ব্যতীত আর প্রার্থনীয় বস্তু কিছু নাই, গতি নাই, কৃষ্ণভক্তি ব্যতীত আর প্রার্থনীয় বস্তু কিছু নাই, কৃষ্ণভক্তি-ব্যতীত আর পন্থান্তর নাই। কৃষ্ণপাদপদ্ম ব্যতীত অসহায়, দুর্ব্বল, ক্ষুদ্রাদপি ক্ষুদ্র, কীটাণুকীট আমরা মায়ার এই বিপুল রজ্জুকে তাহার প্রবল আকর্ষণে কোনক্রমেই বাঁচিয়া থাকিতে পারি না। কৃষ্ণপাদপদ্মের আশা ছাড়িয়া দিলেই অনন্ত মৃত্যুর বিভীষিকা আমাদিগকে উদ্‌ভ্রান্ত করিয়া তুলে, সুতরাং কৃষ্ণ-ব্যতীত আর উপায় নাই—এই দৃঢ়বিশ্বাসটি হৃদয়ে বদ্ধমূল যখন হয়, তখনই আমাদের হৃদয়ে অমিত উৎসাহ এবং ধৈর্য্যের সঞ্চার হইয়া থাকে, তাহার পূর্ব্বে নহে। যতক্ষণ আমাদের এরূপ ধারণা থাকে—কৃষ্ণপাদপদ্মের উদ্দেশ ব্যতীত আমাদের জীবনের সার্থকতা থাকিতে পারে, আমাদের দিন বেশ আরামে কাটিতে পারে; কৃষ্ণ ছাড়াও আমাদের অন্য গতি, অন্য আশা, অন্য অভিলাষ, অন্য লক্ষ্য, অন্য উদ্দেশ্য, অন্য পথ, অন্য প্রভু থাকিতে পারে—যতক্ষণ পরমহংসের [illegible] আনুগত্যে একায়ন-পন্থার দিকে আমাদের লক্ষ্য কেন্দ্রীভূত না হয়, ততক্ষণ কৃষ্ণসেবার উৎসাহ এবং তাঁহার প্রসাদলাভের জন্য প্রতীক্ষা করিয়া থাকা আমাদের পক্ষে সম্ভবপর হয় না। কিন্তু নিশ্চয়তা—ঐকান্তিকতা বা সুদৃঢ় বিশ্বাস যাঁহার আছে, তিনি জানেন, অবশ্যই কৃষ্ণের কৃপা কোন না কোন দিন হইবেই, কারণ কৃষ্ণকৃপা ব্যতীত আর ত' গতি নাই।

যৎকিঞ্চিৎ

সম্বন্ধজ্ঞানযুক্তা, ঐশ্বর্য্যগন্ধশূন্যা সেবাই কৃষ্ণকে আকর্ষণ করে। কৃষ্ণের ভক্তগণ কৃষ্ণের সহিত মাধুর্য্যময় সম্বন্ধযুক্ত। কৃষ্ণ কাহারও প্রাণপতি, কাহারও পুত্র, কাহারও সখা কাহারও প্রভু, কাহারও পিতা, ভ্রাতা ইত্যাদি। যেখানে এইপ্রকার কোন সম্বন্ধ নাই, সেখানে উপাস্য বস্তু কৃষ্ণস্বরূপ নহেন। যেখানে উপাসককে পরমাত্মা, পরব্রহ্ম প্রভৃতি জ্ঞান হয়, সেখানে শ্রীবিষ্ণু বা শ্রীনারায়ণই উপাস্য হইয়া থাকেন। সেই সম্বন্ধজ্ঞানযুক্তা মাধুর্য্যময়ী সেবা যাঁহাদের মধ্যে পরমোৎকর্ষ প্রাপ্ত হইয়াছে—যাঁহাদের সেবামাধুর্য্যের প্রগাঢ়তায় কৃষ্ণ তাঁহাদের সহিত ঘনিষ্ঠতম সম্বন্ধসূত্রে আবদ্ধ, কৃষ্ণকর্ত্তৃক সর্ব্বতোভাবে রক্ষিত বলিয়া কংসের ন্যায় মৃত্যুভয় যাঁহাদের নাই—সেই কৃষ্ণাশ্রিত গোপ অর্থাৎ ব্রজবাসিগণের শ্রীপাদপদ্মাশ্রয় লাভ করিয়া আমরা কি কংসাসুরের দাসত্ব অর্থাৎ ভয় হইতে মুক্ত হইতে পারিব না? শরণাগতির সর্ব্বোত্তম আদর্শ, কৃষ্ণকে গোপ্তৃরূপে বরণকারিগণের মধ্যে শ্রেষ্ঠতম, সেই ব্রজজনগণের কৃপাকটাক্ষ কি আমাদিগকে কৃষ্ণপাদপদ্মকে অমৃতরূপে জানিবার সৌভাগ্য প্রদান করিবে না? ব্রজজনানুরাগিগণের আনুগত্যে থাকিয়া আমরা কি কৃষ্ণকে তাঁহাদের ন্যায় স্বজনরূপে অর্থাৎ সর্ব্বাপেক্ষা নিকটতম বান্ধবরূপে, একমাত্র বাঞ্ছনীয়, প্রার্থনীয়, সর্ব্বমঙ্গলালয়, মৃত্যুভয়ের একমাত্র মহৌষধিস্বরূপ জানিয়া নিত্যানন্দ লাভ করিব না?

ব্রজজনের নিষ্কপট আনুগত্য ব্যতীত কৃষ্ণপাদপদ্ম পাওয়া যায় না। আবার ব্রজবাসিজন কৃষ্ণকে যেভাবে সেবা করেন, সেইভাবে লোভযুক্ত না হওয়া পর্য্যন্ত কৃষ্ণকে চাওয়াও যায় না। এই লোভ চেষ্টাদ্বারা হয় না, কোন প্রকার সাধন-দ্বারা হয় না. ইহার মূলে কেবলমাত্র গোপ অর্থাৎ ব্রজবাসিগণ ও গোপগণের স্বজন কৃষ্ণের অহৈতুকী কৃপা ব্যতীত উপায়ান্তর দেখা যায় না। ব্রজবাসিগণের যে অপূর্ব্ব বিপ্রলম্ভময়ী কৃষ্ণানুসন্ধানলীলা,—এই লীলাদর্শনে আমাদের চিত্ত লোভযুক্ত হইলেই আমরা কৃষ্ণকে চাহিবার অধিকারী হই। যখনই গুরুবর্গ এ জগতে কৃষ্ণানুসন্ধানলীলা প্রকট করেন, তখনই বুঝিতে হইবে, যে করুণা-প্রভাবে আমরা কৃষ্ণসেবায় লোভবিশিষ্ট হইতে পারি, সেই করুণা তাঁহারা বর্ষণ করিতেছেন। এই অহৈতুকী করুণা, কৃষ্ণেন্দ্রিয়তর্পণতৃষ্ণার এই অপূর্ব্ব মাধুর্য্য-দর্শনের সৌভাগ্য পাইয়াও কি আমরা কৃষ্ণকে চাহিতে শিখিব না?

কৃষ্ণ—আত্মারামগণাকর্ষী, আত্মারাম মুনিগণকেও কৃষ্ণ আকর্ষণ করিয়া থাকেন। শুধু আত্মারামগণ কেন, জগতের প্রত্যেক বস্তু, প্রত্যেক জীবই কৃষ্ণের দ্বারা আকৃষ্ট। অন্তরীক্ষে গ্রহ ও উপগ্রহগণ যেরূপ সূর্য্যের দ্বারা আকৃষ্ট হইয়াই স্ব-স্ব স্থানে পরিভ্রমণ করিতেছে, সেইরূপ জগতের জীবগণও কৃষ্ণের আকর্ষণে পরিভ্রমণ করিতেছে। সূর্য্যের আকর্ষণ না থাকিলে যেরূপ গ্রহ উপগ্রহগণের অবস্থিতি ও পরিভ্রমণ সম্ভব হয় না, সেইরূপ কৃষ্ণের আকর্ষণ না থাকিলে জীবের স্থিতি বা সত্তা কখনই সম্ভব হয় না। অতএব কৃষ্ণের আকর্ষণ প্রত্যেক জীবের উপরই আছে। কিন্তু জীব মায়ার দ্বারা অভিভূত হইয়া সেই আকর্ষণ উপলব্ধি করিতে না পারায় দরুণ ত্রিতাপজ্বালা ভোগ করিতেছে। একমাত্র গুরুপাদপদ্মের কৃপায়ই জীব সেই আকর্ষণ উপলব্ধি করিতে পারে। কৃষ্ণের আকর্ষণ উপলব্ধি হইলে জীব ত্রিতাপজ্বালা হইতে মুক্ত হইয়া কৃষ্ণের সাক্ষাৎসেবা লাভ করে।

সংসার-সমুদ্র—কৃষ্ণপাদপদ্মবিস্মৃতির ফলে যাহা লাভ হয়, তাহা হইতে উদ্ধার করিয়া আমাকে কৃষ্ণপাদপদ্মের অমৃতরসপানের অধিকার দান করুন—ইহাই সদ্‌গুরুপাদপদ্মে প্রণত—প্রপন্ন শিষ্যের একমাত্র প্রার্থনা। তাঁহার অন্য কোন প্রার্থনা নাই। কায়মনোবাক্যে অকপটভাবে কৃষ্ণকে না চাহিলে সদ্‌গুরু—কৃষ্ণপ্রেষ্ঠ গুরুদেবের শ্রীপাদপদ্মে আত্মনিবেদন করা যায় না। বাহিরে সর্ব্বস্বদানের অভিনয় করিয়াও অন্তরে যদি কৃষ্ণপাদপদ্ম-প্রাপ্তির জন্য ব্যাকুলতা-বোধ না হইয়া থাকে, তাহা হইলে গুরুদেবকে প্রকৃতপক্ষে কিছুই দেওয়া হয় নাই, বঞ্চনা করিবার চেষ্টা হইয়াছে মাত্র।

কৃষ্ণপাদপদ্মের অবিস্মৃতি আসিলেই আমাদের যাবতীয় অনর্থ আনুষঙ্গিকভাবেই বিদূরিত হইয়া চরম কল্যাণ বিস্তার করিবে। কৃষ্ণস্মৃতিহীনতাই আমাদের সকল রোগের মূল; এই রোগনিবৃত্তি করিতে হইলে কৃষ্ণকার্ষ্ণের গুণমহিমা কীর্ত্তন ব্যতীত অন্য কোন উপায় নাই। কৃষ্ণের গুণ-শ্রবণ, শ্রবণানন্তর কীর্ত্তন ও তৎফলে অনুস্মরণ—ইহাই কৃষ্ণবিস্মৃতিনাশের একমাত্র উপায়।

দেহ—দেহী বা আত্মা নহে। ভক্তি জিনিষটী বিলাস বা সাহিত্য। চিজ্জগতে বিরাগ বলিয়া কোন কথা নাই। সেখানে কেবল বিলাস। সেখানকার সকল বস্তুই কৃষ্ণ। সুতরাং বিরাগ কিসের প্রতি হইবে? সেখানে ভগবান্ ও ভগবদ্ভক্ত উভয়েই বিলাসী। কেহই বৈরাগী নহেন। উভয়েই অনুরাগী।

সেবা জিনিষটী চিদ্বিলাস, তাহা জড়বিলাস নহে। জড়বিলাস বা নির্ব্বিলাস চিদ্বিলাসের বিরোধী। জড়বিলাসিগণ কৃষ্ণের সহিত পাল্লা দিতে গিয়া বিরোধ করেন। আর যাহারা নির্ব্বিলাসী বা নির্ব্বিশেষবাদী, সেই প্রতিষ্ঠাকামী ব্যক্তিগণ আশ্রয় বা বিষয়ের বিরোধ করে। সেইজন্য তাহারা জড়বিলাসী অপেক্ষা বেশী দুর্ব্বত্ত ও অপরাধী।

জগদ্‌গুরু শ্রীশ্রীল আচার্য্যদেব

শ্রীগৌড়ীয়মঠে হরিকথা

গৌড়ীয়বৈষ্ণবাচার্য্যবর্য্য ও বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুর কলিকাতা শ্রীগৌড়ীয়মঠে অবস্থানপূর্ব্বক গত ১১ই আগষ্ট সোমবার হইতে প্রত্যহ নিয়মিতভাবে শ্রীল শ্রীজীবগোস্বামিবিরচিত 'শ্রীভক্তিসন্দর্ভ' গ্রন্থ প্রাঞ্জল ভাষায় পাঠ ও ব্যাখ্যা করিতেছেন। শ্রীরূপের নিজজন শ্রীশ্রীল আচার্য্যদেবের শ্রীমুখে অশ্রুতপূর্ব্ব নিত্যনূতন শ্রৌতশিক্ষায় শ্রবণের সৌভাগ্য পাইয়া মঠবাসী ভক্তবৃন্দ ও সত্যানুসন্ধিৎসু শ্রদ্ধালু সজ্জনগণ পরমোপকৃত হইতেছেন। শ্রোতৃবৃন্দের সংখ্যা ক্রমশঃ বৃদ্ধিপ্রাপ্ত হইতেছে। সদ্গুরুর্নির্গত ভগবদ্বার্ত্তা শ্রবণের এইরূপ অভূতপূর্ব্ব সুযোগ দেখা যায় না। শ্রীগৌরকরুণাশক্তি শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপায় সেই দেবদুর্লভ সৌভাগ্য পাইয়া সকলেই ধন্যাতিধন্য হইয়াছেন ও হইতেছেন। নিত্যমঙ্গললাভের অব্যর্থ উপায় কি, কর্ম্ম-জ্ঞান-যোগাদি অপেক্ষা ভক্তি শ্রেষ্ঠ কেন, সাধু কাহাকে বলে, সাধু ও মহতের বৈশিষ্ট্য কি, মহৎ কয়প্রকার ও তাঁহাদের বৈশিষ্ট্য, অদ্বয়জ্ঞানতত্ত্বের আলোচনা, শ্রীনামের অসমোর্দ্ধ মাহাত্ম্য, শিবাদি দেবতার প্রতি আমাদের কৃত্য, কৃতঘ্ন ও কৃতনিন্দা, অনন্যভাক্ কাহাকে বলে, প্রকৃত শ্রদ্ধা কাহাকে বলে প্রভৃতি ভজনের বহু প্রয়োজনীয় বিষয় পুঙ্খানুপুঙ্খরূপে আলোচিত হইতেছে।

এতদ্ব্যতীত শ্রীশ্রীল আচার্য্যদেব কথা-প্রসঙ্গে উষঃকাল হইতে প্রায় সর্ব্বক্ষণ বিভিন্ন ভক্তের প্রশ্নোত্তরমুখে নিরন্তর হরিকথা আলোচনা করিতেছেন। পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপায় শ্রীগৌড়ীয়মঠ সর্ব্বক্ষণ হরিকথামুখরিত থাকায় ভক্তবৃন্দের আনন্দের সীমা নাই। তাঁহারা শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মধূলি শিরে ধারণ করিয়া পরমোৎসাহের সহিত হরিকথা শ্রবণকীর্ত্তন, ভিক্ষা ও বিভিন্ন সেবা করিতেছেন।

প্রায় প্রত্যহই আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠ ও বিভিন্ন শাখামঠ হইতে ভক্তগণ শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মদর্শনার্থ শ্রীগৌড়ীয়মঠে আগমন করিতেছেন। শ্রীশ্রীল আচার্য্যদেবের শ্রীমুখে হরিকথা শ্রবণ করিবার জন্য বহু সত্যানুসন্ধিৎসু ব্যক্তিও প্রত্যহই শ্রীগৌড়ীয়মঠে আগমন করিতেছেন। শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপায় শ্রীগৌড়ীয়মঠের বার্ষিক উৎসব হরিসঙ্কীর্ত্তনমুখে সুচারুরূপে সম্পন্ন হইতেছে।

শ্রীগৌড়ীয়মঠে
শ্রীজন্মাষ্টমী ও নন্দোৎসব

গত ১৫ই আগষ্ট শুক্রবার কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠে শ্রীজন্মাষ্টমী ও শ্রীনন্দোৎসব পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে ও পতর্দ্দিংবড়ির সেবোদ্যোগে নিরন্তর হরিসঙ্কীর্ত্তনমুখে সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। এতদুপলক্ষে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীজীউর মঙ্গলারাত্রিক সংকীর্ত্তনমুখে সম্পন্ন হইলে গুর্ব্বৈষ্ণববন্দনা, গুরুপরম্পরা, পঞ্চতত্ত্ব ও বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তন হয়। তৎপরে পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেব প্রাতঃ ৭ ঘটিকা হইতে ১০ ঘটিকা ও বেলা ২॥০ ঘটিকা হইতে ৬ ঘটিকা পর্য্যন্ত 'শ্রীভক্তিসন্দর্ভ' গ্রন্থ পাঠ ও ব্যাখ্যা করেন। সন্ধ্যারাত্রিকের পর শ্রীশ্রীল আচার্য্যদেব পুনরায় শ্রীমদ্ভাগবত ১০ম স্কন্ধ হইতে শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুরের টীকা অবলম্বনে শ্রীকৃষ্ণের জন্মলীলা-রহস্যের কথা অতি সুন্দরভাবে ২ ঘণ্টাকাল ব্যাখ্যা করিয়া শ্রদ্ধালু শ্রোতৃমণ্ডলীর চিত্তাকর্ষণ করেন। শ্রীশ্রীল আচার্য্যদেব প্রাতঃকালে শ্রীনবদ্বীপপ্রকাশ হইতে শ্রীশ্রীল প্রভুপাদের ও শ্রীশ্রীল ঠাকুর ভক্তিবিনোদের উপদেশামৃত প্রাঞ্জল ভাষায় ব্যাখ্যা করিয়া কৃপাপূর্ব্বক সকলকে বুঝাইয়া দেন।

উষঃকাল হইতে শ্রীচৈতন্যচরিতামৃত পারায়ণ আরম্ভ হইয়া তৎপর দিবস শেষ হয়। ঐ দিবস শ্রীল তীর্থ গোস্বামী মহারাজ, শ্রীল সাগর মহারাজ ও অন্যান্য ভক্তগণ হরিকথা কীর্ত্তন করেন। রাত্রি ১০ ঘটিকা হইতে ১২ ঘটিকা পর্য্যন্ত শ্রীল তীর্থ গোস্বামী মহারাজ শ্রীমদ্ভাগবত ও শ্রীচৈতন্যচরিতামৃত হইতে হরিকথা কীর্ত্তন করেন। তৎপরে সঙ্কীর্ত্তনমুখে শ্রীবিগ্রহের ভোগারাত্রিক সম্পন্ন হয়। ভক্তগণ দিবারাত্র নির্জ্জল উপবাসী থাকিয়া সাধুসঙ্গে হরিকথা-প্রসঙ্গে শ্রীকৃষ্ণজয়ন্তীর সেবা করিয়া ধন্য হন।

তৎপর দিবস শ্রীনন্দোৎসবের দিন প্রায় সমস্ত দিবসই হরিকথা আলোচনা ও ভক্তগণকে মহাপ্রসাদ বিতরণ করা হয়। এতদুপলক্ষে শ্রীশ্রীল আচার্য্যদেব বেলা ৩ ঘটিকা হইতে ৫ ঘটিকা পর্য্যন্ত 'শ্রীভক্তিসন্দর্ভ' গ্রন্থ ব্যাখ্যা করিয়াছিলেন। সন্ধ্যারাত্রিকের পর ত্রিদণ্ডিস্বামী শ্রীল ভক্তিবৈভব সাগর মহারাজ হরিকথা কীর্ত্তন করেন।

বিরাট্ নগর-সঙ্কীর্ত্তন-শোভাযাত্রা

গত ২৫শে শ্রাবণ রবিবার বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে এক বিরাট্ নগরসঙ্কীর্ত্তন-শোভাযাত্রা বহির্গত হইয়া উচ্চসঙ্কীর্ত্তনে দিঙ্মণ্ডল মুখরিত করিতে করিতে কলিকাতার বিভিন্ন স্থান পরিভ্রমণ করিয়া শ্রীগৌড়ীয়মঠে প্রত্যাবর্ত্তন করিয়াছেন। ত্রিদণ্ডিপাদাগ্রণী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ গোস্বামী মহারাজ ও ত্রিদণ্ডিস্বামী শ্রীল ভক্তিবৈভব সাগর মহারাজের নিয়ামকত্বে নগরসঙ্কীর্ত্তন সুচারুরূপে নির্ব্বিঘ্নে সম্পন্ন হইয়াছে।

শুদ্ধভক্ত-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী অবধূত ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক—শ্রীভববন্ধচ্ছিদ দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগুণবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরেরাম ব্রহ্মচারী

কাজির সমাধি-পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীসঙ্কীর্ত্তন দাসাধিকারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীমাধবদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

স্বর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
চাঁদপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠাসন
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধবগৌড়ীয়মঠ
বালিয়াটি, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীরামশরণ ব্রহ্মচারী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটি (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ-গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবরাঘববিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগ্লাং বিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীউদ্ধব দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিতাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন-মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা, মথুরা
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেখপুরা
পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেটা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভ ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীযদুমণি দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকমোহন ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাজবাঁধ, বর্দ্ধমান
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
কুলুঙ্গুত্তা, পোঃ চিরুগুত্তা, (মানভূম)
সেবক—শ্রীভক্তপ্রাণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাড্‌ব্রোক রোড, হল্যাণ্ড পার্ক
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১।১৫, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা।
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

লক্ষ্ণৌ গৌড়ীয়মঠ
পঞ্চমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅভয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীভক্তিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীঅনন্তগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। ইহাই বিরাট্ অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্রও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়াপেট্টা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুর্ব্যাখ্যাত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্ত্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গুম্ফিত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা এবং তদর্থের আলেখ্য, ভূমিকা ও সূচীসহ অভূতপূর্ব্ব সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণরূপে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৶০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;
শ্রীযুক্ত ভূপতিরঞ্জন দাস এম্-এ, বি-এল্,
পুরাণপল্টন, পোঃ রমণা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থে প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৬৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—৮৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

বিজ্ঞাপন

'মেডিকেল ডিগ্রী' সংগ্রহ করুন

আয়ুর্ব্বেদিক, হোমিওপ্যাথিক, ইউনানী,
বিজ্ঞান প্রভৃতি পরীক্ষা ঘরে বসিয়া দিন্।
বিনা খরচে প্রস্পেক্টাস লউন। ইংরাজী কিম্বা
উর্দ্দু ভাষায় পত্র ব্যবহার করিবেন।

প্রিন্সিপ্যাল ওল্ড ইণ্ডিয়ান
মেডিক্যাল কলেজ
আম্বালা সিটী

শুদ্ধভক্তিগ্রন্থমালা

১। ...তত্ত্ব (সমগ্র)
২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৯৲
দশম স্কন্ধ— ৯৲
৩। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৲
৪। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৬৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয়-সংস্করণ) ॥০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিষয়-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। যামুন আলবন্দার ॥০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৶০
২১। গৌড়ীয়সাহিত্য ৷৶০
২২। ভজন-রহস্য ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী-টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল মাধ্বভাষ্য ॥০
২৭। মুক্তিমল্লিকা গুণসৌরভঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৶০ বাঁধা ৸০)
৩০। দ্বীপ-দিগ্দর্শন ৶০
৩১ সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য (ছোট) ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৶০
৪১। গীতাবলী ৴১০
৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা ৸০
৪৩। শ্রীভাক্তরত্নাকর (সমগ্র) ২॥০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক ৴১০
৪৬। অর্থপঞ্চক ৴১০
৪৭। সদাচারস্মৃতিঃ ৴১০
৪৮। কল্যাণকল্পতরু ৴১০
৪৯। অর্চ্চনপদ্ধতি ৶০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ॥০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৴০
৬০। সাংখ্যবাণী ৴০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২॥০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৩৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ॥০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৫। সটীকা-শিক্ষাদশমূলম্ ।০
৬৬। তত্ত্বসূত্রম্ ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ ৴০
৬৯। সারাৎসারবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥০
৭১। এ ফিউ ওয়ার্ড্স্ অন বেদান্ত ॥০
৭২। নামভজন ৴০
৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অন্টলজি ॥০
৭৪। রিলেটিভ ওয়ার্ড্স্ ।৶০
৭৫। লাইফ এণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০
৭৬। বৈষ্ণবীজম্ ॥০
৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴০
৭৮। দি ভাগবত ।০
৭৯। থিয়োটিক প্রিন্সিপাল এণ্ড আনথ্যালজেড ডিভোশন ।০
৮০। ব্রহ্মসংহিতা ॥০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৩৲
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০
৮৫। সাধনপথ ॥০
৮৬ কল্যাণকল্পতরু ৴১০
৮৭। গীতাবলী ৴১০
শরণাগতি ৴০
৮৯। শ্রীসচ্চিদানন্দবাণী ।৶০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ॥০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ।০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	॥০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	১॥০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসের প্রতি ইঞ্চি	৬৲	৪॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা-গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মম্মথা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে-উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১৷০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মম্মথা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ বিশদ পদ্যানুবাদসহ মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭॥০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬॥০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয়-সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব মৌলিক বিরাট্ গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ শরণাগতির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর ভিক্ষা মাত্র ৬৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌড়পাদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনগণের গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব ধাম-স্মরণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ।৹ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি, রেলে কালকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

					শনিবার ব্যতীত			
					শনিবার	অন্য দিন		
কলিকাতা ছাঃ	৪-৫৫	৬-২১	৭-১৪	১৩-১৮	১৬-১৬	১৬-১৬	১৭-৫৩	২২-২৬
দমদম "	৪-৫৬	৬-৩০	৭-২৮	১৩ ২৯			১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯-১৮	১৪ ৫০	৫৮	১৮-৩১	১৯-৩৩	০-৫৫
(বনগা) ছাঃ	..		৯-৩১					
কৃষ্ণনগর পৌঃ	৬-২৯	৮ ৪০	১০-৬	১৫-৫৮	১৭-৫১	১৯-১৫	২০-১০	১-১০
লাইট রেল (বনগা) ছাঃ	৭ ১০	১০-৬	১৪ ৫০	১৭-৪০			২০-৩০	
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১৫-২৫	১৮ ১৫			২১-৫	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫ ৩৩	১৮-২৩			২১-১৩	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১-৬
দমদম " ১১-১৮
রাণাঘাট পৌঃ ১২-৫১
" ছাঃ ১২ ৫৩
শান্তিপুর পৌঃ ১৩-২৪
(বনগা) ছাঃ ১৩ ৫২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ ১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ ১৫-১৫
নবদ্বীপঘাট পৌঃ ১৫-৩৩

ডাউন

					শনিবার ব্যতীত			
					অন্য দিন	শনিবার		
নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪		৯-১২		১৬-৩	১৬-৩১	১৮-৩৮	
মহেশগঞ্জ "	৬-২৩		৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৭		৯-৭৫		১৬-৪৬	১৭-১৪	১৯ ২১	
(বনগা) ছাঃ	৬-৩১	৭-১০	৮-৫২	১১-২৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪-১০	৭-৪৯	৯-২৫	১২-০	১৫-৪৫	১৭-৩০	২০-৩	২১ ১৯
(বনগা) ছাঃ	· ·		·		১৫-৫৬	১৭-৪২		·
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১ ২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৫৬	১৯-২৬	২১-৫০	২৩ ১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ ১১-১
মহেশগঞ্জ " ১১-৩০
কৃষ্ণনগর পৌঃ .. ১৭
ছাঃ ১৫-৩২
শান্তিপুর পৌঃ ১৬-২৭
(বনগা) ছাঃ ১৮-২১
রাণাঘাট পৌঃ ১৮-৫৯
" ছাঃ ১৯-২০
কলিকাতা পৌঃ ২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। **গৌড়ীয়**—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷৹ টাকা মাত্র।

২। **ভাগবত**—ত্রিপুরার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পত্র শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। **পরমার্থী**—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ টাকা মাত্র।

৪। **শ্রীগৌড়ীয়**—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরকিশোর'র অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম শ্রীশ্রীল বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণান্তিকে, বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মঠবাসী সজ্জনমণ্ডলীগণ যে সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগাবিরুদ্ধসিদ্ধান্তখণ্ডনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৸৹ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। **শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্**

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। **শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্**

১৪৩, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। **শ্রীভাগবত প্রেস**

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। **পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস**

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৷৵৹ দশ আনা, বড় বোতল ১৵৹ আঠার আনা। পাইকারী স্বতন্ত্র

:—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা:
বেহালা, ২৪ পরগণা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

Regd No. C 1544

সত্বায় কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃত ভাষ্যসহ প্রকাশিত হইয়াছেন। ইঁহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৵৹

প্রাপ্তিস্থান

শ্রীযোগপীঠ-শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এ গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৷৹ মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ-শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৬শ বর্ষ } ১৬ হৃষীকেশ, গৌরাব্দ ৪৫৫, ৬ই ভাদ্র, বঙ্গাব্দ ১৩৪৮ ২৩শে আগষ্ট ইং ১৯৪১, শনিবার { ১৪২-৪৩ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ।

দৈনিক নদীয়া-প্রকাশ

৪৫৫ গৌরাব্দ, ১৬ হৃষীকেশ অব্যয় ক্ষীরোদশায়ী

শ্রীল প্রভুপাদের হরিকথা

——::•(*)::•——

নিজের ইন্দ্রিয়ের উপর নির্ভর করিলে অপ্রাকৃত বস্তুর দর্শন হইবে না, ইতর দর্শন—ভোগময় দর্শন হইবে। বিশ্রম্ভভাবে গুরুকে আশ্রয় না করিলে, সাধুর পথে বিচরণ না করিলে আমাদের বাস্তবিক কোন মঙ্গল হয় না। কারণ আরোহকগণ তর্কপন্থী। সাধুর পথে বিচরণ না করিলে বুদ্ধির উপযুক্ত ব্যবহার হইবে না।

ইন্দ্রিয়সকল অভক্তগণকে বিষয়ের প্রতি কেবল আকর্ষণ করিতেছে। ইন্দ্রিয়সকল যখন মানুষের কথা শোনে না বা কোন প্রকারেই অধীন হয় না, তখন সেই ব্যক্তি গোদাস বা ইন্দ্রিয়দাস হইয়া অস্থির হইয়া পড়ে। বাহিরের জিনিষগুলি, যথা রূপ-রস-শব্দ-স্পর্শ-গন্ধ এই পঞ্চ বিষয় আমাদিগকে সর্ব্বক্ষণ আকর্ষণ করিতেছে।

যাঁহারা হরিভজন করিবেন, তাঁহারা কোন প্রকারে যোষিৎ ও বিষয়ীর দর্শন করিবেন না। বিশেষতঃ যাঁহারা গৃহ-পরিত্যাগপূর্ব্বক হরিভজনের জন্য প্রয়াসী, তাঁহাদিগের পক্ষে অসৎসঙ্গ বিষভক্ষণ অপেক্ষাও ভয়াবহ।

কৃষ্ণকে গুরুভক্তি করিলেই সুবিধা ও মঙ্গল হইবে। নিরপরাধে নিরন্তর কৃষ্ণনামের সেবা করিলেই গুরু, ভক্তি ও ভগবানের স্বরূপ জানা যাইবে। কৃষ্ণের অনুশীলন না হইলে কৃষ্ণেতর বস্তুর অনুশীলন হইবে। কৃষ্ণানুকূলা—শ্রীবার্ষভানবী দেবী। বার্ষভানবীরই নামান্তর অনুকূলা। শ্রীবার্ষভানবীর ভৃত্যবর্গ সকলেই গুরুপাদপদ্ম। গৌড়ীয়গণ অনুকূলার কৃষ্ণ বা রাধার কৃষ্ণের উপাসক।

বাহিরের পোষাকী সন্ন্যাসী হইলে সুবিধা হইবে না। অমল ব্রাহ্মণ ও ত্রিদণ্ড-সন্ন্যাসী হওয়াই আবশ্যক। তাহাই জীবের স্বধর্ম। অপ্রাকৃত জগতের তত্ত্বজ্ঞানের নিমিত্ত আমাদের শ্রীগুরুপদাশ্রয় লাভ করা একান্ত দরকার।

দয়া দুই প্রকারের—মনোদয়া ও অমনোদয়া। জগতের বা অবৈষ্ণবের দয়া মন্দই উদয় করায়।

ভক্তির উদয়ের পূর্ব্বে সম্বন্ধজ্ঞান একান্ত আবশ্যক। অপ্রাকৃত বস্তুতে সুদৃঢ় শ্রদ্ধাই ভক্তির মূল। সাধনভক্তিপর্ব্বের মধ্যে পূর্ব্বার্দ্ধে—শ্রদ্ধা, সাধুসঙ্গ, ভজনক্রিয়া, অনর্থ-নিবৃত্তি এই চারিটী এবং পরার্দ্ধে নিষ্ঠা, রুচি, আসক্তি ও ভাবোদয়—এই চারিটী। সর্ব্ব-শুদ্ধ আটটি স্তর আছে। বদ্ধাবস্থায় সাধন-ভক্তি ইন্দ্রিয়দ্বারে সাধিত হয়।

এই জগতে মায়াবদ্ধ মনুষ্যগুলি পশুবিচার-যুক্ত হইয়া পড়িয়াছে অর্থাৎ আহার, নিদ্রা, ভয়, মৈথুনাদি কার্য্যে সর্ব্বক্ষণ ব্যতিব্যস্ত আছে। কৃষ্ণপ্রেম পাইতে হইলে তাহাদিগের পক্ষে সাধন করা একান্ত প্রয়োজন। সাধনের দ্বারাই অনর্থনিবৃত্তি করিতে হইবে—ইহাই ক্রমপথ। পরমেশ্বরের আনুগত্য-বিচার না থাকিলেই জীব পশুত্ব লাভ করে। যদিও স্বরূপতঃ জীবগণের ভগবদ্দাস্য ব্যতীত অন্য কোন কার্য্য নাই, তথাপি তাহাদের শক্তির লঘুতাপ্রযুক্ত তাহারা মায়াচ্ছন্ন হইয়া সংসারে আহার-নিদ্রাদি চিন্তাযুক্ত। এইরূপ অনর্থযুক্ত অবস্থা হইতে উদ্ধার পাইতে হইবে।

মনুষ্যজাতি [illegible] উপর প্রভুত্ব বিস্তার করিবার [illegible] হইয়া মাৎসর্য্যধারা চালিত এবং তৎফলে অত্যন্ত দুর্দ্দশাপ্রাপ্ত হইয়াছে। অনর্থযুক্তাবস্থায় সংসারের দুঃখকষ্ট এবং শারীরিক ও মানসিক ক্লেশাদি অত্যন্ত দুঃখকর বলিয়া বোধ হয়, কিন্তু অর্থনষ্ট প্রপন্ন শুদ্ধভক্তের বিচার এইরূপ নয়।

জগতের সকল [illegible] করিয়া আমাদিগকে শ্রীগুরুর কথায়, শ্রীবৈষ্ণব-ঠাকুরের কথায় পূর্ণ বিশ্বাস স্থাপন করিতে হইবে। শ্রীবৈষ্ণবের কৃপা ব্যতীত অন্য কোন উপায়ে অনর্থ দূর হইবে না। সাধুর নিকটে গেলে অর্থাৎ সঙ্গ করিলেই পাপপুণ্য উভয়ই দূর হইয়া যাইবে, শুদ্ধভক্তি লাভ হইবে।

আমি ভগবদ্ভক্তকে regulate করিব—ইহা নাস্তিকের বিচার, ইহাই গুর্ব্ববজ্ঞা। ইহা সর্ব্বথা পরিত্যাজ্য। জগতের কোন কাল্পনিক বিষয়ের গুরুর কোন কথা আমি শুনিব না, কিন্তু আমার উদ্ধারের জন্য বৈকুণ্ঠ হইতে অবতরণ করিয়াছেন যে শ্রীগুরুদেব, তাঁহারই কথা শুনিব। আমরা প্রাকৃত মিথ্যাসঙ্গ পরিত্যাগ করিয়া আমাদের নিত্যপ্রভুর নিকট যাইব। আমাদের সমস্ত জাগতিক চেষ্টা অপ্রাকৃত বস্তুর সন্ধানের জন্য নিযুক্ত হওয়া দরকার। আমরা যখন প্রকৃত সদ্গুরুপাদপদ্মের সন্ধান পাই তখন তাঁহার নিকট শুনিতে পাই—সকল প্রকার আশা-ভরসা ছাড়িয়া ভগবানের ভজন কর।

ভগবান্‌কে জানাই সর্ব্বশ্রেষ্ঠ জ্ঞান। 'বিষ্ণা ভাগবতাবধি' বর্ত্তমানে যে নিরীশ্বর শিক্ষা সর্ব্বত্র প্রচারিত ও প্রসারিত হইয়াছে তদ্দ্বারা জগদ্বাসীর কোন সুবিধা হইতেছে না—অসুবিধাই হইয়াছে, হইতেছে ও হইবে। শ্রীচৈতন্যের দয়া বিতরণের দ্বারাই জগদ্বাসী মনুষ্যজাতির সর্ব্বশ্রেষ্ঠ উপকার হইবে। শ্রীচৈতন্যের দয়া বিচার করিলে আমাদের চিত্ত অন্য সমুদয় ক্ষুদ্র ক্ষুদ্র মঙ্গলামঙ্গলের চিন্তা হইতে নিবৃত্ত হইয়া তদীয় পাদপদ্মে সুদৃঢ়ভাবে সংলগ্ন হইবে।

শ্রবণটা নিজ চেষ্টায় ক'রতে হ'বে। অনুক্ষণ গুরুপাদপদ্মে থাকতে হ'বে, এক সেকেণ্ডের জন্য তফাৎ হ'লে অসুবিধায় পড়লাম। শ্রবণাদি সেবা না করলে প্রাক্তন সুকৃতিটুকুও নষ্ট হয়। বৈষ্ণবচরণ-রেণু-জল—পেলে মঙ্গল।

মনের দ্বারা আমাদের চালিত হওয়া উচিত নয়। কেননা মনের স্বভাবই হ'চ্ছে—জড় ব্যাপারে আসক্ত হওয়া। যিনি আমাদিগকে সকল দুর্ব্বিপাক হইতে উদ্ধার করিতে পারেন, তাঁ'র শরণাগত হওয়াই দরকার।

যাঁ'রা কপটতারহিত হ'য়ে কায়মনোবাক্যে ভগবানের [illegible] শরণাপন্ন হন, শ্রীঅনন্তদেব তাঁ'দেরই কৃপা ক'রে থাকেন। দুর্ব্বলতা অপেক্ষা কপটতা অধিকতর পাপ। কখনও কখনও দুর্ব্বলতা হ'তে কপটতার জন্ম। কপটতা পরিত্যাগ ক'রব—কপটতার জন্য অনুতপ্ত হ'লে মহাপ্রভু কৃপা ক'রবেন।

[illegible]

শ্রীকৃষ্ণ ভগবান [illegible] বিধান [illegible] স্বীকার করেন। 'ভগবানের ব্যবস্থায় চক্রান্ত' প্রকাশ ক'রলে তাঁহাতে শ্রদ্ধার অভাব ও নিজের অমঙ্গলাম প্রমাণিত হয়। জাগতিক কোনপ্রকার অসুবিধা শরণাগত ভক্তকে শরণাগতি হ'তে—কৃষ্ণকে গোপ্তৃত্বে বরণ হ'তে বিন্দুমাত্রও বিচ্যুত ক'রতে পারে না।

———

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে ॥

ঐকান্তিকতা

(প্রাপ্ত)

ভক্তিপথ - একটী। সেবোন্মুখ ব্যক্তি মাত্রেই এইপথের পথিক। যেখানে এক অপ্রাকৃত ভগবানের সেবার প্রতি উন্মুখতা, এক সর্ব্বেশ্বর পরমেশ্বর শ্রীকৃষ্ণের সুখবিধানের জন্য চেষ্টা, সেখানে উদ্দেশ্যের পার্থক্য বা অনৈক্য থাকিতে পারে না। শুদ্ধভক্তিপথাশ্রিতমাত্রেরই কেন্দ্রস্থল—লক্ষ্যস্থল—উদ্দেশ্য এক। কৃষ্ণসেবাই ভক্তিপথাশ্রিতের একমাত্র উদ্দেশ্য। এই এক উদ্দেশ্যের ব্যতিক্রম যেখানে, সেখানে শুদ্ধভক্তিপথাশ্রয় হয় নাই। লক্ষ্য স্থির করিয়া অগ্রসর না হইলে গন্তব্যস্থলে পৌঁছান সম্ভবপর নহে। যেখানে লক্ষ্য ঠিক হয় নাই, সেখানে গুরু আশ্রিত হইতে পারে না। সেব্যের সহিত যেখানে ঘনিষ্ঠ সম্বন্ধ—আত্মীয়তা বা মমত্ব-বুদ্ধি হয় নাই, তাঁহার কৃপাই একমাত্র সম্বল—এই বিচার যেখানে সুষ্ঠুভাবে হৃদয়ে স্থান পায় নাই, সেখানে সেবার কেবলমাত্র বাহ্যাড়ম্বর হয়, প্রকৃতপক্ষে সেবা হয় না। এরূপ সেবাড়ম্বরের দ্বারা নিজের দেহমনের তর্পণই হয় মাত্র। আমাদের বিচার করিয়া দেখা উচিত—আমাদের প্রত্যেকটী কার্য্য, আমাদের শ্রবণ-কীর্ত্তন, বিগ্রহ সেবাকার্য্য, অপরের সহিত ব্যবহার, এমন কি, আমাদের আহার, বিহার, বিশ্রাম, প্রাণধারণ এ সকলের উদ্দেশ্য কি, এ সকল কি শ্রীগুরুগৌরাঙ্গের সেবায় নিযুক্ত হইতেছে, না অন্য কোনপ্রকার ব্যাপারে লাগিয়াছে? ভক্তিপথ তীক্ষ্ণধার ক্ষুরধারার ন্যায় অতি দুর্গম। যতক্ষণ অসদ্বস্তুতে অভিনিবেশ বা আসক্তি থাকে, ততক্ষণ এই পথে চলা অতি কঠিন ও দুঃসাধ্য হইয়া উঠে। এই পথে চলিতে হইলে লক্ষ্য স্থির রাখিয়া পদক্ষেপ খুব দৃঢ় রাখিয়া চলিতে হইবে। যে মুহূর্ত্তে লক্ষ্য থাকিবে না, [illegible] হইবে, সেই মুহূর্ত্তেই বিপথে, কর্ম্ম-জ্ঞান অন্যাভিলাষের পথে অভিযান আরম্ভ হইবে। আমাদের প্রত্যেকটী কার্য্যের বিষয়ে স্পষ্ট জ্ঞান থাকা দরকার। আমাদের সহিত গুরুবৈষ্ণবগণের যে ব্যবহার, তাহা উদ্দেশ্যবিহীন নহে। তাহাতে তাঁহাদের একটা উদ্দেশ্য আছে। [illegible] দ্বারা কোনপ্রকারেই বাস্তব লাভ হইবে না।

ভক্তিপথে চলিতে হইলে শ্রীগুরুপাদপদ্মে নিষ্ঠা প্রয়োজন। নিষ্ঠা অর্থাৎ একনিষ্ঠতা। নিষ্ঠা না থাকিলে সেবাও হয় না। [illegible] সেব্যের প্রতি ও সেবার [illegible] নিষ্ঠা, [illegible]। [illegible] কুটীনাটি প্রভৃতি অনর্থ থাকে, ততদিন [illegible] না। সাধুসঙ্গে নিষ্কপটে শ্রবণকীর্ত্তনফলে অনর্থগুলি দূরীভূত হইলে নিষ্ঠার উদয় হয়।

অনর্থযুক্তের শুদ্ধভজন হয় না। নিষ্ঠা হইতে প্রকৃত ভজন আরম্ভ হয়। অনন্য না হইলে ভজন হয় না। ঐকান্তিকতার বিপরীত চিত্তবৃত্তি—ব্যভিচারপরায়ণতা। ঐকান্তিক—একাভিমুখী, আর ব্যভিচারী—বহুমুখী। যতদিন পর্য্যন্ত চিত্তবৃত্তি বহুর প্রতি ধাবিত হইতেছে, যতদিন বহুর প্রতি তৃষ্ণা রহিয়াছে, যতদিন একের প্রতি লক্ষ্য কেন্দ্রীভূত হয় নাই, একের সুখবিধানের জন্যই সমস্ত জীবনীশক্তি নিযুক্ত হয় নাই, একের একাধিপত্য সাম্রাজ্য হৃদয়ে স্থাপিত হয় নাই, ততদিন ঐকান্তিকতার উদয়ও হয় নাই এবং শুদ্ধভজনও আরম্ভ হয় নাই।

যাঁহারা শ্রীগুরুপাদপদ্মের সন্ধান পাইয়াও তাহার অপব্যবহার করিলেন, তাঁহাদের জন্মজন্মান্তর ধরিয়া মায়ার লাথি খাইতে হইবে। বাস্তবসত্য বস্তু এ জগতে নিত্য-কালই আছেন। নিজ দুষ্কৃতিবশতঃ আমরা তাঁহার সন্ধান পাই না। কপাল ভাল হইলেই—নিষ্কপটে শ্রীগুরুগৌরাঙ্গের নিকট কাঁদিলেই সেই সত্যবস্তুর সন্ধান পাইয়া তাহাতে নিষ্ঠাযুক্ত হইতে পারিব। সত্য বস্তুতে সুদৃঢ় নিষ্ঠা না হওয়া পর্য্যন্ত মন কিছুতেই সোয়াস্তি পাওয়া যাবে না, ভয় সর্ব্বক্ষণ হৃদয়কে আলোড়িত করিবে। সত্যবস্তুর প্রতি সন্দেহ পোষণ করিয়া যতই সেবার আড়ম্বর দেখান যাউক না কেন, তাহাতে মনশ্চাঞ্চল্য কাটিবে না। বাস্তব সত্যে প্রতিষ্ঠিত হইতে হইলে ঐকান্তিক হইতে হইবেই, না হইলে রক্ষা পাওয়া যাইবে না। সতী-সাধ্বী হওয়া দরকার। মস্তক একটী, তাহা বহুর নিকট বিক্রয় করিতে হইবে না। সতী যেমন এক মুহূর্ত্তও অপরের সঙ্গকামনা করে না, তদ্রূপ সত্যাশ্রিত জনেরও এ জগতের ভোগাবস্তুর প্রলোভনে একমুহূর্ত্তও প্রলুব্ধ হওয়া উচিত নহে।

'দৃঢ় করি ধর নিতাইয়ের পায়'—ইহাই শরণাগতের উক্তি। যত বাধা আসে আসুক, যত আপদ্‌-বিপদ্‌ আসে আসুক, কিছুতেই শ্রীগুরুপাদপদ্ম ছাড়িতে হইবে না। আমি সব ছাড়িতে পারি, কিন্তু শ্রীহরিগুরুবৈষ্ণব-পাদপদ্ম কিছুতেই ছাড়িতে পারিব না—এরূপ প্রতিজ্ঞা বা দৃঢ়তা সত্যাশ্রিতজনেরই আছে। তাঁহারা মায়ার প্রলোভনে গা ঢালিয়া দেন না। আমি সত্য চাই এবং অসত্য কিছুতেই গ্রহণ করিব না—এইরূপ দৃঢ়প্রতিজ্ঞাবদ্ধ হওয়া চাই। দৃঢ়তা বা নিশ্চয়তা না থাকিলে মায়ার পদলেহক হইয়া লাথি খাইতে খাইতে প্রাণ বাহির হইবে। শ্রীগুরুপাদপদ্মকে নিঃসন্দেহে নিজপ্রভু বলিয়া জানিতে হইবে। তাহাতে বিন্দুমাত্রও সন্দেহ থাকিলে আর রক্ষা নাই। তাঁহার প্রতি যাহার বিন্দুমাত্রও সন্দেহ নাই, তিনি যতই দুর্ব্বল হউন না কেন, তাঁহার যতই অনর্থ থাকুক না কেন, তিনি নিশ্চয়ই এই জগৎ অতিক্রম করিয়া কৃষ্ণ-পাদপদ্মে পৌঁছিবেন।

এই ভজনপ্রগতির মূলবাধা হইতেছে দম্ভ বা অহঙ্কার। শরণাগতিই ভগবদ্ভজনের একমাত্র সহায় এবং দম্ভই বাধা। যদি শ্রীগুরুবৈষ্ণবের কৃপাবরণ করিবার জন্য অকপট ইচ্ছা ও আর্ত্তি হৃদয়ে পোষণ করিতে পারি, তাহা হইলে তাঁহাদের কৃপায় ক্রমশঃ দৃঢ়শ্রদ্ধা লাভ হয়। দৃঢ়শ্রদ্ধা ব্যতীত সাধুসঙ্গ শুদ্ধভাবে হয় না এবং হৃদয়ে বল পাওয়াও যায় না।

অনেক সময় দেখা যায়—শ্রীগুরুবৈষ্ণবের কৃপা বরণ করিবার ইচ্ছা যে নাই, তাহা নহে, তাঁহারা যাহা আদেশ করেন, তাহা পালন করিবার ইচ্ছাও আছে, তথাপি শ্রীগুরুবৈষ্ণবগণের চিত্তবৃত্তির সঙ্গে আমাদের চিত্তবৃত্তির মিল হয় না, কত সংশয়, সন্দেহ, ছিদ্রানুসন্ধান-প্রবৃত্তি ক্রমে ক্রমে আসিয়া হৃদয়কে কলুষিত করিয়া ফেলে। তখন বুঝিতে হইবে, আমাদের অজ্ঞাতসারে অশ্রদ্ধা ও দাম্ভিকতা আমাদের হৃদয়ে প্রবেশ করিয়াছে। অহঙ্কার জীবকে এরূপভাবে মোহিত করিয়া রাখে যে, সে মানবের বিচারশক্তিকে সম্পূর্ণভাবে বিস্মৃত করাইয়া দেয়, নিজের ভুলকে ভুল বলিয়া জানিতে দেয় না। হৃদয়ে দম্ভ বা অহঙ্কার থাকিলে মনে হয় আমি ঠিকই আছি, আমার কোন দোষ নাই, আর সকলেই অল্পবিস্তর বেঠিক বা দোষযুক্ত। তাই শ্রীগুরুবৈষ্ণবগণের যে শাসনবাণী তাহা আমার প্রতি নহে, মনে করিয়া তাঁহাদের কৃপা হইতে বঞ্চিত হই। এই দম্ভ দূর করিবার একমাত্র উপায় শ্রীগুরুবৈষ্ণবে প্রীতি বা মমত্ববুদ্ধি। ভজনীয় বস্তুতে যদি মমত্ব বৃদ্ধি পায়, তাহা হইলে ভজনে অগ্রসর হইবার জন্য হৃদয়ে ব্যাকুলতা জাগে— পাপে অনুতাপ জাগে এবং সঙ্গে সঙ্গে দাম্ভিকতা পুড়িয়া ছাই হইয়া যায়।

যাঁহারা একান্তভাবে শ্রীগুরুপাদপদ্মে শরণাপন্ন হইয়াছেন—যাঁহারা শ্রীগুরুপাদ-পদ্মের ধূলিতে নিত্য স্নাত হইতেছেন, তাঁহাদের শ্রীগুরুগৌরাঙ্গের প্রীতিময়ী সেবার কোন বাধা—মায়ার কোন প্রলোভন তাঁহা-দিগকে একচুলও চলিত করিতে পারে না। একান্ত প্রভুভৃত্য প্রভুর সুখের জন্য সব করিতে পারেন। প্রভুসুখের জন্য মহা-নারকীর সেবা করিতেও প্রস্তুত আর পরম-আত্মীয়ের সঙ্গ ত্যাগ করিতেও দৃঢ়সঙ্কল্প। এইরূপ একান্ত ভক্ত যাঁহারা, তাঁহাদের প্রতি কার্য্যে, প্রতি পদবিক্ষেপে বাধা উপস্থিত হইলেও তাঁহাদের কিছুই করিতে পারে না। যাঁহারা গুরুকৃষ্ণে আত্মসমর্পণ করিয়াছেন—তাঁহার সুখের জন্য সর্ব্বক্ষণ সচেষ্ট আছেন, তাঁহারা বাধাবিঘ্ন দেখিয়া ভীত হন না বা সেই সকল বাধাকে প্রতিরোধ করিতেও যান না। সম্মুখে বাধা দেখিয়া পাশ কাটিয়া গিয়া প্রভুসেবার জন্য সচেষ্ট থাকেন। যাঁহারা কি সম্পদে, কি বিপদে সবসময়েই গুরুকৃষ্ণকে রক্ষাকর্ত্তা বলিয়া বরণ করিয়াছেন—সকল ব্যাপারের মধ্যেই তাঁহাদের কৃপাহস্ত দর্শন করিতেছেন, তাঁহারাই ঐকান্তিক। সাময়িক বাধাবিঘ্নসমূহ তাঁহাদিগকে সেবা হইতে বিচ্যুত করা দূরে থাকুক, অধিকতর সংলগ্নই করিয়া দেয়। ঐকান্তিক ভক্তের অভীষ্টলাভে যে বাধা, তাহা তাঁহাকে উত্তরোত্তর প্রভুকৃপা-কাঙ্গাল করিয়াই দেয়। যাঁহারা সত্য সত্য অনন্যভাবে হরিভজন আরম্ভ করিয়াছেন, তাঁহাদের নিকট নানাপ্রকার বিপদাপদ কৃষ্ণেচ্ছায় তাঁহাকে পরীক্ষা করিবার জন্য উপস্থিত হইতেছে। বিপদের মধ্যেই শুদ্ধ-ভক্তের সেবোৎসাহ কোটীগুণে পরিবর্দ্ধিত হয়। বিপদে যে প্রকার আর্ত্তি সহজেই হৃদয়ে উদিত হয়, শরণাগতির পরিমাণ যে প্রকার বৃদ্ধিপ্রাপ্ত হয় এরূপ আর কিছুতেই হয় না। ঐকান্তিক শরণাগত ভক্তগণ বিপদকে ভগবানের পরমকৃপা বলিয়া বরণ করেন এবং বিপদের মধ্যেই ভগবানের কৃপাহস্ত লক্ষ্য করিয়া থাকেন। তাই শ্রীমদ্ভাগবত বলিয়াছেন,—"হে মাধব, আপনার ভক্তগণ আপনাতেই বদ্ধসৌহৃদ। তাঁহারা কখনই স্থানভ্রষ্ট হন না। তাঁহারা আপনার দ্বারা সুরক্ষিত হইয়া বিঘ্নকারীদিগের মস্তকে পদ-ক্ষেপ করিয়া নির্ভয়ে বিচরণ করিয়া থাকেন।"

গুরুকৃষ্ণ ছাড়া আর কেহ আশ্রয় নাই—এইটা যাঁহার যত উপলব্ধি হইয়াছে, তিনি তত শরণাগত—তত ঐকান্তিক। শরণাগত ঐকান্তিক ভক্তগণ বলেন—'আমি ত' তোমারই জন। আমাকে দণ্ড দিবে, নিন্দা-তিরস্কার করিবে, কর কিন্তু আমাকে ছাড়িও না।' ঐকান্তিক শরণাগত জানেন—আমি ত' তোমারই; সুতরাং আমাকে ছাড়িবে কেন? তাই তাঁহাদের ভয় নাই। এই পথের পথিকের আচরণ,—

> তবাস্মীতি বদন্ বাচা তথৈব মনসা বিদন্।
> তৎস্থানমাশ্রিতস্তন্বা মোদতে শরণাগতঃ॥

শরণাগত ব্যক্তি ভগবল্লীলাস্থান শরীর দ্বারা আশ্রয়পূর্ব্বক 'হে ভগবন্, আমি—তোমার' ইহা মুখে বলিয়া এবং মনে জানিয়া আনন্দলাভ করিয়া থাকেন।

'আমি যে তোমার হই' জান সর্ব্বথায়'—ইহাই শরণাগতের হৃদ্‌গত ভাব। ঐকান্তিক ভক্তগণ ব্যাকুল প্রাণে—সজলনয়নে দৃঢ়াশার সহিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের আনুগত্যে বলিয়া থাকেন,—

> সেই দিন কবে হবে ঐকান্তিক ভাবে যবে
> নিত্যদাস-ভাব ল'য়ে আমি।
> মনোরথান্তর যত নিঃশেষ করিয়া স্বতঃ
> সেবিব আমার নিত্যস্বামী॥

———

হরিকথা

——::•::——

শ্রীগুরুবৈষ্ণবগণ যে হরিকথা কীর্ত্তন করেন, তদ্দ্বারা দুইটি কার্য্য সাধিত হইয়া থাকে, একটী পাষণ্ডদলন ও অপরটী প্রেম প্রচারণ; একটি কর্ম্ম, জ্ঞান, যোগ, ব্রত, তপস্যা, কৃত্রিম ধ্যান-ধারণা ও অন্যাভিলাষ প্রভৃতির গহর্ণ বা নিরাস, আর একটি সর্ব্বেন্দ্রিয় দ্বারা আনুকূল্যের সহিত আশ্রয়বিগ্রহ-সমাশ্রিত-বিষয়বিগ্রহের বা শ্রীনামের অনুশীলন; একটি দুঃসঙ্গ বা প্রতিকূল বর্জ্জন, আর একটি সৎসঙ্গ গ্রহণ, একটি প্রত্যাহার, আর একটি পরানুশীলন।

বিশেষ বিচার করিলে দেখা যাইবে যে, এই যে দুইটি অঙ্গ, ইহারা আপাতদৃষ্টিতে পরস্পর বিরোধী অথবা অন্ততঃ দুইটি পৃথক্ ব্যাপার বলিয়া পরিদৃষ্ট হইলেও বস্তুতঃ পৃথক্ নহে। প্রকৃতপক্ষে ইহারা একটাই ব্যাপার। কারণ, ব্যতিরেক লক্ষণটি কখনও বস্তুর স্বরূপলক্ষণ হইতে পারে না। ব্যতিরেক লক্ষণদ্বারা বস্তুজ্ঞান হয় না, উহা স্বরূপলক্ষণকে দৃঢ় করিয়াই নিরস্ত হয়। "আনুকূল্যে সর্ব্বেন্দ্রিয় কৃষ্ণানুশীলন" বা পরানুশীলন—ইহাই ভক্তির স্বরূপ-লক্ষণ, প্রেমপ্রচারণই হরিকীর্ত্তনের মুখ্য প্রয়োজন বা মুখ্যফল। কর্ম্ম-জ্ঞানাদির আবরণশূন্যতা বা অন্যাভিলাষিতাশূন্যতা কিছু ভক্তির স্বরূপলক্ষণ নহে, কেবলমাত্র পাষণ্ডীর জিহ্বাস্তম্ভনই হরিকীর্ত্তনের মুখ্য উদ্দেশ্য নহে।

এই জড়জগৎ শুদ্ধভূমিকা—হরিকীর্ত্তনের ভূমিকা নহে। কর্ম্ম, জ্ঞান প্রভৃতি ভক্তি-বিরোধী বৃত্তি প্রেমপ্রচারণের বিরোধী পাষণ্ড মনোভাব এই জড়জগতেরই ব্যাপার। কিন্তু ভক্তির নিত্য অধিষ্ঠানভূমি যে বৈকুণ্ঠরাজ্য, সেখানে বিকল্পের ধর্ম্মের অবস্থান নাই, সুতরাং কর্ম্ম, জ্ঞান, অন্যাভিলাষ বা বিদ্বেষ-মূলক পাষণ্ডচিত্তবৃত্তিও নাই। সেখানে স্বরূপলক্ষণই একমাত্র লক্ষণ, তটস্থ-লক্ষণ বা ব্যতিরেক লক্ষণদ্বারা বস্তুর পরিচয় দিবার প্রয়োজনই হয় না। কিন্তু এখানে, এই জড়জগতে কর্ম্মজ্ঞানাদি ভক্তিবিরোধী বৃত্তি আছে বলিয়াই ভক্তিকে কর্ম্মজ্ঞানাদির আবরণশূন্যা ও অন্যাভিলাষিতাশূন্যা এইরূপ সংজ্ঞাদ্বারা নির্দ্দেশ করিতে হয়। এখানে বিদ্বেষ বা পাষণ্ডতা আছে বলিয়াই প্রেম-প্রচারের নিমিত্ত পাষণ্ডদলন করিতে হয়, জড়বিলাস আছে বলিয়াই চিদ্বিলাস বা পরানুশীলনের উপদেশকালে জড়বিলাস অর্থাৎ ভোগ-ত্যাগ অথবা প্রত্যাহারের উপদেশ করিতে হয়। কিন্তু যেহেতু কর্ম্মজ্ঞাননিরাস বা প্রত্যাহার প্রভৃতি, স্বয়ং বস্তুকে নির্দ্দেশ করিতে পারে না, সেই হেতু উহারা বস্তুর পৃথক্ অঙ্গ নহে। ভক্তির অঙ্গ ভক্তিই, উহাই পরানুশীলন। হরিকীর্ত্তনের একমাত্র ফল [illegible] লক্ষণগুলি কেবল-মাত্র ঐ মুখ্য লক্ষণ বা মুখ্য ফললাভেরই সহায়তা করিয়া থাকে। সুতরাং গৌণ বা ব্যতিরেক ফলটি অন্বয় বা মুখ্য বিচারের অনুগত হওয়ায় উহাও অন্বয়-অনুশীলনেরই অন্তর্গত, পৃথক্ ব্যাপার নহে।

শুশ্রূষু শ্রদ্ধালু জীবকে পরম মঙ্গল দান করিবার জন্যই শ্রীগুরুবৈষ্ণবগণ হরিকীর্ত্তন করিয়া থাকেন। গুরুবৈষ্ণবের শ্রীমুখবিগলিত হরিকথার প্রত্যেকটি শব্দই প্রত্যেক মঙ্গল-লাভেচ্ছু উন্মুখ বা শ্রদ্ধাবান্ জীবের ব্যক্তিগত কল্যাণের জন্য। বাস্তববস্তু প্রাপ্তিকেই কল্যাণ বা মঙ্গল বলা যায়। আবার যিনি শ্রদ্ধাবান্, তিনিই মঙ্গললাভ করিতে পারেন—'শ্রদ্ধাবান্ লভতে জ্ঞানম্।"

শ্রীগুরুবৈষ্ণবের শ্রীমুখেই আমরা শ্রবণ করিয়াছি যে, যাঁহাকে শ্রীগৌরকৃষ্ণ কৃপা করিতে, গ্রহণ করিতে চাহেন, তাঁহারই হরিকথায়, হরিসেবায় স্বাভাবিক শ্রদ্ধা হইয়া থাকে। গুরুদেব বা বৈষ্ণব সেই সৌভাগ্য-বান্ জীবকে কৃষ্ণপাদপদ্মে লইয়া যাইবার জন্যই নিত্যকাল জগতে প্রকট থাকেন। তাঁহাদের হরিকথা কীর্ত্তন, তাঁহাদের হরি-কীর্ত্তনের অনুকূলে যাহা কিছু চেষ্টা, সমস্তই কেবলমাত্র সেই সেবোন্মুখ, সেবাপ্রার্থী জীবকে চরম মঙ্গললাভে সহায়তা করিবার জন্য।

পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেব বলিয়াছেন,—"যাহারা সেবা করিতে চাহে, অন্ততঃ সেবা করিবার ইচ্ছাটুকু যাহাদের আছে, বহির্ম্মুখ থাকিবই, বিদ্বেষ করিবই এইরূপ দৃঢ় প্রতিজ্ঞা যাহাদের নাই, তাহাদের জন্যই আমাদের যত কিছু চেষ্টা, তাহাদের সঙ্গই আমাদের প্রার্থনীয়।"

শ্রীগুরুবৈষ্ণব অনুকূল-কৃষ্ণের অনুকূল অনুশীলন করিয়া থাকেন, যে সকল সুকৃতিশালী জীব সেই অনুকূল-অনুশীলনে শ্রদ্ধাযুক্ত হন, তাঁহাদিগকে কৃষ্ণানুশীলন শিক্ষা দেন। আবার সেই শ্রদ্ধালু সাধকের হৃদয়ে যে সকল অনর্থ আছে, ভজনের প্রতিবন্ধকরূপ প্রতি-কূলতার আছে, সেইগুলিকে সমূলে বিনাশ করিবার জন্য পাষণ্ডদলনলীলা প্রকাশ করেন। এই পাষণ্ডদলনলীলায় শ্রদ্ধাবান্ সাধকই বাস্তব উপকার লাভ করিয়া থাকেন, সুতরাং গুরু-বৈষ্ণবের এই লীলাও ভজনেচ্ছুর ব্যক্তি-গত মঙ্গলের জন্যই হইয়া থাকে। উন্মুখ জীবের সেবাপ্রবৃত্তি? অপ্রতিহত, নিত্য-বর্দ্ধমানগতিবিশিষ্ট রাখিবার জন্যই—তাঁহার ভজনপথকে কণ্টকশূন্য করিবার জন্যই গুরু-বৈষ্ণব প্রপঞ্চে অবতীর্ণ হইয়া থাকেন। অন্বয় ভাবে এবং ব্যতিরেক ভাবে তাঁহাকে সাহায্য করাই তাঁহাদের কার্য্য।

শ্রীল প্রভুপাদের শ্রীমুখবিগলিত বাণীতে, তাঁহার লিখিত হরিকথা-প্রসঙ্গে কর্ম্ম-জ্ঞান নিরাস চেষ্টা বহুল পরিমাণে লক্ষিত হয়, কিন্তু তদ্দ্বারা কি ইহাই বুঝিতে হইবে যে, শ্রীল প্রভুপাদ অনুকূল অনুশীলনের কথা কিছুই বলেন নাই? প্রতিকূল-নিরাস-ব্যাপারটি এ জগতে অনুকূলগ্রহণের সহায়করূপেই অবস্থান করে। শ্রীগুরুবর্গ যেখানে প্রতিকূলকে গর্হণ করিয়াছেন, সেইখানেই অনুকূলকে দান করিয়াছেন। প্রেমপ্রচার ও পাষণ্ডদলন, অনুকূলগ্রহণ ও প্রতিকূল বর্জ্জন দুইটিকে একই ব্যাপার বলিয়া বুঝিতে পারি না বলিয়াই আমাদের চিত্তবিভ্রম উপস্থিত হয়।

শ্রীনিত্যানন্দ পাষণ্ডদলন করেন পাষণ্ডীর সহিত প্রতিযোগিতা করিবার জন্য নহে। কৃষ্ণ কংস ও কংসানুচরগণকে বিনাশ করিয়া-ছিলেন তাঁহার প্রতি পূর্ণ নির্ভরশীল, তাঁহাকে গোপ্তৃত্বে বরণকারী, পূর্ণ শরণাগত ব্রজবাসী ও মাথুর ভক্তগণকে রক্ষা করিবার জন্য, অসুরগণের সহিত প্রতিদ্বন্দ্বিতা করিবার জন্য নহে। সেবা-লাভেচ্ছু শ্রদ্ধালু শিষ্যকে—শিষ্যকে সেবার পথে চালিত করিবার জন্য শ্রীগুরু-নিত্যানন্দের প্রেমপ্রচারলীলা এবং শিষ্যের গতিপথ নিষ্কণ্টক করিবার জন্যই তাঁহার পাষণ্ডদলনলীলা। শরণাগত শিষ্যকে—নিত্যানন্দজনকে লইয়াই তাঁহার যা' কিছু সব। হরিকথা সেই শ্রদ্ধাবান্ শিষ্যেরই জন্য। বিদ্বেষীর সহিত বিরোধ করিবার জন্য গুরু-বৈষ্ণব জগতে আসেন না।

শ্রীল প্রভুপাদ, শ্রীশ্রীল আচার্য্যদেব প্রমুখ বৈষ্ণবগণ যখন কোন বিরুদ্ধ মতবাদ খণ্ডন করিয়াছেন বা করেন, কোনও পাষণ্ডীর বিদ্বেষমূলক চেষ্টাকে গর্হণ করেন, অথবা কপটাচারীর মুখোস উন্মোচন করিয়া দেন, তখন আমরা সকলেই অন্তর্নিহিত উল্লাস অনুভব করিয়া থাকি। অবশ্য উল্লাস হওয়া স্বাভাবিক এবং উহা ত' অন্যায় নহে, পরন্তু গুরুবৈষ্ণবের পাষণ্ডদলনলীলার উৎকর্ষ দর্শনে তাঁহার দাসাভিমানীগণের আনন্দ উল্লাস হওয়াই উচিত। কিন্তু সেখানে ভাবিবার কথা এই যে, এই আনন্দ যেন মৎসরতাজাত কৌতুক মাত্র না হয়। হরিকথা—তাহা পাষণ্ডদলনাকারেই হউক আর অন্বয় সেবার উপদেশাকারেই হউক, বিদ্বেষী বা বিরোধীর জন্য নহে। বিদ্বেষী, যাহাদের মঙ্গলের সম্ভাবনা কোন দিনই নাই যাহারা চেতনের সহিত বিবাদ ফলে অচেতনের শেষ সীমায় [illegible], যাহারা প্রকৃতির মতই [illegible], চেতনহীন [illegible] মাত্র, যাহারা কোনদিনই কৃপা গ্রহণ করিবে না, তাহাদের সহিত গুরু-বৈষ্ণবের ত' কোন সম্পর্ক নাই। গুরু-বৈষ্ণবের [illegible], [illegible] আমাদের নিকট [illegible] কেন, [illegible] প্রস্তরকেও দমন করেন, সুতরাং কেবলমাত্র বিবাদিগণের জিহ্বাস্তম্ভন উদ্দেশ্য নহে। বিরোধীকে দমন করিয়া উন্মুখকে রক্ষা করাই গুরুদেবের কার্য্য। গৌড়ীয় গুরু শ্রীরূপপাদানুগদের তাঁহার চরণে পাষণ্ডদলন ও প্রেমপ্রচারণ—এই দুইটি লীলাই প্রদর্শন করিয়াছেন। [illegible] শ্রেষ্ঠ-বিগ্রহ শ্রীরূপনাথ তাঁহার আশ্রিতজনদয় [illegible]—[illegible] [illegible] শ্রীবৃন্দাবনে প্রেরণ করিয়াছিলেন এক দুই [illegible] লীলাই প্রকট করিয়াছেন।

[illegible] প্রেমপ্রচারের [illegible], কর্ম্মজ্ঞাননিরাস বিপ্রকারে [illegible], অনিষ্ট বা প্রতিবন্ধকরূপ [illegible]। সেবা-[illegible] হয়, তাহা [illegible] না হয় তাহা হইলে আমরা [illegible] সমকক্ষ প্রতিদ্বন্দ্বী জ্ঞান করিয়া [illegible] করিব। [illegible] হইয়া পড়িব, আর [illegible] তাহারা নিস্তেজ হইয়া পড়িতেছে, তখন একটা 'রহস্য' দেখিবার আনন্দ অনুভব করিব।

[illegible] চেষ্টা বাস্তবতঃ [illegible] হইলেই গুরুবৈষ্ণবের পাষণ্ডদলন-লীলা জয়যুক্ত হইল বলা হইল না—এরূপ নহে। ভক্তি ও অভক্তি চিরদিনই আছে ও থাকিবে। জড়বিলাস ও [illegible] চিরদিনই আছে ও থাকিবে, হিরণ্যকশিপু, রাবণ, কংস, জরাসন্ধ, অঘ, বক, পূতনার ন্যায় চিত্তবৃত্তি—চিরদিনই আছে ও থাকিবে, কারণ ইহাদের [illegible] এই জড়জগৎ, আবার কর্ম্মজ্ঞান-নিরাসেচ্ছু জড়বিলাস ও [illegible]চেষ্টা, [illegible] চিরদিনই আছে ও থাকিবে। [illegible] হয় যে, এখন [illegible] উচ্ছেদ হইল না, [illegible] উন্মূলিত হইয়া [illegible] দেখা দেয়, তবে নিত্যানন্দ গৌরসুন্দরের শক্তিরই [illegible]—[illegible] নহে। বিদ্বেষী জগতে [illegible], [illegible], জ্ঞান, কর্ম্ম থাকে [illegible], [illegible] কিন্তু যাঁহারা [illegible] করিতে চাহেন, তাঁহারা [illegible]—[illegible] জন্যই [illegible], [illegible] করিবার জন্য নহে।

[illegible] জীব-[illegible]—[illegible], [illegible] শ্রদ্ধাই [illegible] হরিকথা [illegible] করিয়া থাকে। তখন জীব [illegible] শ্রীভগবানের সেবা করিয়া থাকেন।

——

প্রশ্নোত্তর

——::•::——

প্রশ্ন—হরিকথা শ্রবণের সঙ্গে সঙ্গেই যদি যুগপৎ ভগবৎসাম্মুখ্য ও ভগবদনুভব ঘটে, তবে তাহা সকল শ্রোতায় দৃষ্ট হয় না কেন?

উত্তর—শাস্ত্রশ্রবণাদি ভগবৎসাম্মুখ্যের ও ভগবদনুভবের কারণরূপে বীজায়মান হইলেও অর্থাৎ অঙ্কুরোৎপাদন সামর্থ্যযুক্ত হইলেও কাল, কর্ম্ম ও মায়াদি দোষ প্রবল থাকিলে শ্রবণের সহিতই ভগবৎসাম্মুখ্য ও ভগবদনুভব হয় না। শ্রীল প্রহ্লাদ মহারাজ এই কথা দৈন্যভরে অপরের শিক্ষার জন্য বলিয়াছিলেন,—

নৈতন্মনস্তব কথাসু বিকুণ্ঠনাথ
সম্প্রীয়তে দুরিতদুষ্টমসাধু তীব্রম্।
কামাতুরং হর্ষশোকভয়ৈষণার্ত্তং
তস্মিন্ কথং তব গতিং বিমৃশামি দীনঃ॥
(ভাঃ ৭।৯।৩৯)

হে বৈকুণ্ঠনাথ! তোমার শ্রীনাম-রূপ-গুণ-লীলাকথায় আমার মন সম্যগ্‌রূপে প্রীত হয় না, যেহেতু পিত্তদুষ্ট রসনায় যেরূপ মিশ্রি ভাল লাগে না, সেইরূপ বহির্ম্মুখতারূপ পাপবিশিষ্ট ভর্জার হর্ষশোকভয়াদির দ্বারা চালিত হইয়া আমার ধনাদিলাভ-বাসনাময় কামাতুর মন সর্ব্বদা খিন্ন। সেইরূপ মনের দ্বারা আমি তোমার তত্ত্ব কিরূপে বিচার করিতে সমর্থ হইব?

যাবৎ পাপৈস্তু মলিনং হৃদয়ং তাবদেব হি।
ন শাস্ত্রে সত্যবুদ্ধিঃ স্যাৎ সদ্বুদ্ধিঃ সদ্‌গুরৌ তথা।
অনেকজন্মজনিতপুণ্যরাশিফলং মহৎ।
সৎসঙ্গ-শাস্ত্রশ্রবণাদেব প্রেমাদি জায়তে॥
(শ্রীভক্তিসন্দর্ভ, ১৮ অনুচ্ছেদধৃত
শ্রীব্রহ্মবৈবর্ত্তপুরাণ-বচন)

যেকাল হৃদয় পাপরাশি দ্বারা মলিন থাকে, তৎকাল শাস্ত্রে সত্যবুদ্ধি এবং সদ্‌গুরুতে সদ্বুদ্ধি হয় না। সৎসঙ্গ এবং শাস্ত্র শ্রবণ হইতে প্রেমলাভ অনেক জন্মের মহাসুকৃতি-ফলেই হয়।

ন হ্যপুণ্যবতাং লোকে মূঢ়ানাং
কুটিলাত্মনাম্।
ভক্তির্ভবতি গোবিন্দে কীর্ত্তনং স্মরণং তথা॥
(শ্রীভক্তিসন্দর্ভ, ১৫০ অনুচ্ছেদ-ধৃত
স্কন্দপুরাণ-বচন)

এই জগতে মূঢ়, কুটিলচিত্ত, পাপী জনগণেরই শ্রীগোবিন্দের প্রতি ভক্তি এবং তাঁহার কীর্ত্তন ও স্মরণেচ্ছা হয় না।

অনেকজন্মসংসারচিতে পাপসমুচ্চয়ে।
নাক্ষীণে জায়তে পুংসাং গোবিন্দাভিমুখী
মতিঃ॥
(শ্রীভক্তিসন্দর্ভ, ১৭৯ অনুচ্ছেদধৃত
বিষ্ণুধর্ম্ম-বচন)

বহুজন্মরূপ সংসার হইতে উৎপন্ন পাপরাশি বিনষ্ট না হইলে জীবগণের শ্রীকৃষ্ণাভিমুখী মতি উদিত হয় না।

প্রঃ—ক্রোধাতুর, বিষয়াসক্ত, বিষয়ানুরাগী পাপদুষ্ট ব্যক্তিগণও অসাধু বলিয়া তাহাদের শাস্ত্রে সত্যবুদ্ধি ও সদ্‌গুরুতে সদ্বুদ্ধি হয় না। কিন্তু এরূপ লোকের সংখ্যাই ত' পৃথিবীতে অধিক। ইহাদের মঙ্গল তবে কি করিয়া হইতে পারে?

উঃ—পিত্তদুষ্ট রসনায় মিশ্রি ভাল না লাগিলেও উহাই আদরের সহিত প্রত্যহ সেবন করিতে করিতে যেরূপ পিত্তরোগ দূর হয় ও পরে মিশ্রি মিষ্ট বলিয়া অনুভব হয়, তদ্রূপ শ্রীসাধুমুখবিগলিত হরিকথা পাপমলিন চিত্তে ভাল না লাগিলেও উহাই পুনঃ পুনঃ সদ্বৈদ্যের (সদ্‌গুরুর) শাসনাধীনে আদরের সহিত শ্রবণ করিতে করিতে অনর্থ-রোগের উপশম হইতে থাকিলে রুচিকর বোধ হয়।

প্রঃ—নিত্যমঙ্গলের প্রতি অরুচি বা বহির্ম্মুখতা ব্যাধিকে নির্ম্মূল করিবার অমোঘ উপায় কি?

উঃ—বহির্ম্মুখতা-ব্যাধিকে নির্ম্মূল করিতে হইলে বিপরীত দিক্ হইতে চিকিৎসা করা প্রয়োজন। সদ্বৈদ্যগণ ব্যাধির নিদান ধরিয়া চিকিৎসা করেন, তাহা হইলে ব্যাধি চিরতরে নির্ম্মূল হয়। বহির্ম্মুখতা-ব্যাধি নির্ম্মূল করিতে হইলে উন্মুখতা প্রয়োজন, বৈমুখ্য দূর করিতে হইলে সাম্মুখ্যই আবশ্যক। উন্মুখতার পূর্ণতা ভগবদ্ভক্তিতে দৃষ্ট হয়। এতদ্ব্যতীত আরও দুইটী ভগবদুন্মুখতার ভান আছে, তাহা 'কর্ম্মার্পণ' ও 'জ্ঞান'। 'কর্ম্মার্পণ' সর্ব্বাপেক্ষা নিম্ন, তদপেক্ষা 'জ্ঞান' শ্রেষ্ঠ এবং 'ভগবদ্ভক্তি' সর্ব্বশ্রেষ্ঠ। ভক্তিকে যে সর্ব্বশ্রেষ্ঠ বলা হয়, তাহা মতবাদবিশেষ নহে। বস্তুতঃ বহির্ম্মুখ অবস্থা দূর করিয়া কেবল ক্লেশনিবৃত্তিই প্রয়োজন হইতে পারে না। ব্যাধি দূর হইলে স্বাস্থ্যলাভ হয় বটে, কিন্তু স্বাস্থ্যলাভ করিয়া যথেচ্ছ বিচরণ, স্বজন-সম্ভাষণ প্রভৃতি বিচিত্র সুখকর কার্য্য করিতে না পারিলে কেবলমাত্র ক্লেশনিবৃত্তিকে পূর্ণ স্বাস্থ্যলাভের আদর্শ বলা যায় না। সাক্ষাদ্ ভক্তির এমনই মাহাত্ম্য যে, তাহার আভাসেও পরমানন্দের উদয় হয়। আভাস দূরে থাকুক, যাহা অপরাধরূপে প্রতীয়মান হয়, তাহারও মহাপ্রভাব দৃষ্ট হয়। অতএব যাহার আভাসের দ্বারা জীব এতটা কৃতার্থ হইতে পারে, সেই সাক্ষাদ্ ভক্তির কথা আর কি? অতএব ভক্তিই—'অভিধেয়।'

——

শ্রীএকায়নমঠে শ্রীজন্মাষ্টমী ও শ্রীনন্দোৎসব

গত ১৫ই আগষ্ট শুক্রবার শ্রীচৈতন্য-মঠের অন্যতম শাখা ক্ষেত্রক্ষেত্র শ্রীএকায়নমঠে শ্রীশ্রীকৃষ্ণজয়ন্তী উৎসব ও তৎপর দিবস শ্রীশ্রীনন্দোৎসব পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্য-দেবের আনুগত্যে নিরন্তর হরিসংকীর্ত্তনমুখে সুসম্পন্ন হইয়াছে। মঠসেবকগণ নিরম্বু উপবাসী থাকিয়া শ্রীকৃষ্ণজয়ন্তী-তিথি পালন করিয়াছেন। শ্রীনন্দোৎসবের দিবস সমাগত ভদ্র ব্যক্তি ও মহিলাগণকে শ্রীমহাপ্রসাদ বিতরণ করা হইয়াছে।

স্নান-বিধি

শ্রীহরিভক্তিবিলাস বলিতেছেন,—

দ্বাদশ্যাং পঞ্চদশ্যাঞ্চ গব্যেন হবিষা হরেঃ।
স্নপনং দৈত্যশার্দ্দূল মহাপাতকনাশনম্॥
(৬ষ্ঠ বিঃ ৪০ শ্লোক)

হে দৈত্যশ্রেষ্ঠ! দ্বাদশী ও পঞ্চদশীতে গব্যঘৃত দ্বারা হরিকে স্নান করাইলে মহা-পাতক নষ্ট হয়।

দ্বাদশীতে দিবাভাগে শ্রীবিষ্ণুকে স্নান করাইতে নাই, ঐ দিবস রাত্রিতে ঘৃতস্নানই বিধি। জগদ্‌গুরু শ্রীল সনাতন গোস্বামী প্রভু শ্রীহরিভক্তিবিলাসের উপরিউক্ত শ্লোকের টীকায় লিখিয়াছেন,—"দ্বাদশ্যামিতি প্রায়ো বৈষ্ণবানাং দ্বাদশ্যামুপবাসাপক্ষে-ব্রতদিন ইত্যর্থঃ। 'স্নানং ন হব্যং দদ্যাদ্দ্বাদশ্যাং বৈষ্ণবো দিবা'। দ্বাদশ্যামিতি দ্বাদশীরাত্রাবিত্যর্থঃ। দিবৈব তত্র হরিস্নপননিষেধাৎ।"

——

শ্রীকৃষ্ণজয়ন্তী ও নন্দোৎসব

——::•::——

মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠে

পরমারাধ্যতম পতিতপাবন ও বিষ্ণুপাদ অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের আনুগত্যে গত ১৫ই ও ১৬ই আগষ্ট তারিখে মাদ্রাজ শ্রীগৌড়ীয়-মঠে শ্রীকৃষ্ণজয়ন্তী ও শ্রীনন্দোৎসব হরি-সংকীর্ত্তনমুখে সুষ্ঠুভাবে প্রতিপালিত হইয়াছে।

শ্রীজয়ন্তীদিবস উষঃকালে শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীজীউর মঙ্গলারাত্রিক কীর্ত্তনের পর শ্রীশ্রীহরিগুরুবৈষ্ণববন্দনা, পঞ্চতত্ত্ব, শ্রীগুরুপরম্পরা এবং 'গুরুদেব! কৃপাবিন্দু দিয়া' ও 'কবে শ্রীচৈতন্য মোরে করিবেন দয়া' প্রভৃতি মহাজনপদাবলী কীর্ত্তনান্তে শ্রীচৈতন্যভাগবত পারায়ণ আরম্ভ হয়। মধ্যাহ্নে শ্রীবিগ্রহের ভোগারাত্রিক-কীর্ত্তনের পর সন্ধ্যা পর্য্যন্ত পারায়ণ চলিতে থাকে। তৎপরে সন্ধ্যারাত্রিক-কীর্ত্তন ও শ্রীমন্দির-পরিক্রমার পর শ্রীশ্রীগুরুবৈষ্ণববন্দনা, 'নিতাইপদকমল', পঞ্চতত্ত্ব, 'বৈষ্ণব-ঠাকুর দয়ার সাগর', 'হরি হে, প্রপঞ্চে পড়িয়া অগতি হইয়া', 'কবে হ'বে বল সেদিন আমার' ও 'অনাদি করমফলে পড়ি ভবার্ণবজলে' প্রভৃতি মহাজনপদাবলী কীর্ত্তন হয় এবং শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-লীলা পাঠ করিয়া ইংরাজী ভাষায় উপস্থিত শ্রোতৃবর্গকে বুঝাইয়া দেওয়া হয়। রাত্রি ৯ ঘটিকা হইতে শ্রীমদ্ভাগবত ১০ স্কন্ধ হইতে দেবগণ কর্ত্তৃক দেবকীর গর্ভস্তোত্র পাঠ ও ইংরাজী ভাষায় তাহার মর্ম্ম শ্রোতৃগণকে বুঝাইয়া দেওয়া হয় এবং রাত্রি ১১ ঘটিকা পর্য্যন্ত শ্রীশ্রীকৃষ্ণের আবির্ভাবলীলা পাঠ হয়। পরে ১২ ঘটিকা পর্য্যন্ত শ্রীশ্রীগুরু-বৈষ্ণবভগবানের শ্রীপাদপদ্মে কৃপাপ্রার্থনা-সূচক বিবিধ মহাজনপদাবলী কীর্ত্তন হইতে থাকে এবং ১২ ঘটিকার সময় শ্রীশ্রীকৃষ্ণের অর্চ্চনের পর ভোগনিবেদন করত ভোগা-রাত্রিক-কীর্ত্তন হয়।

পরদিবস শ্রীনন্দোৎসবোপলক্ষে মঙ্গলারাত্রিক-কীর্ত্তনের পর শ্রীশ্রীগুরুবৈষ্ণববন্দনা, গুর্ব্বষ্টক, পঞ্চতত্ত্ব, 'ওহে, বৈষ্ণব ঠাকুর দয়ার সাগর' প্রভৃতি মহাজনপদাবলী কীর্ত্তন হয় এবং প্রাত্যহিক নিয়মানুসারে শ্রীচৈতন্যশিক্ষামৃত পাঠ হয়। পূর্ব্বাহ্ন ১১ ঘটিকায় শ্রীবিগ্রহের ভোগারাত্রিক কীর্ত্তনের পর হইতে অপরাহ্ন ৪ ঘটিকা পর্য্যন্ত প্রায় এক সহস্র দরিদ্রকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

অপরাহ্নে শ্রীমঠের শ্রীকৃষ্ণকীর্ত্তনহলে ৬ ঘটিকা হইতে সন্ধ্যা ৭॥ ঘটিকা পর্য্যন্ত শ্রীকৃষ্ণ-জয়ন্তী ও শ্রীনন্দোৎসব সম্বন্ধে একটি নাতি-দীর্ঘ বক্তৃতা প্রদত্ত হয়।

——

শ্রীপুরুষোত্তম মঠে

পরমারাধ্যতম ও বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের আনুগত্যে শ্রীপুরুষোত্তমমঠস্থ ভক্তবৃন্দের উদ্যোগে গত ১৫ই আগষ্ট শুক্রবার শ্রীশ্রীজন্মাষ্টমী-দিবস মঙ্গলারাত্রিকের পর গুর্ব্বষ্টক, পঞ্চতত্ত্ব ও মহাজনপদাবলী কীর্ত্তন হইলে পর প্রাতঃ ৭ ঘটিকা হইতে রাত্রি ১২ ঘটিকা পর্য্যন্ত শ্রীচৈতন্যভাগবত পারায়ণ হয়।

তৎপর দিবস প্রাতে গুরু-বৈষ্ণববন্দনা, পঞ্চতত্ত্ব ও বিভিন্ন মহাজন-পদাবলী কীর্ত্তনের পর শ্রীনন্দমহারাজের মহিমার কথা আলোচিত হয়। সন্ধ্যায় আরাত্রিকের পর গুরুবৈষ্ণববন্দনা, পঞ্চতত্ত্ব ও বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তন হইলে শ্রীমদ্ভাগবতের ১০ম স্কন্ধ হইতে শ্রীশ্রীনন্দোৎসব-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা হয়। পরে সমাগত শ্রোতৃবৃন্দকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

——

শ্রীগৌড়ীয়মঠে বিশিষ্ট দর্শক

গত ১৬ই আগষ্ট বাঙ্গলার মাননীয় মন্ত্রী শ্রীযুত মুকুন্দবিহারী মল্লিক এম্-এ, বি-এল মহোদয়, শ্রীযুত সুরেন্দ্রনাথ ভট্টাচার্য্য, শ্রীযুত জগচ্চন্দ্র মণ্ডল এম্-এল-এ (কুমিল্লা) ও শ্রীযুত মধুসূদন সরকার এম-এল-এ (পাবনা) শ্রীগৌড়ীয়মঠে আগমন করিয়া শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিপাদাগ্রণী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ-গোস্বামী মহারাজের শ্রীমুখে বহুক্ষণ যাবৎ শ্রীহরিকথা শ্রবণ করেন। শ্রীগৌড়ীয়মঠাশ্রিত শ্রীযুত উরুক্রম চক্রবর্ত্তী এম্-এস-সি, বি-এল, শ্রীযুত সুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল, রায়বাহাদুর শ্রীযুত কে, সি, সেন সুপারি-ণ্টেণ্ডিং ইঞ্জিনিয়ার, শ্রীযুত জগন্নারায়ণ দাসাধিকারী বি-এ, শ্রীযুক্ত ভববন্ধচ্ছিদ্ ভক্তিসৌরভ বি-এল প্রমুখ ভক্তগণের সহিতও তাঁহাদের আলাপ হইয়াছিল।

——

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅখণ্ডজ্ঞান ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক—শ্রীভববন্ধচ্ছিদ দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশুভবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরেরাম ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীসঙ্কীর্তন দাসাধিকারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বৰ্দ্ধমান)
সেবক—শ্রীরামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বৰ্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাহ্নগর (বৰ্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
ভাউতারা (শ্রীনৃসিংহদেব পল্লার নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীকুঞ্জগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠাসন
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুঁড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীরামলক্ষ্মণ ব্রহ্মচারী

গদাই গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদত্তস্তবনিলয় বিদ্যাবত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সবভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাশাংবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গন্ধীবসিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপাবলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনন্দীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীউদ্ধব দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবৰ্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা, মথুরা
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেষশায়ী
পোঃ হোডোল, জেঃ গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিত্যাইদাস ব্রহ্মচারী

মান্দ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা, মান্দ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মান্দ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলবরনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবাপনাবহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)
আলবরনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাশ্রয় ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীপদ্মনাভ দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ালনাথ ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাজবাঁধ, বৰ্দ্ধমান
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ভুমুরকুণ্ডা, পোঃ চিংকুপা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাক্সেটার রোড, ষ্টাউড গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১।১।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

লক্ষ্নৌ গৌড়ীয়মঠ
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড লক্ষ্নৌ, ইউ-পি
সেবক—শ্রীসনত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅতুলগোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরাবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীযাদবেশ্বর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীনন্দীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদক
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয়ের শ্রৌতান্বেষণ এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। ইহাই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা, প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ সুশোভন প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মান্দ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা, মান্দ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গ্রথিত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা কবলের আলেখ্য ভূমিকা ও সূচীসহ অভূতপূর্ব্ব সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণরূপে গৌড়ীয় মিশনকর্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,
শ্রীযুক্ত সুশান্তিরঞ্জন দাশ এম্-এ, বি-এল্,
পুরাণপল্টন, পোঃ রমণা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—২৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

বিজ্ঞাপন

'মেডিকেল ডিগ্রী' সংগ্রহ করুন

আয়ুর্ব্বেদিক হোমিওপ্যাথিক, ইউনানী,
কেমিষ্ট প্রভৃতি পরীক্ষা ঘরে বসিয়া দিন।
বিনা খরচে প্রস্পেক্টাস ফ্রী। ইংরাজী কিম্বা
উর্দ্দু ভাষায় পত্র ব্যবহার করিবেন।

প্রিন্সিপ্যাল ওল্ড ইণ্ডিয়ান
মেডিক্যাল কলেজ
আম্বালা সিটী

শুদ্ধভক্তিগ্রন্থমালা

তম্ সমগ্র)
২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
শম স্কন্ধ— ৯৲
৩। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাধা) ৲
৪। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
সরস্বতী জয়শ্রী (অবাধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲ ; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০
৯। জৈবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। দ্বাদশ আলবর ॥০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়সাহিত্য ।৵০
২২। ভজন রহস্য ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী-টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল মাধ্বভাষ্য ॥০
২৭। যুক্তিমল্লিকা গুণসৌরভঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তকঃ (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাধা ॥৵০ বাঁধা ৸০)
৩০। দ্বীপ-দিগ্দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ⁄১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ⁄১০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২।০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক ⁄১০
৪৬। অর্থপঞ্চক ⁄১০
৪৭। সদাচারস্মৃতিঃ ⁄১০
৪৮। কল্যাণকল্পতরু ⁄১০
৪৯। অর্চ্চনকণ ⁄০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ⁄০
৬০। সাংখ্যবাণী ⁄০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২॥০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ॥০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৫। সটীকা শিক্ষাদশমূলম্ ।০
৬৬। তত্ত্বত্রয়ম্ ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৵০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ ⁄০
৬৯। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥০
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ॥০
৭২। নামভজন ⁄০
৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অন্টলজি ॥০
৭৪। রিলেটীভ ওয়ার্ল্ডস্ ।৵০
৭৫। লাইফ এ্যাণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০
৭৬। বৈষ্ণবীজম্ ॥০
৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ⁄০
৭৮। দি ভাগবত ।০
৭৯। হরো টক প্রিন্সিপাল এণ্ড আনফ্যালবেড ডিভোশন ।০
৮০। ব্রহ্মসংহিতা ॥০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৬৲
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸০
৮৫। সাধনপথ ।০
৮৬ কল্যাণকল্পতরু ⁄১০
৮৭। গীতাবলী ⁄১০
শরণাগতি ⁄০
৮৯। শ্রীসচ্চিদানন্দবাণী ।৵০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ॥০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ।০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	॥০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	১॥০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

তিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ; এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ হিন্দি পদ্যানুবাদসহ মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭॥০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬॥০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয়-সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিভাষীপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপকটের পূর্ণ শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার অসাধারণ পাণ্ডিত্যের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অতুলনীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূললক্ষ্য। তৎপরে বড় অক্ষরে গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার অনুবাদ। তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এক গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ৷৷০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

					শনিবার ব্যতীত			
					শনিবার	অন্য দিন		
কলিকাতা ছাঃ	৪-৫৬	৬-২১	৭-১৪	.৩-১৬	১৫-১০	১৬-২৬	১৭-৫৩	০০-২৬
দমদম "	৪-৫৬	৬ ৩১	৭ ২৮	১৩ ২৯		...	১৮-৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯-১৮	১৪ ৫০	১৬-৪৮	১৮-৩১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ	.	..	.	৯-৩১	.			..
কৃষ্ণনগর পৌঃ	৬-২৯	৮-৪০	১০-৬	১৫-১৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-১৬	১৪-৫০	১৭-৪০			২০-৩০	
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১০-২৫	১৮-১৫			২১-৫	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫-৩৩	১৮-২৩			২১-১৩	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম "	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
" ছাঃ	১২-৫৬
শান্তিপুর পৌঃ	১৩ ২৪
(বদল) ছাঃ	১৩ ৪২ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩৩

ডাউন

					শনিবার ব্যতীত			
					অন্য দিন	শনিবার		
নবদ্বীপঘাট ছাঃ		৬-১৪	৯-১১		১৬-৩	১৬-৩১	১৮-৩৮	
মহেশগঞ্জ "		৬-২৩	৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ		৬-৫৭	৯-৫৫		১৬-৪৬	১৭ ১৪	১৯-২১	
বদল) ছাঃ	৬-৩১ ৭-১০		৮-৫২	১১-১৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪-১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৫৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	.		. .	.	১৫-৫৬	১৭-৪২	.	..
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১ ২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬	২১-৪০	২৩ ১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪-১
মহেশগঞ্জ "	১৪-১০
কৃষ্ণনগর পৌঃ	১৪-৪৪
ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷৷০ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। প্রয়াগ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরনিধাম'র অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্য জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনস্বী সজ্জনগণের সহিত যে সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগ'বরসিদ্ধান্তসংরক্ষণে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবর্য্যের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———::০::———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৷১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখানহইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতিও অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না॥ ছোট বোতল ৷৷৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

:—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা;
বেহালা, ২৪ পরগণা

টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

Regd No. C 1544

শ্রীশ্রীপ্রতিরত্নমালা
—:০:—
শ্রীল নারায়ণদাস ভক্তি-সুধাকর এম-এ সঙ্কলিত। এই গ্রন্থ কথাসার, বিস্তৃত ভূমিকা ও সূচীসহ অতি সুন্দর রূপে প্রকাশিত হইয়াছে। ঈশ, কেন, কঠাদি দ্বাদশ উপনিষদের অভিনব সংস্করণ ভিক্ষা মাত্র ১॥০ টাকা।
প্রাপ্তিস্থান—
মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—ওয়ারী, ঢাকা

দৈনিক নদীয়া-প্রকাশ

'THE DAILY NADIA PRAKASH'

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক সংবাদপত্র

শ্রীচৈতন্যদেব
—:০:—
স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য-মহাপ্রভুর জীবনী ও শিক্ষার কথা সুন্দরভাবে ইহাতে লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট কাগজে সুন্দর বাঁধাই।
৩য় সংস্করণ, ভিক্ষা ১॥০
প্রাপ্তিস্থান
শ্রীগোপীনাথ শ্রীমানী
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

১৬খণ্ড] শ্রীমায়াপুর,—৮ই ভাদ্র, ১৩৪৮, ২৫শে আগষ্ট, ইং ১৯৪১, সোমবার [১৪৪তম সংখ্যা

বিবিধ-সংবাদ

——::০(০)::০——

বার্লিনে বোমাবর্ষণ

জার্মাণরা আপাততঃ রাশিয়াকে নিয়ে ভয়ানক বেশি ব্যস্ত আছে। রাজকীয় বিমানবাহিনীর তা'তে বেশ সুবিধা হয়েছে আর সে সুবিধার যে পূর্ণ সদ্ব্যবহার করছে তা একেবারে নিঃসন্দেহ।

১লা আগষ্ট রাত্রে রাজকীয় বিমান-বহরের বোমারু বিমানগুলো বার্লিনের বহু সামরিক গুরুত্বপূর্ণ স্থানে বোমা ফেলে শত্রুর ভীষণ ক্ষতি ক'রে এসেছে। হামবুর্গ আর কিয়েল-ও রেহাই পায়নি রাজকীয় বিমানবাহিনীর হাত থেকে। অনেকগুলো দু-এঞ্জিন ও চার-এঞ্জিনওয়ালা বোমারু এই ভীষণ আক্রমণ চালিয়েছিল এবং যে-সমস্ত বোমা এই-আক্রমণে ব্যবহৃত হয়েছিল সেগুলো যে অত্যন্ত সাংঘাতিক রকমের তা' এ-কথা বললেই বোধ হয় স্পষ্ট বোঝা যাবে যে, বৃটিশ অস্ত্রশালায় এর চাইতে ভারি বোমা আজো তৈরী হয়নি।

বলা বাহুল্য, জার্মাণ রেডিও এই আক্রমণের ভয়াবহতা গোপন করতে চেষ্টার ত্রুটী করছে না। তারা বলছে যে, কয়েকটা বোমারু—তাও সংঘবদ্ধ হ'য়ে নয়, আলাদা আলাদা ভাবে—বার্লিন আক্রমণ করেছিল। এর অবশ্য আরো একটা মানে করা যায়। তা হচ্ছে এই যে, বার্লিন জানে, এ-ই শেষ নয়, এর চাইতেও ভয়ানক কষ্ট তার বরাতে আছে। রাত্রি ক্রমেই লম্বা হচ্ছে আর তার সঙ্গসঙ্গেই বাড়বে রাজকীয় বিমানবহরের কর্মতৎপরতা। জার্মাণ এতদিন লণ্ডনকে, পাশবিক পুলক নিয়ে নৃশংসভাবে হত্যা ক'রে এসেছে লণ্ডন এবং আরো অনেক নগরনারীর নিরস্ত্র জনসাধারণকে। আজ যদি তাকেই সেই কষ্ট পেতে হয় তবে সে নিজেকে ছাড়া আর কাকে দোষ দিতে পারে?

এদিকে রাশিয়ার বিমানবাহিনীও জোর আক্রমণ চালাচ্ছে বার্লিনের উপর। জার্মাণি অতর্কিতে রাশিয়া আক্রমণ ক'রে যে অন্যায়ের সূচনা করেছিল সে [illegible] পূর্ণ হ'য়ে এখন সে [illegible] আক্রমণ করলো রাশিয়ার [illegible]। আজ বার্লিনের বুকেরা, হ'য়ে ফিরে আসছে সেই-অন্যায়, বার্লিনবাসীর [illegible]।

ওরা অবশ্য রাত্রে আবহাওয়া ছিল বেয়াড়া, কিন্তু হ'লে কি হবে? রাজকীয় বিমানবাহিনীর আক্রমণ তাতে একটুও কমেনি। হ্যানোভার আর ফ্রাঙ্কফুর্ট-এ বোমা ফেলা হয়েছে প্রচুর। জার্মাণ ঘাঁটিগুলো আক্রমণ করা হয়েছে নিয়মিত-ভাবে।

জার্মাণি আর জার্মাণ অধিকৃত দেশে রাজকীয় বিমানবাহিনীর [illegible] এ থেকেই বোঝা যায় যে, আমেরিকা এবং অন্যান্য জায়গা থেকে এরই মধ্যে প্রচুর [illegible] বৃটেন [illegible] য়ুরোপের [illegible] পদক্ষেপ ক'রে আক্রমণ চালিয়ে [illegible] হবার [illegible] না-ও হ'তে পারে।

—

রাশিয়া দমেনি, দমবে না

রাশিয়ার [illegible] জার্মাণরা [illegible] প্রবল আক্রমণ ক'রে [illegible] তারা তৃতীয় আক্রমণ শুরু [illegible] আক্রমণ [illegible] প্রবলতর হবে এমন আশঙ্কা [illegible]। কিন্তু [illegible] না। জার্মাণরা এ কাদের [illegible] রাশিয়ার সৈন্যসমাবেশের [illegible]

তাকে [illegible] করতে।

সেইখান [illegible] চারদিকে [illegible] লেনিনগ্রাড আর [illegible] এর [illegible] কিন্তু [illegible] নিশ্চিত [illegible] পৌঁছোতে পারছে না, [illegible]। এমন কি কোনো [illegible] [illegible] আক্রমণ [illegible] রোধ করা হয়েছে। [illegible] সেটা [illegible] রাশিয়ার হাতে আছে।

—

রাশিয়ার লাভ

[illegible]

থাইল্যাণ্ডে জাপান [illegible]

[illegible]

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্শ কলেজের ইতিহাসের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম এ মহোদয়ের গৌড়গবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া ভারতীয় দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। বহু চিত্র, মানচিত্র ও নির্ঘণ্টযুক্ত গ্রন্থ মানচিত্রের বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় দার্শনিক দর্শনের সহিত তুলনামূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড ৩৩শ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রম সাজান সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা ১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়াপেট্টা মাদ্রাজ, শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

শ্রীগুরুদেব আচার্য্যরূপী ভগবান্। কৃষ্ণরূপা মূর্ত্তি ধারণ করিয়া গুরুরূপে জগতে অবতীর্ণ। শ্রীগুরুদেব বিভুবস্তু। তিনি ঈশ্বরতত্ত্ব—সেবক-ভগবান্। শ্রীকৃষ্ণ-চৈতন্যদেবই আশ্রয়তত্ত্ব গুরুরূপে বর্ত্তমান। শ্রীকৃষ্ণচৈতন্যদেব অদ্বয়জ্ঞানতত্ত্ব হইয়া ছয়টি বিভিন্ন তত্ত্বে প্রকাশমান—১। গুরুতত্ত্ব, ২। শ্রীশ্রীবাসাদি ভক্ততত্ত্ব, ৩। অংশাবতার শ্রীঅদ্বৈততত্ত্ব, ৪। স্বরূপ-প্রকাশ শ্রীনিত্যানন্দ, ৫। শ্রীগদাধরাদি নিজশক্তিতত্ত্ব এবং ৬। স্বয়ং ভগবত্তত্ত্ব শ্রীকৃষ্ণচৈতন্য। অচিন্ত্য ভেদাভেদ স্বীকৃত হইলে ছয় তত্ত্বই ভগবান্, কিন্তু পরস্পর পৃথক্। শ্রীবাসাদি ভক্ত, শ্রীগদাধরাদি শক্তি, শ্রীঅদ্বৈত, শ্রীনিত্যানন্দ ও শ্রীগুরুদেব—এই পঞ্চতত্ত্ব শ্রীকৃষ্ণচৈতন্যদেবের সহিত অভিন্ন হইলেও—এই পাঁচ তত্ত্বই শ্রীকৃষ্ণচৈতন্য হইতে পৃথক্ দাস। শ্রীগুরুদেব শ্রীচৈতন্যদেবের দাস হইলেও ভগবানের প্রকাশস্বরূপ ভগবানই শ্রীগুরুদেব। শ্রীগুরুদেব সাক্ষাৎ ভগবৎপ্রকাশ হইলেও তিনি শ্রীকৃষ্ণচৈতন্যের প্রিয়তম দাস। শ্রীগুরুপাদপদ্ম অতিমর্ত্ত্যবস্তু। শ্রীগুরুদেব মর্ত্ত্য নহেন, অনিত্য নহেন, তিনি অমরবস্তু, নিত্যবস্তু। তিনি কৃষ্ণ হইতে দাসরূপে ভিন্ন হইলেও কৃষ্ণের অভিন্ন প্রিয়বস্তু। তিনি ভক্তশ্রেষ্ঠ, সুতরাং কৃষ্ণ হইতে বড়। কৃষ্ণের সহিত সমান মনে করিলে তাঁহার খর্ব্বতা করা হয়। শাস্ত্র বলেন,—

যদ্যপি আমার গুরু—চৈতন্যের দাস।
তথাপি জানিয়ে আমি তাঁহার প্রকাশ॥
কৃষ্ণদাস-অভিমানে যে আনন্দসিন্ধু।
কোটি-ব্রহ্মানন্দ নহে তা'র এক বিন্দু॥
কৃষ্ণসাম্যে নহে তা'র মাধুর্য্য-আস্বাদন।
কৃষ্ণের সমতা হইতে বড় ভক্তপদ।
মুক্তি যে চৈতন্যদাস আর নিত্যানন্দ।
দাসভাব সম নহে অন্যত্র আনন্দ॥
সেই কৃষ্ণ অবতীর্ণ চৈতন্য-ঈশ্বর।
অতএব আর সব তাঁহার কিঙ্কর॥

শ্রীগুরুদেব শ্রীকৃষ্ণের সাধারণ দাস নহেন। তিনি অসমোর্দ্ধ বস্তু—তিনি দাস-কৃষ্ণ—সেবক-কৃষ্ণ। তিনি ভগবত্তত্ত্ব বলিয়া শক্তি-মত্তত্ত্ব নহেন—তিনি শ্রীকৃষ্ণের স্বরূপশক্তি। শ্রীকৃষ্ণ তাঁহার প্রেমাধীন। গুরু ও কৃষ্ণের মধ্যে পরস্পর অবিচ্ছেদ্য সম্বন্ধ। কেহ কাহাকেও এক মুহূর্ত্ত ছাড়িয়া থাকিতে পারেন না। শ্রীকৃষ্ণ গুরুপ্রিয়তম এবং শ্রীগুরুদেব কৃষ্ণপ্রিয়তম। কৃষ্ণই গুরুর সর্ব্বস্ব এবং গুরুও কৃষ্ণের সর্ব্বস্ব। গুরুর মত এত প্রিয় কৃষ্ণের আর কেহ নাই। গুরুকে লইয়াই কৃষ্ণের সব। কৃষ্ণ গুরুর প্রাণ এবং গুরু কৃষ্ণের প্রাণ। প্রণয়রজ্জুদ্বারা পরস্পর পরস্পরের হৃদয়ে আবদ্ধ। কৃষ্ণ গুরুর জন্য পাগল, গুরু-কৃষ্ণের জন্য পাগল। গুরু কৃষ্ণের সুখের জন্য ব্যস্ত, কৃষ্ণও গুরুর সুখের জন্য সতত ব্যগ্র। কে কাহাকে বেশী সুখ দিতে পারে তজ্জন্য সর্ব্বক্ষণ পরস্পরের মধ্যে প্রেমের প্রতিযোগিতা চলিতেছে। শ্রীগুরুদেব নিজ প্রাণবন্ধু শ্রীকৃষ্ণকে চব্বিশ ঘণ্টার মধ্যে চব্বিশ ঘণ্টাই নবনবায়মানভাবে সেবা করিয়া আনন্দ প্রদান করিতেছেন। কৃষ্ণসুখবিধান ছাড়া তাঁহার আর অন্য কৃত্য নাই। সেই কৃষ্ণ-প্রিয়তম মধুররসরসিক শ্রীশ্রীল প্রভুপাদ ও শ্রীশ্রীল আচার্য্যদেবকে আমরা আমাদের নিত্যপ্রভুরূপে—নিত্যরক্ষক, নিত্যপালক ও নিত্যনিয়ামকরূপে পাইবার সৌভাগ্য পাইয়াছি। আমরা সকল বিষয়ে অযোগ্য হইলেও অদোষদর্শী প্রভুর অযাচিত কৃপা আমাদের প্রতি অজস্র বর্ষিত হইতেছে। সুতরাং কত আশাভরসা আমাদের। আমরা মহাদোষী হইলেও তিনি অদোষদর্শী অর্থাৎ কাহারও দোষ দর্শন করেন না। আমরা পতিত হইলেও তিনি পতিতপাবন। আমরা দুর্ব্বল হইলেও তিনি দুর্ব্বলের বল, অসহায়ের সহায়, দীনের বন্ধু। আমরা নির্ব্বোধ হইলেও তিনি মহাপণ্ডিত। আমরা বহির্ম্মুখ হইলেও তিনি দয়া-পরবশ হইয়া আমাদিগকে অন্তর্ম্মুখ করিবার জন্য উদ্গ্রীব। আমরা জানি বা না জানি, তথাপি তিনি আমাদের নিত্যপ্রভু। আমরা সর্ব্বদোষাকর হইলেও তিনি সর্ব্বগুণালয়, মহামহাবদান্য ও পরম দয়াল। আমরা অযোগ্য হইলেও তাঁহারই নিত্যভৃত্য। শ্রীগুরুপাদপদ্মাশ্রিত ব্যক্তি নির্ম্মোহ, নির্ভয় ও অশোক; জানিনা, শ্রীগুরুপাদপদ্মকে নিত্যপ্রভুরূপে বরণ করিবার সৌভাগ্য আমাদের কবে হইবে।

শ্রীগুরুপাদপদ্ম নিত্য, শ্রীগুরুপূজাও নিত্য। গুরুর না হইলে গুরুপূজা হয় না। গুরুর হওয়াই—নিজেকে গুরুর কিঙ্করানু-কিঙ্কর বলিয়া জানাই শ্রীগুরুপূজায় অধিকার। অকিঞ্চনই গুরুর প্রকৃত সেবক। শরণাগতই গুরুদাস। গুরুদেবতাত্মাই গুরুর সেবক। গুরুদাস কৃষ্ণের বড় প্রিয়। গুরুর সুখেই কৃষ্ণের সুখ। গুরুসেবাই কৃষ্ণসেবা। যেখানে গুরু, সেখানে কৃষ্ণ, যেখানে কৃষ্ণ, সেখানেই গুরু। গুরুকে লইয়াই কৃষ্ণের কৃষ্ণত্ব এবং কৃষ্ণকে লইয়াই গুরুর গুরুত্ব। শ্রীগুরুদেব গোপীনাথ নহেন, তিনি গোপী-আশ্রয়বিগ্রহ। তাঁহার ভোক্তৃ অভিমান নাই। তিনি অনুক্ষণ সেবকাভিমানে মত্ত। এই গুরুদেবের ন্যায় এমন মঙ্গলপ্রদ কাম্য আর নাই। পরমারাধ্যতম শ্রীশ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—"জগতে যত-প্রকার পূজ্যবস্তুর পূজা আছে, সকল পূজা অপেক্ষা ভগবানের পূজা সর্ব্বোত্তম, আর সেই সর্ব্বোত্তম পূজ্যের পূজক আরও অধিক বড় পূজক। সেই পূজককে ভগবান্ পূজা করিয়া থাকেন। সর্ব্বাপেক্ষা পূজ্য—ভগবান্, আর সেই ভগবানের পূজার বা প্রেমের পাত্র-প্রেমিক ভগবদ্ভক্ত, সেই ভগবদ্ভক্তের অগ্রণী—শ্রীগুরুপাদপদ্ম। ভগবান্ যাঁহার পূজা করিয়া থাকেন, তাঁহার পূজা নিশ্চয়ই সব চেয়ে বড়। সকল আরাধনা অপেক্ষা ভগবানের আরাধনা বড়, ভগবানের আরাধনা অপেক্ষা গুরু-পাদপদ্মের সেবা বড়—এই প্রতীতি সুদৃঢ় না হওয়া পর্য্যন্ত আমাদের সৎসঙ্গ বা গুরু-দেবের আশ্রয়ের বিচার হয় না—যাঁহারা আশ্রিত, তিনি আমাদের পালক—এই বিচার হয় না।"

কেহ কেহ শ্রীগুরুদেবকে সাক্ষাৎ ভগবান্ কল্পনা করিয়া ভগবানের পৃথক্ অস্তিত্ব স্বীকার করেন না। তাঁহাদের বিচার ঠিক নহে। শ্রীগুরুদেব ভগবান্ হইয়াও ভগবানের নিত্যানিক পার্ষদ—ভগবানের পরম প্রিয়তম। ভক্তগণ শ্রীগুরুদেবকে ভগবদ্বুদ্ধি করিলেও তাঁহাকে ভগবানের প্রিয়তম বলিয়া জানেন। কর্ম্মী, জ্ঞানী ও ভক্ত—সকলেই শ্রীগুরুদেবকে ভগবদ্দৃষ্টি করিয়া থাকেন, কেহই প্রাকৃতদৃষ্টি করেন না। শুদ্ধভক্তগণ গুরু ও কৃষ্ণে অভেদদৃষ্টি করিলেও গুরুদেবকে কৃষ্ণের প্রিয়তম বলিয়া জানেন। জগদ্‌গুরু শ্রীল রঘুনাথ দাস গোস্বামী প্রভু বলিয়াছেন,—

ন ধর্ম্মং নাধর্ম্মং শ্রুতিগণনিরুক্তং কিল কুরু
ব্রজে রাধাকৃষ্ণপ্রচুরপরিচর্য্যামিহ তনু।
শচীসূনুং নন্দীশ্বরপতিসুতত্বে গুরুবরং
মুকুন্দপ্রেষ্ঠত্বে স্মর পরমজস্রং ননু মনঃ॥

হে মন, তুমি বেদাদিষ্ট ধর্ম্মসমূহ, বেদ-নিষিদ্ধ অধর্ম্মাদি কিছুই করিও না, ব্রজে শ্রীরাধাকৃষ্ণের প্রচুর পরিচর্য্যা কর। শচী-নন্দনকে শ্রীব্রজেন্দ্রনন্দন বলিয়া জান এবং শ্রীগুরুদেবকে কৃষ্ণপ্রিয়তম জানিয়া সর্ব্বক্ষণ স্মরণ কর।

শ্রীগৌরাঙ্গের নিজজন শ্রীল ঠাকুর ভক্তি-বিনোদও লিখিয়াছেন,—

শ্রীশচীনন্দন-ধনে, শ্রীনন্দ-নন্দন সনে,
এক করি' করহ ভজন।
শ্রীমুকুন্দপ্রিয়জন গুরুদেবে জান মন,
তোমা লাগি' পতিতপাবন॥
জগতে প্রকট তাই, তাঁহা বিনা গতি নাই,
যদি চাহ আপন কুশল।
তাঁহার চরণ ধরি' তাদেশ সদা স্মরি
ভক্তিবিনোদ দেহ' বল॥
গুরুকে সামান্য জীব না জানিবে কভু।
গুরু কৃষ্ণশক্তি, কৃষ্ণপ্রেষ্ঠ নিত্য প্রভু॥

শ্রীগুরুদেবকে কৃষ্ণ বলিয়া মনে করা মায়াবাদীর মত। শ্রীগুরুদেব আশ্রয়-কৃষ্ণ-ভোক্তৃকৃষ্ণের লেশমাত্র স্বভাব নাই। শ্রীগুরুদেব—কৃষ্ণভোগ্য—কৃষ্ণপ্রেষ্ঠ, ইহাই শুদ্ধভক্তের বিচার। গুরু তিনপ্রকার—শ্রবণগুরু, ভজন-শিক্ষাগুরু ও মন্ত্রগুরু। অনেক স্থলে বর্ত্মপ্রদর্শক গুরু বা শ্রবণগুরু এবং ভজনশিক্ষাগুরু একই ব্যক্তি হন। শ্রীগুরু-দেবকে অভীষ্ট দেবতার ন্যায় ভক্তি করিবে। শ্রীগুরুদেব নিত্যানন্দমূর্ত্তি। কিন্তু তাই বলিয়া তিনি অন্যনাশ্রীবন নহেন। শ্রীগুরু-দেব সন্ধিনী, হ্লাদিনী বা সম্বিৎশক্তিরূপে নিত্য বিরাজমান, কিন্তু কেবল সম্বিৎশক্তির পরিচয় তাঁহার স্কন্ধে চাপাইতে গেলে মায়াবাদী হইয়া পড়িতে হয়।

শ্রীগুরুদেব দয়ার সাগর। তাঁহার দয়ার একবিন্দু পাত হইলে জীব পরমানন্দ-সাগরে মগ্ন হইতে পারে। শ্রীগুরুদেব যে সে ভক্ত নহেন, তিনি গোলোকস্থিত, তিনি অবতার, অপ্রপঞ্চ হইতে কৃপাপূর্ব্বক প্রপঞ্চে অবতীর্ণ। তাঁহার ন্যায় অনুপম রূপ আর কাহারও নাই। তাঁহার সেই অসামান্য, অতিমর্ত্ত্য সৌন্দর্য্যে শ্রীরাধাগোবিন্দের নয়নমন মুগ্ধ ও আকৃষ্ট। সেই কৃষ্ণপ্রেষ্ঠ জগদ্‌গুরু শ্রীল আচার্য্যদেবের পদ-নখ-শোভা-দর্শনের সৌভাগ্য হইল না যার স্বরূপ থাকিতে হয় না, স্বরূপে বা স্বরূপে প্রতিষ্ঠিত হইয়া শ্রীরূপের—শ্রীরূপানুগবিগ্রহ শ্রীগুরু-দেবের আনুগত্যলাভের সৌভাগ্য হয়। স্বরূপ লাভিয়া শ্রীরূপের বা শ্রীরূপানুগবর শ্রীশ্রীজীবের সেবাসৌভাগ্য হয় না। গৌর-জন শ্রীশ্রীল আচার্য্যদেব—শ্রীরূপ-রঘুনাথ-শ্রীজীবাদিগ্রহ। শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভু যেরূপ শ্রীরূপের অনুগত, শ্রীশ্রীল আচার্য্যদেবও সেইরূপ শ্রীরূপানুগ শ্রীশ্রীল প্রভুপাদের অনুগ। তদনুগ, স্বতন্ত্রানুগ এই মহাপুরুষপ্রবরের অহৈতুকী কৃপাদৃষ্টির মধ্যে যাহাতে পড়িতে পারি—ইহাই শ্রীগুরুপূজা-বাসরে শ্রীগুরুবৈষ্ণব-ভগবানের নিকট কাতর প্রার্থনা।

প্রথমেই নমস্কার করিতে হইবে অর্থাৎ কানটি পাতিতে হইবে। প্রথমে শিষ্য হওয়া, তারপর গুরুসেবা। শিষ্য বা শ্রৌতপন্থী নিশ্চয় সিদ্ধান্ত পাইবেন—কৃষ্ণকে পাইবেন। গুরুদেবের নিকট তদ্বিষয়ে কোন সংশয় বা দ্বিধা নাই। কৃষ্ণ যাঁহার বশীভূত, সেই গুরুদেবের বন্ধু নিকট যেখানে কৃষ্ণকে পান। এতদ্ব্যতীত অপর শ্রীকৃষ্ণসেবা লাভ করিতে পারে না। শ্রীগুরু শিষ্যের সমানাধিকার নাই। শ্রীগুরুদেব সর্ব্বদা বৈরাগ্য ও সর্ব্বশক্তি লইয়া তাঁহার সেবা বলিয়া ধন্য হইবার জন্য তাঁহার দাসপ্রার্থী। শ্রীগুরুদেব কৃষ্ণৈকপ্রাণ। তিনি কৃষ্ণের সর্ব্বক্ষণ একমাত্র সর্ব্বময় নিত্যসেবক। এ জগতের পরজগতের—সকল সম্বন্ধই তাঁহার

করতলগত। তাঁহার সংস্পর্শে আসিবার সৌভাগ্য পাইলে নিরানন্দ আর কখনই স্পর্শ করিতে পারে না। যাঁহাকে লইয়া আনন্দমূর্ত্তি কৃষ্ণেরও আনন্দ, তাঁহার সঙ্গ ও কৃপাই যে মঙ্গললাভের একমাত্র উপায় তাহাতে আর সন্দেহ কি? শ্রীকৃষ্ণের নিজজন আজ ভিক্ষুকের বেশে আমাদের সম্মুখে উপস্থিত, কিন্তু আমরা এমনই হতভাগা যে, তাঁহাকে দেখিয়াও দেখিতে পাইতেছি না, তাঁহাকে আপনজন বলিয়া বরণ করিতে পারিতেছি না। তিনি যে একমাত্র বিশ্বের বান্ধব, তাহা উপলব্ধি করিতে পারিতেছি না। ইহার কারণ কি? কর্ণপথ বা শ্রৌতপথ ছাড়িয়া অন্য ইন্দ্রিয়ের পথাশ্রয়ই ইহার মূল কারণ। সুতরাং আজ শ্রীগুরু-পূজার দিনে মৃত্যুর পথ ছাড়িয়া দৃঢ়তার সহিত শ্রৌতপথ অবলম্বন করিয়া প্রকৃত শ্রৌতপন্থী বা শিষ্য হইবার সৌভাগ্য আমাদের হউক, ইহাই প্রার্থনা।

শ্রৌতপন্থী না হইলে বাসনানল হৃদয়কে দগ্ধ করিবেই। কর্ণের পথ ছাড়িয়া বা শাস্ত্রানুশাসন পরিত্যাগ করিয়া এই চক্ষুর দ্বারা দেখিয়া বা মাপিয়া লইবার ইচ্ছা হইবে, তখনই আমাদের সর্ব্বনাশ। গুরুকৃপা হইলে মায়াবাণীর কবল হইতে নিষ্কৃতি পাইয়া শ্রীসেবা-সম্রাজ্ঞীর কৃপাবলে ধন্য হইতে পারিব।

শ্রীগুরুদেব সর্ব্বত্রই আছেন। সমগ্র জগৎ শ্রীগুরুপাদপদ্মের প্রতিফলিত প্রতিবিম্ব। প্রত্যেক রেণু-পরমাণুতে গুরুর সম্বন্ধ পরিস্ফুট, সুতরাং কাহারও অসম্মান বা অনাদর করা গুরুসেবকের কর্ত্তব্য নয়। গৌরকরুণাশক্তি শ্রীগুরুদেবের দয়ার তুলনা নাই। তিনি সর্ব্বক্ষণ আমাদিগকে দয়া করিবার জন্য প্রস্তুত। সূর্য্যের কি আলো-বিতরণে কৃপণতা আছে? দরজা খুলিলেই হইল। শ্রীগুরুদেব জীবন্মৃত আমাদের সকলের জীবন-দাতা, ভবরোগের সদ্বৈদ্য এবং সকলের একমাত্র বন্ধু। জন্মমৃত্যুর হাত হইতে রক্ষা করিবার সাধ্য আর কাহারও নাই। শ্রীগুরুদেব ঈশ্বর হইয়াও ঈশ্বরের সেবকরূপে আমাদিগকে ভগবদ্ভজন শিক্ষা দেন। শ্রীগুরুদেব কৃষ্ণের আকর্ষণী শক্তি। তাঁহাতে আকর্ষণ-ধর্ম্ম আছে। তিনি আমাদিগকে কৃপাপূর্ব্বক আকর্ষণ করিলে আমাদের যাবতীয় অনর্থের প্রতিবন্ধক অনায়াসে দূরীভূত হইবে। তাঁহার কৃপাই মায়াপাশ হইতে উদ্ধারের একমাত্র সম্বল। তাঁহার পদধূলি আমাদের একমাত্র আকাঙ্ক্ষণীয় হউক—

আজন্মনিকুঞ্জ রহিয়াছি যাহে পুনঃ পুনঃ।
শ্রীমদাচার্য্যপাদাজ্জরেণু স্যাং জন্মজন্মনি॥

শ্রীশ্রীগুরুপাদপদ্ম-পূজা

(শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী)

আজ নিত্যারাধ্যতম, পতিতপাবন, অধমতারণ, দীনের বন্ধু, কাঙ্গালের ঠাকুর, অনাথের নাথ, অসহায়ের সহায়, নিত্য নিত্য প্রভু, হৃদয়দেবতা শ্রীশ্রীল আচার্য্যদেবের আবির্ভাব-তিথি। আমরা দীন হীন কাতর হইয়া অনুক্ষণ শ্রবণ-কীর্ত্তন-স্মরণমুখে এই পরমপবিত্র তিথির পূজা করিলে পরম করুণাময় শ্রীশ্রীআচার্য্যভাস্কর কৃপাপূর্ব্বক আমাদের হৃদয়গুহায় আবির্ভূত হইয়া অনাদিকালের সঞ্চিত অজ্ঞানান্ধকাররাশি বিনাশ করিয়া শ্রীকৃষ্ণের স্বারাজ্যসিংহাসন স্থাপনা করিবেন।

শ্রীশ্রীল আচার্য্যদেব আমাদের শ্রীগুরুপাদপদ্ম—শুধু এই বিশ্বের কেন, অনন্তকোটি বিশ্বব্রহ্মাণ্ডের আব্রহ্মস্তম্ব সকলেরই শ্রীগুরু-পাদপদ্ম। তাঁহার শ্রীপাদপদ্মপূজাই নিখিল জীবের একমাত্র কর্ত্তব্য। তাঁহার শ্রীপাদ-পদ্মের কৃপা যিনি লাভ করিয়াছেন, তিনিও জগৎ উদ্ধার করিতে পারেন। শ্রীগুরুপাদ-পদ্মের পূজা প্রত্যেক মুহূর্ত্তের প্রারম্ভে, প্রত্যেক দিনের প্রারম্ভে, প্রত্যেক মাসের প্রারম্ভে, প্রত্যেক বৎসরের প্রারম্ভে, প্রত্যেক কার্য্যের আরম্ভে, অনুক্ষণ যদি না হয়, তাহা হইলে অন্য কোন ইতরবস্তুর পূজায় আমরা আকৃষ্ট হইবই। যে শ্রীগুরুপাদপদ্ম আমাদের একমাত্র আশ্রয়, যিনি আমাদিগকে সর্ব্বক্ষণ দ্বিতীয়াভিনিবেশের হস্ত হইতে রক্ষা করিয়া শ্রীকৃষ্ণপাদপদ্ম আকর্ষণ করিতেছেন, অনুক্ষণ শ্রবণ-কীর্ত্তন স্মরণমুখে যদি সেই নিত্যারাধ্যতম প্রভুর শ্রীপাদপদ্মপূজা না করি, তাঁহাকে ভুলিয়া যাই, তাহা হইলে ভক্তিপথ হইতে বিচ্যুত হইতেই হইবে। শ্রীগুরুপাদপদ্ম কৃষ্ণশক্তি—কৃষ্ণের আকর্ষণী শক্তি। তাঁহার কৃপাকর্ষণের মধ্যে পড়িতে পারিলে এ জগতের রূপ, রস, গন্ধ, শব্দ, স্পর্শের ভাল-মন্দ আমা-দিগকে আকর্ষণ ও বিকর্ষণ করিতে পারিবে না। এই শ্রীগুরুদেবের শ্রীচরণে আশ্রয় গ্রহণ করিলে আর শোক, মোহ, ভয় থাকে না—সর্ব্বতোভাবে সর্ব্বপ্রকার মঙ্গল লাভ হয়।

কৃষ্ণসেবাবিস্মৃত পতিত আমাদের উদ্ধারের জন্যই পতিতপাবন-শিরোমণি শ্রীশ্রীগুরুদেবের আবির্ভাবলীলা। হতভাগ্য আমি আজ আমার হৃদয়দেবতাকে বিস্মৃত হইয়া, অন্যরাগে জর্জ্জরিত হইয়া, মনোধর্ম্মে প্রণোদিত হইয়া শ্রেয়ঃকে শ্রেয়ঃ, মনোধর্ম্মকে আত্মধর্ম্ম, আমার সংকল্প-বিকল্পাত্মক মনের বিচারকে বিবেকের বাণী মনে করিয়া প্রতি মুহূর্ত্তে বঞ্চিত হইতে চলিয়াছি এরূপ অসময়ে কে আমাকে রক্ষা করিবেন যদি শ্রীগুরুপাদ-পদ্ম আমাকে এই সমস্ত বাধাবিপত্তি অতিক্রম করিয়া হরিভজনে অগ্রসর হইবার কৌশল ও সদুপদেশ প্রদান না করিতেন। শ্রীগুরু-দেবের কৃপা যে মুহূর্ত্তে রহিত হইয়া যাইবে, সেই মুহূর্ত্ত হইতেই নানাপ্রকার সংশয়, সন্দেহ আসিয়া আমাকে পথভ্রষ্ট করিয়া দিবে। তাই শ্রীল নরোত্তম ঠাকুর গাহিয়াছেন,—

শ্রীগুরুচরণপদ্ম কেবল ভকতিসদ্ম
বন্দোঁ মুঞি সাবধান মতে।
যাঁহার প্রসাদে ভাই এ ভব তরিয়া যাই
কৃষ্ণপ্রাপ্তি হয় যাঁহা হ'তে॥
গুরুমুখপদ্মবাক্য চিত্তেতে করিয়া ঐক্য
আর না করিহ মনে আশা।
শ্রীগুরুচরণে রতি এই সে উত্তমা গতি
যে প্রসাদে পূরে সর্ব্ব আশা॥
নিতাই-পদকমল কোটিচন্দ্র-সুশীতল
যে ছায়ায় জগৎ জুড়ায়।
হেন নিতাই বিনে ভাই, রাধাকৃষ্ণ পাইতে নাই
দৃঢ় করি ধর নিতাইয়ের পায়॥

শ্রীগুরুদেব অভিন্ন শ্রীবলদেব। শ্রীবল-দেবের শ্রীপাদপদ্মাশ্রয় ভিন্ন কৃষ্ণের বশ্যতা হয় না—ভক্তিলতা বাঁচে না। শ্রীগুরুনিত্যা-নন্দের কৃপা ব্যতীত কেহ কখনও হরিভজন করিতে পারে না। শ্রীগুরুনিত্যানন্দ যাঁহার প্রতি কৃপাদৃষ্টি করেন, তাঁহারই মঙ্গল হয়। তাঁহার কৃপাতেই শ্রীচৈতন্যলীলা স্ফূর্ত্তি-প্রাপ্ত হয়।

ইষ্টদেব বন্দোঁ মোর নিত্যানন্দ রায়।
চৈতন্যের কীর্ত্তি স্ফুরে যাঁহার কৃপায়॥
অতএব আগে বলরামের স্তবন।
করিতে যে মুখে স্ফুরে চৈতন্য-কীর্ত্তন॥

গুরুপূজা ব্যতীত গৌরাঙ্গপূজা ও গোবিন্দপূজা হইতে পারে না। শ্রীগুরুদেব শ্রীগৌরাঙ্গ ও শ্রীগোবিন্দের প্রকাশবিগ্রহ। এ জগতে তাঁহাদিগকে দান করিবার জন্যই শ্রীগুরুদেবের অবতরণ। সেব্য-ভগবানই তাঁহার সেবা নিজে আচরণ করিয়া শিক্ষা দিবার জন্য সেবক-ভগবান্ শ্রীআচার্য্য-পাদপদ্মরূপে বিশ্বে আত্মপ্রকাশ করিয়াছেন। সেবক-ভগবানই—শ্রীগুরুপাদপদ্ম, শ্রীআচার্য্য-পাদপদ্ম বা শ্রীব্যাসদেব। তাঁহার পূজাই—শ্রীগুরুপূজা, শ্রীআচার্য্যপূজা বা শ্রীব্যাসপূজা। এই শ্রীব্যাস-গুরুদেবের পূজার প্রণালী শ্রীশ্রীল প্রভুপাদ এইরূপভাবে বলিয়াছেন,—"সাক্ষাৎ ভগবান্‌কে যেরূপ বিচার কর্‌বে, গুরুদেবকেও সেইরূপ বিচার কর্‌বে, কোন অংশে কম মনে কর্‌বে না। সাধুসকল—পণ্ডিত সকল বেদজ্ঞ ব্রাহ্মণ সকলের কর্ত্তব্য হ'চ্ছে—ভগবানের ন্যায় গুরুকে জানা—পূজা করা—সেবা করা। যদি তা না করেন তবে শিষ্যস্থান হ'তে ভ্রষ্ট হ'য়ে যা'বেন। মহান্ত গুরুদেবকে ভগবান্ হ'তে অভিন্ন—ভগবানের প্রকাশ-মূর্ত্তি না জান্‌লে কোনদিন ভগবানের নাম মুখে উচ্চারিত হ'বে না। ভগবান্ নিজেই নিজের সেবাশিক্ষা দিবার জন্য গুরুরূপে অবতীর্ণ হ'য়েছেন।"

শ্রীগুরুপাদপদ্ম আশ্রয়বিগ্রহ হইলেও পূর্ণ আশ্রয়বিগ্রহ নহেন—তাঁহার প্রকাশ। শ্রীভগবানের পরিপূর্ণ কৃপাই শ্রীগুরুপাদপদ্ম-রূপ মূর্ত্তি ধারণ করিয়াছেন। তিনি ভগবৎ-সেবাশিক্ষাদাতা। তিনি কোন সম্প্রদায়ের অন্তর্ভুক্ত নহেন। তাঁহার পূজা বিষয়-বিগ্রহ শ্রীভগবানের পূজা অপেক্ষাও বড়। বিষয়-বিগ্রহ শ্রীভগবানের সহিত আশ্রয়-বিগ্রহ শ্রীগুরুদেবের যে প্রকার সম্বন্ধ, বৈষ্ণবের সহিত শ্রীগুরুপাদপদ্মের সেইপ্রকার সম্বন্ধ নহে। শ্রীগুরুদেব ভোক্তা নহেন। তিনি কৃষ্ণপ্রিয়তম। শ্রীগুরুদেব সর্ব্বকাল সর্ব্বাপেক্ষা সর্ব্বতোভাবে শ্রেষ্ঠ—এই দর্শন না হইলে প্রকৃত গুরুদর্শনই হয় না।

মহাসৌভাগ্যফলে আজ আমরা শ্রীগুরু-পাদপদ্মের সাক্ষাৎকার পাইয়াছি। তিনি কৃপাপূর্ব্বক অযোগ্য আমাদিগকে যোগ্যতা প্রদান করিবার জন্য—তাঁহার শ্রীচরণতলে আশ্রয়লাভের সৌভাগ্য প্রদানের জন্য নিজ-গুণে আমাদের নিকট সমুপস্থিত হইয়াছেন। ব্রহ্মাদি দেবতাগণ যাঁহার কোন সন্ধান পান না, সেই শ্রীগুরুপাদপদ্মের আজ আবির্ভাব-তিথি। আজ আমরা তাঁহার কৃপায় তাঁহার সংস্পর্শে আসিবার সৌভাগ্য লাভ করিয়াছি, তাঁহার শ্রীমুখে হরিকথাশ্রবণের সৌভাগ্যলাভ করিয়াছি, তাঁহার শ্রীপাদপদ্মদর্শন ও পূজনের সৌভাগ্য লাভ করিয়াছি। কতভাগ্য আমাদের! কিন্তু হায়! তাঁহার এত অযাচিত করুণাতেও আমাদের কঠোর প্রাণ একটুও বিগলিত হইল না, চিত্ত দ্রবীভূত হইল না। আমার মন এতটা বহির্ম্মুখ যে, কিছুতেই সর্ব্বক্ষণ তাঁহার নিকট কৃপাভিক্ষা করিতে পারিতেছি না। তাঁহার অপার করুণার কথা কেহ কোনযুগে কোনকালে বলিয়া শেষ করিতে পারিবে না। জগতের প্রতি তাঁহার কত করুণা! আশ্রিত সেবকগণের প্রতি তাঁহার যে বাৎসল্য, তাহার তুলনা এ জগতে পাওয়া যায় না। এ কথা আমরা হৃদয়ের অন্তস্তল হইতে কোটি কোটিবার বলিতে পারি যে, এ জগতে করুণাময় শ্রীশ্রীল আচার্য্যদেবের ন্যায় জীবদুঃখকাতর ও বাস্তবসত্যের কীর্ত্তনকারী আর দ্বিতীয় কেহ নাই। তাঁহার শাসন অপরাধিগণের আমাদের নিকট যতই আপাত-কঠোর বা নির্ম্মম বলিয়া মনে হউক না কেন, তন্মধ্যে তাঁহার অপূর্ব্ব ও অকৃত্রিম পরদুঃখ-কাতরতার ও স্নেহপূর্ণ কোমল হৃদয়েরই প্রকৃষ্ট সন্ধান পাওয়া যায়। কি মঠবাসী, কি গৃহস্থ সকলের জন্যই তাঁহার হৃদয় সর্ব্বদা ক্রন্দন করিতেছে। যিনি বিন্দুমাত্রও তাঁহার সংস্পর্শে আসিয়াছেন, তিনি কখনও তাঁহার করুণার কথা ভুলিতে পারিবেন না। তিনি আমাদের ভজনরাজ্যের দুরবস্থা দেখিয়া চুপ করিয়া থাকিতে পারেন না, হরিভজন করিতে আসিয়া ভজনহীন অলস জীবনযাপন করা দেখিয়া তিনি স্থির থাকিতে পারেন না। যাহাতে আমরা হরিভজনে সর্ব্ববিষয়ে যোগ্যতালাভ করিতে পারি—যাহাতে আমাদের জড়তা, অন্যমনস্কতা ঘুচিয়া যায়—হরিভজনের পথে খুব তীব্র গতিতে চলিতে

গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে। গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে॥

পারি—অন্যাভিলাষ, ইতরচিন্তা নষ্ট হইয়া যায়, যাহাতে সর্ব্বক্ষণ সজাগ হইয়া আরাধ্যবস্তুর সেবায় আত্মনিবিষ্ট থাকিতে পারি, তজ্জন্য তিনি সর্ব্বক্ষণ আপাত-তীব্রবাণী কীর্ত্তন করিয়া আমাদের সংশোধনের যত্ন করেন। তাঁহার সমস্ত আচরণই আমাদের মঙ্গলের জন্য। যিনি শরণাগত হইয়া শ্রদ্ধাসহকারে তাঁহার শ্রীপাদপদ্মে পতিত হইবেন, তাঁহাকেই তিনি কৃপা করিবেন। দেহাত্মবোধের বীজ, যাহা আমাদের আনখকেশাগ্র পরিব্যাপ্ত হইয়া রহিয়াছে, তাহা শ্রীনিত্যানন্দ-বিগ্রহ শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপা ব্যতীত কিছুতেই অপসারিত হইতে পারে না। আমরা শত শত জন্মের চেষ্টাবলে যে অনর্থের হাত হইতে উদ্ধার পাইতে পারি না, তাহা শ্রীশ্রীল আচার্য্যদেবের বিন্দুমাত্র শুভদৃষ্টিফলেই অপসারিত হইয়া যায়। তাঁহার কৃপাদৃষ্টির মধ্যে না পড়িতে পারিলে হরিভজনের প্রবল পিপাসা জাগে না। যাঁহার প্রতি তাঁহার কৃপা হইয়াছে, তিনিই হরিভজনের পথে খুব তীব্র গতিতে চলিতে পারেন, বাধাবিঘ্নাদি তাঁহার কিছুই করিতে পারে না। যতই বাধাবিঘ্ন আসে, তিনি ততই দ্রুতগতিতে শ্রীগুরুপাদপদ্মের দিকে অগ্রসর হইয়া থাকেন। হরিভজনের পথে কি ভাবে চলিতে হইবে, তাহা তাঁহার বাণীতে পাই—"জীবনসর্ব্বস্ব শ্রীগুরুবর্গের নাম প্রাণের আর্ত্তির সহিত চোখের জল ফেলিতে ফেলিতে যদি স্মরণ করা যায়, তাহা হইলে তাঁহারা পথ দেখাইবেন, সমস্ত সমস্যার সমাধান বা মীমাংসা করিয়া দিবেন। আকিঞ্চন বা কান্নাকাটি হইলে তাঁহারা অবশ্যই দয়া করিবেন, কিছু রাখিয়া দিতে হইবে না। সম্বন্ধটী ঠিক রাখিয়া যদি গুরুবর্গের ইচ্ছার সহিত dovetailed হইয়া থাকা যায়, তাহা হইলে সবই মঙ্গল। 'গুরুবর্গ আমার, আমি তাঁহাদের'—এই সম্বন্ধটী দৃঢ় হইলে তবেই কল্যাণ হইবে।

শ্রবণকীর্ত্তনটা যেন routine work না হ'য়ে যায়, সেদিকে তীব্র লক্ষ্য রাখ্‌তে হ'বে। আদরের সহিত, রুচির সহিত শ্রবণ-কীর্ত্তন কর্‌তে হ'বে। প্রত্যেক কাজটাই প্রাণ থেকে হওয়া চাই, তা'হ'লে সেবা হ'বে। নিজেকে সংশোধন কর্‌তে হ'বে, কিন্তু তা' না ক'রে যদি আমি বলি, বিষয়াভিনিবেশ আমি কিছুতেই ছাড়ব না, আমি আমার কাজ কর্‌বই, তা'তে মহাপুরুষগণ যতই রক্ত খরচ করুন না কেন, তা'তে কি হ'বে? নঙ্গর পোতা থাক্‌বেই, কিছুতেই উঠাব না, আবার কেহ উঠাতে গেলে তাঁ'কেও কোন রকমে উঠাতে দিব না—এরূপ কর্‌লে কি হরিভজন হ'বে? নঙ্গর না তু'লে—বিষয়াসক্তি না ছেড়ে কেবল দাঁড় টান্‌লে হ'বে না। যে সকল কথা বলা হইল, সেগুলি যদি হৃদয়ে দাগ কাটিয়া বসে, তবেই মঙ্গল হইবে। আমরা তাঁ'কে না চাইলে তিনি আর কি কর্‌বেন।"

এই পরমকরুণাময় পতিতপাবনশিরোমণি শ্রীগুরুপাদপদ্মে কি আমরা আত্মসমর্পণ করিতে পারিব না? তিনিই যে নিখিলে আমার একমাত্র প্রভু—একথা উপলব্ধি কি আমাদের হইবে না? তাঁহার পূজা—তাঁহার প্রীতিবিধানেই যে শ্রীগৌরসুন্দরের, নিখিল বৈষ্ণববৃন্দের পূজা—প্রীতিবিধান হয়, একথা কি তাঁহার কৃপায় উপলব্ধির বিষয় হইবে না? আমি যে একমাত্র তাঁহারই নিজ নিত্যদাস, তাঁহাকে ছাড়িয়া আমার একমুহূর্ত্তও চলিবে না, এরূপ ভাব লাভ কবে হইবে? দীন হীন পতিতের তিনি ছাড়া যে আর কেহ নাই—একথা কবে মর্ম্মে মর্ম্মে অনুভূতির বিষয় হইবে? যেদিন বুঝিতে পারিব—'শ্রীগুরুদেব আমা লাগি পতিতপাবন', সেই দিনই আমার গুরুপূজার সার্থকতা হইবে। তাই আজ শ্রীশ্রীগুরুপূজাবাসরে এ পতিতের প্রার্থনা—

এ তিন সংসারে মোর আর কেহ নাই।
কৃপা করি' নিজ পদতলে দেহ ঠাঁই॥
প্রতি জন্মে করি আশা চরণের ধূলি।
এ অধমে কর দয়া আপনার বলি॥

শ্রীশ্রীগুরুপূজাবাসরে বিজ্ঞপ্তি

(শ্রীঅবিনাশচন্দ্র দাস)

আজ শ্রীশ্রীগুরুপূজাবাসর। শ্রীগুরুদেব শ্রীমুকুন্দপ্রেষ্ঠজন শ্রীকৃষ্ণের অভিন্নবিগ্রহ পতিতপাবনাবতার। শ্রীগুরুদেব আমাদের পূজ্য ও নিত্য আরাধ্য বস্তু। গুরুপূজার নামে লঘুর পূজা গুরুপূজা নয়। শ্রীগুরুদেব যে সে নর নন। তিনি মর্ত্ত্য জীববিশেষ নহেন। শ্রীগুরুদেব কে? তদুত্তরে স্বয়ং শ্রীভগবান্ বলিয়াছেন—

আচার্য্যং মাং বিজানীয়ান্নাবমন্যেত কর্হিচিৎ।
ন মর্ত্ত্যবুদ্ধ্যাসূয়েত সর্ব্বদেবময়ো গুরুঃ॥

শ্রীগুরুদেব শ্রীভগবান্ হইতে অভিন্ন। শ্রীভগবানই মাদৃশ অজ্ঞানান্ধ সংসার-সমুদ্রে নিমজ্জমান, ত্রিতাপদগ্ধ ক্ষুদ্র জীবের পরিত্রাণের জন্য গোলোক হইতে ভূলোকে, বরলোক হইতে অবরলোক এই মরজগতে আচার্য্যরূপে গুরুরূপে—প্রকাশিত হন। শ্রীআচার্য্যদেব সেবক ভগবান্। তিনি জীব নহেন—জীবপ্রভু—কপট-মানব। তাঁহাকে মনুষ্যজ্ঞান করিলে অনন্ত রৌরব অবশ্যম্ভাবী।

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে।
গুরু-অন্তর্যামিরূপে শিখান আপনে॥

ভাগ্যবান্ জনই শ্রীগুরুদেবের সন্ধান পান। অল্পভাগ্যে শ্রীগুরুদেবের সন্ধান পাওয়া যায় না। যাঁহার প্রতি ভগবান্ কৃপাবর্ষিত হয়, ভগবান্ যাঁহাকে আপন—আত্মসাৎ করিয়া লইতে চাহেন, তাঁহার ভাগ্যেই গুরুর সন্ধান মিলে। অত্যন্ত সৌভাগ্যের ফলে বহু জন্মার্জ্জিত সুকৃতির ফলস্বরূপে শ্রীগুরুপাদপদ্মে পৌঁছিবার সুযোগ উপস্থিত হয়। শ্রীগুরু-পাদপদ্ম লাভ হইলে সর্ব্বস্বমঙ্গল লাভ হয়। যে শ্রীগুরুদেব আমার হৃদয়ের অন্ধকার দূর করিয়া আমাকে ভগবৎপাদপদ্মে লইয়া যাইবার জন্য পতিতপাবনরূপে বরাভয়মূর্ত্তিতে আমার সম্মুখে বিদ্যমান, আমি না চাহিলেও, না ডাকিলেও যিনি অহৈতুকী কৃপাবশতঃ আমাকে কেশাকর্ষণপূর্ব্বক স্বীয় কোটিচন্দ্র সুশীতল শ্রীপাদপদ্মের আশ্রয় দিতে প্রস্তুত, পরদুঃখকাতর সর্ব্বজীবপ্রভু, তুরিয় সেই নিত্যবান্ধব প্রভুর পূজার দিন কৃপাপূর্ব্বক আজ সমুপস্থিত।

শ্রীগুরুদেব নিত্য। তাঁহার পূজাও নিত্য। তিনি খণ্ডকালের অন্তর্গত নহেন। সুতরাং তাঁহার পূজাও খণ্ডকালের বা খণ্ডিত বস্তুর অন্তর্গত নহে। শ্রীগুরুদেবের পূজা নিত্য হইলেও স্বল্পায়ুষ্মান্ জীব আমি প্রতি মুহূর্ত্তে, প্রতি ক্ষণে প্রত্যেক কার্য্যের মধ্যে তাঁহার অমন্দোদয় দয়ার কথা, তাঁহার অপার মহিমার কথা বিস্মৃত হই বলিয়া—তিনি যে আমার একমাত্র আপনজন, আমার নিত্যপ্রভু, নিত্যবান্ধব—ইহা ভুলিয়া যাই বলিয়া তাঁহার প্রকটারূপা কোন বিশেষ তিথি তাঁহার শ্রীপাদপদ্মপূজার স্মারক-দিনরূপে উদিত হইয়াছেন।

অপ্রাকৃত শ্রীগুরুদেবের পূজাও অপ্রাকৃত। জড় হাড়মাসের দ্বারা, জড় দ্রব্যের দ্বারা শ্রীগুরুপূজা হয় না।

আজ এই শুভক্ষণে, শুভদিনে শ্রীগুরুপাদপদ্ম ভৃঙ্গগণ—শ্রীগুরুদেবের একান্ত নিজজনগণ যে কিরূপ আনন্দ, উৎসাহ, ব্যগ্রতা ও ব্যস্ততায় নিমগ্ন, মনে-প্রাণে অন্তরে-বাহিরে কিরূপ অনির্ব্বচনীয়, অভাবনীয় ভাবে বিভোর, তাহা কে বর্ণনা করিবে? প্রত্যেক মুহূর্ত্তে তাঁহাদের হৃদয় বিমল আনন্দে উদ্বেলিত হইয়া উঠিতেছে। আজ প্রাণ ভরিয়া হৃদয়ের দ্বার খুলিয়া তাঁহারা 'আরাধ্য দেবতার' পূজা ক'রবে—আজ সাক্ষাৎ শ্রীগুরুপাদপদ্মের সান্নিধ্যলাভ করিয়া তাঁহার কমলাবনিন্দিত শ্রীচরণযুগলে প্রস্ফুট আত্মাঞ্জলি প্রদান করিয়া জীবন সফল করিবেন—অস্ফুট, স্ফুটপ্রায় কলিকা-নিচয়কে প্রভুপাদপদ্মে পূর্ণতঃ—নিবেদিত হইতে সাহায্য করিবেন, এই আশায় তাঁহারা সতত ভরপুর। দেহের চিন্তায়, স্নানাহারে তাঁহাদের দৃক্‌পাত নাই। একমাত্র প্রভুর চিন্তায় তাঁহাদের প্রত্যেকটী মুহূর্ত্ত চলিয়া যাইতেছে। তাঁহারা আজ সর্ব্বাঙ্গে সর্ব্বতোভাবে গুরুপূজার জন্য ব্যাকুল। বাহিরের কোন ব্যাপারে তাঁহাদের চিত্ত আকৃষ্ট নাই।

এত বড় অপূর্ব্ব, অমূল্য, সুযোগ পাইয়াও আমি বঞ্চিত। আমি দম্ভ, গর্ব্ব, কপটতার পরিচ্ছদে ভূষিত হইয়া শ্রীগুরুপূজার আড়ম্বর-প্রদর্শনকারী। শ্রীগুরুদেব একান্ত শরণাগতের পূজা গ্রহণ করিয়া থাকেন। আমি সর্ব্বাত্ম-সমর্পিত হইয়াছি কিনা একবার ভাল করিয়া অনুসন্ধান করিয়া দেখিয়াছি কি? বাক্যের বেগ, মনের বেগ, ক্রোধের বেগ, জিহ্বার বেগ, উদর ও উপস্থের বেগ আমাকে পিষ্ট করিতেছে কেন? অমৃতের সন্ধান পাইয়াও আমি মৃত্যুর পশ্চাতে ধাবিত হইতেছি কেন? কাঞ্চনের সন্ধান পাইয়াও আমি কাচের জন্য লালায়িত কেন?

হে পতিতপাবন, দীনজনপাল শ্রীগুরুদেব! আপনার সুস্বচ্ছ দৃষ্টিতে আমার কোনই অবস্থা গোপনীয় নাই। যাহা আমার স্থূল দৃষ্টিতে প্রতীয়মান, তাহাও আপনি অবগত আছেন। আমার লক্ষ্যের বাহিরে, ধারণার বাহিরে, কল্পনার বাহিরে যাহা আছে, এমন কি, আমার যে অবস্থা আমি স্বপ্নেও ভাবিতে পারি না তাহাও আপনি পরিজ্ঞাত আছেন। আমি যে প্রতি মুহূর্ত্তে আমাকে ও আপনাকে ভুলিয়া যাইতেছি, আমাকে ফাঁকি দিতেছি, তাহাও আপনার সুস্বচ্ছ দৃষ্টিতে ধরা পড়িতেছে। কিন্তু এমনই দুর্দ্দৈব, মায়ার এমনই প্রহেলিকা যে, এত জানিয়া শুনিয়াও উন্মুখতা জাগিতেছে না—বিষয়ভোগের পিপাসা নিবৃত্ত হইতেছে না। চক্ষু-কর্ণাদি ইন্দ্রিয়বর্গ ভোগে প্রমত্ত। ইন্দ্রিয়াধিপতি মন সর্ব্বদাই আপনার শ্রীপাদপদ্ম হইতে আমাকে দূরে রাখিতে চেষ্টান্বিত। এই দুরবস্থায় আপনার অহৈতুকী কৃপাই একমাত্র ভরসা। আমার কোন সাধনবল নাই, আমার সদ্গুণ নাই, আমি সর্ব্বদা অসৎ কার্য্যে ধাবমান, অসৎ কথা হইতে আমার চিত্ত বিরত হয় নাই। পরচর্চ্চা, পরনিন্দায়, জীবোদ্বেগ প্রদানে আমার রুচি রহিয়াছে। প্রতি মুহূর্ত্তে আপনার শ্রীপাদপদ্ম পূজা ত' দূরের কথা, এই শুভদিবসেও আপনার পদযুগল পূজা করিবার জন্য আমার তীব্র রুচির উদয় হইতেছে না। আপনার শ্রীপাদপদ্ম-পূজার আরতির শব্দ আমার কর্ণে প্রবেশ করিতেছে না। আপনার শ্রীপদপূজার কোন উপকরণ আমার নাই। আমি অন্ধ হইতেও অন্ধ, পঙ্গু হইতে পঙ্গু, মূক হইতেও মূক। আপনি অন্ধের চক্ষু উন্মীলিত করেন, পঙ্গুকে গিরি উল্লঙ্ঘন করাইতে পারেন, মূককে বাচাল করেন এবং কাককে গরুড় করেন, এত বড় আপনার অসীম কৃপা। আমি সর্ব্বাপেক্ষা পতিত, আর আপনি পতিতপাবনবর। 'যে যত অযোগ্য হয়, তত দয়া তত তার।' কত বড় আশার কথা, কিন্তু প্রভো, আমি ত' শুধু অযোগ্য নই, আমার মত পাপী আর কেহ নাই, শুধু পাপী নই আমি কোটী কোটী অপরাধে অপরাধী। অপরাধের ফলে আমার চিত্ত পাষাণের ন্যায় কঠিনতা প্রাপ্ত হইয়াছে। চেতনতার লেশ [illegible] না। আমার কি শুধু অপরাধই সার হইবে? আমি কি শুধুশুধু বঞ্চিত হইব? আমি কি আপনার কৃপা পাইব না? আমি যেন আপনার পাদপদ্মমধুলুব্ধ [illegible], আপনার অন্তরঙ্গ জনগণের [illegible] বলিয়া তাঁহাদের পশ্চাতে ছুটিতে [illegible]। তাহা হইলে আমারও শ্রীপাদপদ্মে [illegible] নিবেদিত হইবার সৌভাগ্য একদিন না একদিন হইবেই হইবে।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅখণ্ডমন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
সেবক—শ্রীভববন্ধু দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশুভবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীবড়াবতার দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীহরেরাম ব্রহ্মচারী

কাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীসঙ্কীর্ত্তন দাসাধিকারী

শ্রীগৌরগদাধর মঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীদামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ চাঁপাহাটী (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ ভাণ্ডারটিকুরী (বর্দ্ধমান)
সেবক—শ্রীজগদানন্দদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীনবদ্বীপ গৌড়ীয়মঠ
রাউতারা (শ্রীবাস হরের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

শ্রীপুরুকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীকৃষ্ণানন্দ দেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীকৃষ্ণগোপাল ব্রহ্মচারী

একায়ন মঠ
গোবিন্দপুর, পোঃ তাঁমলুকি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠাসন
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুঁড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীরাম-স্মরণ ব্রহ্মচারী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদবাশ্রবিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাপাং বিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীবৃন্দাবনচৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীচন্দ্রশেখর দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা মথুরা
সেবক—শ্রীরামশরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেখশাহী
পোঃ হোডোল, জেলা গুড়গাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, জেলা গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপাভিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীধর্ম্মাণ দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমরদি গৌড়ীয়মঠ
পোঃ অমরদি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাণীবাঁধ, বর্দ্ধমান
সেবক—শ্রীহরীন্দ্র ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ডুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাঙ্কেষ্টার রোড, ষ্টাউড্ গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১।১।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

লক্ষ্ণৌ গৌড়ীয়মঠ
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্যানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅভয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরাবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীযতিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৶০	।৶০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	১॥০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪॥০
" সিকি কলম	১৪৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৮৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ লিখিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ গবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রপ্রমাণে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারগণের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান – শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ টীকা পদ্যানুবাদসহ মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ স্বভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবনচরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থ শ্রীমহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতি সুন্দরভাবে বর্ণিত হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীপাদ নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়বৈভবাচার্য্য, এম্-এ মহাশয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ পারমার্থিক জীবনের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অনেকগুলি সংস্করণ প্রকাশিত থাকিলেও [illegible] যে মৌলিকত্ব অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা [illegible] প্রত্যেক [illegible] অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশ্লোক [illegible] সমস্ত পদার্থ শ্লোকের সঙ্গে তাহার অন্বয় ও ব্যাখ্যা। তাহার [illegible] শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তি-কৃত সারার্থবর্ষিণী টীকা, শ্রী [illegible] [illegible] এই সংস্করণে [illegible] পাওয়া যায়। [illegible] পড়িয়া বুঝিতে পারিবেন, সন্দেহ নাই। [illegible] পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার [illegible] অতি সুলভ ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ৷৷° আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

					শনিবার ব্যতীত			
					শনিবার	অন্য দিন		
কলিকাতা ছাঃ	৪-২৬	৬-২১	৭-১৪	১৩-১৬	১৫-১৬	১৬-২৬	১৭-৫৬	২২-২৬
দমদম	৪-৫৬	৬-৩১	৭-২৮	১৩ ২৯		..	১৮-৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯-১৮	১৪ ৫০	১৬ ৪৮	১৮-৩১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ	..	. .	৯-৩১	.	..	.	....	..
কৃষ্ণনগর পৌঃ	৬-১৯	৮-৭০	১০-৬	১৫-৫৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-১৬	১৪ ৫০	১৭-৪০			২০-৩০	
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১০-২৫	১৮-১৫			২১-৫	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫-৩৩	১৮-২৩			২১-১৩	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১-৬
দমদম" ১১-১৮
রাণাঘাট পৌঃ ১২-৫১
" ছাঃ ১২-৫৬
শান্তিপুর পৌঃ ১৩-২৪
(বদল) ছাঃ ১৩ ৪১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ ১৪ ৩০
মহেশগঞ্জ ছাঃ ১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ ১৫-৩৩

ডাউন

					শনিবার ব্যতীত			
					অন্য দিন	শনিবার		
নবদ্বীপঘাট ছাঃ		৬-১৪	৯-১২		১৬-৩	১৬-৩১	১৮-৩৮	
মহেশগঞ্জ "		৬-২৩	৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ		৬-৫৭	৯-৫৫		১৬-৪৬	১৭-১৪	১৯-২১	
(বদল) ছাঃ	৬-০১	৭-১০	৮-৫২	১১-১৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪-১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৪৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ		..	.	.	১৫-৫৬	১৭-৪২		..
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১ ২৫	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১২-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬	২১-৪০	২৩-১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ ১৪-১
মহেশগঞ্জ " ১৪-১০
কৃষ্ণনগর পৌঃ ১৪-৪৪
ছাঃ ১৫-৩৯
শান্তিপুর পৌঃ ১৬-২৭
(বদল) ছাঃ ১৮-৩১
রাণাঘাট পৌঃ ১৮-৫৯
" ছাঃ ১৯-২০
কলিকাতা পৌঃ ২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷৹ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। প্রয়াগ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপার্থিব বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্য জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রমোদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মঠবাসী সজ্জনসংঘের যে সকল পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাঁহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। 'শ্রীশ্রীস্বরূপ রূপানুগবিরুদ্ধসিদ্ধান্তদলনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা—৸° আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——::o::——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১।১এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্রিকা প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৷৶° দশ আনা, বড় বোতল ১৶° আঠার আনা। পাইকারী স্বতন্ত্র

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
বেহালা, ২৪ প

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

Regd. No. C 1544

অত্যাশ্চর্য্য কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিস্তৃত ভাষ্যসহ প্রকাশিত হইয়াছেন। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৷৵০

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এ গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৸০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৬শ বর্ষ } ২২ হৃষীকেশ, গৌরাব্দ ৪৫৫, ১২ই ভাদ্র, বঙ্গাব্দ ১৩৪৮ ২৯শে আগষ্ট ইং ১৯৪১, শুক্রবার {১৪৭-৪৮তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২২ হৃষীকেশ নিধি গর্ভোদশায়ী গৌরাব্দ ৪৫৫

হরিকথা-প্রসঙ্গ

——::*::——

যাঁহার শ্রদ্ধা আছে, তিনিই ভক্তির অধিকারী। শ্রদ্ধাবান্ অশুদ্ধ নহেন। যাহার কনক-কামিনী-প্রতিষ্ঠাকাঙ্ক্ষা আছে, তাহার শ্রদ্ধা নাই। যে প্রতিষ্ঠারূপ শৌকরী বিষ্ঠা মাখে, তাহার 'হরিভজনই আমার একমাত্র কৃত্য' বলিয়া শ্রদ্ধা-বিশ্বাস নাই, জানিতে হইবে। যদি ভগবৎসাক্ষাৎকারই তাহার প্রয়োজন হয়, তবে সে ভক্তিবাধক প্রতিষ্ঠা-বিষ্ঠা মাখিয়া অপবিত্র হইবার জন্য লালায়িত হইবে কেন? প্রতিষ্ঠাবিষ্ঠা-লোলুপ চিত্তে ভগবান্ কখনও স্ফূর্ত্তিপ্রাপ্ত হন না। অকিঞ্চনতাই শ্রদ্ধার লক্ষণ। যিনি শ্রদ্ধাবান্, তিনি অকিঞ্চন। ভক্ত অকিঞ্চন অর্থাৎ প্রতিষ্ঠার আশা কখনও তাঁহাকে স্পর্শ করিতে সমর্থ হয় না। জাগতিক কোন কিছুর জন্য আশা বা পিপাসা না থাকাই অকিঞ্চনতা। অকিঞ্চনই কৃষ্ণের প্রিয়। যে কৃষ্ণ ছাড়া অন্য কিছু চায় না, সেই ত' অকিঞ্চন। অকিঞ্চনকেই গুরুকৃষ্ণ কৃপা করেন। সকিঞ্চনের প্রতি তাঁহারা সাধারণতঃ দৃষ্টিপাত করেন না। তাঁহাদের সাভিনিবেশ শুভদৃষ্টি অকিঞ্চনের উপর পতিত হইয়া তাহাকে আকৃষ্ট করে। অকিঞ্চনই সাধুর কৃপায় সাধুত্ব লাভ করিয়া ধন্য হয়। অকিঞ্চন বা কৃপাপ্রার্থী না হইয়া সাধুগুরুর কৃপালাভের আশা দুরাশা মাত্র। সাধু স্বতন্ত্র। ভগবদিচ্ছা সাধুর ইচ্ছার অধীন। তাঁহারা যখন তখন যাহাকে তাহাকে যথেচ্ছভাবে কৃপা করিতে পারেন। তবে এইরূপ অযাচিত কৃপা খুব বিরল। সাধু ব্যতীত ভগবৎকৃপার পৃথক্ পরিচয় নাই। সাধুর কৃপাদৃষ্টিই ভগবৎ-সান্মুখ্যলাভের একমাত্র উপায়। সাধুর অনুগত—সাধুর সুখানুসন্ধানরত ব্যক্তিই প্রকৃত সাধুসঙ্গী। তিনি নিশ্চয়ই কৃপা পাইবেন। সাধুই যাঁহার সর্ব্বস্ব, সাধুই যাঁহার জীবাতু, সাধু যাঁহার প্রিয়, তিনি সাধুকৃপা নিশ্চয়ই পাইবেন।

চেতনের ধর্ম্মই প্রীতি এবং এই প্রীতিই জীবের প্রয়োজন। সকলেই প্রীতির সন্ধান করিতেছে। প্রীতিলাভের আশায় জীব নানা ভোগবিলাসে প্রমত্ত হইতেছে; নিজ-সুখের জন্য জীব কত শুভাশুভ কর্ম্মেরই না অনুষ্ঠান করিতেছে। পুত্রশোককাতরা জননী প্রীতিলাভের আশায় শোক করিতেছে, হরিবিমুখ জীব যে যাহাই করিতেছে—সবই নিজসুখের জন্য। বদ্ধজীব যে প্রীতির অনুসন্ধান করে, তাহা সসীম ও অনিত্য। তাই সুখানুসন্ধান করিতে গিয়া দুঃখই তাহাদের ফলরূপে লভ্য হয়। নিত্য প্রীতিময়বিগ্রহ যে শ্রীকৃষ্ণ—এ কথা তাহারা ধারণা করিতে পারে না। বদ্ধজীব অনিত্য সুখলালসায় প্রমত্ত, কিন্তু সেবোন্মুখ ভক্তগণ কৃষ্ণসুখলালসায় ব্যগ্র। হরিবিমুখতাবশতঃ বদ্ধজীবগণ অনিত্য ও মায়িক বস্তুকে আদর করিলেও ভক্তগণ ভগবান্, ভগবদ্ভক্তি ও ভগবদ্ভক্ত ব্যতীত অন্য কিছুর প্রতি আকৃষ্ট হন না। বিমুখের সহিত উন্মুখের পার্থক্য এই যে, ভক্ত দুঃসঙ্গ ত্যাগ করেন, কিন্তু অভক্ত দুঃসঙ্গকে অনিত্য প্রীতির আশায় ছাড়িতে চায় না। দুঃসঙ্গ ছাড়িতে না পারার জন্যই তাহাদের অনিত্য অভিনিবেশ বা জড়াভিনিবেশ যাইতে চায় না। প্রাকৃত বস্তুসঙ্গে রত থাকিলে কেহ কৃষ্ণ বা কৃষ্ণভক্তকে একমাত্র বন্ধু বলিয়া জানিতে পারে না। অসৎসঙ্গ যতদিন সুখকর বলিয়া মনে হয়, ততদিন সৎসঙ্গের চিত্তাকর্ষী মধুর আস্বাদন পাওয়া যায় না, সুতরাং সে সতের আকর্ষণের মধ্যে কি করিয়া পড়িবে? অসৎ-সঙ্গের হস্ত হইতে পরিত্রাণ পাওয়া দুরূহ হইলেও তাহা না ছাড়িতে পারিলে কোন দিন মঙ্গল হইবে না। অনর্থনিবৃত্তি করিতে করিতে অর্থের দিকে যাওয়া যায় না। সৎসঙ্গের ফলে অর্থপ্রবৃত্তি হইলে অনর্থ-নিবৃত্তি হয়। ভজনাগ্রহ তীব্র হইলেই ভজন-প্রতিবন্ধক বিষয়গুলি আপনা হইতেই চলিয়া যায়। ভজনশীল সাধুর সঙ্গপ্রভাবেই জীবের এই সৌভাগ্যলাভ হয়। দুঃসঙ্গ ত্যাগ না করিয়া নিত্যপ্রীতিলাভের আশা দুরাশা মাত্র।

কাষ্ঠের সিংহ যেমন হিংসা করিতে পারে না, কোমকেশ যেরূপ প্রকৃত স্বর্ণের ন্যায় মূল্যবান্ হয় না, সেইরূপ অনিত্যবস্তুতে আকৃষ্ট ব্যক্তি নিত্যসুখের সন্ধান পাইতে পারে না। চক্ষু বা কর্ণদ্বারা খাদ্য গ্রহণ করিয়া যেরূপ ক্ষুধা-নিবৃত্তি হয় না, পরন্তু মুখদ্বারা খাদ্য গৃহীত হইয়া উদরস্থ হইলে ক্ষুন্নিবৃত্তি হয়, তদ্রূপ অপ্রাকৃত সেবোন্মুখতা ব্যতীত হরিসেবা হইবার সম্ভাবনা নাই। কর্ম্মের দ্বারা ফল-ভোগ হয়, জ্ঞানের দ্বারা ফল ত্যাগ হয়, যথেচ্ছাচার দ্বারা ইন্দ্রিয়সুখ লাভ হয়, কিন্তু ভজন করিতে করিতে কৃষ্ণপ্রেম লাভ হইয়া থাকে। গুরুবৈষ্ণবভগবানই একমাত্র প্রীতি বা ভালবাসার বস্তু। ইঁহাদের প্রতি প্রিয়ত্ব-বোধই সকল মঙ্গলের মূল। প্রিয়-লোক তাঁহাদের সুখের জন্য ব্যস্ততাই নিত্যসুখের আকর। আর দেহাত্মবুদ্ধিবশতঃ অনিত্যসুখের প্রতি লোলুপতাই বিবিধ দুঃখের জনক।

সাধুগণ ভগবানের সহিত প্রণয়বন্ধনদ্বারা আবদ্ধ। প্রতিদ্বন্দ্বী বিরোধীর প্রতি তাঁহাদের কোন বিতৃষ্ণা নাই। আবার কৃপাপাত্রের প্রতিও তাঁহারা সকল সময় কোন বাহ্য অনুগ্রহ প্রদর্শন করেন না। ভক্ত বলেন, - আমার প্রীতিভাজন বা বিরাগভাজন কেহ নাই, সকলেই আমার সম্মানের পাত্র। ভক্তের একটি ঐশী শক্তি এই যে, তাঁহার কৃপা না হইলে তাঁহার নিকট থাকিয়াও কেহ তাঁহাকে দেখিতে পায় না। ভক্ত অকৃত্রিম কৃষ্ণসেবালাভের ফলে সর্ব্বজ্ঞতা লাভ করেন। প্রকৃত ভক্তগণ ভক্তের ঐশ্বর্য্যে মুগ্ধ না হইয়া তাঁহার অতুলনীয় নিষ্কপট স্নেহে, তাঁহার ভক্তিতে আকৃষ্ট হইয়া তৎপাদপদ্মকে জীবনসর্ব্বস্ব জানিয়া হৃদয়ে দৃঢ়ভাবে ধারণ করেন।

ভক্তগণ সর্ব্বক্ষণ হরিকীর্ত্তন করেন এবং সকলকে হরিকীর্ত্তন করিতে বলেন। ভক্ত ধর্ম্মার্থকাম অর্থাৎ বর্ণাশ্রমধর্ম্ম পালন, ঐহিক ও পারত্রিক সুখকর অর্থার্জ্জন বা [illegible] সুখকর কামনা চান না। তাঁহারা স্ত্রী-পুত্র, দাস-দাসী, প্রজা, বন্ধুবান্ধব ও [illegible] নহেন। [illegible] তাঁহাদের নাই। [illegible] তাঁহারা [illegible] কোন অহৈতুকী ভক্তি প্রার্থনা করিয়া থাকেন। [illegible] হইয়া [illegible] ব্যস্ত না হইয়া [illegible] করেন। যশোলিপ্সাবিরহিত, চিত্তশুদ্ধিপ্রদা, কৃষ্ণানন্দদা, শুদ্ধা, কেবলা, অকিঞ্চনা, অবিমিশ্রা ভক্তিই তাঁহাদের কাম্য।

ভক্তগণ তৃণাদপি সুনীচ, তরুর ন্যায় সহিষ্ণু, অমানী ও মানদ হইয়া সদা হরিকীর্ত্তন

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে॥

করেন। বিষয়বিরক্তিজনিত দৈন্য, নির্ম্মৎসরালুতা দয়া, মিথ্যাভিমানশূন্যতারূপ অমানিত্ব এবং সকলকে যথাযোগ্য সম্মান দান তাঁহাদের স্বভাব। বদ্ধজীব সাধুগুরুকৃপায় এই স্বভাবে প্রতিষ্ঠিত হইয়া হরিভজন করিয়া ধন্য হয়। চৈতন্যরসবিগ্রহস্বরূপ শ্রীকৃষ্ণনামের আবির্ভাবে বিষয়বিরক্তি স্বাভাবিকভাবে হইয়া থাকে। শ্রীকৃষ্ণদাস জীব অণুচৈতন্যস্বরূপ। জড়বিষয় তাঁহার প্রয়োজনীয় নয়। কৃষ্ণবহির্ম্মুখতাদোষবশতঃ তাঁহার আজ এত দুর্দ্দশা। কৃষ্ণকৃপা ব্যতীত সংসার নিবৃত্ত হয় না জানিয়া জীব সম্বন্ধজ্ঞান ও যুক্তবৈরাগ্য দ্বারা কায়মনোবাক্যে জীবনধারণোপযোগী যথাযোগ্য বিষয় স্বীকার করিবে। বদ্ধাবস্থায় সুখদুঃখাদি প্রারব্ধ কর্ম্মফল অবশ্যই ভোগ করিতে হইবে। চিৎস্বরূপ আমার জড়বিষয়ে কোন আবশ্যক নাই—ইহা জানিয়া দৈন্যের সহিত 'হে কৃষ্ণ! কবে আমি আপনার শুদ্ধদাস্য লাভ করিতে পারিব' বলিতে বলিতে সেবা করিতে হইবে। তৃণের জাগতিক বস্তুত্বাভিমান কিছু স্বরূপবিরুদ্ধ নহে। কিন্তু বিকৃতস্বরূপ আমার জাগতিক বস্তুত্ব অভিমান সুন্দর নয়। সুতরাং কৃষ্ণদাস জীবের তৃণাদপি সুনীচত্বই বাস্তব। গুরুকৃষ্ণের দাসানুদাসত্বই প্রকৃত তৃণাদপি সুনীচত্ব। 'আমি হরির দাস'—এই অভিমান কীর্ত্তনকারিমাত্রেরই আছে ও থাকিবে। ইহাই কীর্ত্তনকারীর প্রথম লক্ষণ।

তরু অপেক্ষাও সহিষ্ণুতা কীর্ত্তনকারীর দ্বিতীয় লক্ষণ। তরু ছায়া ও ফলদানে ছেদনকারীর উপকার করিয়া থাকে। কৃষ্ণভক্তের দয়া তাহা অপেক্ষা অনেক বেশী। দয়ালু কৃষ্ণভক্ত সকলের প্রতি দয়াশীল। তিনি শত্রু-মিত্র সকলেরই উপকার নিঃস্বার্থভাবে করিয়া থাকেন। পরদুঃখদুঃখী হইয়া তিনি জীবের নিকট সর্ব্বক্ষণ হরিকথা কীর্ত্তন করেন।

অমানিত্ব কীর্ত্তনকারীর তৃতীয় লক্ষণ। মিথ্যা-অভিমানশূন্যতাই অমানিত্ব। বদ্ধজীবের স্থূললিঙ্গদেহে যে জন্ম-ঐশ্বর্য্য-শ্রুত-শ্রী বা প্রতিষ্ঠাদি-জনিত অভিমান, তাহাই মিথ্যা অভিমান। ভক্তের বর্ণ বা আশ্রমের অভিমান নাই। শ্রীনাম-কীর্ত্তনকারী ভক্ত মানদ অর্থাৎ তিনি সকলকে যথাযোগ্য মানদান করিয়া থাকেন। সকলকে কৃষ্ণদাস জানিয়া তিনি কাহারও হিংসা বা প্রতিহিংসা করেন না। তিনি মধুর বাক্যে সদুপদেশ দ্বারা সকলের মঙ্গলবিধান ক'রিয়া থাকেন। তিনি ব্রাহ্মণ ও দেবতাগণকে দৈন্যের সহিত বহুমানন করেন এবং তাঁহাদের নিকট হরিভক্তি প্রার্থনা করেন। তিনি শুদ্ধভক্তগণে সর্ব্বতোভাবে সেবা ক'রিয়া থাকেন। হরি সর্ব্বদা শ্রবণীয়, কীর্ত্তনীয় ও স্মরণীয়। আদৌ শ্রবণদশা। কিন্তু এই শ্রবণের প্রতি যেখানে অন্ধত্ব, সেখানে দর্শন, স্মরণ বা কীর্ত্তন কি করিয়া সম্ভব? কৃষ্ণকথায় শ্রদ্ধা হইলেই জীবের বহির্ম্মুখ দশা দূর হয়। তখন কৃষ্ণকথা-শ্রবণলালসা হইয়া থাকে। নিজাপেক্ষা শ্রেষ্ঠ কোন ভক্তের নিকটই কৃষ্ণকথা শ্রবণ করিতে হয়। শ্রীমদ্ভাগবত বলিয়াছেন,—

তস্মিন্মহন্মুখরিতা মধুভিচ্চরিত্র-
পীযূষ-শেষসরিতঃ পরিতঃ স্রবন্তি।
তা যে পিবন্ত্যবিতৃষো নৃপ গাঢ়কর্ণৈ-
স্তান্ স্পৃশন্ত্যশনতৃড্ভয়শোকমোহাঃ॥

(ভাঃ ৪।২৯।৪০)

হে নৃপ, মহজ্জনের শ্রীমুখ হইতে কৃষ্ণচরিত্রের অমৃতসার নদী বহিতে থাকে, যাঁহারা একান্তচিত্তানুগত কর্ণে বিতৃষ্ণাশূন্য হইয়া সেই অমৃতসার পান করেন, তাঁহাদিগের ক্ষুধা, তৃষ্ণা, ভয়, শোক, মোহ প্রভৃতি কখনই স্পর্শ করিতে পারে না।

বহির্ম্মুখ অবস্থায় কৃষ্ণকথা শ্রবণ এবং অন্তর্ম্মুখ অবস্থায় কৃষ্ণকথা শ্রবণ—এ দু'য়ে অনেক ভেদ আছে। বহির্ম্মুখদিগের কৃষ্ণকথা-শ্রবণ কোন ঘটনাক্রমে হয়, শ্রদ্ধাক্রমে হয় না। সেই শ্রবণ ভক্ত্যুন্মুখী সুকৃতি হইয়া কোন জন্মে শ্রদ্ধার উদয় করাইবে। শ্রবণ দুইপ্রকার—ক্রমশুদ্ধ-শ্রবণ এবং ক্রমহীন-শ্রবণ। কৃষ্ণকথা অসংলগ্নভাবে শ্রবণ করার নাম ক্রমহীন শ্রবণ, আর ব্যবসায়াত্মিকা বুদ্ধির সহিত সংলগ্নরূপে যে কৃষ্ণকথা শ্রবণ, তাহাই ক্রমশুদ্ধ-শ্রবণ। ক্রমশুদ্ধ-শ্রবণই প্রয়োজন। ক্রমশুদ্ধ-শ্রবণ না হইলে মঙ্গল সুদূরপরাহত। এই শ্রবণ নিত্য। যেখানে শ্রবণে উদাসীনতা, সেখানে মঙ্গলের আশা নাই।

শ্রীল প্রভুপাদের হরিকথা

যাঁ'রা সর্ব্বক্ষণ ভগবৎসেবা করেন, তাঁ'দের বাক্য সর্ব্বতোভাবে শ্রোতব্য। সুতরাং বহু জন্মজন্মান্তর পর মানবজন্ম পেয়ে মানবকে আক্রমণ বা হিংসা করা উচিত নয়। মানবজন্মের একমাত্র সার্থকতা যে হরিভজন, সেই হরিভজনে অন্যাভিলাষ, কর্ম্ম, জ্ঞান, যোগাদি-চেষ্টা দ্বারা যে বাধাপ্রদান, তা'ই মানবের প্রতি অত্যন্ত স্বজাতীয় হিংসা। আমাদের চিৎবৃদ্ধি বিবেক আছে, তথাপি যদি আমরা পশুভাবের সহিত আনাদিগকে এক মনে করি, তবে আমাদিগকে কেউ প্রশংসা ক'রবে না।

যা' ধ্বংসশীল—যা' নিত্য নয়, যা' চিৎ নয়, তা'র প্রতি আমাদের সেবা-বৃত্তি প্রযুক্ত হ'লে আমরা বড় ক্ষতিগ্রস্ত হ'ব। যা' অচ্যুত, তা'র সেবাই কর্ত্তব্য। আত্মবিষয়ই আলোচ্য। যদি তা' না হয়, তবে আমাদের অমঙ্গল নিশ্চয়।

কৃষ্ণপাদপ্রাপ্তি জীবের সর্ব্বাপেক্ষা মঙ্গল-নিদান। কৃষ্ণের পদ—পূর্ণবস্তু, পরিপূর্ণ রসপরাকাষ্ঠার কল্পবৃক্ষ। একমাত্র ভগবদনুপাসনা আবশ্যক। ভগবান্ স্থূল-সূক্ষ্মের অতীত। কিছুতে তাঁ'র নিরবচ্ছিন্ন আনন্দ, পূর্ণ জ্ঞান ও নিত্য অস্তিত্বের বাধা দিতে পারে না। তাঁ'র সেবা দ্বারা সেবকযোগ্য তদনুরূপ অবস্থা লাভ হয়।

এই চতুর্দ্দশ ভুবনভ্রমণের যোগ্যতা আমাদের আছে। এই ভুবনে নানা যোনিতে ভ্রমণের যোগ্যতাও আছে। যে যে খোলসে যে যে ভুবনে বাস করা যায়, বাসনা-পরিপূরণের উপযোগী তদনুরূপ বাহ্য আবরণও লাভ হয়। বাসনা-নির্ম্মুক্ত হওয়ার অনেক কৃত্রিম পন্থা কল্পিত হ'য়েছে। ব্রহ্মাণ্ড-ভ্রমণের বাসনা শেষ হ'লে জীব ভাগ্যবান্ হন। কালকোঠা অবস্থা অবলম্বনে জীব সকল ব্রহ্মাণ্ড ভ্রমণ করেন। জীবাত্মা সূক্ষ্ম আবরণে আবৃত হওয়ার পর কখনও স্থূল আবরণ দ্বারা নিম্নলোকে আসেন। আবার তপস্যাদি প্রভাবে স্থূল-দেহ ত্যাগ ক'রে সূক্ষ্মদেহে পুনরায় ঊর্দ্ধগতি লাভ করেন। আমরা ইহলোকে অবস্থানকালেও চিন্তাদ্বারা ঊর্দ্ধলোকে গমন ক'রতে পারি।

গুরুর আনুগত্যবশে আত্মধর্ম্ম প্রকাশিত হ'লে অস্মিতায় ভক্তিবীজ লভ্য হয়। গুরুকৃপা আর কৃষ্ণের কৃপা আলাদা আলাদা নয়। কৃষ্ণপাদপদ্মসেবাই সর্ব্বোৎকৃষ্ট। অন্যান্য উপায়ে যত উপাদেয়তা আছে, সর্ব্বাপেক্ষা চরম উপাদেয়তা কৃষ্ণপাদপদ্মসেবায় বর্ত্তমান। কৃষ্ণই আমাদের একমাত্র সেব্য—আমরা সেবক; আমাদের অনুষ্ঠান কৃষ্ণসেবা, কৃষ্ণসেবা ব্যতীত অন্য কোন কৃত্য আমাদের নাই। গৌরসুন্দরের বাক্য হইতে জানিয়াছি, কৃষ্ণই তিনি। কৃষ্ণের পরমপরিপূর্ণতা গৌরে আছে। এই ধারণা, বিশ্বাস আমাদের যতদিন বৃদ্ধি পাইবে, শ্রীগৌর-পাদপদ্মের সেবাও সেই পরিমাণে বাড়িবে।

কৃষ্ণের সর্ব্বশ্রেষ্ঠ—সর্ব্বপ্রেষ্ঠ সেবক শ্রীগুরুপাদপদ্ম, সেইরূপ সেবকের অধীন হইয়া যদি কৃষ্ণের পাদপদ্ম আশ্রয় করা যায়, তাহা হইলেই উত্তরোত্তর তাঁহার অভিলাভের সম্ভাবনা।

শ্রীগুরুপাদপদ্মই কৃষ্ণপাদপদ্মসেবায় অধিকার প্রদান করেন। আমা হইতে সর্ব্বতোভাবে শ্রেষ্ঠ তিনি। আমা অপেক্ষা নিম্নবস্তু গুরুতত্ত্ব নহেন, তাহা লঘুত্ব। গুরুতত্ত্বে কোনপ্রকার লঘুতা আরোপিত হইতে পারে না। আমার সর্ব্বশেষ উৎকণ্ঠা তাঁহার শ্রীপাদপদ্মে নিষ্কপটে আশ্রয়লাভ। কৈতবযুক্ত ব্যক্তিকে গুরুপাদপদ্ম জ্ঞান করিলে আশ্রয় করিলে আত্মবঞ্চনাই লভ্য হয়।

মানুষ কেবল মর্য্যাদা-পথে থাকিবে, এজন্য তাঁহার সৃষ্টি হয় নাই। আত্মার সম্বন্ধ-বিচারে কৃষ্ণই সেব্য, কৃষ্ণভক্তিই একমাত্র অভিধেয়, কৃষ্ণপ্রীতিই একমাত্র প্রয়োজন।

কৃষ্ণানুশীলন দ্বারাই কৃষ্ণপ্রীতি জন্মে। কৃষ্ণানুশীলনের মাঝে ভক্তি: কর্ম্ম জ্ঞানের আবরণের দ্বারা সেই জিনিষটিকে তফাৎ করিবার যত্ন যেন না হয়। দাগির লওয়া ধর্ম্মই আবরণ। শাখা-পল্লবের পৃথক্ভাবে আলোচনা করা অপেক্ষা মূলের আলোচনা করাই ত' সমীচীন। ভগবদ্ভক্তি-নীতির আলোচনাই মূল বস্তু; অন্যনীতি ত' তাহারই অন্তর্গত।

ভক্ত ভজনীয় বস্তুর সেবাকার্য্যে নিযুক্ত থাকেন। তাঁহারা সচ্চিদানন্দ বস্তুকে জানেন ও তাঁহার নিকটে উপস্থিত হন, তাঁহার সেবা করেন। ভগবদ্ভক্ত বলেন—ভগবান্ প্রাকৃত দর্শনের অতীত, কিন্তু চিদিন্দ্রিয়বিশিষ্ট। চক্ষুদ্বারা রূপ, কর্ণদ্বারা সঙ্গীত, নাসা দ্বারা ঘ্রাণ, জিহ্বাদ্বারা রস, ত্বক্ দ্বারা স্পর্শ প্রভৃতি ভোগের একমাত্র মালিক তিনি। ভগবদ্ভক্ত নিজের সেবাময় নিত্য স্বরূপটী ভগবানের দৃশ্য পদার্থরূপে উপস্থিত করেন। ভগবান্কে দেখিয়া তিনি সন্তুষ্ট হইতে চাহেন না, এই কার্য্যটিকে তিনি আত্মভোগ বলিয়াই জানেন। ভগবান্ তাঁহাকে দেখিয়া সন্তুষ্ট হইবেন, এইটাই ভক্তের ইচ্ছা। ভগবদ্ভক্ত ছয় রাগ ছত্রিশ রাগিণীর সহিত ভগবৎপ্রসঙ্গ কীর্ত্তন করেন। নিজে 'বাহবা' পাইবার জন্য নহে—ভগবানের শ্রুতিসুখ উদয় করিবার জন্য, ঘ্রাণেন্দ্রিয় প্রীতিসাধনের জন্য যাবতীয় সুগন্ধি দ্রব্য লইয়া ভগবৎসমীপে গমন করেন। ভগবানের রসনেন্দ্রিয়ের তর্পণের জন্য যাবতীয় সুস্বাদু দ্রব্য ভগবানে নিবেদন করেন।

সর্ব্বক্ষণ সর্ব্বেন্দ্রিয়ে শুরুপাদপদ্মের সেবাই আমার নিত্যধর্ম্ম। আমার সেবোন্মুখতার জন্য যাঁ'রা সহায়তা করেন, তাঁ'রাই আমার মিত্র, আমার কৃষ্ণবিমুখতায় যাঁ'রা সহায়তা করে, তা'রাই আমার ভীষণ শত্রু। শ্রীগুরু-পাদপদ্ম সর্ব্বক্ষণ সর্ব্বেন্দ্রিয়ের দ্বারা সর্ব্বতোভাবে নন্দনন্দনের সেবা করছেন।

গুরুপাদাশ্রয়ই ভগবদ্ভক্তিসাধনের অধিকার। এইজন্যই নিখিল আশ্রিত সেবককুলের গুরুদেবস্বরূপ অভিধেয়াচার্য্য শ্রীরূপ-গোস্বামী প্রভুপাদ স্ব-কৃত 'ভক্তিরসামৃতসিন্ধু' গ্রন্থে প্রতিপাদ্য ভক্ত্যঙ্গলক্ষণ-সমূহের বর্ণন-প্রারম্ভে লিখিয়াছেন, সর্ব্বপ্রথমে "গুরুপাদাশ্রয়স্তস্মাৎ কৃষ্ণদীক্ষাদি-শিক্ষণম্। বিশ্রম্ভেণ গুরোঃ সেবা সাধুবর্ত্মানুবর্ত্তনম্"॥ নিজের নিত্য চরমকল্যাণকামী জীব ভববন্ধন হইতে মুক্ত হইতে ইচ্ছা করিলে সর্ব্বাগ্রে তত্ত্ববৎপ্রকাশ সদ্গুরুর শরণাগত হইবেন।

শ্রীগুরুপাদপদ্মে আত্মসমর্পণ ব্যতীত কোনপ্রকারে কাহারও অনর্থ-সাগর হইতে উদ্ধারলাভ ঘটে না। শ্রৌতপথ অবলম্বন করিয়া শ্রৌতবিধিমতে শ্রোত্রিয় ও ব্রহ্মনিষ্ঠ সদ্গুরুর আশ্রয়গ্রহণ ব্যতীত কোন উপায় নাই। দুর্দ্দশায় কোন শুভগতি নাই।

'সাধুসঙ্গ', 'সাধুসঙ্গ', সর্ব্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়॥

শ্রীগুরুদেব

——::•(*)::•——

শিক্ষাগুরু ও দীক্ষাগুরু উভয়েই শ্রীচৈতন্যদেবের প্রকাশ—ব্রজজন—অভিন্ন-শ্রীচৈতন্যদেব। শ্রীগুরুদেব বলদেবাভিন্ন নিত্যানন্দস্বরূপ। শ্রীগুরুদেব নিত্য ব্রজবাসী। কৃষ্ণসেবা ছাড়া তিনি অজ্ঞানে অবশেও অন্য কিছু করেন না। ভগবান্ দুষ্টদমন ও শিষ্টপালন করিয়া থাকেন, সেইরূপ নিত্যানন্দাভিন্ন শ্রীগুরুবর্গও পাষণ্ডদলন ও প্রেম-প্রচারণ করিয়া থাকেন। তিনি কৃষ্ণভক্তির শিক্ষক, ভক্তিপথ-প্রদর্শক। তিনিই দিব্যজ্ঞান প্রদান করিয়া জীবের অবিদ্যা-মোহ নাশ করেন। তিনি সর্ব্বক্ষণ কীর্ত্তনাস্ত্রের দ্বারা জীবের মনোব্যাসঙ্গ ছেদন করিয়া দেন—তাঁহার অহৈতুকী কৃপাতেই জীবের সংসারবাসনা-বীজ ধ্বংস হয়। তাঁহার প্রতিকার্য্য, প্রতি বিচার, প্রতি সিদ্ধান্ত, প্রতি কথা, অঙ্গ-প্রত্যঙ্গ সবই কৃষ্ণসেবাময়। তিনি স্ত্রীসঙ্গী ও অন্যাভিলাষিগণের মূলোৎপাটনকারী। শ্রীগুরুদেব অনুক্ষণ কৃষ্ণকীর্ত্তনে রত। কৃষ্ণকীর্ত্তন ব্যতীত অন্য কার্য্য তাঁহার নাই। শ্রীগুরুপাদপদ্মই মুখ্যকীর্ত্তনকারী আর অন্যান্য সকলেই তাঁহার দোহার অর্থাৎ তাঁহার অনুকীর্ত্তনকারী। তাঁহার আনুগত্য ও কৃপা ব্যতীত কেহ কখনও হরিভজন করিতে পারে না। কৃষ্ণ তাঁহারই একান্ত নিজ সম্পত্তি। তিনি ইচ্ছা করিলে যখন তখন যাহাকে তাহাকে কৃষ্ণপ্রেমে প্রেমিক করিয়া দিতে পারেন। 'এই জীবের কৃষ্ণপ্রাপ্তি হউক' বলিয়া তাঁহার একটু শুভেচ্ছা হইলে সেই জীবের তৎক্ষণাৎ কৃষ্ণসম্প্রাপ্তি অনিবার্য্য-রূপে হইবে। সেইজন্য তাঁহার শুভদৃষ্টির মধ্যে পড়িবার নিমিত্ত সর্ব্বতোভাবে চেষ্টা করাই মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তির একমাত্র কর্ত্তব্য—একমাত্র সাধন-ভজন। শ্রীগুরুপাদপদ্মের সন্তোষবিধানই হরিভজন। ভগবানের সেবা হইতেও তাঁহার সেবা বড়। এত বড় বস্তু আমাদের শ্রীগুরুপাদপদ্ম—শ্রীশ্রীআচার্য্যপাদপদ্ম।

শ্রীগুরুদেব ও শ্রীভগবানে তত্ত্বগত কোন ভেদ নাই। কেবল লীলাগত ও রসগত বৈচিত্র্য আছে মাত্র। শ্রীগুরুদেব ভোক্তা নহেন—তিনি সেবক-ভগবান্। তিনি কৃষ্ণ হইতে কোন অংশে কম নহেন। শ্রীগুরুদেব সাক্ষাৎ শ্রীনিত্যানন্দ। শ্রীগুরুদেবের সহিত শ্রীনিত্যানন্দের লীলাগত বৈচিত্র্য থাকিলেও তিনি নিত্যানন্দস্বরূপ। শ্রীগুরুদেব সাক্ষাৎ প্রভুতত্ত্ব হইয়াও বৈষ্ণবশ্রেষ্ঠ সেবকবিগ্রহরূপে জীবে দয়া করিবার জন্য অবতীর্ণ। তিনি আলোর অবতার—নিত্যসিদ্ধ ভগবৎ-পার্ষদ। যাহারা শ্রীগুরুপাদপদ্মকে সাক্ষাৎ নিত্যানন্দ বলিতে কুণ্ঠাবোধ করে, তাহাদের মুখদর্শন করা উচিত নহে। যাহারা গুরুতত্ত্বে ভেদবুদ্ধি করে—অপ্রকট গুরুপাদপদ্ম হইতে প্রকট গুরুপাদপদ্মকে কিছু কম মনে করে, সেই সকল পাষণ্ডীর যেন স্বপ্নেও মুখদর্শন না হয়।

শ্রীগুরুপাদপদ্মই একমাত্র আরাধ্যদেব বা অভীষ্টদেব। সর্ব্বক্ষণ তাঁহার পূজা ও সেবাই একমাত্র কৃত্য। শ্রবণ-কীর্ত্তন-স্মরণমুখেই সর্ব্বক্ষণ তাঁহার সেবা হয়। প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবা—কায়, মন ও বাক্য—এই তিনটীকে আশ্রয় করিয়াই সেবা হয়। তাহা হইলে আর মায়ার আকর্ষণ ও বিকর্ষণের হস্তে পতিত হইতে হইবে না। 'আমি শ্রীগুরুপাদপদ্মের ভৃত্য,—এই অভিমান অসৎসঙ্গ হইতে [illegible] রাখে। [illegible] মমত্ববুদ্ধি হইলে অসতের প্রতি প্রীতি থাকিবে না।

আম্নায়ধারা বা গুরুপরম্পরা নিত্য। জগতে শ্রীগুরুপাদপদ্ম প্রকট না থাকিলে জগৎ অন্ধকার হইয়া যাইত। ভগবান্ যেমন যুগে যুগে অবতীর্ণ হইয়া থাকেন, সেইরূপ শ্রীগুরুপাদপদ্মও স্বেচ্ছায় বা কৃষ্ণেচ্ছায় এই প্রপঞ্চে আবির্ভাবলীলা প্রকট করিয়া থাকেন। জীবের উদ্ধারের জন্য ভগবৎকৃপা প্রাথমিক হইলেও ভক্তকৃপা—শ্রীগুরুপাদপদ্মের কৃপাই মুখ্য। গুরুবৈষ্ণববিমুখ জীবের প্রতি ভগবানের কৃপা কার্য্যকরী হয় না।

শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—"চৈত্যগুরুর কৃপা ব্যতীত বর্ত্মপ্রদর্শক, মহান্ত দীক্ষাগুরু এবং মহান্ত শিক্ষাগুরুর পাদপদ্ম লাভ করিবার কোন প্রকারই যোগ্যতা হয় না। কৃষ্ণ-সেবায় প্রবৃত্তি উদিত না হওয়া পর্য্যন্ত জীবগণ চৈত্যগুরুর নিষ্কপট কৃপা লাভ করিতে পারেন না। যে কালে জীবের হৃদয়ে ধর্ম্মার্থকামমোক্ষরূপ কৈতবচতুষ্টয় প্রবল থাকে, তৎকালে চৈত্যগুরু জীবকে [illegible] বিবেকানন্দ করায়। কিন্তু ভক্তিবিবেকের মহিমা-পাঠের যোগ্যতা হইলে চৈত্যগুরু কৃপা করিয়া অমায়ায় বৈষ্ণব-মহান্ত-দীক্ষা ও শিক্ষা গুরুগণের প্রতি বিশ্বাস করিবার প্রসাদ প্রদান করেন।

মহান্তগুরু আদিশিক্ষাগুরুরূপে জীবের ত্রিগুণতাড়িত অহঙ্কারশোধনকল্পে যত্ন করিয়া থাকেন এবং সেই যত্নের ফলে জীব মহান্তদীক্ষাগুরুর সান্নিধ্য লাভ করেন। শ্রীগুরুদেব বৈকুণ্ঠলীলাময় হইয়াও ইহজগতে অবতরণ করেন। তাদৃশ অবতরণের অবলম্বনরজ্জু—ভগবদ্ভক্তি। তিনি নিমজ্জমান প্রাণিগণকে উদ্ধার করিতে গিয়া কোনদিনই ভগবানের সেবা পরিহারপূর্ব্বক আত্মবিনাশে প্রবৃত্ত হন না।

চৈত্যগুরুর কৃপায় মহান্তগুরু নির্দ্দিষ্ট হন। দিব্যজ্ঞানদাতা মহান্তগুরু অনেক অনেক নহেন। যেহেতু তিনি অদ্বয়জ্ঞানের প্রিয়তম সেবক। শিক্ষাগুরু দীক্ষাগুরুর বাস্তবজ্ঞানলব্ধ শরণাগত শিষ্যকে শিক্ষা দিয়া থাকেন। তাঁহার অনুকূল শিক্ষা দিব্যজ্ঞানের প্রয়োগ-বিচারকে নিয়মিত করে। এইজন্য শিক্ষাগুরুর বহুত্ব থাকিলেও অদ্বয়জ্ঞানদাতা দীক্ষাগুরুর সহিত তাঁহাদের মতভেদ নাই, পরন্তু তাঁহারা দীক্ষাদাতার অন্তরঙ্গ বন্ধু।

দিব্যজ্ঞানদাতা জীবের স্বরূপ উদিত হয়, উন্মেষিত স্বরূপে অবস্থিত হইয়া ইহজগতে ও পরজগতে যে প্রকার [illegible], তাহার উপদেশকগণের নামই শিক্ষাগুরু। এই [illegible] বর্ত্মপ্রদর্শক গুরু শিক্ষাগুরুর [illegible]। [illegible] দীক্ষাগুরুদাতা মহান্তগুরু অবস্থান করেন।

ভগবানের [illegible] দয়া-লীলার [illegible] বিধান করেন। [illegible] স্রোতে প্রবহমান, সেই সকল [illegible] সদ্বুদ্ধিপ্রদান ও [illegible] কৃষ্ণসেবা-[illegible] উদ্দেশ্যে [illegible] জগতে আগমন। [illegible] ন্যায় অনাসক্তভাবে সংসারের বিষয় [illegible]। গ্রহণ করিয়াও সকল বিষয়ের [illegible] ধারণা অবলম্বনপূর্ব্বক [illegible] সহিত সম্বন্ধযুক্ত করেন। [illegible] ভক্তিভাবনিবিষ্ট বিষয়াসক্ত জনগণ। বিরুদ্ধ [illegible] করেন। [illegible] হিংসাপ্রবৃত্তি দ্বারা চালিত হইয়া [illegible] নিঃশ্রেয়সী চেষ্টাকে তাঁহাদেরই ন্যায় বিষয়চেষ্টার অন্তর্ভুক্ত জ্ঞানে তাঁহার সেবাবিমুখ হন। এখানে চৈত্যগুরু তাঁহাদিগকে তাঁহাদের প্রেয়ঃপন্থার অনুমোদন করিয়া [illegible] করান, [illegible] তাঁহারা ভক্তির স্বরূপ বুঝিতে অসমর্থ হন এবং নিত্যপ্রয়োজনীয় বস্তু সম্বন্ধে [illegible] প্রকাশ করেন। [illegible] চৈত্যগুরু [illegible] অকপটে [illegible] আকাঙ্ক্ষা করেন, তিনিই ভগবদ্ভক্তকে মহান্তগুরুরূপে নির্দ্দেশ করিবার সদ্বুদ্ধি প্রাপ্ত হন। ভক্তের প্রায় নিজ, পারিবারিক, মহত্তম সজ্জন [illegible] অন্য কেহই নাই। [illegible] মহাভাগবত শ্রীগুরুদেব [illegible] দর্শন করিয়া [illegible] হন।

শাস্ত্র আরো শ্রীগুরুপূজা করিতে বলিয়াছেন [illegible] শ্রীগুরুপাদপদ্মের সন্তোষবিধানের প্রতি লক্ষ্য কম থাকে। [illegible] গুরুসেবা ব্যতীত অন্য কোন কৃত্য আছে, এরূপ মনে হয়। সদ্গুরুপাদপদ্মাশ্রয় করিয়া আমাদের গুরুসেবার প্রতিযোগিতায়, [illegible] মায়ার চক্রান্ত। [illegible] চক্রান্তে পতিত হইলেও একরূপ দুর্দ্দশা ঘটে। শাস্ত্র বলিয়াছেন,—

সাধকস্য গুরৌ ভক্তিং [illegible] দেবতাঃ।
যয়োঃ প্রীতা এব বিষ্ণুঃ [illegible]
গুরৌ [illegible] ॥

দেবতাগণ সাধকের গুরুর প্রতি ভক্তি বা সেবাবৃত্তি অনেক সময় [illegible] করিয়া দেন। তাহার কারণ, ঐ সকল দেবতা মনে করেন, শিষ্য একমাত্র গুরুর প্রতি ভক্তি-প্রভাবে তাঁহাদিগকে লঙ্ঘন করিয়া নিশ্চিতরূপে হরিপাদপদ্ম লাভ করিবে। সুতরাং এ জগতের কনক-কামিনী-প্রতিষ্ঠাকাঙ্ক্ষী ব্যক্তিগণ যে গুরুসেবায় বাধা-প্রদান করিবে, তাহাতে আর আশ্চর্য্য কি আছে?

যাঁহার নিকট গুরুসেবাবৃত্তি আছে, তিনিই হরিভজন করেন। তিনি নিষ্কপট [illegible] করেন, তিনি বৈষ্ণব—তিনিই [illegible]। [illegible] শ্রীগুরুর প্রতি, বৈষ্ণবের [illegible] আছে, তিনিই ভক্ত। বাহিক সেবার আড়ম্বর বা বাহ্যিক [illegible] সেবক নির্দ্দিষ্ট করা যায় না। [illegible] হইলেও [illegible] প্রীতি-ভক্তি [illegible], তিনিই সেবক হইবেন। [illegible]। শ্রীগুরুপাদপদ্মে [illegible] তাঁহার [illegible] সুনিশ্চিত। তাঁহার [illegible] বা অনর্থ তাহা [illegible] নষ্ট [illegible] বলিয়াছেন,—
[illegible]।
প্রায় [illegible] ॥

[illegible] হইয়া [illegible] নিষ্কপট ভক্তের [illegible] হন না।

[illegible] বা [illegible] নাই। শ্রীগুরু-[illegible] পর্য্যন্ত [illegible]। [illegible] করিতে পারেন। [illegible] কামনা [illegible] করেন।

[illegible] ভগবানের [illegible]। [illegible] তাহারা [illegible] কোন দিন [illegible] না। [illegible] ছাড়িয়া [illegible] কৃষ্ণপ্রার্থী বা [illegible] না।

———

গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে। গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে॥

শ্রীধামে শ্রীশ্রীগুরুপূজা-মহামহোৎসব

"গত ২৭শে আগষ্ট; ১১ই ভাদ্র আকর-মঠরাজ শ্রীচৈতন্যমঠে শ্রীশ্রীগুরুপূজামহোৎসব নিরন্তর হরিসংকীর্ত্তনমুখে সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। এতদুপলক্ষে প্রাতে নগর-সংকীর্ত্তন ও হরিকথা আলোচিত হইয়াছে। পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেব মধ্যাহ্নে কিছুক্ষণ যাবৎ হরিকথা কীর্ত্তন করিয়াছেন। অনন্তর ভোগারাত্রিক-কীর্ত্তনান্তে শ্রীধামবাসী সকলকেই সুবিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হইয়াছে।

অপরাহ্নে অনিন্দ্যাহরণ নাট্যমন্দিরে একটী বিরাট সভার অধিবেশন হইলে হরিগুরুবৈষ্ণব-বন্দনা, গুর্ব্বষ্টক, মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তনান্তে উপদেশক পণ্ডিত শ্রীপাদ রাধা-গোবিন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী কাব্যপুরাণ-রাগতীর্থ প্রভু ও শ্রীপাদ নন্দকিশোর ভক্তিশাস্ত্রী প্রভু যথাক্রমে শ্রীশ্রীগুরুপূজা-সংখ্যা গৌড়ীয় ও নদীয়াপ্রকাশ পাঠ করেন। তৎপরে মহোপদেশক শ্রীপাদ কিশোরীমোহন ভক্তিবান্ধব ভক্তিশাস্ত্রী বি-এল মহোদয় শ্রীশ্রীল আচার্য্যদেবের অলৌকিক মহিমার কথা প্রায় দুই ঘণ্টা কীর্ত্তন করিয়া শ্রোতৃবর্গের চিত্তাকর্ষণ করেন।

সন্ধ্যারাত্রিকের পর গুরুবৈষ্ণববন্দনা ও মহাজনপদাবলী কীর্ত্তন হইলে উপদেশক পণ্ডিত শ্রীপাদ রূপবিলাস ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী বিদ্যার্ণব, বি-এ মহোদয় শ্রীশ্রীল আচার্য্যদেবের বাণীর অনুসরণে বহুক্ষণ যাবৎ শ্রীশ্রীগুরুপাদপদ্মের মহিমা ও শুদ্ধভক্তিলাভের উপায় কি, এ সম্বন্ধে প্রায় দেড়ঘণ্টাকাল হরিকথা কীর্ত্তন করেন। পাঠের পরে ও অন্তে মহাজন-পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

ঐ দিবস ভক্তগণ কলিকাতা শ্রীগৌড়ীয়-মঠ, দার্জ্জিলিং, পাটনা, এলাহাবাদ, লক্ষ্ণৌ কাশী, দিল্লী, মিরাট, সিমলা, কুরুক্ষেত্র, কভুর, মাদ্রাজ, বম্বে, চট্টগ্রাম ও রেঙ্গুণ ইত্যাদি বিভিন্ন স্থান হইতে তারযোগে শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মে পুষ্পাঞ্জলি প্রদান করেন।

গৌড়ীয়নন্দনের বিচারে শ্রীগুরুদেব আশ্রয়জাতীয় বিগ্রহলীলার প্রকটকারী। নিত্যানন্দস্বরূপ অভিন্ন-প্রকাশ তত্ত্ব। শ্রীগুরুদেব—আশ্রয়জাতীয়তত্ত্ব, শ্রীকৃষ্ণ—বিষয়তত্ত্ব; শ্রীগুরুদেব—সেবক ভগবান, শ্রীকৃষ্ণ—স্বয়ং ভগবান্, শ্রীগুরুদেব স্বয়ং-প্রকাশ বিগ্রহ, শ্রীকৃষ্ণ স্বয়ংরূপ। শ্রীগুরুদেব—মুকুন্দপ্রেষ্ঠ, রাগমার্গে স্বরূপসিদ্ধ শিষ্যের দর্শনে শ্রীগুরুদেব কৃষ্ণকান্তা—অভিন্ন শ্রীবার্ষভানবীর প্রকাশ। এই শ্রীগুরুদেবের দাস্যই পূর্ণতম স্বাধীনতা। শ্রীগুরুদেবের পাদপদ্মে নিত্যদাস্য—প্রেম এই স্বাধীনতার চরমসীমা। শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করিলে বাস্তবসত্য অনায়াসে করায়ত্ত হয়। গুরু-ব্যতীত ভগবৎসাক্ষাৎকারের অন্য কোন উপায়ই নাই। শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করাই জীবের কর্ত্তব্য। আম্নায়-পন্থা গ্রহণ ব্যতীত সত্যোপলব্ধির অন্য কোন উপায় নাই।

অণুচেতনের একমাত্র স্বভাব—শরণাগত হওয়া—বৃহচ্চেতনের আশ্রয় গ্রহণ করা। চব্বিশঘণ্টা ভগবানের অনুশীলন করিলে ভগবান্ কৃপাপূর্ব্বক আমাদের নিকট আত্ম-প্রকাশ করেন। সেবোন্মুখতা বা শ্রবণোন্মুখতাই মঙ্গললাভের একমাত্র যোগ্যতা। যেকাল পর্য্যন্ত জীবের চেতনবৃত্তি প্রস্ফুটিত না হইবে, ততদিন বদ্ধজীবাভিমান থাকিবেই। গুরু-কৃপাতেই জড়াভিমান দূর হয়। শ্রীগুরুদেবই ভগবানের পবিত্রবৈশিষ্ট্য। তাঁহাতে শ্রদ্ধা অর্থাৎ নির্ভরতা আসিলেই মঙ্গল। শ্রীগুরুদেব লীলাপুরুষোত্তমের লীলার সঙ্গী। আমরা সেই শ্রৌত গুরুপাদপদ্মের কিঙ্কর। শ্রীগুরুদেব আমাদের নিত্য নিয়ামক। আমরা শ্রীগুরুদেবের অযোগ্য ভৃত্য, অত্যন্ত অযোগ্য হইলেও তাঁহার নিত্যকিঙ্কর। শ্রীগুরুদেব আত্মবিৎ—কৃষ্ণতত্ত্ববিৎ।

আমাদের সর্ব্বক্ষণ মনে রাখা উচিত যে, বাস্তব বস্তু সদ্গুরুর পদাশ্রয় বিনা কেহ কোনদিন হরিভজন করিতে পারে নাই বা পারিবে না। শ্রীগুরুদেব যে সে ভক্ত নহেন, তিনি গৌরশক্তিস্বরূপ—রূপানুগবর। তিনি অবতার অর্থাৎ প্রপঞ্চাতীত ধাম হইতে প্রপঞ্চে অবতীর্ণ। তিনি শুদ্ধসত্ত্ব। চিদ-চিদ্রাজ্যে যত জীব আছে, তাঁহার আনুগত্য ব্যতীত কাহারও গতি নাই। শ্রীগুরুদেব ভক্তিরসামৃতের মূল মহাজন। তাঁহার ন্যায় শ্রীগৌরকৃষ্ণের এত ঘনিষ্ঠ সেবক আর কেহ নাই। মদীয় শ্রীগুরুদেব শ্রীরূপাভিন্নবিগ্রহ। শ্রীনাম তাঁহার প্রেমবাধ্য।

কৃষ্ণোন্মুখী বা পরেশানুভূতিই সম্বন্ধ। জগতে টান বলিয়া যে একটী কথা আছে, সেই টানই সম্বন্ধের মূল। যাঁহাদের তত্ত্বকথা-শ্রবণে উন্মুখতা আছে, তাঁহাদের হরিগুরু-বৈষ্ণবের সেবা-কার্য্যকে ইহ ও পরকালের একমাত্র কার্য্য বলিয়া টান আছেই। তত্ত্বকথা-শ্রবণের ফলে গুরুকৃষ্ণের প্রতি আমার-বুদ্ধি বা 'আপনার' বলিয়া টান বাড়ে। টান না হইলে তত্ত্বকথা শ্রবণ হইতেছে না, জানিতে হইবে। চেতনময় শ্রীগুরুদেবের চেতনময়ী বাণী বা কৃষ্ণকীর্ত্তন কৃষ্ণব্যতীত অন্য কিছু নহে। শ্রীগুরুপাদপদ্মের বাণী শ্রবণ করিলে দুর্ব্বলতা ধ্বংস হইয়া হৃদয়ে প্রচুর বললাভ হইবে। শ্রীগুরুকৃষ্ণের প্রত্যেক দ্রব্যকে কৃষ্ণের ন্যায় কৃষ্ণাভিন্নজ্ঞানে বিভুরূপে আমার সেব্যরূপে—আমার ভোক্তৃরূপে—পরিচালক বা চেতনময়রূপে জানিবার সৌভাগ্য হউক, ইহাই গুরুবর্গের শ্রীচরণে প্রার্থনা।

হরিসেবোন্মুখগণ শুদ্ধ চেতনময়ী সেবা-বৃত্তিতে প্রত্যেক বস্তুকে নির্দ্দেশ করেন 'ঈশাবাস্য' অর্থাৎ আমার স্রষ্টা, আমার পরিচালক, বিভু-ব্যাপক বিষ্ণু বা বিষ্ণুবৈভব। জীবের অনাদিবহির্ম্মুখতা চেতনময় সদ্গুরুর চেতনময়ী কীর্ত্তনবাণীতে দূর হইলে জীবের হৃদয়ে ভগবদুন্মুখী চেষ্টা বা সুদর্শন দেখা যাইবে। অনুক্ষণ প্রতি বস্তুকে হরিসম্বন্ধী বা চিদ্বৈভবজ্ঞানে শ্রদ্ধানত-হৃদয়ে কায়-মনোবাক্য ভগবৎসেবা-কার্য্যে-ব্যাপৃত রাখিলে বিষ্ণুস্মৃতির সঙ্গে সঙ্গে বিষ্ণুসেবা লাভ এবং তাহা হইলেই সিদ্ধির পথে আমরা অগ্রসর হইতে পারি। অনুক্ষণ বিষ্ণুস্মৃতিতে ব্যবধান বা বাধা না থাকায় সেবায় সুষ্ঠুতার সঙ্গে সঙ্গে দর্শনের সুষ্ঠুতা লাভ হয়। সাধনরাজ্যে যে পর্য্যন্ত না রুচি বা আসক্তি লাভ হয়, তৎকাল পর্য্যন্ত সাধক খুব সতর্ক থাকিবেন। রুচি বা আসক্তি হইতে ক্রমশঃ কৃষ্ণ আকৃষ্ট হইতে থাকেন। তখনই সুষ্ঠু, শুদ্ধভক্তি আরম্ভ হয়। হ্লাদিনী-কৃপায় রুচিবৃদ্ধির সঙ্গে সঙ্গে কৃষ্ণবশকারিতা আরম্ভ হয়। তখন জীবস্বরূপের যে সৌন্দর্য্য, সেই সৌন্দর্য্যবলে সকলসুন্দরসেবকশিরোমণি শ্রীগুরুদেবের আনুগত্যে জীব শ্রীরাধাগোবিন্দ-চরণকমলে উপনীত হন। তখনই শুদ্ধ ও সুষ্ঠু হরিভজনের পরিচয় ও সার্থকতা।

শ্রীধামে গৌরজন শ্রীশ্রীল আচার্য্যদেব

——:•:(:•:):•:——

পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেব গত ২৭শে আগষ্ট, ৮ই ভাদ্র, সোমবার প্রাতে কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে কতিপয় ভক্তবৃন্দ সহ রওনা হইয়া পথিমধ্যে কৃষ্ণনগর শ্রীকৃষ্ণকুটীরে কিছুক্ষণ অবস্থান পূর্ব্বক দ্বিপ্রহরে শ্রীধাম-মায়াপুর শ্রীচৈতন্যমঠে শুভবিজয় করিয়াছেন। শ্রীশ্রীল আচার্য্যদেব প্রত্যহই মঠবাসী ভক্তগণের নিকট হরিকথা কীর্ত্তন করিতেছেন। তাঁহার শ্রীপাদপদ্ম দর্শনার্থ বিভিন্ন স্থান হইতে ভক্তগণ শ্রীধামে আগমন করিতেছেন।

নিবেদন

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের কৃপায় শ্রীনদীয়াপ্রকাশ এ যাবৎকাল নিয়মিতভাবে দুই সীটে প্রকাশিত হইয়া আসিতেছেন। আগস্তিক রাষ্ট্রবিপ্লববশতঃ কাগজ দুষ্প্রাপ্য হওয়ায় ভগবদিচ্ছায় আগামী ১৫১ সংখ্যা হইতে শ্রীনদীয়াপ্রকাশ এক সীটে প্রকাশিত হইবেন।

মহৎ কিঞ্চিৎ

——:•:[৭]:•:——

মহতের সেবাই বিমুক্তির দ্বার। মহৎ দুইপ্রকার—ব্রহ্মোপাসক ও ভগবদুপাসক। সৎসঙ্গই ভগবৎসান্মুখ্যের দ্বার। যে সাধু-ব্যক্তিগণ সমচিত্ত, প্রশান্ত, ক্রোধহীন ও সকলের সুহৃৎ, তাঁহারাই মহৎ অথবা যাঁহারা ঈশ্বরে সৌহৃদ্য স্থাপনপূর্ব্বক তাঁহাকেই পরম-পুরুষার্থ জ্ঞান করেন, এবং দেহরক্ষক অন্নপানাদিবার্ত্তায় আসক্ত পুরুষগণের প্রতি ও জায়াপুত্রধনাদিযুক্ত গৃহের প্রতি প্রীতিযুক্ত নহেন এবং জীবনরক্ষার উপযোগী ধনের অধিক স্পৃহা করেন না, তাঁহারাই মহৎ। সিদ্ধই মহৎ।

স্বরূপে অবস্থিতিই মুক্তি। ভগবদ্দাস্য বা ভগবৎসেবায় প্রতিষ্ঠিত হওয়াই মহৎ-সেবা। যে সেব্যের নিকট হইতে কিছু চায় বা গ্রহণ করে, সে সেবক নহে। আর যিনি প্রভুর সেবককে অপস্বার্থতর্পণপর বস্তু প্রদান করেন, তিনিও প্রভু নহেন। প্রকৃত মঙ্গলাকাঙ্ক্ষী বা হিতাকাঙ্ক্ষী আশ্রয়প্রার্থীকে কখনও বিষ প্রদান করিতে পারেন না। যেখানে সেবাদ্বারা সেব্যের সুখবিধান ব্যতীত অন্য কোন প্রকারান্তর উদ্দেশ্য থাকে, সেখানে যতই পরিচর্য্যা বা মনোহভাবোৎপাদনের অভিনয় হউক না কেন, তাহা কখনই সেবা নহে।

মহৎসেবার প্রথমেই মহতের প্রতি শ্রদ্ধার উদয় হয়। শ্রদ্ধা হইতেই সেবাতে নিষ্ঠা ও রুচি আসে। যে পরিমাণে শ্রদ্ধা দৃঢ় হইতে থাকে, সেই পরিমাণে চিত্ত সেব্যের প্রতি আকৃষ্ট হইতে থাকে। সেব্যের আচরণ, গমন, বিচরণ, মনের ভাব, চিন্তাধারা সকলই সেবকের সুপরিজ্ঞাত। সেবক সর্ব্বদাই সেব্যের অনুগমন করেন, সেব্যকে কখনও নিজের অনুগমন করাইতে চাহেন না। "কৃষ্ণ সে তোমার, কৃষ্ণ দিতে পার তোমার শকতি আছে"—মহতের প্রতি এই বিশ্বাসই শ্রদ্ধা। সেবার পরিবর্ত্তে মহতের নিকট প্রার্থনীয় কিছুই নাই। সেবার পরিবর্ত্তে সেবা প্রার্থনা—ইহাই মহৎসেবকের কর্ত্তব্য। মহতের সেবাই সেবকের পরিপূর্ণ লাভ—এ বুদ্ধি ভ্রষ্ট হইয়া অন্য বুদ্ধি আসিলেই তাঁহার প্রতি মর্ত্ত্যবুদ্ধি আসিয়া সেবককে বঞ্চিত করিবে।

প্রকৃত শ্রদ্ধার অভাবের জন্য মহতের প্রতি মৎসরতা কখনও জ্ঞাতসারে, কখনও অজ্ঞাতসারে আসিয়া জীবহৃদয়ে প্রবেশ করে। মহতের কৃপাশাসনে না থাকিলে এইরূপ অবাস্তব চিন্তা আসিয়া মহতের কৃপা হইতে বিচ্যুত হইতে হয়।

মহতের অনুগমনই মহতের সেবা। অনুগমন সম্ভব হয় মহতের কৃপা দ্বারা। সর্ব্বদা মহতের শিক্ষায় অনুপ্রাণিত হওয়াই মহতের শিষ্যত্ব। আচার এবং বিচারের মধ্য দিয়া মহদ্গণের শিক্ষা বিস্তারিত হয়। শ্রদ্ধাহীন মহতের আচরণ বুঝিতে ভুল করে, বিপরীত মনে করে।

শুদ্ধভক্ত-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅবধবন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ২১১৫
সেবক—শ্রীঅবধজিহ্ন দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগমায়া-পুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীপত্তাবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভবিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরেরাম ব্রহ্মচারী

কাজির সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীসঙ্কীর্ত্তন দাসাধিকারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীধামদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
চাঁচড়াপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠাসন
সেবক—শ্রীমনসিংহ ব্রহ্মচারী

পুঁড়া গৌড়ীয়মঠ
পোঃ পুঁড়া, চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধবগৌড়ীয়মঠ
বালিয়াটী, পোঃ ভারারি, ঢাকা
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীউমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীরামলক্ষ্মণ ব্রহ্মচারী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদাসবিগ্রহ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চক্চকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাশাংবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর, পাটনা
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরাসং, বেনারস সিটি
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা।
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক—শ্রীচন্দ্রসখ দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা, মথুরা
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেষশায়ী
পোঃ কোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোবালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
বোম্বে নং ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী
সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আর্ত্তাশ্রম
(ভগবৎ-কৃপার্ত্তিবর্দ্ধক)
পুরী
সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রিয় ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীমদ্রমণ দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীদয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁলগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীরসিকলাল ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণসুন্দর দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাজবাঁধ, বর্দ্ধমান
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ভুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
৪৪ ল্যাক্সটোন রোড, হাউড্ গ্রীন
লণ্ডন, এন্ ৪
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

লক্ষ্ণৌ গৌড়ীয়মঠ
পরমেশ্বরী দয়াল বিল্ডিং
লাটুস রোড, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅদ্বয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
সেবক—শ্রীগতিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীমনীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিখিলভারত-প্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয়ের সৌভাগ্যবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। ইহাই বিরাট্ অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনামূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

———

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকৃত শ্লোকাকারে অতি সংক্ষেপে গুম্ফিত ও শ্রীপাদ বলদেব যতি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

———

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা করণের আলেখ্য ভূমিকা ও সূচীসহ অদ্ভুত পূর্ব্ব সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণরূপে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵৹ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,

শ্রীযুক্ত সুপারিরঞ্জন নাগ এম-এ, বি-এল্,

পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা

———

সদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৩৬৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—২৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

———

বিজ্ঞাপন

'মেডিকেল ডিগ্রী' সংগ্রহ করুন

আধুনিক হোমিওপ্যাথিক, ইউনানী,

বিজ্ঞান প্রভৃতি পরীক্ষা ঘরে বসিয়া দিন।

বিনা খরচে প্রস্পেক্টাস ফ্রী। ইংরাজী কিম্বা

উর্দু ভাষায় পত্র ব্যবহার করিবেন।

প্রিন্সিপ্যাল ওল্ড ইণ্ডিয়ান

মেডিক্যাল কলেজ

আম্বালা সিটী

শুদ্ধভক্তিগ্রন্থমালা

…তম্ সমগ্র)

২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲

দশম স্কন্ধ— ৯৲

৩। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ১৲

৪। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত ৯৲

সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

১ম খণ্ড—৸৹; ২য় খণ্ড—১৲; তৃতীয় খণ্ড—৸৹ ৪র্থ খণ্ড—৸৹

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী

১ম খণ্ড—৸৹, ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸৹

৭। শ্রীচৈতন্যদেব ১।৹

৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।৹

৯। বৈষ্ণবধর্ম্ম ২৲

১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

১৩ হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸৹

১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥৹

১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।৹

১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸৹

১৭। চৈতন্যোপনিষদ্ ।৹

১৮। দ্বাদশ আলবর ॥৹

১৯। ভক্তি বেক ।৹

২০। গৌড়ীয়-গৌরব ।৶৹

২১। গৌড়ীয়সাহিত্য ।৶৹

২২। ভজন-রহস্য ॥৹

২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲

২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ১৲

২৫। গীতা (চক্রবর্ত্তী-টীকাসহ) ১৲

২৬। গীতার কেবল মাধ্বভাষ্য ॥৹

২৭। যুক্তিমল্লিকা গুণসৌরভঃ (সানুবাদ) ২৲

২৮। বেদান্ততত্ত্বসারঃ (সানুবাদ)

২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৶৹ বাঁধা ৸৹)

৩০। দ্বীপ-দিগ্দর্শন ৵৹

৩১ সাধনপথ (তৃতীয় সংস্করণ) ৵৹

৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥৹

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸৹

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵৹

৩৫। গীতমালা ৴১৹

৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য (ছোট) ৶৹

৩৭। ঐ প্রমাণ খণ্ড ৶৹

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।৹

৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।৹

৪০। শরণাগতি ৵৹

৪১। গীতাবলী ৴১৹

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸৹

৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২॥৹

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা

৪৫। নবদ্বীপশতক ৴১৹

৪৬। অর্থপঞ্চক ৴১৹

৪৭। সদাচারস্মৃতিঃ ৴১৹

৪৮। কল্যাণকল্পতরু ৴১৹

৪৯। অর্চ্চনকণ ।৹

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲

৫১। ব্রহ্মসংহিতা ॥৹

৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।৹

৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸৹

৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।৹

৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।৹

৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶৹

৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।৹

৫৮। শ্রীভুবনেশ্বর ৶৹

৫৯। সিদ্ধান্তদর্পণ ৴৹

৬০। সাংখ্যবাণী ৴৹

৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২॥৹

৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শচৈতন্যলীলামৃতসারঃ ॥৹

৬৪। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।৹

৬৫। সটীকা শিক্ষাদশমূলম্ ।৹

৬৬। তত্ত্বক্রমম্ ।৹

৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম ৵৹

৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ

৬৯। সারাংশবর্ণনম্ ৶৹

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ॥৹

৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ॥৹

৭২। নামভজন ৴৹

৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অণ্টলজ ॥৹

৭৪। রিলেটীভ ওয়ার্ল্ডস্ ।৶৹

৭৫। লাইফ্ য়্যাণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥৹

৭৬। বৈষ্ণবীজম্ ॥৹

৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴৹

৭৮। দি ভাগবত ।৹

৭৯। থিয়োরেটিক প্রিন্সিপাল এণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ।৹

৮০। ব্রহ্মসংহিতা ॥৹

৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲

৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৬৲

৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৸৹

৮৫। সাধনপথ ॥৹

৮৬ কল্যাণকল্পতরু ৴১৹

৮৭। গীতাবলী ৴১৹

শরণাগতি ৴৹

৮৯। শ্রীসচ্চিদানন্দবাণী ।৶৹

৯০। শ্রীগৌড়ীয়বাণী ॥৹

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ॥৹

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১।০	১।০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা-গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chartএর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র দুই আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মহুয়া প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে-সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মহুয়া প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ হিন্দি পদ্যানুবাদসহ সম্প্রতি শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৭০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এক অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ শরণাগতির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবলক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া শ্রদ্ধালু ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ॥০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

					শনিবার ব্যতীত			
					শনিবার	অন্য দিন		
কলিকাতা ছাঃ	৪-৫৬	৬-২১	৭-১৪	১৩-১৬	১৫-১৬	১৬-১৬	১৭-৫৬	২২-২৬
দমদম	৪-৫৬	৬-৩১	৭-২৮	১৩ ২৯	......	......	১৮ ৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭ ৫৮	৯-১৮	১৪ ৫০	১৬-৪৮	১৮-০১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ	......	......	৯-৩৯	....	......	......	....	......
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৯	৮-৪০	১০-৬	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০
লাইট রেল (বদল) ছাঃ	৭-১০	১০-৬	১৪-৫০	১৭-৪০			২০-৩০	
মহেশগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১০-২৫	১৮-১৫			২১-৫	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫-৩৩	১৮-২৩			২১-১৩	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম "	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
" ছাঃ	১২-৫৬
শান্তিপুর পৌঃ	১৩-২৪
(বদল) ছাঃ	১৩ ৪২ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-৩০
মহেশগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩০

ডাউন

					শনিবার ব্যতীত			
					অন্য দিন	শনিবার		
নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪		৯-১২		১৬-৩	১৬-৩১	১৮-৩৮	
মহেশগঞ্জ "	৬-২৩		৯-২১		১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৭		৯-৫৫		১৬-৪৬	১৭-১৪	১৯-২১	
(বদল) ছাঃ	৬-০১	৭-১০	৮-৫২	১১-১৬	১৫-৪	১৬ ৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪-১০	৭-৪৬	৯-২৫	১২ ০	১৫-৪৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	....	....	....	.....	১৫-৫৬	১৭-৪২	......	......
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১-২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩ ৫০	১৭-৪৬	১৯-২৬	২১-৪০	২৩ ১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪-১
মহেশগঞ্জ "	১৪-১০
কৃষ্ণনগর পৌঃ	১৪-৪৪
ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। প্রয়াগ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণান্তিকে বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মঠবাসী সত্যানুসন্ধিৎসুগণ যে সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীস্বরূপ রূপানুগাবরুদ্ধসিদ্ধান্তদলনে ও তদনুরূপ সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——::০::——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাঁচন

সর্ব্বপ্রকার জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতিও অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কি না। ছোট বোতল ৸৴০ দশ আনা, বড় বোতল ১৶০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

:—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

বেহালা, ২৪ পরগণা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

Regd. No. C 1544

কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত অমূল্য কল্যাণকল্পতরু গ্রন্থ 'পরিমল'-নামক বিবৃত ভাষ্যসহ প্রকাশিত হইয়াছে। ইহাতে চরম ও পরম মঙ্গলের কথা আছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৵৹

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশ্রীস্তবমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ-সহ প্রকাশিত হইয়াছেন। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৮০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৬শ বর্ষ } ২৫ হৃষীকেশ, গৌরাব্দ ৪৫৫ ; ১৫ই ভাদ্র, বঙ্গাব্দ ১৩৪৮ ১লা সেপ্টেম্বর ইং ১৯৪১, সোমবার {১৪৯-৫০তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৫ হৃষীকেশ সর্ব্বশিব সর্ব্বশ গৌরাব্দ ৪৫৫

শ্রীল প্রভুপাদের হরিকথা

——::০::——

মানবের পরিচ্ছিন্ন জ্ঞান—অসম্পূর্ণ; তাই মানব-জ্ঞান বিশ্বের উৎপত্তির কারণ নির্দ্দেশ করতে অসমর্থ। মানব—বদ্ধদর্শন বা বদ্ধশ্রবণ ইত্যাদিতে আবদ্ধ। পরিক্রমণের দ্বারা শ্রীঅর্চ্চার পাদসেবনরূপা উপাসনা হয়। তীর্থ-পরিভ্রমণে বাস্তব-বস্তুর কথার শ্রবণ, বাস্তব-সত্যের রূপ-দর্শন, গুণ-বৈশিষ্ট্য-শ্রবণ প্রভৃতির সুযোগ-লাভ হ'য়ে থাকে। আমরা যখন নিত্যমুক্ত-ভূমি এখনও লাভ করি নাই, তখন বদ্ধ-অবস্থায় আমাদের সাধনের একান্ত আবশ্যকতা আছে। নববিধা ভক্তিই সাধন। মুক্ত-ভূমিতে বা ভাবরাজ্যে সামগ্রী-চতুষ্টয়ের সম্মিলনে যে রসোদয় হয়, তা'ই সিদ্ধি বা প্রয়োজন। শ্রীঅর্চ্চা-বিগ্রহ শ্রীধাম-স্বরূপে বিরাজমান। শ্রীঅর্চ্চার সেবা হ'তেই আমাদের মঙ্গলের উদয় হয়। নিরন্তর ভগবৎপ্রীতি ভক্তসঙ্গ-হৃদয়ে নিত্যকাল উদয় করাবার জন্যই শ্রবণ-কীর্ত্তনাদিরূপা সাধন-ভক্তির আবশ্যকতা।

বর্ত্তমান সময়ে আমরা বিপন্ন ও পতিত। যথাসম্ভব ২৪-ঘণ্টা কেবল অভাব দূর করবার ও ইন্দ্রিয়তৃপ্তিরই চেষ্টা করছি। আমাদের ইন্দ্রিয়গুলি অসম্পূর্ণ এবং ঐ সকল ইন্দ্রিয়ের দ্বারা যা' লাভ করা যায়, তা'ও অসম্পূর্ণ। এই সকল জড় ইন্দ্রিয়ের দ্বারা আমাদের সুখলাভের যে চেষ্টা, তাহার পরিণতি—মৃত্যু। এই সংসাররূপ মৃত্যু হ'তে উদ্ধার পে'য়ে হরিভজন করতে হ'লে শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করা সকলেরই কর্ত্তব্য।

গুরুপদাশ্রয় ক'রে দীক্ষাদি-গ্রহণকার্য্য ভগবদ্ভক্তিরাজ্যে প্রবেশের দ্বার; ভগবদ্-ভজনের জন্য ব্রহ্মা এই অন্তর্দ্বীপে ধ্যান ক'রেছিলেন। শ্রীকৃষ্ণচৈতন্য এই স্থানে অবতীর্ণ হ'য়ে যে লীলা প্রদর্শন করলেন, তা' ব্রহ্মার লক্ষিতব্য হ'য়েছিল। আমরা মহাজনের অনুসরণ ক'রে হরিভজন-রাজ্যে অগ্রসর হ'ব। বলিরাজা যেমন সর্ব্বস্ব সমর্পণ ক'রে ভগবানের সেবা ক'রেছিলেন, আমরাও তাঁ'র অনুসরণ ক'রে, সর্ব্বস্ব সমর্পণ ক'রে আত্মনিবেদনক্ষেত্র অন্তর্দ্বীপ শ্রীধাম-মায়াপুরের শরণাগত হ'ব। সেবা-বিমুখগণ অমঙ্গলে পতিত। হরিবিমুখ হ'লে দেব-ঋষিগণেরও পতনযোগ্যতা আছে।

সকলকে ভগবানের প্রতি সেবোন্মুখ করাই আমাদের একমাত্র চেষ্টা হওয়া উচিত। উহাই মায়ার প্রভুত্ব ছাড়বার একমাত্র উপায়। কৃষ্ণোন্মুখ ক'রে সকলের পরম-মঙ্গলবিধান করাই একান্ত কর্ত্তব্য। ভগবানের সেবা ছে'ড়ে দিলেই সংসার। একমাত্র ভগবানের সেবাতেই নিত্য মঙ্গল নিহিত। আমাদের আত্মীয়তা-বোধ কেবল মঙ্গল-প্রার্থিগণের জন্য। যাঁ'রা ভগবানের প্রকৃষ্ট সঙ্গবিমুখ হ'য়েছে, তা'রা সংসারে পতিত এবং ভগবৎসেবায় সর্ব্বদা উদাসীন। যে কাল পর্য্যন্ত তা'রা স্বভাবে প্রতিষ্ঠিত না হয়, সে কাল পর্য্যন্ত তা'রা জানে না—'কা'কে সেবা করবে?' প্রস্তর, বৃক্ষ, কীট-পতঙ্গ, মৎস্য, সরীসৃপ, পক্ষী, পশু, মানব, দেবতা, ভক্ত প্রভৃতি দেহাভিমানের বিচার হ'তে মুক্ত হওয়া আবশ্যক। বিরূপের ধর্ম্ম ভুলে' স্বরূপে উদ্বুদ্ধ হওয়াই আবশ্যক। বৃক্ষের বাক্ষ-বিচার, প্রস্তরের প্রাস্তর-বিচার, পশুর পাশব-বিচার, মানবের মানবোচিত বিচার হ'তে মুক্ত হ'য়ে সর্ব্বক্ষণ ভগবৎ-সেবকের বিচারই সকলের পক্ষে গ্রহণীয়।

ভক্তগণ ভগবৎ-সেবা ব্যতীত আর কিছু করেন না। সর্ব্বপ্রকার কার্য্যের মুখ্য উদ্দেশ্যই ভগবানের প্রীতি বা সন্তোষবিধান। ভগবানের সেবা হ'তেও তাঁ'র সেবকের সেবা আরও বড়। ভগবানের ভক্তের সেবা করা সর্ব্বাপেক্ষা বেশী প্রয়োজনীয়। ভগবান্‌কে যিনি সেবা করেন বা অর্চ্চন করেন, তিনিই তদীয়। যাঁ'রা জগতের জীবের জন্য প্রকৃতপক্ষে দুঃখী, তাঁ'দের সেবা করা আবশ্যক। হরিভক্তের সেবায় সর্ব্বক্ষণ নিযুক্ত থাকতে হ'বে।

শুধু মনুষ্যমাত্রই নয়, জীবমাত্রেই বৈষ্ণব; যা'রা তা' না বুঝে ভগবদ্বিদ্বেষ করে, তা'দের সঙ্গ কোনমতেই করা উচিত নয়। অঘ, বক, অরিষ্ট প্রভৃতি ব্রজের বিঘ্নকারী অসুরসকলের, অথবা রাবণের অনুচর আমরা অনেক সময় ভগবানের বিদ্বেষ করাকে 'ধর্ম্ম' ব'লে মনে করি, ভগবদ্ভক্তের ভজনের ব্যাঘাত করবার চেষ্টা করি। ছয় প্রকার রিপু সর্ব্বদা আমাদের ঘাড়ে চেপে র'য়েছে। বিষয়-পরিক্রমণ কিংবা গৃহ-পরিক্রমণ অপেক্ষা ভগবানের ধাম-পরিক্রমণ করলেই নিত্যমঙ্গলের সূত্রপাত হয় এবং তা'ই আমাদের করা কর্ত্তব্য। আপনারা কাম-ক্রোধ প্রভৃতি রিপুসকলের দাস্য পরিত্যাগ ক'রে অন্তর্দ্বীপ আশ্রয় করুন, শ্রীধামে বাস করুন, শ্রীধামের বিগ্রহাদির সেবা করুন, শ্রীধামবাসিগণের সেবা করুন, সকলেই যাহাতে শ্রীধামে বাস করতে পারেন, তজ্জন্য যত্ন করুন। শ্রীধামেশ্বর মহাপ্রভুর দান কৃষ্ণপ্রেম অপেক্ষা অনন্ত ব্রহ্মাণ্ডে আর বেশী কিছুই নাই।

ভোগী বা ত্যাগী হ'বার চেষ্টা করলে অন্ধকার হ'তে গভীরতর অন্ধকার-রাজ্যে পতিত হ'তে হ'বে। শুধু প্রাকৃত অভাব নিবৃত্তির জন্য চেষ্টা করলে অন্ধ হ'য়ে জীব অন্ধতম নরকে প্রবেশ ক'রবেন। অমঙ্গলের হাত হ'তে পরিত্রাণ পাওয়াই আমাদের প্রধান কার্য্য। নবধা ভক্তির আশ্রয়ে যখন শ্রীচৈতন্যচন্দ্রের পাদপদ্ম আশ্রয় করব, তখনই আমাদের নিত্য পরম বাস্তব মঙ্গলের উদয় হ'বে। বলি মহারাজের ন্যায় কায়মনো-বাক্যরূপ ত্রিপাদ-বিভূতি শ্রীভগবানের পাদপদ্মে অর্পণ করবার যোগ্যতার আকাঙ্ক্ষা আমাদের আবশ্যক। কিন্তু মনে রাখতে হ'বে—"যুয়ং প্রসঙ্গবিমুখা ইহ সংসরন্তি"।

আমাদের যথাসর্ব্বস্ব শ্রীমন্মহাপ্রভুর পাদপদ্মে নিযুক্ত হউক। শ্রবণ, কীর্ত্তন ও স্মরণে হেলা করা উচিত নয়। এতদ্ব্যতীত মঙ্গল নেই। গুরুভক্ত-সঙ্গক্রমেই শ্রীহরির শ্রবণ-কীর্ত্তন-স্মরণ সুষ্ঠুতা লাভ করবে। আত্মনিবেদনকে কেন্দ্র ক'রে বৈদ্যুতিক চক্রের ন্যায় নবধা ভক্তি—শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, পাদসেবন, অর্চ্চন, বন্দন, দাস্য, সখ্য চক্রাকারে নিরন্তর করতে হ'বে। এরূপ নবধা ভক্তির currentএর মধ্যে প'ড়ে থাকলে আপনারা অমঙ্গলের অবরতা হ'তে মুক্ত হ'য়ে হরিসেবায় অধিকার পা'বেন। যাবতীয় ভজনাঙ্গের কেন্দ্রে আত্মনিবেদনকে রাখতে হ'বে। জীব যখন ঐ আত্মনিবেদনের বিচারে ভরপূর হ'বে, তখন নবদ্বারবিশিষ্ট শরীর ভোগের দিকে আর যা'বে না; তখনই আমাদের বাস্তব সুবিধা হ'বে।

কৃপা

—ঃঃ[*]ঃঃ—

অকপট ক্রন্দনই কৃপালাভের একমাত্র উপায়। এই ক্রন্দনের মূলে বিরহ—অভাববোধ বা জ্বালাবোধ। শ্রীগুরুপাদপদ্মের সেবা আমার দ্বারা হইল না, তাঁহার সুখবিধান করিতে পারিলাম না, সেবার বাধাসমূহ অপসারিত হইল না—এই বলিয়া ক্রন্দন। অকপট কৃপালাভের জন্য কাঁদিয়া কাঁদিয়া শ্রীগুরুপাদপদ্মে নিবেদন জানাইলে কৃপা নিশ্চয়ই পাওয়া যাইবে। এই কৃপা-ক্রন্দন যাঁহার যত নিরন্তর হইবে—যত ব্যবধানরহিত হইবে, তিনি তত শীঘ্র কৃপালাভ করিতে পারিবেন।

এই ক্রন্দনের মধ্যে হতাশা বা নৈরাশ্য বলিয়া কিছু নাই। অভীষ্টবস্তু নিশ্চয়ই লাভ করিব—কৃপা নিশ্চয়ই পাইব, এ বিষয় ক্রন্দনকারী সুদৃঢ়ভাবে জানেন। গুরুপাদপদ্ম কৃপা করিবেন, এ বিষয়ে তাঁহার সংশয় নাই। সেইজন্য তাঁহার হতাশা বলিয়া কিছু নাই। আবার যে পরিমাণে সেবা করা যায়, সঙ্গে-সঙ্গে তাহার ফলও পাওয়া যায়। আমার প্রত্যেক কার্য্যকলাপ শ্রীগুরুপাদপদ্মের সুখবিধান করিতেছে কিনা ইহা প্রত্যেক নিষ্কপট শরণাগত সেবক স্পষ্ট বুঝিতে পারেন। শ্রীগুরুপাদপদ্মের সেবার কি কি বাধা আছে, তাহাও তিনি বুঝিতে পারেন। সেই বাধাসমূহ এড়াইয়া সেবার জন্য তিনি যখন যেভাবে যত্ন করেন, তখন সেইভাবে সাড়া পাইয়া থাকেন। ভক্তিরাজ্যে প্রত্যেক ব্যাপারই চিৎপ্রত্যক্ষের ব্যাপার; সুতরাং হতাশা বলিয়া কিছু নাই। আর যেখানে কৃপাময়ের প্রতি সংশয়, নিজের প্রতি সংশয়, সেখানে হতাশা বা নৈরাশ্য আছেই।

হৃদয়ে দীনতা ও কৃপার জন্য কাতর ক্রন্দন যুগপৎ হয়। কৃপা ছাড়া গতি নাই। কৃপাপ্রার্থনা যত জাগিবে, হৃদয়ে দীনতা, নিজের অযোগ্যতা তত উপলব্ধি হইবে। দীন হীন কাঙ্গাল না হইলে কৃপা পাওয়া যায় না।

গুরুকৃষ্ণ ছাড়া আমার আর কেহ আশ্রয় নাই—ইহা যত উপলব্ধি হইবে, ততই কৃপার জন্য অ... ...কথা জাগিবে। ... ... করিয়া যাঁহা... ...র গুরুরূপে জানাইয়াছেন, যাঁহার পদতে ...কে রাখিয়াছেন, আমি তাঁহার সেবাতেই মনোনিবেশ করিব, তাহাতে নিজ সুবিধা-অসুবিধার দিকে দৃক্পাত করিব না। শ্রীগুরুপাদপদ্ম স্বতন্ত্র, তিনি আমাকে যখন যেখানে রাখেন তখন সেখানে থাকিয়া তাঁহার ... প্রার্থনামুখে সেবা করিতে হইবে। তাঁর আমার প্রতি যাহাই বরুন না কেন, সবই তাঁহার কৃপা। আমাকে কেবল চাতকের ন্যায় তাঁহার কৃপা-প্রার্থনা করিতে হইবে। আকাশ হইতে বজ্রই আসুক বা সুশীতল জলই আসুক, তাহাতে চাতক যেরূপ কেবল আকাশের দিকে তাকাইয়া জল-প্রার্থনা ছাড়া অন্য কোন জলাশয়ের আশ্রয় গ্রহণ করে না, সেইরূপ গুরুপাদপদ্ম হইতে তাঁহার হৃদ্গ্রন্থি ছেদন করা কৃপা যে আকারেই আসুক না কেন, আমাদিগকে তাহারই প্রার্থী হইতে হইবে। একমাত্র তাঁহাকে ষোল-আনা চাহিতে হইবে। অন্য কোন ব্যক্তির আশ্রয় গ্রহণ করিতে হইবে না বা অন্য কোন বস্তুর প্রার্থনা করিতে হইবে না। আমাদের ঐকান্তিকতা থাকিলে তিনি নিশ্চয়ই কৃপা করিবেন—তাঁহাকে আমাদের নিজ নিত্যপ্রভু বলিয়া জানিবার সৌভাগ্য প্রদান করিবেন।

কৃপালাভ করিতে হইলে সরলতা, দৃঢ়তা ও অভিনিবেশ থাকা প্রয়োজন। ভজনপথে অগ্রসর হইতে হইলে শ্রীগুরুনিত্যানন্দের কৃপাই একমাত্র সম্বল। সরল হইয়া অর্থাৎ শ্রীহরিনামের, শ্রীগুরুপাদপদ্মের প্রীতিবিধান ছাড়া হৃদয়ে অন্য কোন অভিলাষ না রাখিয়া কৃপালাভের জন্য ক্রন্দন করিতে হইবে, তবেই কৃপা হইবে। ক্রন্দনের মধ্যে কোন ব্যবধান না থাকিলে তাঁহার কৃপা নিশ্চয়ই উপলব্ধি হয়। ক্রন্দন অর্থাৎ কৃপা-প্রার্থনার মধ্যে কোন ব্যবধান থাকিলে সাড়া পাওয়া যায় না। 'আমি গুরুপাদপদ্ম কিছুতেই ছাড়িব না' হৃদয়ে সর্ব্বক্ষণ এইরূপ দৃঢ়তা রাখিতে হইবে এবং সর্ব্বক্ষণ তাঁহার কৃপার চিন্তাতেই মনোনিবেশ করিতে হইবে, তাহা হইলে নিশ্চয়ই কৃপা পাওয়া যাইবে।

অনুক্ষণ কাঁদিয়া কাঁদিয়া কৃপা-প্রার্থনা করা দরকার। যদি প্রাণ না কাঁদে—জ্বালা-বোধ না হয় তাহা হইলে 'কেন আমার জ্বালাবোধ হইতেছে না' বলিয়া আর্ত্তি জানাইতে হইবে। নামপরায়ণ সাধুর নিকট যাইয়া কাঁদিয়া প্রার্থনা জানাইতে হইবে।

পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেব বলিয়াছেন,—"এ গৌরসুন্দরকে প্রভুবরকে আমি চাই-ই, শত জন্ম পরেও যদি হয়, তথাপি তাঁ'কে চাই-ই, কারণ তিনি ছাড়া আমার আর উপায় নেই—গতি নেই—এইরূপ আকুলতা থাকা দরকার। তাঁ'কে পাওয়াই আমাদের সত্তা, আমাদের স্বভাব, আর আমাদের অন্য কোন রাস্তা নেই। তিনি আমাকে দৈহিক, মানসিক কষ্ট যতই দিন, অথবা নাও-ই দিন, তথাপি তিনি ছাড়া আর আমার গতি নেই। আমার যোগ্যতা কিছুই নেই, তবু তিনি আত্মসাৎ করুন—এই প্রার্থনা অকপটে অনুক্ষণ না হ'লে হ'বে না। আমি কৃষ্ণকে পাইলাম না—সেবকের সর্ব্বক্ষণ এই চিন্তা।

'হে ঠাকুর! আমাকে ছেড়ো না, আমি বড় কাঙ্গাল। আমি বড় অযোগ্য, তোমার কৃপা ছাড়া আমার গতি নাই। আমার কি সাধ্য আছে যে, তোমাদের নিকট পৌঁছিতে পা'রব'—এই ব'লে কাঁদতে হ'বে।"

নিজের সুখশান্তি, অশন-ভূষণ সব ত্যাগ করিয়া কেবল আকুলপ্রাণে কাতরকণ্ঠে শ্রীগুরুবৈষ্ণবপাদপদ্মে বিজ্ঞপ্তি জানাইতে হইবে। শ্রীগুরুপাদপদ্ম বড় দয়াল। জীবের দুঃখ তিনি সহ্য করিতে পারেন না। সেবকের দুঃখকষ্ট তিনি দেখিতে পারেন না। তাই শ্রীগুরুপাদপদ্মে প্রার্থনা—

গুরুদেব! নিয়ত চরণে স্থান।
মাগে এ পামর কাঁদিয়া কাঁদিয়া
করহে করুণা দান॥
কবে হেন কৃপা লভিয়া এজন
কৃতার্থ হইবে নাথ।
শক্তিবুদ্ধিহীন আমি অতি দীন
কর মোরে আত্মসাৎ॥
যোগ্যতা-বিচারে কিছু নাহি পাই
তোমার করুণা সার।
করুণা না হ'লে কাঁদিয়া কাঁদিয়া
প্রাণ না রাখিব আর॥

———

প্রশ্নোত্তর

প্রশ্ন—'স্বধামগত', 'নিত্যধামগত' ও 'নিত্যলীলাপ্রবিষ্ট' শব্দগুলির মধ্যে পার্থক্য বা বৈশিষ্ট্য কি আছে?

শ্রীশ্রীল আচার্য্যদেব—'স্বধামগত' শব্দটী, যাঁহারা এ জগৎ হইতে চলিয়া গিয়াছেন, এইরূপ সকলশ্রেণীর ব্যক্তির প্রতিই ব্যবহৃত হইতে পারে। চতুর্দ্দশ ব্রহ্মাণ্ডের অর্থাৎ অতল হইতে সত্যলোক পর্য্যন্ত, অথবা বিরজা, ব্রহ্মলোক বা উহাদের অতীত বৈকুণ্ঠলোক বা গোলোক, যে স্থানেই প্রয়াণ হউক, সকলক্ষেত্রেই 'স্বধামগত' শব্দের প্রয়োগ হইতে পারে।

প্রঃ—'ধাম' বলিতে অপ্রাকৃত স্থানকে বুঝায়। অতল-বিতলাদি অবরলোকে যাহারা গমন করে বা নরকস্থ হয়, তাহাদিগের প্রতিও কি 'স্বধামগত' শব্দ ব্যবহৃত হইবে?

উঃ—'ধাম' শব্দ জড়ব্রহ্মাণ্ডের প্রতিও প্রযুক্ত হয়, যেমন 'দেবীধাম।' 'স্বধাম' বলিতে স্ব-স্ব পাপ-পুণ্যরূপ কর্ম্মার্জ্জিত স্থান অথবা স্ব-স্ব শুদ্ধভক্তিসাধনলব্ধ বৈকুণ্ঠ গোলোকাদি শ্রীধাম উভয়কেই বুঝায়।

প্রঃ—তাহা হইলে কি 'ধাম' ও 'শ্রীধাম' শব্দের মধ্যে বৈশিষ্ট্য আছে?

উঃ—হাঁ, 'ধাম' বলিতে যে-কোন স্থান, তাহা দেবীধামের অন্তর্গতও হইতে পারে, কিন্তু 'শ্রীধাম' বলিতে 'শ্রী' অর্থাৎ স্বরূপ-শক্তির নিত্য স্থান বুঝায়। স্বরূপ-শক্তি বা যোগমায়ার ছায়াশক্তি মহামায়ার স্থানই—'দেবীধাম।'

প্রঃ—'নিত্যধামগত' ও নিত্যলীলাপ্রবিষ্ট'—এই দুইটী শব্দ কি একই তাৎপর্য্যপর, না উভয়ের মধ্যে কোন পার্থক্য আছে?

উঃ - শ্রীবৈকুণ্ঠে প্রেমসেবারহিত 'মোক্ষ' লাভ করিলে তাঁহাকে 'নিত্যধামগত' বলা যায়; আর যিনি গোলোকে প্রেমসেবা লাভ করেন, তাঁহাকে 'নিত্যলীলা-প্রবিষ্ট' বলা যায়। রতির উদয় না হওয়া পর্য্যন্ত প্রেমভূমিকা লাভ হয় না।

প্রঃ—যদি কোন গুরুসেবক গুরুদেব বা সম্প্রদায়ের সেবার জন্য গুরুবিরোধিগণের অত্যাচারে বা আক্রমণে অকস্মাৎ দেহত্যাগ করেন, তবে তাঁহার কি গতি হইবে? তিনি কি পরমমুক্ত পুরুষগণের ন্যায় গতি লাভ করিয়া থাকেন?

উঃ—যদি হিংসা বা প্রতিহিংসার ভাব হৃদয়ে না থাকে, তিনি যদি একমাত্র শ্রীশ্রীহরি-গুরুবৈষ্ণবে সমর্পিতাত্মা হন, তবেই তাঁহার শ্রেষ্ঠগতি হইতে পারে, কিন্তু যদি দ্রোহ বা প্রতিহিংসার কোন ভাব মৃত্যুকালে হৃদয়ে থাকে, তবে মঙ্গল হইবে না। কারণ, ঐ সকল রজস্তমোগুণের ক্রিয়া।

"অন্তকালে চ মামেব স্মরন্
মুক্ত্বা কলেবরম্।
যঃ প্রয়াতি স মদ্ভাবং যাতি
নাস্ত্যত্র সংশয়ঃ॥
যং যং বাপি স্মরন্ ভাবং
ত্যজত্যন্তে কলেবরম্।
তং তমেবৈতি কৌন্তেয় সদা
তদ্ভাবভাবিতঃ॥"
(গীতা ৮।৫-৬)

শ্রীগীতার এই দুইটী শ্লোকানুসারে অন্তিমকালে হৃদয়ে যে-ভাব স্মরণ করিয়া দেহ পরিত্যাগ করা যায়, তদুচিত লোকই লাভ হইয়া থাকে। এজন্য শ্রীকৃষ্ণ সর্ব্বকালে তাঁহার অনুস্মরণের কথা বলিয়াছেন,—"তস্মাৎ সর্ব্বেষু কালেষু মামনুস্মর"। দ্রোহের প্রতিদান—গ্রাহ্য নহে। যেখানে শ্রীশ্রীহরিগুরুবৈষ্ণব-প্রীতির নিদর্শন, তথায় মার খাইতে হয়, কিন্তু মার দিতে নাই। যাঁহার হৃদয়ে প্রীতির লেশও আবির্ভূত হইয়াছে, তাঁহাতে প্রতিহিংসার আভাসও নাই, তবে পাষণ্ডদলনের জন্য বাহিরে ক্রোধের আভাস থাকিবে মাত্র, কিন্তু অনুষ্ঠানে কোন দৌরাত্ম্য থাকিবে না।

প্রঃ—তবে যে শ্রীহনুমদাদি বৈষ্ণবশ্রেষ্ঠগণের মধ্যেও লঙ্কাদহনাদি-রূপ দৌরাত্ম্যের সাক্ষ্য পাওয়া যায়?

উঃ—শ্রীহনুমানজী সিদ্ধপরিকর। শ্রীরামলীলার সহায়ক শ্রীহনুমান্ শ্রীরামচন্দ্রের অসুর-বিনাশাদি-লীলার পুষ্টিসাধন করিয়াছেন। শ্রীহনুমান্ না হইলে শ্রীরামচন্দ্রের লীলাই প্রকাশিত হইত না। অতএব শ্রীহনুমানের লঙ্কাদহনাদি-কার্য্য দৌরাত্ম্য নহে, তাহা শ্রীরামচন্দ্রের লীলার অংশস্বরূপ, কিন্তু আমাদের ন্যায় সাধক-জীবের পক্ষে অনুসরণীয় হইবে—শ্রীল হরিদাস ঠাকুরের আদর্শ। শ্রীদাক্ষায়ণী দক্ষকে প্রাণে বিনাশ করিতে যান নাই, দক্ষের প্রতি ক্রোধাভাস প্রদর্শন করিয়াছেন এবং বৈষ্ণবনিন্দা-শ্রবণের প্রায়শ্চিত্তের জন্য নিজের প্রাণ 'বলি'

দিয়াছেন, কিন্তু দক্ষের প্রতি প্রতিহিংসার ভাব বা তৎপ্রতি কোন আনুষ্ঠানিক দৌরাত্ম্য প্রদর্শন করেন নাই।

প্রঃ—শ্রীদাক্ষায়ণী অবলা ; সুতরাং তিনি আনুষ্ঠানিক দৌরাত্ম্য-প্রদর্শনের সুযোগ কিরূপে পাইবেন ?

উঃ—শ্রীশিব-গৃহিণী শ্রীদাক্ষায়ণীর দক্ষ হইতে ক্ষমতা অনন্তকোটিগুণে ও অতুলনীয়-রূপে অধিক। তিনি সাক্ষাৎ শ্রীবৈষ্ণবী শক্তি—ঁ তাঁহার ভ্রূভঙ্গীর আভাসে কোটি কোটি দক্ষ দগ্ধ হইয়া যাইতে পারে, তথাপি তিনি সেইরূপ প্রতিহিংসামূলক ক্রোধ প্রদর্শন না করিয়া নিজের উপরই সমস্ত অত্যাচারকে-বরণ করিয়া লইয়া নিজের দেহ বিসর্জন করিয়াছেন। শ্রীদাক্ষায়ণী এই লীলাদ্বারা এই শিক্ষা দিয়াছেন,—সাধারণ জীবের জন্য বৈষ্ণবনিন্দা-শ্রবণে স্ব-প্রাণত্যাগ, অসমর্থপক্ষে স্থান-ত্যাগ কর্ত্তব্য।

প্রঃ—স্থান-ত্যাগের দ্বারা কি কাপুরুষতা প্রমাণিত হয় না ?

উঃ—শ্রীভাগবতভক্ত ভয়ের জন্য পলায়ন করেন না; পাছে তাঁহার ক্রোধাভাসও অনর্থকরী ক্রোধরূপে পরিণত হইয়া বৈষ্ণব-নিন্দাকারীর প্রতিও প্রতিহিংসার উদয় করায়, সেজন্যই তিনি স্থান ত্যাগ করেন, তিনি নিজহস্তে আইন গ্রহণ করেন না। কারণ তিনি জানেন,—কারণার্ণবশায়ীই যাহা বিধান করিবার, তাহা করিবেন। আর তিনি জানেন,—যে ব্যক্তি অনন্তকাল শারীরিক, মানসিক ও আত্মিক ক্লেশ লাভ করিবে, সেই ব্যক্তিই বৈষ্ণবনিন্দাপঙ্কে পতিত হয়। তিনি বৈষ্ণবনিন্দক বা শ্রীহরিগুরু-বৈষ্ণব-বিরোধিগণের ক্রিয়া, বাক্য, মুদ্রা প্রভৃতি দর্শন ও শ্রবণ করিয়া "অহো বিষ্ণুমায়া 'বার' হৈল মহা-হাস॥"—শ্রীল ঠাকুর হরিদাসের এই বিচারের অনুসরণে বিমুখ-মায়ামোহিত শ্রীশ্রীগুরু-বৈষ্ণব-বিদ্বেষিগণের দুঃখের পরাকাষ্ঠার কথা চিন্তা করেন, নিজে আর হিংসা করেন না। হাইকোর্ট হইতেই ত' উহাদের চরম দণ্ডের আদেশ হইয়া গিয়াছে—শাস্তির পরাকাষ্ঠা লাভ হইয়াছে; নতুবা কেন শ্রীশ্রীগুরুবৈষ্ণবের নিন্দা করিবে—তাঁহাদের দ্রোহাচরণ করিতে ধাবিত হইবে ? ইহা অপেক্ষা বিমুখতার চরম দণ্ড আর কি হইতে পারে ? শ্রীবৈষ্ণবগণ শ্রীবলদেবের—শ্রীমন্নিত্যানন্দের বৈভব। শ্রীশ্রীহরি-গুরু-বৈষ্ণবের নিন্দা-শ্রবণে স্থানত্যাগ কাপুরুষতা নহে—তেজস্বিতার পরাকাষ্ঠা। মহাভাগবত-বর বিদুরের স্থান ত্যাগ তেজস্বিতারই পরাকাষ্ঠা। সকল জীবের দণ্ডমুণ্ড-বিধাতা ধর্ম্মরাজ যমই বিদুর-রূপে জন্মগ্রহণ করিয়াছিলেন। তিনি আবার কাহাকে ভয় করিবেন ? তথাপি তিনি শ্রীকৃষ্ণের প্রিয় ও বান্ধব পাণ্ডবগণের বিরোধাচরণকারী ধৃতরাষ্ট্র-দুর্য্যোধনাদির সভায় বৈষ্ণবনিন্দা শ্রবণ না করিয়া স্থান ত্যাগ করেন। শ্রীকৃষ্ণ হস্তিনা-পুরে গমন করিয়া দুর্য্যোধনের প্রদত্ত রাজভোগ পরিত্যাগপূর্ব্বক শ্রীবিদুরের ভিক্ষান্ন সাদরে গ্রহণ করিয়াছিলেন। দ্বাদশ মহাজনের অন্যতম শ্রীভীষ্ম হইতেও শ্রীবিদুর শ্রেষ্ঠ। শ্রীভীষ্ম বরং লোকশিক্ষার জন্য নীতিবাদের বহুমানন করিয়াছেন ; আশ্রয়দাতা দুর্য্যোধনকে পরিত্যাগ করিয়া রাজদ্রোহিতা করা অপেক্ষা বরং সমরে পাণ্ডবগণের হস্তে জীবন বিসর্জ্জন শ্রেয়োজ্ঞান করিয়াছেন এবং কুরুসৈন্যের প্রধান সেনাপতি হইয়া যুদ্ধে শ্রীকৃষ্ণসখা অর্জ্জুনের প্রতিও বাণ নিক্ষেপ করিয়াছেন। নৈতিক ধর্ম্মাবলম্বী মাত্রই প্রত্যহ "ভীষ্মঃ শান্তনবো বীরঃ সত্যবাদী জিতেন্দ্রিয়" বলিয়া ভীষ্মের তর্পণ করিয়া থাকেন। এইরূপ নীতিবাদের শিক্ষক অপেক্ষাও শ্রীকৃষ্ণ শ্রীবিদুরের প্রীতিময়ী সেবাকে বহুমানন করিয়াছেন, কেন না, তিনি ভক্তবৎসল শ্রীহরি। প্রীতির প্রথমোদয়াবস্থার কথা-প্রসঙ্গে শ্রীমদ্ভাগবত বলিতেছেন,—

> যত্রানুরক্তাঃ সহসৈব ধীরা
> ব্যপোহ্য দেহাদিষু সঙ্গমূঢ়ম্।
> ব্রজন্তি তৎ পারমহংস্যমন্ত্যং
> যস্মিন্নহিংসোপশমঃ স্বধর্ম্মঃ॥
> (ভাঃ ১।১৮।২২)

শ্রীহরিতে অনুরক্ত ধীরগণ অবিলম্বেই দেহাদিতে আসক্তি পরিত্যাগ করিয়া পারমহংস্যের শেষসীমা প্রাপ্ত হন। সেই অবস্থায় প্রতিহিংসা বা মৎসরতা-বৃত্তি থাকে না বলিয়া ভগবানে নিষ্ঠা স্বভাবসিদ্ধরূপে বর্ত্তমান থাকে।

প্রশ্ন—তাহা হইলে শ্রীঅগস্ত্যমুনি কি প্রতিহিংসার বশবর্ত্তী হইয়া ইন্দ্রদ্যুম্নকে ও শ্রীনারদ মণিগ্রীবকে অভিশাপ এবং শ্রীপরীক্ষিৎ মহারাজ শমীকমুনির গলদেশে মৃতসর্প দান করেন নাই ?

উঃ—এ সম্বন্ধে শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভু যে সিদ্ধান্ত করিয়াছেন, তাহাই সর্ব্বমান্য হইবে—"অগস্ত্যস্য চেন্দ্রদ্যুম্ন স্বাবমাননয়া ন কোপঃ, কিন্তু বৈষ্ণবোচিতমহদাদরচর্য্যায়াঃ পরিত্যাগে শিক্ষার্থমেব মন্তব্যঃ। তয়োরনু-গ্রহার্থায় শাপং দাসাদিবৎ জগৌ ইতিবৎ। অথ শ্রীপরীক্ষিতো ব্রাহ্মণাবমাননা চ শ্রীকৃষ্ণস্য তত্যাজেন স্বপার্শ্বনয়নেচ্ছাত এব। তস্যৈব মেহধস্য পরাবরেশো ব্যাসক্তচিত্তস্য গৃহেষু-ভীক্ষ্ণম্। নির্ব্বেদমূলো দ্বিজশাপরূপো যত্র প্রসক্তো ভয়মাশু ধত্ত ইতি তদুক্তেঃ। এব-মন্যত্রাপি যোজনীয়ম্।" (শ্রীপ্রীতিসন্দর্ভ, ৭৬ অনুচ্ছেদ)—নিজের অপমানের জন্য শ্রীইন্দ্রদ্যুম্নের প্রতি শ্রীঅগস্ত্যের অভিশাপ—'ক্রোধ' নহে, কিন্তু বৈষ্ণবোচিত মহতের আদর ও পরিচর্য্যার অভাব দেখিয়া লোক-শিক্ষার জন্য তিনি ঐরূপ করিয়াছিলেন, ইহাই জানিতে হইবে। 'শ্রীনলকুবর-মণিগ্রীবের প্রতি কৃপাপ্রকাশার্থই শাপ দিবার সময় এই গান করিয়াছিলেন," শ্রীমদ্ভাগবতের বাক্য হইতে নলকুবর মণিগ্রীবের প্রতি কৃপাপ্রকাশার্থই শ্রীনারদের অভিশাপ-লীলার কথা জানা যায়। গোকুলে জন্ম ও শ্রীকৃষ্ণের স্পর্শ-লাভকে নিগ্রহ বা বৈষ্ণবাব-মাননার ফল বলা যায় না, উহা পরম কৃপার ফল। অগস্ত্যের অভিশাপে ইন্দ্রদ্যুম্ন যখন গজেন্দ্ররূপে জন্মগ্রহণ করেন, তখন কুম্ভীরের দ্বারা গ্রস্ত হইয়া আর্ত্ত গজেন্দ্রের শ্রীহরির সাক্ষাৎকার হয়, ইহা শ্রীঅগস্ত্যের পরম অনুগ্রহ ব্যতীত নিগ্রহ নহে। শ্রীপরীক্ষিৎ মহারাজের ব্রাহ্মণের অবমাননাও তাঁহার ক্রোধের পরিচায়ক নহে। পরীক্ষিৎকে সেই ছলে নিজ পার্শ্বে গ্রহণের জন্য শ্রীকৃষ্ণের যে ইচ্ছা হইয়াছিল, সেই ইচ্ছারই কার্য্য। ইহা শ্রীপরীক্ষিতের দৈন্যোক্তির মধ্যে প্রকাশিত হইয়াছে,—"কার্য্য-কারণ-নিয়ন্তা স্বয়ং ভগবানও আমাকে কৃপা করিয়াছেন। একে আমি নিরন্তর গৃহে একান্ত আসক্ত, তাহার উপর আবার ব্রাহ্মণের অপমান করিয়া পাপাচরণ করিয়াছি ; বোধ হয়, ভগবান্ ভাবিলেন যে, ভয়ই বিষয়ানুরাগী ব্যক্তির নির্ব্বেদের কারণ, জড়ের প্রতি নির্ব্বেদ না হইলে ত' তাঁহাকে পাইবার উপায় নাই, তাই তিনি নিজেই নির্ব্বেদ-লাভের মূল কারণ দ্বিজ-শাপরূপে রূপ ধারণ করিলেন।" শ্রীশ্রীজীব প্রভু অন্যান্য শ্রীকৃষ্ণপ্রীতিমান্ পুরুষগণের সম্বন্ধেও এইরূপ বিচার করিতে বলিয়াছেন।

প্রঃ—শ্রীভীষ্ম শ্রীকৃষ্ণের প্রিয়সখা শ্রীঅর্জ্জুনাদির বিরুদ্ধে যুদ্ধ করিয়াছিলেন বলিয়াই কি তিনি সাযুজ্য-মুক্তি অর্থাৎ নির্ব্বিশেষ ব্রহ্মে লীন হইয়াছিলেন ? কারণ, শ্রীমদ্ভাগবত বলিয়াছেন,—

> সম্পদ্যমানমাজ্ঞায় ভীষ্মং ব্রহ্মণি নিষ্কলে।
> সর্ব্বে বভূবুস্তে তূষ্ণীং বয়াংসীব দিনাত্যয়ে॥
> (ভাঃ ১।৯।৪৫)

নিষ্কল ব্রহ্মে শ্রীভীষ্মদেবকে লীন হইতে দেখিয়া যুধিষ্ঠিরাদি পাণ্ডবগণ সকলেই দিনা-বসানে পক্ষিগণের মত নীরব হইয়া অবস্থান করিলেন।

উঃ শ্রীভীষ্মদেবের ব্রহ্মকৈবল্যের পর ক্রমভগবৎ-প্রাপ্তির নীতি অনুসারে শ্রীঅর্জ্জুন-সখা শ্রীকৃষ্ণের পাদপদ্ম সেবাই লাভ হইয়াছিল। কারণ শ্রীভীষ্ম তাঁহার নির্য্যাণের সময় শ্রীকৃষ্ণকে নির্নিমেষনেত্রে দর্শন করিতে করিতে স্তব করিয়া বলিয়াছিলেন,—

> ত্রিভুবনকমনং তমালবর্ণং
> রবিকরগৌরবরাম্বরং দধানে।
> বপুরলককুলাবৃতাননাব্জং
> বিজয়সখে রতিরস্তু মেঽনবদ্যা॥
> (ভাঃ ১।৯।৩৩)

ত্রিলোকের মধ্যে একমাত্র সুন্দর তমালবর্ণ, প্রাতঃকালীন সূর্য্যকিরণের ন্যায় নির্ম্মল পীতবসনাবৃত, কুঞ্চিত-অলকাবলী আননমুখপদ্মশোভিত শরীরধারী এই অর্জ্জুন-সখা শ্রীকৃষ্ণের প্রতি আমার অহৈতুকী ফলা-ভিসন্ধিরহিতা রতি হউক !

শ্রীচৈতন্যমঠে
শ্রীশ্রীরাধাষ্টমীব্রত

গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের কৃপানির্দ্দেশে শ্রীধাম-মায়াপুরস্থ শ্রীচৈতন্যমঠে গত ৩০শে আগষ্ট ১৩ই ভাদ্র শনিবার শ্রীশ্রীরাধাষ্টমীব্রত নিরন্তর হরি-সংকীর্ত্তন ও উপবাসমুখে পালিত হইয়াছেন। এতদুপলক্ষে শ্রীধামবাসী ভক্তগণ উষঃকাল হইতে শ্রীশ্রীহরিগুরুবৈষ্ণববন্দনা, গুরুপরম্পরা, পঞ্চতত্ত্ব ও বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তন করিলে পর পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী কাব্যপুরাণ রাগতীর্থ ভক্তিশাস্ত্রী প্রভু প্রায় দুইঘণ্টাকাল হরিকথা কীর্ত্তন করেন। তৎপরে বেলা ৯॥ ঘটিকা পর্য্যন্ত মহাজন-পদাবলী কীর্ত্তন হইতে থাকে। পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেব কৃপাপূর্ব্বক অবিষ্ঠাহরণ নাট্যমন্দিরে বেলা ৯॥ ঘটিকা হইতে ১১ ঘটিকা পর্য্যন্ত শ্রীভক্তিসন্দর্ভ পাঠ ও ব্যাখ্যা করেন। তৎপরে পুনরায় মহাজনপদাবলী কীর্ত্তন হইলে 'শ্রীশ্রীভক্তিবিনোদরাধাবিভাস'-সংখ্যা গৌড়ীয় হইতে 'শ্রীশ্রীরাধাষ্টমী' প্রবন্ধটী পাঠ হয়। অনন্তর উচ্চ-সংকীর্ত্তনমুখে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারী জীউর ভোগারাত্রিক কীর্ত্তন হয়।

অপরাহ্ন ৩ ঘটিকা হইতে ৭ ঘটিকা পর্য্যন্ত নাট্যমন্দিরে গুরুবৈষ্ণববন্দনা, বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তন এবং শ্রীপাদ নন্দকিশোরদাস ভক্তিশাস্ত্রী প্রভু কর্ত্তৃক শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী হইতে শ্রীশ্রীবার্ষভানবী-দেবীর তত্ত্ব আলোচিত হয়। শ্রীগুরু-গৌরাঙ্গের সন্ধ্যারাত্রিক সম্পন্ন হইলে পুনরায় গুরুবৈষ্ণববন্দনা, পঞ্চতত্ত্ব ও মহাজনপদাবলী কীর্ত্তন হয়। তৎপরে পণ্ডিত শ্রীপাদ রূপবিলাস ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীরাধাতত্ত্ব-বিষয়ক আলোচনা করেন। শুদ্ধভজন কখন আরম্ভ হয়, ভজনের বাধা কি কি, সেবক ও সেব্যতত্ত্ব, জড়-প্রতিষ্ঠা ও বৈষ্ণবী প্রতিষ্ঠা, কর্ম্ম ও সেবার পার্থক্য, হরিভজন হয় না কেন প্রভৃতি বিষয় অবলম্বনে বহুক্ষণ ধরিয়া হরিকথা কীর্ত্তন করেন। অতঃপর মহাজনপদাবলী ও নামকীর্ত্তন হয়।

গৌরহরি শ্রীপাদ আচার্য্যদেব প্রাতে ও অপরাহ্ণে হরিকথা কীর্ত্তন করেন।

তৎপর দিবস মধ্যাহ্নে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারী জীউর ভোগারাত্রিকের পর শ্রীধামবাসী সকলকেই বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হয়।

শ্রীশ্রীগুরুপূজা-মহোৎসব

শ্রীগৌড়ীয়মঠে

গত ১০ই ভাদ্র, ২৭শে আগষ্ট, বুধবার কলিকাতা শ্রীগৌড়ীয়মঠে ওঁবিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের আবির্ভাব-তিথি উপলক্ষে শ্রীশ্রীগুরুপূজা-মহোৎসব নিরন্তর হরিসংকীর্ত্তনমুখে সম্পন্ন হইয়াছে।

তদুপলক্ষে শ্রীসারস্বত-শ্রবণ-সদনে বিচিত্র পত্র-পুষ্প বস্ত্র-দ্বারা সুসজ্জিত সিংহাসনোপরি শ্রীশ্রীগুরুবর্গের আলেখ্য স্থাপন করা হয়।

ঐ দিবস প্রাতে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীজীউর মঙ্গলারাত্রিক ও শ্রীমন্দির পরিক্রমান্তে ত্রিদণ্ডিগোস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ শ্রীশ্রীগুরুপূজা-সংখ্যা গৌড়ীয় হইতে "শ্রীশ্রীল আচার্য্যদেবের কএকটী বৈশিষ্ট্য ও কৃপার নিদর্শন" শীর্ষক প্রবন্ধটী পাঠ ও ব্যাখ্যা করেন। বেলা ১২ ঘটিকার সময় শ্রীশ্রীল আচার্য্যদেবের শ্রীপাদপদ্মে পুষ্পাঞ্জলি প্রদান করা হয়।

মধ্যাহ্নকাল হইতে বহুক্ষণ যাবৎ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিকেবল সাগর মহারাজ শ্রীশ্রীল আচার্য্যদেবের মহিমা কীর্ত্তন করেন।

সন্ধ্যারাত্রিকের পর সারস্বত-শ্রবণসদনে একটী মহতী সভার অধিবেশন হয়। শ্রীগুরু-বৈষ্ণববন্দনা, পঞ্চতত্ত্ব, মহাজনপদাবলী ও মহামন্ত্র-কীর্ত্তনান্তে শ্রীগুরুপূজা-সংখ্যা গৌড়ীয় ও নদীয়াপ্রকাশ পাঠ হয়।

সভা ভঙ্গের পর প্রায় চারিশত ব্যক্তিকে শ্রীমহাপ্রসাদ প্রদান হয়।

পাটনা শ্রীগৌড়ীয়মঠে

গত ২৭শে আগষ্ট, বুধবার গৌড়ীয়-মিশনের পরিচালক-সমিতির সেবোদ্যোগে আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের শাখা পাটনা শ্রীগৌড়ীয়মঠে শ্রীঅদ্বৈতপত্নী শ্রীসীতাদেবীর আবির্ভাব-বাসরে জগদ্‌গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ভক্তি প্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের শুভমঙ্গলময় আবির্ভাব-তিথি উপলক্ষে শ্রীশ্রীগুরুপূজা-মহোৎসব শ্রীশ্রীল আচার্য্যপাদপদ্মের অহৈতুকী কৃপাপ্রার্থনামুখে অনুষ্ঠিত হইয়াছে।

প্রত্যূষে মঙ্গলারাত্রিকান্তে গুরুবৈষ্ণব-বন্দনা, গুরুপরম্পরা, পঞ্চতত্ত্ব, "গুরুদেব কৃপাবিন্দু দিয়া"-"ওহে! বৈষ্ণব ঠাকুর" প্রভৃতি মহাজনপদাবলী কীর্ত্তনের পর শ্রীচৈতন্যভাগবত হইতে "শ্রীশ্রীব্যাসপূজা"-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা হয়।

পূর্ব্বাহ্নে শ্রীশ্রীল আচার্য্যদেবের আলেখ্যার্চ্চা শ্রীমঠের শ্রবণসদনে বিচিত্র বস্ত্রাদির দ্বারা সুসজ্জিত একটি মঞ্চোপরি স্থাপিত হন। তৎপরে মঠবাসী ও গৃহস্থভক্তগণ পতিতপাবন শ্রীশ্রীল আচার্য্যদেবের অহৈতুকী কৃপা-প্রার্থনামুখে তদীয় শ্রীপাদপদ্মে "ভক্তি-পুষ্পাঞ্জলি" প্রদান করেন।

অনন্তর ১৭শ বর্ষ গৌড়ীয় হইতে "শ্রীশ্রীগুরুপূজাবাসরে শ্রীশ্রীল আচার্য্যদেবের অভিভাষণ" ও হিন্দি মাসিক পত্রিকা ভাগবত হইতে "শ্রীশ্রীগুরুপূজা" প্রবন্ধ পাঠ ও ব্যাখ্যার পর শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-বিনোদ গোবিন্দানন্দজীউর যথারীতি ভোগারাত্রিক-কীর্ত্তন হয়। অতঃপর সমাগত শ্রোতৃবৃন্দকে শ্রীমহাপ্রসাদ বিতরণ করা হয়।

অপরাহ্নে গৌড়ীয় হইতে শ্রীশ্রীল আচার্য্যবাণী আলোচনা হয়। সন্ধ্যারাত্রিকান্তে শ্রীগুরুবন্দনা, "শ্রীগুরুপরম্পরা," পঞ্চতত্ত্ব ও মহাজনপদাবলী কীর্ত্তনান্তে ১৭শ বর্ষ গৌড়ীয়ের শ্রীগুরুপূজা সংখ্যা হইতে "শ্রীল গুরুপাদপদ্মাবির্ভাব" প্রবন্ধ পাঠ ও ব্যাখ্যা হয়। পাঠান্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হইয়া সভা ভঙ্গ হয়।

গয়া শ্রীগৌড়ীয়মঠে

গত ২৭শে আগষ্ট, ১০ই ভাদ্র শ্রীসীতা-ঠাকুরাণী-তিথিতে গয়া শ্রীগৌড়ীয়মঠে গৌড়ীয়-মিশনের পরমারাধ্যতম ওঁ বিষ্ণুপাদ অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের শুভমঙ্গলময়ী শুভ-আবির্ভাবতিথিপূজা তদীয় শ্রীপাদপদ্মে পুষ্পাঞ্জলিপ্রদান, তাঁহার অতিমর্ত্ত্য গুণাবলী কীর্ত্তন ও কৃপাপ্রার্থনামুখে সম্পন্ন হইয়াছে।

ঐ দিবস প্রত্যূষে মঙ্গলারাত্রিকান্তে শ্রীগুরুবৈষ্ণববন্দনা, গুরুপরম্পরা, পঞ্চতত্ত্ব, 'গৌর বৈষ্ণবপদ', 'নিতাইপদকমল' গীত কীর্ত্তনান্তে ১৫শ বর্ষ দৈনিক 'নদীয়া প্রকাশের "শ্রীশ্রীগুরুপূজা-সংখ্যা' হইতে "শ্রীশ্রীগুরুতত্ত্ব" প্রবন্ধটি আলোচিত হয়। পাঠান্তে 'ওহে বৈষ্ণব ঠাকুর' গীতি ও মহামন্ত্র কীর্ত্তন হয়। তৎপরে একটি উচ্চ মঞ্চোপরি পরমারাধ্যতম পতিতপাবন শ্রীশ্রীল আচার্য্যদেবের শ্রীআলেখ্য পত্রপুষ্পাদিদ্বারা সুসজ্জিত করা হয়। বেলা প্রায় ১০ ঘটিকার সময় ভক্তগণ "শ্রীআচার্য্য-বন্দনা ও "শ্রীশ্রীআচার্য্যপ্রণতি" আবৃত্তি-পূর্ব্বক শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মে পুষ্পাঞ্জলি প্রদান করেন। তৎপরে পঞ্চতত্ত্ব, 'গুরুদেব! কৃপাবিন্দু দিয়া', 'কবে শ্রীচৈতন্য মোরে করিবেন দয়া', প্রভৃতি কীর্ত্তন ও ভোগারাত্রিক-কীর্ত্তন হয়, অতঃপর উপস্থিত ভক্তগণকে শ্রীমহাপ্রসাদ প্রদান করা হয়।

অপরাহ্ণ ২ ঘটিকা হইতে সন্ধ্যা পর্য্যন্ত গৌড়ীয় শ্রীগুরুপূজা-সংখ্যা হইতে "শ্রীশ্রীল আচার্য্যদেবের কয়েকটি বৈশিষ্ট্য ও কৃপার নিদর্শন" ও ১৭শ বর্ষের শ্রীশ্রীগুরুপূজাসংখ্যা গৌড়ীয় হইতে 'সংসারাসক্ত ব্যক্তিগণের মঙ্গলের উপায়' শীর্ষক প্রবন্ধ দুইটি আলোচিত হয়। পরে সন্ধ্যারাত্রিকান্তে শ্রীগুরুবৈষ্ণব-বন্দনা, পঞ্চতত্ত্ব ও মহাজনপদাবলী কীর্ত্তনান্তে 'শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ' গ্রন্থ হইতে "ভগবদ্দর্শনলাভের উপায়"-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা হয়। অতঃপর ভাগবত পত্রিকা হইতে 'শ্রীশ্রীগুরুপূজা'-শীর্ষক হিন্দী প্রবন্ধটি পাঠ করা হয়। পাঠান্তে মহামন্ত্র কীর্ত্তন হয়।

পুরী শ্রীপুরুষোত্তমমঠে

গত ১০ই ভাদ্র বুধবার পরমারাধ্যতম-পতিতপাবন ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তর-শতশ্রী শ্রীমদ্ ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের প্রকটতিথি উপলক্ষে শ্রীশ্রীগুরুপূজা-মহোৎসব নিরন্তর হরিসংকীর্ত্তনমুখে অনুষ্ঠিত হইয়াছে।

ঐ দিবস প্রাতে মঙ্গলারাত্রিকের পর শ্রীগুর্ব্বষ্টক, গুরুবন্দনা, পঞ্চতত্ত্ব ও মহাজন-পদাবলী কীর্ত্তনান্তে শ্রীশ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা হয়।

বেলা ১২ ঘটিকার সময় শ্রীশ্রীগুরুপাদপদ্মে পুষ্পাঞ্জলি প্রদান করা হয়। পরমারাধ্যতম শ্রীশ্রীল প্রভুপাদের ভজনকুটীর হরিনাম-সংকীর্ত্তনমুখে পরিক্রমার পর গুরুবন্দনা, পঞ্চতত্ত্ব, মহাজন-পদাবলী কীর্ত্তন হয়। পরে গৌড়ীয় শ্রীশ্রীগুরু-পূজা-সংখ্যা পাঠ হয়। পাঠের পর মহামন্ত্র কীর্ত্তনান্তে উপস্থিত শ্রোতৃবৃন্দকে শ্রীমহাপ্রসাদ বিতরণ করা হয়।

শ্রোতাগণের মধ্যে শ্রীযুক্ত অ.যাধ্যারাম মাহাতি জমিদার, শ্রীযুক্ত কাশীনাথ মাহাতি জমিদার, শ্রীযুক্ত প্রতাপকুমার মাহাতি বৈষ্ণবাগ্রী, শ্রীযুক্ত কৈলাসচন্দ্র জানা, শ্রীযুক্ত শরৎচন্দ্র জানা, শ্রীযুক্ত পুরন্দর জানা প্রভৃতি ভদ্র-ব্যক্তিগণের নাম উল্লেখযোগ্য।

স্বধামে বর্দ্ধমানের মহারাজাধিরাজ

গত ২৯শে আগষ্ট শুক্রবার অপরাহ্ণ ৫ ঘটিকার সময় বর্দ্ধমানের মহারাজাধিরাজ স্যার বিজয়চাঁদ মহতাব বাহাদুর ইহলোক পরিত্যাগ করিয়াছেন। ঐ দিবস অপরাহ্ণ ৪॥ টা পর্য্যন্ত তিনি তাঁহার অফিসে কাজকর্ম্ম দেখাশুনা করিয়াছিলেন। তিনি গৌড়ীয়-মিশনের প্রচারবিষয়ে বিশেষ আকৃষ্ট ছিলেন এবং মিশনের একজন পৃষ্ঠপোষক ছিলেন। তিনি কলিকাতা শ্রীগৌড়ীয়মঠে আসিয়া শ্রীল প্রভুপাদের শ্রীমুখ হইতে অনেক হরিকথা শ্রবণের সৌভাগ্য লাভ করিয়াছিলেন। তাঁহার দেহান্তে তাঁহার আত্মার নিত্যমঙ্গল আকাঙ্ক্ষা করিয়া আমরা আমাদের সমবেদনা জানাইতেছি।

শ্রীগুরুপূজায় শ্রদ্ধাঞ্জলি

(প্রাপ্ত)

একি রে সহসা সমগ্র নগরী
নবীন প্রাণের পরশে যেন,
জাগিল কেন রে বরষায় নব
নবীন জীবনে তটিনী হেন!
কর্ম্ম-কোলাহল- ডুবিয়ে মরতে
মায়িক জগতে একি রে শুনি,
মহা-সংকীর্ত্তনে সহস্র বদনে
মায়াতীত হরিবোলের ধ্বনি!
মেঘ গরজনে মধুর গম্ভীর
মৃদঙ্গ দুন্দুভি শত করতালে,
সমবেতকণ্ঠে কত মরি মরি
কি শুভ সঙ্গীত, কি সুধা ঢালে!
আসিল কি মোর প্রাণের নিতাই
অঘরতাপিত লোকে আবার,
চির অনার্পিত সেই নামামৃত
বিলা'তে অপূর্ব্ব প্রবাহ-স্রোত'র?
মরি, মরি, মরি, সহস্র শ্রবণ
থাকিত হায়রে আজিকে যাহ,
শোষিতাম ঐ আনন্দ-মদিরা
অমর দুর্লভ অমৃতনদী!
ধন্য মহা-প্রাণ! কে তুমি মহান্
বিকল্পে বিহ্বল মানবগণে,
দুর্দ্দিনে এমন দিলে নব প্রাণ
করি দান গুপ্ত গোলোকের ধনে!
দাও শক্তি সেই ভক্তি ভাব ভাষা
পূর্ণ করি আশা তৃষা আজি সবে,
শুভলগ্নে এই সর্ব্বস্ব ঢালিয়া
গাহি গুণ তার সুগভীর রবে।
হে গৌরজন হে ভারতবাসি
আসমুদ্র হিমাচলে যে যথায়
জান কি তোমরা কোন্ মহাপ্রাণ
আসিলেন আজি এ মরতে হায়?
গাহ, গাহ সবে গাহ যে সঘনে
গৌড়ীয় জনের মিলনে আজ,
জয় শ্রীগৌরাঙ্গ!! জয় নিত্যানন্দ!!
রাখ একবার মায়ার কাজ।

নিবেদন

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের কৃপায় শ্রীনদীয়া-প্রকাশ এ যাবৎকাল নিয়মিতভাবে দুই সীটে প্রকাশিত হইয়া আসিতেছেন। আগামী রাষ্ট্রবিপ্লববশতঃ কাগজ দুষ্প্রাপ্য হওয়ায় ভগবদিচ্ছায় আগামী ১৫১ সংখ্যা হইতে শ্রীনদীয়াপ্রকাশ এক সীটে প্রকাশিত হইবেন।

যদ্যপি আমার গুরু চৈতন্যের দাস। তথাপি জানিয়ে আমি তাঁহার প্রকাশ ॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীসুখময় ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ

১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার

কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৪

সেবক—শ্রীঅবদ্ধকৃষ্ণ দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীগুরুবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

শ্রীঅদ্বৈত-ভবন

পোঃ শ্রীমায়াপুর নদীয়া

সেবক—শ্রীব্রজবিহারী দাসাধিকারী

শ্রীমুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর নদীয়া

সেবক—শ্রীহরেরাম ব্রহ্মচারী

কাজির সমাধি পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

সেবক—শ্রীমঙ্গলানন্দ ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

সেবক—শ্রীসঙ্কীর্ত্তন দাসাধিকারী

শ্রীগৌরগদাধরমঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

সেবক—শ্রীমাধবদাস অধিকারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)

সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জান্নগর (বর্দ্ধমান)

সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর নদীয়া

সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ

পোঃ কৃষ্ণনগর, নদীয়া

সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ

মাউগাছি (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর, নদীয়া

সেবক—শ্রীপ্রভুদাস দাসাধিকারী

শ্রীকৃষ্ণকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

সেবক—শ্রীঅনুরাগানন্দ সেবাবিলাস

ভাগবত আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

শ্রীব্রাহ্মনমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)

সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

রাণাঘাট গৌড়ীয়মঠাসন

সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ

পোঃ পুঁড়া, চব্বিশপরগণা

সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

মাধবগৌড়ীয়মঠ

নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা

সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

গোপালজীমঠ

পোঃ কমলাপুর, ঢাকা

সেবক—শ্রীবামনরূপ ব্রহ্মচারী

গদাই-গৌরাঙ্গমঠ

পোঃ বালিয়াটী (ঢাকা)

সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ

নূতনবাজার, পোঃ ময়মনসিংহ

সেবক—শ্রীশিবদাস স্বরূপ বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া, আসাম

সেবক—শ্রীব্রজমোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ

পোঃ চকচকা কামরূপ (আসাম)

সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাগলাঝোরা রোড, দার্জ্জিলিং

সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ

পোঃ চ[illegible]র, জিঃ সাহারাণপুর ইউ, পি

সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ

পোঃ মিঠাপুর, পাটনা

সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

সনাতন গৌড়ীয়মঠ

৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি

সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

মথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা।

সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

সেবক—শ্রীমাধবীর দাসাধিকারী

শ্রীব্রজস্বানন্দসুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড মথুরা

সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ

সেবক—শ্রীব্রজেশ্বর দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী

সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

শ্রীগোবর্দ্ধন মঠালয়

গোবর্দ্ধন, মথুরা

সেবক—শ্রীলক্ষ্মীনারায়ণ দাসাধিকারী

সঙ্কেতবিহারীমঠ

বর্ষাণা, মথুরা

সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ

শেখপারা

পোঃ কোড়োল, জেলা গুজরাট (পাঞ্জাব)

সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

সেবক—শ্রীঅনন্তগোপাল ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ

৪৫নং হনুমান রোড, নিউ দিল্লী

সেবক—শ্রীঅপ্রমেয়দাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং

বোম্বে নং ২৬

সেবক—শ্রীনিত্যানন্দদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ

রায়পেট্টা, মাদ্রাজ

সেবক—শ্রীব্রজসুন্দর দাসাধিকারী

রামানন্দ গৌড়ীয়মঠ

পোঃ কভুর, গোদাবরী, মাদ্রাজ

সেবক—শ্রীউপেন্দ্রশরণ দাসাধিকারী

ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)

সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

আর্ত্তাশ্রম

(ভগবৎ-কৃপাভিলাষক)

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, পুরী

সেবক—শ্রীবৃন্দাবনদাস ব্রহ্মচারী

আত্মাশ্রম

(ভগবৎ-কৃপাভিলাষক)

পুরী

সেবক—শ্রীযোগীন্দ্রনাথ দাস

পুরুষোত্তমমঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

ভক্তিকুটী

স্বর্গদ্বার

সেবক—শ্রীচিদ্‌ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী

সেবক—শ্রীকৃষ্ণপ্রাণ দাসাধিকারী

ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

সেবক—শ্রীনয়ানিধি ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ

বাঁশগলি, পোঃ কটক, উড়িষ্যা

সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

সেবক—শ্রীরাসবিলাস ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ

চিজলিয়া, পোঃ নারায়ণগড়, মেদিনীপুর

সেবক—শ্রীকৃষ্ণস্বরূপ দাসাধিকারী

অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম

পোঃ রাজবাঁধ, বর্দ্ধমান

সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

চৈতন্যগৌড়ীয়মঠ

ভুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)

সেবক—শ্রীশ্রবণানন্দ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ

৩০১ নং মিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ

সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ

৩৪ ল্যাডব্রোক রোড, হাউণ্ড গ্রীন

লণ্ডন, এন্ ৪

সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস

১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,

কলিকাতা

সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

লক্ষ্ণৌ গৌড়ীয়মঠ

পরমেশ্বরী দয়াল বিল্ডিং

লাটুশ রোড, লক্ষ্ণৌ, ইউ-পি

সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

বিদ্যানিধি-গৌড়ীয়মঠ

নন্দনকানন, চট্টগ্রাম

সেবক—শ্রীঅদ্বয়গোবিন্দদাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস

বহরমপুর (গঞ্জাম)

সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,

শ্রীমায়াপুর (নদীয়া)

সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,

নিমসার (ইউ, পি)

সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাসাধিকারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরঅঙ্গন

সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীকেশবচরণ দাসাধিকারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

সেবক—শ্রীভক্তিশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য

চিকিৎসালয়,

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিখিলভারত-পরিচিত মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। ইহাই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্রও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে আটশত পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefa.es), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা, মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

বেদান্তসূত্রাত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্ত্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গ্রথিত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা ও অর্থের আলেখ্য ভূমিকা ও সূচীসহ অভূতপূর্ব্ব সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণরূপে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

শ্রীযুক্ত সুপারঞ্জন দাস এম্-এ, বি-এল্,

পুরাণপল্টন, পোঃ রমণা, ঢাকা

শ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষা ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সারমর্ম্ম সন্নিবেশিত হইয়াছে। সত্য মুমুক্ষুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোড়পেজী আকারে ৬৭৮ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—৫৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

বিজ্ঞাপন

'মেডিকেল ডিগ্রী' সংগ্রহ করুন

আয়ুর্ব্বেদিক হোমিওপ্যাথিক, ইউনানী, ডিগ্রী প্রভৃতি পরীক্ষা ঘরে বসিয়া দিন। বিনা খরচে প্রস্পেক্টাস লউন। ইংরাজী কিম্বা উর্দ্দু ভাষায় পত্র ব্যবহার করিবেন।

প্রিন্সিপ্যাল এণ্ড ইন্‌চার্জ

মেডিক্যাল কলেজ

আম্বালা সিটি

শুদ্ধভক্তিগ্রন্থমালা

২। প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
৩। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৲
৪। ভাষ্যদ্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৶০; ২য় খণ্ড—১৲, তৃতীয় খণ্ড—৶০ ৪র্থ খণ্ড—৶০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৶০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৶০
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০
৯। জৈবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৶০
১৪। সাধক-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৶০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। যামুন আলবন্দার ॥০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়সাহিত্য ।৵০
২২। ভজন রহস্য ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল মাধবভাষ্য ॥০
২৭। মুক্তিমালিকা গুপ্তসৌ ভঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তসূত্রতত্ত্বসার: (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ॥৵০ বাঁধা ৶০)
৩০। দ্বীপ-দিগ্দর্শন ৵০
৩১ সাধনপথ (তৃতীয় সংস্করণ) ৵০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ॥০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৶০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা /১০
৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য (ছোট) ৵০
৩৭। ঐ প্রমাণ খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷৶
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী /১০
৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা ৶০
৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ২।০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশ
৪৬। অর্থপঞ্চক /১০
৪৭। সদাচারস্মৃতিঃ /১০
৪৮। কল্যাণকল্পতরু /১০
৪৯। অর্চ্চনকণ /০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৶০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ /০
৬০। সাংখ্যবাণী /০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২॥০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৫। সটীকা শিক্ষাদশমূলম্ঃ ।০
৬৬। তত্ত্বত্রয়ম্ ।০
৬৭। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৵০
৬৮। গৌড়ীয়মঠস্য পরিচয়ঃ /০
৬৯। সাবাংশবর্ণনম্

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ॥০
৭২ নামভজন /০
৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অন্টলজী ।০
৭৪। রিলেটিভ ওয়ার্ল্ডস্ ।৵০
৭৫। লাইফ এণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ॥০
৭৬। বৈষ্ণবীজম্ ॥০
৭৭। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং /০
৭৮। দি ভাগবত ।০
৭৯। হরো টক প্রিন্সিপাল এণ্ড আনপ্যারালেলড ডিভোশন ।০
৮০। ব্রহ্মসংহিতা ॥০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ৬৲
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি ৶০
৮৫। সাধনপথ ॥০
৮৬ কল্যাণকল্পতরু /১০
৮৭। গীতাবলী /১০
শরণাগতি /০
৮৯। শ্রীসচ্চিদানন্দবাণী ॥৵০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ॥০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ।০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ পোঃ বাগবাজার, কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।৹	।৵৹	।৵৹	।৹
" " ইঞ্চি	২৲	১৷৹	১৷৹	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" " এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

তিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪৷৹
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৪৲	১৮৲
" এক কলম	৬৬৲	৩০৲

শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸৹
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতারী ও অবতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারতত্ত্বের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।৹ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীশ্রীগৌরাঙ্গলীলাস্মরণমঙ্গলস্তোত্রম্

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত এই গ্রন্থ বিশদ পদ্যানুবাদসহ মাত্রই শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হইয়াছে।

ইহার ভিক্ষা মাত্র ।৹ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

জেলা নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭৷৹ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬৷৹ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট, গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ শরণাগতির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা [illegible] প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের সমালোচনা [illegible] অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় [illegible], শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, [illegible] প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে [illegible] পাওয়া যায়। [illegible] প্রচুর [illegible] আকারে প্রায় [illegible] পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার [illegible] অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীনবদ্বীপধাম-গ্রন্থমালা

শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে গৌরপার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ মহাজনকৃত গ্রন্থসমূহের একত্র সমাবেশ এই গ্রন্থে আছে। ইহা এক অভিনব রাজ-সংস্করণ। এই গ্রন্থ পাঠ করিয়া প্রত্যেক ব্যক্তিমাত্রেই শ্রীধামের প্রতি আকৃষ্ট হইবার সৌভাগ্য পাইবেন। ইহার ভিক্ষা মাত্র ।০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ — শনিবার ব্যতীত

					শনিবার	অন্য দিন		
কলিকাতা ছাঃ	৪-৪৬	৬-২১	৭-১৪	১৩-১৬	১৫-১০	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
দমদম	৪-৫৬	৬-৩১	৭-২৮	১৩-২৯	......	......	১৮-৫	২২-৪৬
রাণাঘাট পৌঃ	৬-১২	৭-৫৮	৯-১৮	১৪-৫০	১৬-৪৮	১৮-৩১	১৯-৩৩	০-২৫
(বদল) ছাঃ	......	......	৯-৩৩	...	......	......	......	......
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৯	৮-৪০	১০-৬	১৫-৩৮	১৭-৩১	১৯-১৫	২০-২০	১-১০

কৃষ্ণনগর (বদল) ছাঃ	৭-১০	১০-১৬	১৪-৫০	১৭-৪০	২০-৩০
স্বরূপগঞ্জ "	৭ ৪৫	১০-৫১	১০-২৫	১৮-১৫	২১-৫
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৩	১০-৫৯	১৫-৩৩	১৮-২৩	২১-১৩

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম "	১১-১৮
রাণাঘাট পৌঃ	১২-৫১
" ছাঃ	১২-৫৬
শান্তিপুর পৌঃ	১৩-২৪
(বদল) ছাঃ	১৩ ৪২ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-৩০
স্বরূপগঞ্জ ছাঃ	১৫-২৫
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৩০

ডাউন — শনিবার ব্যতীত

				অন্য দিন	শনিবার	
নবদ্বীপঘাট ছাঃ	৬-১৪	৯-১২	১৬-৩	১৬-৩১	১৮-৩৮	
স্বরূপগঞ্জ "	৬-২৩	৯-২১	১৬-১২	১৬-৪০	১৮-৪৭	
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৭	৯-৫৫	১৬-৪৬	১৭-১৪	১৯-২১	

(বদল) ছাঃ	৬-৩১	৭-১০	৮-৫২	১১-১৬	১৫-৪	১৬-৫৬	১৯-২৮	২০-৪৬
রাণাঘাট পৌঃ	৪-১০	৭-৪৬	৯-২৫	১২-০	১৫-৪৫	১৭-৩০	২০-৩	২১-১৯
(বদল) ছাঃ	......	......	......	....	১৫-৫৬	১৭-৪২	.....	......
দমদম			১১-৪		১৭-৩৬	১৯-৯	২১-২৬	২২-৫৮
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-১৬	১৩-৫০	১৭-৪৬	১৯-২৬	২১-৪০	২৩-১০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৪-১
স্বরূপগঞ্জ "	১৪-১০
কৃষ্ণনগর পৌঃ	১৪-৪৪
ছাঃ	১৫-৩৯
শান্তিপুর পৌঃ	১৬-২৭
(বদল) ছাঃ	১৮-৩১
রাণাঘাট পৌঃ	১৮-৫৯
" ছাঃ	১৯-২০
কলিকাতা পৌঃ	২১-৪

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক সডাক ১।০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্য জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণ বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনীষী সজ্জনগণের সহিত যে সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে হইয়াছে। শ্রীশ্রী... সিদ্ধান্তসমূহ ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুসন্ধিৎসু ও আত্মমঙ্গলকামীরই পাঠ্য।

ভিক্ষা— ৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়াপ্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষার "পরমার্থী" নামক প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষায় একমাত্র ... বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং ... পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হইল কি না। ছোট বোতল ৸০ দশ আনা, বড় বোতল ১৷০ আঠার আনা। পাইকারী স্বতন্ত্র।

ঠিকানা—১১নং ডায়মণ্ডহারবার রোড, কবিকণ্ঠ
বেহালা, ২৪ পরগণা